Barcode - 4990010125246
Title - Bengal Legislative Assembly Proceedings (1969) vol.49, pt.3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1154
Publication Year - 1969
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010125246

Vol. 49—No. 3

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Accn No.
Dated
Catalogue No.
Price

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Forty-Ninth Session

**(July-September, 1969)**

***(From 1st July to 15th September, 1969)***

(The 12th, 13th, 14th, 21st, 22nd, 26th, 27th and 28th August, 8th, 9th, 10th, 11th, 12th and 15th September, 1969.)

Published by authority of the Assembly under rule 353 of the West Bengal Legislative Assembly Procedure Rules.

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

SHRI DIPNARAYAN SINHA

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

Shri Ajoy Kumar Mukherji, Chief Minister and Minister-in-charge of the Finance Department, Home (Political) Department, Home (Defence) Department, Education (Social Education) Department and the Department of Animal Husbandry and Veterinary Services (excluding the Veterinary Branch and Animal Husbandry Branch).

Shri Jyoti Basu, Deputy Chief Minister and Minister-in-charge of the Home (Constitution and Elections) Department, Home (Special) Department, Home (General Administration) Department, Home (Police) Department and Home (Press) Department.

Janab Abdur Rezzak Khan, Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department.

Shri Bhabatosh Saren, Minister-in-charge of the Forests Department.

Shri Bhakti Bhusan Mondal, Minister-in-charge of the Judicial and Legislative Departments.

Shri Bibhuti Dasgupta, Minister-in-charge of the Department of Panchayats.

Shri Biswanath Mookerjee, Minister-in-charge of the Irrigation and Waterways Department and the Tanks, Small Irrigation, Wells and Tubewells, and Pump Irrigation Branch of the Agriculture and Community Development Department.

Shri Charu Mihir Sarker, Minister-in-charge of the Community Development Branch of the Agriculture and Community Development Department.

Shri Deo Prakash Rai, Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department.

Janab Golam Yazdani, Minister-in-charge of the Home (Passport) Department and Home (Civil Defence) Department.

Shri Harekrishna Konar, Minister-in-charge of the Land and Land Revenue Department.

Shri Jatin Chakravarty, Minister-in-charge of the Home (Parliamentary Affairs) Department.

Shri Jyoti Bhusan Bhattacharjee, Minister-in-charge of the Department of Information and Public Relations.

Dr. Kanailal Bhattacharji, Minister-in-charge of the Agriculture and Community Development Department excluding the Community Development Branch, the Agro-Industries Branch and the Tanks, Small Irrigation, Tubewells and Pump Irrigation Branch.

Shri Krishna Chandra Halder, Minister-in-charge of the Excise Department.

Shri Krishnapada Ghosh, Minister-in-charge of the Labour Department.

Janab Md. Abdullah Rasul, Minister-in-charge of the Home (Transport) Department.

Shri Nani Bhattacharjee, Minister-in-charge of the Health Department.

Shri Niranjan Sengupta, Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department and Jails Branch of Home Department.

Shri Provash Chandra Roy, Minister-in-charge of the Department of Fisheries.

Shrimati Ranu Chakravarty, Minister-in-charge of the Department of Co-operation and the Relief and Social Welfare (Social Welfare) Department.

Shri Sambhu Ghosh, Minister-in-charge of the Department of Cottage and Small Scale Industries.

Shri Satya Priya Roy, Minister-in-charge of the Education Department (excluding the Social Education Branch and the Sports Branch).

Shri Somnath Lahiri, Minister-in-charge of the Local Self-Government Department, the Development and Planning Department and the Housing Department.

Shri Subodh Banerjee, Minister-in-charge of the Public Works Department (excluding the Roads and Special Roads Branches).

Shri Sushil Kumar Dhara, Minister-in-charge of the Commerce and Industries Department and the Agro-Industries Branch of the Agriculture and Community Development Department.

Shri Sudhir Chandra Das, Minister-in-charge of the Veterinary Branch and Animal Husbandry Branch of the Department of Animal Husbandry and Veterinary Services.

Shri Barada Mukutmani, Minister of State-in-charge of Home (Tourism) Department.

Shri Sudhin Kumar, Minister-in-charge of the Department of Food and Supplies.

Shrimati Prativa Mukherjee, Minister of State-in-charge of the Roads and Special Roads Branches of the Public Works Department.

Shri Ram Chatterjee, Minister of State-in-charge of the Education (Sports) Department.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| The Speaker .. | .. Shri Bejoy Kumar Banerjee. |
| Deputy Speaker .. | .. Shri Apurba Lal Majumdar. |

## SECRETARIAT

| | |
|---|---|
| Secretary .. | .. Shri Syamapada Banerjea, B.A., LL.B. |
| Deputy Secretary .. | .. Shri A. K. Chunder, B.A. (Hons) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law. |
| Deputy Secretary .. | .. Shri Rafiqul Haque, B.A., LL.B. |
| Deputy Secretary .. | .. Shri Khagendra Nath Mukherji, B.A., LL.B. |
| Assistant Secretary .. | .. Shri Anil Chandra Chaterji. |
| Assistant Secretary .. | .. Shri Sankar Prasad Mukherji, B.A. |
| Assistant Secretary .. | .. Shri Debavrata Chakravarty, B.A. |
| Assistant Secretary .. | .. Shri Paritosh Mojumder, B.A. |
| Registrar .. | .. Shri Nayan Gopal Chowdhuri, B.A. |
| Editor of Debates .. | .. Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| Chief Reporter and ex-officio Editor of Debates of Council .. | Shri Prafulla Kumar Banerjee. |
| Personal Assistant to Speaker .. | Shri Panchu Gopal Chatterjee. |
| Section Officers .. | .. Shri Asadur Rahman. |
| | Shri Sailendra Nath Patra. |
| | Shri Amiya Kumar Datta. |

## SECRETARIAT

| | |
|---|---|
| English Reporters .. .. | Shri Bholanath Banerjee. |
| | Shri Himadri Bhusan Chatterjee, B.COM. |
| | Shri Prithwish Chandra Sen Gupta. |
| | Shri Jawhar Lal Dutt, B.COM. |
| | Shri Sailendra Mohan Chakrabarti. |
| | Sm. Subrata Sen Gupta. |
| | Shri Syamal Kumar Banerjee. |
| Bengali Reporters .. .. | Shri Susanta Kumar Chatterjee, B.COM. |
| | Shri Arindam Ghosh. |
| | Shri Prafulla Kumar Ganguli, B.COM. |
| | Shri Bimal Kanti Bera. |
| | Shri Swadhin Chatterjee. |
| | Shri Prabhat Kumar Bhattacharyya, B.A. |
| | Shri Manas Ranjan Das, B.COM. |
| | Shri Abney Golam Akbar, B.A. |
| | Shri Jagadish Chandra Biswas, B.A. |
| | Shri Ranajit Basu, B.A. |
| Hindi Reporters .. .. | Shri Ram Naresh Tripathi. |

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## ALPHABETICAL LIST OF MEMBERS

### A

(1) Abdul Haque, Shri (Jangipur—Murshidabad).
(2) Abdul Latif, Shri Mohamed (Chanditala—Hooghly).
(3) Abdul Quiyom Molla, Shri (Diamond Harbour—24-Parganas).
(4) Abdur Rezzaque Khan, Shri (Hansnabad—24-Parganas).
(5) Abdus Sattar, Shri (Lalgola—Murshidabad).
(6) Abdus Sayeed, Shri Mir (Baduria—24-Parganas).
(7) Abedin, Dr. Zainal (Itahar—West Dinajpur).
(8) Abu Asad Mohammed Obaidul Ghani, Dr. (Entally—Calcutta).
(9) Abul Barket Atawal Ghani Khan Chawdhury, Shri (Sujapur—Malda).
(10) Abul Hassan, Shri (Taltala—Calcutta).
(11) Abul Mansur Habibullah, Shri Syed (Nadanghat—Burdwan).
(12) Adhicary, Shri Sailendra Nath (Bhagabangola—Murshidabad).
(13) Ahammad Aktabuddin, Shri (Hariharpara—Murshidabad).
(14) Azizur Rahman, Shri (Jalangi—Murshidabad).

### B

(15) Bagdi, Shri Lakhan [Ukhra (SC)—Burdwan].
(16) Baksh, Shri Mohammed Karim (Haringhata—Nadia).
(17) Baksi, Shri Monoranjan (Faridpur—Burdwan).
(18) Bandopadhyay, Dr. Gopal (Singur—Hooghly).
(19) Bandopadhayaya, Shri Amiya Narayan (Basirhat—24-Parganas).
(20) Banerjee, Shri Bijoy Kumar (Rashbehari Avenue—Calcutta).
(21) Banerjee, Shri Subodh (Joynagar—24-Parganas).
(22) Banerji, Shri Radhika Ranjan (Kamarhati—24-Parganas).
(23) Barma, Shri Akshay Kumar [Tufanganj (SC)—Cooch Behar].
(24) Barman, Shri Prasenjit [Cooch Behar West (SC)—Cooch Behar].
(25) Barman, Shri Syama Prasad [Kaliaganj (SC)—West Dinajpur].
(26) Basu, Shri Abinash (Kumargram—West Dinajpur).
(27) Basu, Shri Bimal Kanti (Cooch Behar North—Cooch Behar).
(28) Basu, Shri Gopal (Naihati—24-Parganas).
(29) Basu, Shri Hemanta Kumar (Shampukur—Calcutta).

(30) Basu, Shri Krishnagopal (Cossipur—Calcutta).
(31) Basu, Shri Jyoti (Baranagar—24-Parganas).
(32) Basu, Shri Mukul (Balurghat—West Dinajpur).
(33) Basu Ray, Shri Sunil (Barabani—Burdwan).
(34) Bauri, Shri Hari Pada [Raghunathpur (SC)—Purulia].
(35) Bazle Ahmad, Shri (Murarai—Birbhum).
(36) Bera, Shri Sasabindu (Shyampur—Howrah).
(37) Besterwitch, Shri A. H. [Madarihat (ST)—Jalpaiguri].
(38) Bhagat, Shri Budhu [Nagrakata (ST)—Jalpaiguri].
(39) Bhadra, Dr. Niranjan (Kotulpur—Bankura).
(40) Bhaduri, Shri Panchugopal (Serampore—Hooghly).
(41) Bhandari, Shri Nitai (Amta—Howrah).
(42) Bhandari, Shri Sudhir Chandra (Maheshtola—24-Parganas).
(43) Bhattacharjya, Shri Mrigendra (Daspur—Midnapur).
(44) Bhattacharya, Shri Jyotibhusan (Ballygunge—Calcutta).
(45) Bhattacharya, Dr. Kanailal (Shibpur—Howrah).
(46) Bhattacharya, Shri Nani (Alipurduars—Jalpaiguri).
(47) Bhattacharyya, Shri Gopal Krishna (Panihati—24-Parganas).
(48) Bhattacharyya, Shri Satyapada (Bharatpur—Murshidabad).
(49) Bhowmik, Shri Kanai (Moyna—Midnapur).
(50) Biswas, Shri Ajit Kumar [Goghat (SC)—Hooghly].
(51) Boral, Shri Manaranjan [Beliaghata South (SC)—Calcutta].
(52) Bouri, Shri Tinkori [Para (SC)—Purulia].

C

(53) Chakrabarty, Shri Deb Narayan (Pandua—Hooghly).
(54) Chakraborty, Shri Jatin (Sealdah—Calcutta).
(55) Chakraborty, Shri Sadhan Kumar (Khardah—24-Parganas).
(56) Chakraburtty, Dr. Taraknath (Kulti—Burdwan).
(57) Chakravorty, Shri Nares Chandra (Jalpaiguri—Jalpaiguri).
(58) Chatterjee, Shrimati Nirupama (Bagnan—Howrah).
(59) Chatterjee, Shri Ram (Tarakeswar—Hooghly).
(60) Chattoraj, Dr. Radhanath (Labpur—Birbhum).
(61) Chaudhuri, Shri Ashoke (Basanti—24-Parganas).
(62) Choudhury, Shri Soroshi (Chandrakona—Midnapore).
(63) Chowdhury Abdul Karim, Shri (Chopra—West Dinajpur).
(64) Chowdhury, Shri Benoy Krishna (Burdwan South—Burdwan).

D

(65) Dal, Shrimati Nanda Rani [Ghatal (SC)—Midnapur].

(66) Das, Shri Anadi (Howrah Central—Howrah).

(67) Das, Shri Banamali [Nanur (SC)—Birbhum].

(68) Das, Shri Bimal Kanti (Englishbazar—Malda).

(69) Das, Shri Deben (Kharagpur Local—Midnapur).

(70) Das, Shri Debendra Nath (Dantan—Midnapur).

(71) Das, Shri Jagadish Chandra (Bijpur—24-Parganas).

(72) Das, Shri Nikhil (Burtola—Calcutta).

(73) Das, Shri Paresh [Khajuri (SC)—Midnapur].

(74) Das, Shri Sudhir Chandra (Contai South—Midnapur).

(75) Das Ghose, Shri Biswanath (Uluberia South—Howrah).

(76) Das Gupta, Shri Bibhuti Bhusan (Purulia—Purulia).

(77) Das Gupta, Shri Pannalal (Bolpur—Birbhum).

(78) Das Mahapatra, Shri Balailal (Ramnagar—Midnapur).

(79) Das Mahapatra, Shri Kamakhya Nandan (Patashpur—Midnapur).

(80) Datta, Shri Debabrata (Burdwan North—Burdwan).

(81) De, Shri Panchkari (Jhargram—Midnapur).

(82) Deb, Shri Harahari [Sutahata (SC)—Midnapur].

(83) Deb, Shri Saral (Barasat—24-Parganas).

(84) Dey, Shri Tarapada (Jagatballavpur—Howrah).

(85) Dhara, Shri Hansadhwaj (Kakdwip—24-Parganas).

(86) Dhara, Shri Sushil Kumar (Mahishadal—Midnapur).

(87) Dingal, Dr. Gobardhan (Sagar—24-Parganas).

(88) Duley, Shri Krishna Prasad [Garhbeta East (SC)—Midnapur].

E

(89) Ekramul Haque, Dr. Md. (Domkal—Murshidabad).

(90) Elias Razi, Shri Md. (Harischandrapur—Malda).

F

(91) Fazle Haque, Dr. Md. (Sitai—Cooch Behar).

(92) Fazlur Rahman, Shri S. M. (Kaliganj—Nadia).

(93) Franklin, Shri Leslie Henry (Nominated).

G

(94) Ganguly, Shri Ajit Kumar (Bongaon—24-Parganas).

(95) Ghose, Shri Sambhu Charan (Chinsurah—Hooghly).

(96) Ghosh, Shri Bibhuti Bhushan (Panchla—Howrah).
(97) Ghosh, Shri Bireswar (Bankura—Bankura).
(98) Ghosh, Shri Kamakhya Charan (Midnapur—Midnapur).
(99) Ghosh, Shri Krishnapada (Beliaghata North—Calcutta).
(100) Ghosh, Dr. Lokes (Asansol—Burdwan).
(101) Ghosh, Shri Tarun Kanti (Habra—24-Parganas).
(102) Golam Mahiuddin, Shri (Nalhati—Birbhum).
(103) Golam Yazdani, Dr. (Kharba—Malda).
(104) Gofurur Rahaman, Shri (Malda—Malda).
(105) Guchhait, Shri Subodh Gopal (Contai North—Midnapur).
(106) Guha, Shri Bikesh Chandra (Jadavpur—24-Parganas).
(107) Guha, Shri Panchu Gopal (Raina—Burdwan).
(108) Guha Neogi, Shri Anil Dhar (Dhupguri—Jalpaiguri).
(109) Gupta, Shri Sadhan (Kalighat—Calcutta).
(110) Gupta, Shri Sitaram (Bhatpara—24-Parganas).
(111) Gurung, Shri Nandlall (Jorebunglow—Darjeeling).
(112) Gyan Singh Sohonpal, Shri (Kharagpur—Midnapur).

### H

(113) Haldar, Shri Kuber Chand [Sagardighi (SC)—Murshidabad].
(114) Halder, Shri Krishna Chandra [Ausgram (SC)—Burdwan].
(115) Halder, Shri Murari Mohan [Kulpi (SC)—24-Parganas].
(116) Halder, Shri Renupada [Mathurapur (SC)—24-Parganas].
(117) Hansda, Shri Jagatpati [Nayagram (ST)—Midnapur].
(118) Harunur Rashid, Shri (Deganga—24-Parganas).
(119) Hazra, Shri Haran Chandra [Sankrail (SC)—Howrah].
(120) Hazra, Shri Monoranjan (Uttarpara—Hooghly).
(121) Hazra Choudhury, Shri Kashinath (Monteswar—Burdwan).
(122) Hicks, Shri Clifford (Nominated).

### I

(123) Ishaque, Shri A. K. M. (Bhangar—24-Parganas).

### J

(124) Jana, Shri Manindra Nath (Jangipara—Hooghly).
(125) Jha, Shri Arun Chandra (Manickchak—Malda).

K

(126) Kalimuddin Shams, Shri (Kabitirtha—Calcutta).
(127) Kar, Shri Dhananjoy (Gopiballavpore—Midnapur).
(128) Khan Nasiruddin, Shri (Naoda—Murshidabad).
(129) Khan, Shri Sukhendu [Sonamukhi (SC)—Bankura].
(130) Konar, Shri Benoy Krishna (Memari—Burdwan).
(131) Konar, Shri Hare Krishna (Kalna—Burdwan).
(132) Kuar, Shri Gangapada [Keshpur (SC)—Midnapur].
(133) Kuiry, Shri Daman Chandra (Arsha—Purulia).
(134) Kundu, Shri Gour Chandra (Ranaghat West—Nadia).

L

(135) Laha, Shri Mihir Kumar (Narayangarh—Midnapur).
(136) Lahiri, Shri Somnath (Dhakuria—Calcutta).
(137) Lakra, Shri Denis [Kalchini (ST)—Jalpaiguri].
(138) Let, Shri Panchanan [Mayureswar (SC)—Birbhum].
(139) Lohar, Shri Gaur [Indpur (SC)—Bankura].

M

(140) Mahata, Shri Amulya Ratan (Salboni—Midnapur).
(141) Mahata, Shri Debendra Nath (Jhalda—Purulia).
(142) Mahato, Shri Girish (Manbazar—Purulia).
(143) Mahato, Shri Ram Krishna (Jaipur—Purulia).
(144) Maiti, Shrimati Abha (Bhagabanpur—Midnapur).
(145) Maiti, Shri Subodh Chandra (Narghat—Midnapur).
(146) Maitra, Shri Kashi Kanta (Krishnagar East—Nadia).
(147) Maji, Shri Panna Lal (Udaynarayanpur—Howrah).
(148) Majhi, Shri Budheswar [Banduan (ST)—Purulia].
(149) Majhi, Shri Gobardhan [Balarampur (ST)—Purulia].
(150) Majumdar, Shri Amales Chandra (Haripal—Hooghly).
(151) Majumdar, Shri Apurba Lal [Bagdaha (SC)—24-Parganas].
(152) Makshed Ali, Shri M. (Santipur—Nadia).
(153) Malik, Shri Basudeb [Jamalpur (SC)—Burdwan].
(154) Mallik, Shri Prabir Kumar (Kashipur—Purulia).
(155) Mandal, Shri Bhakti Bhusan (Dubrajpur—Birbhum).
(156) Mandal, Shri Hazari Lal [Hingalganj (SC)—24-Parganas].
(157) Mandal, Shri Kalipada [Uluberia North (SC)—Howrah].

(158) Mandal, Shri Mrityunjoy [Hansan (SC)—Birbhum].
(159) Mandal, Shri Nabadurga [Gangajalghati (SC)—Bankura].
(160) Mandal, Shri Rabindra Nath [Rajarhat (SC)—24-Parganas].
(161) Mandal, Shri Sachindra Nath (Mograhat West—24-Parganas).
(162) Mandal, Shri Sidheswar [Rajnagar (SC)—Birbhum].
(163) Mandal, Shri Subal Chandra (Chakdah—Nadia).
(164) Maulick, Shri Kumarish Chandra [Khargram (SC)—Murshidabad].
(165) Mazumdar, Shri Dilip Kumar (Durgapur—Burdwan).
(166) Md. Sohorab, Shri (Suti—Murshidabad).
(167) Misra, Shri Ahindra (Panskura West—Midnapur).
(168) Mitra, Shrimati Ila (Manicktola—Calcutta).
(169) Mitra, Dr. Sunil Kumar (Kalyanpur—Howrah).
(170) Mohammad Ali, Shri (Ratua—Malda).
(171) Mohammad Idris Ali Shri (Murshidabad).
(172) Mohammad Salimuddin, Shri (Goalpokhar—West Dinajpur).
(173) Mohammed Amin, Shri (Titagarh—24-Parganas).
(174) Mollah Humayun Kabir, Shri (Purbasthali—Burdwan).
(175) Mondal, Shri Amarendra [Jamuria (SC)—Burdwan].
(176) Mondal, Shri Ganesh Chandra [Gosaba (SC)—24-Parganas].
(177) Mondal, Shri Kumud Ranjan [Baruipur (SC)—24-Parganas].
(178) Mondal, Shri Rabin (Patharpratima—24-Parganas).
(179) Mondal, Shri Ramgati [Ketugram (SC)—Burdwan].
(180) Mondal, Shri Sasanka Sekhar (Rampurhat—Birbhum).
(181) Mookherjee, Shri Bama Pada (Hirapur—Burdwan).
(182) Muhammed Khuda Bukhsh, Shri (Beldanga—Murshidabad).
(183) Mukherjee, Shri Amritendu (Krishnagar West—Nadia).
(184) Mukherjee, Shri Anil Kumar (Onda—Bankura).
(185) Mukherjee, Shri Animesh (Dinhata—Cooch Behar).
(186) Mukherjee, Shri Bhabani (Chandernagore—Hooghly).
(187) Mukherjee, Shri Joykesh (Domjur—Howrah).
(188) Mukherjee, Shri Haripada (Champdani—Hooghly).
(189) Mukherjee, Shri Niranjan (Behala East—24-Parganas).
(190) Mukherjee, Shri Nirmal Kumar (Howrah North—Howrah).
(191) Mukherjee, Shri Pijush Kanti (Kumargram—Jalpaiguri).
(192) Mukherjee, Shrimati Prativa (Suri—Birbhum).
(193) Mukherjee. Shri Rabin (Behala West—24-Parganas).

(194) Mukhopadhyayya, Shri Ajoy Kumar (Tamluk—Midnapur).

(195) Mukhopadhyaya, Shrimati Geeta (Panskura East—Midnapur).

(196) Mundle, Shri Salil Behari (Chapra—Nadia).

(197) Murmu, Shri Nathaniel [Tapan (ST)—West Dinajpur].

(198) Murmu, Shri Nimai Chand [Habibpur (ST)—Malda].

## N

(199) Nahar, Shri Bijoy Singh (Bowbazar—Calcutta).

(200) Nandy, Shri Sachindra Mohon (Nabadwip—Nadia).

(201) Naskar, Shri Gangadhar [Sonarpur (SC)—24-Parganas].

(202) Naskar, Shri Narayan [Canning (SC)—24-Parganas].

(203) Naskar, Shri Sundar Kumar [Bishnupur East (SC)—24-Parganas]

(204) Neogi, Shri Brajo Gopal (Polba—Hooghly).

## O

(205) Ojha, Shri Samarendra Nath (Hura—Purulia).

## P

(206) Padmalakshmi Subba, Shri (Kalimpong—Darjeeling).

(207) Pahari, Shri Bibhuti (Egra—Midnapur).

(208) Pakray, Shri Gobardhan [Khandaghosh (SC)—Burdwan].

(209) Panda, Shri Bhupal Chandra (Nandigram—Midnapur).

(210) Panda, Shri Mohini Mohon (Taldangra—Bankura).

(211) Pathak, Shri Patit Paban (Bally—Howrah).

(212) Poddar, Shri Deokinandan (Jorasanko—Calcutta).

(213) Pramanik, Shri Abinash [Balagarh (SC)—Hooghly].

(214) Pramanik, Shri Radhika Ranjan [Mograhat East (SC)—24-Parganas].

(215) Purkait, Shri Prabodh [Kultali (SC)—24-Parganas].

## R

(216) Raha, Shri Sanat Kumar (Berhampore—Murshidabad).

(217) Rai, Shri Deo Prakash (Darjeeling—Darjeeling).

(218) Rai, Shri Aswini Kumar (Barjora—Bankura).

(219) Ray, Shri Birendra Narayan (Nabagram—Murshidabad).

(220) Ray, Shri Jajneswar [Mainaguri (SC)—Jalpaiguri].

(221) Ray, Shri Kiran Chandra [Rajganj (SC)—Jalpaiguri].

(222) Ray, Shri Manash (Raiganj—West Dinajpur).

(223) Ray, Shri Siddhartha Shankar (Chowringhee—Calcutta).

(224) Roy, Shri Amalendra Lal (Barwan—Murshidabad).

(225) Roy, Shri Aswini (Bhatar—Burdwan).

(226) Roy, Shri Birendra Nath [Mathabhanga (SC)—Cooch Behar].

(227) Roy, Shri Dwarika Prosanna (Mahammadbazar—Birbhum).

(228) Roy, Shri Haradhan (Raniganj—Burdwan).

(229) Roy, Shri Jagadananda [Falakata (SC)—Jalpaiguri].

(230) Roy, Shri Jatindra Mohan [Kushmandi (SC)—West Dinajpur].

(231) Roy, Shri Jyotish (Falta—24-Parganas).

(232) Roy Shri Nepal Chandra (Jorabagan—Calcutta).

(233) Roy, Shri Phakir Chandra (Galsi—Burdwan).

(234) Roy, Shri Provash Chandra (Bishnupur West—24-Parganas).

(235) Roy, Shri Santi Mohun (Pursurah—Hooghly).

(236) Roy, Shri Santosh Kumar (Cooch Behar South—Cooch Behar).

(237) Roy, Shri Saroj (Garhbeta West—Midnapur).

(238) Roy Barman, Shri Khiti Bhusan (Budge Budge—24-Parganas).

(239) Roy Chowdhury, Shri Biswabrata (Mugberia—Midnapur).

(240) Roy Pradhan, Shri Amarendra Nath [Mekliganj (SC)—Cooch Behar].

(241) Rudra, Shri Samar Kumar (Vidyasagar—Calcutta).

## S

(242) Saha, Shri Abani Kumar [Indas (SC)—Bankura].

(243) Saha, Shri Jamini Bhusan (Noapara—24-Parganas).

(244) Saha, Shri Kripasindhu [Dhaniakhali (SC)—Hooghly].

(245) Saha, Shri Madan Mohon [Khanakul (SC)—Hooghly].

(246) Saha, Shrimati Parul (Gaighata—24-Parganas).

(247) Sahadat Hossain, Shri S. (Farakka—Murshidabad).

(248) Samanta, Shri Bijoy Krishna (Debra—Midnapur).

(249) Samanta, Shri Gouranga (Pingla—Midnapur).

(250) Sar, Shri Nikhilananda (Mangalkot—Burdwan).

(251) Saraogi, Shri Ramkrishna (Barabazar—Calcutta).

(252) Sardar, Shri Sarat [Sandeshkhali (ST)—24-Parganas].

(253) Sanyal, Shri Mani (Alipore—Calcutta).

(254) Sanyal, Dr. Nalinaksha (Karimpur—Nadia).

(255) Sarkar, Shri Brajendra Nath [Haroa (SC)—24-Parganas].

(256) Sarkar, Shri Charumihir [Hanskhali (SC)—Nadia].
(257) Sarkar, Shri Nil Kamal [Nakashipara (SC)—Nadia].
(258) Sarkar, Shri Nitaipada [Ranaghat East (SC)—Nadia].
(259) Sarkar, Shri Sasthidas (Vishnupur—Bankura).
(260) Sarkar, Shri Ahindra (Gangarampur—West Dinajpur).
(261) Sen, Shri Arun (Garden Reach -24-Parganas).
(262) Sen, Shri Jamini Ranjan (Swarupnagar—24-Parganas).
(263) Sen, Shri Lakshmi Charan (Belgachia—Calcutta).
(264) Sen, Shri Prafulla Chandra (Arambagh—Hooghly).
(265) Sen, Shri Sadhan Kumar (Ashokenagar—24-Parganas).
(266) Sen Gupta, Shri Niranjan (Tollygunge—Calcutta).
(267) Sen Gupta, Shri Tarun Kumar (Dum Dum—24-Parganas).
(268) Shamsuddin Ahmad, Shri (Kaliachak—Malda).
(269) Singh, Shri Sudarson (Chhatna—Bankura).
(270) Sinha, Kumar Jagadish Chandra (Kandi—Murshidabad).
(271) Sinha, Shri Suresh Chandra (Karandighi—West Dinajpur).
(272) Soren, Shri Bhabatosh [Raipur (ST)—Bankura].
(273) Soren, Shri Joyram [Binpur (ST)—Midnapur].
(274) Soren, Shri Lakshan [Gajol (ST)—Malda].
(275) Soren, Shri Suchand [Ranibandh (ST)—Bankura].
(276) Surat Ali Khan, Shri (Tehatta—Nadia).

## T

(277) Talukdar, Shri Pralay (Howrah South—Howrah).
(278) Thakur, Shri Nityananda (Katwa—Burdwan).
(279) Thapa, Shri Prem (Siliguri—Darjeeling).
(280) Tirkey, Shri Iswar Chandra [Phansidewa (ST)—Darjeeling].
(281) Topno, Shri Antoni [Mal (ST)—Jalpaiguri].
(282) Tudu, Shri Budhan Chandra [Keshiary (ST)—Midnapur].

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 12th August, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 16 Ministers, 1 Minister of State and 157 Members.

[1—1-10 p.m.]

**শ্রীমনসুর হাবিবুল্লা:** স্যার, অধিবেশনের কাজ সুরু হবার আগে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মারফৎ হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি সংবাদপত্রে দেখেছেন ভারতে রাষ্ট্রপতি নির্বাচন উপলক্ষে ভারতের যে রুলিং পার্টি তাঁদের কিছু সদস্য স্বতন্ত্র, জনসংঘের সঙ্গে আঁতাত করছেন। এখানে সিদ্ধার্থবাবু, জয়নাল আবেদীন প্রমুখকে এমফ্যাটিক্যালি জানাতে হবে আজ কোন দৃষ্টিভঙ্গী থেকে কংগ্রেস জনসংঘ, স্বতন্ত্র ইত্যাদি সাম্প্রদায়িক দলের সঙ্গে আঁতাত করছেন? বাংলার জনসাধারণের এটা জানার দরকার আছে।

**Mr. Speaker:** Please take your seat. We will take up questions first.

**ডাঃ জয়নাল আবেদীন:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি কি বিষয়ের উপর বললেন, আপনি এই সব অবান্তর কথাগুলিকে প্রসিডিং থেকে রিপোর্ট করে দিন। কারণ আনকলড ফর তিনি হাউসের সময় নিয়েছেন।

**Mr. Speaker:** We take uphold over questions. I have been requested to postpone Question No. *354 because the answer is not ready.

### HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Judge Court in Contai**

***378.** (Admitted question No. *1289.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার কাঁথিতে অবস্থিত জজ কোর্ট তুলিয়া দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) উপরোক্ত স্থানে কতদিন ঐ কোর্ট ছিল এবং (২) তুলিয়া দেওয়ার কারণ কি;

(গ) কাঁথিতে পুনরায় ঐ আদালত খোলার জন্য সরকারের কোন প্রস্তাব আছে কিনা; এবং

(ঘ) থাকিলে কতদিনের মধ্যে আদালত খোলা হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** (ক) কাঁথিতে কোনদিন অতিরিক্ত জিলা জজের আদালত ছিল না। অতএব ঐরূপ কোন আদালত তুলিয়া দেওয়ার প্রশ্ন উঠে না। তবে কিছুকালের জন্য কাঁথিতে একটি সাব্-জজের আদালত ছিল।

(খ) (১) ৩১-১০-৬২ হইতে ৩১-১-৬৪ তারিখ পর্যন্ত কাঁথিতে সাব-জজের আদালত ছিল।

(২) মহামান্য হাইকোর্টের প্রস্তাবানুযায়ী ঐ আদালত তুলিয়া দেওয়া হয়।

(গ) না।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** আপনি বললেন হাইকোর্টের নির্দেশে কাঁথিতে যে সাব-জজ আদালত ছিল সেটা তুলে দিয়েছেন। কিন্তু কি কি কারণে হাই কোর্ট সেটা তুলে দেবার প্রস্তাব করেছিলেন জানাবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এখানে যে কেস-এর সংখ্যা আছে তাতে একজন সাব-জজ রাখা জাষ্টিফায়েড হয় না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** কাঁথি থেকে মেদিনীপুর জজ আদালতে কত কেস আপীল করা হয় প্রতি বছরে তার একটা গড়পড়তা হিসাব দেবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** নোটিশ চাই। পটাশপুর থানা যেটা দাঁতনের সঙ্গে আছে সেটাকে যদি পটাশপুরের সঙ্গে ইনক্লুড করা যায় তাহলে হতে পারে। তবে দাঁতনে যে মুন্সেফ কোর্ট আছে ১০০ বছর ধরে সেটাকে তুলে দিতে হবে বলে এটা বিবেচনা করে ওটা করা হয়েছে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** দেওয়ানীর প্রথম কেস তাহলে দাঁতন কোর্টে করতে হয়। পটাশপুর থেকে ৭০ মাইল দূরে গিয়ে দাঁতন কেস করছে। অথবা পটাশপুরের ফৌজদারী কেসগুলো কাঁথিতে হচ্ছে। আপনি বললেন কাঁথিতে কেস কম হয়। কিন্তু আমার দৃঢ় ধারণা কাঁথিতে একটা সাব-জজ কোর্ট তিনি করতে পারেন এবং মেদিনীপুর থেকে নিয়ে এলে তাকে যদি সেসান পাওয়ার দেন তাহলে যে কেস চালু আছে সেটাই চলবে। মন্ত্রিমহাশয় ওই ঘটনাকে বিচার করে কাঁথিতে কেস করার কথা বিবেচনা করবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** স্যার, এটা কোন কোশ্চেনে আছে যদি বলেন তাহলে আমি উত্তর দেব।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রিমহাশয় জানাবেন কি সাব জাজ যে রিপোর্ট দাখিল করেছেন হাইকোর্টের কাছে সেটা আপনি দেখেছেন কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আমি পড়ে দেখিনি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** আপনি অনুগ্রহ করে যদি দেখেন তাহলে দেখবেন মামলা কম বলে নয়, অনেক কারণ দেখিয়েছেন। কাজেই বলছি আপনি যদি দয়া করে সেগুলি পড়তেন তাহলে যে জবাব আজকে আপনি দিলেন তা আপনি দিতেন না। যাইহোক এটা পড়ে দেখবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** পড়ে দেখব।

## Hippies

***554.** (Admitted question No. *2115.) **Shri Mihir Kumar Laha:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has any information about the number and activities of the American Hippies now loitering in the streets of Calcutta; and

(b) whether all of them have valid travel documents with them?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** (a) Government have no information about the number and activities of American Hippies in Calcutta.

(b) Does not arise.

**শ্রীমিহিরকুমার লাহাঃ** আমি শ্নেছি হিপি ছেলে-মেয়েরা স্মাগ্লিং করে বেড়াচ্ছে এবং বোম্বের সান্তাক্রজ এয়ারপোর্টে এই অভিযোগ প্রমাণিত হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এরা স্মাগলার, না সি, আই, এ-র এজেন্ট সে বিষয়ে ম্খ্যমন্ত্রী আমাদের কিছ্ জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** কেউ স্মাগলিং করলে আমাদের এখানে ধরা হবে সে হিপিই হোক আর যেই হোক, তবে সি, আই, এর এজেন্ট, ফরেন এজেন্ট কিনা সেটা সেন্ট্রাল গভর্ণমেন্ট দেখবেন।

**ডঃ জয়নাল আবেদিনঃ** ম্খ্যমন্ত্রী বল্লেন যে আমেরিকান হিপির সম্বন্ধে কোন তথ্য নেই—আমার প্রশ্ন হচ্ছে বাঙ্গালী হিপির সম্বন্ধে কোন তথ্য আছে কিনা এবং হাউসের মধ্যে কোন হিপি আছে কিনা?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** ওধারে থাকতে পারে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** ম্খ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে হিপিরা কলকাতার আশে-পাশে ঘ্রে বেড়াচ্ছে তাদের কোন আড্ডা আছে কিনা এবং সেই আড্ডা খ্ঁজে বের করে সে সম্বন্ধে অন্সন্ধান করবেন কিনা?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ**

I have already said that Government have no information.

**শ্রীঅনিলকুমার ম্খার্জীঃ** আপনি বল্লেন হিপিরা সি, আই, এ-র এজেন্ট কিনা আপনি জানেন না এবং সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকার তথ্য রাখেন আমার প্রশ্ন হচ্ছে আমাদের এখানে যদি কোন সি, আই, এ-র এজেন্ট থাকে তাহলে সে সম্বন্ধে রাজ্য সরকারের কি কিছ্ করণীয় বা দায়িত্ব নেই?

**মিঃ স্পীকারঃ**

This question does not arise.

**শ্রীবিজয় সিং নাহারঃ** ম্খ্যমন্ত্রী বল্লেন সরকারের কাছে কোন খবর নেই যে এরা আছে কি না—ম্খ্যমন্ত্রী কি মনে করেন এই খবর না থাকা সরকারের পক্ষে কৃতিত্বের বিষয়?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** This is a matter of opinion.

**Shri Ramkrishna Saraogi:** Is it a fact that hippies use charas, ganja and bhang which are all intoxicating materials? If it is a fact may I know what is the source of supply?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** আমার গাঁজার দোকান নেই, কাজেই আমি কি করে বলবো?

[1-10—1-20 p.m.]

**ডঃ আব্ আসাদ মহম্মদ ওবেইদ্ল গণিঃ** মাননীয় মিন্ত্রমহাশয় বল্লেন যে আমাদের রাষ্ট্রে কি আছে না আছে সে সম্বন্ধে তথ্য নাই, আমার প্রশ্ন হচ্ছে এ সম্বন্ধে উনি কি কোন তদন্ত করবেন সরকারের তরফ থেকে?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ**

It is a requestion for action.

**শ্রীপ্রবোধ প্রকায়েতঃ** এই হিপির কথা বলা হল, এই হিপির ডেফিনিশন কি, হাউসে রাখবেন কি?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** ডিক্সনারী দেখবেন।

## সরকারী পোলাট্রি ফার্ম

***567.** (Admitted question No. *1364.).

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কয়টি সরকারী পোলট্রি ফার্ম আছে এবং কোথায় কোথায়;

(খ) ঐ ফার্মগুলি কবে আরম্ভ হইয়াছিল;

(গ) ঐ ফার্মগুলির কোন্ কোন্ ফার্মে লাভ হয় এবং উহাদের প্রত্যেকটিতে গত তিন বৎসরে গড়ে বাৎসরিক কত লাভ হইয়াছিল;

(ঘ) কোন্ কোন্ ফার্মগুলিতে সরকারের লোকসান হয় এবং ঐ ফার্মগুলির প্রত্যেকটিতে গত তিন বৎসরে গড়ে বাৎসরিক কত লোকসান হইয়াছে;

(ঙ) টালিগঞ্জ পোলট্রি ফার্মে বাহির হইতে ডিম কিনিয়া আবার বিক্রী করা হয় কিনা;

(চ) ঐ ব্যবসায় কোন লাভ হয় কিনা; এবং

(ছ) উপরোক্ত ব্যবসায় লাভ বা লোকসানের পরিমাণ কিরূপ?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** (ক) ৯টি পোল্ট্রী ফার্ম আছে। উক্ত ফার্মগুলি (১) টালিগঞ্জ, (২) রাণাঘাট, (৩) মেদিনীপুর, (৪) গোবরডাঙা, (৫) মোহিতনগর, (৬) হরিণঘাটা, (৭) দুর্গাপুর, (৮) ডিগরী ও (৯) কৃষ্ণনগরে অবস্থিত।

(খ) ১নং তালিকা দ্রষ্টব্য।

(গ) দুর্গাপুর পোল্ট্রী ফার্মে কেবলমাত্র ১৯৬৮-৬৯ সালে ২৩,৩২১ টাকা লাভ হইয়াছে। আর অন্য কোন ফার্মে লাভ হয় নাই।

(ঘ) সকল ফার্মেই সরকারের লোকসান হয়। এজন্য ২নং তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঙ) হ্যাঁ।

(চ) মুরগীখামার ও তৎসংক্রান্ত ব্যবসা লাভজনক।

(ছ) খামার পরিকল্পনা সংক্রান্ত সুযোগ এবং অভিজ্ঞতার উপরই এর লাভ লোকসান নির্ভরশীল। সাধারণতঃ খামারী প্রতি, ডিমপাড়া মুরগী থেকে প্রতি মাসে কমপক্ষে এক টাকা আয়ের সংস্থান করতে পারেন।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. *567

### ১নং তালিকা

(১) টালিগঞ্জ, কলিকাতা—১৯৫৮

(২) রাণাঘাট, নদীয়া—১৯৫০

(৩) মেদিনীপুর, মেদিনীপুর—১৯৬০

(৪) গোবরডাঙ্গা, ২৪-পরগণা—১৯৬২

(৫) হরিণঘাটা, নদীয়া—১৯৬৪

(৬) মোহিতনগর, জলপাইগুড়ি—১৯৫৭

(৭) দুর্গাপুর, বর্ধমান—১৯৬২

(৮) ডিগ্রী, মেদিনীপুর—১৯৬৭

(৯) কৃষ্ণনগর, নদীয়া—১৯৬৪

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পোল্ট্রি মাত্র নয়টি আছে, কিন্তু আমি দেখতে পাচ্ছি এসেম্বলী প্রসিডিংসে, ১৯৬৪ সালে, তৎকালীন পশুপালন মন্ত্রী বলছেন এখানে ২৫টি মুরগী পালন কেন্দ্র আছে, সরকারী, এবং তাতে কম পক্ষে ২০ লক্ষ ৫৩ হাজার টাকা ব্যয় হয়েছে। তখনকার সরকারী বিবরণ বিধানসভায় যা দিয়েছেন তাতে ছিল ২৫টি আর আজকে আপনি বলছেন ৯টি, এখন এই পোল্ট্রি ফার্ম কি ১৯৬৪-৬৯ সালে মধ্যে উর্ধ্বতন কর্মচারী অথবা যাঁরা দেশশাসন করতেন সেই কংগ্রেসীদের পেটে ঢুকেছে? এ সম্পর্কে তিনি আমাদের জানাবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আমি বর্তমানে যে রিপোর্ট দেয়েছি তাতে আছে ৯টি, ১৯৬৪ সালে কতগুলি ছিল সেটা এখনও সন্ধান নিতে পারিনি, আমি নিশ্চয়ই সেটা দেখব, কোথায় টাকা কিভাবে খরচ হয়েছিল এবং কার পেটে গিয়েছে সেটা খুঁজে দেখবার চেষ্টা করব।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** আপনি বলেছেন যে সরকারী পোল্ট্রি ফার্মে লাভ হয় না, কেবলমাত্র দুর্গাপুর ফার্মে ১৯৬৮-৬৯ সালে ২৩,৩২১ টাকা লাভ হয়েছে। তিনি কি জানেন ১৯৬৩ সালে দুর্গাপুর ফার্মে ৫ লক্ষ ক্যাপিট্যাল আউট-লে করা হয়েছিল, তারপরে কত টাকা ক্যাপিট্যাল দেওয়া হয়েছিল যার ফলে মাত্র ২৩ হাজার টাকা লাভ হয়েছে, এটা তদন্ত করে দেখবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** দেখব।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এক জায়গায় উত্তরে বলেছেন যে সরকারী ব্যবসাগুলিতে লোকসান হচ্ছে, আবার (চ) উত্তরে বলেছেন খামার সংক্রান্ত ব্যবসা লাভজনক, আবার (ছ) উত্তরে বলেছেন খামার সংক্রান্ত সুযোগ সুবিধা এবং অভিজ্ঞতার উপরই এর লাভ লোকসান নির্ভরশীল। এর থেকে আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এই যে তাঁর এই উত্তরগুলি পরস্পর কন্ট্রাডিকটারি। এই যে বলেছেন খামার সংক্রান্ত সুযোগ সুবিধা, অভিজ্ঞতার উপর লাভ লোকসান নির্ভর করে তাহলে সরকারী ফার্মগুলিতে যেখানে ২০ লক্ষ সাড়ে ২০ লক্ষ টাকা খরচ করে হাজার হাজার টাকার মাইনের কর্মচারী রাখা হয়েছে এবং যাদের বিদেশে পাঠিয়ে অভিজ্ঞতা করিয়ে আনা হয়েছে সেখানে কি সরকারী সুযোগ সুবিধার অভাব আছে, কি অভিজ্ঞতার অভাব আছে যার জন্য এইগুলিতে লোকসান হচ্ছে? এই যে খামারগুলিতে লোকসান হচ্ছে তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কি যেমন এন, সি, রায়ের মত পাওয়ার লুম কমিশান দুর্নীতির বিরুদ্ধে হয়েছিল সেইরকম একটা কমিশান এই ফার্মগুলির দুর্নীতির বিরুদ্ধে করবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** এ সম্পর্কে পরিষ্কার করে বলতে চাই যে আমি অনেক জায়গায় দেখেছি যেসমস্ত ফার্ম ব্যক্তিগতভাবে চালান হচ্ছে তাতে বেশীরভাগ লাভ করছে, এটা আমার কাছে তারা স্বীকার করে বলেছে এবং মাসিক মুরগী পিছু ১ টাকা লাভ হচ্ছে, আবার কোন কোন জায়গায় ১৷৷ টাকা লাভ হচ্ছে। কিন্তু সরকারী খামারগুলিকে আগে ডিমনস্ট্রেসান সেন্টার হিসাবে চালাতে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন এবং সেখানে কমার্সিয়াল স্কীম নিয়ে তাঁরা ফার্মগুলি চালান নি। এখন আমরা কমার্সিয়াল স্কীম নিয়ে কাজ করবার চেষ্টা করব যাতে ফার্মগুলি লোকসানে যেতে না পারে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি এই যে সরকারী ফার্মে বছরের পর বছর ক্ষতি হচ্ছে এই ফার্মগুলি কবে স্বর্ণ ডিম্ব পাড়বে?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** এই ফার্মগুলি বিশেষ করে বহু জায়গায় বাচ্চা সরবরাহ করত, কিছু কিছু প্রাইভেট ফার্ম ওখান থেকে ডিম কিনেছে এবং মুরগীর ফিড ফার্মগুলি সরবরাহ করত। এই কাজের দায়িত্ব ফার্মগুলির এখনও আছে। সরকারী ফার্মগুলি এই কাজ না করলে এখন যে ৪ হাজার প্রাইভেট ফার্ম হয়েছে তারা বাড়তে পারত না। সেজন্য এই ফার্মগুলি রেখে তাদের যাতে লোকসান না হয় সেদিকে দৃষ্টি রেখে এগুলিকে যাতে কমার্সিয়াল দিকে নিয়ে গিয়ে লাভ করতে পারি তার জন্য কোন নীতিতে চললে আমরা এটা করতে পারব সেটা ভেবে দেখব।

**শ্রী এ, এইচ, বেস্টারউইচ:**
Will the Hon'ble Minister be pleased to state what is the reason of the loss in the poultry farm?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** পোল্ট্রি ফার্মে যে লোকসান হয়েছে সেখানে যে পরিমাণ টাকা ইনভেস্ট করে আয় করা যেতে পারে সেই পরিমাণ টাকা তারা প্রথমে রাখতে না গিয়ে কেবল ম্যানেজেরিয়াল কস্ট, সুপারভিসান কস্ট এই সবের পিছনে বেশী টাকা খরচ করেছে। সেটা যদি তাঁরা ব্যক্তিগত-ভাবে করতেন তাহলে এই ম্যানেজেরিয়াল কস্ট, সুপারভিসান কস্ট লাগত না। সেজন্য আমরা দেখেছি ব্যক্তিগত মুরগী ব্যবসা সাধারণতঃ লাভজনক।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় মন্ত্রিমহাশয় পোল্ট্রি ফার্মের এই দুর্নীতির বিরুদ্ধে কোন তদন্তের ব্যবস্থা করবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** তদন্ত করবার জন্য চিন্তা করব।

### Flood-affected people of Keshpur Block and Daspur Block-I

***577.** (Admitted question No. *2116.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) if the Government is aware that thousands of people in the flood-affected Anchals of Keshpur Block and Daspur Block-I have now been living on the verge of starvation; and

(b) if so, what steps have been taken or proposed to be taken to alleviate the distress of the suffering people of the area?

[1-20—1-30 p.m.]

**Mr. Speaker:** Regarding the held over question No. *572 I am told that the answer is not ready. So this is further held over.

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. The two questions, viz. question No. 577 and question No. 583 are same and the same member has put these questions. So it seems that there are two different questions here on the same subject.

**Mr. Speaker:** I ask the Hon'ble Minister to reply both the questions at a time because they are alike.

**Shri Abdur Rezzaque Khan:** Sir, I will first answer question No. 577.

(a) and (b) Due to floods of August, 1968 large areas of Keshpur Block and Daspur Block I were affected and there was consequent distress. In the initial stages, gratuitous relief was distributed to most of the distressed persons. With the improvement of the situation, gratuitous relief was gradually reduced and Relief Works (T.R.), started, where feasible.

A statement showing expenditures on various items of relief, already undertaken is laid on the Library Table.

**শ্রীগঙ্গাপদ কোঙার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, সম্প্রতি এই এলাকায় গারাং, তোমাল ও কাঁসাই-এর বন্যার ফলে এমনিতে যে অভাব-অভিযোগ দুর্গতি ছিল, তার তুলনায় বর্তমানে দুর্গতি আরো বেড়ে গিয়েছে, এ সংবাদ কি তিনি রাখেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমরা সাম্প্রতিককালের খবর রাখি এবং তার জন্য ব্যবস্থা করা হয়েছে।

**Shri Amritendu Mukherjee:** Will the Hon'ble Minister be pleased to state if there was any death due to starvation in 1968 in Keshpur thana in the flood affected areas?

**Shri Abdur Rezzaque Khan:** I have no information. I want notice for it.

**Shri Mohamed Abdul Latif:** Mr. Speaker, Sir, you were pleased to say that the held over question No. 572 would be further held over as the answer was not ready. Can you give me an idea when this question will be taken up for answer?

**Mr. Speaker:** On the next rotational day.

**শ্রীগঙ্গাপদ কোঙারঃ** এই এলাকার যে ঋণ দেওয়া হয়েছে তা অত্যন্ত অল্প এবং প্রয়োজনীয় ঋণের অভাবে কৃষকেরা দারুণ অসুবিধার সম্মুখীন হয়েছে, এই পরিপ্রেক্ষিতে মন্ত্রিমহাশয় তাদের পর্যাপ্ত ঋণ দেওয়ার ব্যবস্থা করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** ওখান থেকে ডাইরেক্টলি আমাদের এখানে তাদের কোন দাবী-দাওয়া আসেনি বা কোন ইনজাংশানও আসেনি, যদি তেমন কিছু আসে, তাহলে তার ব্যবস্থা করা হতে পারে।

**গো-প্রজনন কেন্দ্র**

***582.** (Admitted question No. *1919.)

**শ্রীআজিজুর রহমানঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে গো-প্রজনন কেন্দ্র নাই এমন ব্লকের জেলাওয়ারী সংখ্যা কত?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হোল।

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে যে সমস্ত ব্লকে এখনও পর্যন্ত কেন্দ্র হয় নি—সেখানে সেগুলি করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আমাদের এখানে এখনও পর্যন্ত যেগুলি আছে সেগুলিতে তো আছেই—কিন্তু যেগুলিতে নাই, যেমন বর্ধমান ২৯টি ব্লকে, বীরভূমে ১৭টি, বাঁকুড়া ১৮, মেদিনীপুর—৫২, হুগলী—৬, হাওড়া—১২, ২৪-পরগণা—৩৭, নদীয়া—৭টি, মুর্শিদাবাদ—১৯, মালদহ—১২, পশ্চিম দিনাজপুর—১৫, জলপাইগুড়ি—৪, দার্জিলিং—৪, কুচবিহার—১৭, পুরুলিয়া—১৬—এইগুলিতে না—অর্থাৎ ৩৩৫টি ব্লকের মধ্যে ২৬৫টিতে নাই। এগুলি করার ব্যাপারে আমাদের অর্থনৈতিক সামর্থের উপর নির্ভর করে, এগুলিতে ক্রমশঃ ক্রমশঃ করতে হবে।

**শ্রীআজিজুর রহমানঃ** এই যে বাড়াবার চেষ্টা করছেন সেটা কোন নীতির উপর?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** যেসব জেলায় বেশী আছে এবং যেসব জেলায় কম আছে চারিদিক তাকিয়ে সমস্ত সামঞ্জস্য করে এগুলি বাড়াবার চেষ্টা করছি।

**শ্রীআজিজুর রহমানঃ** ঐ সমস্ত প্রজনন কেন্দ্রে যেসব সরকারী কর্মচারী আছেন তারা বাইরে গেলে কোন ফি নেবার নীতি আছে কিনা?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আমাদের ডাক্তার যারা আছেন তাদের ফি নেবার ব্যবস্থা আছে—সেটাই নির্ধারিত আছে।

**শ্রীআজিজুর রহমানঃ** এই ফি তুলে দেবার কথা আপনি চিন্তা করছেন কিনা?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** ইনসেমিনেসন সেন্টারে কোথায় ফি নেয়—এটা তো আমার জানা নেই, এই রকম রিপোর্ট আমি পাই নি। তবে গরুর চিকিৎসা করার জন্য ডাক্তাররা ফি নিতে পারেন এই রকম নীতি আছে।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত আর্টিফিসিয়্যাল ইনসেমিনেসন সেন্টরের কথা বল্লেন—আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি কি জানাবেন যে যেখানে বলদগুলি অনুন্নত অবস্থায় আছে সেই সমস্ত জায়গায় কি ঐ প্রজনন কেন্দ্রগুলি করা হবে?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** যে সব জায়গায় নাই তার তালিকা দিয়েছি এবং যেখানে কম আছে সেই দিকে আমি বেশী জোর দেবো।

**শ্রীরামকৃষ্ণ সারোগীঃ**

Will the Hon'ble Minister-in-charge please state whether any imported bull has been kept in any of the centres?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আমাদের যে ইনসেমিনেসন সেন্টার আছে—সেখানে বীজ সংগ্রহ করে ইনজেকসন করে দেওয়া হয়। বুল সম্পর্কে আমি বলতে পারি এখনও সব জায়গায় তা রাখা হয় না।

**শ্রীরামকৃষ্ণ সারোগীঃ**

Is there any imported bull?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** ইম্পোর্টেড বুলের সংবাদ দিলে আমি তা পরিবর্তন করে দেবো।

### Government loan to flood-affected people of Keshpur Block and Daspur Block-I

***583.** (Admitted question No. *2117.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether the Government is aware that a vast number of distressed cultivators of the flood-affected Anchals of Keshpur Block and Daspur Block-I in the district of Midnapur is in dire need of agricultural loan for the pursuit of agricultural operations in the area; and

(b) if so, what action has so far been taken for adequate and expeditious sanction of this loan to those cultivators?

**Shri Abdur Rezzaque Khan:** Now I answer to question No. 583.

(a) Yes.

(b) Rs. 1,56,200 in Keshpur and Rs. 1,97,000 in Daspur Block I distributed as agricultural loans.

### পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্ট

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্টে যেসকল সোসাইটির সম্পর্কে নানাবিধ অভিযোগ করা হইয়াছে সেই সকল সোসাইটির এবং সোসাইটির ম্যানেজিং কমিটির সভাপতি ও সম্পাদকদের নাম ও ঠিকানা কি (লাইব্রেরী টেবিলে উপস্থাপিতব্য); এবং

(খ) অভিযুক্ত প্রত্যেকটি সোসাইটির বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

[1-30—1-40 p.m.]

**শ্রীযতীন চক্রবর্তীঃ** স্যার, মিনিস্টারকে একটা কাজে বাইরে চলে- যেতে হয়েছে, আসতে দেরী হবে—কাজেই এটা কাইন্ডলি হেল্ড ওভার করা হোক।

**মিঃ স্পীকারঃ** আপনারা এগুলি দিয়ে দিলে ভাল হয়, কেন না রোজ রোজ হেল্ড ওভার থাকে তো। এটা আপনি একটু দেখবেন। যতীনবাবু প্রায়ই দেখি, হয় রেডি নেই, না হয় এল না বলেন। এরা অনেক আশা নিয়ে কোশ্চেন দিয়েছেন, আপনি এটা একটু দেখবেন যাতে ঠিক সময়ে দেয়া হয়।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আমি দেখব।

### নদীয়া জেলায় গো-মড়ক

***587.** (Admitted question No. *1878.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিগত অতিবর্ষণজনিত বন্যার সময় (১৯৬৮) নদীয়া জেলায় এক বিশেষ ধরনের পশুরোগের প্রাদুর্ভাব হয় এবং ঐ জেলায় বিভিন্ন স্থানে গো-মড়ক শুরু হয়;

(খ) অবগত থাকিলে, উক্ত গো-মড়কে জেলায় কত গরু মহিষের মৃত্যু হইয়াছিল;

(গ) উক্ত বিশেষ ধরনের রোগের কারণ নির্ণয়ের জন্য সরকারী পশুচিকিৎসা বিশেষজ্ঞ নিযুক্ত হইয়াছিলেন কিনা; এবং

(ঘ) সঠিকভাবে উক্ত রোগের কারণ নির্ণয় করিয়া উক্ত রোগ প্রতিষেধকের কোন ব্যবস্থা হইয়াছে কিনা?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রায় ৭৫০টি গরু-মহিষাদিরা মারা গিয়াছিল।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

### রাণীনগর, ডোমকুল ও জলঙ্গী ব্লকে টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্যবাবদ ব্যয়

***588.** (Admitted question No. *1991.)

**শ্রীআজিজুর রহমানঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেনে কি মুর্শিদাবাদ জেলার রাণীনগর ১নং, রাণীনগর ২নং, ডোমকুল ও জলঙ্গী ব্লকে ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে ৩০এ জুন পর্যন্ত কত টাকা টেস্ট রিলিফ বাবদ ও খয়রাতি সাহায্য বাবদ ব্যয় করা হইয়াছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ব্লকগুলিতে কোন মাস থেকে টেস্ট রিলিফের কাজ আরম্ভ হয়েছিল?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এইসমস্ত ১৯৫৮-৫৯ সালের ব্যাপাব, সমস্ত তথ্য এখনও পর্যন্ত সংগৃহীত হয়নি, যা হয়েছে বলেছি। নির্দিষ্ট প্রশ্ন লিখিতভাবে করলে উত্তর দেওয়া যেতে পারে।

**শ্রীআজিজুর রহমানঃ** ১৯৫৮-৫৯ সালের ব্যাপার আমি জানতে চাইছি না, এটা ১৯৬৯ সালের ব্যাপার। আমার জিজ্ঞাস্য, কোন মাস থেকে এই সমস্ত ব্লকগুলিতে টেস্ট রিলিফের কাজ আরম্ভ হয়েছে?

**শ্রীআবদ্রর রেজ্জাক খানঃ** আপনার জানা উচিত যে এইসব তথ্য এখনই আসে না। বছরের শেষে কাজ শেষ হলে ক্রমশঃ ক্রমশঃ আসে। কাজেই প্রশ্ন করলেই জবাব দেওয়া যায় না। আপনি যদি জানতে চান, নির্দিষ্ট প্রশ্ন করবেন, তথ্য আনিয়ে সম্ভব হলে দিতে পারবো।

**শ্রীআজিজরর রহমানঃ** কাজ শেষ হয়েছে কি হয়নি সেটা আমি জিজ্ঞাসা করছি না, আমার জিজ্ঞাস্য, কোন মাস থেকে আরম্ভ হয়েছে, এটা জানাবেন কি?

**শ্রীআবদ্রর রেজ্জাক খানঃ** আপনি বিবরণীটা পড়ে দেখবেন, সমস্ত জিনিষটা পড়ে তবে কোয়েশ্চেন করবেন।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ব্লকগ্লিতে কত লোক বেকার ছিল এবং তার মধ্যে কত লোককে কাজ দিতে পেরেছিলেন বা সরকারের যে অন্দান—টাকা এবং গম, তাতে সমস্ত লোককে কাজ দেওয়া সম্ভব হয়েছিল কিনা, যদি না হয়ে থাকে কত ভাগ বেকার ছিল?

**শ্রীআবদ্রর রেজ্জাক খানঃ** এ ফিগার আমার কাছে নেই, এখনও সরকারী ব্যবস্থা এ ধরনের হয়ে ওঠে নি।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### সরকারী কর্মচারীদের রাজনৈতিক দলের সদস্য হবার অধিকার

***749.** (Admitted question No. *747.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অন্গ্রহপ্র্বক জানাইবেন কি সরকারী কর্মচারীরা যাহাতে নিজ নিজ পছন্দমত রাজনৈতিক দলের সদস্য হইতে পারেন সেইজন্য প্রয়োজনীয় অধিকার সরকারী কর্মচারীদের দেওয়ার কথা বর্তমান সরকার চিন্তা করিতেছেন কি?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নাগরিক হিসাবে সরকারী কর্মচারীরা সংবিধান অন্যায়ী সমস্ত রকমের নাগরিক অধিকার ভোগ করতে পারেন কিনা?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** সংবিধানের যে ব্যবস্থা আছে তাতে কোন কোন বিশেষ অবস্থায় কিছ্ নাগরিক অধিকার ক্ষ্ন্ন করা যায়। আমাদের এখনও পর্যন্ত যে নিয়ম আছে তাতে সরকারী কর্মচারীরা কোন রাজনৈতিক প্রতিষ্ঠানের সদস্য হতে পারবেন না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** নাগরিক হিসাবে ফ্রিডম অব এ্যাসোসিয়েসন, যেটা সাংবিধানিক অধিকার, সেটা কি সরকারী কর্মচারীদের কাছ থেকে কেড়ে নেওয়া হবে?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** কর্মচারীরা নিজেদের কর্মচারী এ্যাসোসিয়েসন গড়তে পারবেন, সে ফ্রিডম আছে, কিন্তু রাজনৈতিক দলে যোগ দেওয়ার নিয়ম নেই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় ম্খ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, যে গোপনে গোপনে সরকারী কর্মচারীরা যদি কোন দলের সদস্য বা কর্মী হিসাবে কাজ করেন যেমন ধর্ন ২০ বছর ধরে অনেকে করে এসেছেন, সেটা আটকাবার কোন বন্দোবস্ত আছে কি?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** একাদশীতে ডুবে ডুবে জল খেলে ধরা যায় না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সেই জন্য আমি বলছি অধিকার প্রকাশ্যে দেওয়া ভাল নয় কি?

**শ্রীঅজয়কুমার ম্খোপাধ্যায়ঃ** আপনি তো এখনই বললেন গোপনে গোপনে।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন, চাকুরীর যে নিয়মাবলী আছে, তার পরিবর্তনের কোন চেষ্টা হচ্ছে কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সরকারের ইচ্ছা আছে, এখন কোন পরিবর্তন করা হয়নি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** যদি ইচ্ছা থাকে তাহলে কবে নাগাদ পরিবর্তনের চেষ্টা হবে বলবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তারিখ বলে দেওয়া যায় না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন বিভিন্ন হাই কোর্ট এবং সুপ্রীম কোর্ট এটা রায় দিয়েছে, যে কোন সরকারী কর্মচারী কোন রাজনৈতিক দলের সদস্য হতে পারেন। কিন্তু যদি কোন ভায়লেন্স ইত্যাদির ব্যাপারে পার্টিসিপেট করেন তাহলে তার উপর এ্যাকসান নেওয়া হবে। এখন এই সুপ্রীম কোর্টের রায় অনুযায়ী তাদের অধিকার দেবার কথা ভাবছেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বল্লাম তো এই সমস্ত নিয়মাবলী পরিবর্তন করার ইচ্ছা আমাদের আছে, তবে এখন করা হয় নি।

## জেলাস্তরে খাদ্য ও ত্রাণ কমিটি

***750.** (Admitted question No. *1595.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৯, ১লা জুলাই-এর পূর্বে জেলাস্তরে কোনও খাদ্য ও ত্রাণ কমিটি গঠিত হইয়াছে কি; এবং

(খ) গঠিত হইয়া থাকিলে (১) জেলাগুলির নাম, (২) গঠনের তারিখ এবং (৩) প্রথম বৈঠকের তারিখ?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** (ক) দার্জিলিং জেলা ব্যতীত পশ্চিমবঙ্গের অন্যান্য সকল জেলাতেই জেলাস্তরে খাদ্য ও ত্রাণ কমিটি ১লা জুলাই ১৯৬৯-এর পূর্বে গঠিত হইয়াছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে দার্জিলিং জেলা বাদে সমস্ত জেলায় হয়েছে। দার্জিলিং জেলায় ত্রাণ এবং অন্যান্য কাজ ১লা জুলাই-এর আগে পর্যন্ত স্থগিত ছিল, না কাজ চালিয়েছিল, যদি সেখানে কাজ চালিয়ে যাওয়া হয়ে থাকে তাহলে কে কে কাজ চালিয়েছিলেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** সেখানে কার্য চালাবার জন্য যে জেলা কর্তৃপক্ষ আছেন, তাঁরাই চালিয়েছেন তার আগে পর্যন্ত এবং সর্বত্রই তাই আছে যে জেলা কর্তৃপক্ষই করেন। কিন্তু যেখানে ফুড এন্ড রিলিফ কমিটি হয়েছে সেখানে তাদের করতে বলা হয়েছে। তবে সব জায়গায় তো একই সময়ে হতে পারে নি বিভিন্ন কারণে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** জেলা মহকুমা এবং ব্লক স্তরে এই রিলিফ কমিটি গড়বার আদেশ দেওয়া হয়েছে। কিন্তু একটি ব্লকের ভিতর যদি দেড় লক্ষ লোক থাকে ধরুণ যেখানে মিউনিসিপ্যাল এরিয়া আছে, সেখানে মিউনিসিপ্যাল এরিয়ার জন্য আলাদাভাবে খাদ্য ত্রাণ কমিটি গড়ার আজ পর্যন্ত কোন নির্দেশ নেই। আপনারা কি এই রকম ভাবছেন, পৌর এলাকার জন্য ঐ ব্লক ছাড়া স্বতন্ত্র রিলিফ কমিটি হওয়া দরকার এবং এই রকম ভাবলে কবে নাগাদ সে আভাষ সেখানে যাবে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এখনও আমরা ভাবছি। তবে এখন অনেক জায়গা থেকে সেই রকম দাবী এসেছে বলে তার ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

**শ্রীসরোজ রায়ঃ** আপনি বলেছেন শুধু দার্জিলিং জেলা ছাড়া অন্য জেলায় হয়েছে। আমরা জানি অন্য জেলায় অঞ্চল স্তর পর্যন্ত কমিটি হয়ে গেছে। সরকার পক্ষ থেকে সারকুলার ছিল যে অঞ্চল কমিটিতে গ্রামসেবকরাও থাকবেন। আমার প্রশ্ন হচ্ছে গ্রামসেবকদের কি সেই কমিটিতে কোন ভোটাধিকার আছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** ভোটাধিকারের প্রশ্ন এখন বিবেচনাধীন।

**শ্রীসরোজ রায়ঃ** যে সমস্ত জায়গায় ইতিমধ্যেই কমিটি হয়ে গেছে এবং একই জেলায় দেখা যায় কোথাও কোথাও গ্রামসেবকরা ভোট দিয়েছেন এবং কোন কোন জায়গায় সারকেল অফিসার থেকে নির্দেশ গেছে গ্রামসেবকরা ভোট দেবেন না, এই যে গোলমাল হয়ে আছে এগুলির কোন একটা ব্যবস্থা হবে কিনা?

[1-40—1-50 p.m.]

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এ সম্বন্ধে আমরা ভেবেছিলাম যে ফুড কমিটি তারা নিজেরা ব্যবস্থা করে দিতে পারবেন। কিন্তু দেখলাম প্রায় কমিটির উপর ছেড়ে দেওয়ার পর তারা নিজেরা করতে পারছেন না, অতএব আমাদের ভাবতে হচ্ছে।

**শ্রীগঙ্গাপদ কুয়ারঃ** এই যে রিলিফ কমিটি হয়েছে, বিশেষ করে অঞ্চলে, সেখানে রিলিফ কমিটির সঙ্গে অঞ্চল কেক্রেটারীরা সহযোগিতা করছেন না, এই ধরনের কোন সংবাদ আপনার দপ্তরে আছে কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমাদের কাছে এখনও নেই, আপনারা দিলে তবে পাবো।

**শ্রীগঙ্গাপদ কুয়ারঃ** রিলিফ কমিটির যিনি কনভেনার এবং অঞ্চলের যিনি প্রধান আছেন, যেখানে ভিন্ন ব্যক্তি আছেন, সেই জায়গায় কোন কোন ক্ষেত্রে বি, ডি, ও ঋণ বিলি এবং রিলিফ বিলি করার ব্যাপারে কনভেনার এবং প্রধানকে জানাচ্ছে এই সম্পর্কে আপনাদের কি সার্কুলার আছে জানাবেন কি।

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমাদের এখন কোন সার্কুলার এ সম্বন্ধে নেই।

**শ্রীসরোজ রায়ঃ** অঞ্চল প্রধানের হাতে যে সমস্ত কেরাণী আছে কংগ্রেস আমল থেকে, প্রধান তাদের কেরানী এবং চৌকিদার তাদের নির্দেশ দিয়েছেন যে নতুন যে ফুড এ্যান্ড রিলিফ কমিটি হয়েছে তারা যেন তাতে না কাজ করেন এই রকম কোন খবর আপনার কাছে আছে কি, থাকলে কি ব্যবস্থা আপনারা এ সম্বন্ধে নিয়েছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আপনাদের কাছে এই রকম খবর আছে এই প্রথম শুনছি। যদি এই রকম কিছু থেকে থাকে, এই রকম অবস্থার উদ্ভব হয়ে থাকে তাহলে লিখিতভাবে জানালে তার জন্য ব্যবস্থা অবলম্বন করা যাবে।

## কৃষি ঋণ

***751.** (Admitted question No. *1873.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উদ্বাস্তু চাষীদের কৃষিঋণ (এগ্রিকালচার লোন) দেওয়া হয় কিনা?

**Shri Abdur Rezzaque Khan**
এটা এখন তৈরী হয় নি, সেইজন্য এটার জন্য সময় চাই।

**Mr. Speaker:** Please see that your department gives replies regularly and timely. I find the question is rather a very simple one. I do not know what time possibly can be taken over this. I do not blame anybody. I only request you to see that this does not happen in future.

**কৃষকদের সাহায্যের জন্য কৃষিঋণ**

***752.** (Admitted question No. *1956.)

**শ্রীনিতাইপদ সরকার:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে কৃষকদের সাহায্যের জন্য এ বৎসর কৃষিঋণ মঞ্জুর করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, কোন্ জেলায় কত টাকা ঋণ বাবদ বরাদ্দ হইয়াছে এবং এ পর্যন্ত কত বণ্টন হইয়াছে;

(গ) ভাগচাষীদের ঋণ দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) সরকার স্টেট ব্যাঙ্কের মাধ্যমে ঋণ বণ্টনের ব্যবস্থা করিয়াছেন কিনা এবং করিলে এপর্যন্ত কোন্ জেলায় কত ঋণ বণ্টন করিয়াছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** (ক) হ্যাঁ, (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থিত করা হইল, (গ) হ্যাঁ, (ঘ) ত্রাণ কমিটি হইতে স্টেট ব্যাংকের মাধ্যমে কোন ঋণ বণ্টন করার কোন ব্যবস্থা নেই।

**শ্রীঅশ্বিনী রায়:** আপনি এই যে (ক) প্রশ্নের উত্তরে বললেন যে ভাগচাষীদের ঋণ দেবার ব্যাপারে 'হাঁ'। তাহলে ভাগচাষীদের ঋণ দেবার ভিত্তিটা কি, এবং কত টাকা তারা ঋণ পেতে পারে?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** কৃষি ঋণ বা এগ্রিকালচারাল লোন সম্বন্ধে আপনাদের সকলেরই জানা আছে, তারা পঞ্চাশ টাকা পর্যন্ত ঋণ পেতে পারে। এটার নাম এগ্রিকালচারাল লোন, কিন্তু কিন্তু এটা রিলিফ হিসাবেই দেওয়া হয়।

**শ্রীঅশ্বিনী রায়:** এটা ৫০ টাকার বেশী ঋণ দেওয়া হয় না, কিন্তু ৫০ টাকা তাদের পক্ষে যথেষ্ট নয়। তাহলে আমদের সবাকার একটা নীতি সম্পর্কে মাঝে মাঝে বলে থাকেন যে উৎপাদকদের সাহায্য করতে হবে, সেই অনুসারে তারা এর পরিমাণটা কি বাড়াবার কথা ভাবছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** মাননীয় সদস্য হিসাব সম্বন্ধে বিশেষ অভিজ্ঞ বলে মনে করি। আমি আগেই বলেছি এটা রিলিফ হিসাবে দেওয়া হয়, খয়রাতি সাহায্য হিসাবে দেওয়া হয়। এগ্রিকালচারাল লোন যেটা বলা হয়, সেটা নয়। অন্য খাতে সেটা দেখুন।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** বাঁকুড়া জেলা অধিকাংশ গরীব ও দুঃস্থ ব্যক্তির অধ্যুষিত এলাকা। সেখানে আজ পর্যন্ত এই ধরনের খয়রাতি কৃষিঋণ কোন জায়গায় গিয়ে পেঁাছায় নি সেটা আপনি জানেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** আমরা বরাদ্দ করেছি এইটা বলতে পারি। পেঁাছিয়েছে কিনা বলতে পারব না। আমরা ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে পাঠিয়ে দিয়েছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** এটা পায় নি। আমি নিজের দায়িত্বে বলতে পারি। সেখানকার বি. ডি. ও-র কাছে আমি খোঁজ নিয়েছি সেখানে পেঁাছায় নি বলেছেন। আপনি কি এটা একটু অনুসন্ধান করে দেখবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** ঋণ বিলি হয়েছে, তবে সবটা হয়েছে কিনা বলতে পারি না। কিন্তু আমার কাছে তথ্য আছে দেখাতে পারি ১ লক্ষ ৩৫ হাজার টাকা সেখানে ইতিমধ্যেই বিলি করা হয়েছে।

**শ্রীস্বপন ভট্টাচার্য:** ভাগচাষীদের লোন দেওয়া হয় বলেছেন। কিন্তু ভাগচাষীদের আইডেনটিফাই করবে কে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** সেখানকার লোক করবে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমাদের জেলায় দেখেছি ভাগচাষীদের মালিক স্বীকার করতে চায় না। আমাদের মুর্শিদাবাদ জেলার রিলিফ কমিটি যাকে ভাগচাষী বলে স্বীকার করবেন তাকে কি আপনি স্বীকার করে নেবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** কোন বাধা নেই।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বাঁকুড়া জেলায় তিনি এই বাবদ ২ লক্ষ ৩৫ হাজার টাকা দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, বন্যার্ত এলাকায় যেখানে গতবারে চাষ একেবারে ডুবে গিয়েছে সেই সব এলাকায় এই ৫০ টাকার পরিবর্তে যাতে কৃষকরা চাষ করতে পারে, সেইভাবে খয়রাতি সাহায্য দেওয়ার ব্যবস্থা করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** কৃষিমন্ত্রীর কাছে যাওয়া উচিত এই ব্যাপারে। বাজেটে যা দিয়েছেন তার মধ্যেই দিতে হবে। ৪০ লক্ষ টাকা যদি বাজেট হয় এর বেশি যাওয়া যায় না। তবু আমি বলব সে রকম বিশেষ ক্ষেত্র হলে বিবেচনা করে দেখব।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** কৃষিমন্ত্রী তো একেবারে প্রতিজ্ঞা করে বসে আছেন, সি, পি, লোন ছাড়া তিনি আর কৃষকদের কোন লোন দিতে পারবেন না। তাঁর আইনের মধ্যে দেওয়ার সুযোগ নেই। সেই জন্য আমি বলছি হাওড়া জেলায় গতবারের বন্যায় বিস্তর ক্ষতি হওয়ায় দু দুবার চেষ্টা করেও চাষ করতে পারে নি। এখন রেশন কেনবার মত অবস্থা তাদের নেই। আমি তাই জিজ্ঞাসা করছি দয়া করে তাদের সাহায্য করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এই বাজেটের মধ্যে যতটুকু হয় তা করব এবং তার উপরন্তু কিছু করা যায় কিনা চেষ্টা করে দেখবো।

### পোলট্রী গ্রোয়ার সপ

*753. (Admitted question No. *2046.)

**শ্রীআব্দুল কাইউম মোল্লাঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকার-নিয়ন্ত্রিত কতগুলি পোলট্রী গ্রোয়ার সপ আছে;

(খ) উহাতে সরকার প্রতিদিন কতগুলি ডিম পাইয়া থাকে; এবং

(গ) উক্ত গ্রোয়ার সপ-এর অধীনে কতগুলি গ্রোয়ার আছে:

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** (ক) পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণাধীনে পোলট্রী গ্রোয়ার শপ বলিয়া কিছু নাই।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

### সুন্দরবন এলাকায় পশুচিকিৎসা কেন্দ্র

*754. (Admitted question No. *2090.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকার কতগুলি ব্লকে পশুচিকিৎসার হাসপাতাল আছে;

(খ) যে ব্লকগুলিতে হাসপাতাল নেই সেইসব ব্লকে পশুচিকিৎসা কেন্দ্র খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) যদি থাকে, তবে তা কোথায় কোথায়?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** (ক) মোট ২২টি ব্লকে পশুচিকিৎসা ডিসপেন্সারী আছে।

(খ) যেহেতু সুন্দরবন এলাকার সব ব্লকেই পশুচিকিৎসা ডিসপেন্সারী আছে সুতরাং এ প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

[1-50—2 p.m.]

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে ভেটেনারি কলেজ-এর ছাত্ররা বেলগাছিয়া এবং কল্যাণীতে ধর্মঘট করার পর এই পশুচিকিৎসা কেন্দ্রগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে কি এবং পশু চিকিৎসার ব্যবস্থা ত্বরান্বিত করার জন্য এই ধর্মঘট অবস্থায় মাননীয় মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রীসুধীরকুমার দাসঃ** এই প্রশ্ন এর থেকে আসে না।

**শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে, সুন্দরবন এলাকায় সমস্ত ব্লক-এ পশু চিকিৎসার জন্য হাসপাতাল আছে প্রায় ২২টি। এর মধ্যে একটা প্রশ্নের উত্তর দিলেন যে বিভিন্ন জেলায় কোন কোন ব্লক-এ নেই। তাতে দেখা গেল যে, বর্ধমান জেলায় ৩৩টির মধ্যে ২৯টিতেই নেই। তাহলে এই যে একটি জেলায় সমস্ত ব্লক-এ এই ধরনের পশু চিকিৎসালয় থাকলে এর জন্য বিশেষ ডাকে কেউ ইন্টারেস্ট নিয়েছিলো কিনা যার জন্য সুন্দরবন এলাকায় হ'ল এবং বিভিন্ন জেলায় অর্ধেকের বেশী এমনকি ১২ আনা ব্লক-এ আজ পর্যন্ত পশু চিকিৎসালয় থাকলো না। সেই রকমভাবে ইন্টারেস্ট যদি কেউ নিয়ে থাকে তাহলে কে সেটা নিয়েছিলো, সে সম্পর্কে যদি কিছু জানা থাকে বলবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** আমি দেখতে পেয়েছি যে অসামঞ্জস্য আছে। প্রচুর অসামঞ্জস্য আমি লক্ষ্য করেছি তার কারণ কি তা বোঝা কষ্টকর। নিশ্চয়ই বিশেষ উৎসাহ কিছু ছিল, দলীয় বুদ্ধিও কিছু ছিল। আরো নানা রকম থাকতে পারে। এখন বর্তমানে যেটা করবো নিশ্চয়ই যেখানে কম আছে সেগুলিতে বেশী দিয়ে যাতে আমরা পূরণ করতে পারি তার জন্য চেষ্টা করবো।

### দ্বারকা নদীর বন্যা প্রতিরোধকারী বাঁধের সংস্কার

*755. (Admitted question No. *2105.)

**শ্রীশশাঙ্কশেখর মন্ডলঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার (বীরভূম) সাহাপুর অঞ্চল মধ্যে দ্বারকা নদী তীরস্থ বন্যা প্রতিরোধকারী বাঁধ সংস্কারকল্পে, রানাপুর-কুজোপাড়া টি আর স্কীমের রিভাইজড্ এস্টিমেট-টি প্রণয়ন করিতে, পেশ করিতে এবং মঞ্জুরী লাভ করিতে কতদিন সময় লাগিয়াছিল; এবং

(খ) টি আর খাতে টাকা মজুত থাকা সত্ত্বেও কুজোপাড়া গ্রামের মধ্যে নদী তীরবর্তী মারাত্মক ভাঙ্গন মেরামতের কাজ আরম্ভ না করিবার কারণ কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** (ক), (খ) জেলাশাসকের নিকট হইতে প্রয়োজনীয় বিশদ তথ্যাদি এখনও না পাওয়ায় নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তর দেওয়া সম্ভব হ'ল না। এটা যতটা শিঘ্র হয় চেষ্টা করা হচ্ছে।

**শ্রীশশাঙ্কশেখর মন্ডলঃ** মাননীয় অধ্যক্ষমহাশয় আপনার কাছে অনুরোধ জানাচ্ছি, যাতে উত্তরটা পরে পাওয়া যায় সেজন্য এটা হেল্ড ওভার করা হোক্।

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আপনাকে চিঠি দিয়ে পরে জানিয়ে দিতে পারি।

**ত্রিমোহনী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি**

***756.** (Admitted question No. *2111.)

**শ্রী এম, ডি, নাসিরুদ্দিন খানঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নওদা থানার অধীন ত্রিমোহিনীতে যে মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি আছে সেটা কোন্ সময় হইতে চালু করা হইয়াছে;

(খ) উক্ত কো-অপারেটিভ সোসাইটিতে কত টাকা মূলধন রহিয়াছে;

(গ) উক্ত সোসাইটিতে বর্তমানে কত জন শেয়ার হোল্ডার আছেন;

(ঘ) উক্ত সোসাইটিকে রেজিস্ট্রেশনের সময় হইতে এ পর্যন্ত সরকার কত টাকা ঋণ দিয়াছেন; এবং

(ঙ) উক্ত সোসাইটিতে এ পর্যন্ত রেজিস্ট্রেশনের সময় হইতে কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** এটা হেল্ড ওভার করা হোক।

**মিঃ স্পীকারঃ** এই রকম করলে তো কাজকর্ম অচল হ'য়ে যাবে। মিনিষ্টার আসবে না, কোশ্চেন আসবে না এটা কি রকম ব্যাপার, ১২ দিন, ১৪ দিন পরে কোশ্চেন এখানে আসে। তাহলে সেই রকম একটা ব্যবস্থা করে দিন। যাতে আসে, কাজ হয়, তা না হলে এই রকম কোশ্চেন আওয়ার করে লাভ কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** মাননীয় স্পীকার মহাশয়, চীফ হুইপ একটু আগে আপনার কাছে জানিয়েছিলেন যে, কো-অপারেটিভ মিনিস্টার-এর একটু একটু অসুবিধা থাকার জন্য আপনার অনুমতি নেওয়া হয়েছিল, যে কোশ্চেনটা হেল্ড ওভার করার জন্য এবং আপনি যেটা বলেছেন, সেটা খুবই ন্যায্য কথা বলেছেন। এটা সকলে মনে রাখবো এবং তাঁকে জানিয়ে দেবো।

**মেদিনীপুর জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণ**

***758.** (Admitted question No. *2234.)

**শ্রীগঙ্গাপদ কুঙরঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাসপুর ১নং ব্লকের অন্তর্গত কোন্ কোন্ অঞ্চলে কোন্ কোন্ (১) প্রাথমিক বিদ্যালয়গৃহ এবং (২) মাধ্যমিক বিদ্যালয় ভবন গত ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যায় গুরুতরভাবে বিধ্বস্ত ও ভূমিস্যাৎ হইয়াছিল;

(খ) সরকারী ব্যয়ে টেষ্ট রিলিফ স্কীমের মাধ্যমে উল্লিখিত ধ্বংসপ্রাপ্ত বিদ্যালয় ভবনগুলির কতগুলির পুনর্নির্মাণের কার্য সম্পূর্ণ হইয়াছে;

(গ) অবশিষ্ট বিদ্যালয় ভবনগুলির পুনর্নির্মাণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে; এবং

(ঘ) সমস্ত বিদ্যালয় ভবনগুলির পুনর্নির্মাণ কার্য না হওয়ার কারণ কি?

**Mr. Speaker:** Question No. *757 held over.

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এটারও, স্যার, উত্তরটা এখনও না পৌঁছানর জন্যে আমি জবাব দিতে পারছি না।

**Mr. Speaker:** May I request the Hon'ble Minister and the Hon'ble Chief Minister who is present in this House, that this state of affair has got to be remedied. Otherwise, it does not look well. The questions come up after 7|8 days here, even then answers are not available.

**শ্রীমতী ইলা মিত্রঃ** স্যার, আমি একটু বলতে চাই যে আট দশ দিন আগে থেকে কোশ্চেন দিয়ে দেওয়া হয় এবং আমাদের যে রুলস্ আছে তাতে আমরা যে কোশ্চেন দিই ১২ দিন পরে সেটা উত্তর হবে কি হবে না সেটা স্থির করে দেওয়া হয়। তা সত্ত্বেও আজকে দেখছি যে এখানে বহু কোশ্চেনের উত্তর আসেনি। আমি সে সম্পর্কে আপনার কাছে জবাব চাই যে কি কারণে উত্তরটা আসেনি।

**মিঃ স্পীকারঃ** আমি এনকোয়ারি করে আপনাকে বলে দেবো।

**শ্রীগঙ্গাপদ কুঁয়ারঃ** আমার প্রশ্নটা কি হেল্ড ওভার হয়ে রইলো?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** উনি তো রিপ্লাই দিয়েছেন যে এখনও আসেনি। অবশ্য মিঃ স্পীকার যদি ডাইরেক্ট করেন তাহলে এটা হেল্ড ওভার নিশ্চয়ই হবে।

**শ্রীআবদুল রেজ্জাক খাঁঃ** যে সব তথ্য আপনারা চান সেই সব বিস্তৃত তথ্য যদি না এসে পড়ে তাহলে যা হয় তাই হয়েছে।

### মুর্শিদাবাদ জেলায় ত্রাণখাতে ও টেস্ট রিলিফের ব্যয়

***759.** (Admitted question No. *2247.)

**শ্রীআজিজুর রহমানঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে ৩০শে জুন পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় ত্রাণ-খাতে ও টেস্ট রিলিফে মোট কত টাকা ব্যয় হইয়াছে?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁঃ** ত্রাণখাতে খাদ্যশস্য ১৬০৪ কুইন্টাল ১৯ কিলোগ্রাম, নগদ অর্থ ১৫০৪ টাকা। টেস্ট রিলিফে খাদ্যশস্য ১৭৩৫ কুইন্টাল ৩৭ কিলোগ্রাম, নগদ অর্থ ১ লক্ষ ২ হাজার ৭২৫ টাকা ৩০ নয়া পয়সা।

**শ্রীআজিজুর রহমানঃ** টেস্ট রিলিফ খাতে মোট কত টাকা দেওয়া হয়েছিল?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁঃ** কত টাকা খরচ হয়েছে আমি তাই বলেছি।

**শ্রীআজিজুর রহমানঃ** মোট কত টাকা দেওয়া হয়েছিল?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁঃ** সেই তথ্য এখন না জেনে বলতে পাচ্ছি না।

### পাটের মূল্য

***764(A).** (Short Notice) (Admitted question No. *2690.)

**শ্রীকালীপদ মণ্ডল, শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ৪ঠা আগস্ট থেকে বাংলাদেশে চটকল ধর্মঘটের ফলে পাটের দাম কমে যাচ্ছে; এবং

(খ) অবগত থাকিলে বাংলাদেশের পাট চাষীরা যাতে ন্যায্য মূল্য পায় সেজন্য সরকার কোনও সুচিন্তিত পন্থা অবলম্বন করেছেন কিনা এবং করিলে তাহা কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** (ক) না, ধর্মঘট আরম্ভ হওয়ার পূর্ব হইতে পাটের দর কিছুটা নিম্নমুখী।

(খ) হ্যাঁ, এ বৎসরে ভারত সরকার আসাম বটম শ্রেণীর পাটের সর্বনিম্ন দর কলিকাতায় মণ প্রতি ৪০ টাকা নির্ধারিত করিয়াছেন। এই নির্ধারিত দরের অনুপাতে বিভিন্ন পাটের বাজারে যে আপেক্ষিক সর্বনিম্ন দর নির্ণীত হইবে তাহার নীচে পাটের দর পড়িলেই ষ্টেট ট্রেডিং কর্পোরেশন স্থানীয় কৃষি বিপনণ সমিতিগুলির মাধ্যমে পাট চাষীদের পাট ক্রয় করিতে থাকিবেন।

[2—2-10 p.m.]

**শ্রীকালীপদ মন্ডল:** চটকলের ধর্মঘটের পর পাটের দাম চড়ে যাচ্ছে এ সম্পর্কে কি জানেন?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** ধর্মঘটের পরিপ্রেক্ষিতে দাম পড়ে বা চড়ে যাচ্ছে না।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি বলেছেন এস, টি, সি,-এর দ্বারা সেন্ট্রাল-এর নির্ধারিত দামে কেনার ব্যবস্থা হচ্ছে, অথচ কিছুদিন আগে বাজেটের সময় বলেছিলেন এস, টি, সি, এখনও কোন জায়গায় কেনার কেন্দ্র খুলতে পারেন নি। তাই লেটেষ্ট পজিসান জানতে চাই যে যেখানে পাট উৎপাদন হয় সেখানে কেন্দ্রীয় অনুমোদনে কেনার জায়গা খুলেছেন কি?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** এস, টি, সি, আমাদের জানিয়েছেন পশ্চিমবাংলায় ৫৫টি বাজার তাঁরা খুলবেন।

**শ্রীসরোজ রায়:** পাট কেনার জন্য কেন্দ্র খোলার কথা হচ্ছে মেদিনীপুর জেলায় তমলুকে, কাঁথি ইত্যাদিতে পাট হয় সেগুলো কেনার জন্য সেখানে কোন কেন্দ্র করার কথা ভাবছেন কিনা?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য:** পাটের সর্বনিম্ন দাম যেটা বেঁধে দেওয়া হয়েছে তার থেকে নীচে গেলে পাট কেনা সুরু হবে। তবে মেদিনীপুরে কেনা হবে কিনা সেটা আমি বলতে পারছি না—নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে কেন্দ্রগুলি খোলা হয়েছে তাতে এক একটি কেন্দ্র কি পরিমাণ পাট ক্রয় করতে পারবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** যত প্রয়োজন ততটা কিনবেন।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### কলিকাতায় শিল্প সংস্থাপনের লাইসেন্স

**567.** (Admitted question No. 1732.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে এবং চলতি আর্থিক বৎসরে আজ পর্যন্ত কলিকাতায় শিল্প স্থাপনের উদ্দেশ্যে কত লাইসেন্স প্রার্থী ছিলেন বা আছেন; এবং

(খ) বর্তমান বৎসরে কোন্ কোন্ পণ্য উৎপাদনের জন্য উক্ত লাইসেন্সের আবেদন আসিয়াছে?

**The Minister for Commerce and Industries:**

(ক) ১৯৬৮-৬৯ সালে দুইজন প্রার্থী ছিলেন। ১৯৬৯-৭০ সালে কোন প্রার্থী এ পর্যন্ত আসেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**ঝাড়গ্রাম মহকুমা ঋণদান কো-অপারেটিভ সোসাইটি**

**568.** (Admitted question No. 1734.)

**শ্রীধনঞ্জয় কর:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমার ঋণদান কো-অপারেটিভ সোসাইটি ১৯৬৯ সালে কো-অপারেটিভের খাতকদের নামে কত মামলা করিয়াছে;

(খ) কত মামলায় ডিক্রী পাইয়াছে;

(গ) সে বাবদে কত লোকের জমি নীলাম করিয়া দখলে লইয়াছে; এবং

(ঘ) যাহাদের বিরুদ্ধে মামলা হইয়াছে, বা যাহাদের জমি নীলাম করিয়া লওয়া হইয়াছে তাহারা কি সম্পাদক বা কো-অপারেটিভের অন্য কোন পদাধিকারিককে টাকা আদায় দিয়া রসিদ লইয়াছেন?

**The Minister for Co-operation:**

(ক) ২৫৫টি।

(খ) ২৩টি।

(গ) ১৭ জন।

(ঘ) এরূপ কোন ঘটনা সরকারের জানা নেই।

**Durgapur Fertiliser Factory**

**569.** (Admitted question No. 645.) **Shri Saroj Roy:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the date when the construction of Durgapur Fertiliser Factory was started;

(b) the probable date when the Factory will go into production;

(c) estimated annual production vis-a-vis annual requirement of the State;

(d) nature and types of production (Naptha based or not);

(e) total capital invested so far and the estimated total cost; and

(f) total employment potential?

**The Minister for Agriculture and Community Development:** (a) April, 1965.

(b) By June, 1970.

(c) The licensed annual production is 3,05,000 tonnes of Urea of 46 per cent. Nitrogen content.

The estimated annual requirement of the State for the current year is stated in the enclosed statement.

(d) 1,98,000 tonnes per annum of Ammonia based on Naptha from which 3,05,000 tonnes of Urea will be produced annually.

(e) Out of the total estimated cost of Rs. 442.41 lakhs, the actual expenditure till the end of May, 1969, is Rs. 3,120.60 lakhs (approximately).

(f) 1,150 Nos.

Statement referred to in reply to clause (c) of unstarred question No. 569

The estimated annual requirement of different fertilisers of the State for the current year is as follows:

| | | | |
|---|---|---|---|
| 1. | Ammonium Sulphate | ... | 1,93,600 tonnes |
| 2. | Urea | ... | 63,970 tonnes |
| 3. | Calcium Ammonium Nitrate | ... | 10,000 tonnes |
| 4. | Ammonium Phosphate Nitrate | ... | 14,510 tonnes |
| 5. | Ammonium Phosphate | ... | 45,000 tonnes |
| 6. | Diammonium Phosphate | ... | 20,010 tonnes |
| 7. | Complex 15:15:15 | .. | 10,000 tonnes |
| 8. | Ammonium Nitrate Phosphate | ... | 44,960 tonnes |
| 9. | Superphosphate | ... | 1,01,100 tonnes |
| 10. | Muriate of Potash | ... | 56,140 tonnes |

**Academic qualification for nomination on the Governing Bodies of Colleges**

**570.** (Admitted question No. 646.) **Shri Saroj Roy:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state (a) whether there is any minimum academic qualification for persons other than Members of the Legislature to be nominated on Governing Bodies of Colleges by the Government to the reconstituted Government Sponsored Colleges?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state if there has been any deviation?

(c) If so, names of particular nominees with reasons thereof.

**Minister for Education:** (a) No.

(b) and (c) Do not arise.

**নদীয়া জেলায় রাণাঘাট-আড়ংঘাটা ও বিষ্ণুপুর-আইসমালি রাস্তায় নির্মাণকার্য**

**571.** (Admitted question No. 1081.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট থানার অন্তর্গত (১) বিষ্ণুপুর-আইসমালি এবং (২) রাণাঘাট-আড়ংঘাটা (ভায়া নওয়াপাড়া) রাস্তা ২টির নির্মাণের কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয় তবে কি কি কারণে উক্ত রাস্তা দুটির নির্মাণ কার্য সম্পূর্ণ হইতে বিলম্ব হইতেছে;

(গ) উক্ত রাস্তা দুটির কাজ সম্পূর্ণ করিতে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(ঘ) কতদিনের মধ্যে উক্ত রাস্তা দুটির কাজ সম্পূর্ণ হইতে পারে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) [১ এবং ২] না।

(খ) ও (গ) প্রধানত জমি সংগ্রহজনিত অসুবিধার জন্য রাস্তা নির্মাণের কাজ অসম্পূর্ণ আছে। জমি সংগ্রহের ব্যবস্থা অবলম্বিত হইতেছে।

(ঘ) জমির দখল পাওয়া গেলে রাণাঘাট-আড়ংঘাটা রাস্তা নির্মাণের কাজ ১৯৭০ সালের মধ্যে এবং বিষ্ণুপুর-আইসমালি ১৯৭১ সালের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

**মেদিনীপুর জেলায় হাতিগোড়িয়া-ভামাল রাস্তা**

**572.** (Admitted question No. 1160.)

**শ্রীধনঞ্জয় কর:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলার হাতিগোড়িয়া হইতে ভামাল পর্যন্ত ভায়া রোহিণী কোন রাস্তার পরিকল্পনা গৃহীত হইয়াছিল কিনা;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে—

(১) রাস্তার কাজ আরম্ভ হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে কতটুকু এবং কোন স্থান হইতে কোন স্থান পর্যন্ত হইয়াছে; এবং (২) বাকি কাজ কতদিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গৃহীত হাতিগোড়িয়া-কুলটিকরি-মানগোবিন্দপুর-রোহিনীরগড়া এবং সাঁকরাইল-ভামাল-মানগোবিন্দপুর এই রাস্তা দুইটি হাতিগোড়িয়া ও ভামালের মধ্যে যোগ সাধন করে।

(খ) (১) হ্যাঁ, কাজ আরম্ভ হইয়াছে এবং হাতিগোড়িয়া ৬ মাইলের কাজ সম্পূর্ণ হইয়াছে।

(২) যথেষ্ট অর্থের সংগতি হইলে বাকি কাজ করা হইবে।

**Construction of Polytechnic Institute building at Kurseong**

**573.** (Admitted question No. 1166.) **Shri Prem Thapa:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether any amount of money has been sanctioned for the construction of Polytechnic Institute building at Kurseong;

(b) if so, when it was sanctioned;

(c) if any site for the construction of the Institute building has been selected so far; and

(d) if so, when the construction work will start?

**The Minister for Education:** (a) Yes, a sum of Rs. 12,53,516 has been sanctioned towards construction of buildings of the Darjeeling Polytechnic at present functioning at Kurseong.

(b) It was sanctioned during the year 1963-64.

(c) No.

(d) Does not arise.

**লাভপুর-গনুটিয়া রাস্তা**

**574.** (Admitted question No. 1311.)

**ডাঃ রাধানাথ চট্টোরাজ:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লাভপুর-গনুটিয়া রাস্তা পাকা করিবার জন্য কয়েক বৎসর যাবত ৮ লক্ষ টাকা বাজেটে ধার্য হইয়া আছে অথচ কোন কাজ হয় নাই;

(খ) সত্য হইলে, কারণ কি,

(গ) লাভপুর-লাংগলহাটী রাস্তার সর্পরাজপুর হইতে ঠিবা পর্যন্ত অংশটি মোরাম দিয়া মেরামত করিবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা; এবং

(ঘ) বহুসংখ্যক লোকের যাতায়াতের সুবিধার কথা বিবেচনা করিয়া ঠিবা হইতে মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার চৈতপুর পর্যন্ত রাস্তাটি মোরাম দিয়া মেরামত করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ, তবে বাজেট বরাদ্দ ৮ লক্ষ টাকা ছিল না। ঐ অংকটি আনুমানিক ব্যয়ের।

(খ) যথেষ্ট অর্থসংগতির অভাব।

(গ) না।

(ঘ) অন্যান্য প্রস্তাবের সংগে এই রাস্তাটিও চতুর্থ পরিকল্পনার পরিপ্রেক্ষিতে বিবেচিত হইবে।

## তাজপুর জুনিয়ার বেসিক স্কুল

575. (Admitted question No. 1481.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার তাজপুর গ্রামে জুনিয়ার বেসিক স্কুলটিকে কোন্ সাল হইতে বেসিক স্কুলে পরিণত করা হইয়াছে;

(খ) ঐ বেসিক স্কুলটির কোন নিজস্ব গৃহ আছে কিনা, এবং না থাকিলে বর্তমানে কোথায় ঐ স্কুল চলিতেছে;

(গ) ঐ স্কুলটির গৃহনির্মাণের জন্য সরকার কোন অর্থ মঞ্জুর করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহার পরিমাণ কত; এবং

(ঘ) ঐ বিদ্যালয়ের কোন পরিচালক কমিটি আছে কিনা; এবং থাকিলে তাহাদের নাম কি?

**The Minister for Education:**

(ক) ১৯৫৫।

(খ) বেসিক স্কুলে পরিণত হইবার পূর্ব হইতে তাজপুর প্রাথমিক বিদ্যালয়টির একটি নিজস্ব কাঁচা ঘর ছিল; তাহা ১৯৬৮ সালের বন্যায় পড়িয়া গিয়াছে। এখন স্কুলটি তাজপুরে গ্রামের মহাদেব মন্দির প্রাঙ্গণে চলিতেছে।

(গ) সরকার ১৯৫৪-৫৫ সালে ২২,৪৮০ টাকা মঞ্জুর করিয়াছিলেন। ঐ টাকা মেদিনীপুরে জেলা স্কুল বোর্ডের তহবিলে জমা আছে এবং উহা হইতেই এখন পাকা ঘর তৈয়ারি হইবে। জেলা স্কুল বোর্ড টেন্ডার আহবান করিয়া ঐ বিদ্যালয়ের পরামর্শদাতা সমিতির সভাপতি শ্রীরাখালচন্দ্র মাইতির দেওয়া টেন্ডার স্বীকার করিয়া লইয়াছেন। ঘর তৈরির কাজ এখনও আরম্ভ হয় নাই।

(ঘ) না। তবে বিদ্যালয়ের একটি পরামর্শদাতা কমিটি আছে। সেই কমিটির সভাপতির নাম শ্রীরাখালচন্দ্র মাইতি এবং সম্পাদক শ্রীকণ্ঠ মাইতি. অন্যান্য সভ্যদের নাম জানা নাই।

## মেচেদা রেল স্টেশন হইতে হলদিয়া পর্যন্ত রাস্তার অবস্থা

576. (Admitted question No. 1490.)

**শ্রীভূপালচন্দ্র পান্ডাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেচেদা রেল স্টেশন থেকে হলদিয়া পর্যন্ত পাকা রাস্তাটি দীর্ঘদিন ধরে মেরামতের অভাবে দুর্গম হয়ে পড়েছে;

(খ) অবগত থাকিলে কতদিনের মধ্যে এ রাস্তা মেরামত করা হবে; এবং

(গ) এ রাস্তাটি আরও প্রশস্ত করার কোন প্রস্তাব আছে কিনা এবং থাকিলে এ বাবদে কত টাকা ধার্য করা হইয়াছে।

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) মেরামত চলছে। আশা করা যায় আগামী মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ হইবে।

(গ) হ্যাঁ, প্রশস্ত করার প্রস্তাব আছে। রাস্তা প্রশস্ত করে সংস্কার করতে আনুমানিক ৪২·৫০ লক্ষ টাকা খরচ হবে।

### মালদহ জেলায় ধানের বীজ সরবরাহ

577. (Admitted question No. 1498.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় বর্তমান বৎসরে চাষীদের সাবসিডি হিসাবে ধানের বীজ দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে উক্ত জেলায় কি কি ধরনের বীজ এবং কবে হইতে দেওয়া হইতেছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

**Mr. Speaker:** Questions over.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** Calling Attention reply re: non-availability of rice in Bankura.

**Shri Sudhin Kumar:** Mr. Speaker, Sir, Hon'able Members—Shri Anil Kumar Mukherjee and Shri Bireshwar Ghosh have given two Calling Attention Notices relating to non-availability of rice in the open market in the district of Bankura, severe drought and sharp rise in rice prices in the district.

2. Rainfall in the district of Bankura was insufficient during June and July this year. This has adversely affected agricultural operations. In June, 1969 actual rainfall in Bankura was 59.9 m.m. against the normal figure of 257.8 m.m. and in July this year the actual rainfall was 251.2 m.m. against 335.8 m.m. Transplantation of Aman crop is being delayed and the agriculturists were apprehending a crop failure.

3. As a result of drought conditions and fear of failure of the coming Aman crop, market availability of rice appreciably declined at the end of the last month and consequently open market prices suddenly jumped during the first week of this month. The minimum retail market price of rice in Bankura Police Station rose to Rs. 1.80 per Kg while in Barjora it rose to Rs. 1.55 per Kg. In other Thanas of the district the minimum retail price increased and varied from Rs. 1.30 to Rs. 1.50 per Kg. at present.

4. Distribution of rice and wheat under M.R. was arranged in all areas from where reports of scarcity and high prices had been received. Though regular allotments of rice and wheat had been made from the beginning of the year for supply under M.R. in the district of Bankura, offtake up to the end of the June was negligible in the case of rice, in view of the easy market conditions. The total allotment during January to June was 1,000 tonnes of rice and 3,800 tonnes of wheat. As against this, the offtake of rice during the period was only 3 tonnes of rice and that of wheat 1,127 tonnes. For July 500 tonnes of rice and 1,000 tonnes of wheat were allotted and the actual offtake up to the 26th of the month was 101 tonnes of rice and 245 tonnes of wheat.

The scale of rice under M.R. at present is 500 grammes per adult per week to 'A' and 'B' categories of card holders in both urban and rural areas. The scale of wheat is 1,250 grammes in urban areas and 1,000 grammes per adult per week in rural areas to all categories of card holders.

5. In view of the situation which was created by failure of rain up to the end of July, allotment of rice and wheat for distribution of M.R. was raised considerably from the month of August. 1,500 tonnes of rice, 3,000 tonnes of wheat and 2,500 tonnes of resultant mill atta have been allotted for the current month.

6. In the district of Bankura 9,900 tonnes of rice including paddy in terms of rice and 3,600 tonnes of wheat are held in the godowns of F.C.I. for public distribution. Further stocks will be dispatched as and when necessary. Instructions have already been issued to the local authorities for arranging regular distribution of M.R. in all the areas. The district officer has further been instructed to arrange distribution of low-priced mill-atta liberally in all the areas in addition to M.R. supplies.

7. I am happy to inform the House that there has been good rainfall in Bankura District in the last few days. It is expected that agricultural operations will start at full swing and market supplies will also improve soon. Government are keeping a close watch on the situation and will maintain uninterrupted supplies for meeting readily all possible demands for M.R. distribution in the district. The entire requirement of foodgrains that may be required for distribution under relief will also be made.

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** The Minister in charge of the Food and Supplies Department will please make a statement on the subject of non-availability of rice in open market in the district of Bankura—called attention by Shri Anil Kumar Mukherjee on the 6th August, 1969.

**Shri Sudhin Kumar:** The statement I have made covers both are Calling Attention Notices.

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

1. Water-logging in Calcutta—from Shri Gyan Singh Sohanpal.
2. Attack on the trade union workers in Moina Colliery in Burdwan District—from Shri Aswini Roy and Shri Arun Sen.
3. Rationing in Calcutta and Suburbs—from Sudhir Chandra Bhandari.
4. Murder of one Shri Ram Milan Kahar, an employee in Haripur Colliery in Burdwan District—from Shri Tarun Kumar Sen Gupta, Shri Haradhan Roy and Shri Sunil Basu Ray.
5. Flood in Arambagh—from Dr. Zainal Abedin.

I have selected the notice on the subject of murder of one Shri Ram Milan Kahar, an employee in Haripur Colliery in Burdwan District—from Shri Tarun Kumar Sen Gupta, Shri Haradhan Roy and Shri Sunil Basu Ray.

The Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**শ্রীজ্যোতি বসু:** আগামী শুক্রবার।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** সেদিনতো ১৫ই আগষ্ট।

**শ্রীজ্যোতি বসুঃ** তাহলে সোমবার।

[2-10—2-20 p.m.]

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের এখানে কয়লাখনি অঞ্চলে বিশেষ করে মালিকরা শ্রমিক আন্দোলন দমন করবার জন্য প্রাইভেট আর্মির ব্যবস্থা করেছে। এ ব্যাপারে বিড়লা কোম্পানির বিশেষ দুর্নাম আছে। ময়রা কলিয়ারীতে আপনি জানেন সেখানকার ইউনিয়নের সম্পাদককে মারা হয়েছে এবং তাকে ১৫ মাইল দূরে ম্যানেজারের বাংলো থেকে উদ্ধার করা হয়েছে। এই সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রীর হস্তক্ষেপে ৫ জনকে গ্রেপ্তার করা হয় কিন্তু তারা ছাড়া পাবার পর গতকাল ঘটনা হল—শ্যামলা মাদারবণী কয়লাখনিতে সেখান থেকে গুণ্ডা নিয়ে এসে বিড়লার ম্যানেজার বিভিন্ন শ্রমিক কলোণীতে ঢুকিয়ে দিয়েছে। এই সমস্ত গুণ্ডাদের নামে এখনও মামলা রয়েছে, শ্রমিকদের উপর অকথ্য অত্যাচার করছে। দুর্ভাগ্যের বিষয় সেখানে যে পুলিশ অফিসার আছেন সিদ্ধেশ্বর চৌধুরী এ, এস, আই, কিছুই করছেন না এখনও, আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি তিনি এই বিড়লা ম্যানেজার এবং কুখ্যাত গুণ্ডা আব্বাসিনকে, যার নামে খুনের মামলা আছে, যেন আটক করার ব্যবস্থা করেন এবং যথাযথ পুলিশী ব্যবস্থা সেখানে নেওয়া হয়।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি এবং সাবধান করে দেবার ব্যবস্থা করছি। খবরের কাগজে হঠাৎ দেখতে পাচ্ছি ২৪ ঘণ্টার মধ্যে মাইথন এবং দুর্গাপুর ব্যারাজ থেকে ৫০ হাজার কিউসেক জল ছেড়ে দেবে, তাহলে তো আমরা আবার ডুববো, হাওড়া ডুববে এবং বন্যা আসবে, একেই তো বন্যায় আগে ভেসে গিয়েছি, এখনও সেখানে বাড়ী ঘরদোর কিছুই হয়নি, রাস্তাঘাট অমনি পড়ে আছে, আবার যদি ২৪ ঘণ্টায় ৫০ হাজার কিউসেক জল ছেড়ে দেন এবং এখন থেকে মন্ত্রিমহাশয় সাবধান না হন তাহলে আমাদের দুর্গতির অবধি থাকবে না। কারণ এর পূর্বে যে সমস্ত বাঁধ ছিল বন্যার, সেগুলি সংস্কার করা হয়নি, হেজে মজে পড়ে আছে, একটু জল হলেই জল বেশী হয়ে যাচ্ছে, এই বাঁধগুলি এখনও অসংস্কার অবস্থায় পড়ে আছে, এই জল যদি আসে এবং হুগলির জল নামে তাহলে আমরা আবার হাবুডুবু খাব, রাস্তা সব ডুবে যাবে। এটা হাসি ঠাট্টার ব্যাপার নয়, এটা আমাদের কাছে জীবন-মরণের প্রশ্ন। এজন্য বলছি যে প্রত্যেকবার আমরা ডুবি, সেজন্য এ সম্পর্কে এখনই ব্যবস্থা করার দরকার আছে বলে আমি মনে করি।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর বিপর্যয় সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করব। আপনি জানেন গতকাল এবং আজ সংবাদপত্রে আমরা পড়েছি দ্বারকেশ্বর নদ এবং দামোদর নদের বন্যায় আরামবাগ মহকুমা এবং মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমা প্লাবিত হয়েছে। সেই প্লাবনের ফলে প্রায় দেড় লক্ষ আরামবাগ মহকুমার অধিবাসী ক্ষতিগ্রস্ত হয়েছে। দ্বারকেশ্বর এবং মুণ্ডেশ্বরীর উভয় পার্শ্বস্থ বাঁধ ভেঙ্গে পড়েছে। দ্বারকেশ্বর নদের এক পাশের বাঁধ আমাদের ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে সম্প্রতি মেরামত করা হয়েছিল, তা আবার ভেঙ্গে গেছে, তার ফলে ধান এবং পাটের জমিতে বালি পতিত হয়েছে। এ সম্পর্কে আমি আপনার মারফত আমাদের সংশ্লিষ্ট কৃষিমন্ত্রী, ত্রাণমন্ত্রী, পূর্তমন্ত্রী এবং পরিশেষে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** মিঃ স্পীকার, স্যার, আজকে স্টেটসম্যান কাগজে একটা সংবাদ বেরিয়েছে যে উড়িষ্যা থেকে যে চালের ব্যবস্থা আমাদের খাদ্যমন্ত্রী করেছিলেন, জুলাই মাসের প্রথম দিকে তিনি নিজে গিয়ে ১০ হাজার টন চালের ব্যবস্থা করে এসেছিলেন, সেই চালের মধ্যে

দেখা যাচ্ছে মাত্র ২ হাজার কি আড়াই হাজার টন চাল আজ পর্যন্ত এসেছে প্রায় পৌণে ২ মাসে। এখনও বাকি চালের কোন ব্যবস্থা হয়নি। শুনছি ও'র সংবাদ রয়েছে যে

initial difficulties are, however, overcome. ..................................................

.......... ... ...... এই ইনিসিয়াল ডিফিকাল্টি ওভারকাম করার পর নাকি সাড়ে ৭ হাজার টন চাল শীঘ্র আসবে, তার দাম দেওয়া হয়েছে প্রাইভেট সেকটার দিয়ে চাল আনানর ব্যাপারে। স্যার, এই চালগুলি আনার ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি গতবার উড়িষ্যা থেকে চাল আনার ব্যাপারে যেরকম বেচাল হয়ে গিয়েছিল এবারে কি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সেই রকম বেচাল কিছু হবে? সেটা যাতে না হয় তারজন্য আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা ব্যাপার হচ্ছে আমার আসার সময় অজয় বাঁধ সম্পর্কে সেখানকার যিনি আমাদের বিধানসভার সদস্য শ্রীপান্নালাল দাশগুপ্ত মহাশয় আপনার মাধ্যমে এই সভায় নিবেদন জানাবার জন্য বলেছেন। গত শনিবার রাত্রে অজয়ে যে ঘোড়া বাণ আসে সেই ঘোড়া বাণ আসায় বোলপুর থানা এবং নানুর থানার কাছাকাছি অজয়ের বিরাট বাঁধ ভেঙ্গে গেছে এবং নানুর থানার ১০।১২টি গ্রাম ডুবে গেছে, গরু, মহিষ নষ্ট হয়ে গেছে। সেখানে আর একটা যে বাঁধ তৈরি হচ্ছে ইরিগেশান ডিপার্টমেন্টের মাধ্যমে, সেই বাঁধটা সম্পূর্ণ না হওয়ার জন্য এই জায়গায় আরো বিপদের সম্ভাবনা রয়েছে। এই বাঁধের উপর প্রথমে যে মাটি ফেলা হয়েছিল আমাদের কৃষিমন্ত্রী সেটা দিয়ে এসেছিলেন, ইরিগেশান মন্ত্রী সেটা দেখে এসেছেন। এখন আবার বিপর্যয় সেখানে হয়েছে। সেজন্য গৃহ নির্মাণ, গরু খরিদ, বীজের জন্য যাতে তাড়াতাড়ি সাহায্য সেখানে যায় তারজন্য আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী মহাশয়ের কাছে বিনীত নিবেদন জানাচ্ছি।

[2-20—2-30 p.m.]

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে এই সভার এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গোটা সুন্দরবন এলাকায় যে এমবেঙ্কমেণ্টগুলি আছে, সেই এমবেঙ্কমেন্টগুলির সব জায়গায় ঠিকমত মাটি দেওয়া হয় নাই। গত পূর্ণিমার কোটালের সময় সুন্দরবন এলাকায় বিভিন্ন স্থানের বাঁধগুলি ভেঙ্গে গেছে এবং প্রচুর লোনাজল ঢুকে চাষের জমি নষ্ট হয়েছে, অথচ বাঁধগুলি অদ্যাপি মেরামত করবার ব্যবস্থা হচ্ছে না। আমি কয়েকবার এই সম্পর্কে হাউসে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, অবিলম্বে বাঁধগুলি মেরামত করা না হলে, গোটা সুন্দরবন এলাকার চাষের জমি লোনাজলে নষ্ট হয়ে যাবে। এখনই যাতে সেই সমস্ত জায়গার বাঁধগুলি মেরামত করা হয়, সেই জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ ফজলে হক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ও ভয়াবহ বিষয়ের প্রতি মাননীয় উপমুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই দেখেছেন অদ্যকার যুগান্তর কাগজে বেরিয়েছে কুচবিহার জেলার দিনহাটায় গতকাল ছাত্র পরিষদের মিছিলের উপর একটা নৃশংস অত্যাচার হয়েছে। তার ফলে ছাত্রপরিষদের ১২ জন ছাত্র গুরুতরভাবে আহত হয়েছে এবং তাদের অফিসও পুড়িয়ে দেওয়া হয়েছে, পুলিস উপস্থিত থাকা সত্ত্বেও তারা কিছু করে নাই, উত্তেজনাকর পরিস্থিতিতে পুলিস পৌছিয়ে যায়। এইমাত্র এই সম্পর্কে একটা টেলিগ্রাম পেয়েছি, সেটা আমি পড়ে দিচ্ছি—

"under leadership of Kamal Guha and Dipak Sen Gupta yesterday night ransacked office Dinhata Chhatra Parishad burnt everything in presence of police and injured many students several portraits of Gandhiji burnt. Police inactive, Shri Animesh Mukherjee........."

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র পুলিস বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওন্দা থানার কুনিসোল গ্রামে প্রায় ২২০০ মুসলমানের বাস। সেই মুসলমানেরা বিগত কয়েক বছর ধরে সেই অঞ্চলের মুসলমানদের ভেতর অনেক

কংগ্রেস সমাজবিরোধী আছে, তাঁরা সেখানে সমাজবিরোধী কাজ চালিয়ে যাচ্ছে। পুলিস তাদের দমন করার পরিবর্তে আমাদের বামপন্থী যাঁরা আছেন, তাদের উপর পুলিস অত্যাচার করছে। এই সম্পর্কে আমি একটা টেলিগ্রাম পেয়েছি, সেটা আপনার কাছে পড়ে দিচ্ছি—

entire Kunisole villages shirked due to police excess over the arrest of Alamuddin Alal Resolution of local U.F. followers. Kunisole U.F. Committee.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভীর দুঃখের সঙ্গে একটা উদ্বেগজনক ঘটনার প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার চাকদহ থানার দু-নম্বর চর-বলাগুড়ি ও এক নম্বর চর-গৌরনগর সেখানে আশুধান্য কাটাব সময় কয়েক সহস্র হামলাকারী কৃষকদের উপর হামলা করে, আক্রমণ করে। চাষীরা প্রজা-সোসালিস্ট দলভুক্ত। কালকেও অনুরূপ হামলা এই কৃষকদের উপর হয়েছে। চাষীদের হামলাকারীরা অকথ্য মারধোর করেছে, ফলে কিছু সংখ্যক চাষী গুরুতরভাবে আহত হয়েছে এবং কতকগুলি বাড়ীঘরও তারা পুড়িয়ে দিয়েছে। আমরা খবর পেয়েছি ঐ হামলাকারীরা সবাই সি, পি, (এম,) দলভুক্ত বা সমর্থক, তাদের সঙ্গে সি, পি, (এম,)-এর পতাকা ফেস্টুন ইত্যাদি ছিল। আরো আমরা খবর পেয়েছি ভূতপূর্ব জোতদার যারা, তাদের অধীনে ঐ চর এবং ঐ হামলাকারীদের সঙ্গে জোতদাররাও যোগ দিয়েছিল। এই বিপন্ন চাষীরা থানায় খবর দিয়েও থানা থেকে কোন সাহায্য পায়নি, পুলিসের কাছ থেকে কোন সাহায্য পাওয়া যায়নি। এই সম্পর্কে আমি স্বরাষ্ট্র পুলিস মন্ত্রী, ভূমিরাজস্ব মন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ও অনুরোধ করছি তাঁরা যেন এই সম্পর্কে অবিলম্বে বিধানসভায় একটা বিবৃতি দেন।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যানিং থানার সারেংগাবাদ, তাম্বুলদা, ইটখোলা এই সব অঞ্চলে যেসব ফিসারি ছিল দু মাস আগে সেগুলি লুট হয়। এখন সেই ফিসারী সংলগ্ন যেসব বাঁধগুলি আছে সেগুলি ঐ ফিসারীর মালিকরা মেরামত করতো। এখন তারা চলে গেছে এবং সেই নদীগুলির বাঁধগুলি কোন ব্যবস্থা হচ্ছে না। যার ফলে গত কোটালের সময় লোনা জল এসে বহু ধানী জমি নষ্ট করেছে। আগামী কোটালের আগে এই বাঁধগুলি না বাঁধলে হাজার হাজার ধানী জমিতে লোনা জল ঢুকে ভেসে যাবে। সেই জন্য আমি আজকে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে বসিরহাটে নর্দার্ন কো-অপারেটিভ ব্যাঙ্কের কর্মীরা আজকে থেকে অনশন করছে ছাঁটাই ইত্যাদির প্রতিবাদে। সেই জন্য আমি মন্ত্রিসভার এদিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে তারা এই অনশন থেকে বিরত হয় এবং ছাঁটাই ব্যাপারে একটা মীমাংসায় যাতে আসা যায় তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার আরামবাগ সাবডিভিসন-এর খানাকুল, আরামবাগ থানা, এবং গোঘাট থানার একটা অংশ জলমগ্ন হয়েছে। সেখানে ১ লক্ষের বেশী গ্রামবাসী বিপদের সম্মুখীন হয়েছে। কয়েক লক্ষ টাকার শস্য নষ্ট হয়েছে। ২০ হাজার গ্রামবাসী গৃহহারা হয়েছে। এই জন্য গ্রামের কৃষকরা খুবই চিন্তিত। এই বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবেদন করছি যাতে সেখানে অবিলম্বে রিলিফ ওয়ার্ক সুরু করা হয়—সেখানে টেন্ট, মেডিসিন, ইত্যাদি পাঠানো হোক, এবং সেখানে ঋণের ব্যবস্থা করা হোক যাতে ঐ সমস্ত এলাকার ক্ষতিগ্রস্ত মানুষের জীবন রক্ষা করা যেতে পারে।

**শ্রীমনসুর হাবিবুল্লা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আজকে ভারতের রুলিং পার্টি আজকে সাম্প্রদায়িক প্রতিক্রিয়াশীলদের সঙ্গে স্বৈরাচারী স্থাপন করছে এবং এ নিয়ে বিশেষ উদ্বেগ সৃষ্টি করেছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যরা পর্যন্ত এই বিষয় নিয়ে দৃষ্টি আকর্ষণ করেছে ফাকরুদ্দিন আলি এবং জগজীবন রাম সাহেব। আজকে বাংলাদেশের লোক জনসংঘ ও স্বতন্ত্র পার্টি বর্জন করেছে। আমি জানতে চাই আজকে জয়নাল আবেদিন সাহেব, ইসাক সাহেবকে বলতে হবে যে তাঁরা কোন্ দলে আছেন—সেটা আজকে বাংলাদেশের জনসাধারণ জানতে চায়।

**শ্রীনলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিচার বিভাগের মন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে কাল সংবাদপত্রে পেয়েছি যে মালদা কোর্টের সিভিল কোডের সমস্ত কাজকর্ম প্রায় অচল হয়ে উঠেছে। কারণ সেখানে প্রতিদিন ৬০।৬৫, ৫৫।৫৫ লোক গিয়ে সেখানে নানা রকম চীৎকার করছে এবং কাজের বিঘ্ন ঘটাচ্ছে কোর্ট কম্পাউন্ডের মধ্যে ঢুকে এবং তারা সেখানে রেজিষ্ট্রারকে ঘেরাও করেছিল কারণ কতকগুলি ছেলের তিনি পরীক্ষা নিচ্ছিলেন যখন তখন সেখানে একটি পার্টির ৩০ জন লোক গিয়ে বলে যে তাদের লোক নিতে হবে। এই দাবীতে তাঁকে ঘেরাও করে রাখে। এই ভয়ে জজ সাহেব পর্যন্ত সেখান থেকে পালিয়ে গেছে ছুটি নিয়ে। সেখানে কোন জজ নাই—আদালতে কোন কাজ হচ্ছে না। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি যেন এই সমস্ত তদন্ত করেন এবং সেখানে বিচারের সুব্যবস্থা করেন।

[2-30—2-40 p.m.]

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় সভাপাল মহাশয়, বর্ধমানের 'বিবেকানন্দ মহাবিদ্যালয়ের' ছাত্র সংসদের বহু ছাত্র এখানে এসেছেন তাঁদের কতকগুলি দাবি-দাওয়া নিয়ে। তাঁদের দাবি-দাওয়ার মধ্যে বিজ্ঞান বিভাগে অনার্স যাতে তাড়াতাড়ি খোলা হয় তাও রয়েছে। তাঁরা মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা করবেন, আমার কাছেও তাঁরা কাগজ দিয়েছেন। আমি আপনার মাধ্যমে স্যার, তাঁদের দাবি-দাওয়া সম্বলিত কাগজ মাননীয় মন্ত্রিমহাশয়কে দিতে চাই।

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা আমি পেয়েছি, তাঁরাই আমাকে দিয়েছেন।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় সভাপাল মহাশয়, ২৪-পরগণার বনগাঁ, হাওড়া, বারাসত, দেগঙ্গা, রাজারহাট, ব্যারাকপুর, বসিরহাট এই সমস্ত এলাকার যাঁরা এগ্রিকালচারাল কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির কৃষক তাঁরা হাউসের দক্ষিণ ধারে এসেছেন, মিনিষ্টার অব কো-অপারেসানের সঙ্গে দেখা করতে চান। তাঁরা ১০ দফা দাবি নিয়ে এসেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে নেই, আমি আশা করবো মাননীয় চিফ মিনিষ্টার যেন তাঁদের কাছে যান। স্যার, এই প্রসঙ্গে আমি একটু বলতে চাই যে তাঁদের অবস্থা সঙ্গীন। এ বছর ঋণ পাচ্ছেন না; যেসমস্ত সার্টিফিকেট কেস হয়েছে তার সাসপেনসান এটা নিয়ে, ১০ দফা দাবী নিয়ে তাঁরা এসেছেন, আশা করি মিনিষ্টার অব কো-অপারেসান কিম্বা মাননীয় মুখ্যমন্ত্রী তাঁদের সঙ্গে দেখা করে তাঁদের আশ্বাস দেবেন, এইটুকু দাবী রেখে আমি শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন:** স্যার, আই ইনভাইট ইয়োর এ্যাটেনশান টু বুলেটিন, পার্ট টু, আইটেম ২২১। স্যার, আপনি দেখুন আমাদের মাননীয় পরিষদমন্ত্রীর স্বেচ্ছাচার কোথায় গিয়ে পৌঁছেছে। আমাদের বিজনেস এ্যাডভাইসরী কমিটি আছে। কিন্তু যে বিজনেস আনা হয়েছে সেটা আমাদের সঙ্গে পরামর্শ না করেই আনা হয়েছে। এটা আমরা জানতেই পারিনি, বিলও হাতে পাইনি, অথচ লম্বা-চওড়া ফিরিস্তি দেওয়া হচ্ছে। এ সম্বন্ধে আপনার কাছে আমার নিবেদন এই, যে প্রোগাম দেওয়া হয়েছে বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে সেটার সিদ্ধান্ত নিয়েই এখানে বিচার করে করা হয়। বিজনেস এ্যাডভাইসরী কমিটির ফাংসান কোন মন্ত্রী গ্রহণ করতে পারেন না। আপনি আমাদের অধিকার রক্ষা করবেন এই আমাদের নিবেদন। তা ছাড়া মাননীয় পরিষদমন্ত্রীর এই যে অনাচার এবং স্বেচ্ছাচার এটা আপনি খর্ব করবেন ও আইন অনুযায়ী আপনি ক্ষমতা প্রয়োগ করবেন এই নিবেদন করে শেষ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য ডঃ জয়নাল আবেদিন আমার সম্পর্কে অভিযোগ করে বললেন যে আমি নাকি অনাচার, অবিচার, স্বেচ্ছাচার ইত্যাদি করেছি। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, প্রাইভেট মেম্বারস বিজনেস কবে হবে এই সমস্ত ব্যাপার নিয়ে ওঁর সঙ্গে কথাবার্তা বলেই আমি করেছি। এই বিলগুলি অনেকদিন ধরে এসে পড়ে আছে এবং কথা আছে ২২ তারিখের পরে যে প্রোগাম সেই প্রোগামের জন্যই বিজনেস এ্যাডভাইসরি কমিটির সভা ডাকা হবে। কাজেই স্যার, এইরকমভাবে সভায় দাঁড়িয়ে যে স্বেচ্ছাচারের অভিযোগ

আনা হয়েছে সেটা সম্পূর্ণ অসত্য এবং এরকম করাটা অত্যন্ত অন্যায় কথা। তা ছাড়া স্যার, আমাদের এখান থেকে সময় নিয়ে অনেক সময় আমি দেখেছি, বিজনেস এ্যাডভাইসারী কমিটির সিম্ধান্ত ছাড়াও গোপনে গোপনে আমার কাছে এসে সময় নিয়ে সেই সময় তিনি ব্যবহার করেন তাঁর নিজের দলের বক্তাদের জন্য।

**Mr. Speaker:** Now we go to the next item of business, i.e., discussion on Excess Expenditure.

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, আমি কালকে যেটা বলেছিলাম, শ্রীমতী আভা মাইতি যে ছবি চেয়েছিলেন আমি আপনার হাতে সেটা তুলে দিচ্ছে। ওর কপিটা আনতে পারিনি, আপনি দেখিয়ে দেবেন, সেখানে পুলিশের সংগে কথা বলছিলেন বা কি করছিলেন উনিই জানেন। এ ছাড়া আর একটা দেব, সেটার কপি করে দিচ্ছি। সেখানে শ্রীনেপাল রায়—তিনি এখানে যে বিবৃতি দিয়েছিলেন যে 'আমি হাইকোর্টে মামলায় ছিলাম, এখানে আসলে পুলিশ নমস্কার করেছিল' ইত্যাদি যে সব কথা তাও অসত্য। কারণ তার সাথে আর একটা ছবি আমি পেয়েছি, সেখানে সেই সব তান্ডব নৃত্য হবার পরে বা সেই ঘটনা হবার পরে বাইরে লনে সেখানে সামনে পুলিশের সংগে দাঁড়িয়ে শ্রীনেপাল রায় এম-এল-এ কথা বলছেন। এটার কপি আপনাকে দিয়ে দেব, যদি কিছু বক্তব্য ও'দের থাকে।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো বিজনেস এ্যাডভাইসারি কমিটির চেয়ারম্যান আছেন, মাননীয় পরিষদীয় মন্ত্রী আমাদের কাছে যেটা দিয়েছেন সেটা কি ফলো করা হবে? কারণ, এতে লেজিসলেসন-এর ব্যাপার আছে, এ সম্বন্ধে আমাদের বক্তব্য আছে। উনি যে ১৮থ অনওয়ার্ডস যেটা রাখছেন, এটা কি বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে বসে ঠিক করবেন? এই সম্বন্ধে অনেক বিল আছে, পঞ্চায়েত বিলও আছে। কাজেই তিনি যে অনাচার এখানে চালিয়েছেন তার থেকে আপনি আমাদের রক্ষা করুন। আপনি বিজনেস এ্যাডভাইসারি কমিটির চেয়ারম্যান, আপনার কার্যে উনি হস্তক্ষেপ করছেন স্যার। সেই জন্য আমি বলছি আপনি যখন বিজনেস এ্যাডভাইসারি কমিটির চেয়ারম্যান আছেন তখন আপনার ঘরে বসে এটা ঠিক করে নিন স্যার।

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, এ নিয়ে আমরা এখন কিছু বুঝতে পারছি না, আপনি রিসেসের সময় ও'দের সংগে বসে কমিটিতে একটা ঠিক করে নিন না, তাহলেই সব ঠিক হয়ে যায়।

**মিঃ স্পীকার:** এটা তো টাইম, প্রোগ্রামের ব্যাপার। এখানে কি সব দিচ্ছেন, আপনারা আবার পাবেন। প্রোগ্রাম আমি ঠিক করেছিলাম। উনি তখন ছিলেন না, দিল্লী চলে গিয়েছিলেন। আপনারা এখনই যদি বসতে চান তাহলে সেটা ঠিক করুন।

**ডঃ জয়নাল আবেদিন:** আমি বলছি আপনি বিজনেস এ্যাডভাইসারি কমিটির মিটিং ডেকে ঠিক করুন।

**মিঃ স্পীকার:** এই সব কিছু হবে না। যা হয়েছে ঠিকই হয়েছে। কিছু ইললিগ্যাল হয়নি, যা হয়েছে লিগ্যালই হয়েছে। আপনারা যদি বসতে চান, টাইম ঠিক করে নিন, তাতে আমার কিছু বলবার নেই। দেখুন একটা একসেস এক্সপেনডিচারের ব্যাপার আছে, আমাদের টাইমও রয়েছে। আপনারা যদি ডিসকাস করতে চান করুন না, ভোটিং অন একসেস এক্সপেনডিচারের একটা ব্যাপার আছে, এটা তো আপনাদের বলা হয়েছে। এ জন্য ভাববার কি আছে?

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস শেষ হলে ও'রা এখানে আসুন, এসে কথাবার্তা বলে যান।

**শ্রীআবদুস সাত্তার:** হাউস শেষ করে দিন, রিসেসের সময় বসুন।

**শ্রীযতীন চক্রবর্তী:** হাউস শেষ হয়ে গেলে আসবেন, ঘরে বসে সব ঠিক করে নেব।

**Mr. Speaker:** We now take up discussions on excess expenditure for the years 1961-62 and 1962-63. Hon'ble Ministers may first move the Demands one after another and then discussion may follow. After the discuss is over I shall dispose of the Grants one by one.

## VOTING ON EXCESS EXPENDITURE

**(For the year 1961-62)**

II

### DEMAND FOR GRANT No. 14

**Major Head: 25—General Administration**

**Shri Jyoti Basu:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,62,653 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: 25—General Administration for the year 1961-62.

III

### DEMAND FOR GRANT No. 16

**Major Head: 28—Jails**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 61,902 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: 28—Jails for the year 1961-62.

[2-40—2-50 p.m.]

IV

### DEMAND FOR GRANT No. 18

**Major Head: 30—Ports and Pilotage**

**Shri Md. Abdullah Rasul:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,578 be granted to make good an excess on the Grant No. 18, Major Head: 30—Ports and Pilotage for the year 1961-62.

V

### DEMAND FOR GRANT No. 20

**Major Head: 37—Education**

**Shri Satya Priya Roy:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,08,17,414 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: 37—Education for the year 1961-62.

VI

### DEMAND FOR GRANT No. 21

**Major Head: 38—Medical**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,66,402 be granted to make good an excess on the Grant No. 21, Major Head: 38—Medical for the year 1961-62.

VII

### DEMAND FOR GRANT No. 30

**Major Head: 46—Labour and Employment**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,51,634 be granted to make good an excess on the Grant No. 30, Major Head: 46—Labour and Employment for the year 1961-62.

VIII

## DEMAND FOR GRANT No. 34

**Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc.**

**Shri Subodh Banerjee:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,75,860 be granted to make good an excess on the Grant No 34, Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc. for the year 1961-62.

IX

## DEMAND FOR GRANT No. 35

**Major Head: 50—Civil Works**

**Shri Subodh Banerjee:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,94,698 be granted to make good an excess on the Grant No. 35, Major Head: 50—Civil Works for the year 1961-62.

X

## DEMAND FOR GRANT No. 38

**Major Head: 55—Superannuation Allowances and Pensions**

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,035 be granted to make good an excess on the Grant No. 38, Major Head: 55—Superannuation Allowances and Pensions for the year 1961-62.

XI

## DEMAND FOR GRANT No. 39

**Major Head: 56—Stationery and Printing**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,63,492 be granted to make good an excess on the Grant No. 39, Major Head: 56—Stationery and Printing for the year 1961-62.

XII

## DEMAND FOR GRANT No. 40

**Major Head: 57—Miscellaneous—Contributions**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,74,584 be granted to make good an excess on the Grant No. 40, Major Head: 57—Miscellaneous—Contributions for the year 1961-62.

XIII

## DEMAND FOR GRANT NO. 42

**Major Head: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,66,676 be granted to make good an excess on the Grant No. 42, Major Head: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons for the year 1961-62.

## VOTING ON EXCESS EXPENDITURE

**(For the year 1962-63)**

**XIV**

### DEMAND FOR GRANT No. 7

**Major Head: 14—Stamps**

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,02,212 be granted to make good an excess on the Grant No. 7, Major Head: 14—Stamps for the year 1962-63.

**XV**

### DEMAND FOR GRANT No. 11

**Major Head: 18—Parliament and State Legislatures**

**Shri Jatin Chakravorty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,08,355 be granted to make good an excess on the Grant No. 11, Major Head: 18—Parliament and State Legislatures for the year 1962-63.

**XVI**

### DEMAND FOR GRANT No. 12

**Major Head: 19—General Administration**

**Shri Jyoti Basu:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,99,269 be granted to make good an excess on the Grant No. 12, Major Head: 19—General Administration for the year 1962-63.

**XVII**

### DEMAND FOR GRANT No. 13

**Major Head: 21—Administration of Justice**

**Shri Bhakti Bhusan Mondal:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,221 be granted to make an excess on the Grant No. 13, Major Head: 21—Administration of Justice for the year 1962-63.

**XVIII**

### DEMAND FOR GRANT No. 16

**Major Head: 26—Miscellaneous Departments—Fire Services**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,530 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: 26—Miscellaneous Departments—Fire Services for the year 1962-63.

**XIX**

### DEMAND FOR GRANT No. 17

**Major Head: 26—Miscellaneous Departsments—Excluding Fire Services**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,870 be granted to make good an excess on the Grant No. 17, Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services for the year 1962-63.

XX

DEMAND FOR GRANT No. 19

**Major Head: 28—Education**

**Shri Satyapriya Roy:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,68,74,363 be granted to make good an excess on the Grant No. 19, Major Head: 28—Education for the year 1962-63.

XXI

DEMAND FOR GRANT No. 20

**Major Head: 29—Medical**

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,28,071 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: 29—Medical for the year 1962-63.

XXII

DEMAND FOR GRANT No. 29

**Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; and 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works**

**Shri Charu Mihir Sarkar:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,56,182 be granted to make good an excess on the Grant No 29, Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; and 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works for the year 1962-63.

XXIII

DEMAND FOR GRANT No. 37

**Major Head: 65—Pensions and Other Retirement Benefits**

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,67,516 be granted to make good an excess on the Grant No. 37, Major Head: 65—Pensions and Other Retirement Benefits for the year 1962-63.

XXIV

DEMAND FOR GRANT No. 43

Major Head: 71—Miscellaneous—Expenditure on Displaced Persons

**Shri Jatin Chakraborty:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,65,532 be granted to make good an excess on the Grant No. 43, Major Head: 71—Miscellaneous Expenditure on Displaced Persons for the year 1962-63.

XXV

DEMAND FOR GRANT No. 45A

**Major Head: 78A—Expenditure connected with the National Emergency**

**Dr. Golam Yazdani:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,13,286 be granted to make good an excess on the Grant No. 45A, Major Head: 78A—Expenditure connected with the National Emergency for the year 1962-63.

[2-50—3-02 p.m.]

## VOTING ON EXCESS EXPENDITURE

**(For the year 1961-62)**

I

### DEMAND FOR GRANT No. 14

**Major Head: 25—General Administration**

The motion of Shri JYOTI BASU that a sum of Rs. 11,62,653 be granted to make good an excess on the Grant No. 14, Major Head: 25—General Administration for the year 1961-62, was then put and agreed to.

II

### DEMAND FOR GRANT No. 16

**Major Head: 28—Jails**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 61,902 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: 28—Jails for the year 1961-62, was then put and agreed to.

III

### DEMAND FOR GRANT No. 18

**Major Head: 30—Ports and Pilotage**

The motion of Shri MD. ABDULLAH RASUL that a sum of Rs. 50,578 be granted to make good an excess on the Grant No. 18, Major Head: 30—Ports and Pilotage for the year 1961-62, was then put and agreed to.

IV

### DEMAND FOR GRANT No. 20

**Major Head: 37—Education**

The motion of Shri SATYA PRIYA ROY that a sum of Rs. 1,08,17,414 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: 37—Education for the year 1961-62, was then put and agreed to.

V

### DEMAND FOR GRANT No. 21

**Major Head: 38—Medical**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 59,66,402 be granted to make good an excess on the Grant No. 21, Major Head: 38—Medical for the year 1961-62, was then put and agreed to.

VI

### DEMAND FOR GRANT No. 30

**Major Head: 46—Labour and Employment**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 5,51,634 be granted to make good an excess on the Grant No. 30, Major Head: 46—Labour and Employment for the year 1961-62, was then put and agreed to.

VII

## DEMAND FOR GRANT No. 34

**Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc.**

The motion of Shri SUBODH BANERJEE that a sum of Rs. 11,75,860 be granted to make good an excess on the Grant No. 34, Major Head: 47—Miscellaneous Departments—Excluding Fire Services and Welfare of Scheduled Tribes, etc. for the year 1961-62, was then put and agreed to.

VIII

## DEMAND FOR GRANT No. 35

**Major Head: 50—Civil Works**

The motion of Shri SUBODH BANERJEE that a sum of Rs. 11,94,698 be granted to make good an excess on the Grant No. 35, Major Head: 50—Civil Works for the year 1961-62, was then put and agreed to.

IX

## DEMAND FOR GRANT No. 38

**Major Head: 55—Superannuation Allowances and Pensions**

The motion of Shri AJOY KUMAR MUKHOPADHYAY that a sum of Rs. 59,035 be granted to make good an excess on the Grant No. 38, Major Head: 55—Superannuation Allowances and Pensions for the year 1961-62, was then put and agreed to.

X

## DEMAND FOR GRANT No. 39

**Major Head: 56—Stationery and Printing**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 1,63,492 be granted to make good an excess on the Grant No. 39, Major Head: 56—Stationery and Printing for the year 1961-62, was then put and agreed to.

XI

## DEMAND FOR GRANT No. 40

**Major Head: 57—Miscellaneous—Contributions**

The motion of Shri SOMNATH LAHIRI that a sum of Rs. 3,74,584 be granted to make good an excess on the Grant No. 40, Major Head: 57—Miscellaneous—Contributions for the year 1961-62, was then put and agreed to.

XII

## DEMAND FOR GRANT No. 42

**Major Head: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 30,66,676 be granted to make good an excess on the Grant No. 42, Major Head: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons for the year 1961-62, was then put and agreed to.

## VOTING ON EXCESS EXPENDITURE

**(For the year 1962-63)**

XIII

DEMAND FOR GRANT No. 7

**Major Head: 14—Stamps**

The motion of Shri AJOY KUMAR MUKHOPADHYAY that a sum of Rs. 1,02,212 be granted to make good an excess on the Grant No. 7, Major Head: 14—Stamps for the year 1962-63, was then put and agreed to.

XIV

DEMAND FOR GRANT No. 11

**Major Head: 18—Parliament and State Legislatures**

The motion of Shri JATIN CHAKRAVORTY that a sum of Rs. 4,08,355 be granted to make good an excess on the Grant No. 11, Major Head: 18—Parliament and State Legislatures for the year 1962-63, was then put and agreed to.

XV

DEMAND FOR GRANT No. 12

**Major Head: 19—General Administration**

The motion of Shri JYOTI BASU that a sum of Rs. 1,99,269 be granted to make good an excess on the Grant No. 12, Major Head: 19—General Administration for the year 1962-63, was then put and agreed to.

XVI

DEMAND FOR GRANT No. 13

**Major Head: 21—Administration of Justice**

The motion of Shri BHAKTI BHUSAN MONDAL that a sum of Rs. 12,221 be granted to make good an excess on the Grant No. 13, Major Head: 21—Administration of Justice for the year 1962-63, was then put and agreed to.

XVII

DEMAND FOR GRANT No. 16

**Major Head: 26—Miscellaneous Departments—Fire Services**

The motion of Shri SOMNATH LAHIRI that a sum of Rs. 4,530 be granted to make good an excess on the Grant No. 16, Major Head: 26—Miscellaneous Departments—Fire Services for the year 1962-63, was then put and agreed to.

XVIII

DEMAND FOR GRANT No. 17

**Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services**

The motion of Shri SOMNATH LAHIRI that a sum of Rs. 11,870 be granted to make good an excess on the Grant No. 17, Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services for the year 1962-63, was then put and agreed to.

**XIX**

DEMAND FOR GRANT No. 19

**Major Head: 28—Education**

The motion of Shri SATYAPRIYA ROY that a sum of Rs. 1,68,74,363 be granted to make good an excess on the Grant No. 19, Major Head: 28—Education for the year 1962-63, was then put and agreed to.

**XX**

DEMAND FOR GRANT No. 20

**Major Head: 29—Medical**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 59,28,071 be granted to make good an excess on the Grant No. 20, Major Head: 29—Medical for the year 1962-63, was then put and agreed to.

**XXI**

DEMAND FOR GRANT No. 29

**Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; and 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works**

The motion of Shri CHARU MIHIR SARKAR that a sum of Rs. 8,56,182 be granted to make good an excess on the Grant No. 29, Major Heads: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; and 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works for the year 1962-63, was then put and agreed to.

**XXII**

DEMAND FOR GRANT No. 37

**Major Head: 65—Pensions and Other Retirement Benefits**

The motion of Shri AJOY KUMAR MUKHOPADHYAY that a sum of Rs. 9,67,516 be granted to make good an excess on the Grant No. 37, Major Head: 65—Pensions and Other Retirement Benefits for the year 1962-63, was then put and agreed to.

**XXIII**

DEMAND FOR GRANT No. 43

**Major Head: 71—Miscellaneous—Expenditure on Displaced Persons**

The motion of Shri JATIN CHAKRABORTY that a sum of Rs. 30,65,532 be granted to make good an excess on the Grant No. 43, Major Head: 71—Miscellaneous Expenditure on Displaced Persons for the year 1962-63, was then put and agreed to.

**XXIV**

DEMAND FOR GRANT No. 45A

**Major Head: 78A—Expenditure connected with the National Emergency**

The motion of Dr. GOLAM YAZDANI that a sum of Rs. 7,13,286 be granted to make good an excess on the Grant No. 45A, Major Head: 78A—Expenditure connected with the National Emergency for the year 1962-63, was then put and agreed to.

**Mr. Speaker:** All the demands have been voted. Copies of Appropriation Bill will be supplied by next morning. The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 13th of August, 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 3-02 p.m. till 1 p.m. on Wednesday, the 13th August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 13th August, 1969, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 21 Ministers, 2 Ministers of State and 197 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1—1-10 p.m.]

### মেদিনীপুর জেলায় জলসেচ ব্যবস্থা

***590.** (Admitted question No. *1157.)

**শ্রীধনঞ্জয় কর:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ মহকুমার কত একর জমিতে সেচ বিভাগের দ্বারা জল সরবরাহ হইতেছে; এবং

(খ) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ থানায় কত একর জমিতে কংশাবতীর জলে সেচকার্য হওয়ার সম্ভাবনা আছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) মেদিনীপুর জেলাব তমলুক মহকুমায় (২৩,৫০০ একর খারিফ +৫০০ একর রবি) মোট ২,৪০০ একর, সদর মহকুমায় (৯০,০০০ একর খারিফ +২,০০০ একর রবি) মোট ৯২,০০০ একর, ঝাড়গ্রাম মহকুমায় ৫,০০০ একর খারিফ, ঘাটাল মহকুমায় ২৫,০০০ একর খারিফ এবং মেদিনীপুর সদর উত্তর মহকুমায় (৪০ একর খারিফ +৮ একর রবি) মোট ৪৮ একর জমিতে সেচ বিভাগের দ্বাবা জলসববরাহ হইতেছে। এছাড়া মেদিনীপুর জেলার গড়বেতা থানায় ৫৯,৩৬৪ একর, শালবনী থানায় ৩২.০৯০ একর, বিনপুর থানায় ১১,০৩৮ একর এবং মেদিনীপুর সদর থানায় ১,৩৮৯ একব অর্থাৎ মোট ১,০৩,৮৮১ একর পরিমিত জমিতে কংসাবতী প্রকল্প হইতে সেচের জল সববরাহ হইতেছে।

(খ) কংসাবতীর কাজ শেষ হইয়া গেলে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার বিনপুর থানায় ৫৬,১২১ একর, ঝাড়গ্রাম থানায় ২৮,৯৫০ একর, জামবুনি থানায় ৪,১৩৮ একর এবং সাঁকরাইল থানায় ২৯,৬৩২ একর অর্থাৎ মোট ১,১৮,৮৪২ একর জমিতে কংসাবতীর জলে সেচকার্য হওয়ার সম্ভাবনা আছে।

**শ্রীসরোজ রায়:** আপনি বললেন গড়বেতা থানায় ৬০ হাজার কত দিয়েছে—আমার প্রশ্ন হচ্ছে হুগলীর বর্ডারে গড়বেতা থানার ১নং ও ২নং অঞ্চল যেখানে কংসাবতী সেচ পরিকল্পনা হওয়ার কথা আছে সেখানে কতদিনে জল দেবেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** কংসাবতী পরিকল্পনা সম্বন্ধে আপনারা জানেন যে, লেফ্ট ব্যাংকে একটু দেরি হবে। আর একটা বাঁধ কুমারীর উপর হবে এবং সেটা হ'লে সেই জল ধ'রে এইসব জায়গায় দেওয়া যাবে। ৬/৭বছর লাগবে মোটামুটি কম্প্লিট হ'তে।

**নিম্ন দামোদর নদের সংস্কার**

***593.** (Admitted question No. *1603.)

**শ্রীপান্নালাল মাঝি:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর সংস্কারে কি পরিকল্পনা আছে;

(খ) পরিকল্পনাটি কার্যকরী হইলে কি কি উপকার পাওয়া যাইবে;

(গ) পরিকল্পনাটির জন্য কত টাকা মঞ্জুর বা ধার্য আছে,

(ঘ) এই পরিকল্পনাটি কার্যকরী করাব ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন সাহায্য পাওয়া যাইবে কিনা; এবং

(ঙ) পরিকল্পনাটির কাজ কি নাগাত আরম্ভ হইবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) বিশদ প্রকল্প এখনও সম্পূর্ণভাবে প্রস্তুত হয় নাই বলিয়া প্রকল্পটি হইতে কি কি উপকার পাওয়া যাইবে তাহা সুনির্দিষ্টভাবে বলা এখনই সম্ভব নহে। তবে প্রকল্পটি রূপায়িত হইলে প্রায় ৪০০ বর্গমাইল এলাকার জলনিষ্কাশন সমস্যার সমাধান হইবে, আশা করা যায়। ইহা ব্যতীত রাজাপুর পুরনো খাল বেসিন এলাকাও পরোক্ষভাবে উপকৃত হইবে।

(গ) চতুর্থ পরিকল্পনায় এই প্রকল্পের জন্য কোন টাকা বরাদ্দ নাই।

(ঘ) ও(ঙ) বর্তমানে বলা সম্ভব নহে।

**শ্রীপান্নালাল মাঝি:** মন্ত্রী মহাশয় জানেন যে, নিম্ন দামোদর সংস্কার না হওয়ার জন্য আরামবাগ সেকসনে যে বন্যা হয়েছে সেটা হ'ল কারণ। কারণ জল যেটা আসে সেটা দামোদর দিয়ে না এসে মুণ্ডেশ্বরী দিয়ে যাবার ফলে এই বন্যা হয়েছে। আমার প্রশ্ন হ'ল নিম্ন দামোদর সংস্কার হ'লে বন্যা হবে না, এটা কি ঠিক?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্য ঠিক কথাই বলেছেন।

**শ্রীপান্নালাল মাঝি:** এই যে স্কীম এখনও কমপ্লিট হয় নি বলছেন, এর মধ্যে কি নিম্ন দামোদর যেটা হচ্ছে তার এই শাখাগুলি এবং মজা দামোদর এই সবের মাঝা মাঝি একটা গেট করার ব্যবস্থা হচ্ছে? অর্থাৎ দামোদরকে নিকাশী ক'রে গেট দিয়ে জল দেবার ব্যবস্থা হবে কি ক্যানালগুলিতে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** হ্যাঁ।

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** আপনি (খ) প্রশ্নের উত্তরে বললেন যে, কিছু কিছু সম্ভাবনা আছে, হ'লে কি কি উপকার হবে? এই যে বিভিন্ন এক্সপার্টরা বলছেন, দামোদর দুর্গাপুর থেকে আরম্ভ ক'রে বেড্ উচু হয়ে গেছে, তা হ'লে এই প্রকল্প কার্যকর হ'লে দামোদরের বহনক্ষমতা কি বাড়বে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** হ্যাঁ।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** ৪র্থ পরিকল্পনায় যদি এটা না হয়, তা হ'লে কোন্ পরিকল্পনা নাগাত এটা সম্ভব হবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** কয়েক বছর আগে যখন চীফ ইঞ্জিনীয়ার একটা এস্টিমেট করেছিলেন তখন আট কোটি টাকার একটা এস্টিমেট হয়েছিল। তার ভিতর আমরা ফাস্ট ফেজে ৪ কোটি ৮৮ লক্ষ টাকার পরিকল্পনা করেছি বাকিগুলির জন্য মডেল স্টাডি হয় নি। স্বীকার করা হয়েছে, এটা

টেক্‌নিক্যাল কমিটিতে পাশ করা হয়েছে, ফাইনাল অ্যাপ্রুভালের জন্য আছে, ইতিমধ্যে ভারত সরকারের কাছে দাবি করেছি. আমাদের বড় বড় জলনিকাশী পরিকল্পনা—দুখা, কেলেঘাই, মগ্রা বেসিন অন্ততঃ এগুলির জন্য যে টাকা দরকার তা করার পশ্চিমবঙ্গ সরকারের ক্ষমতা নাই- আট কোটি থেকে দশ কোটি টাকা লাগবে মগ্রা বেসিনের জন্য, প্রায় পাঁচ কোটি টাকা লাগবে দুখা বেসিনের জন্য এবং কেলেঘাইয়ের জন্য লাগবে দু থেকে আড়াই কোটি টাকা, এইসব দাবির মধ্যে মাত্র কাল চিঠি পেয়েছি তাঁরা ১ কোটি ১৪ লক্ষ টাকা দিয়েছেন কেলেঘাইয়ের জন্য এবং মগ্রা বেসিনের কটাখালের জন্য। বাকিগুলির জন্য এখন প্রেসার দিচ্ছি। এই মাসেই আমি দিল্লী যাব, তখন অন্ততঃ লোয়ার দামোদরের জন্য একটা অংশ চাইব, বলবো অন্ততঃ কাজটা আরম্ভ করি, কাজটা করতে তো ৫।৭ বছর লাগবে. অন্ততঃ এখন এক-দু কোটি টাকা দিন. কাজটা আরম্ভ করি। আমাদের পাঁচ কোটির মধ্যে কংসাবতীর জন্যই ৪ কোটি। সুতরাং এইসব পরিকল্পনার মধ্যে আমাদের স্থান নাই।

**বর্ধমান জেলায় ডি ভি সি-র পি বি সি শাখা ক্যানেলের ভাঙ্গন**

***597.** (Admitted question No. *1833.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ডি ভি সি-র পি বি সি শাখা ক্যানেলের আউসগ্রাম থানার অভিরামপুরে ভাঙ্গনের ফলে আউসগ্রাম-ভাতাড় থানায় সেচের জল সরবরাহ ব্যাহত হয়েছে; এবং

(খ) সত্য হইলে—

(১) ভাঙ্গনের কারণ কি,

(২) উক্ত স্থানে গত তিন বৎসরে ভাঙ্গনের সংখ্যা কত, এবং

(৩) প্রতিটি ভাঙ্গন মেরামতের আনুমানিক ব্যয় কত?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) হ্যাঁ। মাত্র তিন দিনের মধ্যেই ঐ ভাঙ্গন মেরামত করা হইয়াছিল।

(খ) (১) বোরো এবং উচ্চ ফলনশীল ধান্য চাষের জলসরবরাহের জন্য প্রায় সম্পূর্ণ এপ্রিল মাসই ক্যানেল খোলা রাখিতে হইয়াছিল। সেইজন্য যথোপযুক্ত মেরামতির সময় খুব অল্পই পাওয়া যায়। পক্ষান্তরে অনাবৃষ্টির জন্য জলের চাহিদা পূরণার্থে খাল ও খাল বাঁধগুলিতে তড়াতাড়ি করিয়া যত বেশী সম্ভব জল চালাইতে হইয়াছিল। স্থানীয় জনসাধারণের আপত্তির জন্য মেরামতি কার্য বিলম্বিত হইয়াছে।

(২) উক্ত স্থানে গত তিন বছরে কোন ভাঙ্গন হয় নাই।

(৩) এ বৎসর ভাঙ্গন মেরামতির জন্য আনুমানিক ব্যয় হইবে ১৪,০০০ টাকা মাত্র।

**শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ** আপনি বললেন যে এপ্রিল মাস পর্যন্ত জলসরবরাহ করতে হয়েছিল বোরো এবং আই আর আট চাষের জন্য তা হ'লে জনসাধারণ যে আপত্তি করেছিল তার মধ্যে নিশ্চয়ই যুক্তি ছিল। এখানে যখন আই আর আট চাষ করানো হয় তখন কৃষিদপ্তর থেকে তিন মাসের মধ্যে—মার্চের মধ্যে জলসরবরাহ শেষ করা উচিত ছিল, কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা গেল, এপ্রিল মাসের মধ্যে জলের চাহিদা ছিল, সেজন্যই জলসরবরাহ করা হয়েছিল। তা হ'লে আগামী বছরও এই আই আর আট ধান চাষের জন্য তিন মাস নয় চার মাস—সাড়ে চার মাস জলসরবরাহের প্রশ্ন উঠে। তা হ'লে এই চাষ কি বন্ধ করা হবে? নাকি আগামী বছর এপ্রিল মাস পর্যন্ত জলসরবরাহ করা হবে?

*[1-10—1-20 p.m.]*

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** ঐ চাষটা যদিও সাপ্লিমেন্টারি কিন্তু অত্যন্ত উচ্চফলনশীল এবং খুব লাভজনক। সেজন্য বন্ধ করার ইচ্ছা আমাদের নেই। আমরা কৃষি বিভাগের সঙ্গে আলোচনা করেছি, তাঁরা এমনভাবে জিনিসটা ফেজিং করবেন যাতে এবছরে যে অসুবিধা হয়েছিল আগামী বছর সেই অসুবিধা না হয়। আগামী মরসুমে এটা ১৫ দিন নিশ্চিত এগিয়ে দেবেন তাঁদের সঙ্গে সেইরকম বন্দোবস্ত হয়েছে।

**শ্রীঅশ্বিনী রায়:** ১৯৬৬ সাল থেকে ২/৩ বছর আগে পর্যন্ত কতবার ভাঙ্গন হয়েছিল, এখানে জনসাধারণ বলে যে, প্রায় একটা পার্টিকুলার জায়গায় ভাঙ্গন হয়, এই তথ্য আপনার কাছে আছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** ভাঙ্গন ঠিক হয় নি, স্লিপস হয়েছিল। আপনি বুঝতে পারবেন ১৯৬৮ সালে মেরামত খরচ হয়েছিল মাত্র ৩৫৮ টাকা। সাধারণভাবে ভাঙ্গন যাকে বলা হয় যার জন্য ১৪ হাজার টাকা এবারে খরচ হচ্ছে সেই জিনিস গতবারে হয় নি।

**ময়ূরাক্ষী সেচ প্রকল্প**

***600.** (Admitted question No. *1932.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী সেচ প্রকল্পের অন্তর্ভুক্ত ক্যানেলগুলির কোন্‌টির বাঁধের উপর দিয়া এপর্যন্ত কত কিলোমিটার দীর্ঘ, পাকা সড়ক করা হইয়াছে;

(খ) কোন্ বাঁধে পাকা সড়ক করিবার কাজ চলিতেছে এবং কোন্‌টি পাকা হইবার অপেক্ষায় আছে;

(গ) ঐ বাঁধের রাস্তাগুলি সাধারণের ব্যবহার্য হইবে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) ময়ূরাক্ষী সেচ প্রকল্পের অন্তর্ভুক্ত ক্যানেলগুলির কোনটিরও উপর দিয়া এ পর্যন্ত কোনরূপ পাকা সড়ক নির্মাণ করা হয় নাই।

(খ) বর্তমানে কোন বাঁধে কোন পাকা সড়ক নির্মাণের কাজ চলিতেছে না এবং কোনও সড়ক পাকা হইবার অপেক্ষায় নাই।

(গ) যদিও বাঁধের রাস্তাগুলি পাকা নয় তথাপি ঐ গুলির উপর দিয়া পথচারীদের যাতায়াতের কোন আপত্তি নাই।

(ঘ) বাঁধের রাস্তাগুলি অল্প পরিসরের এবং মাটির উপর ৪ ইঞ্চি হইতে ৫/৬ ইঞ্চি মোরাম দ্বারা সাধারণত নির্মিত। ঐগুলি স্বল্প ব্যয়ে বিভাগীয় পরিদর্শনের জন্য নির্মিত হইয়াছে। উহার উপর দিয়া ভারি গাড়ি বা গরুর গাড়ি যাতায়াত সম্ভব নহে। ঐ সমস্ত গাড়ি যাতায়াত করিতে দিলে ইনস্পেকসন পথগুলি সহজেই নষ্ট হইয়া যাইবে। ফলে বিভাগীয় কার্যের পরিদর্শণ ও সেচনকার্য সম্পূর্ণরূপে ব্যাহত হইবে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** যে রাস্তাগুলি আপনি বললেন যে মোরাম দিয়ে তৈরি হচ্ছে সেগুলি কি নিচে বোলডার দিয়ে তৈরি হচ্ছে এবং সেইসমস্ত রাস্তার উপর দিয়ে ডিপার্টমেন্টাল জীপ গাড়িগুলি যাতায়াত করছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** হ্যাঁ, ডিপার্টমেন্টাল বাইসাইকেল এবং যেখানে জীপ আছে সেগুলি যাওয়ার জন্য এগুলি করা হয়েছে এবং ইনস্পেকসানের জন্য এই রাস্তাগুলি করা হয়েছে, পাবলিক পারপাসে নয়। তবে লোকে সাইকেল নিয়ে যেতে পারে কিন্তু ভারি গাড়ি কোনদিন এতে যেতে দেওয়া হয় না, তাতে বাঁধ ভেঙ্গে যাওয়ার আশঙ্কা আছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ঠিক পাকা রাস্তা যেগুলিকে আমরা বলি সেইরকম না হ'লেও এই রাস্তাগুলির উপর দিয়ে বর্ষাকালে ডিপার্টমেন্টাল গাড়ি যাতায়াত করে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** জীপ অনেক সময় যেতে পারে, অনেক সময় পারে না। যাতে জীপ যেতে পারে সেইভাবে এগুলি তৈরি করা হয়েছে কিন্তু ভারি গাড়ি যেতে দেওয়া হয় না। একটা হ'ল এরিয়ায় হয়তো একটা জীপ আছে, সেটা হয়তো পরিদর্শনে গেল, কিন্তু সাধারণভাবে যদি গাড়ি যাতায়াত করতে দেওয়া হয় তা হ'লে এই রাস্তা ভেঙ্গে যাবে, থাকবে না।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** তা হ'লে আপনার দপ্তর এবং অন্যদিকে রাস্তা তৈরি করার যে দপ্তর আছে দুই দপ্তর মিলে যে রাস্তাগুলি মোরাম দিয়ে তৈরি হচ্ছে সেগুলি সাধারণের ব্যবহার্য যাতে হয়, কারণ পল্লীগ্রামে রাস্তার খুব অভাব, গরুর গাড়ি যাতে যেতে পারে, বোল্ডার দিয়ে তৈরি করলে এই জিনিসটা হ'তে পারে ব'লে মনে হয়, সেই রকম কোন পরিকল্পনা আপনারা উভয় দপ্তর আলোচনা ক'রে গ্রহণ করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** খুব কঠিন কথা বলেছেন, আমি এখন বলতে পারছি না।

### ময়ূরাক্ষী ক্যানাল এলাকায় ফিল্ড চ্যানেল

***604.** (Admitted question No. *1667.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়ূরাক্ষী ক্যানাল এলাকায় আবশ্যকীয় ফিল্ড চ্যানেল না থাকায় বহু জমি সেচ পায় না এবং জলের অপচয় হয়;

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, এইরূপে জমির পরিমাণ কত;

(গ) যে-সব জমি সেচ পায় না, সেই সব জমিতে সেচকর দিতে হয় কিনা; এবং

(ঘ) ফিল্ড চ্যানেল তৈরি করার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) ময়ূরাক্ষী সেচ এলাকায় কিন্তু চ্যানেল না থাকায় বহু জমি পায় না, ইহা সত্য নহে। তবে কিন্তু চ্যানেল থাকিলে সেচের জল সেচ এলাকায় দ্রুত পৌঁছাইতে পারে এবং জলের অপচয় অনেকাংশে হ্রাস পাইতে পারে। কিন্তু চ্যানেল না থাকার জন্য জলের অপচয় হয়, তাহা সত্য।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

(গ) যেসব জমি সেচ পায়না তাহার জন্য সেচ কর দিতে হয় না। যদি কোন কারণে কোন জমি সেচের জল হইতে বঞ্চিত হয় তাহা হইলে জমির মালিক বেঙ্গল ডেভেলপ মেন্ট অ্যাক্ট,১৯৩৫ অনুযায়ী সংশ্লিষ্ট কালেক্টরের নিকট সেচকর মঞ্জুর করিবার জন্য দরখাস্ত করিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকে।

(ঘ) ১৯৩৫ সনের বেঙ্গল ডেভেলপমেন্ট অ্যাক্ট অনুসারে কিন্তু চ্যানেলগুলি কাটার খরচ বহণ উপকৃত ব্যাক্তিদের উপর বর্তায়। কিন্তু এ বিষয়ে উপকৃত ব্যাক্তিগণ বিশেষ উৎসাহ দেখাইতেছেন না। অদ্যাবধি নাম মাত্র কয়েকটি, কিন্তু চ্যানেল কাটা হইয়াছে। উপকৃত ব্যাক্তিদের দ্বারা প্রয়োজনীয় ফিল্ড্ চ্যানেল কাটাইয়া লওয়ার উদ্দেশ্যে ফিল্ড্ চ্যানেলের বহু নকসা জেলা সমাহর্তা (কলেক্টর) মহাশয়ের নিকট পাঠানো হইয়াছে এবং হইতেছে।

**ডাঃ রাধানাথ চট্টোরাজঃ** এই ফিল্ড্ চ্যানেল কাটাবার জন্য বা আইন পরিবর্তনের জন্য সরকার কোন ব্যবস্থা করছেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** না।

**ডাঃ রাধানাথ চট্টোরাজঃ** জলের অপচয় বন্ধ করবার জন্য এই ব্যবস্থা করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, আমাদের খুব গরিব দেশ। টাকার অভাবে অসংখ্য জায়গায় ছোট ছোট সেচের ব্যবস্থাও নাই, সেখানে অসংখ্য টাকা খরচ ক'রে জলের অপচয় বন্ধ করতে যাওয়া একটা মস্তবড় অপচয় অর্থের। এ সম্বন্ধে আমাদের বিস্তৃত আলোচনা হয়েছে। সারাভারতে যতগুলি সেচমন্ত্রী সম্মেলন হয়েছে সেখানে এই বিষয় উঠেছে, ডিস্কাসন হয়েছে। মাননীয় সদস্যরা এ সম্বন্ধে আন্দোলন ক'রে ছোট ছোট ফিল্ড্ চ্যানেল কেটে জলের অপচয় যদি তাঁরা বন্ধ না করেন, তা হ'লে গভর্নমেন্টের পক্ষে আমরা এই পলিসি কখনো গ্রহণ করবো না। গভর্নমেন্টের এ পলিসি হ'তে পারেনা এত টাকা শুধু শুধু ইনভেস্ট করতে। কত এলাকা রয়েছে যেখানে সেচ পায় না। এরা এখনি কত বিরাট উপকার পাচ্ছে, বৃষ্টি নাই যেখানে, সেখানে তাবা সুনিশ্চিতভাবে সেচের জল পাচ্ছে, আর সর্বাধিক উপকারের জন্য ফিল্ড্ চ্যানেল তাঁরা নিজেরা কেটে নেবেন না? গভর্নমেন্ট কখনো এই ফিল্ড্ চ্যানেল কাটার পলিসি নেবেন না।

**ডাঃ রাধানাথ চট্টোরাজ:** যেখানে ফিল্ড্ চ্যানেল কাটাবার চেষ্টা করছি আমরা, সেখানে জমির মালিকরা কাটতে দিচ্ছেন না। এই অবস্থায় সেখানে আমরা কি করবো

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সেখানে আপনারা গভর্নমেন্টের সাহায্য নেবেন, কালেক্টরকে জানাবেন।

**ডাঃ রাধানাথ চট্টোরাজ:** এক গ্রামের লোকে কাটতে দিচ্ছে, আর এক গ্রামের লোকে দিচ্ছেনা। সে ক্ষেত্রে কি করা যাবে, তার জন্য কি আইন করা যায় না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এ বিষয়ে বিবেচনা করে দেখবো।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** যেসব জায়গায় গ্রামের কৃষকরা জমি দিচ্ছে, জল নিজেরা কেটে নিয়ে যাবার জন্য স্বেচ্ছাসেবকরা ঐ খাল কাটতে রাজি, সেখানে সরকার সাহায্য করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সরকারের কাছে খাল কাটবার প্লান ক'রে পাঠিয়ে দেবেন, আপনারা যদি জমি দেন, স্বেচ্ছাসেবক দেন তা হ'লে আমার ইঞ্জিনীয়ার দিয়ে সুষ্ঠভাবে খাল কাটবার ব্যবস্থা করবো।

### গোসাবা ভূমি সংস্কার মণ্ডলের অধীন কয়েকটি মৌজার অনাদায়ী খাজনা

***607.** (Admitted question No. *1954.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গোসাবা ভূমি সংস্কার মণ্ডলের অধীন মথুরাখণ্ড, সত্যনারায়ণপুর মৌজার ৩০০ একর খাস জমি থেকেই দীর্ঘ ১৪ বৎসর কোন খাজনা আদায় হয় নি;

(খ) সত্য হইলে, কারণ কি,

(গ) উক্ত ভূমি সংস্কার মণ্ডলের অধীন দক্ষিণ রাধানগর মৌজার অন্নপূর্ণা ফার্মিং ও ফিসারি লিমিটেড সরকারকে কোন খাজনা দেয় কিনা এবং খাজনা দিলে তার পরিমাণ কত; এবং

(ঘ) ঐ কোম্পানির অধীনে কি পরিমাণ দেবোত্তর জমি আছে এবং তা থেকে সরকারের বাৎসরিক কত খাজনা আদায় হয়?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** (ক) না, এরূপ কোন ঘটনা সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) উক্ত কোম্পানী আজ পর্যন্ত কোন খাজনা দেয় নাই। খাজনা আদায়ের জন্য সার্টিফিকেট কেস দায়ের করা হইয়াছে।

(ঘ) উক্ত কোম্পানীর অধীনে কোন দেবোত্তর সম্পত্তি রেকর্ড হইতে পাওয়া যায় না। তবে ঐ কোম্পানীর শ্রীকৃষ্ণমোহন মুখোপাধ্যায়ের স্ত্রী ও পুত্রকন্যাগণ সেবাইত এইরূপ তিনটি দেবোত্তর সম্পত্তি আছে। এই সম্পত্তির পরিমাণ ৬,৮৪৩ একর এবং দেয় বাৎসরিক খাজনা ২৫,২৫০ টাকা। এই খাজনা আদায়ের জন্য সার্টিফিকেট কেস ইসু হইয়াছে।

**শ্রীনাথানিয়েল মুর্মু:** এই অন্নপূর্ণা ফার্মিং ও ফিসারী লিমিটেডের কাছে বকেয়া খাজনা পড়ে আছে, তার জন্য সার্টিফিকেট করেছেন, এই বকেয়া খাজনাটা কি আপনারা আদায় করবার চেষ্টা করেন নাই—যার জন্য পড়ে আছে, না, চেষ্টা করার পরেও তাঁরা দেন নাই?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** সমগ্র কেসটা বোধ হয় জানে না। কিছু দিন আগে আমি এক বিবৃতিতে বলেছিলাম ঐসব জোতদাররা কোর্টকাছারির আশ্রয় গ্রহণ ক'রে জমি বেনামী ক'রে রেখে। তার মধ্যে এই ফিসারীর নামও ছিল। এটা সরকারের ভেস্টেড হয়েছিল। ওরা তার বিরুদ্ধে মামলা করেন। মামলায় ও'রা হেরে যান, গভর্নমেন্ট জিতে যান। তারপর ১৯৫৯ সালে আলিপুর সাবজজের কোর্টে টাইটেলের মামলা করে। আগে ও'রা মামলা করেন ভেস্টেং-এর বিরুদ্ধে, সেট, ফেল করলে তার টাইটেল সুট ক'রে। সেই মামলায় গভর্নমেন্টের হার হয়, গভর্নমেন্টের জমি ভেস্ট করবে না। গভর্নমেন্ট তার বিরুদ্ধে আপীল করেছেন। সেই আপীলের মামলা এখনো চলছে। স্বভাবতই এই ব্যবস্থা হয়েছিল। ওরা কোন খাজনা দেয় নাই। সেই খাজনার পরিমাণ বাৎসরিক ১,৪৩৭·৫০ টাকা। আপনি প্রশ্ন করেছেন যে, এতদিন গভর্নমেন্ট খাজনা আদায়ের চেষ্টা করেছিল কিনা? আমি ফাইল দেখে তো দেখতে পাচ্ছি না যে, তাঁরা করেছিল কিনা। তবে গভর্নমেন্ট মনে করেন, যেসব জায়গা খাস যেটা ও'রা চ্যালেঞ্জ করছেন—সেই খাস জমিব খাজনা আদায় করার ব্যাপারে লিগ্যাল ডিফিকালটিজ আছে—এটা আমি বলতে পারবো না—কিন্তু এখন তার উপর সার্টিফিকেট কেস করা হয়েছে।

## STARRED QUESTIONS

### to which oral answers were given

*765. (Admitted question No. *78.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সর্বত্র গভীর নলকূপ বসাইবার বিষয়ে সরকার কোন বৈজ্ঞানিক পদ্ধতিতে অনুসন্ধান করিয়াছেন কিনা, এবং

(খ) করিয়া থাকিলে তাহার ফলাফল কি?

[1-20—1-30 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সরকারের অধীন "এক্সপ্লোরেটারি টিউবওয়েল অর্গানিজেসন" পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ৪৬টি গভীর নলকূপ সংস্থাপন করিয়া ভূগর্ভস্থ জলসম্পদ সম্বন্ধে অনুসন্ধান কার্য করিয়াছিলেন। উক্ত অনুসন্ধান কার্যের ভিত্তিতে ঐ সংস্থা পুরুলিয়া জেলা ও দার্জিলিং জেলার কার্শিয়াং ও কালিম্পং মহকুমাদ্বয় ব্যতীত পশ্চিমবঙ্গে ৪,০০০টি গভীর নলকূপ স্থাপন করা যায় বলিয়া সুপারিশ করিয়াছিলেন। ঐ সুপারিশক্রমে সরকার এই রাজ্যের বিভিন্নস্থানে ৩,০০০টি গভীর নলকূপ বসাইবার একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন। তন্মধ্যে ১,৫৪৩টি ইতিমধ্যেই বসানো হইয়াছে।

**শ্রীসনৎকুমার রাহা:** কিসের ভিত্তিতে ঐ চার হাজার নলকূপ বসাবার পরিকল্পনা করা হয়েছে—তার বৈজ্ঞানিক ভিত্তি কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সেন্ট্রাল গভর্নমেন্টের একটা এক্সপ্লারেটারী টিউবওয়েল অর্গানাইজেসন আছে যেটা এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের অন্তর্ভুক্ত। তারা গভীর নলকূপ ইত্যাদির জলের অ্যাভেলেবিলিটি, তার ডেফত, তার স্পেসিং ইত্যাদি তারা প্রাকটিক্যালি গবেষণা করে। আমাদের এখানে তারা ৪৬টি নলকূপ বসায় এবং তার জন্য তারা পরীক্ষা করেছিল। আমরা এখানে নূতন অর্গানাইজেসন করেছি কৃষি বিভাগ থেকে—এটা স্পেশ্যাল ডিভিসন—জিওলজিক্যাল সার্ভের কো-অর্ডিনেসনে। এই স্পেশ্যাল ডিভিসন তারা থরো সার্ভে ক'রে

দেখবে যে, কোথায় ডিপ টিউবওয়েল বা কোথায় স্যালো টিউবওয়েল হ'তে পারে। এতদিন পর্যন্ত ঐ সেন্ট্রাল অর্গানাইজেসনের উপর প্রধানত নির্ভর করতে হ'ত এবং কিছু কিছু জিওলজিক্যাল সার্ভের ড্রাফ্ট রিপোর্টের উপর নির্ভর করতে হ'ত।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, কোন বৈজ্ঞানক ভিত্তিতে বা কি উপাদানের উপর ভিত্তি ক'রে ঐ টিউবওয়েল—অমুক জেলায় এতো, অমুক জেলায় অতো এইভাবে বসানো হ'ত?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** তার কোন বৈজ্ঞানক ভিত্তি নাই। তখন যারা কর্মাধ্যক্ষ ছিলেন তাঁরা নিজেদের পছন্দ মত খেয়ালখুশী মত—অনেক সময় গোয়ালঘরের পাশেও টিউবওয়েল বসিয়েছিলেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় নূতন টিউবওয়েল সম্বন্ধে যে বললেন—আমি তাঁকে জিজ্ঞাসা করি যে, সমস্ত পুরাণো টিউবওয়েল অকেজো হয়ে রয়েছে সেগুলি কাজে লাগানোর কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় সদস্য জানেন যে, আমি ইতিপূর্বে হাউসে বলেছি যে, এ বছর একটিও গভীর নলকূপ খোঁড়ার কোন পরিকল্পনা নাই—যা গত বছর, তার আগের বছরও ছিল না। এ বছর যেসমস্ত নলকূপ একেজো রয়েছে এবং বেশীর ভাগই প্রায় এই অবস্থায়, সেই নলকূপগুলিকে যদি কার্যকরী করতে পারি—তার চেষ্টা করবো।

**শ্রীসরোজ রায়ঃ** ইতিমধ্যে যে গভীর নলকূপগুলি আছে সেগুলিতে ইলেকট্রিকের দ্বারা জল তোলার ব্যবস্থা করার কথা বলা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাইবেন, এখনও কেন করা হয় নি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** এই আর্থিক বৎসরেই আমরা কমপিট করবো না সমস্ত গভীর নলকূপে আমরা বিদ্যুৎশক্তি নিয়ে যাব। তবে গোটাকতক একেবারেই আমরা অ্যাবানডন করতে বাধ্য হব, কারণ সেগুলি অত্যন্ত বাজে জায়গায় বসানো হয়েছে। সেখানে জল পাবার আশা নেই [illegible] ওয়া যাচ্ছে তা নোনা জল। এইগুলি ছাড়া সমস্ত গভীর নলকূপেই আমরা নিয়ে যাবো বা যাচ্ছি, সমস্ত গভীর নলকূপ চালু হবে।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** গভীর নলকূপের পরিকল্পনা যার ভিত্তিতে করা হয়েছিল সেটা যতখানি কমান্ড এরিয়াতে জল দিতে পারবে তার উপর নির্ভর ক'রেই তার হিসাব করা হয়েছিল। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একথা কি সত্য যে, কোনটাই সে পরিমাণ জল দিতে সক্ষম হয় নি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** এটা ঠিক কথা। তবে তার কারণও ছিল। একটা কারণ হচ্ছে, জল যদি বেশি জমিতে দিতে হয় তা হ'লে পাইপ দিয়ে জল নিয়ে যাওয়া দরকার এবং জলকে কনসার্ভ করা দরকার, তার ব্যবস্থা বেশীর ভাগ জায়গাতেই ছিল না। তা ছাড়া অনুমানও কিছু কিছু ক্ষেত্রে বেশি ক'রে করা হয়েছিল।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে খরচের উপর ভিত্তি ক'রে গভীর নলকূপ দিয়ে জলসেচের ব্যবস্থা করা হয়েছে তার জন্য সরকার চাষীদের কাছ থেকে কর বা সেচের খরচ আদায় করবার সিদ্ধান্ত করেছিলেন। আমার জিজ্ঞাস্য, এ কথা কি সত্য যে, বর্তমানে তার পরিমাণ এত বেশি হয়ে গিয়েছে যে চাষীদের পক্ষে সে খরচ বহণ করা অসম্ভব হয়ে পড়েছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** এটা সম্পূর্ণ উল্টো। অতি সামান্যই তাদের কাছ থেকে কর আদায় করা হয়। এতে তারা যে ভাবে উপকৃত হয় তাতে তারা আমাদের বলেছে জল দেওয়া বন্ধ করবেন না। তারা আরো বলেছে, যদি তিনটি ফসলের জন্য ১৪০ টাকা দিতে হয় তাতে আমরা লাভবানই হব।

**ডঃ নিরঞ্জনভদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তিন হাজার ডিপ টিউবওয়েলের মধ্যে ১,৫৪৩টি এ পর্যন্ত বসানো হয়েছে। আমার জিজ্ঞাস্য, এর মধ্যে বাঁকুড়া জেলাতে কতগুলি বসানো হয়েছে এবং বাকিগুলি কবে হবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** এটা আমি একদিন বলেছিলাম, কোন্ জেলায় কত সে লিষ্ট আমার কাছে এখন নেই। তবে তিন হাজার বসাবার কথা তাঁরা যা স্থির করেছিলেন আপনারা মোটেই মনে করবেন না যে তাঁরা যেসব জায়গা স্থির করেছিলেন আমরাও সেইসব জায়গা স্থির করবো। সেখানে কোন সায়েনটিফিক বেসিস ছিল না, যেখানে খুশী বসানো হয়েছে। খালি ঐ এক্সপ্লোরেটারী টিউবওয়েল অর্গানাইজেসানকে দিয়ে কতকগুলি টিউবয়েল বসিয়ে শুধু বসানো যায় কিনা জানা হয়েছে। তারপরে যা বসানো হয়েছে মোস্ট আনসায়েনটিফিক। সুতরাং বাকিগুলি পয়সা পেলে হবে।

**শ্রীপান্নালাল মাঝিঃ** বর্তমানে যেসব ডিপ টিউবওয়েল চালু আছে তাতে প্রায়ই ইলেকট্রিক কানেকসান থাকে না বা নষ্ট হয়ে যায়, যাব ফলে চাষের খুব ক্ষতি হয়। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এটা যাতে নষ্ট না হয়ে ঠিকমত কানেকসান থাকে তার জন্য পাকাপাকি কোন বন্দোবস্ত হচ্ছে কিনা এবং বৈজ্ঞানিক ভিত্তিতে অর্থ সংগ্রহ ক'রে টিউবওয়েল করার যে সিদ্ধান্ত হয়েছে তাতে কোন্ কোন্ জেলা অন্তর্ভুক্ত?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আপাতত বাংলাদেশের কোন জেলা বাদ নেই। তবে গভীর নলকূপ এখনও গভীর জলেই আছে। কারণ যে গভীর নলকূপগুলি হয়েছিল তাতে তাঁরা আমাদের গভীর জলেই ফেলেছিলেন, কোনরকমে উদ্ধার করা হয়েছে। আর ভারত সরকারের কাছে ১৫শো গভীর নলকূপের জন্য টাকা চেয়েছি, তাঁরা বলছেন প্লানের ভেতর থেকে কর। প্লানে আপনারা যা বরাদ্দ করেছেন তার মধ্যে নেই। সুতরাং আমরা জিদ করছি যে, এটা দিতে হবে। শোনা যাচ্ছে তাঁরা নাকি এক হাজার পর্যন্ত দিতে রাজি হ'তে পারেন। কাজেই যেদিন টাকা আনতে পারবো [illegible] দিন করবো। আর বিদ্যুৎশক্তির ব্যাপারে মাননীয় সদস্য ঠিকই বলেছেন। বিদ্যুৎ মাঝে মাঝে ফেল করে, প্রেসারও কম হয়, এ সমস্ত কথা ঠিক। এ সমস্ত কমপ্লেন আমরা পাচ্ছি, এ নিয়ে বিদ্যুৎ পর্ষদের সঙ্গে আমরা নিয়মিত আলোচনা করছি এবং সংশোধনের চেষ্টা করছি। [illegible] না আরো কিছু ক্যাপিটাল এক্সপেনডিচার দরকার হবে। সামগ্রিকভাবে এগুলি সব জড়িয়ে আছে, আমরা এ বিষয়ে তৎপর।

[1-30—1-40 p.m.]

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এই অবৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে যেসমস্ত নলকূপ বসানো হয়েছিল, তার পিছনে তৎকালীন কংগ্রেসী মন্ত্রী এবং কংগ্রেসী এম এল এ-দের সংগঠন বজায় রাখাই কি মুখ্য উদ্দেশ্য ছিল, যার জন্য এইভাবে বাংলাদেশের অর্থনীতিতে এত অর্থ অপচয় হয়েছিল?

**মিঃ স্পীকারঃ** আমার মনে হয় এই কোশ্চেনের সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মন্ত্রিমহাশয় একটি প্রশ্নের জবাবে বললেন, অনেকগুলি বাজে টিউবওয়েল হয়েছিল, সেগুলিকে আমরা উৎখাত করবো। মন্ত্রিমহাশয় বলবেন কি, এই রকম কতগুলি বাজে টিউবওয়েল হয়েছে এবং এইভাবে কত টাকা বাজে খরচ করা হয়েছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** না, একেবারে বাজে খুব বেশী হয় নি। ১০ থেকে ১৪টা হয়তো বাতিল করতে হ'তে পারে। কি ক'রে সমস্তগুলি চালু রাখা যায় আমরা এখনও সে চেষ্টা করছি। তার মধ্যে কয়েকটি বোধ হয় পারা যাবে না। তবে সে সংখ্যাটার আশা আমরা এখন ফাইন্যালি ছাড়ি নি, চেষ্টা চালিয়ে যাচ্ছি, কি করা যায় না যায় কিছুদিন পরে তা ঠিক করবো। তবে সে সংখ্যাটা খুব কমই হবে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসমস্ত জায়গায় এমনিতেই শুকা হয়েছে, সেইসমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল বসাবার ব্যবস্থা হবে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্য জানেন যে, বৃষ্টি না হ'লে আমাদের পশ্চিমবাংলার বেশীর ভাগ জায়গাতেই শুকা হয়। তবে প্রত্যেকটি মাঠেই যদি ডিপ টিউবয়েল বসাতে হয় তা হ'লে আমাদের রাজ্যসরকার বিক্রী হয়ে যাবে।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী:** জলঢাকা প্রোজেক্ট সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় ওয়াকিবহাল আছেন, কিন্তু তা সত্ত্বেও উত্তরবাংলার জলপাইগুড়ি জেলায় যে ক'টি ডিপ টিউবওয়েল আছে আগামী সাল থেকে তা চালু করা হবে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** যদি সাধারণভাবে বিদ্যুৎ খুব কমিয়ে দিতে হয় তা হ'লে তার প্রতিক্রিয়া নিশ্চয়ই সেটার উপর পড়বে। তবে এতে ব্যাপকভাবে অসুবিধা আছে। কিন্তু সে তুলনায় সামান্য ক'টি টিউবয়েল যা উত্তরবাংলায় আছে সেটা খুব বড় কথা নয়, তার প্রয়োজনে অনেক বড় অসুবিধা অন্যান্য ব্যাপারে হবে।

**শ্রীনবদুর্গা মন্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় গভীর এবং অগভীর নলকূপের ব্যাপারে বললেন। আমার প্রশ্ন হচ্ছে এই, বাঁকুড়া শহরের উত্তরাঞ্চলের কোন জায়গায় গভীর এবং অগভীর নলকূপ তৈরী হয় নি, এটা কি তিনি জানেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** ঐ এলাকাটিকে নন-টিউবয়েল এলাকা ব'লে অনেক দিন আগে থেকে চিহ্নিত ক'রে রাখা হয়েছিল। তবে আমি সিদ্ধান্ত করেছি, বাঁকুড়ার ঐ অঞ্চল এবং পুরুলিয়া সম্বন্ধে এক্সপ্লোরাটরি টিউবয়েল অর্গানাইজেসনের সঙ্গে কথা বলেছি যে, তোমরা ওখানে এক্সপ্লোর ক'রে দেখ জল পাওয়া যায় কিনা বা কতটা গভীরে গেলে জল পাওয়া যায়, কি রকম ব্যয় সাপেক্ষ প্রভৃতি বিষয় আমাদের জানালে তার পর অনুকূল যদি মনে হয় তখন আমরা এইসব সিদ্ধান্ত করবো।

**শ্রীনবদুর্গা মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, গভীর এবং অগভীর নলকূপ করা যায় কিনা তা অনুসন্ধান করা হচ্ছে। এই যে অনুসন্ধান চলছে, এটা কবে শেষ হবে এবং কবে কার্যকর করা হবে, এটা বলবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** অনুসন্ধান ঠিকমত আরম্ভ হয় নি। আমি এক্সপ্লোরাটরি টিউবয়েল অর্গানাইজেসনের সংগে কথা বলেছি যে, তোমরা উত্তর বাঁকুড়া এবং পুরুলিয়ায় এক্সপ্লোর কর এবং আমরা যে অর্গানাইজেসন সেট্‌আপ করছি তাদের বলেছি, জিওলজিক্যাল-এর দিক থেকে এই জায়গায় আর একবার থরোলি একজামিন করা হোক। সুতরাং এই ফলাফল কবে পাওয়া যাবে জানি না। এই জায়গাগুলি শুকা জায়গা এবং এ সম্বন্ধে যত তাড়াতাড়ি সিদ্ধান্তে পৌঁছাতে পারা যায় তার জন্য চেষ্টা করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সমস্ত জায়গায় এই ডিপ টিউবওয়েল বসানো হচ্ছে বা বসানোর পরিকল্পনা আছে সেসমস্ত জায়গায় যে পেরিন্যাল সোর্স অব ওয়াটার আছে কিনা, সেটা সার্ভে করবার জন্য অ্যাগ্রো-ইরিগেশন অথবা ইরিগেশন মেকানিক্যাল ডিপার্টমেন্টকে দিয়ে কোন সার্ভে করানো হয়েছে কিনা, যদি না হয়ে থাকে, তা হ'লে ভবিষ্যতে এই রকম সার্ভে করবার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি যা উত্তর দেবার দিয়ে দিয়েছি, তারপর এই রকম প্রশ্ন কেন উঠলো বুঝতে পারছি না। জিয়োলজিক্যাল সার্ভের একটা জেনারেল রিপোর্ট আছে, জিয়োলজিক্যাল সার্ভেকে দিয়ে আরও পুরো রিপোর্ট নেওয়ানো হচ্ছে, এক্সপ্লোটারী টিউবওয়েল অর্গানাইজেশন-এর একটা জেনারেল রিপোর্ট আছে, তাদের দিয়ে আরও কতগুলো পার্টিকুলার এরিয়াতে সার্ভে করবার ব্যবস্থা করা হচ্ছে, তাদের রিপোর্ট পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা যাবে।

**শ্রীসরল দেব:** আমাদের কাছে খবর আছে যে পশ্চিমবাংলায় ১,৫০০ টিউবওয়েল আছে তার মধ্যে দেখা যাচ্ছে ৭৫০টি আউট অব অর্ডার। এটা সত্য কিনা আপনার কাছে জানতে চাচ্ছি এবং এই টিউবওয়েলগুলো তদানিন্তন কংগ্রেসীদের মাথায় জল সিঞ্চনের জন্য ব্যবস্থা

করা হয়েছিল, এর পেছনে কোন পরিকল্পনা ছিল না যে প্রকৃতভাবে ক্ষেতে জল দেবার ব্যবস্থা— আমি সেই জন্য মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, এই ৭৫০টি আউট অব অর্ডার আছে কিনা এবং এই টিউবওয়েলগুলো যাতে ক'রে ক্ষেতে জল দিতে পারে তার ব্যবস্থা হবে কিনা, কারণ আমরা এই বছর দেখেছি বোরো ধান বা তাইচুং-এর সময় এরা বলেছে যে, আমরা ২০ একর জমির উপর জল দিতে পারবো না যার ফলে বাংলাদেশের বিভিন্ন জেলায়, বিশেষ ক'রে ২৪-পরগনায় কোথাও ৬০ বিঘা, কোথাও ৯০ বিঘার উপর তাইচুং-এ জল দিতে পারেনি, তার কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আপনার খবরটা পুরাণো। গত তিন বছরের চেষ্টায়, আগে মাত্র ৪৫০/৫০০টি টিউবওয়েল কার্যকরী অবস্থায় ছিল, এখন প্রায় সব টিউবওয়েল কার্যকরী করা হয়েছে, প্রায় ১,৩০০ টিউবওয়েল কাজ করছে। ২০০/২৫০টি পড়ে থাকতে পারে তাও প্রতিদিন একটা ক'রে নতুন টিউবওয়েল কাজে আসছে। দ্বিতীয় কথা হচ্ছে জল দেবার ব্যাপারে চ্যানেল করতে পারলে যা পাইপলাইন যেখানে আমরা বসাতে পেরেছি এবং চেষ্টা করছি বসাবার জন্য, সেখানে আমরা আরও বেশি জমিতে জল দিবার ব্যবস্থা করতে পারবো।

### কলিকাতাস্থ সেচ ও জলপথ দপ্তরের দখলীভুক্ত জমির লীজ

***766.** (Admitted question No. *1061.)

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮, ১৯৬৮-৬৯, সালে কলিকাতা মহানগরীর অভ্যন্তরস্থ সেচ ও জলপথ দপ্তরের দখলভুক্ত কোন জমি কাহাকেও লীজ দেওয়া হইয়াছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কোন্ কোন্ জমি (১) কাহাকে কাহাকে, (২) কি পরিমাণ জমি এবং (৩) কতদিনের জন্য ও কত মূল্যে লীজ দেওয়া হইয়াছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) না।

(খ) (১), (২), (৩) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** খাস কলকাতা শহরে আপনার দপ্তর থেকে দেড় টাকা বিঘাতে বেশ কয়েক বিঘা জমি ১৯নং সাউথ শিয়ালদহ রোড, যেখানে অক্ষয়কুমার দে বাড়ী করেছেন এবং ৫৯নং মণ্ডল কংগ্রেস-এর অফিস, সেখানে দেড় টাকা বিঘাতে আপনার দপ্তর অক্ষয়বাবুকে লিজ দিয়েছিলেন, এটা কি আপনি জানেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮, এবং ১৯৬৮-৬৯ সালে কলকাতা মহানগরীর অভ্যন্তরস্থ সেচ ও জলকর দপ্তরের দখলীভুক্ত কোন জমি কাহাকেও লিজ দেওয়া হয়েছে কিনা, এটাই তো আপনার প্রশ্ন ছিল। গত তিন বছরে কোন লিজ দেওয়া হয়নি, এটুকু তথ্য আমি সংগ্রহ করতে পেরেছি। তার পূর্বে কে কাকে লিজ দিয়েছিল আপনি সংবাদ দিন আমি নিশ্চয়ই খবর নেবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আপনি দয়া ক'রে তদন্ত ক'রে দেখবেন কি যে, এই দপ্তর থেকে খাস কলকাতা শহরে দেড় টাকা বিঘায় জমি অক্ষয়কুমার দে-কে, ওদের দালাল, সেখানে মণ্ডল কংগ্রেস অফিস আছে ৫৯নং, ১৯নং সাউথ শিয়ালদহ রোড, কে দিয়েছিলেন এবং কেন দিয়েছিলেন—সেটা তদন্ত ক'রে দেখবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় সদস্যকে অনুরোধ করবো উনি যদি একটু ডিটেলস্ লিখে দেন, আমি নিশ্চয়ই তদন্ত করবো এবং তার ফলাফল ও'কে জানাবো।

**নদীয়া জেলার ট্যাংরা খাল সংস্কার**

***767.** (Admitted question No. *1965.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট ২নং ব্লক ও হাঁসখালি ব্লকের মধ্য দিয়ে প্রবাহিত ট্যাংরা খাল সংস্কারের জন্য সরকার কোন অর্থ মঞ্জুর করিয়াছিলেন কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, কত টাকা মঞ্জুর হইয়াছিল;

(গ) এ পর্যন্ত কোন টাকা ব্যয়িত হইয়াছে কিনা;

(ঘ) না হইয়া থাকিলে উহার কারণ কি; এবং

(ঙ) উক্ত ট্যাংরা খাল সংস্কারের পরিকল্পনা কতদিনের মধ্যে সমাপ্ত হইতে পারে?

[1-40—1-50 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) না।

(খ), (গ), (ঘ) ও (ঙ) এই প্রশ্ন বর্তমানে উঠে না।

**সিজবেড়িয়া আবাদী খাল সংস্কার**

***768.** (Admitted question No. *2033.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** সেচ ও রলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উলুবেড়িয়া ২নং ব্লকে গগলভাই জুট মিলের পার্শ্বে প্রবাহিত সিজবেড়িয়া আবাদী খাল সংস্কারের জন্য গত ১৯৫৫ সালে একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছিল; এবং

(খ) ইহা সত্য হইলে, সরকার কি জানাইবেন কত টাকার প্রকল্প প্রস্তুত করা হইয়াছিল?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) হ্যাঁ, ১৯৫৭ সালে।

(খ) ১৬,৭৩০ টাকা মূল্যের প্রকল্প প্রস্তুত করা হইয়াছিল।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** এই যে ১৬,৭৩০ টাকার প্রকল্প তৈরি করা হয়েছিল মন্ত্রিমহাশয় জানাবেন কি এই প্রকল্পটি কেন কার্যকর করা হয় নি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** স্কীমগুলি ন্যাচারালি মডিফায়েড করার দরকার হয়েছিল এবং মডিফায়েড করা হচ্ছে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** তাহলে কি বর্তমান বছরে এই প্রকল্পটি কার্যকর করা হবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** সেটা টাকার দিকটিক সব বিবেচনা ক'রে তারপর বলা যাবে।

**বাবলা গাছের চাষ**

***769.** (Admitted question No. *2069.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বেলডাঙ্গা, পলাশী এবং রামনগরের নিকটবর্তী নদীয়া এবং মুর্শিদাবাদ উভয় জেলার মধ্যে অবস্থিত গঙ্গা গর্ভে চর সৃষ্টি করিয়া বাবলা গাছের আবাদ করা হইয়াছে:

(খ) অবগত থাকিলে, কোন্ সংস্থা এই চর সৃষ্টি করিয়াছে এবং কোন্ দলিল মূলে এই চর সৃষ্টি করিয়াছে; এবং

(গ) এই চর সৃষ্টির ফলে গংগা প্রবাহ বাধা প্রাপ্ত হইতেছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) ও (খ) মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা থানার অন্তর্গত রামনগরের নিকটবর্তী চর মহম্মদপুর মৌজায় ভাগীরথী নদীগর্ভে বহু বৎসর পূর্বে প্রাকৃতিক নিয়মেই চর সৃষ্টি হয়েছে। কোন সংস্থা কর্তৃক এই চর সৃষ্টি হয় নাই। সুতরাং কোন দলিল মূলে চর সৃষ্টি করার প্রশ্ন উঠে না।

কিছু পরিমাণ চর জমিতে ইক্ষু চাষ আছে এবং কিছু পরিমাণ জমিতে গাছগাছড়া স্বাভাবিক ভাবেই হয়েছে। বাবলা গাছের আবাদ করার বিষয় সরকার অবগত নহেন। ইহা ছাড়া বেলডাঙ্গা ও পলাশীর নিকটবর্তী স্থানে নদীগর্ভে অন্য কোন চর সৃষ্টি হওয়ার বিষয় সরকার অবগত নহেন।

(গ) হ্যাঁ।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** বাবলা গাছের বীজ কেউ কি ছিটিয়ে দিয়েছিল?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমি সাধারণতঃ গাছ চাষ করি না। অনেক সময় জলে বীজ ভেসে আসে, বা কাকে ফেলে দেয়, আবার অনেক সময় মানুষও ছড়িয়ে দেয়।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আপনি বলেছেন, আখের চাষ হয়েছে, কিন্তু কোন কোম্পানী এই আখের চাষ করেছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** রামনগর সুগার মিল। এই চরটি ১৯২৩ সালের পূর্বে ন্যাচারাল প্রসেসে তৈরি হয়েছিল। ১৯২৩-২৬ সালের সেটেলমেন্টে দেখা যায় যে, এর টেনেন্ট হচ্ছে রামনগর সুগার অ্যান্ড কেন কোম্পানী। এটা প্রেজেন্ট সেটেলমেন্টেও দেখা যায়। এর এরিয়া হচ্ছে ৩২১·৮ একর এবং এটাতে লোকজন বাস করে। বাবলা গাছের ব্যাপার আমার জানা নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমি গংগাগর্ভের চরের কথা বলছি। এই কোম্পানী বহু বাবলা গাছের বীজ ছিটিয়ে দিয়ে বহু চর একোয়ার করেছিল। এটা সম্বন্ধে মন্ত্রিমহাশয় অনুসন্ধান করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমি নিশ্চয় তদন্ত করব। আমি আপনার সহযোগিতা চাই। আরও একটু বিস্তৃতভাবে যদি খবর দেন, তাহলে তদন্ত করতে সুবিধা হবে।

### লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীরস্থ বাঁধ

***770.** (Admitted question No. *2093.)

**ডঃ রাধানাথ চট্টরাজঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) বীরভূম জেলার লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীর বরাবর সেচ বিভাগ হইতে একটি বাঁধ দেওয়া হইয়াছে,

(২) এই বাঁধ দেওয়ার ফলে কুয়ে নদীর দক্ষিণ তীরে অবস্থিত কানা নদী দিয়া কুয়ে নদীর জল বন্যার সময় মিলিয়া যাইতে পারিতেছে না, এবং

(৩) সে কারণে প্রতি বৎসর কুয়ে নদীর নিম্ন অংশে জলের চাপ বৃদ্ধি হইয়া গ্রাম ও মাঠের ফসল ক্ষতিগ্রস্ত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, বছরের পর বছর এই ক্ষতি দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ** স্যার, আমি খুব দুঃখিত যে, এ'র প্রশ্ন এত দেরীতে পাওয়া গেছে যে উত্তর এখনও পাওয়া যায় নি। আমি পরে এ'র উত্তর দেব। স্যার, আমি একটা কথা আপনাকে বলতে চাই। আমরা অনেক সময় অনেক অসুবিধায় পড়ি। কারণ, বহু সময় প্রশ্ন পেতে আমাদের দেরি হয়। এমনও হয় যে, কোনটা আগে হবে, আর কোনটা পরে হবে, আমাদের জানা থাকে না। ফলে পরেরগুলি আগে তৈরি ক'রে আমার কাছে হাজির করে, যেগুলি হয়তো আসবে না। আর আগের গুলি পরে এসে যেগুলির উত্তর আমি দিতে পারছি না।

**Mr. Speaker:** This question is held over.

### Cold Storages in West Bengal

***771.** (Admitted question No. *2119.) **Shri Mohamed Abdul Latif:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the number of Cold Storages working in West Bengal; and

(b) the Bengali and non-Bengali-wise distribution of ownership thereof?

**Dr. Kanailal Bhattacharya:** (a) Out of 140 cold storages in West Bengal, 131 cold storages are working.

(b) Distribution of ownership of 131 working cold storages is as follows:—

| | |
|---|---|
| (i) Bengali ... ... ... | 37 |
| (ii) Non-Bengali ... ... | 33 |
| (iii) Limited Company ... ... | 54 |
| (iv) Co-operative ... ... | 5 |
| (v) West Bengal State Warehousing Corporation ... ... ... | 1 |
| (vi) State Government ... ... | 1 |
| Total ... | 131 |

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, আমাদের কোল্ড স্টোরেজ-এর যা প্রয়োজন এবং বর্তমানে যা আছে, তা কি আমাদের প্রয়োজন যোগ্য বা প্রয়োজনের সমান?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** প্রয়োজনের তুলনায় কোল্ড স্টোরেজ যা আছে—অন্ততঃ আলুর জন্য সেটা যদি ইভেনলি ডিস্ট্রিবিউটেড হয়, তাহলে হয়ে যেতো। কিন্তু ইভেনলি ডিস্ট্রিবিউটেড নয়। কতকগুলি ডিস্ট্রিক্টে কনসেনট্রেটেড। সেজন্য প্রয়োজনের তুলনায় কোন ডিস্ট্রিক্টে বেশী, কোন ডিস্ট্রিক্টে কম।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে ১৩১টি কোল্ড স্টোরেজ আছে যেটা এখানে ওয়ার্কিং করছে, তাদের টোটাল ক্যাপাসিটি কত?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** সেটা বলতে হ'লে নোটিস চাই।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বর্তমানে যে নিয়মে কোল্ড স্টোরেজ-এ জিনিসপত্র রাখা হয় তাতে যারা জিনিসপত্র রাখেন—বিশেষ ক'রে আলু চাষী, তার যে আলু রাখে সেটাতে তাদের স্বার্থ রক্ষা হয় না, যেমন উদাহরণ দিচ্ছি—সিঙ্গুরে

১৯৬৮ সালে যে ঘটনা ঘটেছিল। সুতরাং সরকার কি কোন চিন্তা করছেন যে, আলু চাষী, যারা কোল্ড স্টোরেজ-এ আলু রাখে তাদের স্বার্থ রক্ষার জন্য তিনি কোন আইন প্রণয়ন করছেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য বোধ হয় জানেন না যে, আমাদের কোল্ড স্টোরেজ অ্যাক্ট, নূতন কোল্ড স্টোরেজ আইন ১লা মে থেকে চালু করা হয়েছে এবং সেই আইনের বিভিন্ন ধারায় চাষীর স্বার্থ সংরক্ষিত হচ্ছে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যদি আগুন বা অন্য কোন কারণে আলুচাষীর আলু নষ্ট হয়ে যায় তাহলে চাষীকে ক্ষতিপূরণ দেবার কি ব্যবস্থা করা হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** ক্ষতিপূরণের ধারা ঐ আইনের মধ্যে আছে।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কি জানেন, এই যে কোল্ড স্টোরেজগুলি যেসব বড় বড় ব্যবসায়ীরা এবং লিমিটেড কোম্পানী এগুলির তারা এত ভাড়া নিচ্ছে যে ভাড়ার তুলনায় অনেক কম ভাড়াতে এই কৃষিজাত পণ্য বা ফসল গরিবদের এটা রাখা যেতে পারতো এবং এই ভাড়া নেওয়া সত্ত্বেও ওরা খুব যত্নসহকারে এগুলি রক্ষণাবেক্ষণ করে না। আপনার যে আইন মে মাস থেকে চালু হয়েছে যা আপনি বললেন, তাতে কি এই রকম কোন ব্যবস্থা আছে যে, কোল্ড স্টোরেজগুলি রক্ষণাবেক্ষণ করছে কিনা, সেটা দেখার জন্য মাঝে মাঝে ইনস্পেকসন করবার ব্যবস্থা আছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আইনের মধ্যে বন্দোবস্ত আছে। এবং আইনটা চালু করা হয়েছে। চালু করে যদি দেখতে পাওয়া যায় যে আরো কন্ট্রোল বা আরো বেশি নিয়ন্ত্রণের প্রয়োজন, তাহলে আইন সংশোধন করে সেই বন্দোবস্ত করা হবে।

[1-50—2 p.m.]

**শ্রীতরুণচন্দ্র সেনগুপ্ত:** মন্ত্রিমহাশয় কি বলবেন, এই কোল্ড স্টোরেজ-এর মালিকদের মধ্যে প্রাক্তন কংগ্রেসের কোন মন্ত্রী বা তাঁদের আত্মীয় স্বজন কি আছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** তা আমি বলতে পারব না।

**শ্রীনিরঞ্জন ভদ্র:** মন্ত্রিমহাশয় বললেন, এই কোল্ড স্টোরেজগুলি প্রত্যেক জেলায় ইভেনলি ডিস্ট্রিবিউট করা হয় নি—উনি কি বলবেন, বাঁকুড়া জেলায় একটা কোল্ড স্টোরেজ তৈরি করবার কোন পরিকল্পনা আছে কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সরকারের কোন পরিকল্পনা নেই। তবে কোন প্রাইভেট কনসার্ন যদি করে, তাহলে সরকার থেকে তাদের লাইসেন্স দেওয়া হবে।

**শ্রীসরল দেব:** কৃষি মন্ত্রী কি জানাবেন যে, এই হাউসের প্রাক্তন কংগ্রেসীদের রিওয়ার্ড হিসাবে বহু কোল্ড স্টোরেজ হয়েছিল-এর সম্বন্ধে একটা তদন্ত কমিটি করবেন কি ঐ চোরগুলিকে ধরবার জন্য?

**মিঃ স্পীকার:** এই রকম সাপ্লিমেন্টারি কন্ট্রোল করা দরকার। এই কোয়েশ্চেন থেকে এই সাপ্লিমেন্টারি কোন আইনে হয়?

**শ্রীযামিনীভূষণ সাহা:** এই যে, ১৩১টি কোল্ড স্টোরেজ চালু আছে বললেন—বাকিগুলি কেন বন্ধ আছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** তা বলতে পারি না। তবে এটুকু বলতে পারি যে, গভর্নমেন্টের তিনটি বন্ধ আছে, আর বাদবাকি ছয়টা, সেটা প্রাইভেট কোম্পানীর।

**শ্রীগোবর্ধন দিগ্‌গল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি ২৪-পরগনার কাকদ্বীপে যে কোল্ড স্টোরেজ সরকার থেকে হওয়ার কথা আছে সেটা কতদিনে হবে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এরকম কোন কথা নেই।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কলকাতার মধ্যে আদৌ কোন কোল্ড স্টোরেজ আছে কিনা এবং যদি থাকে ক'টা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সেই রিপোর্ট আমার এখানে নেই। তবে আমার যতদূর মনে হয় দু'টা আছে--একটা শিয়ালদহে, আর একটা ব্রুকলিন কোল্ড স্টোরেজ।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** সেগুলি ব্যক্তিগত না সরকারের?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** কলকাতায় সরকারের একটা ব্রুকলিন।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মন্ত্রিমহাশয় বললেন যে, মে মাস থেকে কোল্ড স্টোরেজ রেগুলেসন অ্যাক্ট চালু হয়েছে--আমি জিজ্ঞাসা করছি যে, কোল্ড স্টোরেজ রেগুলেসন সম্পর্কিত কেন্দ্রীয় সরকারের একটা রেগুলেসন আছে এবং রাজ্য সরকারেরও একটা আছে। আমি জানতে চাচ্ছি যে, কেন্দ্রীয় সরকারের রেগুলেসন এবং রাজ্যসরকারের রেগুলেসন গভর্নিং অর কভারিং দি সেম ফিল্ড--দুটো কি একই সঙ্গে প্রযোজ্য?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** কেন্দ্রীয় সরকারের অর্ডার যেটা ছিল আমরা যেদিন থেকে এটা করেছি, তারা সেদিন থেকে সেটা উইথড্র করেছেন।

**শ্রীঅনিল মুখার্জি:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ১৩১টা কোল্ড স্টোরেজের কথা বললেন সেই কোল্ড স্টোরেজের ভেতর দেখা গেল ইভেন্‌লি ডিস্ট্রিবিউটেড হয়েছে অর্থাৎ কোন জায়গায় অনেক হয়েছে, কোন জায়গায় হয় নি--এর কারণ কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** হাউ ক্যান আই সে দ্যাট?

**শ্রীকৃপাসিন্ধু সা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গের রাজনৈতিক ফসল কংগ্রেস তাঁদের ৫৫ জন-এ এসে ঠেকেছেন--তাঁদের জন্য কোল্ড স্টোরেজের কোন ব্যবস্থা করবেন কি যাতে ভবিষ্যতে তাঁরা ৫৫ জন থেকে কমে না যান?

(নো রিপ্লাই।)

**শ্রীমোকসেদ আলী:** মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে, পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনায় একটিমাত্র কোল্ড স্টোরেজ আছে--আমি জানতে চাচ্ছি সরকারের পরিচালনায় বাংলাদেশে আর কোন কোল্ড স্টোরেজ খোলা হবে কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সরকারী পরিচালনায় একটিমাত্র কোল্ড স্টোরেজ চালু আছে। সরকারী পরিচালনায় চারটি কোল্ড স্টোরেজ-এর মধ্যে তিনটি বন্ধ আছে এবং সরকারী পরিচালনায় আর কোন কোল্ড স্টোরেজ খোলা হবে না, এটা সরকারী নীতি।

**শ্রীমোকসেদ আলী:** এই তিনটি বন্ধ থাকার কারণ কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** তিনটি যে বন্ধ আছে তার কারণ হচ্ছে একটা নূতন হয়েছে এখনও রিওপেন করা হয় নি--এটা হচ্ছে গড়বেতা। আর একটা সিঙ্গুরে "পদ্মা"--যেটা রিসেন্টলি অ্যাকোয়ার করা হয়েছে। কিন্তু এখন সেটা ব্যবহার করার প্রয়োজন গভর্নমেন্ট অনুভব করছেন না। আর তৃতীয়টা বন্ধ আছে।

**শ্রীপান্নালাল মাঝি:** অনেক ধনী লোক কোল্ড স্টোরেজ করার জন্য গভর্নমেন্টের কাছ থেকে প্রচুর টাকা ধার নিয়েছে। এখন যে কোল্ড স্টোরেজ আছে তার মধ্যে গভর্নমেন্টের কাছ থেকে ধার নিয়ে কতগুলি কোল্ড স্টোরেজ হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য**ঃ নোটিস চাই।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার**ঃ পদ্মা কোল্ড স্টোরেজ সম্বন্ধে বহু কেলেঙ্কারীর ব্যাপার আছে। সেসব অনুসন্ধান করবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য**ঃ সে সম্বন্ধে অনুসন্ধান করার জন্য একটা তদন্ত কমিটি ক'রে তার কাছে সব কাগজপত্র পাঠিয়ে দেওয়া হয়েছে।

### নওদা থানায় গভীর নলকূপ

*772. (Admitted question No. *2121.)

**শ্রী এম, ডি, নাসিরুদ্দিন খান**ঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নওদা থানায় এ পর্যন্ত সেচ পরিকল্পনার অধীন কতগুলি বিদ্যুৎ চালিত গভীর নলকূপ বসান হইয়াছে;

(খ) কোন্ কোন্ মৌজায় কতগুলি বসান হইয়াছে ;

(গ) আরও নূতন বসাইবার পরিকল্পনা রহিয়াছে কিনা; এবং

(ঘ) যদি "গ" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে কোন্‌কোন্ মৌজায় বসান হইবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি**ঃ (ক) ১৮টি।

(খ) মৌজা ভিত্তিক একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) বর্তমানে নাই।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীখান নাসিরুদ্দিন**ঃ নওদা থানায় গভীর নলকূপগুলি কি সব চালু রয়েছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি**ঃ হ্যাঁ।

**শ্রীখান নাসিরুদ্দিন**ঃ একটা গভীর নলকূপ বসাতে সরকারের কত টাকা খরচ হয়?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি**ঃ দেড় লক্ষ টাকা।

**শ্রীখান নাসিরুদ্দিন**ঃ যেসব জমিতে গভীর নলকূপ দ্বারা সেচ করিয়া উপর্যুপরি কয়েক বৎসর চাষাবাদ করা হচ্ছে সেসব জমির কোয়ালিটি চেঞ্জ হয়ে চাষের অযোগ্য হয়ে যাচ্ছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি**ঃ এসব কথা আমরা শুনেছি। সেজন্য সয়েল কেমিস্ট দিয়ে ওগুলি পরীক্ষা করছি।

### পিয়ালীতে অবস্থিত সেচ বিভাগের পতিত জমি

*773. (Admitted question No. *2153.)

**শ্রীনিরঞ্জন মুখার্জি**ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টালিগঞ্জের রেলব্রীজের পার্শ্ববর্তী কলোনী হইতে অপসারিত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য পিয়ালীতে সেচ বিভাগের একটি পতিত জমি চাহিয়া উদ্বাস্তু পুনর্বাসন দপ্তর হইতে কোন প্রস্তাব করা হইয়াছে কি; এবং

(খ) যদি হইয়া থাকে তবে বর্তমান উহা কি অবস্থায় আছে?

[2—2-10 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) এই জমি ভবিষ্যতে সেচ ও জলপথ বিভাগের কাজের জন্য প্রয়োজন হইতে পারে। সেজন্য উহা এখন উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ছাড়িয়া দেওয়া সম্ভব না হইতে পারে। পুনরায় তদন্ত করিয়া রিপোর্ট দেওয়ার জন্য চীফ ইঞ্জিনীয়ারকে আবেদন দেওয়া হইয়াছে।

**শ্রীনিরঞ্জন মুখার্জি:** এই জমি উদ্বাস্তু পুনর্বাসনের জন্য দেওয়া যেতে পারে ব'লে ভারপ্রাপ্ত অফিসার কি কোন সুপারিশ করেছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** কোন ভরপ্রাপ্ত অফিসার সুপারিশ করে নি।

**Mr. Speaker:** Questions over.

## STARRED QUESTIONS
## (to which answers were laid on the Table)

### মালদহ জেলার গভীর নলকূপ

***774.** (Admitted question No. *2166.)

**শ্রীশ্যামসুদ্দিন আহমেদ:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় মোট কয়টি গভীর নলকূপ বসান হইয়াছে ; এবং

(খ) ওগুলি কোন্ কোন্ ব্লকে অবস্থিত?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ৮২টি।

(খ)

| ব্লকের নাম | নলকূপসংখ্যা |
|---|---|
| মালদা | ৩ |
| ওল্ড মালদা | ১৪ |
| কালীয়াচক | ৩৬ |
| ইংলিশবাজার | ২১ |
| মানিকচক্ | ৮ |
| মোট:— | ৮২ |

### মেদিনীপুর জেলার দাঁতন ও মোহনপুর থানার জলসেচ ব্যবস্থা

***775.** (Admitted question No. *2176.)

**শ্রীদেবেন্দ্রনাথ দাস:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার দাঁতন থানার ও মোহনপুর থানার চাষের জন্য জলসেচের কোন ব্যবস্থা আছে কি ; এবং

(খ) সুবর্ণরেখানদী হইতে খাল কাটাইয়া সরলঙ্কা দীঘির সঙ্গে যোগ করার প্রারম্ভিক ইরিগেশন-এর ব্যবস্থার জন্য ১৯৬৭ সালে ইঞ্জিনীয়ার পাঠান হইয়াছিল তাহার কোন ব্যবস্থা হইতেছে কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) মেদিনীপুর জেলার দাঁতন থানা ও মোহনপুর থানায় চাষের জন্য জলসেচের কোন ব্যবস্থা আপাততঃ সেচ ও জলপথ বিভাগের নাই; কারণ এই এলাকা সুবর্ণরেখা নদীর বন্যা-পীড়িত এলাকা। এইরূপ এলাকায় বন্যা প্রতিরোধ ব্যবস্থা না করা পর্যন্ত সেচ ব্যবস্থা করা সম্ভব নহে। কিন্তু দাঁতন থানা এলাকায় সেচ কার্যের জন্য কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের দু'টি নদী সেচ প্রকল্প এবং একটি গভীর নলকূপ প্রকল্প চালু আছে। মোহনপুর থানা এলাকায় অবশ্য এইরূপ কোন প্রকল্প নাই।

(খ) সুবর্ণরেখা নদী হইতে খাল কাটাইয়া সয়লঙ্কা দীঘির সংগে যোগ করার প্রারম্ভিক অনুসন্ধান কার্য এখনও শেষ হয় নাই। ঐ অনুসন্ধান কার্য শেষ না হওয়া পর্যন্ত এ বিষয়ে কোন ব্যবস্থা করা হইবে কিনা তাহা বলা সম্ভব নয়।

**কেশপুর থানার সরকারে ন্যস্ত জমি**

***776.** (Admitted question No. *2210.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডরঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার কেশপুর থানার কত বিঘা জমি সরকারে ন্যস্ত;

(খ) সরকার ঐ সমস্ত জমি বন্দোবস্ত দিয়াছেন কিনা এবং দিয়া থাকিলে তাহার পরিমাণ কত;

(গ) উক্ত থানায় কোন বেনামী জমি ধরা পড়িয়াছে কিনা এবং পড়িলে তাহার পরিমাণ কত; এবং

(ঘ) উক্ত ধৃত বেনামী জমি বিলি বন্দোবস্ত হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৬,৯৮৬ একর অর্থাৎ ২১,১৩৩ বিঘা।

(খ) হ্যাঁ। ৪,২৮০ একর।

(গ) হ্যাঁ। ২৫২ একর।

(ঘ) বেনামী জমির মধ্যে এখন পর্যন্ত ৫০ একর জমির দখল লইয়া বিলিবন্দোবস্ত করা হইয়াছে।

**মালিওর বাঁধ কাটার ব্যবস্থা**

***779.** (Admitted question No. *2276.)

**মহঃ গফুরুর রহমানঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে বর্তমান সরকার মালদহ জেলার মালিওর বাঁধ কাটার ব্যবস্থা করিতেছেন: এবং

(খ) সত্য হইলে, কি কারণে এই বাঁধ কাটা হইতেছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) মালিওর বাঁধ উপদেষ্টা কমিটির সুপারিশ ও সাধারণ জনমত বিবেচনা করিয়া সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

### Galsi River Research Station in Burdwan district

***780.** (Admitted question No. *2279.) **Shri Phakir Chandra Roy:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that all the plots of land acquired for the River Research Station at Galsi in the district of Burdwan are no longer necessary for the purposes of the Galsi River Research Station; and

(b) if so, the acreage of the surplus land and if the surplus land is available for any other public purpose?

**The Minister for Irrigation and Waterways:** (a) No.

(b) Does not arise.

### ইক্ষু উৎপাদন

***782.** (Admitted question No. *2243.)

**শ্রীবিশ্বনাথ দাশ ঘোষঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বৎসরে গড়ে কি পরিমাণ ইক্ষু উৎপন্ন হয় ; এবং

(খ) ঐ উৎপন্ন ইক্ষু দ্বারা সরকারী নিয়ন্ত্রনে একটি চিনির কল চালানো সম্ভব কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ১৫,১৫,৫৮০ টোন।

(খ) হ্যাঁ।

### মুর্শিদাবাদ জেলায় ভাগীরথীর ভাঙ্গন

***783.** (Admitted question No. *83.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী তীরে অরাঙ্গাবাদ শহর যাহা ভারতে বিড়ি শিল্পের জন্য বিখ্যাত তাহা ভাগীরথীর ভাঙ্গনে ধ্বংস হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) ভাঙ্গন প্রতিরোধ কল্পে প্রকল্প প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় অনুসন্ধান ও তথ্যাদি সংগ্রহের কাজ গ্রহণ করা হইতেছে এবং ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের নিকট অর্থ সাহায্য চাওয়া হইয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় ফেরীঘাট

***785.** (Admitted question No. *2252.)

**শ্রীআজিজুর রহমানঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কয়টি ফেরীঘাট আছে ; এবং

(খ) ঐসমস্ত ফেরীঘাটগুলি কোন্ কোন্ বিভাগ হইতে বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ২৫৫ টি।

(খ) নিম্নে লিখিত বিভাগ হইতে ফেরীঘাট গুলির বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে—

| | | |
|---|---|---|
| ১। পি ডব্লিউ ডি (রোডস্) | ... | ১ টি |
| ২। বিভিন্ন মিউনিসিপালিটি | ... | ৩ টি |
| ৩। জিলা পরিষদ | ... | ২৭ টি |
| ৪। জমিদারী গ্রহণ বিভাগ | ... | ২২৪ টি |
| | মোট ঃ— | ২৫৫ টি |

**উলুবেড়িয়া শহরে খালের ধারে বসবাসকারী ব্যক্তিদের উপর উচ্ছেদের নোটিস**

***786.** (Admitted question No. *2345.)

**শ্রীবিশ্বনাথ দাশ ঘোষঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন **কি** উলুবেড়িয়া শহরে খালের ধারে বসবাসকারী ব্যক্তিদের উপর যে উচ্ছেদ নোটিস জারী **করা** হইয়াছে তাহা পার্মানেন্টলি উইথড্র করার প্রস্তাব সরকারের আছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

যে ক্ষেত্রে জমির পুরাতন দখলকার ঐ জমি ইজারা লইবার জন্য নূতন চুক্তি করিবেন সে ক্ষেত্রে উচ্ছেদের নোটিশ প্রত্যাহার করা হইবে। সরকারের উদ্দেশ্য পুরাতন বসবাসকারী দখলকারদের সংগে নিয়ম অনুসারে ইজারা লওয়ার দলিল সম্পাদন।

**ডুমনীদহ বিল**

***787.** (Admitted question No. *121.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বেলডাংগা থানায় ডুমনীদহ বিলটি সরকার গ্রহণ করিয়া সেচ ও মৎস্য চাষের উপযোগী করার জন্য ব্যবস্থা করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে কতদিনের মধ্যে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) বিলটি গ্রহণ করিয়া সেচ ও মৎস্যচাষের উপযোগী করার কোন প্রস্তাব সরকারের বর্তমানে নাই।

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

**গ্রামসেবকদের কাজের জন্য দেওয়া সরকারী মালপত্র রাখার সুষ্ঠু ব্যবস্থা**

***788.** (Admitted question No. *2273.)

**শ্রীআজিজুর রহমানঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের সমষ্টি-উন্নয়ন ব্লকের গ্রামসেবকদিগের নিকট যেসব সরকারী মালপত্র দেওয়া হয় তাহা যাহাতে তাঁহারা নিরাপদ জায়গায় রাখিতে পারেন তাহার কোন ব্যবস্থা আছে কিনা?

***The Minister for Agriculture and Community Development:***

সরকারের সাম্প্রতিক সিদ্ধান্ত অনুযায়ী পশ্চিমবঙ্গের সমষ্টি উন্নয়ন ব্লকের গ্রামসেবকদিগের নিকট কৃষি উৎপাদনসমূহের (অ্যাগ্রিকালচারাল ইনপুটস্‌) মজুতকরণ পদ্ধতি বন্ধ করা হইয়াছে। সুতরাং কৃষি উৎপাদনসমূহের নিরাপদ স্থানে মজুতকরণের প্রশ্ন উঠে না।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

**উদ্বাস্তু পরিবারদের কৃষিঋণ**

**578.** (Admitted question No. 172.)

**শ্রীসনৎকুমার রাহা:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উদ্বাস্তু পরিবার যাহাদের কৃষি জমি দেওয়া হইয়াছে অথচ অদ্যাবধি স্বত্ব দেওয়া হয় নাই, তাহাদের ক্ষেত্রে কৃষিঋণাদি দেওয়া হয় কি না?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

হ্যাঁ, দেওয়া হয়।

**মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের জন্য বাড়ি**

**579.** (Admitted question No. 1913.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের বাড়ি কবে নির্মিত হয় এবং কত টাকা ব্যয় হয়; এবং

(খ) এই বাড়ি নির্মাণের জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ ছিল?

**The Minister for Education:**

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃপক্ষ ৩-৪-৬৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডের সভায় মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের বাড়ি নির্মাণের নক্সা মঞ্জুর করেন এবং ১.৫৯.১৫০ টাকা বাড়িটি নির্মাণে ব্যয় হয়।

(খ) সরকার কর্তৃক অনুমোদিত বোর্ড বাজেটে বোর্ডের বাড়ির জন্য কোনও অর্থ বরাদ্দ ছিল না। মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃপক্ষ ৩-৪-৬৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডের সভায় উক্ত বাড়ি নির্মাণের জন্য ১,৭৩,৩২১ টাকা বরাদ্দ মঞ্জুর করেন।

**প্রাইমারি ও জুনিয়ার হাই স্কুলের জন্য সরকার প্রকাশিত বই**

**580.** (Admitted question No. 1803.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাইমারি বিদ্যালয় ও জুনিয়ার হাই স্কুল প্রভৃতির জন্য সরকার "কিশলয়" ও "পিকক রিডার" প্রভৃতি যে পুস্তক প্রকাশ করেন, তাহা কাহার মাধ্যমে বিক্রয় হয়;

(খ) ঐ বই কালোবাজারে বিক্রয় হয় এবং বেশি দামে নেওয়া হয় এইরকম অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা;

(গ) অবহিত থাকিলে, ছাত্র-ছাত্রীগণ যাঁহাতে এই বই সরকার নির্ধারিত দামে পায়, তাহার জন্য কোন উপযুক্ত ব্যবস্থা বর্তমান সরকার গ্রহণ করিতেছেন কি; এবং

(ঘ) যাহাদের মাধ্যমে ঐ বই বিক্রয় হয়, তাহাদের নিকট সাধারণত কোন্‌ মাসে পৌঁছায়?

***The Minister for Education:***

(ক) সরকার "কিশলয়" প্রভৃতি যেসকল পুস্তক প্রকাশ করেন, তাহা কলকাতা এবং হাওড়া শহরে সরকার নির্দিষ্ট পুস্তক বিক্রয়কেন্দ্রে এবং প্রতি জেলায় প্রধান শহরে অনুরূপ দুটি কেন্দ্র থেকে এবং পল্লী অঞ্চলে প্রত্যেক সার্কেলের বিদ্যালয় পরিদর্শকের অফিস থেকে বিক্রয় হয়। গত বৎসর থেকে কোন কোন জেলায় সমাজশিক্ষা সংগঠকদের অফিসে অতিরিক্ত কেন্দ্র খোলা হইয়াছে।

(খ) এই প্রকার অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন এবং শিক্ষাবিভাগ থেকে এই অভিযোগ দূরীকরণ সম্পর্কে যথাসম্ভব অবলম্বন করা হইতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) সাধারণত নভেম্বর মাস থেকে জানুয়ারির মাঝামাঝির মধ্যে বই পৌঁছাইবার ব্যবস্থা করা হইয়া থাকে। কখনও কখনও এই ব্যাপারে অতিরিক্ত দেরি হইয়াছে।

### বারাসাত শহরে বিনা লাইসেন্সে মদ বিক্রয়

**581.** (Admitted question No. 2309.)

**শ্রীসরল দেব:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা জেলার বারাসাত শহরের অনতিদূরে যশোর রোড ও কল্যাণী রোডের দুই ধারে অবস্থিত হোটেলগুলিতে বিনা লাইসেন্সে মদ বিক্রয় হয়; এবং

(খ) অবগত থাকিলে, এই সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Excise:**

(ক) হ্যাঁ, সরকার এ বিষয়ে অবগত আছেন।

(খ) স্থানীয় অবগারী বিভাগের কর্মচারীরা বিনা লাইসেন্সে মদ বিক্রয়জনিত অপরাধ করিবার ব্যাপারে সচেষ্টা আছেন। গত দুই বৎসরে যেসমস্ত কেস ধরা পড়িয়াছে তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### জলঢাকা বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা

**582.** (Admitted question No. 2322.)

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলাসহ উত্তরবঙ্গের একটি বিরাট অঞ্চলে জলঢাকা কেন্দ্র থেকে প্রতিদিন মাত্র তিনচার ঘণ্টার জন্য বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে, যার ফলে জনসাধারণ বিশেষ অসুবিধার সম্মুখীন হচ্ছেন;

(খ) সত্য হলে, ইহার কারণ কি এবং দীর্ঘ দু-তিন মাসের মধ্যে এই অব্যবস্থা দূর করা কেন সম্ভব হয় নি; এবং

(গ) কবে নাগাদ এই অবস্থার উন্নতি আশা করা যায়?

**The Minister for Commerce and Industries:**

(ক) ১০ই জুলাই, ১৯৬৯ সাল হইতে জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্র বন্ধ করিয়া দেওয়ায় উত্তরবঙ্গের তিনটি জেলায় উক্ত কেন্দ্র হইতে বিদ্যুৎ সরবরাহ বন্ধ আছে।

(খ) যে পরিস্থিতিতে জলঢাকা জলবিদ্যুৎ কেন্দ্র বন্ধ করিয়া দেওয়া হইয়াছে তাহা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের আয়ত্তের বাহিরে। ১৯৬৮ সালের অক্টোবর মাসের অভূতপূর্ব ধ্বস ও বন্যায় জলঢাকা সহ উত্তরবঙ্গের সমস্ত নদীর চেহারা পরিবর্তিত হয় এবং যে জায়গায় বিদ্যুৎকেন্দ্র ও অন্যান্য যন্ত্রাদি অবস্থিত তাহা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়। বাঁধ বরাবর রাস্তাটি ১৯৬৮ সালের অক্টোবরের বন্যায় নিশ্চিহ্ন হইয়া যাওয়ায় বাঁধটি সম্পূর্ণ করা যায় নাই। এ বছরের জুনের শুরুতে বন্যার ফলে "কফার ড্যাম"টি ভাসিয়া গিয়াছে। ইহার ফলে প্রতিবার বন্যার সাথে সাথেই বালি, পলি, পাথর এবং অন্যান্য আবর্জনা সুড়ঙ্গে প্রবেশ করে ও তাহা বন্ধ হইয়া যায়। ইহাতে জেনারেটরগুলি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। সেইজন্য বন্যা হইলেই প্রতিবার বিদ্যুৎ কেন্দ্রটি বন্ধ করিয়া মেরামতি ও পরিষ্কারের ব্যবস্থা করিবার পর বিদ্যুৎ কেন্দ্রটি পুনরায় চালু করা হয়। এই বছরের অভিজ্ঞতা হইতে দেখা যাইতেছে যে, যদি এই পদ্ধতি চলিতে থাকে, তবে জেনারেটার ও অন্যান্য যন্ত্রপাতি সম্পূর্ণভাবে বিনষ্ট হইবে। বিদ্যুৎ কেন্দ্রের ভবিষ্যৎ স্বার্থের কথা চিন্তা করিয়া বিদ্যুৎ কেন্দ্রটি এই বছরের বর্ষার বাকি সময় বন্ধ রাখাই শ্রেয় বিবেচিত হইতেছে।

(গ) কিছু কিছু স্বল্প ও দীর্ঘমেয়াদী ব্যবস্থা গ্রহণের কথা সরকার এখন বিবেচনা করিতেছেন এবং যত শীঘ্র সম্ভব জলঢাকা বিদ্যুৎ কেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ চালু করার প্রচেষ্টা চলিতেছে। যথাসময়ে তারিখ বিজ্ঞাপিত হইবে। প্রতি বৎসর বর্ষার সময় যাহাতে বর্তমান অসুবিধার পুনরাবৃত্তি না ঘটে তাহার জন্য ঐ কেন্দ্রের অনুপূরক হিসাবে বিকল্প উৎপাদন কেন্দ্র স্থাপনের কথাও বিবেচনা করা হইতেছে।

**Houses damaged by floods in Daspur Block I of Midnapore district**

**583.** (Admitted question No. 2236.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the total number with Anchal-wise break-up of houses damaged by the devastating floods of 1968 in Daspur Block I in the district of Midnapore;

(b) the total number with Anchal-wise break-up of applications received and recommended by the Block Development Officer, Daspur Block I, for (i) House building grant and (ii) House building loan for the affected persons of the area; and

(c) the total number with Anchal-wise break-up of persons receiving up to date the (i) House building grant and (ii) House building loan in the area?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(a)

| Name of Anchal | No. of houses damaged. |
|---|---|
| Anchal No. 1 | 295 |
| Anchal No. 2 | 196 |
| Anchal No. 3 | 2,200 |
| Anchal No. 4 | 2,650 |
| Anchal No. 5 | 19 |

(b)

| Name of Anchal. | No. of applications received and recommended by the B. D. O., Daspur Block I for— | |
|---|---|---|
| | (i) H. B. grant. | (ii) H. B. loan. |
| Anchal No. 1 | 235 | 18 |
| Anchal No. 2 | 147 | 21 |
| Anchal No. 3 | 878 | 829 |
| Anchal No. 4 | 1,078 | 840 |
| Anchal No. 5 | Nil | 13 |

(c)

| Name of Anchal. | No. of persons received up to date. | |
|---|---|---|
| | (i) H. B. grant. | (ii) H. B. loan. |
| Anchal No. 1 | 122 | 17 |
| Anchal No 2 | 84 | 16 |
| Anchal No 3 | 759 | 69 |
| Anchal No 4 | 744 | 129 |
| Anchal No 5 | Nil | 7 |

### Pension of teachers under District School Boards

**584.** (Admitted question No. 2338.) **Shri Saroj Roy:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the primary teachers serving under District School Boards and in aided primary schools are entitled to the benefit of pension on their retirement;

(b) if the answer to (a) be in the affirmative, what are the Government orders and the consequent rules in this respect; and

(c) if the answer to (b) be in the negative, the reasons thereof?

**The Minister for Education:** (a) Yes.

(b) Government in their order No. 485-Edn.(P), dated the 25th March, 1968, have sanctioned pension to the teachers serving under District School Boards and in aided primary schools with effect from 1st April, 1968. Detailed rules in this respect are under preparation.

(c) Does not arise.

**পশ্চিম বাংলার বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে ছাত্র-ছাত্রীর সংখ্যা**

**585.** (Admitted question No. 1101.)

**শ্রীমতী ইলা মিত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে কত ছাত্র পড়ে? এর মধ্যে ছাত্রীর সংখ্যা কত; এবং

(খ) গ্রামাঞ্চলে যেসমস্ত বিদ্যালয়ে সহ-শিক্ষা প্রবর্তিত আছে সেই সমস্ত বিদ্যালয়ে ৫ম শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত কত ছাত্রী পড়ে? এদের বেতন বাবদ সরকার মোট কত টাকা এ বিদ্যালয়গুলিকে গত আর্থিক বৎসরে অনুদান দিয়াছেন?

**The Minister for Education:**

(ক) গত ৩১এ ডিসেম্বর ১৯৬৫ খৃষ্টাব্দে পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে গ্রামাঞ্চলে ছাত্রের সংখ্যা ৬,৭৪,৮৪০ ও শহরাঞ্চলে ছাত্রের সংখ্যা ৪,৬৯,৮৬৩। এর মধ্যে ছাত্রীর সংখ্যা—গ্রামাঞ্চলে ১,৬৯,৯৫৮ এবং শহরাঞ্চলে ১,৮৬,৭৫৯।

(খ) ১৯৬৮-৬৯ খৃষ্টাব্দে গ্রামাঞ্চলে সহ-শিক্ষা সমন্বিত বিদ্যালয়ে ৫ম শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রীর সংখ্যা ১,৪৯,৩৬৪। এদের বেতন বাবদ সরকার গত আর্থিক বৎসরে (অর্থাৎ ১৯৬৮-৬৯ খৃষ্টাব্দে) বিদ্যালয়গুলিকে মোট ৬০,৮৫,৭১১ টাকা অনুদান দিয়াছেন।

**হাওড়া জেলায় গো-প্রজনন কেন্দ্র**

**586.** (Admitted question No. 1653.)

**শ্রীকালীপদ মন্ডল:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলায় কয়টি এবং কোথায় কোথায় ক্যাটল ব্রিডিং সেন্টার আছে?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

হাওড়া জেলায় কোন ক্যাটল ব্রিডিং সেন্টার নাই।

**নিম্নতম মজুরী দিবার বিধি পালন না করার অভিযোগ**

**587.** (Admitted question No. 1733.)

**শ্রীসনৎকুমার রাহা:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নতম মজুরী দিবার বিধি পালন করিতেছে না এইরূপ কারখানার মালিক কতজন; এবং

(খ) নিম্নলিখিত শিল্পে এইরূপ মালিকের সংখ্যা কত—

(ক) চা বাগান,

(খ) বিড়ি শিল্প, এবং

(গ) কৃষি খামার (ফার্ম)?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে জুন পর্যন্ত সময়ে মোট ২৩৮টি ক্ষেত্রে নিম্নতম মজুরী দিবার বিধি পালন করা হয় নাই, এইরূপ অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) (ক) কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(খ) ২২টি ক্ষেত্রে অভিযোগ পাওয়া গিয়াছে।

(গ) কোন অভিযোগ পাওয়া যায় নাই।

**উলুবেড়িয়া ২নং ব্লকের চক্‌কাশী ১নং উদ্বাস্তু কলোনীর বিদ্যালয় গৃহ**

**588.** (Admitted question No. 2012.)

**শ্রীকালীপদ মণ্ডল:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উলুবেড়িয়া ২নং ব্লকের চক্‌কাশী ১নং উদ্বাস্তু কলোনীর প্রাথমিক বিদ্যালয় গৃহ ভাঙ্গিয়া পড়িয়াছে;

(খ) ইহার উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত বিদ্যালয় গৃহ পুনঃ নির্মাণ করার জন্য সরকার কোনও ব্যবস্থা করিয়াছেন কি; এবং

(গ) ব্যবস্থা করিয়া থাকিলে, সেই কাজ কত দিনের মধ্যে আরম্ভ হইবে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) শিক্ষা দপ্তর চেঙ্গাইল ২নং জি এম এফ পি স্কুল, পোস্ট একৃকাশী, জেলা হাওড়া সম্বন্ধে এইরূপ সংবাদ পাইয়াছেন।

(খ) উক্ত দপ্তর জানাইয়াছেন যে, তাঁহারা প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করার চেষ্টা করিতেছেন।

(গ) অর্থ মঞ্জুর হইলে তাহারা কাজ আরম্ভ করিবেন।

**নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার**

**589.** (Admitted question No. 1835.)

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর ১০ই জুলাই পর্যন্ত বর্ধমান জেলায় নিবর্তনমূলক আটক আইনে কোন্ কোন্ থানায় কতজনকে আটক করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময় মধ্যে উহাদের কাহাকেও ছাড়া হলে তাদের নাম ও ঠিকানা কি?

**The Minister for Home (Special):**

(ক) ও (খ) এ সম্পর্কে দুইটি বিবরণী বিধানসভার লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**হাওড়া জেলার ডোমজুর ব্লকে অঞ্চল পরিষদ**

**590.** (Admitted question No. 2019.)

**শ্রীঅনাদি দাস:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় ডোমজুর ব্লকে শলপ অঞ্চলে অঞ্চল পরিষদ গঠিত হইয়াছে কিনা;

(খ) না হইয়া থাকিলে, কেন হয় নাই, এবং তার জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে, এবং

(গ) গঠিত হইয়া থাকিলে পরিষদের সভ্যদের নাম কি?

**The Minister for Panchayats:**

(ক) না।

(খ) আইন অনুযায়ী অঞ্চল পরিষদ বলিয়া কিছু নাই। ব্লক পর্যায়ে আঞ্চলিক পরিষদ আছে। অঞ্চলে গঠিত হয় অঞ্চল পঞ্চায়েত। শলাপ অঞ্চলে অঞ্চল পাঞ্চায়েত গঠিত হইবারই

কথা কিন্তু শালপ অঞ্চল পঞ্চায়েতের সীমানা নির্ধারণ সমাপ্ত হইবার পর নির্বাচন আরম্ভ করিলে দুইজন প্রার্থী তাহাদের মনোনয়ন এর বাতিলের বিরুদ্ধে মহাধর্মাধিকরণে মামলা দায়ের করেন। মহাধর্মাধিকরণের নির্দেশে ঐ মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নির্বাচন স্থগিত রাখা হয়। এই কারণে শালপ অঞ্চল পঞ্চায়েতটির প্রতিষ্ঠা বিলম্বিত হওয়ায় সরকারের অনুমোদনক্রমে হাওড়ার জেলাশাসক উক্ত অঞ্চল পঞ্চায়েতে প্রশাসক নিযুক্ত করেন। প্রশাসক নিযুক্ত হইবার পর বাঁকড়া ইউনিয়ন বোর্ডের প্রাক্তন সভাপতিকে নবনিযুক্ত প্রশাসকের নিকট তাঁহার কার্যভার বুঝাইয়া দিবার জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু ইউনিয়ন বোর্ডের প্রাক্তন সভাপতি কার্যভার হস্তান্তর করিবার পরিবর্তে মহাধর্মাধিকরণে মামলা দায়ের করেন। মহাধর্মাধিকরণ নিষেধাজ্ঞা জারী করিয়া প্রশাসককে তাহার কার্য হইতে বিরত থাকিতে নির্দেশ দেন এবং এই আদেশ পালিত হয়। মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অঞ্চল পঞ্চায়েত গঠন করার কোন ব্যবস্থা করা সম্ভব নহে।

(গ) প্রশ্ন উঠে না।

### অরাংগাবাদ ও ধুলিয়ানে বিড়ি কারখানা

**591.** (Admitted question No. 1729.)

**শ্রীসনৎকুমার রাহা:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অরাংগাবাদ ও ধুলিয়ানে লাইসেন্সপ্রাপ্ত বিড়ি কারখানা কয়টি;

(খ) এই সমস্ত কারখানায় শ্রমিক সংখ্যা ও কর্মচারী সংখ্যা কত;

(গ) এই সকল কারখানা প্রত্যহ মোট কত বিড়ি উৎপাদন করে; এবং

(ঘ) এই সকল কারখানা নিম্নতম মজুরী বিধি পালন করে কিনা?

**The Minister for Labour:**

(ক) অরংগাবাদে ২২টি এবং ধুলিয়ানে ২১টি।

(খ) অরংগাবাদে ও ধুলিয়ানে সরাসরিভাবে নিযুক্ত শ্রমিক সংখ্যা যথাক্রমে ২৩৭ এবং ১৭৫ জন। ইহা ছাড়া কন্ট্রাক্টরের মাধ্যমে বা অন্যভাবে নিযুক্ত শ্রমিক সংখ্যা যথাক্রমে ১৬.৮৩৭ এবং ১৩,২৯৬ জন।

(গ) অরংগাবাদ ও ধুলিয়ানে প্রত্যহ যথাক্রমে প্রায় ১,৩২,৪০,০০০ ও ১,০৫,৪০.০০০ বিড়ি উৎপাদন করা হয়।

(ঘ) সব ক্ষেত্রে নিম্নতম মজুরী বিধি পালন করা হয় না। সেইসব ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

### পশ্চিম দিনাজপুর জেলায় বাস্তুভিটা বন্টন ব্যবস্থা

**592.** (Admitted question No. 1604.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কুশমণ্ডি থানায় গ্রামওয়ারী কতজন ভূমিহীনকে বাস্তুভিটা দেওয়া হইয়াছে; এবং

(খ) এই ভূমি বণ্টনের কাজ কতদিন পর্যন্ত চলিবার আশা করা যায়?

**The Minister for Land and Land Revenue:**

(ক) কুশমণ্ডি থানায় কোন বাস্তুভিটা এখন পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হয় নাই।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

## বাঁকুড়া জেলায় স্পনসর্ড ও রুরাল লাইব্রেরীর সংখ্যা

**593.** (Admitted question No. 1437.)

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কতগুলি স্পনসর্ড লাইব্রেরী ও রুরাল লাইব্রেরী আছে এবং তাহাদের নাম কি; এবং

(খ) বর্তমানে কোতলপুর হিতসাধনে রুরাল লাইব্রেরীকে 'স্পনসর্ড' লাইব্রেরীতে উন্নীত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে কতদিন নাগাদ তাহা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education (Social Education):**

(ক) বাঁকুড়া জেলায় রুরাল লাইব্রেরী সমেত মোট ৩৪টি স্পনসর্ড লাইব্রেরী আছে; ঐগুলির একটি তালিকা টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) যেহেতু রুরাল লাইব্রেরী স্পনসর্ড লাইব্রেরীরই আওতাভুক্ত সেহেতু এ প্রশ্ন উঠে না।

## সরকারী চাকুরীতে আবেদনপ্রার্থী সংখ্যা

**594.** (Admitted question No. 497.)

**শ্রীসনৎকুমার রাহা:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের এপ্রিল ও মে মাসের মধ্যে সরকারী চাকুরীর আবেদন প্রার্থী কতজন এবং তার মধ্যে নিযুক্ত হয়েছেন কতজন; এবং

(খ) উক্ত আবেদনের মধ্যে কত টাকার পোস্টাল অর্ডার বা রিসিটেড চালান জমা পড়িয়াছে?

**The Minister for Finance:**

(ক) ১লা আগস্ট ১৯৬৯ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুসারে আবেদন প্রার্থীর সংখ্যা ৪,৬৫১ জন। দার্জিলিং-এর উপভুক্তিপতির (ডেপুটি কমিশনার) দপ্তরে ৫১ জন পদপ্রার্থীর মধ্যে কেবল ৩ জনকে নিয়োগ করা হইয়াছে। অন্য কোন অফিসে কোন পদে কাহাকেও নিয়োগ করা হয় নাই।

(খ) ঐসকল পদ প্রার্থীদের নিকট হইতে কোন পোস্টাল অর্ডার বা রিসিটেড চালান বাবদ কিছু জমা পড়ে নাই।

## নিবর্তনমূলক আটক আইনে ধৃত সমাজবিরোধী ব্যক্তি

**595.** (Admitted question No. 1583.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোন্ জেলায় কত সংখ্যক সমাজবিরোধীকে নিবর্তনমূলক আটক আইনে আটক রাখা হইয়াছে?

**The Minister for Home (Special):**

এতৎসংলগ্ন একটি বিবরণী উপস্থাপিত হইল।

Statement referred to in reply to unsarred question No. 595

নিবর্তনমূলক আটক আইনে আটক সমাজবিরোধীদের, যাঁহাদের গত ২৬এ জুলাই ১৯৬৯ তারিখে জেলে আটক ছিলেন, তাঁহাদের জেলাওয়ারী বিবরণী—

| জেলার নাম | | সংখ্যা |
|---|---|---|
| ১। কলিকাতা | ... | ৫৬৪ |
| ২। বর্ধমান | ... | ১০ |
| ৩। ২৪-পরগনা | ... | ৫৮ |
| ৪। হাওড়া | ... | ১৯ |
| ৫। হুগলী | ... | ১০ |
| ৬। নদীয়া | ... | ১৯ |
| ৭। মেদিনীপুর | ... | ১০ |
| ৮। বাঁকুড়া | ... | ৮ |
| ৯। বীরভূম | ... | ৩ |
| ১০। মুর্শিদাবাদ | ... | ২ |
| ১১। পুরুলিয়া | ... | ২ |
| ১২। পশ্চিম দিনাজপুর | ... | × |
| ১৩। জলপাইগুড়ি | .. | ১ |
| ১৪। কোচবিহার | ... | ১ |
| ১৫। দার্জিলিং | ... | × |
| ১৬। মালদাহ | ... | ৬ |
| | মোট ... | ৭১৯ |

মুর্শিদাবাদ জেলার ময়ূরাক্ষী সেচপ্রকল্প হইতে খাল খনন

**596.** (Admitted question No. 1931.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী সেচপ্রকল্প হইতে মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় মোট কত কিলোমিটার ক্যানেল খনন করা হইয়াছে এবং উহাতে প্রতি থানাতে কি পরিমাণ জমির সেচ হয়; এবং

(খ) ঐ জেলার কোন্ থানায় আরও ক্যানেল খননের কাজ চলিতেছে এবং ঐগুলি কত কিলোমিটার দীর্ঘ?

**The Minister for Irrigation and Waterways:**

**(ক)** মুর্শিদাবাদ জেলায় ময়ূরাক্ষী সেচ প্রকল্প হইতে কত কিলোমিটার ক্যানেল খনন করা হইয়াছে এবং ঐ ক্যানেল দ্বারা সেচপ্রাপ্ত এলাকার থানাওয়ার হিসাব নিম্নরূপ—

| থানা | ক্যানেলের দৈর্ঘ্য কিলোমিটার | সেচপ্রাপ্ত এলাকার পরিমাণ (একর) |
|---|---|---|
| (১) খাড়গ্রাম | ৬৬.৪০ | ৩৪,৯১৫ |
| (২) বারওয়ান | ৫০.৫১ | ২৩.১৮৪ |
| (৩) নবগ্রাম | ৫.৮২ | ১.৮৮৭ |
| (৪) সাগরদিঘী | ২৮ ১০ | ৯,৮৩৩ |
| (৫) রঘুনাথগঞ্জ | ১৮ ১০ | ৪.৯৯৭ |
| (৬) সুতি | ৬.৪০ | ১,১২৩ |
| (৭) কান্দি | ৮.৪০ | ১,১২৬ |
| (৮) ভরতপুর | ৭৯ ০০ | ৩৩.৯১০ |

**(খ)** মুর্শিদাবাদ জেলায় যে যে থানায় আরও ক্যানেল খননের কাজ চলিতেছে তাহার হিসাব নিম্নরূপ—

| থানা | প্রস্তাবিত দৈর্ঘ্য কিলোমিটার |
|---|---|
| ১। বারওয়ান | ২৭.৮০ |
| ২। ভরতপুর | ১১.০০ |

### House building loan to the flood-affected people of Kalimpong

**597.** (Admitted question No. 1691.) **Shri Padma Lakshmi Subba:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) if it is a fact that the last October disaster-stricken people of Kalimpong have not been given house building loan amounting Rs. 3,000 though several months have elapsed;

(b) if so, the reasons thereof;

(c) if it is a fact that the supply of C.I. sheets to the affected families of Kalimpong at controlled rate has been withheld or cancelled;

(d) if so, what is the reason; and

(e) who are eligible for having house building loan and the maximum amount to be received by a single family as such loan?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) Yes.

(b) Some time elapsed in ascertaining actual requirement of funds from local officers. As this is a new item of expenditure there was no budget provision. So, some time also elapsed in obtaining funds for the purpose. Rs. 1 lakh was, however, already sanctioned to the Deputy Commissioner, Darjeeling, and immediate steps are being taken for distribution of such loans.

(c) No.

(d) Does not arise.

(e) Any person, whose individual income does not exceed Rs. 7,200 per annum and who owned a dwelling house which was damaged or destroyed by October, 1968, floods, is eligible to apply for such loan provided that the applicant does not already own another house in the said locality which was not affected by the calamity referred to, either in his/her own name or in the name of his/her dependents.

### মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু কলোনীর উন্নয়ন পরিকল্পনা

**598.** (Admitted question No. 1870.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বানজেঠিয়া ১, বানজেঠিয়া ২নং উদ্বাস্তু কলোনী এবং মণীন্দ্রনগর উদ্বাস্তু কলোনীর জন্য কোন উন্নয়ন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে তাহার বিবরণ কি?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) বানজেঠিয়া ২নং উদ্বাস্তু কলোনীর জন্য উন্নয়ন পরিকল্পনা আছে। বানজেঠিয়া ১নং রুর‍্যাল এগ্রি কলোনী। রুর‍্যাল এগ্রি কলোনীতে কোনও উন্নয়নের পরিকল্পনা সরকারের নাই। মণীন্দ্রনগর কলোনী বেসরকারী উদ্যোগে স্থাপিত হওয়ায় ইহার জন্য কোন উন্নয়ন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) (১) বানজেঠিয়া ২নং উদ্বাস্তু কলোনীতে মাটি ভরাট, ঝোপ-জঙ্গল সাফ, গাছের গুঁড়ি ওপড়ানো ইত্যাদি।

(২) পাকা রাস্তা নির্মাণ, এবং

(৩) জলসরবরাহের জন্য তিনটি নলকূপ খননের বিষয় উক্ত উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত।

### হাবড়া উদ্বাস্তু কলোনীতে নলকূপের সংখ্যা

**599.** (Admitted question No. 1860.)

**শ্রীসাধনকুমার সেন ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া উদ্বাস্তু উপনগরীতে পুনর্বাসন বিভাগের নির্মিত কয়টি পানীয় জলের নলকূপ আছে;

(খ) উহার মধ্যে কয়টি বর্তমানে চালু অবস্থায় আছে; এবং

(গ) অকেজো নলকূপগুলিকে কার্যকরী করা এবং নূতন নলকূপ বসাইবার ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) ৫ শত ১৭টি।

(খ) ৩ শত ৭৭টি।

(গ) অকেজো নলকূপগুলিকে মেরামত করিবার বা নূতন করিয়া বসাইবার বিষয় সরকারের বিবেচনাধীন।

**বহরমপুর থানার গোয়ালজান উদ্বাস্তু কলোনীর উন্নয়ন পরিকল্পনা**

**600.** (Admitted question No. 1874.)

**শ্রীসনৎকুমার রাহা:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার গোয়ালজান সরকারী উদ্বাস্তু কলোনীর জন্য কোন উন্নয়ন পরিকল্পনা আছে কিনা;

(খ) এই কলোনীতে প্রাথমিক বিদ্যালয় আছে কিনা; এবং

(গ) না থাকিলে এই বিদ্যালয় খোলার জন্য সরকারের নিকট কোন আশু প্রস্তাব আছে কিনা?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) গোয়ালজান রুর‍্যাল নন এগ্রি সরকারী কলোনীর উন্নয়নের জন্য ১৯৬৫-৬৬ সালে ২ লক্ষ ১৩ হাজার ৫ শত ৪০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) হ্যাঁ, একটি প্রাথমিক বিদ্যালয় আছে।

(গ) (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন আর উঠে না।

**দুধকুণ্ডি ক্যাম্পে সরকারী সাহায্য**

**601.** (Admitted question No. 1756.)

**শ্রীধনঞ্জয় কর:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুধকুণ্ডি এইচ এবং আই ক্যাম্পে এখন কতগুলি পরিবার রহিয়াছে;

(খ) সবগুলি পরিবার বা পরিবারের সবগুলি লোক সরকারী সাহায্য পায় কিনা;

(গ) না পাওয়ার কারণ কি;

(ঘ) পরিবারের কোনও এক ব্যক্তি ছেলে বা মেয়ে, চাকরী করিলে সমস্ত পরিবারের সরকারী সাহায্য বন্ধ হয় কিনা; এবং

(ঙ) শিক্ষাপ্রাপ্ত ছেলেমেয়েগুলিকে তাদের পুনর্বাসনের সহায়তার জন্য সরকারী চাকরীতে অগ্রাধিকার দেওয়ার চিন্তা সরকার করিতেছেন কিনা?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) ৩৬৩টি পরিবার।

(খ) না, ৩৪৮টি পরিবারের ৯৫৩ জন লোক সরকারী সাহায্য পান আর অবশিষ্ট ১৫টি পরিবারের ৬০ জন লোক কোনপ্রকার সরকারী সাহায্য পান না;

(গ) সরকারী সাহায্য না পাওয়ার কারণ: ১০টি পরিবারের ক্ষেত্রে আয় বৃদ্ধি এবং ৫টি পরিবারের ক্ষেত্রে স্ক্রীনিং কমিটির সুপারিশ।

(ঘ) কোনও পরিবারের মাসিক আয় ষাট টাকার বেশী হইলে সেই পরিবারের সকলের সরকারী সাহায্য বন্ধ হইয়া যায়।

(ঙ) না।

### বীরভূম জেলার রামপুরহাট জেলের সম্প্রসারণ ব্যবস্থা

**602.** (Admitted question No. 2062.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট জেল হাজতটি ইতিপূর্বে (ব্রিটিশ শাসনকালে) কতজন বিচারাধীন আসামীর থাকার জন্য নির্মিত হইয়াছিল;

(খ) বর্তমানে সর্বাধিক কত সংখ্যক পর্যন্ত রাখা হইয়া থাকে;

(গ) পূর্বে যে কয়টি ঘর ছিল বর্তমানে উক্ত জেলে কয়টি ঘর বৃদ্ধি করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত জেলের সম্প্রসারণের অপরিহার্যতা সম্পর্কে বিভিন্ন সময়ে সরকারী ও বে-সরকারী জেলে পরিদর্শকগণ যে অনুরোধ জানাইয়া আসিতেছেন, তাহা কেন কার্যকরী করা হইতেছে না?

**The Minister for Home (Jails):**

(ক) ১৮ জন।

(খ) ঊর্ধ্বতম কোনও সংখ্যা নির্দিষ্ট করা হয় নাই।

(গ) এখনও পর্যন্ত ঘরের সংখ্যা বৃদ্ধি করা হয় নাই।

(ঘ) বর্তমান সরকার ক্ষমতায় আসিবার সঙ্গে সঙ্গেই এই সাব-জেলটির সম্প্রসারণের বিষয়ে কার্যকরী প্রস্তাব গ্রহণ করিয়াছেন এবং সম্প্রসারণের জন্য ১,৪০,৫০০ টাকা মঞ্জুর করিয়াছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্যার, আমার একটা স্বাধিকারের প্রশ্ন আছে। আমি কয়েকদিন আগে একটি জরুরী বিষয় আলোচনা করার জন্য এখানে একটি মোশন দিয়েছিলাম। আমাদের প্রাক্তন উপরাষ্ট্রপতি এবং বর্তমান রাষ্ট্রপতি যিনি রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সেই ভি ভি গিরি আমাদের সকলের কাছে যে চিঠি এবং স্টেটমেন্ট পাঠিয়েছেন সেই বিবৃতি এখানে কন্সিডার করা হোক। এই মর্মে আমি একটি মোশান দিয়েছিলাম এবং সেটা হচ্ছে জুলাই মাসের মাঝামাঝি সময়, তারপর ভি ভি গিরি এখানে এসে ঘুরে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাঁর স্টেটমেন্ট থেকে খানিকটা অংশ পড়ে শোনাচ্ছি, তাতে আপনি বুঝতে পারবেন এতে আপত্তিজনক কি আছে। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, বলছি এই কারণে যে সারা ভারতবর্ষ এর সঙ্গে জড়িত। কাজেই আমাকে সেটা জানতে দিন এবং আমি বুঝতে পারছি না এতে আপত্তি কেন হ'ল?

**Mr. Speaker:** Give your motion. That will be examined by me.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আমি ১৫, ২০ দিন আগে মোশান দিয়েছি এবং তারপর ভি ভি গিরি এখানে এসে ঘুরে গেছেন।—আমাকে সেই মোশান আনতে দেওয়া হয় নি। কাজেই আমি সেটা এখানে পড়ে শোনাচ্ছি। (নয়েজ অ্যান্ড ইনটারপসনস)।

The Congress Parliamentary Board has announced its decision on the choice of its candidate for the Presidentship of India. While I have respect for those who have decided against my nomination, I may be permitted in all humility, to disagree with their stand. I do not wish to question their motives but I sincerely feel that neither have they done justice to the country nor have they been fair to the organisation to which they belong.

আমার স্বাধিকারের প্রশ্ন বলার অধিকার আছে এবং আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর মোশান আনতে চেয়েছি। আমাদের সর্বোচ্চ রাজনৈতিক পরিষদ হচ্ছে এই বিধানসভা এবং আজকে ভারতবর্ষের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে রাষ্ট্রপতি নির্বাচন।

**মিঃ স্পীকার:** আমি যথাসময়ে রুলিং দেব, লেট হিম হ্যাভ হিজ সে।

**ডঃ জয়নাল আবেদিন:** অধ্যক্ষ মহাশয়, আপনি কি এসেম্বলীর ফোরাম প্রেসিডেন্ট ইলেকশনের প্রোপাগান্ডার জন্য ব্যবহার করতে দেবেন? আমার নেকস্ট পয়েন্ট হচ্ছে, আপনি ওঁকে নিষেধ করেছেন বলতে, তা সত্ত্বেও বলে গেছেন, এটা স্যার প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক।

**Mr. Speaker:** If there is anv point of order, please let me know. If not, please take your seat. I am not going to allow this kind of thing. I know my duty, Dr. Zainal Abedin.

**Dr. Zainal Abedin:** Sir, I have not concluded my statement. My next point is—you please expunge it from the proceedings.

**Mr. Speaker:** I will ask the honourable members not to disturb the regular business of the House. It is not the way of discussing important matters. Now the next item of business is Calling Attention Notice.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of grievances of College and University teachers—called attention by Shrimati Ila Mitra on the 11th August, 1969.

**Shri Satya Priya Roy:** Mr. Speaker, Sir, in reply to the calling attention notice of the honourable member Shrimati Ila Mitra regarding the demonstration of the College and University teachers on 11-8-69 and their ten-point demands, I rise to state as follows on the demands of the College and University Teachers serially. Sir, it is a lengthy statement covering seven pages and I crave your indulgence for reading out the full statement.

(1) Immediate implementation of the commitment made by the UF Government on 27th February, 1969: I am glad to announce that the UF Government have honoured their commitment in this regard and that orders have been issued sanctioning an integrated scale of pay, viz., Rs. 300—25—600—40—800 with effect from 1-4-69 and have also provided therein inter alia that whole time teachers including those on extension after superannuation in affiliated non-Government colleges including sponsored colleges and working posts approved by the Director of Public Instruction, West Bengal, will be covered by this uniform scale. Wholetime teachers working in approved posts in affiliated non-Government colleges established during the Third Plan period or under the Dispersal Scheme or after 1st April, 1966 and teachers working in approved posts created since 1st April, 1966 in affiliated non-Government colleges, will also be eligible for the benefits of the integrated scale of pay with effect from 1st April, 1969.

In course of discussions with the representatives of the West Bengal College and University Teachers Association held on 28th February, 1969 in the room of the Hon'ble Chief Minister it was decided that the unified pay scale would be introduced in respect of all teachers working in affiliated non-Government colleges in approved posts from 1st April, 1969 without taking into account the arrear claims and that the State Government would try to persuade the Central Government and the UGC to agree to share the expenditure on account of the arrear claims and if the efforts of the State Government were successful, then the arrear claims would be settled. The question of arrear claims arises out of the fact that the new improved scales of pay Rs. 300—25—600 and Rs. 400—30—640—40—800 in respect of teachers who

were in position before 1st April, 1966 and who had been in enjoyment of the old UGC scales of pay, were implemented with effect from 1st April, 1966. Those of the teachers working in approved posts in affiliated colleges to whom the benefit of the scales of pay could not be extended, will now be given the benefit of the integrated scale of pay (Rs. 300—25—600—40—800) with effect from the 1st April, 1969. For the purpose of fixation of their pay in the integrated scale their pay will have to be first fixed in the new improved scales of pay, because the integrated scale of pay is the result of the telescoping of the two new improved scales of pay. In conformity with the decisions arrived at during these discussions it has also been provided for in the Government order sanctioning the scheme that the colleges participating in the scheme will have to maintain the college scale of pay above a certain minimum as will be decided by the Government. In fixing the pay of the eligible teachers in the integrated scale care would however be taken to see that their pay was not adversely affected. This will mean a considerable financial burden on the State budget in the long run but the State Government have undertaken to stand by commitment made by the previous UF Government in 1967.

(2) Enhanced uniform pay scale of Rs. 350—950 for all College Teachers and Rs. 250 550 for Demonstrators: The previous UF Government and the present one have proceeded on the basis of the uniform scale of Rs. 300—800 for the teachers in the non-Government affiliated colleges and they have just introduced this scale. The proposed scale for teachers and also the scale for the Demonstrators are higher than the new improved scales approved by the Government of India. As such Central assistance will not be forthcoming for introduction of these scales. Because of the financial limitations of the State Budget, Government cannot undertake this liability for the present.

[2-10—2-20 p.m.]

(3) Payment of all Government dues- UGC benefits, Government D.A., etc., on monthly basis: Even though UF Government have full sympathy for this demand the proposed monthly payments cannot be arranged for the moment because of financial and procedural handicaps. Major share for implementation of the scheme for upgrading the salary scales of teachers is received from the Government of India periodically and the utilisation statements in respect of previous allocations as demanded by the Government of India are not received in time from all the recipient colleges. Payment of D.A. on monthly basis will also call for monthly submission of bills by the colleges concerned. However, this matter is receiving active consideration of the Government.

(4) For Sponsored College Teachers: (a) College D.A. to be raised at least to the level of Government D.A.—In view of the fact that Government have undertaken full financial responsibility for sponsored colleges and meet their deficit in full, it will be a misnomer to isolate any item of such expenditure as college D.A. In the case of non-sponsored affiliated colleges in respect of which no such commitment exists the Government pay a specified amount (Rs. 110) as Government D.A. to teachers on condition that the colleges concerned pay from their own fund a minimum D.A. of Rs. 17.50 only. In sponsored colleges the D.A. paid now is Rs. 127.50 fixed instead of slabwise D.A. as in the case of Government employees. The question of raising D.A. of teachers in sponsored colleges to the level of the D.A. Government pay to its employees may not therefore arise.

(b) Age of superannuation to be raised to 65—Orders have already been issued that the re-employment of teachers in sponsored colleges up to their attaining the age of 65 will be considered on the recommendation of the

College Governing Body. Government is also considering a proposal for extending the age of superannuation of teachers in sponsored colleges up to 62 and thereafter their extension up to the completion of the age of 65, subject to fulfilment of conditions like:—

(i) physical fitness,

(ii) recommendation of the College Governing Body, and

(iii) academic interest of the college.

A decision is expected shortly.

(c) Uniform Service Condition similar to those of non-sponsored non-Government colleges under the Calcutta University: Necessary amendment of the Calcutta University and other University Acts for the purpose—The question of having Uniform Service Rules for teachers in sponsored colleges at per with those laid down in the Calcutta University and other universities statutes has been taken up. The question of necessary amendment of the Calcutta University and other university acts for this purpose will be taken up in due course.

(d) Immediate constitution of duly elected Governing Body: No preponderance of nominated elements—As Government have made large capital investments in the establishment and/or for development of the sponsored colleges and have also undertaken full financial responsibility for their upkeep and maintenance it is expedient that Government should have greater control over the affairs of these colleges and the same consideration also justifies a special constitution of the Governing Bodies of such colleges. Incidentally it may be observed that even in the composition of a Governing Body as prescribed in the Calcutta University Statutes for the non-Government affiliated colleges, other than sponsored colleges, majority of the members are to be nominated.

(e) Confirmation of teachers—Orders have already been issued that empanelled teachers serving in sanctioned permanent, vacant and lien-free posts beyond the period of probation, should immediately be confirmed in their respective posts subject to fulfilment of conditions specified for the purpose. Orders have also been issued laying down the principles for confirmation of non-empanelled teachers in sanctioned posts and for the sanction of posts not yet approved, under certain conditions. Instructions have also been issued for disposal of these pending cases within a stipulated period.

(5) State University Teachers to be given equal benefits with Central University Teachers: It is regretted that because of financial difficulties it will not be possible for the State Government to implement this at the moment.

(6) Inclusion of all Demonstrators including B.Sc. (Pass) Demonstrators in the present scale of Rs. 250—400: Existing Demonstrators appointed in approved posts prior to 1st April, 1966 and those who are in receipt of the old UGC scale, viz. Rs. 150—10—200, are eligible for the new improved scale of Rs. 250—15—400. Orders have been issued accordingly. But in respect of new entrants in the approved posts created prior to 1st April, 1966, B.Sc. (Hons.), or M.Sc. candidates only will be eligible for the new improved scale as per conditions laid down by the Government of India while sanctioning the scheme. The State Government cannot go beyond the same as this involves sharing of expenditure with the Government of India.

(7) Immediate implementation of the announced scales of pay for Librarians and Physical Instructors: Government orders have already been issued sanctioning the new improved scales of pay for Librarians and Physical Instructors

subject to terms and conditions prescribed by the Government of India for the purpose. Certain procedural details towards implementation of the same are being worked out.

(8) Contribution of provident fund by the State Government at the rate of 8-1/3 per cent. on the enhanced UGC scales of pay and immediate payment of Government's outstanding share of provident fund contribution on the former UGC scales of pay: Present rate of Government contribution is 6¼ per cent. paid on the basis of the difference between the college scales of pay and the old UGC scales of pay. It is regretted that it will not be possible to make a special case for college teachers and raise it to 8-1/3 per cent. as proposed, nor to arrange contribution of the Government's share on the basis of the new improved scales of pay.

However the matter requires further examination. Steps are however being taken to expedite payment of the Government's outstanding contributions on this account.

[2-20– 2-30 p.m.]

(9) Special Allowances of Heads of Department: This scheme sanctioned by the Government of India upgrading the salary scales of college teachers, etc. does not recognise any post of Heads of Department. The matter was taken up with the Government of India without results so far. Government of India have also not agreed to share any expenditure towards payment of an allowance to senior lecturer in charge of a department.

(10) Workload of full-time teachers not to exceed 18 periods (45 minutes each) per week: This is a proposal not provided for in any of the University Statutes/Regulations; viz. Calcutta, Burdwan and North Bengal. The proposal has far-reaching organisational and financial implications and on these considerations and also in the academic interest of the students and of the educational institutions concerned, it cannot be accepted. The Calcutta University has prescribed a workload of maximum 18 hours per week per teacher. That University has also equated 1.5 lecture in a Pass class to 1 lecture in a Honours class of the same duration. The Government are considering the advisability of accepting the standards prescribed by the Calcutta University in respect of the workload of a whole-time teacher. Certain proposals regarding the number of lectures that are required to be delivered per week in order to cover the syllabus in a subject are now under the consideration of the Calcutta University.

Sir, I thank you for allowing me some time to read my statement.

**শ্রীমতি ইলা মিত্র:** আমি শিক্ষা মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাই তাঁর এইভাবে বিস্তৃত বিবরণ দেওয়ার জন্য।

**শ্রীঅশ্বিনী রায়:** স্যার, ঐ বিবৃতিটি যেটা উনি পড়লেন যদি সাইক্লোস্টাইল ক'রে মেম্বারদের দেন তা হ'লে ভাল হয়।

**Mr. Speaker:** I have received six calling attention notices on the following subjects, namely:—

(1) Crossing of danger level of several rivers in West Bengal from Shri Kalipada Mandal;

(2) Explosion of the time bombs in two cinemas in Calcutta from Shri Kalipada Mandal;

(3) Strike in Remington Rand in Howrah from Shri Kalipada Mandal;

(4) Bus strike in Hooghly from Shri Kalipada Mandal;
(5) Threat of severe floods in Midnapur district from Shri Gyan Singh Sohanpal; and
(6) Strike in tea gardens from Shri Md. Abdul Latif.

I have selected the notice on the subject of explosion of time bombs in two cinemas in Calcutta from Shri Kalipada Mandal.

The Hon'ble Minister concerned may please make a statement on the subject today, if possible. or give a date.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** The statement will be made on Monday next.

**Mr. Speaker:** Now mention cases. I first call upon Shri Aswini Roy to say something.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীরামপুরে বঙ্গলক্ষ্মী কটন মিল বহু দিন ধ'রে বন্ধ আছে, মজুররা বেকার অবস্থায় আছে। কাজেই এই মিলের কর্তৃপক্ষের উপর চাপ দিয়ে মজুরদের সঙ্গে একটা সমঝোতা করার চেষ্টা করুন, আর তা যদি না হয় তা হ'লে এটা সরকারের ম্যানেজমেন্টে নিয়ে চালু করার জন্য আমি শিল্প ও শ্রম মন্ত্রীর কাছে এটা রাখছি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** অধ্যক্ষ মহাশয়, ৭৮এ, ৭৮ই.৯৫ এবং ৯৫এ– এই বাসগুলি আগামী ১৫ই আগস্ট থেকে ধর্মঘট শুরু করবে বলে ওয়ার্কার্স ইউনিয়ন নোটিস দিয়ে দিয়েছে। এই নোটিস দেবার পর আজ পর্যন্ত এই ধর্মঘটের কোন মীমাংসার চেষ্টা হয় নি। এই ধর্মঘট শুরু হ'লে সর্বস্তরের জনসাধারণের যে অসুবিধা হবে এটা বলবার দরকার নেই। সেইজন্য আমি শ্রম মন্ত্রীকে অনুরোধ জানাই যে, একটি উচ্চপর্যায়ে ত্রিদলীয় কমিটি গঠন ক'রে এই ধর্মঘটের মীমাংসা করা যায় কিনা আন্তরিকভাবে মন্ত্রিমহাশয় এটা চেষ্টা ক'রে দেখুন।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, পশ্চিম দিনাজপুর জেলায় আউশ এবং আমন ধানের উপর ব্যাপকভাবে পোকা লেগে ধানের প্রচুর ক্ষতি করছে। অবিলম্বে ব্যবস্থা অবলম্বনের জন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় বৃষ্টি হয় নি, ধানে পোকা লেগেছে, আউশ ধান খারাপ হয়ে যাচ্ছে, ফলে চাষের অবস্থা খুব খারাপ হয়ে পড়েছে। আমার এলাকাতে যে সমস্ত রিজার্ভ পাম্প আছে সেগুলি যদি এখন চালু হয়, তা হ'লে আমার মনে হয় চাষের খুব সুবিধা হয়। এদিকে আমি সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ ক'রে শেষ করছি।

**শ্রীবিমলকান্তি বসুঃ** মাননীয় সভাপাল মহাশয়, ১০ই জুলাই থেকে জলঢাকা হাইডাল প্রজেক্ট বন্ধ হয়ে গিয়েছে। একবার দু'বার ক'রে ১০ই জুলাই থেকে যা বন্ধ হয়েছে এটাই মনে হচ্ছে একেবারে শেষ বার। এর ফলে তিনটি জেলার যে অবস্থা হয়েছে সেটা অত্যন্ত মারাত্মক। পার্টিকুলারলি কুচবিহার ট্রান্সপোর্টের অচল অবস্থা, চাকায় হাওয়া নেই, ব্যাটারি চার্জ করা এবং গ্যারেজে কাজ করা অসম্ভব হয়ে পড়েছে। ফলে লক্ষ লক্ষ টাকার চা নষ্ট হবার অবস্থা হয়েছে। হাসপাতালের অবস্থা বর্ণনাতীত। হাসপাতালের অবস্থা এমন হয়েছে যে, অপারেশন থিয়েটারে রোগীকে তোলার পর কারেন্ট অফ হয়ে গিয়েছে, এর ফলে মৃত্যু হয়েছে এরকম ঘটনাও আছে। সুতরাং এ সম্বন্ধে যদি অলটারনেটিভ ইমিডিয়েট অ্যারেনজমেন্ট না করা যায় তা হ'লে কি যে অবস্থা হবে সেটা সহজেই অনুমান করা যায়। এদিকে আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনগেন্দ্র ভট্টাচার্য:** মাননীয় সভাপাল মহাশয়, একটি বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট করছি। ঘাটাল-পাঁশকুড়া হাইওয়ে দিয়ে ব্যাপকভাবে কোলকাতা পর্যন্ত যানবাহন যাতায়াত করে। গত কয়েকদিন বৃষ্টির ফলে রাস্তা এত কদর্য হয়েছে যে দুটি গাড়ি পাশাপাশি পাশ করতে পারছে না, রাস্তা প্রায়ই জ্যাম হয়ে যাচ্ছে, ৩/৪ ঘন্টা কমিউনিকেশান বন্ধ হয়ে থাকছে, ফলে যাত্রীরা অত্যন্ত দুঃখকষ্ট ভোগ করছে। এর উপর আগামী ২৩ তারিখে মাননীয় রাজ্যপাল এখানে আসছেন। সেই সময় যদি যানবাহন বন্ধ হয়ে যায় তা হ'লে একটা কেলেংকারী ব্যাপার হবে। সেইজন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার অনুরোধ এই যে, জরুরী ব্যাপার হিসাবে দেখে এই রাস্তাটি যাতে তাড়াতাড়ি রিপেয়ার করা হয় সেটা দেখুন। তা ছাড়া স্যার, ঘাটালে এবারের বন্যায় ব্যাপক এলাকা ডুবে গিয়েছে। পর পর তিন বৎসর বন্যা হবার ফলে মানুষকে অসহনীয় দুঃকষ্টের মধ্যে বাস করতে হচ্ছে। অধিকাংশ বাড়িতেই অর্ধাহার, অনাহার চলেছে। এই অবস্থায় আবার, স্যার, কাগজে দেখছি যে ডি ভি সি জল ছাড়ছে। এতে বিপদ আরো ঘনিয়ে উঠেছে। এদিকে সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, যাতে সেখানে জল ছাড়া না হয় এবং ঐ এলাকাতে যাতে তাড়াতাড়ি সাহায্য যায় সেটা দেখুন।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় সভাপাল মাহাশয়, একটি গুরুতর সংবাদের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হওয়ায় আমি অত্যন্ত উদ্বিগ্ন হয়ে সে বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদে প্রকাশ, কোলকাতার কয়েকটা ফ্লাওয়ার মিলে প্রায় আড়াই হাজার টন ময়দা এবং প্রায় ৭ হাজার টন আটার হিউজ স্টক পড়ে রয়েছে। সেটা খোলা বাজারে বিক্রী হচ্ছে না, তার কারণ পশ্চিমবঙ্গ সরকার এ সম্পর্কে যে আইন জারি করেছেন সেই আইন অনুযায়ী সেটা বিক্রী হচ্ছে না। আমি মাননীয় খাদ্যমন্ত্রী ও মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ ক'রে বলব যে, যে বিপুল পরিমাণের খাদ্যশস্য রয়েছে যার দাম প্রায় এক কোটি টাকা সেটা এখনই আইন অনুযায়ী স্টক রিলিজ করিয়ে খোলা বাজারে সরকারী নিয়ন্ত্রিত দরে বিক্রীর ব্যবস্থা যদি না করেন, তা হ'লে আগামী মরসুমেই ব্যবসায়ীরা এবং ঐ কলের মালিকরা এই এক কোটি টাকার আটা-ময়দা নিয়ে কয়েক কোটি টাকার ব্যবসা করবেন এবং পূজোর সময়ে ও তার পরে আমাদের পচা আটা ও ময়দা কিনতে হবে। সেইজন্য আমি আবার মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ ক'রে বলব যে, এই ব্যাপারটা অত্যন্ত গুরুতররূপে বিবেচনা ক'রে অগ্রাধিকার দিয়ে খোলা বাজারে সরকারী নিয়ন্ত্রিত দরে জরুরি ব্যবস্থা হিসাবে বিক্রীর ব্যবস্থা যেন করেন।

**শ্রীকালীপদ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আজকের সংবাদপত্রের সংবাদে প্রকাশ যে, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রফেসারের একটি শূন্য পদে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের তিনজন সিনিয়ার লেকচারারকে টপকিয়ে বিশ্ববিদ্যালয়ের বাইরের আন্ডারগ্রাজুয়েট কলেজের একজনকে নিয়ে এসে সেই শূন্য পদে বসানো হচ্ছে। এ বিষয়কে কেন্দ্র ক'রে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং প্রফেসার মহলে একটা বিক্ষোভ দানা বেঁধে উঠছে। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, যাতে এ ব্যাপারে কোনরকম বিশৃংখলা দেখা না দেয় সে ব্যবস্থা যেন তাঁরা করেন।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় সভাপাল মহাশয়, কোলকাতার আগরওয়ালা ফ্যামিলি অর্থনীতিতে বিশেষ স্থান অধিকার ক'রে আছেন, এ'দের অনেক কলকারখানা আছে। স্যার, এর মালিকরা কি রকম অত্যাচার করেন সেটা হয়তো অনেকেরই জানা আছে। সম্প্রতি এ'দের একটি কারখানা—ন্যাশানাল স্ক্রু, সেখানে তাঁরা দু' মাস ধ'রে মাহিনা দেন নি। স্যার, ঘেরাও করলে তো শিল্পপতিরা খুব চিৎকার করেন আর তাঁদের পক্ষ হয়ে বিশেষ ক'রে কংগ্রেস পক্ষ খুব চিৎকার ক'রে বলেন যে, সব গেল—গেল। কিন্তু এই যে শ্রমিকরা মাহিনা না পাওয়ায় সব তাদের গেল, এটার সম্বন্ধে তাঁরা কিছুই বলেন না। তাই স্যার, আমি আপনার মাধ্যমে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, এ ব্যাপারে যেন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন ক'র যাতে তাদের মাহিনা তাড়াতাড়ি আদায় হয় তার ব্যবস্থা যেন করা হয়।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমাদের নদীয়া জেলার ফুলিয়া মিলে প্রায় ২০০ মত ওয়ার্কার

কাজ করে। গত ২৯শে জুলাই থেকে ঐ মিল ম্যানেজমেন্ট-এর পক্ষ থেকে বন্ধ ক'রে রেখেছেন। এ সম্বন্ধে বারে বারে বলা সত্ত্বেও তাঁরা আলোচনায় বসতে রাজি হচ্ছেন না, এবিষয়ে মাননীয় শ্রমমন্ত্রিমহাশয় বিশেষভাবে একটু দৃষ্টি দেবেন। আর একটি বিষয়ে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই, আমাদের নদীয়া জেলায় যারা জি আর পেত, সম্প্রতিকালে সে জি আর-এর পরিমাণ কমিয়ে দেওয়া হয়েছে এবং তার ফলে বহু অনাথা, বিধবা মহিলা, অন্ধ ইত্যাদি এই সমস্ত লোক জি আর পাচ্ছে না। এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের আমি বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই মর্মে তিনি যেন ওখানকার ডি এম-কে একটি নির্দেশ দেন।

[2-30—2-40 p.m.]

**Demand for Ruling on closure of Debate after expiration of allotted hours**

**Mr. Speaker:** On the 8th August, Shri Amalendra Lal Roy raised a point questioning the validity of the contention of Shri Abdus Sattar in demanding the closure of the debate immediately on the expiration of the hours allotted by the Business Advisory Committee for discussion on the Medical and Public Health Grants together with the time extended by me under the proviso to rule 290 of our rules. So far as I understood Shri Roy's submission was that the contention of Shri Sattar, namely, the compulsory closing of the debate after the expiration of the time as aforesaid was not the final say on the matter Shri Roy laid stress on the point that notwithstanding the Report of the Business Advisory Committee adopted by the House and further notwithstanding the continuance of the debate through the extended hour, the House could exceed the time if it was inclined to do so.

I agree with Shri Roy, subject to the reservation that the further continuance of the debate beyond the expiration of the time aforesaid is subject to a motion being carried to that effect by the House before or as soon as the total period allowed under the rules expired.

Now I call up the Minister-in-charge of Finance to introduce the Bill.

**শ্রীআবদুস সাত্তার:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। স্যার, আমাদের গভর্নমেন্টের চীফ হুইপ এবং মিনিস্টার-ইন-চার্জ অব দি হোম পার্লামেন্টারী অ্যাফেয়ার্স, তিনি আমেরিকার এজেন্ট হিসাবে, আমেরিকার পক্ষ থেকে আমাদের একটি ইনভাইটেসন লেটার দিয়েছেন। আমি স্যার, আপনার মাধ্যমে জানতে চাচ্ছি, তিনি আমেরিকার এজেন্ট হিসাবে মন্ত্রী হয়ে এটা দিতে পারেন কিনা?

**মিঃ স্পীকার:** চাঁদে যাবার ছবি দেখাবে, সেই জন্য তিনি নিমন্ত্রণ করেছেন।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় মন্ত্রিমহাশয় তিনি গভর্নমেন্টের চীফ হুইপ এবং মিনিস্টার-ইনচার্জ অব হোম পার্লামেন্টারী অ্যাফেয়ার্স, তিনি এটা দিতে পারেন কিনা এই মর্মে আমি আপনার রুলিং চাই।

**মিঃ স্পীকার:** আপনার যদি ইচ্ছা না হয়, আপনি যাবেন না। আমেরিকার চাঁদে যাওয়ার ছবি দেখাবে, তাই তিনি সবাইকে চিঠি দিয়েছেন। আমি এটার খবর নেব।

**শ্রীসরোজ রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার। আমি আপনার কাছে জানতে চাই যে, পয়েন্ট অব অর্ডার হিসাবে ঐ মেম্বার যেটা এখানে তুললেন, এই রকম বুদ্ধি নিয়ে কোন পয়েন্ট অব অর্ডার তোলা যায় কি?

**মিঃ স্পীকার:** দেখুন এই সব কথা না বলাই ভাল। বুদ্ধি, নির্বুদ্ধি তো সবাই দেখেছেন, আপনারাও দেখেছেন, আমিও দেখছি। উনি বলেছেন আর এ একটি এমন পরিবেশ যে এখানে মাঝে মাঝে এই সব দরকার তা না হ'লে লোক বাঁচবে কি ক'রে?

**শ্রীনিখিল দাস:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। আমি আপনার কাছে অত্যন্ত বিনীতভাবে নিবেদন করতে চাই যে, এটা ঠিক হয়েছে কি, না হয়েছে, সেটা আপনার ব্যাপার। এব্যাপারে আমি যাচ্ছি না।

**মিঃ স্পীকার:** কি ক'রে জানবো? আমিও তো দেখতে যাব।

**শ্রীনিখিল দাস:** এই ব্যাপারে আমি কমেন্ট করছি না। আমি শুধু এটুকু আপনার কাছে বলতে চাই যে, সাত্তার সাহেব যে কথা উচ্চারণ করলেন আমেরিকার এজেন্ট ব'লে, সাত্তার সাহেবকে এটুকু স্মরণ করিয়ে দিতে চাই যেদিন আমেরিকার লোকরা চাঁদে গিয়ে পৌঁছেছিল সেদিন উনি লাফিয়ে উঠে বলেছিলেন, ছুটি দিন এবং তাতে এই হাউস অ্যাডজোর্ন হয়ে গিয়েছিল এবং সেই চিঠি দেবার ব্যাপারে, ছবি দেখানো হচ্ছে সুতরাং আমি বলছি এই আমেরিকান এজেন্ট এই শব্দটা যা তিনি বলেছেন, তার বিরোধিতা ক'রে আমি বলছি যে, সাত্তার সাহেব তিনি নিজেই একজন পার্মানেন্টলি আমেরিকান এজেন্ট এবং আমেরিকান এজেন্ট হিসাবে তিনি কাজ ক'রে যাচ্ছেন।

**শ্রীসত্যপ্রিয় রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমেরিকান এজেন্ট ব'লে যার নাম উল্লেখ করা হয়েছে, এটা আমার মনে হয় প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ ক'রে দেওয়া উচিত।

**মিঃ স্পীকার:** এটা হয়ত উনি হিউমারাসলি বলতে চেয়েছিলেন, কিন্তু এটা সিরিয়াসলি বলা খুবই অন্যায়।

You should not have uttered all these things. After all everybody is responsible and respectable and they are all our friends, whether they belong to this side or that side.

**শ্রীগোপাল বসু:** মাননীয় স্পীকার মহাশয়, মুসলমানদের যখন বিয়ে হয়, তখন বিয়ের পর যখন ওদের শুভদৃষ্টি হয়, তখন নানি কি দাদি যে কেউ হোক, তাদের মুখখান দেখে ঘোমটা খোলে। তখন নানি কি দাদি জিজ্ঞাসা করে, কি দেখছো। কিছু না বললে তখন নানি বা দাদি তারা বলে, চাঁদ দেখছো। সাত্তার সাহেবেরও সেই অবস্থা।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, এই চিঠিটা আমাদের মুখ্যমন্ত্রীর কাছে এসেছে। মুখ্যমন্ত্রীর যিনি স্পেশাল অফিসার, এস এম ঘোস তিনি আমার কাছে পাঠিয়ে দেন এবং এখানে বহু সদস্য এটা দেখতে চান এবং সময় নেই সেইজন্য আমরা এটা চিফ মিনিস্টারের সঙ্গে কথা বলে, এদিকে কোথায় কার্ড পাওয়া যাবে না যাবে, কারণ আমাদের হাতে সময় নেই শনিবার আমাদের প্রেসিডেন্সিয়াল ইলেকশন, সেইজন্য আমি এই সহজ পদ্ধতি অবলম্বন করেছিলাম, মাননীয় স্পীকার মহাশয়ের অনুমতি নিয়ে এই চিঠিটা সকলকে বিলি করা হয়েছে। যাঁরা এখানে আপত্তি করছেন, আমি তো গেটে থাকবো আমি তাঁদের সবাইকে আটকাবো।

**শ্রীসরল দেব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, হাওড়ার দাশনগরের ইনডিয়ান মেশিনারী কোম্পানীর সহস্রাধিক শ্রমিক তারা মিছিল ক'রে এ্যাসেম্বলি হাউসের গেটে এসেছে, কারণ তাদের কারখানা গত আট মাস যাবত লক-আউট হয়ে পড়ে রয়েছে। তারা এ্যাসেম্বলি হাউসের বাইরে অপেক্ষা করছে, এই দুর্যোগ মাথায় ক'রেও তারা এসেছে এবং বাইরে ভিজছে। এই বিষয়ে আমি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** শ্রমমন্ত্রী আজকে আসবেন না, আমি তো বলতে পারছি না কে যাবেন—

**শ্রীসরল দেব:** ওরা স্যার, বাইরে ভিজছে, কি করা যায় একটু দেখুন।

**মিঃ স্পীকার:** আমি কি করবো, ছাতা তো নেই, যতীন বাবু দেখুন, কিছু ব্যবস্থা করতে পারেন কিনা।

## GOVERNMENT BILLS

### The West Bengal Appropriation (No. 2) Bill, 1969

[2-40—2-50 p.m.]

**Shri Ajoy Kumar Muhopadhyay:** Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1969.

(The Secretary then read the short title of Bill.)

Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1969, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India, no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with the law and for the purposes and in the manner provided in the Constitution.

In March last, the Assembly passed the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1969, to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of certain moneys required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grants made in advance by that House under the provision of Article 206 of the Constitution of India in respect of the estimated expenditure of the West Bengal Government for a part of the financial year 1969-70.

The object of the present Bill is to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of all moneys required to meet—

(a) the Grants made by the Assembly; and

(b) the expenditure charged on the Consolidated Fund of West Bengal in addition to the sums previously authorised to be withdrawn and appropriated under West Bengal Appropriation (Vote on Account) Act, 1969.

The Constitution provides that no amendments shall be proposed to this Bill, having the effect of varying this amount or altering the destination of any grant so made or of varying the amount of expenditure charged on the Consolidated Fund of this State.

The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Sir, with these few words I commend my motion for acceptance by the House.

**Mr. Speaker:** Shri Abdus Sattar may start.

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল হাউসের সামনে রেখেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমি এই সুযোগে দু একটি কথা বলতে চাই। একটা প্রশ্ন জাগতে পারে যে, যুক্তফ্রন্ট যখন সরকার গঠন করেছিল, তখন আমরা বলেছিলাম, উই স্যাল এক্সটেন্ড আওয়ার কো-অপারেশন। কিন্তু এখন কেন একথা বলছি। আমরা এখনও বলছি, গঠনমূলক কাজে আমরা তাদের সঙ্গে সম্পূর্ণ সহযোগিতা করব এবং করছি। তিনি যদি সত্যিকার বাংলাদেশের যে অনেক সমস্যা আছে, সেইসব সমস্যার সমাধান করতে চান, তা হ'লে তিনি যা করবেন তার সঙ্গে আমরা নিশ্চয় সহযোগিতা করব। তিনি যদি খাদ্যের ব্যবস্থা করেন, নিশ্চয় সহযোগিতা করব। তিনি যদি বাংলাদেশে শিক্ষার ব্যবস্থা করেন, নিশ্চয় সহযোগিতা করব। তিনি যদি বাংলাদেশের লোককে সত্যিকার গৃহ দিতে চান, নিশ্চয় আমরা সহযোগিতা করব। তিনি যদি চিকিৎসার ব্যবস্থা

করেন, তবে নিশ্চয় সহযোগিতা করব। কিন্তু প্রশ্ন হচ্ছে, এইসমস্ত গঠনমূলক কাজ তাঁরা কি করছেন? এইটাই আমার প্রশ্ন। আজকে এই প্রশ্ন দেখা দিয়েছে। আমরা আগেও বলেছি, এখনও বলছি, কিন্তু তাঁরা যদি নরহত্যা করেন, তা হ'লে তাঁরা নিশ্চয় সহযোগিতা আশা করতে পারেন না। লুঠতরাজ যদি তাঁদের ইঙ্গিতে চলে, তা হ'লে তাঁরা নিশ্চয় সহযোগিতা পাবেন না। যদি দেখা যায়, জনজীবনে নিরাপত্তার বালাই নেই, একটা নৈরাজ্য এসেছে, তা হ'লে তাঁরা আমাদের সহযোগিতা নিশ্চয় আশা করতে পারেন না।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বৈধতার প্রশ্ন আছে। বিরোধী দলের মাননীয় সহকারী নেতা অ্যাপ্রোপ্রিয়েশন বিল-এর উপর যে ধরনের বক্তৃতা দিচ্ছেন—আমার মনে হয়, যে আইন-কানুন আছে সেই আইন-কানুন অনুযায়ী এই বক্তব্য অ্যাপ্রোপ্রিয়েশন বিল-এর উপর চলে না। আপনি বলুন, এই রকম ধরনের আলোচনা আপনি চলতে দেবেন কিনা?

**মিঃ স্পীকারঃ** এটার রুল হচ্ছে, যেগুলির জেনারেল ডিসকাসন হয়ে গেছে, সেগুলি না বলাই ভাল। কিন্তু বলবেন না, এইরকম তো কিছু নেই। যদি উনি সবই ইমপরটেন্ট ব'লে মনে করেন, তা হ'লে বলবেন। তবে রিকোয়েস্ট আমি করবো যে, আগে যেগুলি হয়ে গেছে সেগুলি বাদ দিয়ে বলাই ভাল। এইরকম রুল-এ আছে। আর উনি অভিজ্ঞ লোক, উনি জানেন। এটা বুঝে-সুজে বলুন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সাত্তার সাহেব যে বক্তৃতা করেছেন, আপনি বোধহয় ভাল ক'রে শোনেন নি—উনি যেটা বলেছেন সেটা একেবারেই অবৈধ কথা বলেছেন, যেটায় পয়েন্ট অব অর্ডার রেইজ করেছেন। কারণ, সাত্তার সাহেব নূতন কথাই বলেছেন।

**মিঃ স্পীকারঃ** এটা তো ঠিক কথা—উনি যে পয়েন্ট অব অর্ডার রেইজ করেছেন, সেটা ঠিক। কারণ, নিয়ম আছে, যেগুলি হয়ে গেছে সেগুলি আর নয়। কিন্তু এইরকম বাছবিচার এখানে হয় না। যে যা ভাল বোঝে ব'লে যায়। তাই নিয়ে কেউ মাথা ঘামায় না। এটাই লেখা আছে যে—

The debate on an Appropriation Bill shall be restricted to matters of public importance or administrative policy implied in the grants covered by the Bill which have not already been raised while the relevant demands for grants were under consideration.

আমি সেজন্য আপনাকে বলছি যে, এটা কোন রকমে ধরা যায় না। তা হ'লে তো সবসময় ঝগড়া করতে হয়। সেজন্য যা এখানে হয়, সেইভাবে যতটা না করলে নয় সেইভাবেই ক'রে যাবেন। এ ছাড়া কোন উপায় নেই। আপনি বলুন। আমি শুনছি। যদি একান্ত আপত্তিকর হয়, আমি বলবো।

**শ্রী আবদুস সাত্তারঃ** স্যার, জানি না এটা কি ক'রে অ্যাপ্রোপ্রিয়েশন-এর বাইরে হ'ল। যাই হোক, সেগুলি আলোচনা হচ্ছে, পেপার্সে যেটা বলা হয়েছে, সেটাতো কভারিং অল দিস যাই হোক, সেগুলি আলোচনা হবেই, পেপার্সে যেটা বলা হয়েছে, সেটাতো কভারিং অল দিস থিংস—এইসমস্ত ব্যাপারে যা বলছিলাম যে, মাননীয় মুখ্যমন্ত্রীর উপর আজ বাংলাদেশের ভার রয়েছে। বাংলাদেশের ভাল, মন্দ, উন্নতি, সমৃদ্ধি—সবকিছু তাঁর উপর নির্ভর করে। আজকে যদি বাংলাদেশের কোন ক্ষতি হয়, বাংলাদেশের বর্তমান অবস্থার জন্য যদি কেউ দায়ী হয়, যে মন্ত্রীর ইঙ্গিতেই হোক না কেন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীই তার জন্য দায়ী। আজকে দেশের মানুষ তাঁর দিকে তাকিয়ে আছে। তিনি যখন আছেন, তিনি যখন গণতন্ত্রকে বিশ্বাস করেন, তখন অন্ততঃ গণতন্ত্রকে হত্যা করতে দেবেন না। আপনার উপর লোকের বিশ্বাস আছে এবং আমার মনে হয়, মাননীয় মুখ্যমন্ত্রীর নীরবতা আমাদের দেশের লোকের মনে একটা ভয়ের উদ্রেক করেছে। কেননা, আজকে দেখা যাচ্ছে যে, দেশে দৈনিক নরহত্যা, লুটতরাজ চলছে। অথচ মাননীয় মুখ্যমন্ত্রী, যার উপর দেশের ভার আছে, যিনি বাংলাদেশের নেতৃত্ব নিয়েছেন, যাঁর নেতৃত্বে যুক্তফ্রন্ট হয়েছে, আজ সেই মুখ্যমন্ত্রী নীরব। তাঁর মুখে কোন কথা নেই। মাননীয় উপ-মুখ্যমন্ত্রী সব ব্যাপারে তিনি মাথা গলান। হ'তে পারেন তিনি স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী,

তবে কি মাননীয় মুখ্যমন্ত্রীর কোন দায়িত্ব নেই? আমার মনে হয় নিশ্চয়ই আছে। কিন্তু তিনি সেই দায়িত্ব পালন করছেন না। আজকে তিনি আমাদের সামনে প্রথমেই যেটা অনুদান দিয়েছেন সেটা হচ্ছে ৫৪ কোটি টাকার ঘাটতি বাজেট বাংলাদেশে এনে দিয়েছেন।

[2-50—3 p.m.]

তিনি আজকে দেশের মধ্যে শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য ল' অ্যান্ড অর্ডার যাতে থাকে তার জন্য মাথা ঘামাচ্ছেন না—কেবল বাংলাদেশকে দেউলিয়া করার যে কাজ সেই কাজের ভার আমাদের মুখ্যমন্ত্রীর উপর চাপিয়ে দেওয়া হয়েছে। তিনি যে বাজেট অর্থমন্ত্রী হিসাবে আমাদের সামনে রেখেছেন তাতে প্রায় ৫৪ কোটি টাকা ঘাটতি বাংলাদেশের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। এইভাবে বাংলাদেশকে দেউলিয়া করার কাজের ভার তিনি নিয়েছেন কিন্তু বাংলাদেশকে রক্ষা করার জন্য, বাংলাদেশের লোকের সম্পত্তি রক্ষা করার জন্য, বাংলাদেশের লোককে বাঁচাবার জন্য কোন ভার তাঁর উপর দেওয়া হয় নি এবং তিনি এই ব্যাপারে কোন চিন্তাই করছেন না। আজকে বাংলাদেশে যখন আগুন জ্বলছে, তখন মাননীয় মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিংসে তাঁর যুক্তফ্রন্টের সভাসদদের নিয়ে চুপচাপ আছেন, কোন কথা বলছেন না। আপনি জানেন স্যার, যে তাঁদের ৩২ দফার মধ্যে যে এত সমস্যার কথা রয়েছে তা দিন দিন বেড়েই চলেছে। দেশের লোক ভেবেছিল যে, যুক্তফ্রন্ট সরকারকে ভোট দিলে নিশ্চয়ই আমাদের বাংলাদেশের যে সমস্যা আছে সেই সমস্যার সমাধান তাঁরা করবেন, তাঁরা ভেবেছিলেন, বাংলাদেশের লোক দুবেলা পেট ভ'রে খেতে পাবে, তাঁরা ভেবেছিলেন, যাঁরা বিনা চিকিৎসায় মারা যাচ্ছেন তাঁদের চিকিৎসার ব্যবস্থা হবে। কিন্তু আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আবার বলছি যে, তাঁর বাজেট বক্তৃতার মধ্যে বেকারদের সম্বন্ধে একটা কথাও তিনি বলেন নি যে এই সমস্যার সমাধান কি ক'রে করা যায়। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলব যে ও'দের ৩২ দফার মধ্যে ১৬ দফা হচ্ছে বেকার ভাতা, বার্ধক্য পেনসন। আমার মনে হয় আজকে সবচেয়ে যেটা সাঙ্ঘাতিক রূপ নিয়েছে বাংলাদেশে যার জন্য আজকে সত্যিকারের ঘরে আগুন জ্বলছে সেটা হচ্ছে বেকারত্ব। আপনারা বলেছিলেন, শহরে এবং গ্রামে উভয় অঞ্চলে বেকার ভাতা প্রচলনের জন্য যুক্তফ্রন্ট সরকার সচেষ্ট হবেন। এবজন্য আপনার কাছে ডেপুটেসন গিয়েছিল কিন্তু আপনি তাঁদের কোন আশ্বাস দিতে পারেন নি, তার কারণ আপনাদের অর্থ নেই, কিন্তু এই প্রতিশ্রুতি দিয়ে আপনারা ভোট নিয়েছিলেন। আজকে কর্মসংস্থানের কোন বালাই তো নেই-ই, বরং এই সমস্যা দিন দিন বেড়েই চলেছে। তা হ'লে কি আমরা ধ'রে নেব যে, এই ৩২ দফা কর্মসূচী এটা একটা ভাঁওতামাত্র, এটা ভোট নেওয়ার জন্য একটা ষড়যন্ত্র। আপনি তো আপনার মুরোদ জানেন, আপনার সীমিত অর্থ তাও জানেন। বরং আমি বলব কংগ্রেসের আমলে বার্ধক্য পেনসন ছিল—সেটা আপনাদের আমলে বন্ধ করে দেওয়া হয়েছে। এইভাবে আপনারা ব্যক্তি স্বাধীনতার কথা বলেছিলেন। আপনারা বলেছিলেন—যুক্তফ্রন্ট সরকার মৌলিক ব্যক্তি স্বাধীনতার অধিকারগুলিকে সমস্ত রকমে রক্ষা করবেন, শ্রমিক, কৃষক অন্যান্যদের গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে নিবর্তন-মূলক আইন প্রয়োগ করা হবে না, গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে পুলিস লাগানো হবে না, যুক্তফ্রন্ট সরকার বাতিল হবার জন্য পুলিস যা কিছু বাড়াবাড়ি করেছে সেসব সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে এবং সমস্ত মামলাগুলি প্রত্যাহার করা হবে, সকল রাজনৈতিক বন্দীদের মুক্তির জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে, ইত্যাদি ইত্যাদি—এই হচ্ছে আপনাদের ২৯ দফা।

আমি প্রশ্ন করব, সেই ব্যক্তিস্বাধীনতা কি আছে আপনাদের রাজ্যে? আজ মানুষ তার মনের কথা বলতে পারবে না, কারণ যুক্তফ্রন্ট সরকার তা হরণ করেছে। যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে সমালোচনা করতে গেছে, ডান্ডা পিটিয়ে হাসপাতালে পাঠানো হচ্ছে। অথচ আপনার পুলিস সেখানে নিষ্ক্রিয়। লোকে এইভাবে যারা যুক্তফ্রন্টের বাহিরে আছে তারা মার খাচ্ছে অথচ কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। আজ যুক্তফ্রন্ট সরকারের আমলে দেখা যাচ্ছে শরিকে শরিকে ঝগড়া। যখন বাম কমিউনিস্ট দল একদিকে, অন্য দল আর একদিকে, তখন পুলিস বাম কমিউনিস্টদের পক্ষ অবলম্বন করেছে। এটা কি গণতন্ত্র? মানুষ যেখানে মার খাচ্ছে, সেখানে কোন প্রতিকার পাচ্ছে না। আপনি জানেন, পশ্চিমবাংলায় কত লোক খুন হয়েছে, সেদিন এখানে

জয়নাল আবেদীনের এক প্রশ্নোত্তরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, ৩১এ মে পর্যন্ত ১৮২ জনকে হত্যা করা হয়েছে। এই যে হত্যা করা হয়েছে, তাতে আপনার দায়িত্ব বেশী, কারণ আপনি মুখ্যমন্ত্রী হিসাবে সবকিছু ভার আপনার উপরে। কিন্তু এই যে লোক মার খাচ্ছে তার কোন প্রতিকার নেই। এটা কি গণতন্ত্র? এটা কি রুল অব ল? আপনি প্রতিজ্ঞা করেন নি যে, আইনের অনুশাসনে চলব? মধুসূদনপুরের ঘটনা আপনি জানেন। সেখানের জীবনের কোন নিরাপত্তা নেই। আপনি তাদের বলেছেন তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করব। যেখানে ৬-৭ জন লোক মারা গেল সেখানে আজ পর্যন্ত অ্যারেস্ট নেই, কেস নেই। সেখানে আমাদের চিফ হুইপ গিয়েছিলেন। সেখানে যে সোরাব গাজী ও আবুল হাসানকে হত্যা করা হল এর জন্য দায়ী কে? এর জন্য দায়ী এস ইউ সি এবং এখানকার একজন এম এল এ আছেন যাঁর নেতৃত্বে তাদের হত্যা করা হয়েছিল। তাদের বিধবা স্ত্রী, বৃদ্ধ বাবাকে সান্ত্বনা কে দেবে? সেখানে যাঁকে গোলমাল থামাতে পাঠিয়েছিলেন, কিন্তু তিনি তা করেন নি। কিন্তু এর প্রতিকার কোথায়? কার কাছে তারা প্রতিকার আশা করবে? আপনি যদি বলেন, জ্যোতিবাবুর কাছে যাও, কিন্তু জ্যোতিবাবু চান তারা মরুক। কিন্তু আপনি তাদের কোন ভরসা দেন নি। আপনি বললেন, ইউ টেক ল ইন ইওর হ্যান্ডস। আপনার কাছে তারা এসে ফিরে গেছে। অগাস্ট আন্দোলনের আপনি নায়ক ছিলেন। সেই ৪২ সালের অগাস্ট আন্দোলনের সময় পুলিস যা করেছিল আজও সেই পুলিস, জ্যোতিবাবুর পুলিস হয়ে সেই জিনিসের পুনরাবৃত্তি করছে। শহীদ মিনারের উপর তিনটা পার্টির ফ্ল্যাগ ঝুলছে। ছাত্র পরিষদের ছেলেরা চেয়েছিল সেখানে ন্যাশনাল ফ্লাগ থাকবে। আজকে জ্যোতিবাবুর পুলিস আপনার চোখের সামনে সেসব ছেলেদের অনুমতি দেওয়া তো দূরের কথা, তাদের উপর টিয়ার গ্যাস এক্সপ্লোড করেছে, লাঠি চার্জ করেছে এবং তাদের মেরেছে এবং তাদের সেখান থেকে টেনে নিয়ে গেছে। আপনার সঙ্গে দেখলাম ফরোয়ার্ড ব্লকের লোক রয়েছে, এস ইউ সি-র নেতা সেইসময় কংগ্রেসে ছিলেন বলে আপনার সঙ্গে ছিলেন। আপনি যে দিবস স্মরণ করুন আপত্তি নেই, কিন্তু এই আগস্ট বিপ্লব এইটি হচ্ছে স্বাধীনতা আনার মূল জিনিস যার নায়ক ছিলেন আপনি এবং মহাত্মা যার নেতৃত্ব করেছিলেন। কিন্তু সেদিন আপনার পাশে যুক্তফ্রন্টের অন্যান্য শরিকদের দেখলাম না। আজকে কমিউনিস্ট পার্টি বড় বড় কথা বলছেন, কিন্তু ঐ আগস্ট আন্দোলনের সময় তাঁরা কি করেছিলেন? সেদিন তাঁরা সাম্রাজ্যবাদী ব্রিটিশের সঙ্গে হাত মিলিয়েছিলেন, সেদিন তাঁরা আগস্ট আন্দোলনকে নষ্ট করার জন্য ব্রিটিশের সঙ্গে হাত মিলিয়েছিলেন, অর্থাৎ সেদিন তাঁরা বেইমানী করেছিলেন। তাঁদের আজকে লজ্জা হচ্ছে না? আমি মুখ্যমন্ত্রীকে বলব যে, আন্দোলনের আপনি নায়ক ছিলেন...... ............

[3—3-40 p.m.]

**শ্রীপান্নালাল মাঝিঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, বিরোধী দলের উপনেতা বললেন যে, শহীদ মিনারে জাতীয় পতাকা উত্তোলন করবার জন্য গিয়েছিলেন, একথা ঠিক নয়। কংগ্রেস পার্টির একদল লোক ফ্ল্যাগ নিয়ে গিয়েছিল এবং সেটা ছিল কংগ্রেস পার্টির ফ্ল্যাগ। কাজেই উনি যে অসত্য ভাষণ দিচ্ছেন এটা আপনি দেখুন।

**মিঃ স্পীকারঃ** এটা কোন পয়েন্ট অব অর্ডার নয়।

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, আমি আর একটা কথা বলতে চাই—সেদিন জ্যোতিবাবুর সামনে আলোচনা করবার সময় বলেছিলাম, নরহত্যার অভিযোগে যারা অভিযুক্ত তাদের ছেড়ে দেওয়া হয়েছে। তিনি বললেন, আমরা সংবিধানমতে মামলা তুলে নিয়েছি এবং বেশ করেছি। তিনি পৈশাচিক উল্লাস দেখিয়ে আমাদের হুমকি দিয়ে বলেছিলেন, কি করে কংগ্রেসকে শেষ করতে হয় জানি। আমি জিজ্ঞাসা করি, আপনি যদি স্বরাষ্ট্রমন্ত্রী হতেন, তাহলে কি এইসব মামলা উঠিয়ে নিতে পারতেন? যারা নরহত্যা, ডাকাতির অভিযোগে অভিযুক্ত তাদের বিরুদ্ধে মামলা উঠাতে পারতেন? স্বরাষ্ট্র দপ্তরের কর্মচারী পাবলিক প্রসিকিউটরের আপীলে দায়রা জজ কি বলেছেন শুনুন। মামলায় ধৃত সাত জনকে জামিনে মুক্তি দেওয়া হয়েছিল এবং মুক্তির পরের দিনই তারা মামলায় প্রথম সাক্ষীকে হত্যা করে। সুতরাং এই আসামীদের আর একটি নরহত্যার অভিযোগ এনে অপর একটি মামলা শুরু করা হয়েছে। সব বিষয় বিবেচনা করার পর এই মামলা তুলে

দেবার সম্মতি তিনি দিতে পারেন না। স্যার, যারা নরহত্যা করেছেন সে মামলা তাঁরা উঠিয়ে নিয়েছেন এবং ১০ হাজার দুর্বৃত্তকে তাঁরা ছেড়ে দিয়েছেন। আজকে এরা সমাজদ্রোহীদের পি ডি অ্যাক্টে ধরছেন, কিন্তু আমরা দেখছি যারা নরহত্যা করেছে তাদের ছেড়ে দিয়ে অন্য কতকগুলি লোককে সমাজদ্রোহী নাম দিয়ে পি ডি অ্যাক্টে অ্যারেস্ট করেছেন। আমি জিজ্ঞাসা করি, সমাজদ্রোহী কে? যারা বেআইনীভাবে ভেড়ি দখল করেছে তারা কি সমাজদ্রোহী নয়? যারা লুঠ করে, নরহত্যা করে, তারা কি সমাজদ্রোহী নয়? কিন্তু আপনারা এগুলিকে ছেড়ে দিয়ে অন্য কতকগুলি লোককে অ্যারেস্ট করেছেন। আপনাদের ৩২ দফা কর্মসূচীতে বলা হয়েছে আপনারা নিবর্তনমূলক আটক আইন উঠিয়ে দেবেন। আপনারা কি তাহলে যে ৩২ দফা প্রতিজ্ঞা সেটা উঠিয়ে দেবেন? আজকে সমাজদ্রোহীর নামে অনেককে ধরছেন, ধরুন আপত্তি নাই, যারা সমাজ-দ্রোহী তাদের নিশ্চয়ই ধরবেন। কিন্তু এত যে বড় বড় সমাজদ্রোহী আছে যারা লুঠ করছে, খুন করছে, পাশবিক অত্যাচার করছে, তাদেরকে ছেড়ে দিয়ে যদি অন্য লোককে ধরেন, তাহলে আমার মনে হয় ল অ্যান্ড অর্ডার আসতে পারে না। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন, মুখ্যমন্ত্রী মহাশয় আছেন, তিনি যখন দেশের ভার নিয়েছেন তখন আশা করব দেশের মধ্যে আইন ও শৃংখলা থাকবে, দেশ যাতে গণতন্ত্রের দিকে সমাজতন্ত্রের দিকে যায় সেটা দেখবেন। আর যদি মনে করে থাকেন, আপনি আমরা সকলে পুড়ে ছাই হয়ে যাব, আর এই দলের লোকেরা নাচবে, তাহলে আমার বলার কিছু নাই। আমি আশা করি যে, আপনার শুভ বুদ্ধি জাগবে, আপনি দেশের মঙ্গল চাইবেন, দেশের সত্যিকারের ঐক্য এবং সংহতি যাতে থাকে তার চেষ্টা করবেন। আপনি মুখ্যমন্ত্রী হয়ে শুধু অফিসে, রাইটার্স বিল্ডিংসে বসে থাকবেন না, কেবল ফিতা কাটার কাজ করবেন না, দয়া করে কাজের কাজ করবেন।

**Mr. Speaker:** The House stands adjourned for half an hour as there will be a meeting of the Business Advisory Committee.

(Adjourned for half an hour)

(After adjournment)

[3-40 3-50 p.m.]

**শ্রীরবীন মণ্ডল:** অন এ পয়েন্ট অব পার্সনাল এক্সপ্লানেশন, স্যার, একটু আগে মাননীয় কংগ্রেসী সদস্য আবদুস সাত্তার সাহেব বললেন মধুসূদনপুরে জনৈক এস ইউ সি সদস্য নরহত্যায় উস্কানি দিয়েছেন, আমি বলছি এটা সম্পূর্ণ মিথ্যা এবং তিনি একথা অভিসন্ধিমূলকভাবে বলেছেন, কারণ ওঁদের চিরাচরিত চর্বিত চর্বণ করা অভ্যাস, সেই চিরাচরিত প্রথানুসারে অসত্য ভাষণ করেছেন, এই ব্যাপারে ওঁদের মনোপলিতে আমরা হস্তক্ষেপ করতে চাই না।

**Shri Mohammad Amin:**

मिस्टर स्पीकर सर, मैं इस अप्रोप्रीएशन बिल को ताइद करता हूँ। इस बिल के ऊपर अभी मैंने एक कांग्रेसी मेम्बर श्री सत्तार साहब की तकरीर सुनी। उनके सुनने बाद ऐसा मालूम हुआ कि मुत्तहिदा महाज की हुकूमत मगरबी बंगाल में बनने के बाद कांग्रेसीयों का दिमाग एकदम से खराब हो गया हो। उन्होंने पुष्ठ करोड़ रुपए की शिकायत की है और यह भी बोले हैं कि युक्त फ्रान्ट सरकार आज अच्छा काम करेगी।

সাত্তার সাহেব বলেছেন যে, বাংলাদেশের সর্বত্র আগুন জ্বলে গেছে, কিন্তু কোথায় আগুন জ্বলেছে আমরা তো এটা বুঝতে পারলাম না। বাংলাদেশ বলতে যদি ও'রা জোতদার, মহাজন, বড় বড় ব্যবসায়ী, মিল মালিক এটাই মিন করেন, তা হ'লে অবশ্য আগুন জ্বলেছে। কেননা, যুক্তফ্রন্ট সরকার এই কয়েক মাসের মধ্যে যে কতকগুলি পদক্ষেপ করেছেন তাতে ও'দের মধ্যে দারুন আতঙ্কের সৃষ্টি হয়েছে এবং মিঃ স্পীকার, স্যার, একটা ঘটনা আপনাকে বলব এই জুট মিলের ২ লক্ষ শ্রমিক ৭ দিন স্ট্রাইক ক'রে তাদের দাবি আদায় করেছে সেটা ২২ বছর কংগ্রেসী

জয়নাল আবেদীনের এক প্রশ্নোত্তরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, ৩১এ মে পর্যন্ত ১৮২ জনকে হত্যা করা হয়েছে। এই যে হত্যা করা হয়েছে, তাতে আপনার দায়িত্ব বেশী, কারণ আপনি মুখ্যমন্ত্রী হিসাবে সবকিছু ভার আপনার উপরে। কিন্তু এই যে লোক মার খাচ্ছে তার কোন প্রতিকার নেই। এটা কি গণতন্ত্র? এটা কি রুল অব ল? আপনি প্রতিজ্ঞা করেন নি যে, আইনের অনুশাসনে চলব? মধুসূদনপুরের ঘটনা আপনি জানেন। সেখানের জীবনের কোন নিরাপত্তা নেই। আপনি তাদের বলেছেন তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করব। যেখানে ৬-৭ জন লোক মারা গেল সেখানে আজ পর্যন্ত অ্যারেস্ট নেই, কেস নেই। সেখানে আমাদের চিফ হুইপ গিয়েছিলেন। সেখানে যে সোরাব গাজী ও আবুল হাসানকে হত্যা করা হল এর জন্য দায়ী কে? এর জন্য দায়ী এস ইউ সি এবং এখানকার একজন এম এল এ আছেন যাঁর নেতৃত্বে তাদের হত্যা করা হয়েছিল। তাদের বিধবা স্ত্রী, বৃদ্ধ বাবাকে সান্ত্বনা কে দেবে? সেখানে যাঁকে গোলমাল থামাতে পাঠিয়েছিলেন, কিন্তু তিনি তা করেন নি। কিন্তু এর প্রতিকার কোথায়? কার কাছে তারা প্রতিকার আশা করবে? আপনি যদি বলেন, জ্যোতিবাবুর কাছে যাও, কিন্তু জ্যোতিবাবু চান তারা মরুক। কিন্তু আপনি তাদের কোন ভরসা দেন নি। আপনি বললেন, ইউ টেক ল ইন ইওর হ্যান্ডস। আপনার কাছে তারা এসে ফিরে গেছে। অগাস্ট আন্দোলনের আপনি নায়ক ছিলেন। সেই ৪২ সালের অগাস্ট আন্দোলনের সময় পুলিস যা করেছিল আজও সেই পুলিস, জ্যোতিবাবুর পুলিস হয়ে সেই জিনিসের পুনরাবৃত্তি করছে। শহীদ মিনারের উপর তিনটা পার্টির ফ্ল্যাগ ঝুলছে। ছাত্র পরিষদের ছেলেরা চেয়েছিল সেখানে ন্যাশনাল ফ্লাগ থাকবে। আজকে জ্যোতিবাবুর পুলিস আপনার চোখের সামনে সেসব ছেলেদের অনুমতি দেওয়া তো দূরের কথা, তাদের উপর টিয়ার গ্যাস এক্সপ্লোড করেছে, লাঠি চার্জ করেছে এবং তাদের মেরেছে এবং তাদের সেখান থেকে টেনে নিয়ে গেছে। আপনার সঙ্গে দেখলাম ফরোয়ার্ড ব্লকের লোক রয়েছে, এস ইউ সি-র নেতা সেইসময় কংগ্রেসে ছিলেন বলে আপনার সঙ্গে ছিলেন। আপনি মে দিবস স্মরণ করুন আপত্তি নেই, কিন্তু এই আগস্ট বিপ্লব এইটি হচ্ছে স্বাধীনতা আনার মূল জিনিস যার নায়ক ছিলেন আপনি এবং মহাত্মা যার নেতৃত্ব করেছিলেন। কিন্তু সেদিন আপনার পাশে যুক্তফ্রন্টের অন্যান্য শরিকদের দেখলাম না। আজকে কমিউনিস্ট পার্টি বড় বড় কথা বলছেন, কিন্তু ঐ আগস্ট আন্দোলনের সময় তাঁরা কি করেছিলেন? সেদিন তাঁরা সাম্রাজ্যবাদী ব্রিটিশের সঙ্গে হাত মিলিয়েছিলেন, সেদিন তাঁরা আগস্ট আন্দোলনকে নষ্ট করার জন্য ব্রিটিশের সঙ্গে হাত মিলিয়েছিলেন, অর্থাৎ সেদিন তাঁরা বেইমানী করেছিলেন। তাঁদের আজকে লজ্জা হচ্ছে না? আমি মুখ্যমন্ত্রীকে বলব যে, আন্দোলনের আপনি নায়ক ছিলেন...... ............

[3—3-40 p.m.]

**শ্রীপান্নালাল মাঝিঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, বিরোধী দলের উপনেতা বললেন যে, শহীদ মিনারে জাতীয় পতাকা উত্তোলন করবার জন্য গিয়েছিলেন, একথা ঠিক নয়। কংগ্রেস পার্টির একদল লোক ফ্ল্যাগ নিয়ে গিয়েছিল এবং সেটা ছিল কংগ্রেস পার্টির ফ্ল্যাগ। কাজেই উনি যে অসত্য ভাষণ দিচ্ছেন এটা আপনি দেখুন।

**মিঃ স্পীকারঃ** এটা কোন পয়েন্ট অব অর্ডার নয়।

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, আমি আর একটা কথা বলতে চাই—সেদিন জ্যোতিবাবুর সামনে আলোচনা করবার সময় বলেছিলাম, নরহত্যার অভিযোগে যারা অভিযুক্ত তাদের ছেড়ে দেওয়া হয়েছে। তিনি বললেন, আমরা সংবিধানমতে মামলা তুলে নিয়েছি এবং বেশ করেছি। তিনি পৈশাচিক উল্লাস দেখিয়ে আমাদের হুমকি দিয়ে বলেছিলেন, কি করে কংগ্রেসকে শেষ করতে হয় জানি। আমি জিজ্ঞাসা করি, আপনি যদি স্বরাষ্ট্রমন্ত্রী হতেন, তাহলে কি এইসব মামলা উঠিয়ে নিতে পারতেন? যারা নরহত্যা, ডাকাতির অভিযোগে অভিযুক্ত তাদের বিরুদ্ধে মামলা উঠাতে পারতেন? স্বরাষ্ট্র দপ্তরের কর্মচারী পাবলিক প্রসিকিউটরের আপীলে দায়রা জজ কি বলেছেন শুনুন। মামলায় ধৃত সাত জনকে জামিনে মুক্তি দেওয়া হয়েছিল এবং মুক্তির পরের দিনই তারা মামলায় প্রথম সাক্ষীকে হত্যা করে। সুতরাং এই আসামীদের আর একটি নরহত্যার অভিযোগ এনে অপর একটি মামলা শুরু করা হয়েছে। সব বিষয় বিবেচনা করার পর এই মামলা তুলে

চলছে তাদের এখন। কি ক'রে তাঁরা একথা বলছেন? আমাদের ১৪টি দল আছে, আমরা ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে একমত হয়েছি এবং তার ভিত্তিতে আমরা চলছি। ভুলত্রুটি কিছু হ'লে পরে তা আমরাই শুধরে নেব। আমরা যদি নিজেরা না পারি আমাদের বিশ্বাস আছে বাংলাদেশের জাগ্রত মানুষ আমাদের শুধরে দেবে। এজন্য আমাদের কংগ্রেসী বন্ধুদের কাছ থেকে পরামর্শ নেওয়ার কিছু নাই। আমরা জানি তাঁরা কখনো যুক্তফ্রন্ট সরকারের কোন কাজে সহায়তা করবেন না। তা যদি তাঁরা করতে পারতেন, আমরা খুসী হতাম। আমরা এই ৫ মাসের মধ্যে কী দেখছি? তাঁরা ঘৃণ্য চক্রান্ত ক'রে বিভিন্ন জায়গায় কম্যুনাল রায়ট লাগিয়েছেন, পুলিসকে উস্কিয়েছেন এবং উপরতলার আমলাদের সঙ্গে দহরম-মহরম ক'রে তাঁরা নানারকম চেষ্টা করছেন আমাদের বিরুদ্ধে। এই যে জুট মিল স্ট্রাইক হয়ে গেল, সেখানে শ্রমিকদের মধ্যে বাংগালী অবাংগালীদের তাড়িয়ে দেবে ব'লে কতরকম কুৎসা ও অপপ্রচার চালিয়েছিল যাতে ঐ অবাংগালী শ্রমিকভাইরা এই স্ট্রাইকের মধ্যে না যায়। তাতে তাদের কোন মতলব হাসিল হলো না। যখন তাঁরা দেখলেন শ্রমিকদের দাবি অনেকদিনের পুরানো, ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার ছিলেন, মুখ্যমন্ত্রী এটা মেটাবার চেষ্টা করেছিলেন, কিন্তু তা হ'ল না। শ্রমিকদের মেজাজ দেখে শেষ পর্যন্ত কংগ্রেসীরা চেপে গেল। তাই তাদের বলি, এইসমস্ত কথা তাদের মনে রাখতে হবে।

তাঁরা বলেছেন সমাজবিরোধীদের আমরা পি ডি অ্যাক্ট-এ ধরছি। তাতে অপরাধ কী হয়েছে? ও'রা যখন গভের্নমেন্টে ছিলেন, তখন আমাদের সমস্ত বামপন্থী পার্টিগুলি এমন কি বিধানসভার সদস্য, অপজিশন লীডারকে পর্যন্ত তাঁরা বার বার পি ডি অ্যাক্ট-এ ধরেছেন। তাঁরা কি বলতে পারেন আমরা একটিও এম এল এ-কে পি ডি অ্যাক্ট-এ ধরেছি? আমরা বুঝতে পারছি ও'রা এখন সমাজবিরোধীতে পরিণত হচ্ছেন। এই কথা বলছি আপাততঃ ও'রা পেছন থেকে চক্রান্ত ক'রে কেটে পড়বার চেষ্টা করছেন। যদি এ জিনিস চলতে থাকে, আমার বিশ্বাস, এইসব জিনিস গোপন থাকে না এবং মানুষ সেজন্য তাদের উপযুক্ত শিক্ষা দিয়ে দেবে। কাজেই পি ডি অ্যাক্ট-এর ভরসা থেকে আমাদের বড় ভরসা হচ্ছে এই বাংলাদেশের মানুষ। ও'রা এখানে রেসপনসবল অপোজিসনের অনেক কথা বলেছেন শুনেছি। কিন্তু রেসপনসবিলিটির কোন জ্ঞান আছে বলে মনে হয় না এই কয় মাসের কথা শুনে। যদি ও'রা দেশের মানুষকে ভালবাসতেন গরিবের সমস্যার প্রতি দরদ থাকতো, তা হ'লে তাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ আলাদা হোত। কিন্তু তা তাদের নাই। সেখানে আরও বেশী নেগেটিভ স্টেপ তাঁরা নিয়েছেন এবং এমনভাবে তাঁরা চলাফেরা করছেন যাতে মনে হচ্ছে যে, যুক্তফ্রন্টের বিরোধিতা করাই হচ্ছে ও'দের একমাত্র কাজ। তাই আমি বলে রাখতে চাই যে, এ যদি করেন, তা হ'লে দেশের মানুষ আরও ভাল ক'রে জানিয়ে দেবে—ঐ ১২৭ থেকে ৫৫তে পরিণত হয়েছে—এতেও কি ও'দের শিক্ষা হয় না। তাঁরা জনসাধারণের থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে যাবেন। এবং যুক্তফ্রন্ট বাংলাদেশের মানুষকে নিয়ে আগিয়ে যাবে—এই কথা ব'লে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4 p.m.]

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্পীকার স্যার, আজকে এখানে অ্যাপ্রোপ্রিয়েসন বিলের মাধ্যমে টাকা খরচ করার জন্য দায়িত্ব গ্রহণ করছেন যুক্তফ্রন্ট সরকার। আজকে যেভাবে এবং যে ধারায় তাঁরা কাজ আরম্ভ করেছেন এবং ক'রে চলেছেন তাতে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং যুক্তফ্রন্টের মন্ত্রীদের অভিনন্দন জানাতে চাই। এইজন্য যে, যে মন নিয়ে তাঁরা এসেছিলেন যে দেশের মঙ্গল করবো না, গন্ডগোল সৃষ্টি করবো—তাতে তাঁরা বেশ আগিয়ে চলেছেন এবং সেজন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। এটা সত্য কথা যে, এই দিকে চলবে এটা মুখ্যমন্ত্রী নিজে জানতেন, এ ঘটনা নূতন নয়। গতবারে আমরা দেখেছি ১৯৬৭ সালে যখন অজয় মুখার্জী মুখ্যমন্ত্রী ছিলেন, তখন রাইটার্স বিল্ডিংসে তাঁকে সরকারী কর্মচারীরা অপমানিত করলেন- তিনি সেটা হজম ক'রে নিলেন কোন ব্যবস্থা গ্রহণ করা হোল না। সেদিন এখানে পুলিস এলো—জ্যোতিবাবু বললেন, সিরিয়াস অ্যাকসন নেওয়া হবে, জ্যোতিবাবুর মুণ্ডু চাই এই কথা তারা বলেছে—আর মুখ্যমন্ত্রীকে রাইটার্স বিল্ডিংসে যে অপমান করলো তখন একটি কথাও কারও মুখ দিয়ে বেরুলো না—আজকে এইভাবে সরকার চলেছে এইজন্য আমি অভিনন্দন জানাচ্ছি:

এই সরকার আসবার পর থেকে আমরা দেখতে পাচ্ছি, একেবারে সরকারী কাজ পুরোপুরি ভেঙ্গে গেছে। সময় বেশী নাই, বেশী বলতে পারবো না—তবে আমি একথা জানাচ্ছি যে, রোজ এই হাউসে দেখতে পাচ্ছি যে প্রশ্নোত্তরের বেলায় অনেক উত্তর মন্ত্রিমহাশয়রা দেন না, তৈরি হয় নি, ডিপার্টমেন্ট দেয় নি ইত্যাদি ব'লে—এটা কি অপদার্থতা, ব্যর্থতার পরিচয় নয়? আমরা যখন ঐদিকে ছিলাম তখন জ্যোতি বসু মহাশয় বলতেন, "ও'রা কি মাইনে নেন না, মন্ত্রীরা মাইনে নেন কাজ করবার জন্য, ও'দের বের ক'রে দেওয়া হোক।" আজকে আমি কি সেই কথা বলতে পারি না? প্রতিদিন দেখছি মন্ত্রীরা উত্তর দিচ্ছেন না, এই হাউসের সময় নিচ্ছেন। আজকে সরকারী কর্মচারীরা কিভাবে কাজে ফাঁকি দিচ্ছেন সেটা আমরা ভাল ক'রে জানি। খুব বড় বড় কথা বলা হচ্ছে—শহীদ মিনার হচ্ছে সরকারী তরফ থেকে আলো দিয়ে সাজিয়ে, মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে আবরণ উন্মোচন করলেন, আবার এদিকে ছাত্রদের উপর লাঠি চার্জ করলেন আর সেখানে জাতীয় পতাকা উত্তোলন করা হোল না। আজকে অজয়বাবু তো সেখানে ছিলেন—অন্য দলের পতাকা উঠলো—আর কংগ্রেস দলের পতাকা উঠলেই খারাপ। জাতীয় পতাকার অপমান ক'রে, ছাত্রদের পুলিস দিয়ে লাঠি চার্জ ক'রে শহীদমিনারের উদ্বোধন হোল—এই সরকারের গদিতে বসে সরকারী কাজ করতে এদের লজ্জা হয় না?

আজকে আমরা দেখছি, এই সরকার বৃটিশের কথায় চলছে। স্যার, আমরা রুশ বা চীনের কথা বলি না, কিন্তু যে বৃটিশের কথায় এই কমিউনিস্ট পার্টি ১৯৪২ সালে ভারতের স্বাধীনতার বিরুদ্ধে চক্রান্ত করেছিল আজকে সেই সরকার চলছে ইংরাজের দালালী করবার জন্য, ইংরাজের কথায়। আমরা দেখতে পাচ্ছি ইংরাজ কোম্পানী-ক্যালকাটা ট্রামওয়ে কোম্পানীকে, সরকার নিয়ে ইংরাজকেই বর্ধিত করলো। সেই ইংরাজ কোম্পানীর পেছনে আজকেও কোটি কোটি টাকা দিচ্ছেন, এবারের বাজেটে সেটা দেখতে পাবেন। সেখানে দেখবেন, ২ কোটি ১০ লক্ষ টাকা ট্রামওয়ে কোম্পানীর খাতে দিচ্ছেন। এটা কোলকাতার উন্নতির জন্য নয়, ট্রাম বেশি চলবে সেজন্য নয় বা প্রতিটি রাস্তা দিয়ে যেখানে ট্রাম লাইন গিয়েছে, লোকে যেখানে হাঁটতে পারছে না, পড়ে যাচ্ছে সেজন্য নয় কেবল দালালী করবার জন্য দিয়েছেন। এইভাবেই এই ট্রাম কোম্পানী আজকে সরকারের দায়িত্বে এসেছে। এর সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাচ্ছি যে, আর একটি বৃটিশ কোম্পানী—স্যাক্সবি ফারমার, সেটা নিতে হবে, কারণ ইংরাজের দালালী করতে হবে, যে ভাবে ও'রা ১৯৪২ সাল থেকে ক'রে এসেছেন, তাকে তো রাখতে হবে। স্যার, এখানে অনেক কোম্পানী বন্ধ হয়ে গিয়েছে, বহু লোকের চাকরি গিয়েছে, কিন্তু সেখানে এই কমিউনিস্ট পার্টির নেতৃত্বে অজয় মুখার্জীর নজর পড়ে নি। আজকে এটা নেওয়া হচ্ছে তার কারণ বৃটিশকে সনদ দিতে হবে, তা না হ'লে চলবে না। কোটি কোটি টাকা যদি দিতেই হয় তবে ইংরাজকেই দিতে হবে বা তার শেয়ারহোল্ডারদের দিতে হবে, তা না হ'লে চলবে না। এর পর স্যার, আমি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের কথা বলব। স্যার, এটা একটা অদ্ভুত ব্যাপার। যেখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড রয়েছে এবং যেখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে বেশীর ভাগ নিয়ে ইলেকট্রিক সাপ্লাই ক'রে যাচ্ছেন সেখানে সেই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে যেহেতু সেটা ব্রিটিশ কনসার্ন, সেহেতু ও'দের বৃটিশ এজেন্সির কাজ করতে হবে, অতএব তাকে ১০ বছরের লাইসেন্স বাড়িয়ে দাও। সেটা নেবার সাহস হ'ল না বা বন্ধ করবার সাহস হ'ল না। এই অপদার্থ সরকার আজকে বিদেশীর পদলেহন ক'রে তাদের খুশী করবার জন্যই এখানে চেষ্টা করছেন। স্যার, এখানে যে সমস্ত মাননীয় সদস্যরা হাসছেন, কথা বলছেন তাঁরাও নিশ্চয়ই আমাকে সমর্থন করবেন যখন বলব এই বৃটিশ কনসার্ন যেটা রয়েছে—ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন, তাদের এখানে থাকবার কোন দরকার নেই যখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড রয়েছে। স্যার, যাঁরা বৃটিশের এজেন্ট তাঁরা হাহা করতে পারেন এটা নতুন কিছু নয়, কিন্তু ও'রা যে বৃটিশ এজেন্সির কাজ করছেন সেটাই আমরা লোকেরা সামনে তুলে ধরতে চাই। তারপরে স্যার, এখানে প্রায়ই চক্রান্তের কথা সরকারের পক্ষ থেকে বলা হয়। শুনতে পাই, হয় কেন্দ্র, না হয় কংগ্রেস। স্যার, এই চক্রান্তের কথা নতুন নয়। ইতিহাসে আমরা দেখি যে, যখনই দুর্বলতা, অপদার্থতা, দুষ্কৃতি বন্ধ করতে চায়, যাঁরা অধিকারে রয়েছেন তাঁরা জনগণকে বিভ্রান্ত করবার জন্য অন্যের উপর চক্রান্তের দোহাই দিয়ে নিজেদের অপদার্থতাকে ঢাকবার চেষ্টা করেন। আমরা দেখেছি বাংলাদেশে যখন লিগ মিনিস্ট্রি ছিল, সুরাবর্দী সাহেব যখন মিনিস্টার ছিলেন তখন চক্রান্তের কথা বলেছিলেন, তিনি বলেছিলেন চক্রান্ত হচ্ছে,

মুসলমানদের বিরুদ্ধে চক্রান্ত হচ্ছে। পাকিস্তানে আমরা দেখতে পাই যে, যখনই তাঁদের নিজেদের মধ্যে গণ্ডগোল হয়, তখনই তাঁরা ভারতের চক্রান্তের কথা ব'লে তা বন্ধ ক'রে দেয়। কাজেই চক্রান্তের কথাটা নতুন নয়। দলীয় রাজনীতিতে চক্রান্তের কথা আপনারা যেটা বলছেন সেটা নতুন নয়। হিটলার একথা বলেছেন। যখনই গণ্ডগোল হয়েছে তখনই লোককে বিভ্রান্ত ক'রে সেই অপদার্থতা যাতে ধরা না পড়ে সেজন্য অন্য দেশের চক্রান্ত দেখিয়ে নিজের দেশকে বাঁচাবার চেষ্টা করেছেন। আমরা রাশিয়াতেও সেই জিনিস দেখেছি। স্টালিন তাঁর নিজের দোষ ঢাকবার জন্য পরের চক্রান্ত দেখিয়েছেন। এর ফল দেখেছি কোথাও দেশ বিভাগ, কোথাও নরহত্যা। লক্ষ লক্ষ লোককে হত্যা করা হয়েছে নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য, লোককে বিভ্রান্ত করার জন্য। স্যার, সে জিনিস আমরা দেখতে পাচ্ছি, নিজেদের দোষ ঢাকবার জন্য তাঁরা পরের চক্রান্তের কথা বলছেন। স্যার, আমার আর বেশী সময় নেই, আমি আর একটা কথা ব'লেই শেষ করবো সেটাও ঐ চক্রান্তের কথা। স্যার, আমাদের এখানে যখন পুলিস এসেছিল তখন সেখানে ও'রা কংগ্রেসের চক্রান্ত দেখেছিলেন। তারপরে জ্যোতি বসু মহাশয় ছবিও দেখিয়েছেন যাতে নাকি শ্রীমতী আভা মাইতি ও শ্রীনেপাল রায় রয়েছেন। সে ছবি আমরা পাই নি। স্যার, আমরা কি একথা আজকে বলতে পারি না যে, আজকাল নানান রকমের ছবি তৈরি হয়, এটা সেই তৈরি ছবি কিনা দেখতে চাই, ছবির কপি পেলে বলতে পারবো কি অবস্থা হয়েছে। তা ছাড়া এটা যুক্তফ্রন্ট বা কমিউনিস্ট পার্টির চক্রান্ত কিনা সেটাও আমরা জানতে চাই। কারণ এটা সেদিন এল না, তার পরের দিন এল না, ৪/৫ দিন হয়ে গেল তারপরে ছবিটি এল, কাজেই এটা চক্রান্ত কিনা আমরা দেখতে চাই এবং সেটা প্রমাণ করতে চাই। সে ছবির কপি আমাদের দেওয়া হয় নি, আপনাকে দেওয়া হয়েছে, আমরা দেখতে চাই এটা নতুন চক্রান্ত কিনা, এটা আমরা জানতে চাই।

[4—4-10 p.m.]

স্যার, আজকে যাঁরা এই সরকার চালাচ্ছেন এর পূর্বে আমরা অনেক দিন ধ'রে বলেছি যে, এ'দের সমস্ত শাসনব্যবস্থা অচল হয়ে গেছে, কলকাতা শহরে মানুষ রাস্তায় হাঁটতে পারে না। আপনি দেখেছেন স্যার, আপনাকে এখান থেকে কিভাবে পালিয়ে যেতে হল। যা হোক, আমি আর সে বিষয়ে বলতে চাই না। কলকাতা শহরের বুকে আপার সারকুলার রোডের উপর দিয়ে মানুষ হাঁটছে, বাস যাচ্ছে তার উপর দুষ্কৃতকারীরা উঠে পড়ে লুঠ ক'রে নিয়ে পালাল। মন্ত্রীরা বলছেন আমরা তো ব্যবস্থা করছি, অনেক দিন ধ'রে অনেক আটকে রেখেছি। কিন্তু এখন কোন কিছু হয় নি। আপনারা কি সে কথা দেখতে পান নি, শুনতে পান নি? যদি কানা, অন্ধ বা কালা হয়ে থাকেন, তা হ'লে কোন জিনিস দেখতে পাবেন না। আপনারা যদি ভাবেন আমরা এত সংখ্যায় এক সঙ্গে আছি, তা যদি থাকেন তাঁরা চালান, কিন্তু আমরা বলব দলবাজী ছাড়া বাংলাদেশের মানুষের উন্নতির দিকে কোন কাজ করবার চেষ্টা করেছেন কিনা, সেটা চিন্তা ক'রে দেখুন। আমরা সেটা এখানেই যা দেখতে পাচ্ছি, বাংলাদেশেও সেই জিনিসই হচ্ছে। সেখানে দেখতে পাচ্ছি দলবাজী ছাড়া আর কিছু নয়। আজকে এখানে যাঁরা চিৎকার করছেন, তাঁরা এক দল অপর আর দলকে মারছেন, হত্যা করবার চেষ্টা করছেন। নানান রকম চক্রান্ত করছেন এক দল আর এক দলের প্রতি, এ তো আমরা দেখতে পাচ্ছি। এই সেদিন ন্যাশনাল মেডিক্যাল কলেজের ব্যাপারে যা দেখলাম—কি দেখলাম? আমরা তো আশ্চর্য হলাম কেন সেদিন জ্যোতি বসু মহাশয়, ননী ভট্টাচার্য মহাশয় বললেন না কংগ্রেসী চক্রান্ত—বোধ হয় ভুলে গেছেন। কারণ, এত গোলমালের মধ্যে নিজেদের মাথায় সেদিন হয়তো আসে নি কংগ্রেসী চক্রান্তের কথা। কারণ, তাঁদের মধ্যে বিভিন্ন দলের ঝগড়া এমনভাবে বেরিয়ে এল যে, জ্যোতি বসুর পুলিস সেখানে গিয়ে রোগীদের উপর বোমা মারল এবং সেখানে নানাভাবে পুলিসী অত্যাচার চলে, তার ফলে রোগী মারা গেল। আজকে চিৎকার করছেন, এই হাসপাতালে গিয়ে রোগীদের যদি হত্যা করেন, তা হ'লে হয়ত আপনাদের আনন্দের বিষয় হতে পারে, নিশ্চয়ই আপনারা হাসবেন। কিন্তু বাংলাদেশের মানুষ আপনাদের চিনে রাখবেন। কোন ভয় নেই, আবার আপনাদের আসতে হবে। আমি এই কথা বলে তাই আবার বলব যে মুখ্যমন্ত্রিমহাশয় সোজা হয়ে দাঁড়ান। ১৯৪২ সালের কথা যদি আপনার মনে থাকে, তা হ'লে আপনি সোজা হয়ে দাঁড়ান। রাইটার্স

বিল্ডিংসে বসে মুখে লোকদের অন্য পথে চালান, তা হ'লে অন্যায় হবে, অধঃপতন হবে, এই কথা বলতে চাচ্ছি।

**শ্রীঅবিনাশ বসু:** মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল উত্থাপন করেছেন সেটা আমি পরিপূর্ণভাবে সমর্থন করি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, হাউসে প্রথম যখন ইরিগেসান মিনিস্টারের এমন এক প্রশ্নের উত্তরে বন্যা বয়েছিল, তেমনি আমরা দেখতে পাচ্ছি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর বিরোধী পক্ষের বন্যা বয়ে যাচ্ছে। ও'রা আগুনের ভয় পাচ্ছেন। এই আগুনের ভয় কেন যে, ও'রা পাচ্ছেন সেটা যদি নিজেরা একটু তলিয়ে দেখেন, তা হ'লে ভাল হয়। আমরা ১৯২১ সালের কর্মী। সে সময় জনগণের যে জাগরণ উঠেছিল, চৌরীচেরায় যে গোলমাল, হাঙ্গামা হয়েছিল সেটা যদি চলতে দেওয়া হতো, তা হ'লে আমাদের বোধ হয় এত দীর্ঘদিন ধ'রে পরাধীন থাকতে হতো না। আগুনের ভয় তারাই করে, যাদের দলে হ্যাভস আছে। আজকে জনগণের মধ্যে জাগরণ এসেছে। তাই প্রতিক্রিয়াশীল ব্যক্তির বিপক্ষে যে জনগণের রোষ, সেটা আগুনের ফুলকির মত ছিটকে পড়ছে। তারা ধ্বংস হয়ে যাবে এই আশঙ্কায় তাদের দিকে যারা রয়েছে স্বার্থপর, তাদের ভিতর আতঙ্ক উঠেছে। তাই তারা আজ আগুনের ভয় পাচ্ছেন। আমি এখানে বলতে চাই যে কংগ্রেস আমলের অডিট রিপোর্টের মধ্যে দেখতে পাচ্ছি ১৯৫৯ সালের রেকর্ডে দেখছি কোটি কোটি টাকা ও'রা বিভিন্ন বিভাগে তছনছ করেছেন। ভাউচার দেওয়া হয় নি, তারপর অতিরিক্ত টাকা খরচ করেছেন এমনি ক'রে, টাকার অংক হলো একটা জায়গায় রয়েছে ৩৮·১ কোটি টাকা, আর এক জায়গায় রয়েছে ৬৩·১৫ কোটি টাকা বিভিন্ন বিভাগের মারফত আমলাতান্ত্রিক সরকারী কর্মচারীর মাধ্যমে খরচ করা হয়েছে, কিন্তু এর জন্য কোন ভাউচার নেই। এ'রা এস্টিমেটের বাইরে চলে গেছেন, আসলে কোন এস্টিমেট করেন নি, উইদাউট এস্টিমেট খরচ করা হয়েছে। এই যে কোটি কোটি টাকা কংগ্রেস আমলে খরচ করা হয়েছে এ সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকারে যাঁরা দায়িত্বে রয়েছেন, তাঁদের হুঁশিয়ার হ'তে বলি যে তাঁরা যদি এই পথে চলেন, তা হ'লে জনগণের কাছে তাঁরা যে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন যে দুর্নীতিমুক্ত সমাজ গঠন করবেন, সেটা তাঁরা পালন করতে পারবেন না। এইসমস্ত ফ্যাক্টস অ্যান্ড ফিগার্স চাপা থাকে না, বাইরে চলে যায়—এই দুর্নীতিকে সবল হাতে দূর করতে হবে। আজকে আমাদের মুখ্যমন্ত্রীকে ইরিগেশন পাম্পের জল তোলার ব্যবস্থাব মত তাঁকে উস্কানি দেওয়া হচ্ছে, কিন্তু তিনি শান্ত আছেন। তিনি সমুদ্রের মত সংযমী ব্যক্তি, তিনি সমস্ত কিছু লক্ষ্য করছেন, সেখানে যদি ঝড় ওঠে, তা হ'লে বিরোধী পক্ষের এই ধনতান্ত্রিকের দালাল যাবা তাঁরা সব ভেসে যাবেন, এটা যেন তাঁরা স্মরণ রাখেন। এই যে ভাঙ্গন ধরাবার চেষ্টা, সেটা সুবিধা হবে না। কাজেই এই সম্পর্কে সমস্ত ভারতবর্ষে যে একটা তরঙ্গ উঠেছে, এটা রাজনৈতিক কারণে উঠেছে এবং তার প্রতিফলন পশ্চিমবাংলায়ও আসছে। এই ভয়ঙ্কর অবস্থায় আপনাদের খুব শক্ত হ'তে হুঁশিয়ার থাকতে হবে এবং রাজনৈতিক নৌকার হ'ল শক্ত হতে পরিচালনা কবতে হবে। এ সম্পর্কে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে কিছু বক্তব্য রাখছি। আমলাতন্ত্রের দুর্নীতি দূর করার কথা কিছু বলা হয়েছে, এদিকে বিশেষভাবে সতর্ক থাকতে হবে এবং আমাদের মুখ্যমন্ত্রী এবং যুক্তফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি যে, তাঁরা বলেছেন যে, এই বিষয়ে তাঁরা যথাসাধ্য চেষ্টা করবেন। আর একটা কথা বলছি যে, একটা কথা উঠেছে যে, প্রত্যেক জেলা থেকে এক বা একাধিক মন্ত্রী রয়েছেন, কিন্তু দুর্ভাগ্যক্রমে তিনটি জেলার কোন মন্ত্রী নেই, সেদিক থেকে কুচবিহার, পশ্চিম দিনাজপুর এবং মুর্শিদাবাদ—এই তিনটি জেলার অধিবাসীরা যেন না মনে করেন তাঁরা অনাথ। আপনাদের প্রত্যেক বিভাগের যেসমস্ত বরাদ্দ ধার্য করা হয়েছে, সেইগুলি লোকসংখ্যা অনুযায়ী, প্রয়োজন অনুযায়ী যেন টাকা ধার্য করা হয়, এই দাবি আমি আপনাদের কাছে রাখবো। তারপর আর একটি কথা আপনার কাছে রাখতে চাই, আমাদের উত্তরবঙ্গের বালুরঘাট মহকুমা একসেস এলাকা, এটা সার্প্লাস এলাকা। বাংলাদেশ বিভাগের পর আজ পর্যন্ত প্রত্যেক বছর এই এলাকা থেকে উদ্বৃত্ত হিসাবে আমরা ধান চাল সংগ্রহ করতে পারছি, কিন্তু এই এলাকার প্রতি যথেষ্ট নজর দেওয়া হচ্ছে না। আমি আশা করবো, যুক্তফ্রন্ট সরকারের আমলে বালুরঘাট সদর মহকুমায় যেখানে চারটি আসনে কংগ্রেস পরাস্ত হয়েছেন এবং রায়গঞ্জ মহকুমায় তিনটি আসন কংগ্রেস দখল করেছেন এবং একটির মামলা হচ্ছে, এখানে ইরিগেশনের কোন ব্যবস্থা নেই বহুদিন ধ'রে এবং মাননীয় ভূপতি মজুমদার যখন ইরিগেশন

মিনিস্টার হয়েছিলেন, তখন পুনর্ভবা থেকে ডাঙ্গিঘাট পর্যন্ত—এই ২০ মাইল খালটি পুনর্বিন্যাসের কথা হয়েছিল, কিন্তু কিছুই হয় নি এটা যদি পুনর্বিন্যাসের (রি-এক্সিকিউট) ব্যবস্থা করতে পারতেন, তা হ'লে এখানে ডবল ফসল হ'তে পারতো।

আমি যুক্তফ্রন্ট সরকারকে আশ্বাস দিচ্ছি, এখানকার জনগণ শুধু গমের পরিবর্তে খাটতে রাজী আছে, তারা এই খাল কাটতে রাজী আছে। আপনারা যদি এই সম্বন্ধে একটু তৎপর হন, তা হ'লে আমার মনে হয়, বালুরঘাট মহকুমায় যে ধান-চাল উৎপাদন হচ্ছে তার দ্বিগুণ হবে। আর একটা দাবি যে জেলা শহর স্থানান্তর ক'রে কলঙ্কের ভাগী হবেন না। কংগ্রেস সরকার আমাদের জেলাকে দুইভাগে ভাগ করতে চেয়েছিলেন—এক, রায়গঞ্জ, দুই, বালুরঘাট। এখনও ও'রা এটার জন্য উস্কানি দিচ্ছেন। রায়গঞ্জ শহরের নিজেরই কোন মহকুমা কার্যালয় নেই। যুক্তফ্রন্ট সরকার বর্তমানে জেলা শহর স্থানান্তর করতে গিয়ে জনসাধারণের মানসিকতা নষ্ট করবেন না। সেখানের সাধারণ মানুষ এখন ধান-চাল উৎপাদন করছে, এই কাজে যদি এখন হাত দেন, তা হ'লে লোকের মানসিকতা নষ্ট হবে। এই প্রসঙ্গে আমি বলতে চাই, বালুরঘাট মহকুমার রেল লাইনের যোগাযোগ করবার ব্যবস্থা করুন এবং তা যদি করতে পারেন, তা হ'লে জনগণের আশীর্বাদ পাবেন। এরা বাংলাদেশের জন্য ধান-চাল উৎপাদন করছে, বাংলাদেশকে খেতে দিচ্ছে, কিন্তু এদের শিল্প নেই, ইরিগেশন নেই, শিক্ষা নেই, ইলেকট্রিসিটি নেই। ইলেকট্রিসিটির দিক দিয়ে এরা সবচেয়ে পশ্চাৎপদ আছে। আমি আশা করি, এই জেলার দিকে একটু লক্ষ্য রাখবেন। এই ব'লে আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের নিষ্প্রাণ আলোচনায় কিছু বলতে উঠেই প্রথমেই যে অভিনন্দন পেয়েছি, তার প্রতি কিছু সম্মান জানানো আমার উচিত। আমাদের মুখ্যমন্ত্রিমহোদয় এই বিল উত্থাপন ক'রে সংবিধানের ২৬৬ ধারার দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। এই ধারায় বলা আছে যে, আমাদের এই রাষ্ট্রে যা কিছু ট্যাক্স বা লোন বা অনুদান হিসাবে পাওয়া যাবে এবং অ্যাডভান্সের সমস্ত টাকা একটা কনসলিডেটেড ফান্ডে জমা হবে এবং আইনতঃ সেই কনসলিডেটেড ফান্ডের যে টাকা সেটা নেওয়ার জন্য আমাদের এই বিধানসভা অনুমতি দেবেন। আমাদের টাকার মধ্যে সরকারের বিভিন্ন পর্যায়ে বিভিন্ন বিভাগের জন্য যে ব্যয়বরাদ্দ মঞ্জুর করেছি, তার মধ্যে তাঁরা খরচ করতে পারেন। গণতন্ত্রের এটা মূল কথা। বিধানসভার অনুমতি ব্যতীত এক পয়সাও খরচ হবে না এবং আমাদের রাষ্ট্রের যে আর্থিক সঙ্গতি তার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে তার খরচপত্র। আমি প্রথমেই তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, বছরের পর বছর যে চিত্র দেখতে পাচ্ছি সেইদিকে যাতে ভবিষ্যতে এই জিনিসের না পুনরাবৃত্তি হয়। ১৯৬২-৬৩ সালে অতিরিক্ত খরচ হয়ে গিয়েছে ব'লে আজ আমাদের এখানে একটা আইন আসছে সেটাকে এই ধারা বলে নিয়মানুগ ক'রে দেবার জন্য। সেই অনুমতি বিধানসভায় নেওয়া হবে। এটা সম্পূর্ণ অবাস্তব।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এর পরে ঐ বিলটা আসছে, এখন কেন সেটা আলোচনা করছেন?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি জানি তা। এখানে আমি আশা করব, আমরা যে টাকা বরাদ্দ করেছি এবং যার উপর নির্ভর ক'রে আপনারা আজকে এই ফাইন্যান্সিয়াল বিলে আমাদের অনুমতি চাইলেন এর বাইরে যাতে এক পয়সাও খরচ না হয়, সেদিকে দৃষ্টি দেবেন।

আমাদের সংবিধানের মধ্যে এই ব্যবস্থাও আছে। যদি আপনি বছরে খরচ করতে করতে দেখেন, কোন একটা বিশেষ কাজের জন্য হঠাৎ একটা বিপর্যয় হ'ল এবং তার জন্য একটা বিরাট টাকার দরকার হচ্ছে, যা আমাদের পূর্বের বাজেটের সময় ধরা হয় নি, তার জন্য সাপ্লিমেন্টারি বাজেট করবার ব্যবস্থা আমাদের আইনে রয়েছে। কিন্তু বহু ক্ষেত্রে দেখা গেছে যে, এই সাপ্লিমেন্টারি বাজেটের জন্য অপেক্ষা না ক'রে মন্ত্রিমন্ডলী তাঁদের নিজেদের ক্যাবিনেট পর্যায়ে

তাঁরা প্রচুর টাকা খরচ করবার অনুমোদন দিয়ে খরচ ক'রে বসেন। তারপর দীর্ঘদিন চলে যায় এবং যখন অডিটররা খরচ সম্পর্কে আপত্তি করেন এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটি দাবি-দাওয়া সম্পর্কে মঞ্জুরির বাইরে খরচ হয়েছে দেখান, তখন একটা পুরাতন খরচ হয়ে গেছে ব'লে পরবর্তী পর্যায়ের যে হাউস তার কাছে হেল্পলেস ব'লে তার অনুমোদন নেন। এদিকে তাঁর দৃষ্টি রাখবার জন্য আমি বিশেষ ভাবে মুখ্যমন্ত্রী তথা বর্তমান অর্থমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি। এই সঙ্গে আরো একটা বিশেষ অসুবিধার কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনার মাধ্যমে, সেটা হচ্ছে যে, বর্তমানে গত কয়েক মাস বা হয়তো এক বছর হ'ল দেখা যাচ্ছে যে, ফিনান্স ডিপার্টমেন্ট তাদের অধিকার বহির্ভূত ব্যাপারে হস্তক্ষেপের ফলে বহু জায়গায় আমাদের বাজেটের প্রোভিশনে খরচ হচ্ছে না। আমাদের ফিনান্সের বিলে যে টাকা অনুমোদন করা হয় তাও ডিপার্টমেন্ট খরচ করবার সুযোগ পাচ্ছে না। আজকে সকালবেলায় খবরের কাগজে দেখলাম যে, বন বিভাগের যাঁরা টেকনিক্যাল অফিসার তাঁরা অভিযোগ করেছেন যে, তাঁদের যেসব দাবিদাওয়া, যেগুলি বিশেষজ্ঞদের দৃষ্টিভঙ্গীতে খরচ হওয়া উচিত ছিল—বন তৈরি করা বা কোন ইরোশান বন্ধ করবার জন্য যে প্রোজেক্ট ছিল—এইসব কাজ ক'রে উঠতে পারেন নি। কারণ তাঁদের যে বিভাগীয় সম্পাদক, তিনি তাঁদের বিশেষজ্ঞদের মনমত কাজ করতে পারেন নি। তিনি নাকি ফিনান্স ডিপার্টমেন্টের হস্তক্ষেপের জন্য তাঁদের যেসব ডেভেলপমেন্টের কাজ মঞ্জুর করা ছিল, তা তিনি কাজে পরিণত করতে দেন নি! এটা একটা দৃষ্টান্ত নয়। ইংরেজ আমলের আমাদের যে প্রশাসনিক কাঠামো আছে সেই প্রশাসনিক কাঠামোর দু'টো খুঁটি ছিল। একটা হচ্ছে, পলিসি ম্যাটারের জন্য সেক্রেটারিয়েট এবং এক্সিকিউশনের ব্যাপারের জন্য ডাইরেক্টরেট। অর্থাৎ এক একটা জায়গায় যেমন মেডিক্যাল ডাইরেক্টরেট আছে তার আবার সেক্রেটারী আছে। আমাদের কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ডাইরেক্টরেট অব ইন্ডাস্ট্রিজ প্রমুখ আছেন, আবার তার সেক্রেটারীও আছেন। এর দু'টো ক'রে ভাগ ছিল। একটা হচ্ছে প্রশাসনিক পলিসি নির্ধারণের জন্য এবং মন্ত্রিমণ্ডলীর দপ্তর সেই রূপায়ণের কাজ দেখবেন। আর একটা হচ্ছে, সেই পলিসি নির্ধারণ হবার পরে যারা রূপায়ণ করবেন তার জন্য ডাইরেক্টরেট। এই সিস্টেমটা হয়তো এককালে কার্যকর ছিল। কিন্তু পরবর্তী পর্যায়ে অনেক জায়গায় দেখা গেল যে, সেক্রেটারিয়েটটা যাঁরা দেখেন তাঁরা অনভিজ্ঞ লোক। এবং অভিজ্ঞ লোক না থাকায়, সেখানে আই সি এস্ আই এ এস পর্যায়ের যারা সর্বজ্ঞ লোক তাঁদের দিয়েই সেক্রেটারিয়েট তৈরি হয়। এখন তাদের সঙ্গে আর এই ডাইরেক্টরেটে যাঁরা যে বিভাগের বিশেষজ্ঞ তাঁদের মধ্যে মতভেদ হয় এবং তার জন্য অনেক সময় ভাল ভাল কাজ ঠিক সময় মত করা যায় না। আমি মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি যে, যখন আমরা খুব দ্রুত চালাতে চাচ্ছি অনেক উন্নয়নের কাজ, তখন এমন প্রশাসনিক ব্যবস্থা করতে হবে যাতে এই দু'টো পর্যায়ের মধ্যেই পরস্পরের অসামঞ্জস্যের জন্য যেন আমাদের উন্নয়নের কোন কাজ ব্যাহত না হয়।

[4-20—4-30 p.m.]

একথা সত্য যে, যাঁরা সেক্রেটারীয়েট লেভেলে থাকেন তাঁরা মনে করেন যে, তাঁরা সর্বজ্ঞ, যাঁরা ডিরেক্টরেটে আছেন যাঁরা এ বিষয়ে পারদর্শী তাঁদের সেখানে যদি আলোচনার সুযোগ না থাকে বা তাদের পরামর্শের ব্যবস্থা না হয়, তা হ'লে অনেক সময় দেখা যায় সামান্য সামান্য ব্যাপারে লম্বা লম্বা প্রশ্ন ওঠান এবং তারপর ফাইল দু'দিক যাতায়াত করতে থাকে কাজ এগোয় না। সেজন্য একবার ডাঃ রায়ের আমলে হেলথ ডিপার্টমেন্টের যিনি সেক্রেটারী ছিলেন এবং হেলথ সার্ভিসের ডাইরেক্টর যিনি ছিলেন এই উভয় পদকে এক ক'রে সেক্রেটারীর পদ তাঁকে দিয়ে দিয়েছিলেন, এই এক্সপেরিমেন্ট করা হয়েছিল। এডুকেসন ডাইরেক্টরেটে ঐ রকম ডাইরেক্টর অব পাবলিক ইন্সট্রাকসন তাঁকে সেক্রেটারী অব দি এডুকেসন ডিপার্টমেন্ট ক'রে পরীক্ষা করা হয়েছিল। সব জায়গায় এই পরীক্ষা যে খুব সাকসেসফুল হয়েছিল তা আমি বলি না, কিন্তু এই রকম পরীক্ষার প্রয়োজনীয়তা হয়তো আছে। যে টাকা আমরা বরাদ্দ করছি এবং যে টাকার বরাদ্দের উপর আপনি আজ আমাদের কাছে আইনানুগ ক্ষমতা গ্রহণ করছেন সেটা সম্পূর্ণভাবে ন্যায্যতঃ যাতে খরচ হয় সেটা দেখবেন। বছরের শেষ দিকে তাড়াতাড়ি ক'রে ফাইনান্স ডিপার্টমেন্ট-এর কিছু টাকা এল, খরচ ক'রে দে—এই রকম তাড়াহুড়া না ক'রে

সারা বছর ধ'রে সমানভাবে ন্যায্যভাবে যাতে খরচ করতে পারা যায় ডিপার্টমেন্টকে সেইরকম সুবিধা দেওয়ার জন্য আমি আপনাকে অনুরোধ জানাচ্ছি। আর একটা জিনিস আপনার কাছে বলতে চাই সেটা হচ্ছে এই যে, আমাদের বাজেটের কতকগুলি হেডে কিছু কিছু টাকা এই বিধানসভায় আমরা অনুমোদন করেছি। এক একটা ডিপার্টমেন্টে ডিমান্ড ফর গ্র্যান্টে যে টোটাল টাকাটা দেওয়া হয়—যে বিভাগকে দেওয়া হয়, সেই বিভাগের যিনি মিনিস্টার তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ ক'রে তিনি যদি প্রয়োজনবোধে তাঁর কোন একটা জায়গায় খরচ হচ্ছে না দেখে ঐ বিভাগের আর একটা জায়গায় যদি খরচের প্রয়োজনীয়তা থাকে, তা হ'লে সেই টাকাটা সেই ডিপার্টমেন্ট যাতে ট্রান্সফার ক'রে নিতে পারেন, সেই সুযোগ দেওয়া উচিত। কেননা বাজেটের সময় যে টাকা ধরা হয় ডিপার্টমেন্টের সেই সময় ঠিক সেই টাকা খরচ করবার প্রস্তুতি তখনই হয় না। কাজেই বছর যেমন চলতে থাকে তখন দেখা যায় যে, একটা পার্টিকুলার জায়গায় পার্টিকুলার প্রজেক্টে কাজ এগুচ্ছে না, অথচ সেই টাকাটা অন্য তৈরি প্রজেক্টে খরচ করতে পারলে লোকের সুবিধা হয় এবং কাজ এগিয়ে যায়। বর্তমানে আমরা অনুভব করছি যে, ফাইনান্স ডিপার্টমেন্ট এত বেশী সতর্ক যে মন্ত্রীদের নিজের নিজের বিভাগের সামান্যতম খরচের জন্য তাদের কনফারেন্স নিতে হয়, এম কি এডুকেসন ডিপার্টমেন্টের উপর এই রকম ফাইনান্স ডিপার্টমেন্টের সতর্ক দৃষ্টি হয়েছে যে, পল্লীগ্রামে যদি একটা জুনিয়ার হাইস্কুল তৈরি হয় সেই জুনিয়ার হাইস্কুলের অনুমোদন দেওয়ার মালিক হচ্ছেন সেকেন্ডারী এডুকেসন বোর্ড কিন্তু সেই জুনিয়ার হাইস্কুলের অনুমোদন যদি ডাইরেক্টর রেকমেন্ড করে যেহেতু সেকেন্ডারি এডুকেসন বোর্ডের নিজেদের ইন্সপেক্টর নেই সুতরাং ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস অনুমোদন ক'রে পাঠায়, কিন্তু তাদের উপর হুকুম হয়েছে যে রেকমেন্ডেসন সম্বন্ধে রিপোর্ট পাঠাবার আগে সেক্রেটারির অনুমোদন নিতে হবে। এবং তাঁকেও নিতে হচ্ছে ফাইনান্স ডিপার্টমেন্টের অনুমোদন, ফাইনান্স ডিপার্টমেন্ট সেখানে প্যাঁচ কষে রেখে দিয়েছেন—এইভাবে জুনিয়ার হাইস্কুলের অনুমোদন হবে কি হবে না তার অনুমতি ফিনান্সের কাছ থেকে নিয়ে আসতে হচ্ছে। একটা কলেজ মনে করুন, বিশ্ববিদ্যালয় কলেজের অ্যাফিলিয়েশন দিয়েছে, কিন্তু কলেজের অ্যাফিলিয়েশন দেওয়ার পর যদি কোন সাবজেক্ট সম্বন্ধে সেই কলেজ আবার ইউনিভার্সিটিতে অ্যাপ্লাই করে যে, আমাদের কলেজে আর্টস্ আছে আরো সাবজেক্ট দেওয়া হোক। যেমন করিমপুর কলেজে হয়েছে

ইউনিভার্সিটির সিন্ডিকেট যদি মনে করে এটা ন্যায্য দাবি—অর্থাৎ সেখানে যদি শিক্ষক, ছাত্রসংখ্যা এবং পড়াবার লাইব্রেরী ইত্যাদির সুযোগ থাকে, তা হ'লে নিয়ম আছে বর্তমান স্ট্যাটিউট-এ সরকারী মতামতও নিতে হবে। সরকারের অনুমোদনের জন্য পাঠাতে হ'লে সরকারের এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদন করার আগে তাদের পাঠাতে হচ্ছে ফিনান্স ডিপার্টমেন্টে তাঁরা কি বলেন সেজন্য। এইরকমভাবে ফিনান্সকে যে সর্বশক্তিমান করা হচ্ছে তার ফলে প্রগতিশীল অনেক কাজ ব্যাহত হচ্ছে। বর্তমানে আমাদের সরকার নানা রকম ব্যবসায়িক দায়িত্ব গ্রহণ করেছেন। ধান-চাল কেনা-বেচার ব্যাপার তো চাপিয়ে দিয়েছেন এস টি সি-এর উপর। তারা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর টাকা পায়, ব্যাঙ্কের সঙ্গে টাকার যোগাযোগ করছে। কিন্তু আমাদের অনেক ইন্ডাস্ট্রি এবং অন্যান্য প্রতিষ্ঠান চালান হচ্ছে সরকারী মালিকানায়। সেগুলোর ব্যবসায়িক ভিত্তিতে খরচপত্র দেখাশুনা করতে হয়। ৩১শে মার্চে হিসাব দেখে সব টাকা ল্যাপস্ করে দেওয়া চলতে পারে না ব'লে তখন যা তা ভাবে খরচ করা হয়। এই জিনিসটা রাখতে গেলে ভিন্নভাবে রাখতে হবে। আমি বলব যখন সরকারকে ইনক্রিজিংলি কমার্শিয়াল এবং ইন্ডাস্ট্রিয়াল আন্ডারটেকিং নিতে হচ্ছে তখন ফিনান্সের কন্ট্রোল-এর ব্যাপার এবং টাকা রিয়ালাইজ করার ব্যাপারটা চিন্তা করতে হবে। কাল একটা গ্রামের সভায় পশুপালনমন্ত্রী মহাশয় বললেন যে, যতগুলি সরকারী পর্যায়ে পোলট্রি ফার্ম হয়েছে তা নাকি সমস্তই লোকসান হচ্ছে। আমি টালিগঞ্জ পোলট্রি ফার্ম দেখতে গিয়ে জানলাম যে, তাঁরা বলছেন যে আমরা এত বেশী রকমের সরকারী নিয়মকানুনে বাঁধা আছি যে আমরা নিজেরা সময়মত জিনিসপত্র যদি কেনার সুযোগ পেতাম, তা হ'লে আমাদের লোকসান হত না। অর্থাৎ আমাদের লোকসানের কারণ হচ্ছে সরকারী কাঠামো। যদি আমাদের সরকারী পর্যায়ে ব্যবসার কাজ করতে হয়, যে দুগ্ধ প্রকল্পের উপর কোলকাতাবাসীর জীবন

নির্ভর করছে। সেইসব জায়গায় সরকারের অর্থদপ্তরের যে নীতি আছে, এবং ফিনান্স ডিপার্টমেন্ট যে কন্ট্রোল ক'রে সে সমস্তগুলি বিবেচনা করার আজ প্রয়োজন রয়েছে। আমার সময় নেই বলে অন্য বিষয়ে বলতে চাই না। আমি কেবল বলব যে, প্রতিদিন গ্রামের ও শহরের নানা সমস্যা সম্পর্কে আমাদের নানা দিক থেকে কলিং অ্যাটেনসন মারফত আপনাদের কাছে যে বলা হয়, আমি জানি না এগুলির কি ভাগ্য। আপনারা ডিপার্টমেন্টে অফিসারদের কাছে এগুলি সম্বন্ধে কোন নোট দেবেন কি যে এইসব যে মেম্বাররা বলছেন এ'দের স্থানীয় সমস্যা সমম্পর্কে সে সম্পর্কে আপনারা অবহিত হবেন? কারণ তা হ'লেই বুঝব যে, হাউসের আলোচনাগুলি উপযুক্ত সম্মান পায়। এই বলে আমি শেষ করছি।

[4-30—4-40 p.m.]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল সমর্থন করা প্রসঙ্গে কেন একে সমর্থন করছি বলার আগে আমি এই ক'দিন ধ'রে বিরোধিপক্ষের যে আলোচনা শুনেছি সেই প্রসঙ্গে যাব। আজকে কিছুক্ষণ আগে মাননীয় সদস্য ডঃ সান্যাল একটি সত্য কথা বলেছেন যে, নিষ্প্রাণ আলোচনা হচ্ছে। প্রাণ যদি না থাকে, তা হ'লে আলোচনা নিষ্প্রাণ হয় এটা স্বাভাবিক কথা। কিন্তু প্রশ্ন হচ্ছে, কেন নিষ্প্রাণ হ'ল। আজকে যে আলোচনা অ্যাপ্রোপ্রিয়েসন বিল নিয়ে হচ্ছে সেটা হচ্ছে পলিসি ম্যাটার নিয়ে আলোচনা, অ্যাডমিনিস্ট্রেটিভ পলিসি কি হবে সেটা নিয়ে আলোচনা। যুক্তফ্রন্ট সরকার একটা পলিসি নিয়েছেন, সেই পলিসি সফল করা যায় কিনা সেই পথ তিনি খুঁজে পেলেন না। কিছু কিছু ডিপার্টমেন্টাল, অ্যাডজাসমেন্ট, চার্জেস, ইত্যাদি সব বলেছেন। উনি কিছুই পেলেন না—সেজন্য আমি চেষ্টা করছি ভবিষ্যতে যাতে আলোচনা প্রাণবন্ত হ'তে পারে। দফাওয়ারী আলোচনার সময় দেখেছি তাঁদের যুক্তিতর্কে বিশেষ কিছুই ছিল না, আবোলতাবোল ব'লে গেলেন। তাঁরা এই বাজেটে নূতনত্ব কিছু খুঁজে পান নি, ফিগার্স দেখলে কিছুই নাকি পাওয়া যায় না, কিন্তু সূক্ষ্মদৃষ্টি নিয়ে দেখলে দেখা যাবে যে, বাজেটে নূতন দৃষ্টিভঙ্গী রাখার প্রচেষ্টা হয়েছে। কিন্তু ওঁরা সেটা খুঁজে পান নি এবং না পেয়ে নিষ্প্রাণ বল্লেন। তা হ'লে ওঁদের একটা দৃষ্টিভঙ্গী ছিল এবং সেই দৃষ্টিভঙ্গী অনুযায়ী ও'রা যা বলবার বলেছেন। এতদিন ধ'রে ও'দের কাগজকলমে যে দৃষ্টিভঙ্গী ছিল সেটা কি? ওঁরা নিজেরাই বলেছেন বাজেট ইজ রিফ্লেকসান অন সোসাইটি। সমাজের উপর পরিকল্পনার বাস্তব ছবি হবে বাজেট। সেইজন্য থার্ড প্ল্যানের যাঁরা রচয়িতা ছিলেন ত'ারা ব'লে গেছেন পরিকল্পনাগুলি কিভাবে চলবে

The Third Plan represents the first phase in the scheme of long-term, etc., development, the preparation of which will be in the course of this period of Indian Economy, and this must not only expand rapidly but must at this same time become self-sufficient and self-generating.

আরো বলেছেন, ২০/২২ বছর ধ'রে একটা প্রিন্সিপাল ওঁদের কাগজে লেখা ছিল, কিন্তু কাগজে যেটা লেখা ছিল সেটা তাঁরা পালন করতেন না। সেলফ-রিলায়েন্সের কথা তিনি বলেছেন, কিন্তু ওঁরা সেলফ-রিলায়েন্সের মানুষ নন। ওঁদের অবস্থা হচ্ছে

reliance on some other agencies that is the monopoly I have followed and hence they are not finding their own visions.

এতদিন ধরে এই কথাকে তাঁরা কার্যে পরিণত করতে পারেন নি, কাগজেই লেখা রয়েছে। কাজ করবার সময় জনসাধারণের উপর আস্থা না রেখে ঐ ৭৫টি যে মনোপলি পরিবার রয়েছে তাদের নির্দেশ অনুযায়ী কাজ করতেন, তাঁদের নিজেদের ভিসান ব'লে কিছু ছিল না, ত'াদের তাঁদের দৃষ্টিশক্তি ছিল না। কাজেই যুক্তফ্রন্ট সরকার যে নূতন দৃষ্টিভঙ্গী এই বাজেটে রাখার চেষ্টা করেছেন সেটা তাঁদের দৃষ্টিকোণে পড়ছে না। ত'াদের এনটায়ার বাজেট যদি দেখেন তা হ'লে দেখবেন আনপ্রোডাকটিভ ইনভেস্টমেন্ট আদার দ্যান প্রোডাকটিভ ইনভেস্টমেন্ট-এর বেশী তাঁরা গেছেন। আমরা সীমিত ক্ষমতার মধ্যেই রয়েছি, যুক্তফ্রন্ট সরকার বাজেট করে নি, পরবর্তী যে পরিবর্তন করেছেন সেটা অন দি ডাইরেকসন অব প্রোডাকসন। আমি একটা উদাহরণ দিচ্ছি—গভর্নমেন্ট ট্রেডিং ব'লে যে অ্যাকাউন্টটা আছে সেই অ্যাকাউন্টে কত টাকা

তাঁরা খরচ করেছেন তার হিসাব যদি দেখা যায়, তা হ'লে দেখা যাবে ১৯৬২-৬৩ সালে ১১ কোটি ৫০ লক্ষ টাকা, ১৯৬৩-৬৪ সালে ২৫ কোটি ৩৮ লক্ষ টাকা, ১৯৬৫-৬৬ সালে ৭৬ কোটি ৫০ লক্ষ টাকা এবং ১৯৬৬-৬৭ সালে ১৩২ কোটি টাকা। অন প্রডাকটিভ স্কীমে ওঁরা যা খরচ করেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে, পশ্চিম বাংলার বাজেট যেখানে ৩০০ কোটি টাকার ভেতরে থাকে সেখানে যদি ১৩২ কোটি টাকা ট্রেডিং পারপাসে খরচ করেন, তা হ'লে এগ্রিকালচারাল ডেভলপমেন্ট অ্যান্ড আদার ইনডাসট্রিয়াল ডেভলপমেন্ট কোথায় হবে?

১৯৬৫-৬৬ সালে ৫ লক্ষ টন খাদ্য সংগ্রহের জন্য ১৮ কোটি টাকা লোকসান দিয়েছেন, অথচ এবারে বাজেটে ৪ লক্ষ টন খাদ্য সংগ্রহে কোন লোকসান নাই। দু' কোটি মাত্র খরচ হয়েছে, লোকসান ব'লে কিছু নাই। তারপর কি করেছেন? প্লানের ক্ষেত্রে আমাদের জেলায় ৫০ মাইল ব্যাপী নেভিগেবল ক্যানাল করেছেন ১৫০ কোটি টাকা খরচ ক'রে লক্ষ লক্ষ একর জমি নষ্ট ক'রে। এটা কি

This is the bye-product of both the foreign and Indian monopoly and this is their production.

এই যে একটা কৃতিত্ব রেখে গেলেন, এতো জমি নষ্ট হ'ল একটা আনপ্রোডাকটিভ জিনিস থেকে গেল, এর জন্য জবাব দেবে কে? ফরেন বিজিনেস কন্ট্রাক্টারদের কন্ট্রাক্ট দেবার জন্যই কি এই ধরনের বড় বড় স্কীম করেছিলেন? যুক্তফ্রন্ট সরকার এই সমস্ত কন্ট্রাক্ট পাইয়ে দেবার মত কিছু করে নি। তাসত্ত্বেও তাঁরা তাদের সীমিত ক্ষমতার মধ্যে যে টাকা পেয়েছেন এগ্রিকালচারাল ডেভলপমেন্ট পারপাসে সেই টাকা খরচ করেছেন। কাজেই এই কয়েক মাসের মধ্যে নূতন কি দৃষ্টিভঙ্গী আমরা দেখতে পাচ্ছি? তাঁরা ডেভলপমেন্ট অব এগ্রিকালচার এই বাজেটের মধ্য দিয়ে আনবার চেষ্টা করেছেন। সেই ডেভলপমেন্ট অব এগ্রিকালচার করতে গিয়ে যে প্রশ্ন প্রথমে উঠে,—আপনারা তো ল্যান্ডের ব্যাপার নিয়ে অনেক কথা বলেন, জমি বিলি হয়েছে গণ্ডগোল হয়েছে, ১ লক্ষ ৮২ হাজার একর জমি ভূমিরাজস্ব বিভাগ থেকে বন্টন হয়ে গেল—কাদের কাছে হ'ল, সে সম্বন্ধে ফোর্থ প্ল্যানের ডিরেক্টীভসে নূতন কথা বলেছে, আমি সেটা তাদের নজরে আনবার চেষ্টা করছি। ওঁদের বক্তব্য শুনে আমি হতাশ হয়েছিলাম, নূতন কোন বক্তব্য থাকছে না, এখানে ল্যান্ডলেস্ এগ্রিকালচারাল লেবার সম্বন্ধে বলে গেছেন। বলেছেন, এই ল্যান্ডলেস লেবাররাই বেশী বেকার, এই বেকার সমস্যা সমাধানের জন্য নূতন কথা বলেছেন,

The small producer is overwhelmingly numerous in our economy. This is on page 16. If he is adequately looked after in development programmes and helped to grow and be economically viable, diffusion of the ownership of the means of production and of enterprise could be largely achieved. There remains, however, the very large class of landless labour having no productive base and depending for its livelihood on wage employment. Programmes can be thought of for turning some of them into producers as through animal husbandry enterprise by distribution of land

ওঁরা খুব চিৎকার করছেন, কিন্তু এই পরিকল্পনা তো আমরা করি নি, ফোর্থ প্ল্যানের ডিরেক্টিভ দেখে করা হয়েছে, এ দিক থেকে এই কাজটা প্রথম করা হয়েছে। সেক্ষেত্রে ষ্টেটের জন্য এই ধরনের যে নূতন ক'রে যেসমস্ত টিউবওয়েল দেওয়া হয়েছে, তাতে প্রায় এক লক্ষ টাকা নিয়ে এটা করা হয়েছে। কুইক্ রিটার্ণ অব ইনভেস্টমেন্ট এতে আসতে পারে যাতে তার জন্য এটা করা হয়েছে। আর কয়েকটি ব্যাপার—যেমন কো-অপারেটিভ-এর ব্যাপার। এই প্ল্যানে ডিরেক্টিভ রয়েছে কি ভাবে হবে এবং সেদিক থেকে আমাদের মন্ত্রী মণ্ডলী যে বাজেট রেখেছেন সেই বাজেটে ডিরেক্টিভ প্রিন্সিপলস আছে, উইকার সেক্সনকে শক্তিশালী করার জন্য কো-অপারেটিভকে টাকা দেওয়া হবে, এই ধরনের দৃষ্টি আছে। এই বাজেটে একটা জিনিস দেখতে পাচ্ছি, ডেট্স অ্যান্ড লোন্স বার বার দেওয়া হয়েছে, এবারে দেওয়া হচ্ছে না। ভাল কাজ করা হয়েছে। এটা ডিসপ্লেসড্ পার্সন্সদের জন্য ডেটস অ্যান্ড লোনস্ যেটা আমাদের আছে সেটা আমাদের দায়িত্ব নয়, সেভেন্থ সিডিউল অব দি কন্সটিটিউশন্-এর বিভিন্ন ধারায় আছে যে, এটা কেন্দ্রের দায়িত্ব সেজন্য কেন্দ্রকে বাধ্য করতে হবে এই টাকা ওয়েভ্ করার জন্য, এই সাজেশন আমি রাখছি।

কাজেই এখন একটা নতুন পরিস্থিতি ভারতবর্ষে এসেছে, সেই নতুন পরিস্থিতিকে সামনে রেখে ওঁদের কাছে আবেদন করব, অনেকে বললেন তেল কোম্পানীগুলিকে জাতীয়করণ করা হল না, ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীকে জাতীয়করণ করা হল না কিন্তু ন্যাশানালাইজেসান অব ব্যাঙ্ক হওয়ার ফলে আজকে ভারতবর্ষে প্রডাকটিভ ফোর্সকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে অ্যামপল অপরচুনিটি ওপেন হয়েছে যদি আমরা সব একযোগে মিলে তাঁরা যে ফরেন কনসার্নকে জাতীয়করণ করার কথা বলেছেন, অয়েল কোম্পানী, ইলেকট্রিসিটি কোম্পানী জাতীয়করণ করার কথা বলেছেন, যদি তা তাঁদের সত্যিকানরর করবাব ইচ্ছা থাকে, তা হ'লে আমি তাঁদের কাছে আবেদন করবো, আপনারা আসুন একসঙ্গে ঐক্যবদ্ধভাবে আজকে যে নূতন দৃষ্টিভঙ্গী আমরা নিয়েছি, এই দৃষ্টিভঙ্গীকে এগিয়ে নেওয়ার জন্য কেন্দ্রর কাছে দাবি করি, শুধু ন্যাশানালাইজেশন অব ব্যাঙ্ক নয়, সেই ব্যাঙ্কের টাকা যাতে একচেটিয়াদের হাতে না যায়, গরিব কৃষক, মাঝারি চাষীদের দিকে যায় তার ব্যবস্থা করুন, প্রাইভেট সেকটারের বদলে পাবলিক সেকটার করুন। এইভাবে যদি করা যায় তা হ'লে সমস্ত বেকারসমস্যার সমাধান হ'তে পারবে। আমি বিরোধী পক্ষের কাছে এই আবেদন ক'রে এই বিলকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p.m.]

**শ্রীজয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে অ্যাপ্রপ্রিয়েশন বিল উপস্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই জন্য যে, তিনি একটি বিশেষ সাফল্যের সঙ্গে আইনের শাসন এদেশ থেকে হটিয়ে জঙ্গলের শাসন এই দেশে প্রবর্তন করতে চেয়েছেন। যে সরকার আইনকে উপেক্ষা করে, আদালতকে উপেক্ষা করে, দোষীকে ছেড়ে দেয়, শাস্তি দেয় না, যে সরকার গৃহযুদ্ধ বাধাবার ষড়যন্ত্র করে, যে সরকার গণতন্ত্রকে হত্যা করার ষড়যন্ত্র করে, যে সরকার কনস্টিটিউসনকে ধ্বংস করবার পরিকল্পনা নেয়, যে সরকারের হাতে জাতীয় পতাকা অপমানিত হয়, আমি বিশ্বাস করি না, তাদের এক পয়সা খরচের অধিকার দেওয়া উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি কি জানেন যে, মাননীয় অজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় কি ৩২টি রত্ন নিয়ে বাংলা কেন ভারতবর্ষের সমস্ত ভাষায় এত সুন্দর নামের পুরুষ নিয়ে ৩২ জনের মন্ত্রী সভা করেছেন? অজয়কুমার মুখোপাধ্যায়, জ্যোতি বসু, জ্যোতি ভট্টাচার্য, হরেকৃষ্ণ কোনার, সুশীল ধাড়া—নামগুলি দেখুন কি গুণ সমন্বয়ে এই নামগুলি হয়েছে, বাপ-মা বড় আশা ক'রে এই নামগুলি করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি একটু দৃষ্টি দেন, তা হ'লে বুঝতে পারবেন, অজয় বাবু আজকে কম্যুনিষ্টদের হাতের পুতুল, ক্রীড়ানক। তাঁর নিজের ডান হাতে সাধারণ শাসন নেই, বাঁ হাতে পুলিসও নেই, তিনি ঠুঁটো জগন্নাথ পল্লীকবি বলেছেন, 'অজয় বাবু ক'ঠের বিড়াল ইঁদুর ধ'রে জ্যোতি।' আমাদের অজয় বাবুর সেই কাঠের ঠুঁটো জগন্নাথের মত অবস্থা। পাশে আছেন জ্যোতি বসু, তিনি আজকে বাংলা দেশের আলোক বিদূরিত ক'রে বাংলায় অন্ধকার যুগের সূচনা করার কৃতিত্ব অর্জন করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন এই অবস্থায় তাঁর পাশে আছেন হরেকৃষ্ণ কোনার, হরে কোথায় কৃষ্ণ কোথায়, আমরা তো বুঝি না, বাপ-মায়ের দেওয়া সেই সাধের নাম, তিনি আজকে গণবাহিনী লেলিয়ে দিয়েছেন, তাঁর শ্রেষ্ঠ বলি মধুসূদনপুরে। আমাদের পূর্তমন্ত্রি সুবোধ বন্দোপাধ্যায়, সহযোগী প্রতিভা মুখোপাধ্যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন এই সুবোধের দলের কাণ্ডটা, মধুসূদনপুরে নৃশংস পাঁচ জনের হত্যা। আজকে তাই বিশ্বাস করতে ইচ্ছা করে যে, নামটা সুবোধ নয়, চণ্ড হ'লে প্রকৃত হ'ত। আজকে শিক্ষামন্ত্রী সত্যপ্রিয় রায়, তিনি গদিতে এসেই অসত্য অভিযোগ আনলেন, কিন্তু প্রমাণ করার সাহস হ'ল না। আমি তো চ্যালেঞ্জ করেছি, নিয়ে আসুন স্কুল বোর্ডের বিরুদ্ধে কি অভিযোগ আছে?

অসত্য অভিযোগ দাঁড় করিয়ে এ'রা গণতন্ত্রের কথা বলছেন। তাঁরা এক কলমের খোঁচায় স্কুল বোর্ডকে খতম করে দিলেন। পঞ্চায়েৎমন্ত্রী বিভূতি বাবু আজকে যখন দেখলেন কল্কে

**পাচ্ছেন** না, তখন **সমস্ত** জেলা **পরিষদের** উপর আক্রমণ হানলেন, আঞ্চলিকপরিষদ তো উঠে **চলে গেল**। আপনি জানেন সমষ্টি-উন্নয়ন—

**শ্রীপান্নালাল মাঝি:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার উনি কি শ্রীকৃষ্ণের শতনাম ব্যাখ্যা করছেন? অ্যাপ্রোপ্রিয়েসন বিলে তা পারেন কি?

**Mr. Deputy Speaker:** Appropriation Bill covers all the demands that have been voted. So, in his own way, and sarcastically, he is discussing things. I will, however, request Dr. Abedin to be on points and not to mention names of Ministers. You have the opportunity to speak on all the demands in connection with this Bill. So, you should be serious. The debate should be restricted to matters of public importance or administrative policy implied in the grants which were not raised previously.

**ডঃ জয়নাল আবেদিন:** থ্যাংক ইউ স্যার, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছিলেন তাতে বিপুল পরিমাণ ঘাটতি রয়েছে। এই বিপুল ঘাটতি পূরণের জন্য ইতিমধ্যে আমরা কিছু গন্ধ পেয়েছি এখানে রুরাল ট্যাক্সেসন বিল আসছে। আপনি তো জানেন শংকরদাস ব্যানার্জী যখন অর্থমন্ত্রী ছিলেন তখন তিনি তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন

There is reasonable scope for rural taxation.

আমরা অবশ্য তাতে কোন বাধা দিচ্ছি না। এবং উৎসাহই দিচ্ছি। প্রগতিশীল রাষ্ট্রের জন্য এই ট্যাক্সেসনকে আমরা স্বাগত জানাবো। আপনাদের কি কেন সৎ সাহস নাই? ভক্তিবাবু তো বলেছিলেন, শহরে বিরাট অট্টালিকা, বিরাট ব্যবসা, তার বিরাট আয়। কেন চুপ করে গেলেন? ইতিমধ্যে সেবা হয়ে যায় নাই তো? তা হলে সমাজে সমাজবাদ প্রযুক্ত হবে না? আপনারা জমির ঊর্ধ্বসীমা ৭৫ বিঘার পরিবর্তে ২৫ বিঘায় নামিয়ে আনুন। যে পরিমাণ মূল্যের সম্পত্তি আপনারা গ্রামে রাখতে দেবেন, সেই পরিমাণ মূল্যের সম্পত্তি আপনারা শহরে ও রাখতে দিন। আমরা আপনাদের সমর্থন করবো। শুধু আপনারা বলছেন বিশ বছরের কথা, বারে বারে বলছেন বিশ বছরের কংগ্রেস শাষণ ও চক্রান্ত। আর বোধহয় অধুনা রাষ্ট্রপতির নির্বাচনকে কেন্দ্রকরে যুক্তফ্রন্টের হাবিলদার অমলেন্দ্রবাবু প্রিভিলেজ তুলে বসবেন। যুগে যুগে কংগ্রেসের যে অমিত প্রাণশক্তি, তার যে বন্দেমাতরম্ সঙ্গীত, তাকে দিনদেখে ক্যানভাস করে তাকে দাবান যাবে না।

**শ্রীনিতাইপদ সরকার:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার মাননীয় সদস্য জয়নাল আবেদীন আমাদের যুক্তফ্রন্টের সদস্য অমলেন্দ্রবাবুকে অঙ্গুল দেখিয়ে বলছেন, হাবিলদার। এই হাউসের কোন সভ্যকে এই ভাবে হাবিলদার বলে অভিহিত করা বিধি সঙ্গত কিনা এ সম্বন্ধে আপনার রুলিং চাই।

**শ্রীবিভূতি পাহাড়ী:** আমি এই পয়েন্ট অব অর্ডারে একটু বলতে চাই, আমার নিশ্চয়ই বলবার অধিকার আছে। জয়নাল আবেদীন সাহেব আমাদের একজন মাননীয় সদস্যকে হাবিলদার বলেছেন এটা নিশ্চয়ই অন্যায়, কিন্তু কেউ যদি তাঁকে চৌকিদার না বলে দফাদার বলে, তা হলে কি করা যাবে? সেটা বলুন স্যার।

**Mr. Deputy Speaker:** You should seek my permission.

**Dr. Zainal Abedin:** Sir, I have not intended to offend anybody.

**Mr. Deputy Speaker:** Mr. Sarkar, you raised a point whether a particular member of this House can be described as havildar, but from another member a retort has already been given to Dr. Abedin. So, the matter may be dropped here.

[4-50—5 p.m.]

**ডঃ জয়নাল আবেদিনঃ** যে কথা বলছিলাম যে ঐ শকুনের দল যে অপেক্ষা ক'রে আছে যে কংগ্রেস দল চলে গেলে তারা সব পাখা মেলে লুটেপুটে খাবে—কিন্তু কংগ্রেসের হাতে যে সঞ্জীবনী মন্ত্র আছে তাতে তাদের সে আশা পূরণ হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলবো, একটা সমস্যার কথা এখানে বলা হয়েছে, ঐ শোলমারির সাধু নাকি অনেক রিফিউজীকে ওখান থেকে এখানে নিয়ে এসেছেন। এ কথাটা তারা সম্পূর্ণ অস্বীকার ক'রে জানিয়েছে। এ সম্বন্ধে একটা প্যাম্পলেট যে বেরিয়েছে এবং ও'দের কাছে তথ্য আছে তা সম্পূর্ণ অস্বীকার করেছেন। আজকে একথা ঠিক যে, সাম্প্রদায়িক ভিত্তিতে দেশ ভাগ হয়েছে এবং তার জন্য লক্ষ লক্ষ লোককে চলে আসতে হয়েছে একথা অস্বীকার করার উপায় নাই। আমি দাবি করছি যে, আপনারা সব পক্ষের সদস্য নিয়ে একটা কমিটি করুন এই রিফিউজী প্রবলেম সম্বন্ধে কি করা যায় না যায়। এর আগে যে এন সি চ্যাটার্জি কমিটি হয়েছিল তাতে মুসলিমদের নেওয়া হয় নি। আজকে মুসলিমদের নেওয়া হোক, একথা বলা হোক যে মুসলমানরাও তাদের পাশে দাঁড়াবে। এটা করলে দেখা যাবে, কি সমস্যা আছে, কি সমাধান এর আছে—এটা আমি দাবি করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেটে বিপুল ঘাটতি আছে—কর বসান তাতে আমাদের আপত্তি নাই। কিন্তু গ্রামের উপর যেমন কর আদায় করবেন সেই রকম শহরের সম্পত্তির মালিকানার প্রতি সেই রকম কর আদায় করুন। শেষে একটা কথা বলতে চাই যে, ভিক্ষা চাই না, কুকুর থামান।

**Mr. Deputy Speaker:** You have just now stated that a committee was formed with Mr. N. C. Chatterjee as Chairman, and that there was no Muslim member in that committee. I understand that that committee was not formed by the Government of West Bengal, but by the Government of India.

**Dr. Zainal Abedin:** I stand corrected, Sir.

**শ্রীশশবিন্দু বেরাঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত মার্চ মাসে যুক্তফ্রন্ট সরকার শাসনক্ষমতা নিয়ে এই বিধানসভায় প্রবেশ করেছিলেন। তখন পূর্বতন কংগ্রেস সরকারের ৩৭৫ কোটি ৪৫ লক্ষ ২৯ হাজার টাকার একটা বাজেট করা ছিল—সেটাকে এই সরকার ভালভাবে পরীক্ষা ক'রে উঠতে পারে নি। তাই সাময়িকভাবে যুক্তফ্রন্ট সরকার সেই সময় একটা ১২৩ কোটি ৮১ লক্ষ ৮০ হাজার টাকার একটা ব্যয়বরাদ্দ এনেছিলেন, এবং তার জন্য অ্যাপ্রোপ্রিয়েসন বিল পাশ ক'রে নিয়েও ছিল। এখন সেই পূর্বের বাজেটকে সংশোধন ক'রে তার উপর ৫৯ কোটি ৩১ লক্ষ ৩৩ হাজার টাকা বাড়ানো হয়েছে আগের যে ভোট অন অ্যাকাউন্ট সেটা পাশ হয়ে যাবার পর। এ বছর ফাইনাল ডিমান্ড দাঁড়াবে ৪৩৪ কোটি ৭৬ লক্ষ ৬২ হাজার টাকা। অবশিষ্ট ৩১০ কোটি ৯৪ লক্ষ ৮২ হাজার টাকার জন্য বাজেট মঞ্জুর ক'রে নেবার পর এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী হাজির করেছেন আমি তার জন্য তাঁকে অভিনন্দন জানাই এবং সমর্থন জানাই। আজকে দেখা যাচ্ছে, এই যে বরাদ্দ সেটা পূর্বতম সরকারের বরাদ্দের উপর একটা সংস্কার মাত্র। তাই সমস্ত কিছু রূপান্তর ক'রে কিছু করা সম্ভব নয় এবং এর দ্বারা যুক্তফ্রন্ট সরকারের আশা আকাঙ্ক্ষা যে পরিপূর্ণভাবে প্রতিফলিত হবে, তা সম্ভব নয়। আজকে সমস্ত বাজেট পাশ করবার পর এই অ্যাপ্রোপ্রিয়েসন বিল আমাদের কাছে এসেছে এবং যুক্তফ্রন্ট সরকারের যে ৩২ দফা কর্মসূচী তা সামনে রেখে তারা যে এগিয়ে চলেছে তাকে রূপায়িত করবার ক্ষেত্রে এই বাজেটকে বর্তমান অবস্থায় যথার্থ বাজেট ব'লে আমি মনে করি না। এই সংশোধিত বাজেটের মধ্যে তাদের আশাআকাঙ্ক্ষা কিছুটা রূপায়িত হবে, এটা আমার বিশ্বাস।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটি পুরাতন সরকারের পর আর একটি নূতন সরকার যখন আসে এবং সেই সরকার যখন নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে চলতে চায় তখন সেখানে কতকগুলি যে অন্তরায় আসে সেই অন্তরায়গুলির দিকে দৃষ্টি রেখে আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে প্রয়োগ করতে বলব এই অর্থকে, এই সঙ্গে অনুরোধ জানাবো একে যথাযথভাবে ব্যয় করবার জন্য। যে অন্তরায়গুলি আসে তার মধ্যে প্রধান কয়েকটির কথা আমি উল্লেখ করতে চাই। একটা হচ্ছে, আমলাযন্ত্রের রক্ষণশীলতা। পুরাতন আমলাতন্ত্র গত ২০ বছরের শাসনে যে পথে চলেছে

তার সেই দীর্ঘাচরিত পথকে সহজে পরিবর্তন ক'রে যুক্তফ্রন্ট তাকে যে পথে চালাতে চায় সে পথে সে সহজে চলতে চায় না। যাতে সেই আমলাযন্ত্র ঠিকভাবে যুক্তফ্রন্টের আদর্শকে রূপায়ণের কার্যে সাহায্য করে সে দিকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। অন্য দিকে এই সরকারী যন্ত্রের মধ্যে সরকার বা যুক্তফ্রন্টের যে আদর্শ সেই আদর্শকে রূপায়িত করবার জন্য জনসাধারণের মধ্যে যে প্রেরণা সেটা অত্যধিক উৎসাহের সঙ্গে বৈপ্লবিক পন্থায় কাজ করতে চায় সেই অতিমাত্রিক বিপ্লব প্রবণতা ও প্রগতির প্রবণতা অনেক সময় সরকার পরিচালনার অন্তরায় হয়ে দাঁড়ায়। আর তার সঙ্গে যুক্ত হয় প্রতিক্রিয়াশীল চক্র। এতদিন এই ২০/২২ বছর দেশে যারা শাসনকার্য চালিয়ে এসেছে আজকে তাদের হাত থেকে শাসনব্যবস্থা চ'লে যাবার ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার জন্য যে বিরোধিতা সে সম্পর্কে সবসময় সতর্ক থাকতে হবে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয়কে। আজকে শক্তিশালী এই প্রতিক্রিয়াশীল চক্রের নানা খেলা আমরা দেখছি। আজকে যে গণতান্ত্রিক শাসনব্যবস্থা আমরা গ্রহণ করেছি তাতে এই যে বিভিন্ন অন্তরায়গুলি—আমলাতন্ত্রের রক্ষণশীলতা, প্রতিক্রিয়াশীল চক্রের নানান চক্রান্ত এবং আমাদের মধ্যে একটা অতিবিপ্লবী বা অতিপ্রগতিশীল চিন্তা, এগুলির মধ্যে সামঞ্জস্য বিধান ক'রে চলবার প্রয়োজন আছে। আমলাতন্ত্রকে যুক্তফ্রন্টের নির্দেশিত পথে চালাতে হবে। জনগণের অতিবিপ্লবী চিন্তার মধ্যে সব কিছুকেই যে বাতিল ক'রে দিতে হবে, এমন কথা নয়। সবের মধ্যে সবচেয়ে কল্যাণকর পথ যাতে আমরা খুঁজে পেতে পারি, সে দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। স্যার, এক দিকে আমলাতন্ত্র আর এক দিকে প্রতিক্রিয়াশীল চক্রের খেলা আমরা সেদিন দেখলাম। বিধানসভার মধ্যে যে পুলিসী তাণ্ডব আমরা দেখলাম তাতে আমরা লক্ষ্য করেছি অত্যন্ত সুস্পষ্টভাবে এবং সক্রিয়ভাবে প্রতিক্রিয়াশীল চক্র, যারা এই যুক্তফ্রন্টের বিরোধী তাদের এতে হাত ছিল এবং তারা সুস্পষ্টভাবে সেখানে সক্রিয় ছিল। কিন্তু সেই সঙ্গে সঙ্গে একথাও আমাদের মনে রাখতে হ'বে যে, আমাদের পুলিস, আমাদের মিলিটারী, আমাদের আমলা, আমাদের শাসনযন্ত্র যদি কোন বিরোধী পক্ষ বা শত্রু পক্ষের উস্কানিতে নাচতে আরম্ভ করে এবং আমাদের উপর আঘাত হানবার চেষ্টা করে, তা হ'লে শাসনব্যবস্থায় সেটা সুস্থ লক্ষণ নয়। যাতে সেই সুস্থ পরিবেশের সৃষ্টি হ'তে পারে বা আমরা যাতে আমাদের শাসনযন্ত্রকে সঠিকপথে দৃঢ়তার সঙ্গে চালাতে পারি আমাদের আদর্শকে রূপায়িত করবার জন্য সেদিকে আমাদের সতর্ক দৃষ্টি রাখা প্রয়োজন। অতিবিপ্লব প্রবণতা বা অতিপ্রগতিশীল মনোভাব নিয়ে যা স্থানে স্থানে আমাদের দেশে যারা গণতান্ত্রিক বা সমাজতান্ত্রিক আন্দোলনের পথে এগিয়ে চলেছেন তাদের কার্যের কুফল কিছু কিছু আছে, সেদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করবো। বিগত ২০ বছরের কংগ্রেসী শাসনে এবং কংগ্রেস সরকারের যে ধনিকতোষণ নীতি স্বাভাবিকভাবে তার মধ্যে আমাদের দেশের মেহনতী সমাজ, আমাদের দেশের দরিদ্র মানুষরা যেভাবে শোষিত, নিপীড়িত হয়েছে তার বিরুদ্ধে একটা তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এই যে ধনিকসমাজের হাত থেকে মেহনতী ও দরিদ্র মানুষদের বাঁচাবার জন্য যে আকুল আকাঙ্ক্ষা আমাদের মধ্যে আছে তার ফলে আমরা দেখছি একদিকে বিত্তশীল সমাজ আর এক দিকে অতিদরিদ্র সমাজ-এর মধ্যে যে মধ্যবিত্ত সমাজ তারা আজকে নানান দিক থেকে উপেক্ষিত ও বঞ্চিত হচ্ছে। আমার মনে হচ্ছে, তাদের প্রতি সরকারের যথেষ্ট দৃষ্টি পড়ছে না। অবশ্য দেখা যাচ্ছে, এই মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত সমাজের একটি শ্রেণী যারা সরকারী বা আধা-সরকারী প্রতিষ্ঠানগুলিতে কাজ করে তাদের জন্য কিছু কিছু অর্থবরাদ্দ করা হচ্ছে, তাদের ডি এ বাড়ছে, পে-স্কেলের রিভিসান হচ্ছে। গত মার্চের বাজেটের উপরেতে যে ৬০ কোটি টাকা বৃদ্ধি বা বর্ধিত বাজেট আমরা ধরেছি তা শতকরা ৭ ভাগ শুধু এই বর্ধিত ডি এ বা মাগ্গি ভাতা দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে। এ যখন করা হচ্ছে আমরা দেখছি পশ্চিমবাংলার অগণিত মধ্যবিত্ত যারা পল্লীগ্রামে বাস করে সেইসমস্ত মানুষ এবং সেই কৃষক সমাজের স্বার্থ উপেক্ষিত হচ্ছে।

[5 -5-10 p.m.]

আজকে বৃহৎ মালিকদের হাত থেকে জমি নিয়ে যখন নিম্নবিত্ত বা বিত্তহীনদের মধ্যে কিংবা ভূমিহীনদের মধ্যে বণ্টন করবার চেষ্টা করছি তখন দেখছি সামান্য ভুলচুকে হয়তো কেউ কোথাও রিটার্ন দিতে ভুল করেছে এই রকম যারা ২/৫ বিঘা অল্প জমির মালিক, তাদের জমি সরকার দখল করতে চলেছেন বি ফর্মে রিটার্ন দেওয়া হয়নি ব'লে। সামান্য আইনগত অজ্ঞতার জন্য

কোন ক্রিমিন্যাল অ্যাকটিভিটি নয়, কোন অপরাধমূলক কাজের জন্য নয়, এই রকম ম সমাজ তারা আজকে অসুবিধার মধ্যে পড়েছে। আজকে আমরা দেখছি কৃষিব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতির দিকে যেতে পারছি না, যাতে আমাদের মধ্যবিত্ত কৃষকসমাজ বাঁচতে স্পীকার মহাশয়, আপনি জানেন আজকে মধ্যবিত্ত কৃষকসমাজের দুর্দশার অন্ত নেই। শহর এলাকার লোকদের, রেশন এলাকার লোকদের খাওয়ানোর জন্য খাদ্যমূল্য যাতে কমে সে খুব দৃষ্টি রাখছি, কিন্তু এই মেহনতি মানুষ যারা এই শহর এলাকার লোকদের খাওয়ানো খাদ্য উৎপাদন করে, যারা মাঠে পরিশ্রম ক'রে খাদ্য যোগান দেয়, তারা এই মূল্যে খাদ্য স ক'রে দেশের কৃষি ব্যবস্থাকে বাঁচিয়ে রাখতে পারে কিনা সে চিন্তা আমরা করছি না। মনে করি, আজকে দ্রব্যমূল্যকে নিম্নাভিমুখী করবার যে প্রবণতা দেখা দিয়েছে, তাতে এই মধ্যবিত্ত সমাজ ও অতি অল্পবিত্ত কৃষকসমাজ বারে বারে ঘা খাচ্ছে। একদিকে আ খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং নিশ্চয়ই খাদ্যে ঘাটতি এই এলাকায় খাদ্য অভাব মেটানোর ক্ষেত্রে খাদ্যশস্যের মূল্য কম হওয়া বাঞ্ছনীয়, যাতে এই অভাব মিটতে এটা দেখা উচিত। যারা উৎপাদন করে, ইকনমিক্যালি যাতে তারা উৎপাদন করতে সেদিকটাও দেখতে হবে। যে কৃষক ফসল উৎপাদন করে, তাতে তাদের উৎপাদনব্যয় নির্বাহ যায় না। আজকে ফসল সম্বন্ধে অনিশ্চয়তা দেখা দিয়েছে। সরকারী সেচব্যবস্থার অপ্র এবং বৃষ্টির উপর অতিমাত্রায় নির্ভরশীলতা আজ কৃষকসমাজকে অনেক বিপদের সম্ হ'তে হয়েছে। আজকে কৃষকসমাজের উৎপাদিত শস্যের ন্যায্যমূল্য বিপন্ন, ক্রপ ইন্সি প্রভৃতি ব্যবস্থা করা দরকার। এদিকে সরকারকে খুব বেশি দৃষ্টি দিতে হবে। আজকে সমস্যার এবং বেকার ভাতার কথা যখন চিন্তা করছি, তখন সেই সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চ অসংখ্য বেকার মানুষ দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে, গ্রামে নিম্নমধ্যবিত্ত বেকার দিনের প পড়ে যাচ্ছে এবং কলকাতা শহরের রাস্তায় ফুটপাতে যে ভিক্ষুকসমাজ বাস করছে এবং লাঞ্ছিত অবহেলিত হয়ে জাতির জীবনে কালিমা লেপন করছে, তাদের কথা আমরা চিন্তা না। আমি সেইজন্য বলছি পুরানো বাজেটের উপর একটি পরিবর্তন বা পরিবর্ পরিমার্জন দ্বারা একটি নূতন সরকারের দৃষ্টিভঙ্গীর প্রতিফলন সম্ভব নয় এবং এ বাজেটের মধ্যে খুব বেশি কিছু আশা করাও আমাদের পক্ষে হয়তো ঠিক হবে না। আশা করবো, ভবিষ্যতে তাঁদের ৩২ দফা কর্মসূচী কার্যকর করার পথে যে অন্তরায়গুলি সৃষ্টি করবে সরকার সেগুলিকে অতিক্রম ক'রে সুষ্ঠু সবল পদক্ষেপে পশ্চিমবাংলার দিকে এগিয়ে যাবেন, এই আশা রেখে এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলকে সমর্থন ক'রে আমার শেষ করছি।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় স্পীকার মহোদয় ব অদ্যাই শেষ রজনী। সুতরাং যা কিছু বলার সুযোগ আজ আছে। আমি কোন সমা মধ্যে আসছি না। আজকের এই শেষ রজনীতে একটা আবেদন আমি রাখতে চাই উ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে। আমরা জানি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় বা শাসন আইনের শাসন বলবৎ থাকবে। আমরা যদি কলকাতা বা শহরতলী এলাকা কিংবা বিধ কথা তুলি, তা হ'লে আমরা এখানে দেখতে পাই যে, সুন্দরভাবে আইনের শাসন চালু এখানে ভাল ভাল পাকা রাস্তা আছে। এখানে ১০ মিনিটের মধ্যে একজায়গা থেকে অ জায়গায় খবর প্রচারের ব্যবস্থা করা আছে। কোথায় কি ঘটনা ঘটল, সেখানে পুলিসকে ৫ মিনিট সময়ও লাগে না। সুতরাং তার মধ্যে ২/৫টি ঘটনা যদি ঘটে যায়, গোটা দেশের আইন কতটা বিচ্ছিন্ন হয়েছে কি না হয়েছে, সে বক্তব্য এখানে রাখতে চাই না। আ এটুকু রাখতে চাই যে, গ্রামের লোকের মুখে মুখে এই আইনসভার কথা উঠে এবং বিভি বক্তৃতা সেখানে আমরা শুনতে পাই।

কিন্তু দুর্ভাগ্যের কথা যে, ঐ গ্রামের কথা তুলতে গিয়ে আমরা দেখেছি যে সম মন্ত্রিমহাশয় উত্তর দেন, যেসমস্ত স্টেটমেন্ট তাঁরা মাঝে মাঝে এই সভায় রাখেন, আমরা যে, সেইসমস্ত বিবরণের সঙ্গে সেই ঘটনাস্থলে গেলে সেখানকার ঘটনার সঙ্গে কিছু আমরা দেখতে পাই না। সেই প্রশ্নের যে উত্তর আমরা শুনি এখানে, সেই উত্তর অনুসারে মিল থাকে না। তারই একটা নজীর এখানে রাখতে চাই। আমাদের মাননীয় এস এস

সদস্য শ্রীকুমুদ মণ্ডল মহাশয়ের একটা প্রশ্ন ছিল যে, গ্রামে ৭৫ বিঘার নীচে যাদের জমি আছে, এমন জমিতে দখল নেওয়া হয়েছে কিনা। এর উত্তরে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী বললেন, এমন সংবাদ আমাদের জানা নেই। আমরা জানি, এই প্রশ্ন কয়েকদিন আগে এখানে ঘটে গেছে, কিন্তু আমরা এটা জানি এবং নিজের উপর কনফিডেন্স রেখে এই কথা বলতে পারি যে, ভিন্ন ভিন্ন চাষী, যারা ২৫ কিংবা ৩০ বিঘা জমির মালিক, তার জমিতে লালঝাণ্ডা পোঁতা হয়েছে, তার জমিতে চাষ করার কোন সুযোগ সে পাচ্ছে না। এই আবেদন তারা মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীর কাছে রেজিস্ট্রি ক'রে অ্যাকনলেজমেন্ট ডিউ ক'রে পাঠিয়েছে, কিন্তু অ্যাকনলেজমেন্ট ডিউ ফিরে গেছে এবং কোনরকম অ্যাকশন নেওয়া হয়েছে কিনা, সেই বিষয়ে আমার জানা নেই। আমি জানি না, কি ক'রে জানালে পরে তাঁকে ঠিকমত অবগত করানো যাবে। কি ভাবে আবেদননিবেদন করলে মন্ত্রিমহাশয়ের প্রত্যেকটি ঘটনা দৃষ্টিগোচর হবে, আমি সেইকথা আজকে আবেদন হিসাবে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। এই বিষয়ে আর একটা প্রশ্ন আসে, সেটা হচ্ছে, গ্রামে আইনশৃঙ্খলার অভাব। আমরা এখানে বললাম যে, যাদের ৭৫ বিঘা জমির ঊর্ধ্বে জমি আছে সেই জমি ছিনিয়ে নিন, সেই জমি দখল করা হোক, তাতে আমাদের আপত্তি নেই, বরং সমর্থন আছে। কিন্তু আজকে যে চাষীর ২৫/৩০ বিঘা জমি আছে বা ৭৫ বিঘার নীচে জমি আছে, সেই জমিতে যখন লালঝাণ্ডা পুঁতে সেই জমিতে যখন দখল নিয়ে এই ঘোষণা করছে গ্রামের কৃষক সমিতিগুলো যে, ঐ জমিতে তুমি চাষ করতে যেতে পারবে না। যারা চাষ করতে গেছে তাদের হয় লাঙ্গল কেড়ে নেওয়া হয়েছে, কারও হালের গরু কেড়ে নেওয়া হয়েছে, এই ঘটনা আমরা গ্রামাঞ্চলে গেলে দেখতে পাই। আজকে সেইজন্য বহু চাষী নিজের জমিতে চাষ করতে পারছে না, আবার যারা দখল নেবার কথা ঘোষণা করেছে, তারাও সেখানে চাষ করতে যাচ্ছে না, যদিও জে এল আর ও অফিস সেখানে আছে, যদিও থানা সেখানে আছে। থানায় আবেদন নিবেদন করেও কোন ব্যবস্থা সেখানে যেমন হয় নি জে এল আর ও-র কাছে সেই ঘটনা জানাতে গিয়ে আমরা জেনেছি তিনি বলেছেন যে, এতো কোন রকমে দখল হ'তে পারে না, দখল হ'ল কেন, সেই প্রশ্ন আজকে এই সভায় রাখতে চাই। আজকে আমরা জানি গ্রামাঞ্চলে যে ধরনের জমিদখলের হিড়িক কিছু কিছু ঘটে গেছে সেটা দু'-একটা নয়, প্রায় প্রত্যেকটি থানায় বা প্রত্যেকটি অঞ্চলে এইরকম দু'-পাঁচটি ঘটনা আছে যাতে চাষের মরসুমে এইসমস্ত চাষীরা চাষ করতে পারে, যাতে তারা সুষ্ঠুভাবে তাদের ফসল বৃদ্ধি করতে পারে, সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর পরে আসে আর একটা প্রশ্ন সেটা হচ্ছে, চাষী চাষ করবে। সুতরাং চাষ যদি করে তাদের বাড়িতে ধান থাকবে। আমাদের আইন আছে যে, বেশী ধান থাকলে লেভি ধরা হবে, লেভির ধান দেওয়া হ'লে এর পরও যদি সেই চাষীর বাড়ি অতিরিক্ত ধান থাকে, তা হ'লে ডিহোর্ডিং প্রোগ্রাম আছে বা সরকারী অফিসার আছে, সঙ্গে সঙ্গে সহযোগী রাজনৈতিক দলও আছে। সেখানে আমরা দেখেছি যে ডিহোর্ডিং প্রোগ্রামে যদি তাদের কাছ থেকে অতিরিক্ত ধান পাওয়া যায়, তা গ্রহণ করলে আপত্তির কোন কারণ ছিল না। কিন্তু গ্রামে গ্রামে কৃষকদের যে সমিতি গড়ে উঠেছে, সেই কৃষক সমিতিগুলো এক একটা জেহাদ ঘোষণা করছে, কোন জায়গায় চিঠি দিয়ে বলছে এই পরিমাণ ধান তোমাদের দিতে হবে, না দিলে দেখে নেওয়া হবে, লুঠ করা হবে। আমরা জানি এবং দেখেওছি ২৪-পরগনার বিভিন্ন গ্রামে কোন চাষীর বাড়িতে হয়তো ১০ বস্তা ধান আছে, যে ধান বিক্রি ক'রে ছেলেদের পড়াশুনার খরচ চলে, নিত্য প্রয়োজনীয় জিনিস কিনতে হয়, জামাকাপড় কিনতে হয় বা আগামী চাষ কালে চাষের খরচ যোগাতে হয়, আমরা দেখতে পাচ্ছি সেই ধান চার বস্তা কি ছ' বস্তা যেটা সারাবছরে খেয়ে মেখে থাকবার যে খরচ সেটা তার ইচ্ছার বিরুদ্ধে ছিনিয়ে নেওয়া হয়েছে। আমরা দেখেছি এবং আমি নির্দিষ্ট ক'রে এই সভায় রেখেছিলাম যে, কোন কোন জায়গায় যাদের কাছ থেকে ধান নেওয়া হয়েছে তাদের সেই সমিতির লোকরা তারা দলবল নিয়ে সেই চাষীর বাড়ি গেছে, হাজার হাজার মানুষ গেছে লাঠি-সড়কি বল্লম নিয়ে এবং তাদের ভয়ে অনেকে দিয়ে দিয়েছে এবং যারা দেয় নি তাদের লুঠতরাজের সম্মুখীন হ'তে হয়েছে। আমরা জানি, যাদের কাছ থেকে ধান নেওয়া হয়েছে তাদের অনেককে এখনও পর্যন্ত কোন রিসিট দেওয়া হয় নি। দেওয়ার কথা বলা হয়েছিল, কিন্তু এখনও পর্যন্ত তা দেওয়া হয় নি।

আমি এই প্রসঙ্গে একটি মৌলিক প্রশ্ন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই যে বাংলাদেশের গ্রামের মানুষের তরফ থেকে যে, এই দান-আদায়ের এক্তিয়ার তাদের আছে কিনা।

এটা আমি তাঁর কাছে আবেদন হিসাবে রাখতে চাই। তারা যে রিসিপ্ট দিচ্ছে সেই রিসিপ্ট তারা দিতে পারে কিনা এইভাবে টাকা আদায় ক'রে। আর একটি কথা, আবেদন হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই সেটা হচ্ছে, গণতান্ত্রিক আন্দোলনে পুলিস যাবে না সেটা ঠিক, কিন্তু হাজার হাজার লোক লাঠি-সড়কি নিয়ে যদি কোন জায়গা বা কারো বাড়ি আক্রমণ করে, যেমন হয়েছে ২৪-পরগনার ক্যানিং-এ, ভরতপুরে, ভলেয়ার, মধুসূদনপুরে, তা হ'লেও কি পুলিস নিষ্ক্রিয় থাকবে? সেই সঙ্গে এই প্রশ্নটাও আমি রাখতে চাই, এক হাজার লোক যদি লাঠি, সড়কি, বল্লম নিয়ে কোন বাড়ি আক্রমণ করে বা মুখ্যমন্ত্রীর বাড়ি আক্রমণ করে এবং যথাসর্বস্ব লুঠ করে, যদি তাঁর বাড়ির মেয়েদের ধ'রে টানাটানি করে এমনকি জামা-কাপড় খুলে নেবার চেষ্টা করা হয়, তা হ'লে এটা গণতান্ত্রিক আন্দোলনের পর্যায়ে পড়বে কি? এইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী কি করছেন? আইনের শাসন কি চলছে? গ্রামাঞ্চলে যাতে আইনের শাসন চালু হয় সেদিকে একটু দৃষ্টি রাখার কথা ব'লে আমি এখানে আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

**শ্রীনাথেনিয়েল মুর্মুঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপিয়েশন বিল এনেছেন আমি সেটাকে সমর্থন জানিয়ে আমাদের অর্থমন্ত্রীর উদ্দেশ্যে কয়েকটি সাজেশন রাখতে চাই। আমাদের বাংলাদেশের বিধানসভার বাজেট অধিবেশন শেষ হ'তে চলেছে এবং বহু খাতের ব্যাপারে ইতিমধ্যে আমরা আলাপ-আলোচনা করেছি। আমি মুখ্যতঃ তিনটি বিষয় সম্পর্কে মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। একটা ক্ষেত্র প্রশাসনিক ব্যবস্থার ক্ষেত্রে আমরা দেখছি দ্বৈত শাসন অর্থাৎ ডুয়েল কন্ট্রোল রয়েছে। এই দ্বৈত শাসন আমাদের বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রের অগ্রগতির পথে একটা বাধাস্বরূপ হিসাবে কাজ ক'রে চলছে। আমি উদাহরণস্বরূপ বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে এখানে উল্লেখ করতে চাই। আপনি জানেন স্যার, বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশন বিভিন্ন স্কুলে অনুমোদন থেকে আরম্ভ ক'রে সব কিছু করে। কিন্তু ম্যানেজিং কমিটি বা শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোন গোলমাল দেখা দিলে বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশন কিছু করতে পারে না, এডুকেশন ডাইরেক্টরেট থেকে কোন রিপোর্ট না আসা পর্যন্ত। এর জন্য বিভিন্ন স্কুলে—জুনিয়ার স্কুল এবং হাই স্কুলে গোলমাল চলছে। আমি বলব, এডুকেশন ডাইরেক্টরেট থাকবে, কিন্তু পুরোপুরি মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা বোর্ডের হাতে তুলে দেওয়া হোক। সরকারী কর্মচারীরা মাসান্তে যেমন মাইনে পান, আমি বলব শিক্ষকদের ক্ষেত্রেও সেইরূপ করা হোক। কারণ, মাধ্যমিক শিক্ষকরা মাসের শেষে পুরো মাইনে পান না। প্রাথমিক শিক্ষকরা অবশ্য পাচ্ছেন। কিন্তু মাধ্যমিক শিক্ষকরা কোন জায়গায় পুরো বেতন পান না। এতে বহু প্যারাফারনেলিস আছে। গভর্নমেন্টের গ্রান্ট-ইন-এড যাতে ঠিকমত পেঁছায় তার ব্যবস্থা করা দরকার। মাধ্যমিক শিক্ষকদের ছয় মাসের এরিয়ার ডিউস থাকে। মাসে মাসে তাঁরা টাকা পান না। অতএব এই টাকা না পাওয়ার জন্য মাধ্যমিক শিক্ষকদের টিউসনি করতে হয়, অন্য কাজ করতে হয়। আমি বলব গ্রান্ট-ইন-এড রেগুলার মাসে মাসে বা অন্তত দু'মাসে যাতে পেঁছায় এবং সরকারী কর্মচারীদের মত মাধ্যমিক শিক্ষকরা যাতে মাস মাইনে পান, তার ব্যবস্থা করুন। কারণ এই মাইনে যত বাকী পড়েছে এবং সেটা শিক্ষা মন্ত্রিমহাশয় জানেন। বাঁকুড়া জেলার একটা জুনিয়ার হাই স্কুল-এর একজন শিক্ষকের ১৭ মাস মাইনে বাকী পড়ে আছে। শিক্ষামন্ত্রী মহাশয় সে সম্পর্কে জানেন এবং কথাবার্তা হচ্ছে। একটা স্বাধীন দেশে বিশেষ ক'রে যুক্তফ্রন্টের আমলে একটা জুনিয়ার হাই স্কুল-এর শিক্ষক ১৭ মাস মাইনে পান না, এটা একটা লজ্জাকর ঘটনা। এই ঘটনা চলতে দেওয়া উচিত নয়। আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে জেল কোড সংশোধন সম্পর্কে। আমি আগেও এই জেল কোড সংশোধন সম্পর্কে প্রচণ্ড দাবী তুলেছিলাম। একটা জিনিস জাতিগতভাবে সকলেই স্বীকার করেন যে, যে কোন অভিযোগে যাদের ধরা হয়, যারা জেলে আন্ডার ট্রায়াল হিসাবে আছে, বিচার যাদের হয়নি, তারা দোষী কি নির্দোষী এটা সাব্যস্ত হয় নি। কিন্তু তারা আগেই শাস্তি পায়। একটা লোক ছয় মাস বিনা বিচারে সেখানে থাকলো। ছয় মাস পরে বিচার হবে। কোন কারণে জামীন দিতে পারছে না। সে জেলখানার মধ্যে তৃতীয় ডিভিশনে থাকবে। মশার কামড় তাকে খেতে হবে, তার ফলে রোগগ্রস্ত হয়ে তাকে আসতে হবে। এবং ছয় মাস পরে

নির্দোষ হয়ে বেরিয়ে আসার পর তাকে অসুস্থ হয়ে পড়ে থাকতে হবে। কাজেই দোষী কি নির্দোষ এটা সাব্যস্ত হওয়ার আগে একটা আন্ডার ট্রায়াল প্রিজনার কেন শাস্তি ভোগ করবে? এটা কোন স্বাধীন দেশে চলতে পারে না। ইংল্যান্ডে এবং অন্যান্য দেশে এ সম্পর্কে বিধান হয়েছে এবং যে সমস্ত গণতান্ত্রিক দেশগুলি—ইংল্যান্ড, আমেরিকা এবং অন্যান্য দেশ থেকে যে সমস্ত পার্লামেন্টারী ডিমোক্রেসী আমরা শিখেছি, জেল সংশোধনের ক্ষেত্রে এটা কেন চালু হবে না, এটা আমরা বুঝতে পারি না। তাই মন্ত্রিমহাশয়ের কাছে আমি অনুরোধ করছি যে, আন্ডার ট্রায়াল প্রিজনার-দের যেন কোন রকমে শাস্তি ভোগ করতে না হয়। তাদের বিচার হবে, তারা দোষী সাব্যস্ত হবে, তার পর যেন তাদের শাস্তি দেওয়া হয়। আর একটা কথা হচ্ছে যে, আন্ডার ট্রায়াল প্রিজনার-দের বিভিন্ন সুযোগসুবিধা, যেমন মশারি ইত্যাদি জেলখানায় যেন দেওয়া হয়। তৃতীয় কথা হচ্ছে যে, উত্তর বাংলার ২টি সংস্থা সম্পর্কে। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন উত্তর বাংলার একমাত্র যোগাযোগ ব্যবস্থা সেটা আপনি জানেন। কিন্তু এই নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন-এর হেড অফিস কুচবিহারে থাকার ফলে, এর নিয়োগের ব্যাপারে একটা প্রচণ্ড পক্ষপাতিত্ব রয়েছে। আমি এই স্টেট ট্রান্সপোর্ট এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন-এর সহ-সভাপতি গত বছর পর্যন্ত ছিলাম। আমি জানি এই এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন-এর যে কোটা আছে, প্রায় দুই হাজার কর্মী সেখানে আছে। এই দুই হাজারের মধ্যে ১৮ শত হচ্ছে কুচবিহারেরর, আর বাকী ২ শত মালদহ, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি, দার্জিলিং ইত্যাদি নানা ক্ষেত্রের জন্য। পশ্চিম দিনাজপুর ও মালদহের বহু ছেলে এমপ্লয়মেন্ট-এর জন্য কুচবিহার যায় এবং ঘুরে আসে। তাই, উত্তর বঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের ক্ষেত্রে যাতে নিয়োগের ব্যাপারে উত্তর বাংলার পাঁচটি জেলায় যেন একটি কোটা থাকে। একটা নির্দিষ্ট পরিমাণ এমপ্লয়মেন্ট যেন সেখানে পায়, তার জন্য ব্যবস্থা করবেন এবং এর যে হেডকোয়ার্টার্স প্রশাসনিক ক্ষেত্রের দিক থেকে উত্তর বাংলা রাষ্ট্রীয় পরিবহণকে চালানোর জন্য কুচবিহারে যে হেডকোয়ার্টার্স আছে সেটা অত্যন্ত অসুবিধাজনক। এই হেডকোয়ার্টার শিলিগুড়ির ভাবোগ্রামে আনা হোক। ভাবোগ্রামে যে সরকারী ডিপো রয়েছে সেখানে যদি কারখানা করা যায়, ওয়ার্কসপ করা যায়। উত্তর বাংলার মাঝখানে এই শিলিগুড়িতে যদি করা যায়, তাহলে এর প্রশাসন ব্যবস্থা ভাল হবে। আমি সর্বশেষে আর একটি কথা বলবো। আমাদের অনেক কোটি টাকা ঘাটতি আছে। সেটার মেকআপ করার জন্য আমি একটা সাজেশান দিতে চাই। অবশ্য তাতে অল্পই মেকআপ হবে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই ঘাটতি মেটানোর জন্য অন্যান্য রাজ্যসরকারের মত লক্ষ্য রেখে লটারী খেলায় মেতেছেন। লটারী আমরা খুলেছি। আমাদের লটারীর টিকিটে প্রথম পুরস্কার ২ লক্ষ টাকা রেখেছেন। কিন্তু আমি জানি, কেরালা সরকার এই লটারীর প্রথম পুরস্কার ১ লক্ষ টাকা রাখা সত্ত্বেও বেশী টিকিট সেল হচ্ছে। যেহেতু ১ লক্ষ টাকার ৩টি পুরস্কার দেওয়া হচ্ছে। তাই আপনার কাছে আবেদন জানাচ্ছি যে, পশ্চিম বাংলায় যে লটারী পশ্চিমবঙ্গ সরকার চালাচ্ছেন এটা ২ লক্ষ টাকা প্রথম পুরস্কার না রেখে কেরালা সরকারের মত প্রথম পুরস্কার তিনটি ১ লক্ষ টাকা করেন। আমার মনে হয় তাহলে সেল বাড়বে এবং বেশী লোকের পুরস্কার পাওয়ার সম্ভাবনা থাকবে। এই লটারীটা যদি একটু ঘন ঘন করা যায়, তাহলে এই ঘাটতি কিছুটা পূরণ হবে ব'লে আমি মনে করি। সর্বশেষে আমি এই বিলকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**Shri Ramkrishna Saraogi:** Mr. Deputy Speaker, Sir, during the budget debate and discussions on various Demands for Grants, honourable members from both sides had placed their views before the Government. I have got no intention to repeat them, nor I have any interest in speaking something about the political situation.

Though the Chief Minister in his budget speech has spoken about various matters, according to me, Sir, he has not mentioned anything about the economy in the budget, about the economy in expenditure as well as about the

roper utilisation of the grants. In discussing the Appropriation Bill, I wish o stress on one point and that is about the non-utilisation of the budget rants. I find, Sir, that whenever any amount is not being utilised, it is called aving. Sir, saving is good but when we find that the allotted amounts on mportant items like public health, agriculture, irrigation, public works, Greater Calcutta Development Scheme, etc., are not being spent, we cannot call it aving, but we feel that something is wrong with the Government. If we go hrough the reports of accounts for the ear 1967-68, we come across various eads in which the allotted amounts has not been spent. Through you, Sir, I lace before the Chief Minister and Finance Minister the following figures rom the year 1967-68. In Public Health, 11 per cent. of the total allotted mount was not spent, in Agriculture this figure was 21 per cent., in Public Vorks it was 23 per cent., while it was 34 per cent. in Irrigation head; ndustry also suffered with 38 per cent. and the worst sufferer was the Greater alcutta Development Scheme in which about 53 per cent. of the total sanc-oned amount had not been utilised. Sir, this is something very serious and is necessary that our Finance Minister and Chief Minister take a serious ote of it. Sir, Agriculture is a very important point and a very important ubject not only to this State but for our entire country. But in that particular ear, Sir, we find that as much as 83 per cent. of the sanctioned amount for e improved agricultural implements had not been spent. May I ask, Sir, ho suffered due to this calousness? I say, Sir, that the farmers suffered and one else. Similarly, Sir, our Education Department prints and publishes rtain type of textbooks for the primary school children. We find, that these ooks have been very much useful to the students and a large number of poor udents get benefit, but in that particular year, Sir, only 33 per cent. of the nctioned amount had been utilised. An explanation is due from the Govern-ent as to why this amount had not been fully utilised for the benefit of poor d needy students. Similarly, Sir, we find that for the Greater Calcutta evelopment Scheme also the necessary amount had not been spent in last few ars. I find, Sir, that this scheme had been suffering since the last few years. 1964-65, only 55 per cent. of the amount had been spent and last year only per cent. of the total amount had been spent. Sir, who suffer? It is the lcuttans who suffer and nobody else. As such, Sir, I will request the on'ble Chief Minister to give an assurance in the House that the sanctioned ounts will be properly utilised for the benefit of the public and for the nefit of the State. It is no use making big budgets and not spending the nctioned amounts. Unless that is done, I don't think there is any point in acing big budgets.

**শ্রীবিকেশ গুহঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন রে কয়েকটা কথা বলতে চাই। এখানে সাত্তার সাহেব প্রথমেই বললেন গঠনমূলক যদি কোন জ হয়, তাহলে তার দল সমর্থন করবেন। কিন্তু এই কথা বলবার পর আমরা দেখলাম না দের পক্ষ থেকে কোন গঠনমূলক সাজেসান এসেছে। উপরন্তু বিজয় সিং নাহার বললেন, ক্তফ্রন্ট বৃটিশ সাম্রাজ্যবাদীর দালালি করছে। কারণ বৃটিশ ট্রাম কেম্পানী ১৯৬৭ সালে ণে করা হয়েছিল। কিন্তু আমি তাকে বলতে চাই, এই বিশ্বাসঘাতকতা কেন? গত ২০ রে তাঁরা যেটা করতে পারেন নি, যুক্তফ্রন্ট সেটা করেছিল। তবে তাঁরা সম্মতি দিয়েছিলেন। ন্তু সম্মতি দিয়ে কি করবে তাঁরা এসব কথা বলেন তা জানি না? দ্বিতীয়তঃ সেক্সাব রখানা গ্রহণ করার ব্যাপারে বলা হচ্ছে যে, এখানেও দালালি হয়েছে। তাহলে এই দালালিতে া কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। পরিমল ঘোষ যা দেবেন বলেছিলেন তা দেন নি। ন্তু রেল দপ্তর থেকে সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি বললেন, ইলেট্রিক ম্পানী কেন জাতীয় করণ করা হচ্ছে না? ২৫০ কোটি টাকা বিদেশী মূলধন। দেশ াধীন হবার পর ও'রা প্রতিশ্রুতি দিয়েছিলেন, আমাদের দেশে স্বাধীন অর্থনীতি গড়ে উঠবে। দেশী পুঁজি এদেশ থেকে হটিয়ে দেব। কিন্তু তা না করে তাঁরা পৃথিবীর দুয়ারে দুয়ারে রে বিদেশী পুঁজিকে আহবান করেছেন। এই দালালি ও'দের মুখেই সাজে। ও'রা

বলেছেন, ডেমোক্রেসি বাজেট, সত্যি কথা ডেফিসিট বাজেট, আমাদের অর্থমন্ত্রী বলেছেন, ডেফিসিট বাজেট আমাদের কাম্য নয়। এটা কেন হ'ল সেটা ও'দের বলা সাজে না। কারণ কেন্দ্রেতো ডেফিসিট বাজেট হচ্ছে। বাংলাদেশে যে এটা হল তার জন্য কংগ্রেসই দায়ী। এই বাজেটে দেখবেন আমাদের ২৭ কোটি টকা দিতে হচ্ছে ১৯৬৮-৬৯-এর টাকা। এই টাকাটা সুদ বকেয়া বাবত কেন্দ্রকে দেবার কথা ছিল এবং তখন পি, ডি, এফ গভর্নরের রাজত্ব ছিল। আপনারা রাস্তা-ঘাট করেছেন, টাকা দিয়ে যান নি কেন? এখন সেসব টাকা আমাদের দিতে হচ্ছে।

[5-30—5-40 p.m.]

শুধু তাই নয়, এই বাজেটে আছে ২২০ কোটি টাকা চতুর্থ পরিকল্পনায় আমাদের পরিশোধ করতে হবে কেন্দ্রকে যেটা ধার করা হয়েছে। তবে শুনলে আপনারা বুঝতে পারবেন যে ২৩৭ কোটি টাকা আমরা পাব। কেন্দ্র বলেছেন চতুর্থ পরিকল্পনায় ২২০ কোটি টাকা তোমাদের পরিশোধ করতে হবে কেন্দ্রকে। এটা কারা ধার করেছে? লজ্জা করে না ডেফিসিট বাজেটের কথা বলতে? শুধু কি বাংলাদেশ—ভারতবর্ষকে বিকিয়ে দিয়েছে এবং সেটা ওদেরই দোষ। এর পর আবার বলছেন ডেফিসিট বাজেট। যাঁরা ৬ হাজার কোটি টকা ধার করেছে তাঁদের মুখে এইসব কথা শোভা পায় না। তার পর এ'রা বলছেন আইন-শৃঙ্খলা নেই। ও'দের কাছে আইন-শৃঙ্খলা এক জিনিস, আর আমাদের কাছে সেটা অন্য জিনিস। এ'রা গণতন্ত্রের কথা বলেন অথচ আমরা দেখেছি যুক্তফ্রন্ট সরকার এ'রাই ভেঙ্গে দিয়েছিল, স্পীকার মহাশয়ের বাড়িতে এ'রাই বোম ফেলেছিলেন। ১৯৪৯ সালে ছাত্র আন্দোলনে এই কলকাতা শহরে যখন ৮০টি লোককে লাঠি পেটা ক'রে মারা হয়েছিল—সেটা কি গণতন্ত্র? ধাপাতে স ওয়ালেস কোম্পানীর কাছে ছোট ছোট জমির মালিকের জমিতে জল ঢুকিয়ে দিয়েছিল, কৃষকদের বাড়ীতে আগুন দিয়েছিল, কৃষককে ঠেঙ্গিয়ে মেরেছিল সেটা কি গণতন্ত্র? ঐ বৌবাজারে মেয়েরা বন্দীমুক্তির দাবী নিয়ে এসেছিল এবং তখন তাদের যে গুলি ক'রে হত্যা করা হয়েছিল সেটা কি গণতন্ত্র? শিশির মণ্ডলকে মেরে ফেলেছিল সেটা কি গণতন্ত্র? এ'রা বলছেন গণতন্ত্রের কথা -লজ্জার একটা সীমা থাকা উচিত। যুক্তফ্রন্ট সরকার মিথ্যা কথা বলেন নি, তাঁরা বলেছেন যে, আমাদের সীমাবদ্ধ ক্ষমতা এবং সংবিধান জনসাধারণের সুযোগসুবিধা করে দেবার পথে প্রধান বাধা। কাজেই যতটুক করা যায় ততটুকু করবেন এবং জনসাধারণের সংগ্রামের অধিকার দেবেন। ২ কোটি টকা বাদ দিয়েছে এটা তাঁরা সহ্য করতে পারলেন না। এ কথা বলে বিলকে অনুমোদন ক'রে আমি বক্তব্য শেষ করছি.

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন তাতে আমি অংশগ্রহণ করছি এবং বিরোধিতা করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন জলাতংক বলে একটা ব্যাধি আছে যাকে ইংরাজিতে বলে হাইড্রোফোবিয়া। আমরা দেখছি যুক্তফ্রন্ট সরকারকে সেই ফোবিয়ায় পেয়েছে এবং শুধু তাই নয়, এদের ষড়যন্ত্র এবং চক্রান্ত ফোবিয়ায়ও পেয়েছে। ১লা জুলাই থেকে আজ পর্যন্ত এই হাউসে সরকার পক্ষের যে আলোচনা শুনেছি তাতে মোটামুটি চারটি কথা আমরা পেয়েছি এবং সেই চারটি কথা হচ্ছে ষড়যন্ত্র, চক্রান্ত, কংগ্রেসের কুড়ি বছরের শাসন এবং কেন্দ্র। স্যার, চক্রান্ত এবং ষড়যন্ত্র কারা দেখে? যারা ভীরু, কাপুরুষ তারাই ষড়যন্ত্র, চক্রান্ত দেখে। ষড়যন্ত্র, চক্রান্ত কারা দেখে? যারা নিজেদের অপদার্থকে, অযোগ্যতাকে, ব্যর্থতাকে ঢাকবার চেষ্টা করে তারাই ষড়যন্ত্র, চক্রান্ত দেখে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩২ দফা কর্মসূচী নিয়ে যুক্তফ্রন্ট সরকার মধ্যবর্তী নির্বাচনে দোরে দোরে ঘুরে বেড়িয়েছে। কিন্তু নির্বাচন শেষ হওয়ার অব্যবহিত পরেই ৩২ দফা কর্মসূচীর দফা রফা হয়ে গেছে, তার পঞ্চত্বপ্রাপ্তি হয়েছে সেটা আমরা হাড়ে হাড়ে বুঝছি, বাংলার জনসাধারণ হাড়ে হাড়ে বুঝছে। আমাদের মুখ্যমন্ত্রী গান্ধীবাদী লোক, যে গান্ধীজী ভারতবর্ষের স্বাধীনতা অহিংসা মন্ত্রে এনেছেন সেই গান্ধীজীর আদর্শের ধারক এবং বাহক তিনি সেই মুখ্যমন্ত্রী ৩২ দফা কর্মসূচীর রক্তাক্ত বিপ্লবের একজন অংশীদার হয়ে আছেন।

যে ৩২ দফা কর্মসূচী নিয়ে ছিলেন তার প্রথম শুভ সূচনা হয়েছিল টিটাগড়ে তেলেনীপাড়ায় এবং দমদমে। সেখানে চলেছে অবাধে গৃহদাহ নরহত্যা, লুণ্ঠন, দাঙ্গাবাজী আর তার শিকার হয়েছে মুষলমান সম্প্রদায়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গান্ধীজী বলেছিলেন যে, ভারতবর্ষ থেকে সাম্প্রদায়িকতা উৎপাটিত করতে হবে, সেই আদর্শের ধারক এবং বাহক মুখ্যমন্ত্রী নীরবে কিন্তু মুখ বুজে এইসব দেখেছেন, তার প্রতিবিধানের জন্য কোন প্রচেষ্টাই নেন নি। কাঁথিতে শরিক ফরওয়ার্ড ব্লক এবং সি পি আই এম এই লড়াই থেকে শেষ পর্যন্ত সরে পড়েছিল। সেখানে পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুরা সেখানে বিধানপল্লীর মত পল্লী গড়ে তুলেছিল, সেখানেও অগ্নি সংযোগ হয়েছিল, তারা ক্ষতিগ্রস্ত হয়েছে কিন্তু ততোধিক ক্ষতিগ্রস্ত হয়েছে কাঁথির মুসলমান পরিবার, তাতে তাদের উপসনাগৃহ মসজিদও বাদ যায় নি। এই অগ্নিসংযোগে তা ভষ্মীভূত হয়েছে। আমি জানি না এই ৩২ দফা কর্মসূচীর মধ্যে আর কেন শরিক নিয়ে অন্য কোন কর্মসূচী নেবার অধিকার দিয়েছেন কিনা। আমি ২৪-পরগনা মধুসূদনপুরে গিয়েছিলাম, সেখানে ১৪ দফা দোহাই জারী করা হয়েছে। এই দাবিগুলির মধ্যে প্রধান দাবী হচ্ছে (১) পুরানো দেনা রেহাই, (২) নতুন দেনা যার যত লাগবে দিতে হবে, (৩) মধ্যবিত্তদের চার মাসের খোরাক রেখে বাকী সব দিয়ে দিতে হবে, (৪) ক্ষেতমজুরীর হার একমণ চালের দাম মাসের খোরাক রেখে বাকী সব দিয়ে দিতে হবে, (৪)(ক) ক্ষেতমজুরীর হার একমণ চালের দাম যত হবে, তত আনা করতে হবে (খ) খোরাকীর জন্য আড়াই সের চাল এবং হাটবাজারের জন্য ৫০ পয়সা দিতে হবে, (৫) মধ্যবিত্তরা হাতে কতটা জমি চাষ করতে পারবে, সেটা পরে জানানো হবে, (৬) অসুখ করলে সবেতন ছুটি ও অসুখের চিকিৎসা করতে হবে, (৭) যোতদার লোকেদের দিয়ে সব কাজ করাতে হবে, তাতে চাষ কার্তিক মাস পর্যন্ত হলেও তা করতে হবে, (৮) জ্যৈষ্ঠ মাসের ১৫ তারিখ থেকে কাজ দিতে হবে, ইত্যাদি। আমি জানি না যুক্তফ্রন্ট সরকারের মধ্যে আর একটা সরকার গঠিত হয়েছে কিনা এবং এই সমস্ত শর্তগুলি সরকারের অনুমোদিত কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেখানে গিয়েছি এবং স্বচক্ষে দেখে এসেছি ভয়াবহ দৃশ্য। সেখানে সোরাব গাজী ব'লে একজনকে পিটিয়ে মারা হয়েছে। তার জমির পরিমাণ হচ্ছে মাত্র ২৫।২৬ বিঘা, এই কি শ্রেণীসংগ্রামের পরিচয়? যার জমি ২৫।২৬ বিঘা তাকে শ্রেণীসংগ্রামের নামে কোন অর্থে মারা হয় স্যার, আমি বুঝে উঠতে পারি না। অধ্যক্ষ মহাশয়, এই সোরাব গাজীর বৃদ্ধ পিতা এখনও বর্তমান, তাঁর মর্মান্তিক অবস্থা যদি দেখতেন, তাহলে আপনি দগ্ধ বিদগ্ধ হতেন, সন্দেহই নাই।

সেই সোরাব গাজীকে মেরেই তারা ক্ষান্ত হয় নি, হাসেম আলি মোল্লা যিনি যুক্তফ্রন্টকে সমর্থন করেছিলেন, তাঁরা চার ভাই এবং চার ভাইয়ের জমির পরিমাণ হচ্ছে মোট সর্বসাকুল্যে ১৫০ বিঘার বেশী নয়, সেই হাসেম আলি মোল্লা, সুলেমান পিয়াদা এবং আয়ুব পিয়াদাকে পিটিয়ে মারা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেখানকার এম এল এ শ্রীরবীন মণ্ডল সেই সোরাব গাজীর মৃতদেহের উপর লাথি মারতে কুণ্ঠিত হন নি। তিনি তাঁর সংগে পেট্রোল নিয়ে গিয়েছিলেন, সেই পেট্রোল দিয়ে সারা গাঁয়ে আগুন জ্বালিয়ে তিনি লুণ্ঠন এবং হত্যাকাণ্ড করেছিলেন।

[5-40—5-50 p.m.]

**শ্রীরবীন মুখার্জীঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, উনি যে কথা বলছেন এর আগের দিন এই রকম অভিযোগ হয়েছিল, রবীন মণ্ডল পার্সোনাল এক্সপ্ল্যানেসান দিতে উঠে সেটা অস্বীকার করেছেন।

**Mr. Deputy Speaker:** I would request the honourable members to confine their speeches to the Appropriation Bill. You can go through the rule 218, sub-rule 4. It has been described these that only those matters should be submitted or discussed which have not already been raised in the House—and must be important public matters and administrative policy which have not already been discussed in the House while the relevant demands for grants were under consideration. So that should be the guide line. Accordingly to that guide line speeches should be made in this House.

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ঘটনাটা আমি বলতে যাচ্ছি সেটা এই হাউসে ডিসকাস্‌ড হয় নি। আমি জানি, সেদিন যেখান থেকে শোভাযাত্রা বের করা হয়েছিল লাঠি, তীর, ধনুক প্রভৃতি নিয়ে সেখান থেকে সেই মধুসূদনপুর যেতে হলে পাথর প্রতিমা, পূর্ণচন্দ্রপুর, গঙ্গাধরপুর, বাহিরবার, তিলটুকরী, গোজা, থাড়িবোড়, কাঁসারীবাক, মতিলাল প্রভৃতি গ্রাম পেরিয়ে যেতে হয়। এই কয়েকটি গ্রামের মধ্যে সংগতিসম্পন্ন লোক যারা, আমরা তদন্ত করে দেখেছি যেহেতু এই কয়েকটি গ্রামের সংগতিসম্পন্ন লোকেরা হিন্দু সম্প্রদায়ভুক্ত এবং মধুসূদনপুর গ্রাম মুসলমান প্রধান এবং আবুল হাসেম আলি মোল্লা একজন সংগতি-সম্পন্ন লোক সেই হেতু এই সব লোকের উপর আক্রমণ না চালিয়ে সুপরিকল্পিতভাবে হাসেম আলি মোল্লার উপর আক্রমণ চালান হয়েছে এবং তাকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। আমি আরো বলছি যে আমাদের শিক্ষাক্ষেত্রে আমলাতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষাক্ষেত্রে যেসমস্ত গণতন্ত্রসম্মত প্রতিষ্ঠান ছিল যার দ্বারা শিক্ষা পরিচালিত হ'ত সেগুলিকে ছেড়ে দিয়ে সেখানে আমলাতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামদেশে যে পঞ্চায়েত ছিল সেই পঞ্চায়েতকে সম্পূর্ণভাবে ভেঙ্গে দিয়ে সেখানে আমলাতন্ত্র প্রতিষ্ঠিত ক'রে সরকারী কর্মচারীদের হাতে প্রশাসন ক্ষমতা দেওয়া হয়েছে। কাজেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকার যে ৩২ দফা কর্মসূচী নিয়ে পদক্ষেপ করেছিলেন তার শুভ সূচনা যাই হোক না কেন তার যে পঞ্চত্ব প্রাপ্তি হয়েছে সেবিষয়ে কোন সন্দেহ নেই, এই বলে আমি এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলের বিরোধীতা ক'রে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীফকির রায়:** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে আমাদের দেশে প্রশাসন যন্ত্র যেটা রয়েছে, এই প্রশাসন যন্ত্রটা ইংরেজদের সৃষ্টি—প্রধানতঃ তার সুবিধা এবং তার শাসন কার্যের সুবিধার জন্য এই শসন যন্ত্র তৈরি হয়েছিল। দেশ স্বাধীন হবার পর উত্তরাধিকার সূত্রে কংগ্রেস এই শাসনযন্ত্র পান, কিন্তু এর উদ্দেশ্য বদলে গেল। নতুন দায় এসে পড়লো। কিন্তু প্রশাসন যন্ত্র তদুপযোগী হ'ল না। তদুপযোগী করার প্রধান দায়িত্ব কংগ্রেসের। এই তো মাত্র দু'তিন বৎসর হ'ল দিল্লীতে কেন্দ্রীয় সরকার একটি অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি অ্যাপয়েন্ট করেছেন। এই কমিটি অ্যাপয়েন্টেড হয়েছে ঠিকই, কিন্তু সেই কমিটির রেকমেন্ডেসন অনুসারে কাজ যে কখন হবে জানা নাই। এই সমস্ত কথা যখন ডাঃ সান্যাল উল্লেখ করলেন, তখন নিজেদের ঘাড়ে কতটা দায়িত্ব আছে, কতটা দোষ আছে, মনে রেখে উল্লেখ করলে ভাল হতো। ফিনান্স-এর যা রীতিপদ্ধতি কতকগুলি প্রাকটিস, তা খুব বাঁধাবাঁধি। এটা সত্যি কথা যে, অনেক মালপ্রাকটিস-এর মধ্যে ইন্ট্রোডিউস করবার জন্য কংগ্রেস গভর্নমেন্ট দায়ী। এত বাঁধাবাঁধি থাকা সত্বেও পুকুর চুরি হচ্ছে। এই ফিন্যান্সিয়াল প্রাকটিস এত বাঁধাবাঁধি যে তার থৈ পাওয়া যায় না। এই শাসনযন্ত্র ও ফিন্যান্সিয়াল প্রাকটিস-এর অনেক পরিবর্তন করতে হবে। এই রকম ভাবে এর পরিবর্তন করতে হবে যাতে এটা পিপলস উইল-এর উপযোগী হয়। এটা করবার জন্য আমাদের যুক্তফ্রন্ট সরকার পূর্বেই সিদ্ধান্ত নিয়েছেন এবং এজন্য একটি কমিটিও তাঁরা নিয়োগ করেছেন কিভাবে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ স্ট্রাকচার নতুনভাবে ঢেলে সাজা যায়। বাংলাদেশের এই ডেফিসিট বাজেট, এই অভিযোগ আজকের নয়। যখন থেকে প্রভিন্সিয়াল অটোনমি শুরু হয়েছে, তখন থেকে এই অভিযোগ বাংলার উপর অবিচার হচ্ছে। আনডিভাইডেড বাংলা যখন ছিল,, তখন থেকে এই অবিচার চলছে। সেই আনডিভাইডেড বাংলা যখন বিভাগ হ'ল তখনও সেই অবিচার পশ্চিমবাংলার উপর অব্যাহত আছে। পূর্বে যখন কংগ্রেস সরকার ছিল, সেই সময় তাঁরাও বলে গেছেন, এই বাজেট যে ডেফিসিট, এত ঘাটতি ইত্যাদি বলে যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ে দোষ চাপানো কোন দিক থেকেই কোন যৌক্তিকতা নাই। প্রশ্ন হচ্ছে এই দেশকে যদি গড়তে হয়, তাহলে টাকা চাই, ঘাটতি পূরণের ব্যবস্থা চাই। সেন্টারের কাছে থেকে যে পাওনা, সেই ন্যায্য পাওনা আমরা যদি পাই তাহলে ঘাটতি অনেক পূরণ হবে। প্রসঙ্গতঃ আমি একটি সাজেশান মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রীর কাছে রাখবো। যদি দেখা যায়, জনসাধারণ তাদের নিজেদের সুযোগ সুবিধার জন্য অনেক সময় তাঁরা এগিয়ে আসেন, তাহলে ছোট ছোট লোক্যাল স্কীম রূপায়ণে পিপলস্ পার্টিসিপেশন পাওয়া যায়। এই পিপলস্ পার্টিসিপেশন বিভিন্ন ক্ষেত্রে যাতে বেশি হয়, এটা করবার জন্য যদি স্টেট লেভেলে একটা প্লানিং কমিটি করা যায় এবং সেই প্লানিং কমিটির কেন্দ্রে পঞ্চায়েৎ থাকে রিলেভেন্ট দপ্তর, যেমন এগ্রিক্যালচার, ইরিগেশন, রিলিফ ইত্যাদি থাকে, তাহলে কাজ অনেক

ভাল হয়। এই সম্পর্কে ডিটেলস্ বলার ক্ষেত্র এটা নয়। এই ভাবে পিপলস্ পার্টিসিপেশন নিয়ে হয়তো ডেফিসিট অনেক পরিমাণে দূর করা যাবে এবং যে নূতন পশ্চিমবাংলা যুক্তফ্রন্ট সরকার তৈরি করতে চলেছেন, পিপলস্ পার্টিসিপেশন নিয়ে সেটা অনেক দূরে এগিয়ে নিয়ে যাবে।

সামন্ততন্ত্রের উচ্ছেদ কংগ্রেস করেছেন তাঁরা বলেছেন, আমি বলবো বাদ দিয়েছেন। একটু তাঁরা এগিয়েছিলেন। কংগ্রেসের আরব্ধ কাজ শেষ করবার কথা এখন যুক্তফ্রন্টের। কলিকাতায় জমিদারী প্রথা উচ্ছেদ হ'ল না, থেকে গেল। মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, সত্যিকার যদি সামন্ততন্ত্রের শেষ চিহ্ন পশ্চিমবাংলা থেকে মুছে দিতে চান, তাহলে কলকাতা ও দার্জিলিঙকে এই জমিদারী উচ্ছেদের আওতা থেকে বাদ দিলে চলবে না। ভায়োলেন্স হচ্ছে একথাটা শুনা যাচ্ছে এবং সামন্ততান্ত্রিক উচ্ছেদের কৃতিত্ব কংগ্রেস নিচ্ছে—হ্যাঁ, অনেক পরিমাণে কংগ্রেস এই কৃতিত্বের অধিকারী ঠিক। কিন্তু হাতে রাষ্ট্রশক্তি থাকা সত্বেও এটাকে সম্পূর্ণ করতে পারেন নি। আমি উল্লেখ করতে চাই হায়দরাবাদের কথা। হায়দরাবাদে ভারত সরকার সামন্ততান্ত্রিক উচ্ছেদের জন্য যদি সৈন্য প্রয়োগ না করতেন, তাহলে সেটা সম্ভবপর হত না। তাই উচ্ছেদ হ'ল কোথায়? বিভিন্ন নেটিভ স্টেট-এ এখনও পর্যন্ত রয়ে গেছে, এখনও শেষ হয় নি। শেষ করতে হবে এই যুক্তফ্রন্ট সরকারকে। এই ব'লে মুখ্যমন্ত্রী যে বিল এনেছেন আমি তা সমর্থন করছি।

**শ্রীখান নাসিরুদ্দিনঃ** মাননীয় উপাধক্ষ্য মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজ যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি কয়েকটি কথা রাখতে চাই। আমি মেলা কথার পুনরাবৃত্তি করি না, তবে যে কথা এর আগে রাখা হয়েছে মধুসূদনপুরের ঘটনাকে কেন্দ্র করে সেই বিষয়টি আপনার মাধ্যমে বলতে চাই যে, শান্তিরঞ্জন সর্দার, গুলিতে মারা যান। সেই শান্তিরঞ্জন সর্দার ১ হাজার লোক নিয়ে আবুল হাসেন মোল্লার বাড়ির এলাকার ভিতর প্রবেশ করে—সেখানে সে মারা যায়—এটা তদন্ত করলেই পাওয়া যাবে। সেই শান্তিরঞ্জন সর্দারের বাড়ী আবুল হাসেন মোল্লার বাড়ীর বহু দূরে—সে সেখানে এল কি কারণে? স্যার, কেউ যদি বাড়িতে চড়াও হয়ে কাউকে হত্যা করতে আসে, অস্ত্র থাকা সত্বেও সে কি নীরবে চুপ ক'রে বসে থাকতে পারে? এই শান্তিরঞ্জন সর্দার দীর্ঘ দিন ধরে ডাকাতি কেসের আসামী এবং এখনও সে মার্ডার কেসের আসামী। সেই লোক ৩০ মাইল দূর থেকে এসে আবুল হাসেন মোল্লার বাড়ীতে তাকে হত্যা করার জন্য আক্রমণ চালায়।

[5-50—6 p.m.]

**Shri A. H. Besterwitch:** He is speaking on individual persons. He should speak on the Appropriation Bill. That gentleman there is speaking on other gentlemen outside the House and from the start uptil now he is speaking something about Santiranjan Sardar.

**Mr. Deputy Speaker:** I understand he is speaking on policy matters.

**শ্রীখান নাসিরুদ্দিনঃ** স্যার, এর পর একটা বিরাট মিছিল বেরোয়। স্যার, এই ঘটনার পুনরাবৃত্তি করতে চাই না। এই মিছিল পরিচালন করেন বিভাগপাল, বিমান পাত্র।

**Shri Subodh Banerjee:** On a point of order, Sir. The matter is sub-judice. I am taking full responsibility in saying so.

**Mr. Deputy Speaker:** When the matter is sub-judice, as has been pointed out, the honourable member should not mention anything further in that respect.

**Shri Subodh Banerjee:** I am taking the full responsibility. The matter is sub-judice.

**শ্রীমোহম্মদ ইদ্রিস আলি:** স্যার, যে এম, এল, এ এই ঘটনায় ডাইরেক্ট পার্ট নিয়েছিলেন তিনি আজকে অ্যাসেম্বলীতে উপস্থিত। যদি দি ম্যাটার ইজ সাব জুডিস, তাহলে তিনি অ্যারেস্ট কেন?

**Mr. Deputy Speaker:** That is a separate thing. This House has got nothing to do with that.

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** স্যার, যখন দি ম্যাটার ইজ সাব জুডিস তখন এটা এক্সপাঞ্জ করা হোক।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister, Shri Subodh Banerjee has informed this House that the matter is sub-judice. I will not allow any further discussion on that particular point. The honourable member has just mentioned. He should not go into the details of the matter.

**শ্রীখান নাসিরুদ্দিন:** স্যার, বাসন্তি থানার ঘটনার পরিপ্রেক্ষিতে আমি এই হাউসের সামনে একটা বিবৃতি দিয়েছিলাম যে, উৎশৃঙ্খল জনতার হাতে আইন তুলে দেওয়া হয়েছে। সে সময় আমাদের মাননীয় মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙার আমাকে একটু ভয় দেখিয়ে বলেছিলেন যে, আমি নাকি সাম্প্রদায়িক। তিনি আরো বলেছিলিন, তিনি অনেক রক্ত দেখেছেন, আর রক্ত দেখতে চান না। কিন্তু স্যার, তার কয়েকদিন পরে দেখা গেল পুলিস হত্যা হ'ল। উশৃঙ্খল জনতার হাতে যদি আইন না যায় সেই বাসন্তি থানাতেই কি করে পুলিস হত্যা হয়? তারপরে মাননীয় সদস্য মিঃ সৈয়দ কয়েকদিন আগে প্রগেসিভ মুসলিম লীগকে লক্ষ্য ক'রে বলেন যে, আমরা নাকি কংগ্রেস আমলে যে ৩।৪ হাজার মুসলমানকে আটক করা হয়েছিল সেকথা বলি নি। স্যার, আমরা জানি রাম জন্মাবার পূর্বেই রামায়ণ অবশ্য লেখা হয়েছিল, কিন্তু স্যার, মুসলিম লীগের জন্মের আগে এই মুসলমানদের কংগ্রেস গারদে পুরে রেখেছিল এটা সম্পর্কে কি ক'রে বলা সম্ভব সেটা বুঝতে পারছি না। তারপরে স্যার, মাননীয় সদস্য জনাব কোয়েম মোল্লা ২৪এ জুলাই, ১৯৬৯ তারিখে রাস্তার বাজেট বক্তৃতায় বলেন যে, তিনি স্বর্গ, নরক, মানেন না। তবুও তিনি মন্ত্রিমহাশয়কে বলেছেন যে, ঐ কংগ্রেসীদের জন্য নরক পর্যন্ত রাস্তা তৈরী করার জন্য ব্যবস্থা করা উচিত। তিনি স্বর্গ, নরক, আল্লা যদি না মানেন, একথা যদি মুসলমান এরিয়াতে ভোটের প্রক্কালে বলতে পারেন মুসলমানদের তবেই বুঝতে পারবো তাঁর স্পর্ধা আছে ভোট চাওয়ার ক্ষেত্রে মুসলমানদের কাছে। তারপরে স্যার, কুইট ইন্ডিয়া নোটিস হচ্ছে। যদিও এটা সেন্টারের অর্ডার, তবুও এটা এক্সিকিউট হয় স্টেট গভর্নমেন্টের কাছ থেকে। এই কুইট ইন্ডিয়া নোটিস এখন মুসলমানদের কাছে যাচ্ছে এবং তাকে ডিফেন্ড করার কোন সুযোগ দেওয়া হচ্ছে না। আমরাই থানাতে জনাব মোকাম্মম হোসেন, তিনি ৮ বছর রেকগনাইজ স্কুলে শিক্ষকতা করছেন, তাঁকে সম্প্রতি কয়েকদিন আগে নোটিস দিয়ে সংগে সংগে পাকিস্তানে খেদিয়ে দেওয়া হ'ল, তাঁকে ডিফেন্ড করার সুযোগই দেওয়া হ'ল না। কংগ্রেস আমলে গো করবানীর পারমিট প্রথা যেটা চালু আছে আমরা আশা করেছিলাম যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হ'লে কোরবানীর সম্বন্ধে পারমিটের প্রশ্ন থাকবে না। কিন্তু যথা পূর্বং তথা পরং। তারপরে প্রায় তিন বৎসর পূর্বে আমার এলাকায় প্রায় একশো লোক হঠাৎ পঙ্গু হয়ে গিয়েছে, তার কোন প্রতিকার এপর্যন্ত হয় নি। স্বাস্থ্য দপ্তর থেকে মাঝে মাঝে দেখা যায় যে, কোণে কোণে ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য ত্রিকোণ প্রচার থাকে। এটা একটা ব্যাঙ্গচিত্র ব'লেই মনে হয়। লোকেরা এটা দেখে উপহাস করে, এটা ইমিডিয়েটলি তুলে দেওয়া দরকার। এর পর আমি সিটিজেনস সার্টিফিকেটের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এব্যাপারে মাননীয় উপ-মুখ্যমন্ত্রী অবশ্য বলেছেন যে, এটা তুলে দেওয়া উচিত। কিন্তু আজ পর্যন্ত কোথাও সে আদেশ যায় নি। কলকাতায় আলেয়া মাদ্রাসার প্রিন্সিপ্যালের পোস্ট অনেকদিন ধ'রে খালি হয়ে আছে। ১৯৬৪ সালে মাসুদ হাসান সাহেব চলে যাবার পর শূন্য পদটিতে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে আর ভর্তি করা হয় নি। স্টপ গ্যাপ ক'রে নিচের পদের কোন শিক্ষককে চার্জ দিয়ে অথবা রিটায়ার্ড লোককে দিয়ে কাজ চাল'ন হচ্ছে। বার বার এ্যাডভার্টাইজমেন্ট করা সত্ত্বেও নাকি বলা হচ্ছে বাংলাদেশে যোগ্য লোক নেই, তাই আর নেওয়া হচ্ছে না। একজন যোগ্য লোককে প্রিন্সিপ্যাল ক'রে দেওয়া উচিত, তা না হ'লে মাদ্রাসা এবং যুক্তফ্রন্ট সরকার একটি মাকাল ফল বিশেষ।

[6—6-10 p.m.]

**শ্রীরবীন মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কয়েকদিন ধ'রে বিরোধী পক্ষের মাননীয় সদস্যারা মধুসূদনপুরের ঘটনা নিয়ে চিৎকার ক'রে চলেছেন। কিন্তু প্রকৃত ঘটনা কি সেটা এই হাউসের সামনে রাখা উচিত।

**Shri A. K. M. Ishaque:** Sir, is he entitled to mention that?

**Mr. Deputy Speaker:** The matter is sub judice and so you cannot discuss it. That point was raised by Hon'ble Mr. Banerjee. You can deny it and say that you have no connection with that or that the allegations are false.

**শ্রীরবীন মণ্ডল:** উনি যা বলেছেন তা সম্পূর্ণ অসত্য এবং অভিসন্ধিমূলক কথা বলেছেন।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন আমি তা সমর্থন ক'রে বিরোধী দল যেভাবে আলোচনা করেছেন সে সম্পর্কে ২।১টি বক্তব্য এখানে রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলের আলোচনা করতে গিয়ে সাত্তার সাহেব এবং নাহার সাহেব একেবারে দিক্-বিদিক্ হারিয়ে ফেললেন। এমনই হারিয়ে ফেললেন যে, বিলের ব্যাপারে আলোচনা না ক'রে চারিদিকে শুধু আগুন দেখলেন। সত্যি ও'দের আগুন দেখারই কথা। কারণ, ও'দের এখন বড় দুর্দিন চলছে। কংগ্রেস পার্টি ভারতবর্ষের একমাত্র বৃহত্তম পার্টি এবং তাঁরা নাকি সমস্ত ভারতবর্ষের জনগণের একমাত্র মুখপাত্র। তাঁরা আজকে শুধু ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাচ্ছে। তাই নয়, তাঁদের ঘরে আজকে এমন অবস্থা যে একদিকে নিজলিঙ্গপ্পা, ইন্দিরা, কামরাজ, পাতিল মোরারজী একেবারে তছনছ হয়ে যাচ্ছে এবং সেইক্ষেত্রে তাঁদের আজকে দিক্-বিদিক্ জ্ঞান না থাকারই কথা। তাই তাঁরা আগুন দেখবেন। কারণ, কংগ্রেস পার্টি গান্ধীবাদের নাম করে এবং সমাজতান্ত্রিক ধাঁচের সমাজের নাম ক'রে কোটি কোটি দরিদ্র ভারতবাসীকে যেভাবে ধাপ্পা দিয়েছেন, নির্যাতন করেছেন, পদদলিত করেছেন, বঞ্চিত করেছেন, আজকে সেইসমস্ত মানুষ যুগের পরিবর্তনে তাদের শ্রীনিকেতনে উদ্বুদ্ধ হয়ে তার প্রতিবাদ করছেন। তারা প্রতিবাদ করছে, এবং তারা আজকে প্রতিকারের জন্য মুষ্ঠিবদ্ধ হাত নিয়ে লাখে লাখে এগিয়ে আসছে এবং সেই আগুনেই আজকে ওরা নিজেদের ভবিষ্যত দেখতে পাচ্ছেন, পুড়ে মরবার ছবি, সেটা লক্ষ্য করা যাচ্ছে, সেইজন্য ওরা চারিদিকে আগুন দেখতে পাচ্ছেন। এটা দেখা বিচিত্র নয়, এটা অনিবার্য পরিণতি, এটা হবেই। এ থেকে নিস্কৃতি পাবার কোন উপায় নেই। যার জন্য আজকে ভারতবর্ষের প্রধানমন্ত্রীকে ব্যাংক জাতীয়করণ করতে হয়েছে, এটা তাদের প্রগতিশীলতার জন্য নয়, আজ ভারতবর্ষের সাধারণ মানুষের সংগ্রামের যে পরিস্থিতি, অর্থনৈতিক যে পরিস্থিতি দেখা দিয়েছে, সেই পরিস্থিতির পরিবর্তন নিজেদের আত্মরক্ষার জন্য, অস্তিত্ব রক্ষা করার জন্য, এটা করা ছাড়া আর কোন গত্যন্তর ছিল না। অতএব ওদের আগুন, সেই আগুনেই ওরা দেখছেন এবং সেই আগুনেই ওরা পুড়ে মরবেন এবং রক্ষা করবার কোন উপায় থাকবে না। আমরা যতই চেষ্টা করি না কেন, রক্ষা করবার কোন উপায় নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিজয়বাবু বলেছিলেন যে আমরা নাকি বিদেশীর পদলেহন করেছি, তা ওরা এটা বলতে পারেন। তার কারণ চোরের মন সব সময় পুঁই মাচার দিকে থাকে। বিদেশীর পদলেহন ক'রে ক'রে ওদের জিভ এমন কড়া পড়ে গেছে, সেইজন্য ঐ কথা ছাড়া আর কিছু বলতে পারবে না। কারণ আজকে ওরা যে ইলেকট্রিক কোম্পানীর কথা বলছেন, তা ট্রাম কোম্পানী ছিল কোথায়, আপনাদের আমলে কি ট্রাম কোম্পানীর চুক্তির মেয়াদ বাড়ানো হয় নি, তাতে কি বিদেশীর পদলেহন করা হয় নি, কৈ আমরা তো সেই জিনিসটাকে বরদাস্ত করতে পারলাম না, যুক্তফ্রন্ট গভর্নমেন্ট তো ভাড়া বাড়াতে রাজী হ'ল না, সুতরাং পদলেহন করছে কারা। ইলেকট্রিক কোম্পানীর কথা বললেন, আপনারা কি করেছিলেন, পদলেহন করেন নি, এত বছর রইলো কি ক'রে তারা, চার-পাঁচ মাসের মধ্যে কি সেটা করা যায়। সেই নিয়ে নিশ্চয়ই বিবেচনা ক'রে দেখতে হবে, আমাদের অর্থনৈতিক পরিস্থিতি পরিপ্রেক্ষিতে সেটা কি ক'রে করা যায়। আপনারা দেশের সর্বনাশ ক'রে, কংগ্রেসের সর্বনাশ ক'রে, আপনারা কি সারের ভার বিদেশী আমেরিকান সাম্রাজ্যবাদের হাতে তুলে দেন নি, সেখানে তারা দাম ঠিক করবে, তাদের ঠিক করা

দামে আমাদের চাষ করতে হবে, এটা আপনারা করেন নি? বিদেশীর চাপে মুদ্রামূল্য হ্রাস যারা করেছে, ভারতবর্ষের কোটি কোটি গরীব মানুষের ক্ষতি ক'রে সর্বনাশ ক'রে জিভে কড়া পড়ে গেছে, সেইজন্য আজকে এই কথা তাদের মুখ দিয়ে বেরোতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ওরা বলছেন যে, নিশ্চয়ই ট্যাক্স বসাতে হবে, আবার ডাঃ আবেদন সাহেব বললেন যে, জমির মাত্রা আরও কমানো হোক, ১০ বিঘা, ৫ বিঘা করুন। একেবারে ধর্মপুত্র যুধিষ্ঠির হয়ে গেছেন। এতদিন ধ'রে চুরি ক'রে, যে জমি গভর্নমেন্টের ভেস্ট হয়েছে, তার ক্ষতিপূরণের টাকা আদায় ক'রে নিয়েছেন, ঐ যারা কংগ্রেসের মন্ত্রী ছিলেন, যারা জমিদার জোতদার ছিলেন, কংগ্রেসের লোক, তারা ক্ষতিপূরণ আদায় ক'রে নিয়েছেন। আবার সেই জমিটা চুরি ক'রে ভোগ করছিলেন, সেই জমি আজকে যখন জনগণ নিজেদের উদ্যোগে এই যুক্তফ্রন্টের সাহায্যে সেই চোরাই জমি উদ্ধার করছে, তখন ওরা আতঙ্কগ্রস্ত হয়ে বলছেন, দু-বিঘা চার বিঘা পর্যন্ত ক'রে দিন। তাহলে একটু সুবিধা হয়। ওরা যেকথা এখানে বলছেন, যে সব নিয়ে নিচ্ছে, গরীব লোকের পর্যন্ত জমি নিয়ে নিচ্ছে, সেটা তাদের ওখানে বলা তখন সুবিধা হয়। এই প্ররোচনায় কোন কাজ হবে না, এটা মনে রাখা দরকার। গরিবদের জন্য যা করা দরকার যুক্তফ্রন্ট গভর্নমেন্ট নিশ্চয়ই তা করবে। যাদের নয় বিঘা পর্যন্ত জমি তাদের খাজনা কমিয়ে দেওয়া হচ্ছে, আবার সাড়ে বারো একর পর্যন্ত যাদের জমি তাদের খাজনা বেড়ে যাচ্ছে। নিশ্চয়ই গরিবদের জন্য করতে হবে এবং সেটা আমাদের সরকার করছেন। অতএব আপনাদের এই প্ররোচনায় কাজ হবে না, এই দালালীতে কোন কাজ হবে না।

[6-10—6-20 p.m.]

আজকে আমাদের পশ্চিমবাংলা সরকার যে বাজেট এখানে পেশ করেছেন এবং যেটা অ্যাপ্রোপ্রিয়েসনের বিলের মধ্যে আছে সেটা ঘাটতি বলা হচ্ছে ওতরফ থেকে বারবার। ঘাটতির কারণ কি সেটা আমি রিপিট করতে চাই না, কারণ যুক্তফ্রন্টে অন্যান্য সহযোগী সদস্যরা সেকথা বলেছেন। ও'রাও বাজেট করেছেন, দেশের কোটি কোটি টাকা খরচ করেছেন, কিন্তু কার ভুঁড়ি মোটা করেছেন—টাটা, বিরলা, ধনী জোতদার, জমিদার, মহাজনদের। গরিব কৃষককে ধান-চাষের জন্য একটা পাম্প দিতে পারেন নি, শ্যালো টিউবওয়েল দিতে পারেন নি। এগুলি দিয়েছিলেন ও'রা যারা জোতদার, জমিদার, ধনী তাদেরকে। আজকে যুক্তফ্রন্ট সরকার গ্রামের দু'একর পর্যন্ত জমির মালিককে চাষের পাম্প দেওয়ার ব্যবস্থা করেছেন, শ্যালো টিউবওয়েল দেওয়ার ব্যবস্থা করেছেন। সমবায়ের টাকা ও'রা মেরেছেন এবং সেই টাকা দিয়ে গরিবের জমি কিনেছেন। আজকে সেই সমবায়ের চেহারা পাল্টাতে আরম্ভ করেছে, তাই আগুন দেখছেন। কৃষিতেও আজকে সেই জিনিস চলছে, সেচ ব্যবস্থা হচ্ছে। এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও যুক্তফ্রন্ট সরকার জনকল্যাণমূলক কাজ ক'রে চলেছেন। নিম্ন দামোদরের একটা বিরাট এলাকা লক্ষ লক্ষ বিঘা জমি পতিত হয়ে পড়ে রয়েছে। সেইসব জমিতে ইংরাজ আমলে চাষ হ'ত, কিন্তু ও'দের আমলে চাষ হচ্ছে না। ও'দের পরিকল্পনার দোষে এটা হয়েছে এবং এইভাবে কোটি কোটি মানুষের জীবনকে ধ্বংসের পথে নিয়ে এসেছেন। আজকে এখানে সংস্কার করা যাচ্ছে না, কারণ কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। ২২ বছর ধ'রে ত্যাগ স্বীকার করতে বলে এসেছেন, আর বলেছেন উন্নতি করছি, আর ট্যাক্স সংগ্রহ ক'রে টাটা, বিরলাকে লালে লাল করেছেন। সারা ভারতবর্ষের মানুষকে বিদেশ থেকে ঋণ নিয়ে ঋণী করেছেন। আজকে বাংলাদেশের মানুষ কৃষক, কেরানী, মধ্যবিত্ত, মেহনতী মানুষ তাদের সমস্যার সমাধানের জন্য যে সংগ্রাম সেই সংগ্রামের দিকে এগিয়ে যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন, সেটাকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীপান্নালাল মাঝি মহাশয়ের বক্তৃতা আমি খুব মনোযোগের সঙ্গে শুনছিলাম। আমি আশ্চর্য হয়ে গেলাম যে মুখ পুরোপুরি গাম্ভীর্য রেখে উনি বলতে পারলেন এখানে দাঁড়িয়ে যে, কংগ্রেস নাকি ইংরাজের পদলেহন করেছেন।

তবে ও'র খানিকটা সুবিধা আছে। এক নম্বর উনি কমিউনিস্ট পার্টির সভ্য, দু নম্বর সু লেখাপড়া করতে ও'দের হয় না, তিন নম্বর হচ্ছে সত্যের প্রতি কোন শ্রদ্ধা দেখাবার বালাই সুতরাং ও'দের থেকে এই সমস্ত কথা এই পবিত্র জায়গায় দাঁড়িয়ে বলে যাওয়া সম্ভব। মন্ত্রীসভা এখনও পর্যন্ত এমন কোন কাজ করতে পারেন নি যেজন্য এই তরফ ও'দের ধন্যবাদ দি পারে। স্বভাবতই সেইজন্য এখনও পর্যন্ত ও'দের ধন্যবাদ জানাই নি। কিন্তু আমি ধন দেব। কারণ ধন্যবাদ পাওয়ার মত প্রথম যে কাজটা করেছেন সেটা হচ্ছে, মহাত্মা গান্ধীর নে কোটি কোটি মানুষ রক্ত মাংসের ইংরাজকে তাড়িয়েছিল, আর ও'রা এবার ক্ষমতায় আসবার স সঙ্গে ইংরাজকে তাড়িয়েছেন মর্মর মূর্তিতে। মর্মর মূর্তি ইংরাজের হাত থেকে বাংলাদে মুক্তি দিয়েছেন, সেইজন্য ধন্যবাদ দিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের আমলে এই অর্থ কিছুটা পরিবর্তন হয়েছে। আপনি নিশ শুনেছেন যে, বাংলাদেশের লোকের একটা মনোভাব আছে, সেটা হচ্ছে, যদি কারো কানা ে হয়, তাহলে বাপ-মা সখ করে তার নাম রাখে পদ্মলোচন, অথবা মুসলমান হলে কানা ছেলের রাখে নজরালি। ধরুন, বাংলাদেশে যত হরেকৃষ্ণবাবু জন্মায় তাদের ঐ ভগবানে ভক্তি দেখে ত বাপ-মা তার নাম রাখে হরেকৃষ্ণ। যে যে মনোভাব নিয়ে কানা ছেলের নাম পদ্মলোচন রাখে নজরালি রাখে। যে মনোভাব নিয়ে হরেকৃষ্ণবাবুদের ভগবানের প্রতি বিশ্বাস না থাকা সে তাদের নাম হরেকৃষ্ণ রাখা হয়, সেই মনোভাব নিয়েই ওরা প্রতিটি শব্দের অর্থ করে থাকে। পার্টির একটা অসুবিধা আছে ডিনামিজম্, অর্থাৎ গতিশীলতা। তাতে সত্যেরও গতিশীল আছে। আজকে যেটা সত্য সেটা কালকে সত্য নাও থাকতে পারে। অথবা মিথ্যা কথা বল চুরি করা পাপ—এটা যেমন আমাদের পক্ষে মহা সত্য, কিন্তু ও'দের পক্ষে হয়তো মহা সত্য ' মহা সত্য গতিশীলতার প্রভাবে চুরি করা পুণ্য কাজ হতে পারে। আজকে দেখছি যে, গণতে নূতন ব্যাখ্যা হচ্ছে এদের কাছে বিপ্লব। সেটা কি রকম ব্যাখ্যা? আজকে জমি জোর করে দ করার নাম গণতন্ত্র হয়ে দাঁড়িয়েছে। জোর করে মানুষের জমি দখল করতে যাবে, আগে এ মানুষ লজ্জা পেত। ভাবতো যে, সমাজ আমাকে চোর বলবে। ভাবতো যে, এর থেকে ঘৃ কাজ বোধ হয় আর নেই। আজ জোর করে জমি দখল করাটা এদের একটা গণতান্ত্রিক অংশ হ দাঁড়িয়েছে এবং এরা নাকি একে বিপ্লব বলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দে মানুষের অবস্থা আপনি জানেন যে, বেশীর ভাগ লোকই লেখাপড়া জানে না। সেই সমস্ত লো কাছ থেকে জমি বিলি করে টাকা নেওয়া হচ্ছে এবং সেটাকে আজকে গণতন্ত্রের একটা অংশ ব মনে করা হয়েছে। মানুষ গেছে এবং হাজার হাজার বিঘা জমি দখল করেছে। সেই জমি যেখ বিলি করা হয়েছে—একটা বিশেষ দল সেখানে নিজেদের লোক নিয়ে গিয়ে সেই অজ্ঞান মানু কাছ থেকে টাকা আদায় করছে। সেই টাকা নেওয়াটা আজকে আর অগণতান্ত্রিক নয়। সেটা আজ গণতন্ত্রের একটা অংশ হয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে গরিব লোক ত এই স্বীকৃতি কংগ্রেস সরকার দিয়েছিল। এই গরিবদের জন্য ঘরবাড়ি তৈরি করে দেওয়া সম হয় নি বা তাদের একটা সাংঘাতিক রকম সাহায্য করা সম্ভব হয় নি। কারণ, সরকারের তহবি সেটা পারমিট করে নি। কিন্তু তাদের রিলিফ দেওয়া হত এবং রিলিফ-এর সংখ্যা প্রয়োজন বে কোন কোন জায়গায় শতকরা ১৫, ২০, ২৫ পর্যন্ত করা হয়েছে। সেই রিলিফ তারা সপ্ত বা দু সপ্তাহে পর পর চার কিলো গম বা তার সমান টাকা-পয়সা দেওয়া হত। বাংলাদে গরিবদের যা অবস্থা—কংগ্রেস আমলে যা গরিব ছিল এখন তার সংখ্যা বেড়েছে ছাড়া কমে নি আজকে সেই রিলিফ দেওয়া বন্ধ হয়েছে। আজকে রিলিফ দিলে নাকি গরিবকে সাহায্য দেও হচ্ছে না; দেশকে ভিখারির দেশ করে দেওয়া হচ্ছে। এইসমস্ত কথা বলে এরা দেশের লক্ষ ল মানুষের যে ন্যায্য প্রাপ্য ত্রাণ তা থেকে তাদের বঞ্চিত করে সেই পয়সা দিয়ে নিজেদের দল গঠনের কাজে ব্যবহার করছে। সেজন্য আমি এদের ধিক্কার দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ বিচারকরা বিচার করতেন এবং ভারতবর্ষের মানুষ সেটা শ্রদ্ধার সঙ্গে মেনে নিতেন যে এ বিচারকের রায়। আপনি জানেন, ভারতবর্ষের বিচারকরা সে হাইকোর্ট হোক আর সুপ্রিম কো হোক—তারা কোন মন্ত্রীর বা কোন বিশেষ দলের রেসপেক্টার অব পারসন ছিলেন না এবং প্রয়ো বোধে তারা যে-কোন মন্ত্রীর অথবা যে-কোন ব্যক্তির বিরুদ্ধে বিরূপ সমালোচনা করতেন বা বির মন্তব্য করতেন।

[6-20—6-30 p.m.]

সুতরাং আমরা ভারতবর্ষে সবাই মেনে নিয়েছিলাম যে, অন্তত এই জুডিসিয়ারী আমাদের সবার উর্ধ্বে থাকবে এবং তার প্রতি আমাদের শ্রদ্ধা থাকবে, তারা যেটা বলে দেবে সেটা মেনে নেব। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমার বিরুদ্ধে কেস রয়েছে -কে খুনী, কে ডাকাত, কে চোর একথা বিচার করার দায়িত্ব ঐ বিচার বিভাগের নয়, এই রাজনৈতিক নেতারা নাকি সেই অধিকার পেয়ে গেছেন এবং এটা নাকি আজকে বিপ্লবের অংশ হচ্ছে। এর চেয়ে লজ্জার কথা, ঘৃণার কথা, নিন্দার কথা আর কি হতে পারে, আমি জানি না। আমরা দেখি নি আজ পর্যন্ত যে, কোন সভ্য সরকার এইরকমভাবে বিচার বিভাগকে নির্যাতিত, পর্যুদস্ত এবং গণতন্ত্রকে ধ্বংস করাবার চেষ্টা করে। আমি ধিক্কার জানাই এই নোংরা আচরণের জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুর্নীতি এখন নূতন নাম পেয়েছে- দুর্নীতির মর্যাদা বেড়ে গেছে। আগে ঘুষ নেওয়াটা ছিল দুর্নীতির একটা অংশ। ধরুন আমি কমিউনিস্ট পার্টির সভ্য ডান কমিউনিস্ট হতে পারি, বাম কমিউনিস্ট হতে পারি বিপ্লব আমাকে করতে হবে। আমি ভেড়ি দখল করলাম ৫-১০ হাজার লোক নিয়ে গিয়ে—ভেড়ি যখন দখল হয়ে গেল যাদের সঙ্গে নিয়ে ভেড়ি দখল করলাম এবার তাদের বললাম, দেখ বাবু, ভেড়িতে যদি জাল ফেলতে চাও, তাহলে বড় জাল হলে ২৫ টাকা লাগবে সেই ২৫ টাকা আদায় করা হয়, এর থেকে আর বড় দুর্নীতি নেই, এখন সেটা দুর্নীতি নয়, সেটা হচ্ছে তাদের ভালবাসার প্রতিবেদন একটা পার্টির প্রতি। আজকে যদি ছোট জাল নিয়ে যাই আমাকে ৫ টাকা দিতে হবে। এই ৫ টাকা আদায় করাটা আগে ছিল চরম দুর্নীতি, আজকে আর দুর্নীতি নয়—আজকে সেটা ভালবাসার, শ্রদ্ধার, ভক্তির প্রতিবেদন অথবা সেটা চাঁদা হয়ে গেছে। আবার মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে, সরকারী কর্মচারীদের কর্তব্য পালনের সংজ্ঞা আগে একটা ছিল, আজ সেই সংজ্ঞা পাল্টে গেছে। আগে একটা পুলিস ধরুন, পুলিসের কর্তব্য ছিল যদি একটা ঘটনা ঘটে তার তদন্ত করে দোষীকে খুঁজে বের করা এবং সেই দোষীকে বিচারালয়ে পাঠানো যাতে তার বিচার হয়, আজকে সেগুলো বিপ্লবের আওতায় পড়ে। আজ আর পুলিস কর্মচারীকে দোষীকে খুঁজে বের করতে হচ্ছে না, আজ তার দায়িত্ব হচ্ছে দোষীকে আড়াল করে যাওয়া এবং নির্দোষ লোককে ধরা এবং তার দায়িত্ব হচ্ছে বিশিষ্ট দলকে এবং তাদের মন্ত্রী, উপমন্ত্রী প্রভৃতি তাঁদের তোয়াজ করে যাওয়া। আমি আমার বক্তৃতা শেষ করবার আগে ও'দের এই বিপ্লবের রূপটা বললাম, আমি একটা খালি নিবেদন করে যেতে চাই—সাম্প্রদায়িক সম্প্রীতির নিবেদন। যুক্তফ্রন্ট সরকার আসার পর কটা সাম্প্রদায়িক অশান্তি ঘটেছে একথা আমি বলতে চাচ্ছি না—সম্পূর্ণ নূতন সরকার যারা তারা এসে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করতে পারবেন, সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা বন্ধ করতে পারবেন এই দাবি পাগল না হলে আর কেউ করবে না, কিন্তু তবুও আমি খালি এই অনুরোধটুকু করে যাব যে আজকে বাংলাদেশে যে মনোভাব বিরাজ করছে সেটা অত্যন্ত আশঙ্কাজনক। আপনারা অন্তত সাম্প্রাদায়িক সম্প্রীতি বজায় রাখতে সমর্থ হবেন এই কামনা করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল (২) নিয়ে এসেছেন আমি তার বিরোধিতা করতে গিয়ে খুব বেশী বড় বড় না বলে ছোট ছোট কয়েকটি কথা দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী মহাশয় কোন এক জায়গায় বলেছিলেন, 'আমাদের প্রথম এবং প্রধান দায়িত্ব হল ২-৩ বছরের মধ্যে পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা। একটা ন্যায় মত সময়ের পর অন্যান্য রাজ্য থেকে খাদ্য আমদানী চালিয়ে যাওয়া সরকারের ইচ্ছা নয়। পশ্চিমবঙ্গের কৃষককে ভাল বীজ, রাসায়নিক সার এবং জলসেচের সুযোগ-সুবিধা দিলে উৎপাদনের উন্নতিতে সাহায্য করতে পারবে।' এসব সত্যি কথা। লক্ষ্য চতুর্থ পরিকল্পনার উপর ঝোঁক দেওয়া হয়েছে। কিন্তু এ বিল আলোচনা করতে গিয়ে আমরা যদি নীতির দিকে দেখি, তাহলে যে সদিচ্ছা তিনি বক্তৃতার মাধ্যমে প্রকাশ করেছেন সে নীতি কার্যকর করতে গিয়ে যেসব উপায় দরকার সেসব কি যথাযথভাবে নেওয়া হয়েছে? এখানে অনেকে কংগ্রেসের সমালোচনা করলেন। সমালোচনা থাকলে নিশ্চয় করবেন। কিন্তু কেউ একথা বললেন না যে, কংগ্রেস আমলে খাদ্যোৎপাদনের জন্য যেসব সুযোগ-সুবিধা দেওয়া হত তার কতটা এখন তাঁরা বজায় রেখেছেন কিংবা আরও বাড়িয়ে দিয়েছেন?

তিনি নিজে কংগ্রেসের একজন মন্ত্রী ছিলেন। তিনি জানেন কংগ্রেসের এই নীতি ছিল খাদ্যোৎপাদনের জন্য, যাতে সস্তায় কৃষকরা সার পায়, কম পয়সায় যাতে কীটনাশক দ্রব্যাদি পায়, কৃষি যন্ত্রপাতি পায় ইত্যাদি অনেক রকমের সাবসিডি দেওয়া হত। যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে এসে সেসব তুলে দিয়েছিলেন। বলতে শুনেছি এগুলি নাকি বড় বড় জোতদাররা ভোগ করতেন, গরিবরা পেত না। আমরা যদি দেশগুলিকে একটা ইউনিট ধরি, তাহলে আমরা সেখানে দেখি কতজন ৭৫।২৫।৩০ বিঘা জমির মালিক রয়েছে? সেখানে ৫।৭।১০।২ বিঘা জমির মালিকের সংখ্যা বেশী, না ৭৫।৩০।৪০।৫০ বিঘা জমির বেশী মালিক। এই সুবিধা যদি থাকতো, তাহলে নিঃসন্দেহে কৃষকরা উপকৃত হত এবং খাদ্যোৎপাদন বাড়াতো। কিন্তু সে পথ তাঁরা পরিহার করেছেন। সুতরাং মুখে তাঁরা বলছেন, খাদ্যোৎপাদন করব, কিন্তু কৃষককে যে সুযোগ-সুবিধা দিলে সেটা সম্ভব হত সেদিকে তাঁরা যাচ্ছেন না। অর্থাৎ তাঁরা হিপোক্রিটের মত ব্যবহার করছেন। মেদিনীপুর জেলায় দু বছর পর পর বন্যা হয়েছে—বিশেষ করে ১৯৬৭-৬৮ সালে কতকগুলি থানায় বন্যা হয়ে গেছে। তিনি ভালভাবেই জানেন সেসব জায়গায় ভাল ধান হয়। সেসব জায়গায় ধান উৎপাদন করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন? যদি সেসমস্ত সুযোগ-সুবিধা দিতে পারতেন, তাহলে মেদিনীপুর জেলায় সেসব জায়গায় অনেক বেশী খাদ্যোৎপাদন করা সম্ভব হত। নির্বাচনের সময় তাঁরা কৃষককে এই প্রতিশ্রুতি দিয়েছেন, আমরা বেশী ক'রে কৃষি ঋণ দেব, সার দেব, জলসেচের ব্যবস্থা করব। কিন্তু আজ সে পথ কি তাঁরা গ্রহণ করেছেন? বন্যা অঞ্চলের প্রতি তাঁদের এই অবহেলা অত্যন্ত আপত্তিজনক। আমি তাঁকে এদিকে দৃষ্টি দিতে বলি যাতে করে মেদিনীপুরের বন্যাপীড়িত যেসব থানায় চাষবাস হয় সেসব জায়গায় কৃষকরা যাতে সুযোগ-সুবিধা পায় তার ব্যবস্থা করতে হবে। তিনি জনেন সেখানে দুইবার বন্যায় রাস্তাঘাট, ঘরবাড়ি এবং মাধ্যমিক প্রাথমিক স্কুলের কি অবস্থা হয়েছে। নির্বাচনের সময় যখন তাঁরা বক্তৃতা করতে গেছেন সেখানে তখন তাঁদের এই প্রতিশ্রুতি ছিল যে, তাঁরা যদি গভর্নমেন্ট পান, তাহলে এসব দিকে তাঁরা দৃষ্টি দেবেন। আজ তাঁরা বলুন ভগবানপুর, পিংলা, ঘাটাল ইত্যাদি জায়গায় যে অ্যাফেকটেড হয়েছিল কতগুলি জায়গায় তাঁরা স্কুলবাড়ি মেরামত করেছেন? এসব আজ বিবেচনা করতে হবে। তাঁরা বলবেন, অর্থ আমাদের চাই। নিশ্চয় অর্থ চাই। ব্যয়বরাদ্দের জন্য নিশ্চয় অনুমতি পাবেন।

[6-30—6-40 p.m.]

আজকে দেখা যাচ্ছে যে নীতির কথা তাঁরা নির্বাচনের সময় বলেছিলেন, সেই নীতি থেকে তাঁরা বিচ্যুত হয়েছেন। সেজন্য আমার প্রথম আপত্তি এতে অনুমতি দিতে। মাননীয় পূর্ত-মন্ত্রিমহাশয় সেদিন বলেছিলেন মার্চ মাসে যে অন্তর্বর্তীকালীন ব্যয়বরাদ্দ মঞ্জুর হয়েছিল তখন বর্তমান বছরের জন্য ৫০—পাবলিক ওয়র্কস বাজেটে ধরা হয়েছিল ১৫ কোটি ৫৬ লক্ষ ৩৫ হাজার টাকা, বর্তমান বাজেটে সেই বরাদ্দ ১ কোটি ৪৫ লক্ষ ৩৮ হাজার টাকা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। তিনি আরও বলেছিলেন, এই বর্ধিত বরাদ্দের অধিকাংশ খরচ হবে উত্তরবঙ্গের বন্যা-বিধ্বস্থ ঘরবাড়ি ও রাস্তা মেরামতের জন্য। তিনি তাঁর বক্তৃতায় মেদিনীপুরের বন্যার কথা উল্লেখ করেন নি। বিগত ১৯৬৭-৬৮ সালের বন্যায় এই জেলার বিভিন্ন থানার রাস্তাঘাট চলা-চলের অযোগ্য হয়ে গেছে, বিশেষ করে ভগবানপুর, পটাশপুর, নন্দীগ্রাম, সবং, ময়না এবং পিংলার। উত্তরবঙ্গের ঘরবাড়ি মেরামতের জন্য হলে নিশ্চয়ই আপত্তি নাই, কিন্তু মেদিনীপুরের কথা তাঁর বক্তৃতায় দেখলাম না। মেদিনীপুর জেলার দু-দুটি ইউনিয়ন-এর রাস্তাঘাট বন্যায় বিধ্বস্ত হয়ে গেছে। একটু আগে আমি শুনলাম, মাননীয় সদস্য মৃগেনবাবু বলছিলেন, ঘাটাল-পাঁশকুড়ার কথা, সবং-পিংলা প্রভৃতির রাস্তাঘাটের অবস্থাও অত্যন্ত খারাপ হয়েছে বন্যার ফলে। মেদিনীপুরের বন্যাবিধ্বস্থ এলাকাগুলির কথা তাঁর মনে পড়ল না। তার জন্য কোন অর্থ বরাদ্দ হল না। মুখ্যমন্ত্রিমহাশয় মেদিনীপুর জেলার লোক, আমি মনে করি যদি কোন বিমাতৃসুলভ মনোভাব না থাকে, তাহলে তিনি এদিকে নজর দেবেন যাতে সেখানকার রাস্তাগুলি মেরামত হতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় জানেন যে, তাঁদের নির্বাচনী মেনিফেস্টোতে যে কর্মসূচী ছিল তাতে বেকার সমস্যা সমাধানের কথা ছিল। বেকার সমস্যা সমাধান করা কঠিন এ বিষয়ে সন্দেহ নাই, তাড়াতাড়ি করা যায় না। গ্রামীণ শিল্প যেগুলি ছিল তাতে কিছু কিছু কাজ হত এবং বেকাররা কিছু কিছু কাজ পেত, খাদি গ্রামীণ শিল্পে মন্ত্রিসভায়ও অনেক সদস্য যাঁরা কাজ করতেন, তাঁদের

অভিজ্ঞতা রয়েছে। কিন্তু আজকে এই বাজেটে দেখছি সেই গ্রামীণ শিল্প অত্যন্ত অবহেলিত হচ্ছে, যতটা অর্থ ধরা হয়েছে তাতে কেবলমাত্র কলকাতার অফিস কর্মচারীদের জন্য ব্যবস্থা রয়েছে, কিন্তু গ্রামীণ শিল্পে যেসমস্ত কাটুনি রয়েছে তাদের জন্য কোন অর্থ বরাদ্দ নাই। ফলে এই যে প্রকল্প সেটা মৃতপ্রায়। এদিকে নজর দেওয়া অত্যন্ত দরকার। বিশেষ করে যেসমস্ত থানা এলাকা বিধ্বস্ত হয়েছে সেই সমস্তের দিকে অন্তত লক্ষ্য দেওয়া দরকার। ১৯৬৭-৬৮ সালে আমাদের কথা ছিল এদিককার ছাত্র-ছাত্রীরা যারা স্কুল-কলেজে পড়ে তাদের বেতন মকুব করা হবে, নূতন ফসল যতক্ষণ না উঠছে ততদিন পর্যন্ত মকুব করা হবে। এই বাজেটে দেখছি এ সম্বন্ধে কোন মকুবের কথা নাই। ১৯৭০ সালের মার্চ পর্যন্ত যে আর্থিক বছর তার মধ্যে কোন মকুবের কথা নাই। অল্প কিছু টাকা ধরা হয়েছে বন্যাপীড়িত লোকদের বুক গ্রান্টের জন্য, কিন্তু ফিজ মকুব করে দিতে পারেন কিনা মাননীয় মন্ত্রিমহাশয় সেটা বিবেচনা করে দেখুন। ছাত্ররা তাদের বেতন মকুব পাবে মনে করে কোন বেতন দেয় নি, সেজন্য স্কুল মাস্টার মহাশয়রা কোন মাইনে পাচ্ছেন না। সেখানে ডেফিসিট গ্রাণ্টও কিছু যায় নি। ফলে স্কুল-কলেজের অবস্থা এমন হয়েছে যে, সেখানে শিক্ষকদের অবস্থা করুণ হয়ে উঠেছে। এই অবস্থায় আমি একথা বলতে চাই যাতে এইসব এলাকায় বন্যাপীড়িত ছাত্রদের বেতন দিয়ে দেবার সু-বন্দোবস্ত করা হয়।

আমি আগেই বলেছি যে স্কুল বাড়িগুলি মেরামত হয় নি। কতগুলি প্রাইমারী স্কুল টেস্ট রিলিফে তৈরি হয়েছে, কিন্তু তার সংখ্যা বেশী নয়। সেই বাড়িগুলির মাথার উপর চালা নেই এবং দেয়াল যা করা হয়েছে সেগুলি বৃষ্টির ফলে খসে পড়ছে। এইসমস্ত জায়গায় তারা টাকা দেবেন বলে যা বলেছেন সেই ব্যবস্থা অনতিবিলম্বে করুন যাতে স্কুল বাড়িগুলি তৈরি করা সম্ভব হয় এবং ছেলেমেয়েরাও পড়তে পারে। কংগ্রেস আমলে প্রাথমিক শিক্ষকরা মাইনে পেত, কিন্তু আজকে কয়মাস অন্তর প্রাথমিক শিক্ষকরা মাইনে পাচ্ছে সেটা দেখুন। মাধ্যমিক বিদ্যালয়ে যেসমস্ত গ্র্যান্ট যায় না সেগুলি যাতে তাড়াতাড়ি যায় এবং এক মাসের মধ্যে যাতে মাইনে পায় তার ব্যবস্থা করা দরকার। আজকে যখন কোশ্চেন অ্যানসার হয়, তখন সেচমন্ত্রিমহাশয় একটি ভাল খবর আমাদের দিয়েছেন যে, কেলেঘাই নদী বাঁধবার জন্য কিছু অর্থ পাওয়া গেছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। তাহলে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করছেন। অসহ-যোগিত করছেন না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি আর একটা দিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অন্য প্রসঙ্গে যেতে চাচ্ছি সেটা হচ্ছে ১৯৬৭ সালে যখন ধানচালের দাম অত্যন্ত বেড়ে যায় তখন সকলেরই প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে এবং দেখেওছেন যে গ্রামাঞ্চল বা আধা শহরে বা স্টেশনে স্টেশনে বহু ছোট ছোট ছেলেরা নানারকম কাজ করত এবং নানারকম অভ্যাস তাদের সৃষ্টি হয়েছিল কিন্তু দর কমে যাওয়ার জন্য সেটা আর হচ্ছে না এবং গত এক-দেড় বছরেও তা ছিল না। কিন্তু একটা নূতন রূপ এখন দেখা যাচ্ছে। আপনারা যদি খড়্গপুর বা দাঁতন বা রানাঘাটে যান তাহলে দেখবেন এইসমস্ত ছোট ছেলেরা ভিক্ষাবৃত্তি এবং নানারকম কাজে নিজেদের লিপ্ত করেছে এবং তাদের অত্যাচারে যাত্রীসাধারণের অবস্থা শোচনীয়। আমার সাজেসসন হচ্ছে গ্র্যান্টস অ্যাক্ট যেটা রয়েছে সেটা যদি এইসমস্ত এলাকায় একসটেন্ড করা যায়, তাহলে সুফল হতে পারে এবং এই জিনিষ বন্ধ হতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পক্ষের অনেক সদস্য বলেছেন আইন-শৃঙ্খলার কথা এবং সেই আইন-শৃঙ্খলা কিভাবে পড়ে যাচ্ছে সেকথাও তুলে ধরেছেন। আমি অন্য কথায় যাব না, এই কয়েকদিন আগে আমাদের এখানে যে পুলিস হামলা হল তাতেই আমরা প্রকৃষ্ট প্রমাণ পেয়েছি সরকার কিভাবে তাদের নিজেদের কর্মচারীদের উপর আস্থা হারিয়ে ফেলেছেন। আমরা দেখলাম যুক্তফ্রন্ট সরকারের সহযোগী অনেক দল অনেক কথা বলেছেন, এস এস পি ফ্রন্টের নেতা মিঃ ফারাননডেস, মিঃ তেওয়ারী, তাঁরা সকলেই এক এক রকম কথা বলেছেন। তাঁরা যুক্তফ্রন্টকে, সি পি আই (এম)-কে দায়ী করছেন এর পেছনে তাঁরা ছিলেন। কিন্তু এখানে দেখলাম কতগুলি ঘটনাকে কেন্দ্র ক'রে আমাদের সরকার কংগ্রেসের ষড়যন্ত্র এই রূপ দিয়ে সব জিনিষ চিত্রিত করেছেন এবং আমি নিজে তো অত্যন্ত মুস্কিলে পড়েছি। আমি বুঝতে পারছি না, কোন্ জায়গায় না গেলে জ্যোতিবাবু মনে করতে পারেন যে এটা ষড়যন্ত্র নয়। ৩১এ জুলাই এখানে ঘটনা ঘটে এবং ১লা জুলাই এখানে যে ডিসকাসান হয়েছে তখন আমি আমার বক্তব্য বলেছি, কিন্তু তারপর দেখলাম তিনি একটা ছবি দেখিয়েছেন এবং সে সম্বন্ধে বলেছেন যে, আমি পুলিসের সামনে বক্তৃতা করেছি। সেদিনের

ঘটনা নিয়ে ১লা জ্বলাই আলোচনা হয়েছে অথচ সাতদিন পর ৮ই তারিখে জ্যোতিবাবু সাধারণ প্রশাসন খাতে বক্তৃতা করতে গিয়ে একটি ছবি দেখিয়ে বললেন, আভা মাইতি লনে ছিলেন এবং লন থেকে আমার ঘরে গেছেন।

[6-40—6-50 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ছবি তিনি কোথায় পেয়েছেন আমি জানি না। আমি তো অনেক জায়গায় গিয়েছি, স্পীকারের ঘরে গিয়েছি, এই হলে এসেছি, লনেতে গিয়েছি, কিন্তু কখন? যখন লনেতে যাই তখন পুলিসের সেই শবদেহকে তুলে নিয়ে গেছে তার কয়েক মিনিট আগে, তার অনেক আগে আমি জ্যোতি বসুর ঘর ঘুরে এসেছি, তার অনেক আগে আমি ও'র সঙ্গে কথা বলে এসেছি। আজ দুটোকে তিনি কইনসাইড করে বাজি মাত করার চেষ্টা করছেন। এইসব করে কোন লাভ হবে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা সেই মৃতদেহ দেখেছি, আমাদের অনেক মাননীয় সদস্য দেখেছেন, এখানে অনেক ভিজিটার ছিলেন তাঁরাও দেখেছেন এবং সেখানে পুলিসের কাছে কিভাবে লোকটা মারা গেল তারও কিছু কিছু কথা শুনেছি। আমি ছবিটা এখনও পাই নি, তাহলে দেখব কি কারিকুরি তার ভেতর রয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে ১লা জুলাই-এর অনেক কাগজ আমার কাছে আছে। এটা হচ্ছে জনসেবক পত্রিকা, এখানে শবদেহ এসে নেমেছে আমার ফটো দেখা যাচ্ছে না।

**Mr. Deputy Speaker:** Miss Maiti, you have just said that you have not seen the photo yet. I understand the photo has already been published in newspapers.

**শ্রীমতী আভা মাইতি:** না, না। এখানে আনন্দবাজার পত্রিকা, বসুমতী পত্রিকা, যুগান্তর পত্রিকা, স্টেটসম্যান পত্রিকা আছে, প্রত্যেকটি লোককে তাঁরা দেখতে পেয়েছেন? সেখানে আভা মাইতিকে দেখতে পেয়েছেন? তা দেখতে পান নি। আজকে যে ছবি বের করেছেন, সেই ছবিতে তাঁরা এই কথা বলতে চেয়েছেন—এতগুলি কাগজ সেদিন বেরিয়েছে, এত বড় ঘটনা হল আভা মাইতি বক্তৃতা করলেন, কংগ্রেস নেতারা সেখানে গেলেন, সে সংবাদ কোন সংবাদপত্রে বেরুল না, হাজার রকমের সংবাদ বেরুল, কিন্তু সেই সংবাদ কোথাও কিছু বেরুল না, খালি আমার সংবাদ পেলাম জ্যোতি বসু মহাশয়ের কাছ থেকে, ছবি দেখতে পেলাম নাকি ৯-১০ তারিখের কালান্তর পত্রিকাতে। ৬ দিন গেল, ৭ দিন গেল কোন ছবি ছাপল না, কাগজওয়ালারা ছবি তুললেন কিনা তাও জানলাম না।

**Mr. Deputy Speaker:** Miss Maiti, today I have seen in an English newspaper, perhaps published from outside West Bengal—the Patriot—a picture regarding the incident which contains your photo amongst others.

(Noise and interruptions)

**শ্রীমতী আভা মাইতি:** আপনারা নিজেরা এটা কনকক্টেড করেছেন, ষড়যন্ত্র করেছেন, সেই ষড়যন্ত্র অপরের ঘাড়ে চাপাবার চেষ্টা করছেন। এই করে বাজিমাত করা যাবে না।

(তুমুল হট্টগোল)

প্যাট্রিয়টে আপনারাই দিয়েছেন, যেমন কালান্তরে করেছেন। সেই ছবি ১লা, ২রা, কোথাও কোন সংবাদপত্রে বেরুল না, আপনারা নিজেরা ষড়যন্ত্র করে অপরের ঘাড়ে দোষ চাপাবার যে নক্কারজনক চেষ্টা—এই চেষ্টা করে বাজিমাত করা যাবে না।

(তুমুল হট্টগোল)

**Mr. Deputy Speaker:** Miss Maiti has every right to challenge that photo.

**ডঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি অনুরোধ করব, শ্রীমতী আভা মাইতি কালান্তরের ছবিকে চ্যালেঞ্জ করে ঐ পত্রিকার বিরুদ্ধে নালিশ করুন কোর্টে যে মিথ্যা ছবি কালান্তর পত্রিকা ছাপিয়েছে।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি এতক্ষণ বিভিন্ন বক্তার বক্তৃতা শুনলাম। সকলেব আগে বলেছেন যে, হেভি ডেফিসিট এবং আমরা দেউলিয়া ক'রে দিলাম। হেভি ডেফিসিট হয়েছে ঠিকই. এই ডেফিসিট যদি না করা হতো, তাহলে গঠন-মূলক কাজে কোন টাকা দেওয়া যেত না। তা আরো খারাপ হ'তো। এই ডেফিসিট আমরা মেক আপ করবার চেণ্টা করবো। দেশে কিছু কাজ করতে হ'লে খরচ করতে হয়। আয় যখন নাই, তখন ডেফিসিট হয়ে যায়।

তিনি আরো বলেছেন, মাঠের বক্তৃতায় আমি নাকি বেকারদের সম্বন্ধে কিছু বলি নাই। তিনি আরো বলেছেন, কংগ্রেস আমলে বার্ধক্য ভাতা ছিল, তা আমি বন্ধ করে দিয়েছি। একথা ঠিক বলেন নি। বেকারী শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতে হয়েছে এবং তার কারণ সারা ভারতে যে অর্থনৈতিক ব্যবস্থা ছিল. যে পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যবস্থা ছিল, তারই ত্রুটির জন্য সারা ভারতে বেকারী হয়েছে. না হ'লে ৮০ হাজার ইঞ্জিনিয়ার কোন দেশে বেকার থাকতে পারে না। তার জন্য আমাদের এই ৫।৬ মাসের সরকার দায়ী নয়।

আর বার্ধক্য ভাতার কথা বললেন, বাজেটটা বোধ হয় তিনি ভাল ক'রে পড়ে দেখবার সুযোগ পান নি। দেখাও কঠিন, তবে যেটা সম্বন্ধে উনি বললেন ঠিকই করেছেন, সেটা সম্বন্ধে একটু খুঁজে দেখা তাঁর উচিত ছিল, সেটা তিনি দেখেন নাই। ওল্ড এজ পেনসন-এর জন্য বেশি কিছু নাই বটে, তবে ২৩ লক্ষ টাকা বাজেট ধরা আছে।

তারপর মধুসূদনপুরের কথা তিনি বলেছেন, তার তদন্ত হচ্ছে, একজন গ্রেপ্তার হয়েছে। এটা সাবজুডিস আছে। এ নিয়ে আর বেশি কথা বলবো না।

তারপর ৯ই আগস্টের কথা বলেছেন। তারপর আমাদের মাননীয় সদস্য আবার বলেছেন যে জাতীয় পতাকা তোলা হয় নাই কেন? মাননীয় বিজয় সিং নাহার বলেছেন। তিনি দীর্ঘদিনের নেতা একজন। তিনি একজন শ্রদ্ধেয় নেতা কংগ্রেসের। তিনি বোধ হয় জানেন না, কংগ্রেসের ভারত সরকারের আইনটা তাঁর জানা নাই যে জাতীয় পতাকা যেখানে সেখানে যখন তখন তোলা যায় না—নির্দিষ্ট দিন ছাড়া। ৯ই আগস্টের অনুষ্ঠানে জাতীয় পতাকা তোলা যায় না।

আর একটি কথা উনি বলেছেন, আমরা মাঠে সেদিন যে অনুষ্ঠান করেছিলাম অক্টারলোনি মনুমেন্টের নাম বদলে দিলাম, শহীদ মিনার, সেদিনের অনুষ্ঠানে বি. পি. সি. সি-এর সেক্রেটারী মিঃ শুক্লা এসেছিলেন। তিনি শহীদ বেদীতে মালা দিয়েছিলেন। তাঁকে আমরা খাতির ক'রে নিয়ে বেদীতে বসিয়ে ছিলাম। তিনি তো দেখেছেন, পতাকা উড়ছে। বি. পি. সি. সি-র পতাকা বা জাতীয় পতাকা তোলবার কথা তো বলবেন, তা তিনি কিছু বলেন নাই। সন্ধ্যাবেলা বৃষ্টি হচ্ছে খুব, তখন কতকগুলি যুবক এলো। জানি না তাদের সঙ্গে কোন প্রবীন কংগ্রেস নেতা ছিলেন কিনা। থাকলে বলবো না থাকাই ছিল ভাল। যে কতকগুলি যুবক এসেছিল, ১৯৪২ সালের ৯ই আগস্ট তাদের জন্মও হয় নাই। তারা এলো, এসে বললে, আমরা ওখানে পতাকা তুলবো। ওটা তখন চাবি দেওয়া ছিল। তালা জোর ক'রে ভেঙ্গে তারা ঢুকতে গেল। সেখানে পুলিস ছিল। পুলিস তাদের বাধা দিয়েছিল। সেখানে চড়াও হওয়ায় পুলিস টীয়ার গ্যাস ছোড়ে। এই সম্পর্কে আমাদের কাছ থেকে পূর্বে ও'রা অনুমতি চেয়ে রাখতে পারতেন। যদি না দিতাম, তাঁরা বলতে পারতেন, দেয় নাই। গা-জোরি করেছে, পুলিসের টীয়ার গ্যাস খেয়ে তারা পালিয়ে গিয়ে কোথাও বাসের উপর, কোথাও ট্রামের উপর ইট-পাথর ছুঁড়েছে।

আমি তাঁকে বলবো, তাঁদের কর্মীদের একটু সংযত করলে ভাল হয়। শ্রীবিজয় সিং নাহার বলেছেন, ট্রাম কোম্পানীর কথা। এই ট্রাম কোম্পানীকে ১৯৫১ সালে তাঁদের কংগ্রেস সরকার কুড়ি বছরের জন্য মেয়াদ বৃদ্ধি ক'রে দিয়েছেন। সেই কুড়ি বছর শেষ না হলে এই বিলাতী

কোম্পানীকে আমরা নিতে পারবো না। কিন্তু এই ট্রাম কোম্পানী লক্ষ লক্ষ বহু কোটি কোটি টাকা লাভ হিসাবে বিলেতে পাঠাতো। আমরা এটুকু করেছি, ট্রাম কোম্পানীর পরিচালনার ভার নিয়েছি ব'লে একটি কানাকড়িও বিলাতে যেতে পারছে না—তাতে আমরা ইংরাজের দালাল হলাম। সেরকম ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী গভর্নরের আমলে ১৯৬৮ সালে—তিনি দশ বছরের জন্য মেয়াদ বৃদ্ধি ক'রে দিয়েছেন। এর মধ্যে আমাদের কিছু করা একটু কঠিন হয়ে পড়েছে—অথচ ও'রা বলছেন আমরা নাকি ইংরাজের দালাল।

(কংগ্রেস বেঞ্চ থেকে—আপনি নন।)

[6-50—7 p.m.]

আমি নয়, আমাদের তো বলা হচ্ছে—আমি আমার বন্ধুদের থেকে পৃথক থাকতে চাই না। এই যে ম্যান অন দি মুন- এই যে নিমন্ত্রণ পেয়েছেন সেটাতেই আমরা নাকি আমেরিকার দালাল। কিন্তু কংগ্রেসের যিনি প্রধান মন্ত্রী—তথা ভারতের প্রধান মন্ত্রী এবং আরও অনেকে, তাঁরা সবাই এর উচ্ছ্বসিত প্রশংসা করেছেন এই চাঁদে যাবার ব্যাপার নিয়ে। আমি তাঁদের একটা খবর দি। আমি যখন দিল্লী গিয়েছিলাম সেই সময় মাননীয়া প্রধান মন্ত্রী আমাকে এবং জ্যোতিবাবুকে ডেকে এই ম্যান অন দি মুন দেখিয়েছিলেন।

**শ্রীবিজয় সিং নাহার:** আমরাও দেখতে চাই।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** দেখতে চান তো, দালাল বলেন কেন? মাননীয় সদস্য শ্রীনলিনাক্ষ সান্যালবাবু ভাল কথা বলেছেন যে সেক্রেটারিয়েট, ডাইরেক্টরেটে গোলমাল আছে-এগুলি আমরা দেখার চেষ্টা করছি। সবে এই কয় মাস এসেছি। সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে একটা চেষ্টা হচ্ছে। তারপর ফাইন্যান্স ডিপার্টমেন্টের কথা। সব সময় সবাই এই ফাইন্যান্স ডিপার্টমেন্টকে এমন কি মিনিস্টাররাও আক্রমণ করেন—এ চিরকাল হয়ে আসছে। কিন্তু ফাইন্যান্স ডিপার্টমেন্টের কাজ হ'লো যাতে অপব্যয় না হয়, যাতে যা তা খরচ ক'রে না বসে এগুলি দেখা এই সমস্ত খরচ তারা আটকায় ব'লে তাদের অনেক বিরূপ মন্তব্য শুনতে হয়। কিন্তু তাকে এ কাজ করতে হবে তাতে যত দুর্নাম হোক। শ্রীজয়নাল আবেদিন সাহেব মন্ত্রীদের ধ'রে ধ'রে সব কি ব'লে গেলেন জানি না, তবে একে ভাঁড়ামি বলা যেতে পারে। একটা কথা ছিল কলকাতা শহরের ট্যাক্স সম্বন্ধে। এই জমিদারী উচ্ছেদ আইন থেকে কলকাতা শহরকে বাদ দেওয়া হয়েছে—এই কংগ্রেস সরকারই করেছেন। তারপর আমাদের ডেফিসিট হয়েছে। এই ডেফিসিটের জন্য মন্ত্রীদের থেকে একটা রিসোরসেস কমিটি করা হয়েছে। মন্ত্রীদের কাছ থেকে এই রিসোরসেস কমিটি থেকে একটা প্রস্তাব এসেছে যে কলকাতা শহরে আমরা ট্যাক্স করবো।

মাননীয় সদস্য শ্রীরামকৃষ্ণ সারোগী তিনি ১৯৬৭-৬৮ সালের বাজেট নিয়ে বললেন যে, এত পারসেন্ট খরচ হয়েছে, এত পারসেন্ট খরচ হয় নি, থেকে গিয়েছে, ইত্যাদি। আমি তাঁকে জিজ্ঞাসা করি, এ বাজেট কাদের আমলের? আজকে আমরা ৪।৫ মাস হয়েছে এসেছি, সে সময় একবার এসেছিলাম ৮ মাসের মত ছিলাম। শেষের ৪ মাস ছিলাম না, কংগ্রেস-কাম-কোয়ালিশন যকে ব'লে তাঁরাই ছিলেন। যদি অপকর্ম হয়ে থাকে তাঁদেরই হয়েছে, আমাদের ঘাড়ে দিয়ে লাভ কি হবে? খান নাসিরুদ্দিন সাহেব আছেন কিনা জানি না, তাঁকে একটা ভাল খবর দিই। কংগ্রেস আমলে এই ২০।২২ বছর ধ'রে একটা নিয়ম ছিল যে, ভারতের অধিবাসী বা পশ্চিমবঙ্গের অধিবাসী হ'লেও মুসলমানরা যদি রেজিস্ট্রি করতে যেতেন, তাহলে তাঁদের সিটিজেনসিপ সার্টিফিকেট নিতে হ'ত। আপনাকে সুখবর দিই, আমরা সেটা তুলে দিচ্ছি, সার্কুলার বেরিয়ে গিয়েছে। এছাড়া আর একটা খবর দিচ্ছি, ক্যালকাটা মাদ্রাসার ইন্টারভিউ হয়ে গিয়েছে, ২।৪ দিনের মধ্যেই লোক নিয়োগ হ'তে পারবে ব'লে আমরা আশা করি। শ্রীমতী আভা মাইতি ছোট ছোট কৃষকদের কথা বলেছেন। তাঁকে এই খবরটা দিচ্ছি যে, আমরা ছোট ছোট কৃষক এমন কি ভাগচাষীদেরও ঋণ দেবার ব্যবস্থা করছি এবং তাঁরাও যাতে

সমবেত হয়ে টিউবওয়েল পান আমরা সে চেষ্টা করছি। তাছাড়া মেদিনীপুরের বন্যা এলাকার রাস্তার কথা যা বলেছেন সেটা ঠিক। আমি নিজে অনেকবার ঘুরে দেখে এসেছি মেদিনীপুরের বন্যায় রাস্তা খারাপ হয়েছে, উত্তরবঙ্গেও হয়েছে। যে যে এলাকায় বা জেলায় বন্যা হয়েছিল সব জায়গার জন্য আমরা কেন্দ্রের কাছ থেকে এই ব'লে টাকা চেয়েছিলাম যে আমাদের ধার দিন, আমাদের টাকা নেই, আর কিছু অনুদান দিন যাতে আমরা বন্যাবিধ্বস্ত এলাকায় উপযুক্ত রিলিফ দিতে পারি। তাঁরা আমাদের, বিশেষ ক'রে উত্তরবঙ্গের জন্য কিছু টাকা দিয়েছেন—সামান্য অনুদান, বাকিটা ঋণ, কিন্তু মেদিনীপুর বা দক্ষিণবঙ্গের অন্যান্য জেলার জন্য সেরকম টাকা দেন নি, তাই আমরা যথেষ্ট খরচ করতে পারি নি। এখানে এটা আমাদের বিমাতৃসুলভ নজর নয়। যাই হোক, আমি সংক্ষেপে জবাবগুলি দিলাম, আমার আর কিছু বলার নেই।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীকে একটা কথা বলতে চাই যে, আপনার ডিপার্টমেন্ট অচল হয়ে গিয়েছে ব'লেই আপনাকে ভুল খবর দিচ্ছে। 'শহীদ মিনার' স্টেট ফাংসান ছিল, শুধু ৯ই আগস্টের ফাংসান ছিল না। স্টেট ফাংসানের নিয়ম হচ্ছে—আপনি যদি অনুগ্রহ ক'রে বই দেখেন সেখানে আমি দেখাতে পারি, স্টেট ফাংসানে সব সময়ই জাতীয় পতাকা তুলতে পারেন।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আপনি ভুল করছেন, 'শহীদ মিনার' ৫।৭ পার্টি মিলে একটা কমিটি ক'রে সেই কমিটি থেকে করেছিল 'শহীদ মিনার'।

**শ্রীবিজয় সিং নাহার:** আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আবার বলব যে, আপনারা অনুগ্রহ ক'রে যে নিমন্ত্রণ পত্রটি দিয়েছেন সেটা যদি দেখেন, তা হ'লেই পরিষ্কার হয়ে যাবে। আপনাকে ও'রা সব ভুল খবর দিচ্ছেন। নিমন্ত্রণের চিঠি সরকারের ছিল, পার্টির ছিল না।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Appropriation (No. 2) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3, Schedule and the Preamble

The question that clauses 1, 2 and 3, Schedule and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1969, as settled in the Assembly, be passed.

[7—7-10 p.m.]

The motion was then put and a division taken with the following results:—

**AYS—92**

Abdul Latif, Shri Mohamed
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Baksi, Shri Monoranjan
**Shri Deb Narayan Chakrabarty:**
**Banerjee, Shri Subodh**
Basu, Shri Abinash

Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bera, Sri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhattacharjya, Shri Mrigendra
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Balailal
De, Shri Panchkari
Dey, Shri Tarapada
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Murari Mohan
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan Nasiruddin, Shri
Khan, Shri Sukhendu
Kuar, Shri Gangapada
Kuiry, Shri Daman Chandra
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Lohar, Shri Gour
Maji, Shri Pannalal
Majhi, Shri Gobardhan

Majumdar, Shri Amales Chandra
Majumdar, Shri Apurba Lal
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Kalipada
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Sachindra Nath
Maulick, Shri Kumarish Chandra
Mohammad Ali, Shri
Mohammad Salimuddin, Shri
Mohammed Amin, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Panda, Shri Bhupal Chandra
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Pradhan, Shri Amarendra Nath
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sarkar, Shri Sasthidas

Sarker, Shri Ahindra
Sen, Shri Jamini Ranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Joyram

Noes—24

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Azizur Rahman, Shri
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Mahato, Shri Ram Krishna
Maiti, Shrimati Abha
Maiti, Shri Subodh Chandra
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jagadananda
Roy, Shri Santi Mohun
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Samanta, Shri Bijoy Krishna
Shamsuddin Ahmad, Shri
Soren, Shri Lakshan
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 92 and the Noes 24, the motion was carried.

## Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to report that the Business Advisory Committee at its meeting held in my chamber today recommended that there would be no meeting of the House on the 18th, 19th and 20th of August, 1969 and the

business fixed for the 18th and 19th of August shall be taken up on the 21st and 22nd respectively. The dates in respect of the remaining bills would be notified later on. The Committee also recommended allocation of time for disposal of the following Government Bills which will be taken up during the current session. A copy of the allyocation of time as recommended by the Committee is placed on the Table. The Minister for Parliamentary Affairs may kindly move his motion now.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that the Sixth Report of the Business Advisory Committee presented this day may be agreed to by the House.

The motion was then put and agreed to.

**Mr. Speaker:** A photo was made over to me yesterday by the Hon'ble Deputy Chief Minister. He assured the House that another copy would be supplied afterwards. One copy of the photo mentioned above was given to me by the Hon'ble Deputy Chief Minister for showing it to Shrimati Abha Maiti.

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় স্পিকার মহাশয়, আপনি অনুগ্রহ ক'রে আমাদের একটা কপি দিতে বলুন, তা না হলে আমরা দেখতে পারবো না। আর না দেখলে বুঝাও যায় না। এটা যদি গন্ডগোল হয় সেই জন্য আমরা দেখতে চাই। তাই আপনি দয়া করে একটা কপি আমাদের দিতে বলুন।

**Mr. Speaker:** All right.

## The West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Mr. Speaker, Sir, I beg to introduce The West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969.

(Secretary then read the Title of the Bill.)

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969, be taken into consideration.

Under Article 266(3) of the Constitution of India no monies out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution. The excesses over the voted grants and charged appropriations for the years 1961-62 and 1962-63 were shown by the Auditor-General in the Audit Reports on the Appropriation Accounts for the years 1961-62 and 1962-63, respectively and the reasons for the excess in those years were duly considered by the Public Accounts Committee appointed by this House which has recommended that the excess expnditure under the voted and charged heads for each of these years to be regularised by Article 205 of the Constitution. The Bill is introduced in pursuance of Article 205 of the Constitution of India read with Article 204 thereof to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal monies required to meet the excess expenditure which have been so voted by the Assembly and also to regularise further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provisions of the Constitution.

The Constitution provides that no amendments shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The details of the proposed Appropriation Bill will appear from the Schedules to the Bill.

Sir, with these words, I commend my motion to the acceptance of the House.

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that The West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and Schedules 1 and 2

The question that Clauses 1, 2, 3 and Schedules 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Ajoy Kumar Mukopadhyaya:** Sir, I beg to move that the Wet Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-10 p.m. till 1 p.m. on Thursday, the 14th August, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 14th August, 1969.

**Present:**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 18 Ministers, 1 Minister of State and 196 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given).**

[1-00—1-10 p.m.]

### Distribution of Government acquired lands in Majhkhanda mauza

***449.** (Admitted question No. *1772.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান চাষের মরশুমে রামপুরহাট থানায় অবস্থিত, রাজ্যসড়কের মল্লারপুর এবং রামপুরহাট অংশের মাঝখণ্ড নামক মৌজায় অবস্থিত সরকারী দখলীকৃত জমি ডাকাডাকির মাধ্যমে সালতামামী বন্দোবস্ত প্রথায় বিলি করা হইয়াছে , এবং

(খ) সত্য হইলে, (১) কত একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে, এবং (২) উক্ত জমি কত জন ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হইয়াছে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জি :** (ক) হ্যাঁ।

(খ) (১) মোট ০·৬১ একর এবং (২) একজন।

### Nilganj-Kakinar Road, 24-Parganas

***617.** (Admitted question No. *1475.) **Shri Saral DEB:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether works on "Nilganj-Kakinar Road" under Amdanga police-station, district 24-Parganas, were included for execution in the year 1967; and

(b) if so, when the works of the road will be started?

**শ্রীমতী প্রতিভা মুখার্জি :** (এ) না।

(বি) প্রশ্ন ওঠে না।

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোং

***789.** (Admitted question No. *181.)

**শ্রীসনৎকুমার রাহা:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোং'র অধীনে বর্তমানে কত শ্রমিক ও কর্মচারী নিযুক্ত আছেন ; এবং

(খ) তাঁহাদের বেতনহার কিরূপ ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) মোট সত্তর জন ; তন্মধ্যে নন-টেকনিক্যাল কুড়ি জন ও টেকনিক্যাল পঞ্চাশ জন।

(খ) চালু বেতনহার সম্বন্ধে একটি তালিকা লাইব্রেরির টেবিলে রাখা হইল।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয়, লাইব্রেরি টেবিলে যে তালিকা দিয়েছেন, তাতে এমন কোন নাম নেই, যেখানে ৬৫০ টাকা ক'রে ড্র করেন। কিন্তু আমার কাছে কোম্পানির রিপোর্ট আছে, এদের নামে ৬৫০ টাকা ক'রে ড্র করা হয়। কিন্তু সেই টাকা সেই ব্যক্তি পান নি। আমার কাছে আরও নাম আছে, যেমন—কেদার সিং, রামচন্দ্র, সন্তা সিং, তারাপদ দাস ইত্যাদি--এদের ৮৮·২৫ দেওয়া হয়। তা ছাড়া অনেক আছে যাদের আনস্কিল্ড ব'লে নেওয়া হয় এবং তাদের বিনা বেতনে রাখা হয়। এইসব জিনিসগুলি দপ্তর থেকে সরবরাহ করা হয়েছে। আমি বলব যে, ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির ম্যানেজমেন্ট সম্পর্কে বহু রকমের অভিযোগ দীর্ঘ পনের বছর ধ'রে আছে, এর একটা তদন্ত হওয়া উচিত। সেখানকার স্টেট ইলেকট্রিক বোর্ডএর কর্মচারীরা যেভাবে সুযোগসুবিধা পান, প্রাইভেট কোম্পানির আমলে সেইসব সুযোগসুবিধা পাওয়া উচিত। এ সম্বন্ধে কিছু বলবেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা তো মন্তব্যের কথা। আমি এটা বলতে পারি যে, মাননীয় সদস্য হয়তো আমার তালিকা ভাল ক'রে দেখেন নি। সেই তালিকায় আছে যে, টেকনিক্যাল হেড ইঞ্জিনীয়ারএর বেতন ৬৩৩ টাকা, ৫১ টাকা দুর্মূল্য ভাতা এবং ১৬ টাকা অন্যান্য চিকিৎসা ভাতা--এইভাবে তাঁরা পান। কাজেই ঐ কথাটা ঠিক হল না।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, ম্যানেজার-এর নামে কত মাইনে দেওয়া আছে? ফণিবাবু এবং সনৎবাবু তারা ৬৫০ টাকা ফলস্ ড্র করে—এটা লেখা আছে। এ সবগুলি তদন্ত করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব। ব্যারাকপুরে ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিতে তার ম্যানেজমেন্ট এবং ওখানকার কারেন্ট সম্পর্কে নানা রকম অভিযোগ আছে, লো ভোল্টেজ ইত্যাদি অভিযোগ আছে, এবং এগুলি তদন্ত করার জন্য এই কোশ্চেন দিয়ে রেখেছি। এ সম্পর্কে কিছু করবেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কোশ্চেন-এর সঙ্গে তদন্তের কি সম্পর্ক আছে সেটা আমি বুঝতে পারলাম না। মাননীয় সদস্য যদি সেইরকম কোন অভিযোগ পাঠাতে পারেন, তা হ'লে দরকার হ'লে সেটা ভিজিলেন্স কমিশন-এ যেতে পারে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় যে তালিকার কথা বললেন তাতে সর্বোচ্চ বেতন কে পান, কত পান এবং সর্বনিম্ন বেতন কে পান, কত পান—এটা কি জানাবেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই তালিকাটা দেখলেই পাবেন।

[1-10—1-20 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এই কোম্পানিটা সরকারের হাতে নেওয়ার কিছু পরিকল্পনা করেছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ প্রশ্ন এর থেকে আসতে পারে না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, এই বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির কর্মচারী এবং শ্রমিক তাঁরা কি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অনুপাতে বেতন পেয়ে থাকেন, না তাঁদের নিজস্বভাবে বেতন তাঁরা দেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** প্রাইভেট কোম্পানি প্রাইভেট অ্যারেঞ্জমেন্ট করেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** এই প্রাইভেট কোম্পানি সম্বন্ধে বহু অভিযোগ বহুদিন ধ'রে এসেছে। সে সম্বন্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা এবং সরকারের এই নীতি কিনা যে, প্রাইভেট এন্টারপ্রাইজকে এইসমস্ত ক্ষেত্র থেকে সরিয়ে দিয়ে পাবলিক সেকটরে নিয়ে আসা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্য অনেক পুরানো লোক, তিনি ভালই জানেন যে, সরকারের নীতি এবং বাস্তব এই দুটোর মধ্যে ব্যবধান থাকে। নীতি আমাদের নিশ্চয়ই আছে, আমরা ধীরে ধীরে সমস্ত কিছু জাতীয়করণ করব, বিশেষ ক'রে এই রকম প্রয়োজনীয় জিনিসগুলো। কিন্তু বাস্তবে রূপায়িত করতে অনেক ধকল আছে, সেগুলি সামলাতে হবে।

### গভীর নলকূপগুলি বৈদ্যুতীকরণের প্রকল্প

***790.** (Admitted question No. *1445.)

**শ্রীঅশ্বিনী রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিকার্যে ব্যবহৃত গভীর নলকূপগুলি বৈদ্যুতীকরণের কোনও প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন কি, এবং

(খ) করিয়া থাকিলে, বর্ধমান জেলায় এইরূপ—

(১) প্রকল্পের বিবরণ,

(২) কার্যকরী করার সময়কাল, এবং

(৩) মোট আনুমানিক ব্যয়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) হ্যাঁ, করিয়াছেন।

(খ) (১) ৩০টি নূতন নলকূপ বৈদ্যুতীকরণের একটি প্রকল্প আছে।

(২) এখন সঠিক বলা সম্ভবপর নয়।

(৩) ৯,৪৪,৬১০ টাকা।

**শ্রীসনৎকুমার রাহা:** কতগুলি নলকূপ বাকি আছে বৈদ্যুতীকরণ করতে বাংলাদেশে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আপনি কোন্ সময় পর্যন্ত জিজ্ঞাসা করছেন?

**শ্রীসনৎকুমার রাহা:** এখনও পর্যন্ত নন-ইলেকট্রিফাইড গভীর নলকূপ চালু নেই এমন কিছু আছে কিনা বর্তমান অবস্থায়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ১,২৭৮টি নলকূপ ১৯৬৯ সালের ৩১এ মার্চ পর্যন্ত খনন করা হয়েছে এবং বৈদ্যুতীকরণ হয়েছে ১,১১৮টা।

**শ্রীসনৎকুমার রাহা :** এই যে ইলেকট্রিফিকেশনের ব্যবস্থা হয় নি, এ সম্পর্কে আপনার দপ্তর কতদিনের মধ্যে এগুলি ইলেকট্রিফায়েড ক'রে চালু করতে পারবেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** একটু আগে আমি উত্তর দিলাম যে, বর্ধমান জেলাতে ৩০টি নলকূপ বৈদ্যুতীকরণের প্রকল্প হাতে আছে যার জন্য ৯ লক্ষ ৪৪ হাজার ৬১০ টাকা বরাদ্দ করা হয়েছে। এমনি ক'রে বিভিন্নগুলি হবে, নির্দিষ্ট সময় ব'লে দেওয়া যাবে না। তবে আমরা খুব দ্রুত সেটা করবার চেষ্টা করছি।

**শ্রীসনৎকুমার রাহা :** ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে হবে, দু'-এক বছরের মধ্যে হবে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের প্রশ্ন আসে না, কারণ এটা প্রথম বৎসর। তবে দু'-এক বৎসরের মধ্যে বাকিগুলি নিশ্চয়ই শেষ হবে।

**শ্রীপান্নালাল মাঝি :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেগুলি বৈদ্যুতীকরণ হয়েছে সেগুলির প্রায়ই কারেন্ট ফেল হয়ে যাচ্ছে, যার ফলে চাষের গুরুতর ক্ষতি হচ্ছে। দীর্ঘদিন ধ'রে এইসব জিনিস আপনার ডিপার্টমেন্টের দৃষ্টিতে আনা হয়েছে। এগুলি যাতে চাষের গ্যারান্টি করতে পারে, বৈদ্যুতীকরণ যাতে ফেল না করে, এই সম্পর্কে কোন ব্যবস্থা করছেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, মানুষের হার্ট চলতে থাকে—মাঝে মাঝে তাও ফেল করে। বিদ্যুৎও মাঝে মাঝে ফেল করছে, তাতে কোন সন্দেহ নেই। তবে প্রায়ই ফেল করলে রক্ষা থাকে না। আমরা অনেক রকম ব্যবস্থা গ্রহণ করার প্রকল্প নিয়েছি এবং চেষ্টা করছি তাড়াতাড়ি সেটার সংশোধন করার। এর আগের ব্যবস্থা আপনারা জানেন অত্যন্ত জটিল এবং কুটিল ছিল। তাকে আমরা সংশোধন করবার চেষ্টা করছি।

**শ্রীবজলে আমেদ :** বীরভূম জেলায় কতগুলি গভীর নলকূপ ইলেকট্রিফাইড করবার প্রস্তাব আছে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** নোটিস চাই।

**কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের স্মৃতিরক্ষা**

***791.** (Admitted question No. ***1503.**)

**শ্রীপ্রলয় তালুকদার :** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার শিবপুর এলাকায় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের স্মৃতিরক্ষার বিষয় সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় :** সরকার হাওড়া বাজে শিবপুরের ৪নং শরৎচন্দ্র চ্যাটার্জি লেনের বাড়িটি—যেখানে শরৎচন্দ্র অনেকদিন বসবাস করিয়াছেন, তাহার অংশবিশেষ ক্রয় করিয়া শরৎচন্দ্রের উপযুক্ত স্মৃতিরক্ষার ব্যবস্থার কথা বিবেচনা করিতেছেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** ঐ বাড়িটার কি নূতন কোন নামকরণ করবেন ব'লে ভাবছেন ?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় :** বাড়িটা সরকারী ভবন নয়। কাজেই নামকরণ করা আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** 'অনামী' এই নাম দিয়ে দিন। কি বলেন ?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় :** বাড়িটার মালিক যদি রাজী হন, তা হ'লে নামকরণ হ'তে পারে। সেই বাড়িটিতে বাড়িওয়ালা ছাড়াও এক অংশে ভাড়াটে আছেন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** এই বাড়িটি সরকারী দখলে নেওয়ার জন্য চেষ্টা করবেন কি ?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় :** এটা সরকারী দখলে নিতে গেলে যে টাকার দরকার হবে সেটা টাকার দিক থেকে উপযুক্ত ভাবছি না। তবে যেটুকু অংশে শরৎচন্দ্র থাকতেন সেটুকু নেওয়ার ব্যবস্থা করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** এই রকম যাঁরা ইতিহাসখ্যাত লোক আছেন, যেমন নন্দকুমার বা অন্যান্য সাহিত্যিক যাঁরা বাংলাদেশে রেনেসাঁস আনয়ন করেছিলেন, তাঁদের ব্যাপারে এইসব করবার জন্য ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়:** তা হ'লেও আমি ব'লে দিচ্ছি যে, এই সংকল্প আমাদের আছে এবং কোন মাননীয় সদস্য যদি এই ব্যাপারে আমার দৃষ্টি আকর্ষণ করেন, তা হ'লে যথাসাধ্য চেষ্টা আমি করব। এই আশ্বাস আমি দিতে পারি।

**শ্রীঅহীন্দ্র মিশ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই শরৎস্মৃতি রক্ষার জন্য আর কোন ব্যবস্থা বা আর কোন পরিকল্পনা আপনার অধীনে আছে কিনা?

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়:** আছে। প্রথম কথা, আগামী ৩১এ ভাদ্র, ১৭ই সেপ্টেম্বর তারিখ থেকে পূর্ত (সড়ক) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী রূপনারায়ণের উপর যে সেতু আছে, সেই সেতুর নামকরণ করছেন শরৎ সেতু। এ ছাড়াও আপনাদের কাছে ব'লে রাখি যে, শরৎচন্দ্রের সান্তাবেড়েতে যে বাড়ি আছে সেই বাড়িতে আমি নিজে গিয়েছিলাম। সেটাকে সরকারের অধীনে এনে সেই বাড়িতে শরৎ মিউজিয়াম করার পরিকল্পনা আছে এবং দেবানন্দপুরে আমি যাব, দেখা যাক, এখানে কি করতে পারি।

**Shri MUHAMMED KHUDA BUKSH:** If I heard the Hon'ble Minister correctly, he said, the house in which late Sarat Chandra Chatterjee lived is situated in a lane called Sarat Banerjee Lane.

**Shri SUBODH BANERJEE:** No, Sarat Chatterjee Lane.

## Road and Building Research Institute

***792.** (Admitted question No. *1694.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) where the office of the Director, Road and Building Research Institute, is located;

(b) if it is a fact—

(i) that a new building for housing this Institute and its Laboratory was constructed at a huge cost five years ago at Pailan, five miles from Taratala and New Alipore crossing and the same is lying vacant and unutilised by the Institute concerned, and

(ii) that equipments and accessories worth about Rs.10 lakhs are lying idle at Pailan; and

(c) if the answers to (a) and (b) are in the affirmative, will the Minister be pleased to state why the new buildings not being utilised for housing the aforementioned Institute?

**শ্রীমতী প্রতিভা মুখার্জি:** (এ) বর্তমানে আলিপুরস্থিত ভবানী ভবনে।

(বি) (১) হ্যাঁ; তবে নূতন ভবনটি ৭,২৯,১০০ টাকা ব্যয়ে নির্মিত হইয়াছে।

(২) না।

(সি) সংস্থার কর্মচারিগণ তাঁহাদের কতকগুলি সুযোগসুবিধা না দেওয়া পর্যন্ত নূতন ভবনে স্থানান্তরিত হইতে অস্বীকার করিয়াছেন।

**কালীনগরে রসুলপুর নদীর উপর ব্রীজ**

***793.** *(Admitted question No. *1799.)*

**শ্রীবিভূতি পাহাড়ী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি থানার কালীনগরে রসুলপুর নদীর উপর যে 'ব্রীজটি' তৈরি হইতেছে, তাহার কাজ কবে শুরু হইয়াছিল ;

(খ) ঐ ব্রীজ তৈরির কন্ট্রাক্টরের নাম কি ;

(গ) ঐ কাজের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছিল এবং কত টাকা এ যাবৎ খরচ হইয়াছে ;

(ঘ) কবে নাগাদ ঐ ব্রীজটির কাজ সম্পূর্ণ হইবে ; এবং

(ঙ) ঐ কাজটি কবে শেষ হওয়ার কথা ছিল ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জি:** (ক) ১৯৬৪ সালের মার্চ মাসে।

(খ) মেসার্স চ্যাটার্জি ব্রাদার্স।

(গ) (১) বরাদ্দ ১০,৪৮,৯০০ টাকা।

(২) ১৯৬৯ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত খরচ প্রায় ১০,৮৪,০০০ টাকা।

(ঘ) আশা করা যায়, ১৯৭০ সালে মার্চের মধ্যে।

(ঙ) কন্ট্রাক্ট হিসাবে ১৯৬৫ সালের মার্চ মাসে শেষ হওয়ার কথা ছিল।

**Carrying contract for P.W.D. materials at Kalimpong**

***794.** (Admitted question No. *1891.) **Shri PADMA LAKSHMI SUBBA:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if it is a fact that the carrying contract in respect of P.W.D. materials for the distance from Siliguri to Kalimpong was approved in April, 1969, on higher rates by the department although the very contractor was carrying stores at lower rates during January to March, 1969;

(b) if so, what were the reasons for such an acceptance of higher rate; and

(c) if it is a fact that others who wanted to compete were disallowed by the Assistant Engineer, Kalimpong, to enter into competition by refusing issue of tender form with the note "regretted"?

**Shri SUBODH BANERJEE:** (a) Yes.

(b) The reason for acceptance of higher rate is that the participating bidders were apprehensive of dislocation of traffic during monsoon period when their carriage would be necessary. It is a fact that during this monsoon the road from Kalimpong to Algorah was dislocated from time to time.

(c) Yes, in one case only, as the contractor had no experience in this difficult line of transport.

**মহাকরণে শীততাপ নিয়ন্ত্রিত ঘর**

*[1-20—1-30 p.m.]*

***795.** (Admitted question No. *1969.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ মহাকরণে কয়জন মন্ত্রীর ঘর শীততাপ নিয়ন্ত্রিত করা হয়েছে ;

(খ) কতজন সেক্রেটারী, কমিশনার ও ডিভিশনাল কমিশনারের ঘর শীততাপ নিয়ন্ত্রিত করা হয়েছে ; এবং

(গ) ইহার জন্য ঘরপিছু কত খরচ পড়ছে?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** (ক) একজন।

(খ) তেইশ জন সচিব ও কমিশনার এবং তিন জন বিভাগীয় কমিশনারের ঘর শীততাপ নিয়ন্ত্রিত করা হইয়াছে।

(গ) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে দেওয়া হইল।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** প্রথম যুক্তফ্রন্ট সরকার যেসমস্ত ঘরগুলি রাইটার্স বিল্ডিংস-এ শীততাপ নিয়ন্ত্রিত হবে না ব'লে সিদ্ধান্ত করেছিলেন এবং যে ব্যবস্থা বাতিল করেছিলেন সেই ঘরগুলোর মধ্যে কোন্ ঘরটা যুক্তফ্রন্ট সরকার চ'লে যাবার পর শীততাপ নিয়ন্ত্রিত হয়েছিল জানাবেন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার অফিসারদের ঘরের শীততাপ নিয়ন্ত্রণ সম্বন্ধে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নি, করেছিলেন মন্ত্রীদের ঘর সম্বন্ধে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রীদের যে ঘরগুলি শীততাপ নিয়ন্ত্রিত ছিল, যুক্তফ্রন্ট সরকার বাতিল হয়ে যাবার পর আবার সেগুলি শীততাপ নিয়ন্ত্রিত হয়েছে কিনা?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** মন্ত্রীরা যে ঘরে বসবেন সে ঘর শীততাপ নিয়ন্ত্রিত হবে না, এটাই যুক্তফ্রন্ট সরকারের সিদ্ধান্ত। কে কোন্ ঘর বদলেছেন, সেটা প্রশ্ন নয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** যুক্তফ্রন্ট সরকার চ'লে গেলে, পি ডি এফ সরকার চ'লে গেলে ধরম বীর যখন এলেন রাইটার্স বিল্ডিংস-এ তখন সেই ঘর শীততাপ নিয়ন্ত্রিত হয়েছিল কিনা?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** ধরম বীর যখন ছিলেন, তখন আমি মন্ত্রী ছিলাম না। তাই বলতে পারি না।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** আমরা যেটা দেখতে পাচ্ছি, তা হ'ল মন্ত্রীদের ঘর থেকে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে নিলেও সেক্রেটারি, কমিশনার, ডিভিশনাল কমিশনার প্রভৃতির ঘরগুলি শীততাপ নিয়ন্ত্রিত আছে, এগুলি থেকে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে নেবার কথা বিবেচনা করছেন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** যুক্তফ্রন্ট সরকার এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করে নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** কোন্ মন্ত্রীর ঘরের কথা বললেন যাঁর ঘর এখনও শীততাপ নিয়ন্ত্রিত ব্যবস্থায় রয়েছে?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস্ মন্ত্রী, যিনি দার্জিলিং-এ থাকেন, দার্জিলিং-এর তুলনায় স্বভাবতই এখানে গরম বেশি। তাই তাঁর ঘরটাই কেবল শীততাপ নিয়ন্ত্রিত রাখা হয়েছে।

**শ্রীবীরেশ্বর ঘোষ :** মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরে বললেন যে, সেক্রেটারীদের ঘর হ'তে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে নেওয়া সম্বন্ধে আমাদের মন্ত্রিসভা এখনও সিদ্ধান্ত করেন নি, এ বিষয়ে সিদ্ধান্ত নেবার কথা বিবেচনা করবেন কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** এখনও নাই।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** বিবেচনার জন্য রাখবেন কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** আমি রাখব।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** শীততাপ নিয়ন্ত্রিত ব্যবস্থায় এক-একটা ঘরে কত খরচ পড়ত আর এখন পাখা লাগানোর জন্য, শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সরিয়ে নেবার পর, কত খরচ পড়ে ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** মোটামুটি কি রকম খরচ পড়ে ত জানতে চাইলে বলতে পারি, তালিকাতেও দেখিয়েছি। তাতে ইনস্টলেশনে কোথাও চার হাজার, কোথাও পাঁচ হাজার, আবার কোথাও দশ হাজার পর্যন্ত খরচ হয়েছে। আর মাসে ১৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত খরচ করে এয়ার কন্ডিশন যন্ত্র বসানোর জন্য পাঁচ হাজার থেকে দশ হাজার পর্যন্ত ভ্যারাইটি এবং ক্যাপাসিটি অনুসারে খরচ পড়ে আর কারেন্ট কনজাম্পশন এভারেজে ১৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত পড়ে। আর চারটা-পাঁচটা পাখার কারেন্ট কনজাম্পশন স্বভাবতই ১৫০ টাকাও পড়ে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** যেসব শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্রগুলি মন্ত্রীদের ঘরে ছিল, সেগুলি পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে বসানো সম্ভব কিনা ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** একথা জানেন যে, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের সিদ্ধান্ত ছিল যে, মন্ত্রীদের ঘর থেকে এইসমস্ত এয়ার কন্ডিশনিং প্ল্যান্টস মেসিন সরিয়ে নিয়ে হাসপাতালে বসানো হবে। সে অনুসারে অধিকাংশ হাসপাতালে বসানো হয়েছে।

**শ্রীগোপাল বসু :** মন্ত্রীদের ঘরগুলি যে অবস্থায় এয়ার কন্ডিশন করা ছিল, তা হল অনেকটা ঘুপড়ির মত। এই এয়ার কন্ডিশন ব্যবস্থা তুলে নিলে ঘরগুলিতে ভেন্টিলেশনের অভাব ঘটে, নীতিগতভাবে আপনারা শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে নিয়েছেন, এখন সেখানে সেই ঘরগুলিতে দরজা-জানালা লাগাবার ব্যবস্থা করবেন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** এই এয়ার কন্ডিশন মেসিনগুলি জানালার উপর বসানো ছিল। সেখানে দরজা করা বোধ হয় সম্ভব নয়। তবে আলো-বাতাস চলাচলের জন্য যতটা ব্যবস্থা করা সম্ভব তা করা হয়েছে।

ডাঃ জয়নাল আবেদীন : ঘরগুলি থেকে শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তুলে নেবার পর ঠান্ডা মাথায় আপনাদের সিদ্ধান্ত নেওয়া সম্ভব হচ্ছে কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** এটা নির্ভর করে ক্যাপাসিটির উপর, যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সদস্যদের সে ক্যাপাসিটি আছে, আপনাদের না থাকতে পারে।

**শ্রীপান্নালাল মাঝি :** যুক্তফ্রন্ট মন্ত্রিসভা শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা তাঁদের ঘরগুলি থেকে অপসারণ করলেন, কিন্তু কংগ্রেসী মন্ত্রিসভা যখন ছিল তখন কি সব মন্ত্রীর ঘরই শীততাপ নিয়ন্ত্রিত ছিল ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** ছিল।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** কংগ্রেসী মন্ত্রীদের মাথা সকলেরই গরম ছিল এবং সেজন্যই কি সকলের ঘর শীততাপ নিয়ন্ত্রিত ছিল ?

**শ্রীসুবোধ ব্যানার্জি :** আমি ডাকতার নই, বলতে পারি না কার মাথার টেম্পারেচার কত ?

**ডাঃ জয়নাল আবেদীন : শীততাপ নিয়ন্ত্রণ তুলে নেবার পরই কি মন্ত্রীরা বাইরে গরম গরম বক্তৃতা দিচ্ছেন ?**

**Mr. SPEAKER:** The question is disallowed.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** কংগ্রেসী মন্ত্রীরা এয়ার কন্ডিশন ঘরে বসে ঠাণ্ডা মাথায় দেশকে ডুবাবার জন্য কি কি ব্যবস্থা করেছিলেন মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন ?

**Mr. SPEAKER:** The question does not arise—it is disallowed.

**Oriental Gas Co.**

*796. (Admitted question No. *2015.) **Shri SAMAR KUMAR RUDRA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that gas of the Oriental Gas Co. is wasted through old, corroded and disused gas pipes and damaged gas holders resulting in heavy loss of revenue;

(b) if so, what steps have been taken to stop the same;

(c) if it is a fact that Government properties worth lakhs of rupees have been stolen recently from the Works premises;

(d) if so, what action has been taken for the same;

(e) if it is a fact that gas holder No. 3 has been reduced to a thin paper bag and it may burst any time causing hazards and no step has been taken either to replace or close it; and

(f) whether any programme has been adopted for development and progress of the undertaking?

**Shri SUSHIL KUMAR DHARA:** (a) Yes.

(b) Government have taken certain steps for replacement of gas mains and renovation at places in the city. This would prevent heavy leakage of gas through gas mains, but it may be noted that the pipes are more than 75 years old and their wholesale replacement will cost a huge sum of money.

(c) Some materials were stolen from the Sealdah Gas Works a few years ago but not recently.

(d) The matter is still under investigation. Action will be taken when the results of investigation are known.

(e) The Gas holder No. 3 has gone out of action altogether.

(f) Yes.

**শ্রীবিজয় সিংহ নাহার:** যেভাবে আজকাল গ্যাস আলাদা আলাদাভাবে বাক্সের মধ্যে ক'রে বাড়িতে বাড়িতে সাপ্লাই করা হয়, এইরকম কোন স্কীম ওরিয়েন্টাল কোম্পানির সম্বন্ধে নেওয়া যেতে পারে কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা অত্যন্ত টেকনিক্যাল প্রশ্ন, এর উত্তর এখনই দেওয়া সম্ভব নয়, যদি এইসব বিষয়ে নোটিস দেন, তা হ'লে টেকনিক্যাল এক্সপার্টদের কাছ থেকে জেনে বলতে পারি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** কলকাতার কলেজগুলিতে বৈজ্ঞানিক ল্যাবোরেটরিতে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির কোল গ্যাস সাপ্লাই করা হয় কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সে তো হয়ই।

**হাওড়া জেলায় পাকা রাস্তা**

[1-30—1-40 p.m.]

***797. (Admitted question No. *2042.)**

**শ্রীকালীপদ মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় মোট কত মাইল পাকা রাস্তা আছে ;

(খ) জেলওয়ারী পাকা রাস্তার হিসাবে এই জেলা কি স্থান লাভ করিয়াছে ; এবং

(গ) কোন্ জেলা সর্বোচ্চ স্থান লাভ করিয়াছে ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** (ক) সরকারের অধীনে ১৫০ মাইল।

(খ) (১) মোট দৈর্ঘ্য হিসাবে পঞ্চদশ ; (২) আয়তন অনুপাতে তৃতীয় এবং (৩) জনসংখ্যা অনুপাতে পঞ্চদশ।

(গ) (১) মোট দৈর্ঘ্য হিসাবে ২৪-পরগনা; (২) আয়তন অনুপাতে হুগলি এবং (৩) জনসংখ্যা অনুপাতে দার্জিলিং।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় মন্ত্রিমহোদয়া বললেন যে, হাওড়া জেলায় সরকারের অধীনে ১৫০ মাইল পাকা রাস্তা আছে। আমার প্রশ্ন হচ্ছে বেসরকারী কোন পাকা রাস্তা আছে কিনা এবং থাকলে তার পরিমাণ কত ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** মিউনিসিপ্যালিটিকে বাদ দিয়ে কেবলমাত্র আমাদের সরকারের অধীনে ১৫০ মাইল পাকা রাস্তা আছে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** ন্যাশানাল হাইওয়ে কি আপনি সরকারের অধীনে ধরেন?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** মিউনিসিপ্যালিটি বাদ দিয়ে সমস্ত সরকারের অধীনে ধরা হয়েছে।

**শ্রীকালীপদ মণ্ডল:** আপনি বললেন, দৈর্ঘ্যের দিক থেকে হাওড়া জেলা পঞ্চদশ স্থান। আমি জিজ্ঞাসা করছি, এই বছরের মধ্যে হাওড়া জেলাকে যাতে উচ্চ স্থানে নিয়ে যাওয়া হয় তার জন্য কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** এ প্রশ্ন আসে না এর থেকে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** এই পরিমাণ রাস্তার মধ্যে উলুবেড়িয়া সাবডিভিসনে কত পরিমাণ রাস্তা আছে জানাবেন কি ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহোদয়া বলবেন কি, গত যুক্তফ্রন্ট সরকারের আমলে হাওড়া জেলায় যেসমস্ত রাস্তা নেওয়া হয়েছিল এবং তারপর আমাদের সরকারের পতনের পর যেগুলি অ্যাবানডন ক'রে দেওয়া হয়েছিল আবার সেইসমস্ত রাস্তা নিয়ে কার্যকরী করার মতলব আছে কি ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** ফোর্থ প্ল্যান এখনও ঠিক হয় নি, মাননীয় সদস্যরা সেটা জানেন। ফোর্থ প্ল্যানে রাস্তা আমরা নেব, পুরানো মন্ত্রী হেমন্তবাবু যেগুলি ঠিক করেছিলেন সেগুলি আমাদের সামনে থাকবে এবং নতুন ক'রে বিধানসভার সদস্যদের ডেকে ডিস্ট্রিক্ট-ওয়াইজ ঠিক করা হবে, হাওড়াকেও ডাকব।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহোদয়া বলবেন কি, কোন্ জেলা সর্বনিম্ন স্থান লাভ করেছে এবং কি কারণে করেছে ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়ঃ** প্রশ্ন তো তা নয়, তবে বলতে পারি পুরুলিয়া জেলা।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহোদয়া জানাবেন কি, আপনি বললেন, হাওড়া জেলায় মোট ১৫০ মাইল পাকা রাস্তা আছে। আমরা দেখেছি বহু রাস্তা ইনকমপ্লিট, সেইসমস্ত ইনকমপ্লিট রাস্তা ধ'রে কি আপনি ১৫০ মাইল বললেন? তা যদি বলেন, তা হ'লে বেতাই-ডিহিভুর্সুট রোড, বেতাই-ঝিকরা রোড, সব ইনকমপ্লিট রয়েছে, সেখানে গ্যাপ রয়ে গেছে। আমার প্রশ্ন হচ্ছে, এই সমস্ত রাস্তা ইনকমপ্লিট থাকার কারণ কি এবং কবে নাগাত কমপ্লিট হবে?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়ঃ** প্রথমত আমি ইনকমপ্লিট রাস্তার কথা বলি নি, কমপ্লিট রাস্তার কথা বলেছি। ইনকমপ্লিট যেগুলি আছে পয়সার অভাবে সেগুলি আমরা করতে পারছি না, আমাদের অল্প ফান্ডের ভেতরে যতটা সম্ভব করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহোদয়া আমার প্রশ্নের অর্ধেক জবাব দিয়েছেন, তিনি বললেন সর্বনিম্ন স্থান অধিকার করেছে পুরুলিয়া। আমি জিজ্ঞাসা করছি পুরুলিয়া কি কারণে উপেক্ষিত হয়েছে?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়ঃ** এ প্রশ্ন উঠে না।

**শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লাঃ** মাননীয় মন্ত্রিমহোদয়া জানাবেন কি, আপনি বললেন ২৪-পরগনা দৈর্ঘ্যে সব থেকে বেশি। এটা কত মাইল হবে?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়ঃ** প্রশ্ন হচ্ছে হাওড়া জেলা সম্বন্ধে, নোটিস দিলে এই প্রশ্নের উত্তর দেব।

### Supply of electricity in Bankura district

***798.** (Admitted question No. *2044.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the rate at which the State Electricity Board supplies electric energy to Bankura Electric Supply Company;

(b) the rate at which the said Company supplies electricity to the public for household consumption; and

(c) the rate at which the State Electricity Board supplies electricity to the public for household consumption in Bankura district?

**Shri SUSHIL KUMAR DHARA:** (a) The State Electricity Board supplies at an average rate of 12.21 paise per Kwh.

(b) The rates of West Bengal Power Supply Company Limited, licensee of Bankura Electric Licence for supply of energy for domestic purposes, are as follows:

| | | Net Rate. |
|---|---|---|
| (i) Lights and fans | .. | 37 paise per kwh. |
| (ii) Heater, Refrigerator, Radio, Cooler, etc. | .. | 13 paise per kwh. |
| (iii) Domestic pump (less than 5 H.P.) | .. | 18 paise per kwh. (subject to a minimum charge of Rs.3 per BHP of connected load per month). |

(c) Power is supplied by the Board to its consumers in the district of Bankura at the following rates:

| | Net Rate. |
|---|---|
| (i) Lights and fans .. | 36 paise per kwh. |
| (ii) Heating devices, Radio and Cooling device, etc. | 13 paise per kwh. |

**শ্রীবীরেশ্বর ঘোষ:** যখন বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড পাওয়ার দিচ্ছে, তখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বাঁকুড়া জেলার অন্যত্র যে রেটে পাওয়ার সাপ্লাই করে, বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিকে সেই একই রেটে পাওয়ার সাপ্লাই করতে বাধ্য করবেন কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তা কি ক'রে পারব ? তারা পাইকারী নিচ্ছে খুচরা বিক্রি করছে। পাইকারী ও খুচরার দর তো আলাদা আলাদা হবে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** বাঁকুড়ার টাউন বাদ দিয়ে অন্যত্র যে রেটে কনজিউমারদের আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ড দেয়, সেই রেটে যাতে বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিও বাঁকুড়ার কনজিউমারদের দেয়, তার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তাতে খুব বেশি পার্থক্য নাই, ৩৭ পয়সা আর ৩৬ পয়সা। ওরা যেটা ১৮ পয়সায় দিচ্ছে, আমরা সেটা দিচ্ছি ১৩ পয়সায়। একই রকম সমান করায় অসুবিধা আছে। কোম্পানি সব ডেকেছিলাম ১৯৬৭ সালে এবং তাঁদের সঙ্গে আলোচনা করেছিলাম। তাঁরা অনেক অসুবিধার কথা বলেছিলেন। তাই তাঁদের চাপ দিতে পারি না।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** একটা জিনিস কোম্পানির সঙ্গে আলোচনার সময় উঠেছিল কিনা, তখন তাদের ইনস্টলেশন গত যুদ্ধের আগে, সেইজন্য ক্যাপিটাল কস্ট ডেপ্রিসিয়েশন-এর প্র্যাকটিক্যালি নিল হয়ে গেছে ; খুবই কমেছে . আর এদিকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাদের ইনস্টলেশন বিভিন্ন জায়গায় নিয়ে গেছে, তাই তাদের খরচও অত্যধিক। তা সত্ত্বেও কনজিউমারদের তারা যে রেটে পাওয়ার সাপ্লাই করছে, তারা কেন বাঁকুড়া টাউনের পাবলিককে দিতে পারছে না--এটা আলোচনায় এসেছিল কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আলোচনা হয়েছিল সবই, কিন্তু তাদের আমরা বাধ্য করতে পারি না আইনতঃ।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** আর একবার তিনি চেষ্টা করে দেখবেন কিনা এ বিষয়ে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** চেষ্টা অনেকবারই করতে পারা যায়, তাতে কিছু যায় আসে না।

### পুরুলিয়া জেলার বলরামপুর-সিন্দরী রাস্তার সংস্কার

***799.** (Admitted question No. *2059.)

**শ্রীগোবর্ধন মাঝি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) পুরুলিয়া জেলায় বরাবাজার থানায় বলরামপুর-সিন্দরী রাস্তার মধ্যে রূপমা হইতে হুল্লুং অংশটুকুর উপর রাস্তা মেরামতির উদ্দেশ্যে ৯।১০ বৎসর ধরিয়া বড় ও ছোট পাথর জমা করিয়া রাখা হইয়াছে, অথচ আজও রাস্তা মেরামত করা হয় নাই, এবং

(২) উপরোক্ত কারণে উক্ত রাস্তায় যানবাহন চলাচলের অত্যন্ত অসুবিধা হইতেছে এবং কয়েকটি বাস দুর্ঘটনাও হইয়া গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কোন আশু ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

**Mr. SPEAKER:** This question, i.e., question No. 799 is held over as I have got a letter stating that the Minister concerned has not yet been able to collect materials.

### বর্ধমান জেলার গ্রামে বিদ্যুৎ সরবরাহ

***800.** (Admitted question No. *2065.)

**শ্রীদেবব্রত দত্ত:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় আজ পর্যন্ত কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে;

(খ) এই জেলায় বর্তমান বৎসরে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করা হইতেছে; এবং

(গ) গ্রামে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার নীতি বা শর্ত সংক্ষেপে কি কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই প্রশ্নের উত্তর নিয়ে প্রস্তুত নই ব'লে এটার জন্য আমি সময় চেয়েছিলাম।

**Mr. SPEAKER:** Question No. 800 is also held over.

### তল্লা ব্রিজ, মেদিনীপুর

***801.** (Admitted question No. *2080.)

**শ্রীপরেশ দাশ:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খেজুরী থানার তল্লা ব্রিজ সম্পূর্ণ হইয়াছে কি;

(খ) যদি সম্পূর্ণ না হইয়া থাকে, তাহার কারণ কি; এবং

(গ) ঐ ব্রিজের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে এবং কত টাকা এ যাবৎ খরচ হইয়াছে?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** (ক) না, ৫ শতাংশ মত কাজ এখনও বাকি আছে।

(খ) যথেষ্ট অর্থ বরাদ্দের অভাবে কাজটি মন্থরগতিতে চলেছে এবং জমি সংগ্রহে অসুবিধার সম্মুখীন হওয়াতে অ্যাপ্রোচ রোডে মাটির কাজও বিলম্বিত হয়েছে।

(গ) ৩,৮৩,৮৭৩ টাকার এস্টিমেট রয়েছে এবং ৩,৯৪,২০২ টাকা এ যাবৎ খরচ হয়েছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রিমহাশয় (গ) প্রশ্নের উত্তরে বললেন, তাতে আমি জিজ্ঞাসা করি যে, এই ব্রীজটি সম্পূর্ণ হতে কত দিন লাগবে?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** এটা নির্ভর করছে জমি পাওয়ার উপর। অ্যাপ্রোচ রোডে যাদের জমি আছে তারা জমি ছাড়ছে না। আমরা তাদের বোঝাচ্ছি। যত তাড়াতাড়ি তাদের বুঝিয়ে ছাড়িয়ে নিতে পারি তার চেষ্টা করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** এই জমি দখল নিয়ে কোন কেস হয়েছে কিনা?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** আমি ডিটেলস আপনাকে বলতে পারব না।

[1-40—1-50 p.m.]

### পুরুলিয়া জেলায় একই ব্যক্তিকে একাধিক এজেন্সী প্রদান

***802.** (Admitted question No. *2161.)

**শ্রীদমনচন্দ্র কুইরী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় একই ব্যক্তিকে বিভিন্নভাবে যথা, ডি পি এজেন্সি, স্টোরিং এজেন্সি, ক্যারিং এজেন্সি এবং মিলিং এজেন্সি দেওয়া হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং ঐরূপ কোন্ কোন্ ব্যক্তিকে একাধিক এজেন্সি দেওয়া হইয়াছে ?

**শ্রীসুধীন কুমার:** (ক) ও (খ) ফুড কর্পোরেশন পুরুলিয়া জেলায় সুষ্ঠুভাবে ধান সংগ্রহের জন্য ঐ জেলাস্থ চাউলকল মালিকগণকে ওখানকার ডেপুটি কমিশনারের অনুমোদনক্রমে ডি পি এজেন্টরূপে কাজ করিতে দিয়াছে। সংগৃহীত চাউল ভাঙ্গার সুবিধার জন্য উহাদিগকে বানী মিলিং কমিশন দিয়াছে। তবে নিজের কলের জন্য ধান সংগ্রহ করিয়া ভাঙ্গার অনুমতি ইহাদিগকে দেওয়া হয় নাই। পরিশেষে কলে-ভাঙ্গা চাউলের উপযুক্ত স্টোরিং-এর জন্যই ঐ চাউলকল মালিকগণকে স্টোরিং এজেন্সির দায়িত্ব দেওয়া হইয়াছে।

যে কয়েকটি চাউলকলের মালিককে ফুড কর্পোরেশন ডি পি স্টোরিং এজেন্ট ও বানী মিলিং এজেন্ট রূপে নিযুক্ত করিয়াছে তাহাদের নাম ও ঠিকানা এতদ্সংলগ্ন বিবরণীতে দেখানো হইল।

বর্তমানে কর্মরত ট্রান্সপোর্ট কন্ট্রাক্টরদের কর্মক্ষমতা অত্যন্ত সীমিত বলিয়া জেলার অভ্যন্তরস্থ এবং দুর্গম অঞ্চলগুলি হইতে দ্রুত ধান সংগ্রহের উদ্দেশ্যে জেলার ডি পি এজেন্ট-দের মধ্যে চারজনকে অতিরিক্ত ট্রান্সপোর্ট কন্ট্রাক্টর রূপে ফুড কর্পোরেশন নিযুক্ত করিয়াছে। ঐ চারজনের নাম হইল:—

(১) শ্রীশিউপ্রসাদ সা, বড়বাজার থানা।

(২) শ্রীশান্তিরাম মাহাতো, বাগমুণ্ডি থানা।

(৩) শ্রীগিরিধারী লাল সিংঘানিয়া, রঘুনাথপুর থানা।

(৪) শ্রীবরুণ এস, কে ইউ এস লিমিটেড, আসা থানা।

ইহা ছাড়া, শ্রীশঙ্করপ্রসাদ দত্ত বহু পূর্ব হইতেই পুরুলিয়ার স্টোরিং এজেন্ট তথা ট্রান্স-পোর্ট কন্ট্রাক্টররূপে কাজ করিতেছে।

বলরামপুরের ট্রান্সপোর্ট কন্ট্রাক্টর শ্রীঘাসিরাম দারিপা প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করিতে অপারগ হওয়ায় এবং সংগ্রাহক এজেন্টদের গুদাম হইতে মজুত ধানের স্টক সরাইতে ব্যর্থ হওয়ায় বলরামপুরের অপর একজন স্টোরিং এজেন্ট শ্রীকানাইলাল কুণ্ডু এই বৎসরের ধান্যসংগ্রহ মরশুমের শেষের দিকে ট্রান্সপোর্ট কন্ট্রাক্টররূপে ফুড কর্পোরেশনের কাজ করিয়াছে।

ধান্যসংগ্রহ সুষ্ঠুভাবে চালাইবার জন্য এবং কাজের সুবিধার জন্য প্রায় প্রতি জেলায়ই ফুড কর্পোরেশন একই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রয়োজনবোধে একাধিক কাজের এজেন্সী দিয়া থাকে।

**Statement referred to in reply to clauses (ka) and (kha)(1) of Starred question No. *802.**

1. M|s. Radha Benode Rice Mill, Saltore.
2. M|s. Raimata Rice Mill, Raghunathpur.
3. M|s. Singhania Food Product, Raghunathpur.
4. M|s. Gouri Sankar Rice Mill, Raghunathpur.
5. M|s. Chandi Rice Mill, Raghunathpur.
6. M|s. Chelyama Rice Mill, Chelyama.
7. M|s. Hind Trading Co., Adra.
8. M|s. Kamala Rice & Oil Mill, Cossipore.
9. M|s. Talajuri Rice Mill, Talajuri.
10. M|s. Bhagabati Rice Mill, Kashipore.
11. M|s. Sree Narayan Rice & Oil Mill, Purulia.
12. M|s. Satyanarayan Rice Mill, Purulia.
13. M|s. Trailakya Rice Mill, Korang.
14. M|s. Jagadish Rice Mill, Balarampur.
15. M|s. Radhesyam Ramniwas Rice Mill, Balarampur.
16. M|s. Jamuna Rice Mill, Hura.
17. M|s. Basanti Rice Mill, Hura.
18. M|s. Mahamaya Rice Mill, Hura.

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** এই যে বললেন, এক ব্যক্তিকে প্রয়োজনবোধে ডি পি এজেন্ট, স্টোরিং এজেন্ট, এবং ক্যারিং এজেন্ট এই যে বিভিন্ন এজেন্সি দেওয়া হয়েছে এগুলি কি বিভিন্ন ব্যক্তির কাছ থেকে দরখাস্ত পাওয়ার অভাব—না, আমলাতান্ত্রিক পক্ষপাতিত্ব করার জন্য ?

**শ্রীসুধীন কুমারঃ** যদি কোন অভিযোগ থাকে, তা হ'লে তার তদন্ত করার জন্য এফ সি আই-কে জানাতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মননীয় খাদ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ডি পি এজেন্ট যাদের নিযুক্ত করা হচ্ছে তারা বহু জায়াগায় চালকলগুলিরও এজেন্ট ?

**শ্রীসুধীন কুমারঃ** যাদের নিযুক্ত করা হয়েছিল তাদের কারও কারও সম্পর্কে এইরকম অভিযোগ পাওয়া গেছে, সেটা আমরা অবগত আছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে, যেহেতু এরা চালকলগুলির অ্যাক্টিভ এজেন্ট সেইজন্য ঠিক ঠিক মত গোডাউন খোলে না এবং সেখানে কেনাবেচাও হয় না ?

**শ্রীসুধীন কুমারঃ** এ সম্পর্কে গত খাদ্যদপ্তরের ব্যয়বরাদ্দের আলোচনার সময় নিজেরাই আমরা এটা উল্লেখ করেছিলাম।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** এই যে ডি পি এজেন্ট, ক্যারিং এজেন্ট, স্টোরিং এজেন্ট, মিলিং এজেন্ট—এদের কিভাবে নেওয়া হয় ?

**শ্রীসুধীন কুমার:** প্রশ্নটা ঠিক বুঝলাম না—তাঁরা তাঁদের যেখানে প্রয়োজন বোধ করেন এফ সি আই সংগ্রহ করেন। এই প্রশ্নের উত্তরে বলেছি, স্থানীয় কমিশনার, ডেপুটি কমিশনারদের পারমিশনে অফিসারদের মারফত এদের সংগ্রহ করে এসেছিল। তবে কিভাবে ভবিষ্যতে করা হবে তা আমি বলতে পারব না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একই সঙ্গে, একই অর্গানাইজেশন বিভিন্ন ধরনের কাজ করলে তার মধ্যে কোন দুর্নীতি হওয়ার সম্ভাবনা আছে ব'লে সরকার মনে করেন কিনা?

**শ্রীসুধীন কুমার:** এটা সাধারণ ক্ষেত্রে ঘটে না। তবে একই লোককে কোন কোন সময় একাধিক এজেন্সী দেওয়ার দরকার হয়। যেমন বানী মিল, চালটা তুলতে যদি দেরি করে এজেন্সী না দিলে সে রাখতে পারবে না, অতএব তাকে দিতেই হয়। অনেক জায়গায় এটা বাধ্যতামূলক হয়ে যায় এবং তাতে আমাদের কাজের সুবিধাও হয়।

**শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তা, মেদিনীপুর**

***803.** (Admitted question No. *2177.)

**শ্রীদেবেন্দ্রনাথ দাস:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন থানার শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তাটি আজ কয়েক বৎসর পূর্বে আরম্ভ হইয়াও কেন শেষ হইতেছে না;

(খ) এই রাস্তার জন্য কত টাকা মঞ্জুর হইয়াছিল;

(গ) কত টাকা খরচ হইয়া গিয়াছে;

(ঘ) আর কত টাকাই বা এই রাস্তার জন্য ব্যয় হইবে, এবং

(ঙ) এই রাস্তা শেষ হইতে আর কত সময় লাগিবে?

(Held over)

**মেদিনীপুর জেলার ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ক্ষেত্র ও নিদর্শনসমূহের প্রামাণ্য তথ্য**

***804.** (Admitted question No. *2220.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডর:** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ছোট বড় ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ক্ষেত্র ও নিদর্শনসমূহের কোন প্রামাণ্য তথ্য সরকারের নিকট আছে কিনা;

(খ) থাকিলে, ঐগুলি কি কি এবং কোথায় অবস্থিত; এবং

(গ) উহাদের মধ্যে সংরক্ষণযোগ্য ক্ষেত্র ও নিদর্শনসমূহ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রীসুবোধ ব্যানার্জি:** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) খড়্গপুরের নিকটবর্তী মালঞ্চ গ্রামে অবস্থিত দক্ষিণাকালীর মন্দির ও মেদিনীপুর শহরে অবস্থিত শহীদ ক্ষুদিরামের বাসস্থান সংরক্ষণ বিষয়ে বর্তমানে সরকার বিবেচনা করিতেছেন।

## আসানসোল খনি অঞ্চলে সরকারের অনাদায়ী রয়ালটি

***805. (Admitted question No. *2257.)**

**শ্রীবামাপদ মুখার্জি:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল খনি অঞ্চলে সরকারের কোন রয়ালটি অনাদায়ী আছে কিনা ; এবং

(খ) যদি থাকে, তাহলে আদায় করিতে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) হ্যাঁ। আছে।

(খ) বকেয়া রয়্যালটির টাকা আপসে আদায়ের চেষ্টা করা হইতেছে। যেখানে আপসে সম্ভবপর হইতেছে না, সেসব ক্ষেত্রে বকেয়া রয়্যালটির টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারি করা হইয়া থাকে।

**শ্রীসুনীল বসুরায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কত টাকা বাকি আছে, কাদের কাছে বাকি আছে এবং এই টাকা মকুব করার জন্য কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন প্রচেষ্টা হয়েছে কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** যদিও আপনি অনেকগুলি প্রশ্ন একসঙ্গে করেছেন, তবুও আমি যেগুলি পারি উত্তর দিচ্ছি। বাকির হিসাবটা ২-৩ রকম ভাবে ধরতে হবে। সহজ হিসাব ধরলে আপাতত যা বিধিব্যবস্থা আছে সেই অনুসারে ১১ কোটি টাকার বেশি বাকি আছে আসল, আর সুদ ধরলে প্রায় ২০ কোটি টাকা হয়। এ বিষয়ে যে জটিলতার সৃষ্টি হয়েছে তা সংশোধনের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের কাছে একটা প্রস্তাব পাঠিয়েছেন।

**শ্রীসুনীল বসুরায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বাকি যাদের কাছে আছে তাদের কাছে ডিসট্রেস ওয়ারেন্ট জারি করা হয়েছে কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** না, তা হয় নি। সার্টিফিকেট জারি করার নিয়ম আছে।

**শ্রীনিতাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে প্রায় ২০ কোটি টাকা বাকি পড়ল, এর কারণ কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ২০ কোটি টাকার মধ্যে দুটি ভাগ করলে ৯ কোটি টাকা সুদ এবং ১১ কোটি টাকার মতন আসল হয়। এর আগে একটা চুক্তি সম্পাদিত হয়েছিল ১৯৬৬ সালে খনি মালিকদের সঙ্গে, সেই চুক্তি অনুসারে তাঁরা শতকরা হারে ২৫০ শতক খাজনা বা রয়্যালটি দিচ্ছিলেন এবং সেই রয়্যালটির বাকি আদায়টা অনেকদূরে উঠেছিল। আর তার আগের যে বাকি ছিল সেটা ৩৬টা কিস্তিতে দেবার চুক্তি হয়েছিল এবং কিছু কিছু চুক্তিপত্র আসতেও আরম্ভ করেছিল, কাজেই বাকিটা পড়েছে আগের। তা ছাড়া হাইকোর্টে ওঁরা পাল্টা কেস করেছিলেন, সরকারও কেস করেছেন, এইভাবে জটিলতার সৃষ্টি হয়েছে, জমিদারীদখল আইনের পর থেকে এই জটিলতা অবশ্য এসেছে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বাকি রয়্যালটি আদায় করবার জন্য সার্টিফিকেট জারি করার নিয়ম আছে। আমার জিজ্ঞাস্য, এক্ষেত্রে কতগুলি সার্টিফিকেট জারি করা হয়েছে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** নোটিস চাই।

**রামপুরহাট-দুনিগ্রাম রাস্তা, বীরভূম**

***806.** (Admitted question No. *2314.)

**শ্রীমৃত্যুঞ্জয় মন্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় রামপুরহাট-দুনিগ্রাম রাস্তার মোট দৈর্ঘ্য কত ;

(খ) ঐ রাস্তার মধ্যে কত মাইলের কাজ এ যাবৎ শেষ হইয়াছে ;

(গ) ঐ রাস্তার ঠিকাদার কে ছিলেন ; এবং

(ঘ) উক্ত রাস্তাটির কাজ এখনও শেষ না হওয়ার কারণ কি ?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায়:** (ক) ৮·০৫ মাইল।

(খ) ৬·২৫ মাইল।

(গ) (১) মেসার্স এন এন সরকার অ্যান্ড সন্স;

(২) মহম্মদ হাজী আব্বাস আলী ;

(৩) কাজী ওবেদুল হক ;

(৪) শ্রী এন জি হাজরা ;

(৫) শ্রী জি ডি বাহেতি ;

(৬) মেসার্স মজুমদার অ্যান্ড সরকার অ্যান্ড কোং ;

(৭) শ্রীলক্ষ্মীনারায়ণ বিশ্বাস ; এবং

(৮) শ্রীআদ্যনাথ ভট্টাচার্য।

(ঘ) আর্থিক অনটন এবং প্রয়োজনীয় মালমশলা সংগ্রহে অসুবিধা।

**হাওড়া জেলা পরিষদ**

***807.** (Admitted question No. *2342.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে হাওড়া জেলা পরিষদকে পূর্ত এবং স্বাস্থ্য খাতে কত টাকা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) ঐ জেলা পরিষদ বর্তমান বৎসরে এ পর্যন্ত কয়টি রাস্তা, খাল বা সেতু নির্মাণ বা সংস্কার করিয়াছে এবং কয়টি নলকূপ খনন বা পুনর্খনন করিয়াছে ; এবং

(গ) ঐ সকল কার্য সম্পন্ন করিবার জন্য ঐ পরিষদকে অবিলম্বে আর কোন অর্থমঞ্জুর করা হইবে কি না ?

[1-50—2-00 p.m.]

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** (ক) ১৯৬৮-৬৯ সালে পূর্ত খাতে ঋণ হিসাবে ২,৭৫,০০১ টাকা এবং অনুদান হিসাবে ১,৪৭,২৮৫ টাকা মঞ্জুর করা হইয়াছিল। স্বাস্থ্য খাতে পঞ্চায়েত বিভাগ হইতে কোন টাকা মঞ্জুর করা হয় নাই।

(খ) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) বর্তমানে এইরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** হাওড়া জেলা পরিষদের যিনি অ্যাডমিনিস্ট্রেটর তিনি আমাকে বলেছেন যে, সরকার খুব কম টাকা দিয়েছেন, তাতে তাঁদের স্টাফদের মাইনে দিতেই কুলাচ্ছে না, এটা কি সত্য কথা? আপনি বললেন, ভাল টাকা দিয়েছেন, তাহ'লে তাঁরা এই রকম কথা বলছেন কেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** তাঁরা আমার কাছে এমন কিছু লেখেন নি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** আপনি বললেন সেতু নির্মাণ এবং টিউবওয়েল খনন বা পুনর্খনন করার জন্য আর নূতন কোন টাকা মঞ্জুর করবেন না। কিন্তু আমার মনে হয়, এগুলির যথেষ্ট প্রয়োজন রয়েছে। বিশেষ ক'রে গ্রামাঞ্চলে সেতু গঠন করার জন্য পুনরায় আপনি টাকা বরাদ্দের কথা পুনর্বিবেচনা করবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** টাকা যদি পাওয়া যায়, তা হ'লে পুনর্বিবেচনা করা যাবে।

**শ্রীকালীপদ মণ্ডল:** হাওড়া জেলায় নলকূপ বসানোর জন্য যে টাকা মঞ্জুর করা হয়েছিল, সে টাকা কি সমস্ত নলকূপ বসিয়েই খরচ করা হয়েছে?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** এর কতটা নলকূপ বসানো হয়েছিল, তার হিসাব ঐ বিবরণীর মধ্যে আছে। এখন সমস্ত টাকা খরচ করা হয়েছিল, কি না হয়েছিল, সে সংবাদ আমার কাছে নেই।

**শ্রীকালীপদ মণ্ডল:** হাওড়া জেলা পরিষদ নলকূপ বসান নি, এইরকম কোন কথা আপনার কাছে এসেছে কি?

**বিভূতিভূষণ দাশগুপ্ত:** না, আমার কাছে এই রকম কোন অভিযোগ আসে নি।

**শ্রীকালীপদ মণ্ডল:** নলকূপ বসানো হয় নি এইরকম কোন অভিযোগ অথবা যা খরচ হয়েছে, এইরকম কোন অভিযোগ যদি আসে, তা হ'লে তার কোন বিধিব্যবস্থা করবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** সেটা আমরা তদন্ত ক'রে দেখব।

**Oil exploration programme at Bodra**

***808.** (Admitted question No. *2538.) **Dr. A. M. O. GHANI:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government was informed about the abandonment of oil exploration programme at Bodra by Oil and Natural Gas Commission;

(b) if the answer is in the affirmative, what is the decision of the State Cabinet in the matter; and

(c) the names of any other areas in West Bengal where such exploratory oil drilling is under consideration?

**Shri SUSHIL KUMAR DHARA:** Under the Constitution the exploration of petroleum, minerals and oils is the responsibility of the Government of India which the latter discharges, amongst others, through an autonomous body, i.e., Oil and Natural Gas Commission. This Central Commission is under no obligation to intimate to the State Government of the starting or abandonment

of the project nor is the State Government competent to give any direction in this regard. The State Government, however, took up this matter with the appropriate Central Ministry and the following information had been gathered. The Port Canning Project of Oil and Natural Gas Commission at Bodra in West Bengal has been permanently closed but in respect of other areas of West Bengal the project is not yet closed. Drilling will be resumed as soon as a new site is pinpointed after the study of scientific data. Steps are also under consideration for importing powerful enough drilling equipments which will yield drilling very deep, say, 5,000 metres.

**ডঃ আবু আসাদ ওবায়দুল গনিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বোদরা স্কীম একেবারে বাতিল ক'রে দেওয়া হয়েছিল। কিন্তু এর কারণটা কি আপনাকে জানানো হয়েছিল ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য জানেন যে, এই নিয়ে অনেক আলাপ-আলোচনা হয়েছে, তারবার্তা বিনিময় হয়েছে, টেলেক্স বিনিময় হয়েছে সেন্ট্রালের মিনিস্টারের সঙ্গে এবং তার জবাবগুলি মাঝে মাঝে সংবাদপত্রে এসেছে এবং এই বিধানসভায় অন্যান্য সদস্যদের প্রশ্নের উত্তরে তা বলা হয়েছে। তা থেকে এইটুকু বলতে পারি যে, তাঁরা ৪ হাজার ২০০ মিটার পর্যন্ত ড্রিল করার পরে এটা স্টিক ক'রে যায়, আটকে যায় কোন কিছু প্রেসারের চাপে, যার ফলে তাঁরা আর যেতে রাজী হন নি।

**ডাঃ আবু আসাদ মহঃ ওবেদুল গনিঃ** এই ব্যাপারে কি যুক্তফ্রন্ট সরকারের কেবিনেটে আলোচনা হয়েছিল ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** কেবিনেটে ইনফর্মালি এটা আলোচনা হয়েছিল, কেবিনেটের মিনিস্টারদের মধ্যে এটা আলোচনা হয়েছিল।

**ডাঃ এ এ এম ও গনিঃ** পরে অন্য কোন জায়গায় এই এক্সপ্লোরেশন টেক আপ করবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি আগেই বলেছি, আমরা এই সিদ্ধান্ত নেবার কেউ নই।

**ডাঃ এ এ এম ও গনিঃ** অ্যাডভাইস দিতে পারেন কি সেন্ট্রাল গভর্নমেন্টকে এই অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশন সম্বন্ধে ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** অ্যাডভাইস গ্র্যাটিস অনেক রকম দেওয়া যায়, তবে আমরা অনুরোধ করেছি এখানে যখন কেন্দ্রীয় মন্ত্রী এসেছিলেন তখন এখানকার কেবিনেটের প্রভাবশালী মন্ত্রীরা অনুরোধ করেছেন এবং দিল্লীতে গিয়েও তাঁদের বলা হয়েছে।

**ডাঃ এ এ এম ও গনিঃ** কোন আশা আছে কি যে, এটা অল্পদিনের মধ্যে স্টার্ট করা হবে কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মানুষ আশায় থাকে, আশায় আছি বই কি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে, আন্ডারগ্রাউন্ডে তেল আছে কিনা সে সম্বন্ধে দেখার জন্য পশ্চিম বাংলার দক্ষিণাংশে সেন্ট্রাল গভর্নমেন্টের অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশন বিভিন্ন মাঠে-ঘাটে ঘুরে ডিনামাইট চার্জ ক'রে বেড়াচ্ছেন, এই সম্বন্ধে কি খবর রাখেন, বিশেষ ক'রে হাওড়ার দক্ষিণাংশে ?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ডিনামাইট থেকে দূরে থাকাই ভাল, কিন্তু যদি চার্জ ক'রে থাকে সেই সম্বন্ধে আমরা কোন সংবাদ এখনও পাই নি।

## স্টেট ইলেকট্রিসিটি বোর্ড

***809.** (Admitted question No. *2560.)

**শ্রীনিতাইপদ সরকার:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য বিদ্যুৎ পর্ষতের হেড অফিস বর্তমানে স্থানান্তরিত হইয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে বর্তমানে মাসিক কত ভাড়া দিতে হয় এবং অতীতে মাসিক কত ভাড়া লাগিত ;

(গ) উক্ত পর্ষতের কলিকাতাস্থিত অন্যান্য অফিস সহ মোট মাসিক কত টাকা ভাড়া হিসাবে ব্যয় হয় ; এবং

(ঘ) উক্ত পর্ষতের নিজস্ব ভবন তৈরির কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) হ্যাঁ।

(খ) পর্ষদের অপর কয়েকটি অফিস সহ হেড অফিস বর্তমানে যে বাড়িতে অবস্থিত তাহার জন্য মাসিক ২২,৩৯১ টাকা ২৮,৪৫৮ বর্গফুটের বাবত ভাড়া দিতে হয়। কেবলমাত্র হেড অফিসের জন্য দেয় ভাড়া হিসাব করা সম্ভব নয়। কলিকাতায় অবস্থিত পর্ষদের অন্যান্য অফিস সহ হেড অফিসের জন্য এখন মাসে ৫৩,১৮৬ বর্গফুট বাবত ৩৩,৩০৯ টাকা ভাড়া দিতে হয় ; এবং অপর কয়েকটি অফিস সহ হেড অফিস স্থানান্তরিত করিবার পূর্বে পর্ষদের সমস্ত অফিসের জন্য মোট ৪০,৬২৮ বর্গফুট বাবত মাসে ২০,৪৬৮ টাকা ভাড়া দিতে হইত।

(গ) ৩৩,৩০৯ টাকা। প্রতি মাসে।

(ঘ) হ্যাঁ। পর্ষদ ইতিপূর্বে কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের সহিত ৫০,০০০ টাকা কাঠা হিসাবে একখণ্ড ১০ কাঠা জমির বন্দোবস্ত করিয়াছিল। কিন্তু এই জমি অত্যন্ত স্বল্প পরিমাণ এবং টেরিটিবাজারে (রবীন্দ্র সরণি) এমন একটি জনাকীর্ণ স্থানে অবস্থিত যে, উহা উপযুক্ত বলিয়া বিবেচিত হইতেছে না। অল্প কিছুদিন হয় পর্ষদ এক ট্রাস্টি বোর্ডের সহিত আলোচনার মাধ্যমে নিজস্ব বাড়ি তৈরির জন্য চৌরঙ্গী রোডের উপর প্রায় ৪০ কাঠা পরিমাণ জমির বন্দোবস্ত করিয়াছে। ইহার দাম কাঠা প্রতি ৩৫,০০০ টাকা।

**শ্রীনিতাইপদ সরকার:** বর্তমানে এই যে নতুন হেড অফিস স্থানান্তরিত করা হয়েছে এর কারণ কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কারণটা শুনলেন, যে জায়গায় হেড অফিস ছিল এখানে জায়গা ছিল ২৮ হাজার ৪৫৮ বর্গফুট, তার পরিবর্তে এখন যেখানে এসেছে সেখানে ৫৩ হাজার ১৮৬ বর্গফুট জায়গা আছে।

**শ্রীনিতাইপদ সরকার:** যে বাড়িতে বর্তমানে অফিস গেছে, সেই বাড়ির মালিক কে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটার জন্য নোটিস চাই।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রিমহাশয় বললেন, চৌরঙ্গীর যে জায়গা, সেখানে কাঠাপ্রতি ৩২ হাজার টাকা পড়বে এবং কলকাতায় জায়গা নিয়ে যে ফাটকবাজী চলছে, সেটা কি বন্ধ করবেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা তো অন্য মন্ত্রী করবেন। আমার ব্যাপার নয়।

**শ্রীনিতাইপদ সরকার:** আমরা দেখতে পাচ্ছি, প্রতি মাসে বহু হাজার টাকা তাঁরা মাসিক ভাড়া দিয়েছেন, কিন্তু এতদিন ধরে তাঁরা অফিসের নিজস্ব ভবন তৈরির পরিকল্পনা করেন নি কেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** স্থান না থাকলে কোথায় করবেন ?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এই স্থান পরিবর্তনের ফলে টাকা বাঁচবে কি: না, ব্যয়ভার বেড়ে যাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** টাকা তো বেড়ে গিয়েছে দেখা যাচ্ছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** সেটা কত বাড়ল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কাজ বাড়লে, অফিসও বাড়বে, লোকও বাড়বে।

**Service conditions for Estate clerks under the Official Receiver, Calcutta High Court**

***827.** (Short Notice.) (Admitted question No. *2133.) **Shri NIKHIL DAS:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether two sets of service conditions are laid down for clerks and Estate clerks employed under Official Receiver, Calcutta High Court;

(b) whether the clerks are regular Government employees;

(c) if the answer to (a) is in the affirmative, the reasons for not treating the Estate clerks as regular Government employees although they perform the same nature of work in the same table with clerks of the Official Receiver, Calcutta High Court; and

(d) if the Government considers the desirability of setting same service conditions for Estate clerks with that of the clerks employed by the Official Receiver, High Court, and treating them as regular Government employees so that they can get all the facilities of regular Government employees?

[2-00—2-10 p.m.]

**Mr. SPEAKER:** The question hour is over. There are three short notice questions.

**Shri BHAKTI BHUSAN MANDAL:** (a) Yes, viz., (i) Government staff and (ii) Estate employees.

(b) Estate employees (clerks) are not regular Government employees.

(c) The appointment of Government employees are governed by the Public Service Commission Regulations, but the appointment of Estate employees are made by Official Receiver in consultation with the parties to a particular suit or proceedings, under the provisions of the High Court, Original Side Rules. Government employees belong to the regular salaried establishment of Government and they are paid as such, but the pay of the Estate employees are fixed in consultation with the parties according to the nature and volume of work. The services of an Estate clerk in an individual matter stand terminated either on discharge of O.R. under order of Court or on inter office transfer of matter.

(d) For the reasons stated in answering item (c) of the question, it is difficult to set some service conditions in respect of both sets of employees. The Estate employees may, of course, get same facilities as enjoyed by the regular Government employees, if they are absorbed in the regular establishment of Government in which case their service will be regulated under the conditions applicable to Government servants. The matter is, however, under active consideration of Government.

**শ্রীনিখিল দাস:** স্টেট ক্লার্কদের সার্ভিস কন্ডিশন রুল আছে কি? যদি থাকে, সেটা কি? সেটা কোন ফিক্স আছে কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা ফিক্স নেই। তার কারণ হচ্ছে যখন একটা মামলা হয়, তখন প্রথমেই একটা রিসিভার তৈরি করতে হয়। যেমন স্টেট হয়, তার উপর তার রেমুনারেশন নির্ভর করে। একটা বড় স্টেট হ'লে বেশি রেমুনারেশন হয়, ছোট স্টেট হ'লে কম রেমুনারেশন হয়। এটা তার উপর নির্ভর করছে। রেমুনারেশন ফ্লাকচুয়েট করে।

**শ্রীনিখিল দাস:** মন্ত্রিমহাশয় বলেছেন, স্টেট ক্লার্কদের গভর্নমেন্ট এমপ্লই করার বিষয় আপনারা ভাবছেন। আমার প্রশ্ন, কতদিনের মধ্যে এই ভাবাটা শেষ হবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মোটামুটি এই জিনিসটা এগজামিন ক'রে দেখতে হবে কতগুলো স্টেট আছে এবং কতগুলো লোক এমপ্লয়েড আছে এবং এদের কিভাবে করলে গভর্নমেন্টের খুব বেশি লস হবে না এবং এরাও পায়। এইটা হচ্ছে ক্রাইটেরিয়া, এইভাবে ঠিক করা হচ্ছে।

### শ্রীমতী সন্ধ্যারাণী ঘোষের মৃত্যু সম্পর্কে অভিযোগ

***828.** (Short Notice.) (Admitted question No. *2672.)

**শ্রীমনোরঞ্জন হাজরা:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার চণ্ডীতলা থানার বরিজহাটী গ্রামে ৩০এ অগাস্ট ১৯৬৮ তারিখে শ্রীকৃষ্ণচন্দ্র ঘোষের পুত্রবধূ শ্রীমতী সন্ধ্যারাণীর মৃত্যু সম্পর্কে পুলিশকে অভিযোগ করা সত্ত্বেও কোনরূপ তদন্ত করা হচ্ছে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**শ্রীজ্যোতি বসু:** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মাননীয় মন্ত্রিমহাশয় প্রথমে বলেছেন, না। তা আমার জিজ্ঞাসা হচ্ছে, এই নিয়ে কি কোন কেস হয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ। যে মহিলার মৃত্যু ঘটেছিল তাঁর পিতা নিজেই মামলা করেছিলেন এবং তাতে ৪-৫ জনকে অভিযুক্ত করা হয়েছিল ঐ মহিলার শ্বশুরবাড়ির আত্মীয়স্বজনকে। কিন্তু মামলায় তারা নির্দোষ প্রমাণিত হয়।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মাননীয় মন্ত্রিমহাশয়, একথা কি সত্য যে, ১৫ দিনের মধ্যে পুলিস কোন কেস করে নি ঐ হত্যাকাণ্ড হবার পর?

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ। তারিখ দেখে যা মনে হচ্ছে যে, পুলিসের তদন্ত ১৫ দিন পর শুরু করেছে এবং দেরি হয়েছে।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে, এই মহিলার মৃত্যুর কারণ পোস্ট-মর্টেমএ কি কি উল্লিখিত হয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** রিপোর্টে আছে—ডাক্তারী শব্দগুলি পড়া মুস্কিল। তবুও আমি পড়ে দিচ্ছি।......

"Description of the dead body—Medium build, eyes closed, pupils dilated, face cyanosed—mouth half-opened, blood-stain forth in the mouth and nostrils, rigor mortis passed off.

One small abrasion on the left side of the face. Multiple ecchymosis—small on the back. One small abrasion on the back of left elbow. One ecchymosis 2″×1″ on the lower abdomen. Scalp healthy—membrane conjested, Brain conjested, Chest wall, ribs and cartilage—healthy. Pleurae—healthy. Larynx and trachoea—healthy. Lungs—both conjested. Pericardium—healthy. Heart—healthy and empty. Vesells—healthy. Abdominal wall—as described. Peritonium—healthy. Mouth, pharynx, etc.—healthy. Stomach—conjested, contains about 8 ounces of liquid material, smell of K. oil.

Intestine, small and large—conjested. Liver—conjested. Spleen—conjested. Kidney—conjested. Bladder—healthy full. Genetal organ, external and internal—healthy.

Opinion reserved pending chemical examiner's report. Body was handed over to her husband Upentra Nath Ghose on the same date, being requested by the P.S. concerned. External injuries were anti-mortem in nature.

After inflicting such injuries as were found on the person it was not unlikely that she could be made to swallow certain thing such as drugs."

আর এর সাথে একথা ব'লে দিতে চাই, কাগজপত্র পড়ে যা দেখেছি যে, বারো আউন্স লিকুইড কেরোসিন তৈল পাওয়া গিয়েছিল।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পোস্ট-মর্টেম রিপোর্ট-এ যেটা উল্লেখ হয়েছে যে, এলবো—এইসমস্ত জায়গায় ইনজুরি ছিল। আর আট আউন্স কেরোসিন তেল ইত্যাদি যা রয়েছে, তাতে মনে হচ্ছে যে, ফলিডল-এর ব্যাপার-ট্যাপারে—ঐখানে একটা জিনিস রয়েছে যে, সোয়ালোড ফরসিভলি—তাকে খাওয়ানো হয়েছিল। কোন করেসপন্ডিং ইনজুরি রিপোর্ট আপনার এতে আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু:** আমি পড়ে দিলাম, কিন্তু সবগুলি শব্দ বুঝলাম না। তবে এখানে শেষের দিকে যা লেখা আছে তাতে এটা পরিষ্কারভাবে দেখছি
could be made to swallow certain things such as drugs
তার মানে এটা হ'তে পারে, ওর আঘাতের যেসমস্ত দাগ আছে—ওটা করবার পর তাকে খাওয়ানো হয়েছিল। তারপর দেখা গেল, ঐ কেমিক্যাল এক্সামিনেশন-এ যে আট আউন্স পাওয়া গেছে। এখন সেটায় তাঁর মৃত্যু ঘটেছে—তিনি নিজে খেয়েছিলেন না তাঁকে খাওয়ানো হয়েছিল—কোর্টে অন্তত এটা প্রমাণিত হয় নি। এটাই দেখতে পাচ্ছি।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** এই কেসটার যিনি পুলিসের পক্ষ থেকে ইনভেস্টিগেশন করেছিলেন ঐ সি আই সোম, তিনি এই রিপোর্ট পাওয়া সত্ত্বেও কেসটা তাড়াতাড়ি করতে চান নি, যার ফলে ঐ মেয়ের বাবাকে করতে হয়েছিল, একথা কি সত্য?

**শ্রীজ্যোতি বসু:** এখানে মনে হচ্ছে, প্রায় ১৫ দিন তদন্ত ইত্যাদি কিছুই হয় নি এবং সেইজন্যই ঐ মহিলার পিতা তিনি নিজে এই মামলাটা করেন এবং একটা চিঠিও দেখছি তিনি তখন আই জি-র কাছে লিখেছিলেন, আমি গরিব মানুষ, আমার পক্ষে মামলা চালানো

অসম্ভব। তবে যাই হোক, কেসটার তদন্ত করা উচিত। আর পুলিসের রিপোর্ট হচ্ছে যে, যেহেতু কোর্টে মামলা চলে গিয়েছে, বিচারাধীন আছে সেই হেতু ও'রা আর ইনভেস্টিগেশন করেন নি।

**শ্রীআবদুল লতিফ ঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই মৃত্যু সংক্রান্ত ব্যাপারে ঘুষ নেবার অভিযোগে চণ্ডীতলা থানার কোন পুলিস অফিসার গ্রেপ্তার হয়েছিল কিনা ?

**শ্রীজ্যোতি বসু ঃ** এরকম খবর আমার কাছে নেই।

**Shri MUHAMMED KHUDA BUKSH:** Will the Hon'ble Minister be pleased to tell us whether this day was responsible for the discharge of the accused in this murder case?

**শ্রীজ্যোতি বসু ঃ** সেটা আমি কি ক'রে বলব, মতের ব্যাপার। কোর্ট নিশ্চয়ই সমস্ত জিনিসটা বিচার করেছে।

[2-10—2-20 p.m.]

**গো-ঋণ ও সার-ঋণ**

***829.** (Short Notice.) (Admitted question No. *2691.)

**শ্রীকালীপদ মণ্ডল এবং শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে এ পর্যন্ত বাংলাদেশে কত টাকা গো-ঋণ ও সার-ঋণ বাবত দেওয়া হয়েছে ;

(খ) উক্ত সময়ে চাষীদের মোট প্রয়োজন কত টাকার ছিল ;

(গ) দেয় ঋণ চাষীদের প্রয়োজনের কত অংশ পূরণ করেছে ; এবং

(ঘ) কৃষি-ঋণ বৃদ্ধি করার বিষয় সরকার চিন্তা করছেন কি ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** (ক)

গো-ঋণ বাবত—২১,৩৭,০০০ টাকা
সার-ঋণ বাবত—১,৭৩,০০,০০০ টাকা

**(খ)**

গো-ঋণ বাবত—৭৫,০০,০০০ টাকা
সার-ঋণ বাবত—২,১৫,৩৮,৫০০ টাকা

(গ) গো-ঋণ বাবত শতকরা ২৮·৫ অংশ ; সার-ঋণ বণ্টন ব্যবস্থা এখনও চলিতেছে এবং আশা করা যায় যে, চাষীদের প্রয়োজন পুরাপুরিভাবে পূরণ করা সম্ভব হইবে।

(ঘ) কৃষি-ঋণ এগ্রিকালচারাল লোন বাজেটবরাদ্দ অপেক্ষা বেশিই দেওয়া হয়। সুতরাং প্রশ্ন ওঠে না।

## STARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

### হলদিয়া নদীর উপর ব্রীজ

***811.** (Admitted question No. *1801.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার হলদিয়া নদীর উপর নরঘাট এলাকায় যে 'ব্রীজ' তৈরি হইতেছে তাহার জন্য কত টাকা ব্যয় হইবে এবং এ যাবৎ কত টাকা ব্যয় হইয়াছে ?

(খ) কবে ঐ কাজ শুরু হইয়াছিল এবং কবে নাগাত ঐ কাজ শেষ হইবে ;

(গ) কোন্ কন্ট্রাক্টর ঐ কাজের দায়িত্ব লইয়াছেন ; এবং

(ঘ) ঐ কাজ যাহাতে শীঘ্র শেষ হয় তাহার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে ?

**পূর্তবিভাগের মন্ত্রিমহাশয়াঃ** (ক) (১) অনুমোদিত বরাদ্দ ৫৯,২৪,০০০ টাকা।

(২) ২৯এ ফেব্রুয়ারি ১৯৬৯ তারিখ পর্যন্ত ব্যয় ১১,৮৭,৬৭৪ টাকা।

(খ) (১) ১৯৬৭ সালের মার্চ মাসে শুরু।

(২) পর্যাপ্ত অর্থ বরাদ্দ হইলে ১৯৭২ সালের মার্চ মাসের মধ্যে শেষ হইবে আশা করা যায়।

(গ) চন্দ ইঞ্জিনীয়ার্স (ইন্ডিয়া) লিমিটেড।

(ঘ) পর্যাপ্ত অর্থবরাদ্দের চেষ্টা হইতেছে।

### Service conditions, etc., of the employees of the Oriental Gas Co.

***812.** (Admitted question No. *2016.) **Shri SAMAR KUMAR RUDRA:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if it is a fact that the present Management of Oriental Gas Company has curtailed most of the rights, privileges and facilities of workmen and employees which they were enjoying heretofore in relation to—

(a) Service conditions;

(b) Promotion;

(c) Fixation of grade and scale;

(d) Distribution of work; and

(e) Night allowance, Coke allowance, supply of umbrellas, uniforms, etc.

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state the reasons for the same?

**The Minister for Commerce and Industries:** (a) No.

(b) Does not arise.

### Electric Supply Company owned or controlled by Ellias Co.

***813.** (Admitted question No. *2045.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the names of the Electric Supply Companies, owned or controlled by the Ellias Company, to which the State Electricity Board supplies electric energy;

(b) the rate at which the State Electricity Board supplies electric energy to the said companies;

(c) rates charged by the said companies from the public for household consumption; and

(d) what are the rates charged by the said company for commercial consumption?

**The Minister for Commerce and Industries:** (a) The West Bengal Power Supply Company Limited which have been granted four electric licenses, viz., (1) Bankura Electric License, 1932, (2) Midnapore Electric License, 1932, (3) Krishnagar Electric License, 1933 and (4) Nabadwip Electric License, 1957, is managed by Messrs. B. N. Ellias & Company (P) Limited and power is supplied to the company at Bankura, Midnapore and Krishnagar. Power is not supplied by the Board at Nabadwip directly but certain amount of power purchased at Krishnagar is diverted by the Company to Nabadwip.

(b) Average rate at which power is supplied by the Board to the Company at different points are given below:

(1) Bankura—12.21 paise per kwh (Maximum demand 1643 KVA at an average annual load factor of 48 per cent.).

(2) Midnapore—11.37 paise per kwh (Maximum demand 1833 KVA at an average annual load factor of 62 per cent.).

(3) Krishnagar—12.84 paise per kwh (Maximum demand 2664 KVA at an average annual load factor of 32 per cent.).

(c) A statement is laid on the Library Table.

(d) Messrs. West Bengal Power Supply Company have no commercial rate as such, but the following rates are offered for battery charging and Cinema Projector:—

| | | Battery Charging Nett paise | Cinema Projector Nett paise |
|---|---|---|---|
| 1. Krishnagar | ... | 22.750 | 25.00 |
| 2. Bankura | ... | 18.00 | 22.875 |
| 3. Midnapore | ... | 12.50 | 21.875 |
| 4. Nabadwip | ... | 27.75 | 25.00 |

**চলচ্চিত্র উন্নয়ন বোর্ড**

***814.** (Admitted question No. *2077.)

**শ্রীঅশ্বিনী রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে চলচ্চিত্র উন্নয়ন বোর্ড গঠিত হইতেছে কি ; এবং

(খ) গঠিত হইয়া থাকিলে,—

(১) গঠনের তারিখ, এবং

(২) বোর্ডের সদস্যদের নাম ও ঠিকানা ?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) এখনও গঠিত হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

**কাঁথি-নরঘাট রাস্তার উপর ব্রীজ**

***815.** (Admitted question No. *2081.)

**শ্রীপরেশ দাস:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি-নরঘাট রাস্তার উপর কালীনগরে যে ব্রীজ হইতেছে তাহা শুরু করার আদেশ কবে দেওয়া হইয়াছিল ;

(খ) ঐ ব্রীজের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে এবং কত টাকা এ যাবৎ খরচ হইয়াছে ;

(গ) কোন্ কোন্ কন্ট্রাক্টর ঐ কাজের দায়িত্ব লইয়াছেন ; এবং

(ঘ) ঐ ব্রীজ সম্পূর্ণ হইতে আরও কত সময় লাগিবে ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া:** (ক) আদেশ দেওয়া হয় ১৯৬৩ সালের ৭ই মার্চ তারিখে এবং কাজ শুরু হয় পরবর্তী মার্চ মাসে।

(খ) (১) মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ১০,৪৮,৯০০ টাকা।

(২) ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত খরচের পরিমাণ ১১,২৯,৭৭৫ টাকা।

(গ) মেসার্স চ্যাটার্জি ব্রাদার্স।

(ঘ) আশা করা যায়, ১৯৭০ সালের মার্চ মাসের মধ্যে কাজ শেষ হইবে।

**পুরুলিয়া জেলায় ধান্য সংগ্রহকারী এজেন্টদের বিরুদ্ধে অভিযোগ**

***816.** (Admitted question No. *2162.)

**শ্রীদমনচন্দ্র কুইরি:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাগমুণ্ডি ব্লকের অধীনে বিভিন্ন জায়গায় সরকারী ধান্য সংগ্রহকারী এজেন্টরা (ডি, পি, এজেন্ট) এ বছর কৃষকদের কাছ থেকে যে ধান-চাল সংগ্রহ করেছে, তার জন্য সরকারী নির্দেশ অনুযায়ী বহু ক্ষেত্রে ধান ও চালের নির্ধারিত মূল্য ও বোনাস দেওয়া হয় নাই বলিয়া সরকারের কাছে কোন অভিযোগ হইয়াছে কিনা ; এবং

(খ) অভিযোগ হইয়া থাকিলে, সরকার ইহার জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) পুরুলিয়া জেলার বাগমুণ্ডি ব্লকে সংগৃহীত ধান ও চালের উপর নির্ধারিত বোনাস দেওয়া হয় নাই, এইরূপ একটি অভিযোগ জেলা কর্তৃপক্ষ পাইয়াছেন। ধান ও চালের নির্ধারিত মূল্য দেওয়া হয় নাই, এইরূপ কোন অভিযোগ সরকার পান নাই।

(খ) অভিযোগটি বর্তমানে তদন্তাধীন।

**বর্ধমান জেলার অঞ্চল পঞ্চায়েত**

***817.** (Admitted question No. *2191.)

**শ্রীদেবব্রত দত্তঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার সর্বত্র অঞ্চল পঞ্চায়েত গঠিত হইয়াছে কিনা, এবং না হইয়া থাকিলে উহার কারণ কি ;

(খ) এই জেলায় অঞ্চল পঞ্চায়েতের মোট সংখ্যা কত এবং কয়টি অঞ্চল পঞ্চায়েতের নিজস্ব অফিস গৃহ আছে ; এবং

(গ) এই জেলায় অধিকাংশ অঞ্চল পঞ্চায়েত এলাকায় ন্যায় পঞ্চায়েত গঠিত না হওয়ার কারণ কি ?

**পঞ্চায়েতবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না ; বর্ধমান জেলার আসানসোল এবং দুর্গাপুর মহকুমার এগারোটি থানা ব্যতীত সর্বত্র অঞ্চল পঞ্চায়েত গঠিত হইয়াছে। উক্ত জেলার সর্বত্র পঞ্চায়েত গঠিত না হইবার কারণ প্রথমত আসানসোল এবং দুর্গাপুর মহকুমার শিল্পাঞ্চলে ক্ষুদ্র-বৃহৎ অনেক শিল্প প্রতিষ্ঠান গড়িয়া উঠিয়াছে এবং এতদঞ্চলের পানীয় জল, বিদ্যুৎ সরবরাহ, স্থাস্থ্য, শিক্ষা ও চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি শিল্প কর্তৃপক্ষগণ স্বীয় অর্থ ও উদ্যোগে করিয়া থাকেন। দ্বিতীয়ত, এই অঞ্চলে বহু কয়লাখনি আছে। কয়লাখনির শ্রমিকদের স্বার্থেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণ অনুরূপ ব্যবস্থা করিয়া থাকেন। কয়লাখনির শ্রমিকগণ বিচরণশীল বলিয়া দীর্ঘদিন একস্থানে অবস্থান করেন না। সেই হেতু এতদঞ্চলে পঞ্চায়েত প্রতিষ্ঠার অসুবিধা রহিয়াছে। তৃতীয়ত, কয়লাখনি বাদ দিয়া অবশিষ্ট এলাকাগুলিতেও পঞ্চায়েত গঠন সম্ভব হয় নাই। কারণ খনি অঞ্চল ও গ্রামাঞ্চলগুলি অবিমিশ্র।

(খ) এই জেলায় অঞ্চল পঞ্চায়েতের মোট সংখ্যা ১৯৫টি এবং ২৯টি অঞ্চল পঞ্চায়েতের নিজস্ব অফিসগৃহ আছে।

(গ) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৫৭-এর ৭০(১)নং ধারা অনুযায়ী এই রাজ্যের সকল জেলায় অঞ্চল পঞ্চায়েত স্থাপন করিবার উদ্দেশ্যে প্রাধিকৃত (অথরাইজড) করা হয়। কিন্তু পরবর্তী কালে ন্যায় পঞ্চায়েত স্থাপনের ব্যাপারে কিছু আইনগত অসুবিধা লক্ষ্য করা হয়। ঐ সকল অসুবিধা দূরীকরণের উদ্দেশ্যে প্রচলিত পঞ্চায়েত আইনের সংশোধনের প্রয়োজন অনুভূত হয়। বর্তমানে নূতন পঞ্চায়েত আইন প্রণয়নের পরিপ্রেক্ষিতে ন্যায় পঞ্চায়েতের নির্বাচন স্থগিত রাখা হইয়াছে।

উপরোক্ত কারণে বর্ধমান জেলার সর্বত্র অঞ্চল পঞ্চায়েত এলাকায় ন্যায় পঞ্চায়েত গঠন করা সম্ভব হয় নাই।

**এগরা-দাঁতন রাস্তা, মেদিনীপুর**

***818.** (Admitted question No. *2202.)

**শ্রীদেবেন্দ্রনাথ দাসঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে মেদিনীপুর জেলার এগরা-দাঁতন রাস্তা মঞ্জুর হইয়াছিল, তাহার কাজ কি নাগাত আরম্ভ হইবে ; এবং

(খ) ইহাতে কত টাকা মঞ্জুর হইয়াছিল ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ঐ রাস্তা মঞ্জুর হয় নাই, সুতরাং কাজ আরম্ভ করার প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পূর্তবিভাগ কর্তৃক অনুমোদিত ও রেজিস্ট্রী তালিকাভুক্ত কন্ট্রাক্টর**

***822.** (Admitted question No. *2073.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কত কন্ট্রাক্টর পূর্তবিভাগ কর্তৃক অনুমোদিত ও রেজিস্ট্রী তালিকাভুক্ত ; তন্মধ্যে

(১) ৪র্থ শ্রেণী

(২) ৩য় শ্রেণী

(৩) ২য় শ্রেণী এবং

(৪) ১ম শ্রেণীর

সংখ্যা কত; এবং

(খ) রেজিস্ট্রীভুক্ত হইবার পদ্ধতি ও যোগ্যতা সম্পর্কে যুক্তফ্রন্ট সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন ?

**পূর্তবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক)

| | | | |
|---|---|---|---|
| (১) ... | ... | ... | ১,৮৪৭ |
| (২) ... | ... | ... | ১,০৮১ |
| (৩) ... | ... | ... | ৪৬৯ |
| (৪) ... | ... | ... | ২৭৩ |
| | | মোট ... | ৩,৬৮১ |

ইহা ছাড়া, বিদ্যুৎ শাখার বিশেষ শ্রেণীতে আরও ১১ জন ঠিকাদার তালিকাভুক্ত আছেন।

(খ) দেশের তীব্র বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে যুক্তফ্রন্ট সরকার পূর্তবিভাগের কন্ট্রাক্টরদের রেজিস্টারীভুক্ত করিবার ব্যাপারে উদার নীতি ও ব্যবস্থাদি গ্রহণ করিয়াছেন। যেসকল দরখাস্তকারী বিগত ১৯৬৭ সালে সংবাদপত্রে প্রচারিত বিজ্ঞাপনের প্রত্যুত্তরে এবং তৎপরে ১২ই মে, ১৯৬৯ তারিখের মধ্যে তাঁহাদের দরখাস্ত দাখিল করিয়াছেন মানবিক দৃষ্টিভঙ্গি হইতে বিচার করিয়া সামান্য কয়েকটি শর্তসাপেক্ষে তাঁহাদের প্রায় সকলকেই তাঁহাদের আকাঙ্ক্ষিত শ্রেণীতে তালিকাভুক্ত করা হইতেছে।

ইহা ছাড়া, পাস-করা বেকার ইঞ্জিনীয়ার দরখাস্তকারীদের ক্ষেত্রে কন্ট্রাক্টর তালিকাভুক্তির দরখাস্ত সঙ্গে সঙ্গেই অগ্রাধিকার ভিত্তিতে ঢালাওভাবে মঞ্জুর করা হইয়াছে ও হইতেছে। এই সমস্ত ইঞ্জিনীয়ারদের যে-কোন সময় দরখাস্ত দাখিল করিবার সুযোগ দেওয়া হইয়াছে।

**শহরে ও গ্রামে রেশনে চিনি বণ্টন ব্যবস্থা**

***823.** (Admitted question No. *2192.)

**শ্রীদেবব্রত দত্তঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামে রেশনে প্রতি মাসে একবার মাত্র এবং শহরে প্রতি সপ্তাহে একবার করিয়া চিনি দেওয়া হয় ;

(খ) উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে এইরূপ বৈষম্যের কারণ কি ; এবং

(গ) শহরের ন্যায় সমহারে অন্ততপক্ষে প্রতি মাসে দুইবার করিয়া গ্রামে চিনি দিবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ।

(খ) শহরের লোকেদের চিনির চাহিদা গ্রামের থেকে অপেক্ষাকৃত বেশি। সেই হেতু বরাবরই শহরাঞ্চলে বেশি চিনি বরাদ্দ করা হইয়াছে। গ্রামাঞ্চলে রেশনে এখন চিনির পরিমাণে মাসে মাথাপিছু ১৬০ গ্রাম মাত্র। এই বরাদ্দ মাসে একবার বা দুইবার বা সপ্তাহে একবার দেওয়া হইবে কিনা তাহা ডিস্ট্রিক্ট ফুড এবং রিলিফ কমিটি ঠিক করিবেন।

(গ) শহরের ন্যায় সমহারে প্রতি মাসে দুইবার কেন, প্রতি সপ্তাহে সরবরাহ করিবার ইচ্ছা সরকারের আছে। কিন্তু উহার জন্য রাজ্যের লেভি চিনির বরাদ্দ বাড়া দরকার। সে বিষয়ে চেষ্টা চলিতে থাকিবে ও গ্রামাঞ্চলে চিনির সরবরাহ ক্রমশ বাড়ানো হইবে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, সম্প্রতি রাজ্যের চিনির মূল বরাদ্দ ২,০০০ টন বাড়ানো হইলে এই বাড়তি চিনির সমস্তটাই গ্রামাঞ্চলে দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

**লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেসিন**

***824.** (Admitted question No. *2225.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডুর :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে জেলাওয়ারী লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেসিনের সংখ্যা কত ;

(খ) উক্ত লাইসেন্স প্রদানের উপযুক্ত কর্তৃপক্ষ কে ;

(গ) উক্ত লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেসিনগুলি হইতে সরকার গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে লাইসেন্স বাবত কত টাকা পাইয়াছেন ; এবং

(ঘ) নূতন হাস্কিং মেসিনের লাইসেন্স দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) প্রশ্নে উল্লিখিত সংখ্যা নিম্নে দেওয়া হইল :

জেলার নাম এবং লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেসিনের সংখ্যা

(১) বর্ধমান—৬৫৯
(২) হুগলি—৭০২
(৩) হাওড়া—৫৯৪
(৪) ২৪-পরগনা—৮৭৭
(৫) বাঁকুড়া—২৭৮
(৬) পুরুলিয়া—৩৮
(৭) বীরভূম—৩৪৫
(৮) মালদহ—৪৯
(৯) মুর্শিদাবাদ—২৪০
(১০) মেদিনীপুর—১,৭৩৩
(১১) পশ্চিম দিনাজপুর—১৩৩

(১২) নদিয়া—২৬০

(১৩) জলপাইগুড়ি—৮৪

(১৪) দার্জিলিং—১৭

(১৫) কোচবিহার—১০০

মোট—৬,১০৯

(খ) খাদ্য ও সরবরাহ বিভাগের সকল ডিস্ট্রিক্ট কন্ট্রোলারগণ এবং সকল অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট কন্ট্রোলারগণ নিজ নিজ এলাকায় লাইসেন্স প্রদানের উপযুক্ত কর্তৃপক্ষ।

(গ) এই তথ্য সংগ্রহ সময়সাপেক্ষ। বর্তমানে ইহা দেওয়া সম্ভব হইল না।

(ঘ) না।

## Documentary Films

***825.** (Admitted question No. *2304.) **Shri ASWINI ROY:** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) if there is any quota for preparation of Documentary Films in West Bengal; and

(b) if so (i) the total quantity fixed for 1967-68 and 1968-69 and (ii) total manufacture of documentary films in Bengali in the respective periods?

**The Minister for Information and Public Relations:** (a) No.

(b) (i) Does not arise.

(ii) Government receive no information about the production of documentary films by the private sector, if any. However, the number of documentaries produced or purchased by Government was fifteen in 1967-68 and twelve in 1968-69.

## রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত সিমেন্ট ব্যবসায়ী

***826.** (Admitted question No. *2435.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানায় বর্তমানে কতজন লাইসেন্সধারী সিমেন্ট ব্যবসায়ী আছেন ;

(খ) সরকারের এইরূপ কোন ঘটনার কথা জানা আছে যে, এইসব সিমেন্ট ব্যবসায়ীর অধিকাংশ মাল গুদামে আনার আগেই বাজারদর অপেক্ষা অধিক দরে খরিদ্দারকে বিক্রয় করিয়া থাকেন ; এবং

(গ) যদি এই ঘটনা সত্য হয়, তবে সরকার ইহার প্রতিকারকল্পে কি কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং করিয়া থাকিলে তাহা কি ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৫ জন।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

**বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় গেজেটেড অফিসারদের কোয়ার্টার হইতে আদায়ীকৃত বাড়িভাড়া**

**603.** (Admitted question No. 511.) **Shri SANAT KUMAR RAHA:**

পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় যেসকল গেজেটেড সরকারী কর্মচারী আছেন যেমন ডি এম, জেলা জজ, এস ডি ও, এ ডি এম, ডি এস পি, এ এ এস পি, সি এম ও এইচ প্রভৃতিদের জন্য যে বাড়ি সরকার হইতে বসবাসের জন্য ভাড়া দেওয়া হইয়াছে, কি হারে এই ভাড়া আদায় হয়?

**পূর্তবিভাগের মন্ত্রিমহাশয়:** নিয়মানুসারে অফিসারদের বেতনের ১১ পারসেন্ট, অথবা নির্ধারিত প্রমাণ ভাড়া এবং বেতনের ১ পারসেন্ট, যাহা কম এই দুই বিকল্পের মধ্যে হইবে, অফিসারদের নিকট হইতে তাহাই ভাড়া হিসাবে আদায় করা হয়।

এই ক্ষেত্রেও ইহার ব্যতিক্রম হইতেছে না।

**বিষ্ণুপুর বিলে মৎস্য-চাষে সরকারী ব্যয়**

**604.** (Admitted question No. 1411.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর মহকুমায় বিষ্ণুপুর বিলটি সরকার কর্তৃক অধিগ্রহণ করার পর হইতে আজ পর্যন্ত কত টাকা সরকার মৎস্য-চাষের জন্য ব্যয় করিয়াছেন ; এবং

(খ) এই টাকা ব্যয়ের ফলে কিরূপ মৎস্য উৎপাদন হইতে পারে বলিয়া সরকার বিবেচনা করেন ?

**মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) বিষ্ণুপুর বিল ও হাতিখানা পুষ্করিণীগুলির উন্নয়ন ও মৎস্য-চাষ একটি প্রকল্পের মাধ্যমে করা হইতেছে। ১৯৬৬ সালের ডিসেম্বর মাস হইতে ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত বিষ্ণুপুর বিলে মৎস্য-চাষের জন্য (স্টাফ খরচ সহ) সরকারের মোট ৫৬,৮৩১ টাকা ব্যয় হইয়াছে।

(খ) ঐ টাকা ব্যয়ের ফলে ঐ বিল হইতে ১৯৬৯-৭০ আর্থিক বর্ষের শেষ হইতে প্রতি বৎসর আনুমানিক ২০০ কুইন্ট্যাল মাছ পাওয়ার কথা। কিন্তু বিলের পার্শ্ববর্তী অঞ্চল বর্তমানে সরকারের দখলে না থাকায় কচুরিপানা অপসারণ ও বিলের মাছ সংরক্ষণে বিশেষ অসুবিধার সৃষ্টি হইতেছে। সেইজন্য ঐ পরিমাণ মাছ পাওয়া যাইবে কিনা তাহা এখন বলা কঠিন।

**মুর্শিদাবাদ জেলায় বহরমপুর ও হরিহরপাড়া থানার মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়**

**605.** (Admitted question No. 1414.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর ও হরিহরপাড়া থানায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য ১৯৬৭ হইতে এ পর্যন্ত আবেদন করিয়াছেন এবং এই বিদ্যালয়-গুলির নাম কি ; এবং

(খ) এইগুলিকে অনুমোদন দেওয়ার কি ব্যবস্থা ঐ পর্যন্ত হইয়াছে ?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৬-৬৭ সালে মুর্শিদাবাদ জেলায় ৮৩টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী দেওয়া হয়। তারপর ১৯৬৮ সালের সেপ্টেম্বর মাসে মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড বহরমপুর থানায় ৯টি ও হরিহরপাড়া থানায় ৭টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের নাম অনুমোদনের জন্য পাঠাইয়াছেন। বিদ্যালয়গুলির নাম নিম্নে দেওয়া হইল ঃ—

**বহরমপুর থানা**

১। কান্দিবান্ধ্যা প্রাথমিক বিদ্যালয়।
২। পোল্লাডাংগা প্রাথমিক বিদ্যালয়।
৩। পাঁচকেটে গৌরাংগিনী পাঠশালা।
৪। গোয়ালপাড়া প্রাথমিক বিদ্যালয়।
৫। বৈরগাছি কলোষি (২নং) প্রাথমিক বিদ্যালয়।
৬। পাগলাটেক প্রাথমিক বিদ্যালয়।
৭। ছাইগাড়ী পশ্চিমপাড়া প্রাথমিক বিদ্যালয়।
৮। বড়দহ প্রাথমিক বিদ্যালয়।
৯। পাহাড়পুর প্রাথমিক বিদ্যালয়।

**হরিহরপাড়া থানা**

১। ললিতপুর প্রাথমিক বিদ্যালয়।
২। মামদালিপুর প্রাথমিক বিদ্যালয়।
৩। রেজিয়াপাড়া প্রাথমিক বিদ্যালয়।
৪। উত্তর পদ্মনাভপুর প্রাথমিক বিদ্যালয়।
৫। ইলিয়টনগর প্রাথমিক বিদ্যালয়।
৬। সর্বাংগপুর দ্বিজপদ প্রাথমিক বিদ্যালয়।
৭। মামুদপুর প্রাথমিক বিদ্যালয়।

(খ) প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**মৃৎশিল্পীদের আর্থিক সাহায্য**

**606.** (Admitted question No. 2282.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মৃৎশিল্পীদের আর্থিক সাহায্য দেবার কোনও ব্যবস্থা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কাহার মাধ্যমে সেই সাহায্য দেওয়া হয় ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) বঙ্গীয় শিল্পঋণ আইনে মৃৎশিল্পীদের আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা আছে। ব্লক উন্নয়ন অফিসার, জেলা শিল্প আধিকারিক, জেলা সমাহর্তা, প্রোজেক্ট অফিসার, কুটির ও ক্ষুদ্রশিল্প অধিকর্তা, সমবায় সমিতিসমূহের নিবন্ধক, কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের সচিব এবং সরকারকে উক্ত আইনে ঋণ দিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। এ ছাড়াও পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ এবং সমবায় সমিতিসমূহের নিবন্ধক সমবায় সমিতিভুক্ত মৃৎশিল্পীদের ঋণ ও অনুদান বাবত আর্থিক সাহায্য দেন।

**উলুবেড়িয়া মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তা নির্মাণের কার্যসূচী**

**607.** (Admitted question No. 1649.)

**শ্রীকালীপদ মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কালে কোন্ কোন্ রাস্তা পাকা করিবার কার্যসূচি গ্রহণ করা হইয়াছিল এবং তাহার মধ্যে কতগুলির কার্য সম্পন্ন হইয়াছে ; এবং

(খ) বাকি রাস্তাগুলির কার্য শেষ না হওয়ার কারণ কি ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া:** (ক) হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় নিম্নলিখিত রাস্তাগুলিকে পাকা করিবার কার্যসূচী হিসাবে গ্রহণ করা হইয়াছিল— ।

(১) রাণীহাটি-ভাণ্ডারগাছি-হরিসদাদপুর-আমতা (চলতি কাজ) ;

(২) বাউড়িয়া ফিডার রাস্তা ;

(৩) উলুবেড়িয়া-পানপুর (চলতি কাজ) ;

(৪) বাগনান-মানকুর (চলতি কাজ) ;

(৫) আমতা-ঝিকরা (চলতি কাজ) ;

(৬) আমতা-রাজপুর-ডিহি-ভুরসুট্-এর মান উন্নয়ন (নূতন কাজ) ;

(৭) মুন্সিরহাট-পেঁড়ো-খিলা-রাজপুর-এর মান উন্নয়ন (নূতন কাজ) ;

(৮) বাগনান-বাইনান-গাইঘাট (চলতি কাজ) ;

(৯) বাগনান-আমতার মান উন্নয়ন (নূতন কাজ) ;

(১০) ধুনধলিয়া-শ্যামপুর (নূতন কাজ) ;

(১১) দেউলটি-পানিত্রাস (নূতন কাজ) ;

(১২) কল্যাণপুর-দীপমালিতা (চলতি কাজ) ;

(১৩) মহেশপুর-বীরশিবপুর-হাটগাছিয়া-বোয়ালিয়া ঘাট (নূতন কাজ) ;

(১৪) ধুনধুলিয়া-নবগ্রাম-ঘোষপুর-কালিয়া (নূতন কাজ) ;

(১৫) নুনতিয়া-মৃগকল্যাণ-বিভাগ (নূতন কাজ)।

ইহাদের মধ্যে (১) হইতে (৪) নং রাস্তা শেষ হইয়াছে। (৫) হইতে (৭) নং পর্যন্ত রাস্তাগুলির কাজ প্রায় শেষ হইয়া আসিয়াছে। (১০) হইতে (১৩) নং রাস্তাগুলির কাজ চলিতেছে। (১৪) ও (১৫) নং রাস্তা দুইটির কাজ সম্বন্ধে বর্তমান আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে বিবেচনা করা হইতেছে।

(খ) (১) জমি ও বাস্তু জমি দখলের অসুবিধা।

(২) ঠিকমত কাজ না করায় ঠিকাদার পরিবর্তন।

(৩) আর্থিক অনটন।

### সাঁকরাইল ও উলুবেড়িয়া ২নং ব্লক এলাকায় গঙ্গা নদীতে ভাঙ্গন

**608.** (Admitted question No. 2007.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার সাঁকরাইল ও উলুবেড়িয়া ২নং ব্লকের এক বিরাট এলাকায় গঙ্গা নদীতে ভাঙ্গন দেখা দিয়াছে ;

(খ) ইহা সত্য হইলে, সেই ভাঙ্গনের হাত থেকে উক্ত এলাকা রক্ষা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, তাহার কাজ কি বর্ষার আগেই আরম্ভ হইবে ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) হ্যাঁ।

(খ) এই এলাকা ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের। সেচ ও জলপথ বিভাগের এই এলাকা রক্ষা করার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(গ) এই প্রশ্ন উঠে না।

### চাকুরীতে তফসিলী ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা

**609.** (Admitted question No. 2231.)

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অধীন বিভিন্ন বিভাগে নিয়োগের ক্ষেত্রে আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ভুক্ত কর্মপ্রার্থীদের জন্য আসন সংরক্ষণের সাংবিধানিক ব্যবস্থা মানিয়া চলা হয় কিনা ; এবং

(খ) কোন্ কোন্ শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে তাহা মানিয়া চলা হয় ?

**তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়** (ক) হ্যাঁ।

(খ) প্রত্যক্ষ নিয়োগ ব্যবস্থার অধীন, ডব্লু, বি, সি, এস (এক্জিকিউটিভ)-এর এবং রাজ্যের সকল দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর চাকুরীসমূহের শতকরা পনের ভাগ পদ তফসিলী জাতির জন্য এবং শতকরা পাঁচ ভাগ পদ আদিবাসীদের জন্য সংরক্ষিত আছে।

### মেদিনীপুর জেলা হইতে প্রকাশিত সাপ্তাহিক পত্রিকায় সরকারী বিজ্ঞাপন

**610.** (Admitted question No. 2223.)

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা হইতে প্রকাশিত কোন্ কোন্ সাপ্তাহিক পত্রিকাকে গত তিন বৎসরে সরকার কত টাকার বিজ্ঞাপন দিয়াছেন ; এবং

(খ) এই বিজ্ঞাপন দেবার ব্যাপারে কি কি বিষয় বিবেচনা করা হয় ?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) নিম্ন তালিকায় বিবরণী দেওয়া হইল—

| পত্রিকার নাম | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| (১) নির্ভিক .. .. .. .. | ৬৫৬.১৫ | ৬৪০.২০ | ২৯৯.২০ |
| (২) মেদিনীপুর .. .. .. .. | ৩,৮৮৫.০০ | ৪৪৬.৬০ | ২১৬.৪০ |
| (৩) মেদিনীপুর হিতৈষী .. .. .. | ১,৪৯৩.১৬ | ৬২৮.২৫ | ৭০৩.৬০ |
| (৪) স্বরাজ ও সংগঠন .. .. .. | ২,০৭০.০০ | ৭৫৪.৫০ | ৩৯৯.৩৮ |
| (৫) প্রদীপ .. .. .. .. | ৩,৩১৯.৫০ | ৮১৪.৭৫ | ১,১৩১.৫০ |
| (৬) প্রলাপ .. .. .. .. | ৩,১৩২.৫০ | ৯৬.০০ | ৬৪.০০ |
| (৭) আরো আগে .. .. .. | ৩২৮.০০ | ১,৮০৮.০০ | .. |
| (৮) দেশপ্রাণ .. .. . .. | ২৫.০০ | .. | .. |
| (৯) নীহার .. .. .. .. | ২,২১১.২৫ | ১,০৩৫.০০ | ৭২৩.৭৫ |
| (১০) হিজলী হিতৈষী . .. .. | ১৮.০০ | ৫৭০.০০ | ৬৩.০০ |

(খ) সরকারী বিজ্ঞাপন দেওয়ার সময় সাময়িক পত্রিকার ক্ষেত্রে উহার প্রকাশন ধারাবাহিক কিনা এবং উহা সরকারের নীতি এবং কর্মপ্রচেষ্টার সুষ্ঠু ও অনুকূল প্রচার মাধ্যম কিনা, তাহা বিবেচনা করা হয়।

## এগরা থানার ১নং ব্লক অফিসে চুরি

**611.** (Admitted question No. 1288.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার এগরা থানার ১নং ব্লকে গত ২৬-১-৬৬ তারিখে উক্ত ব্লক অফিসে চুরি হইয়াছিল বলিয়া কোন কেস দায়ের করা হইয়াছিল কি না ;

(খ) কোন্ তারিখে উপরোক্ত এগরা থানায় ঐ কেস দায়ের করা হইয়াছিল এবং কত টাকা চুরি গিয়াছিল বলিয়া বলা হইয়াছিল ; এবং

(গ) ঐ কেসের ফলাফল কি হইয়াছে ?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) ২৭এ জানুয়ারি, ১৯৬৬ তারিখে ৮,২৪৫ টাকা ১২ পয়সা।

(গ) এ সম্পর্কে ৬ ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছিল কিন্তু উপযুক্ত সাক্ষ্য প্রমাণের অভাবে ২০এ ফেব্রুয়ারি ১৯৬৭ তারিখে এফ আর টি হিসাবে মামলাটির সমাপ্তি ঘটে।

### বীরভূম জেলার কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প

**612.** (Admitted question No. 2318.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার যে যে অঞ্চলে সিল্ক শিল্পের ব্যবস্থা আছে সেই সেই অঞ্চলে ঐ শিল্পের উন্নয়নকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়:** বীরভূম জেলার কলিথা গ্রামে একটি রেশম বীজাগার রহিয়াছে। ঐ বীজাগার হইতে স্থানীয় বসনীদের সঞ্চ সরবরাহ করা হয়। সম্প্রতি ঐ অঞ্চলে রেশমশিল্পের আরও উন্নতির জন্য সরকার কর্তৃক একটি গ্রেনেজ স্থাপন করা হইয়াছে। ঐ গ্রেনেজে উন্নত ধরনের রেশমকীট উৎপাদন করা হইতেছে।

রামপুরহাট মহকুমায় বসোয়া নামক স্থানে রেশম শিল্পীদের একটি সমবায় প্রতিষ্ঠান আছে। ঐ প্রতিষ্ঠানটিকে সরকারের বিভিন্ন প্রকল্প মারফত সাহায্য করিয়া স্থানীয় রেশম শিল্পীদের উৎসাহদান করা হইতেছে। ইহা ছাড়া আদিবাসীদের তসরগুটি পালন ও সুতা-কাটা বিষয়ে শিক্ষাদান করিবার জন্য প্যাটেলনগরে সরকার পরিচালিত একটি কেন্দ্র আছে। ঐ কেন্দ্রের শিক্ষার্থীদের কিছু কিছু অতিরিক্ত সুবিধাদানের বিষয় সরকার চিন্তা করিতেছেন।

### Hardship of the honey-collectors and wood-cutters in Sundarban Reserve Forests

**613.** (Admitted question No. 1810.) **Shri HAZARI LAL MANDAL:** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if the Government is aware of the hardships and sufferings of the poor wood-cutters and honey-collectors in the Sundarban Reserve Forest due to the unsympathetic attitude of the Forest Officers: and

(b) if so, whether Government propose to enquire into the grievances of the wood-cutters and honey-collectors

**The Minister for Forests:** (a) Honey-collectors and wood-cutters, poor that they are, may have hardships and sufferings. But that is not due to the unsympathetic attitude of the Forest Officers. Whenever they enter into and move about in the Sundarbans forests, Forest Officers render help in all possible ways for their safety and protection. To remove hardship the purshase prise of crude wax from the honey-collectors has been considerably increased this year.

(b) In view of (a) above, the question does not arise.

### পশ্চিমবঙ্গে বাংলা ফিল্ম তৈরির তথ্য

**614.** (Admitted question No. 2076.)

**শ্রীঅশ্বিনী রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৭, ১৯৬৮ সালে বাংলা ফিল্ম তৈরির কোন তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে, প্রতি বৎসরে—

(১) প্রতি মাসে উৎপাদিত চিত্রগুলির নাম ও সেন্সরসিপের তারিখ ; এবং

(২) প্রথম প্রদর্শনের তারিখ ?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) আছে।

(খ) উভয় প্রশ্নের জবাবে ইস্টার্ন ইন্ডিয়া মোশন পিকচার্স অ্যাসোসিয়েশন হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্নলিখিত তালিকাটি দেওয়া হইল। এই তালিকায় সরকারী তথ্যচিত্র বা সংবাদচিত্র অন্তর্ভুক্ত করা হয় নাই।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 614

তালিকা

১৯৬৭

| চিত্রের নাম | উৎপাদন মাস | সেন্সরসিপের তারিখ | প্রথম প্রদর্শনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| (১) পঞ্চ পাণ্ডবের অজ্ঞাতবাস | জানুয়ারি | ২৬-১-৬৭ | ৩১-৩-৬৭ |
| (২) বধূবরণ | ঐ | ৩১-১-৬৭ | ১৭-২-৬৭ |
| (৩) কেদার রাজা | ফেব্রুয়ারি | ২-২-৬৭ | ১০-১২-৬৭ |
| (৪) সেবা | ঐ | ২২-২-৬৭ | .. |
| (৫) অভিশপ্ত চম্বল | মার্চ | ১৬-৩-৬৭ | ১৭-৩-৬৭ |
| (৬) পঙ্কশর | ঐ | ১৬-৩-৬৭ | ৯-২-৬৮ |
| (৭) জীবন মৃত্যু | এপ্রিল | ১০-৪-৬৭ | ১৪-৪-৬৭ |
| (৮) গৃহদাহ | মে | ২-৫-৬৭ | ৫-৫-৬৭ |
| (৯) দুষ্ট প্রজাপতি | ঐ | ২২-৫-৬৭ | ২৯-৯-৬৭ |
| (১০) আকাশ ছোঁয়া | জুন | ১২-৬-৬৭ | ১৬-৬-৬৭ |
| (১১) হাটে বাজারে | ঐ | ১৩-৬-৬৭ | ১০-১১-৬৭ |
| (১২) আশীতে আসিও না | জুলাই | ১১-৭-৬৭ | ২০-১-৬৮ |
| (১৩) বাঘিনী | ঐ | ১২-৭-৬৭ | ৩০-৮-৬৮ |

| চিত্রের নাম | উৎপাদন মাস | সেন্সরসিনের তারিখ | প্রথম প্রদর্শনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| (১৪) প্রস্তর স্বাক্ষর .. .. .. | জুলাই .. | ২০-৭-৬৭ | ৪-৮-৬৭ |
| (১৫) খেয়া .. .. .. | ঐ .. | ২০-৭-৬৭ | ২৮-৭-৬৭ |
| (১৬) মিস্ প্রিয়ংবদা .. .. .. | আগষ্ট .. | ১৪-৮-৬৭ | ১৮-৮-৬৭ |
| (১৭) মহাশ্বেতা .. .. .. | সেপ্টেম্বর .. | ১৮-৯-৬৭ | ২৯-৯-৬৭ |
| (১৮) এণ্টনি ফিরিঙ্গী .. .. .. | ঐ .. | ১৯-৯-৬৭ | ৬-১০-৬৭ |
| (১৯) চিড়িয়াখানা .. .. .. | ঐ .. | ২৫-৯-৬৭ | ২৯-৯-৬৭ |
| (২০) ভীম .. .. .. | ঐ .. | ২৭-৯-৬৭ | ১৯-১-৬৮ |
| (২১) অজানা শপথ .. .. .. | নভেম্বর .. | ১৮-১১-৬৭ | ৮-১২-৬৭ |
| (২২) পান্না .. .. .. | ডিসেম্বর .. | ১৫-১২-৬৭ | ২৯-১২-৬৭ |
| (২৩) চারণ কবি মুকুন্দ দাস .. .. | ঐ .. | ২৬-১২-৬৭ | ১৬-২-৬৮ |
| (২৪) ছোট জিজ্ঞাসা .. .. .. | ঐ .. | ২৮-১২-৬৭ | ৯-২-৬৮ |
| (২৫) আরোগ্য নিকেতন .. .. | ঐ .. | ২৮-১২-৬৭ | .. |

**১৯৬৮**

| | | | |
|---|---|---|---|
| (১) ভাগ্য .. .. .. | জানুয়ারি .. | ১৫-১-৬৮ | .. |
| (২) পথে হল দেখা .. .. .. | ঐ .. | ৩১-১-৬৮ | ২-২-৬৮ |
| (৩) পরিশোধ .. .. .. | ফেব্রুয়ারি .. | ২-২-৬৮ | ২৩-২-৬৮ |
| (৪) হংস মিথুন .. .. .. | ঐ .. | ৭-২-৬৮ | ১৬-২-৬৮ |
| (৫) বালুচরী .. .. .. | মার্চ .. | ১১-৩-৬৮ | ২৭-৯-৬৮ |
| (৬) জীবন সঙ্গিনী .. .. .. | ঐ .. | ১১-৩-৬৮ | ৬-১২-৬৮ |
| (৭) কখনও মেঘ .. .. .. | ঐ .. | ১৫-৩-৬৮ | ১২-১২-৬৮ |
| (৮) আপনজন .. .. .. | মে .. | ৩১-৫-৬৮ | ৬-১২-৬৮ |
| (৯) শেষ থেকে শুরু .. .. .. | জুন .. | ৫-৬-৬৮ | ২৮-৩-৬৯ |
| (১০) তিন অধ্যায় .. .. .. | ঐ .. | ১২-৬-৬৮ | ২০-৯-৬৮ |

| চিত্রের নাম | উৎপাদন মাস | সেন্সরসিপের তারিখ | প্রথম প্রদর্শনের তারিখ তার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| (১১) তীব ভূমি | | | |
| .. .. | জুন .. | ১৯-৬-৬৮ | |
| (১২) রক্তরেখা .. .. .. | জুলাই .. | ৫-৭-৬৮ | ৯-৮-৬৮ |
| (১৩) বৌদি .. .. .. | ঐ .. | ১৬-৭-৬৮ | ২০-৯-৬৮ |
| (১৪) পদ্মাবতী জযদেব .. .. .. | আগষ্ট .. | ১৪-৮-৬৮ | .. |
| (১৫) আদ্যাশক্তি মহামাযা .. .. | ঐ .. | ২৩-৮-৬৮ | ২৩-৮-৬৮ |
| (১৬) দাদু .. .. .. | সেপ্টেম্বর .. | ৩-৯-৬৮ | ১৪-৩-৬৯ |
| (১৭) চৌরঙ্গী .. .. .. | সেপ্টেম্বর .. | ৯-৯-৬৮ | ২০-৯-৬৮ |
| (১৮) অদ্বিতীযা .. .. ক্লক্ত .. | ঐ .. | ২৩-৯-৬৮ | ২৭-৯-৬৮ |
| (১৯) প্রতিদান .. .. .. | অক্টোবর .. | ১১-১০-৬৮ | .. |
| (২০) সবরমতী .. .. .. | ঐ .. | ৩০-১০-৬৮ | ৩-১-৬৯ |
| (২১) গড় নাসিমপুব .. .. .. | ঐ .. | ৩০-১০-৬৮ | ১-১১-৬৮ |
| (২২) অপরিচিত .. .. .. | নভেম্বর .. | ২৮-১১-৬৮ | .. |
| (২৩) মেঘনাদ বধ .. .. .. | ডিসেম্বর .. | ৩-১২-৬৮ | ৬-১২-৬৮ |
| (২৪) গুপী গায়েন বাঘা বায়েন .. .. | ঐ .. | ১৮-১২-৬৮ | ৮-৫-৬৯ |
| (২৫) পরিণীতা .. .. .. | ঐ .. | ২৬-১২-৬৮ | ১৩-৬-৬৯ |

### পশ্চিমবঙ্গে সরকারী ফরেস্টের সংখ্যা

**615.** (Admitted question No. 1576.)

**শ্রীনিমাইচাঁদ মুরমু:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কয়টি এবং কত বিঘা লইয়া সরকারী ফরেস্ট রহিয়াছে ?

**বনবিভাগের মন্ত্রিমহাশয়:** পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কয়টি বন আছে সে সম্বন্ধে কোন পরিসংখ্যান রাখা হয় না।

**বনবিভগের অধীনে জেলাভিত্তিক বনভূমির পরিমাণ "হেক্টারে" প্রদত্ত হইল ঃ**

| জেলা | | | বনবিভাগের অধীনে বনভূমির পরিমাণ হেক্টার |
|---|---|---|---|
| দার্জিলিং | ... | ... | ১১৬,৩৩০ |
| জলপাইগুড়ি | ... | ... | ১৬৯,৮৮৫ |
| কোচবিহার | ... | ... | ৪,৪০৫ |
| বাঁকুড়া | ... | ... | ১৪০,৪২৩ |
| বীরভূম | ... | ... | ১৪,১৩০ |
| বর্ধমান | ... | ... | ২৬,৭০০ |
| মেদিনীপুর | ... | ... | ১৬৮,৯৪০ |
| পুরুলিয়া | ... | ... | ৮৭,৬১৫ |
| ২৪-পরগনা | ... | ... | ৪২২,৬৪৬ |
| মালদা | ... | ... | ১,৪০৬ |
| নদিয়া | ... | ... | ১,২৫০ |
| মুর্শিদাবাদ | ... | ... | ৭৫০ |
| পশ্চিম দিনাজপুর | ... | ... | ১,১৬০ |
| হুগলি | ... | ... | ২৯০ |
| | মোট | ... | ১,১৫৫,৯৩০ |

**ইটাচুনা গার্লস স্কুলবাড়ি তৈয়ারির জন্য সরকারী সাহায্য**

**616.** (Admitted question No. 549.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, সরকার ইটাচুনা গার্লস স্কুল-এর গৃহনির্মাণের জন্য ১ লক্ষ ৩০ হাজার টাকা মঞ্জুর করেছিলেন ?

(খ) সত্য হইলে, গার্লস স্কুল-এর গৃহনির্মাণ হয়েছে কিনা ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "না" হয়, তবে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করেছিলেন ?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) সরকার ইটাচুনা গার্লস স্কুল-এর গৃহনির্মাণের জন্য ৯২ হাজার ৫ শত টাকা মঞ্জুর করিয়াছেন।

(খ) না, হয় নাই।

(গ) এ বিষয়ে যথাযথ ব্যবস্থা লওয়া হইতেছে।

**নদিয়া জেলার প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী মঞ্জুরী**

**617.** (Admitted question No. 2086.)

**শ্রীসুবলচন্দ্র মণ্ডল ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী মঞ্জুরী প্রার্থনা করা হইয়াছে ; এবং

(খ) এই সকল বিদ্যালয়ের মঞ্জুরী কবে দেওয়া হইবে ?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) নদিয়া জেলার গ্রামাঞ্চলে জেলা স্কুল বোর্ড ১৭২টি প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী মঞ্জুরী প্রার্থনা করিয়াছেন।

(খ) ৬০টি বিদ্যালয়কে ১-১-৭০ সাল হইতে অনুমোদন দেওয়ার প্রশ্ন বিবেচনা করা হইতেছে।

### ঠাকুরনগর বালিকা বিদ্যালয় সংলগ্ন চাষযোগ্য জমির পরিমাণ

**618.** (Admitted question No. 1662.)

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঠাকুরনগর বালিকা বিদ্যালয় সংলগ্ন কি পরিমাণ চাষযোগ্য জমি আছে ; এবং

(খ) উক্ত জমি কিভাবে এবং কে ব্যবহার করেন ?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা কর্তৃক প্রদত্ত বিবরণের ভিত্তিতে জানা যায় যে, ঠাকুরনগর বালিকা বিদ্যালয় সংলগ্ন দুই বিঘা পরিমাণ চাষযোগ্য জমি আছে।

(খ) উক্ত জমি বর্তমানে ঠাকুরনগর নিবাসী শ্রীকৃষ্ণকান্ত বিশ্বাস চাষ করিতেছেন।

### ৩৪নং ন্যাশনাল হাইওয়ের ওভারব্রীজ নির্মাণের প্রকল্প

**619.** (Admitted question No. 726.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বহরমপুরে কোর্ট, খাগড়াঘাট রোড এবং মোরগ্রাম রেল ষ্টেশনগুলির নিকটে রেল লাইনের উপর ৩৪নং ন্যাশনাল হাইওয়ের (কলিকাতা-শিলিগুড়ি) যেসকল ওভারব্রীজ নির্মাণের প্রকল্প মাটির কাজ হইবার পর বন্ধ হইয়া পড়িয়া আছে সেগুলি ত্বরান্বিত করিবার কোন ব্যবস্থা হইতেছে না কেন ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়াঃ** ভারত সরকার উক্ত ওভারব্রীজ প্রকল্প তিনটি এবং উহার জন্য প্রেরিত এস্টিমেটগুলি এখনও পর্যন্ত অনুমোদন করেন নাই। তাই ঐ সড়ক সেতু তিনটির কাজ আরম্ভ করা যাইতেছে না।

### উপঞ্চৌকী কর্মাপ্লট বেসিক বিদ্যালয়

**620.** (Admitted question No. 1710.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার মেখলিগঞ্জ থানার উপঞ্চৌকী কর্মাপ্লট বেসিক বিদ্যালয়টিতে চেয়ার, বেঞ্চ, টেবিল, ব্ল্যাকবোর্ড কোন কিছুই নাই এবং

(খ) সত্য হইলে, কতদিন ধরিয়া এই ব্যবস্থা চলিতেছে ?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না, ইহা সত্য নহে। তবে এই বিদ্যালয়ের আসবাবপত্র-গুলি পুরাতন হইয়া গিয়াছে এবং আরও আসবাবপত্রের প্রয়োজন রহিয়াছে।

**(খ) এই প্রশ্ন ওঠে না।**

## Calling Attention Notices to Matters of Urgent Public Importance

**Mr. SPEAKER:** I have received six notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Closure of Indoor department of Primary Health Centre in Ratua P.S. of Malda district—from Shri Mohammad Ali,

(2) Damage to paddy in certain areas of Maldah district due to the shortage of water and attack of pests—from Shri Mohammad Ali,

(3) Threat of severe flood in Midnapore district—from Shri Gyan Singh Sohanpal,

(4) Damage caused to the barrages of Kakdwip Irrigation Division—from Dr, Gobardhan Dingal,

(5) Proposed strike in tea gardens—from Shri Mohammad Abdul Latif, and

(6) Collapse of a house at Rajabagan Dockyard—from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice on the subject of proposed strike in the tea gardens from Shri Mohammad Abdul Latif. The Minister-in-charge may please make a statement on the subject to-day or on a future date.

**Shri NANI BHATTACHARYA:** On the 21st instant.

**Mr. SPEAKER:** Now I call upon Shri A. H. Besterwitch.

**Shri A. H. BESTERWITCH:** Sir, I am bringing a very important news to the notice of the House. I think it should be a privilege case. But I am not bringing this in such a form. The 'Hindusthan Standard' of today has written a news that the West Bengal Legislative Assembly was adjourned on Wednesday till 21st August. In the same paper it has said that the House is adjourned till 1 p.m. to-day.

Now, Sir, by this misrepresentation, I think, many of the honourable members of this House as well as the Speaker himself have been misrepresented to the public at large. I think that such report should not be published in the papers and I expect that you will certainly take action against the concern.

**Mr. SPEAKER:** Mr. Besterwitch, I think it is not deliberate, it must be accidental or something else. However, I would only wish that the reporters would be more careful. That is what I can suggest. No action need be taken as that was not their intention.

**শ্রীমতী গীতা মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল সন্ধ্যায় এবং আজ সকালে পাওয়া একটি টেলিগ্রাম-এর ভিত্তিতে বার্নপুরের একটি উল্লেখযোগ্য ঘটনার প্রতি আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রাত্রে বার্নপুর ইউনাইটেড স্টীল ওয়ার্কার্স ইউনিয়ন-এর নেতা ও প্রাক্তন এম এল এ জনাব তাহের হোসেন এবং আর একজন নেতৃস্থানীয় কর্মী মনোজ দাসকে

পুলিস গ্রেপ্তার করে। কয়েক দিন আগে সেখানকার শ্রমিকরা মালিকদের কাছ থেকে দাবী আদায় করে নেয়। তারই প্রতিশোধ নেবার জন্য বার্নপুরের মালিকপক্ষ কয়েকজন পোষা গুন্ডা ও সমাজবিরোধী লোক নিয়ে বার্নপুর অ্যাকশান কমিটি-র আফিস—যে আফিসে শ্রমিক ইউনিয়ন-এর নেতারা বসেন—আক্রমণ করে। যারা আক্রমণ করে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয় জানি না। কিন্তু দুজন জনদরদী শ্রমিক নেতাকে পুলিস গ্রেপ্তার করে। এই ঘটনাকে কেন্দ্র ক'রে স্থানীয়ভাবে বিক্ষোভ হচ্ছে। এর জন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার আশা করছি।

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, গত মাসের ২৮ তারিখ থেকে নাগরাকাটা থানার হোপ বাগানে ম্যানেজমেন্ট জল বন্ধ ক'রে দিয়েছে, সেটা আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র ও শ্রম মন্ত্রী মহাশয়কে জানিয়েছিলাম। কিন্তু আজ পর্যন্ত তারা জল পাচ্ছে না। আজকে স্টেটসম্যান-এ দেখলাম এটাকে কেন্দ্র ক'রে আজ জলপাইগুড়ির ডি সি ও এস পি-র বাংলোর সামনে তারা সত্যাগ্রহ আরম্ভ করছে। ১৮ই তারিখ থেকে সেখানে বিরাট হরতাল হতে চলেছে। এই সময়ে শ্রমিকদের মধ্যে একটা গন্ডগোল; ম্যানেজমেন্ট-এর কোনরকম কারসাজি যাতে না হয় এবং শ্রমিকরা যাতে জল পায় সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি গতকাল দক্ষিণ দামোদর উন্নয়ন সমিতির একটা চিঠি এবং একটা রিজলিউশান-এর কপি পেয়েছি। এতে বর্ধমান সদরঘাটে একটি সেতু নির্মাণে সরকারী উপেক্ষার কথা বলা হয়েছে। স্যার, এটা বৃহত্তর জনস্বার্থে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। গত ১৯৩৫ সালে তদানীন্তন বাংলার গভর্নর স্যার জন এন্ডারসন ওই সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। দ্বিতীয় মহাযুদ্ধের সময় ওটার কাজ বন্ধ হয়ে যায়। পরে ইউনিয়ন ট্রান্সপোর্ট মিনিস্টার শ্রীরাজবাহাদুর মাননীয় এম পি শ্রী নির্মল চ্যাটার্জিকে জানান ওটা চতুর্থ পঞ্চবার্ষিক প্লান-এ ধরা হয়েছে। কিন্তু পরবর্তী ইউনিয়ন ট্রান্সপোর্ট মিনিস্টার ভি কে আর ভি রাও ১৯৬৭ সালে মে মাসে জানালেন যে, ওটার প্রাথমিক দায়িত্ব রাজ্য সরকারের। তারপর ১৯৬৭ সালের বাংলার গভর্নর ধরম বীর জানালেন যে, আবার চতুর্থ পঞ্চবার্ষিক প্লান এ ওটা ধরা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, প্ল্যানিং কমিশন থেকে আবার ওটা ছাঁটাই করা হয়েছে। তখন গভর্নর জানালেন, এই সেতু নির্মাণের কাজ কেন্দ্রীয় সরকার ছাড়া হবে না।

বর্তমানে হুগলি জেলার এবং বাঁকুড়া জেলার যে ভাস্ট এরিয়া তার সংগে বর্ধমানের যোগসূত্র রাখার একমাত্র সেতু হচ্ছে ঐ সদরঘাট, কিন্তু সেখানে একটা হতাশার সৃষ্টি হয়েছে এবং তার কারণ হচ্ছে বর্ধমান-আরামবাগ, বর্ধমান-বাঁকুড়া, বর্ধমান-ছোট বৈনান, বর্ধমান-একলোকী, বর্ধমান-রায়না, প্রভৃতি বাস সার্ভিসগুলি যোগাযোগ করতে পারছে না। সুতরাং মাননীয় স্পিকারের মাধ্যমে বর্ধমান, বাঁকুড়া এবং হুগলির জনসাধারণের বহত্তর স্বার্থে যুক্তফ্রন্ট সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীকে এই এক কোটি বা দেড় কোটি কেন্দ্রীয় সাহায্য আদায় করবার জন্য এবং এই ব্যাপারে চাপ সৃষ্টি করবার জন্য অনুরোধ জানাচ্ছি যাতে সদরঘাটের পরিকল্পিত সেতুটি নির্মাণ করা যায়।

[2-20—2-30 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে বিধানসভায় পুনরায় জানাচ্ছি যে, মুর্শিদাবাদ জেলার জাংগীপাড়া মহকুমায় ঔরংগাবাদ, ধুলিয়ান এবং দয়ারামপুরে যে ভাংগন শুরু হয়েছে তাতে দুহাজার লোক বিব্রত, ৪/৫শো লোক উৎখাত হয়েছে এবং বহু বাড়ি গংগার মধ্যে ঢুকে গেছে। এখানে প্রচুর বিড়ি শ্রমিক রয়েছে এবং ভারত সরকার ৭ লক্ষ টাকা একসাইজ ডিউটি মারফত পান। আমি ত্রাণমন্ত্রী এবং সেচমন্ত্রীর কাছে আবেদন রাখবো যে, ভাংগন রোধ করা না হ'লেও সেখানে অবিলম্বে যথোপযুক্ত ত্রাণকার্য করা হোক।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার পত্রিকার খবরে প্রকাশ গতকাল লোকসভায় প্রশ্নোত্তরের সময় কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা দপ্তরের সহকারী মন্ত্রী খুব জোরের সংগে ঘোষণা করেছেন, কলকাতায় যে অর্ডন্যান্স ফ্যাক্টরী রয়েছে সেটাকে নিশ্চয়ই কানপুরে সরিয়ে নেওয়া যাবে। এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিমন্ডলী একে পুনর্বিবেচনা করবার

জন্য যে অনুরোধ জানিয়েছিলেন, সে কথা তাঁরা বিবেচনা করবেন না। এ সম্বন্ধে আমি বলতে চাই যে, কলকাতা থেকে কেন্দ্রীয় সরকারের অফিস এবং ফ্যাক্টরীগুলি সরিয়ে নেবার যে জঘন্য কেন্দ্রীয় ষড়যন্ত্র চলছে এগুলি আমাদের খুব জোরের সঙ্গে রুখতে হবে। কংগ্রেসের অবহেলার ফলে অতীতে তাঁরা অনেক কিছু সরিয়ে নিয়ে গেছেন, কিন্তু আজকে পশ্চিমবাংলা থেকে আমরা কিছুই নিতে দেব না এবং এর জন্য যদি আমাদের ধর্মঘট, আন্দোলন করতে হয়, তা হ'লে আমরা তা করব। একথা জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীবজলে আমেদ:** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে ডেপুটি চীফ মিনিস্টার এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার রামপুরহাট হাসপাতালে গত পরশু রাত্রিবেলায় একটি রোগিণীকে তার বিছানায় মৃত অবস্থায় পাওয়া যায়। তিনি জেনারেল বেডে ছিলেন। সেখানকার হাসপাতাল কর্তৃপক্ষ বলছে যে, রোগিণী কাঁচের গ্লাস ভেঙ্গে সেটা গলায় ঘষে ঘষে আত্মহত্যা করেছে। সেখানে জেনারেল হলে অনেক রোগী ছিল, কিন্তু কথা হচ্ছে, এভাবে একটি লোক গ্লাস ভেঙ্গে নিজের গলায় চালিয়ে রগড়ে রগড়ে প্রাণ দেবে এটা সম্ভব নয় এবং সেখানে বিছানায় কোন রক্তও পাওয়া যায় নি। কাজেই একে হত্যাকাণ্ড ব'লে অনুমান করা হচ্ছে এবং সেখানকার ডাক্তার, নার্স এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ব'লে সন্দেহ করা হচ্ছে। এর ফলে সেখানে এক ব্যাপক বিক্ষোভ হয়েছে এবং জনসাধারণ দলমতনির্বিশেষে সেখানে গিয়েছিলেন। এস ডি ও, ডি এম, এ ডি এম, হাসপাতালে গিয়ে উত্তেজিত জনসাধারণকে শান্ত করেছে, কিন্তু এসব সত্ত্বেও এটা নিয়ে একটা প্রবল উত্তেজনা সেখানে রয়েছে এবং তাঁরা চান, ডাক্তার, নার্সকে গ্রেপ্তার ক'রে বিচার করা হোক। তারা যে হত্যাকারী এটা গভর্নমেন্ট এবং পুলিসের পক্ষ থেকে প্রমাণিত হওয়া দরকার। তারা যদি দোষী হয়, তা হ'লে তাদের শাস্তি দেওয়া দরকার। আমি তাদের গ্রেপ্তার করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, তিনি যেন অবিলম্বে এ সম্বন্ধে খোঁজ করেন।

**শ্রীমীর আবদুস সইদ:** স্যার, একটা গুরুতর পরিস্থিতির উদ্ভব হয়েছে বাদুরিয়া এলাকায়। গতকাল আমার কাছে একটা ট্রাংক কল আসে—ধোকরা গোবিন্দপুর গ্রামে জলনিকাশী অব্যবস্থার ফলে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে। ইছামতী শাখা ভদ্রখালি যেটা আছে গত ৫ বছর মজে থাকার জন্য ২৭ খানা গ্রামে কোন ফসল হয় না এবং কয়েক দিনে বৃষ্টির ফলে এত জল হয়েছে, প্রায় ৬ হাজার বিঘা জমি একেবারে জলমগ্ন হয়ে আছে, ধোকরা গোবিন্দপুর গ্রামে কোমর জল হয়ে গেছে। এই অবস্থায় ৫০ হাজার কৃষক তাদের ধন-মান-সম্পদ নিয়ে বিপন্ন হয়েছে। এর আগে ১১ই মার্চ সেচমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছিলাম এবং তিনি খাল কাটানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন। এখন যে অবস্থা তাতে অন্ততঃপক্ষে যদি পাম্প দিয়ে জল বার ক'রে দেবার ব্যবস্থা না হয়, ফসলের সমূহ ক্ষতি হবে। যখন আমাদের দেশে এত খাদ্যাভাব আমি বলি, এই জল এখনি পাম্প দিয়ে বার ক'রে দেবার ব্যবস্থা হোক, এটাই আমি সেচমন্ত্রীর কাছে অনুরোধ জানাই।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। কলকাতায় যেসমস্ত পলিক্লিনিক আছে, সেখানে বিভিন্ন বিভাগ আছে, কিন্তু চর্মরোগের বিভাগ নাই। কিছুদিন আগে এই সম্পর্কে একটা খবর আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল—সেখানে নাকি বিশেষজ্ঞ পাওয়া যাচ্ছে না এবং সেজন্য চর্মরোগ বিভাগ খোলা হয় নি। কিন্তু আমি দায়িত্ব নিয়ে একথা বলতে পারি যে, কলকাতা ট্রপিক্যালে চর্মরোগের বিশেষজ্ঞ রয়েছে, আমলাতন্ত্রের ষড়যন্ত্রের ফলে ইচ্ছাকৃতভাবে সেখানে বিশেষজ্ঞ নিয়োগ হচ্ছে না, এতে সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে। যদি চর্মরোগের বিভাগ খোলা হয়, তা হ'লে সরকারের আয় হবে। কেন এই বিভাগ খোলা হচ্ছে না, সেটা দেখবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. SPEAKER:** The next item of business is Private Member's Bill—The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969. Dr. Nalinaksha Sanyal may move the motion for leave to introduce the Bill.

## NON-OFFICIAL BUSINESS

### Private Member's Bill

### The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969

**Dr. NALINAKSHA SANYAL:** Sir, I beg to move for leave to introduce the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969.

Sir, if this Bill is opposed, I would crave your permission under rule 73 to make my humble submission as is provided in the rules. At this stage I merely move for leave to introduce the Bill.

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় নলিনাক্ষবাবু যে বিল এখানে উত্থাপন করার প্রস্তাব করেছেন, আমি তার বিরোধিতা করছি। আমার বিরোধিতা প্রসঙ্গে তিনি এখানে নিশ্চয়ই একটা স্টেটমেন্ট দেবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি কেন এই বিল উত্থাপন করবার চেষ্টা করছি সেটা অল্প কথায় নিবেদন করব। আমি কিছুদিন আগে ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির কলকাতা ব্রাঞ্চের কাজকর্ম সম্বন্ধে খোঁজখবর নিতে গিয়ে দেখি ১৯২০ সালে যে আইন হয়েছিল, যেভাবে হয়েছিল তাতে বেঙ্গল ব্রাঞ্চের ম্যানেজমেন্ট ব্যবস্থায় খানিকটা গণতান্ত্রিক চিন্তা ছিল, কিন্তু ১৯৬৩ সালে কি কারণে জানি না, সেটা পরিবর্তন ক'রে সম্পূর্ণ একটা নমিনেটেড বডি তৈরি করার ব্যবস্থা হ'ল। তাতে ক'রে গত কয়েক বছর ধ'রে বাংলার নানা সেবামূলক কাজ ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি, বেঙ্গল ব্রাঞ্চ, শহরে এবং পল্লীগ্রামে যে নানারকম কার্যকলাপ করছেন, তার সম্পর্কে জনসাধারণের মধ্যে নানা দুর্নীতির বা অপচেষ্টার অভিযোগ সংবাদপত্রে এবং কাগজপত্রে দেখছি, সেদিক থেকে চিন্তা ক'রে খোঁজখবর নিতে গেছলাম। কিন্তু এই রকম একটা সেবামূলক প্রতিষ্ঠানে পরিচালনার সম্বন্ধে এত জনসাধারণের অভিযোগ আসে কেন?

দেখা গেল, এর যিনি সভাপতি বা কর্মকর্তা হন রাজ্যপাল তাঁকে মনোনয়ন করেন। তা ছাড়া ম্যানেজিং কমিটিতে এমন কতকগুলি লোক আছেন যাঁরা কখনও সেখানে আসবেন ব'লে বোঝা যায় না। তাঁরা কলকাতার মেয়র, ইউনিভার্সিটির ভাইস-চ্যানসেলর, ডিরেক্টর অব হেল্থ সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল, প্রমুখ ব্যক্তি। তাঁরা শোভা বর্ধন করেন মাত্র, কোন অ্যাকটিভ পার্ট ম্যানেজমেন্টে নেন না। অথচ যাঁরা পয়সা দিয়ে চাঁদা দিয়ে মেম্বার হন, তাঁদের নির্বাচনের কোন ব্যবস্থা নেই এবং যাঁরা কর্মী তাঁদেরও সেখানে কোন প্রতিনিধিত্ব করার উপায় নেই। এই দিকটা দেখে আমি এটাকে আরো গণতান্ত্রিক উপায়ে যাতে পরিচালনা করা যায় সেইদিকে সরকারের দৃষ্টি এবং জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করবার উদ্দেশ্য নিয়ে এই বিলটা উত্থাপন করার চেষ্টা করেছিলাম এবং আমি আশা করেছিলাম, যুক্তফ্রন্ট সরকারের সহানুভূতি অন্ততঃ পাব। এটা গণতান্ত্রিক পদ্ধতিতে কর্মীদের এবং মেম্বারদের নির্বাচিত প্রতিনিধিদের দিয়ে সংগঠিত হোক এবং কতকগুলি নামকোয়াস্তে শোভা বর্ধন করার জন্য যাঁরা আছেন তাঁদের বিদায় করা হবে এইটুকু উদ্দেশ্য নিয়ে এই সংশোধনী আইন আপনাদের কাছে উপস্থিত করছি। আমি আশা করব, মাননীয় মন্ত্রীমহাশয় কেন আপত্তি করছেন সে সম্বন্ধে অল্প কথায় তাঁর বক্তব্য আমাদের বুঝিয়ে দেবেন।

[2-30—2-55 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমাদের নদিয়া জেলা থেকে কৃষি ফার্ম এবং সিড ফার্ম-এর ওয়ার্কাররা মিছিল ক'রে এ্যামেম্বলী গেটের সামনে এসেছে। আমি মন্ত্রীসভাকে এবং বিশেষ ক'রে কৃষিমন্ত্রীকে অনুরোধ করব যে, তাঁরা যেন ওখানে গিয়ে তাদের সঙ্গে দেখা ক'রে বিশেষভাবে তাঁদের দাবিদাওয়া সম্পর্কে একটু অবহিত হন।

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় স্পিকার মহাশয়, আমি মনোযোগ দিয়ে ডঃ সান্যালের কথা শুনলাম। তিনি যে সংশোধনী বিল এখানে উপস্থাপিত করতে চাচ্ছিলেন তার প্রধান কথাটা হ'ল এই যে, এতে সরকারী নমিনেশান বন্ধ ক'রে দিয়ে যাতে নির্বাচনের ভিত্তিতে রেডক্রস প্রতিষ্ঠান গ'ড়ে উঠে তার জন্য তিনি এটা এনেছেন। আমি প্রথমত বলতে চাই, তাঁর এই অ্যামেন্ডমেন্ট বিল আনার পিছনে গণতান্ত্রিক করণের যে উদ্দেশ্য সেটা নিশ্চয়ই যুক্তফ্রন্ট মন্ত্রীসভা অস্বীকার করবেন না। ঐ অল্প লোকের কন্ট্রোল কিংবা যাঁরা কোন আগ্রহী নন শুধু অলংকারস্বরূপ থাকেন তাঁদের শুধু কন্ট্রোল, অনেক জায়গায় ভেস্টেড ইন্টারেস্ট গ'ড়ে উঠেছে তাদের প্রতিনিধিদের কন্ট্রোল সেবামূলক প্রতিষ্ঠানের উপর থাকুক, এটা নিশ্চয়ই যুক্তফ্রন্ট মন্ত্রীসভা চান না। কিন্তু তবুও আমি আপত্তি করলাম কেন। আপত্তি করলাম এইজন্য যে, ইন্ডিয়ান রেডক্রস অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল, ১৯৬৩ সালে করা হয়েছিল। তাতে যে অ্যামেন্ডমেন্ট হয়েছে সেই সবটাই আমরা পুনর্বিবেচনা করছি এবং পুনর্বিবেচনা করছি আরো কতকগুলি কারণে যে, ইন্ডিয়ান রেডক্রস বাংলাদেশে কিভাবে চলবে না চলবে, তার গঠনতন্ত্র কিভাবে হওয়া উচিত না উচিত, নির্বাচন কতখানি কিভাবে হবে না হবে, এমন কি সভ্য কিভাবে কতদিন কি অবস্থায় কোন সভ্য হবে না হবে—এইসমস্ত আমরা পুনর্বিবেচনা ক'রে দেখছি। ডঃ সান্যাল এটা ঠিক বুঝতে পারছেন যে, ১৯২০ সালের আইনে ভোটাভুটির সুযোগ ছিল, নির্বাচনের সুযোগ ছিল, আবার ১৯৬৩ সালে যখন সংশোধনী আইন এল, তখন সেটা কেটে দেওয়া হ'ল। কেন কেটে দেওয়া হ'ল তার পটভূমি ডঃ সান্যাল এবং তাঁর যাঁরা কলিগস্ তাঁরা নিশ্চয়ই কিছু কিছু জানেন। অতএব ইন্ডিয়ান রেডক্রসকে ঐভাবে নিজেদের কুক্ষিগত ক'রে রাখার জন্য ভেস্টেড ইন্টারেস্টের প্রতিনিধিরা, তাঁদের দুর্নীতির অনেক অভিযোগ শুনেছি, সেইসমস্ত মানুষে দুর্নীতির সঙ্গে লিপ্ত, তাঁরা টাকা ঢেলে সেই রেডক্রসকে দখল করার চেষ্টা করেছিলেন। এবং দেখা গেল সেজন্য তার নেপথ্য ইতিহাস তিনি জানেন না, জানেন—সর্বাবিদের কাছ থেকে তিনি সেটা শুনে নিতে পারেন। কংগ্রেস দেখ'লা সর্বনাশ, বুমেরাং-এর মত তাঁদের উপর আঘাত হানছে, তাই তাঁরা একটি সংশোধন বিল এনে পাস ক'রে নিলেন। যা হোক, আমরা নিশ্চয়ই চেষ্টা করছি বুরোক্রাটিক কন্ট্রোল বা ভেস্টেড ইন্টারেস্টদের বাসা এইরকম সেবা-প্রতিষ্ঠানে গ'ড়ে উঠুক, সেটা আমরা নিশ্চয়ই চাই না। তাই আগেই ব'লেছি, আমরা ১৯৬৩ সালের সংশোধনী সহ ১৯২০ সালের গোটা আইনের কোথায় কি পরিবর্তন আনা দরকার সে সম্বন্ধে বিবেচনা করছি এবং যে উদ্দেশ্যে এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সেই গণতন্ত্রীকরণের উদ্দেশ্যে একটা সর্বাত্মক বিল আনার ইচ্ছা আমাদেরও রয়েছে। আমরা সব দিক বিবেচনা করবো এবং তাঁর অ্যামেন্ডমেন্টও সেই সময় বিবেচনা করবো। তাই তাঁকে অনুরোধ করছি, তিনি তাঁর এই অ্যামেন্ডমেন্ট বিল প্রত্যাহার ক'রে নিন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতির পর আমি আর এই বিল নিয়ে এগুতে চাচ্ছি না, প্রত্যাহার ক'রে নিচ্ছি। আমি আশা করবো—সরকার পক্ষ থেকে যত শীঘ্র সম্ভব এই সম্পর্কে একটি কম্প্রিহেনসিভ বিল নিয়ে আসবেন।

The motion of Dr. Nalinaksha Sanyal for leave to introduce the Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969, was then by leave of the House withdrawn.

(At this stage the House was adjourned for 15 minutes.)

[2-55—3-05 p.m.]

(After adjournment)

## NON-OFFICIAL RESOLUTIONS

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাব সভার বিবেচনার জন্য এখানে উপস্থিত করছি ঃ—

**এই সভার মতে, ১৯৬১ সালের "দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাংগুয়েজ অ্যাক্ট, ১৯৬১", আজও পুরাপুরি কার্যকর না হওয়ায় দেশের আপামর জনসাধারণকে প্রচুর অসুবিধার সম্মুখীন হইতে হইতেছে। অতএব, অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকর করা হউক।**

এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে আমি এই সভার সামনে কয়েকটি কথা এই প্রস্তাবের সমর্থনে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজ ২২ বছর দেশ স্বাধীন হয়েছে। হিন্দী ভাষা আজকে সারা ভারতবর্ষে ইংরেজী যে একচেটিয়া অধিকারগুলি ভোগ করছিল, সেই একচেটিয়া অধিকারগুলি হিন্দী ভাষা অংশীদার হিসেবে ভোগ করতে আরম্ভ করেছে। এটি সুখের কথা, হিন্দী ভাষা সারা ভারতবর্ষে মর্যাদা লাভ করেছে। কিন্তু আজকে এটা গভীর পরিতাপের কথা, বাংলাদেশে বাঙ্গালীদের বাসভূমিতে বাংলাদেশের বিধানসভাতে বাংলাভাষার স্বীকৃতি এবং মর্যাদা আদায় করবার জন্য এই প্রস্তাব আজকে এখানে উত্থাপন করতে হয়েছে।

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। রুল ১৬৭, ক্লজ ২-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাতে আছে—

Immediately after a resolution is so moved, the Minister-in-charge of the Department to which the resolution relates may move that the question may at once be put without discussion, and the Speaker, after permitting the Minister and the mover of the motion to make a brief explanatory statement, may, with or without consulting the House as he may think necessary put the question thereon without debate."

স্যার, এখানে মিনিস্টার কিছু এক্সপ্লানেটরি নোট দিন—তারপর মুভ করতে পারেন এবং তিনি তারপর তাঁর বক্তৃতা দিতে পারেন—কিন্তু এই স্টেজে এটা হতে পারে না।

Similarly he will move and thereafter the Minister-in-charge of the Department may move that the question may now be put

এই জিনিসটা।

That has not been complied with.

**Mr. SPEAKER:** If there were any objections he could have raised those objections at the initial stage. It is not my business to know whether the Minister objects to it or not.

**Shri JYOTI BHUSAN BHATTACHARYA:** I have no objection to the motion. In fact, I want that the motion be discussed and passed.

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** যে কথাটা আমি এখানে রাখছিলাম, বাংলা ভাষা এখনও আমাদের এই রাজ্যের সরকারী কাজকর্মে যথাযোগ্য মর্যাদা পায় নি। সঙ্গে সঙ্গে একথা অস্বীকার করার নয় যে আমাদের বাঙ্গালীর জন্মভূমিতে বাংলা ভাষা মর্যাদা না পেলেও, সারা পৃথিবীর শ্রেষ্ঠতম ভাষাগুলির মধ্যে বাংলা ভাষা অন্যতম হতে পেরেছে। সারা ভারতবর্ষেও বাংলা ভাষা স্বীকৃতি পেয়েছে। [illegible] এটা বেদনাদায়ক যে, এখনও পর্যন্ত এখানে সরকারী কাজকর্মে এই ভাষাকে আমরা যোগ্য মর্যাদা দিতে পারি নি। অধ্যক্ষ মহাশয়, সংবিধানে এ সম্পর্কে স্পষ্ট নির্দেশ আছে [illegible] ৩৪৫ ধারায় নির্দেশ দেওয়া হয়েছিল যে, রাজ্যের আইনসভা ইচ্ছা

করলে রাজ্যের প্রচলিত যে-কোন ভাষার মধ্যে একটি ভাষাকে সরকারী কাজে ব্যবহার করার সুযোগ গ্রহণ করতে পারে। অবশ্য সংবিধানে এ ব্যবস্থাও রাখা হয়েছিল যে, যতক্ষণ পর্যন্ত রাজ্যের আইনসভা সেই ব্যবস্থা করতে না পারছে, ততক্ষণ পর্যন্ত ইংরাজী ভাষাও রাজ্যের সরকারী কাজকর্মে ব্যবহৃত হ'তে পারে। সংবিধানের এই অনুশাসনের পর ১১ বছর গত হয়ে গেল—এই ১১ বছর ধ'রে দেখলাম যে, আমাদের সরকার এই বাংলা ভাষাকে মর্যাদা দেবার কোন চেষ্টাই করেন নি।

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আবার অন এ পয়েন্ট অব অর্ডার—উনি যে আলোচনা করছেন সেটা ১৬৭-এ করছেন না, ১৭৩-তে করছেন? কেননা রুল ১৬৭(২)-তে করলে মিনিস্টারকে একটা এক্সপ্লানেটরি নোট দিতে হবে—তাঁকে বলতে হবে, তারপর যখন বলবেন
"after permitting the Minister and the mover of the motion to make brief explanatory statements, may, with or without consulting the House".

কিন্তু
the Minister did not make any explanatory statement.

**Mr. SPEAKER:** Why are you assuming that the motion has been withdrawn? He has moved the motion. Rule 173(1) states that a member in whose name a resolution stands on the List of Business shall, except when he dishes to withdraw it, when called upon, move the resolution, etc. I do not know whether he has withdrawn it.

**Shri ABDUS SATTAR:** The Speaker after permitting the Minister may put the question without debate. Then he will move it.

**Mr. SPEAKER:** I am following the convention. In fact, I saw it myself when I was in the Opposition.

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, আমি বুঝতে পারছি না ও'রা কেন আপত্তি করছেন।

**শ্রীআবদুস সাত্তার:** আমাদের আপত্তি নেই, উনি মুভ করবেন, করুন। আমি বলছি এক্সপ্লানেটরী নোট মিনিস্টারকে দিতে হবে।

**শ্রীযতীন চক্রবর্তী:** আন্ডার রুল ১৭৩, ক্লজ (১) যা আছে সেটা দেখুন।

**শ্রীআবদুস সাত্তার:** আপনারা রুল ১৬৭ দেখে আলোচনা করবেন।

**শ্রীযতীন চক্রবর্তী:** ১৬৭-এ আমরা যাচ্ছি না। ১৭৩(১)টা দেখুন—
"A member in whose name a resolution stands on the List of Business shall, except when he wishes to withdraw it, when called upon, move the resolution, and shall commence his speech by a formal motion in the terms appearing in the List of Business."
He was called upon by the Hon'ble Speaker, he moved the resolution and commenced his speech by a formal motion in the terms appearing in the List of Business.

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মাননীয় সভাপাল মহাশয়, আমার মনে হয়, মাননীয় সদস্য আবদুস সাত্তার একটা ভুল করছেন। ১৬৭(১) ধারাতে আছে মন্ত্রী যদি আপত্তি করেন সরকারে

তা হ'লে ঐ ধারাটা আসছে। দ্বিতীয় যেটা সেটা হচ্ছে, মন্ত্রী আপত্তি না ক'রে বলতে পারেন যে, এটা নিয়ে আলোচনার প্রয়োজন নেই—

The Minister may move that—the question may at once be put without discussion

এটা আমি বলি নি। এগুলিতে যদি আমি আপত্তি করতাম বা মাননীয় সভাপাল মহাশয় আপনার কাছে জানাতাম যে, এটা নিয়ে আলোচনার প্রয়োজন নেই, এখনই ভোটে দিন, তা হ'লে এই দু'টি ধারা আসে। এ ক্ষেত্রে দু'টি ধারার কোনটাই আসছে না।

**Mr. SPEAKER:** He is in order. Now, Mr. Roy, you carry on.

**শ্রীঅমলেন্দুলাল রায়:** ১৯৫০ সালে বিহারে, ১৯৫১ সালে উত্তরপ্রদেশে, ১৯৬০ সালে মাদ্রাজে ভাষা আইন তৈরি হয়ে গিয়েছিল। ১৯৫৮ সালের ১৯শে মার্চ এই বিধানসভায় সর্বসম্মতভাবে যে প্রস্তাব গৃহীত হয়েছিল তাতে বলা হয়েছিল ১৯৬০ সালের ডিসেম্বরের মধ্যে বাংলাকে সরকারী ভাষা হিসাবে চালু করার চেষ্টা করা হবে। তারপর ১৯৫৯ সালে পশ্চিমবঙ্গে সরকারী ভাষা বিল তৈরি হয়েছিল। ১৯৬১ সালের ৬ই মে তারিখে এই বিধানসভায় ডাঃ রায় ঘোষণা করেছিলেন যে, সরকার বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত করেছেন। ১৯৬১ সালের ২৫শে সেপ্টেম্বর বিধানসভায় ডাঃ রায় আবার ঘোষণা করেছিলেন ১৯৫৯ সালের বিল সম্পর্কে বিভিন্ন দপ্তরের মতামত নিয়ে দেখা গিয়েছে যে, বাংলাকে সরকারী ভাষা করা হ'লে খুব একটা অসুবিধা হবে না। এর পরই ১৯৬১ সালে পশ্চিমবঙ্গে ভাষা আইন গৃহীত হয়েছিল। এই ১৯৬১ সালের আইনের উদ্দেশ্য ছিল বাংলা ভাষাকে পশ্চিমবঙ্গের সরকারী কাজে ব্যবহার করার সার্বিক ব্যবস্থা করা। আইন রচনার কাজও বাংলা ভাষার মাধ্যমে চলবে একথাটাও স্বীকৃত হয়েছিল। এই আইনের ২নং ধারায় বলা হয়েছিল, যে তারিখ থেকে এই আইন কার্যকর হবে সেই তারিখ থেকে দু'বছরের মধ্যে রাজ্যসরকার সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দিয়ে তারিখ নির্দিষ্ট ক'রে দেবেন, যে তারিখ থেকে পাহাড়ী অঞ্চলে বাংলা ও নেপালী ভাষা এবং অন্যান্য অঞ্চলে বাংলা ভাষা সংবিধানের ৩৪৫ ধারায় উল্লিখিত সরকারী ভাষা হিসাবে গণ্য হবে। ১৯৬১ সালের এই আইনের ৪নং ধারায় একথাও ব'লে রাখা হ'ল যে, যদি ২নং ধারা অনুযায়ী বিজ্ঞপ্তি জারি করা হয়ও কিংবা সংবিধান চালু হবার পর থেকে যদি ১৫ বছর পার হয়ে যায়ও তা হ'লেও ঐ বিজ্ঞপ্তির তারিখ থেকে অথবা যে তারিখে ঐ মেয়াদ পার হয়ে যাচ্ছে সেই তারিখ থেকে ইংরাজী ভাষাও ঐ তারিখের পূর্ব পর্যন্ত রাজ্যের যে যে কাজে ব্যবহৃত হয়েছিল সেই সেই কাজে ব্যবহৃত হবে। পশ্চিমবঙ্গের ভাষা আইনের সবচেয়ে বড় ফাঁক এই পরবর্তীকালে সংশোধিত ৪নং ধারা। এই ফাঁক দিয়ে পশ্চিমবঙ্গ সরকার বেরিয়ে গিয়েছেন দীর্ঘ এই কয়েক বছর এবং দেখা যাচ্ছে যে, যে উদ্দেশ্য নিয়ে পশ্চিমবঙ্গ ভাষা আইন করা হয়েছিল সেই উদ্দেশ্য আদৌ সফল হয় নি। বরং তাকে পদে পদে ব্যহত করা হয়েছে, তার ফলে এখানে দেখতে পাচ্ছি আমরা গণতন্ত্রের কথা বলছি, পঞ্চায়েতী রাজের কথা বলছি কিন্তু সমস্ত আইন-কানুন ইংরাজীতে তৈরি হচ্ছে। চাষীর জন্য আইন তাও ইংরাজীতে তৈরি হয়, মজুরদের জন্য আইন তাও ইংরাজীতে তৈরি হয় এবং তারা তার বিন্দুবিসর্গও বোঝে না। এই হচ্ছে আমাদের গণতন্ত্র, এই হচ্ছে আমাদের পঞ্চায়েতী রাজ।

[3-05—3-15 p.m.]

এ একটা উপহাস ছাড়া আর কিছু নয় ব'লে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখা যাবে যে, যতরকম সরকারী ফরম আছে সবই ইংরেজীতে ছাপা হয়। মাননীয় মন্ত্রী জগন্নাথ কোলের একটি বক্তৃতা পড়ছিলাম, ১৯৬৩ সালে যখন সরকারী ভাষা আইন সংশোধন করা হয় তখন তিনি বক্তৃতায় বলেছিলেন যে, বাংলা ভাষা পুরোপুরি কার্যকর হচ্ছে না, তার কারণ টাইপরাইটারের অভাব হয়েছে, আমাদের স্টেনোগ্রাফারের অভাব আছে, টাইপিস্টের অভাব আছে। কিন্তু অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করি, ফরমগুলি বাংলায় ছাপাতে কি কোন টাইপরাইটার লাগে, ফরমগুলি বাংলায় ছাপাতে কি কোন টাইপিস্ট, স্টেনোগ্রাফার লাগে? আজকে এগুলি কেন বাংলায় ছাপানো হ'ল না? চাষীদের কাছে কেন আজকে এই সমস্ত ইংরাজী ফরম হাজির করা হচ্ছে? কে আমাদের জবাবদিহি করবে?

কাগজপত্র থেকে আমরা দেখতে পাই যে, কৃষিদপ্তর থেকে একটা ৫০০ পাতার বই ছাপানো হয়েছিল। এগ্রিকালচারাল ডেভেলাপমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল ব'লে, তাতে নানারকম ছবি ছাপিয়ে দিয়ে অনেক রকম কথা বলার চেষ্টা করা হ'ল। কিন্তু কার কাছে যাবে এই রকম বই? এই রকম বই বিভিন্ন দপ্তর থেকে বের করা হচ্ছে। বিশেষ ক'রে শ্রমদপ্তর, কৃষিদপ্তর ও সেচদপ্তর থেকে বইগুলি বের করা হয়। যেখানে বাংলাদেশের কোটি কোটি নিরন্ন, নিরক্ষর চাষীর সম্পর্ক আছে, মজুরের সম্পর্ক আছে, সেখানে এইসব আইন কি ক'রে ইংরাজীতে তৈরি হচ্ছে, বই ইংরাজীতে ছাপা হচ্ছে—এ আমার কল্পনাতেও আসে না। আমরা আজকে বুঝতে পারি না যে, কি চলছে। সাইনবোর্ডের কথা তুলে আর লাভ নেই। রাইটার্স বিল্ডিংসের ইংরাজী সাইনবোর্ডগুলি এখন পর্যন্ত সরানো গেল না, সেগুলি এখনও সেখানে জ্বল জ্বল করছে। হয়তো বলবেন সামান্য ব্যাপার নিয়ে এত জোর দিচ্ছেন কেন? এটা সামান্য ব্যাপার নয়। এতেই আমাদের জাতির চরিত্রের একটি দিক ফুটে উঠে। আজকে যে খামগুলি দেওয়া হচ্ছে, চিঠিপত্র দেওয়া হচ্ছে, আমাদের মন্ত্রীরা বিভিন্ন বই-এর অংশ ইংরাজীতে ছাপাচ্ছেন, এমন কি তাঁরা নিমন্ত্রণপত্র পর্যন্ত ইংরাজীতে ছাপিয়ে সদস্যদের মধ্যে বিলি করছেন, তা দেখে আমাদের লজ্জা হচ্ছে। এগুলি কেন বদল করা হবে না, এটাই হচ্ছে আমার বক্তব্য। আজকে তাই দেখা যাচ্ছে সংবিধানে যে ফাঁকটা ছিল ইংরাজী ভাষা দিয়ে তা পূরণ করার ব্যবস্থা করা হয়েছে। সংবিধানের অনুশাসন অনুযায়ী ১৫ বছর পার হয়ে গেলে যদি বিধানসভায় অন্যভাবে আইন না করা হ'ত, তা হ'লে ইংরাজী ভাষা উঠে যেত এবং দেশী ভাষায় আইন তৈরি হ'ত। ইংরাজীতে আইন চালু করার জন্য ৪নং ধারা সংযোজন ক'রে রাখা হয়েছে। কাজেই ইংরাজী ভাষার আর কোন রকম বিপদ আসবে না। সেইজন্য সেই ফাঁক দিয়ে দেখতে পাচ্ছি সবকিছু আগের মতই চলে যাচ্ছে। আমি জানি, অনেক ঘটনার কথা। অধ্যক্ষ মহাশয়, আমার কাছে চাষীরা আসেন ইংরাজী চিঠি নিয়ে। ৫/১০ মাইল দূর থেকে তাঁরা আমার কাছে আসেন। কারণ, ইংরাজী চিঠির মানে বোঝেন না। আমি দেখেছি ইংরাজী চিঠি নিয়ে যদি অন্য কারো কাছে যায় সেখানে অন্য রকম মানে করে দেয়, আমাদের যেসব অঞ্চল পঞ্চায়েতের সচিব হয়েছেন, তাঁদের একজন সচিবের বিপদের কথা বলি। এক গ্রামে গ্রামসভার অধ্যক্ষ সচিবের কাছে উপস্থিত হলেন। গ্রামসভার অধ্যক্ষ নিরক্ষর। একটি ছাপানো ইংরাজী চিঠির মানে জানতে তিনি ৫ মাইল হেঁটে এসেছেন। সেই গ্রামে আমি হাজির ছিলাম। আমি অঞ্চল পঞ্চায়েতের সচিবকে বললাম, আপনি এটার মানে ক'রে বুঝিয়ে দিন। তিনি গ্রাজুয়েট। কিন্তু তিনি যা ইংরাজী বোঝালেন তাতে দেখলাম সব উল্টো বোঝালেন, কিছুই বলতে পারলেন না। ভাগ্যে আমি সেখানে উপস্থিত ছিলাম, তাই সেই ইংরাজীটা ব্যাখ্যা ক'রে দিলাম। স্যার, কিছুদিন আগে এক বিধবার বাড়িতে ধান সিজ করতে সরকারী কর্মচারীরা গিয়েছিলেন। ধান সিজ ক'রে হিসাব দিয়ে এসেছেন ইংরাজীতে। সে কি ইংরাজী বোঝে? সেই কাগজপত্র সব আমার কাছে পাঠিয়েছিলেন। ১৫ মাইল দূরে থেকে আমার কাছে এসে ভাল ক'রে হিসাব বুঝে গেলেন। এইরকম ব্যাপার আজকে চলছে। এই বিধানসভার কথাও এখানে বলা দরকার। বিধানসভার অধ্যক্ষ আপনি। আপনি এখানে বসলে তবে সভার কাজ আরম্ভ হয়। কিন্তু আপনি আসার আগেও একটা বিধান আছে সেটা আপনি যখন ঢুকছেন আমরা দেখেছি আমাদের সেক্রেটারী বলছেন লেডিস্‌ অ্যান্ড জেন্টেলমেন, মিঃ স্পিকার, আমরা সবাই উঠে দাঁড়াচ্ছি, এটা কি বদলানো যায় না? কোন টাইপিস্ট, কোন স্টেনোগ্রাফার এটাকে আটকে রেখেছে, কোন টাইপরাইটার মেশিন, কোন কী বোর্ড এটা তো আটকানোর কথা নয় এটা কেন বদলানো গেল না? ভাষা আইনে বলা আছে, সংবিধানেতো বলা আছে কিভাবে বদলানো যাবে। তা হ'লে এইগুলো কেন বদলাচ্ছেন না? এই বিধানসভায় লক্ষ লক্ষ লোকের প্রতিনিধি হয়ে এক-একজন এখানে এসেছেন একজন সদস্য এক লক্ষ নরনারীর প্রতিনিধি হিসাবে এখানে এসেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা বলতে বাধ্য হচ্ছি যে, এই বিধানসভার কাজকর্ম এখনও ইংরাজীতে চলার ফলে এখানে অনেক সদস্যকে যাঁরা গ্রাম বাংলার প্রতিনিধি হিসাবে এখানে এসেছেন তাঁদের অন্ধকারে বসিয়ে রাখা হয়েছে, তাঁরা হয়তো বোবা, তাঁরা হয়তো বলতে পারছেন না তাঁদের কথা, কিন্তু আমরা জানি তাঁদের মনের কথা। এখানে বুলেটিন ইংরাজীতে দেওয়া হচ্ছে, ফরম ইংরাজীতে দেওয়া হচ্ছে, এখানে কাজকর্ম সব ইংরাজীতে চলছে, যেগুলো বিলের ফরম এখানে আছে সেগুলো সব ইংরাজীতে ছাপানো আছে, সব কিছু এখানেও আজকেও ইংরাজীতে চলছে। কেন এটা চলছে সেটা ভাল ক'রে বিবেচনা ক'রে দেখার দরকার আছে এবং বিধানসভায় যাতে বাংলা পুরোপুরি চালু হয় তার বন্দোবস্ত করার দরকার এখানে। সংবিধানের ২১০নং ধারার কথাটা

এখানে উল্লেখ করা দরকার। এই ধারার ১ নং উপধারায় নির্দেশ ছিল যে, রাজ্যের অধিবেশনের কাজ রাজ্যের সরকারী ভাষা অথবা ইংরাজী বা হিন্দীতে চালাতে হবে। তবে যাঁরা ঐসব ভাষা বলতে পারেন না, তাঁদের মাতৃভাষায় বলার অধিকার অধ্যক্ষ মহাশয় দিতে পারবেন।

দুই নম্বর উপধারায় নির্দেশিত ছিল যে, আইনের দ্বারা রাজ্যের আইনসভা অন্য ব্যবস্থা না করলে, সংবিধান চালু হবার পর থেকে ১৫ বছর মেয়াদ শেষ হ'লে, ২১০নং ধারা এমনভাবে কার্যকর করতে হবে যাতে ধ'রে নেওয়া হবে যে, ইংরাজীতে শব্দটা সেখানে ছিল না, কিন্তু ব্যবস্থা করা হয় নি এবং সেইজন্য ঐ ফাঁক দিয়ে আইনটাকে সংশোধন ক'রে এই যে, "অথবা" ইংরাজীটা হ'ল এখন বিধানসভায় এইসমস্ত কারবার চলছে। এখন যদি কেউ নূতন ঢোকেন তাহলে দেখে মনে করবেন, এখানকার কাজকর্ম দেখে মনে হ'তে পারে, আজি হ'তে শতবর্ষ আগে এই বিধানসভার কাজ কেমন ক'রে চলছিল অথবা সেই কাজ কিভাবে চলে সেটা দেখানোর জন্য কোন ফিলম, কোন ছবি তোলা হচ্ছে এখানে। ওদিকে নায়কনায়িকারা বসে আছেন, এদিকেও নায়কনায়িকারা আছেন, আমরা একস্ত্রা সব বসে আছি, বোধ হয় কোন ফিলম নেওয়া হচ্ছে এখানে, কিরকম আদবকায়দা, কিভাবে এখানে কথাবার্তা বলা হ'ত, বোধ হয় সেইরকম কোন ব্যাপার· এটাই আজকে মনে হবে। আজকে বাস্তবের সঙ্গে পুরোপুরি ষোল আনা মিল নেই সেটা আজকে ভাল ক'রে বোঝা দরকার। ভাষা আইনে, রাজ্যসরকার ১৯৬১ সালে যে আইন করলেন, তার উদ্দেশ্য বলা হয়েছিল যে, দু'বছরের মধ্যে আইন তৈরির কাজে বাংলা ভাষাকে গ্রহণ করার ব্যবস্থা করা হবে। ঐ আইনের ৩নং ধারায় নির্দেশিত হয়েছিল, বিল, আইন, অর্ডিন্যান্স, রুলস, রেগুলেশনস, বাই-লজ, নোটিফিকেশন এবং অর্ডার ইত্যাদিতে বাংলা ভাষা ব্যবহার করতে হবে, তবে সমস্ত ব্যাপারটা রাজ্যসরকারের হাতে ছেড়ে দেওয়া হ'ল, তাদের মর্জির উপর ছেড়ে দেওয়া হ'ল। তারা ইচ্ছা করলে নোটিফিকেশন করবেন, ইচ্ছা না করলে করবেন না। একটা বিষয়ে বিজ্ঞপ্তি দিতে পারেন ইচ্ছা করলে, দু'টোতেও দিতে পারেন, ইচ্ছা না করলে কোনটাতেই দেবেন না। এইরকম একটা ফাঁক সেই আইনের মধ্যে ছিল ব'লে আজকে এখানে বাংলা ভাষা তার পুরোপুরি মর্যাদা এখনও পায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ৩৪৮নং ধারায় ১(ক) নং উপধারায় নির্দেশ দেওয়া হয়েছিল যে, হাইকোর্টে সব রকম কাজ ইংরাজী ভাষায় চালানো হবে, তবে পার্লামেন্ট আইন ক'রে এই বিধান বদলাতে পারেন। ৩৪৮নং ধারার ২নং উপধারায় নির্দেশিত হয়েছে যে, আগে থেকে রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে যে-কোন রাজ্যের রাজ্যপাল হিন্দী ভাষা অথবা রাজ্যের যে-কোন ব্যবহৃত ভাষাকে রাজ্যের হাইকোর্টের কাজকর্মে ব্যবহার করার জন্য অধিকার দিতে পারেন, তবে হাইকোর্টের রায়, ডিগ্রি বা অর্ডার-এর ক্ষেত্রে এই বিধান কার্যকর হবে না। এই যে বিধান আছে, এটা হচ্ছে সংবিধানের অনুশাসন, এই অনুশাসন মানা হয় নি। কেন, এখানে ক'দিন আগে আমার উত্তর পেয়েছি, আমাদের বিচারমন্ত্রী উত্তর দিয়েছেন, হাইকোর্টের ভাষা বা আইন আদালতের ভাষা কেন বাংলা ভাষায় করা যাচ্ছে না, সেটা এখানে উল্লেখ করা যেতে পারে।

[3-15—3-25 p.m.]

বিচারমন্ত্রী বলছেন, "১৯৬১ সালে পশ্চিমবঙ্গে সরকারী ভাষা আইন অনুযায়ী রাজ্যের আদালতগুলিতে বাংলা ভাষা ব্যবহার করা যেতে পারে।" যদিও কেবলমাত্র বাংলা ভাষার ব্যবহার আদালতে বাধ্যতামূলক নয়। প্রকৃতপক্ষে, বিচারের রায় দান, সাক্ষ্যগ্রহণ এবং জুরীদের কাছে অভিযোগ পেশ করা প্রভৃতি কয়েকটি বিষয় ছাড়া আদালতের সব কাজকর্ম বাংলা ভাষায়ই

পশ্চিমবঙ্গের সমস্ত আদালতে একমাত্র বাংলা ভাষায় সমস্ত রকম কাজকর্ম করা সঙ্গত হবে কিনা—এ সম্পর্কে কিছুদিন পূর্বে কলিকাতা হাইকোর্টের মতামত আহ্বান করা হয়েছিল। উত্তরে হাইকোর্ট জানিয়েছেন যে, যতদিন না বাংলা ভাষায় সব আইন প্রণয়ন বা অনুবাদ করা হয় বা হাইকোর্টে কি ভাষায় কাজ হবে সে সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়, ততদিন পর্যন্ত আদালতগুলিতে বাংলা ভাষা বাধ্যতামূলক করা সঙ্গত হবে না, কারণ এর ফলে নানা রকমের প্রশাসনিক অসুবিধা ও বিশৃঙ্খলা দেখা দেবে।

সুতরাং এ অবস্থায় ঠিক কোন্ সময়ে বা কোন্ তারিখে আদালতগুলিতে বাংলা ভাষা বাধ্যতামূলকভাবে চালু করা হবে, সে সম্পর্কে কোন প্রতিশ্রুতি দেওয়া বা মন্তব্য করা বর্তমানে সম্ভব নয়।"

সংবিধানের অনুশাসনে কোথাও একথা নেই। পশ্চিমবঙ্গ ভাষা আইনে কোথাও হাইকোর্টকে এই অধিকার দেয় নি। কারণ আমরা জানি হাইকোর্টের বিচারপতি মহলে এবং হাইকোর্টের ব্যবহারজীবী মহলে উচ্চতর শ্রেণীর এমন লোক বসে আছেন যাঁরা সমাজের বিশেষ সুবিধাভোগী শ্রেণী। তাঁরা কোন দিন পুরোপুরি বাংলা ভাষা আদালকে চালু হ'তে দেবেন না। কাজেই তাঁদের তোয়াক্কা করবো কেন? সংবিধানে নেই, পশ্চিমবঙ্গ ভাষা আইনে নেই—কোথাও নেই যে, হাইকোর্টের মতামত নিয়ে এ কাজে এগুতে হবে। হাইকোর্টের ভাষা কিভাবে বাংলা ভাষা হবে সংবিধানে তা দেওয়া আছে এবং পশ্চিমবঙ্গ ভাষা আইনে তা দেওয়া আছে। অনায়াসে পশ্চিমবঙ্গের দেওয়ানী ও ফৌজদারী আদালতে বাংলা ভাষা চালু হ'তে পারে এবং হাইকোর্টেও চালু হ'তে পারে যদি আমাদের রাজ্যপাল রাষ্ট্রপতির পূর্ব অনুমতি নিয়ে এটা চালু করেন। কিন্তু কেন এটা হ'ল না, এটা আমরা বুঝে উঠতে পারছি না। মন্ত্রী জগন্নাথ কোলে দু'বছর গত যখন হ'ল, তখন বললেন, চার বছর সময় লাগবে, চার বছর সময় পেলে আমরা সব ঠিক ক'রে দেব। চার বছর সময় নিলেন তিনি। সেই সময় যে ভাষণ তিনি দিয়েছিলেন, সেটার আমি উল্লেখ করছি ঃ

"প্রস্তুতি সম্পূর্ণভাবে ক'রে উঠতে পারি নি, প্রস্তুতির অন্যতম প্রধান অঙ্গ হচ্ছে বাংলা টাইপ যন্ত্রের ব্যবস্থা। টাইপিস্ট ও স্টেনোগ্রাফারদের বাংলা টাইপ ও শর্টহ্যান্ডের কাজের প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। সরকারী চিঠিপত্র, আদেশ-নির্দেশ ও মন্তব্যাদিতে বাংলা ভাষা ব্যবহার করতে হ'লে উপযুক্ত পরিভাষার প্রয়োজন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে যে, গত ২৫শে বৈশাখ কবিগুরুর জন্মদিন থেকে পশ্চিমবঙ্গ সরকারের সকল বিভাগে এবং অফিসের সরকারী কর্মচারিগণ নথিপত্রে বাংলা ভাষা যথাসাধ্য প্রয়োগ ক'রে সরকারী নীতি রূপায়ণ ত্বরান্বিত করতে সাহায্য করছেন।............আগেই বলেছি যে, আমাদের টাইপ যন্ত্রের বিশেষ দরকার এবং সেটা করতে আমাদের প্রায় দু'বছর সময় লাগবে। আমরা যখন আরম্ভ করেছি তখন দু'বছরের মধ্যে শেষ করতে চেষ্টা করব।"

এইটা হচ্ছে মন্ত্রী জগন্নাথ কোলের উক্তি। কিন্তু দু'বছরের পর চার বছর শেষ হয়ে গেলেও কংগ্রেস সরকার কিছুই করেন নি। এই হচ্ছে ও'দের সততা এবং এইরকম সততা ছিল ব'লেই পশ্চিমবঙ্গের ভাষা আইনের যথার্থ রূপায়ণ বাংলাদেশে সম্ভব হয় নি। কিভাবে ২২ বছর ধ'রে বাংলা ভাষাকে অবমাননা করা হয়েছে সেটা খানিকটা বলার চেষ্টা করেছি। এই প্রসঙ্গে আমার মনে পড়ছে বঙ্কিমচন্দ্রের 'বাংলা সাহিত্যের আদর' নামক একটি রহস্য প্রবন্ধের কথা। এই প্রবন্ধে উচ্চতর বাঙ্গালী বাবুর তার স্ত্রীর সাথে কথোপকথন রয়েছে, সেই কথোপকথন কিভাবে চলেছে তার একটু উদ্ধৃতি দিয়ে শেষ করবোঃ

বাবুঃ কি জান—বাংলা-ফাংলা ওসব ছোট লোকে পড়ে। ওসবের আমাদের মাঝখানে চলন নেই। ওসব কি আমাদের শোভা পায়?

স্ত্রীঃ কেন, তোমরা কি?

বাবুঃ আমাদের হ'ল পলিসড্ সোসাইটি—ওসব বাজে লোকে লেখে, বাজে লোকে পড়ে। সাহেব লোকের কাছে ওসবের দর নেই—পলিসড্ সোসাইটিতে কি ওসব চলে?

স্ত্রীঃ তা মাতৃভাষার ওপর পালিশ ষষ্ঠীর এত রাগ কেন?

বাবুঃ আরে, মা মরে কবে ছাই হয়ে গিয়েছেন—তাঁর ভাষার সঙ্গে এখন আর সম্পর্ক কি?

আমার নিবেদন হচ্ছে, এই ২২ বছর ধ'রে বাংলা ভাষার অবমাননা করা হয়েছে। আমরা কতটা স্বাধীন সরকার কাগজে-কলমে তা প্রমাণ পাওয়া গেল না। এক শত বছর আগে বঙ্কিমচন্দ্র যে বাঙ্গালী মনের কথা বলেছিলেন, সেই মনটার হাত থেকে আমরা সবাই রেহাই পেয়েছি কিনা—আমার মনে হয় রেহাই পাই নি ব'লেই আজকে এই দুর্দশা আমাদের হয়েছে। এই কথা ব'লে

আমি নিবেদন করবো যে, সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব এখানে গৃহীত হোক এবং ২২ বছর ধ'রে ও'রা যা করতে পারেন নি, সেই কাজ যাতে যুক্তফ্রন্ট সরকার করতে পারেন সেজন্য আজকে গোড়া থেকে তাদের এই সভা সতর্ক ক'রে দিন, এটাই আমার সনির্বন্ধ অনুরোধ সকলের কাছে।

**Mr. SPEAKER:** All the amendments are in order and are taken as moved.

**Shri ASWINI ROY:** Sir, I beg to move that—

মূল প্রস্তাবের দ্বিতীয় লাইনে "কার্যকরী না হওয়ায়" এই শব্দগুলির পর, "অনুন্নত জাতিগুলির বিকাশের অন্তরায় হইয়াছে এবং" এই শব্দগুলি সংযোজিত হউক।

**Shri SAILENDRA NATH ADHIKARY:** Sir, I beg to move that—

মূল প্রস্তাবের তৃতীয় লাইনে "অতএব, অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকরী করা হউক।" এই শব্দগুলির পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি সংযোজিত করা হউক :—

"মাতৃভাষাকে উপেক্ষা করিয়া বৃটিশ শাসনের রাষ্ট্রভাষা ইংরাজীকে,—মূলত রাষ্ট্রপর্যায়ে—পরিত্যাগ করিবার বদলে আঁকড়াইয়া থাকিবার মনোবৃত্তি আজিও প্রভাব বিস্তার করিতেছে ; ফলে সামান্য যেটুকু অগ্রগতি আশা করা গিয়াছিল তাহাও রূপায়িত হয় নাই। অতএব বাঙালী জনসাধারণের আত্মনিয়ন্ত্রণের অধিকারকে লক্ষ্যে রাখিয়া অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকরী করা হউক ; সরকারী ক্ষেত্রে ও বেসরকারী ক্ষেত্রে প্রতিটি কাজ যাহাতে মাতৃভাষায় করা অবশ্যপালনীয় হয় এবং সর্বোচ্চ পর্যায়ে বাংলাভাষায় যাহাতে শিক্ষা-ব্যবস্থা পরিপূর্ণভাবে কার্যকরী করা যায় তাহার জন্য সময় নির্ধারিত কর্মসূচি গ্রহণ করা হউক।"

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রীঅমলেন্দুলাল রায় মহাশয় যে রেজলিউশন এই হাউসের সামনে রেখেছেন তা আমি সমর্থন করছি। তাঁর যে মত এই হাউসের সামনে রেখেছেন, আমি মোটামুটিভাবে তাঁর সঙ্গে একমত। শুধু যেখানে তিনি কতকগুলি কটাক্ষ করেছেন সেখানে আমার ভিন্ন মত। স্যার, আপনি জানেন যে, এই ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্টটা কংগ্রেস সরকার পাশ করেছিল ১৯৬১ সালে এবং এই অ্যাক্ট অনুসারে মোটামুটি কাজ আরম্ভ হয়েছে। তবে সেকশন ৪-এর কথা যেটা তিনি বলেছেন, সেখানে একটা অপশান দেওয়া আছে। সেখানে বাংলা ভাষা অথবা যদি কেউ মনে করেন, তবে ইংরাজী ভাষা ব্যবহার করতে পারেন। স্যার, আমি আপনাকে বলব যে, এখানে অনেক মাননীয় সদস্য, বিশেষ ক'রে মিঃ ঘোষ তাঁদেরই মন্ত্রীদের বলেছিলেন বাংলা-ভাষার উপর জোর দেওয়ার জন্য। তাঁদের ৩২ দফার মধ্যে সেটা আছে। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে, যাঁরা এত বড় গলা ক'রে চিৎকার করেছেন, বড় বড় কথা বলেছেন, আমাদের অমলবাবুও বললেন, তাঁদের পার্টির মন্ত্রীরা এখানে আছেন ; কিন্তু দেখা যাচ্ছে যে, বাংলা ভাষা ব্যবহারে দেয়ার ইজ নো বার। সেখানে কোন বাধা ছিল না, যদি সেই মন্ত্রিমন্ডলী বাংলা ভাষা ব্যবহার করতেন। তিনি যে রেজলিউশন এনেছেন সেটা ভাল রেজলিউশন। কেন না, যখন আইন পাশ করা হয়েছে তখন তাকে রূপ দেওয়া উচিত। সেইরূপে আইন অনুসারে বাংলাভাষা ব্যবহার করায় কোন বাধা ছিল না এবং বিলেও ব্যবহার করতে পারতেন। কিন্তু তা করেন নি। তবে একটা কথা বলব যে, যাঁরা সেক্রেটারী আছেন, এই আই এ এস কিংবা আই সি এস অফিসার তাঁদের কাছে যদি বাংলা ভাষা নিয়ে যাওয়া হয়, তা হ'লে সেখান থেকে ফিরে আসবে। দুটো জিনিসই আছে, ইচ্ছা করলেই অনেক সময় হয় না। কারণ যেসমস্ত অফিসারস আছেন, তাঁরা বাংলাভাষায় অর্ডার লেখেন না এবং তাঁদের অভ্যাসও নেই। তাঁদের যারা স্টেনোগ্রাফার তাঁদের অনেকেরই বাংলা নলেজ নেই, কিন্তু তারা চাকরি করে। ফলে কি মন্ত্রিমন্ডলী, কি সেক্রেটারীদের, কি ডাইরেক্টর যাঁরা আছেন, তাঁদের সেখানে দেখা যাবে যে, স্টেনো সে ইংরাজী নোয়িং, তাকে সেখানে রাখা হয়েছে। ফলে তাদের কাজকর্ম হয় না। এখানে আমি বলতে চাই যে, যেখানে বাংলা ভাষা চালু করব আর যদি সেখানে বাংলা নোয়িং স্টেনোকে অ্যাপয়েন্টমেন্ট না দেই, তা হ'লে সেখানে কাজ হবে না।

[3-25—3-35 p.m.]

সুতরাং সেখানে যাঁরা বাংলা জানেন এইরকম স্টেনো অনেক বসে আছেন যাঁরা চাকরি পাচ্ছেন না। এই বাংলা ভাষাকে সত্যিকারের চালু করার যদি ইচ্ছা থাকে, তা হ'লে গোড়াতে আপনাদের হাত দিতে হবে। তা না হ'লে কিছুই হবে না। এখানে মন্ত্রীরা যাঁরা আছেন তাঁরা প্রিপেয়ার্ড জিনিস নিয়ে আসেন, তাঁদের নিজস্ব কোন কিছু নেই। সেক্রেটারীরা যে ভাষায় যে ল্যাঙ্গোয়েজে লিখে দেন সেই ল্যাঙ্গোয়েজই এখানে নিয়ে আসেন। ইংরাজীতে যদি দেন ইংরাজী নিয়ে আসেন, বাংলায় যদি দেন বাংলা নিয়ে এসে বলেন। এই আইনটা আমরা পাশ করেছি, বাধা কিছুই নেই ; কিন্তু আপনারা কিছুই করছেন না এবং মাননীয় সভ্য যেটা বললেন যে, এই হাউসের যে এজেন্ডা সেই সমস্ত ইংরাজীতেও আসছে। ঐ হাসান সাহেবের মত লোকের পক্ষে অসুবিধা হয়, আরও অনেকেরই অসুবিধা হয়। আজকে প্রতি পদক্ষেপেই দেখা যাচ্ছে যে, আপনারা ইংরাজী ছাড়া চলছেন না, অথচ আইন অনুসারে আপনারা বাংলা ব্যবহার করতে পারতেন। কাজেই আজকে যে বাংলা টাইপরাইটার তা কেনার কোন ব্যবস্থা হয় নি, স্টেনো-গ্রাফারের কোন ব্যবস্থা হয় নি। তারপরে এটা ঠিক যে, বাংলা ভাষার পরিভাষা অনেক সময় দেখা যায় যে, খুব শক্ত হয়, অনেক সময় ইংরাজী ভাষাকে বাংলা পরিভাষার ভাষায় এমনভাবে ব্যবহার করা হয় যে, অনেকে তা বুঝতে পারে না। আমি বলব, এই পরিভাষাগুলিকে ঐভাবে না ক'রে যাতে সহজ ভাষায় লোকে বুঝতে পারে তার ব্যবস্থা করতে হবে। আজকে ম্যাজি-স্ট্রেটের জায়গায় যদি সমাহর্তা বলা হয়, তা হ'লে আমার মনে হয় যে, অনেকেই তা বুঝতে পারবেন না। এইভাবে এস পি-র জায়গায় আপনারা যা ব্যবহার করছেন তা আমাদের পক্ষেই বোঝা কঠিন। ডাইভারসনের জায়গায় সেখানে যদি বলেন বিকল্প, তা হ'লে অনেকেই তা বোঝেন না। সুতরাং আমি বলব যে, এই নিয়ে লাফালে হবে না, গ্রামের লোক যাতে বুঝতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। ইংরাজী ভাষা বাংলার মধ্যে থাকতে পারে, কিন্তু সেই ইংরাজী ভাষাকে যদি আমরা সেইভাবে সহজ সরল করতে পারি যাতে গ্রামের লোক বোঝে তা হ'লে আমার মনে হয় খুব ভাল হবে। তা না হ'লে ইংরাজী ভাষাকে বাংলার মধ্যে ব্যবহার করতে গেলে আরও কঠিন হবে এবং গ্রামের লোক যদি সেই ভাষা বুঝতে না পারে, তা হ'লে আমার মনে হয়, যে উদ্দেশ্যে এই বাংলা ভাষাকে চালু করার কথা আইনে বলা হয়েছে কিংবা মাননীয় সভ্য যেটা চাচ্ছেন সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। সুতরাং একটা কমিটি করা উচিত--যে কমিটি আগেও হয়েছে তাঁরা সেই পরিভাষাগুলিকে পরিবর্তন ক'রে কিভাবে সহজ সরল গ্রামের ভাষায় এই জিনিসগুলিকে লোকের সামনে তুলে ধরতে পারেন তার ব্যবস্থা করতে হবে। আমি বসার আগে এই কথা বলব যে, আমি মাননীয় সদস্যর সংগে একমত যে, অনেকে আছেন এমন কি পঞ্চায়েত বিভাগেও অনেকে আছেন বা অধ্যক্ষ আছেন যাঁরা ইংরাজী জানেন না এবং তা না জানার ফলে তাঁরা ইংরাজীতে সেই সমস্ত চিঠিপত্র অনেক সময় বুঝতে পারেন না। আজ পর্যন্ত অনেক প্রস্তাব করা হয়েছে, আইন করা হয়েছে, কংগ্রেসের আমলেও হয়েছে, এখনও হচ্ছে, কিন্তু দুঃখের বিষয় এটা কার্যকর হচ্ছে না। আজকে যেহেতু যুক্তফ্রন্টের একজন সভ্য মাননীয় অমলবাবু এটা এনেছেন, আশা করি, যে আইন ১৯৬১ সালে পাশ করা হয়েছিল সেই আইন অনুসারে আপনারা একটা টারগেট ডেট বেঁধে দেবেন যে, এর মধ্যে বাংলা ভাষা চালু হবে এবং বাংলা ভাষা যাতে সহজ সরলভাবে হয়, তার জন্য একটা কমিটি ক'রে এই ভাষা যতটা পারা যায় গ্রামের লোক যাতে বুঝতে পারেন সেইভাবে করবেন। এই ব'লে আমি অমলবাবুর এই রেজলিউশনটা সমর্থন করছি।

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অমলেন্দ্রলাল রায় মহাশয় যে প্রস্তার এনেছেন আমি সরকারের পক্ষ থেকে সে প্রস্তাব সমর্থন করছি এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি যে, আজ এই প্রস্তাব এনে এই বিষয়টা সম্পর্কে বিধানসভার মতামত স্পষ্টভাবে ব্যক্ত হওয়ার একটা সুযোগ তিনি ক'রে দিয়েছেন। আমার মনে হয়, খুব বেশি আলোচনার প্রয়োজন নেই। আমরা খুব সংক্ষেপে ব্যাপারটা সারতে পারতাম। কিন্তু এ বিষয়টা নিয়ে আলোচনা না হ'লে জনসাধারণের কাছে কথা বলা যায় না এবং বিধানসভার সদস্য ও মন্ত্রিসভার সদস্যারা বিষয়টার গুরুত্ব সম্পর্কে সব সময় সজাগ থাকেন না। সেজন্য আলোচনা হওয়া প্রয়োজন মনে করেছিলাম বলে এই আলোচনায় আমি আপত্তি করি নি। অতীতে প্রচেষ্টা কিছু হয়েছিল। মাননীয়

অমলেন্দ্রলাল রায় ও সাত্তার সাহেব সেকথাগুলির আলোচনা করেছেন। একথা ঠিক ১৯৬১ সালে এই আইন কংগ্রেস সরকার করেছিলেন। কিন্তু সেই কংগ্রেস সরকার আবার ১৯৬৩ সালে সেটাকে একবার সংশোধন করেছিলেন এবং ১৯৬৪ সালে আর একবার সংশোধন করেছিলেন। এটা সত্য কথা যে, ১৯৬৪ সালের যে সংশোধন সেই সংশোধন আইনটার পক্ষে খুব মারাত্মক হয়ে গেল। তারপর এই ব্যাপার সম্পর্কে আর কোন প্রচেষ্টা করার প্রয়োজন দেখা দিল না। ইতিমধ্যে আর একটা ঘটনা হ'ল যেটা আমি এ বিষয়ে তথ্য সংগ্রহ করতে গিয়ে দেখলাম যে, ১৯৬২ সালে যে জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছিল সেই জরুরী অবস্থার জন্য বাংলা ভাষা প্রচলনের প্রয়াসে বাধা পড়ল। নূতন টাইপরাইটার কেনা, বাংলা টাইপিস্ট, স্টেনো-টাইপিস্ট ইত্যাদি নিয়োগ করার যে প্রস্তাব বিবেচনা করা হয়েছিল সেগুলি সব চাপা পড়ে যায় এবং তারপর এগুলিতে আর বেশি কিছু কাজ হয় নি। অতীতের বিশেষ পর্যালোচনা করে লাভ নেই। এখন আমাদের যেটা করতে হবে, যেটা আমার মনে হয় সকলেই একমত হবেন যে, একটা নূতন দৃঢ়প্রতিজ্ঞা এবং প্রয়াসের প্রয়োজন রয়েছে—বাধা কোথাও নেই। আমাদের সকলেরই জানা আছে যে, একটা নূতন কিছু বন্দোবস্ত করতে গেলে আমাদের যে স্বাভাবিক জড়ত্ব সেটা আমাদের আটকায়, সেজন্য আমরা করতে পারি না। একথা সত্য, সরকারের ব্যবস্থায় উচ্চস্তরে যাঁরা আছেন তাঁরা কিছুদিন ধ'রে ইংরাজী ভাষায় বলতে, ভাবতে এত অভ্যস্ত যে, তাঁদের বাংলাভাষায় কিছু করতে বললে প্রাকৃতিক বাধা বা ন্যাচারাল রেজিস্ট্যান্স হয়। এ জিনিস লক্ষ্য ক'রে একথা অস্বীকার ক'রে লাভ নেই যে, প্রথম কিছু সময় বাংলা ভাষা ব্যবহার করতে আমাদের সকলেরই কিছু কিছু জায়গায় আটকাবে। কিন্তু এ ছাড়া কোন পথ নেই। অনভ্যস্ততার জন্য এই যে অসুবিধা, সেটা যদি জোর ক'রে সরিয়ে না দিই, তা হ'লে আমরা কোনদিনই নিজেদের ভাষায় কিছু করতে পারব না। সেজন্য আমার মনে হয় বিধানসভার সদস্য এবং জনসাধারণ সকলেই একমত হবেন যে, সাময়িক কিছু কিছু ভাষাগত অসুবিধা, বৈষম্য বা অসঙ্গতি দেখা দিলেও এগুলি আমাদের সহ্য করতে হবে। কিন্তু এগুলি আমরা অতিক্রম করতে পারব। আর একটা কথা মাননীয় সদস্য সাত্তার সাহেব বলেছেন যে, বাংলা ভাষা ব্যবহার করার ব্যাপারে আমরা যদি শুচিবায়ুগ্রস্ততার শিকার হই, তা হ'লে বিপদ হবে। আমরা বাংলা ভাষা ব্যবহার করতে চাই শুধু কোন একটা তত্ত্বগত কারণের জন্য নয়। এটা খুব প্রয়োজন এবং প্রশাসনের জন্য দ্রুত ও সর্বজনগ্রাহ্য এবং সত্যিকারের সজীব গণতান্ত্রিক প্রশাসনের জন্য বাংলা ভাষার প্রয়োজন। সেটা যদি সকলে মনে করি, তা হ'লে নিশ্চয় বাংলা ভাষা একটা কাল্পনিক ভাষা হ'লে চলবে না। যে বাংলা ভাষা আমরা নিত্যনৈমিত্তিক ব্যবহার করি সেই বাংলা ভাষায় বহু বিদেশী এবং ইংরাজী শব্দ চালু হয়ে গেছে। যে ভাষা আমরা সত্যিকারের ব্যবহার করি তার মধ্যে বহু বিদেশী শব্দ আছে সেই শব্দগুলি আমাদের স্বীকার করতে হবে।

[3-35—3-45 p.m.]

অকারণে সংস্কৃতের প্রতি একটু বেশি আকর্ষণ বা ইংরাজী শব্দ একেবারে এড়িয়ে চলতে হবে, এরকম ধরনের কোন গোঁড়ামি যদি আমাদের থাকে, কোনরকম শুচিবায়ুগ্রস্ততা যদি থাকে, তা হ'লে আমরা বাংলা ভাষা ব্যবহার করতে পারব না ব'লে আমি মনে করি। বাংলা পরিভাষার ব্যাপারে কেন সাত্তার সাহেব সেটা উল্লেখ করলেন না আমি বুঝলাম না। এখন পর্যন্ত বাংলা ভাষার যে জড়ত্ব রয়েছে, বাস্তব বাংলা ভাষার সঙ্গে সরকার কর্তৃক নির্ধারিত পরিভাষার যে দূরত্ব রয়েছে সেটা ও'রাই ও'দের আমলে তৈরি করেছিলেন। আমি তো বুঝতে পারি না কি কারণে আন্ডার-সেক্রেটারি না ব'লে অবর সচিব বলতে হবে এবং এই অবর সচিব কার কাছে যে বোধগম্য হবে সেটাও আমি বুঝতে পারছি না। এই কারণে নথিপত্রে কাজকর্মে বাংলা ব্যবহার করতে গেলে অনেক বিলম্ব হ'তে পারে, বাংলাতে একটা সামান্য নোট লিখতে গেলে তার জন্য প্রতি পদে পরিভাষা দেখতে হবে এবং তার জন্য নিশ্চয়ই একটা ফাইল হবে। সেক্রেটারি একজন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারিকে ফাইলে জিজ্ঞাসা করবেন আন্ডার-সেক্রেটারির বাংলা কি এবং তারপর সেই ফাইল তাঁর কাছ থেকে ফিরে আসবে এরকম দীর্ঘসূত্রতা আমি বাঞ্ছনীয় মনে করি না। আমরা সকলেই একমত যে, যেসমস্ত শব্দ আমাদের বাংলা ভাষার অন্তর্গত [illegible]

করা উচিত। যেমন ম্যাজিস্ট্রেট শব্দটি, এমন কি যারা নিরক্ষর বাংলা লিখতে পড়তে পারে না তারা পর্যন্ত ঐ ম্যাজিস্ট্রেট শব্দটি বোঝে। কাজেই সেখানে প্রাচীন সংস্কৃত থেকে উদ্ধার ক'রে একটি শব্দ নিয়ে এসে উপস্থিত করলে তাতে বাংলা ভাষায় কাজ পরিচালনা করার উদ্দেশ্য সিদ্ধ হবে না। একটা কৃত্রিম ভাষাকে বাংলা ভাষা ব'লে ব্যবহার করবার চেষ্টা করলে তাতে আমাদের কোন উপকার হবে না। সেদিক থেকে আমরা যদি উদার হ'তে পারি এবং পৃথিবীর অন্যান্য দেশের যে অভিজ্ঞতা রয়েছে তা থেকে যদি এই ব্যাপারে অন্তত যাকে সর্বভুক বলা হয়—ভাষাবিজ্ঞানী এসপারসন সাহেব এই শব্দ ব্যবহার করেছিলেন ইংরাজীর বৈশিষ্ট্য বর্ণনা করতে গিয়ে—ইট ইজ অ্যান ওমনিভোরাস ল্যাঙ্গোয়েজ—সেই সর্বভুক খানিকটা না হ'লে আমাদের চলবে না। যে-কোন ভাষা থেকে প্রয়োজনীয় এবং জনসাধারণের দৈনন্দিন ব্যবহারযোগ্য শব্দ আমরা যদি পাই, তা হ'লে সেই শব্দ আমাদের নিতে হবে এবং অসঙ্কোচে তাকে আমাদের ভাষার মধ্যে ব্যবহার করতে হবে। এই যদি না করি, তা হ'লে আমরা এগুতে পারব না। আমি এই প্রস্তাব সমর্থন করছি এবং আপনার মাধ্যমে সমস্ত সদস্যের কাছে নিবেদন করছি এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়া উচিত।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সংশোধনী দিয়েছি তার একটা উদ্দেশ্য আছে এবং সেই উদ্দেশ্যটি হচ্ছে, ভাষা হচ্ছে একটা জাতির অঙ্গ। বাংলাদেশে বাংলা ভাষাকে যদি আমরা রাষ্ট্রভাষা হিসাবে কাজকর্মে মেনে নিই, তা হ'লে ভাষার বিকাশ হবে এবং সঙ্গে সঙ্গে জাতির বিকাশ ত্বরান্বিত করবে। এই প্রসঙ্গে বলতে চাই যে, বাংলাদেশে শুধু বাংলা ভাষা নয়, আরও কয়েকটি ভাষা রয়েছে যেগুলি অনুন্নত। কাজেই বাংলাভাষা চালু করলে অন্যান্য যেসমস্ত অনুন্নত ভাষা রয়েছে, যেমন নেপালী, সাঁওতালী, যেগুলি বিকাশ লাভ করে নি, সেগুলি মোটামুটিভাবে বিকাশ লাভ করবে এবং সেই সমস্ত জাতিরও বিকাশ হবে। যিনি প্রস্তাব নিয়ে এসেছেন তিনি আপামর জনসাধারণ কথাটি ব্যবহার করেছেন এবং তার মধ্যে নেপালী এবং সাঁওতালী পড়ে ব'লে আমি আমার সংশোধনী প্রস্তাব তুলে নিচ্ছি।

The motion of Shri Aswini Kumar Roy that

মূল প্রস্তাবের দ্বিতীয় লাইনে "কার্যকরী না হওয়ায়" এই শব্দগুলির পর "অনুন্নত জাতি-গুলির বিকাশের অন্তরায় হইয়াছে এবং" এই শব্দগুলি সংযোজিত হউক

was then, by leave of the House, withdrawn.

The motion of Shri Sailendra Nath Adhikary that

মূল প্রস্তাবের তৃতীয় লাইনে, "অতএব, অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকরী করা হউক।" এই শব্দগুলির পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি সংযোজিত হউকঃ—

"মাতৃভাষাকে উপেক্ষা করিয়া বৃটিশ শাসনের রাষ্ট্রভাষা ইংরাজীকে মূলত রাষ্ট্রপর্যায়ে পরিত্যাগ করিবার বদলে আঁকড়াইয়া থাকিবার মনোবৃত্তি আজিও প্রভাব বিস্তার করিতেছে ; ফলে সামান্য যেটুকু অগ্রগতি আশা করা গিয়াছিল তাহাও রূপায়িত হয় নাই। অতএব বাঙালী জনসাধারণের আত্মনিয়ন্ত্রণের অধিকারকে লক্ষ্যে রাখিয়া অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকরী করা হউক ; সরকারী ক্ষেত্রে ও বেসরকারী ক্ষেত্রে প্রতিটি কাজ যাহাতে মাতৃভাষায় করা অবশ্যপালনীয় হয় এবং সর্বোচ্চ পর্যায়ে বাংলা ভাষায় যাহাতে শিক্ষাব্যবস্থা পরিপূর্ণভাবে কার্যকরী করা যায় তাহার জন্য সময় নির্ধারিত কর্মসূচি গ্রহণ করা হউক।"

was then, by leave of the House, withdrawn.

**Mr. SPEAKER:** Now Shri Amalendra Lal Roy, please reply.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এতে বেশি কিছু বলবার নাই। আমি শুধু বলব যে, বিরোধী দলের সহকারী নেতা সাত্তার সাহেব আমার প্রস্তাব সমর্থন করতে উঠে যেসব কথার অবতারণা ক'রে গেলেন সেগুলি ঠিক সমর্থন করতে পাচ্ছি না। আমার মনে হ'ল, তিনি উদোর পিন্ডি বুদোর ঘাড়ে চাপিয়ে দিতে চাইছেন। ১৯৫০ সালে সংবিধান চালু হ'ল, তারপর ১-২-৩-৪ বছরের পর বছর ধ'রে তাঁরা কি করলেন ? এভাবে ২২ বছর ধ'রে তাঁরা কি কাজ করেছেন সেটা যদি একটু ভালভাবে চিন্তা ক'রে দেখেন, তা হ'লেই

বুঝবেন যে, আজকে এই প্রস্তাব আদৌ আসত না। যাঁদের আচরণের জন্যই এসেছে তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন দেশকে তা যদি পালন করতেন, তাঁদের আচরণ যদি যথার্থ হ'ত, তা হ'লে এই প্রস্তাব আনার প্রয়োজন হ'ত না। আমি যুক্তফ্রন্টের একজন সদস্য হিসাবে যুক্তফ্রন্ট সরকারকে সতর্ক ক'রে দেব যে, যেভাবে এই আইন অগ্রাহ্য করা হয়েছে, উপেক্ষা করা হয়েছে, যুক্তফ্রন্ট সরকারও যদি সেইভাবে উপেক্ষা করেন, অগ্রাহ্য করেন, তা হ'লে বাংলাদেশের কোটি কোটি জনসাধারণ, কোটি কোটি নরনারী তা বরদাস্ত করবে না। আমি তাঁদের পরিষ্কার ভাষায় জানিয়ে দিতে চাই যে, এমন ফাঁকা আওয়াজ করবেন না, এমন প্রতিশ্রুতি দেবেন না যা পালিত হ'তে পারে না। আইনের বিধান অনুযায়ী কাজ আরম্ভ হ'তে পারে, ধীরে ধীরে আরম্ভ করুন, একথা আমিই বলব, সাত্তার সাহেবের বলার দরকার নাই। সাত্তার সাহেবের যেকথা বলা উচিত বিনয়ের সঙ্গে—২২ বছর চ'লে গেল আইনের সংশোধন ক'রে দু' বছর আর দু' বছর —চার বছর আইনের মেয়াদ বাড়িয়ে নিয়েছেন, তারপরেও যে মেয়াদটি কৌশলে আইনের সংশোধন ক'রে অনন্তকাল করা হয়েছে সেকথাও তাঁদের মনে হ'ল না। তারপর সাত্তার সাহেব যখন বললেন যে, কাজের সঙ্গে কথার মিল নেই, তখন মনে হ'ল সাত্তার সাহেব যুক্তির ধার দিয়ে যাচ্ছেন না, নেহাৎ গালাগাল দেবার জন্যই এসব বলছেন। এই কয়টি কথা ব'লে আমি আশা করি, আমার এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হবে, এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, এটা যে সর্বসম্মতিক্রমে গৃহীত হ'ল এই সিদ্ধান্ত যে নেবেন সেটা যেন ইংরেজীতে প্রসিডিংস না থাকে, বাংলায় যেন হয়।

**মিঃ স্পীকার ঃ** তা হ'লে আমি এখন মাননীয় সদস্য শ্রীঅমলেন্দুলাল রায় যে প্রস্তাব তুলেছেন সেটা ভোটে দিচ্ছি, আপনারা যাঁরা যাঁরা সপক্ষে আছেন, তাঁরা বলুন, 'হাঁ', যাঁরা সমর্থন করেন তাঁরা বলুন 'হাঁ', আর যাঁরা এর বিরুদ্ধে আছেন তাঁরা বলুন 'না'। তা হ'লে দেখা যাচ্ছে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হ'ল।

The motion of Shri Amalendra Lal Roy that

"এই সভার মতে, ১৯৬১ সালের 'দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ অ্যাক্ট, ১৯৬১', আজও পুরাপুরি কার্যকরী না হওয়ায় দেশের আপামর জনসাধারণকে প্রচুর অসুবিধার সম্মুখীন হইতে হইতেছে। অতএব, অবিলম্বে ঐ আইনকে পুরাপুরিভাবে কার্যকরী করা হউক।"
was then put and agreed to.

[3-45—3-55 p.m.]

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই যে সিদ্ধান্ত গৃহীত হ'ল, রুলসে যে প্রোসিডিওর আছে সেটা অনুসরণ করলেন না ?

**মিঃ স্পীকার ঃ** হ্যাঁ, না, সবই বলেছি। 'হ্যাঁ' এর সংখ্যা বেশি, সুতরাং এটা গৃহীত হয়েছে। এবারে শ্রীমনোরঞ্জন বড়াল মহাশয় আপনার প্রস্তাব এখানে অনুগ্রহ ক'রে রাখুন।

**শ্রীমনোরঞ্জন বড়াল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা ভাষার স্বপক্ষে জোরালো বক্তৃতার পর দুর্ভাগ্যবশত আমার প্রস্তাবটা ইংরাজীতে পাঠ করতে হচ্ছে। পূর্বে এটা ইংরাজীতে দেওয়া হয়েছিল, এটা কেন্দ্রীয় সরকারের কাছে যাবে, সেজন্য প্রস্তাবটা ইংরাজীতে লেখা হয়েছিল। ওটা লেখার সময় বাংলায় লেখার কথা ভেবেছিলাম। যাই হোক, আমি প্রস্তাবটা ইংরাজীতে উত্থাপন করছি—

**I beg to move that this Assembly is of the opinion that the State Government should move the Government of India to take immediate steps to recognise the newly formed Provisional Revolutionary Government of South Vietnam, headed by the Prime Minister Huyin Tan Phat.**

**এর বাংলা করলে দাঁড়ায়, আমাদের এই বিধানসভা থেকে আমরা এই অভিমত জানাচ্ছি যে, কেন্দ্রীয় সরকার অবিলম্বে এমন ব্যবস্থা গ্রহণ করুন যাতে হুয়েন তান ফাতের নেতৃত্বে গঠিত**

দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হয়। এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে আমি সংক্ষেপে দু-একটা কথা মাননীয় সদস্যদের সম্মুখে রাখছি। বাংলাদেশে বা ভারতবর্ষে, এমন কি বলতে গেলে সমগ্র দুনিয়ায় ভিয়েতনাম শব্দটা মোটেই অপরিচিত নয়, বোধ হয় সর্বাপেক্ষা বেশি পরিচিত। এই ভিয়েতনাম ১৯৪৫ সাল থেকে সাক্ষাৎভাবে লড়াই করছে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে এবং কয়েকটা পদক্ষেপের মধ্য দিয়ে ভিয়েতনামের এক অংশ আগেই স্বাধীনতা অর্জন করেছে ; শুধু স্বাধীনতা নয়, সেখানে নতুন ধরনের একটা সমাজতান্ত্রিক সরকার গঠিত হয়েছে এবং দীর্ঘ সংগ্রামের পর ১৯৫৪ সালে জেনেভা চুক্তি। ১৯৫৪ সালে বিখ্যাত দিয়েন বিয়েন ফু'র লড়াই-এর পর সাম্রাজ্যবাদীরা সেই চুক্তি মেনে নিতে বাধ্য হয়েছিল। সেই চুক্তিতে যা ছিল তা যদি কার্যকর করা হ'ত, তা হ'লে আজকে এই প্রস্তাব আমাদের গ্রহণ করতে হ'ত না। অনেক বছর আগেই এইরকম প্রস্তাব গ্রহণ না ক'রে, কেন্দ্রীয় সরকার ভিয়েতনাম সরকারকে স্বীকার ক'রে নিতে বাধ্য হতেন। সেই চুক্তি অনুসারে ভিয়েতনামকে দু'টি অংশে ভাগ করা হয়েছিল। উত্তরভাগে স্বাধীন সমাজতান্ত্রিক সরকার হো-চি-মিনের নেতৃত্বে গঠিত হয়েছিল। সেই সরকারকে রাজনৈতিক স্বীকৃতি দেওয়া হয়েছে বটে, কিন্তু সেখানে রাষ্ট্রদূত পর্যায়ের কূটনৈতিক মর্যাদা দেওয়া হয় নি। সেই চুক্তির শর্ত ছিল যে, ১৯৫৬ সালে আবার একটা গণভোট হয়ে সেখানে গঠিত হবে যুক্ত ভিয়েতনাম সরকার। সেই সরকার সমাজ-তান্ত্রিক সরকার হোক বা যে রকমের সরকার হোক, সেই সরকারই হবে ভিয়েতনামের প্রকৃত জনগণের সরকার। একথা উল্লেখ করা প্রয়োজন এইজন্য যে, ১৯৫৪ সালে যে জেনেভা চুক্তি হয়, তাতে স্বাধীন ভারতবর্ষের প্রতিনিধি ছিলেন, সেখানে যে আন্তর্জাতিক নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয় সেই আন্তর্জাতিক নিয়ন্ত্রণ কমিশনের তিনিই সভাপতি হন। তাঁর একটা প্রধান দায়িত্ব ছিল ১৯৫৪ সালের জেনেভা চুক্তি অনুসারে ১৯৫৬ সালের মধ্যে যে যুক্ত ভিয়েতনাম সরকার গঠিত হবে তার তদারকি করা এবং সেই চুক্তি যাতে কার্যকর হয় তার প্রধান দায়িত্ব ছিল ভারত সরকারের। দুর্ভাগ্যবশত, ভারত সরকার সেই দায়িত্ব পালন করেন নি। ১৯৫৪ সালের সেই চুক্তি ভঙ্গ করার পর ১৯৫৬ সাল হ'তে সেখানে মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ আক্রমণ হয়। সেই প্রত্যক্ষ আক্রমণ সত্ত্বেও বিভিন্ন পর্যায়ে দক্ষিণ ভিয়েতনামের মানুষ নানাভাবে বৈধ পদ্ধতিতে সংগ্রাম করেছে, কিন্তু সমস্ত ব্যর্থ হয়েছে। মার্কিন নিয়ন্ত্রিত ভিয়েতনাম সরকারের এবং মার্কিন সরকারের সৈন্যরা স্বাধীনতাকামী ভিয়েতনামবাসীর উপর আঘাত হেনেছে। বাধ্য হয়ে স্বাধীনতাকামী ভিয়েতনামবাসীরা এর বিরুদ্ধেই সংগ্রাম চালিয়ে যাচ্ছে।

সেই সশস্ত্র সংগ্রাম ১৯৬০ সাল থেকে আরম্ভ হয়ে আজকে যে পর্যায়ে গিয়েছে, তার ফলে যে অংশ স্বাধীনতা লাভ করে নি সেই দক্ষিণ ভিয়েতনামের মানুষ আজকে ঐক্যবদ্ধ হয়ে একটা বিপ্লবী সরকার গঠন করেছেন। এই বিপ্লবী সরকার গঠিত হবার পরেও ভারত সরকার আজকেও সচেতন নন। ১৯৪৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে ভিয়েতনামের মুক্তি সংগ্রামের সমর্থনে ছাত্র আত্মদান করেছে, বহু ছাত্র আহত হয়েছে, তাদের রক্তে ভিয়েতনাম সঞ্জীবিত। সেই ভিয়েতনামের পৃথিবীখ্যাত নেতা হো-চি-মিন যখন কলকাতায় এসেছিলেন, তখন তিনি কলকাতার সেই সংগ্রামী মানুষদের খুঁজে বের করে কৃতজ্ঞতা জ্ঞাপন করেছিলেন। সেই সরকার আজও প্রতিরোধ সংগ্রামে লড়ছে। আমরা জানি গত জুন মাসে সেখানে ঐক্যবদ্ধ একটি বিপ্লবী সরকার গঠিত হয়েছে। যে ভারত দু'শো বছর ধ'রে বৃটিশের পদানত ছিল, সেই ভারত সরকারের অবিলম্বে তাই উচিত ছিল সর্বপ্রথমেই বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেওয়া। কিন্তু দুর্ভাগ্যের বিষয় অন্য অনেক ছোট ছোট রাষ্ট্র, যেমন আরব সাধারণতন্ত্র, কাম্বোডিয়া ইত্যাদি পৃথিবীর ৩০টি দেশ তাঁদের স্বীকৃতি দিয়েছেন, অথচ ভারত সরকার আজও তাঁদের স্বীকৃতি দেন নি। এটা আমাদের কলংক। ভিয়েতনামের মুক্তি সংগ্রামের সমর্থনে ভারতবর্ষের সাধারণ লোক অবশ্য ঔষধপত্র ও টাকা-পয়সা দিয়ে যথাসম্ভব সাহায্য করছেন। বিভিন্ন আন্দোলনের মধ্য দিয়ে তাঁরা সমর্থন জ্ঞাপন করেছেন। এসেম্বলি চলার সময় যেদিন ঐ দুর্ভাগ্যজনক পুলিসের আক্রমণের ঘটনা এখানে ঘটে, সেদিন নিকসন ভারতে এসেছিলেন। কলকাতার মানুষ সেদিন নিকসনের আগমনের প্রতিবাদ জানিয়েছে। এই নিকসন উপরাষ্ট্রপতি হিসেবে এই ভিয়েতনাম যুদ্ধ শুরু করেছিলেন ; সেই নিকসন আজকে ওদের মারের চোটে মিষ্টি কথা বলছেন। উত্তর ভিয়েতনাম সরকারকে স্বীকৃতি না দিয়ে এবং জেনেভা চুক্তি স্বাক্ষর না করার আড়ালে মার্কিন সরকার যুদ্ধ চালিয়ে যাচ্ছে। কার্যত সেখানে

ওরা আজও লড়াই করছে। ভারত সরকার একটা সম্পূর্ণ নিরপেক্ষতার ভাণ ক'রে মাঝে মাঝে সহানুভূতির কথা বলেছেন। এই দুর্ভাগ্যজনক পরিস্থিতিতে ভারত সরকারের আরও কৃতিত্ব আছে। তাঁরা উত্তর ভিয়েতনামের সঙ্গে সমস্ত ব্যবসা-বাণিজ্য বন্ধ করেছেন মার্কিন সরকারের নির্দেশে। এমন কি দক্ষিণ ভিয়েতনামের ব্যাপারেও ভারত সরকার আমেরিকার তাঁবেদারী করছে। দক্ষিণ ভিয়েতনাম জাতীয় মুক্তিফ্রন্টকে কোনরূপ সাহায্য দেওয়া হয় নি ; এমন কি তাদের প্রচার পর্যন্ত দিল্লীতে অনেক সময়ে বন্ধ ক'রে দেওয়া হয়েছে। অথচ ভারত-বর্ষের বড় বড় প্রাইভেট কোম্পানি বিভিন্নভাবে দক্ষিণ ভিয়েতনামের থিউ-কাই সাইগনচক্রকে সাহায্য করছে। আবার ভারত গভর্নমেন্টই নিরপেক্ষতার কথা জোরগলায় বলেন। ভিয়েত-নামের পক্ষে সমগ্র দুনিয়ার মানুষ। যে আমেরিকান সরকার প্রত্যক্ষভাবে তাদের বিরুদ্ধে লড়ছে, সেই আমেরিকান জনসাধারণও তাদের সমর্থনে এগিয়ে আসছেন। হো চি-মিন ছোট্ট কথায় বলেছেন, হে মার্কিন জনসাধারণ, তোমাদের একখানা ঘরের জানলা-দরজাও তো আমরা ভাঙ্গিনি ; তোমরা কেন সাড়ে পাঁচ লক্ষ সৈন্য এখানে পাঠিয়েছ? মার্কিন জনসাধারণই মার্কিন সরকারকে বাধ্য করেছে সৈন্য সরিয়ে আনার কথা ঘোষণা করতে। দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে আমাদের কেন্দ্রীয় সরকার যাতে স্বীকৃতি দেন, তার জন্যই এই প্রস্তাব আমি এনেছি ; আমি আশা করি সর্বসম্মতিক্রমে তা গৃহীত হবে। বিরোধী পক্ষ যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা প্রত্যাহার ক'রে নিয়ে তাঁরাও এই প্রস্তাব গ্রহণ করবেন ব'লে আমি আশা করি এবং এই প্রস্তাবের উপর হাউসের সভ্যদের আরও আলোচনা করবার জন্য আমি আবেদন করছি।

[3-55—4-05 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, আমি কয়েকদিন ধ'রে লক্ষ্য করছি যে আপনি সব সময় মাননীয় কথাটায় জোর দিচ্ছেন। কিছুদিন পূর্বে এই সভায় এবং কেন্দ্রীয় পার্লামেন্টে লোকসভায় আমি শুনেছিলাম একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে, অনারেবল কথাটা সেই বৃটিশের আভিজাত্যের পরিচয় দেয়। তাই আমি অনুরোধ করব, যদি অনারেবল কথাটা নামের পিছন থেকে বাদ দেন, তা হ'লে আমরা কেউ ডিসঅনারড হব না। অনারেবল যাঁরা অনারেবলই থাকবেন--ডিসঅনারেবলকে অনারেবল ব'লে অনারেবল করা যাবে না।

**মিঃ স্পীকারঃ** এটা এই হাউসের ভিতর বলা চলে--হাউসের বাইরে বলছি না, আর আপনাদের অনারেবল না ব'লে উপায় কি বলুন?

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় আপত্তি তুলেছেন--আমার মনে হয় উনি গিল্টি-মাইনডেড—ওঁকে অনারেবল বললে ওনার গায়ে লাগে।

**শ্রী এ কে এম ইসাকঃ** স্যার, একটা কথা বলি, অনারেবল লোক যাঁরা, তারা অনারেবল কথাটা ছেড়ে দিতে পারেন। কিন্তু যাঁরা অনারেবল নন, তাঁদের অনারেবল বললে তাঁরা সহ্য করতে পারেন না।

**শ্রীজয়নাল আবেদীনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীবড়াল যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি আমার যে সংশোধনী দিয়েছি, অমলবাবুর প্রস্তাবে আছে, আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমার সংশোধনী ইংরাজীতে দেওয়া আছে- সেটা আমি মুভ করছি। আমি ওনাকে বলেছি!

Sir, I beg to move that in lines 2 and 3, for the words "to take immediate steps to recognise", the following be substituted—

"to consider, in the context of the present international situation, the question of desirability of giving recognition or otherwise of."

আমি ওনাকে অনুরোধ করব যে, এই সংশোধনী তিনি গ্রহণ করবেন, তা হ'লে ও'র এই প্রস্তাব আমাদের সমর্থন করতে কোন বাধা থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কিছুদিন ধ'রে এই মধ্যবর্তী নির্বাচনের আগে আপনি নিশ্চয় শুনে থাকবেন, আপনার শ্রবণ-শক্তি খুব আছে, তারা একটা স্লোগান বের করেছিল—ভুলতে পারি বাপের নাম, ভুলব নাকো

ভিয়েতনাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও শুনে থাকবেন ও'রা বলেছিলেন—তোমার নাম, আমার নাম ভিয়েতনাম। ও'রা নির্বাচন বৈতরণী যেসব স্লোগান দিয়ে পার হয়েছিল তার মধ্যে এই দু'টো শ্লোগান বহুলপ্রচলিত ছিল। আজকে ও'রা বাংলাদেশে রক্তাক্ত বিপ্লব ঘটাতে চান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই বিপ্লবের পথে যেতে ও'রা গণতন্ত্রের সুযোগ নিচ্ছেন—গণতন্ত্রে ও'দের বিশ্বাস নাই।

গণতন্ত্রের নামাবলী গায়ে দিয়ে তারা দেশে রক্তাক্ত বিপ্লব ঘটাতে চায়। মাননীয় সভাপাল মহাশয়, এ'দের এই ভণ্ডামি এই প্রস্তাবের প্রতি ছত্রে ছত্রে প্রকাশ পাচ্ছে। স্যার, বাংলাদেশে কি লোমহর্ষক ঘটনা ঘটে গিয়েছে সেটা আপনি জানেন, আপনি জানেন, সেই মধুসূদনপুরের ঘটনা, কাঁকী, ভলেয়ার ঘটনা। আজকে সেদিকে শাসকশ্রেণী বা শাসকদলের দৃষ্টি দেবার সময় নেই, বাংলাদেশে জঙ্গলের আইন পরিত্যাগ ক'রে আইনের শাসন প্রতিষ্ঠিত করবারও কোন সঙ্কল্প এ'দের নেই বা সেদিকে কোন প্রচেষ্টা নেই। এখন এ'দের কথা হচ্ছে ভিয়েৎনামের ঐ বিদ্রোহী সরকারকে রেকগনিশন দিতে হবে। যে ইন্টারন্যাশনাল রিলেশন বা আন্তর্জাতিক সম্পর্ক যেটা ঠিক করবেন কেন্দ্রীয় সরকার। আজকে এ'দের সেখানে হস্তক্ষেপের একটা প্রবল বাসনা দেখা দিয়েছে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন, এ'রা এসেই বলেছেন যে, এই কনস্টিটিউশনের সীমাবদ্ধতার মধ্যে কাজ করা যাবে না, এই আর্থিক সঙ্গতির মধ্যেও কাজ করা যাবে না। এ'রা মোটামুটিভাবে কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণার জন্য, আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের শত্রু বৃদ্ধির জন্য এই প্রস্তাব আনার চেষ্টা করছেন। মাননীয় সভাপাল মহাশয়, কন্ট্রোল কমিশনের চেয়ারম্যান ভারতবর্ষ। আজকে ভারতবর্ষ যে তদারকির দায়িত্ব পেয়েছে সেই দায়িত্ব তাকে পালন করতে হবে। এই হাউসে আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব করতে পারেন না যে, ভিয়েৎনামকে রেকগনিশন দাও--এই বিদ্রোহী সরকারকে। ঠিক তদ্রূপই ভারতবর্ষ যেখানে সভাপতির দায়িত্ব পালন করছেন এবং নিষ্ঠার সঙ্গেই পালন করছেন সেখানে আজকে ভারত সরকারকে বিব্রত করার কোন কারণ নেই। বিব্রত করার প্রধান কারণ হচ্ছে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারকেই বিব্রত করতে হবে, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে একটা মনোভাব মানুষের মনে এনে দিতে হবে এবং ঐ যারা স্লোগান দেয় তাদের উত্তেজনার আগুনে আরও ইন্ধন যোগাতে হবে, উস্কানি দিতে হবে—এইজন্যই আজকে এই রেজলিউশন এই ফর্মে এসেছে। মাননীয় সভাপাল মহাশয়, জেনেভা এগ্রিমেন্টে আর্টিকেল ১৪তে ও'রা বলে দিয়েছেন যে, ফ্রি ইলেকশন করে পিপল উইল ডিসাইড—আজকে এ'রা দক্ষিণ ভিয়েৎনাম সরকারের আগ্রহে এবং নিমন্ত্রণে, সর্বোপরি ও'দের আহ্বানে আমেরিকা সেখানে গিয়েছে। ভারতবর্ষের নীতি সেখানে পরিষ্কার, ভারতবর্ষ একাধিকবার দ্ব্যর্থহীন ভাষায় এই কথা ঘোষণা করেছে। তা ছাড়া স্যার, আপনি জানেন আমেরিকান প্রেসিডেন্ট নিকসনের সম্প্রতি ভিজিটে শুধু ভিয়েতনাম নয়, সমগ্র এশিয়া থেকে আমেরিকাকে তার সমস্ত শক্তিকে প্রত্যাহার ক'রে নিতে হবে। ভারতবর্ষের এই মনোভাব আমেরিকার প্রেসিডেন্টকে সেখানে স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয়েছে। কিন্তু স্যার, আমেরিকা সেখান থেকে সরে গিয়ে কমিউনিস্টদের হাতে তা তুলে দিতে পারে না। এখানে কনস্টিটিউশন আছে, বাংলাদেশে রুল অব ল আছে, তা ছাড়া এতদিনের বাঙালীর ঐতিহ্য আছে এবং সেখানে এ'রা এই কমিউনিস্টদের নামাবলী গায়ে দিয়ে প্রচ্ছন্ন ছদ্মবেশে ঢুকে আজকে বাংলাদেশে আইনের শাসনকে কি ক'রে ফেলেছে সে কথা আমরা একাধিকবার বলেছি। আমরা বলেছি এবারে যে নির্বাচন হয়েছে সেই নির্বাচন নিরপেক্ষ হয় নি, নির্বাচন যন্ত্রকে প্রভাবান্বিত ও কলুষিত করেছে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন মহামান্য হাইকোর্ট কাশীপুরের ভোট গঠনার নির্দেশ পুনরায় দিয়েছিলেন ব'লে সেই ক্যানডিডেটের বাড়িতে বোমা মেরেছিল, তাঁর মহিলাদের আক্রমণ করেছিল। আজকে যদি এ'দের দুর্বলতা না থাকে, তা হ'লে শুধু পুনর্গণনার আদেশের জন্য তাঁরা এসব করতেন না। এই অরাজকতা এ'রা সব জায়গায় সৃষ্টি করতে চান, সেইজন্য আজকে এই রেজলিউশন এসেছে। যেখানে এ'দের হস্তক্ষেপ করার কোন কারণ নেই শুধু কেন্দ্রীয় সরকারবিরোধী মনোভাব সৃষ্টি করবার জন্য, মানুষকে উস্কানি দেবার জন্য, উত্তেজিত করবার জন্য এবং ভারত সরকারকে বেইজ্জত করবার জন্য ভারত সরকারের উপর এই চাপ দেওয়া হচ্ছে। মাননীয় সভাপাল মহাশয়, আমাদের ইন্টারন্যাশনাল নীতি পরিষ্কার। আপনি জানেন, আজকে এই যে সংগ্রাম ভিয়েতকংদের সেই সংগ্রাম ছদ্মবেশী কমিউনিস্ট দুনিয়ার সংগ্রাম। এ'রা কি অস্বীকার করতে পারেন যে, এ'দের সঙ্গে কমিউনিস্ট চীন ও

সোভিয়েট রাশিয়া নেই? সেইজন্য আমার কথা হচ্ছে, মানুষের কথা আগে জেনে নিতে হবে। মাননীয় সভাপাল মহাশয়, আপনার নিশ্চয়ই জানা আছে যে, ভিয়েতনামের জনসাধারণের শতকরা ৯০ জন অশিক্ষিত এবং অশিক্ষিত শুধু নয়, সাধারণ বোধশক্তি পর্যন্ত তাদের নেই।

আজকে অজ্ঞতার সুযোগ নিয়ে, দারিদ্র্যের সুযোগ নিয়ে ও'রা এখানে কমিউনিজম প্রতিষ্ঠিত করতে চান। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাব দিয়েছি যে, আমাদের ভারত-বর্ষের যে গোষ্ঠীনিরপেক্ষ নীতি, সেই নীতি ভারত সরকার প্রচার ক'রে থাকেন এবং কংগ্রেসের নেতৃত্বে গঠিত কেন্দ্রীয় সরকার এই নীতি একাধিকবার ঘোষণা করেছেন। আপনি জানেন মহান্ নেতা স্বর্গত পণ্ডিত জওহরলাল নেহরু এই নীতিতে থাকার ফলে চীন যখন ১৯৬২ সালে আক্রমণ করেছিল তখন পৃথিবীর সমস্ত দেশ চীনের বিরুদ্ধে ধিক্কার দিয়েছিল। তাই আজ বাংলাদেশের নেহরুর কাছে কৃতজ্ঞ থাকা দরকার। আমাদের এইরকম বলিষ্ঠ নীতি ছিল ব'লেই সেটা সম্ভব হয়েছিল। আজকে যে প্ররোচনা দেওয়া হচ্ছে যাতে ভারতবর্ষ কমিউনিস্ট দুনিয়ার দিকে ঝুঁকে পড়ে, আমি এর বিরোধিতা করি। যেখানে আমাদের নিরপেক্ষ নীতি আছে, সেখানে কমিউনিস্ট দুনিয়াকে সমর্থনের প্রশ্ন কি ক'রে উঠতে পারে?

[4-05—4-15 p.m.]

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার। আমরা বহুক্ষণ ধ'রে মাননীয় সদস্য আবেদিন সাহেবের কথা শুনলাম। তিনি আমাদের রেজলিউশনের বিরোধিতা করছেন কিনা তাও বুঝলাম না। এখানে একটা স্পষ্ট রেজলিউশন রয়েছে। তিনি ইচ্ছা করলে বিরোধিতা করতে পারেন, অথবা তার পক্ষে বলতে পারেন। তিনি একটি অ্যামেন্ডমেন্ট দিয়েছেন বুঝলাম। তিনি এতক্ষণ ধ'রে এখানে কি হচ্ছে না হচ্ছে, আইন আছে কিনা, হাইকোর্ট ইত্যাদি অনেক কিছু বললেন। আমি বলছি, যদি তিনি তাঁর অ্যামেন্ডমেন্টের পক্ষে বলেন, তা হ'লে আমি আপনার কাছ থেকে রুলিং চাইছি যে, এই অ্যামেন্ডমেন্ট প্রকৃতপক্ষে ইন অর্ডার কিনা। আপনি ভাল ক'রে অ্যামেন্ডমেন্ট দেখুন। আমার মনে হয় ইন অর্ডার নয়। যে প্রস্তাব রয়েছে যে, ভারত সরকারের কাছে মুভ করা হোক, অন্য একটি সরকার গঠিত হয়েছে দক্ষিণ ভিয়েতনামে, তাকে স্বীকৃতি দেবার জন্য। স্বীকৃতি এখনও দেওয়া হয় নি। উনি যে অ্যামেন্ড-মেন্ট দিচ্ছেন তাতে একটু স্ট্যাটাস কো রয়েছে, সেটা থাকবে কিনা, আপনি একটু পড়ুন যে, অর আদারওয়াইজ দেওয়া হবে কি হবে না—তাও হয় না। আমি এখান থেকে বলছি, দেওয়া হোক, উনি বলতে পারেন, দেওয়া হবে না। কাজেই সেটা বিবেচনা করবেন। তাঁরা বিবেচনা ক'রে দেন নি। সুতরাং উনি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন এবং ও'র যা বক্তব্য সেটা ইন অর্ডার নয়। কাজেই উনি যে এতক্ষণ ধ'রে এই হাউসের টাইম নিলেন ঐ অ্যামেন্ডমেন্টের পক্ষে, আমি বলছি সেটা ইন অর্ডার নয়।

**মিঃ স্পীকার:** আমি শুনেছি, ও'র অ্যামেন্ডমেন্ট ইন অর্ডার আছে। উনি যা বলছেন এদিক ওদিক থেকে হয়ত সেটা ঠিক রেলেভ্যান্ট নয়, অপ্রাসঙ্গিক হচ্ছে। এ কন্ট্রোল করতে গেলে অন্য কিছু ব্যবস্থা করতে হয়।

**শ্রী এ কে এম ইসাক:** মাননীয় সদস্য জয়নাল আবেদীন সাহেব এক্সপিডিয়েন্স সম্বন্ধে বলছেন। সুতরাং অবান্তরের কোন প্রশ্নই নেই।

**মিঃ স্পীকার:** আপনি যা খুশি বলুন, আপনার স্বাধীনতা আছে। আমি দেখছি খানিকটা ইরেলেভ্যান্ট হচ্ছে। আমি বাধা দিতে চাই না। কারণ, বাধা দিলে অনেক সময় চলে যাবে। আপনি যত তাড়াতাড়ি পারেন শেষ করুন।

(গোলমাল)

**শ্রীমীর আবদুস সৈয়েদ:** স্যার, এটা একটু পরিষ্কার ক'রে দিন। এই হাউসের রেজলিউ-শনের ব্যাপারে তাঁর বক্তব্য তিনি নিশ্চয়ই বলবেন। এখানে বসে জমিদার, জোতদারদের ব্যাপারে

যা খুশি বলুন। কিন্তু স্যার, এখানে বসে আমেরিকান সাম্রাজ্যবাদ দালালির কথা শুনতে হবে, সেটাই আমি জানতে চাচ্ছি।

**মিঃ স্পীকারঃ** আপনি বসুন, আর কথা বাড়াবেন না, এক্ষুনি ভিয়েতনাম হয়ে যাবে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** এই সরকারের যে নৈতিক এবং সাংবিধানিক দায়িত্ব আছে, এঁরা যদি সুষ্ঠুভাবে পালন করেন, তা হ'লে আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ থাকবো। এবং ভারত সরকারের যে দায়িত্ব আন্তর্জাতিক সম্পর্ক নির্ধারণ করা এবং এই সম্পর্কে নীতি নির্ধারণ করা এবং কোন দেশের সঙ্গে কখন কি অবস্থায় যে রিভলিউশনারী সরকার গঠিত হয়েছে, এর পেছনে ক'জন ভিয়েৎনামবাসীর সমর্থন আছে এই জিনিস যাচাই করার প্রশ্ন রয়েছে, যে রিভলিউশনারী সরকার গঠন হয়েছে, শুধু বন্দুকের সাহায্যে এঁরা নিজেদের প্রভাব কায়েম করতে চাচ্ছে কিনা, সেটা দেখতে হবে। গণতন্ত্রের পরিপূর্ণ মর্যাদা দিয়ে ভিয়েৎনামের মানুষকে পূর্ণ জায়গা দিতে হবে, তারা তাদের মত প্রকাশ করবে, তারা কোন্ সরকারের অধীনে থাকবে, তাদের আভ্যন্তরীণ ব্যবস্থা কি হবে, এইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিবেদন করবো, আমার যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, এই অ্যামেন্ডমেন্টটা ভারত সরকারের উপর দায়িত্ব তারা যা মনে করেন, যা উচিত, যা ন্যায্য এবং উপযুক্ত, আমাদের আন্তর্জাতিক যে নীতি, তার নীতিতেই এই সম্পর্ক নির্ধারণ করবে, এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব বিধানসভার সম্মুখে মাননীয় সদস্য মনোরঞ্জন বড়াল মহাশয় উপস্থিত করেছেন, আমি তাঁকে পরিপূর্ণ সমর্থন জানাতে গিয়ে ২/১টি কথা সভার সামনে উপস্থিত করতে চাই। কংগ্রেসের মাননীয় সদস্য ডাঃ আবেদিন মহাশয়ের বক্তৃতা আমি শুনছিলাম। আমি অনেকক্ষণ ধ'রে মনোযোগ দিয়ে শুনেছি এবং আমার মনে হয়েছে উনি যা বলছেন, সেই একই কথা হিং টিং ছট্। এর ভেতর ভিয়েৎনাম সরকার, বিপ্লবী সরকারকে অনুমোদন দান কিছু শুনি নি, শুনেছি মধুসূদনপুর, আবার তার সঙ্গে রাজ্য বিধানসভায় এই প্রস্তাব আনা যায় কিনা এবং সেই সঙ্গে ওনার এই ভয়ও হয়েছে যে, এটাও বোধ হয় একটা কেন্দ্রবিরোধী আন্দোলন। গণতন্ত্রের কথা অনেক বললেন, কিন্তু আমার তো মনে হ'ল গণতন্ত্রের প্রাইমারী রিডার-টা ও'র প্রথম থেকে শুরু করা উচিত। তার কারণ উনি এখন পর্যন্ত বোঝেন নি যে, ভারত গভর্নমেন্টের যে নীতি সেই নীতি নির্ধারণের ব্যাপারেও সমগ্র ভারতবর্ষের জনসাধারণের এবং বাংলাদেশের জনসাধারণের এবং তার প্রতিনিধিদের কিছু বক্তব্য থাকতে পারে। ভারত সরকারের কাছে যদি এই সভা এই বক্তব্য উপস্থিত করে, তা হ'লে তার মাধ্যমে কেন্দ্রবিরোধী আন্দোলন হ'ল ব'লে যে আতঙ্ক দেখা দিচ্ছে—অবশ্য কেন্দ্রের এখনকার অবস্থা দেখে সেই আতঙ্ক হওয়া স্বাভাবিক, ওর পরে সহানুভূতি আজকের দিনে অন্ততঃ আমাদের আছে, কিন্তু তা হ'লেও আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এর থেকে উনি কি বলতে চাইছেন। উনি বোধ হয় এটাও ভুলে গেছেন যে, আমাদের সংবিধানে জনসাধারণকে রাইটস্ অব পিটিশন ব'লে একটা অধিকার দেওয়া আছে, যদি সেই অধিকার আজ আমরা প্রয়োগ করতে যাই, তা হ'লেও বোধ হয় ডাঃ আবেদিন সাহেব মনে করবেন এটাও একটা কেন্দ্রবিরোধী আন্দোলন হচ্ছে। কেননা সংবিধানের যে প্রাণবস্তু, তাও বোঝেন নি, গণতন্ত্রের যে অ, আ, ক, খ, তাও বোঝেন নি। কাজেই সেইগুলো ভাল ক'রে বুঝে যদি এই সমস্ত প্রস্তাবে আলোচনা করতেন, তা হ'লে ভাল হ'ত। কিন্তু তার চেয়েও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হচ্ছি যে, সেই কংগ্রেস বেঞ্চ থেকে এই কথা আমরা শুনলাম, অথচ আমার বালক বয়সে ১৯৩৬ সালে যখন স্পেনের মুক্তিযুদ্ধ হচ্ছিল তখন লাপাশোনিয়ারের পাশে গিয়ে দাঁড়িয়েছিলেন পণ্ডিত নেহেরু কংগ্রেসের প্রতিনিধি হিসাবে ভারতবর্ষের সমর্থন মুক্তিযুদ্ধে জানাবার জন্য, যেখানে জাপানের বিরুদ্ধে চীন লড়াই করছিলেন, সেই চীনের জনসাধারণের পক্ষে আমরা অতি সামান্য যে সাহায্য তা আমরা ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের পক্ষ থেকে আমরা উপস্থিত করেছিলাম। ডাঃ কোটনীশের মৃত্যু যা চীনের মাটিতে আজও ডাঃ কোটনীশের মৃতদেহ রয়েছে, তা স্বাক্ষর আনবে আমাদের বাংলাদেশের মানুষ, তাদের যে দারুণ ঐতিহ্য স্বাধীনতার জন্য আকাঙ্ক্ষা, সবকিছু নিয়ে পৃথিবীর যেখানেই মুক্তিযুদ্ধ হয়েছে, সেখানেই বাংলাদেশের মানুষ এসে উপস্থিত হয়েছে এবং বলেছে, আমি এসেছি আমার কল্যাণহস্ত গ্রহণ করো। আমাদের হয়তো কিছু নেই, আমরা রিক্ত, কিন্তু তবুও তোমার প্রাণশক্তির সঙ্গে আমার প্রাণশক্তি জুড়ে দাও, তোমাদের এগিয়ে যাবার যে যাত্রা, মুক্তির যে স্বপ্ন, সেই মুক্তির স্বপ্নের সঙ্গে আমাদের যে ইচ্ছা, তাকে মিলিয়ে দাও। এই নিয়ে আমরা উপস্থিত হয়েছি।

[4-15—4-25 p.m.]

কিন্তু আজকে কংগ্রেসীদের বক্তব্য যা শুনলাম তাতে তো আমি অবাক হয়ে গেলাম। ভিয়েতনামের ব্যাপারে কি হচ্ছে? গত বাইশ বছর ধ'রে সকলের জানা আছে, নানারকম আন্তর্জাতিক কারচুপি, লক্ষ লক্ষ মানুষের প্রাণহানি করা হচ্ছে। মানুষের সভ্যতাবিরোধী যতরকম অত্যাচার করা যায় সেই অত্যাচার চলছে। নারী শিশুকে লাঞ্ছিত করা হচ্ছে, কিন্তু তা সত্ত্বেও আজ স্বাধীন ভারতে ভাবতে পারছি না, আজকে বাংলাদেশের জনসাধারণের প্রতিনিধি হয়ে এমন কথা এই বিধানসভায় উচ্চারিত হয় যেন মনে হয় আমেরিকার পক্ষেই বলা হচ্ছে। কমিউনিস্টদের কথা বলছেন, ভুলে গিয়েছেন মুক্তির কথা, স্বাধীনতার কথা, মানবিকতার কথা—এ কি শুধু কমিউনিস্টদের হাতে চলে যাবে এই ভয়—ভিয়েতনামের সভ্যতা, মানবিকতা, ধর্ম, মনুষ্যত্ব থাকবে কিনা, সভ্যতার যা কিছু সম্পদ তা থাকবে কিনা আজকে তার লড়াই হচ্ছে। আপনি তার পক্ষে না বিপক্ষে সেকথা স্পষ্ট ক'রে বলতে হবে—

On which side of the defence you are?

আজ আর ঢাকাঢাকির কোন প্রশ্ন নেই। প্রশ্ন উঠেছে রিভলিউশনারী গভর্নমেন্ট সাপোর্ট করা যায় কিনা। কারণ সেখানে অন্য একটা গভর্নমেন্ট আছে। অর্থাৎ থিওরী অব ইকুইডিসটেন্স। এই Theory of Equdistance actually helps imperialism. There is no denying of the fact. এই গভর্নমেন্ট তো কতরকমের থাকে। এই তো ১৯৬৭ সালের পর ১৯৬৮ সালে আমরা গভর্নমেন্ট দেখেছিলাম পাপেট গভর্নমেন্ট, আমরা দেখেছি ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের গভর্নমেন্ট, তার সংগে ও'রাও ছিলেন। সেটা তো একটা চাপিয়ে দেওয়া গভর্নমেন্ট। চাপিয়ে দিলে কি হয় জানেন, কি অবস্থায় ছিলেন আজ কি অবস্থায় দাঁড়িয়েছেন? জনসাধারণের সত্যিকারের যে প্রতিনিধিমূলক সরকার দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকার তাকে আজ স্বীকার করবেন না? নিশ্চয়ই স্বীকার করতে হবে। তাই এই সভা সেই দাবী নিশ্চয়ই করবে যে, ভিয়েতনামের বিপ্লবী সরকারকে স্বীকার করা হোক। যাঁরা ভিয়েতনামের ইতিহাস জানেন, যাঁরা মুক্তিযুদ্ধের ইতিহাস জানেন, তাঁরাই জানেন যে, জেনেভা এগ্রিমেন্ট ছিল, কন্ট্রোল কমিশন ছিল, ভারতবর্ষ তাতে সভ্য ছিল, কিন্তু কি কারণে তা কার্যকর হয় নি? ডঃ জয়নাল আবেদিন উল্লেখ করেছেন, ৪৪ ধারায় স্বাধীনতার কথা বলা হয়েছে, নির্বাচনের মাধ্যমে সেই স্বাধীনতা হবে, কিন্তু কে নির্বাচন করতে বাধা দিয়েছে? কন্ট্রোল কমিশনের বিভিন্ন রিপোর্ট আমার কাছে আছে, সেই রিপোর্ট পড়বার সময় নেই। ডঃ জয়নাল আবেদিন ইচ্ছা করলে পড়ে দেখতে পারেন। প্রমাণ হবে, আমেরিকার দালাল যারা তারাই কন্ট্রোল কমিশনের কাজে বাধা দিয়েছে। কোনরকমে সেই পরিবেশ আনতে দেয় নি যেখানে সত্যি সত্যি গণতান্ত্রিক নির্বাচনের পথে সরকার প্রতিষ্ঠিত হ'তে পারে। বরং শক্তির পথে নানারকম অস্ত্র দিয়ে মানুষকে এইভাবে অত্যাচার ক'রে চাপিয়ে রাখতে চায়। অস্ত্র দিয়ে এইভাবে মানুষকে চাপিয়ে রাখার বিরুদ্ধে আত্মরক্ষার জন্য মানুষ যদি অস্ত্র ধরে, তা হ'লে অন্যায় কি করে? যে দর্শনে আপনারা বিশ্বাস করেন সেই মহাত্মা গান্ধীও বলেছিলেন, আত্মরক্ষার জন্য অস্ত্র ব্যবহার করা যেতে পারে। তাই ভিয়েতনামের জনগণ অস্ত্রের দ্বারা তাদের স্বাধীনতা রক্ষা করার জন্য লড়াই করছে। শুধু ভিয়েতনামের জনসাধারণ লড়াই করছে না, আজ বাংলাদেশের এবং সারা ভারতবর্ষের মুক্তিকামী জনসাধারণ, শ্রমিক-কৃষক, মধ্যবিত্তও তার পেছনে আছে। নওজোয়ানরা, ছাত্রেরা তার পেছনে আছে। আমরা দেখেছি এমন কি ব্লাড ব্যাংকে রক্ত দিয়েও তাদের প্রতীক সাহায্য পাঠিয়েছে। আজকে কয়েকটা ফাঁকা কথা ব'লে আজকে যদি এই মুক্তিযুদ্ধের বিরোধিতা করেন ইতিহাসের পাতায় তা লেখা থাকবে এবং ভবিষ্যতের বংশধররা সেই কথা নিশ্চয় পড়বে। তাতে ও'দের কিছু ঐতিহ্য বাড়বে না। সেই কথা আমি তাঁদের মনে রাখতে বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন এই নিয়ে আমাদের আলোচনা হচ্ছে তখন মনে পড়ছে, পুরোনো ইতিহাসের কথা এবং সেই পুরোনো ইতিহাসের সংগে যদি আমরা দেশের বর্তমান যে পরিবেশ, সেই পরিবেশ মিলিয়ে দেখি, তা হ'লে দেখব বর্তমান আন্তর্জাতিক পরিবেশ যা,সেই পরিবেশে করা উচিত। ইণ্ডিয়া গভর্নমেণ্ট ভাবুন করা উচিত কিনা, একথা ও'রা বলছেন। একথা ও'রা ভুলে যাচ্ছেন অনেক কষ্ট ক'রে জনমতের প্রবল চাপে ভারতবর্ষের জনসাধারণের আন্দোলনের জন্য আজকে দেখা যাচ্ছে, কেন্দ্রের কংগ্রেসী সরকার

খুব সীমাবদ্ধ, সম্পূর্ণ নয়, তবু একটা প্রগতিশীল ব্যবস্থা গ্রহণ করেছেন। কয়েকটি বড় বড় ব্যাঙ্ক ন্যাশনালাইজ করেছেন। কি উদ্দেশ্য? তারাই বলেছেন যে, ইম্মোবাইলিজম দেখা দিয়েছে ভারতবর্ষের ইকনোমিতে। তাকে ডাইরেকশান দেবার জন্য, তাকে ড্রাইভ করবার জন্য, তাতে প্রাণসঞ্চার করবার জন্য আমরা এই কাজ করছি। তা যদি সত্য হয়, তা হ'লে ঠিক ঐ একই কারণে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষের নীতির মধ্যে যে মোবাইলিজম দেখা দিয়েছে, তার যে ডাইরেকশান নেই, তার কোন ড্রাইভ নেই, সেই প্রাণশক্তি নেই, সেটা আনবার জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে নূতন পথে অগ্রসর হ'তে হবে। এই হচ্ছে তার সুযোগ এবং এই সুযোগ যাতে ভারত সরকার গ্রহণ করে সেই দাবী আজ বাংলাদেশের বিধানসভা থেকে নিশ্চয়ই করা উচিত। তা যদি না করে, তা হ'লে আমাদের চিরাচরিত যে ঐতিহ্য সেই ঐতিহ্য আমরা পুরোপুরিভাবে ঠিক রাখতে পারবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর বেশি সময় নেব না, শেষ করার আগে আমার মনে পড়ছে সুভাষ মুখোপাধ্যায়ের সেই অগ্নিকোণ কবিতাটি। যার শেষখানে তিনি লিখেছেন—

লক্ষ লক্ষ হাতে অন্ধকারকে দুই টুকরো ক'রে অগ্নিকোণের মানুষ
সূর্যকে ছিঁড়ে আনে ক'টি কণ্ঠের হুঙ্কারে লাগে বজ্রের কানে তালা,
পোড়া মাঠে মাঠে বসন্তের উঠে জেগে।

ঠিক সেই একই পরিবেশ যা আজকে ভিয়েতনামে মুক্তির লড়াই হচ্ছে। তারই আহ্বান, তারই পদধ্বনি—লড়াই বেধেছে শহীদ মিনারে সবুজ ঘাসের উপর, চটকল শ্রমিকের মুষ্টিবদ্ধ হাতে একই সুর, একই প্রাণ, একই ভাষা, একই মত। সেই অনুভূতি থেকে এই বিধানসভায় নিশ্চয়ই এই প্রস্তাবকে পরিপূর্ণভাবে সমর্থন করবো এবং আমি সেই আবেদন জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভিয়েতনামের প্রশ্নে পৃথিবীতে একটা আলোড়ন দেখা দিয়েছে। একদিকে সাম্রাজ্যবাদী অপর দিকে স্বাধীনতাকামী মানুষ। এই দু'য়ের মধ্যে ভারত যদি সাম্রাজ্যবাদী বিরোধী হয়, তা হ'লে ভারতকে সঠিক পথ গ্রহণ করতে হবে। এত বিলম্ব করলে চলবে না, এটা আমাদের পরিষ্কার জানা দরকার। আমি মনে করি যে, ভিয়েতনামের সাধারণ মানুষ প্রথমে যখন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম শুরু করেছিল, সাম্রাজ্যবাদীরা একটা কৃত্রিম উপায়ে দেশকে বিভাগ করে। একটা দেশকে দুই ভাগে বিভক্ত করেছে। ১৯৪৬ সালে যখন আমাদের কংগ্রেসের নেতৃবৃন্দ ইংরাজের প্রতি বিশ্বাস অর্জন করতে গিয়ে ভারতকে ভেঙ্গে দুই টুকরো করেছে—পাকিস্তান আর হিন্দুস্থান। ঠিক তেমনি দক্ষিণ ভিয়েতনাম আর উত্তর ভিয়েতনাম হয়েছে। কিন্তু সেদিন এই প্রশ্ন ছিল যে, এই দু'টো জাতি রাজ্যের মিলন কি হবে না? একটা জাতি হিসাবে ঐক্যবদ্ধ হয়ে দাঁড়াতে পারবে না? উত্তর ভিয়েতনামের সরকার, উত্তর ভিয়েতনামের মানুষের কাছে, দক্ষিণ ভিয়েতনামের মানুষের সামনে একটাই প্রশ্ন ছিল যে, রি-ইউনিফিকেশন অব মাদারল্যান্ড। তারা পরিষ্কারভাবে একটা পথ বেছে নেয়। সেই পথ হচ্ছে মুক্তির পথ এবং সেই ছাড়া একটা দেশে—তার মাতৃভূমির মধ্যে ঐক্যবদ্ধ হওয়ার কোনমতেই সম্ভব নয়। তাই, আজ প্রশ্ন উঠেছে যে, 'তোমার নাম, আমার নাম, ভিয়েতনাম'। এটা স্বাভাবিক প্রশ্ন। আমি একজন জাতীয়তাবাদী দলের লোক। আমি ফরওয়ার্ড ব্লক-এর লোক। আমি কোন সময়ে কোন আন্তর্জাতিক কমিউনিস্ট পার্টির সঙ্গে যুক্ত নই। তবে একথা বলবো যে, এই প্রশ্ন—যেখানে স্বাধীনতার প্রশ্ন রয়েছে যেখানে রি-ইউনিফিকেশন অব মাদারল্যান্ড-এর প্রশ্ন রয়েছে, সেখানে এই শ্লোগান যুক্তিসঙ্গত শ্লোগান ব'লে মনে করি। কারণ এটা একটা জাতির প্রশ্ন নয়। এটা হচ্ছে একটা পরাধীন জাতির প্রশ্ন। পৃথিবীতে যুগে যুগে মানুষ যখন সংগ্রাম করে, সেই সংগ্রামের মধ্যে যদি আদর্শ ঠিক থাকে, লক্ষ্য ঠিক থাকে, সেই লক্ষ্য যদি প্রগতিশীল হয় এবং সমস্ত বন্ধন থেকে মুক্তির প্রশ্ন ওঠে, তা হ'লে সেই প্রশ্নে একটা পরাধীন জাতি যদি মুক্তি লাভ করে, সেই দেশের মানুষ কোনমতেই চুপ ক'রে বসে থাকতে পারে না, তার প্রতি পূর্ণ সমর্থন জানায়। তাই, আজ আমি এই কথা বলি, এই যে প্রশ্ন আমি তুললাম যে, 'তোমার নাম, আমার নাম, ভিয়েতনাম'। এটা এইটুকু মাত্র বলতে পারি যে, এর পূর্ণ নাম হচ্ছে 'সংগ্রাম বিজয়'। এ ছাড়া আর কিছু নয়। এটাই হচ্ছে তার মানে।

[4-25—4-35 p.m.]

আমরা জানি যে, ভিয়েতনামের মুক্তিসংগ্রামের যিনি নেতা হো-চি-মিন তাঁর রুশের সংগে, চীনের সংগে অ্যাটাচমেন্ট নেই। তা সত্ত্বেও তিনি সাম্যবাদী সোসালিস্ট লিডার এবং তিনি তাঁর যে নীতি নির্ধারণ করেছেন সেই নির্ধারণ করার ক্ষেত্রে তিনি পরিষ্কারভাবে জাতীয়তাবাদের পরিপ্রেক্ষিতে নীতি নির্ধারণ করেছেন। তাই আমি বলবো,

One man, one nation, the whole nation is representing the solidarity of man.

হো-চি-মিন হচ্ছেন সেই একটা মানুষ যিনি সমস্ত জাতির মূর্ত প্রতীক এবং প্রতীক ব'লেই তাঁর সংগ্রামী বলিষ্ঠ নেতৃত্ব তিনি আজকে ভিয়েতনামের মাটিতে দিয়েছেন এবং সাফল্যলাভ করেছেন এটা আমি বিশ্বাস করি। তাঁর যে থিয়োরি সেই থিয়োরির মধ্যে বলছেন, মিক্স উইথ দি পিওপল—তিনি দুটো প্রশ্ন করেছেন, জনগণের দুঃখ বোঝাই হচ্ছে ফ্রিডম ফাইটারদের কাজ। তার সংগে সংগে রাজনৈতিক সচেতনতা এটাই হচ্ছে কাজ। এই দুটো পারস্পরিক নীতিকে গ্রহণ ক'রে তিনি সমস্ত জাতির দুঃখবরণ মেনে নিয়েছেন, দুঃখ থেকে মুক্তির জন্য এবং দেশের স্বাধীনতার জন্য তিনি তাঁর বলিষ্ঠ নেতৃত্ব দিয়েছেন এবং দিয়েছেন ব'লেই ভিয়েতনামের মাটিতে আমেরিকানদের যত ষড়যন্ত্রই হোক, যত তাদের অ্যাগ্রেসিভ ডিজাইনের আক্রমণ হোক, সেই আক্রমণকে প্রতিহত করতে তিনি সক্ষম হয়েছেন, একথা আমি বিশ্বাস করি। আমি বিশ্বাস করি যে, সেখানে প্রায় ৫ লক্ষ ৩৭ হাজার ৫ শত আমেরিকান সৈন্য আছে। ১৯৫০ সালে যখন স্বাধীনতা সংগ্রাম শুরু হয়, সেদিন মাত্র ৩৭ জন আমেরিকান অ্যাডভাইসার সেখানে ফরাসী সাম্রাজ্যবাদের পক্ষ অবলম্বন ক'রে সেখানে পদার্পণ করে, আজকে প্রায় সাড়ে পাঁচ লক্ষ সৈন্য তারা সেখানে মোতায়েন করেছে। তাই আজ আমি একথা বলি যে, সেই সাড়ে পাঁচ লক্ষ সৈন্য সেখানে পুতুল সরকারকে জিইয়ে রাখবার জন্য যে চেষ্টা করেছে তাদের সেইসমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়ে গিয়েছে, একথা স্মরণ রাখা উচিত। আমি একথা বলি যে, আমরা ভারতবাসী এই ভিয়েতনামের প্রশ্নকে কোন্ দৃষ্টিভংগী দিয়ে বিচার করবো? আমরা মনে করি যে, এখানে জাতীয়তাবাদীর প্রশ্ন প্রথম, জাতীয়তাবাদীদের মুক্তি চাই, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করতে চাই। আমরা যুগ যুগ ধ'রে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছি। দ্বিতীয় হচ্ছে, সাম্রাজ্যবাদের অবসানের পর পুঁজিবাদী ব্যবস্থাকে খতম করা। তাই আমি একথা বলি যে, সেখানে পুঁজিবাদী ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার ক'রে দিয়ে সেখানে সত্যিকারের সোসিয়ালিস্ট কান্ট্রি যারা রি-ইউনিফিকেশনের জন্য চেষ্টা করছে তার প্রতীক হিসাবে সেখানে যে বিপ্লবী সরকার গঠিত হয়েছে সেই সরকারকে কেন আমরা সমর্থন করবো না? আমেরিকার যে পুতুল সরকার সেই সরকারকে যদি আজ আমরা মেনে নিই, ত হ'লে পৃথিবীর পরাধীন জাতির প্রতি এটা একটা সত্যিকারের অবমাননা ছাড়া আর কিছুই নয়। সুতরাং আমি বলবো ফ্রিডম ফাইটার্স এবং প্যাট্রিয়টস্ তাদের পক্ষ অবলম্বন করাই হবে আমাদের কাজ। ভারতসরকার আজকে অত্যন্ত গর্বের সংগে ঘোষণা ক'রে বলছেন যে, আমরা আজকে টুওয়ার্ডস সোসিয়ালিজিম চলেছি, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশনের মধ্যে দিয়ে তা প্রমাণ করবার চেষ্টা করেছেন। আজকে আমি বলি, কোন জাতির প্রতি যদি শ্রদ্ধা জ্ঞাপন করতে হয়, তা হ'লে তা কোন ব্যক্তির হুইমস্-এর প্রতি নয়, কোন ইম্পিরিয়ালিজিম পার্পাস সার্ভ করবার প্রতি নয়, তা যদি করতে হয়, তা হ'লে সেই প্রগ্রেসিভ ম্যানকাইন্ড হিউম্যানিটির জন্য যারা সংগ্রাম করছে সেই দেশের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করতে হয়। সুতরাং সেই রেভোলিউশনারী গভর্নমেন্টের প্রতি আমি সমর্থন জানাচ্ছি এবং ভারতসরকারের কাছে এই দাবী করছি যে, সেই বিপ্লবী সরকারকে যেন স্বীকৃতি দেওয়া হয়।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয় সদস্য শ্রীমনোরঞ্জন বড়াল এখানে উপস্থিত করেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি এবং কংগ্রেসের সদস্য মাননীয় ডাঃ জয়নাল আবেদিন যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তার বিরুদ্ধাচরণ করছি। বিশেষ ক'রে ডাঃ জয়নাল আবেদিন যে ভাষা, যে ভঙ্গীতে তাঁর সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন তার জন্য আমি তাঁকে তীব্র নিন্দাবাদ করছি। কারণ বাংলাদেশের ভারতবর্ষের সংগ্রামী মানুষ যাঁরা ভিয়েতনামের মুক্তি যোদ্ধাদের সমর্থন করেছেন তিনি তাঁদের প্রতি বিদ্রূপ করেছেন।

আপনি জানেন যে, উভয় ভিয়েতনাম আয়তনে ও জনসংখ্যায় বাংলাদেশ থেকে ছোট দেশ। কিন্তু তা সত্ত্বেও পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় যে শক্তিশালী সাম্রাজ্যবাদী দেশ যার কাছে সর্বরকমের

মারণাস্ত্র আছে, অ্যাটম বোম, নেপাম বোমা আছে সেই পাশবিক শক্তির বিরুদ্ধে এই ছোট দেশের মুক্তিযোদ্ধারা, স্ত্রীপুরুষ-ছাত্র-নির্বিশেষে লড়াই করছে। তারা সেই দুর্জয় শক্তির বিরুদ্ধে তাদের যে দুর্জয় পণ দেশের স্বাধীনতা, সমাজতন্ত্র রক্ষা করতে হবে, নূতন যে সমাজতন্ত্র তারা সেখানে প্রতিষ্ঠা করেছে, শোষণের অবসান ঘটিয়েছে তাকে রক্ষা করতে হবে এই মন প্রাণ নিয়ে মৃত্যুর সঙ্গে পাল্লা লড়ে যে সাম্রাজ্যবাদী দেশ আমেরিকা থেকে ৫ লক্ষ ফৌজ এসেছিল উত্তর ভিয়েতনামকে সেই সাম্রাজ্যবাদ থেকে তারা মুক্ত করেছে। দক্ষিণ ভিয়েতনামেও আপনি জানেন সেখানে সাম্রাজ্যবাদীর বিপুল সংখ্যায় সৈন্যবাহিনী থাকা সত্ত্বেও সেই আমেরিকান সাম্রাজ্যবাদীর প্রতিভূ যে সৈন্যবাহিনী তাকে কোণঠাসা ক'রে সায়গনের মধ্যে নিয়ে গেছে। যার ফলে পৃথিবীর প্রতিটা দেশের সংগ্রামী মানুষ তারা কমঃ হো-চি-মিনের নেতৃত্বে যে সংগ্রাম চলছে আমেরিকার সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে এবং স্বাধীনতা যারা অপহরণ করতে চায় তাদের বিরুদ্ধে যে সংগ্রাম এই ছোট দেশের মানুষগুলি করছে তাকে অকুণ্ঠ সমর্থন জানিয়ে জুন মাসে যখন হঠাৎ এই প্রভিশন্যাল গভর্নমেন্ট বিপ্লবী সরকার প্রতিষ্ঠিত হ'ল এবং তারা দাবী করল তাদের স্বীকৃতি দিতে হবে। প্যারিসে যখন বৈঠক হয়েছিল তাতে কেবল প্রতিনিধিত্ব করতে পারে মুক্তিকামী দক্ষিণ ভিয়েতনামের অধিবাসীরা তখন আমরা দেখেছি বিভিন্ন দেশের সংগ্রামী মানুষরা তাকে অকুণ্ঠ সমর্থন করেছিল। আমরা আশা করেছিলাম, ভারতসরকারের যে তদারকী কমিশন ছিল এবং তার সভাপতি সেই ভারতসরকার তাকে স্বীকৃতি দেবেন। কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। অথচ আমরা দেখেছি আলজিরিয়া, সোভিয়েট ইউনিয়ন, এমন কি ইউ এ আর-ও তাকে স্বীকৃতি দিয়েছে। সমস্ত সমাজতান্ত্রিক দেশ এই বিপ্লবী সরকারকে স্বীকৃতি দিয়েছে। জনসাধারণের সত্যিকারের প্রতিনিধিত্ব করতে পারে দক্ষিণ ভিয়েতনামের সরকার এই দাবি সমস্ত সংগ্রামী মানুষ, সমস্ত দেশের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ সমর্থন করেছে। কিউবা সমর্থন করেছে। আজ এই প্রস্তাবের মধ্যে দিয়ে আমরা দাবি করি, ভারতসরকারের কাছে যে, তাঁরাও এই সরকারকে স্বীকৃতি দিন। আজ ভারতসরকার নিজেকে প্রগতিশীল ব'লে দাবি করছেন। ভারতসরকার নাকি ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন-এর মধ্যে দিয়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে চান। কয়েকটি ব্যাঙ্ক-কে রাষ্ট্রীয়করণ ক'রে আজ দাবি করছেন সমাজতন্ত্রের পথে তাঁরা চলেছেন। কিন্তু শোষণ ব্যবস্থাকে অব্যাহত রেখে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না।

[4-35—4-45 p.m.]

ব্যক্তিগত মালিকানা রেখে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না। যাই হোক, আমি তার মধ্যে যাচ্ছি না। আমি দাবি করছি এবং প্রতিটি মানুষ সোচ্চার হয়ে উঠেছে যে, ঐ বিপ্লবী সরকার দক্ষিণ ভিয়েতনামকে স্বীকৃতি দেওয়া হোক। আমি আমার দলের পক্ষ থেকে একে সম্পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করার আগে কংগ্রেস দল-এর কাছে আবেদন জানাব যে, আপনারা সংশোধনী প্রস্তাব তুলে নিন এবং কোন বিদ্রূপের প্রশ্ন না তুলে পরিহাস না ক'রে পশ্চিম বাংলার সংগ্রামী মানুষ বার বার যে দাবি সম্পর্কে সোচ্চার হয়ে উঠেছে সেই দাবির প্রতি আপনারা সমর্থন জানান। আপনাদের ঘর তো ভাঙ্গছে। কাজেই আজকে জনসাধারণকে বুঝুন, তাদের সঙ্গে মিশুন, তারা কি চায় সেটা বুঝে তাদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে এই প্রস্তাব সমর্থন করুন এই আবেদন জানিয়ে এই প্রস্তাবের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকায়েতঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দক্ষিণ ভিয়েতনাম সরকারকে সমর্থন জানাবার জন্য যে প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন ক'রে কয়েকটি কথা বলতে চাই। আপনি জানেন দক্ষিণ ভিয়েতনামের সাধারণ মানুষ বিদেশী শক্তি, পুঁজিবাদী শক্তি এবং মার্কিন সাম্রাজ্যবাদ শক্তির বিরুদ্ধে দীর্ঘদিন লড়াই ক'রে চলেছে তাদের দেশের মুক্তি অর্জন করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দক্ষিণ ভিয়েতনামের মানুষ দীর্ঘদিন ধ'রে যে সংগ্রাম ক'রে চলেছে সেই সংগ্রামের কাছে বিদেশী শক্তি, মার্কিন সাম্রাজ্যবাদ শক্তি আজ পর্যুদস্ত। এ-ও জানেন যে, ঐ বিদেশী শক্তি লক্ষ লক্ষ মার্কিন ফৌজ নিয়ে দক্ষিণ ভিয়েতনামের সাধারণ মানুষের উপর হামলা চালিয়ে যাচ্ছে এবং শস্যক্ষেত্র, হাসপাতাল, বিদ্যালয়ের উপর নাপাম বোমা ফেলে এবং বেপরোয়া বোমাবর্ষণ ক'রে একটা দেশকে একেবারে ধ্বংস ক'রে দেবার চেষ্টা করছে, কিন্তু তা সত্ত্বেও এই দেশের মানুষ লড়াই করছে এবং সেই লড়াইকে সমর্থন জানিয়ে পৃথিবীর বিভিন্ন দেশ, সমাজতান্ত্রিক দেশ এবং যারা সমাজতান্ত্রিক দেশ নয় তারাও এই দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী

সরকারকে স্বীকৃতি দিচ্ছে। ভারতবর্ষের সরকার সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার কথা বলছেন, কিন্তু তা সত্ত্বেও তারা দক্ষিণ ভিয়েতনামের জনশক্তি, সাধারণ মানুষ যে সরকার সেখানে প্রতিষ্ঠা করেছে, যে বিপ্লবী সরকার সেখানে প্রতিষ্ঠা করেছেন সেই সরকারকে সমর্থন জানাতে পারছেন না। এর কারণ হচ্ছে, মার্কিন সাম্রাজ্যবাদের সংগে ভারতসরকারের গাঁটছড়া বাঁধা আছে, তাই তারা আমেরিকার বিরুদ্ধে যেতে পারছেন না। আমি মনে করি, এটা অত্যন্ত ঘৃণা এবং লজ্জার বিষয়। ভারতবর্ষের সংগ্রামী মানুষ দক্ষিণ ভিয়েতনামের সাধারণ মানুষ যে সংগ্রাম ক'রে চলেছে তাকে সমর্থন জানিয়েছে অর্থাৎ দক্ষিণ ভিয়েতনাম সরকারকে স্বীকৃতি জানিয়েছে। আমি তাই ভারতসরকারের কাছে দাবি জানিয়ে বলছি যে, দক্ষিণ ভিয়েতনাম সরকারকে স্বীকৃতি দাও, কিন্তু আশ্চর্যের বিষয় ভারতসরকার নীরব হয়ে রয়েছেন।

আমরা দেখছি আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তি দক্ষিণ ভিয়েতনামের সাধারণ মানুষদের ধ্বংসের পথে নিয়ে যাবার জন্য বোমা ফেলছে, সেখানে খাদ্যসংকট সৃষ্টি ক'রে দেশকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে। অপর পক্ষে ভারতসরকার থেকে আমেরিকান শক্তিকে সাহায্য করার জন্য আমেরিকান সেনাবাহিনীকে সেবাশুশ্রূষা করার জন্য মেডিক্যাল এইড সেখানে পাঠাচ্ছেন। আজ সমস্ত দুনিয়া দেখছে কেমন ক'রে দক্ষিণ ভিয়েতনাম একটা ছোট দেশ আমেরিকা এবং তার সাহায্যপুষ্ট শক্তির বিরুদ্ধে লড়ছে এবং দিনের পর দিন তারা দেশের প্রকৃত শাসনক্ষমতা অধিকার ক'রে নিচ্ছে। নামেমাত্র কিছু কিছু শহর এলাকায় আমেরিকান সৈন্য-অফিসাররা শাসনক্ষমতা পরিচালনা করছে। কার্যতঃ দীর্ঘদিন ধ'রে সংগ্রামের মধ্য দিয়ে ঐ দেশের মেহনতি মানুষ প্রকৃত শাসনক্ষমতা অধিকার ক'রে একটা বিপ্লবী সরকার প্রতিষ্ঠা করেছে এবং সেই বিপ্লবী সরকারই দেশের প্রকৃত প্রতিনিধিত্ব করছে। তাই আমেরিকা পিছু হটছে, পিছু হটা সত্ত্বেও তারা এখনও রয়েছে, তারা দেশ থেকে আস্তে আস্তে সৈন্য সরিয়ে নিয়ে যেতে বাধ্য হচ্ছে। তারপর সেখানে সরকার নির্বাচিত হবে। বিদেশী আমেরিকান শক্তি দেশ থেকে চলে গেলে, সেখানে দেশের মানুষ ঠিক করবে সেই দেশে কোন্ সরকার প্রতিষ্ঠিত হবে। সেই দেশের মানুষ নির্বাচনের মধ্য দিয়ে সেখানে কোন্ চরিত্রের সরকার তাঁরা চান, নিজেরাই তা প্রতিষ্ঠিত করবেন। কিন্তু আমেরিকানরা তা চায় না, তারা ঐ দেশের পুঁজিবাদীদের সংগে মিশে তাঁবেদার সরকার প্রতিষ্ঠা করবার চেষ্টা করছে। স্যার, আমি আপনার মাধ্যমে এই যে প্রস্তাব এসেছে সেটা সমর্থন করছি এবং সেখানকার বিপ্লবী সরকারকে সমর্থন দেবার জন্য তাদের স্বীকৃতি দেবার জন্য ভারতসরকারকে বলছি। অবিলম্বে এই সরকারকে যদি ভারতসরকার স্বীকৃতি না দেন, তা হ'লে সেটা ভারতবর্ষের একটা কলঙ্ক ব'লে মনে করি। কারণ আমাদের দেশের সাধারণ মানুষ যে লড়াই করছে সে লড়াই হচ্ছে দুনিয়ার পুঁজিবাদী শক্তির বিরুদ্ধে, যে সংগ্রাম এখানকার শ্রমজীবী কৃষক-শ্রমিক এবং সর্বস্তরের সাধারণ মানুষ করছে সেটা হচ্ছে পুঁজিবাদী গোষ্ঠীর বিরুদ্ধে। ভারতবর্ষে যে সরকার, সেই সরকার পুঁজিবাদী চরিত্র নিয়ে গ'ড়ে উঠেছে, এই পরিপ্রেক্ষিতে এই দেশের শ্রমজীবী সাধারণ মানুষ সাম্রাজ্যবাদী আমেরিকান তোষণনীতির বিরুদ্ধে ভিয়েতনামে প্রতিষ্ঠিত বিপ্লবী সরকারকে সমর্থন জানাচ্ছে। আজ যে প্রস্তাব এখানে এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি এবং অবিলম্বে দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে যাতে ভারত-সরকার সমর্থন দেন, সেই কথা বলছি। আমি আশা করি, বিরোধী পক্ষের অন্যান্য সদস্যগণও এই প্রস্তাব গ্রহণ করবেন।

[4-45—4-55 p m.]

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মনোরঞ্জন বড়াল মহাশয় যে প্রস্তাব উপস্থিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। আমি এই প্রসঙ্গে দু'-একটি কথা বলতে চাই। ভারতবাসী ২০০ বছর কাল পরাধীন ছিল, পরাধীনতার জ্বালা কত তীব্র এবং ভয়ংকর তা আমরা মর্মে মর্মে অনুভব করতে পারছি। বৃটিশ সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সংগ্রাম করতে গিয়ে লাঠি-গুলি খেয়ে সহস্র সহস্র ব্যক্তি প্রাণ হারিয়েছে, লক্ষ লক্ষ মানুষ নির্মম অত্যাচার সহ্য করেছে এবং তার ফলে আজকে আমাদের দেশ স্বাধীনতা অর্জন করেছে। আমি তাই শুধু ভিয়েতনাম নয় সারা পৃথিবীর নিপীড়িত শোষিত মানুষ যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়তে চায় তাদের সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে আসছি। আজ দক্ষিণ ভিয়েতনামে দীর্ঘদিন ধ'রে সংগ্রাম চলছে, বছরের পর বছর তারা অসহ্য কষ্ট সহ্য ক'রে তাদের নেতা হো-চি-মিনের

নেতৃত্বে যে বীরত্বপূর্ণ সংগ্রাম করছে তার জন্য তাঁদের আমি গভীর শ্রদ্ধা জানাচ্ছি। অতএব আমাদের অভিনন্দন তাঁদের প্রতি রয়েছে। আজ আমরা দেখতে পাচ্ছি যে, তারা সাম্রাজ্যবাদী আক্রমণে লক্ষ লক্ষ সৈন্য নিযুক্ত করেছে এবং সেখানে কোটি কোটি টাকার মারণাস্ত্র কাজে লাগিয়েছে, কিন্তু তবুও দেশপ্রেমিক বীর সেই ভিয়েতনামবাসীদের তারা দমিয়ে রাখতে পারছে না। আজ আমরা দেখতে পাচ্ছি, মার্কিন সাম্রাজ্যবাদীরা সেখান থেকে পশ্চাদপসরণ করতে বাধ্য হয়েছে, দক্ষিণ ভিয়েতনামে বিপ্লবী সরকার গঠিত হয়েছে। আমি মনে করি, ভারতবর্ষ চিরদিন স্বাধীনতাকামী, তারা পৃথিবীর নিপীড়িত জাতি এশিয়া-আফ্রিকায় যখনই স্বাধীনতার সংগ্রাম হয়েছে তখনই তাকে সমর্থন জানিয়েছে। তাই আমি মনে করি, ভারতরাষ্ট্রের কর্তব্য আছে বিপ্লবী দক্ষিণ ভিয়েতনাম সরকারকে সমর্থন করার, এটা আমরা নিশ্চয়ই তাঁদের কাছে আশা করব। আমি এই কথা বলতে চাই, যখন চীন-পাকিস্তান ভারতের উপর আক্রমণ করেছে, তখন ভারতবর্ষ তাদের নিন্দা করেছে, যখন চীন স্বাধীন তিব্বতের উপর আক্রমণ করেছে তখন চীনের আমরা নিন্দা করেছি, যখন রাশিয়া স্বাধীন চেকোশ্লোভাকিয়ার উপর হস্তক্ষেপ করেছিল তখন তাদের আমরা নিন্দা করেছি। এই দৃষ্টিভংগী থেকে আমি বলছি যে, দক্ষিণ ভিয়েতনামে যে বিপ্লবী সরকার সেখানকার স্বাধীনতাকামী দেশপ্রেমিকদের দ্বারা গঠিত হয়েছে আজ ভারতবর্ষ তাকে অবিলম্বে স্বীকৃতি দান করুক, এটা আমি তাঁদের কাছে অনুরোধ জানাচ্ছি এবং এখানে প্রত্যেকটি স্বাধীনতাকামী ভারতবাসী এটা তাঁদের কাছে আশা করছেন। এই প্রস্তাবকে আমার পূর্ণ সমর্থন জানিয়ে এবং ভারত গভর্নমেন্টের কাছে এই আশা প্রকাশ ক'রে, আমার বক্তব্য শেষ করছি।

**Mr. DEPUTY SPEAKER:** Hon'ble Minister Shri Nani Bhattacharya will make a statement.

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে, এই হাউসে আমি কিছুদিন আগে একটা ঘোষণা করেছিলাম, সেটা হ'ল ন্যাশনাল মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে যে অবস্থা দেখা দিয়েছে তার একটা সামগ্রিক এনকোয়ারি প্রসংগে। আমি সেই-সময় বলেছিলাম যে, আগস্ট মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে আমরা সেই এনকোয়ারি কমিটি ঘোষণা করব। আজকে সেজন্য আমি কিছু বলার সুযোগ মাননীয় ডেপুটি স্পীকারের অনুমতি অনুসারে নিচ্ছি। সেই এনকোয়ারি কমিটি সিংগলম্যান এনকোয়ারি কমিটি হবে এবং জাস্টিস রেণুপদ মুখার্জি সেই এনকোয়ারি কমিটির চেয়ারম্যান হবেন, এই হ'ল এক নম্বর। দু' নম্বর হচ্ছে সেই এনকোয়ারি কমিটির অর্ডার আমরা ইস্যু করলাম, তাতে দু' মাসের মধ্যে তাঁকে এনকোয়ারির রিপোর্ট সাবমিট করার জন্য অনুরোধ করা হয়েছে। তিন নম্বর হচ্ছে, আপনারা সবাই জানেন, ন্যাশনাল মেডিকেল কলেজ এবং হাসপাতালের পরিচালনভার সরকার নিজের হাতে গ্রহণ করেছেন ১৯৬৭ সালের জুন মাসে, তার এক বছর আগে থেকে এ পর্যন্ত ওখানে যেসমস্ত অবস্থা আছে তার সমস্ত রকম এনকোয়ারি এর মধ্যে পড়বে এবং যদি এনকোয়ারি করতে করতে দেখা যায় যে, টেক-ওভার করার আগে যে এক বছর ১৯৬৬-৬৭ সাল তারও পিছনে যেতে হচ্ছে, তা হ'লে এনকোয়ারি কমিটি নিশ্চয়ই অনুসন্ধান সেই ব্যাপারে করতে পারবেন এবং পিছনে যেতে পারবেন। এনকোয়ারির বিষয়বস্তু আমি সংক্ষেপে বলছি, এর মধ্যে পড়বে হাসপাতাল এবং কলেজ-এ অ্যাপয়েন্টমেন্ট সংক্রান্ত ব্যাপারে টেক-ওভার করার আগে কোন নির্দিষ্ট নিয়ম অনুসরণ ক'রে করা হয়েছিল কিনা এবং সেই নির্দিষ্ট নিয়ম অনুসরণ ক'রে এখন অ্যাপয়েন্টমেন্ট, পোস্টিং—এই সমস্ত করা হচ্ছে কিনা। সেখানে টিচার্স বলুন, মেডিকেল অফিসার বলুন তাদের যে র‍্যাংক সেই র‍্যাংক সংক্রান্ত ব্যাপার এই এনকোয়ারির বিষয়ভুক্ত হবে যে, সেই র‍্যাংক কিভাবে দেওয়া হয়েছে এবং সুনির্দিষ্ট নিয়ম অনুসারে দেওয়া হয়েছে কিনা বা টেক-ওভার করার পরে দেওয়া হচ্ছে কিনা। চার নম্বর হচ্ছে টেক-ওভার করার আগে এর কি অবস্থা ছিল এবং এখন কি আছে সেগুলিও এনকোয়ারির বিষয়ভুক্ত হবে। এবং অন্যান্য যাবতীয় হিসেবপত্র রাখা, স্টোরের অবস্থা কি তার হিসেব রাখা—যাবতীয় অ্যাসেটস অ্যান্ড লায়েবিলিটিস সংক্রান্ত ব্যাপারে টেক ওভার করবার আগে এবং আজ পর্যন্ত কি অবস্থায় আছে না আছে বেশির ভাগ অ্যাকাউন্ট ঠিকমত আছে কিনা ইত্যাদি বিষয়ীভূত হবে এনকোয়ারির মধ্যে। এই ম্যানেজমেন্ট টেক ওভার হবার আগে তৃতীয় বা চতুর্থ শ্রেণীর কর্মচারী বলুন, নার্স বলুন,

স্টাফ বলুন, অন্যান্য প্যারা-মেডিক্যাল স্টাফ বলুন, এক কথায় স্টাফ ইনক্লুডিং মেডিক্যাল অফিসার্স তাদের সার্ভিস কন্ডিশনস কি ছিল না ছিল টেক ওভার করবার আগে এবং পরে সেই সার্ভিস কন্ডিশন কোন্ অবস্থায় এসেছে, এ ব্যাপারে কতটুকু অগ্রসর হয়েছে এবং সেই অগ্রসর হবার পথে কোন মহল থেকে প্রতিবন্ধকতা এসেছে কিনা, কোন প্রতিবন্ধকতা দেখা দিয়েছে কিনা, এবং তা দেখা দিলে, সেটাও এনকোয়ারির বিষয়ভূত হবে। এ সম্বন্ধে কমিশন এনকোয়ারি করবেন, রিপোর্ট দেবেন। কোন এলিমেন্টস, কোন ফ্যাক্টরস এমন কি কোন ব্যক্তি-বিশেষের কোন দায়িত্ব ছিল কিনা, তার মধ্যে কোন গাফিলতি যদি হয়ে থাকে তাও এনকোয়ারি-র বিষয়ভূত হবে। আপনি জানেন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এনকোয়ারির যে ইস্যু, যে দাবিকে সামনে রেখে প্রিন্সিপ্যাল সুপারিন্টেন্ডেন্ট পদে অস্থায়িভাবে কাজ চালাবার জন্য, অফিসিয়েটিং করবার জন্য ডাঃ পি এম লাহিড়িকে নিয়োগ করা হয়েছিল, তার বিরুদ্ধে যে স্ট্রাইক হয়েছে, সেই স্ট্রাইক সঙ্গত হয়েছে কিনা, কি হয়েছে না হয়েছে সেটাও এই এনকোয়ারির বিষয়ীভূত হবে। এই হচ্ছে মোটামুটি কথা—এই এনকোয়ারির বিষয় সম্বন্ধে বললাম। তার আগে বলেছি ওয়ান-ম্যান এনকোয়ারি কমিটি হবে এবং জজ যদি মনে করেন কোন অ্যাকাউন্ট্যান্ট দরকার ওষুধপত্র ইত্যাদির অ্যাকাউন্ট নেবার ব্যাপারে মেডিক্যাল অ্যাডভাইস দরকার অন্যান্য ব্যাপারে তা তিনি নিয়োগ করতে পারবেন, স্টেট গভর্নমেন্ট সেই অ্যাকাউন্ট্যান্ট বা অ্যাসেসর নিয়োগ করবেন। এই এনকোয়ারি কমিটি সম্বন্ধে যে অর্ডার দেওয়া হয়েছে, সেই অর্ডারের মধ্যে সেটাও সন্নিবেশিত করা হয়েছে। এই ব'লে আমি বলতে চাই, আমি যেটা বলেছিলাম যে, আগস্ট মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে এনকোয়ারি কমিটি হবে ও এনকোয়ারি কমিটির বিষয় কি হবে এগুলো আমি ঘোষণা করতে পারব। সেই ঘোষণাটা আজকে আমি এখানে করলাম। এই ব'লেই আমি আমার বক্তব্য শেষ করছি।

আর একটি কথা বলার আছে, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জাস্টিস মিঃ রেণুপদ মুখার্জি তিনি এই এনকোয়ারি করবেন।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে এই হাউসের সম্মুখে যে প্রস্তাবটা রাখা হয়েছে দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে স্বীকৃতি দেবার জন্য ভারত সরকারকে অনুরোধ করবার জন্য, সেই প্রস্তাবকে আমি আমার নিজের থেকে এবং আমাদের যে নির্দল গ্রুপ, তাদের তরফ থেকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। দক্ষিণ ভিয়েতনামের যে বিপ্লবী সরকার তাকে সমর্থন করতে গিয়ে বিশেষ ক'রে তাকে স্বীকৃতিদানের ব্যাপারে ভারতসরকার যদি স্বীকৃতি দেন, তা হ'লে পরে আমার মতে দক্ষিণ ভিয়েতনামের যে সরকার, যে সরকার সেখানকার জনসাধারণের সশস্ত্র সংগ্রামের মারফত এসেছে, বিদেশী মার্কিনের পরাক্রমশীল দুর্ধর্ষ এক সাম্রাজ্যবাদকে পরাস্ত ক'রে যে সরকার গঠিত হয়েছে, সেই সরকারকে স্বীকৃতি দিলে ভারত সরকারের ইজ্জত আরও বেড়ে যাবে বই কমবে না। সুতরাং আজকে এদিক থেকে বিশেষ ক'রে আমাদের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদীন যে কতকগুলি কাল্পনিক এবং বিপজ্জনক যুক্তি দিয়ে এখানে এই প্রস্তাবের বিরোধিতা করেছেন, আমি তা মনোযোগের সঙ্গে শুনছিলাম। আমি তখনই সাবমিট করেছিলাম, স্পীকার মহাশয় যে রুলিং দিয়েছেন—উইথ ডিউ রেসপেক্ট টু দ্যাট রুলিং আমি মনে করি, জয়নাল আবেদীন সাহেব যে সংশোধন প্রস্তাব রেখেছেন তা সম্পূর্ণ মিসকনসিভ্ড এবং মিনিংলেস।

[4-55—5-05 p.m.]

এখানে যে প্রস্তাব রয়েছে সেই প্রস্তাব সম্পূর্ণ কাউন্টার সংশোধনী। সুতরাং এইভাবে সংশোধনী একটা হ'তে পারে কিনা আমার নিজের মতে সন্দেহ রয়েছে। তিনি দুটি যুক্তি দেখিয়েছেন অদ্ভুত সেই যুক্তি—একটা হচ্ছে কাল্পনিক। তিনি কোথায় খুঁজে পেয়েছেন যে, এই প্রস্তাবের পিছনে কি-না-কি মতলব আছে এবং সেই কথা বলতে গিয়ে তিনি ভারতসরকারকে বে-ইজ্জত করবার মতলব খুঁজে পেয়েছেন। স্যার, আমি অন্যদিকে যাব না, অন্যদিক থেকে তর্ক করব না, আমি শুধু বিনীতভাবে তাঁকে জিজ্ঞাসা করব যে, আমাদের তরফ থেকে ভারত-সরকারকে বে-ইজ্জত করবার কোন কাজের প্রয়োজন আছে কি? তাঁদের কংগ্রেসী কেন্দ্রীয়

সরকারকে বে-ইজ্জত করবার আমাদের প্রয়োজন হবে না। তাঁরা কি নিজেরাই তাঁদের সরকারকে বে-ইজ্জত করেন নি? আমেরিকা সাম্রাজ্যবাদের কাছে কি তাঁরা যান নি ভিক্ষাপাত্র হাতে নিয়ে দেশে দেশে কি তাঁরা ঘোরেন নি—এটা কি বে-ইজ্জত নয়? সুতরাং বে-ইজ্জত আমাদের করতে হবে না, তাঁরা নিজেরাই বে-ইজ্জত করছেন এবং তার ফল এই পশ্চিমবঙ্গকে ভোগ করতে হচ্ছে এবং ঐ কেন্দ্রে যে বর্তমান অবস্থা তাঁরা নিজেদের যেভাবে বে-ইজ্জত করেছেন সেটা তার ফলশ্রুতি ব'লে মনে করি। সুতরাং কেন্দ্রীয় সরকারকে বে-ইজ্জত করবার প্রশ্ন ওঠে না। দ্বিতীয় যুক্তি দেখিয়েছেন এবং অত্যন্ত মারাত্মক যুক্তি, যে যুক্তি ভারতের ইতিহাসে কতকগুলি বেইমান খাটিয়েছিল; সেই যুক্তি হচ্ছে কি? সেটা হচ্ছে এই যে, মার্কিন সাম্রাজ্যবাদ পাঁচ লক্ষ নিজেদের দেশের সৈন্য এবং তথাকথিত মিত্র দেশ থেকে আরও কয়েক লক্ষ সৈন্য নিয়ে তারা দক্ষিণ ভিয়েতনামের উপর ঝাঁপিয়ে পড়েছে। সুতরাং তাঁদের মনে রাখা দরকার যে, সমগ্র ভিয়েতনাম, উত্তর এবং দক্ষিণ ভিয়েতনামের যে জনসংখ্যা আমাদের এই খণ্ডিত পশ্চিম বাংলার জনসংখ্যার চেয়ে কম। এই রকম একটা ক্ষুদ্র দেশের উপর এই বর্বর মার্কিন সাম্রাজ্যবাদ সেখানে গিয়েছে। সারা পৃথিবীব্যাপী—শুধু আমাদের দেশ নয়, এবং মার্কিন সাম্রাজ্যবাদ তাদের নিজেদের দেশের জনসাধারণ এই আক্রমণের বিরুদ্ধে দাঁড়িয়েছে আর আজকে এখানে পশ্চিম বাংলার বিধানসভায় দাঁড়িয়ে একজন বললেন ঐ যে কি একটা ভিয়েতনামের নতুন সরকার তাদের নাকি আমন্ত্রণে গিয়েছে। আমাদের দেশেও এই দু'শো বছর আগে ঐ মীরজাফররা ঠিক ঐরকম একটা যুক্তি দেখিয়েছিলেন। আমি আজকে ঐ পক্ষকে বিশেষভাবে বিবেচনা করবার জন্য আবেদন করব যে, এই পশ্চিম বাংলা—একটু আগে মাননীয় সদস্য বলেছেন যে, আমাদের নাকি ঐ ধরনের একটা সরকার হয়েছিল প্রফুল্ল ঘোষ এবং কংগ্রেস কোয়ালিশনে এবং তার কি ফল হয়েছে তা আমরা দেখেছি। আজকে সেন্টারে আমরা দেখতে পাচ্ছি ঐ অবস্থা—সেখানে যদি ঐ রকম একটা পুতুল সরকার আসে, তা হ'লে পর তাদের ঐ ক্ষমতায় আসার যে যুক্তি জয়নাল আবেদীন সাহেব দিচ্ছেন সেই যুক্তি হচ্ছে বৃটিশ সাম্রাজ্যবাদকে আবার ডেকে নিয়ে আসা, তা হ'লে তার ফল কোথায় গিয়ে দাঁড়াবে এটা তাঁদের ভাববার কথা। তাঁরা নাকি গণতন্ত্র ডেমোক্রেসির দায়িত্ব ঘাড়ে নিয়েছেন, বিদেশী সাম্রাজ্যবাদীকে এদেশের বুকে ডেকে নিয়ে এসে এ দেশকে বৃটিশ সাম্রাজ্যবাদীকে বিলিয়ে দেবার চেষ্টা করছেন। সুতরাং এই কথা শুধু বলব যে, দক্ষিণ ভিয়েতনামের যে সরকার গঠিত হয়েছে সেই সরকার এসেছে জনসাধারণের মত নিয়ে এবং সেই মতে কোনরকম দ্বিধা না রেখে পরিষ্কারভাবে ঐ বিদেশী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের মারফত নিজেদের মত জাহির করেছে। সুতরাং সেখানকার জনসাধারণের সমর্থন রয়েছে দক্ষিণ ভিয়েতনাম সরকারের উপর। তাই আন্তর্জাতিক নিয়ম অনুসারে যদিও সেই নিয়মের কোন স্পষ্ট নীতি নাই এই রকম রেকগনিসনের ব্যাপারে—তা হ'লেও যে রীতিতে এক দেশ আর এক দেশকে স্বীকার ক'রে নেয় সেই নীতি অনুযায়ী এই যে সরকার দক্ষিণ ভিয়েতনামে প্রতিষ্ঠিত হয়েছে সেখানে জনসাধারণের অকুণ্ঠ সমর্থন তারা পেয়েছে যাকে ব'লে এফেক্টিভ সরকার সেই সরকারকে স্বীকৃতি দেওয়া আন্তর্জাতিক আইন অনুসারে সেটা ভারত-সরকারের দায়িত্ব।

সুতরাং আজ যদি ভারতসরকার তাঁর সেই দায়িত্ব পালন না করেন, তা হ'লে দেশবাসীকে এই সিদ্ধান্তই গ্রহণ করতে হবে যে, আজও ভারতসরকার মার্কিন সাম্রাজ্যবাদের উপর নির্ভর-শীল। তাঁরা দেশকে যে পরনির্ভরশীল ক'রে তুলেছেন হয়তো তার বিপদ এখনও আমরা বুঝতে পারি নি। কিন্তু এই স্বীকৃতির পেছনে বা পথে কোন রকম অন্তরায় থাকতে পারে না আইনত ও রাজনৈতিক। যদি কোন অন্তরায় থাকে বা ভারতসরকার কোনরকমে দ্বিধাগ্রস্ত হন, তা হ'লে আমাদের একথাই মনে করতে হবে যে, আমাদের দেশের টিকি ঐ ওয়াশিংটনেই বাঁধা আছে। সেখানে নিকসন কি বলবেন না বলবেন তাঁর মুখ চেয়েই আমাদের সরকারকে তার কার্যনীতি ও বৈদেশিক নীতি নির্ধারণ করতে হবে, তাদের নিজস্ব কোন নীতি নেই, সে নীতি ঠিক হবে ওয়াশিংটনে। তবে আমি মনে করি, ভারতবর্ষ এখনও হয়ত সম্পূর্ণভাবে ঐ মার্কিন সাম্রাজ্যবাদের কাছে নিজেদের বিকিয়ে দেয় নি, তার আত্মসম্মান এখনও আছে। সুতরাং স্বাধীন দেশের আত্মসম্মান নিয়ে কাজ করা উচিত। যে কাজের কথা আমরা প্রস্তাবে বলেছি, সেই কাজ ক'রে তারা ভারতের মর্যাদা, ভারতের স্বাধীনতাকে আরও সুদৃঢ় করবেন এই আশা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মাননীয় সভাপাল মহাশয়, ভিয়েতনাম আজ আর শুধু একটা নাম নয় অথবা ভূগোলের মানচিত্রে শুধু একটা বিন্দু নয়, ভিয়েতনাম আজকে হয়ে দাঁড়িয়েছে সারা পৃথিবীতে অত্যাচারের বিরুদ্ধে, শোষণের বিরুদ্ধে, জুলুমের বিরুদ্ধে, হামলাবাজির বিরুদ্ধে মানুষের স্বাধীনতা সংগ্রামের প্রধান কেন্দ্রবিন্দু। এক কথায় যদি বলতে হয়, তা হ'লে বলা যায় সারা পৃথিবীর মেহনতী মানুষের অগ্রগতির ভাগ্য বহুলাংশে—আমি সম্পূর্ণ বলছি না—নির্ভর করছে এই ভিয়েতনামের উপর। ভিয়েতনামের তিন কোটি মানুষ, আর দক্ষিণ ভিয়েতনামে মাত্র দেড় কোটি মানুষ। আমাদের পশ্চিম বাংলার চেয়ে কত ছোট। অথচ এই দেশটাকে গোলাম বানাবার জন্য, পদানত করবার জন্য সাত সমুদ্র তের নদী পার হয়ে মার্কিন সাম্রাজ্যবাদ সেখানে হামলা চালিয়েছে। আমি মার্কিন সাম্রাজ্যবাদের কি অধিকার আছে সেকথা পরে আলোচনা করব, কিন্তু তার আগে আমি বলতে চাই যে, পৃথিবীতে আমরা বহু দেশের মানুষের বীরত্বপূর্ণ সংগ্রামের কথা শুনেছি—নিজের দেশ ছাড়া দেখবার সৌভাগ্য হয় নি, তবে শুনেছি কিন্তু ভিয়েতনাম যেন সব কিছুকেই ছাড়িয়ে গিয়েছে। এত বীরত্ব, মনুষ্যত্বের এমন মহান্ প্রকাশ, এমন দুর্জয় সংগ্রাম, সাহস এ কোনদিন কোথাও আমরা শুনেছি বলে জানি না। মাননীয় সভাপাল মহাশয়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমরা শুনেছিলাম স্টালিনগ্রাডের লড়াই-এর কথা। দুর্ধর্ষ হিটলার বাহিনীর বিরুদ্ধে সোভিয়েতের মানুষরা দাঁতে দাঁত দিয়ে কেমন ক'রে লড়েছিল, কেমন ক'রে স্টালিনগ্রাডের মাটিতে জার্মান সাম্রাজ্যবাদের কবর রচনা করা হয়েছিল। সেদিন শুনেছিলাম এবং খবরের কাগজে দেখেছিলাম যে, ইঞ্চি বাই ইঞ্চি এবং ঘর থেকে ঘরে মানুষ লড়াই করেছে। এসব আমরা শুনেছি। তা ছাড়া চীনের জনসাধারণের মার্কিন অনুচর চিয়াং কাইশেকের বিরুদ্ধে সংগ্রামের সেই কথা আমরা শুনেছি। কিন্তু তখন তো দেখি নি কোনদিন।

[5-05—5-15 p.m.]

ভিয়েতনামে যা ঘটেছে—তবু তো সোভিয়েট ইউনিয়ন জার্মান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়েছে। সোভিয়েট ইউনিয়নের অস্ত্রশস্ত্র অত্যন্ত শক্তিশালী ছিল। চীনের জনসাধারণও বীরত্বপূর্ণ সংগ্রাম লড়েছে, কিন্তু তাকে সাক্ষাৎভাবে লড়তে হয়েছিল। মার্কিন ফৌজ সেখানে ছিল না, মার্কিন উপদেষ্টা ছিল চিয়াং কাইশেক বাহিনীর বিরুদ্ধে লড়তে হয়েছিল। ভিয়েতনামে কি দেখলাম—দেড় কোটি মানুষের দেশ, বাংলাদেশের তিন ভাগের এক ভাগ, সেখানে সাড়ে পাঁচ লক্ষ মার্কিন সৈন্য গিয়ে হাজির হয়েছে। আমরা জানি, পৃথিবীর সবচেয়ে সামরিক দিক থেকে শক্তিশালী দু'টি দেশ একটি মার্কিন সাম্রাজ্যবাদ এবং আর একদিকে সোভিয়েট ইউনিয়ন। মার্কিন সাম্রাজ্যবাদ আধুনিক অস্ত্রশস্ত্রে খুব বেশি বলীয়ান। আমরা জানি, দ্বিতীয় বিশ্বযুদ্ধে এই মার্কিন সাম্রাজ্যবাদ এশিয়ার বুকে প্রথম অ্যাটম বোমা বর্ষণ করেছিল। সাড়ে পাঁচ লক্ষ মার্কিন সৈন্য তার উপর তাঁবেদারী ফৌজ দশ লক্ষেরও বেশি ভিয়েতনামকে দাবাবার জন্য, আমি গত বছর পর্যন্ত হিসাব জানি ৩৫ লক্ষ টনেরও বেশি সেখানে বোমা ফেলা হয়েছে। এ কি কেউ কল্পনা করতে পারে ? তিন কোটি মানুষের উপর ৩৫ লক্ষ টন বোমা, এ এক অদ্ভুত ব্যাপার। আমি অনেক সময় মিটিং-এ বলি যে, এই তিন কোটি মানুষের উপর যদি ৩৫ লক্ষ টন বোমা পড়ে তিন বছরের মধ্যে, যদি ঐ দুরবস্থায় আমরা পড়তাম, তা হ'লে আমাদের গ্রাম-পিছু কত পড়ত এবং মার্কিন সাম্রাজ্যবাদের যত অস্ত্র আছে একমাত্র আণবিক অস্ত্র বাদে সমস্ত অস্ত্রই ভিয়েতনামের মাটিতে প্রয়োগ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ কি কল্পনা করা যায় যে, এর বিরুদ্ধে লড়তে পারে ? কিন্তু এর বিরুদ্ধে সেখানকার মানুষ লড়েছে, শুধু লড়ছে না, ঐখানা মার্কিন সাম্রাজ্যবাদের কবর রচিত হচ্ছে। ওরা ভেবেছিল ভিয়েৎনাম জয় করবে। আজ কিন্তু উল্টে ভিয়েতনাম মার্কিন সাম্রাজ্যবাদকে কবর দিতে যাচ্ছে। তাই আজ ভিয়েতনামের সঙ্কট নয়, সংকট আমেরিকার। আমরা দেখেছি যে, প্রতি বছর ৩০ হাজার কোটিরও বেশি টাকা আমেরিকা সেখানে খরচ করছে। কিন্তু আমরা দেখছি, আজ সেখানে মার্কিন সাম্রাজ্যবাদের অস্তিত্ব নেই, শুধুমাত্র বেয়নেটের জোরে টিকে আছে। তারা গণতন্ত্রের কথা বলছেন—সাড়ে পাঁচ লক্ষ মার্কিন সৈন্য এক মুহূর্তে সেখান থেকে চলে যাক, দেখি কেমন ক'রে আমেরিকার তাঁবেদার সরকার টিকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন টেড অফেন্সের কথা। আমি সামরিক বিজ্ঞান জানি না, লড়াই কাকে বলে জানি না, কিন্তু আমি এ কোনদিন শুনি নি—টেড অফেন্সেই শহর গ্রাম ও সায়গনের বুকে যুগপৎ অভিযান। আমরা

রুশ বিপ্লবের কথা জানি, পেট্রোগ্রাড শহরে শ্রমিক অভ্যুত্থানে সরকার গঠন করেছিল, গ্রামে বিপ্লব ছড়িয়ে পড়েছিল। আমরা চীনে দেখেছি গ্রামগুলি ঘাঁটি ক'রে ধীরে ধীরে সমগ্র দেশ অধিকৃত হয়েছে জনসাধারণের হাতে। কিন্তু এ কি দেখলাম—সায়গন, দানাং, হুয়ে এবং সমস্ত গ্রামাঞ্চলে মার্কিন সাম্রাজ্যবাদীর তাঁবেদার ফৌজ গলে যাচ্ছে, টিকতে পারে নি। মার্কিন ভেবেছিল যে, নিজেরা গিয়ে পিছনে থাকবে, সামনে তাঁবেদার ফৌজগুলোকে পাঠিয়ে দেবে কামানের খোরাক ক'রে আর নিজেরা গিয়ে শুধু মাতব্বরী করবে। কিন্তু টেড অভিযান সেখানে আঘাত করল। আমি যার জন্য মনে করি সত্যিই ভিয়েতনামের নেতারা কি অদ্ভুত চেতনা-সম্পন্ন। সামরিক বিজ্ঞানে তারা কত পারদর্শী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর ভিয়েতনামে যাবার সৌভাগ্য আমার হয়েছিল, আমি দিয়েন বিয়েন ফু-এ গিয়ে সেখানকার মাটি গায়ে মাথায় মেখেছিলাম। ভিয়েতনাম ব'লে নয়, মুক্তিযোদ্ধার মাটি ব'লে। আমি কল্পনাও করতে পারি না কিভাবে ওদের ওখানে ফরাসী সাম্রাজ্যবাদের পতন ঘটেছিল, দিয়েন বিয়েন ফু-তে দুর্ভেদ্য দুর্গ কি করে যে দখল করেছিল আমি শুনেছিলাম সেদিন ভারতবর্ষের ইন্টারন্যাশনাল কন্ট্রোল কমিশনের যিনি মেজর-জেনারেল ছিলেন তিনি সেদিন হ্যানয়ে আমায় বলেছিলেন, এ তো অসম্ভব, এ তো মিলিটারী জিনিয়াস। এদের সেনাপতি যা বলেছিলেন, না, না, আমি তো একটা সাধারণ মানুষ, করেছে আমাদের দেশের লোক। সেদেশের মানুষ টেড অভিযান যুগপৎ আক্রমণে মার্কিন সাম্রাজ্যবাদের সৈন্য দাঁড়াবার সুযোগ পর্যন্ত পেল না। সারাদিন পরে রাত্রিবেলা সায়গনে কিংবা সায়গন শহরের কোথাও নদীর বুকে স্টীমারে অথবা লঞ্চে স্ফূর্তি করবেন, আড্ডা মারবেন, হঠাৎ মুক্তিফৌজের অভিযানে জাহাজগুলি ভেঙে গেল। জাহাজ উড়ে গেল, ভেঙ্গে গেল—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একটা মানুষকে যদি সাতদিন সাত রাত জাগিয়ে রাখা হয়, তা হ'লে সে পাগল হয়ে যাবে। শুধু সাত দিন নয়, মাসের পর মাস, দিনের পর দিন মার্কিন সাম্রাজ্যবাদীরা এই আক্রমণ চালিয়ে গেল, তাদের ঘুম নেই, পাগল হয়ে যাবে না তারা, হার্ট তাদের ব্রেক ক'রে যাবে না, তাই তো আমরা দেখি, যা দ্বিতীয় বিশ্ব-যুদ্ধেও দেখি নি, এই জিনিস দেখি নি যে, জার্মান ফৌজ জার্মান পাইলট তার উড়োজাহাজ নিয়ে গিয়ে তার নিজের সৈন্যের উপর বোমা ফেলে এসেছে। এটা আমরা দেখি নি যে, বৃটিশ পাইলটরা বোমারু বিমান নিয়ে গিয়ে নিজের সৈন্যের উপর বোমা ফেলে এসেছে। কিন্তু ভিয়েতনামে আমরা তা দেখেছি মার্কিন পাইলটরা মার্কিন বিমান নিয়ে গিয়ে নিজেদের ফৌজের উপর বোমা ফেলে কোনমতে পালিয়ে এসেছে, তারা পাগল হয়ে যাচ্ছে এবং তার ফল কি হচ্ছে, যখনই মার্কিন ফৌজ মরতে আরম্ভ করছে হাজার হাজার, তখনই খবরগুলো যাচ্ছে আমেরিকায়, তখন আমেরিকান গভর্নমেন্ট সব ছেলেদের মা এবং বাবার কাছে খবর পাঠাচ্ছে যে, সরকার দুঃখের সঙ্গে জানাইতেছে যে, আপনার পুত্র স্বর্গে গেছে। ফল কি হচ্ছে, যখনই হাজার হাজার ঐ রকম চিঠি যায় তখন মার্কিন দেশের ছেলেদের মনে প্রশ্ন জাগে, কেন যাব ভিয়েতনামে, কার জন্য, কিসের স্বার্থে। মার্কিনের কলেজে এবং ইউনিভার্সিটিতে ছাত্ররা আন্দোলন করেছিল। গভর্নমেন্ট বলেছিল, যাবে না ভিয়েতনামে লড়াই করতে, জেলে পাঠিয়ে দেব, ছেলেরা বলেছিল জেলে যাওয়া ভাল, ভিয়েৎনামের মাটিতে মরার চেয়ে। তাই দেখুন ভিয়েৎনামে সংকট নয়, ভিয়েৎনামে লড়তে গিয়ে মার্কিন সাম্রাজ্যবাদ কোণঠাসা হয়েছে। আর ভিয়েৎনামের সেখানকার জনগণের সংগ্রাম বেড়ে যাচ্ছে। এর ফলে তার অর্থ সংকট দেখা দিয়েছে, তাদের তো অফুরন্ত টাকা নেই, যতই বড় হোক না কেন, তাই অত বড় ডলার যার উপর ভারত গভর্নমেন্টের নেতারা নির্ভর ক'রে আছেন, সামান্য ডলার ভিক্ষার জন্য বারে বারে মার্কিন সাম্রাজ্যবাদের পায়ে তেল দেন, সেই ডলার পর্যন্ত আজকে টি'কছে না। সেই ডলার ভেঙ্গে পড়েছে, এটা কোথা থেকে পেল ভিয়েতনামের মানুষ, পেল তার ন্যায্য দাবির ভেতর, তার মনুষ্যত্বের ভেতর থেকে, এটাই তো বোঝবার। ওরা বলছেন ভিয়েতনাম, তোমার নাম আমার নাম, কি লজ্জার কথা, এতবড় বীরত্ব, এতবড় মনুষ্যত্ব, এতবড় সাহস, এই যদি আমাদের না হয়—ভারতবর্ষের ৫০ কোটি মানুষ আজও ধুকছে দেখতে হবে বই কি, এর থেকে উৎসাহ পেতে হবে বই কি, এর থেকে প্রেরণা পেতে হবে বই কি। আমি জিজ্ঞাসা করি, কি অধিকার আছে মার্কিন সাম্রাজ্যবাদের, আমার দেশকে কেমন ক'রে চালাবে। আমরা ঝগড়া করতে পারি, মারামারি করতে পারি, আমরা ঠিক করবো। আমি জিজ্ঞাসা করি যদি ঐ ভিয়েতনাম বলতো ঐ তোমাদের দেশে কালো আদমী ঐ নিগ্রোদের নিন্দা করা হয়। তাদের অধিকার নেই, এবার ভিয়েতনাম ফৌজ পাঠাবে

আমেরিকাতে, কেন না গণতন্ত্র রক্ষা করতে এসেছি। তখন শুনতে ভাল লাগবে। কে অধিকার দিল মার্কিন সাম্রাজ্যবাদকে, আমেরিকা কি দুনিয়ার মাতব্বর হয়ে গেছে? ছোটবেলায় আমরা পড়েছিলাম স্কুল, কলেজ-এ যে ইংরাজ যখন আমাদের দেশ দখল করেছিল, যখন আফ্রিকা দখল করেছিল, তারা থিয়োরী চালিয়েছিল এইরকম। ভগবান তাদের পাঠিয়ে দিয়েছেন আফ্রিকা এশিয়ার এইসব কালা আদমী, এরা নিচে পড়ে আছে, এদেরকে উদ্ধার করবার জন্য ভগবান নাকি শ্বেতকায়দের পাঠিয়ে দিয়েছেন। সাত সমুদ্র তের নদী পার হয়ে আমাদের উপকার করতে এসেছে। এও পড়তে হয়েছে, এই পড়ে আবার পরীক্ষায় পাশ করতে হয়েছে। তাই দেখছি যারা নিজের দেশের নিগ্রোদের লিঞ্চ করে, তারা ভিয়েতনামের মুক্তি চায়, ভিয়েতনামের গণতন্ত্রকে ওরা রক্ষা করতে এসেছে, ওদের কে অধিকার দিয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড় লজ্জা হয় আমরা ৫০ কোটি মানুষের দেশ, দু' শো বছর গোলামি সহ্য করেছি, গোলামির জ্বালা, ব্যথা আমরা বুঝি, তাই তো আমাদের অন্তর চায়, যখন অন্য কোন দেশের মানুষ গোলামির বিরুদ্ধে লড়ে, আমরা পারি না পারি চিৎকার ক'রে বলতে ইচ্ছে হয় যে, তোমাদের সংগে আছি, কিন্তু ব্যথা লাগে না, কষ্ট লাগে না, আমাদের ভারতবর্ষ তো স্বাধীন হয়েছে, যখন আমরা গোলাম ছিলাম তখন আমাদের দেশ স্পেনে বলুন, চীনে বলুন যা হোক, যা কিছু করা দরকার—দেশ যখন লড়ে তখন তার পাশে দাঁড়ানোর একটা দাম আছে, কিন্তু এখন তো আমাদের দেশ স্বাধীন, শুধু তাই নয়, জেনেভা কমিশন ভারতকে মর্যাদা দিয়েছে ইন্টারন্যাশনাল কন্ট্রোল কমিশন-এর চেয়ারম্যান ক'রে দিয়েছিল, কি দায়িত্ব আমাদের ছিল? বড় লজ্জা লাগে, ৫০ কোটি মানুষের দেশ, যখন তিন কোটি মানুষের দেশ মার খাচ্ছে, বীরত্বের সংগে লড়ছে, তখন তার পাশে আমরা গিয়ে দাঁড়াতে পারছি না।

[5-15—5-25 p.m.]

আমাদের গভর্নমেন্ট একথা বলতে পারছে না যে, আমরা তোমাদের পাশে আছি। আমাদের ক্ষুদ্র শক্তি নিয়ে তোমাদের পাশে দাঁড়িয়েছি। লজ্জা লাগে না, ব্যথা লাগে না? ও'দের না লাগতে পারে, আমাদের লাগে। শুনেছিলাম কংগ্রেসের একজন সদস্য মার্কিন সাম্রাজ্যবাদের প্রশস্তি গাইছেন। লজ্জা লাগে না? কোন্ নিচ স্তরে গেলে মানুষ এই কথা বলতে পারে। বড় লজ্জা হয়, আমরা তাদের পাশে দাঁড়াতে পারছি না। কিন্তু যদি সেই ক্ষমতা নাও থাকে তবে এইটুকু বলতে পারতাম না, আমরা সমর্থন করি তোমাদের। উল্টে আমাদের ভারতবর্ষ থেকে গভর্নমেন্টের সম্মতি নিয়ে দক্ষিণ ভিয়েতনামে মার্কিন সাম্রাজ্যবাদের সেবার জন্য ট্রাক পাঠানো হচ্ছে, লোহা পাঠানো হচ্ছে, ইস্পাত পাঠানো হচ্ছে। মহাজনের কাছে যদি মাথা বেঁধে দেওয়া হয় তবে মহাজনের রক্তচক্ষু সহ্য করতে হবে বই কি। তাই একুশ বছর স্বাধীনতার পরেও এমনভাবে দেশকে চালানো হয়েছে গোটা দেশ আজ ছ' হাজার কোটি টাকার দেনায় বাঁধা পড়ে আছে। কিন্তু আমি সে আলোচনায় করতে চাইছি না। এটা ভিয়েতনামের আলোচনা তাই অর্থনৈতিক আলোচনায় যাচ্ছি না। কিন্তু কি ক'রে হয় এই ৫০ কোটি মানুষের দেশ, মাটির নিচের এত অফুরন্ত সম্পদে পুষ্ট আজ একুশ বছর পরে দেখছি ১৮ শ' কোটি টাকা ইংরাজের কাছে পাওনাদার ছিলাম, আজ আমরা ছ' হাজার কোটি টাকা দেনাদারে পরিণত হয়েছি। গোটা দেশের অর্থনীতি নির্ভর করছে, পরিকল্পনা নির্ভর করছে আমেরিকা সাম্রাজ্য-বাদ টাকা দেয় কিনা তার উপরে। প্রতি বছরই ধারের বহর বেড়ে যাচ্ছে। তারপর কি হ'ল? ভিয়েতনামের মার খেতে খেতে আমেরিকার আর এত ধার দেওয়া সম্ভব হচ্ছে না। খাতকের চাহিদা বেড়ে গেল। আমেরিকা দেবে কি ক'রে। তার যে ডলার দেওয়ার অসুবিধা হয়ে যাচ্ছে। তাই বৈদেশিক সাহায্য কমিয়ে দিচ্ছে, তাই খাতক চিৎ হয়ে পড়ে গিয়েছে। চতুর্থ পরিকল্পনা বানচাল হয়ে গিয়েছে। তার উপরটা শুধু আছে, ভেতরটা শুকিয়ে গিয়েছে। তবু লজ্জা হয় না, মাথা উঁচু ক'রে দাঁড়াতে পারে না। ভিয়েতনামের কমরেড হো-চি-মিনকে দেখেছেন, তিনি কি বলছেন, দেশে দেশে দুনিয়ায় ভিক্ষার ঝুলি নিয়ে বেরুচ্ছেন আর বলছেন, আমেরিকা বড় মারছে, কিছু গম দান করুন। কিন্তু তিনি তা করেন নি। উল্টে মাথা তুলে

দাঁড়িয়ে বলছেন, প্রয়োজন হ'লে কুড়ি বছর লড়ব। যতদিন না শেষ মার্কিন দস্যুকে আমাদের মাটি থেকে তাড়াতে পারি অথবা এই মাটিতে কবর দিতে পারি, আমাদের শান্তি নেই। আমরা একুশ বছর ধ'রে দেখেছি আমাদের ভারতবর্ষের নেতারা চলেছেন তীর্থযাত্রীর মত তাদের পায়ে তেল দিতে। লজ্জা লাগে না। লক্ষ লক্ষ ভিয়েতনামীর খুনে যার হাত রাঙা সেই ম্যাক-নামারা যখন আসেন, যেখানে আমাদের মুখ ফিরিয়ে নেওয়া উচিত সেখানে আমাদের প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা যেমন গুরুদেব এলে পায়ের কাছে সাষ্টাঙ্গে প্রণিপাত করে তেমনি ক'রে করেছে। নিকসন সাহেবের বিরুদ্ধে যেখানে ভারতবর্ষের মানুষ ক্ষেপে উঠেছে আমাদের গভর্নমেন্টের নেতারা তার কাছে প্রণিপাত ক'রে বলেছেন, একটু ডলার দিন, একটু গম দিন, নইলে পচা মাইলো কিছু দিন। দেশ কোথায় নেমেছে? ভিয়েতনামের বিরোধিতা করতে গিয়ে ইজ্জত কোথায়? আজ পঞ্চাশ কোটি মানুষের ইজ্জত কোথায়? ভিয়েতনাম লড়ছে, আজকে তারা চরম জয়ের পথে এবং মার্কিন সাম্রাজ্যবাদকে বাধ্য করেছে প্যারিস টেবিলে বসতে। এখনও কি আমাদের সময় হয় নি সমর্থন জানাবার। আর কত দিন অপেক্ষা করতে হবে? ঐ প্যারিস টেবিলেও চক্রান্ত চলছে যাতে টেবিলে বসিয়ে সময় নষ্ট করা যায়। কিন্তু টেবিলে বসতে বাধ্য করেছে। শেষ পর্যন্ত আমেরিকাকে যেতে বাধ্য করবে। কিন্তু সেদিন আমরা কি বলব? আমরা কি ভূমিকা পালন করেছি? আমরা কি ও'দের পাশে দাঁড়িয়েছি? যখন অপরে গোলামির বিরুদ্ধে লড়ে তাদের পাশে না দাঁড়াই, তা হ'লে আমরা কি ক'রে বলব আমাদের জনসাধারণকে গোলামির বিরুদ্ধে লড়বার, আমাদের সামনে যে বিপদ রয়েছে তার বিরুদ্ধে লড়বার? সে সাহস কোথা থেকে আসবে? আমাদের ৫০ কোটি মানুষের উৎসাহ কোথা থেকে আসবে? তাই তো একথা বলি, দেরি হয়ে গিয়েছে, বড় অপরাধ হয়ে গিয়েছে। কন্ট্রোল কমিশনের আমরা চেয়ারম্যান ছিলাম। ভারতবর্ষ কি তার ভূমিকা পালন করেছে?

কন্ট্রোল কমিশনের কি সিদ্ধান্ত ছিল? কোন বিদেশী সৈন্য আসবে না, কোন বিদেশী অস্ত্র আসবে না। অথচ তাকে বুড়ো আঙ্গুল দেখিয়ে লাখে লাখে মার্কিন সৈন্য এল। কি করেছি আমরা? আমরা এর প্রতিবাদ করেছি? করি নি। জেনেভায় চুক্তি হ'ল যে নির্বাচন হবে। কি করেছি আমরা? আমরা তো করতে পারি নি। অন্তত কন্ট্রোল কমিশন ছিল, পোল্যান্ড ছিল। আমরা যদি একসঙ্গে ভোট দিতাম, তা হ'লে পারি না পারি অন্তত মার্কিন সাম্রাজ্যবাদকে আর একটু কোণঠাসা করতে পারতাম। আমরা করি নি কেন? না, ভিখারী ভিক্ষা করছে, অতএব ভিক্ষাদাতার লাথিঝাঁটা খেতে হয়েছে এবং দেশটাকে এই পথে নিয়ে যাওয়া হয়েছে। আজকে আর পারি না। তাই এই প্রশ্ন উঠেছে। অন্তত ভিয়েতনাম লড়াই ক'রে আমেরিকার মানুষকে কাবু ক'রে দিচ্ছে, যখন তারা নিজেরা বিপ্লবী সরকার গঠন করছে তখন আমরা তার পাশে দাঁড়িয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রুশের কথা বাদ দেই, চীনের কথা বাদ দেই। কেননা, তারা কমিউনিস্ট দেশ। কিন্তু ইউ এ আর কি কমিউনিস্ট দেশ? নাসেরের দেশ কি কমিউনিস্ট দেশ? আলজিরিয়া, রুমানিয়া দেশ কি কমিউনিস্ট দেশ? ইরাক কি কমিউনিস্টদের দেশ? ওদের যদি হিম্মৎ হয়, মুরোদ হয়, ওরা যদি বিপ্লবী গভর্নমেন্ট স্বীকার করতে পারে, কাম্বোডিয়ার সাহায্য যদি পায়, তা হ'লে আমরা পঞ্চাশ কোটি মানুষের দেশ এই ভারতবর্ষ- আমরা কেন স্বীকার করতে পারব না? আমাদের কিসের ভয়, কিসের দ্বিধা? তাই, আজও যদি মর্যাদা ফিরিয়ে আনতে পারি, যদি ঐ গভর্নমেন্টকে আমরা এই মুহূর্তে স্বীকৃতি দেই। স্বীকৃতি দেবার যে মানে সেই মানে যদি কার্যকর করি—কেউ বলেছেন যে, বাংলাদেশের অ্যাসেম্বলি থেকে কেন হবে - হবে বৈকি—এ তো গর্বের কথা। এ তো আনন্দের কথা। বাংলাদেশের মানুষ একথা কোনদিন বলে নি। ইংরাজের বিরুদ্ধে যখন লড়াই হয়েছিল তখন কি বলেছিলাম যে, বাংলার ক্ষুদিরাম ফাঁসিতে যাবে কেন? তখন কি একথা বলেছিলাম যে, ভাগ ক'রে নাও, অন্য কেউ করেছে? সেদিন গোলামির বিরুদ্ধে লড়াইয়ের প্রয়োজন যখন হয়েছিল তখন বাংলাদেশ পিছিয়ে ছিল না। এই বাংলাদেশের অসংখ্য ছেলে তারা গুলী খেয়ে মরেছিল। আমরা গর্ববোধ করছি যে, বাংলাদেশ চালাকি ক'রে ভারতের মর্যদা পায় নি। বাংলাদেশ টাকার জোরে মর্যাদা পায় নি। বাংলাদেশ স্বাধীনতার জন্য বুকের রক্ত দিয়েছে, ফাঁসিতে গিয়ে ঝুলেছে। আন্দামানে গিয়ে ইংরাজের জেলে তিলে তিলে প্রাণ বলি দিয়ে বাংলাদেশ ভারতের মর্যাদা অর্জন করেছে। আজও যদি বাংলাদেশ ভারতের মর্যাদা অর্জন করে থাকে, সেই অর্জন করেছে শ্রমিক, কৃষক, মেহনতী মানুষের সংগ্রামের মধ্যদিয়ে ভারতবর্ষ মর্যাদা অর্জন করেছে।

অতএব এটা তো গৌরবের কথা যে, বাংলাদেশের বিধানসভা থেকে এই প্রস্তাব পাশ' হবার বিশেষ প্রয়োজন হয়েছে। এতে কেন্দ্রের বিরোধিতার কি আছে? ভারতবর্ষের যে কর্তব্য সেই কর্তব্য করা উচিত ছিল। কিন্তু আমাদের গভর্নমেন্ট তা করেন নি। করেন নি তার কারণ আছে। তার কারণ যদি কিছু থেকে থাকে তবে তার বিরুদ্ধে আমাদের বলতে হবে এবং আমাদের এখান থেকে বলিষ্ঠ আহ্বান দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের আরও করা উচিত ছিল আমাদের যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে, আমাদের বিধানসভার পক্ষ থেকে। আমি মনে করি, এই প্রস্তাব নিয়ে আসার পরে আমাদের এই বিধানসভার পবিত্রতা আরও বেড়ে যাবে ; আমাদের বিধানসভার মর্যাদা আরও বেড়ে যাবে। আমাদের লজ্জা লাগে এই হাউসে দাঁড়িয়ে, এমন জীবও আছে—হ্যাঁ, আমি তাদের জীব বলছি, তাদের লজ্জা হয় না, যেখানে পৃথিবীর অনেক দেশই এই মার্কিন সাম্রাজ্যবাদের প্রশংসা করতে পারছে না, বিলেত পারছে না, ইংল্যান্ডের গভর্নমেন্ট পারছে না খোলাখুলিভাবে, ফ্রান্স-এর গভর্নমেন্ট পারছে না খোলাখুলিভাবে মার্কিন সাম্রাজ্যবাদের আক্রমণকে জাস্টিফাই করতে পারছে না আর ওখানে দেখলাম হাউসে একজন কংগ্রেস সদস্য কার্যত মার্কিন সাম্রাজ্যবাদের সাফাই গেয়ে গেলেন। আমি বলব, এতো নিচে নামবেন না, বাঁচতে পারবেন না। ওতে বাঁচবেন না। প্রভু যেখানে বাঁচে না সেখানে তাঁরা দু'দিন চিৎকার করতে পারেন। বরঞ্চ সময় থাকতে সাবধান হন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথাগুলি ব'লে এই প্রস্তাবকে সমর্থন করছি এবং প্রস্তাবককে আমি অভিনন্দন জানাচ্ছি এবং সমস্ত সদস্য যাঁরা এই প্রস্তাবের পক্ষে বলেছেন এবং প্রস্তাবকে সমর্থন করেছেন তাঁদের সকলকে অভিবাদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে পড়ছে ৩৫ বছর আগেকার কথা—১৯৩৪ সালে যখন আবিসিনিয়ার উপর সাম্রাজ্যবাদী ফ্যাসিস্ট ইটালী আক্রমণ করেছিল। ১৯৩৫ সালে যখন সমগ্র উত্তর চীন জাপানী সাম্রাজ্যবাদীদের দ্বারা আক্রান্ত হয়েছিল। ১৯৩৬ সালে জার্মান এবং ইটালিয়ান সাম্রাজ্যবাদী ফ্যাসিস্ট শক্তির সাহায্যে স্পেনে রিপাবলিকান গভর্নমেন্টের বিরুদ্ধে বিদ্রোহ সৃষ্টি করিয়েছিল। সেই সময় আমার মনে আছে ভারতবর্ষে শুধু বামপন্থী দল এবং গ্রুপরা নয়, শুধু কমিউনিস্ট এবং সোস্যালিস্টরা নয়, সারা ভারতের কংগ্রেস কমিটি উচ্চকণ্ঠে এই সাম্রাজ্যবাদী আক্রমণের নিন্দা করেছিলেন, প্রতিবাদ করেছিলেন এবং এই সমস্ত দেশের পূর্ণ স্বাধীনতা এবং গণতান্ত্রিক অধিকারকে তাঁরা সমর্থন করেছিলেন। শুধু তাই নয়, চীনের ক্ষেত্রে ভারতবর্ষ থেকে যেটুকু সম্ভব সাহায্য পাঠানো হয়েছিল, পরাধীন ভারতবর্ষ যা করেছিল স্বাধীন ভারতবর্ষ কেন তা করছে না এবং করতে পারছে না এটা কি ভাববার জিনিস নয়? পরাধীন ভারতবর্ষে সকলে মিলে একমত হয়ে জাতীয়তাবাদী, সমাজ-বাদী, সাম্যবাদী সমস্ত রাজনীতিবিদ এবং দেশশুদ্ধ লোক দেশের বড় বড় কবি, সাহিত্যিক সকলে মিলে একমত হয়ে পৃথিবীর অন্য যে কোন জায়গায় কোন দেশের স্বাধীনতা যখনই সাম্রাজ্যবাদীদের হাতে বিপন্ন হয়েছে তখনই তার বিরুদ্ধে ভারতবর্ষ এগিয়ে গিয়েছিল, কিন্তু আজকে কি লজ্জার কথা—দেশ যখন স্বাধীন, যখন গভর্নমেন্ট আমাদের দেশের লোকের হাতে তখন আমাদের প্রতিবেশী আবিসিনিয়া কত দূরে যে আবিসিনিয়ার জন্য ভারতবর্ষের সমস্ত দল এবং কংগ্রেস জাতীয় কংগ্রেস উঠে দাঁড়িয়েছিল? উত্তর চীন কত দূরে, স্পেন কত দূরে, আর ভিয়েতনাম কত দূরে? আজকে আমাদের পাশে একটা জাতির স্বাধীনতাকে সবচেয়ে শক্তিশালী সাম্রাজ্যবাদী দস্যু তাদের অস্ত্রবলে এবং অর্থবলে নিষ্পিষ্ট করবার চেষ্টা করছে বছরের পর বছর—একদিন নয়, পাঁচদিন নয়, হঠাৎ নয়—চোখের সামনে সেই ঘটনা ঘটছে, আর ভারত-বর্ষের গভর্নমেন্ট যাঁরা বলেন জাতীয় সরকার তাঁরা তার বিরুদ্ধে প্রতিবাদ করবেন না, একটা জাতি যে স্বাধীনতার জন্য লড়ছে মরণ পণ ক'রে তাকে সাহায্য করতে এগিয়ে যাবেন না এ কি কথা? কেন, কি পরিবর্তন হয়েছে ১৯৩৪, ১৯৩৫, ১৯৩৬ সাল থেকে? হ্যাঁ, একটা পরিবর্তন হয়েছে—তখন যাঁরা কংগ্রেস নেতা ছিলেন পরাধীন ভারতবর্ষকে স্বাধীন করবার জন্য তাঁরা যেভাবে বুঝেছিলেন, ভেবেছিলেন, আন্দোলন করেছিলেন, তাতে তখন অন্য দেশের স্বাধীনতার প্রতি একটা দরদ ছিল, কিন্তু এখন তাঁরা শাসক হয়ে ভেবেছেন যে, আমাদের স্বাধীনতা নিরাপদ, সাম্রাজ্যবাদীদের যদি আমরা খোসামোদ করি, তাদের যদি অনুগত হয়ে থাকি, আর যদি আমাদের দেশের একচেটিয়া পুঁজিবাদীদের তল্পী বহন করি, তাদের স্বার্থ

রক্ষা করি, তা হ'লে গদীটা নিরাপদ। কিন্তু তা যে নয়, গত কয়েক বছরে তা প্রমাণ হয়ে গেছে। আজকে আনন্দের কথা ভারতবর্ষে একটা বিরাট পরিবর্তনের মধ্যে চলে আসছে, ভারতবর্ষের জনসাধারণ এই ন্যক্কারজনক অধঃপতন এবং বিশ্বাসঘাতকতার বিরুদ্ধে রুখে উঠছে এবং সেই পরিবর্তন দিল্লীতে গিয়ে পর্যন্ত ধাক্কা মারছে। আজকে একথা আমি বলব যে, আজকে গণতন্ত্রের জন্য যারা লড়াই করছে, মার্কিন সাম্রাজ্যবাদ যাদের উপর ৬ লক্ষ বিদেশী সৈন্য পাঠিয়ে দিল, যাদের জন্য হাজার হাজার কোটি কোটি টাকা অস্ত্রে ব্যয় হচ্ছে এবং এমন কোন মারণাস্ত্র নেই যা সেখানে যাচ্ছে না এবং সেদিন খবরের কাগজে বেরিয়েছে যে, সেখানে স্পেশ্যাল ডিভিশন হয়েছে ব্যাকট্রলজিক্যাল ওয়ারফেয়ার টেস্টিং-এর জন্য—তাদের সেখানে নিশ্চয়ই সমর্থন করা উচিত। সেখানে একটা সরকার গঠিত হয়েছে যে, সরকারের হাতে বেশির ভাগ অঞ্চল যার তত্ত্বাবধানকে অস্বীকার করা যায় না, তাদের সংগে কথাবার্তা পর্যন্ত বলতে হচ্ছে এবং অনেক দেশ স্বীকার করেছে, প্রমাণ হয়েছে দেশের বেশির ভাগ লোক কোন্ পক্ষে-যদি দেশের বেশির ভাগ লোক সেখানে স্বাধীনতা যোদ্ধাদের পক্ষে না থাকত এবং এই বিপ্লবী সরকারের পক্ষে না থাকত, তা হ'লে কি ক'রে তারা আত্মরক্ষা করতে পারত, কি ক'রে তারা এই ফ্যাসিস্ট আক্রমণকে পর্যুদস্ত করতে পারত ? গণতন্ত্রের কথাও যদি বলেন, আজকে তাঁরা চ্যালেঞ্জ করছেন যে, আজকে দক্ষিণ ভিয়েতনামে স্বাধীন নির্বাচন হোক, আমেরিকান ফৌজ সরিয়ে নেওয়া হোক কারণ তাঁরা জানেন, সেখানে নির্বাচন যদি হয়, তা হ'লে ওখানে পাপেট দালাল যাঁরা রয়েছেন তাঁরা একেবারে ভেসে যাবেন। আজকে অস্ত্রের মুখে তারা ভাসছে, সেদিন ভোটের মুখে তারা ভেসে যাবে। তাই স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতন্ত্রের কথা বলুন ভারতবর্ষের কর্তব্য হচ্ছে আজ তাদের সমর্থন করা। কিন্তু ভারতবর্ষ করছে না কেন তা আমার বন্ধু হরেকৃষ্ণবাবু বলেছেন। পারছে না এজন্য যে, আমাদের গভর্নমেন্ট নিজের দেশের স্বাধীনতা রক্ষা করার জন্য উৎসুক নয়, নিজের দেশকে তাঁরা বন্ধক দিয়েছেন। নিজেদের দেশে সাম্রাজ্যবাদী অনুপ্রবেশ করছে শুধু অর্থনৈতিক ক্ষেত্রে নয় রাজনীতি ক্ষেত্রে, সংবাদপত্রের মধ্যে, অ্যাডমিনিস্ট্রেশনএর মধ্যে, রাজনীতিবিদ এম পি-দের কিনতে সুযোগ দিয়েছেন। আজ সি আই এ, ইংরাজ এবং জার্মান ইনটেলিজেন্স এজেন্সিতে আমাদের দেশ ছেয়ে গেছে। কিন্তু দেশের স্বাধীনতা যারা বিকিয়ে দিচ্ছে তারা কি প্রতিবেশীদের স্বাধীনতা রক্ষা করতে পারবে ? আমাদের নিজেদের দেশের গণতন্ত্রকে যারা ক্রমাগত দলন করছে, জনসাধারণের গণতান্ত্রিক অধিকারকে হরণ করছে তারা কি অন্য দেশের গণতন্ত্রের জন্য উঠে দাঁড়াতে পারে ? পারে না। আমাদের দেশের যে জাতীয় স্বাধীনতা রয়েছে তা গণতন্ত্রবিরোধী নীতি অনুসরণ করছে। সেজন্য আমাদের প্রতিবেশী দেশের স্বাধীনতা এবং গণতন্ত্রকে রক্ষা করার ক্ষমতা, ইচ্ছা তাঁদের নেই। এমন কি দুটো কথা তাঁদের পক্ষে বলার ক্ষমতা নেই। কিন্তু আমি একথা বলব, আজ দেশের হাওয়ার পরিবর্তন হয়েছে এবং তার ধাক্কা দিল্লীতে গিয়ে হাজির হয়েছে। আজ আর একটা সংকটের মধ্যে শাসকদল পড়েছে, সেটা আমাদের দেশের স্বার্থের অনুকূল নয়, আন্তর্জাতিক স্বার্থের অনুকূল নয়। এমন নীতি দীর্ঘদিন ধ'রে অনুসরণ করাব ফলে দেশকে এবং নিজেদের একটা সংকটের মধ্যে নিয়ে চলেছেন। আজ সেজন্য আমাদের আইনসভায় এই যে প্রস্তাব এসেছে এই প্রস্তাব শুধু পশ্চিম বাংলার মানুষের নয়, আইনসভার কথা নয়, সেটা ভারতবর্ষের কোটি কোটি মানুষের কথা। আজ ভারতবর্ষ যে বিরাট পরিবর্তনের দিকে এগিয়ে যাচ্ছে সেদিকে লক্ষ্য রেখে আজ যিনি এই প্রস্তাব আমাদের আইনসভায় এনেছেন তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই প্রস্তাবের মধ্যে দিয়ে পশ্চিম বাংলা সারা ভারতবর্ষের কাছে এই কথা বলছে—ভারতবর্ষের সমস্ত রাজ্যে দলমতনির্বিশেষে যে মানুষ দেশকে ভালবাসে, গণতন্ত্র চায়, আজ তারা উঠে দাঁড়াক এবং বলুক দক্ষিণ ভিয়েতনামের উপর মার্কিন দস্যুর আক্রমণ বন্ধ হোক এবং সেখানকার জনসাধারণ স্বাধীনতা চায়, তারা সেখানে নির্বাচন করবে তার পেছনে যে বেশির ভাগ জনসাধারণ রয়েছে তাকে স্বীকার করা হোক। এটা তাদের এবং নিজেদের দেশের গণতন্ত্র রক্ষা করবার জন্য একান্ত প্রয়োজন। আজ আমাদের আইনসভায় এই প্রস্তাব সারা ভারতবর্ষের জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করুক। এই কথা ব'লে যিনি এই প্রস্তাব এনেছেন তাঁকে ধন্যবাদ জানিয়ে এবং প্রস্তাবকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন বড়াল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের একজন মাননীয় সদস্য মাত্র বক্তৃতা করেছেন এবং তিনি বিষয়বস্তু বাদ দিয়ে কিছু আবোলতাবোল কথা বলেছেন। সুতরাং সে বিষয়ে বলার কিছু নেই। শুধু তিনি যে দু-একটি পয়েন্ট উল্লেখ করেছেন সে সম্বন্ধেই

বলছি। এখানে আমি এই সভায় প্রথম নূতন সভ্য এবং এক হিসেবে বলতে গেলে আমি এই প্রথম কথা বলছি। দুটো অধিবেশনেই কংগ্রেসী সদস্যদের একটা রূপ দেখেছি। তারা যা কিছু লাল দেখছেন তাতেই গণতন্ত্র বিপন্ন দেখছেন। এখানে যে আলোচনাই হোক, যে বিল হোক, যে প্রস্তাব হোক তাঁরা একই সুরে কথা বলছেন। বোধ হয় তাঁরা যে যে বক্তৃতা দিয়েছেন সেসব বক্তৃতা যদি টেপ-রেকর্ড-এ বাজান হ'ত, তা হ'লে দ্বিতীয়বার তাঁদের বক্তৃতা দিতে হ'ত না। সেজন্যই মনে হ'ল, বিরোধীপক্ষের একমাত্র বক্তা জয়নাল আবেদীন সাহেব এতে দেখছেন রক্তাক্ত বিপ্লব; এটা নাকি কেন্দ্রীয় সরকারকে বে-ইজ্জতী করার প্রস্তাব এবং তাঁদের ভাষায় আইন-শৃংখলা নষ্ট করার আর একটা প্রস্তাব।

[5-35—5-43 p.m.]

আমার মনে হয়, তিনি সংগে সংগে আরও একটা জিনিস দেখেছেন। আমরা প্রায়ই দেখি যে, যে-কোন প্রস্তাব হোক—তাঁরা কমিউনিজম, বামপন্থী কমিউনিস্ট একথাগুলি যখন তখন উচ্চারণ করেন এবং এখানেও দেখলাম ভিয়েতনামের ব্যাপারে সেই কথা টেনে এনেছেন। আমি তাঁকে জানাতে চাই ভিয়েতনামে কমিউনিস্টরা রয়েছেন, কমিউনিস্ট পার্টি রয়েছে, আরও ২৩-২৪টা অর্গানাইজেশন রয়েছে এবং ধর্মীয় প্রতিষ্ঠান পর্যন্ত রয়েছে এবং তারা সকলেই সেই বিপ্লবী সরকারের পেছনে রয়েছে। কাজেই আপনাদের আতঙ্কিত হবার কারণ নেই। বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থশংকর রায় এক সময় দলত্যাগ ক'রে কমিউনিস্টদের সংগে ছিলেন ব'লে গর্ব বোধ করেছিলেন এবং পরে আবার একটা ঘটনা উপলক্ষে বলেছিলেন 'আমি পোলস অ্যাপার্ট হয়ে গেছি'—উত্তরমেরু আর দক্ষিণ মেরুর ব্যবধান। তিনি উত্তর মেরুতে যান নি, কমিউনিস্ট দেশগুলি তো প্রায় সবই উত্তর গোলার্ধে, যেমন রাশিয়া, চীন, ভিয়েৎনাম। তিনি বোধহয় গিয়েছিলেন পশ্চিম গোলার্ধে। এবং সেখানেও কিউবা দেখে ফিরে এসেছেন। আজকে আমাদের এই যে গোলাকার কক্ষ রয়েছে, সেখানে যদি উত্তর মেরু এবং দক্ষিণ মেরু ধরি, তা হ'লে দেখব তাঁরা আবার উত্তর মেরুর দিকেই বসে রয়েছে এবং সেই দুর্ভাগ্য তাঁদের হয়েছে।

আর একটি পয়েন্ট তুলেছেন জয়নাল আবেদীন সাহেব। তিনি জেনেভা চুক্তির ১৪ ধারা উল্লেখ ক'রে বলেছেন যে, ভিয়েতনাম থেকে যদি বিদেশী সৈন্য সরে না যায়, যদি নির্বাচন না হয়, তা হ'লে কিভাবে সরকার গঠন হ'তে পারে। এই প্রসংগে উল্লেখ করব—জেনেভা চুক্তি অনুসারেই ১৯৫৬ সালের মধ্যে সেখানে নির্বাচন হবার কথা ছিল এবং সেই নির্বাচন হ'লে পর সেখানে শতকরা ৮০ ভাগ ভোটই দুই ভিয়েতনামের পুনর্মিলনের পক্ষে অর্থাৎ আইসেনহাওয়ারের ভাষায় হো-চি-মিনের পক্ষে যেত। সেটা যখন মার্কিন সরকার বুঝল, তখন তারা ভোট বানচাল ক'রে দক্ষিণ ভিয়েতনামে নিজেদের সৈন্য পাঠাল। সুতরাং সেখানে যদি কেউ ভোট বানচাল ক'রে থাকে, তা হ'লে সে হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদ। একথা ব'লেই যে সংশোধনী প্রস্তাব জয়নাল আবেদীন সাহেব এনেছেন তা প্রত্যাখ্যান করছি, কারণ ওটা প্রস্তাবের সংশোধনী নয়, ওটা হচ্ছে প্রস্তাবের বিরোধিতা করা।

The motion of Dr. Zainal Abedin that in lines 2 and 3, for the words "to take immediate steps to recognise", the following be substituted—

"to consider, in the context of the present international situation, the question of desirability of giving recognition or otherwise of"

was then put and a division taken with the following result:

**Noes—91**

Abdul Quiyom Molla, Shri
Abdur Rezzaque Khan, Shri
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Subodh

Basu, Shri Abinash
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Radhanath
Choudhury, Shri Soroshi
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Deb, Shri Saral
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Haldar, Shri Kuberchand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan, Nasiruddin, Shri
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuiry, Shri Daman Chandra
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Amulya Ratan
Maji, Shri Panna Lal

Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Kalipada
Maulick, Shri Kumarish Chandra
Mitra, Dr. Sunil Kumar
Mohmmad Salimuddin, Shri
Mollah, Humayun Kabir, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Padmalakshmi Subba, Shri
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Phakir Chandra
Saha, Shri Jamini Bhusan
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Jamini Ranjan
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

**Ayes—41**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barma, Shri Akshay Kumar
Barman, Shri Syama Prasad
Bhagat, Shri Budhu

Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Fazlur Rahman, Shri S. M.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahato, Shri Ram Krishna
Maiti, Shrimati Abha
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budheswar
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Poddar, Shri Deokinandan
Ray, Shri Jajneswar
Ray, Shri Kiran Chandra
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Sarkar, Shri Nil Kamal
Shamsuddin Ahmad, Shri
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 41 and the Noes 91, the motion was lost.

The motion of Shri Manoranjan Boral that this Assembly is of the opinion that the State Government should move the Government of India to take immediate steps to recognise the newly-formed Provisional Revolutionary Government of South Vietnam, headed by the Prime Minister Huyin Tan Phat, was then put and a division taken with the following result:

**Ayes—86**

Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Subodh

Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Radhanath
Choudhury, Shri Soroshi
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Deb, Shri Saral
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan Nasiruddin, Shri
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuiry, Shri Daman Chandra
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Amulya Ratan
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan

Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Kalipada
Mitra, Dr. Sunil Kumar
Mohammad Ali, Shri
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Padmalakshmi Subba, Shri
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Phakir Chandra
Saha, Shri Jamini Bhusan
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sarkar, Shri Charumihir
Sakar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Joyram

**Noes—40**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Shri
Azizur Rahman, Shri
Barma, Shri Akshay Kumar
Barman, Shri Syama Prasad
Bhagat, Shri Budhu
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Fazlur Rahman, Shri S. M.

Gofulrur Rahman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahato, Shri Ram Krishna
Maiti, Shrimati Abha
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budheswar
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Poddar, Shri Deokinandan
Ray, Shri Jajneswar
Ray, Shri Kiran Chandra
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Sarkar, Shri Nil Kamal
Shamsuddin Ahmad, Shri
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 86 and the Noes 40, the motion was carried.

**Adjournment**

The House was then adjourned at 5-43 p.m till 1 p.m. on Thursday, the 21st August, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 21st August, 1969, at 1 p.m.

**Present:**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, nine Ministers, one Minister of State and 168 Members.

### UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

[1—1-10 p.m.]

**পশ্চিমবঙ্গে সরিষা আমদানীকারকের সংখ্যা**

**621.** (Admitted question No. 1516.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরিষা আমদানীকারক কতজন আছেন;

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে সরিষা আমদানী বন্ধ আছে; এবং

(গ) সত্য হইলে ইহার কারণ কি?

**The Minister for Food and Supplies:**

(ক) অন্য রাজ্য হইতে পশ্চিমবঙ্গে সরিষা আমদানীর উপর কোন সরকারী বিধিনিষেধ নাই এবং যে কোন ব্যক্তি এই রাজ্যে অবাধে সরিষা আমদানী করিতে পারেন। এই কারণে পশ্চিমবঙ্গে সরিষা আমদানীকারক কতজন আছেন সরকারের পক্ষে তাহা বলা সম্ভব নহে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**সরকারী গুদামের সংখ্যা**

**622.** (Admitted question No. 1703.)

**শ্রীসনৎকুমার রাহা:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সরকারী গুদাম কতগুলি এবং কি পরিমাণ খাদ্যশস্য এইগুলিতে মজুত করা সম্ভব; এবং

(খ) খাদ্যশস্য রাষ্ট্রীয় ব্যবস্থায় (স্টেট ট্রেডিং) বাণিজ্য চালু করিতে হইলে কত পরিমাণ খাদ্যশস্যের জন্য গুদাম প্রয়োজন?

**The Minister for Food and Supplies:**

(ক) সরকারী মালিকানায় ৪৯৫টি খাদ্য গুদাম আছে, আর বর্তমানে এই গুদামে ২৭৪,১৮০ মেট্রিক টন খাদ্য মজুত করা যাইতে পারে।

ইহার ভিতর ২৬৮,২২৭ মেট্রিক টন খাদ্য মজুত রাখিবার মত জায়গায় ফুড করপোরেশন, সমবায় সমিতি, সেন্ট্রাল ওয়ের হাউসিং করপোরেশন এবং সরকারের অন্যান্য দপ্তরের দখলে আছে।

সরকারের নিযুক্ত শস্য সংগ্রহ ও মজুতকারী সংস্থা ফুড করপোরেশনের খাদ্য বিভাগের নিকট ভাড়া করা গুদামঘর সমেত মোট ৬৫১,৬০০ মেট্রিক টন খাদ্যশস্য মজুত রাখিবার মত গুদামের জায়গার বন্দোবস্ত আছে।

(খ) খাদ্যশস্যের ব্যবসায় পূর্ণ রাষ্ট্রায়ত্ব করার পরিকল্পনা কিছু প্রস্তুত করা হয় নাই। আর এইরূপ পরিকল্পনা চালু করিতে কি পরিমাণ গুদামের জায়গার প্রয়োজন হইতে পারে তাহারও কোন হিসাব করা হয় নাই।

**আরামবাগ ও হাবড়া থানায় নূতন তৈরী রাস্তার সংখ্যা**

**623.** (Admitted question No. 1866.) **Shri Sanat Kumar Raha:**
পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি আরামবাগ ও হাবড়া থানায় গত ১৯৬৬-১৯৬৭ এবং ১৯৬৮ সালের মধ্যে কতগুলি রাস্তা নূতন তৈরী হইয়াছে এবং তাহার জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Public Works (Roads):**

| রাস্তার নাম | ব্যয় |
|---|---|
| আরামবাগ থানা | টাকা |
| ১। গৌরহাটী-বন্দর ... ... ... | ৩,৮৬,১২২ |
| ২। গৌরহাটী-বড়ডঙ্গল . ... ... | ১,৯৬,৭১৬ |
| হাবড়া থানা | |
| ১। হাবড়া-শিমুলপুর .. .. | ৫,৩৪,৪৩৭ |
| ২। গুমা-গুরদাহাট ... .. ... | ২১,৫৯৩ |
| ৩। রূপকথা সিনেমা পর্যন্ত লিংকবোড | ২২,১৫৩ |

**হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা**

**624.** (Admitted question No. 1651.)
**শ্রীকালীপদ মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় কতগুলি মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসক ও এড হক কমিটি নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) ঐসকল বিদ্যালয়ে কার্যনির্বাহক কমিটি কতদিনের মধ্যে গঠন করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

| | |
|---|---|
| (ক) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় (একাদশ শ্রেণীযুক্ত) ... ... .. | ৯ |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (দশম শ্রেণীযুক্ত) ... .. ... | ১৯ |
| নিম্ন মাধ্যমিক ... .. ... | ২ |

(খ) ১৫ই জানুয়ারী, ১৯৭০ সনের মধ্যে।

### পশ্চিমবঙ্গে জন্ম ও মৃত্যুর হার

*625.* (Admitted question No. 2063.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের কোন পরিসংখ্যান আছে কিনাঃ পশ্চিমবঙ্গে জন্ম ও মৃত্যুর হার কত এবং জন্ম মৃত্যুর হার ১০ বছরের মধ্যে হ্রাস বৃদ্ধি পাইলে তাহার কারণ কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহা কি?

**The Minister for Health:**

(ক) ১৯৬১ সালের লোকগননা অনুযায়ী।

(খ) পশ্চিমবঙ্গে প্রতি ১,০০০ এ জন্ম ও মৃত্যুর হার যথাক্রমে ৪০·৮ এবং ১৩·৬।

স্বাস্থ্য দপ্তর ও অর্থ দপ্তরের অধীনে বিভিন্ন পরিকল্পনা অনুযায়ী পরীক্ষামূলক পর্যবেক্ষণে জানা যায় যে, জন্ম এবং মৃত্যুর হার উভয়ই নিম্নগামী। জন্মহারের হ্রাস পরিবার কল্যাণ পরিকল্পনা বিষয়ে সাধারণ সচেতনতা বলিয়া অনুমিত হয়। বিভিন্ন ধরনের স্বাস্থ্য ও চিকিৎসা প্রকল্প, যথা, ম্যালেরিয়া, বসন্ত, কলেরা প্রভৃতি মহামারী রোগ নিবারণী ব্যবস্থা, মাতৃমঙ্গল ও শিশু কল্যাণ পরিকল্পনা ও পানীয় জল সরবরাহের উন্নয়ন এবং চিকিৎসা ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে মৃত্যু হার হ্রাস পাইয়াছে।

### Grants-in-aid to Junior High Schools

**626.** (Admitted question No. 1685.) **Shri Md. Soharab:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government has any proposal under consideration for giving grants-in-aid to Junior High Schools in the State to the extent of the deficit between their income and expenditure?

**The Minister for Education:** Not at present.

### পশ্চিমবঙ্গে বিভিন্ন উন্নয়ন অফিসে অকেজো কৃষি যন্ত্রপাতি

627. (Admitted question No. 1696.)

**শ্রীসুরেশচন্দ্র সিন্হাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন উন্নয়ন অফিসে যে কয়েক লক্ষ টাকার কৃষিযন্ত্রপাতি অকেজো হয়ে পড়ে আছে তার জন্য কোন তদন্ত করা হচ্ছে কিনা;

(খ) এই কৃষিযন্ত্রগুলি কি কি ও কোন্ উন্নয়ন অফিসে কত টাকার যন্ত্রপাতি আছে;

(গ) এই অকেজো যন্ত্রগুলি কি চাষীদের কাছে বিক্রি করা হচ্ছে; এবং

(ঘ) যে প্রতিষ্ঠান এই অকেজো যন্ত্রগুলি সরবরাহ করেছিল এবং যেসব কর্মচারী এই ব্যাপারে সংশ্লিষ্ট ছিল তাঁদের সম্পর্কে কি কোন ব্যবস্থা নেওয়া হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) যেসমস্ত যন্ত্রপাতি বিভিন্ন উন্নয়ন ব্লকের গুদামে পড়ে আছে সেগুলি সবই অকেজো নয়। এ সম্বন্ধে বিস্তারিত তথ্য সংগ্রহ করার উদ্দেশ্যে একটি তদন্ত কমিটি নিয়োগ করা হয়েছে। কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায় নি।

(খ) নিম্নলিখিত যন্ত্রপাতি পড়ে আছে—

(১) মোল্ড বোর্ড প্লাউ, (২) সীড ড্রিল, (৩) হুইল হো, (৪) প্যাডি উইডার এবং (৫) ডোন।

বিভিন্ন জেলা ও উন্নয়ন ব্লকের গ্দামে যে সব যন্ত্রপাতি পড়ে আছে তার আনুমানিক দাম প্রায় ৩৫,১৯,৫২৪ টাকা। সময়ে সময়ে চাহিদা অনুযায়ী এক ব্লক থেকে অন্য ব্লকে যন্ত্রপাতি চালান হেওয়া হচ্ছে বলে উন্নয়ন ব্লকওয়ারী সংখ্যা জ্ঞাপন করা সম্ভবপর নয়।

(গ) সমস্ত যন্ত্র অকেজো নয়, ভাল যন্ত্রগুলিই চাষীদের কাছে বিক্রী করা হয়।

(ঘ) সমস্ত বিষয়টি তদন্তাধীন, সেই জন্য এখনও কাউকে দায়ী করা বা কারও বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া প্রশ্ন ওঠে না।

**কলিকাতা শহরে বাস চালাইবার অনুমতিপত্র**

**628.** (Admitted question No. 2290.) **Shri Bazle Ahmad:**

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে কতগুলি বাস চালাইবার অনুমতি দেওয়া হইয়াছে;

(খ) সরকারের নিকট এইরূপ কোন সংবাদ আসিয়াছে কিনা যে, অনুমতিপ্রাপ্ত বেসরকারী বাসগুলির মধ্যে কিছু অনুমতিবিহীন বাস চলিতেছে;

(গ) অনুমতিপ্রাপ্তদের মধ্যে অনুমতিবিহীন বাসগুলি ধরার জন্য সরকার কি কোন সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(ঘ) বেসরকারী বাসগুলি গন্তব্যস্থলের চিহ্নস্বরূপ বোর্ড লাগাইবাব নির্দেশ কি বাসগুলির মালিকগণকে দেওয়া হইয়াছে; এবং

(ঙ) নির্দেশ যাহাতে অবশ্যই পালিত হয় তাহা দেখিবার কোন ব্যবস্থা আছে কিনা?

**The Minister for Home (Transport):**

(ক) বর্তমানে কলিকাতা শহরে ৩৩৯ খানি বেসরকারী বাস সাময়িক পারমিটের বলে চলাচল করে। ইহা ব্যতীত শহরতলীর (২৪-পরগনার) মোট ২৭৭ খানি বাসকে সাময়িকভাবে কলিকাতা শহরের অন্তঃস্থল পর্যন্ত আসিবার অনুমতিপত্র দেওয়া হইয়াছে।

এতদ্ব্যতীত রাষ্ট্রীয় পরিবহন সংস্থাকে ১,১০০ বাসের অনুমতিপত্র দেওয়া হইয়াছে।

(খ) এইরূপ কোন সংবাদ জানা নাই।

(গ) এইরূপ বেআইনী কাজ ধরার জন্য মোটরযান পরিদর্শক ও ট্রাফিক পুলিশ আছেন।

(ঘ) চলিত প্রথা হিসাবে এবং নিজেদের ব্যবসায়ের সুবিধার্থে বাস মালিকগণ এইরূপ বোর্ড লাগান।

(ঙ) "ঘ" প্রশ্নের উত্তরে যাহা বলা হইয়াছে তাহা ব্যতিরেকে এ সম্বন্ধে কিছু বলিবার নাই।

**হুগলী নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী**

**629.** (Admitted question No. 2085.)

**শ্রীসুবলচন্দ্র মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোন্ কোন্ গ্রাম গত দুই বৎসরে হুগলী নদীর ভাঙ্গনে ঘর-বাড়ী ভাঙ্গিয়া যাওয়ার ফলে ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) নদীয়া জেলার কোন্ কোন্ গ্রাম ঐ নদীর ভাঙ্গনের সম্মুখীন হইয়াছে; এবং

(গ) উপরের (ক) এবং (খ) দফার উল্লিখিত গ্রামগুলিকে বাঁচাইবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে এবং হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ও (খ) নদীয়া জেলায় হুগলী নদীর ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্ত গ্রামগুলি হইল ইদ্রাকপুর, নুলিয়া ও সান্যালচর।

(গ) আপাতত সেচ ও জলপথ বিভাগের কোন পরিকল্পনা নাই। তবে ফরাক্কা প্রকল্পের রূপায়ণের পর ভাগীরথী নদীর উন্নয়নের জন্য পোর্ট কমিশনার্সের যে কর্মসূচী আছে তার মধ্যে অন্তর্ভুক্ত নদীশাসনের কাজ পোর্ট কমিশনার্স ইতিমধ্যেই আরম্ভ করিয়াছেন। এই কাজের ফলে নদীর ভাঙ্গন অনেকাংশে প্রতিহত হইবে আশা করা যায়।

**ইছামতী নদীর ভাঙ্গন রোধ করিবার জন্য পরিকল্পনা**

**630.** (Admitted question No. 2089.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসিরহাট মহকুমার ইছামতী নদীর ভাঙ্গনে টাকী ও পার্শ্ববর্তী মৌজাগুলির জনপদ ধ্বংস হচ্ছে;

(খ) যদি হয়ে থাকে তবে কোন পরিকল্পনার কথা সরকার ভাবছেন কি; এবং

(গ) যদি উহা কার্যকরী করা হয় তবে কবে নাগাদ তা সুরু হবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ও (খ) হ্যাঁ। সম্প্রতি সেচ ও জলপথ বিভাগের ইঞ্জিনীয়ারগণ ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করিয়া প্রয়োজনীয় সংরক্ষণের প্রাক্কলন প্রস্তুত করিতেছেন।

(গ) কিছু জরুরী কাজ শীঘ্রই আরম্ভ করা যাইবে আশা করা যায়।

**কেশিয়ারী রিভার পাম্প স্কীমে অতিরিক্ত পাইপের জন্য আবেদন-পত্র**

**631.** (Admitted question No. 1780.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লক অধীন কেশিয়াড়ী রিভার পাম্প স্কীমে অতিরিক্ত পাইপের জন্য কোন আবেদন করা হইয়াছে;

(খ) সত্য হইলে, অদ্যাবধি এ স্কীমের জন্য পাইপ দেওয়া হইতেছে না কেন; এবং

(গ) উক্ত স্কীম ত্বরান্বিত করার জন্য কোন চেষ্টা হইতেছে কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) সত্য।

(খ) এ পর্যন্ত উক্ত স্কীমের জন্য ২৫০ ফুট মেন লাইন ও ৭,৩০০ ফুট শাখা লাইনের পাইপ বসানো হইয়াছে। সমস্ত নদী সেচ প্রকল্পের জন্য একটি মূল্যায়ন কমিটি গঠন করা হইয়াছে এবং উক্ত কমিটির চূড়ান্ত সুপারিশ সাপেক্ষে নূতন পাইপ ক্রয় বন্ধ আছে। সম্প্রতি এই অবস্থা পরিবর্তনের ব্যবস্থা হইতেছে।

(গ) মূল্যায়ন কমিটির সুপারিশপ্রাপ্ত এবং অন্যান্য কতকগুলি পরীক্ষা-নিরীক্ষার পর অতিরিক্ত পাইপ বসানো সম্বন্ধে যথাবিহিত বিচার-বিবেচনা করা হইবে এইরূপ নিয়ম ছিল। এখন উহা পরিবর্তন করিয়া কাজ ত্বরান্বিত করার ব্যবস্থা হইতেছে।

**হাওড়া থানা এলাকায় অকৃষি সমবায় সমিতির সংখ্যা**

**632.** (Admitted question No. 1850.)

**শ্রীসাধনকুমার সেনঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া থানা এলাকায় কয়টি অকৃষি (নন-এগ্রিকালচারাল) সমবায় সমিতি আছে;

(খ) উহাদের কোন্‌টিকে কত টাকা গত তিন বৎসরে সমবায় বিভাগ হইতে ঋণ দেওয়া হইয়াছে; এবং

(গ) উহাদের কোন্‌টি কত টাকা এযাবৎ পরিশোধ করিয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) ১০১টি।

(খ) কেবলমাত্র উত্তর হাবড়া দুগ্ধ সমবায় সমিতি লিমিটেডকে ১৯৬৭-৬৮ সালে ২০,০০০·০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(গ) উক্ত সমিতি এযাবৎ কোন ঋণ পরিশোধ করে নাই।

### দৃষ্টিহীনদের স্কুলের সরকারী সাহায্য

**633.** (Admitted question No. 1926.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে দৃষ্টিহীনদের যে কয়টি স্কুল আছে তার কোন্‌টিকে রাজ্যসরকার কত অর্থ সাহায্য করিয়া থাকেন, এবং

(খ) পাঁচসালা পরিকল্পনাগুলিতে ঐ স্কুলগুলি কোন অর্থ সাহায্য পাইয়াছিল কি?

**The Minister for Education:**

(ক) এই রাজ্যে দৃষ্টিহীনদের জন্য কোট চারটি স্কুল আছে। গত আর্থিক বৎসরে (১৯৬৮-৬৯) দৃষ্টিহীনদের জন্য ঐ বিদ্যালয়গুলিকে নিম্নলিখিত সরকারী অর্থসাহায্য (অনুদান) দেওয়া হইয়াছে—

| | | | টাকা |
|---|---|---|---|
| ১। | ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমী, নরেন্দ্রপুর (২৪-পরগনা) | ... | ১,৪৪,০০০ |
| ২। | ক্যালকাটা ব্লাইন্ড স্কুল, কলিকাতা | ... . | ৩৩,৩০০ |
| ৩। | লাইট হাউস ফর দি ব্লাইন্ড, কলিকাতা | ... ... | ৬,৬০০ |
| ৪। | মেরী স্কট হোম ফর দি ব্লাইন্ড, কালিম্পঙ, দার্জিলিং | ... | ৩,০০০ |
| | মোট | ... | ১,৮৬,৯০০ |

(খ) ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমী, নরেন্দ্রপুর (২৪-পরগনা), পাঁচসালা পরিকল্পনাতে সরকারী অর্থ সাহায্য পাইয়াছে।

### Damaged houses in Keshpur Block of Midnapore district

**634.** (Admitted question No. 2235.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) total number with Anchal-wise break-up of houses damaged by the devastating floods of 1968 in Keshpur Block in the district of Midnapore:

(b) the total number with Anchal-wise break-up of applications received and recommended by the Block Development Officer, Keshpur Block, for (i) house building grant and (ii) house building loan for the affected persons of the area; and

(c) total number with Anchal-wise break-up of persons receiving up to date (i) house building grant and (ii) house building loan in the area?

**The Minister for Relief and Social Welfare:** (a) to (c) A statement is placed on the Library Table.

**সরকার প্রকাশিত পাঠ্যপুস্তকের জন্য মোট ব্যয়**

**635.** (Admitted question No. 1704.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৮-৬৯ সালে সরকার কর্তৃক প্রকাশিত যাবতীয় পাঠ্য পুস্তকের জন্য কত ব্যয় হইয়াছে এবং এই বৎসরে কত টাকা বিক্রয় মূল্য বাবদ পাওয়া যায়?

**The Minister for Education:**

১৯৬৮-৬৯ সালের সরকার কর্তৃক প্রকাশিত যাবতীয় পাঠ্য পুস্তকের জন্য মোট ব্যয় হইয়াছে ৮,৭৯,৭৪৫ টাকা। বিনা মূল্যে প্রদত্ত পুস্তকের মূল্য ও রিবেটের খরচ ধরা হইলে মোট আনুমানিক ব্যয় ১০,৩৫,৩৬৮ টাকা।

১৯৬৮-৬৯ সালে মোট ৫৮,৭০,০০০ পুস্তক মুদ্রিত হইয়াছিল তন্মধ্যে উক্ত বৎসরে যথাসময়ে বিল ইত্যাদি না পাওয়ার জন্য ১০,৫০,০০০ পুস্তক মুদ্রণের জন্য আরও ২,২০,১৪৫ টাকা ব্যয় হইবে।

বিক্রয় মূল্য বাবদ গত ১লা এপ্রিল ১৯৬৮ হইতে ৩০এ এপ্রিল ১৯৬৯ তারিখ পর্যন্ত মোট ১৩,২৪,২৩৯·৫৪ টাকা পাওয়া যায়। জিলাসমূহে মজুত পূর্ব বৎসরের পুস্তকও ১৯৬৮-৬৯তে বিক্রয় হইয়াছে এবং সেই টাকাও ইহার সহিত ধরা হইয়াছে।

**প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষকদের মাসিক বেতন ও ভাতা**

**636.** (Admitted question No. 1804.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রাইমারী বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণীর শিক্ষকদের মাসিক বেতন ও ভাতা কি পরিমাণে দেওয়া হয়;

(খ) ইহা কি সত্য যে, এ বিদ্যালয়গুলিতে কোথাও কোথাও বি এ পাশ শিক্ষক আছেন এবং তাঁহাদের জন্য পৃথক কোন স্কেল নাই;

(গ) সত্য হইলে, এসকল শিক্ষকদের জন্য পৃথক স্কেল না থাকার কারণ কি; এবং

(ঘ) হাই স্কুলগুলিতে বি এ পাশ শিক্ষক মহাশয়গণ যে স্কেল পান এ স্কেল তাহাদের দেওয়ার কথা বর্তমান সরকার চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Education:**

(ক) প্রাইমারী বিদ্যালয়ে বিভিন্ন শ্রেণীর শিক্ষকগণের বর্তমান মাসিক বেতন ও ভাতার হার নিম্নরূপ—

'ক' শ্রেণী—টাঃ ১১৫—৩—১৬০—৪—১৮০;

'খ' শ্রেণী—টাঃ ১০৫—২—১২৫;

'গ' শ্রেণী—টাঃ ১০০—১—১০৫।

(শিল্প শিক্ষক বা শিক্ষিকাসহ)

'ক' শ্রেণীর শিক্ষক ৪টি শ্রেণীবিশিষ্ট প্রাইমারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে কার্য করিলে মাসিক ৫ টাকা ও ৫টি শ্রেণীবিশিষ্ট প্রাইমারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে কার্য করিলে মাসিক ১৫ টাকা বিশেষ বেতন পাইয়া থাকেন।

সমস্ত শ্রেণীর শিক্ষকগণই মাসিক ৫২·৫০ পঃ মাগ্গী ভাতা পাইয়া থাকেন।

(খ) হ্যাঁ।

(গ) যেহেতু সরকারের ধারনা যে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা কার্যের জন্য শিক্ষণপ্রাপ্ত স্কুল ফাইন্যাল উত্তীর্ণ শিক্ষকই যথেষ্ট– উচ্চতর যোগ্যতাসম্পন্ন শিক্ষক-এর কোন প্রয়োজন হয় না।

(ঘ) না।

### Shifting of B.D.O. Office, Hingalganj

**637.** (Admitted question No. 1811.) **Shri Hazari Lal Mandal:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if the Government is considering the desirability of transferring the Hingalganj Block office to some central place in the Hingalganj police-station from Hasnabad which is far away from the people of the police-station and

(b) if, so, when it will be done?

**The Minister for Agriculture and Community Development:** (a) Yes.

(b) As soon as suitable accommodation is available.

### গোসাবা ও সন্দেশখালি ২নং ব্লকে উন্নয়ন আধিকারিক

**638.** (Admitted question No. 2140.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা ও সন্দেশখালি ২নং ব্লকে কোন উন্নয়ন আধিকারিক আছেন কি;

(খ) যদি না থাকে তবে সরকার এ সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন কি; এবং

(গ) যদি কোন ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে কবে নাগাদ তাহা কার্যকরী করা হবে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) কোন স্থায়ী উন্নয়ন আধিকারিক নাই;

(খ) দুইজন আধিকারিক নিয়োগের আদেশ জারী করা হইয়াছে।

(গ) আধিকারিক দুইজন যাহাতে শীঘ্রই যোগদান করেন তাহার ব্যবস্থা করা হইতেছে।

### চন্দ্রকোণা থানায় টিউবওয়েল

**639.** (Admitted question No. 2358.)

**শ্রীষোড়শী চৌধুরীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোণা থানায় বর্তমানে পানীয় জলের টিউবওয়েলের সংখ্যা কত;

(খ) উক্ত টিউবওয়েলগুলির মধ্যে কতগুলি বর্তমানে চালু আছে এবং কতগুলি মেরামতের অভাবে অকেজো অবস্থায় আছে; এবং

(গ) অকেজো টিউবওয়েলগুলি কতদিন নাগাদ চালু করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) মোট ৪০২টি।

(খ) চালু নলকূপের সংখ্যা ৩৫৮ এবং অকেজো নলকূপের সংখ্যা ৪৪।

(গ) প্রতি বৎসর সীমিত বাজেট বরাদ্দের ভিত্তিতে পল্লী অঞ্চলে প্রতি ৪০০ জনে একটি ও প্রতি গ্রামে অন্তত ১টি করিয়া জল-উৎস স্থাপন ও পুনঃস্থাপনের নীতি অনুসারে অকেজো নলকূপাদির পুনর্খনন করা হইয়া থাকে।

**Loss of production during the strike period**

**640.** (Admitted question No. 2495.) **Shri Ram Krishna Sarogi:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) total number of man-days lost due to strikes, lock-out, gheraos, etc.;

(b) number of workers involved; and

(c) production losses in value during the period January to June, 1969?

**The Minister for Labour:** (a) During the period from January to 30th June, 1969—

(i) The number of man-days lost due to strikes—696,329.

(ii) The number of man-days lost due to lock-outs including strikes followed by lock-outs—993,963.

(iii) No record of "man-days" lost due to Gherao is maintained.

(b) (i) Number of workers involved due to those strikes—70,860.

(ii) Number of workers involved due to these lock-outs—36,162.

(iii) Number of workers involved due to Gheraos—45,795.

(c) Information on the value of production lost is not available.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে আবেদন করছি যে, গিরি সাহেব জেতার পর আজকে আমাদের কাজে মন লাগছে না, সেজন্য আজকে আপনি গিরি ডে করে দিন।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্যদের মধ্যে অনেকে দাবি করেছেন যে, শ্রী ভি ভি গিরির বিজয় উপলক্ষে আজকে বিধানসভার অধিবেশন স্থগিত রাখা হোক। এই বিষয়ে আপনি কি সিদ্ধান্ত নেবেন সে সম্বধে আপনি হচ্ছেন কম্পিটেন্ট অথরিটি। তবে আমাদের সরকারের পক্ষ থেকে আজকে ক্যাবিনেট মিটিং ছিল, আমরা যে সিদ্ধান্ত করেছি সেটা আপনার মাধ্যমে সদস্যদের কাছে রাখছি, তারপর আপনি যা সিদ্ধান্ত গ্রহণ করবার করবেন। আমরা মন্ত্রিমণ্ডলীর বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করেছি যে, রবিবার দিন শ্রী গিরি শপথ গ্রহণ করবেন রাষ্ট্রপতি হিসাবে এবং আমাদের কাছে শ্রমিকদের পক্ষ থেকে, সরকারী কর্মচারীদের পক্ষ থেকে, বিভিন্ন তরফ থেকে আজকে ছুটি দেবার জন্য আবেদন জানান হয়েছিল, আমরা সেজন্য সব দিক বিচার বিবেচনা করে এই সিদ্ধান্ত করেছি যে, কেবলমাত্র সরকারী কর্মচারী নয়, রবিবার শপথ নিয়ে রাষ্ট্রপতি হবার পর সোমবার দিন নেগোসিয়েবল ইনস্ট্রুমেন্ট অ্যাক্ট অনুসারে যাঁরা যাঁরা তার আওতায় পড়েন সরকারী কর্মচারী ছাড়া ব্যাঙ্ক কর্মচারী এবং অন্যান্য সওদাগরী অফিসের কর্মচারী, কেন্দ্রীয় সরকারের কর্মচারী, তাঁরা সকলেই ছুটি পাবেন এবং সরকারের পক্ষ থেকে অনুরোধ জানান হবে মালিকদের কাছে যাতে ঐ দিনটা তাঁরা ছুটি দেন। এই সিদ্ধান্ত এইজন্য করেছি যে, বিজয় উৎসব উপলক্ষে এবং শপথ গ্রহণ অনুষ্ঠান উপলক্ষে, তাছাড়া আজকে আমাদের যখন বৈঠক চলছিল তখন আমাদের মুখ্যমন্ত্রীর কাছে শ্রী গিরি ট্রাংক কল করেছিলেন এবং মন্ত্রিমণ্ডলীর পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানান হয়েছে এবং আমাদের এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছি। আপনি সিদ্ধান্ত যা করবার এখন করতে পারেন। আমরা মনে করি সমস্ত প্রগতিশীল জনসাধারণ শ্রমিক, কর্মচারী, মধ্যবিত্ত, তাঁরা যেদিন এই উৎসব করবেন সেদিন তাঁদের সাথে আমরা সদস্যরাও যদি ছুটি নিয়ে সেই উৎসব করি তাহ'লে মনে হয় সেটা ভাল হবে। তাছাড়া আমাদের বহু কাজ রয়েছে, সেদিক বিবেচনা করে বলছি যে, আজকে ছুটি দিলে আবার সোমবার ছুটি দিতে হবে। সুতরাং আমার অভিমত হচ্ছে এই যে, এটা আপনার কাছে আমার আবেদন, যদি সদস্যরা এটা মেনে নেন ভাল, তা না হলে আপনি সিদ্ধান্ত গ্রহণ করবেন, সোমবার দিন ছুটি দিলে সকল দিক থেকে ভাল হবে এবং আমাদের কাজেরও কোন ক্ষতি হবে না।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যতীনবাবু যা বলেছেন সোমবার দিন ছুটির প্রশ্নে আমরা রাজী আছি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনুষ্ঠানিকভাবে সোমবার দিন ছুটি দেওয়ার যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা খুব যুক্তিযুক্ত হয়েছে, সে বিষয়ে আমাদের মতবিরোধ নেই, সেদিন উৎসব পালিত হোক আপত্তি নেই, কিন্তু আজকে বিশেষ ঐতিহাসিক মুহূর্তে কিভাবে এই হাউস কতটুকু গিরির বিজয় লাভে সাহায্য করেছে সে সম্বন্ধে বলার দরকার নেই, আপনার কাছে আবেদন এই যে, আজকে এই হাউস বন্ধ রাখুন। আমাদের স্পনটেনিয়াস রিঅ্যাকসান আমরা নির্বাচিত করেছি গিরিকে, সেজন্য আমাদের অধিকার আছে। নেগোসিয়েবল ইন্স্ট্রুমেন্ট অ্যাক্টে কি হচ্ছে-না-হচ্ছে সেটা দেখবার দরকার নেই, এই হাউস হচ্ছে সভারিন বডি, এখানে আপনি যে সিদ্ধান্ত নেবেন সেই সিদ্ধান্ত আমি মনে করি হাউসের সকলেই মেনে নেবেন এবং অন্য কোন আইন দেখে আপনাকে সেটা করতে হবে না। সেজন্য আপনার কাছে আবেদন হচ্ছে এই যে, আজকে আমাদের এই সভা বন্ধ রাখা হোক।

**মিঃ স্পীকারঃ** মাননীয় মন্ত্রী যতীনবাবু যে যুক্তিসংগত কথা বললেন তা তো আপনারা সবাই শুনলেন, এখানে আমরা কাজ করতে তো এসেছি। তাতে আপনাদের কি মনে হলো? আপনারা কি ছুটি দাবি করছেন?

**শ্রীকালিপদ মণ্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যতীনবাবুর সংগে এই সম্পর্কে একমত। ক্যাবিনেটে যে সিদ্ধান্ত হয়েছে, তার সংগে কারো দ্বিমত নাই। আজকে আমরা এই বিজয়োৎসবকে উপভোগ করতে চাই।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** মাননীয় সদস্যদের কাছে জানতে চাই—আপনারা কি সোমবার ছুটি নেবেন না, না, দুদিন ছুটি চান? কিন্তু দুদিন ছুটি নেবেন কি করে? দেশের কাজের জন্য আমরা সবাই এখানে এসেছি। তাহলে বলুন যে আপনারা সোমবারে বসবেন?

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রশ্ন উঠেছে সোমবার যদি ছুটি না নেওয়া হয়, তাহলে আজকে ছুটি দেওয়া হবে। বিধানসভার সদস্যদের যে অধিকার রয়েছে, তাতে শর্তাধীনে এই ছুটির প্রশ্ন আসতে পারে না। নেগোসিয়েবল ইনস্ট্রুমেন্ট অ্যাক্ট-এর যে কথা হয়েছে, তা বিধানসভার উপর প্রযুক্ত হতে পারে না। এখানে আপনার অধিকার আছে এবং সদস্যদেরও অধিকার আছে। এটা একমাত্র বিধানসভাই শ্রী গিরির জয়লাভে উৎসব করবেন, তা নয়, এই জয় সারা ভারতবর্ষে গণতন্ত্রের জয়। ভারতবর্ষের মধ্যে এই বাংলাদেশ হচ্ছে একটা দেশ—যে ধ্রুবতারার মত সকলকে পথ দেখাচ্ছে, একটা নতুন পথ বাংলাদেশ আজকে দেখিয়েছে। গিরি মহাশয়ের জয় অর্থে গণতন্ত্রের জয় হয়েছে। আজ বিধানসভার মনোভাব হচ্ছে ছুটি পাওয়ার জন্য, প্রেসিডেন্ট নির্বাচনে বিজয়োৎসব পালন করবার জন্য। আপনি এটা বিবেচনা করে এই ছুটি ঘোষণা করুন।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** আজকেই আমাদের একটা কিছু করতে হবে, সোমবার ছুটি হবে কি হবে না—সেটা বড় প্রশ্ন নয়।

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, স্কুলের ছেলেদের মতন এই অ্যাসেম্বলীতে যেন পার্শিয়ালিটি না হয়, ছুটি যদি হয় তো একদিনই হবে।

**শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** আমার বক্তব্য হচ্ছে সোমবার ও আজ—দুদিন হাউস বন্ধ থাকা সমীচীন হবে না। আমি একটা আপোষ প্রস্তাব দিচ্ছি—সেটা হচ্ছে এই, হাউস কিছুক্ষণ চলুক, তারপরে না হয় বন্ধ করে দেওয়া হবে।

**শ্রীকালিমুদ্দিন সামসুঃ** আমি বলতে চাই, এখানে ছুটির কোন প্রশ্ন নাই, শ্রী গিরিকে অভিনন্দন জানিয়ে হাউস অ্যাডজোর্ন করা হোক।

**শ্রীসরল দেবঃ** আমরা আজকে আপনার ঘরে গিয়ে বলেছিলাম যে, গিরির জয় মানে ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষের জয়। সেই জয়ের যে উচ্ছ্বাস তার বহিঃপ্রকাশ আজকেই আমরা করতে চাই। সোমবার ছুটি দেবেন-কি-দেবেন না, তা আপনি জানেন। বিজয়োৎসব আজকেই আমরা উপভোগ করতে চাই।

**শ্রীবজলে আমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউস বন্ধ করবার ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে এই যে, রাষ্ট্রপতি শ্রী ভি ভি গিরি নির্বাচিত হবার পর যদি বিজয়োৎসব পালন করতে হয়, তাহলে যে-কোন একটা দিন বেছে নিলেই চলতে পারে। যদি একান্তই তা পালন করতে হয়, তবে তা সকলের সঙ্গে একসাথে পালন করাটাই আমি ভাল বলে মনে করি। আজ ছুটি নিয়ে হাউস বন্ধ করে আবার সোমবার দিন ছুটির ব্যবস্থা হওয়া ঠিক হয় না। একসঙ্গে সবাই যাতে আমরা ছুটিটা উপভোগ করতে পারি তার জন্য মুখ্যমন্ত্রিমহাশয় যা বলেছেন, তা আমি সমর্থন করি।

[1-10—1-15 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদস্যরা অনেকেই দেখছি ছুটির ব্যাপারে ব্যস্ত আছেন এবং আনন্দ করার জন্য তাঁরা ছুটি চাইছেন। আমি বলছি আনন্দ ও'রা করতে চাইছেন করুন, হাউসের কোরাম রেখে বাইরে গিয়ে আনন্দ করতে পারেন, এমন কি ক্যান্টিনে গিয়ে সমস্ত খাবার আনন্দে খেয়ে ফেলতে পারেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, এ নিয়ে এত গোলমাল কেন হচ্ছে তা বুঝতে পারছি না। এই জিনিসটা যদি দেখতে হয় তাহলে আমার বক্তব্য হচ্ছে আমাদের সময় বহু চলে যায় এই তিন দিন হাউস বন্ধ ছিল, তাতে কিছু মহাভারত অশুদ্ধ হয় না। এই হাউসের কাজকর্ম বন্ধ রেখে যে বিজয় হয়েছে তার প্রতীক হিসাবে আজ হাউস অ্যাডজোর্ন করে দেয়া হোক। আজকে এই নিয়ে কেন যে বিতর্ক হচ্ছে তা বুঝতে পারছি না। আমাদের বহু সময় নষ্ট হয়—আর কতদিনই বা হাউস চলবে। এ নিয়ে এত তর্ক বিতর্ক কেন হচ্ছে তা বুঝি না। আবার আগামীকাল তো প্রাইভেট মেম্বার্স বিজনেস আছে। আপনাদের বিচারবুদ্ধি খাটিয়ে যাহোক কোন সিদ্ধান্ত করুন। কারণ যে কাজ আমরা আজ করেছি তা একটা নজির সৃষ্টি করেছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, চাঁদে যাওয়ার জন্য আপনি ছুটি দিয়েছেন আর গণতন্ত্রের এত বড় জয় এতে ছুটি না দেওয়াটা কিরকম লাগছে।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** এ ব্যাপারে আপনারা অনর্থক বিতর্ক করছেন, আমরা আমাদের গভর্নমেন্টের সিদ্ধান্ত বলেছি। এখানে স্যার, আপনি বিধানসভার অধ্যক্ষ, আপনার যে অধিকার সেই অধিকারে আমরা হস্তক্ষেপ করতে চাই না। আপনি যদি মনে করেন বন্ধ হওয়া দরকার বিজয় উৎসব করার জন্য, তা আপনি করতে পারেন। সোমবারও করতে পারেন এবং মাননীয় সদস্যদের যে অধিকার সে অধিকারে আমরা হস্তক্ষেপ করতে চাই না। আমার মনে হয় ও'রা বুঝতে পারছেন না—ও'রা যদি বুঝতে পারতেন তাহলে আমাদের কথা মেনে নিতেন—তাহলে আর অন্য সিদ্ধান্ত করার প্রয়োজন হত না।

**মিঃ স্পীকারঃ** মাননীয় সদস্যরা, তাহলে অন্ততঃ আনুষ্ঠানিকভাবে এবং ব্যক্তিগতভাবে আপনাদের সকলের তরফ থেকে নবনির্বাচিত শ্রী ভি ভি গিরিকে আমি অভিনন্দন জানাচ্ছি।

(এই সময় সকল সদস্যরা হাততালি দেন)

সকলেই চান এই যে, এত বড় একটা বিজয় হয়েছে সেটা ভালভাবে আপনারা আনন্দ প্রকাশ করতে চাইছেন এবং এটাতে আপনাদের যে ভূমিকা আছে বা ছিল এটা অনেকেই জানিয়েছেন। আমি আপনাদের জানাই যতীনবাবু মন্ত্রিমহাশয় উনি যা বলেছেন তা শুনে একযোগে আমরা সকলে আনন্দ প্রকাশ করব। আজকে অনেকেই ছুটির প্রস্তাব করেছেন। সোমবারের কথা পরে।

আজকে এরকম একটা ঘটনা আমাদের সামনে ঘটলো এর জন্য আর বিলম্ব করা উচিত নয়। এই ঘটনা আজকেই হয়েছে। আপনাদের তরফ থেকে এর আনন্দ প্রকাশ করার জন্য আমি এটা সমর্থন করছি। আমরা সরকারের মতের বিরুদ্ধে নই। এই ব্যাপারটার জন্য সোমবার ছুটি হবে—এটা দেরী হয়ে যাচ্ছে। এত বড় একটা ঘটনা ঘটবার পর প্রথম আমরা এখানে এসেছি এবং প্রথমেই আমাদের করণীয় আনন্দ প্রকাশ করবার জন্য এই হাউসকে আমি অ্যাডজোর্ন করে দিলাম।

The House stands adjourned till 1 p.m. tomorrow.

**Adjournment**

The House was then adjourned at 1-15 p.m. till 1 p.m. on Friday, the 22nd August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 22nd August, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 13 Ministers, 2 Ministers of State and 183 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### Financial help to the Tribal students of Murshidabad district

[1—1-10 p.m.]

***98.** (Admitted question No. *260.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ থানার কত-জন উপজাতি ছাত্রছাত্রীকে (১) বেতনের জন্য, (২) মাধ্যমিক বিদ্যালয়ে পাঠরতদের পুস্তক ক্রয়ের জন্য, (৩) স্কুল ফাইন্যাল বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা ফি, এবং (৪) মাধ্যমিক স্কুলে পাঠরতদের জন্য বোর্ডিং খরচ বাবদ প্রতিটি ক্ষেত্রে কত অর্থ সাহায্য দেওয়া হইয়াছিল?

**Shri Jatin Chakraborty:** The Hon'ble Minister is not here at the moment. This may be taken up later.

**Mr. Speaker:** You will get the answers after the Hon'ble Minister comes.

**Shri Deo Prakash Rai:** A statement is laid on the Library Table.

**Shri Amalendra Lal Roy:** From the statement it appears that no amount was spent on item Nos. 3 and 4 of the question. What was the reason? Was there no money or was there no applicant?

**Shri Deo Prakash Rai:** I want notice.

**Shri Amalendra Lal Roy:** What is the procedure or method adopted to invite applications and select applicants from the intending students?

**Shri Deo Prakash Rai:** There are prescribed forms which are sent to the Heads of the Institutions as well as to the Special Officer, Tribal Welfare, in each district.

**Shri Amalendra Lal Roy:** Was there any procedure to invite applications through the medium of Press?

**Shri Deo Prakash Rai:** Yes.

**Shri Amalendra Lal Roy:** Was that practice followed during the Congress Regime?

**Shri Deo Prakash Rai:** No.

**Expenditure on Scheduled Castes and Tribes students in Midnapore**

***493.** (Admitted question No. *1170.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the amount of money sanctioned for (i) purchase of books, (ii) hostel charges, (iii) examination fees, (iv) tuition fees and (v) stipend for post-secondary studies of the Scheduled Castes and Tribes students in Midnapore for the years 1967-68 and 1968-69; and

(b) the amount of money actually disbursed under the abovenoted items (to be shown separately) during the years 1967-68 and 1968-69?

**Shri Deo Prakash Rai:** (a) A list is laid on the library table.

(b) No.

**শ্রীনাথানিয়াল মুর্মুঃ** স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রীদেওপ্রকাশ রায় যেসব প্রশ্নের সহজভাবে উত্তর দেওয়া যায় সেগুলি লাইব্রেরী টেবিলে দেওয়া আছে বল্লেন, এতে আমাদের অসুবিধা হয়। যিনি কোশ্চেন করেন তিনি টেবিলে গিয়ে দেখে আসতে পারেন, কিন্তু কোশ্চেন যেগুলি আছে সেগুলি যদি উত্তর এখানে দেন, তা হ'লে আমরা সাপ্লিমেন্টারী করতে পারি।

**মিঃ স্পীকারঃ** লং কোশ্চেনের লং আনসার হয়, কাজেই সেগুলি না ছাপিয়ে ওখানে রেখে দেওয়া হয়। যিনি কোশ্চেন করেন, তিনি ওখানে গিয়ে সেগুলি দেখে আসতে পারেন।

**শ্রীনাথানিয়াল মুর্মুঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনি কোশ্চেনগুলি দেখুন এগুলি লং আনসার নয়।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে খুব লম্বা জবাব সেগুলি লাইব্রেরী টেবিলে দেওয়া হয় এবং যিনি প্রশ্ন সম্পর্কে আগ্রহী আছেন তিনি আধঘণ্টা আগে এসে লাইব্রেরী টেবিলে গিয়ে সেগুলি দেখে আসতে পারেন, যিনি সাপ্লিমেন্টারী করবেন তিনিও গিয়ে দেখে আসতে পারেন। কিন্তু এতবড় লম্বা লিস্ট এখানে পড়ে দেওয়া আমাদের যে সময় নির্ধারিত আছে তার মধ্যে সম্ভব নয়।

**Shri A. H. Besterwitch:** Sir, the Hon'ble Minister for Parliamentary Affairs has stated that long answers are laid on the library table. But this is a very short answer.—(a) the amount of money sanctioned for purchase of books, hostel charges, examination fees, etc. The answer is also very simple and cannot be a lengthy one and, therefore, it should not be laid on the library table. If it is laid on the library table then the member has to come half an hour earlier—I often go to the library and I do not find the questions there always. So I think it is a curtailment of the privilege of the members if the answers are not laid here.

**Shri Jatin Chakraborty:** Sir, it is not a curtailment of the privilege of the members. If the honourable member instead of raising such an issue here went to the library, he would have found that the answer would take three to four minutes to read because there were figures and that is why the practice is to lay the legnthy answers on the library table. If the member could go to the library he would have got the answer and put supplementary here. There is no question of the curtailment of the privilege of the members.

**Mr. Speaker:** Let us not enter into discussion about it now. The question time is very short. So many questions are there to be answered. However, I note down all the points raised the honourable members and I shall see whether something could be done in this regard.

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** এখানে যেকথা বলা হ'ল—টেবিলে দেওয়া হয়েছে, যারা ইন্টারেস্টেড মেম্বার তাঁরা গিয়ে দেখে আসবেন। একটা টেবিলে যেভাবে কোশ্চেন রাখা হয়, ইন্টারেস্টেড ৮/১০ জন থাকেন, প্রত্যেকে তা দেখতে পান না, অনেক অসুবিধা হয় দেখতে। সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে প্রত্যেক সভ্য টেবিলে গিয়ে দেখতে পারে সেই রকম অবস্থার সৃষ্টি করেন।

[1-40—1-50 p.m.]

**মিঃ স্পীকার:**

এই রকম অবস্থা দেখছি হাউস সৃষ্টি হওয়া থেকে, যদি বদলাতে চান বদলাতে পারেন, কিন্তু এখনি হবে না।

I am not going to allow any more discussion on this. It is not a question of curtailing privilege of any member.

### Scheme for development of Scheduled Castes and Tribes

***518.** (Admitted question No. *1171.)

**শ্রীগংগাপদ কুয়ার:** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের আদিবাসী ও তফসিলভুক্ত সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষা সংক্রান্ত সুযোগসুবিধা ছাড়া অন্যান্য কি কি পরিকল্পনা বর্তমান সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) উক্ত সম্প্রদায়গুলির জন্য গৃহনির্মাণ সাহায্য প্রদানের কোন বিশেষ প্রকল্প সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, ঐ বাবত ঊর্ধ্বপক্ষে কত টাকা এবং কাহার মাধ্যমে সাহায্য দেওয়া হয়?

### Tourism in Sundarban areas

***539.** (Admitted question No. *1382.)

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকার:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন অরণ্যের সহিত ভ্রমণকারীদের সংযোগ রক্ষার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, পরিকল্পনাগুলি কি কি এবং জনসাধারণের যাহাতে সুন্দরবন সম্পর্কে আকর্ষণ আসে সে বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**তপসিলী এবং উপজাতি কল্যাণ দপ্তর হইতে প্রোথিত পানীয় জলের নলকূপ**

***640.** (Admitted question No. *695.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** তপসিলী জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮ সন পর্যন্ত তপসিল এবং উপজাতি কল্যাণ দপ্তর হইতে পশ্চিম বাংলায় বিভিন্ন পল্লীগ্রামে মোট কতগুলি পানীয় জলের নলকূপ বসান হইয়াছিল;

(খ) উপরি-উক্ত নলকূপগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু অবস্থায় আছে; এবং

(গ) অচল টিউবওয়েলগুলি চালু করার জন্য সরকার হইতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকে?

**Shri Deo Prakash Rai:** (a) 7,666.

(b) As per information collected so far—4,194.

(c) Re-sinking works are done by the Department and repair works are undertaken by the Rural Water Supply and Zilla Parishads.

**শ্রীন্যাথানিয়েল মুর্মু:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে যেসব টিউবওয়েল বসানো হয়েছে এগুলি খারাপ হওয়ায় যখন রিপেয়ারের জন্য দরখাস্ত করা হয়, তখন ট্রাইবাল ডিপার্টমেন্টের রুরাল ওয়াটার সাপ্লাই থেকে রিফিউজ করেছে। এই রকম খবর আপনি পেয়েছেন কি?

**শ্রীদেওপ্রকাশ রাই:** নো।

**শ্রীন্যাথানিয়েল মুর্মু:** আমি নির্দিষ্টভাবে বলতে চাই, পশ্চিম দিনাজপুর বালুরঘাট হেডকোয়ার্টারে কোন টিউবওয়েল রিপেয়ার করতে পারছে না, সেখানে রুরাল ওয়াটার সাপ্লাই ব'লে যে ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের নিজস্ব টাকা নাই। মন্ত্রিমহাশয় এ সম্পর্কে অনুসন্ধান করবেন কি?

**শ্রীদেওপ্রকাশ রাই:** করবো।

**Shri Sanat Kumar Raha:** The Hon'ble Minister has said that more than 7,000 tubewells are sunk, but only 4,000 are in order. Therefore, more than 3,000 are out of order. Will the Hon'ble Minister kindly let me know what steps Government are taking towards these non-working tubewells?

**Shri Deo Prakash Rai:** So far, the position is that there is no provision for repairs or for maintenance in the Department.

**Shri Sanat Kumar Raha:** What steps the Government is taking to make these tubewells function?

**Shri Deo Prakash Rai:** As I have already said in my reply repair works are undertaken by the Rural Water Supply and Zilla Parishads.

**Shri Sanat Kumar Raha:** How the repair works are undertaken—on petition or departmentally by checking and inspection?

**Shri Deo Prakash Rai:** This does not concern my department.

**চন্দননগর কলেজের জনৈক অধ্যাপক**

***643.** (Admitted question No. *964.)

**শ্রীভবানী মুখার্জি:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চন্দননগর কলেজের জনৈক অধ্যাপক বিগত আগস্ট মাস হইতে বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত থাকিতেছেন;

(খ) সত্য হইলে, উক্ত অধ্যাপকের নাম কি;

(গ) তিনি কোন্ মাস অবধি মাহিনা পাইয়াছেন; এবং

(ঘ) বিনা অনুমতিতে অনুপস্থিতির জন্য কোনও শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হইয়াছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক), (খ), (গ) ও (ঘ) চন্দননগর কলেজের প্রাতঃকালীন বিভাগের বাংলার স্থায়ী উপাধ্যায় শ্রীনির্মলকুমার চট্টোপাধ্যায়ের বেতন ডিসেম্বর মাস হইতে বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। সেই জন্য শ্রী চট্টোপাধ্যায় স্থানীয় অফিসারদের তাঁহার বেতন বন্ধ করিবার কোনও অধিকার নাই এই মর্মে কলিকাতা মহাধর্মাধিকরণে এক আবেদন করিয়াছেন। বিষয়টি এখন বিচারাধীন (সাব জুডিস)।

**শ্রীবিজয় সিং নাহার:** (লিখিত) মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কি কারণে বন্ধ হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** দীর্ঘকাল তিনি অনুপস্থিত সেই জন্য সেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**পুরুলিয়া জেলার জুনিয়র হাই স্কুলের শিক্ষকগণের বেতন**

***654.** (Admitted question No. *1391.)

**শ্রীদমনচন্দ্র কুইরী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় জেলা পরিষদ পরিচালিত দুই শ্রেণীযুক্ত জুনিয়র হাই স্কুলের শিক্ষকগণ ১৯৬১ সাল হইতে বর্ধিত মঞ্জুরীকৃত বেতন অদ্যাবধি পান নাই; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) ইহা আংশিক সত্য। ১৯৬১-৬২ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত বর্ধিত বেতন বাবত প্রয়োজনীয় অনুদান জেলা পরিষদকে দেওয়া হইয়াছে এবং শিক্ষকগণ জেলা পরিষদের মাধ্যমে ১৯৬৫-৬৬ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত তাঁহাদের প্রাপ্য বর্ধিত বেতন পাইয়াছেন। ১৯৬১-৬২ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত শিক্ষকদের প্রাপ্য বকেয়া জেলা পরিষদ পরীক্ষা সাপেক্ষে ক্রমশঃ মঞ্জুর করিতেছেন।

(খ) (১) জেলা বিদ্যালয় পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত প্রয়োজনীয় অনুদান পাওয়ার পর জেলা পরিষদ কর্তৃপক্ষ শিক্ষকগণের প্রকৃত প্রাপ্য নির্ধারণ করিতে কিছু সময় লইয়াছেন।

(২) জেলা পরিষদ কর্তৃপক্ষকে যথারীতি জানানো হইয়াছে যে, বর্ধিত বেতন বাবদে অতিরিক্ত অনুদান প্রয়োজন হইলে সত্বর তাহা জেলা বিদ্যালয় পরিদর্শককে জানাইতে হইবে এবং প্রদত্ত অনুদানে যদি সংকুলান হয় তাহা হইলে সত্বর তাহা শিক্ষকগণকে প্রদান করিতে হইবে।

## বয়স্কশিক্ষা পরিকল্পনা

***662.** (Admitted question No. *1491.)

**শ্রীভূপালচন্দ্র পান্ডা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্কশিক্ষা পরিকল্পনার (অ্যাডাল্ট এডুকেশন স্কীম) কাজ কোন্ সাল হইতে আরম্ভ হয়;

(খ) ঐ পরিকল্পনায় এযাবৎ কোথায় কয়টি বয়স্কশিক্ষা কেন্দ্র খোলা হয়েছে; এবং

(গ) ঐ কেন্দ্রগুলি হ'তে কোন্ কোন্ বছরে কতজন শিক্ষাপ্রাপ্ত হয়েছেন তার কোন পরিসংখ্যান আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**Mr. Speaker:** This question was wrongly addressed to a wrong Minister. So it should be held over.

## ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডে তহবিল তছরুপের অভিযোগ

***666.** (Admitted question No. *1557.)

**শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলা স্কুল বোর্ডের ১৯৬৬-৬৭ সালের হিসাবের অডিট রিপোর্টে তহবিল তছরুপের কোন অভিযোগ সরকারের গোচরীভূত হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(গ) ইহা কি সত্য যে, ১৯৬৬ সালের এপ্রিল মাস হইতে ক্যাশ বইয়ে কোন হিসাব লেখা ছিল না; এবং

(ঘ) সত্য হইলে, হিসাব না লেখার কারণ কি এবং এ বিষয়ে কোন তদন্ত করিয়াছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) ১৯৬৬-৬৭ সালের হিসাব পরীক্ষার অডিট রিপোর্ট বোর্ডের অনুচ্ছেদ ক্রমিক মন্তব্য সহ এখনও শিক্ষাধিকারে পৌঁছায় নাই। তবে উক্ত রিপোর্টে তহবিল তছরুপের কোন অভিযোগ পাওয়া যায় নাই। নিয়মবহির্ভূত কতকগুলি ব্যয়ের উল্লেখ আছে। কতকগুলি ক্ষেত্রে বিশিষ্ট খাতের খরচের জন্য প্রদত্ত অনুদান অন্য খাতে খরচ করা হইয়াছে বলিয়াও আনা যায়।

(খ) যেসমস্ত নিয়মবহির্ভূত ঘটনার উল্লেখ আছে সেগুলি বোর্ডের মন্তব্য সহ শিক্ষাধিকারে পৌঁছিলে যথোপযুক্ত ব্যবস্থা করা হইবে।

(গ) ইহা সম্পূর্ণ সত্য নহে। আয়ের অংশ লেখা ছিল না, কিন্তু ব্যয়ের অংশ লেখা ছিল।

(ঘ) ক্যাশ বইয়ে দুইটি অংশ থাকে—একদিকে "আয়" ও অন্যদিকে "ব্যয়"। ব্যয়ের অংশ নিয়মিতভাবে লেখা হইয়া থাকে তবে আয়ের অংশ লিখিবার পূর্বে আলিপুর ট্রেজারী হইতে ট্রেজারীতে জমা দেওয়ার পাশ বহি ও চালান পাওয়ার প্রয়োজন হয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই এই পাশ বই ও চালান পাইতে দেরি হয় বলিয়া ক্যাশ বইতেও "আয়ের" অংশ লিখিতে বেশ বিলম্ব ঘটে। জেলা স্কুল বোর্ডের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সময়ে ১৯৬৭ সালের জুন মাসে শিক্ষাধিকারের দুইজন উচ্চপদস্থ কর্মচারী কর্তৃক ইহা দেখা হইয়াছিল। এইসমস্ত রিপোর্টের ভিত্তিতে স্কুল বোর্ড বাতিল করা হয়।

**শ্রীসরোজ রায়ঃ** আপনি 'ক'-এর জবাবে বললেন যে, আপনার কাছে কোন অডিট রিপোর্ট এখন আসে নি। আপনি যে খবর পেলেন যে কোন রকম তহবিল তছরূপ হয় নি, এটা আপনি কিভাবে পেলেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অডিট রিপোর্ট যে এখন আসে নি তা নয়। আমরা যে সরকারের কাছে অডিট রিপোর্ট পেয়েছি সেটা বোর্ড থেকে এনকোয়ারি ক'রে এখন আসে নি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আপনি 'গ' প্রশ্নের উত্তরে বললেন যে, আয়ের দিকটা লেখা নেই, ব্যয়ের দিকটা লেখা আছে। এটা একটা হিসাবের দিক থেকে বিচ্যুতি। কাজেই এই বিচ্যুতির জন্য কাউকে কোনরকম পানিসমেন্ট বা কারো কাছ থেকে এক্সপ্লানেসন চাওয়া হয়েছে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** রিপোর্টের জন্যই অপেক্ষা করা হয়েছে। যদি প্রয়োজন হয় সে সম্পর্কে তদন্ত করা হবে এবং যদি ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন হয়, তা হ'লে নিশ্চয়ই তা করা হবে।

### অধ্যক্ষ বা অধ্যাপকদের কলেজে অধ্যাপনার কাজে বয়ঃসীমা

***674.** (Admitted question No. *1679.)

**শ্রীপ্রলয় তালুকদারঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কত বয়স পর্যন্ত (১) সরকারী, (২) স্পনসর্ড, (৩) বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন এবং (৪) বে-সরকারী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকরা কলেজে অধ্যাপনার কাজ করতে পাবেন সে সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের অথবা সরকারের কোন নির্দেশ আছে কিনা; এবং

(খ) যদি কোন নিয়মাবলী থাকে তাহলে সকল কলেজে তা পালিত হচ্ছে কিনা?

**Mr. Speaker:** This question is held over because I have got a letter from the Hon'ble Minister concerned that the answer is not ready.

### স্বাস্থ্যকেন্দ্র

***679.** (Admitted question No. *1743.)

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিম বাংলায় মোট কতগুলি স্বাস্থ্যকেন্দ্র আছে;

(খ) সারা মেদিনীপুর জেলায় কোন্ ব্লক এলাকায় কয়টি করিয়া সাবসিডয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে;

(গ) মেদিনীপুরে জেলার যে সকল ব্লক এলাকায় এখনও কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় নাই তার সংখ্যা কত;

(ঘ) ঐ জেলায় কোন্ কোন্ ব্লক এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে এবং কয়টি করিয়া; এবং

(ঙ) প্রতিটি ব্লক এলাকায় আপাততঃ কয়টি স্থাপনের সিদ্ধান্ত আছে?

[1-10—1-20 p.m.]

**শ্রীননী ভট্টাচার্যঃ** (ক) ৭৭৩টি।

**(খ) একটি তালিকা (১নং) উপস্থাপিত করা হইল।**

(গ) ছয়টি।

(ঘ) ও (ঙ) একটি তালিকা (২নং) উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of starred question No. *679

| Name of the blocks | No. of subsidiary health centres established |
|---|---|
| Tamluk-I | 1 |
| Tamluk-II | 1 |
| Binpur-I | 4 |
| Binpur-II | 3 |
| Panskura-I | 2 |
| Panskura-II | 1 |
| Debra | 4 |
| Chandrakona-I | 4 |
| Chandrakona-II | 2 |
| Pingla | 3 |
| Keshiary | 2 |
| Ghatal | 3 |
| Dantan-II | 1 |
| Narayangarh | 2 |
| Daspur-I | 2 |
| Daspur-II | 2 |
| Mohisadal-II | 1 |
| Jamboni | 2 |
| Ramnagar-I | 2 |
| Ramnagar-II | 1 |
| Garbeta-II | 1 |
| Keshpur | 1 |
| Nayagram | 3 |
| Sankrail | 2 |
| Egra-II | 2 |
| Sabong | 1 |
| Kharagpur-II | 2 |
| Contai-I | 2 |
| Contai-II | 2 |
| Contai-III | 1 |
| Sutahata-I | 1 |
| Gopiballavpur-II | 3 |
| Gopiballavpur-I | 2 |
| Patashpur | 2 |
| Khejuri | 2 |
| Jhargram | 4 |

Statement referred to in reply to clause (gha) and (uah) of starred question No. 679

| Name of blocks | | No. of health centres (Primary/Subsidiary) proposed to be established | |
|---|---|---|---|
| | | P.H.C. | S.H.C. |
| Bhagwanpur-I | ... | — | 2 |
| Bhagwanpur-II | ... | 1 | 1 |
| Tamluk-I | ... | — | 1 |
| Tamluk-II | ... | 1 | 1 |
| Panskura-II | ... | 4 | 1 |
| Pingla | ... | 1 | — |
| Moyna | ... | 1 | 2 |
| Dantan-I | ... | — | 2 |
| Dantan-II | ... | 1 | 1 |
| Daspur-II | ... | 1 | — |
| Mahisadal-I | ... | 1 | 2 |
| Mahisadal-II | ... | 1 | 1 |
| Mohanpur | ... | 1 | 2 |
| Ramnagar-I | ... | 1 | — |
| Ramnagar-II | ... | 1 | 1 |
| Nandigram-I | ... | — | 2 |
| Nandigram-II | ... | — | 2 |
| Nandigram-III | ... | 1 | 2 |
| Garbeta-I | ... | — | 2 |
| Garbeta-II | ... | 1 | 1 |
| Garbeta-III | ... | 1 | 2 |
| Salboni | ... | — | 2 |
| Keshpur | ... | — | 1 |
| Nayagram | ... | 1 | — |
| Egra-I | ... | — | 2 |
| Egra-II | ... | 1 | — |
| Midnapore | ... | 1 | 2 |
| Sabong | ... | — | 1 |
| Kharagpur-I | ... | — | 2 |
| Kharagpur-II | .. | 1 | — |
| Contai-I | ... | 1 | — |
| Contai-II | ... | 1 | — |
| Contai-III | ... | 1 | 1 |
| Sutahata-I | ... | 1 | 1 |
| Sutahata-II | ... | — | 2 |
| Khejuri | ... | 1 | — |
| Total | ... | 23 | 42 |

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** প্রত্যেকটি ব্লক এলাকায় তিনটি ক'রে করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, কিন্তু আমরা জানি যে, কোন কোন ব্লকে স্বাস্থ্যকেন্দ্র পাঁচটি পর্যন্ত হয়ে গেছে, আবার সেইসব ব্লক এলাকায় করানোর জন্য ব্যাকিং চলছে, এইগুলো কি করা হবে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এর আগে ব্লকে হেল্থ সেন্টার স্থাপন সংক্রান্ত রীতি অন্য রকম ছিল, যার ফলে অনেক ব্লকে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার, প্রাইমারী হেল্থ সেন্টার ছয়টি, সাতটি ক'রে এমনকি নয়টি ক'রেও হেল্থ সেন্টার স্থাপিত হয়েছে। কিন্তু ১৯৬৭ সালের পর থেকে আর একটা নীতি নেওয়া হয়েছে। যেসমস্ত ব্লক এলাকায় আগে কোন হেল্থ সেন্টার হয় নি, সেই সমস্ত ব্লকে হেল্থ সেন্টার করার প্রশ্নটা অগ্রাধিকার দেওয়া হবে, এটা ঠিক হয় এবং এই

পলিসি চলে আসছে। যেখানে তিনটি এবং তার বেশী হেল্থ সেন্টার আছে, সেইসমস্ত ব্লকে আপাততঃ ধরা হবে না, এটা গতবার পর্যন্ত পলিসি ছিল। সম্প্রতি সেই পলিসি বদল করা হয়েছে। অনেক জায়গায় হয়তো ছয়টি হেল্থ সেন্টার আছে, এই রকম ধরনের হয়েছে, আবার একটা বৃহত্তর ব্লকে সেখানে কোন কিছু নেই। যেখানে আছে এই ফর্মুলা অনুযায়ী সেখানে হবে না। তবে বিশেষ কেস হিসাবে আলাদা আলাদা ক'রে যেখানে তিনটির বেশি আছে সেখানে একটি একটি ক'রে ধ'রে পলিসি গ্রহণ করা হয়েছে এবং যেসমস্ত জায়গায় স্থানীয় লোক জমি দান করেছেন এবং অর্থ দান করেছেন সেইসমস্ত ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** আপনি বললেন যে, সব জায়গায় জমি আছে বা অর্থ দান হবে, সেখানে করা হবে, সেই অর্থদানের কি কোন সিলিং আছে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি বলেছি অর্থ দান করা হয়েছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** যেসমস্ত ব্লকে একটার বেশি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার নেই, সেখানে নূতন ক'রে আবার সাবসিডিয়ারী হেল্থ সেন্টার করার ব্যবস্থা হয়েছে কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** যেসমস্ত জায়গায় এক্ষুনি সাবসিডিয়ারী বা প্রাইমারী দরকার, খালি সেইসমস্ত ব্লকে স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে, এবং সেই জন্য আমরা কাজ ইতিমধ্যেই আরম্ভ ক'রে দিয়েছি।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, পূর্বের নিয়ম অনুযায়ী যেসব গ্রামে স্বাস্থ্যকেন্দ্র খোলবার জন্য তখনকার নিয়ম অনুযায়ী জমি এবং কিছুটা টাকা জমা দেওয়ার যে প্রস্তুতি হয়েছিল, সেইসব গ্রামগুলোতে নূতন পর্যায়ে কি কোন স্বাস্থ্যকেন্দ্র বা অন্ততঃ পক্ষে ফ্যামিলি প্ল্যানিং সেন্টার করবার কোন পরিকল্পনা পুনর্বিবেচনা করছেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি মাননীয় সান্যাল মহাশয়কে বলছি যে, এখন আর অঞ্চলভিত্তিক স্বাস্থ্যকেন্দ্রের ব্যাপার নেই। ১৯৬৭ সালের আগে থেকে সেটা পরিবর্তিত হয়েছে এবং সেখানে ব্লকভিত্তিক হয়েছে, পলিসির পরিবর্তন হয়েছে। এখন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পলিসি হচ্ছে, যেখানে তিনটি বা তিনটির বেশি হেল্থ সেন্টার আছে, সেইসমস্ত ক্ষেত্রে এখন আর করা হচ্ছে না, তবে যেখানে খুব প্রয়োজন আছে, বিরাট জনসংখ্যা বেড়ে গেছে বা দুর্গম এলাকায় এবং সেখানকার স্থানীয় লোক ইতিমধ্যে দীর্ঘকাল হয়তো টাকা জমা দিয়ে রেখেছেন এবং জমি দান করেছেন, সেইসমস্ত জায়গায় ইমিডিয়েটলি স্বাস্থ্যকেন্দ্র করার ব্যাপারে হাতে দেওয়া হবে।

**শ্রীসরোজ রায়ঃ** আমাদের মেদিনীপুর জেলার ছয়টি ব্লকে কোন হেল্থ সেন্টার নেই। সেগুলি কতদিনের মধ্যে হবে? এগুলির সম্বন্ধে কোন প্ল্যান নেওয়া হয়েছে কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** কত দিনের মধ্যে হবে বলা খুব মুশকিল। তবে আমি বলতে পারি, মহিষাদল-১, মহিষাদল-২ এবং গড়বেতা-২ নম্বর ব্লকে সেখানে একটি একটি ক'রে তিনটি প্রাইমারী হেল্থ সেন্টার তৈরি চূড়ান্তভাবে ঠিক করা হয়েছে এবং দু'টি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার—একটা ময়না এবং আর একটা মোহনপুর ব্লকে তৈরি ব্যাপারেও চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এটা কনস্ট্রাকসনের ব্যাপারে অন্যান্য মঞ্জুরীর অপেক্ষায় রয়েছে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** বিভিন্ন জায়গায় যে হেল্থ সেন্টারগুলি সংস্কারের অভাবে একেবারে জীর্ণ হয়ে রয়েছে এবং যে সেন্টারগুলিতে এখুনি গেলে সেন্টারের ভিতরে এক হাঁটু জল জমে রয়েছে সেই সেন্টারগুলির আশু সংস্কারের ব্যবস্থা করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এটা অন্য প্রশ্ন হ'ল। এটা ঠিক যে, সেইসমস্ত হেল্থ সেন্টার মেনটেনের প্রশ্ন বড় প্রশ্ন। এই রকম ধরনের কিছু কিছু রিপোর্ট আমরা পেয়েছি এবং যদি আমরা পাই, তা হ'লে আমাদের অর্থসঙ্গতির দিকে তাকিয়ে এগুলি মেনটেনেন্সের ব্যাপারে চেষ্টা করব। তবে এটা সরাসরি হেল্থ ডিপার্টমেনটের দায়িত্বের মধ্যে পড়ে না, পি ডব্লিউ ডি-র মধ্যে পড়ে এবং এই ব্যাপারে পি ডব্লিউ ডি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করব।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আপনি যে মোট স্বাস্থ্যকেন্দ্রের কথা বললেন তাতে দেখা যায় কোন জেলায় ২০/৩০টি আছে, আবার কোন জেলায় কয়েক শ' আছে। এই যে ডিসপ্যারিটি, এটা রিমুভ করবার চেষ্টা করছেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** চেষ্টা করছি। এই ঠিক হয়েছে যে, যে ব্লকে আদৌ হেল্থ সেন্টার নেই, সেইসমস্ত ব্লকে যদি নূতন করা যায়, তা হ'লে ডেসপ্যারিটি কমে যাবে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমান সরকারের স্কীম অনুসারে দুটো ক'রে বেডের সার্বাসিডিয়ারী হেল্থ সেন্টারে নন-ডায়েটিং বেডকে ফ্রি বেডে রূপান্তরিত করা যায় কিনা যাতে সমস্ত জিনিস অর্থাৎ ঔষধপত্র, খাওয়া সব দেওয়া যেতে পারে?

**শ্রীননী ভট্টাচার্য:** সেইরকম অবস্থা সরকারের নেই যে, এগুলিকে ডায়েটিং বেডে রূপান্তরিত করলে যে এস্টাব্লিসমেন্ট খরচা লাগবে অর্থাৎ কুক ইত্যাদি রাখা এবং অন্যান্য খরচপত্র বহন করার।

**Allegations of examination scandal, etc., in the Board of Secondary Education**

***680.** (Admitted question No. *1762.) **Shrimati Ila Mitra and Dr. A. M. O. Ghani:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is aware of the allegations of examination scandal, loss of answer scripts, manipulation of seats for the examinees as well as the examination results, and the financial irregularities in the Board of Secondary Education; and

(b) if so, whether the Government considers the desirability of holding an enquiry by appointing a committee into the affairs of the West Bengal Board of Secondary Education?

[1-20—1-30 p.m.]

**Shri Satya Priya Roy:** (a) Loss of about 253 answer-scripts was first reported to the Deputy Secretary to the Board on 1st April, 1969. The examiner concerned reported that he had lodged a complaint (F.I.R.) with the Howrah G.R.P. On subsequent enquiry it was, however, found out that no such complaint had actually been lodged.

As regards manipulation of seats for the examinees as well as of the examination results it has been reported that some complaints in the matter are being enquired into by the Board.

The alleged financial irregularities are under consideration of the Finance Committee of the Board.

(b) Investigation in the matters alleged at (a) above are proceeding. The question of appointing a Committee for holding enquiries thereon will be taken up by the Government later.

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়, আমি কতকগুলি কথা বুঝতে পারলাম না। আপনি অবশ্য বলেছেন, সেটা হচ্ছে যে, ঐ কোয়েশ্চেন খাতা, উত্তরপত্র হারিয়ে যায় এবং সেই উত্তরপত্রের ঠোঙ্গা বিভিন্ন জায়গায় বিভিন্ন স্থানে পাওয়া গেছে, সে সম্পর্কে এবং কোন বিশেষ লোকের বিশেষ পুত্র যদি ফেল করেন, তা হ'লে সেই বিশেষ পুত্রের জন্য অন্যত্র সিটের ব্যবস্থা ক'রে সেখানে যাতে পাশ করতে পারে তার জন্য নানাবিধ ব্যবস্থা কর'র জন্য, পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে যিনি সেক্রেটারী বা দায়িত্বে থাকেন যিনি সেইসমস্ত কাজ করেছেন। এই এসমস্ত খবর কি আপনি পেয়েছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** খবর পেয়েছি, একটা ঠোংগার কাগজ আমার কাছে এসেছিল। আমি সেটা পুলিসের হাতে দিয়েছি ফর ইনকোয়ারী এবং বোর্ডের প্রেসিডেণ্টকেও আমি লিখেছিলাম যে, এই হারানো খাতার কি ব্যবস্থা করা হয়েছে? অবশ্য তিনি বলেছিলেন যে, এটা সম্পর্কে বেশি সোরগোল না ক'রে বরং ওটায় আমরা পরীক্ষার নম্বর দেবার ব্যবস্থা করছি, যেটায় আমাকে সেটিসফাই করে নি। সেজন্য বোর্ডের কাছ থেকে রিপোর্ট চাওয়া হয়েছে সেই রিপোর্ট পেলে পরে অ্যাকশান নেওয়া হবে। আর পরীক্ষা সম্পর্কে খবর আমি মন্ত্রী হিসাবে পাই নি। আমি ব্যক্তিগতভাবে শুনেছি যে, ওখানে কোন কর্মচারী এতে লিপ্ত আছেন, তার ছেলের সিটের অ্যারেন্‌জমেন্ট নাকি এইভাবে করা হয়েছে। সে সম্পর্কে বোর্ডের রিপোর্ট শিঘ্রই পাওয়া যাবে।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এটা জানাতে চাই যে, খাতার কমপ্লান্ট অনেক আছে এবং পরীক্ষার সিট ম্যানিপুলেট ক'রে সেখানে যে ব্যবস্থা করা হয়েছে, ভারপ্রাপ্ত সেক্রেটারী তিনি তা করেছেন। তার ফটোস্টাট কপি করা আছে, একটা চিঠি লিখে অন্য সেন্টারের কর্মকর্তাকে জানিয়েছেন যে, তাকে যেন সাহায্য করা হয়। সেই চিঠির ফটোস্টাট কপি আমার কাছে আছে। আজকে এই কোয়েশ্চেন উঠতে পারে বুঝতে পারি নি, সেই ফটোস্টেট কপি আপনার কাছে আমি উপস্থিত করবো কাল বা আগামী যেদিন অ্যাসেমব্লী খোলা থাকবে। তার তা ছাড়া ফিনানসিয়াল ইরেগুলারিটিজ প্রচন্ডভাবে আছে, আমার মনে হয়, এটা আপনিও পেয়েছেন—কাজেই এইসমস্ত মিলিয়ে আপনার কাছে জিজ্ঞাসা করছি যে, এর কি প্রয়োজনীয়তা বোধ করছেন না যে, অবিলম্বে একটা ইনকোয়্যারির জন্য কমিশান অ্যাপোয়েন্টেড করা দরকার?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** প্রয়োজনীয়তা গভীরভাবে অনুভব করছি, তবে অবিলম্বে শব্দটার একটু ব্যাখ্যার প্রয়োজন। বোর্ড সম্পর্কে এই সমস্ত তথ্যাদি গ্রহণ করার পরে তদন্ত আরম্ভ করলে ভাল হবে মনে করেছি ব'লে আমি সে সম্পর্কে সেক্রেটারীকে সমস্ত তথ্য দেবার জন্য বলেছি। আর ভারপ্রাপ্ত সেক্রেটারী পরীক্ষার, তিনি যা বললেন—সেটা আগের, তিনি এখন নেই। নূতন সেক্রেটারী নিযুক্ত হয়েছেন। আর পরীক্ষার ভারপ্রাপ্ত যিনি তিনি ডেপুটি সেক্রেটারী, তিনি এতে লিপ্ত আছেন ব'লে শুনেছি। কাজেই সেক্রেটারী বর্তমানে যিনি আছেন তাঁর কাছে সমস্ত তথ্যাদি চাওয়া হয়েছে এবং সেই তথ্যাদি পেলে তদন্ত করতে সুবিধা হবে এবং শিঘ্রই এর তদন্ত শুরু হবে।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি যে, আমার কাছে যেসমস্ত তথ্যাদি আছে তার দ্বারা অনুরোধ করছি যে, আপনি এই অ্যাসেমব্লীর ফ্লোরে অনুগ্রহ ক'রে ঘোষণা করুন যে, অবিলম্বে এই তদন্ত কমিটি আপনি করবেন। তা না হ'লে খুব মুশকিল হয়ে যাচ্ছে ব'লে আমরা মনে করি। সেজন্য এটা ঘোষণা করুন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এর আগের প্রশ্নে আমি বলেছি যে, এটা ঘোষণা করেছি যে তদন্তের কথা। যেসমস্ত অভিযোগ আছে সেটা গুরুতর। তবে সময় সম্বন্ধে এখনই আরাম্ভ হচ্ছে না। আমি আরও বিশদ তথ্যের জন্য অপেক্ষা করছি এবং যত দ্রুত সম্ভব হয় এর তদন্ত করা হবে।

**ডঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণিঃ** মন্ত্রিমহাশয় বল্লেন যে, ফাইনান্সিয়াল ইরেগুলারিটিজ ফাইনান্সিয়াল কমিটি তদন্ত করবে, অন্যান্য ইরেগুলারিটিজ তদন্ত করবার জন্য কি ব্যবস্থা করেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** তদন্ত করা সম্পর্কে আমরা সিদ্ধান্ত করেছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মন্ত্রিমহাশয় বল্লেন যে, একজন ডেপুটি সেক্রেটারী এই দুষ্কর্মে লিপ্ত আছেন ব'লে তিনি খবর পেয়েছেন—তিনি কি দয়া ক'রে জানাবেন সেই ডেপুটি সেক্রেটারীর নাম কি এবং তিনি এটা কবে জানতে পেরেছেন এবং এতদিন ধ'রে তাঁর বিরুদ্ধে কেন কো'ন অ্যাকসন নেওয়া হয় নি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** প্রথম হচ্ছে অভিযোগের ভিত্তি না পাওয়া গেলে কোন অ্যাকসন নেওয়া যায় না। অভিযোগের ভিত্তিগুলি তৈরি করা হচ্ছে এবং সেই ভিত্তিতে তদন্ত করা হবে এবং তার পরে আইনমত যতটা সম্ভব ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** তাঁর নাম কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নামটা এখন আমার কাছে নেই।

**শ্রীঅমূল্য মাহাতোঃ** মন্ত্রিমহাশয় বল্লেন যে, খাতা হারিয়ে গেছে। সেজন্য বিবেচনা করা হবে, সত্যই তা করা উচিত কিন্তু কোন ছেলে যদি ফেল করে এবং এই ধরনের খাতা যদি হারিয়ে দেওয়া যায়, তা হ'লে তো একই অবস্থা চলে আসবে, পাশ না করলেও পাশ করিয়ে দেবে—এই হারানোটাই একটা পলিসি হবে কিনা?

**Mr. Speaker:** This is a hypothetical question. It cannot be answered.

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মন্ত্রিমহাশয় বলেছেন যে, উত্তরপত্রে যেসমস্ত ঠোঙা তৈরি হয়েছে, সেই ঠোঙাগুলি বিশেষ জায়গায় পাঠানো হয়েছে তদন্তের জন্য, কিন্তু এই ঠোঙা পাওয়াটা এ বছরই শুধু নয়, এর আগেও বহুবার পাওয়া গেছে—সেই ব্যাপারে কোন তদন্ত হয়েছিল কিনা এবং হয়ে থাকলে, যেসমস্ত দোষী ব্যক্তি তাদের কোন শাস্তি দেওয়া হয়েছিল কিনা, জানাবেন কি?

**মিঃ স্পীকারঃ** সেটা উনি কি ক'রে জানবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আপনি নোটিস দিলে খোঁজ নিয়ে জানাব।

**শ্রীহরিপদ মুখার্জীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, যাদের উত্তরপত্র হারিয়ে গিয়েছিল সেই সমস্ত প্রার্থী যারা অল্প নম্বর-এর জন্য ফেল করেছে, তারা উত্তরপত্রে ভালভাবে উত্তর করেছে ব'লে ক্লেম করেছে—এদের সম্বন্ধে বিবেচনার কথা শিক্ষা বিভাগ ভাবছেন কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সেটা শিক্ষা বিভাগের ভাবনার কথা নয়, এগুলি মধ্যশিক্ষা পর্ষতের চূড়ান্ত ক্ষমতা। তবে সেদিক থেকে আমরা ভেবেছিলাম যে, যদি খবর পেয়ে থাকে, তা হ'লে বোর্ডের পক্ষে উচিত ছিল অল্টারনেটিভ দুটি দেওয়া—পরীক্ষা যারা দিতে চায় তারা পরীক্ষা দেবে, আর যারা দিতে চায় না তারা গড় নম্বর পাবে। কিন্তু সেই ব্যবস্থা হয় নি এবং সেটা কেন হয় নি, সে সম্পর্কে তদন্ত করা হবে।

### রায়গঞ্জ সিনিয়র পলিটেক্‌নিক স্কুল

***682.** (Admitted question No. *1783.)

**শ্রীমানস রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ সিনিয়ার পলিটেকনিকের বিল্ডিং হয়ে যাওয়া সত্ত্বেও কেন তাহা চালু হচ্ছে না এবং কবে উহা চালু হবে; এবং

(খ) রায়গঞ্জ থানায় গত ২ বৎসরে কয়টি নূতন প্রাইমারী স্কুল এবং জুনিয়ার হাইস্কুল চালু হইয়াছে এবং তার মধ্যে কয়টি সরকারী অনুমোদন লাভ করিয়াছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** (ক) রায়গঞ্জ পলিটেকনিকের গৃহনির্মাণের কাজ এখনও সর্বতোভাবে শেষ হয় নি। কবে থেকে পলিটেকনিকটি চালু হবে তাও এখনও ঠিক হয় নি।

(খ) রায়গঞ্জ থানায় গত দুই বৎসরে যে কয়টি নূতন প্রাইমারী স্কুল এবং জুনিয়র হাই স্কুল চালু হইয়াছে এবং যে কয়টি সরকারী অনুমোদন লাভ করিয়াছে তাহার সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ—

| | প্রতিষ্ঠিত | অনুমোদিত |
|---|---|---|
| প্রাইমারী স্কুল | | |
| ১৯৬৭ .. . | ২০ | ১০ |
| ১৯৬৮ .. .. | ৫ | ৩ |
| জুনিয়র হাই স্কুল | | |
| ১৯৬৭ .. ... | × | × |
| ১৯৬৮ ... ... | ১ | × |

(মধ্যশিক্ষা পর্ষদের নিকট অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে।)

**হলদিয়াতে পলিটেকনিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় খোলার প্রস্তাব**

***686.** (Admitted question No. *1921.)

**শ্রীহরহরি দেব ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হলদিয়াতে কোন পলিটেকনিক বিদ্যালয় এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয় খোলার কথা সরকার চিন্তা করছেন কিনা?

[1-30—1-40 p.m.]

**শ্রীসত্যপ্রিয় রায় ঃ** এইরূপ কোন পরিকল্পনা নাই।

**Mr. Speaker:** Now I go back to the first question i.e. starred question No. 98.

**সোনামুখী মিউনিসিপ্যাল কর্মচারী হরিজনদের জন্য বাসগৃহ নির্মাণ**

***687.** (Admitted question No. *1938.)

**শ্রীসুখেন্দু খান ঃ** তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সোনামুখী মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ ১৯৬৫-৬৬ সালে সরকারী ট্রাইবেল ওয়েলফেয়ার বিভাগ হইতে সোনামুখী মিউনিসিপ্যাল হরিজন বাসগৃহ নির্মাণকল্পে কত টাকা সাহায্য পাইয়াছেন এবং কোন্ সময়ের মধ্যে ঐ টাকা দিয়া উক্ত হরিজনদের বাসগৃহ নির্মাণ করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, সোনামুখী মিউনিসিপ্যাল হরিজনদের জন্য উক্ত সরকারী প্রদত্ত সাহায্য দ্বারা যে বাসগৃহ নির্মাণ করা হইয়াছে তাহা আদৌ মানুষের বাসোপযোগী নয়; এবং

(গ) সত্য হইলে তদানীন্তন মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**Shri Deo Prakash Rai:** (a) Rs. 9,000. Within the month of August.

(b) No, but some irregularities and defects in the construction have come to the knowledge of the Government.

(c) An enquiry has been launched. Final decision as to the action to be taken against the municipal authority will be taken after the enquiry which is likely to be completed very soon.

**শ্রীসুখেন্দু খান:** ওটা কত তারিখের মধ্যে নেওয়া হবে?

**শ্রীদেওপ্রকাশ রাই:** আমি তো বললাম
after the enquiry which is likely to be completed very soon.

**কোচবিহার জেলায় বুনিয়াদী বিদ্যালয়ের সহিত তৎসংলগ্ন উচ্চ বিদ্যালয়ের সংযুক্তিকরণ**

***690.** (Admitted question No. *2038.)

**ডাঃ মহঃ ফজলে হক:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার বিভিন্ন এলাকায় অবস্থিত পূর্ণ বুনিয়াদী বিদ্যালয়ের সহিত তৎসংলগ্ন উচ্চ বিদ্যালয়ের সংযুক্তিকরণ সম্পর্কে বর্তমান সরকার কোন নীতি গ্রহণ করেছেন কিনা; এবং

(খ) যদি গ্রহণ করে থাকেন তবে কোন্ কোন্ জায়গায় তা প্রয়োগ করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) এ সম্পর্কে সরকার সম্প্রতি এই নীতি গ্রহণ করিয়াছেন যে, কোচবিহার জেলার যে স্থানে পূর্ণ বুনিয়াদী বিদ্যালয়ের সহিত অথবা উহার সন্নিকটে কোন হাই বা হায়ার সেকেন্ডারী স্কুল অনুমোদিত হইয়াছে, সেই স্থানে পূর্ণ বুনিয়াদী বিদ্যালয়ের শিক্ষকগণের চাকুরির স্থিতাবস্থা বজায় রাখিয়া সেই হাই বা হায়ার সেকেন্ডারী স্কুল ও পূর্ণ বুনিয়াদী বিদ্যালয়কে একই পরিচালক সমিতির অধীনে আনা হইবে।

(খ) এ সংবাদ এখনই সরকারের হাতে নাই।

**ডঃ মহম্মদ ফজলে হক:** বুনিয়াদী শিক্ষার ক্ষেত্রে যদি নূতন ক'রে দরখাস্ত করা হয় হাই স্কুলকে হায়ার সেকেন্ডারী করা বিষয়ে, তা হ'লে সে বিষয়ে কি নীতি গ্রহণ করছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** দরখাস্ত করা হ'লে যেমন সমস্ত স্কুল মঞ্জুরী করার জন্য যেভাবে বিবেচনা করা হয়, সেই স্কুলগুলিও সেইভাবে বিবেচনা করা হবে।

**ডঃ মহম্মদ ফজলে হক:** মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন কম্‌প্লিট বেসিক স্কুলের যে সব আইন আছে ম্যানেজিং কমিটি আছে তার সঙ্গে হাই স্কুল ম্যানেজিং কমিটির আইনের সঙ্গে আইনগত কিছু বাধা আছে, এই বাধা দূরীকরণের জন্য নির্দিষ্ট নীতি গ্রহণ করেছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কম্‌প্লিট বেসিক স্কুল ডি আই-এর হাতে দেওয়া হয়েছে, এডুকেশন কমিটি বাতিল করা হয়েছে, কাজেই আর কোন অসুবিধা নাই সেদিক থেকে।

## হীরাপুর নির্বাচনক্ষেত্রে কূপ খনন

***693.** (Admitted question No. *2261.)

**শ্রীবামাপদ মুখার্জি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তাঁর ২১-৪-৬৯ তারিখের চিঠি ডি ও নং পিএইচ/১২৬৫/ডাবলিউ-৪০/৬৯ মারফত প্রতিটি নির্বাচনক্ষেত্রে দুটি নূতন কূপ খনন এবং দুটি পুরান কূপ মেরামত তথা পুনঃ খননের জন্য উপযুক্ত জায়গা সরকারকে দেওয়ার জন্য যে আহ্বান জানানো হইয়াছিল এবং তার জবাবে হীরাপুর ক্ষেত্রের জন্য ৬ই মে তারিখে জায়গা নির্ধারণ করিয়া যে জবাব দেওয়া হইয়াছিল তাহার পরিণতির কি হইল; এবং

(খ) উপরোক্ত কূপগুলি আদৌ খোঁড়া হইবে কিনা এবং হইলে কতদিনের মধ্যে?

**শ্রীননী ভট্টাচার্য:** (ক) হীরাপুর নির্বাচনী এলাকার জন্য যে দুটো নূতন নলকূপ খনন এবং দুটো অকেজো নলকূপ পুনঃখননের প্রস্তাব পাওয়া গিয়েছে সেগুলি সম্পর্কে কাজ করার জন্য পাব্লিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর যে চীফ ইঞ্জিনীয়ার তাঁকে আদেশ দেওয়া হইয়াছে এবং এই কাজের জন্য প্রথম যে টেন্ডার আহ্বান করা হয় তাতে কেউ সাড়া না দেওয়াই দ্বিতীয়বার টেন্ডার আহ্বান করা হইয়াছে। এবারে কিছু সাড়া পাওয়া গিয়াছে এবং ২/১ দিনের মধ্যে উপযুক্ত ঠিকাদার উপরোক্ত কাজগুলি সম্পন্ন করিবার যে দায়িত্ব সেই দায়িত্ব ঠিকাদারকে দেওয়া হবে।

(খ) উক্ত নলকূপগুলি আশা করা যায়, দুই মাসের মধ্যে তৈরি করা সম্ভবপর হইবে।

**শ্রীসুনীল বসু রায়:** হীরাপুর অঞ্চলে নলকূপ না কূপ?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা হচ্ছে নলকূপ।

**শ্রীসুনীল বসু রায়:** ওখানে তো নলকূপ হয় না, কুয়া হয়। একটা হচ্ছে ফর এ নন-টিউবওয়েল এরিয়া সেটা কুয়া হবে। কাজেই আপনাকে যারা সাপ্লাই করেছে তারা ভুল দিয়েছে।

**শ্রীননী ভট্টাচার্য:** হ্যাঁ, একটা হচ্ছে ফর এ নন-টিউবওয়েল এরিয়া, সেটা কুয়া হবে।

**শ্রীসুনীল বসু রায়:** আসানসোল মহকুমা ব্যতীত অন্যান্য নির্বাচনক্ষেত্রে কি অনুরূপ প্রস্তাব মন্ত্রিমহাশয় পেয়েছেন এবং পেয়ে থাকলে, কোন কোন নির্বাচনক্ষেত্রে সেই ইনফরমেসনটা কি দেবেন?

**শ্রীননী ভট্টাচার্য:** ১৪৮ জন এম এল এ-র কাছ থেকে দরখাস্ত পেয়েছি।

**শ্রীসুনীল বসু রায়:** অন্যান্য নির্বাচনক্ষেত্রে কতদিনের মধ্যে কাজ শুরু হবে।

**শ্রীননী ভট্টাচার্য:** সেটা আলাদা ক'রে প্রশ্ন করলে উত্তর দিতে পারব।

**শ্রীসুরেশচন্দ্র সিন্হা:** সাধারণ ক্ষেত্রে সেগুলি ১৫০ থেকে ২০০ স্কোয়ার মাইলের ক্ষেত্রে দুটো নূতন আর দুটো পুরানোতে কুলোচ্ছে না—সেটা বাড়ানো সম্ভব হবে কিনা, সেকথা চিন্তা করেছেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** আমরা বাড়ানোর কথা চিন্তা করছি, কারণ আরো কিছু অ্যালটমেন্ট পেয়েছি। সুতরাং বাড়ানোর কথা ভাবছি।

[1-50—2 p.m.]

**শ্রীহরিপদ মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যেসমস্ত জায়গায় পাব্লিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর টিউবওয়েল নেই, যেমন আমার এলাকা চাঁপদানিতে নেই, সেখানে সেগুলি মেরামত, রি-সিংকিং-এর প্রশ্ন আসে না, সেখানে সেগুলি নিউ সিংকিং-এর পর্যায়ে নেবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** পাব্লিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর যদি কোন কুয়া না থাকে যেগুলি অকেজো হয়ে গেছে রিসিংকিং-এর দরকার পড়বে সেগুলি সম্বন্ধে আপনি প্রস্তাব দেবেন আমরা বিবেচনা ক'রে দেখব।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে, উনি আরো টিউবওয়েল করার কথা ভাবছেন, এই যে নূতন টিউবওয়েলগুলি হবে সেগুলি কি আগের মত সেইভাবে আমাদের দরখাস্ত করতে হবে, না অন্য কোন পদ্ধতিতে করতে হবে?

**শ্রীননী ভট্টাচার্য:** এখনও সে সম্বন্ধে পুরো সিদ্ধান্ত আমরা নিই নি, আমরা আরো মেশিনারির কথা ভাবছি, বিভিন্ন প্রস্তাব একজামিন করছি। সেই টিউবওয়েলগুলির সাইট সিলেকশন সংক্রান্ত ব্যাপার, মেরামতের কাজটা যাতে হাতে নেওয়ার সুবিধা হয় সেইরকম ধরনের একটা মেশিনারি যাতে করা যায় সেই নিয়ে আমরা আলোচনা করছি এবং বিভিন্ন ধরনের প্রস্তাব আমরা করছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে আপনি স্কীম নিয়েছেন এটা কি সুধুমাত্র রুরাল এরিয়ায়, না আরবান এরিয়ার জন্যও?

**শ্রীননী ভট্টাচার্য:** এটা রুরাল এলাকার জন্য।

**শ্রীসরল দেব:** মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনি যে দু'টো রিসিংকিং এবং দু'টো নূতন টিউবওয়েল দেবেন এক একটা বিধানসভা কেন্দ্রে এটা নিশ্চয়ই আপনার জানা আছে সারা বাংলাদেশে এক-একটা অঞ্চলে যেখানে ২০/২৫টি ক'রে টিউবওয়েল থাকে তার মধ্যে ১৫/১৬টি আউট অব অর্ডার সেখানে এই চারটি ক'রে স্যাংশনের মধ্যে দিয়ে আমরা কি ক'রে পিপিলের কাছে ফেস করবো? কংগ্রেস আমলের পদ্ধতি বাদ দিয়ে কিছু আরো টিউবওয়েল বাড়াবার পরিকল্পনা আছে কি?

**শ্রীননী ভট্টাচার্য:** বিষয়টা খুব দুঃখজনক যে টাকার অবস্থার উপর নির্ভর করছে আরো কিছু অতিরিক্ত টাকা পেয়েছি তার জন্য নূতন টিউবওয়েল কিছু বসানের পরিকল্পনা নিচ্ছি। কিন্তু সবই টাকার উপর নির্ভর করছে।

### Vacancy in the posts of Arabic and Persian lecturers in certain colleges

***696.** (Admitted question No. *2335.) **Shri S. Shahadat Hossain:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state why the posts of Arabic and Persian lecturers have been lying vacant in Lady Brabourne College, Hooghly Mohsin College and Krishnagar College?

### Committee for the welfare of Scheduled Castes and Tribes

***700.** (Admitted question No. *1401.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) whether any Committee for the Welfare of Scheduled Castes and Tribes has been formed in this State; and

(b) if so, the names of members of such committee?

**Shri Deo Prakash Rai:** (a) Yes.

(b) A statement is placed on the library table.

### হলদিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্র

***719.** (Admitted question No. *1924.)

**শ্রীহরহরি দেব:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর এলাকায় স্থানীয় অধিবাসীদের চিকিৎসার জন্য সরকারী কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ঐ এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য:** (ক) ঐ অধিবাসীরা জয়নগর উপ-স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার সুযোগ গ্রহণ করিতে পারেন।

(খ) বর্তমানে কোন প্রস্তাব নাই।

### রামগড় হায়ার সেকেন্ডারী স্কুল

***721.** (Admitted question No. *1950.)

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার রামগড় হায়ার সেকেন্ডারী বিদ্যালয় (একাদশ শ্রেণীযুক্ত) কোন্ সাল হইতে উক্ত স্তরে উন্নীত হইয়াছে;

(খ) ঐ বিদ্যালয়ে নির্বাচিত পরিচালক সমিতি না থাকার কারণ কি;

(গ) ১৯৬৭ সাল থেকে এ পর্যন্ত বিদ্যালয়টি গৃহ নির্মাণের জন্য কোন অনুদান পাইয়াছে কিনা; এবং

(ঘ) যদি পাইয়া থাকে তবে গৃহ নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) রামগড় মোক্ষদা সুন্দরী হাই স্কুল উচ্চস্তরে উন্নীত হয়। ১৯৫৯ সালে মানবিক এবং ১৯৬০ সালে কৃষি বিদ্যায় শিক্ষাদানের অনুমতি পায় এবং ১৯৬২ সালে বিজ্ঞান পড়াইবার অনুমতি পায়।

(খ) সুষ্ঠুভাবে বিদ্যালয়ের কার্য পরিচালনা করিতে না পারায় পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদ্ এড-হক কমিটি নিযুক্ত করেন ১৯৬৬ সালের আগস্ট মাসে। বর্তমানে ঐ কমিটি কার্য পরিচালনা করিতেছেন।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** মন্ত্রিমহাশয় কি জানেন, কম্যুনিষ্ট পার্টি দ্বারা ঐ কমিটি হয়েছিল ব'লে তা বাতিল করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সরকারের কাছে তেমন কোন রিপোর্ট নাই। তবে তদন্ত ক'রে দেখতে পারি।

## নিখিলবঙ্গ শিক্ষক সমিতি পরিচালিত বি টি কলেজ

*722. (Admitted question No. *1959.)

**শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নিখিলবঙ্গ শিক্ষক সমিতি পরিচালিত বি টি কলেজ বর্তমানে বন্ধ আছে;

(খ) সত্য হইলে, কি কি কারণে উক্ত বি টি কলেজ বন্ধ আছে;

(গ) বর্তমান বৎসরে উক্ত কলেজে ছাত্র ভর্তি করা হইয়াছে কিনা; এবং

(ঘ) ছাত্র ভর্তি করা হইয়া থাকিলে কিসের ভিত্তিতে উক্ত ভর্তি করা হইয়াছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যা।

(ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন অনুযায়ী ছাত্র ভর্তি করা হইয়াছে।

**শ্রীনিতাইপদ সরকার:** প্রায় ২৫ দিন আগে আমি প্রশ্নটি দিয়েছিলাম, তখন কলেজটি বন্ধ ছিল কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি জানি জুলাই মাসে কিছুদিন বন্ধ ছিল।

**শ্রীনিতাইপদ সরকার:** ইহা কি সত্য, এর আগে অধ্যক্ষ যিনি ছিলেন, তিনি উক্ত কলেজে বর্তমানে আর নাই?

**শ্রীসত্যপ্রিয় রায়:** যিনি অধ্যক্ষ ছিলেন অথচ তিনি পরীক্ষাধীন অধ্যক্ষ, তিনি আর কনফার্মড হন নাই।

**শ্রীবিভূতি পাহাড়ী:** কি কারণে তাঁকে টেম্পোরারী রাখা হয়েছিল?

**শ্রীসত্যপ্রিয় রায়:** প্রবেশনারী পিরিয়ড কলেজে একরকম, স্কুলে আর একরকম। এখানে এক বছর প্রবেশান-এর মধ্যে কর্তৃপক্ষ তাঁকে কনফার্মড করেন নাই।

**শ্রীবিভূতি পাহাড়ী:** তিনি কি এ্যাগেনস্ট পার্মানেন্ট ভ্যাকেন্সি ছিলেন না, এ্যাগেনস্ট টেম্পোরারী ভ্যাকেন্সি ছিলেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** পার্মানেন্ট ভ্যাকেন্সি না হ'লে প্রবেশন হয় না।

**শ্রীনিতাইপদ সরকার:** তাঁর পুনর্নিয়োগের জন্য শিক্ষা বিভাগের কাছে ও কলেজ কর্তৃপক্ষের কাছে তিনি দাবি করেছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমার জানা নাই।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি বললেন তাঁকে কনফার্মড করা হয় নাই, তিনি কোন রাজনৈতিক পার্টির সদস্য হন নাই ব'লেই কি তা হয় নাই?

**শ্রীসত্যপ্রিয় রায়:** অবশ্য আমি তা জানিনা, তবে কলেজ পরিচালনায় তাঁর কাজে কর্তৃপক্ষ সন্তুষ্ট হন নাই ব'লেই তাঁকে কনফার্মড করা হয় নাই।

**মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে টিফিন ব্যবস্থা**

*723. (Admitted question No. *2040.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে মিড্-ডে টিফিন দেওয়া হয় কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে স্কুলগুলির সংখ্যা কত?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** (ক) এই জেলার কতকগুলি প্রাথমিক বিদ্যালয়ে কেয়ার ফিডিং প্রোগ্রাম-এ মিড্-ডে টিফিন দেওয়া হয়।

(খ) ৫০০।

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, ঐ জেলার মোট বিদ্যালয়গুলির হিসেব অনুসারে আনুপাতিক হার কত?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নোটিস না হ'লে বলতে পারছি না।

**শ্রীবজলে আমেদঃ** এই যে টিফিন দেওয়া হয়, এর খরচ আসে কীভাবে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** যেটা আমাদের রাইটের প্রোগ্রাম কেয়ার এবং ওয়েস্ট জার্মানি দুটো স্বাভাবিকভাবে কেয়ারের যখন প্রোগ্রাম, তাঁরা খাবার এখানে মিড-ডে মিল পৌঁছে দেন, পরবর্তীকালে বিভিন্ন জায়গায় দেওয়া ও বিতরণ করবার খরচ রাজ্যসরকারের।

[2—2-10 p.m.]

**শ্রীবজলে আমেদঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, কেয়ার থেকে দেওয়া হয় এখন আমার বক্তব্য হচ্ছে, এই কেয়ার কোন দেশে এবং তারা ভারতের ছেলেদের খাদ্য কিভাবে দেন না দেন সেটা মন্ত্রিমহাশয় জানবেন কি এবং তাতে ছেলেদের মনে কি প্রতিক্রিয়া হয় সেটা মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** খাদ্য যখন আমাদের তরফ থেকে দেওয়া যাচ্ছে না তখন খাদ্য যেখান থেকেই আসুক তা দিতে হবে—তবে তা রাজনৈতিক প্রভাব থেকে মুক্ত রেখে ছেলেদের খাদ্য যাতে দেওয়া হয় তার ব্যবস্থা করতে হবে।

**শ্রীবজলে আমেদঃ** আমি মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি যে, ছেলেদের খাদ্য যখন দেওয়া হয় তখন তাদের খাদ্যের প্যাকেটের উপর সেইসমস্ত দেশের ছাপ থাকে। সেই ছাপ দেখে ছেলেদের মনে আগ্রহ জাগে এবং তাদের মনে গভীর দাগ কাটে যে অন্য দেশের খাদ্য চাওয়া খাদ্য তাদের খেতে হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এর চেয়ে দুঃখের কথা আর কি হ'তে পারে—ছোট ছোট ছেলেদের খাওয়াবার জন্য বিদেশ থেকে খাদ্য ধার করতে হচ্ছে। কিন্তু বর্তমান অবস্থায় এ ব্যবস্থা রাখা প্রয়োজন তাদের খাদ্য দেবার জন্য। তবে নিশ্চয় দেশবাসী এগিয়ে এসে যদি খাদ্যের ব্যবস্থা করতে পারেন, তা হ'লে আমরা খাদ্য দিতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, আপনি আমাকে বলবার অনুমতি দিয়েছেন, আমার বক্তব্য হচ্ছে যে, টেবিলে যেসমস্ত উত্তর রাখা হয়, নিয়ম আছে সেগুলি আধ ঘণ্টা আগে টেবিলে রাখতে হয়। কিন্তু দেখা যায়, অনেক সময় পৌণে একটার সময়ও দেওয়া হয় উত্তরগুলি লাইব্রেরী টেবিলে এবং সেখানে চারজন মেম্বার যদি সেই উত্তরগুলি দেখে এবং সেগুলি ফাইলে একসঙ্গে পিনআপ করা থাকে, তা হ'লে আর কারও পক্ষে সেটা দেখা সম্ভব হয় না। আরও

সেই উত্তরগুলি এমনই ফিরিস্তিওয়ালা যে, তা দেখতে ১৫ মিনিট সময় লেগে যায়। তাই ১২।১৩ জন মেম্বার ঐ লাইব্রেরী টেবিলে ইনট্যাক্ট যেসমস্ত উত্তর রাখা থাকে তা দেখা সম্ভব হয় না। তাই পুরানো যে নিয়ম চলে আসছিল সেগুলি যদি চালু থাকে, তা হ'লে আমরা অনেক সুযোগসুবিধা থেকে বঞ্চিত হবো। তার উপর যে টেবিলে রাখা হয় সেখানে ১৫ জন মেম্বার গেলে সেখানে টেবিল নাই, চেয়ার নাই, ফ্যান নাই খুব অসুবিধা হয়। আর একটা, স্যার, ২৫ দিন আগে উত্তর চাওয়া হয়েছে উত্তর এলো না। এগুলি সম্বন্ধে স্যার, আপনি অনুগ্রহ ক'রে বিবেচনা করবেন।

**Mr. Speaker:** Mr. Roy, I will look into the matter and I can assure you that I will do my best to help the members of this House

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Tribal Language Commission

***880.** (Short Notice) (Admitted question No. *2937.) **Shri Nathaniel Murmu:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) whether a Tribal Language Commission was ever constituted;

(b) if so, what were its aims and objects and who were the members of that Commission;

(c) the dates on which the Commission met and the names of organisations and persons the Commission interviewed and/or gave a hearing;

(d) the total expenditure incurred for its functioning; and

(e) whether the report of the Commission was published and, if so, when and if the report was made available to the public?

**Shri Deo Prakash Rai:** (a) Yes.

(b) The Committee was set up to advise Government on matters relating to the preparation of text-books on tribal languages and encouragement of tribal literature.

A statement showing the names of the members of the Committee is placed on the Library Table. (Statement given in the first copy only)

(c) The Committee met on several dates but records of such specific dates are not readily available.

The Committe interviewed 824 persons including educationists, scientists, social workers, administrators and tribal leaders, M.L.As. and non-official organisations, etc.

(d) No separate expenditure figure is available.

(e) No.

**Shri Nathaniel Murmu:** Will the Hon'ble Minister be pleased to state whether he has seen the copy of the recommendations?

**Shri Deo Prakash Rai:** The committee was set up in 1958 and the report of the committee is not available.

**Shri Nathaniel Murmu:** Will the Hon'ble Minister be pleased to state what is the reason of non-availability of this report?

**Shri Deo Prakash Rai:** When we formed the Government first time in 1967 I tried to find out the file. But the file was not available with the Department.

**Shri Nathaniel Murmu:** Will the Hon'ble Minister be pleased to state whether he will make an enquiry into the matter as to whether the copy of the recommendations has been motivatedly removed by some officers?

**Shri Deo Prakash Rai:** I shall certainly look into it.

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister stated that the committee interviewed about 824 persons including educationists, scientists and social workers and also MLAs. Surely the Government must have spent some money. Why is not possible for the Government to let this House know what is the expenditure?

**Shri Deo Prakash Rai:** I have already told the honourable members that the file is not available and I can also tell you that the file was missing during the Congress Government.

**Shri Sadhan Gupta:** Will the Hon'ble Minister be pleased to state whether independently of the report which is not available, he has any information about the nature of the recommendations and what might be the cause of the recommendations missing?

**Shri Deo Prakash Rai:** While I was replying to one of the honourable members, I told the House that I shall look into it.

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister stated that all these things happened during the Congress regime. Will the Hon'ble Minister be pleased to state who were dealing with these files?

**Shri Deo Prakash Rai:** I will look into the matter.

**Shri Amalendra Lal Roy:** Who was the Minister then?

**Shri Deo Prakash Rai:** The Chairman of the said committee was the then Deputy Minister of Tribal Welfare, Mr. T. Wangdi.

**Shri A. H. Besterwitch:** Will the U.F. Government take any action for the loss of these valuable files and recommendations?

**Shri Deo Prakash Rai:** I can assure the House that necessary steps will be taken in this regard and I will look into the whole matter.

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### গড়বেতা হাসপাতাল

***841.** (Admitted question No. *981.)

**শ্রীসরোজ রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গড়বেতা হাসপাতালে—

(১) বর্তমানে শয্যা সংখ্যা কত;

(২) ওখানে আউটডোর বিভাগে গড়ে প্রত্যহ কত রোগীর চিকিৎসা হয়;

(৩) ওখানে ইনডোর বিভাগে গড়ে প্রত্যহ কত রোগীর চিকিৎসা হয়;

(৪) পরিসংখ্যান অনুসারে ওখানে কতজন ডাক্তারের ব্যবস্থা থাকা উচিত;

(৫) কতজন ডাক্তারের মঞ্জুরী আছে;

(৬) কতজন ডাক্তার গত ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহ হইতে কাজ করিতেছেন; এবং

(৭) ডাক্তার সংখ্যা বাড়ান এবং সেখানে তাঁহাদের যোগদানের অক্ষমতার কারণ কি?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (১) গড়বেতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বর্তমান শয্যা সংখ্যা ৫০।

(২) ৯৩ জন।

(৩) ৪৮ জন।

(৪) ৪ জন।

(৫) ৪ জন।

(৬) ৩ জন।

(৭) শহরে বসবাসের সুবিধাগুলি গ্রামাঞ্চলে নাই বলিয়া সাধারণতঃ ডাক্তারেরা ঐ সব স্থানে কাজ করিতে অনিচ্ছুক।

গড়বেতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য অবশিষ্ট ডাক্তারকে ইতিমধ্যেই উক্ত স্বাস্থ্যকেন্দ্রে কর্মে যোগদানের জন্য আদেশ দেওয়া হইয়াছে।

### বিদ্যাসাগর বি টি ট্রেনিং কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ

***842.** (Admitted question No. *1292.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বিদ্যাসাগর বি টি ট্রেনিং কলেজ কর্তৃপক্ষের ভর্তির ব্যাপারে অর্থ গ্রহণ সম্পর্কে অভিযোগ সরকার কবে পাইয়াছিলেন;

(খ) ঐ অভিযোগ সম্বন্ধে কোন তদন্ত হইয়াছে কিনা;

(গ) যদি তদন্ত হইয়া থাকে, তাহা হইলে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) ঐ কলেজের অধ্যক্ষের নাম কি এবং পরিচালক সমিতির সম্পাদকের নাম কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এইরূপ কোন অভিযোগ শিক্ষা বিভাগে পাওয়া যায় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) ঐ কলেজের অধ্যক্ষের নাম শ্রীবিভূতিভূষণ ভট্টাচার্য এবং পরিচালকমণ্ডলীর সম্পাদকের নাম ডঃ সুনীলকুমার চৌধুরী।

### দাঁড়কা স্বাস্থ্যকেন্দ্র, বীরভূম

***843.** (Admitted question No. *2092.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার লাভপুর থানার দাঁড়কা স্বাস্থ্যকেন্দ্রে অনেক দিন যাবৎ কোন চিকিৎসক নাই;

(খ) স্বাস্থ্যকেন্দ্রের আবশ্যকীয় বাড়ী আছে কিনা; এবং

(গ) বর্তমানে স্বাস্থ্যকেন্দ্রের কাজ চলিতেছে কিনা, এবং চলিলে কাহার দ্বারা এবং কোথায় চলিতেছে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) শ্রীসুখেন্দ্রকুমার রায়ের দাঁড়কাস্থিত গৃহে একজন ফার্মাসিস্ট এবং একজন স্বাস্থ্য-সহায়কের দ্বারা বহির্বিভাগীয় চিকিৎসার কাজ চলিতেছে।

### নির্বীজকরণ

*844. (Admitted question No. *2103.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গে মোট কতজন লোককে নির্বীজকরণ করা হইয়াছে; এবং

(খ) উহাদের মধ্যে হিন্দু কতজন এবং মুসলমান কতজন?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১,৭২,২০২ জন।

(খ) হিন্দু ... ১,৪৬,৩৭২ জন।

মুসলমান ... ২৫,৮৩০ জন।

### Vehicles donated by UNICEF to West Bengal

*845. (Admitted question No. *2118.) **Shri Mohamed Abdul Latif:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the number, type-wise, of vehicles donated to West Bengal by UNICEF;

(b) how many of the vehicles are in use at present; and

(c) whether the vehicles are used for purposes other than those for which they were donated?

**The Minister for Health:** (a) Number of vehicles donated are—

| | |
|---|---|
| Covered Jeep | 97 |
| Car | 27 |
| Station Wagon | 19 |
| Open Jeep | 3 |
| Van | 1 |
| Total | 147 |

(b) 135.

(c) No, excepting in emergencies.

### Gouripur Leprosy Hospital

***846.** (Admitted question No. *2154.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that a building has been constructed in Gouripur Leprosy Hospital, Bankura, for surgical cases;

(b) if so, when the said building was constructed;

(c) what was the cost of construction of the said building;

(d) if it is a fact that the said building has remained vacant;

(e) if there is any surgical ward in the said hospital; and

(f) if not, what is the arrangement in the said hospital for the treatment of the patients who require surgical help?

**The Minister for Health:** (a) Two dormitories were constructed for housing a hospital ward for treatment of leprosy patients. They were not, however, exclusively meant for surgical cases.

(b) In 1957.

(c) Rs. 1.62 (approx.).

(d) A portion of the building is vacant.

(e) No.

(f) Acute surgical cases are sent to Bankura Sammilani Medical College Hospital and those requiring minor ones are operated on at the Gouripur Leprosy Colony.

### মধ্যমগ্রাম স্বাস্থ্যকেন্দ্র

***849.** (Admitted question No. *2187.)

**শ্রীসরল দেব:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মধ্যমগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** হ্যাঁ।

### কুষ্ঠরোগীদের চিকিৎসার ব্যবস্থা

***850.** (Admitted question No. *2190.)

**শ্রীবলাইলাল দাশ মহাপাত্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় আনুমানিক কুষ্ঠরোগীর সংখ্যা কত;

(খ) কুষ্ঠরোগীদের চিকিৎসার জন্য কোন্ কোন্ স্থানে কত শয্যাযুক্ত হাসপাতাল স্থাপিত হইয়াছে;

(গ) হাসপাতাল ছাড়াও বহির্বিভাগীয় চিকিৎসার কোথায় কোথায় ব্যবস্থা রহিয়াছে;

(ঘ) কুষ্ঠরোগীদের সরকারী হাসপাতালে ভর্তি হওয়ার নিয়ম কি; এবং

(ঙ) হাসপাতালসমূহে ভর্তি হইতে ইচ্ছুক কত সংখ্যক আবেদনকারী কুষ্ঠরোগী অপেক্ষমান তালিকায় রহিয়াছে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) প্রায় ৩ লক্ষ ৬০ হাজার।

(খ) একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(গ) হাসপাতাল ছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ১০৫টি সরকারী এবং বেসরকারী কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র কুষ্ঠরোগীদের বহির্বিভাগীয় চিকিৎসার ব্যবস্থা আছে। ইহা ছাড়া, সকল সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে এই সকল রোগীর কুষ্ঠরোগজনিত উপসর্গের জন্য চিকিৎসার ব্যবস্থা আছে।

(ঘ) ভর্তির জন্য আবেদন করিলে রোগীদিগের ব্যাক্টেরিয়োলজিক্যাল পরীক্ষা করা হয়। এই পরীক্ষায় রোগ সংক্রামক বলিয়া বিবেচিত হইলে রোগীকে ভর্তি করা হয়।

(ঙ) সরকারী হাসপাতালে ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় প্রায় ৭০০ আবেদনকারী আছে। বেসরকারী হাসপাতাল সম্পর্কে অনুরূপ তথ্য সরকারের নিকট নাই।

Statement referred to in reply to clause (kha) of starred question No. *850

| Names and addresses of Leprosy Institutions | No. of beds |
|---|---|
| (1) Gouripur Leprosy Colony, P.O. Gouripur, district Bankura | 530 |
| (2) Leprosy Vagrant Home, 75/1 Beliaghat Main Road, Calcutta-10 .. .. . | 200 |
| (3) Suri Jail Hospital, P.O. Suri, district Birbhum . | 2 |
| (4) Midnapur Central Jail, P.O. and district Midnapore ... | 5 |
| (5) Bryans Leprosy Home, P.O. and district Bankura .. | 250 |
| (6) Purulia Leprosy Home and Hospital, P.O. and district Purulia ... ... ... .. | 752 |
| (7) Kalimpong Leprosy Hospital, district Darjeeling ... | 190 |
| (8) Silda Leprosy Hospital, P.O. Silda, district Midnapur ... | 30 |
| (9) Nabakustha Nibash, P.O. and district Purulia .. | 246 |
| (10) Ranigunj Leprosy Home, P.O. Ranigunj, district Burdwan ... | 100 |
| (11) Asansol Leprosy Settlement Hospital, (6 Segregation camps), district Burdwan .. ... ... | 142 |
| (12) Leprosy After Care Colony Society, Indpur, Bankura ... | 24 |
| Total | 2,471 |

## বারুইপুর থানায় হাসপাতালের সংখ্যা

***851.** (Admitted question No. *2197.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বারুইপুর থানায় মোট কয়টি হসপিটাল আছে; এবং

(খ) উহারা কয়টি বেড-সম্পন্ন হসপিটাল?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (হেল্থ সেন্টার) এবং তিনটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ)

| স্বাস্থ্যকেন্দ্র | শয্যা সংখ্যা |
|---|---|
| বারুইপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ... | ২০ |
| হরিহরপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র | ১০ |
| শেখরবালি (ইন্দ্রপাল) উপ-স্বাস্থ্যকেন্দ্র | শয্যাবিহীন |
| পাঁচগাছিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্র | ঐ |

## যক্ষা হাসপাতাল

***852.** (Admitted question No. *2209.)

**শ্রীগঙ্গাপদ কুঙর:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে যক্ষ্মারোগগ্রস্ত ব্যক্তির সংখ্যা কত,

(খ) সারা রাজ্যে যক্ষ্মা হাসপাতালের সংখ্যা কত;

(গ) উক্ত যক্ষ্মা হাসপাতালগুলি কোথায় এবং তাহাদের প্রত্যেকের শয্যা-সংখ্যা কত;

(ঘ) উক্ত হাসপাতালগুলিতে ভর্তিলাভের পদ্ধতি কি, এবং

(ঙ) যেসব যক্ষ্মারোগী ভর্তি লাভের সুযোগ পায় নাই তাহাদের চিকিৎসার কি ব্যবস্থা আছে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) আনুমানিক ৬ লক্ষ।

(খ) ১৭টি।

(গ) একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(ঘ) সরকারী যক্ষ্মা হাসপাতালগুলিতে এবং বেসরকারী হাসপাতালে সরকার সংরক্ষিত শয্যায় সিলেকসান কমিটির মাধ্যমে রোগীদের ভর্তি করা হয়।

(ঙ) সরকারী হাসপাতাল, চেস্ট ক্লিনিক প্রভৃতির বহির্বিভাগে যক্ষ্মা রোগীদের পরীক্ষা-নিরীক্ষা, এক্সরে করা, রক্ত থুথু ইত্যাদি পরীক্ষা করা ও বিনামূল্যে ঔষধ সরবরাহের ব্যবস্থা আছে।

Statement referred to in reply to clause (ga) of starred question No. *852

**পশ্চিমবঙ্গের যক্ষ্মা হাসপাতাল ও স্যানাটোরিয়ামের তালিকা**

| নং | হাসপাতাল/স্যানাটোরিয়াম | শয্যাসংখ্যা | সরকার (স্বাস্থ্য দপ্তর) সংরক্ষিত শয্যা |
|---|---|---|---|
| **(ক)—সরকারী হাসপাতাল** | | | |
| (১) | এম আর বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগ্রি, মেদিনীপুর ... ... | ৩১৭ | |
| (২) | কাঁচড়াপাড়া যক্ষ্মা হাসপাতাল, নদীয়া ... | ৯২৫ | |
| (৩) | ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতাল, নদীয়া .. | ৭৯০ | |
| (৪) | জে ডি হাসপাতাল, কুচবিহার . | ১০০ | |
| (৫) | দার্জিলিং যক্ষ্মা হাসপাতাল, দার্জিলিং ... | ৩০ | |
| (৬) | পাতিপুকুর যক্ষ্মা হাসপাতাল, দমদম .. | ৯৪ | |
| | মোট (ক) ... | ২,২৫৬ | |
| **(খ)—বেসরকারী হাসপাতাল** | | | |
| (১) | শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতাল, হুগলী | ৪২ | ৪০ |
| (২) | গোরহাটি যক্ষ্মা হাসপাতাল, হুগলী . | ৭৪ | |
| (৩) | কে এস রায় যক্ষ্মা হাসপাতাল, যাদবপুর .. | ৭৪৫ | ১৫০ |
| (৪) | কে সি গুহ মেমোরিয়াল যক্ষ্মা হাসপাতাল, রানাঘাট, নদীয়া ... | ৭০ | ৪৮ |
| (৫) | এস বি দে স্যানাটোরিয়াম, কার্শিয়াং, দার্জিলিং | ৩৩৪ | ১০৫ |
| (৬) | রানী অশ্রুমতি মেমোরিয়াল রেড ক্রস যক্ষ্মা হাসপাতাল, জলপাইগুড়ি .. | ১০০ | ২০ |
| (৭) | জি কে খেমকা চেস্ট ক্লিনিক ও হাসপাতাল, কলিকাতা ... ... | ১০৪ | ২০ |
| (৮) | নিরাময় টি বি স্যানাটোরিয়াম, পিড়িডাঙ্গা, বীরভূম ... | ৩১৪ | ১৫ |
| (৯) | টি আর এ যক্ষ্মা হাসপাতাল, কলিকাতা | ২৫ | |
| (১০) | বালানন্দ ব্রহ্মচারী সেবায়তন, কলিকাতা ... | ৬৪ | ১০ |
| (১১) | নেহেরু চেস্ট ক্লিনিক ও হাসপাতাল, বারাকপুর, ২৪-পরগনা .. ... | ৬০ | ৩০ |
| | মোট (খ) ... | ১,৯৫৪ | ৪৩৮ |

মোট ... (ক) + (খ)=৪,২১০

**পূর্ববঙ্গাগত শিক্ষকদের চাকুরিকাল গণনা**

*853. (Admitted question No. *2293.)

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—দেশ বিভাগের ফলে যেসকল শিক্ষক-শিক্ষিকা পূর্ববঙ্গ হইতে পশ্চিমবঙ্গে চলিয়া আসিতে বাধ্য হইয়াছেন বর্তমানে শিক্ষকদের জন্য প্রস্তাবিত পেনসন ব্যবস্থায় তাঁহাদের যুক্ত বাংলার এবং পূর্ব পাকিস্তানের সারভিস কাউণ্ট করার কোন নির্দেশ আছে কিনা?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** পেনসন ব্যবস্থা সম্বন্ধে বিধি চূড়ান্তভাবে রচিত হইতেছে। তাহাতে যুক্ত বাংলার এবং বাংলা বিভক্ত হইবার পূর্বের সার্ভিস গণ্য করা হইবে বলিয়া বিবেচনা করা হইতেছে।

**বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা**

*854. (Admitted question No. *2355.)

**শ্রীঅশ্বিনী রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শিল্পাঞ্চলে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষাক্রম চালু করার বিষয় সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** পশ্চিমবঙ্গে যে সমস্ত শিল্পাঞ্চল ১৯৩০ সালের বঙ্গীয় (গ্রাম্য) প্রাথমিক শিক্ষা আইনের আওতায় পড়ে সেই সমস্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করা হইয়াছে।

মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত শিল্পাঞ্চল সমূহের মধ্যে এ পর্যন্ত খড়দহ (২৪-পরগনা), শ্রীরামপুর (হুগলী) ও আসানসোল (বর্ধমান) এই তিনটি মিউনিসিপ্যালিটি এলাকায় প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করা হইয়াছে।

মিউনিসিপ্যালিটির অন্তর্গত অন্যান্য শিল্পাঞ্চলে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের জন এই সমস্ত অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা, বিদ্যালয়ের অবস্থান এবং গৃহের অবস্থা, ৬—১১ বৎসর বয়সের বালকবালিকার সংখ্যা, প্রাথমিক বিদ্যালয়ে পাঠরত বালকবালিকার সংখ্যা, শিক্ষক সংখ্যা প্রভৃতি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে। যে সমস্ত এলাকায় প্রাথমিক বিদ্যালয় নাই সেই সমস্ত এলাকায় নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের বিষয় বিবেচনা করা হইতেছে।

**কোচবিহার জেলায় উদ্বাস্তু কলোনীগুলির স্বীকৃতি**

*856. (Admitted question No. *2424.)

**শ্রীবিমলকান্তি বসু:** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় কতগুলি উদ্বাস্তু কলোনী এখনও পর্যন্ত স্বীকৃতি পায় নাই; এবং

(খ) উক্ত কলোনীগুলিতে বসবাসকারী উদ্বাস্তুর আনুমানিক সংখ্যা কত?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) কলোনী বলিতে যদি জবর দখল কলোনী বোঝায় তাহা হইলে এই সংখ্যা এগারো;

(খ) উক্ত জবরদখল কলোনীতে প্রায় এক হাজার চারশত সাতাশটি উদ্বাস্তু পরিবার বসবাস করিতেছে।

**নলহাটী থানায় স্বাস্থ্যকেন্দ্র**

***857.** (Admitted question No. *2433.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নলহাটী থানার অন্তর্গত ২নং ব্লকে কয়টি স্বাস্থ্যকেন্দ্র আছে; এবং

(খ) ঐ এলাকার অন্তর্গত ভদ্রপুর এবং নোয়াপাড়া অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের বিষয় সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কোন স্বাস্থ্যকেন্দ্র এখন চালু অবস্থায় নাই। লোহাপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ করা হইয়াছে এবং উক্ত স্বাস্থ্যকেন্দ্র চালু করিবার জন্য সরকারী নির্দেশ সম্প্রতি প্রেরিত হইয়াছে।

(খ) অঞ্চল এলাকানুসারে স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় না। কাজেই এই দুই অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব নাই।

**Higher Secondary Schools with Agriculture stream**

***858.** (Admitted question No. *2487.) **Shri Padma Lakshmi Subba: Will** the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many Multipurpose-Higher Secondary Schools with Agriculture stream there are in West Bengal; and

(b) whether there is any such school in North Bengal.

**The Minister for Education:** (a) 66 schools in West Bengal.

(b) Yes, four such schools.

**ঠিবা উপস্বাস্থ্যকেন্দ্র**

***859.** (Admitted question No. *2529.)

**শ্রীবনমালী দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার লাভপুর ব্লকের ঠিবা আদর্শপল্লীতে উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণ জন্য কংগ্রেস গভর্নমেন্টের আমলে স্থানীয় জনসাধারণের নিকট চাঁদা (লোকাল ডোনেশান) লওয়া হইয়াছে এবং স্বাস্থ্য বিভাগ হইতে জায়গা দখল লওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, কখন হইতে স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য আরম্ভ হইবে; এবং

(গ) নানুর থানা স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কতদিনে আরম্ভ হইবে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সংশোধিত পরিকল্পনানুসারে লাভপুর ব্লকের নির্দিষ্টসংখ্যক স্বাস্থ্যকেন্দ্র হইতেও একটি বেশি স্বাস্থ্যকেন্দ্র ইতিমধ্যেই ঐ ব্লকে স্থাপিত হইয়াছে। অতিরিক্ত আর একটি স্বাস্থ্যকেন্দ্র ঐ ব্লকে স্থাপন করা হইবে কিনা ইহা সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(গ) নানুর উন্নয়ন ব্লকের (নানুর থানার নহে) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কতদিনে আরম্ভ হইবে এখন সঠিক বলা সম্ভব নহে।

### বহরমপুর টেক্সটাইল কলেজ

***860.** (Admitted question No. *2581.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর টেক্সটাইল কলেজের পরিচালনা সমিতি (ম্যানেজিং কমিটি) শেষ কবে গঠিত হয় এবং গঠিত হওয়ার পর হইতে অদ্যাবধি তাহার কয়টা সভার অধিবেশন হইয়াছে; এবং

(খ) বর্তমানে ওই কলেজের অধ্যক্ষের নাম কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১২ই জুলাই, ১৯৬৭ সালে এই কলেজের পরিচালনা সমিতি শেষ গঠিত হয়। গঠিত হওয়ার পর হইতে আজ পর্যন্ত এই সমিতির কোন অধিবেশন হয় নাই।

(খ) শ্রী এ টি দাস, অধ্যক্ষ গত ১১এ অগাস্ট, ১৯৬৯ তারিখে অবসর গ্রহণ করিয়াছেন। নূতন অধ্যক্ষ নিয়োগ ব্যাপারে পশ্চিমবঙ্গ কৃত্য নিয়োগাধিকারের সহিত যোগাযোগ করা হইয়াছে।

### প্রাথমিক বিদ্যালয়

***861.** (Admitted question No. *2597.)

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে কতজন ছাত্রছাত্রীর জন্য কতজন শিক্ষক রাখার ব্যবস্থা আছে;

(খ) সারা বাংলাদেশে এক-শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত; এবং

(গ) উক্ত এক-শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ে চারি শ্রেণীর ছাত্রদের উপযুক্তভাবে শিক্ষাদানের জন্য সরকার শিক্ষক বাড়ানোর বিষয় চিন্তা করিতেছেন কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) প্রাথমিক বিদ্যালয়ে প্রতি ৪০ জন ছাত্রছাত্রীর (অথবা অতিরিক্ত ২০ জনের কম নহে এরূপ অংশের) জন্য একজন শিক্ষক নিযুক্ত করার ব্যবস্থা আছে। তবে ছাত্রছাত্রীর সংখ্যা ৪৬ হইলেই দুইজন শিক্ষক নিযুক্ত করা চলে।

(খ) সারা বাংলাদেশে এক শিক্ষক বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১,৩৭৫।

(গ) যেসমস্ত বিদ্যালয়ে ৪৫ জনের বেশি ছাত্রছাত্রী থাকা সত্ত্বেও এখনও একজন শিক্ষক আছেন, জেলা স্কুল বোর্ডসমূহ হইতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিয়া সেইসব বিদ্যালয়ে ছাত্রসংখ্যানুপাতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

### শিক্ষায়তনের পরিচালকমণ্ডলীতে সরকারী মনোনয়ন

***862.** (Admitted question No. *2608.)

**শ্রীদেবেন দাশ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন শিক্ষায়তনের পরিচালকমণ্ডলীতে সরকার যাঁহাদের মনোনয়ন দেন, কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া উক্ত মনোনয়ন দেন;

(খ) ইহা কি সত্য যে, মেদিনীপুর মহাবিদ্যালয়ে যে ৪ জনকে এই বৎসর মে-জুনে সরকার মনোনয়ন দিয়েছিলেন তাঁদের মনোনয়ন পরবর্তী সময়ে বাতিল করা হয়েছিল; এবং

(গ) বাতিল কর হয়ে থাকলে, কি কারণে এই মনোনয়ন বাতিল করা হয়?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) সরকারী এবং স্পন্সর্ড কলেজের পরিচালক মণ্ডলীতে শিক্ষক প্রতিনিধি ছাড়া সমস্ত সদস্যই সরকার কর্তৃক মনোনীত হইয়া থাকেন। এই সমস্ত সদস্যদের মধ্যে সরকারী অফিসারগণ এবং কলেজের অধ্যক্ষ ব্যতীত অন্যান্য সদস্যরা এমন সব ব্যক্তিদের মধ্য হইতে মনোনীত হন যাহারা সমাজসেবা কার্যে উদ্যোগী এবং উচ্চতর শিক্ষায় আগ্রহী। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নূতন রুল অনুযায়ী যে সমস্ত বেসরকারী কলেজ সরকারের নিকট হইতে আবর্তক অনুদান পাইয়া থাকেন সেই সমস্ত কলেজের পরিচালক-মণ্ডলীতে সরকার একজন করিয়া সদস্য মনোনীত করিতে পারিবেন। এই সমস্ত কলেজের সদস্য মনোনয়নের ব্যাপারেও উপরোক্ত নীতি অনুসৃত হইয়া থাকে।

(খ) হ্যাঁ।

(গ) মেদিনীপুর কলেজের পরিচালকমণ্ডলী গঠনে একটি বিশেষ গঠনতন্ত্র (কনস্টিটিউশন) আছে। উক্ত গঠনতন্ত্র অনুযায়ী ঐ কলেজের পরিচালকমণ্ডলীতে মেদিনীপুর পৌরসংস্থা এবং ডিস্ট্রিক্ট বোর্ড কর্তৃক নির্ধারিত দুইজন করিয়া সদস্য থাকিবেন। কিন্তু অধুনা ডিস্ট্রিক্ট বোর্ডগুলির পরিবর্তে জেলা পরিষদ স্থাপিত হইয়াছে। অতএব উক্ত নিয়মানুসারে ৩১এ মে তারিখে উক্ত কলেজের পরিচালকমণ্ডলী পুনর্গঠন করা হইলে উহাতে জিলা পরিষদের অ্যাডমিনিস্ট্রেটর এবং পৌরসংস্থার এক্সিকিউটিভ অফিসারকে উক্ত কলেজের পরিচালকমণ্ডলীতে মনোনীত করা হয় কারণ তখন পর্যন্ত জিলা পরিষদ গঠিত হয় নাই কিংবা পৌরসংস্থার নির্বাচন হয় নাই। এবং যতদিন পর্যন্ত জিলা পরিষদ ও পৌরসংস্থা তাঁহাদের নির্বাচিত সদস্য না পঠান ততদিন পর্যন্ত উপরোক্ত দুই অফিসারকে তাহাদের পক্ষে কার্য চালাইয়া যাইবার অনুরোধ করা হয়। ইতিমধ্যে মেদিননীপুর জিলা পরিষদের উপর কলিকাতা হাইকোর্ট কর্তৃক রুল জারী করা হয় এবং অ্যাডইন্টেরীম ইন্‌জাংশন দ্বারা উক্ত অ্যাডমিনিস্ট্রেটরকে তাহার কার্য হইতে বিরত থাকিতে নির্দেশ দেওয়া হয়। তাহা ছাড়া মেদিনীপুর পৌরসভার নির্বাচন ও ইতিমধ্যে হইয়া যায়। এমতাবস্থায় সরকার উক্ত পরিচালকমণ্ডলীকে বাতিল করিয়া দেন এবং আগের পরিচালকমণ্ডলীকে কার্য চালাইয়া যাইবার নির্দেশ দেন। ইতিমধ্যে নিয়মানুসারে উক্ত কলেজের নূতন গভর্নিং বডি গঠন করিয়া আদেশ জারী করা হইয়াছে।

## পাঠানখালি হাইস্কুল ও শম্ভুনগর হাইস্কুল

***863.** (Admitted question No. *2641.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) গোসাবা থানা এলাকাধীন পাঠানখালি হাইস্কুল ও শম্ভুনগর হাইস্কুলকে গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের কোন্ সালে কত টাকা অনুদান দিয়াছেন;

(খ) ইহা কি সত্য যে, গত কয়েক মাস যাবত ঐ দুই বিদ্যালয়ের শিক্ষকমহাশয়রা বেতন পান নাই; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক)

| বিদ্যালয়ের নাম | | মোট অনুদান টাকা | বৎসর |
|---|---|---|---|
| (১) পাঠানখালি হাই স্কুল | ... | ২৬,৯৬৭ | ১৯৬৬-৬৭ |
| | | ২৪,৩০০ | ১৯৬৭-৬৮ |
| | | ২০,৫০০ | ১৯৬৮-৬৯ |
| (২) শম্ভুনগর হাই স্কুল | . | ১১,১১৩ | ১৯৬৬-৬৭ |
| | | ১৫,০০০ | ১৯৬৭-৬৮ |
| | | ২৫,৩০০ | ১৯৬৮-৬৯ |

উপরিলিখিতভাবে বিদ্যালয় দুইটিকে বিভিন্ন সালে অনুদান দেওয়া হইয়াছে।

(খ) এ সম্বন্ধে কোন সংবাদ পাওয়া যায় নাই।

(গ) এই সম্বন্ধে অনুসন্ধান করা হইতেছে।

## ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অব স্কুলস

***864.** (Admitted question No. *2697.)

**শ্রীসাধনকুমার সেনঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস পদে কতজন পরিদর্শক কতদিন যাবত কাজ করিতেছেন,

(খ) এইসব পরিদর্শকদের মধ্যে কতজনকে উক্ত পদে স্থায়ী করা হইয়াছে; এবং

(গ) এইসব পরিদর্শকদের পদোন্নতির ব্যাপারে কি নিয়ম চালু আছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ডেপুটি অ্যাসিস্টেন্ট ইন্সপেক্টর অফ স্কুলস পদে ১৯৬৫ সন হইতে ১৭৫ জন ও ১৯৬৬ সন হইতে ২ জন কাজ করিতেছেন।

(খ) এ যাবৎ কাহাকেও স্থায়ী করা হয় নাই।

(গ) ঐ সব পরিদর্শকদের পদোন্নতির ব্যাপারে কোন নিয়ম এখনও প্রবর্তিত হয় নাই। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## টি বি রোগমুক্ত ব্যক্তিদের পরিচর্যা ও পুনর্বাসন

***865.** (Admitted question No. *2123.)

**শ্রীকালীপদ মন্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টি বি রোগমুক্ত ব্যক্তিদের পরিচর্যা ও পুনর্বাসনের (আফটার কেয়ার অ্যান্ড রিহ্যাবিলিটেশন) জন্য কোনও ব্যবস্থা পশ্চিমবঙ্গে আছে কি; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় তাহা আছে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুর জেলার ডিগ্রিতে এইচ সি মুখার্জি মেমোরিয়াল টি বি আফটার কেয়ার কলোনীতে।

এ ছাড়া নদীয়া জেলাস্থিত ধুবুলিয়া টি বি হাসপাতালে একটি অকুপেশানাল ট্রেনিং সেন্টার স্থাপন করা হইতেছে।

**Vacancies in the posts of nurses in Gouripur Leprosy Hospital, Bankura**

***866.** (Admitted question No. *2155.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether any posts of nurses are at present lying vacant in Gouripur Leprosy Hospital, Bankura;

(b) if so, the number of such vacancies; and

(c) when these vacancies will be filled up?

**The Minister for Health:** (a) No.

(b) and (c) Does not arise.

**মালদহ জেলায় প্রাথমিক এবং সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা**

*867. (Admitted question No. *2168.)

**শ্রীসামসুদ্দিন আহমেদঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় প্রাথমিক এবং সবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নূতন কোন পরিকল্পনা আছে কি, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে কোথায় এবং কোন্ কোন্ স্থানে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) একটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of starred question No. *867

| | ব্লকের নাম | স্বাস্থ্যকেন্দ্রের শ্রেণী | প্রস্তাবিত স্বাস্থ্যকেন্দ্রের স্থান |
|---|---|---|---|
| (১) | মালদহ | প্রাথমিক | মৌলপুর। |
| (২) | ইংলিশবাজার | | মাহদীপুর অথবা পায়েসবাড়ী অঞ্চলে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা বিবেচিত হইতেছে। |
| (৩) | কালিয়াচক-১ | প্রাথমিক | মিলনপুর। |
| | | উপ: | শ্রীরামপুর অঞ্চলে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কথা বিবেচিত হইতেছে। |
| (৪) | কালিয়াচক-২ | প্রাথমিক | বাঙ্গিতোলা অঞ্চলে অবস্থিত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র উন্নত করার ব্যবস্থাদি লওয়া হইতেছে। |
| | | উপ: | মোবারাবাড়ী। |
| (৫) | কালিয়াচক-৩ | প্রাথমিক | বেদরাবাদ। |
| (৬) | বতুয়া-২ | প্রাথমিক | আড়াইডাঙ্গা অঞ্চলে অবস্থিত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র উন্নত করার ব্যবস্থাদি লওয়া হইতেছে। |
| | | উপ: | সুলতানগঞ্জ। |
| (৭) | খরবা-১ | প্রাথমিক | চঞ্চল (চাঁচোল)। |
| (৮) | খরবা ২ | প্রাথমিক | মালতীপুর। |

### Appointment of teachers by the Midnapore District School Board

***868.** (Admitted question No. *2201.) **Shri Debendra Nath Das:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many teachers have been appointed by the Midnapore District School Board during 1967-68 and 1968-69;

(b) how many of them are trained;

(c) whether all of them were taken from the panel; and

(d) whether all of them submitted application before appointment?

**The Minister for Education:** (a) 508 teachers during 1967-68 and 737 teachers during 1968-69.

(b) 65 trained candidates were appointed during 1967-68, 173 trained candidates were appointed in 1968-69.

(c) Out of the above mentioned 1,245 teachers (508+737), 588 teachers were taken from the panel and 657 were appointed as organiser teachers of newly recognised primary schools.

(d) Barring a few organiser teachers who were appointed on the basis of statements received by the Board from the local patrons of the newly started primary schools all were appointed on the basis of their applications received before appointment.

### হোমিওপ্যাথিক হাসপাতাল

*869. (Admitted question No. *2295.)

**শ্রী[illegible] মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হোমিওপ্যাথিক হসপিটালগুলি পশ্চিমবঙ্গ সরকার হইতে কি পরিমাণ অর্থ সাহায্য পাইয়া থাকে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** বৎসরে প্রায় এক লক্ষ টাকা।

### বিদ্যালয়ে খেলার মাঠ নির্মাণের জন্য সরকারী অনুদান

***870.** (Admitted question No. *2230.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডুঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসব উচ্চ মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নিজস্ব খেলার মাঠ নাই, তাহাদের খেলার মাঠ নির্মাণের জন্য কোন সরকারী অনুদানের ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত অনুদান লাভের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের করণীয় কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) সরকারী অনুদান লাভের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের যথাবিধি আবেদন করা প্রয়োজন। প্রস্তাবিত মাঠের নকশা সংযোগ করিয়া এবং মূল্য পরিমাণ উল্লেখ করিয়া আবেদনপত্র শরীর-শিক্ষা ও যুবকল্যাণ বিভাগীয় জেলা-অধিকারিকের মাধ্যমে মুখ্য পরিদর্শক, শরীরশিক্ষা ও যুবকল্যাণ অধিকারিকের নিকট পাঠানো নিয়ম।

**গৃহনির্মাণ ঋণ**

***871.** (Admitted question No. *2299.)

**শ্রীসরল দেবঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারী ভিন্ন জনসাধারণের হাউস বিল্ডিং লোন পাইবার নিয়ম-পদ্ধতি কি এবং কাহারা এই লোন মঞ্জুর করেন;

(খ) লোন মঞ্জুর করার জন্য কোনও বোর্ড আছে কিনা; এবং

(গ) থাকিলে, কে কে এই বোর্ড-এর সদস্য এবং কোন্ নীতির ভিত্তিতে এইসকল ব্যক্তিগণ সদস্য নিযুক্ত হইয়াছেন?

**গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) গৃহনির্মাণের জন্য জমি আছে এবং নিয়মিত আয় আছে এমন যে কোন ব্যক্তি ঋণের জন্য নির্দিষ্ট ফর্মে আবেদন করিতে পারেন। আবেদন-পত্রের সহিত জমির স্বত্ব সম্পর্কীয় কাগজপত্র বাড়ির নক্সা ও প্রাক্‌কলন, আবেদনকারীর আয়ের প্রমাণপত্র এবং একজন জামিনদারের আয়ের প্রমাণপত্র পেশ করিতে হয়। পরীক্ষান্তে যদি দেখা যায় সমস্ত ঠিক আছে তাহা হইলে আয়ের ভিত্তিতে সমীক্ষা কমিটি ঋণ মঞ্জুর করেন

(খ) আছে সমীক্ষা কমিটি।

(গ) নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া সমীক্ষা কমিটি গঠন করা হইয়াছেঃ—

(১) শ্রীমতী গতী মুখার্জী, এম এল এ, সভাপতি;

(২) শ্রীঅজিত গাংগুলী, এম এল এ, সভ্য;

(৩) শ্রীকুমুদ মণ্ডল, এম এল এ, সভ্য;

(৪) শ্রীবিজয় সিং নাহার, এম এল এ, সভ্য;

(৫) শ্রীজয়কেশ মুখার্জী, এম এল এ, সভ্য;

(৬) শ্রীহরিদাস মিত্র, এম এল এ, সভ্য;

(৭) শ্রীঅরবিন্দ ঘোষাল, সভ্য;

(৮) উপ-সচিব, আবাসন বিভাগ, সভ্য; এবং

(৯) অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (হাউসিং), সম্পাদক।

আবাসন বিভাগের দুইজন অফিসারের কথা ছাড়িয়া দিলে দেখা যাইবে, জনগণের প্রতিনিধি স্থানীয় এবং জনজীবনের সহিত ঘনিষ্টভাবে সংযুক্ত বেসরকারী ব্যক্তিদের লইয়া সমীক্ষা কমিটি গঠন করা হইয়াছে। বেসরকারী সদস্যদের মধ্যে পাঁচজনই রাজ্য বিধানসভায় নির্বাচিত গণ প্রতিনিধি।

**মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ**

***872.** (Admitted question No. *2382.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭ সালের ১লা জানুয়ারী হইতে ৩০এ জুন ১৯৬৯ পর্যন্ত মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড মোট কতজন শিক্ষককে বিভিন্ন প্রাইমারী স্কুলে নিযুক্ত করিয়াছেন?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ উক্ত সময়ের মধ্যে ৩১৬ জন শিক্ষককে নিযুক্ত করিয়াছেন।**

## ক্যান্সার রোগীর পরিসংখ্যান

*873. (Admitted question No. *2127.)

**শ্রীকালীপদ মন্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি বছর কত লোক ক্যান্সার রোগে আক্রান্ত হয়, এ সম্বন্ধে কোন সরকারী পরিসংখ্যান আছে কিনা; এবং

(খ) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ হাসপাতালে ক্যান্সার রোগের চিকিৎসা হয়?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) আক্রান্ত হওয়া সম্পর্কে কোন পরিসংখ্যান নাই।

(খ) (১) চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল, কলিকাতা।

(২) মেডিক্যাল কলেজ হাসপাতাল, কলিকাতা।

(৩) আর জি কর মেডিকেল কলেজ হাসপাতাল, কলিকাতা।

(৪) নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতাল, কলিকাতা।

(৫) শেঠ সুকলাল কারনানী মেমোরিয়াল হাসপাতাল, কলিকাতা।

(৬) রূপলাল নন্দী মেমোরিয়াল ক্যান্সার রিসার্চ সেন্টার, চন্দননগর।

## Leprosy Clinics in Bankura district

*874. (Admitted question No. *2158.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that Bankura District Board used to run leprosy clinics which were spread throughout the district; and

(b) whether the Government has taken over those clinics after the District Board was abolished?

**The Minister for Health:** (a) Yes; there were 24 such clinics.

(b) No. These are now being maintained by the Bankura Zilla Parishad.

## মাদ্রাসা প্রতিষ্ঠানগুলিতে অর্থ সাহায্য

*875. (Admitted question No. *2170.)

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ মাদ্রাসা প্রতিষ্ঠানগুলিকে কিসের ভিত্তিতে অর্থ সাহায্য দেওয়া হইয়া থাকে?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়:** ১৯৬২ সাল পর্যন্ত মঞ্জুরীকৃত হায়ার সেকেন্ডারী এবং হাই মাদ্রাসাগুলিকে যাহাদের উপযুক্ত শিক্ষাযোগ্যতাসম্পন্ন শিক্ষক ও প্রয়োজনমত ছাত্রসংখ্যা আছে এবং পরীক্ষার ফল ভাল তাহাদের ঘাটতির ভিত্তিতে সরকার কর্তৃক অর্থ সাহায্য দেওয়া হয়। তাহা ছাড়া, অন্যান্য সকলপ্রকার মাদ্রাসাকে উল্লিখিত শর্তানুযায়ী এককালীন সাহায্য (লম্প গ্রান্ট) দেওয়া হইতেছে। অবশ্য হায়ার সেকেন্ডারী এবং হাই মাদ্রাসাগুলির অপর সকলকে ক্রমশঃ ঘাটতির ভিত্তিতে অর্থ সাহায্য দেওয়া হইবে যদি সরকারী ফান্ডে প্রয়োজনমত অর্থ পাওয়া যায়। এই প্রসঙ্গে ইহাও উল্লেখ করা যাইতে পারে যে, কেবলমাত্র সিনিয়ার মাদ্রাসা ব্যতীত অন্য সকলপ্রকার মাদ্রাসাকে মাধ্যমিক বিদ্যালয়ের সমতুল বলিয়া গণ্য করা হয়।

## যক্ষ্মা হাসপাতাল

***876.** (Admitted question No. *2206.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি যক্ষ্মা হাসপাতাল আছে; এবং
(খ) সেগুলিতে মোট কতগুলি বেড-এর ব্যবস্থা আছে?

**স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৭টি।
(খ) ৪,১৭০।

## উচ্চ মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থা

***877.** (Admitted question No. *2232.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডুঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উচ্চ মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থা আছে কিনা,

(খ) ব্যবস্থা থাকিলে, এই রাজ্যে এইরূপ কত সংখ্যক বিদ্যালয়ে গ্রন্থাগারিক আছেন এবং তাঁহাদের বেতনক্রম কিরূপ; এবং

(গ) উক্ত গ্রন্থাগারিকদের প্রশিক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থা আছে। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ঐ রূপ কোন ব্যবস্থা নাই।

(খ) ৩৯টি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগারিক আছেন। তাঁহাদের বেতনক্রমঃ—

(১) যে সমস্ত বিদ্যালয়ের গ্রন্থাগারে দশ হাজার বা দশ হাজারের অধিক পুস্তক আছে এবং গ্রন্থাগারিক গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা-ইন-লাইব্রেরিয়ানশীপ পাশ সেই ক্ষেত্রে বেতন—২০০—১০—৪০০ টাকা।

(২) দশ হাজারের কম পুস্তক যুক্ত গ্রন্থাগারের লাইব্রেরিয়ানের বেতন—

(ক) গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা-ইন-লাইব্রেরিয়ানশীপ পাশ—১৬০—৭—২২০—৮—২৯৫ টাকা; এবং

(খ) ইণ্টারমিডিয়েট ও লাইব্রেরিয়ানশীপ সার্টিফিকেট পাশ—১১৫ ৩—১৩৩—৪—১৮৫ টাকা।

(গ) আছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে গ্র্যাজুয়েটদের জন্য ডিপ্লোমা-ইন-লাইব্রেরিয়ানশীপ ও ইন্টারমিডিয়েটদের জন্য লাইব্রেরিয়ানশীপ সার্টিফিকেট প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

## সরকারী ফ্ল্যাট

***878.** (Admitted question No. *2300.)

**শ্রীসরল দেবঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও তদ্‌পার্শ্ববর্তী অঞ্চলে কোন্ কোন্ ক্যাটিগরির মোট কতগুলি সরকারী ফ্ল্যাট আজ পর্যন্ত ভাড়া দেওয়া হইয়াছে এবং কতগুলি ভাড়া দেওয়ার জন্য তৈরী আছে;

(খ) ফ্ল্যাটগুলির অ্যালটমেন্ট হয় কিসের ভিত্তিতে এবং কাহারা এই নির্বাচন করিয়া থাকেন;

(গ) এই ব্যাপারে কোনও বোর্ড গঠন করা হইয়াছে কিনা; এবং

(ঘ) হইয়া থাকিলে, ঐ বোর্ড-এর সদস্য কাহারা এবং কোন্ নীতির ভিত্তিতে সদস্য নিযুক্ত হইয়াছে?

**গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) শিল্প শ্রমিক, নিম্ন-আয় বিশিষ্ট ব্যক্তি, মধ্যমআয়-বিশিষ্ট ব্যক্তি এবং স্বল্পআয়-বিশিষ্ট শ্রমিক ও সাধারণের জন্য নির্মিত বাড়িগুলি সাধারণতঃ নির্বাচিত কমিটিগুলির সুপারিশ অনুযায়ী এস্টেট অধিকার কর্তৃক বন্টন করা হইয়া থাকে। অন্যান্য স্কীমের বাড়িগুলি ভারপ্রাপ্ত বিভাগ কর্তৃক মন্ত্রিমহাশয়ের অনুমোদন ক্রমে বণ্টন করা হইয়া থাকে।

(গ) হইয়াছে। শিল্প শ্রমিকদের জন্য একটি কমিটি এবং নিম্ন ও মধ্যম আয়-বিশিষ্ট ব্যক্তিদের জন্য একটি কমিটি।

(ঘ) কলিকাতা, হাওড়া, হুগলী, ২৪-পরগণা এবং নদীয়া জিলাসমূহে শিল্প শ্রমিকদের জন্য নির্মিত বাড়ি [illegible] সদস্য বিশিষ্ট সেন্ট্রাল এ্যাপ্লিকেশন কমিটি গঠিত হইয়াছে। এই কমিটির সদস্যদের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

নিম্ন ও মধ্যম-আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য এবং স্বল্পআয়-বিশিষ্ট শ্রমিক ও সাধারণের জন্য সাত জন সদস্য নিয়া একটি কমিটি (স্ক্রীনিং অ্যান্ড স্ক্রুটিনি কমিটি) গঠিত হইয়াছে। সদস্যদের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

সেন্ট্রাল অ্যাপ্লিকেশন কমিটি গঠন করা হয় ট্রেড ইউনিয়নসমূহ হইতে প্রতিনিধি ও শ্রমিকদের ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগসমূহ হইতে প্রতিনিধি লইয়া। স্ক্রিনিং এবং স্ক্রুটিনি কমিটি গঠন করা হয় জনসাধারণের প্রতিনিধি স্থানীয় ব্যক্তি ও বিভাগীয় কর্মচারিদের লইয়া।

**মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী শিক্ষকদিগের নিকট হইতে আদায়ীকৃত শিক্ষা সেস**

***879.** (Admitted question No. *2533.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাইমারী শিক্ষকদিগের নিকট হইতে শিক্ষা সেস বাবদ যে টাকা আদায় করা হয় সেই বাবদ মুর্শিদাবাদ জেলায় ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে কত টাকা আদায় হইয়াছে এবং কত টাকা অনাদায়ী আছে?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** যে অস্থাবর সম্পত্তির উপর রোডসেস এবং পাবলিক ওয়ার্কসসেস ধার্য হইতে পারে, তাহার উপরই দি বেঙ্গল (রুরাল) প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯৩০-এর ২৯ ধারা অনুযায়ী প্রাইমারী এডুকেশন সেস ধার্য হয়। এই সেস বাবদ যাহা আদায় হয়, জেলা সমাহর্তা জেলার প্রাইমারী এডুকেশন ফান্ড-এ জমা দেন।

এই সেস পৃথকভাবে শিক্ষকশ্রেণীর নিকট হইতে সংগৃহীত হয় না বা এইরূপ পৃথক কোন হিসাব রাখা হয় না।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### কৃষি বীজ খামার

**641.** (Admitted question No. 859.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় যে কয়টি সরকারী কৃষি বীজ খামার আছে তাহাদের প্রত্যেকটির কৃষি জমির পরিমাণ কত; এবং

(খ) উক্ত সরকারী বীজ খামারগুলিতে গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৮ সাল পর্যন্ত প্রত্যেকটির পৃথকভাবে উৎপন্ন বিভিন্ন ফসলের পরিমাণ কত

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) মুর্শিদাবাদ জেলার কৃষি বীজ খামার-সমূহ ও তাহাদের প্রত্যেকটির কৃষি জমি (কালটিভেটেড এরিয়া) সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) উক্ত সরকারী বীজ খামারগুলিতে গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে প্রধান প্রধান শস্যসমূহের উৎপাদন সম্বলিত দুইটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

### কান্দী মহকুমায় অগভীর নলকূপ

**642.** (Admitted question No. 1057.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কৃষি দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) অগভীর নলকূপ সেচ পরিকল্পনা অনুযায়ী কিস্তিবন্দী মূল্যে মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার কোন ব্লকে ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত মোট কতটি অগভীর নলকূপ কোন্ কোন্ মৌজায় খনিত হইয়াছে; এবং

(২) ঐ নলকূপগুলির প্রাপক কাহারা ও তাহাদের প্রত্যেকের কি পরিমাণ জমি আছে?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন (ক্ষুদ্র সেচ, পুষ্করিণী, নলকূপ ইত্যাদি) বিভাগের মন্ত্রিমহাশয়:** (১) মোট ১৩৭টি, অন্যান্য জ্ঞাতব্য বিষয় সম্পর্কে একটি তালিকা এতৎসহ সংযোজিত হইল।

(২) উপরিউক্ত তালিকায় নলকূপ প্রাপকের প্রত্যেকের নাম এবং জমির পরিমাণও লিপিবদ্ধ আছে।

### পশ্চিমবঙ্গে স্পনসর্ড লাইব্রেরীর সংখ্যা

**643.** (Admitted question No. 1428.)

**শ্রীকালীপদ মণ্ডল:** শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কতগুলি গভর্নমেন্ট স্পনসর্ড লাইব্রেরী আছে;**

**(খ) ঐসকল লাইব্রেরীতে কতজন করিয়া ও কি কি শ্রেণীর কর্মচারী আছেন; এবং**

**(গ) কর্মচারীদের বেতন ও ভাতার হার কত?**

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) মোট পাঁচশত নব্বইটি।

**(খ)** শ্রেণীভেদে ২ হইতে ১০ জন পর্যন্ত; ঐসম্বন্ধে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী কর্মচারীগণের বেতনক্রমে নির্দিষ্ট আছে। ঐসম্বন্ধে অপর একটি তালিকাও লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ভাতার হার সকল শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রেই সমান মাসিক টাকা ৬২·৫০ পয়সা।

### কল্যাণী ইন্ডাস্ট্রিয়াল এস্টেট

**644.** (Admitted question No. 1448.)

**শ্রীসুবলচন্দ্র মন্ডলঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কল্যাণী শহরে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট সরকার নির্মিত কোন সেড কারখানার মালিকদের ব্যবহার করিতে দেওয়া হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, কোন্ কোন্ মালিককে কি কি সর্তে দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত মালিকদের নিকট কোন ভাড়া বাকী আছে কিনা এবং থাকিলে তাহার পরিমাণ কত?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) ৯৯বৎসর ও ৪০ বৎসর এই দুই প্রকার লীজের সর্তে ভাড়া দেওয়ার ব্যবস্থা হইয়াছে। এই দুইরকম ব্যবস্থার লীজ ফরম লাইব্রেরী টেবিলে পেশ করা রইল।

(গ) বর্তমানে ঠিক করা হইয়াছে যে, ১লা সেপ্টেম্বর ১৯৬৮ তারিখ হইতে সেডের মালিকদের নিকট হইতে ভাড়া আদায় করা হইবে। মালিকদের দ্বারা অধিকৃত এলাকার সঠিক মাপ লওয়া হইতেছে এবং তাহারই ভিত্তিতে তাঁহাদের ভাড়া নির্ধারিত হইবে। সুতরাং বর্তমানে তাঁহাদের কত টাকা ভাড়া বাকী হইবে তাহার পরিমাণ সঠিকরূপে বলা সম্ভব নয়।

### এনফোরস্মেন্ট বিভাগে কেস দায়েরের সংখ্যা

**645.** (Admitted question No. 1450.)

**শ্রীকানাই ভৌমিকঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় জুন ১৯৬৯ পর্যন্ত এনফোরস্মেন্ট বিভাগ-এ কতগুলি দুর্নীতির কেস দায়ের আছে (জেলাওয়ারী সংখ্যা কি);

(খ) মার্চ ১৯৬৯ হইতে জুন ১৯৬৯ পর্যন্ত এনফোরস্মেন্ট বিভাগের কোন জেলা হইতে কত কেস দুর্নীতির তদন্তের জন্য দায়ের হইয়াছে; এবং

(গ) দুর্নীতির তদন্তের জন্য বিভাগে যে সব কেস দায়ের করা হইয়াছে তার মধ্যে—

(১) ১০ বৎসর ধরে দায়ের আছে কতগুলি,

(২) ৫ বছর ধরে দায়ের আছে কতগুলি,

(৩) ৩ বছর ধরে দায়ের আছে কতগুলি কেস; এবং

(৪) ২ বছর ধরে দায়ের আছে কতগুলি কেস; এবং

(ঘ) মার্চ ১৯৬৯ হইতে জুন ১৯৬৯ পর্যন্ত এনফোরস্মেন্ট বিভাগের দায়ের করা কতগুলি দুর্নীতি সংক্রান্ত কেস-এর বিচার শেষ হইয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক), (খ), (গ) এবং (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## মালদহ জেলায় ফেরীঘাটের সংখ্যা

**646.** (Admitted question No. 1501.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় কয়টি ফেরীঘাট আছে;

(খ) গত ১৯৬৬-৬৭ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত উক্ত ফেরীঘাটগুলির কোনটিকে বাৎসরিক কত টাকায় বন্দোবস্ত দেওয়া হইয়াছিল;

(গ) উক্ত ফেরীঘাটগুলিতে পারাপারের জন্য সরকার হইতে কোনও নির্দিষ্ট রেট বাঁধিয়া দেওয়া হয় কিনা; এবং

(ঘ) হইলে উক্ত কোন বৎসরে কোন ফেরীঘাটের কি রেট বাঁধিয়া দেওয়া হইয়াছিল?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) সরকারী কর্তৃত্বাধীনে মোট ৯৯ ফেরীঘাট আছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(গ) হ্যাঁ।

(ঘ) প্রথম ৯৫টি ফেরীঘাটের জন্য একটি বিবরণী এবং ৯৬, ৯৭, ৯৮ এবং ৯৯নং ফেরীঘাটের জন্য চারিটি পৃথক বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

## উত্তরবঙ্গে সরকার পরিচালিত কৃষি খামার

**647.** (Admitted question No. 1500.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে সরকার কর্তৃক পরিচালিত কোন্ কোন্ জেলায় কয়টি কৃষি খামার রহিয়াছে;

(খ) উক্ত কৃষি খামারগুলির মধ্যে কয়টি লাভজনক অবস্থায় চলিতেছে এবং কয়টি লোকসানে চলিতেছে; এবং

(গ) প্রত্যেকটি কৃষি খামারের গত তিন বৎসরের কোন্ বৎসর কত লাভ বা লোকসান হইয়াছে?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) উত্তরবঙ্গে বিভিন্ন জেলায় সরকার কর্তৃক পরিচালিত কৃষি খামারের তালিকা নিম্নে প্রদত্ত হইলঃ

| জেলা | | খামারের সংখ্যা |
|---|---|---|
| (১) মালদহ | ... | ১১টি |
| (২) পশ্চিম দিনাজপুর | ... | ১৪টি |
| (৩) জলপাইগুড়ি | ... | ১১টি |
| (৪) কুচবিহার | ... | ১০টি |
| (৫) দার্জিলিং | ... | ৬টি |
| মোট | ... | ৫২টি |

(খ) উক্ত কৃষি খামারগুলির মধ্যে ১৯৬৭-৬৮ সালে ২৬টি লাভজনক অবস্থায় চলিয়াছে এবং বাকী ২৬টি লোকসানে চলিয়াছে।

(গ) প্রত্যেকটি কৃষি খামারের ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে কত লাভ বা লোকসান হইয়াছে তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ১৯৬৮-৬৯ সালের হিসাব এখনও পাওয়া যায় নাই।

### মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণের ব্যবস্থা

**648.** (Admitted question No. 662.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় জমিদারী দখল আইন অনুসারে কত সংখ্যক মধ্যস্বত্বাধিকারী ক্ষতিপূরণের অর্থ এখনও পান নাই; এবং

(খ) কতদিনের মধ্যে তাহাদের অর্থ (ক্ষতিপূরণের টাকা) দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১,০৭,৫৪৩ জন ইহার মধ্যে ৯,১৩১ জনকে অন্তর্বর্তী ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

(খ) যত শীঘ্র সম্ভব।

### মধ্যশিক্ষা পর্ষতের প্রকাশিত সংস্কৃত পুস্তক বাঁধাইবার খরচ

**649.** (Admitted question No. 873.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষতের প্রকাশিত সংস্কৃত পুস্তকের বাঁধাই খরচ প্রথমে প্রতি হাজার ২৪০ টাকায় স্থির ছিল এবং পরে তাহা বাড়াইয়া ৮৪০ টাকা করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে,

(১) কি কারণে এই রেট বাড়ানো হয়,

(২) এই বর্ধিত রেট কে সম্মতি দান করেন,

(৩) এই বর্ধিত রেট স্থির করার ব্যাপারে প্রচলিত পদ্ধতি অনুসরণ করা হইয়াছিল কিনা, এবং

(৪) এই বর্ধিত রেট স্থির হওয়ার ফলে পর্ষতের অতিরিক্ত কত টাকা ব্যয় হইয়াছিল?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

প্রকৃতপক্ষে শ্রীসরস্বতী প্রেস (প্রাঃ) লিঃ উক্ত কাজের ভারপ্রাপ্ত হন এবং বাঁধাই খরচ প্রতি হজার কপির জন্য প্রথমত ২৪০ টাকাই তাঁহারা চাহিয়াছিলেন। প্রতি ১৬ পৃষ্ঠার ফর্মায় বা তাহার অংশ বিশেষের জন্যও ৭·৫০ পয়সা হিসাবে ধরিয়া এবং প্রতিটি প্রচ্ছদপটকে একটি স্বতন্ত্র ফর্মা গণ্য করিয়া সংস্কৃত পুস্তকটির মোট বাঁধাই খরচ দাঁড়ায় নিম্নরূপঃ

প্রতি ফর্মা—৭·৫০ হিসাবে।

| | |
|---|---|
| (১) মূল পুস্তকটি ৩০½ অর্থাৎ ৩১ | ফর্মা |
| (২) বাঁধাইয়ের জন্য | ১ ফর্মা |
| মোট | ৩২ ফর্মা |

অতএব, প্রতি ১,০০০ কপির জন্য মোট খরচ দাঁড়ায়—৭·৫০×৩২=২৪০ টাকা।

পরবর্তী কালে মধ্যশিক্ষা পর্ষদের একটি পত্র মারফৎ উক্ত খরচ বাড়াইয়া হাজার কপির জন্য ৮৪০ টাকা করা হয়।

(খ) (১) এই বর্ধিত খরচের জন্য প্রাসঙ্গিক নথিপত্রে কোনও নির্দিষ্ট যুক্তি দেখানো হয় নাই। বাস্তব অবস্থা বিচারে দেখা যায়, এই বাঁধাইয়ের মধ্যে কিছু তারতম্য ছিল।

(২) পর্ষদ সচিবের আদেশানুযায়ীই ইহা করা হয় এবং ফাইন্যান্স কমিটি বা বোর্ড-এর অনুমোদনের জন্য ইহা পেশ করা হয় নাই।

(৩) প্রাসঙ্গিক নথিপত্রে প্রচলিত পদ্ধতি অনুসরণের কোনও হদিস পাওয়া যায় না। এই রেট বাড়ানোর ব্যাপারেও কোনও পত্রালাপ বা আবেদন সংশ্লিষ্ট প্রেস কর্তৃপক্ষের নিকট হইতে পাওয়া যায় নাই। উল্লেখ থাকে যে, সম্ভবত মৌখিক আলাপ-আলোচনার মাধ্যমেই এই রেট বাড়ানো হয়।

(৪) হাজারে ২৪০ টাকা হইতে ৮৪০ টাকায় এই বর্ধিত রেটের জন্য পর্ষদকে প্রতি হাজার বই পিছু ৬০০ টাকা (৮৪০—২৪০) অতিরিক্ত ব্যয়ভার নিতে হয় শুধু বাঁধাইয়ের জন্য।

মোট বই বাঁধাই হয় ১,৯৯,৭০০ খানা।

বাঁধাই বাবদ মোট অতিরিক্ত খরচ হয় ১,৯৯,৭০০×৬০০÷১,০০০=১,১৯,৮২০ টাকা।

### দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবঙ্গে গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্ত

**650.** (Admitted question No. 975.)

**শ্রীভবানী মুখার্জী:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবঙ্গে মোট কতগুলি গভীর নলকূপ সংস্থাপনের সিদ্ধান্ত ছিল;

(খ) জেলাভিত্তিক উক্ত সংখ্যার হিসাব কি;

(গ) উক্ত দুই পরিকল্পনাভুক্ত কতগুলি নলকূপ সংস্থাপিত হইয়া চালু হইয়াছে;

(ঘ) কতগুলি নলকূপ বসানো হইলেও বিদ্যুৎ সংযোগের অভাবে অদ্যাবধি চালু করা যায় নাই; এবং

(ঙ) নলকূপ মারফত সেচ ব্যবস্থার জন্য কৃষকদের কর দিতে হয় কিনা এবং হইলে উহার হার কত?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১,৩৮৯টি।

(খ) ১,৩৮৯টি নলকূপের একটি জেলাভিত্তিক বিবরণী এতৎসহ সংযোজিত হইল।

(গ) ১,৩৯২টি সংস্থাপিত হইয়াছে এবং তন্মধ্যে ১,২৪২টি শক্তি সংযোজিত হইয়া চালু আছে।

(ঘ) এ পর্যন্ত পশ্চিমবঙ্গে ১,৫৪৩টি নলকূপ খনন করা হইয়াছে। তন্মধ্যে ১,২০৬টি বিদ্যুৎসহযোগে ও ১২৭টি ডিজেল ইঞ্জিন দ্বারা চালু করা হইয়াছে। অবশিষ্ট ২১০টি নলকূপ এখন চালু করা যায় নাই।

(ঙ) নলকূপ হইতে সেচের জন্য জল গ্রহণকারী কৃষকদের নিম্নলিখিত হারে জল কর দিতে হয়:

(ক) প্রতি একরে প্রথম ফসলের জন্য ১১ টাকা,

(খ) প্রতি একরে দ্বিতীয় ফসলের জন্য ১৫ টাকা, এবং

(গ) প্রতি একরে তৃতীয় ও পরবর্তী অন্যান্য ফসলের জন্য ১৫ টাকা।

**Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 650**

| | Name of district | Target Nos. |
|---|---|---|
| 1. | 24-Parganas | 148 |
| 2. | Nadia | 429 |
| 3. | Murshidabad | 233 |
| 4. | Howrah | 16 |
| 5. | Hooghly | 117 |
| 6. | Burdwan | 149 |
| 7. | Birbhum | 19 |
| 8. | Midnapore | 67 |
| 9. | Bankura | 59 |
| 10. | Maldah | 76 |
| 11. | West Dinajpur | 51 |
| 12. | Jalpaiguri | 21 |
| 13. | Cooch Behar | 3 |
| 14. | Darjeeling | 1 |
| | | 1,389 |

### Arrear claims of Scheduled Castes and Scheduled Tribes students

**651.** (Admitted question No. 1174.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) whether the amount due to be paid for (i) tuition fees and (ii) hostel charges of Scheduled Caste and Scheduled Tribe students reading in different secondary schools in the district of Midnapore for the years 1966-67, 1967-68 and 1968-69 were not paid during those years; and

(b) if so, the steps taken by the Government to meet those outstanding claims?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:** (a) Some Scheduled Castes and Scheduled Tribes students could not be paid such grants during these years due to paucity of funds.

(b) Continuous efforts are being made to provide additional funds for this purpose.

### পশ্চিম দিনাজপুর জেলায় জমি বণ্টন

**652.** (Admitted question No. 1211.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় আজ পর্যন্ত থানাভিত্তিক কত ভেস্টেড জমি কতজন ভূমিহীন চাষীর মধ্যে বণ্টন করা হইয়াছে;

(খ) ঐ সংখ্যার মধ্যে থানাভিত্তিক ভূমিহীন চাষীর সংখ্যা ও ভেস্টেড জমির পরিমাণ; এবং

(গ) কবরস্থান, শ্মশানগুলিও কি বণ্টন করিবার ব্যবস্থা লওয়া হইয়াছে?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ও (খ) একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) কবরস্থান ও শ্মশানের জমি বণ্টন করিবার কোন প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 652

| থানার নাম | বণ্টন করা ভেস্টেড জমির পরিমাণ | যাহাদের মধ্যে বণ্টন করা হইয়াছে এইরূপ ভূমিহীন চাষীর সংখ্যা |
|---|---|---|
| ১। হিলি | ৭৭১·০৪ | ১,৪২৯ |
| ২। বালুরঘাট | ৪,৯৭০·৯৫ | ৫,৮৩৪ |
| ৩। কুমারগঞ্জ | ৩,৬৩১·০০ | ৮,০৩৬ |
| ৪। গঙ্গারামপুর | ৩,৫০২·০০ | ৭,১২০ |
| ৫। তপন | ৪,৮০০·০০ | ৫,০৪৩ |
| ৬। বংশীহারী | ২,৯৫৪·৬২ | ৫,৭০৩ |
| ৭। কুশমণ্ডি | ১,১৬১·৩২ | ৩,০৪০ |
| ৮। কালীয়াগঞ্জ | ২,৭২২·৮৯ | ৪,৯৯৩ |
| ৯। হেমতাবাদ | ১,৬৭২·৫৪ | ২,৫৫৭ |
| ১০। রায়গঞ্জ | ৩,৫১৯·৮৯ | ৪,৭৮৭ |
| ১১। ইটাহার | ৪,৮৩১·৮৯ | ৬,৭৩৮ |
| ১২। করণদিঘী | ৩০৭·০০ | ২৯৩ |
| ১৩। গোয়ালপুকুর | ২৬·৪৩ | ২৬ |
| ১৪। চাকালীয়া | ৬০·৭১ | ৪৯ |
| ১৫। ইসলামপুর | | |
| ১৬। চোপড়া | ৪৬·৬৪ | ৯৩ |
| মোট | ৩৪,১৮৬·৯২ | ৫৪,৯২১ |

**অজয়, দামোদর ও বরাকর নদের বালি বিক্রয় সম্পর্কে সরকারী নীতি**

**653.** (Admitted question No. 1327.)

**শ্রীহারাধন রায়** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার অন্তর্গত অজয়, দামোদর ও বরাকর নদের রিভার বেড হইতে বালি উত্তোলন ও বিক্রয় সম্পর্কে সরকারের নীতি কি ;

(খ) এই বালি উত্তোলন ও বিক্রয় হইতে সরকারের বাৎসরিক আদায়যোগ্য রাজস্ব ও আদায়-কৃত রাজস্বের পরিমাণ কত; এবং

(গ) এই খাতে আয় বাড়াইবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) দামোদর নদীর বেড আসানসোল মহকুমার অন্তর্ভুক্ত নহে। বরাকর নদের সীমানা সম্পর্কে বিহার রাজ্যের সঙ্গে এই রাজ্যের মতবিরোধ থাকায় ঐ নদের বেড হইতে উত্তোলিত বালির জন্য রাজস্ব সাধারণত বর্ধমান জেলায় জমা হয় না। তবে একটি ক্ষেত্রে প্রায় তিন হাজার টাকার মত রাজস্ব আদায় হইয়াছে। অজয় নদীর বেড হইতে বালি উত্তোলন এবং বিক্রয়—মিনারেল কনসেশন রুলস, ১৯৬০ এবং ওয়েস্ট বেঙ্গল মাইনর রুলস, ১৯৫৯ অনুযায়ী নিয়ন্ত্রিত হয়।

কয়লা খনির ব্যবহারের জন্য এই অঞ্চলের বালি সাধারণত কোল বোর্ডকে ইজারা দেওয়া হয়। কোল বোর্ড ইজারা লইতে অনিচ্ছুক হইলে কোলিয়ারীগুলিকেই তাহাদের প্রয়োজনানুসারে বালি তুলিবার জন্য ইজারা দেওয়া হয়। জরুরী ক্ষেত্রে রাজস্ব আগাম জমা দিয়া বালি ক্রয় করার অনুমতিও কোলিয়ারীগুলিকে দেওয়া হয়।

কয়লাখনি ব্যতীত অন্যান্য কার্যে ব্যবহার্য বালির প্রয়োজন মিটাইবার জন্যও স্বল্প ও দীর্ঘ মেয়াদী ইজারা দেওয়া হইয়া থাকে।

(খ) আদায়যোগ্য রাজস্ব বালির উত্তোলনের পরিমাণের উপর নির্ভর করে। সুতরাং প্রতি বৎসর আদায়যোগ্য রাজস্বের পরিমাণ এক থাকে না। অনুরূপ কারণে আদায়ীকৃত রাজস্বও প্রতি বৎসর এক থাকে না। ইহা ছাড়া কোন বৎসরের আদায়যোগ্য রাজস্ব পরবর্তী বৎসরেও আদায় হইতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯৬৮-৬৯ সালে আসানসোল মহকুমায় এই খাতে আদায়যোগ্য রাজস্বের পরিমাণ ছিল পাঁচ লক্ষ টাকার মত এবং উক্ত সময়ে আদায়কৃত রাজস্বের পরিমাণ ছিল চার লক্ষ টাকার মত।

(গ) হ্যাঁ, আছে।

**মেদিনীপুর জেলার বীনপুর থানায় জুনিয়ার হাই স্কুল ও উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যা**

**654.** (Admitted question No. 1359.)

**শ্রীজয়রাম দাসঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বীনপুর থানায় কয়টি জুনিয়ার হাই স্কুল ও কয়টি উচ্চ মাধ্যমিক স্কুল চালু আছে;

(খ) ঐ এলাকায় কয়টি জুনিয়ার হাই স্কুল অনুমোদনের জন্য সরকারের নিকট আবেদন করিয়াছেন; এবং

(গ) ঐ স্কুলগুলির আবেদন মঞ্জুর হইয়াছে কিনা?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) জুনিয়ার হাই স্কুল ১৩; এবং উচ্চ মাধ্যমিক স্কুল ৮।

(খ) ৬টি।

(গ) তদন্ত কার্য চলিতেছে।

**মুর্শিদাবাদ জেলায় রিভারপাম্পের সংখ্যা**

**655.** (Admitted question No. 1515.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কোন্ মহকুমায় কয়টি রিভারপাম্প চালু আছে;

(খ) উক্ত পাম্পগুলির কয়টি ডিজেল চালিত ও কয়টি বৈদ্যুতিক চালিত;

(গ) ডিজেল চালিত রিভারপাম্প বহরমপুর থানায় কয়টি চালু আছে; এবং

(ঘ) ১৯৬৮-৬৯ সালে বহরমপুর থানায় এই পাম্পগুলি চালু রাখার জন্য কত টাকা ব্যয় হইয়াছে এবং কত জমিতে সেচের জল দেওয়া হইয়াছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বহরমপুর সদর ২৪টি, লালবাগ ৯টি এবং কান্দি ৭টি।

(খ) সব কয়টি ডিজেল চালিত, কোনটি বিদ্যুৎ চালিত নহে।

(গ) বহরমপুর থানায় ১০টি প্রকল্প চালু আছে।

(ঘ) মোট ১,২৩,৬০০ টাকা ব্যয় হইয়াছে এবং মোট ৪,৫৫৬ একর জমিতে সেচ দেওয়া হইয়াছে। নীট হিসাবে ২,০৪২ একর জমি সেচপ্রাপ্ত হইয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় নূতন ও পুরাতন রাস্তা

**656.** (Admitted question No. 1519.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ নূতন রাস্তা নির্মাণ ও পুরাতন রাস্তা সংস্কার করিবার পরিকল্পনা ১৯৬৮-৬৯ সালে ছিল, এবং

(খ) এগুলির কোন্ কোন্‌টির কাজ শেষ হইয়াছে?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৮-৬৯ সালে কোন নূতন রাস্তার কাজ শুরু করা হয় নাই। তবে নিম্নলিখিত পুরাতন রাস্তাগুলির বিশেষ সংস্কারের কাজ উক্ত বছরে শুরু হয়ঃ

(১) আখেরিগঞ্জ-কাতলমারি,

(২) জীবন্তী-শেরপুর,

(৩) শেরপুর-বিষ্ণুপুর,

(৪) নলহাটি-মেরগ্রাম, এবং

(৫) মিত্রপুর-মুরারে।

ইহা ভিন্ন সকল সরকারী রাস্তার উপরই সাধারণ সংস্কারের কাজ চলিতেছে।

(খ) কোনও রাস্তার সংস্কারের কাজ এখনও শেষ হয় নাই।

### মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটি

**657.** (Admitted question No. 1608.)

**শ্রীগনেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা, সন্দেশখালি ও হিঙ্গলগঞ্জ থানা এলাকায় যেসকল মাধ্যমিক স্কুল আছে তার মধ্যে কোন্ কোন্ স্কুলের ম্যানেজিং কমিটি বাতিল করা হয়েছে; এবং

(খ) বর্তমানে সেই সকল স্কুলে কিভাবে পরিচালনার কাজ চলছে?

**শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১। **গোসাবা থানাঃ** দয়াপুর পি সি সেন জুনিয়ার হাই স্কুল।

২। **সন্দেশখালি থানাঃ** হাটগাছা কে সি হাই স্কুল।

৩। **হিঙ্গলগঞ্জ থানাঃ** হিঙ্গলগঞ্জ হাই স্কুল।

(খ) ১। দয়াপুর পি সি সেন জুনিয়ার হাই স্কুলের পরিচালন ব্যবস্থা বর্তমানে প্রশাসকের হস্তে ন্যস্ত।

২। হাটগাছা কে সি হাই স্কুলের কার্যকরী সমিতি বাতিল করিয়া মধ্যশিক্ষা পর্ষদ অ্যাডহক কমিটি নিয়োগ করিয়াছেন। উক্ত কমিটি কার্যভার এখনও গ্রহণ না করার জন্য জেলা বিদ্যালয় পরিদর্শক মহাশয় গ্র্যান্ট-ইন-এড ও সরকারী ডি এ বিলের টাকা তুলিয়া শিক্ষকগণের মধ্যে বেতন হিসাবে বিতরণ করিয়াছেন।

৩। হিঙ্গলগঞ্জ হাই স্কুলের পরিচালন ভার বর্তমানে প্রশাসকের উপর ন্যস্ত রহিয়াছে।

### মেদিনীপুর জেলার শ্যামপুর গ্রামে হেলথ সেন্টার

**658.** (Admitted question No. 1678.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় এগরা থানায় শ্যামপুর গ্রামে হেলথ সেন্টার করিবার জন্য টাকা জমা দিতে সরকার আদেশ দিয়াছিলেন;

(খ) সত্য হইলে, ঐ আদেশ সরকার কবে দিয়াছিলেন এবং কত টাকা কবে জমা নিয়াছেন;

(গ) ঐস্থানে এযাবৎ কোন হেলথ সেন্টার করা হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি ঐ হেলথ সেন্টার করা না হইয়া থাকে তাহার কারণ কি?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক), (খ) ১৬-৩-৫৬ তারিখে কাঁথি মহকুমার সাবডিভিসনাল হেলথ অফিসার টাকা জমা দিতে অনুরোধ করিয়াছিলেন। ৫-৭-৫৬ তারিখে ৫,০০০ টাকা জমা দেওয়া হইয়াছিল।

(গ) না।

(ঘ) প্রথমতঃ নির্দিষ্ট জমি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পক্ষে অনুপযুক্ত ছিল। তাহার পর ১৯৫৮ সালে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নূতন (রিভাইজড) পরিকল্পনা চালু করা হইলে দেখা যায় যে ঐ গ্রামে উক্ত পরিকল্পনা অনুযায়ী কোনও স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের যৌক্তিকতা নাই। বিষয়টি অবশ্য এখন পুনর্বিবেচনা করা হইতেছে।

### পশ্চিমবঙ্গে ঔষধ তৈয়ারির কারখানা

**659.** (Admitted question No. 1740.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ঔষধ (ড্রাগ) তৈরীর কারখানা কয়টি; এবং

(খ) এই কারখানাগুলি হইতে পশ্চিমবঙ্গ সরকার কি পরিমাণ ঔষধ ক্রয় করে?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) অ্যালোপ্যাথিক ঔষধ তৈয়ারির কারখানা ২৯১টি।

(খ) বৎসরে প্রায় পঁচাশী লক্ষ টাকা মূল্যের ঔষধ ক্রয় করা হয়।

### মাদ্রাসার মঞ্জুরী

**660.** (Admitted question No. 1836.)

**শ্রীআফ্‌তাব উদ্দীন আহমেদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে জুন পর্যন্ত কতগুলি জুনিয়ার হাই, সিনিয়ার হাই এবং হাই মাদ্রাসা মঞ্জুরীর জন্য পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড শিক্ষা দপ্তরে সুপারিশ করিয়াছেন;

(খ) ঐ মাদ্রাসাগুলির মধ্যে কোন্ কোন্ মাদ্রাসা ইতিমধ্যে মঞ্জুরী লাভ করিয়াছে এবং কোন্ কোন্ মাদ্রাসা মঞ্জুরীর অপেক্ষায় আছে; এবং

(গ) যে মাদ্রাসাগুলি এখনও মঞ্জুরীকৃত হয় নাই সেই মাদ্রাসাগুলির সম্বন্ধে কত দিনের মধ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করিবেন?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে মোট ৬টি মাদ্রাসার জন্য মাদ্রাসা বোর্ড শিক্ষা দপ্তরে সুপারিশ করিয়াছেন। ইহার ভিতর ২টি সিনিয়ার হাই মাদ্রাসা এবং ৪টি জুনিয়ার হাই মাদ্রাসা। হাই মাদ্রসার জন্য সুপারিশ শিক্ষা দপ্তরে আসে নাই।

(খ) এইগুলি সরকারের বিবেচনাধীন আছে।

(গ) এই সমস্ত মাদ্রাসা সম্পর্কে সরকার যথাশীঘ্র উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

### উলুবেড়িয়া সদর হাসপাতালে দুর্নীতির অভিযোগ

**661.** (Admitted question No. 1987.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) উলুবেড়িয়া সদর হাসপাতালের ডাক্তার ও কর্মচারীদের দুর্নীতির কোনও অভিযোগ সরকার সম্প্রতি পাইয়াছেন কি; এবং

(খ) পাইলে, সরকার কি সে বিষয়ে তদন্তের ব্যবস্থা করিয়াছেন?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

### Construction of Health Centre in Kurulia village, 24-Parganas

**662.** (Admitted question No. 2593.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the Government had accepted contribution, several years back, from the public of village Kurulia, police-station [illegible], district 24-Parganas, for opening a Health Centre in the above village; and

(b) if so, when the Government is going to start construction of the above hospital?

**The Minister for Health:** (a) Yes.

(b) According to the revised Health Centre Scheme each Development Block will have three Health Centres—one primary and two subsidiary. This Block has already more than its quota; and as such, whether another Health Centre will be established there is under consideration of Government.

### নার্সদিগের বদলীর সংখ্যা

**663.** (Admitted question No. 2159.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের জানুয়ারী হইতে ১৯৬৯ সালের এপ্রিল পর্যন্ত মফঃস্বল জেলার বিভিন্ন হাসপাতাল হইতে কয়জন নার্স কলিকাতা এবং কলিকাতার সরকারী হাসপাতালে বদলী হইয়া আসিয়াছেন;

(খ) যাঁহারা ঐ সময় মধ্যে বদলী হইয়া আসিয়াছেন তাঁহাদের মধ্যে কয়জন তাঁদের পূর্বতন স্থানে তিন বৎসর পর্যন্ত কাজ করিয়াছেন; এবং

(গ) নার্সদিগকে বদলী হওয়ার ব্যাপারে কি ধরনের নীতি অনুসরণ করা হয়?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ৯৫ জন।

(খ) ৮৯ জন।

(গ) নার্সদিগকে বদলী করার ব্যাপারে সাধারণতঃ নিম্নলিখিত নীতি অনুসরণ করা হইয়া থাকে—

(১) রোগীর পরিচর্যার এবং প্রশাসনিক কার্যের প্রয়োজনীয়তা ও সুবিধা অনুসারে নার্সদিগকে বদলী করা হয়। বদলীর পূর্বে নার্সরা তাঁহাদের পূর্বতন স্থানে একসঙ্গে কত বৎসর কাজ করিয়াছেন তাহাও বিবেচনা করা হয়।

(২) নিজের অনুরোধেও নার্সদিগকে বদলী করা হইয়া থাকে। তবে সে ক্ষেত্রে ভগ্ন স্বাস্থ্য অথবা বিশেষ জরুরী কারণে পূর্বতন কর্মস্থলে ন্যূনতম তিন বৎসর কাজ করিবার পরই উহা গ্রাহ্য করা হয়।

(৩) শাস্তিমূলক ব্যবস্থা হিসাবেও নার্সদিগকে বদলী করা হইয়া থাকে।

### উপ-প্রাথমিক হাসপাতালে নার্সের সংখ্যা

**664.** (Admitted question No. 2160.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একজন নার্স আছে এমন উপ-প্রাথমিক হাসপাতালের সংখ্যা কত;

(খ) দুইজন মাত্র নার্স আছে এমন উপ-প্রাথমিক হাসপাতালের সংখ্যা কত; এবং

(গ) উপরিউক্ত দুইটি ক্ষেত্রে নার্সগণ সাপ্তাহিক ছুটি, সরকারী বিজ্ঞাপিত দিবসগুলিতে ছুটি পায় কিনা?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ৭ (সাত)।

(খ) ৫৩৭।

(গ) সাপ্তাহিক বা আর আর ছুটি অন্যান্য হাসপাতালের নার্সগণ যেরূপ পাইয়া থাকেন, ইহারাও যতদূর সম্ভব তাহা উপভোগ করেন। তবে হাসপাতালের রোগীদের যাহাতে কোন অসুবিধায় পড়িতে না হয় তাহার দিকে বিশেষ দৃষ্টি রাখিয়া স্থানীয় কর্তৃপক্ষকে এই ব্যাপারে ব্যবস্থা করিতে হয়।

### কলিকাতার হাসপাতালগুলিতে মৎস্যের প্রয়োজন

**665.** (Admitted question No. 2198.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতার হসপিটালগুলিতে গড়ে দৈনিক কি পরিমাণ মৎস্য প্রয়োজন হয়?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়:** প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট বিবরণীতে প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 665

| | Name of Hospital | | Approximate daily requirement of fish in K.G. |
|---|---|---|---|
| 1. | Medical College Hospitals | ... | 140 |
| 2. | Lady Dufferin Victoria Hospital | ... | 24 |
| 3. | Amherst Street A. G. Hospital | ... | 13 |
| 4. | N. R. S. Medical College Hospital | ... | 62 |
| 5. | R. G. Kar Medical College Hospital | ... | 80 |
| 6. | The General Hospital and Patipukur T.B. Hospital attached to the J. B. Ashtanga Ayurveda College | ... | 12 |
| 7. | I. D. Hospital, Beliaghata Varies from 20 to 52 | | |
| 8. | B. C. Roy Polio Clinic and Hospital for Crippled Children, Beliaghata | ... | 1.20 |
| 9. | Dr. B. C. Roy Memorial Hospital for Children, Narkeldanga | ... | 4.50 |
| 10. | Hospital for Mental Diseases, Gobra | ... | 6.50 |
| 11. | Mental Observation Ward, Bhowanipore | ... | 4 |
| 12. | S. N. P. Hospital | ... | 15 |
| 13. | S. S. K. M. Hospital | ... | 70 |
| 14. | M. R. Bangur Hospital, Tollygunge | ... | 32 |

### Misappropriation of Fund of Pattikhanpur Anchal Panchayat

**666.** (Admitted question No. 2215.) **Shri Hazarilal Mondal:** Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to state—

(a) whether the Government has received any public complaint in respect of misuse of Anchal Panchayat Fund of Pattikhanpur Anchal Panchayat in the Hasnabad police-station of Basirhat subdivision of the district of 24-Parganas; and

(b) if so, what action Government has taken in this respect?

**The Minister for Panchayats:** (a) No.

(b) Does not arise.

### মালিওর বাঁধ সম্বন্ধে কমিটি

**667.** (Admitted question No. 2278.)

**শ্রীগফ্‌ফুর রহমান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মালিওর বাঁধ সম্বন্ধে সরকারকে পরামর্শ দেওয়ার জন্য কোন কমিটি গঠন হইয়াছে কি;

(খ) উত্তর হ্যাঁ হইলে, কবে এই কমিটি গঠিত হইয়াছে;

(গ) এই কমিটির সদস্যদের নাম ও ঠিকানা কি;

(ঘ) সদস্য নির্বাচনকালে কি কি বিষয় বিবেচনা করা হইয়াছে; এবং

(ঙ) এই কমিটির কয়টি সভা ইতিমধ্যে হইয়াছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) গত এপ্রিল মাসে।

(গ)

(১) ডাঃ গোলাম ইয়াজদানি, স্বরাষ্ট্র বিভাগের পাসপোর্ট ও সিভিল ডিফেন্স শাখার ভারপ্রাপ্ত মন্ত্রী—সভাপতি।

(২) শ্রীমহম্মদ আলি, এম এল এ, পোঃ ও জেলা মালদহ—সভ্য।

(৩) শ্রীইলিয়াস রাজি, এম এল এ, পোঃ চণ্ডীপুর, জেলা মালদহ—সভ্য।

(৪) শ্রীবীরেন্দ্র কুমার মৈত্র, তুলসীহাটা, পোঃ তুলসীহাটা, জেলা মালদহ—সভ্য।

(৫) শ্রীঅসিতকুমার সিংহ, পোঃ বিষ্ণুপুর, জেলা মালদহ—সভ্য।

(৬) শ্রীশচী রায়, পোঃ ও জেলা মালদহ—সভ্য।

(৭) শ্রীবাসাদ আলি, পোঃ তালসুর, জেলা মালদহ—সভ্য।

(৮) শ্রীদেবেন সাহা, মহেশপুর, পোঃ খরবা, জেলা মালদহ—সভ্য।

(৯) শ্রীকালীপদ মিশ্র, বাহারল, পোঃ রতুয়া, জেলা মালদহ—সভ্য।

(১০) জেলা শাসক, মালদহ -সভ্য। এবং

(১১) নির্বাহী বাস্তুকার, মালদহ, সেচ বিভাগ, পোঃ ও জেলা মালদহ—আহবায়ক।

(ঘ) মালিওর বাঁধের সমস্যার সম্বন্ধে তাঁহাদের অভিজ্ঞতার বিষয় বিবেচনা করা হইয়াছে।

(ঙ) দুইটি।

### পাকিস্তানে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক

**668.** (Admitted question No. 2281.)

**শ্রীবিমলকান্তি বসুঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষাক্ষেত্রে পাকিস্তানে (পি, টি) ট্রেনিংপ্রাপ্ত শিক্ষককে ট্রেন্ড টিচার হিসাবে গণ্য করা হয় কি; এবং

(খ) গণ্য করা হইলে কোচবিহার জেলায় উক্ত ট্রেনিংপ্রাপ্ত কত শিক্ষক কার্যে নিযুক্ত আছেন?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

### হাওড়া জেলায় অগভীর নলকূপ

**669.** (Admitted question No. 1507.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (ক্ষুদ্র সেচ, নলকূপ ইত্যাদি) বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় সেচের জন্য মোট কতগুলি অগভীর নলকূপ আছে;

(খ) ইহাদের মধ্যে কতগুলি বেসরকারী উদ্যোগে স্থাপিত ও কতগুলি সরকারী সাহায্যে স্থাপিত; এবং

(গ) যেসকল অঞ্চলে পানীয় জলের নলকূপগুলি ৫০০ ফুট-৬০০ ফুট গভীর সেসকল অঞ্চলে কতগুলি অগভীর নলকূপ আছে এবং তাহাতে কিরূপ সেচকার্য চলিতেছে?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন (ক্ষুদ্র সেচ, নলকূপ ইত্যাদি) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) মোট ১১৪টি।

(খ) ইহাদের মধ্যে ৪০টি সরকারী সাহায্যে স্থাপিত এবং বাকিগুলি বেসরকারী উদ্যোগে স্থাপিত।

(গ) হাওড়া অঞ্চলে একটিও নাই।

## সিনেমায় অশ্লীল প্রাচীরপত্র

**670.** (Admitted question No. 1755.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা বা মফঃস্বল শহরগুলিতে অশ্লীল সিনেমা প্রাচীরপত্রের ব্যাপক প্রচার রোধের জন্য সরকারী কি ব্যবস্থা আছে?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** কলিকাতা বা মফঃস্বল শহরগুলিসহ সমগ্র পশ্চিমবঙ্গে যাবতীয় সিনেমা প্রাচীরপত্রের জন্য সরকারী তত্ত্বাবধানে 'পশ্চিমবঙ্গ ফিল্ম পাবলিসিটি সেন্সরশিপ উপদেষ্টা কমিটি' নামক একটি কার্যকরী কমিটি আছে।

## নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন

**671.** (Admitted question No. 1815.)

**শ্রীহাজারীলাল মন্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গের কোথায় কোথায় নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হইয়াছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গের কোন জেলায় গ্রামাঞ্চলের জন্য এখন পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ের কোন নূতন কোটা মঞ্জুর করা হয় নাই। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## Corresponding rank in teaching line to Sub-Inspector of Schools

**672.** (Admitted question No. 1824.) **Shrimati Ila Mitra:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state as between the teaching staff of a High or Higher Secondary School and the Inspectorate under his Department what is the corresponding or analogous rank in such teaching line to the Sub-Inspector of Schools in the Inspectorate and whether there is any such corresponding rank in the teaching line in the non-Government Secondary (High or Higher) School?

**The Minister for Education:** The duties to be performed in the Inspectorate and the teaching line are quite different. So corresponding or analogous rank cannot be assessed.

**হাবড়া থানায় জবরদখল কলোনী**

**673.** (Admitted question No. 1858.)

**শ্রীসাধনকুমার সেনঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া থানায় কোন্ কোন্ জবরদখল কলোনী রহিয়াছে;

(খ) উহাদের মধ্যে কোন্ কোন্‌টিকে সরকার স্বীকৃতিদানের কথা চিন্তা করিতেছেন; এবং

(গ) এইসব কলোনীর গঠন এবং বাস্তুহারাদের গৃহনির্মাণ ও অন্যান্য সাহায্যদানের বিষয়ে সরকারের কি পরিকল্পনা রহিয়াছে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) আশুতোষ জবরদখল কলোনি এবং সুভাষপল্লী জবরদখল কলোনি নামে দুইটি বৈধকরণযোগ্য জবরদখল কলোনি আছে;

(খ) উক্ত দুইটি কলোনিকেই বৈধকরণযোগ্য বলিয়া ঘোষণা করা হইয়াছে,

(গ) এইসব কলোনির বাস্তুহারাদের পুনর্বাসনের জন্য গৃহনির্মাণ ঋণ দেওয়ার কোন ব্যবস্থা বর্তমানে নাই। আশুতোষ কলোনির উন্নয়নকার্য সমাপ্তপ্রায়, সুভাষপল্লী কলোনির উন্নয়নের প্রকল্প রচিত হইতেছে।

**Loans disbursed by the West Bengal Financial Corporation**

**674.** (Admitted question No. 1992.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the amount of loans disbursed by the West Bengal Financial Corporation in 1966, 1967, 1968 and up to June, 1969?

**The Minister for Commerce and Industries:** The amount of loans disbursed by the West Bengal Financial Corporation during the period is as follows:

| Financial Year | Amount of loans disbursed |
|---|---|
| | Rs. |
| 1965-66 ... ... | 1,14,55,000 |
| 1966-67 ... ... | 1,20,17,000 |
| 1967-68 ... ... | 57,69,000 |
| 1968-69 ... ... | 76,38,000 |
| Up to June, 1969, during the year 1969-70 | 18,85,000 |

**উত্তর ২৪-পরগনার বিভিন্ন হাসপাতালে ঔষধ সরবরাহ**

**675.** (Admitted question No. 2072.)

**শ্রীহারুণউর রসিদঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনার বিভিন্ন হাসপাতালে ঔষধ সরবরাহ করার কেন্দ্রের নাম কি;

(খ) সেই কেন্দ্র হইতে কতগুলি হাসপাতালে ঔষধ সরবরাহ করা হয়; এবং

(গ) বারাসত মহকুমা হাসপাতালকে উত্তর ২৪-পরগনার ফিডার হস্‌পিট্যাল করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

**স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ২৪-পরগনা জেলা রিজার্ভ স্টোর্স, ২৪৩নং আপার চিৎপুর রোড, কলিকাতা।

(খ) আলিপুর, ব্যারাকপুর, বারাসত, বসিরহাট ও বনগাঁ মহকুমার অধীনে সমস্ত হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্র।

(গ) বর্তমানে নাই।

### জবরদখল উদ্বাস্তু কলোনি

**676.** (Admitted question No. 1331.)

**শ্রীআহম্মদ নাসিরুদ্দিন খানঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোথায় কোথায় জবরদখল জমিতে রিফিউজি কলোনি রহিয়াছে;

(খ) এইসমস্ত জমির পরিমাণ কত;

(গ) ঐ জমির মালিকগণের মধ্যে মুসলমান মালিকের সংখ্যা কত এবং তাহাদিগের জমির পরিমাণ কত; এবং

(ঘ) ঐ সমস্ত মুসলমানদিগের জমির ক্ষতিপূরণ সরকার দিয়াছে কিনা?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) টালিগঞ্জসহ ২৪-পরগনা জেলায় ১২টি থানা, হুগলি জেলার শ্রীরামপুর থানা এবং হাওড়া জেলার বালি থানায় জবরদখল কলোনি রহিয়াছে;

(খ) ১৯১৪·১৮২৭ একর।

(গ) এই পরিসংখ্যান আপাতত জানা যায় নাই;

(ঘ) উক্ত (গ) প্রশ্নের উত্তরে বর্ণিত অবস্থায় ইহা এখনই বলা সম্ভব নয়।

### বর্ধমান জেলার কামারপাড়ায় স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসালয় ও আবাস গৃহগুলির অবস্থা

**677.** (Admitted question No. 1834.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ভাতাড় থানার বনপাশ অঞ্চলে কামারপাড়ায় স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসালয় ও কর্মচারীদের আবাসগৃহগুলি বাসের অযোগ্য হইয়াছে;

(খ) সত্য হইলে—

(১) উক্ত গৃহগুলি নির্মাণের সময়,

(২) নির্মাণ খরচ; এবং

(৩) মেরামত করার সম্ভাব্য সময়?

**স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বাসস্থানগুলির অবস্থা বর্তমানে খুবই খারাপ হইয়া পড়িয়াছে বলিয়া রিপোর্ট পাওয়া গিয়াছে।

(খ)

(১) উক্ত গৃহগুলি ১৯৫৪-৫৫ সালে নির্মিত হইয়াছিল।

(২) নির্মাণ করিতে মোট খরচ পড়িয়াছিল ৪৫,৪৪৬ টাকা।

(৩) পূর্তবিভাগ অভিমত প্রকাশ করিয়াছেন যে, চিকিৎসালয় ও আবাসগৃহগুলি মেরামত করিলে চলিবে না, ঐগুলিকে নূতন করিয়া নির্মাণ করিতে হইবে। এক লক্ষ পঁচিশ হাজার টাকার এস্টিমেট উক্ত বিভাগ হইতে পাওয়া গিয়াছে এবং উহা বিবেচনাধীন আছে। এস্টিমেট মঞ্জুর করিবার পর গৃহাদি নির্মাণের জন্য প্রায় দুই বৎসর সময় লাগিয়া থাকে।

### ঝাড়গ্রাম মহকুমায় সাঁকরাইল থানার বিভিন্ন মৌজায় বালিচাপা পড়া জমি

**678.** (Admitted question No. 1552.)

**শ্রীধনঞ্জয় কর:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর বন্যায় ডোলং নদীর বন্যা নিরোধ বাঁধ ভাঙ্গিয়া যাওয়ার ফলে ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল থানার নেকড়াঝুলি, কুমড়াখুপি, রগড়া প্রভৃতি মৌজার কত একর জমি বালিচাপা পড়িয়া নষ্ট হইয়া গিয়াছে; এবং

(খ) উক্ত অঞ্চলে বন্যা নিরোধ ব্যবস্থা গ্রহণ করিতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন এবং এই বিষয়ে কোন এস্টিমেট হইয়া থাকিলে তাহা কত?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) প্রায় ২৫০ একর।

(খ) সেচ বিভাগের অধীনে কোন বাঁধ নির্মাণের প্রস্তাব নাই এবং কোন প্রাককলনও প্রস্তুত করা হয় নাই। তবে সুবর্ণরেখা নদীর "আউটফল"এর নিকট ডোলং নদীর দক্ষিণ তীরে সাঁকরাইল থানার অন্তর্গত নেকড়াঝুলি, কুমড়াখুপি, রগড়া প্রভৃতি মৌজায় টেস্ট রিলিফ মারফত নির্মিত বাঁধ যাহা গত বৎসরের বন্যায় জায়গায় জায়গায় ভাঙ্গিয়া গিয়াছিল তাহা টেস্ট রিলিফ মারফত মেরামত করা হইয়াছে।

### মুর্শিদাবাদ জেলার বাগড়ী অঞ্চলে পাটশাক খাইয়া লোকের মৃত্যু

**679.** (Admitted question No. 1199.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বাগড়ী অঞ্চলে কীটনাশক ঔষধ পাট ফসলে যাহা ব্যবহৃত হইয়া থাকে ঐরূপ পাটশাক খাইয়া কতজন লোকের মৃত্যু গত দুই মাসে হইয়াছে; এবং

(খ) এই সম্পর্কে কৃষি বিভাগ হইতে কিরূপ ব্যবস্থা লইয়াছেন যাহাতে এইরূপ দুর্ঘটনা না ঘটে?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এইরূপ কোন সংবাদ সরকারের জানা নাই।

**(খ) মহকুমা আধিকারিকগণ বিষাক্ত ঔষধ বিতরণের বা বিক্রয়ের অনুমতি (লাইসেন্স) প্রদান করিয়া থাকেন।**

দুর্ঘটনা এড়াইবার জন্য অনুমোদিত বিক্রেতাগণ ঔষধ প্রয়োগ সম্বন্ধে ক্রেতাগণকে সতর্ক করিয়া দেন। ইহা ছাড়া যে সকল কৃষিক্ষেত্রে বিষাক্ত ঔষধ প্রয়োগ করা হয় প্রচলিত রীতি অনুযায়ী সেসকল ক্ষেত্রে বিশেষ নিশানা রাখা হয় যাহাতে কেহ ঐ ক্ষেত্রের কোন সবজী ব্যবহার না করেন। ঔষধ প্রস্তুতকারী এবং সরকারের তরফ হইতেও বিভিন্ন প্রচারপত্রের মাধ্যমে বিষাক্ত ঔষধ প্রয়োগ, প্রতিষেধক এবং সাবধানতা অবলম্বন সম্বন্ধে সতর্ক করিয়া দেওয়া হয়।

**জেলা প্রচার দপ্তরের কাজ**

**680.** (Admitted question No. 1702.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ জেলা প্রচার দপ্তরগুলির কাজ কি;

(খ) এই দপ্তরগুলি জনস্বার্থ সংশ্লিষ্ট সরকারী নীতি জনসাধারণে প্রচার করেন কিনা;

(গ) করিলে কিভাবে সরকারী নীতি প্রচারিত হয়; এবং

(ঘ) রাজ্যে এই দপ্তরে মোট অফিসার ও কর্মচারীর সংখ্যা কত?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) সরকারের নীতি ও পরিকল্পনা বিভিন্ন মাধ্যমে জনসাধারণের মধ্যে প্রচার করিয়া তাঁদের জীবনের মানোন্নয়নের প্রচেষ্টায় তাঁহাদিগকে উদ্বুদ্ধ করা জেলা তথ্যদপ্তরের কাজ। জনসাধারণের মতামত ও প্রতিক্রিয়া সরকারের গোচরে আনাও এই দপ্তরগুলির কাজের অন্তর্গত।

(খ) হ্যাঁ, করেন।

(গ) সভা, ব্যক্তিগত আলোচনা, পোষ্টার, চলচ্চিত্র প্রদর্শনী, সাময়িক পত্রপত্রিকা ও অন্যান্য প্রচারপত্র বিলির মাধ্যমে।

(ঘ) গেজেটেড অফিসার ৬০ এবং অন্যান্য কর্মচারী ১,১৩৫।

**বলরামপোতা সরকারী কলোনীতে পানীয় জলের অবস্থা**

**681.** (Admitted question No. 1647.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে উলুবেড়িয়া ২নং ব্লকের বলরামপোতা সরকারী কলোনীতে পানীয় জলের খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এবিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

**(খ) যে চারিটি নলকূপ অকেজো হইয়া পড়িয়া আছে তাহার মধ্যে একটিকে পুনরায় বসাইবার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।**

**এগ্রিকালচার এক্সটেনসন অফিসারগণের আন্দোলন**

**682.** (Admitted question No. 1996.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, এগ্রিকালচার এক্সটেনসন অফিসারগণ ব্লক ডেভেলপমেন্ট অফিসারগণের অধীনে না থাকিয়া পৃথক অফিস করিবার জন্য আন্দোলন করিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এসম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন কিনা?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) এই বিষয়ে সরকারী-ভাবে কোন রিপোর্ট এই দপ্তরে আসে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**বি টি কলেজ**

**683.** (Admitted question No. 949.)

**শ্রীকালীপদ মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতগুলি বি টি কলেজ আছে,

(খ) ঐসব কলেজের কোনটিতে কতজন শিক্ষার্থী প্রতি বছর শিক্ষণ লাভ করিয়া থাকেন; এবং

(গ) বি টি কলেজের কোনওটি কি তপশিলী ও আদিবাসীদের জন্য সংরক্ষণের (রিজারভেশান) ব্যবস্থা আছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) পশ্চিমবঙ্গে মোট ৩৫টি বি টি কলেজ ও বি টি বিভাগ আছে। জেলাভিত্তিক কলেজগুলির সংখ্যা নিম্নে দেওয়া হইল-

| | জেলার নাম | | কলেজ ও বিভাগের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | কলিকাতা | ... | ৯ |
| ২। | মেদিনীপুর | ... | ৬ |
| ৩। | চব্বিশ-পরগনা | ... | ৬ |
| ৪। | হাওড়া | ... | ৩ |
| ৫। | মুর্শিদাবাদ | ... | ১ |
| ৬। | নদীয়া | ... | ১ |
| ৭। | বর্ধমান | ... | ১ |
| ৮। | বীরভূম | ... | ১ |
| ৯। | পুরুলিয়া | ... | ১ |
| ১০। | মালদহ | ... | ১ |
| ১১। | জলপাইগুড়ি | ... | ১ |
| ১২। | কোচবিহার | .. | ১ |
| ১৩। | দার্জিলিঙ | .. | ১ |
| ১৪। | হুগলী | ... | ২ |

**(খ) বিভিন্ন কলেজে ছাত্র সংখ্যা সম্বলিত একটি তালিকা নিম্নে সংলগ্ন করা হইল।**

**(গ) না।**

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 683

| কলেজের নাম | | ছাত্র সংখ্যা |
|---|---|---|
| **কলিকাতা** | | |
| ১। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ | ... | ২৪০ |
| ২। স্কটিশ চার্চ কলেজ (বি টি বিভাগ) | . | ৬০ |
| ৩। সেন্ট জেভিয়ার্স কলেজ (বি টি বিভাগ) | .. | ১২০ |
| ৪। লরেটো বি টি কলেজ | ... | ৪০ |
| ৫। কলিকাতা বিশ্ববিদ্যালয় বি টি কলেজ | . | ২৫০ |
| ৬। ক্যালকাটা গার্লস কলেজ (বি টি বিভাগ) | ... | ১০০ |
| ৭। শ্রী শিক্ষায়তন বি টি কলেজ | ... | ৫০ |
| ৮। অল বেঙ্গল টিচার্স ট্রেনিং কলেজ | ... | ১৫০ |
| ৯। বিরলা কলেজ অব সায়েন্স অ্যান্ড এডুকেশন | ... | ৬০ |
| **মেদিনীপুর** | | |
| ১। সেবায়তন শিক্ষণ মহাবিদ্যালয় | ... | ১২০ |
| ২। তাম্রলিপ্ত মহাবিদ্যালয় | ... | ১২০ |
| ৩। পি কে কলেজ, কন্টাই | ... | ১০০ |
| ৪। পাঁশকুড়া বনমালী কলেজ (বি টি বিভাগ) | | ১৬০ |
| ৫। যোগদা সৎসঙ্গ পালপাড়া মহাবিদ্যালয় | . | ১২৫ |
| ৬। বিদ্যাসাগর টিচার্স ট্রেনিং কলেজ | ... | ১৫০ |
| **২৪-পরগনা** | | |
| ১। ইনস্টিটিউট অব এডুকেশন অব উইমেন, আলিপুর | | ১৫০ |
| ২। গোবরডাঙ্গা হিন্দু কলেজ (বি টি বিভাগ) | .. | ২০০ |
| ৩। ফকিরচাঁদ কলেজ | ... | ১০০ |
| ৪। গোপালচন্দ্র মেমোরিয়াল বি টি কলেজ | . | ১২০ |
| ৫। নন্দলাল ঘোষ বি টি কলেজ | .. | ১২৫ |
| ৬। গান্ধী সেন্টিনারী বি টি কলেজ | . | ১২৫ |
| **হাওড়া** | | |
| ১। রামকৃষ্ণ শিক্ষণ মন্দির, বেলুরমঠ | ... | ২০০ |
| ২। হাওড়া গার্লস কলেজ (বি টি বিভাগ) | . | ১২০ |
| ৩। উলুবেড়িয়া কলেজ (বি টি বিভাগ) | .. | ১২৫ |
| **হুগলী** | | |
| ১। গভর্নমেন্ট টিচার্স ট্রেনিং কলেজ | ... | ১৬০ |
| ২। ইনস্টিটিউট অব এডুকেশন (পোস্ট গ্রাজুয়েট) ফর উইমেন, চন্দননগর | ... | ২০০ |

মুর্শিদাবাদ

ইউনিয়ন ক্রিশ্চিয়ান ট্রেনিং কলেজ, বহরমপুর ... ১০৫

বীরভূম

বিশ্বভারতী টিচার্স ট্রেনিং কলেজ ... ১২০

বর্ধমান

গভর্নমেন্ট কলেজ অব এডুকেশন ... ২০০

নদীয়া

কল্যাণী ইউনিভারসিটি টিচার্স ট্রেনিং কলেজ ... ২১০

পুরুলিয়া

তপনসরকার টিচার্স ট্রেনিং কলেজ ... ২০০

জলপাইগুড়ি

আনন্দচন্দ্র ট্রেনিং কলেজ ... ১২০

কোচবিহার

ইউনিভারসিটি বি টি অ্যান্ড ইভনিং কলেজ .. ১০০

দার্জিলিঙ

শ্রীরামকৃষ্ণ বি টি কলেজ ... ১০০

মালদহ

গভর্নমেন্ট টিচার্স ট্রেনিং কলেজ . ১০০

**Adjournment Motion**

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** I have received two notices of Adjournment Motion on the following subjects, namely:—

(1) Incident in the Court of Additional Session Judge, Alipore, on 19th August, 1969—from Shri Gyan Singh Sohanpal, and

(2) Incident in the Court of Additional District Judge, Alipore, on 19th August, 1969—from Shri A. K. M. Ishaque.

I have withheld consent. The honourable members may kindly read the texts of their motions.

**Shri Gyan Singh Sohanpal:** Sir, it was a very serious matter and I expected that consent would be given.

**Mr. Speaker:** Please read the text of your motion only. I will not allow you to say anything.

**Shri Gyan Singh Sohanpal:** Sir, my adjournment motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—Organised attack by C.P.M. supporters on Shri Panna Lal Chatterjee, Additional District Judge, Alipore, while in Court room, to protest against his judgment sentencing two persons to life imprisonment in murder case, when he had to be escorted home by the police and the failure of the West Bengal Government to ensure free and independent functioning of the judiciary in the State.

ডঃ নলীনাক্ষ সান্যাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার রুলিং-এর কোন কোশ্চেন করতে চাই না। কিন্তু আমাদের রুলসের যে প্রভিসান আছে আপনি যখন কোন পার্টিকুলার মেম্বারের কোন অ্যাডজোর্নমেন্ট মোসান বাতিল করছেন তখন আমি আশা করি অন্ততঃ তাঁকে জানিয়ে দেবেন যে, এই গ্রাউন্ডে তোমার এটা গ্রহণযোগ্য হ'ল না। তা যদি না করা যায়, তা হ'লে সেই মেম্বার ভবিষ্যতে কি করলে, আপনি সেটা গ্রহণযোগ্য করবেন তা জানতে পারবেন না। আমার নিবেদন হচ্ছে এই যে, যখন বাজেট সেসান ছিল তখন অ্যাডজোর্নমেন্ট মোসান নাকচ করেছেন, তার একটা যুক্তি ছিল যে, বাজেটের মধ্যে আলোচনা হ'তে পারে। কিন্তু এখন যখন আমাদের সাধারণ বিলের আলোচনা চলছে, সে সময় যদি কেউ অ্যাডজোর্নমেন্ট মোসান দেয়, তা হ'লে আপনি দয়া ক'রে বুঝিয়ে দিন যে, সেই মেম্বারের কেন অ্যাডজোর্নমেন্ট মোসান গ্রহণযোগ্য হ'ল না—তা হ'লে তাঁর পক্ষে ভবিষ্যতে নিয়মমত অ্যাডজোর্নমেন্ট তৈরি ক'রে দেবার সুবিধা হয়। অ্যাডজোর্নমেন্ট মোসান সম্বন্ধে নিয়ম আছে, আপনি গ্রহণযোগ্য মনে না করলেও হাউসে প্লেস করবেন এবং যদি বিকুইজিট নাম্বার তার সাপোর্টে দাঁড়ায়, তা হ'লে সেটা অ্যাকসেপ্ট করবেন। আমি আপনার রুলিং-এর চ্যালেঞ্জ করছি না, কিন্তু এই রীতি যেটা বইতে আছে, আপনি সেটা অনুগ্রহ ক'রে ফলো করবেন, এটা আপনার কাছে নিবেদন করছি।

**মিঃ স্পীকার:** সেটা আমার ডিসক্রিসন আছে, আমি করেছি। এর পরে দেখব, আমি কি করতে পারি।

**Shri A. K. M. Ishaque:** Sir, my adjournment motion runs thus:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—That on 19th August, 1969, a mob of about 250 persons wearing aggressive outlook, started pouring in the Court of Shri Pannalal Chatterjee, Additional District Judge, Fifth Court at Alipore from 2-30 p.m. and when at about 4 p.m. the said Learned Judge delivered judgment in Sessions Trial No. 2 of July, 1969, convicting two accused persons out of four, sentencing them to suffer rigorous imprisonment for life, the mob got infuriated and started raising very objectionable slogans and adopted aggressive attitude as a result of which the District Judge had to seek police help and escort for safe-return of the said Judge to his home.

**মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বক্তৃতা করছি না। আমরা আশা করেছিলাম যে, আপনি অন্ততঃ এই অ্যাডজোর্নমেন্ট মোসানটা অ্যালাও করবেন, কারণ বাংলাদেশে এখন গণতন্ত্র খর্বিত হচ্ছে, তাই এই অ্যাডজোর্নমেন্ট মোসানটা অ্যালাও করবেন, আশা করেছিলাম।**

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** Next item is Calling Attention. The Hon'ble Minister will give the reply.

**Shri Hare Krishna Konar:** Mr. Speaker, Sir, in response to the notices served by Sarbashri Tarun Sen Gupta, Haradhan Ray and Sunil Basu Roy, honourable members of this House, calling the attention of the Minister-in-charge of the Home (Police) Department to a matter of urgent public importance, namely, the murder of Ram Milan Kahar, an employee of Haripur Colliery in the district of Burdwan on the 4th August, 1969, I beg to make the following statements.

At East Chhora Colliery, with P.S. Ondal in the Subdivision of Asansol, in the district of Burdwan there are two trade unions. On the 4th August, 1969, the representatives of one of these trade unions which also embraces the workers of the adjoining Haripur Colliery went on a deputation to the Manager of the East Chhora Colliery with a charter of demands. Suddenly without any provocation whatsoever about 50 or 60 members of the rival trade union attacked the members of the deputation. Two of the latter received injuries. One of them Milan Kahar of Haripur Colliery who was stabbed with a sword succumed to his injury at the hospital where he was removed. The preliminary enquiry by the police showed that this attack was instigated by the Manager and the Labour Welfare Officer of the East Chhora Colliery. They were accordingly arrested together with 14 other persons. They were, however enlarged on bail by the Sessions Judge of Burdwan. The situation is at present peaceful The investigation of the police is in progress.

**Mr. Speaker:** Next is Explosion of time bombs in two Cinemas in Calcutta called attention by Shri Kalipada Mondal on 13th August, 1969.

**Shri Hare Krishna Konar:** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Kalipada Mondal, an honourable member of this House, calling the attention of the Minister-in-charge of the Home (Police) Department to a matter of urgent public importance, namely, explosion of time bombs in the two cinema houses in Calcutta, I beg to make the following statement.

At about 4-15 p.m. on the 12th August, 1969, a bomb which was fitted with a timing device exploded below of the seats of the balcony of the Globe Cinema.

[2-20—2-30 p.m.]

No one was occupying that seat and the audience in the balcony was also very thin. Therefore no one was injured as a result of this explosion. The show was suspended for about seven minutes, after which it was resumed and it concluded without any further interruption.

On the same day at about 5.20 p.m. after conclusion of the matinee show at the Light House Cinema one of the users of the balcony noticed a ladies' hand bag abandoned under one of the seats of the Dress Circle. He took the bag to the Manager who on opening it found a time-piece fitted with electric wires. He suspected that the device might be a time bomb and he accordingly put it in a bucket of water in front of his office. Shortly thereafter, that is, at about 5.45 p.m., the device exploded although it was submerged in water. One of the employees of the cinema who was pouring water into the bucket and a police officer, who was on duty outside the cinema and who had come to the Manager's Office on hearing about the discovery of the hand bag, received slight injuries from the explosion.

The preliminary police investigation reveals that both the explosives devices were similar in nature. Both were contained in ladies' hand bags and the modus operandi of the criminals who placed them in the two cinema houses was the same. It is believed that the criminals entered the two cinema houses after purchasing tickets as bona fide cinema goers and surreptitiously left the auditorium after placing the bombs under certain seats.

The police are investigating both the incidents with the assistance of explosive experts. The result of their investigation is awaited.

**Mr. Speaker:** The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of the proposed strike in tea gardens—called attention by Shri Mohammed Abdul Latif on the 14th August, 1969.

**Shri Krishnapada Ghosh:** Sir, in reply to the Calling Attention Notice by Shri Mohammed Abdul Latif on the subject of the proposed strike in tea gardens I would like to make the following statement:

I convened three Tripartite Conference at Calcutta on 6th June, 1969, 7th June, 1969 and 18th July, 1969 with a view to resolving the basic disputes subsisting in the tea industry. The representatives of all the major employers' organisations and trade unions participated in the Conferences. At the end of the first two meetings on 7th June, 1969 the following conclusions were reached:

(1) It was agreed that all the amenities the workers were entitled to under the Plantations Labour Act would be given to temporary workers, such as medical benefits, protective clothings to resident workers (to others subject to security), annual leave with pay, etc. They would be given same wages with variable dearness allowance, the same task, festival holidays with pay during the period they work as allowed to permanent labour.

(2) The questions of supply of ration at concessional rate to temporary workers and land-labour ratio were decided to be taken up at a subsequent tripartite conference.

(3) On the issue of contract labour a broad agreement was arrived at to the effect that contract labour would not be employed for permanent agricultural work of a perennial nature such as plucking, pruning, sickling, hoeing, defoliation, digging of sectional drains and planting of new tea. A resolution to the following effect was adopted: "It was agreed that contractors' labour shall not be employed on agricultural work of a perennial nature, such as plucking, pruning, sickling, hoeing, defoliation, sectional drainage and planting of new tea. For uprooting tea bushes where permanent garden labour are not available, temporary labour may be employed. It is however recognised that estates may have to carry out certain specialised jobs and operations which do not form a normal feature of an estate work-schedule, like digging major outlet drains, building houses, cutting firewood which may be done through contractors."

(4) It was agreed—(i) to stop pro rata deduction of wage, (ii) on the issue of fixation of norms, present system was agreed to be continued as an interim measure pending agreement on a new system, and (iii) on the issue of extra leaf pice it was agreed that an interim measure the extra leaf pice rate would be raised for Dooars and Tarai from 5.5 paise per kg. to 7 paise per kg.

At the last Tripartite Conference on 18th July, 1969 the issues relating to (i) supply of ration to temporary workers, (ii) land-labour ratio and (iii) grievances of the clerical, medical, technical and sub-staff were taken up for discussion. On the issue of supply of ration the employers, while agreeing to supply ration at concessional rate to the resident temporary workers, refused to supply such ration to the outside temporary workers. The trade union representatives categorically refused to countenance any proposal to differentiate between the sections of workmen in regard to any benefit. In this connection the employers also assured that they would not employ any outside temporary workers without giving first preference to resident temporary workers. While the offer of the employers was noted, there could be no agreement on the issue due to differences in approach of the parties concerned.

On the issue of land-labour ratio also there could be no agreement as there was no meeting ground between the view-points of either side. The employers' reperesentatives dwelt on their financial troubles, changes in the present system of work and plantation method and additional liabilities in recent years in support of their refusal to fix any standard land-labour ratio. The trade union representatives, on the other hand, complained of gradual erosion of employment potential in tea estates, reduction in the total complement of labour force and the need for increasing the employment potential in this labour-intensive industry. They cited the Quader Nawaz Committee's report in favour of fixing a minimum land-labour ratio. The grievances of the clerical, medical and technical staff were decided to be taken up by a Joint Labour Commissioner for processing the implications thereof.

In the meeting held at Jalpaiguri by the Labour Commissioner on 11th August, 1969 the employers agreed that concessional ration would be given to resident temporary workers and cash equivalent to concessional ration would be given to non-resident temporary workers for this year provided that the issues of land-labour ratio and concessional ration were considered as a package deal and the unions agreed not to press their demand for fixing land-labour ratio. The unions, however, made it clear that they would consider settlement of the issue regarding ration of temporary workers provided a satisfactory settlement was reached on employment.

As a compromise formla the unions suggested acceptance of 1958 as base year for fixing labour complement instead of 1956 as pressed by them earlier. The unions, however, pointed out that they were not agreeable to take up other issues in the strike notice for discussion unless the issue of land-labour ratio was settled.

The employers did not agree to the above proposal of the unions and made it clear that they could not give any assurance in regard to fixation of land-labour ratio. As the employers did not agree, no settlement was possible. The representatives of ITA and TAI met the Labour Minister on 14th August, 1969 to apprise him of that the industry was proposed to fill up 50 per cent. of the vacancies occurring from August, 1969. As this was not acceptable to the unions, no settlement was possible. The strike has started from 18th August as per the unions' strike notice. The strikers have remained so far completely peaceful.

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টি আপনার দৃষ্টি আকর্ষণ করতে বাধ্য হচ্ছি যে, এই স্টেটমেন্টগুলি ইংরাজীতে না দিয়ে বাংলায় দেবার জন্য। ইংরাজীতে স্টেটমেন্ট না দিয়ে মন্ত্রীরা কি এগুলি বাংলায় দিতে পারেন না? এগুলি বাংলায় দিলে তাদের কি অসুবিধা হয় সেটা আমি বুঝতে পারি না। আমাদের সেন্টিমেন্ট ব'লে তো একটা জিনিস আছে, আমাদের রাইট আছে এগুলি বাংলায় দিতে হবে। কিন্তু বারবার বলা সত্ত্বেও ঐ অফিসাররা এগুলি কেয়ার করে না। এটা কি রকম ব্যাপার?

**মিঃ স্পীকারঃ** আপনি যে কথা বলেছেন সেটা তো ভাল কথাই বলেছেন। আমার মনে হয়. তাই দেওয়া উচিত। এখানে না দিয়ে যিনি কলিং অ্যাটেনশান দিয়েছেন তাকে দিন। আপনার বিষয়টি আমি দেখছি কি করতে পারি। তবে ইংরাজী, বাংলা দুটোই চলেছে। ইংরাজী দেশ থেকে চলে যায় নি। কাজেই ইংরাজীতে দেবেন না—এই রকম কথা আমি বলতে পারি না। কারণ সংবিধান সে অধিকার আমাকে দেয় নি। তবে আপনারা বলেছেন বাংলায় দিতে, আমি দেখছি কি করতে পারি।

Hon'ble Minister-in-charge of Home (Transport) Department will please make a statement on the subject of bus strike throughout the district of Burdwan—called attention by Shri Phakir Chandra Roy on the 1st August, 1969.

[2-30- -2-40 p.m.]

**শ্রীআবদুল্লা রসুলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাংলাতে বলছি। অবশ্য কলিং অ্যাটেনশনের উপর বাংলায় বলা একটু অসুবিধা হয়। যা হোক, এই কলিং অ্যাটেনশন যেটা আমার কাছে এসেছে এই ধরনের জিনিস ৩০এ তারিখে এসেছিল, সেদিন আমি উত্তর দিয়েছিলাম—তা সত্ত্বেও আজকে আবার উত্তর দিচ্ছি। বর্ধমান জেলায় যে বাসের স্ট্রাইক হয়েছিল সেটা বনকাপাসী ব'লে একটা গ্রামে শুরু হয় সেটা মংগলকোট থানায় পড়ে কাটোয়া মহকুমায়। বাসটি বর্ধমান থেকে ডাঁইহাট যায়। তার একজন ক্লিনারকে কিছু লোক মারপিট করে এবং এইরকম ঘটনা পূর্বেও হয়েছিল ব'লে বাস কর্মীরা ধর্মঘট করেন। সেই ধর্মঘট সম্পর্কে তাড়াতাড়ি হস্তক্ষেপ করার চেষ্টা হয়েছিল। ওখানে জেলা ম্যাজিস্ট্রেট করেছিলেন, এখান থেকে ও আমরা চেষ্টা করেছিলাম এবং তার ফলে ২৭ তারিখ থেকে আরম্ভ করে ২৯ তারিখে ধর্মঘট প্রত্যাহার করা হয় এবং ৩০ তারিখে সকালবেলা থেকে ঐ জেলাতে বাস নিয়মিত চলতে আরম্ভ করে।

**Mr. Speaker:** I have received eleven notices of calling attention on the following subjects, namely:—

(1) Attack of posts in paddy fields of 24-Parganas—from Shri Ganesh Chandra Mondal;

(2) Collapse of a house at Rajabagan dockyard in Metiabruz P.S.—from Shri Gyan Singh Sohanpal;

(3) Erosion of bank of river Ganges in Murshidabad district—from Shri Amalendra Lal Roy;

(4) Strike in tea gardens of West Bengal—from Shri Ram Krishna Saraogi;

(5) Flood in Malda district—from Shri Ram Krishna Saraogi;

(6) Attack on the houses of S.S.P. workers by the C.P.I.(M) supporters in Baruipur P.S.—from Shri Ram Krishna Saraogi;

(7) Clash between R.S.P. and C.P.M. in P.S. Basanti—from Shri Ram Krishna Saraogi;

(8) Non-payment of salary to teachers of Bhagabanpur High School, Midnapur—from Shri Bibhuti Pahari;

(9) Flood in Malda district—from Dr. Zainal Abedin;

(10) Flood in Malda district—from Shri Gyan Singh Sohanpal; and

(11) Reported lathi charge at the Alipore Central Jail on 21st August, 1969—from Shri Mohamed Abdul Latif.

I have selected the notice on the subject of non-payment of salary to teachers in Bhagabanpur High School, Midnapur—from Shri Bibhuti Pahari. The Minister may please make a statement on the subject today or on a convenient day.

**Shri Satya Priya Roy: The statement will be made on Tuesday next.**

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার কতকগুলি অঞ্চল বিশেষ ক'রে জঙ্গীপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানায় বান হয়েছে সেই খবর মন্ত্রীরা রাখেন? বিশেষ ক'রে তেঘরি, বড় সিঙ্গুল অঞ্চলের ২৫/৩০টা গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সুতি থানায় ঔরঙ্গাবাদ আধা শহরের কি অবস্থা হয়েছে সেকথা অনেকবার বলা হয়েছে। এ ছাড়া বাংলা-দেশের বিভিন্ন জায়গায় বন্যা হয়েছে সেই খবর এসে পৌঁচেছে। আমি আপনার মারফত মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, এই বন্যার ব্যাপারটা নিয়ে কি অবস্থা কোথায় হচ্ছে এবং এ সম্পর্কে সরকার কি করছেন এবং আমাদেরই বা বক্তব্য কি সেগুলির ব্যাপারে যদি কিছু সময় ধার্য করা হয় তা হ'লে ভাল হয়। যেদিনই হোক অন্ততঃ দু'ঘণ্টা একটা বিতর্ক এ ব্যাপারে, আমার মনে হয়, হওয়া উচিত। কারণ আমরা দেখেছি বারবার আমরা বলছি যে, একটা শহর ভেঙ্গে যাচ্ছে—আমাদের সরকার যখন আছে তখন সরকারকে একটা বিহিত করতে হবে। সেজন্য আমার অনুরোধ হচ্ছে যে, মন্ত্রিসভা এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে বিবেচনা ক'রে দেখুন এবং এর জন্য কিছু সময় ধার্য করুন যাতে আমরা আমাদের বক্তব্য রাখতে পারি এবং আমরা জানতে পারি যে, সরকারই বা এই ব্যাপারে কি করছেন। কাজেই একটা সময় ধার্য করুন যাতে বন্যা পরিস্থিতি নিয়ে আমরা আলোচনা করতে পারি, কারণ বিভিন্ন জায়গায় বহু ক্ষয়ক্ষতি হচ্ছে।

•

**Shri A. H. Besterwitch:** Sir, I rise to raise some corrupt charges against the Director of the Animal Husbandry Department and I place on the table the relevant papers. I request the Minister to take immediate action against him. There was a vigilance commission's report against this Director and the report was sent to the Government in 1966 when the Congress was in power. That Government requested the vigilance commission to revise its report but they refused. And when our Government i.e. the U.F. Government came into power in 1967 I think the whole matter was misrepresented to the Chief Minister and that gentleman is now made permanent. No action was taken against him. But at the same time he is threatening all the workers under him. He is threatening all the staff that if they do not co-operate with him he will take serious action against them. Moreover when he goes out in various districts he calls on the staff and collects subscriptions from them under threat of action being taken against them. So I would request that the Government will take immediate action in this matter and I am going to place the papers on the table. There is also a letter with me showing how this corrupt officer is corrupting everybody. He got the Secretary of the Department to issue directives to various branches saying that everyone should be appointed after consultation with him. I am placing even that copy of the letter on the table.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, মাননীয় সদস্য অমল রায় মহাশয় যে কথা বললেন, আমি সেই কথাই বলছি। তিনি তেঘরী, ঔরাঙ্গাবাদ ইত্যাদি জায়গার সম্বন্ধে বলেছেন, কিন্তু আমি বলছি মুর্শিদাবাদ জেলায় আরও বহু জায়গা বন্যার দ্বারা আক্রান্ত হয়েছে। জিয়াগঞ্জ থানা প্রায় বিপদ সীমায় এসে গেছে। গঙ্গার জল অনেক জায়গায় বিপদ সীমা পর্যন্ত এসে গেছে। ব্রাহ্মণী নদীর জল আর কিছু বাড়লে অনেক অঞ্চল ভেসে যাবে। রিলিফ মন্ত্রীকে আবেদন করব তিনি রিলিফ নিয়ে রেডি থাকুন। এর পর আর যদি জল বাড়ে, তা হ'লে মুর্শিদাবাদ জেলায় অনেক জায়গা ডুবে যাবে।

**শ্রীসরল দেবঃ** স্যার, আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সমস্ত হাউস-এ মেনসন করি, কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রীরা সেসমস্ত ব্যাপার নিয়ে কি করেন তা আর আমরা জানতে পারি না। যা হোক, আমাদের যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর মধ্যে একটি বিষয় ছিল যে, কোন গণতান্ত্রিক আন্দোলনে পুলিস ব্যবহার করা হবে না। কিন্তু আমরা দেখছি, বারাকপুরের সি আই. ই সি ই বিড়লার কারখানায় ইউনিয়ন ভাঙ্গার জন্য মালিকের গাড়ী ক'রে কারখানার গেটে হাজির হল। এ সম্পর্কে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছ থেকে কিছু জানতে চাই।

দ্বিতীয় নম্বর কথা হচ্ছে ক্যানিং-এ গোলমাল হয়েছে। আমরা আগেই বলেছিলাম কারা ক'রা আক্রমণ করতে পারে তাদের নাম দেওয়া যেতে পারে। আমরা চেয়েছিলাম, যাতে গোলমাল না হয় এবং উপযুক্ত সময়ে পুলিস যায়। আমরা এস পি দেবব্রত ধরকে একথা জানানো সত্ত্বেও পুলিস পরে গেল। আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি, এ সম্বন্ধে যেন উপযুক্ত ব্যবস্থা করেন। তারপর বারাসত-জাগুলিয়া এবং শ্যামবাজার-বনগাঁ বাস ধর্মঘট শুরু হয়েছে এবং মালিকশ্রেণীর অনমনীয় মনোভাবের ফলে ধর্মঘট চলছে। আমি অনুরোধ করছি, অবিলম্বে বাস ধর্মঘটের অবসান ঘটিয়ে জনসাধারণের দুঃখ যাতে দূর হয় সেই ব্যবস্থা করুন।

[2-40—2-50 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করব মাননীয় সদস্য যে কথাগুলি বললেন সেগুলি যদি তিনি আমাকে লিখে দেন, তা হ'লে আপনাকে প্রতিশ্রুতি দিচ্ছি আমি যথাযথ রিপোর্ট নিয়ে এসে আসল ব্যাপার কি এবং আমরা কি জেনেছি, সেটা আপনাকে জানিয়ে দেব।

**শ্রীফকিরচন্দ্র রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি কালকে যে ব্যাপার নিয়ে আলোচনা করবার জন্য আপনার অনুমতি চেয়েছিলাম, কালকে হাউস হ'ল না ব'লে সেই ব্যাপার নিয়ে আমি খাদ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছি। কাজেই আজকে হাউসে সেটা নিয়ে আর আলোচনা করছি না।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় স্পীকার মহাশয়, আজকের স্টেটসম্যান কাগজের প্রথম পাতায় বিশেষ ফলাও ক'রে বক্স ক'রে একটা খবর বেরিয়েছে। গতকাল আলিপুর সেন্ট্রাল জেলে পুলিসের লাঠিচার্জ হয়েছে, তাতে বন্দীদের মধ্যে ৩৪ জন আহত হয়েছে এবং ১২ জনের অবস্থা গুরুতর। এই ব্যাপারে আমি একটা কল অ্যাটেনসন নোটিস দিয়েছিলাম, কিন্তু পরে যখন শোনা গেল, এই রিপোর্টের মধ্যে সত্যতা নেই, তখন আমি কল অ্যাটেনসন নোটিস উইথড্র করেছি। জেলমন্ত্রী অসুস্থ হওয়ার জন্য অনেকদিন পরে এসেছেন, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি, সেখানে গতকাল কি ঘটনা ঘটেছে এবং স্টেটসম্যানের রিপোর্ট সত্য কিনা সে সম্বন্ধে একটি বিবৃতি দিন।

**Shri Niranjan Sen Gupta:** I recall in this connection that the four prisoner-panchayats and 653 other prisoners of the Alipore Central Jail resorted to hunger-strike from the morning of 7th July, 1969, demanding chira or moori to be issued in the early morning meals of the prisoners every day and that loaf should be issued instead of motor, gram and jowar as substitute diet in their other two meals. They also wanted their kurtas to be changed to half-shirts. One additional bed sheet, issue of daily newspapers and some extra quantity of soap and washing soda were also in their demand list. Government considered their demands and orders have already been issued for issue of chira or moori for four days and loaf for one day in a week. Government is considering issue of half-shirts in lieu of kurtas. The question of issuing one additional bed-sheet and the extension of privilege of reading of newspapers is also being considered. If there be sufficient reason, the question of issuing extra quantities of washing soap and washing soda will also be considered.

এই স্টেটমেন্টটি, আই জি, প্রিজনস্ যিনি গিয়েছিলেন, তিনি আমাকে আজকেই এটি দিয়েছেন।

Myself and Shri C. C. Bose, Deputy Secretary, Home Department, met the prisoner-panchayats on 12th July, 1969 and they were satisfied on discussion and all the prisoners called off hunger-strike on that day.

Now it is found that these prisoner-panchayets have again started refusing food since 15th August, 1969 demanding transfer of the Jailor, and, in the alternative, their transfer to some other jail. On 18th August, 1969 seven other prisoners joined with them in sympathy. Eleven and 29 others joined with them on 19th August, 1969 and 20th August, 1969, respectively. On 20th August, 1969 some prisoners did not work in the Press also. I met the prisoner-panchayets in the Alipore Central Jail when the Superintendent of the jail and the Press and Forms Manager were also present. The prisoner-panchayets did not mention anything regarding their food. On the other hand Shri Basudev Chatterjee, the spokesman of the panchayets, told that they had no grievance on this count at the present moment, but their demand centred round the transfer of the Jailor from the Alipore Central Jail, because the Jailor, they suspect, had engaged some goondas against them for which they were not in a position to do any work inside the jail. They were told that they should call off their hunger-strike and then place their demands.

On 21st August, 1969 just after the unlocking of the wards when the routine searches were being conducted by the Jailor with the help of some warder staff, there was some scuffle between some prisoners and warders. As a result, a few prisoners got some minor injuries. Two of them got some bruises and abrasions and these two have been admitted in the jail hospital for treatment. It is not a fact that 34 prisoners were injured, 14 of whom seriously. Fourteen others were given first aid. None of the prisoner-panchayets were involved to the melee. It is also not correct to say that 30 prisoners took recourse to refusing of food as a protest. At present only three prisoner-panchayets are on hunger-strike in the jail and all other prisoners are taking their food as usual and the Press is also working smoothly.

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অনুরোধ জানাচ্ছি যদি আমরা এখান থেকে আলিপুর সেন্ট্রাল জেলে গিয়ে দেখতে চাই, তা হ'লে হাউস থেকে ব্যবস্থা ক'রে দেবেন কিনা।

**মিঃ স্পীকারঃ** সব ব্যবস্থা হবে, কোন ভয় নাই। যান থাকুন গিয়ে সেখানে কিছুদিন।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাননীয় স্পীকার মহাশয়, সংবাদে প্রকাশ বাংলাদেশের ৫০ থেকে ৫৫ হাজার সূতাকল শ্রমিক গত ১৭ তারিখের সম্মেলনীতে সিদ্ধান্ত নিয়েছে যে, তারা আগামী ১লা সেপ্টেম্বর থেকে তাদের ১০ দফা দাবিকে কেন্দ্র ক'রে লাগাতর ধর্মঘট করবে। স্পীকার মহাশয়, বাংলাদেশের সূতাকল শ্রমিকরা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের শ্রমিকদের চেয়ে অন্ততঃ ৫০ থেকে ৯০ টাকা কম পায়, তাদের ন্যায়সঙ্গত দাবির প্রতি নিশ্চয়ই আমাদের সমর্থন আছে। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে এই সূতাকল শ্রমিকদের দাবির প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয় এবং যে দাবি স্বীকৃত হয় এবং ধর্মঘটের পথে যাতে শ্রমিকরা না যায়, সেই পথ দেখাবেন।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে কোলিয়ারী মজদুর সভার সেক্রেটারী একটা টেলিগ্রাম করেছে। সেই টেলিগ্রামটা আমি এখানে পড়ে দিচ্ছি এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আপনার মারফত আকর্ষণ করছি।

Rajmongal Ganesh Lala and Saheb Roy, member of Colliery Majdoor Sabha seriously assaulted by Joga Singh, Chunilal Dewan and other anti-social elements and hired goondas of the management of Ramnagar Colliery owned by ISCO led by Tarak Nath Roy, Manager, on 21st August. Kulti police inactive. Demand immediate arrest of culprits and Manager. Serious situation. Sunil Sen, Colliery Majdoor Sabha.

আর দ্বিতীয় কথা, আমি আপনার কাছে কালকে অনুমতি নিয়েছিলাম পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় এখানকার সদস্য, তিনি এখানে উপস্থিত হ'তে পারেন নি, তিনি একটি মেনসন করবার জন্য আমার কাছে চিঠি দিয়েছেন, আমি সেটা পড়ে দিচ্ছি। গতকাল অর্থাৎ ১৯এ আগস্ট রিষড়া রেল স্টেশন প্লাটফর্মের উত্তর-পূর্ব দিকে যখন পোর্টাররা একটি লরীতে স্টেশনের পাশে সাইডিং-এ মালগাড়ি থেকে পিগ আয়রণ উঠিয়ে নিয়ে যাচ্ছিল তখন ২০।২৫ জনের একটি ছিনতাই দল ছুরি ও সাইকেলের চেন দিয়ে লরির কুলিদের আক্রমণ করে। দু'জন ছুরিকাহত সাংঘাতিকভাবে জখম কুলি এখন হাসপাতালে আছে। আপনার মারফত স্বরাষ্ট্র-মন্ত্রীকে জিজ্ঞাসা করি যে পুলিস কেন যথেষ্ট তৎপর নয়।

[2-50—3 p.m.]

**শ্রীনিখিল দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খবরের কাগজে নিশ্চয়ই দেখেছেন যে বনগাঁ, বারাসত, হাবড়া, জাগুলিয়া ওখানে বাসের স্ট্রাইক চলেছে। অ্যাডিসন্যাল লেবার কমিশনারের ঘরে একটা বৈঠক হয়েছিল এবং তিনি একটা সাজেসন রেখেছিলেন। সেটা মজদুরপক্ষ মেনে নিয়েছে, কিন্তু মালিকপক্ষের লোকেরা বলেছে তিনদিন পরে জবাব দেবে—অর্থাৎ মালিকপক্ষের অনমনীয় মনোভাবের জন্য সেই ধর্মঘট মিটতে পারছে না। আমি আপনার মাধ্যমে ট্রান্সপোর্ট মিনিস্টারকে অনুরোধ করব যে, লাইসেন্স দেওয়া বা কাটা তাঁর দপ্তরের অধীনে পড়ে। লেবার দপ্তর এই ব্যাপারে জোর ক'রে কিছু করতে পারে না। কিন্তু ট্রান্সপোর্ট মিনিস্টার যদি তাদের ডেকে বলে দেন যে, এতে লাইসেন্স দেওয়া বা না দেওয়ার প্রশ্ন জড়িত আছে, তা হ'লে ধর্মঘটের তাড়াতাড়ি মীমাংসা হ'তে পারে এবং ওখানকার জনসাধারণের যে অসুবিধা মালিকপক্ষ সৃষ্টি করেছেন তার অবসান হ'তে পারে।

**শ্রীজয়কেশ মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের সেচমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমাদের বন্যা সম্বন্ধে এখানে আলোচনা হয়েছে এবং খবরের কাগজেও অনেক খবর বেরিয়েছে—সেগুলি খুবই খারাপ, কিন্তু আমাদের হাওড়া জেলার কথা কাগজে লেখা হয় না। কারণ ঐ ধরনের বন্যা হাওড়া জেলায় হয় না, কিন্তু সমস্ত বন্যার ফলটা আমরা ভোগ করি। অর্থাৎ বর্ধমান, হুগলীর সমস্ত জল হাওড়ায় জমে থাকে। কয়েকটা বাঁধ, রাস্তা এবং রেল ইত্যাদি হওয়ার ফলে সে জল বেরিয়ে যেতে পারে না। এখন সেখানকার অবস্থা হয়েছে খালগুলি সব মজে গেছে, সেগুলি সংস্কারের কোন ব্যবস্থা নাই। ফলে চারিদিক থেকে জল আসছে এবং হাওড়ার সমস্ত মাঠঘাটগুলি ভেসে যাচ্ছে এবং চাষ করাও অসম্ভব হয়ে গেছে। বহু জায়গায় সেখানে জল জমে গেছে এবং গত বছর সেখানে যে বন্যা হয়েছিল সেখানে লোকে কাজ করতে পারে নি, আশা ছিল এবারে সেখানে তারা কাজ করতে পারবে। চাষীরা, ক্ষেতমজুররা এখন সে ব্যাপারে শেষ হয়ে গেল। সেজন্য আমি ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এখনই তিনি যেন ব্যাপকভাবে রিলিফ দেবার বন্দোবস্ত করেন এবং তার জন্য যে প্রয়োজনীয় ব্যবস্থা তা তিনি করেন।

**শ্রীঅনাদি দাসঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মারফত খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, হাওড়া জেলার জগৎবল্লভপুর ব্লকে মডিফায়েড রেশনিং এলাকায় ১ কেজি ক'রে গম সপ্তাহে দেওয়া হত, সেটা গত দু'সপ্তাহ যাবৎ ৮শো ক'রে দেওয়া হচ্ছে, আর রেটের চাল ব'লে এক রকম চাল দেওয়া হত সপ্তাহে ৫শো গ্রাম ক'রে সেটাও গত দু'সপ্তাহ যাবত বন্ধ হয়েছে। এর ফলে সেখানে ২-২০/২-২৫ চালের দর উঠে গেছে। এই বিষয়ে যাতে একটা ব্যবস্থা হয়, সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি। আর একটা কথা হচ্ছে, ঐ অঞ্চলে মাজু, পাতিহাল অঞ্চলে এখনও কৃষিঋণ গিয়ে পেঁছায় নি, অথচ কৃষি ব্যবস্থা শেষ হয়ে এল। দিন ১২ আগে কৃষিমন্ত্রী মহাশয় সেখানে গিয়েছিলেন এবং বলেছিলেন যে ওটা পাঠিয়ে দিচ্ছি। কিন্তু আজও সেটা সেখানে যায় নি। আপনার মারফত কৃষিমন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সংবাদপত্র মারফত জানেন যে, মালদহ জেলায় বন্যা পরিস্থিতি দিনের পর দিন এমন আকার ধারণ করেছে যে, যদি বিহিত-[illegible] না দেওয়া হয় রিলিফের তা হ'লে শত শত লোক আশ্রয়ের অভাবে, খাদ্যের অভাবে এবং

রোগে এমন একটা পরিস্থিতির সম্মুখীন হবে যা সামলান সম্ভব হবে না। আমি দু'দিন আগে কালিয়াচক, মাণিকচক কনস্টিটিউয়েন্সির কিছু অংশ ঘুরে যা দেখে এসেছি তাতে টোটাল এরিয়া প্রায় ৩৫ স্কোয়ার মাইল এলাকা সম্পূর্ণ জলমগ্ন এবং বহু ঘরদোর গেছে, প্রায় ৩ হাজার গৃহ ডুবেছে এবং লোকসংখ্যা প্রায় দু'লক্ষের মত এবং যে ঘরদোর ধ্বংস হয়েছে তার ভ্যালু প্রায় দেড় লক্ষ টাকা এবং দেড় লক্ষ টাকার মত ফসল নষ্ট হয়েছে। কালিয়াচকের ৩ নম্বর ব্লক, কালিয়াচকের ১ নম্বর ব্লকের কিছু অংশ, মাণিকচক কনস্টিটিউয়েন্সির ১৪টি অঞ্চল, তার মধ্যে ৯টি অঞ্চল একেবারে জলের তলায় বাকি অর্ধেকটা খুব ক্ষতিগ্রস্ত হয়েছে এবং গঙ্গার ভাঙ্গন এমন রূপ নিয়েছে যে মাণিকচক কনস্টিটিউয়েন্সির অধিকাংশসংখ্যক গ্রাম এমনভাবে ডুবতে আরম্ভ করেছে, যেমন পঞ্চানন্দপুর প্রায় একেবারে নদীগর্ভে চলে গেছে। কালিয়াচকের আড়াই লক্ষ লোকের আজ সকালে একটা ট্রাংক টেলিফোন পেয়েছি, সুজাপুর কনস্টিটিউয়েন্সির এম এল এ আবুল বারকত আতাউল গনি খান চৌধুরী ওখানে নৌকা করে টুর করেছেন তিনি টেলিফোনে আমাকে জানিয়েছেন যে, সামান্য রিলিফ সেখানে পৌঁচেছে, ২/১টি ছোট নৌকা পাঠানো হয়েছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই হাজার হাজার লোকের রিলিফের ব্যবস্থা যাতে দ্রুত করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের বেহালাবাসীর একটা নিদারুণ সংকটজনক পরিস্থিতির প্রতি আপনার মাধ্যমে আমাদের পূর্তমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি। স্যার, আপনি জানেন যে, বেহালার মধ্যে একমাত্র রাস্তা হচ্ছে ডায়মন্ডহারবার রোড—যে রাস্তাটা দিয়ে ৮/৯টি প্রাইভেট বাস, ৩টি সরকারী বাস এবং অসংখ্য গাড়ি-ঘোড়া চলে, সমস্ত দক্ষিণ ২৪-পরগনার সাথে এই রাস্তা রাজধানী কলকাতার সাথে সংযোগ রক্ষা করে। সেই রাস্তার একটা নিদারুণ অবস্থা। সেখান দিয়ে যদি গাড়িতে যাওয়া যায়, তা হ'লে তিন দিন বিছানায় শুয়ে থাকতে হবে, আর পায়ে হেঁটে যদি যেতে হয়, তা হ'লে চিতাবাঘ হয়ে যেতে হবে, কোন মানুষ সুস্থ হয়ে সেই রাস্তা দিয়ে যেতে পারে না। রাস্তাটির এই যে অবস্থা হয়েছে অবিলম্বে যদি এর প্রতি হস্তক্ষেপ না করা হয়, তা হ'লে একটা সাংঘাতিক রকমের বিপর্যয় হবে এবং জনসাধারণের মন একটা বিক্ষুব্ধ অবস্থায় আছে এবং তাতে পরিস্থিতি আওতার বাইরে যেতে পারে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

[3- -3-10 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেনসন করবার ব্যাপারে ইতিপূর্বে যা বলেছি চারটি দপ্তর সংশ্লিষ্ট—সেচ, শিল্প, ত্রাণ ও স্বাস্থ্য। শিল্পে ৫০ হাজার শ্রমিক। শ্রমের দিক দিয়ে তারা আজ ডুবে যাচ্ছে। ত্রাণ ব্যাপারে ৫০০ টারপলিন চাওয়া হয়েছে। মুর্শিদাবাদের বন্যায় তা আজও যায় নাই। ১০টি টিউবওয়েল সেখানে পাঠাবার কথা, তা যায় নাই। যেখানে ৫০ হাজার বিড়িশিল্পের শ্রমিক নিযুক্ত, সেই বিড়িশিল্প আজ ধ্বংস হচ্ছে। আমি বলতে চাই যে মেনসন করার তাব যে গুরুত্ব তা উপলব্ধি যাতে করতে পারি তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর দপ্তরের সঙ্গে যোগাযোগ করবেন। গুরুত্বসহকারে তাঁরা যাতে এটার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করেন। ঔরঙ্গাবাদের ভাঙ্গন যাতে রোধ হয়, তার জন্য যেন সুষ্ঠু ব্যবস্থা অবিলম্বে হয়।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় স্পীকার স্যার, গতকাল রাত্রি সাড়ে আটটা, ন'টার সময় ২৪-পরগনার হাবড়া অশোকনগরে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির অফিসে কিছু লোক হানা দেয় এবং হানা দিয়ে আমাদের সেখানকার পার্টির নেতা ননী কর, ভবতোষ দত্ত বিশ্বাস, ধূলিন ঘোষ, ভুবন মিস্ত্রী প্রভৃতি চার-পাঁচজনকে তারা আক্রমণ করে—লাঠি, বোমা, রিভলভার এবং বন্দুক দিয়ে এবং এই পাঁচজন লোককে জখম করে। কেউ পি জি হাসপাতালে—তার বুকে গুলি লেগেছে দু'টো, সে বোধ হয় বাঁচবে না। আর একজনের পায়ে গুলি লেগে তার হাড় ভেঙ্গে গেছে। বোধ হয়, অ্যামপুট করতে হবে। ননী কর খুব সাংঘাতিকভাবে আহত অবস্থায় হাসপাতালে রয়েছে। যারা আক্রমণ করেছে, তারা হচ্ছে—দীর্ঘদিন যারা গুণ্ডা পুষেছেন, সেই বিশেষ রাজনৈতিক দলের পোষা গুণ্ডা এবং তার সঙ্গে কিছু নকশাল যোগ দিয়ে এই অসম্ভব

কান্ডটা ঘটিয়েছে। আমি ভারপ্রাপ্ত স্বরাষ্ট্রমন্ত্রীকে এই কথা বলতে চাই। এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। কেন না, যারা আক্রমণ করেছে, তারা পরিচিত। তাদের নাম হ'ল—রণ ভট্টাচার্য, সাধন ঘোষ, ভূপাল বিশ্বাস, অমল ঘোষ, সনু, আত্মজিৎ রায় চৌধুরী প্রভৃতি এরা সবাই কুখ্যাত গুন্ডা। এই গুন্ডারা ওদের আক্রমণ করেছে।

আর একটি কথা বলতে চাই—ত্রাণমন্ত্রী ও স্বায়ত্তশাসন মন্ত্রী—দু'জনকে বলতে চাই, নৈহাটি মিউনিসিপ্যালিটির একটি ওয়ার্ড—তাও এই কয়দিনের জলে একেবারে ডুবে গেছে। সব হচ্ছে রিফিউজী কলোনী, ৫।৬ হাজার লোক প্রপীড়িত হয়েছে। উভয় বিভাগের মন্ত্রী-দ্বয়ের কাছে আবেদন করছি, তাঁরা যেন এই সম্পর্কে সহানুভূতির সঙ্গে বিবেচনা ক'রে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রীশশাঙ্ক মন্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে দেখেছেন খবরের কাগজে বেরিয়েছে—বাংলাদেশের যে বন্যার তালিকায় ক্ষয়ক্ষতির যে হিসেব বেরিয়েছে তাতে বীরভূম জেলার নামও রয়েছে। সেখানে নাকি মাত্র ৪০০ একর জমি জলে ডুবে গেছে। জেলা কর্তৃপক্ষের প্রেরিত সংবাদ সম্পূর্ণ ভুল। ৪,০০০ একরেরও বেশি জমি। দ্বারকেশ্বর নদী, ব্রাহ্মণী নদীর প্লাবনে পাগলা, বাঁশলই এই সব জায়গায় বহু জমি ডুবে গেছে। কাল থেকে জল একটু কমছে। জেলায় যে তথ্য এসেছে, তা ভুল। এখনই সেইসব এলাকায় সাহায্য পাঠাবার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী এ কে এম ইসাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাকে জানাচ্ছি যে, গত ১৯শে আগস্ট তারিখে আলিপুর ৫নং অ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট জজ-এর আদালতে একটা সেসন মোকদ্দমার রায় হবার কথা ছিল। বেলা আড়াইটার সময়... ... ............ .....(গোলমাল)

**শ্রী এ কে এম ইসাকঃ** স্যার, যেটা অ্যাডজর্নমেন্ট মোসনে পড়েছি, তার সঙ্গে..................

**শ্রীযতীন চক্রবর্তীঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার—অ্যাডজর্নমেন্ট মোসন যে সাবজেক্টের উপর হয়েছে এবং মাননীয় সদস্য সেই ব্যাপারের অ্যাডজর্নমেন্ট মোসন এনেছিলেন—আপনি সেটাতে অনুমতি দেন নি—এখন যদি ঘুরিয়ে বাইপাস ক'রে আবার মেনসন করেন, তা হ'লে সেটা তিনি এইভাবে উল্লেখ করতে পারেন কিনা সেটা আপনি একটু দেখবেন।

**মিঃ স্পীকারঃ** আমি তো সে সম্বন্ধে রুলিং দিয়েছি। সেটা তিনি মেনসনও করেছেন এখানে আর তিনি মেনসন করতে পারেন না—যদি অন্য সাবজেক্টের সম্বন্ধে কিছু বলবার থাকে তো বলুন—তা না হ'লে
to circumvent the ruling
এটা কোন কাজের কথা নয়।
I take the responsibility for what I say, I will not allow you to do that.

**শ্রী এ কে এম ইসাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি যেটা অ্যাডজর্নমেন্ট মোসনে পড়েছি এবং সেখানে যা মেনসন করতে যাচ্ছি সেই দুটো এক জিনিস নয়, এবং যে খবর আমি বলবো যতক্ষণ পর্যন্ত না বলি যতীনবাবুর ধৈর্যচ্যুতি ঘটতে পারে—আর কেউ জানতে পারছে না—আমি বলেছিলাম বেলা আড়াইটার সময় রায় হয়ে গেল... .............. .

**Mr. Speaker:** You are dealing with the same subject. I ask you to take your seat.

**শ্রী এ কে এম ইসাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলেন না. ..........

**Mr. Speaker:** I have given my ruling and you are trying to circumbent my ruling and disobeying my order. I will not allow you to do that.

**শ্রী এ কে এম ইসাকঃ** স্যার একটা বাক্য বলেছি তার থেকে আপনি কিছু মনে ক'রে নিতে পারেন না।

**Mr. Speaker:** No, I won't. I know you are a practising lawyer of the Alipore Court.

**শ্রী এ কে এম ইসাকঃ** স্যার, তার সঙ্গে এর কি সম্পর্ক আছে স্যার?

**Mr. S peaker:** No, why do you mince matters, why are you trying to circumvent the ruling

**শ্রী এ কে এম ইসাকঃ** তা হ'লে কি বুঝে নেবো যে, আপনি বলতে দেবেন না আমাদের।

## Laying of Papers

### REGULATIONS MADE UNDER CALCUTTA METROPOLITAN PLANNING AREA (USE AND DEVELOPMENT OF LAND) CONTROL ACT, 1965

**Shri Somnath Lahiri:** Sir, I beg to lay the Regulations made under the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Act, 1965.

### STATEMENTS OF ESTIMATED CAPITAL AND REVENUE RECEIPTS AND EXPENDITURE (BUDGET ESTIMATES) OF THE WEST BENGAL STATE ELECTRICITY BOARD FOR THE YEAR 1969-70

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি বিনীতভাবে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষতের ১৯৬৯-৭০ সালের আয়ব্যয়ের বরাদ্দ উপস্থাপিত করলাম।

### ANNUAL ACCOUNTS OF THE WEST BENGAL STATE ELECTRICITY BOARD FOR THE YEAR 1967-68

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** স্যার, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষতের ১৯৬৭-৬৮ সালের হিসাব-নিকাশের বিবরণী এখানে এই হাউসে উপস্থাপিত করলাম।

### LAYING OF CORRIGENDUM TO THE LIST OF DIRECTORS OF NADIA DISTRICT CENTRAL CO-OPERATIVE BANK LTD. BEFORE THE HOUSE ON 17TH AUGUST, 1969

[3-10—3-30 p.m.]

**Shri Jatin Chakraborty:** Sir, with your permission, I beg to lay before the House a corrigendum of the list of Directors of the Nadia District Central Co-operative Bank Ltd., laid before the West Bengal Legislative Assembly on 17th August, 1969. Under the heading "State nominated", Serial No. 2, for Shri Madan Das, please read Shri Nrisingha Prasad Sarkar, Serial No. 3, for Shri Amjad Ali Sarkar, please read Shri Debi Bhattacharya.

## Reporting of petition

**Secretary (Shri S. Banerjea):** Sir, I have to report the receipt of a petition relating to the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969 and the West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969.

**Mr. Speaker:** The petition stands referred to the Committee on Petition under rule 165 of the Assembly Procedure Rules.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment)

[3-30—3-40 p.m.]

**শ্রীঅনাদি দাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই এ্যাসেম্বলীতে কোন মেডিকেল অ্যাটেন্ডেন্ট-এর ব্যবস্থা নেই। এইমাত্র এক ভদ্রমহিলা আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। তিনি কথা বলতে বলতে হঠাৎ সেন্স হারিয়ে ফেলেন। এখানে কোন ডাক্তার খ‚জে না পাওয়ায় শেষ পর্যন্ত রাইটার্স বিল্ডিং-এ ফোন করা হ'ল ডাক্তারের জন্য। এখানে সেসন চলার সময় আমাদেরও এই সমস্ত পেসেন্টদের দেখার জন্য মেডিকেল অ্যাটেন্ডেন্ট থাকা দরকার বলে আমি মনে করি।

**মিঃ স্পীকারঃ** আমি এ ব্যাপারটা নিশ্চয়ই দেখবো।

## The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, returned by the Council

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that the amendment made by the Council to the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969 be taken into consideration.

মাননীয় সভাপাল মহাশয়, আপনার স্মরণ আছে যে, এই বছরের ২৪শে মার্চ আমাদের এই বিধানসভায় এই আইনটা আমরা পাশ করিয়ে নিয়েছিলাম। তারপর মার্চ মাসের ২৬ তারিখে আমরা বিধানপরিষদে ঐ বিলটি পাঠাই সেখান থেকে তাঁদের মঞ্জুরী পাবার জন্য। এই বিলটির মাত্র চারটি ধারা আছে। কিন্তু আসল যে ধারা সেই ধারাটি বিধানপরিষদে বাতিল করে দিয়ে তাঁরা সেখান থেকে সেটা ফেরত পাঠিয়ে দেন। স্যার, সেই ধারাটির মধ্যে আছে যে, যে সুযোগ-সুবিধা মন্ত্রীদের জন্য দেওয়া হয়েছে তার মধ্যে আছে যে যদি অসুস্থ হয়ে পড়েন এবং সেই অসুস্থতার জন্য যদি চিকিৎসা হয় সেই চিকিৎসার খরচটা মন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রী তাঁরা সরকারের কাছ থেকে পাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানপরিষদে কংগ্রেস দল সংখ্যাগরিষ্ঠ বিরোধী পক্ষ ছিলেন এবং সেখানে সেই গরিষ্ঠতার সুযোগ নিয়ে যে উদ্দেশ্যে এই বিলটি আনা হয়েছিল সেই বিলের আসল ধারাটিকে তাঁরা খারিজ ক'রে দিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে সময় তাঁরা একটি কথা বার বার তুলেছিলেন এবং এখানে যাঁরা বিরোধী পক্ষে আছেন তাঁরাও সেই একই যুক্তি তখন দেখিয়েছিলেন এই বিলের বিরুদ্ধে যে কত টাকা এই চিকিৎসা খাতে একজন মন্ত্রী পাবেন তার কোন সীমা নির্ধারিত নেই। এই একটা বড় যুক্তি দেখান এবং তার সঙ্গে আরো যুক্তি দেখিয়েছিলেন যে, মন্ত্রীদের জন্য এই চিকিৎসা খাতে ব্যয়বরাদ্দ মঞ্জুর করার প্রয়োজনীয়তা কোথায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার স্মরণে আছে যে, আমি পরিষ্কারভাবে যখন এই বিল এখানে উত্থাপন করি তখন বলেছিলাম যে এটা এমন কিছু ব্যাপার নয়, কংগ্রেসী মন্ত্রীরা যা মাইনে পেতেন যুক্তফ্রন্টের মন্ত্রীরা তার থেকে অর্ধেক মাইনে ক'রে নিয়েছেন এবং কংগ্রেসী মন্ত্রীরা যেরকম বিলাস, ব্যয়বাহুল্যের মধ্যে কাটাতেন, আমাদের জন্য আমরা সেরকম বন্দোবস্ত করি নি। সাধারণতঃ আমরা একজন দক্ষ শ্রমিকের মাইনের সমান মাইনে নিচ্ছি এবং যুক্তফ্রন্টের মন্ত্রীরা যদি অসুস্থ হয়ে পড়েন, তা হ'লে তাঁদের ঠিকমত চিকিৎসা ক'রে যাতে আবার রাইটার্স বিল্ডিংস-এ বসিয়ে দিয়ে কাজ করাতে পারি এবং যুক্তফ্রন্টের সদস্যরা নিশ্চয়ই চাইবেন যে, তাঁদের মন্ত্রীরা সুস্থ থাকুন, আর বিরোধী পক্ষের যাঁরা সদস্য আছেন তাঁদের তন্ততঃ এখানে সমালোচনা করবার জন্য উপস্থিতির প্রয়োজন আছে। সেইজন্য তাঁরা সুস্থ থেকে কর্মক্ষম থেকে যাতে সরকারের কাজকর্ম চালিয়ে যেতে পারেন এই উদ্দেশ্য নিয়ে বিলটি এনেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি মনে রাখবেন যে, এটা কেবলমাত্র মন্ত্রীদের ব্যক্তিগত চিকিৎসার জন্য ব্যয়বরাদ্দের বিল এবং তার জন্য আমরা এই বিলের মধ্যে ধারা রেখেছি। তাঁদের পরিবারের কারোর জন্য এটা নয়। যাতে অতিরিক্ত খরচ না হয় সেদিকে আমরা লক্ষ্য রেখেছি এবং মন্ত্রীদের

পরিবারস্থ কারো চিকিৎসার জন্য আমরা এটা চাই নি। কিন্তু তা সত্ত্বেও মতলব নিয়ে বিধান-পরিষদে বিরোধী পক্ষ সংখ্যাগরিষ্ঠতার সুযোগ নিয়ে তাঁরা সেই ধারাটিকে ব্যাতিল ক'রে দেন। কার্যতঃ তাঁরা এই বিলটিকে সরাসরি প্রায় নাকচ ক'রে দিয়েছিলেন এবং এই রকমভাবে তাঁরা একটা ব্যাঘাত সৃষ্টি করেছিলেন বিধানপরিষদে। এখন সেই বিধানপরিষদের অবলুপ্তি হয়েছে এবং ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ কাউন্সিল অ্যাবলিসন অ্যাক্ট, ১৯৬৯, সেটার সাব-সেকসান ৩ অব সেকসান ৭ অনুসারে এই মাসের ১লা তারিখ থেকে অবলুপ্ত হয়েছে। আমি আজ যে বিলটা এনেছি সেটা এখান থেকে সংশোধনী ছাড়াই পাস হয়ে গিয়েছিল, কিন্তু বিধানপরিষদে একটা সংশোধনী এনেছিলেন। আমি সেটাকে বাদ দিয়ে আগের যে বিল, যেটা আমরা এখানে গ্রহণ করেছিলাম, সেই বিলটা আবার আমি এনেছি এবং এটা এখানে মঞ্জুর হ'ল এটুকু ধ'রে নেওয়া হবে।

It will be deemed to be a Bill introduced in and passed by the Assembly after the commencement of this Act.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উদ্দেশ্য বর্ণনা করলাম, এর আগে বিস্তারিত আলোচনা হয়েছে। সুতরাং আমি যে কথা ঐ কক্ষে বলেছিলাম যে মন্ত্রীরা যাতে কর্মক্ষম থাকেন, সুস্থ থাকেন, তার জন্য তাঁদের যে চিকিৎসা, সেই চিকিৎসার ব্যয়বরাদ্দ আমরা এই বিলের মধ্যে করেছি অসুস্থ না হ'লে সেই চিকিৎসা খাতে খরচ করবার কোন প্রয়োজনীয়তা দেখা দেবে না এবং বিরোধী পক্ষ যাঁরা আছেন অশাা করি যাতে মন্ত্রীরা এসে তাঁদের সমালোচনা শুনতে পারেন, তাঁদেরপারেন, তাঁদের কথা শুনতে পারেন এবং তার জবাব দিতে পারেন, সেটা তাঁরা যাতে পান সেদিকে হিসাব ক'রে আজকে বিরোধী পক্ষ নিশ্চয়ই আর সময় নষ্ট না ক'রে তাড়াতাড়ি এই বিলটাকে মঞ্জুর ক'রে দেবেন। এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটাকে উত্থাপন করছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কাউন্সিলের যাঁরা সদস্য ছিলেন তাঁরা অভিজ্ঞ এবং তাঁদের যে তথ্য এবং সুযুক্তিপূর্ণ তর্ক ক'রে ও'রা যে সংশোধনী রেখেছিলেন—আমাদের বর্তমান মন্ত্রিমহাশয়রা সবে নূতন, মাত্র ছয় মাস হ'ল মন্ত্রী হয়েছেন, সুতরাং তাঁদের এই পরিপক্ক উপদেশ এ'রা গ্রহণ করেন নি। উনি একটা কথা বললেন যে, যুক্তফ্রন্টের মন্ত্রীরা একজন দক্ষ শ্রমিকের মাইনে নেবেন। আমি পরিষদীয় বিষয়ক মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করি যে, বাংলাদেশে যে দক্ষ শ্রমিকরা কাজ করছেন, তাদের কি এই হারে ব্ল্যাংক চেক, কোন সীমা নেই, কোন মাত্রা নেই—সুইজারল্যান্ড বা ইস্ট জার্মানী, পিকিং কিংবা মস্কো কিছুই জানা নেই, এই যদি অবস্থা হয়- এত বড় ব্ল্যাংক চেক, তাতে তিনি নিজে অংকটা বসাবেন, যখন যেভাবে প্রয়োজন হবে, এই কথা উনি বলছেন না উনি দক্ষ শ্রমিকের ভূমিকা নিয়েছেন, আমি জিজ্ঞাসা করছি, দক্ষ শ্রমিকরা যা পান, আমাদের মন্ত্রীপ্রবররা সেইসব সুযোগ-সুবিধা নিচ্ছেন না? পুরানো কংগ্রেস আমলে যখন ১৬ জন মন্ত্রী ছিলেন তখন ও'রা বিরোধী পক্ষ থেকে ট্রেজারী বেঞ্চকে বলতেন যে মাথাভারী অ্যাডমিনিস্ট্রেশন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি পুরানো লোক, আপনি জানেন কামরাজ প্ল্যানের কথা। আজকে যাঁরা সরকার পক্ষে আছেন, তাঁরা নিশ্চয়ই এই জিনিস কোনদিন দেখেন নি। সেইজন্য তাঁরা শোষণের তন্ত্র এখানে প্রতিষ্ঠা করতে চাচ্ছেন। আমি সেইজন্য বলছি যে, আমাদের অভিজ্ঞ এবং পরিপক্ক কাউন্সিলের মেম্বাররা যাঁরা আপনাদের হিতোপদেশ দিয়ে গেছেন, আজকে ওনার মন্ত্রিত্ব ছয় মাসের, উনি নূতন এবং কতদিন থাকবেন এবং কি হবে তাও জানি না, আমি তাঁকে অনুরোধ করবো যে, সংশোধনী কাউন্সিলের মেম্বাররা দিয়ে গেছেন সেটা গ্রহণ করুন। বাড়ির কর্তা যখন মারা যায়, বা বাইরে যায়, তীর্থে যায়, তখন একটা হিতোপদেশ দিয়ে যায়, সেদিক দিয়ে মাননীয় মন্ত্রি-মহাশয়ের নৈতিক দায়িত্ব রয়েছে, সেই দায়িত্ব পালন করা।

[3-40—3-50 p.m.]

আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে উনি স্পেসিফিক্যালি কেন বলছেন না যে এই হারে দেব? এইখানে যেতে পারবে? ও'দের যদি পিকিং না গেলে ব্যাধি না সারে, কি মস্কো

না গেলে ব্যাধি না সারে, কি ইস্ট জার্মানী না গেলে ব্যাধি না সারে তো সেগুলি লিখে দিন না। ডঃ প্রতাপ চন্দ্র মহাশয় একবার এই হাউসে উল্লেখ করেছিলেন যে, ও'দের 'চীন, চীন' ব্যাধিতে ধরেছে। সেই ব্যাধি সারাতে যদি চীন যেতে হয়, তা হ'লে সেটা দুর্ভাগ্যের ব্যাপার হবে। ও'রা বলছেন, আমরা বেশি সুবিধা নিচ্ছি না। কিন্তু টোট্যাল বাজেটের অঙ্ক অনেক। আমাদের সময় থেকে চার লক্ষ টাকা বেশি নিচ্ছেন। ভণ্ডামীর একটা সীমা থাকা উচিত। পরিষদীয় মন্ত্রী সে সীমা অতিক্রম ক'রে গিয়েছেন। আমাদের সিনিয়র লেজিসলেচাররা অর্থাৎ কাউন্সিলাররা চোখে অঙ্গুলী দিয়ে দেখিয়ে দিয়েছেন যা, তা থেকে শিক্ষা গ্রহণ করুন। কিন্তু ও'রা ব্যাধিগ্রস্থের ভান দেখাতে চান। বাইরে ও'রা অনেক প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু আজ দেখছেন ভাঁড়ে মা ভবানী। তাই ভান দেখাবেন যে, আমরা ব্যধিগ্রস্থ, আমরা অসুস্থ কাজ করতে পারছি না। এই অভিনয় ক'রে ও'রা লচতে চান। একটা অলিবি করতে চান। ও'রা কংগ্রেসের অনেক ত্রুটির কথা বলেছিলেন এবং তার চেয়ে অনেক বেশি প্রতিশ্রুতি দিয়েছিলেন মানুষকে, মানুষের আশা-আকাঙ্ক্ষা জাগিয়ে তুলেছিলেন, আজ যখন দেখছেন তা করা ও'দের পক্ষে সম্ভব নয়, তখন একটা অলিবি তৈরি করছেন যে, আমরা অসুস্থ, আমরা কাজ করতে পারছি না। এই-জন্য পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করব তিনি কাউন্সিলারদের সংশোধন গ্রহণ করুন। এটা যেন মনে রাখেন যে, ভণ্ডামী একদিন খুলে পড়বেই।

**শ্রীএ কে এম ইশাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লজ্জা দিতে পারেন তাদেরই যাদের লজ্জা ব'লে একটা জিনিস আছে। কিন্তু যার লজ্জা নেই তাকে কটু কথা আর ভাল কথা বলা একই। লজ্জা ব'লে যা জিনিস তা তাঁরা বহুদিন আগে বিসর্জন দিয়েছেন এবং বলেছেন যে, লজ্জা মেয়েদের ভূষণ, ও'দের নয় এবং ও'দের লজ্জা নেই ব'লেই মন্ত্রীর সংখ্যা এত করেছেন এবং সেটা প্রায় ও'দের এম এল এ-এর সংখ্যায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে মন্ত্রী জানবার উপায় নেই। কাউকে জিজ্ঞাসা করলে, উনি কে? আজ্ঞে, উনি মন্ত্রী। এক একজন মন্ত্রীর পিছনে বিরাট এস্টাবলিসমেন্ট খরচ পড়ে। এই মন্ত্রীর সংখ্যা এত বেশি হওয়াতে আমাদের ট্রেজারির উপর খুব চাপ এসে পড়েছে। ও'রা অনেক সুবিধা পান। চা খাওয়ানোর সুবিধা পান। এটার দরকার নেই, তা বলছি না। কিন্তু ও'রা বিভিন্ন রকম বাবদে বহু সুযোগসুবিধা পান। ও'রা এন্ট্যারটেনমেন্ট খরচ পান এবং নানারকম সুযোগসুবিধা পান। তাতে আপত্তি করছি না। মন্ত্রী হয়েছেন যখন তখন তো পাবেনই। সমস্ত সুযোগসুবিধার দরকারও হয়তো আছে। আমাদের মাননীয় বন্ধু ও'রা যে সুযোগসুবিধা নিতে চাচ্ছেন তার ইম্পলিকেশন কি তা বলেছেন। উনি যা বলেছেন তাকে সমর্থন ক'রে বলছি যে, আরও কিছু নূতন সুযোগ চাওয়া উচিত ছিল। যদি সম্ভব হয়, তা হ'লে এই বিলটায় ইনকরপোরেট ক'রে সেটা করুন। যে হারে ও'রা এই সুযোগগুলি পাচ্ছেন তাতে ও'দের মাথা ঠিক রাখা সম্ভব হবে না। সেইজন্য রাঁচী মেন্টাল হসপিট্যালে কিছু সীট ও'দের মন্ত্রীদের জন্য রিজার্ভ ক'রে রেখে দিন। এবং এই আইনে ব'লে দিন, যে, এই মন্ত্রীদের যখন মেন্টাল হসপিট্যাল-এ পাঠাবার দরকার হবে তখন এই সমস্ত খরচ বাংলাদেশের গরীব মানুষ বহন করবে। কেন না, তাঁরা মন্ত্রী হয়েছেন, ভোট পেয়েছেন, সুযোগ-সুবিধা তো দরকার। সেজন্য আমি যতীনবাবুকে অনুরোধ করছি যদি ও'র পক্ষে এখানে সম্ভব হয়, কারণ লজ্জা ব'লে জিনিসটা নেই সম্ভব হ'লেও হ'তে পারে। ইনকর্পোরেট করুন এই ব'লে মেন্টাল হসপিট্যাল-এর জন্য জায়গা রিজার্ভ থাকবে। আর একটা কথা আমি বলতে চাই, এই বিলের বৈধতা সম্পর্কে। এই বিল কি উনি আনতে পারেন? এই বিল আমরা পাস করিয়ে দিয়েছি। এই বিল কাউন্সিল-এ পাস হ'য়ে গেছে। এটাকে অ্যামেন্ড-মেন্ট বিল হিসাবে দেখছি না। উনি স্টেটমেন্ট-এ বলেন নি, সেই বিল গভর্নর্স অ্যাসেন্ট করেছেন কিনা? অথবা সেটা প্রেসিডেন্টস অ্যাসেন্ট দিয়েছেন কিনা? যদি না দিয়ে থাকেন, লিগ্যাল ফ্ল থেকে যাচ্ছে সেখানে রেফার্ড ব্যাক-এর প্রশ্নে। আমাদের এখানে কোন কাগজের মারফত বিবৃতি দিলেন না। সুতরাং আমার মতে এই বিল এখানে ইন্ট্রোডিউস করবার বৈধতা হানি উনি করেছেন এবং আমরা এই বিলের সমস্ত রকম ক্লজগুলির বিরোধিতা করছি এবং এই বিলের সুযোগ নিয়ে সরকারী অর্থের অপচয় করবেন ব'লে আশংকা প্রকাশ করছি।

**Shri A. H. Besterwitch:** Mr. Speaker, Sir, I recall here the memories when Mr. Khagen Das Gupta was sick and a question was raised in this House as to whether members of this House were entitled to any medical allowance. I think, you will kindly remember, Sir, that Shri P. C. Sen, the then Chief Minister, said that members were allotted beds in various hospitals, but they have got to spend their own money; whereas the ministers' medical expenses in this regard were borne by the Government. I cannot understand why Dr. Zainal Abedin, who was then a Deputy Minister, supported that measure by thumping his table very nicely when they now come out with a statement saying that the Ministers want to exploit the public money. So, I think, that the Bill which the Honourable Minister has brought should be appreciated by everybody because, if records are seen, it will be found that these concessions were there during the Congress regime also.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন সেটাকে সমর্থন করতে গিয়ে দু'একটি কথা বলতে চাই। ডাঃ জয়নাল আবেদিন সাহেব অনেক দুর্নীতি এর রন্ধ্রে রন্ধ্রে দেখতে পেয়েছেন। আমি তাঁকে শুধু একটা কথা বলতে চাই যে, ঐ ভদ্রলোক যখন ছটাকি মন্ত্রী ছিলেন তখন যে মাইনে পেতেন—আজ আমাদের মন্ত্রীরা তার থেকে অনেক কম পান। বলা হয়ে থাকে যে, আমাদের মন্ত্রীরা নাকি পাঁচশত টাকা পেয়ে থাকেন। কিন্তু কার্যতঃ তাঁরা ২৫০ টাকা পান। কারণ একজন এম এল এ হ'লে ২৫০ টাকা তাঁরা পান। আর পূর্ণ মন্ত্রী হওয়ার জন্য এক্সট্রা ২৫০ টাকা মাসে পান। তা ছাড়া এম এ-রা যে কুপন পান, তাঁরা সেটা পান না। আমি মন্ত্রিমহাশয়দের কুপন দেবার জন্য অনুরোধ করছি। কারণ, আমি একজন মন্ত্রীকে আমার কেন্দ্রে নিতে চেয়েছিলাম একটা বেসরকারী কাজের জন্য। আমাদের মন্ত্রীরা কংগ্রেসের মন্ত্রীদের মত নয় যে রাষ্ট্রের খরচায় একটা কাজ দেখিয়ে অন্যান্য ইলেকসান মিটিং ইত্যাদি ক'রে আসতেন। কিন্তু আমাদের মন্ত্রীরা তা করেন না। সে জন্য আমি যখন তাঁকে নিতে চাইলাম তখন তিনি বললেন যে, তোমরা কুপন পাও কিন্তু আমরা কুপন পাই না এবং একজন মন্ত্রীকে থার্ড ক্লাস-এ নিয়ে যেতে পারি না। সে জন্য আমার নিজের খরচায় তাঁকে নিতে হয়েছে। আমি বরঞ্চ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, যদি এটা সম্ভবপর হয়, তা হ'লে এম এল এ-রা যে কুপন পান, মন্ত্রীদেরও সেই কুপন যেন দেওয়া হয় এবং সেজন্য তার ব্যবস্থা করবেন।

[3-50—4 p.m.]

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জবাব দেবার বিশেষ কিছু নেই, কারণ ও'দের যতই বুঝান না কেন ও'রা কিছুতেই সেটা বুঝবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ইসাক সাহেব এখানে নেই—উনি জানেন না যে, এটাতে প্রেসিডেন্ট কিংবা রাজ্যপাল সম্মতি দিয়েছেন কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি হলেন মফঃস্বল কোর্টের উকিল। সুতরাং তাঁর বোধ হয় আইন সম্পর্কে জ্ঞান ঐ পর্যন্ত। এই বিলটা আমাকে আনতে হয়েছে সাব-সেকসন ৩ অব সেকসন ৭ অব দি ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ কাউন্সিল এবোলিসন অ্যাক্ট, ১৯৬৯, যেটা পার্লামেন্ট-এ পাশ হয়েছে সেই অনুসারে--যে বিল আমাদের এখান থেকে মঞ্জুর হবার পর বিধানপরিষদে গেছে এবং সেখানে সংশোধিত হয়েছে সেই বিল আবার আমাদের বিধানপরিষদ উঠে যাবার পর এখানে আনতে হবে এবং সেই অনুসারে এই বিলটা আমি এখানে এনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নূতন ক'রে আর তথ্য পেশ করার কোন প্রয়োজনীয়তা নেই, খালি একটা কথা বলব এখানে জয়নাল আবেদিন সাহেব ও'দের পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের যিনি সভাপতি সেই স্বনামধন্য ব্যক্তিটির নাম করেছেন তিনি নাকি কোথায় বলেছেন যে আমাদের মধ্যে চীন চীন রোগ আছে। সেই চীন চীন রোগটা আমাদের নেই, সেই চীন চীন রোগ খালি সেই ভদ্রলোকের নেই—সেই ভদ্রলোক এখন কোথায় গিয়ে লুকিয়ে আছেন, এমন কি জয়নাল আবেদিন সাহেব পর্যন্ত আজকে তাঁকে দূরে সরিয়ে রেখেছেন, এই হচ্ছে তাঁর অবস্থা। আর শেষ কথা আমার এই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার বলেছি যে, আমাদের মধ্যে যে মন্ত্রীরা অসুস্থ হ'য়ে

পড়বেন তাঁরা ছাড়া কেউ এই আইনের সুযোগ নেবেন না—আমার দিক থেকে অন্ততঃ বলতে পারি যে, সাধারণতঃ আমি অসুস্থ হই না বা হবও না এবং আমি ও'দের মুখে ছাই দিয়ে সব-সময় সুস্থ থেকে এই হাউস-এ থাকব এবং ও'দের সমালোচনার জবাব দেব। সুতরাং আমার কোনদিন প্রয়োজন হবে না এই আইনের সুযোগ নিয়ে চিকিৎসা খাতে সরকারের কাছ থেকে ব্যয়বরাদ্দ নেবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব যে কংগ্রেস যাঁরা এখন বিরোধি দল তাঁরা এর বিরোধিতা করবেন না এবং আমার এই বিল সর্বসম্মতিক্রমে গৃহীত হবে এই ব'লে আমি আপনার কাছে এর জবাব দিলাম এবং আশা করি, এই বিল সহজেই গৃহীত হবে।

The motion of Shri Jatin Chakraborty that the amendment made by the Council to the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

The question that the amendment made by the Council omitting clause 2 was then put and a division taken with the following results:—

(Here take the division list I placed below)

**Noes—87**

Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksh, Shri Mohammed Karim
Bandopadhaya, Dr. Gopal
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Boral, Shri Manaranjan
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shrimati Nirupama
Choudhury, Shri Soroshi
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das Ghose, Shri Biswanath
Das Mahapatra, Shri Balailal
Dingal, Dr. Gobardhan
Elias Razi, Shri Md.
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Krishnapada
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Gupta, Shri Sadhan
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Hicks, Shri Clifford
Kalimuddin Shams, Shri

Konar, Shri Benoy Krishna
Lahiri, Shri Somnath
Majumdar, Shri Apurba Lal
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Kalipada
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Rabindra Nath
Mazumdar, Shri Dilip Kumar
Misra, Shri Ahindra
Mitra, Shrimati Ila
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amrintendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Padmalakshmi Subba, Shri
Pahari, Shri Bibhuti
Pakray, Shri Gobardhan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Saroj
Saha, Shri Abani Kumar
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripasindhu
Saha, Shrimati Parul
Samanta, Shri Gouranga
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Sarker, Shri Ahindra
Sen, Shri Arun
Sen Gupta, Shri Tarun Kumar
Singh, Shri Sudarsen
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Suchand
Talukdar, Shri Pralay

**Ayes—19**

Abedin, Dr. Zainal
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Deb, Shri Harahari
Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Naskar, Shri Narayan
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jagadananda
Roy, Shri Nepal Chandra
Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda

The Ayes being 19 and the Noes 87, the amendment was lost.

The question that clause 2 in the form as in the Bill originally passed by the Assembly was then put and agreed to.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**শ্রীন্যাথানিয়েল মুর্মুঃ** স্যার, এই বিলকে সমর্থন ক'রে আমি একটা বিষয়ের দিকে হাউসের এবং পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিল পাশ হ'লে মন্ত্রীরা তাঁদের চিকিৎসার সুযোগ-সুবিধা ক'রে নিতে পারবেন। কিন্তু একটা প্রশ্ন এই বিধানসভায় রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। সরকারী কর্মচারীদের অসুখ হ'লে তারা একটা মেডিকেল অ্যালাউয়েন্স পান, মন্ত্রীদের জন্য এ বিষয়ে একটা ব্যবস্থা হ'ল। কিন্তু বিধানসভার সদস্যদের অবস্থাটাও একবার চিন্তা করুন। আমাদের যেন কোন অসুখ হবে না, এটা ধ'রে নিয়ে আমাদের জন্য কোন ব্যবস্থা নেই। ইংল্যান্ড বা আমেরিকা-র কথা আমরা জানি। সেখানে হাউস অফ কমন্স, হাউস অফ লর্ডস এবং আমেরিকার সেনেট-এর সদস্যরা মেডিকেল অ্যালাউয়েন্স পান। সেজন্য আমি এই থার্ড রিডিং-এ পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করব যে আমাদের অসুখ হ'লে তিনি যদি আমাদের একটা চিকিৎসার ব্যবস্থা করেন, তা হ'লে আমরা সুখী হব।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর দেবার কিছু নেই, আমি বার বার জানিয়েছি সাধারণ সদস্য যাঁরা রয়েছেন তাঁদের তরফ থেকে যা বল্লেন সেটা আমাদের বিবেচনার মধ্যে আছে। কিন্তু আমাদের আর্থিক সঙ্গতি নেই। এইমাত্র মাননীয় সদস্য বীরেন রায় বল্লেন যে, অন্যান্য অনেক ব্যাপারে সাধারণ সদস্য যাঁরা রয়েছেন তাঁরা সুযোগ-সুবিধা পেয়ে থাকেন। আমাদের যদি আর্থিক সঙ্গতি হয়, তা হ'লে এ সম্বন্ধে আমরা বিচার বিবেচনা ক'রে দেখব এইটুকু এখন ব'লে রাখলাম।

[4—4-10 p.m.]

The motion of Sl... ,...... ......aborty that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to introduce the West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969, be taken into consideration.

স্যার, এই বিল উপস্থিত করতে গিয়ে আমি মনে করি না যে, এ সম্বন্ধে দীর্ঘ কিছু বলার প্রয়োজন আছে। ২০ বছরের কংগ্রেস রাজত্বের ভেতর দিয়ে শ্রমিক শ্রেণী অনেক ব্যাপারে যে অবহেলিত হয়েছে এটি তার অন্যতম, অর্থাৎ মালিকপক্ষ শ্রমিকদের বিনা কারণে এবং অনেক সময় ভিক্‌টিমাইজ করার উদ্দেশ্যে সাসপেন্ড ক'রে থাকেন এবং এই অজুহাতে যে, পেন্ডিং ইনকায়ারী অন সিকিউরিটি গ্রাউন্ড। বাংলাদেশে শ্রমিক আন্দোলনে এবং ভারতবর্ষের শ্রমিক আন্দোলনে যখন এটা নিয়ে বিরাট আন্দোলন হ'তে থাকে, সেইসময় সুপ্রীম কোর্ট একটি অদ্ভুত ডিসিসান দেন। সেই ডিসিসান হচ্ছে সাসপেনসন পেন্ডিং ইনকোয়ারী ইজ নট এ পানিসমেন্ট কিন্তু এই সাসপেনসন পেন্ডিং ইনকোয়ারী একমাস, দু'মাস বা কতমাস থাকবে সেটা সুপ্রীম কোর্ট লে ডাউন করে নি। এর ফলে বছরের পর বছর একটি শ্রমিক সাসপেন্ড হয়ে থাকতে পারে এবং সাসপেনসন পেন্ডিং ইনকোয়ারী যদি পানিসমেন্ট না হয়, তা হ'লে সোসাল জাস্টিস হিসাবে সোসাল পয়েন্ট অব ভিউ থেকে কোন রিলিফ সেই সাসপেন্ডেড এমপ্লয়ী বা শ্রমিক পাবে কিনা বা তার পরিবারবর্গ পাবে কিনা সে সম্বন্ধে সুপ্রীম কোর্টের কোন রুলিং বা অবজারভেসন নেই। এর ফলে মালিকরা একতরফাভাবে বিভিন্নভাবে সাসপেন্ড ক'রে থাকে। সাসপেনসনের সময় সাবসিসটেন্স অ্যালাউন্স এটা নূতন কিছু নয়, কিছু কিছু জায়গায় পেন্ডিং ইনকোয়ারী কিছু কিছু সাবসিসটেন্স অ্যালাউন্সের এমনিতেই নিয়ম আছে, তবে আইনতঃ কোন নিয়ম নেই। সেজন্য আমি একথা বলতে চাই যে আমাদের এটা করা উচিত। যুক্তফ্রন্ট সরকারের কর্মসূচী হিসাবে আইনের মাধ্যমে শ্রমিক শ্রেণীকে যথাসম্ভবভাবে সুযোগ-সুবিধা আমরা দিতে পারি সেটা দেওয়া প্রয়োজন এবং মিনিমাম সোসাল জাস্টিস হিসাবে শ্রমিকদের সঙ্গে এইভাবে ট্রিট করা উচিত এবং সেজন্যই এই বিল আনছি। পেন্ডিং ইনকোয়ারী যদি কোন জায়গায় সাসপেনসন হয় তা হ'লে প্রথম তিনমাস ৫০ পার্সেন্ট অব দি টোটাল ওয়েজ অর্থাৎ তার সমগ্র যে বেতন তার ৫০ ভাগ তিনি পাবেন এবং তার বেশি যদি হয় পিরিয়ড অব সাসপেনসন, তা হ'লে সেখানে ৭৫ ভাগ সমগ্র বেতনের পাবেন, এটা হচ্ছে বিলের মূল বক্তব্য। এই হচ্ছে আমার এই বিলে মূল বক্তব্য। আমি আশা করব যে, এই বিল সর্বসম্মতিক্রমে গৃহীত হবে, কেন না সামান্যতম সুযোগ আমরা শ্রমিকদের দিতে চাই, এই বিলে কারও আপত্তি থাকতে পারে ব'লে আমি মনে করি না।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মধ্যক্ষ মহোদয়, আমি এই বিলের মূল উদ্দেশ্য সমর্থন ক'রে কিছু নিবেদন করতে চাই এজন্য সবসময় মাননীয় মন্ত্রিমহোদয় এবং তাঁর দলীয় লোকেরা প্রত্যেক কাজে এই কংগ্রেসের এবং কেন্দ্রের ধূয়া বাদ দিয়ে কথা কি বলতে পারেন না? অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এই বিলের মূল নীতি তা ইন্ডাস্ট্রিয়েল অ্যাক্টে ইঙ্গিত করা আছে। কার্যতঃ সেটা সম্ভব হয় নি তারও কারণ হচ্ছে ইন্ডাস্ট্রিয়েল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং অর্ডার অ্যাক্ট, ১৯৪৬, তাতে এই প্রভিসন আছে এবং একথা সত্য নয় যে সর্বক্ষেত্রেই মালিকরা যখন এমপ্লয়ীকে সাসপেন্ড করে, তখন তাদের কিছু ভাতা দেওয়া হয় না। অবশ্য এমন অনেক জায়গা আছে যে, মন্ত্রিমহাশয় বললেন যেখানে হয়তো মালিকরা দুষ্টামি ক'রে সেই চেষ্টা করে, কোন রকম চাপ সৃষ্টি করার জন্য যাতে শ্রমিক বাধ্য হয় তার অপরাধ সম্বন্ধে ইনকোয়ারী নিতে। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে একথা জানাতে চাই যে মূল নীতির সঙ্গে আমরা একমত হ'লেও যেভাবে বিল রচনা করেছেন তার কিছু কিছু পরিবর্তন এবং পবিবর্ধন করা দরকার। সেজন্য আমি কিছু বলতে চাই এবং তা যথাসময়ে ক্লজের উপর যখন আলোচনা হবে, তখন আমি যেসব

অ্যামেন্ডমেন্ট দিয়েছি তার উপর বলবো। কেবল এই স্টেজে একথা বলতে চাই যে, তাঁরা যেসব প্রগতিশীল আইন বিশেষতঃ শ্রমিকদের জন্য বা দুর্গতদের জন্য, নিম্নস্তরের যারা বঞ্চিত হ'য়ে আছে দীর্ঘদিন ধ'রে, এমন লোকের জন্য, তাদের কল্যাণের জন্য যেসব আইন আনবেন যা আনছেন আমাদের বর্তমান কংগ্রেসী দৃষ্টিভঙ্গীতে সেই সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে সমর্থন পাবেন, একথা তাদের জানাতে চাই। বস্তুতঃ যা তাঁরা ভাবতে পারেন নি তা আমরা কংগ্রেসের ভিতরে থেকেও করেছি এবং করব। শ্রমিকদের জন্য দরদ তাদের এক পক্ষেরই নয়, এটা জেনে যেন তাঁরা কথা বলেন। এখন প্রশ্ন হচ্ছে যে, তিনি যে বিল এনেছেন সেই বিলে দেখা যাচ্ছে মন্ত্রিমহাশয় যে পরিকল্পনা দিয়েছেন বেসরকারী কয়েকজন মুষ্টিমেয় মালিক যারা শ্রমিকদের কাজে লাগায় তাদের উপর দিয়ে প্রযোজ্য, কিন্তু সমস্ত সরকারী কর্মচারীদের বাদ দিয়ে যাচ্ছেন। তিনি রেলওয়ে কমচারী কেন্দ্রীয় সরকারী কর্মচারীকে বাদ দিয়ে যাচ্ছেন। আর যখন আমরা দেখছি, সমাজতান্ত্রিক আদর্শে নানা প্রতিষ্ঠান সরকার রাষ্ট্রায়ত্ত করতে যাচ্ছেন, এবং রাষ্ট্রায়ত্ত শিল্প, রাষ্ট্রায়ত্ব বাণিজ্য তার যেসব কর্মচারী তাদের এই সুযোগ দেওয়া হবে না, এ কোন্ দেশী সমদৃষ্টিতা তা আমি বুঝতে পারছি না। কেন তাদের শ্রমিকদের এই সুযোগ-সুবিধা দিতে চাইছেন না? একটা জিনিস ভাবা দরকার যে, এখন যারা এমপ্লয়ার গোষ্ঠী সেই গোষ্ঠীর মধ্যে একটা বৃহৎ অংশ হচ্ছে স্টেট বা স্টেট পরিচালিত সংস্থা। যেমন ট্রাম কোম্পানী, বাস কর্পোরেশন বা গ্যাস কোম্পানী তারা তাদের এমপ্লয়ীদের নোটিশ দিয়ে সাসপেন্ড করার সময় কিছুই যদি না দেয় তা হ'লে তাদের কি কষ্ট হবে না? অতএব এই জিনিসটা বিবেচনায় থাকা উচিত।

What is sauce for the gander must be sauce for the goose.

যদি তিনি শ্রমিকদের কল্যাণে এই আইন করতে চান, তা হ'লে সর্বস্তরে সব রকম শ্রমিকদের সেই সুযোগ দিতে হবে। আমি এই স্টেজে এইটুকু ব'লে যাতে তাঁর দৃষ্টি সমদৃষ্টি হয় তার জন্য বলব। আমরা যেমন আগেকার দিনে বলতাম সাম্রাজ্যবাদী ইংরাজ, তার জন্যই সমস্ত আমাদের নষ্ট হয়ে যাচ্ছে, এখন ঐ ধুয়া উঠেছে যে ২০ বছরের কংগ্রেসী দুঃশাসন—আরে মশাই আপনারাই তো ছিলেন, আজ যাঁরা ঐদিকে বসেছেন তাঁরা সবাই কংগ্রেসের পয়দা করা সন্তান, সেকথা আজ ভুলে যাচ্ছেন এবং এইসব কথাগুলি আর কতদিন চালাবেন, এতে কান পচে গেল এবং তাতেও কিছু ধান ভাঙ্গা হবে না। ঠিক যেটা যুক্তি সেই যুক্তির উপর কাজ করুন, তাতে আমরা আপনাদের সঙ্গে আছি। এই ব'লে এই বিলের নীতি সমর্থন করছি কিন্তু কিছু কিছু পরিবর্তনের কথা আমি যথাসময়ে উল্লেখ করব।

[4-10—4-20 p.m.]

**শ্রীসাধন গুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বক্তৃতা এখনই শুনলাম তাতে আশ্চর্য হয়ে যেতে হয় তাঁর অজ্ঞতা দেখে। এই বিলের প্রয়োগ সম্বন্ধে আশ্চর্য কথা তিনি বলেছেন যে, স্টেটের থেকে চালানো, হয় নানা প্রতিষ্ঠান—ট্রাম কোম্পানী চালানো হয়, গ্যাস কোম্পানী চালানো হয়—সেইসব আন্ডারটেকিং-এর জন্য নাকি কোন ব্যবস্থা করা হয় নি। সমস্ত কোম্পানী এই বিলের আওতায় পড়ে, এমন কি রাষ্ট্রের তরফ থেকে যেসব কোম্পানী চালানো হয় সেগুলি এই বিলের আওতায় পড়ে। এই কথা বলাটা, আমার মনে হয়, এর কারণ হচ্ছে এই যে, এই বিলের বিরুদ্ধে কিছু বলবার সুযোগ পাচ্ছেন না। যেটা বলবার ইচ্ছা বলতে পারছেন না যে, এই বিল দিয়ে মালিকদের জ্বালাতন করা উচিত নয়, কিন্তু সেটা বলার উপায় নাই, তা হ'লে বাইরের জনসাধারণ তেড়ে আসবে। কাজেই এই অবস্থায় একমাত্র কথা হচ্ছে রাষ্ট্রের পরিচালিত যে সংস্থাগুলি কেন বাদ পড়ল! আমি তো বলি বাদ পড়ল কোথায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সমর্থনে। এই বিল এসেছে আজ ১৯৬৯ সালে। মাননীয় সদস্য সান্যাল মহাশয় বলেছেন যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টে নাকি এর কথা আছে। ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং অর্ডার অ্যাক্টে নাকি এর কথা আছে। আমবা আইন ব্যবসা করি, আইন পড়ে থাকি। ডঃ সান্যাল হয়ত আইনটা আরো ভালভাবে পড়েছেন আমাদের চেয়েও, কিন্ত আজ পর্যন্ত ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্ট ১৯৪৭ সালে হয়েছে, ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং

অর্ডার অ্যাক্ট ১৯৪৬ সালে হয়েছে। আমি ১৯৪২ সাল থেকে আজ পর্যন্ত প্রাকটিস করছি, অনেকবার এই অ্যাক্টগুলি পড়তে হয়েছে এই মামলা সম্বন্ধে, কিন্তু আজ পর্যন্ত দেখলাম না যে, এখানে সাসপেন্ড করলে পয়সা দিতে হবে এমন কোন কথা ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্ট বা ইন্ডাস্ট্রিয়াল এমপ্লয়মেন্ট স্ট্যান্ডিং অর্ডার অ্যাক্টে আছে। এইসমস্ত আইন কংগ্রেসের তরফ থেকে করা হয়েছে, কাজেই না থাকলেও এইসমস্ত কথা বলতে হবে, জনসাধারণ যাঁরা আইন জানেন না তাঁদের ভুল বোঝাতে হবে এবং ভুল বুঝিয়ে বলতে হবে যে, এই তো কংগ্রেসের করা আইন আবার করা হচ্ছে। কাজেই এই হচ্ছে আজকে কংগ্রেসের তরফ থেকে একটা উপায় অবলম্বন করা হয়েছে। কিন্তু আসল কথা কি, আজ পর্যন্ত এই আইন আমরা কংগ্রেসের কাছে পাই নি কেন? এই অবস্থা আজকে নতুন সৃষ্টি হয় নি। ডঃ সান্যাল বলেছেন যে, কিছু কিছু মালিক করেন নি, অর্থটা যেন প্রায় মালিকই করেন নি এই রকম। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে কোন মালিকই ছাড়েন না যদি সুযোগ পান, প্রায় মালিকই এই রকম ক'রে থাকেন, মাসের পর মাস হয়তো বছর ঘুরে যায় তবুও সাসপেন্ড থাকে। তাঁর কেন্দ্রীয় সরকার এই রকম করেন, অনেক ক্ষেত্রে ৪।৫ বছর পর্যন্ত। তিনি নালিশ করেছেন যে, কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য কেন ব্যবস্থাটা করা হ'ল না। তিনি কয়েক দিন যাবত আইনসভার সঙ্গে জড়িত ছিলেন, সংবিধানটা পড়েছেন ব'লে আমাদের আশা করা উচিত। কিন্তু সেখানেও অজ্ঞতা দেখছি। সংবিধানের ৩০৯ ধারায় বলা আছে, কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের সার্ভিস কন্ডিসানস ব্যাখ্যা করে যে সেটা একমাত্র পার্লামেন্টের এক্তিয়ার, প্রেসিডেন্টের এক্তিয়ার। এখন আশা করি, তিনি ভুলে যান নি যে আমরা এই যে এখানে বসেছি এটা পার্লামেন্ট নয় কিংবা আমরা প্রেসিডেন্ট নই। এ হচ্ছে এইভাবে বিলের বিরোধিতা, বিলের আলোচনা করা হয় কিন্তু এই আলোচনা ক'রে লাভ কি? বিলটা যুক্তফ্রন্ট সরকার তাঁর প্রতিশ্রুতি রক্ষা করার জন্য করেছেন—এই হাউসে বলা হয়েছে বিহ্বলতার আগে অন্য একটা প্রসঙ্গে যে আমরা যে বিরাট প্রতিশ্রুতি দিয়েছি তা রক্ষা করতে পারছি না ব'লে নানা উপায় অবলম্বন করছি। আমরা নির্বাচনে উপলক্ষে বিরাট প্রতিশ্রুতি দিই নি, আমরা বলেছি যে, বিরাট প্রতিশ্রুতি দিয়ে কোন লাভ নেই, আমরা নির্বাচনের সময় বলেছি যে এই সমাজের মধ্যে নিশ্চয় কিছু করা যায় না, সংগ্রাম করে এই সমাজ ব্যবস্থাকে বদলে তবে করতে হবে। কিন্তু এর মধ্যে যা করা যায়, আমরা সেটা করব এবং সেটা [illegible] করছি। কংগ্রেসের আমলে ২২ বছরে এটা হয় নি হয় নি কেন তখনও এটা [illegible]। কংগ্রেসের তরফ থেকে আইনশৃঙ্খলার কথা তোলা হয়, এই যে একটা অবস্থা এটা কি আইন শৃঙ্খলার প্রশ্ন নয় এই যে সাসপেন্ড ক'রে টাকা না দেওয়া এটা আইনকে লঙ্ঘন করা [illegible] প্রায় ক্ষেত্রেই এটা বেআইনী কিন্তু তবুও কংগ্রেসের থেকে বিল তো আসেই নি, এমন কি সেটা বন্ধ করার জন্য কোন প্রচেষ্টা হয় নি। আজকে যারা ভেড়ি তৈরী ক'রে কৃষিজমি বেআইনীভাবে দখল করছে তাদের সেই জমি পুনর্দখল করতে গেলে আইনশৃঙ্খলার কথা ব'লে বিরোধী পক্ষ থেকে ভীষণ চিৎকার উঠে। কিন্তু এইসমস্ত ব্যাপারে শ্রমিকদের উপর অত্যাচার, কৃষকের উপর অত্যাচার তাঁদের আমলে ২২ বছর যাবৎ হয়ে এসেছে তার কোন প্রতিবাদ সেখান থেকে হয় নি। ১৯৫৪ সালের শেষে বোধ হয় হবে, তখন আমি লোকসভায় ছিলাম হঠাৎ দেখলাম একদিন সন্ধ্যা বেলায় সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়ে গেল পার্লামেন্টে একটা সংশোধন প্রস্তাব মারফত। আবাদী থেকে ভুবনেশ্বর পর্যন্ত সমানে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়ে আসছে।

কিন্ত এই সমাজে যে অবিচার এতদিন হয়ে এসেছে, তার প্রতিকার আমরা কংগ্রেস তরফ থেকে পাই নি। যুক্তফ্রন্ট সরকার এসে ৬ মাসের মধ্যে এই প্রতিকারের ব্যবস্থা করছেন। কাজেই তাঁদের এজন্য অভিনন্দন জানাতে হবে। কিন্ত আবারও বলি এটা সমাজের যে ব্যাধি, সেই ব্যাধির প্রশমনের ওষুধ নয়। এটা হচ্ছে সমাজের ব্যাধির যে জ্বালা তার কিছুটা রিলিফ দেওয়ার উপায়—এই পর্যন্ত। এই চেষ্টা আমরা ক'রে যাব, কিন্ত এই সমাজকে বদলাবার জন্য যে সংগ্রাম, সেই লড়াই চালাতে হবে। এই ব্যাধিকে উৎখাত ক'রে নতন সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠিত করতে হবে। তার জন্য যুক্তফ্রন্ট সরকার সংগ্রামে জনসাধারণকে উৎসাহিত করবেন এবং সেই পথে আমরা যাবো। এবং যতক্ষণ সেটা না হচ্ছে আমরা চেষ্টা করবো যতটা রিলিফ শ্রমিকদের দেওয়া যায়।

[4-20—4-30 p.m.]

এখানে যে বিল আনা হয়েছে এতে শ্রমিকদের একটু অধিকার দেওয়া হয়েছে। তাঁরা একটি বিশেষ হারে বেতন ভাতা পাবেন। কিন্তু তার সঙ্গে এই ব্যবস্থাও করা হয়েছে, যদি কোন আইনে, যদি কোন কন্ট্রাক্ট-এ তাঁরা তার চেয়েও বেশি পাওয়ার অধিকারী হন, তা হ'লে তাঁরা সেটাই পাবেন. এই আইনে যেটা আছে, এটা পাবেন না। এবং আরো ব্যবস্থা করা হয়েছে, এই আইনে তাঁদের প্রাপ্য হবে, তার জন্য তাঁদের কোর্টে যাবার দরকার হবে না, বিরাট টাকা খরচ ক'রে মোকদ্দমা করার দরকার হবে না। অবশ্য তা তাঁরা করতে পারেন, তাতে বাধা নাই। এতে ব্যবস্থা হয়েছে ঠিক যেমন গভর্নমেন্টের প্রাপ্য কর ও অন্যান্য প্রাপ্য আদায় করবার জন্য সার্টিফিকেট করা যায়, সেইভাবে এই আইনে প্রাপ্য বেতন ভাতা আদায় করবার জন্য শ্রমিক শ্রেণী সরকারের কাছ থেকে সাহায্য পাবে। অতি সহজে তাঁরা তা আদায় করতে পারবে। এইসব কারণে আমি আইনকে সমর্থন জানাচ্ছি এবং আশা করি কংগ্রেস সদস্যরা এতদিন যা করেছেন, তার জন্য তাঁদের যদি কিছুমাত্র লজ্জা থাকে, তা হ'লে তাঁরা অকুণ্ঠভাবে এই আইনকে সমর্থন করবেন, বাজে যুক্তি দিয়ে এই আইনের সমালোচনা বা বিরোধিতা করবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি জিনিস যে ৯০ ডেজ্ পরে ক্লজ-ওয়াইজ যখন আসবে ততক্ষণ আমি থাকবো না, তাদের ৭৫ পার্সেন্ট সাবসিস্টেন্স দিতে হচ্ছে। এই যে একজনকে সাসপেন্ড করলেন এমপ্লয়ার, তিন মাসের মধ্যে ডিসপুট ফয়সালা হয় ভাল। একটি লিমিট বেঁধে দেন ৬০ ডেজ্-এর মধ্যে তা ফয়সালা করতে হবে। ফাইনাল করবার জন্য স্পেশাল ট্রাইবুন্যাল এই জন্য কোন অফিসারকে পাওয়ার দেন হু উইল ডিসাইড দি ইস্যু। এটা ডাজ নট ইনক্লুড গভর্নমেন্ট। এই ইম্যুনিটি কেন চাচ্ছেন? সেটা মন্ত্রিমহাশয় (সি)-তে যেটা আছে রেলওয়েকে বাদ দিচ্ছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার বলে। কিন্তু গভর্নমেন্ট ইম্যুনিটি পাবেন মন্ত্রিমহাশয় বলছেন।

আর একটি কথা, স্পেসিফিক বলা নাই যদি সাসপেন্সন আপহোল্ড হয়. যদি জাস্টিফায়েড হয় দ্যাট সাসপেন্সন অর্ডার এবং তার বেসিসে যদি রিট্রেঞ্চমেন্ট হয়, তা হ'লে তো এই সাবসিস্টেন্স অ্যালাউন্স এমনিই গেল। তার কি ব্যবস্থা হবে?

Suppose on the charge of murder section 302 or genuine defalcation or misappropriation—

এই যে আইনশৃঙ্খলার যা অবস্থা—মাননীয় সাধন গুপ্ত ভেড়ির কথা টেনে আনলেন। ভেড়িতে বোম্বস সাবসিস্টেন্স দিতে হবে যে অবস্থা ও'রা ক'রে তুলেছেন! আমি শুধু বলছি - যদি জেনুইন চার্জ থাকে—যদি ধ'রেই নিই যে অল এমপ্লয়ীজ আর অনেস্ট—তবুও তার মধ্যে এ ফ্রগমেন্ট অব পার্সেন্টেজ খারাপ হয়, তা হ'লে তাদের সাসপেন্সন জাস্টিফায়েড বাই এ কম্পিটেন্ট অথরিটি এটা করলে ঠিক হবে। এটা প্রভিসনে এক্সপ্রেসলি বলা নাই। সেইজন্য আমার মনে হয় যে, একটা ল্যাকুনা রয়েছে সেটা কভার ক'রে যায়। এটা সম্বন্ধে মন্ত্রিমহাশয় আমাদের জানাবেন, এই আশা করছি।

**Shri A. H. Besterwitch:** Mr. Speaker, Sir, I congratulate the Honourable Labour Minister for bringing this Bill. It is a Bill more or less for the benefit of the labourers. There are certain factors which Dr. Sanyal has stated. Sir, if you look at the Statement of Objects and Reasons you will find that there is mention of Industrial Employment (Standing Orders) Act, 1946. I guess that this is a formula and some industries under the Standing Orders will come to an agreement. But some of them have not got any Standing Orders uptil now in many industries. I am talking about the tea industry. The tea industry has a Standing Order and they are supposed to pay to a worker who is under suspension 1/3rd of the wages. In many cases inspite of having Standing Orders these workers are not paid and we have got to make various disputes to realies this amount. I think that Dr. Sanyal has forgotten this as he does not know anything about trade union activities of various industries.

Sir, you all know that a strike is going on in the tea industry and today is the fifth day of the strike. I can inform you, Sir, that the strike is going on very peacefully. But if the industrialists stick to the guns, I think, we have got to take a different line and put the strike in a different way. So, I expect the U.F. Government to immediately put pressure on these industrialists, because they are hard nuts and bureaucrats and they are of the view that what they do is right and what others do is wrong. Even the law of the land is not accepted by these industrialists. Let Dr. Sanyal know this. Only when there is the question of surplus the management implements the Government decision or issues what is laid down in the Statute Books. So I think that we should pass this progressive piece of legislation and I hope that the Opposition should accept this Bill without further debate.

**Dr. Nalinaksha Sanyal:** Then you admit that the Tea Industry people pay some subsistence.

**Shri A. H. Besterwitch:** I said there is the Standing Order, but it is not fulfilled. It is violated to the very backbone. You have no idea about it. Sir, again I tell you that there is a Standing Order where 1/3rd of the wages has to be paid as subsistence allowance to a worker who is under suspension. But that is not being paid and they have got to make various disputes to realise that amount. Various efforts had to be made to realise the amount. This is a nice piece of legislation and, I think, there should have been no objection and no debate. I hope the Congress members on the other side will get up immediately and say that they have no objection and that the bill may be passed.

[4-30—4-40 p.m.]

**শ্রীযামিনীভূষণ সাহা:** মাননীয় সভাপাল মহাশয়, বিরোধী পক্ষ থেকে যে সমালোচনা করা হচ্ছে সে সম্পর্কে বলতে চাই যে, শ্রমিকদের পক্ষে যে সমস্ত আইন হয়েছে তার কোনটাই শ্রমিকদের বিনা সংগ্রামে বা বিনা রক্তপাতে হয়নি, এই হচ্ছে ভারতবর্ষের শ্রমিক আন্দোলনের ১০০ বছরের ইতিহাস এবং বিভিন্ন দেশেরও তাই ইতিহাস। স্যার, আমরা যখন যুক্তফ্রন্ট সরকার গঠন করলাম তার আগে নির্বাচনের সময় আমরা যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলাম আমাদের কর্মসূচীর মধ্যে তার একটা হচ্ছে যে, শ্রমিকদের এবং মেহনতী মানুষদের জন্য আমরা কিছু আইন করবো যাতে তাদের কিছু সুযোগসুবিধা হয়। স্যার, আমরা এই বিধানসভাকে সংগ্রামের একটা মঞ্চ বলেই মনে করি। যেমন শ্রমিকরা তাদের নিজস্ব বিভিন্ন দাবিদাওয়ার ভিত্তিতে এইসমস্ত কল্যাণমূলক আইনের জন্য সংগ্রাম করছে, তেমনি বিধানসভাতে যুক্তফ্রন্ট সরকার আইন আনার ব্যবস্থা করছেন। এটা অতি সামান্য জিনিস—এতে সমাজতন্ত্র হবে না, অন্য কিছুই হবে না। তবুও ওঁরা কেন আপত্তি করছেন বুঝতে পারছি না। স্যার, ওঁরা বলেন কংগ্রেসের ২০ বছরের আমলে অনেক কিছু হয়েছে, আমি বলি একটাও হয় নি। আমরা ২০ বছর ধরে বিভিন্ন কারখানায় ট্রেড ইউনিয়ন করছি, প্রতিটি কারখানায় সাসপেনসন, চার্জ-শীট দেওয়া হয় কিন্তু স্ট্যান্ডিং অর্ডার-এ যেখানে চার দিনের বেশি সাসপেন্ড ক'রে রাখতে পারবে না সেখানে দীর্ঘদিন সাসপেন্ড ক'রে ফেলে রাখে, কোন কেসের বিচার হয় না, মাসের পর মাস এইভাবে চলছে। ট্রাইব্যুনাল-এ কেস পেন্ডিং, সাসপেন্ড হয়ে পড়ে রইল, দু' বছর ট্রাইব্যুনাল চলল, তার কোন বিচার হল না। আবার শ্রমিকরা যদি লড়াই ক'রে সাসপেন্সন উইথড্র করল তা হলে সেখানে অবস্থাটা হয় এই যে এক সময় বাধ্য হয় মালিকদের সঙ্গে চুক্তি করতে যে, সাসপেন্সন পিরিয়ড আর টু বি ট্রিটেড অ্যাজ উইদাউট ওয়েজেস। এই তো অবস্থা করেছেন গত ২০ বছর ধরে কংগ্রেস সরকার, এ রিলিফ শ্রমিকদের তাঁরা দিতে পারেন নি। আজকে আমাদের পক্ষ থেকে বা সরকারের পক্ষ থেকে যে বিল আনা হয়েছে তাতে শ্রমিকদের এইটুকু মাত্র সুবিধা দেওয়া হয়েছে, তাতেও দেখছি ওঁরা খুঁচিয়ে দেন। বলা হয়েছে যে, আমাদের সরকারী কর্মচারী বা কেন্দ্রীয় সরকারী কর্মচারী তাঁরা এই সাসপেন্সন পিরিয়ড-এ অর্ধেক মাহিনা পাবে, সেটা কি তাঁরা জানেন না? যাই হোক তাঁদের কতকগুলি যে অ্যামেন্ডমেন্ট আছে তার মধ্যে দেখছি যে সেখানে যা বলেছেন তাতে ৭৫ ভাগ থেকে ৩০ ভাগ করা হোক। কমিয়ে দেবার ব্যাপার। তারপর আবার আছে

কো-অপারেশন-এর ব্যাপার। শ্রমিকরা যদি নাকি কো-অপারেশন না করে, তা হ'লে অবস্থাটা হবে কি, না, সেই পিরিয়ড-এর টাকা দেওয়া হবে না। এইসমস্ত কথা বলা হয়েছে। স্যার, আমি এই বিলটিকে পূর্ণ সমর্থন করি এবং মনে করি এটা সামান্য ব্যাপার, অনেক কিছু নয়—বিপ্লব বা সমাজতন্ত্রের ব্যাপার নয় বা মালিকদের কারখানা কেড়ে নেবারও ব্যাপার নয়, যাতে ক'রে শ্রমিকদের কথায় কথায় চার্জ-শীট না করতে পারে তার জন্য এই বিলের মধ্যে খানিকটা সেফগার্ড করা হয়েছে, এই সুযোগসুবিধা তাদের দেওয়া হয়েছে।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী কর্তৃক উত্থাপিত বিলকে সমর্থন করতে গিয়ে দু'-একটি কথা বলতে চাই। প্রথমে আমি মনে করি, যে বিলটি এখানে এসেছে তাতে আমাদের দেশের শ্রমিকদের তাদের সংগঠিত করবার জন্য সংগ্রাম করবার একটা অধিকার— যে অধিকার, মালিক শ্রেণী সাধারণভাবে ট্রেড ইউনিয়নকে দমন করবার জন্য সর্বপ্রথমে যে শক্তি হিসাবে ব্যবহার করতো সেটা হ'ল শ্রমিকদের চার্জশিট দিয়ে সাসপেন্ড ক'রে রাখা এবং আমাদের সুপ্রীম কোর্টের বর্তমানে যে একটা নির্দেশ আছে, সেই নির্দেশ হিসাবে সাসপেন্সন পেন্ডিং ইনকোয়ারি ধরা হ'লেও সেটা কিন্তু পানিসমেন্ট ব'লে ধরা হয় নি। তার ফলে শ্রমিকরা বছরের পর বছর পর্যন্ত সাসপেন্ডেড পেন্ডিং ইনকোয়ারি হয়েছে এবং তার ফলে সাধারণ অন্য শ্রমিকদের সংগঠন করবার অধিকার সম্পর্কে কম জোর আসে। এখানে জয়নাল আবেদিন সাহেব বললেন যে, তিন মাসের পরে কেন ৭৫% হবে—তিন মাসের মধ্যে একটা ব্যাপারও ফয়সালা হয় নি কেন—আমি কংগ্রেসী সদস্যকে অনুরোধ করবো যে, বাংলাদেশে এমনও বহু কেস আছে যেখানে ৮।৯ বছর একটি শ্রমিকের সাসপেন্ডেড পেন্ডিং ইনকোয়ারি [illegible] দরকার—দেখেছি সেখানে এই ইনকোয়ারি করে নি। আজকে এই বিলে যে অধিকার সাধারণ-ভাবে আমাদের শ্রমিকদের দিয়েছে যে যদি সাসপেন্ড করা [illegible] থাকে, তা হ'লে সেসময় তাকে অর্ধেক পয়সা দেওয়া হবে, সেটা আমরা মনে করি না এটাই যথেষ্ট। তা সত্ত্বেও তাদের অন্ততঃ এইটা অধিকার থাকবে যাতে তারা বেঁচে থেকে সংগ্রাম চালিয়ে যেতে পারবে। আমরা সেই দৃষ্টিভঙ্গী থেকে এই বিলকে সমর্থন করছি। এই বিল সম্পর্কে আমাদের এই কথা মনে রাখা উচিত যে এই বিল আরো সর্বাঙ্গ সুন্দর হওয়া উচিত। তার কারণ, শ্রমিকদের অধিকার খর্ব করার জন্য মালিক শ্রেণীর চক্রান্তের অভাব হয় না। সে চক্রান্ত এমন যে একটা সাসপেন্সন পেন্ডিং ইনকোয়ারি ক'রে রেখে হয়ত দেখা যাবে যে তিন দিন পরে তাকে ডিসমিস করে দিল। তারপরে সেটা কোর্টে যাবে এবং কোর্টে ২।২॥ বছর পর্যন্ত চলতে পারে। তারপর [illegible] সেটা হাইকোর্টে যাবে। হাইকোর্ট থেকে সুপ্রীম কোর্টে যাওয়া [illegible] থাকবে না। কাজেই সেই দৃষ্টিভঙ্গীতে আমাদের [illegible] বিল [illegible] আইন চলাকালীন শ্রমিকরা অন্ততঃপক্ষে তাদের খোরাকী পায়। তার কারণ আমরা দেখেছি যদি শ্রমিকরা ট্রাইব্যুনালের কোন চার্জশীট, সাসপেনসন বা ডিসমিসাল অর্ডারের বিরুদ্ধে চলে সেখানে মালিক শ্রেণী ২২৬-এ হাইকোর্টে যান। আমাদের কলকাতা হাইকোর্ট কোন সময় সাবসিস্টেন্স অ্যালাওয়েন্স দেয় নি, সুপ্রীম কোর্টে সাবসিস্টেন্স অ্যালাওয়েন্স দেবার প্রথা আছে। তবে সাধারণ শ্রমিকদের পক্ষে সুপ্রীম কোর্টে গিয়ে আপিল করা দুঃসাধ্য ব্যাপার। তার কারণ, প্রথমত আড়াই হাজার টাকা জমা দিতে হয় এবং নানারকম কাগজপত্র ছাপাবার খরচ দিতে হয়। কিন্তু বাংলাদেশের হাইকোর্টে শ্রমিকের কেস প্রমাণিত হয়েছে যে, তাদের কোন অন্যায় হয় নি, সেই শ্রমিকদের তারা এখন সাবসিস্টেন্স অ্যালাওন্স দেয় নি। সেই সম্পর্কে দৃষ্টি রেখে আমাদের ভবিষ্যতে বিলকে আরো সর্বাঙ্গসুন্দর করতে হবে। যখন ক্লজ বাই ক্লজ আলোচনা হবে, আমার যে সংশোধনী আছে, তখন সে সম্পর্কে দু' একটি কথা বলব।

**শ্রীসুবোধগোপাল গুহাইতঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব আনন্দের বিষয় যে, আমাদের যুক্তফ্রন্ট সরকার শ্রমিকদের উপকারের জন্য একটা বিল এনেছেন। আমার যতদূর ধারণা আছে যে, ভারতবর্ষের অন্য কোন রাজ্যে শ্রমিকদের জন্য এইরকম বিল আনা হয় নি। আমি এই বিলকে সম্পূর্ণ সমর্থন ক'রে মাননীয় মন্ত্রিমহাশয়কে দু'-একটি কথা বলব। এই বিল যে উদ্দেশ্যে করা হয়েছে মালিক পক্ষ যাতে সেটাকে বানচাল করতে না পারে এবং এটা কার্যকর করার ব্যাপারে যাতে অসুবিধা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে লক্ষ্য রাখা দরকার। এই বিলে ব্যবস্থা আছে যে, যতদিন সাস্পেন্সন পিরিয়ড চলবে ততদিন শ্রমিক অন্য কোথাও চাকুরি নিতে পারবে না, নিলে তাদের অ্যালাওন্স বন্ধ হয়ে যাবে।

[4-40—4-50 p.m.]

এই কারণে এবং অন্যান্য কারণেও যাতে এই বিল আনার সঙ্গে সঙ্গে সাসপেন্ড করার পরে বিচারটা তাড়াতাড়ি হয়, তাতে উভয় পক্ষেরই সুবিধা হবে, সেটার ব্যবস্থা করা উচিত ব'লে মনে করি। একটা আনলিমিটেড টাইম ঝুলে থাকবে এবং এইরকম অবস্থা চলতে থাকবে, তারা সুযোগ পেলেও চাকরি নিতে পারবে না, গুরুতর অপরাধের জন্য কাজ না ক'রেও বেতন নিতে থাকবেন, যাতে উভয় পক্ষেরই এই বিষয়ে সুবিধা হয়। সেজন্য তাড়াতাড়ি বিচারের ব্যবস্থা করা উচিত। দ্বিতীয় কথা হচ্ছে, সেকশন এইট-এ রয়েছে যে

No suit, prosecutions or other legal proceedings shall lie against any person.

ইত্যাদি। এটার সুযোগ নিয়ে কোন পক্ষ বিশেষ ক'রে মালিক পক্ষ যাতে এমন কাজ করবেন [illegible] গড়ে রেখে সম্পূর্ণ দিয়ে [illegible] কোন স্যুট চলবে না, এটা [illegible] হবে এই সেকশন সম্পর্কে কোন রদবদল করা উচিত কিনা, এটা মাননীয় মন্ত্রিমহাশয় একটু চিন্তা ক'রে দেখবেন। আর একটা বিষয় আমি দৃষ্টি আকর্ষণ করাতে চাই। সেটা হচ্ছে, সেকশন টেন-এর মধ্যে রয়েছে যে কর্পোরেশন বা অন্যান্য বডি কর্পোরেট, তাদের পক্ষে যারা দায়ী হবেন, কোন অফেন্স করলেই বিল অনুযায়ী কারা দায়ী হবেন তার এ[illegible] করা হয়েছে। আমি যতদূর জানি একজন ল-ইয়ার হিসাবে তাতে আমাদের ল-এর [illegible] প্রিন্সিপল হচ্ছে [illegible] নট গিল্টি প্রথমে ধ'রে নেওয়া। যতক্ষণ পর্যন্ত না সে প্র[illegible] হচ্ছে যে সে [illegible] নট গিল্টি হিসাবে আমাদের ধ'রে নিতে হয়। [illegible] প্রমাণ করতে হবে গিল্টি [illegible]। এটা হচ্ছে ল-এর প্রভিশন। এখানে সেকশনে আছে যে [illegible]দেরকে ধ'রেই নেওয়া হচ্ছে যে

wh[illegible] shall be deemed to be guilty of such offence.

[illegible] প্রমাণ করতে হবে যে সেই নির্দোষ। এটা প্রিন্সিপল [illegible] আছে, সেটার সঙ্গে সঙ্গতিপূর্ণ আছে কিনা সেটা চিন্তা ক'রে দেখবেন। এবং এই সেকশন টেন-এর মধ্যে যে ভাষা [illegible] আরও [illegible] কে কে ভেকেরিয়াসলি রেসপনসিবল হবেন সেটা করা যায় কিনা, সেটা মাননীয় মন্ত্রিমহাশয়কে চিন্তা করবার জন্য অনুরোধ করছি। এই কথা কয়টি ব'লে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপতিতপাবন পাঠকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বিল এনেছেন, আমি তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই এবং এই বিলকে পূর্ণ সমর্থন করি। বিরোধী পক্ষের একজন ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ অ্যাক্টে নাকি এই রকম ভাতার কথা আছে ব'লে উল্লেখ করেছেন। আমার বন্ধু শ্রীসাধন গুপ্ত মহাশয়, এই বিষয়ে তাঁর অজ্ঞতার কথা উল্লেখ করেছেন, আমি সে সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না, কিন্তু আমি ডাঃ সান্যাল মহাশয়কে বলছি যে, বইটা বেশি মোটা নয়, একটু পড়ে নেবেন এবং আশা করি, তিনি আগামী দিন এসে নিজের অজ্ঞতাটা এই হাউসে স্বীকার করবেন এবং তিনি যে একজন বিজ্ঞ ব্যক্তি তার পরিচয় দেবেন। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে দু-একটি কথা বলতে চাই এই সম্পর্কে। সেটা হচ্ছে সেন্ট্রাল সাবজেক্ট সম্পর্কে একটু নজর দেবার দরকার আছে। সেন্ট্রাল সাবজেক্ট ব'লে রেলওয়েজ-এ আছে, তাদের নিজস্ব বিধান আছে এবং সেই বিধান অনুসারে তারা সাসপেন্সান অ্যালাওয়েন্স পান। যদিও সেন্ট্রাল সাবজেক্টগুলো স্টেট লেবার কমিশনার বা স্টেট লেবার মিনিস্টারের আওতার মধ্যে নয়, তবুও বাংলাদেশে সেইসমস্ত শ্রমিক যথেষ্ট পরিমাণে আছেন যেমন কয়লা খনির শ্রমিক, মাইনের শ্রমিক, তাদের সম্বন্ধে কি হবে, এটা একটু ভেবে দেখা দরকার। কারণ তাদের উপর কর্তৃত্ব এই ব্যাপারে আমাদের বাংলাদেশের যে লেবার কমিশনার আছেন তার নেই। সেই জন্য কোলিয়ারীর পাশে সেই ইঞ্জিনিয়ারিং কারখানা, তাদের শ্রমিকরা ভাতা পাবে, কোলিয়ারির শ্রমিকরা পাবে না, এই অবস্থা যাতে না হয়, সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দেবার জন্য অনুরোধ জানাবো। এবং যেসমস্ত সেন্ট্রাল সাবজেক্ট আছে, যেখানে এইরকম ভাতার কম বেশি আছে সেখানে যাতে এর চেয়ে কম ভাতা না হয়, এইরকম ভাতা পাবার ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে আমার অভিজ্ঞতা থেকে মাননীয় শ্রমমন্ত্রীকে একটু হুঁশিয়ার ক'রে দিতে চাই যে, ঐ তিন মাস যে আমরা লিমিট বেঁধে দিয়েছি, তখন মালিকরা আবার চেষ্টা করবেন ঐ তিন মাসের মধ্যে যেন-তেন প্রকারেণ ছাঁটাই ক'রে দেওয়ার। সুতরাং এই বিলের মাধ্যমে না হওয়া সম্ভব হ'লে

তিনি অন্য বিল এনে যতদিন পর্যন্ত শ্রমিকরা তাদের এই ছাঁটাই সম্পর্কে বিরোধী থাকবেন, তাদের ততদিন পর্যন্ত ট্রাইবুন্যাল লেভেলে হোক, লেবার কমিশনার লেভেলে হোক, যে কোন লেভেলে হোক, সুপ্রিম কোর্ট বা হাইকোর্ট, যে কোন লেভেলে হোক, এই জিনিস থাকবে ততদিন পর্যন্ত তাদের ভাতা দেবার ব্যবস্থা যদি কার্যকর করা যায়, তবেই মালিকের চক্রান্ত ব্যর্থ করা যাবে। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআব্দুল হাসান:** ইস বিল কা সমর্থন করতে হুয়ে মে' দো-চার বাতে' বোলনে কী কোশিশ করেঙ্গা। আমি এই বিলটা সমর্থন করতে উঠেছি। ডঃ সান্যাল বললেন যে, সব কিছুই আছে, সব কিছুই পাওয়া যায়। আমি যখন এখানে আসি নি তখন কাগজে পড়তাম উনি খুব লেখাপড়া জানেন এবং পার্লামেন্টারী আইনকানুন সম্বন্ধে ও'র খুব ভাল ধারণা আছে। এই কথা শুনলে আমার বাবার কাছে শোনা একটি গল্প মনে পড়ল। বাবা বলতেন যে, বলদটা বাড়ির উঠানে বাঁধা আছে, কিন্তু ওকে ছেড়ে দিলে ও জানে ওর কাজ কি, ও ওর কাজ করবে। উনি তো বললেন, সবই আছে, সব কিছুই পাওয়া যায়। আমি জিজ্ঞাসা করতে চাই যে, বাংলাদেশের মানুষের হাড়ভাঙ্গা পরিশ্রমের টাকায় যে তেরতলা নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংস তার উপর থেকে একজন সাসপেন্ড ছাঁটাই শ্রমিক পড়ে আত্মহত্যা করেছিলেন সে কি পেয়েছিল? ও'দের লজ্জা করে না বলতে যখন ছাঁটাই শ্রমিক প্রাণ দেয় তখন যে, আইন তো আছে, আইন করেছিলাম। মালিকরা শ্রমিক ছাঁটাই করেছে, সাসপেন্ড করেছে, কিন্তু এক পয়সাও শ্রমিকদের দেয় নি। আজকে এই বিলের জন্য যুক্তফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাই। ও'রা সমাজতন্ত্রের কথা বলেন। আবাদী থেকে আরম্ভ ক'রে দিল্লী পর্যন্ত। পণ্ডিত নেহরুও বলতেন। কিন্তু বাংলাদেশে বহু শ্রমিক ছাঁটাই হয়েছে, সাসপেন্ড হয়েছে। ও'দের আইনের সুযোগ নিয়ে মালিকরা সাসপেন্ড, ছাঁটাই করেছে। ও'রা সাহু-জৈনের দালালী করেছেন, বিড়লার দালালী করেছেন। ও'রা সাম্রাজ্যবাদের কথা বলেন। এই কয়েকদিন আগে প্রমাণ হয়ে গিয়েছে কারা সাম্রাজ্যবাদের দালাল। কাজেই কাহাকে আর ভাঁওতা দিয়ে লাভ নেই। কুড়ি বছর ধ'রে কংগ্রেস এইখানে রাজত্ব করেছে, এখানে একজন লেবার মিনিস্টার আছেন আমরা তাঁকে বার বার বলেছি, অন্তত কিছু করুন। উনি বলেছেন, কি বল তোমরা, এ কি করা যায় এইসব করলে মালিকরা মারা যাবে। সেই কথা বিধানবাবুর কাছে বলেছিলাম—তিনি বলেছিলেন, আমাদের সুযোগ নেই। কোন কিছু যুক্তফ্রন্ট করলেই ও'রা বলেন, আমরা করেছিলাম বিধানবাবু করেছিলেন। আমি জিজ্ঞাসা করি, আপনারা করেন নি কেন? কে আপনাদের বাধা দিয়েছিল? বাংলাদেশের জনসাধারণ বাধা দেন নি। বাংলাদেশের জনসাধারণ আপনাদের ভোট দিয়ে পাঠিয়েছিলেন এইজন্য যে আপনারা বাংলাদেশের জন্য করবেন, শ্রমিকদের জন্য করবেন চাষীদের জন্য করবেন। কিন্তু আপনারা তা করেন নি। হিন্দুস্থান মোটর কোম্পানীতে ছাঁটাই হ'ল, চার্জশীট দিয়ে বসিয়ে দিলেন। অন্তত এই বিলের মারফত শ্রমিকরা কিছু রিলিফ পাবে। আমরা জানি সমাজবাদ আনার সংগ্রামের সুযোগ শ্রমিকরা পাবে, বাংলাদেশের শ্রমিকরা বুঝতে পারবে যুক্তফ্রন্ট [illegible] ফলে আমরা এই সুযোগসুবিধা পেলাম। আমরা লড়াই করেছি, করব। সমাজবাদে পৌঁছতে আমরা যতদিন না পারি, ততদিন পর্যন্ত সংগ্রাম ক'রে যাব। তাদের ৭০।৭৫ ভাগ শ্রমিকরা নিশ্চয় পাবে যুক্তফ্রন্টের মাধ্যমে। সেইজন্য বার বার শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে, এই বিলকে অভিনন্দন জানিয়ে আমার একটা কবিতা মনে পড়ল সেইটা আবৃত্তি ক'রে শেষ করছি:—

करती है जरूरत यदि वैसा पैदा,
दरिया करता है जोशे दरिया पैदा।
जिस खाक से फिर कौन जन्म लेते हैं,
होते हैं उसी खाक से मूसा पैदा।
हर गूंचा गुलिस्तान लिए बैठा है।
हर जर्रा बयाबान लिए बैठा है।
मालूम न था नील का हरएक कतरा,
फिर कौन का तूफान लिए बैठा है।

**শ্রীনিখিল দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, এটা একটা প্রগতিশীল ধাপ। কারণ এটার আমূল পরিবর্তন করার প্রশ্ন কিছু নেই। কিন্তু শ্রমিকদের বহুদিনের বিক্ষোভ, তাদের বহুদিনের জ্বালা যার উপর বহু আন্দোলন শ্রমিকরা করেছে। সেই জায়গায় এই বিলটি তাদের কিছুটা রিলিফ দিয়েছে। আপনি জানেন স্যার, বাংলাদেশে বা ভারতবর্ষের মালিকরা সাধারণভাবে শ্রমিকদের শাস্তি দেবার একটা পদ্ধতি ঠিক ক'রে নেন। সেটা হচ্ছে যে, বরখাস্ত করতে পারবো কি পারবো না, তা জানি না, চার্জশীট দিয়ে দাও এবং দিয়ে তাকে সাসপেন্ড ক'রে দাও এবং এই সাসপেন্সন-এর পরে ইনকোয়ারি করতে কোথাও দু' মাস, কোথাও তিন মাস, কোথাও চার মাস, কোথাও পাঁচ মাস, কোথাও ছয় মাস সময় তারা নেন। অর্থাৎ মালিকরা যে আইনীভাবে, অন্যায় ভাবে একটা শ্রমিক—যে শ্রমিক কোন অপরাধ করে নি, দোষ করে নি - তাকে একটা চার্জশীট দিয়ে দিলেন, সাসপেন্সন ক'রে দিলেন এবং পেন্ডিং ইনকোয়ারি-র একটা পয়সাও সে পেল না। অর্থাৎ তিন মাস, চার মাস, পাঁচ মাস পার হবার পরে সেই শ্রমিকরা চার্জশীট-এর উপরে দাঁড়িয়ে তাদের নিজেদের পক্ষ অবলম্বন করবার ক্ষমতা থাকে না। তারা আস্তে আস্তে কারখানা বা অফিস থেকে পালিয়ে চলে যায়। এটা তাদের বহুদিনের দাবি ছিল এবং তাদের দাবি এই ছিল যে, পেন্ডিং ইনকোয়ারি যদি সাসপেন্সন-এ রাখা হয়, তা হ'লে তাদের একটা অ্যালাউয়েন্স দেওয়া হোক। আজকে যুক্তফ্রন্ট সরকারের শ্রমমন্ত্রী তাঁর দপ্তর থেকে নূতন আইন পাশ করবার জন্য যে বিল এনেছেন সেটায় শ্রমিকদের বহুদিনের যে দাবি ছিল তার উপর ভিত্তি ক'রে তিনি বলেছেন যে, ৯০ দিন ধ'রে যদি সাসপেন্সন থাকে, তা হ'লে তাকে অর্ধেক মাহিনা দিতে হবে এবং তার বেশির ভাগ হ'লে ৭৫ ভাগ দিতে হবে। এই আইন আমাদের কাছে এসেছে এবং এর বিরোধিতা করার কি কারণ কংগ্রেস পক্ষের আছে, আমি জানি না। কেন তারা বিরোধিতা করলেন, তাও বুঝতে পারি না। একটা প্রগতিশীল ধাপ এবং এটাকে সমর্থন করে এর সঙ্গে আর একটি কথা আমি আপনার মাধ্যমে বলবো শ্রমমন্ত্রীর কাছে যে, এখানে মালিকদের এই সাসপেন্সন পিরিয়ড-এ যে টাকা দিতে হবে তার জন্য তারা বরখাস্তের দিকে বেশি ঝুঁকবেন এবং বরখাস্তের সংখ্যাও বাড়বে। সুতরাং বরখাস্তের সংখ্যা বাড়লে সেই জায়গায় কি ভাবে মালিকদের বাধা দেওয়া যায়—আমাদের যে শ্রমদপ্তর আছে, বরখাস্ত বাড়লেও সেই কেসগুলি যাতে তাড়াতাড়ি ধরতে পারেন, তার ব্যবস্থা করবেন, তা না হ'লে বরখাস্তের সংখ্যা বাড়লো, কনসিলিয়েশন হ'ল না, মাসের পর মাস পড়ে থাকলো তা হ'লে যে বেনিফিট আমরা ওয়ার্কারদের দিতে যাচ্ছি, সেই বিরেল বেনিফিট তারা পাবে না এবং ডিসমিস-এর সংখ্যাও বাড়বে। এই জায়গায় কি ক'রে চেক দেওয়া যায়, নূতন আইন ক'রে হোক বা কনসিলিয়েশন অফিস বাড়িয়ে হোক যাতে তাড়াতাড়ি এগুলির ফয়সালা হয় তার ব্যবস্থা করতে হবে। এই কথা ব'লে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি এবং বিলকে কার্যকর করার ব্যাপারে যাতে রুলস আসে সেই আবেদন আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমতঃ আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি এবং আমাদের শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। কিছুক্ষণ ধ'রে বিরোধিপক্ষের বিশেষ ক'রে ডঃ সান্যালের কথা আমি শুনছিলাম এবং শোনার সময় আমার মনে হচ্ছিল যে, এই নির্বাচনের ফলাফল দেখে ডঃ সান্যালের মাথা খারাপ হয়ে গেছে যার জন্য তিনি আবোল-তাবোল বলছেন এবং যার ফলে বলতে হবে সংবিধান বা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সম্পর্ক, স্টেট লিস্ট ইত্যাদি এইসমস্ত কথা বলছেন যেন কিছু তাঁর খেয়াল নেই, অথচ তিনি ডক্টরেট, একজন পণ্ডিত ব্যক্তি হয়ে তিনি এইভাবে আবোল-তাবোল কি ভাবে বলতে পারেন তা আমি ভাবতে পারি না। যা হোক, এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে ইতিপূর্বে বহু বক্তারা বলেছেন। আজকে বাংলাদেশের এবং ভারতবর্ষের শ্রমিক শোষণ দীর্ঘদিন ধ'রে চলছিল, এখনও চলছে এবং যতক্ষণ পর্যন্ত প্রতিক্রিয়াশীলরা থাকবে ততক্ষণ এদের শোষণ থাকবে এটা তাদের স্বভাব। সুতরাং আজকে শোষণ যারা করছে তাদেরই একদল এখানে বসে এই বিলের বিরোধিতা করবেন, এটা স্বাভাবিক। কারণ ধনিকের বা শিল্পপতিদের স্বার্থ রক্ষা ডঃ সান্যাল করবেন এবং সেজন্যই তিনি এটা করছেন। আজকে যে বিলটা এসেছে তাতে শ্রমিকদের উপর যে শোষণ সেই শোষণের থেকে কিছুটা মাত্র একটা সাময়িক মাত্র তাদের রিলিফ দেওয়ার বন্দোবস্ত, সেটা তো হচ্ছেই এবং সঙ্গে সঙ্গে মালিকপক্ষকে জানিয়ে দেওয়া হচ্ছে যে যুক্তফ্রন্ট সরকার আজকে

আছে, বিনা বিচারে বে-আইনীভাবে, অন্যায়ভাবে তোমরা যদি শ্রমিকের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করো নানা অজুহাতে, তা হ'লে, সে কাজ তোমাদের করা চলবে না এবং সাসপেন্সন থাকাকালীন তাদের এই অ্যালাউয়েন্স দিয়ে যুক্তফ্রন্ট সরকার তাদের হুঁশিয়ার ক'রে দিয়ে এবং আগামী দিনে আমার মনে হয় যে, আমাদের যুক্তফ্রন্ট সরকার আরো ব্যবস্থা করবেন। এটা নামমাত্র এবং যে সংগ্রাম তারা করছে তাদের পক্ষে যে আমরা আছি এটা তার একটা স্বীকৃতি। আমি আর একবার শ্রমমন্ত্রীকে আমার আন্তরিক অভিনন্দন জানাই এই বিলটা আনার জন্য- এই ব'লে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীঅনাদি দাসঃ** মাননীয় স্পীকার স্যার, যে বিলটি আনা হয়েছে সেটাকে সমর্থন করতে গিয়ে আমি দু'একটা কথা বলতে চাই। প্রথমতঃ এখানে কথা বলা হয়েছে যে, এটা যেন শ্রমিক শ্রেণীর উপকার করা হচ্ছে এই দৃষ্টিভঙ্গী আমার মনে হয় যে ঠিক নয়। এই বিলের মধ্য দিয়ে আমরা তাদের অধিকারের স্বীকৃতি দিচ্ছি মাত্র। যারা সমাজকে নিজেদের শ্রম দিয়ে [illegible], খাইয়ে পরিয়ে রাখে কলকারখানায় কাজ করে, তাদের জীবনধারণের অধিকার আজ একথার স্বীকৃতি নেই সমাজে এখনও। তারই কিছু অংশ মাত্র আমরা এখানে স্বীকৃতি দিতে পারছি। আর এই স্বীকৃতির বিরুদ্ধে প্রতিবাদ উঠে তার মানে যে তারা মানুষকে মানুষের মতো মনে করছেন না। নিশিবাবু মাননীয় সদস্য কথায় কথায় ব'লে ফেলছেন যে ওরা নিম্ন স্তরের মানুষ। যারা পরিশ্রম করে, অর্থকৌলিন্য যাদের নেই তারা নিম্ন স্তরের মানুষ, একথা থেকে তাঁর অ্যাটিচুড বুঝা যায়। সেকথা দিয়ে আমরা বুঝলাম- যারা মাঠে ফসল ফলায় তাদের আমরা বলি ব্যাটা চাষী, যে কারখানায় কাজ করে তাকে আমরা বলি ব্যাটা মজুর। [illegible] নিশিবাবুদের আসন থেকে যে কথা বলে গেছে, যার জন্য তিনি দুঃখপ্রকাশ ক'রে গেছেন, ঠিক সেই অ্যাটিচুড এখনও দেখা যাচ্ছে যে যারা নিম্ন স্তরের জীব, অর্থকৌলিন্য না থাকলে তাদের যেন আর কোন স্তর থাকে না [illegible] ট্রেড ইউনিয়নিজম্‌ [illegible] আগে যখনই কোন ট্রেড ইউনিয়ন তৈরি হয়েছে তখনই চুপচাপ আমাদের থাকতে হয়েছে, গোপনে থাকতে হয়েছে যাতে যারা সৃষ্টি করেছে ট্রেড ইউনিয়ন অর্গানাইজেশন তাদের নাম প্রকাশ না পায়। পেলেই তাকে তাড়িয়ে দেবে, না হয় সাসপেন্ড করবে। যে কোন প্রকারে মালিকের যদি নজরে না থাকে, তা হ'লে তাকে সাসপেন্ড করবে। সুপ্রিম কোর্ট যা বলেছেন আমরাও তাই বলি জাস্টিস। আমরা চাই ক্লাস জাস্টিস। সেই ক্লাস জাস্টিস-এর কথা সুপ্রিম কোর্ট না বলতে পারে। কিন্তু একটা মানুষকে সাসপেন্ড করা হ'লে কতদিন তাকে এইভাবে রাখা হবে? সেজন্য এ বিলকে সমর্থন ক'রে আমি কয়েকটা কথা বলতে চাই। এটা যে ৯০ দিন করা হয়েছে এটা কেন আরও কম করা হবে না? ৬০ বা ৩০ দিন করলেই যথেষ্ট। ওয়ার্কাররা নন-কো-অপারেট করে না। যে লোকটা না খেতে পেয়ে থাকবে, মাইনে পাবে না সে নন-কো-অপারেশন করবে ইনকোয়ারির সঙ্গে তা হ'তে পারে না। আর যে লোকটা তাকে সাসপেন্ড করবে যাতে কোনরকম ভাবে মালিকের শোষণের বিরুদ্ধে কথা না বলতে পারে সেই করবে কো-অপারেশন তা হয় না। সুতরাং মালিককে যদি শাস্তি দিতে হয় তা হ'লে পিরিয়ড আরও কম করা উচিত। কেবলমাত্র সেসব জায়গায় যেখানে সত্যিই দেরি হওয়া সম্ভব--অফেন্স ইজ টু বি ডিটারমিন্ড বাই সাম কোর্ট-- সেসব জায়গায় হয়তো কিছুটা দেরি হ'তে পারে। কিন্তু সেসব জায়গাতেও এত দেরি ক'রে বিচার করার যুক্তিসংগত কোন কারণ নেই। আমি তাই এই বিলকে সমর্থন করি, কারণ, এর উপর দাঁড়িয়ে শ্রমিকশ্রেণী আরও সংগ্রাম করবে। যারা এমপ্লয়েড ওয়ার্কার তাদের কথা আমরা কিছুটা বলতে পারলাম। কিন্তু বাংলাদেশে ১৯ লক্ষ আন-এমপ্লয়েড আছে তাদের জন্য আমরা এখনও কিছু করতে পারি নি। যা হোক, এটার উপর দাঁড়িয়ে শ্রমিকশ্রেণী আরও সংগ্রাম ক'রে এগিয়ে চলবে। এই আশা নিয়ে এই বিলকে আমি সমর্থন করছি।

[5—5-10 p.m.]

**ডাঃ এ এম ও গনিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের সমর্থনে আমি দু'-তিনটি কথা বলতে চাই। শ্রমিকশ্রেণীর পক্ষে মিনিমাম যেটুকু যুক্তফ্রন্ট সরকারের করা উচিত ছিল তাই করেছেন। আমি অনেক খুশী হতাম, যদি আরও কিছু করতে পারতেন। আমি একটা প্রশ্ন করছি ইনকোয়ারি যদি প্রমাণ করে সাসপেন্সন ন্যায়সংগত হয়েছে তা হ'লে কি হবে? আমি

একটা পাল্টা প্রস্তাব করি যদি এই ইনকোয়ারি প্রমাণ করে এই সাসপেন্ড একেবারে অন্যায় হয়েছে তা হ'লে মালিকের কি শাস্তি হবে তার কোন কিছু নেই? এতদিন কংগ্রেস সরকার শ্রমিক-শ্রেণীকে কোনরকম প্রোটেকশন দেয় নি। আমার এলাকায় পিওর ড্রিংকস ব'লে একটা কোম্পানী আছে সেখানে একজন শ্রমিককে বিনা দোষে সাসপেন্ড করা হয়েছে। তার বিরুদ্ধে একটা অভিযোগ হচ্ছে যে, সেখানে যে ইউনিয়ন হয়েছে সে সেই ইউনিয়ন-এর ট্রেজারার। এক বছর আগে এর বিরুদ্ধে একটা ক্রিমিন্যাল কেস হয়েছিল তার জন্য তাকে সাসপেন্ড করা হয়েছে। এক বছর কেস হয়, কিন্তু আজ পর্যন্ত তার হিয়ারিং হয় নি। তাকে এক বছর পর মালিক সাসপেন্ড করল। এর কি শাস্তি হবে? এর কোন প্রোটেকশন শ্রমিকশ্রেণী পাচ্ছে না। সেজন্য মন্ত্রিমহাশয়কে অভিনন্দন করছি তিনি একটা কিছু প্রোটেকশন শ্রমিকশ্রেণীকে দেবার ব্যবস্থা করছেন। কিন্তু আশা করি ভবিষ্যতে উন্নতভাবে আরও সংশোধনী আনবেন যাতে মালিকশ্রেণীর একটা শাস্তির ব্যবস্থা হয় এবং শ্রমিকশ্রেণী বিচার পায়। এই ব'লে আমি শেষ করছি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** স্যার, বিরোধী পক্ষ থেকে দু-একটি কথা যা বলা হয়েছে তার সম্পর্কে আমি এটুকু বলতে চাই যে, ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় যদি বলতেন ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টে কোথায় সাবসিস্টেন্স অ্যালাওয়েন্সের প্রভিসন আছে, তা হ'লে নিশ্চয়ই সেটা আমরা বিবেচনা ক'রে দেখতাম। শোনা কথার উপর কোন আইন হয় না। উনি এটা শুনেছেন, কিন্তু আইন দেখেন নি, কাজেই সেই দোষ নিশ্চয়ই আমার নয়। উনি বলছেন, উনি শুনেছেন। ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট-এর কোথায় এটা লেখা আছে সেটা বললে নিশ্চয়ই আমরা সেটা বিবেচনা করে দেখব।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** আই স্ট্যান্ড করেকটেড।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** দ্বিতীয় কথা হচ্ছে, সরকারী কর্মচারীদের কেন বাদ দিলাম? সরকারী কর্মচারীরা ইতিমধ্যেই আন্দোলনের মারফত তাদের শক্তির মারফত এই অধিকার আদায় করে নিয়েছে এবং আমি যে বিল আনছি তা থেকে তারা যে সুযোগসুবিধা পান সেটা কম নয়, বরঞ্চ কিছু কিছু ক্ষেত্রে বেশি। ডঃ গণি ঠিকই বলেছেন, আমরা মিনিমাম প্রোটেকশন দিয়েছি, এর বেশি কিছু নয়। কাজেই আমি যে সুযোগ প্রপোজ করছি তা থেকে যদি তারা বেশি পান, তা হ'লে আমি কেন সেখানে হস্তক্ষেপ করতে যাব? তৃতীয় কথা হচ্ছে, ওরিয়েন্টাল গ্যাস ইত্যাদি যেসমস্ত কথা বলেছেন সেগুলি এর আওতায় আসবে। তারা সরকারী কর্মচারী নয়, তবে তারা ইন্ডাস্ট্রিয়াল অ্যাক্টের আওতায় পড়েন এবং মালিক হচ্ছে সরকার। সেগুলি নিশ্চয়ই আসবে, বাদ যাচ্ছে না। তারপর কথা হচ্ছে, কেন ৯০ দিনের মধ্যে ইনকোয়ারী বা ডিসিসান হ'তে পারবে না। আইনটা হচ্ছে সাবসিস্টেন্স অ্যালাওয়েন্স বিল। আমরা নিশ্চয়ই চেষ্টা করব এবং অনেকেই সাজেস্ট করেছেন শ্রমিকদের আরো কিছু প্রোটেকশন দেওয়া যায় কিনা। আমি আগেই বলেছি যে, ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্টকে ঢেলে সাজানো দরকার যেটা ১৯৪৭ সালে হয়েছিল এবং তার মডেল হচ্ছে ডিফেন্স অব ইন্ডিয়া রুলস--ইংরাজ যখন যুদ্ধ করেছিল সেই সময়। সেই মডেল ভেঙ্গে দেওয়া দরকার। সেই মডেল ভেঙ্গে দিয়ে যদি কম্প্রেহেন্সিভ ইন্ডাস্ট্রিয়াল রিলেসনস অ্যাক্ট করা যায়, তা হ'লে তার ভেতরে নিশ্চয়ই যেসমস্ত প্রশ্ন উঠেছে সেগুলি কভার করা যেতে পারে। এত অল্প সময়ের মধ্যে এটা করা সম্ভব নয়। আগামী অধিবেশনে করা যাবে কিনা সেটা বিবেচনা ক'রে দেখব, অর্থাৎ এইরকম কমপালসরী কিছু করা যায় কিনা সেটা দেখব। তারপর প্রশ্ন হচ্ছে, কেন বর্তমানে ৯০ দিনের পর ৭৫ পার্সেন্ট। আমাদের টেন্ডেন্সীটা কি। আমাদের যখন আইন করতে হয়, তখন বুঝতে হয় এই আইনটা কার বিরুদ্ধে এবং কি টেন্ডেন্সীর বিরুদ্ধে এবং আমাদের টেন্ডেন্সীটা কি? নিখিলবাবু বলেছেন সাসপেন্সনটা অধিকাংশ ক্ষেত্রে হয় টু ভিকটিমাইজ দি ইউনিয়ন লীডার্স মেনলি লীডার্স অব দি ইউনিয়ন, অর্থাৎ যারা সামনে এসে আন্দোলন করে তাদের উপর আঘাত করাই হচ্ছে প্রধান উদ্দেশ্য এবং এইভাবে দীর্ঘস্থায়ী তাদের ঝুলিয়ে রাখা হয়, কোন ইনকোয়ারী হয় না। তার পর মালিকপক্ষ থেকে গোপনে প্রস্তাব দেওয়া হয়, তুই যদি দালাল ইউনিয়নে আসিস, তা হ'লে তোর সাসপেন্সন উইথড্র হয়ে যাবে। আজকে সকালেই এই রকম একটা কেস আমার কাছে এসেছিল এবং সেই

কেসে কি করতে হবে সে পরামর্শ দিয়েছি। সুতরাং এই টেন্ডেন্সীটাকে বাধা দিতে হবে এবং সেটা বাধা দেবার জন্য সাসপেন্সনটা দীর্ঘদিন তিনমাসের ভেতর যদি ইনকোয়ারী করে, তা হ'লে ভাল, কিন্তু তার বেশী হ'লে ৭৫ পার্সেন্ট অব দি পে। কোন মালিক যদি বরখাস্তের সংখ্যা বাড়িয়ে দেয় তার উত্তরে আমি বলতে চাই, ইন্ডাস্ট্রিয়াল রিলেসন সব সময় আইনের দ্বারা

[5-10—5-20 p.m.]

মেইনটেন্ড হয় না। সেই রিলেসন মেইনটেন্ড হয় ওয়ার্কিং ক্লাস মুভমেন্ট— ডেমোক্রেটিক মুভমেন্ট দেশের ভিতর আবহাওয়ার সৃষ্টি করে। তার পরিপ্রেক্ষিতে আজকে ৬ মাসের ভিতর কয়টি সাসপেন্সন হয়েছে, সারা বাংলাদেশে কয়টি ডিসমিসাল হয়েছে? খুব কম, কেন? মালিকরা এটা বুঝে ফেলেছে যে, সরকার তাদের নীতি, সাসপেন্সনের নীতি, ভিকটিমাইজেশনের নীতি সমর্থন করবে না। তারই জন্য সাসপেন্সন কেস হয়েছে অনেক কম। ডিসমিসাল কেস হয়েছে অনেক কম। সুতরাং মালিকরা যদি ডিসমিসালের নীতি গ্রহণ করে, তার জন্য আইন নিশ্চয়ই তৈরি করছি। কিন্তু সেটা একবার গ্রহণ করলে আর পরিবর্তন হবে না, করা যাবে না, সে রকম তো কিছু নয়। অভিজ্ঞতার ভিত্তিতে যদি পরিবর্তন দরকার হয়, তা হ'লে সেটা করা যাবে। আমি এটা ক্লেইম করছি না যে, যা করেছি তাই সর্বাঙ্গসুন্দর হয়েছে এবং তার আর পরিবর্তন করা যাবে না বা যায় না। যে লীগাল ডিফিকাল্টির কথা বলছেন, একজন মাননীয় সদস্য, আমি মনে করি এটা ঠিক নয়। সেগুলি আমরা আলোচনা ক'রেই করেছি, তাতে বিশেষ কিছু নাই। আমাদের দেশে যে লেবার লজ আছে, তার পরিপ্রেক্ষিতেই করেছি, লীগাল ডিফিকাল্টিজ কিছু নাই। শুধু বরখাস্তের সংখ্যা বাড়িয়ে দিন, তাদের প্রটেকশন দেব যতদূর সম্ভব বললেই আমার মনে হয় না সেদিকে যাবে। মিনিমাম প্রটেকশনের ব্যবস্থা করেছি। তারপর সোস্যাল জাস্টিস, একটা ওয়ার্কারকে সাসপেন্ড করলে, এন্টায়ার ফ্যামিলী কেন স্টার্ভ করবে? আর সে অন্যায় করল কি করল না সে বিচার কে করবে? প্রমাণ কোথায় পাবে? ডোমেস্টিক ইনকোয়ারী মানে কি? সেটা কি ইমপার্সিয়াল ইনকোয়ারী? মালিকের অ্যাপয়েন্টেড অফিসাররা তো আর নিউট্রাল নয়। হি ইজ অ্যাপয়েন্টেড অ্যাজ অ্যান ইনকোয়ারী অফিসার। সে ডোমেস্টিক ইনকোয়ারী ক'রে চার্জশীট দিয়ে দিল যে, হ্যাঁ, হি হ্যাজ বিন প্রুভড টু বি গিল্টি। এটাই কি শেষ কথা? সুতরাং প্রমাণ কোথায় হবে? জুডিসিয়াল কোর্টে কতদিন লাগবে? ৫-৬ বছর, এমন কি ১০ বছর, যেহেতু এই ডিফিকাল্টি আছে, তার জন্য করা যায় না। প্রমাণের কথা নিখিলবাবুও বললেন, ডঃ গণি বললেন, মালিক যেখানে বদমাইসী করে সাসপেন্ড করেছেন, কোথায় সেটা প্রমাণ হবে? আমি সেজন্য বলছি, একটা লিমিট থাক না কেন, এদিক থেকেও থাক, ওদিক থেকেও থাক, মাঝামাঝি একটা থাক। আপনারা যখন নীতিগতভাবে সমর্থন করেছেন, যেমন এখন আছে গ্রহণ করা যাক। তবে আমি এই প্রতিশ্রুতি দিতে পারি, অভিজ্ঞতায় যদি দেখা যায়, আইনের পরিবর্তন দরকার, তা হ'লে সেটা পরে নিশ্চয়ই বিবেচনা করব।

The motion of Shri Krishnapada Ghosh that the West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969 be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that Clause I do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 2(c), lines 3 to 6, the words beginning with "but does not include" and ending with "mine or oil-field" be omitted.

আমি ক্লজ টু-তে আমার যে অ্যামেন্ডমেন্ট দেওয়া আছে সেটা মুভ করেছি। এর পূর্বে যে মন্তব্য করেছিলাম সে সম্পর্কে আমার তথ্যের একটু ভুল ছিল সেটা আমি স্বীকার করছি এবং

তার জন্য আমি ইতিপূর্বে মন্ত্রিমহাশয়কে জানিয়েছি যে, আমার যে ইনফর্মেসন ছিল তার উপর বেস ক'রে যা বলেছিলাম সেটা ঠিক নয়। বস্তুতঃ জুন মাসের ১৬ তারিখে লেবার স্ট্যান্ডিং কমিটির একটি আলোচনা সভায় মালিক পক্ষের সংগে এবং অন্যান্য সমবেত যাঁরা ছিলেন তাঁদের সংগে আলোচনায় সাবসিস্টেন্স অ্যালাওয়েন্স ডিউরিং সাসপেন্সন পেন্ডিং ইনকোয়ারী সম্বন্ধে আলোচনার বিষয়ে আমার কাছে নোটটা ছিল এবং সেটায় দেখা যাচ্ছে যে, মালিক পক্ষ নীতিগতভাবে মেনে নিয়েছেন এবং সেই নোটে এক জায়গায় লেখা আছে বাই ওয়ে অব অ্যামেন্ডমেন্ট টু দি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট, ১৯৪৭। আপনিও নিশ্চয়ই জানেন যে নোটটি আপনার কাছে আছে। বাই ওয়ে অব অ্যামেন্ডমেন্ট টু দি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট ১৯৪৭। সে নোটে ছিল ব'লে আমি ধরে নিয়েছিলাম যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্টের মধ্যে এর একটা ব্যবস্থা আছে। তারপরে আমি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট নিয়ে এসে ভাল ক'রে দেখলাম—এই মাত্র ধরা যেতে পারে খুব স্ট্রেচ ক'রে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট রুল মেকিং পাওয়ার আছে এবং আর একটা আছে ইন্টারিম অর্ডার বাই দি ট্রাইবুনাল অর কনসিলিয়েশন অফিসার আছে। যদি কোন ডিসপিউট যায় তাঁদের কাছে তারা প্রেয়ার হ'লে তার হিসাবে ইন্টারিম অর্ডার দিতে পারেন। তারপরে আমি আমাদের সোর্স অব ইনফর্মেসনের কাছে টেলিফোন ক'রে জিজ্ঞাসা করতে গেলাম যে, আপনাদের এই ব্যাপারটা কি? তাঁরা বললেন যে আমাদের মেম্বারদের মধ্যে তাদের নিজেদের সার্ভিস রুলের মধ্যে অনেক মেম্বারের আছে সাবসিস্টেন্স অ্যালাওয়েন্স দেবার প্রভিসন, কিন্তু আইনে সেরকম প্রভিসন নেই। সেই হিসাবে আমি জানতাম অন্ততঃ দু-একজন ভাল এমপ্লয়ারের ব্যাপারে আমি জানি, যারা সাবসিস্টেন্স দিয়ে থাকে, কিন্তু এটা ইউনিভার্সাল নয়, সেটা আমি স্বীকার করছি। সেইজন্য আমি বলেছি নীতিগত ভাবে আমার সমর্থন এটাতে আছে। মাননীয় সদস্য সাধন গুপ্ত মহাশয় তিনি ভারতীয় সংবিধানের আর্টিকেল ৩০৯-তে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। সেটাও আমি ভাল ক'রে পড়ে দেখলাম। তাতেও যে প্রভিসন আছে তাতে আমাদের স্টেট লেজিস্লেচারে স্টেট গভর্নমেন্টের এমপ্লয়ীদের সম্পর্কে পূর্ণ অধিকার আছে। সেখানে পার্লামেন্ট বা অন্য আইনের কোন প্রশ্ন আসে না।

Conditions of service of persons appointed to public services

যেখানে

in connection with the affairs of the Union

সেখানে তাদের পার্লামেন্টের আইন করবার ক্ষমতা আছে এবং পার্লামেন্ট যতক্ষণ আইন না করছেন ততক্ষণ

President is competent to make such conditions as he may think necessary.

ব্যাপার হচ্ছে, গভর্নমেন্ট করতে পারে, প্রেসিডেন্টের নিজের কোন ডিসক্রিশনারি পাওয়ার নেই, এটা গভর্নমেন্ট অব দি ডে এটা করতে পারে। স্টেট গভর্নমেন্টেরও তো আছে, কিন্তু এর থেকে যাঁরা আইনজ্ঞ তাঁরা নানান জিনিস বলেন। কিন্তু আমরা সরল লোক, আইন পড়ে যা বুঝি তাতে কিন্তু এর থেকে আমাদের স্থানীয় স্টেট গভর্নমেন্টের যাঁরা কর্মচারী থাকবেন আমাদের এলাকার মধ্যে তার মালিক যেই হোক না কেন তার সিকিউরিটি সম্পর্কে তার নিরাপত্তা সম্পর্কে আমরা কোন ব্যবস্থা করতে পারব না এটা কোন অবস্থায় আমি মনে করি না।

[5-20—5-30 p.m.]

যেমন আমাদের স্টেটের মধ্যে যদি কেউ থাকে এবং সে যদি অসুস্থ হয়, তা হ'লে তার জন্য আমাদের যেমন অন্যান্য প্রভিসান আছে, যেমন তার নিরাপত্তা সম্পর্কে, তার নিজের পার্সোনাল প্রপার্টি রক্ষা সম্বন্ধে আমরা যেমন তার দায়িত্ব নিচ্ছি, তেমনি তার সোসাল সিকিউরিটি সম্বন্ধে আমাদের দায়িত্ব নেই, একথা আমি স্বীকার করি না। সুতরাং এই বিষয়ে আইন করবার ক্ষমতা আমাদের নেই, একথা আমি মানি না। কাজেই প্রথমে আমি এখানে যে অ্যামেন্ডমেন্ট মুভ করলাম সেটার উদ্দেশ্য হচ্ছে, ২(সি) যেখানে বলা হয়েছে, যেখানে এক্সক্লুড করে দেওয়া হয়েছে যে

but does not include anv office or department of any Government or any establishment of any railway, major port, mine or oil-field

এটাকে বাদ দিয়ে দেওয়া হোক। এনি গভর্নমেন্ট মানে শুধু কেন্দ্রীয় সরকার নয়, এর মানে স্টেট গভর্নমেন্টও আছে। আর যেসব এন্টারপ্রিসমেন্টের কথা আমি উল্লেখ করেছিলাম তাদের কর্মচারীরা, স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বা আমাদের এখানে বর্তমানে যেসব আন্ডারটেকিং স্টেটের সম্পূর্ণ আয়ত্তাধীনে রয়েছে যেমন ক্যালকাটা ট্রামওয়েজ, গ্যাস আন্ডারটেকিং, এগুলির কর্মচারীরা স্টেট গভর্নমেন্ট কর্মচারীদের অনুরূপ সুযোগসুবিধা দাবি করছেন এবং তারা সব জায়গায় না পেলেও সরকারকে বাধ্য করেছেন, কোন কোন জায়গায় তাদের স্টেট গভর্নমেন্ট কর্মচারীদের চেয়ে বেশ ভাল মাইনে, অন্যান্য ভাতার সুবিধা রয়েছে। কাজেই তাদের পক্ষে এটা প্রযোজ্য কেন হবে না, তা আমি এখনও বুঝতে পারলাম না। অন্ততঃ যদি আইনের দিক থেকে বলেন আর্টিকেল ৩০৯ অনুসারে কেন্দ্রীয় কর্মচারীদের উপর আইন করতে পারি না, এটা যদি স্বীকার ক'রে নেওয়া হয়, কিন্তু স্টেট গভর্নমেন্ট কর্মচারীদের উপর এটা কেন প্রযোজ্য হবে না তা আমি বুঝতে পারলাম না। তা ছাড়া এক্সক্লুড যা আমি করেছি তা যদি এক্সপ্লেন করতে হয়, তা হ'লে সেটা পরিষ্কার ক'রে বলতে হয়

including such undertakings which are under the direct management of the State.

সেগুলি এক্সক্লুড করা হবে না। আপনি মুখে সেটা বললেন বটে কিন্তু সেটা যদি অ্যামেন্ডমেন্ট হিসাবে গ্রহণ ক'রে নেন, আমার অ্যামেন্ডমেন্টটা আংশিকভাবেও অ্যাকসেপ্ট ক'রে নেন তা হ'লে আপনার কাজ সহজ হয়ে যায় যে সবার উপর প্রযোজ্য হবে। যদি আইনগত হিসাবে কেন্দ্রীয় কর্মচারীদের উপর প্রযোজ্য না হয় তার জন্য আটকাচ্ছে না, যদি কোন আইনগত বাধাতে কোন পার্টিকুলার ক্লাস অব এমপ্লয়িজদের উপর প্রযোজ্য না হয় হবে না, কিন্তু আমাদের আইনে তার জন্য আলাদা ক'রে লিখবার কোন কারণ নেই। এই হ'ল আমার বক্তব্য, সেজন্য আমি আমার প্রথম অ্যামেন্ডমেন্ট মুভ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি আপনি সময় কম করতে চান, আমিও হাউসকে অযথা আটকে রাখতে চাই না, তা হ'লে এই সঙ্গে আমার দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট যেটা আছে সেটাও একই সঙ্গে যদি আপনি অনুমতি করেন, তা হ'লে আমি মুভ ক'রে দিতে পারি, না হ'লে আমি যথাসময়ে পরে মুভ করব।

**Mr. Deputy Speaker:** Your other amendment is identical to the amendment which you have just moved and your arguments will also be the same which need not be repeated.

**শ্রীপতিতপাবন পাঠকঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমরা যেটা আশা করেছিলাম তা হ'ল না। এই বিলের আলোচনা ক্ষেত্রেও ডাঃ সান্যাল দেখছি বার বার বলছেন ভেড়ির লড়াইয়ে বলবেন জমির লড়াইয়ে বলবেন, এমন কি ট্রেড ইউনিয়নের লড়াইয়ে বলবেন। যাঁরা ব্যাপারটা জানেন যাঁদের সে সম্বন্ধে সম্যক জ্ঞান আছে, তাঁরা যদি এই সম্পর্কে কিছু বলতেন ঐ পক্ষ থেকে, তা হ'লে আমরা কিছু জ্ঞান লাভ করতে পারি। একটা গল্প মনে পড়ে গেল। ছোটবেলায় স্কুলে যখন পড়তাম, তখন যিনি আমাদের স্বাস্থ্য-বিজ্ঞান পড়াতেন তিনি বলতেন, এই রোগ আমার হয়েছিল। এইভাবে বলতে একদিন একটি ছেলে ব'লে বসলো আপনার গনোরিয়া হয়েছিল? ব'লে যদি সব প্রকাশ ক'রে বলেন, তা হ'লে আমরা জ্ঞান লাভ করতে পারি। যিনি যে সম্বন্ধে কিছু জানেন না, তিনি বার বার না ব'লে, যিনি এ সম্বন্ধে কিছু জানেন তিনি বললেই ভাল হয়, আমরাও কিছু জানতে পারি।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার আমি আই ডি অ্যাক্ট-এ যে অ্যামেন্ডমেন্ট এনেছিলাম, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় আপনি সেখানে শ্রমিকদের সার্বিক কল্যাণ সম্পর্কে যে পূর্ণাঙ্গ আইন তৈরির চেষ্টা করবেন, এই আশ্বাস পাবার পরে আমি আমার অ্যামেন্ডমেন্টগুলি আর মুভ করছি না।

আমাদের বেশ ভাল ক'রে জানা আছে মালিক শ্রেণী আইনের কিছুমাত্র খুঁৎ পেলে পর অসুবিধা সৃষ্টি করবেই। যেটুকু সুবিধা আইনে শ্রমিকদের দিতে চাই না কেন তা থেকে তাদের বঞ্চিত করবেন। ক্লজ (ডি), সেকসন ৩৩(১)—পারমিশন লাগে, ঠিক সেই ধরনের ৩৩-(২)-তে অ্যাপ্রুভাল লাগে। এই অ্যাপ্রুভাল সংক্রান্ত ব্যাপারে যদি শ্রমিকরা তার মধ্যে না পড়ে,

ট্রাইবন্যালে শুধু একটি দরখাস্ত ক'রে দিল ৩৩(২)-তে. তা হ'লেই সাবসিস্টেন্স অ্যালাউয়েন্স পাবে। চটকলে ওমনিবাস ট্রাইবন্যাল হচ্ছিল। সেখানে মালিক শ্রমিককে ছাঁটাই করেছিল, সেকসন ৩৩(২)-তে কেস হ'ল, তিন বছর পরে একটি ট্রাইবন্যাল বসলো, এম সি ব্যানার্জি ট্রাইবন্যালের জজ—তিনি সমস্ত এক কলমের খোঁচায় নাকচ ক'রে দিয়েছিলেন। তাই মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো এদিকে তিনি যেন একটু নজর রাখেন—মালিকরা যাতে এইসব না করেন।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমি সমস্ত অ্যামেন্ডমেন্ট অপোজ করছি। এ সম্বন্ধে আমার কিছু বলার প্রয়োজন নাই।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 2(c), lines 3 to 6, the words beginning with "but does not include" and ending with "mine or oil-field" be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তিন নম্বর ধারায় আমার নামে যে অ্যামেন্ডমেন্ট নোটিস দেওয়া আছে সেটা আমি পেশ করছি।

Sir, I beg to move that the following further proviso be added to clause 3(1):—

"Provided also that the employee shall not be entitled to the increased rate of subsistence allowance if he fails to co-operate in the enquiry into the charges against him or in any way causes delay in the disposal of the case.".

তাতে বলা হয়েছে যে, এই ক্লজের শেষ দিকে এই প্রোভিসো লেখা হোক:—

"Provided also that the employee shall not be entitled to the increased rate of subsistence allowance if he fails to co-operate in the enquiry into the charges against him or in any way causes delay in the disposal of the case.".

[5-30– 5-40 p.m.]

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** ইতিপূর্বে এ বিষয়ে আলোচনা হয়ে গেছে এবং বিভিন্ন তরফ থেকে দুই পক্ষের অসুবিধা সম্পর্কে উল্লেখ করা হয়েছে। কাজেই যুক্তি নূতন ক'রে কিছু দেবার প্রয়োজন নেই। ৩নং ক্লজে এখানে পেমেন্ট অব সাবসিস্টেন্স অ্যালাউয়েন্স প্রভিসন করা হ'ল তাতে দেখা যাচ্ছে যে এমন কোন রীতি আমরা নির্ধারণ ক'রে দিলাম না যাতে করে সাসপেন্সন পিরিয়ডটা যাতে কম হয় তার কোন ব্যবস্থা থাকা—সেখানে মালিক দোষী হ'তে পারে আবার কর্মীদের দিক থেকে গলতি হ'তে পারে। অনেক ক্ষেত্রে এমন হ'তে পারে যে, সাসপেন্সন এনকোয়ারীতে কর্মীরা সহযোগিতা করলো না—সেখানে নিজে ইচ্ছা ক'রে দেরি করতে লাগলো। এই ভয় হচ্ছে যে তাতে ৯০ দিন পার হয়ে গেল। সেখানে সেই রেটের একটা প্রভিসন থাকা দরকার যাতে যথাসম্ভব দেরি না ক'রে ৯০ দিন পার না হয়ে যায়—এটা করলে মালিকেরও অসুবিধা হবে না এবং কর্মীদেরও অসুবিধা হবে না। কাজে কাজেই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি মাননীয় ডাঃ গণির সঙ্গে একমত হয়ে বলছি যে প্রভিসন করুন—দুই পক্ষের জন্য করুন তাতে আপত্তি নাই। যদি মালিকপক্ষ ইচ্ছা ক'রে প্রলং করে তা হ'লে এমন প্রভিসন থাকলো যে ৯০ দিনের বেশি হয়ে গেলে তাকে ৭৫ পার্সেন্ট কম্পেনসেশন বা সাবসিস্টেন্স দিতে হবে। তারপর আরও ১২০ দিন দিন আপত্তি নাই—সঙ্গে সঙ্গে আপনি অপর পক্ষে দেখুন—

যদি সে ইচ্ছা ক'রে দেরি করে, তা হ'লে তাকে তার সুযোগ দেবেন। এই প্রসঙ্গে আরও যে ইতিপূর্বে লেবার স্ট্যান্ডিং কমিটির মিটিং-এ উল্লেখ করেছিলেন তাতে তারা আরও বলেছিলেন যে, যদি সেই পিরিয়ডের মধ্যে কর্মী যদি অলটারনেট অ্যাপয়েন্টমেন্ট নিয়ে থাকে অন্য জায়গায় কাজ করে, তা হ'লে সেখানে যে রোজগার হবে সেটা সার্বসিস্টেন্স অ্যালাউয়েন্স থেকে তার পরিমাণ বাদ দেওয়া উচিত ন্যায্যভাবে। এটা প্রভিসনে আছে—সেই সঙ্গে সঙ্গে এই কথাও বলেছিলাম যে

If he fails to participate in the enquiry into the charges for any reason whatsoever.

সেই লেবার স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে এই সাজেসন ছিল

while he is in receipt of sickness benefit under E.S.I.

আমি সেটা উল্লেখ করি নি। কারণ তাদের যে প্রাপ্য সেটা থেকে তাকে বঞ্চিত করা উচিত হবে না। কিন্তু নিজের ইচ্ছা ক'রে গাফিলতির জন্য পিরিয়ড বাড়াবার চেষ্টা করে—শুধু সেই রেট-এ সার্বসিস্টেন্স পাওয়ার সুযোগ নেবার জন্য তারা যে চেষ্টা করবে, সেই দিকে চিন্তা করার জন্য আমি এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

**শ্রীঅরুণ সেন:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি এটা স্বভাবত মুভ করছি না। আমি অ্যামেন্ডমেন্টে যা বলেছিলাম তার উদ্দেশ্য ছিল এখানে লেখা আছে যে—

> Provided further that an employee shall not be entitled to any subsistence allowance if he accepts employment during the period of suspension in any place other than the establishment where he had been working immediately before his suspension.

আমার স্যার, কথা হ'ল যে ঐ মালিকদের আমরা জানি, কোন একটা ওয়ার্কার যদি কোনদিন মুটেগিরি করে এবং যদি মালিক দেখে ফেলে, তা হ'লে সে আর একটা জায়গায় কাজ করছে এই অজুহাতে তার এন্টায়ার সাসপেন্সন পিরিয়ড-এর যে রিলিফ সেটা বন্ধ ক'রে দেবে। অথবা কোন সাসপেন্ডেড এমপ্লয়ী যদি কোথাও টুইশন নেয়, তা হলে তুমি এমপ্লয়মেন্ট নিয়েছ এই অজুহাতে বন্ধ ক'রে দেবে। এইজন্য আমি এ সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করবো যে, অ্যাকসেপ্ট এমপ্লয়মেন্ট সম্পর্কে যে রুল হবে সেখানে রুলে

employment may be defined as a permanent employment

করা উচিত, তা না হ'লে এই সুযোগে এই মালিকরা সেই শ্রমিকদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করবে।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় সভাপাল মহাশয় আমি অ্যামেন্ডমেন্ট অপোজ ক'রে একটা কথা বলছি যে, ডঃ সান্যাল ঐ স্টান্ডিং লেবার অ্যাডভাইসরী বোর্ড-এর যে মিনিটস্ অব রেকর্ডস্ তার থেকে যে অংশটা পড়লেন সেটা হচ্ছে মালিকদের সাজেশন সেটা সেটা। আমি ওঁকে জিজ্ঞাসা করতে চাই যে, শ্রমিকদেরও তো কিছু কিছু সাজেশন ছিল, সে সম্পর্কে উনি একটা কথাও বলছেন না কেন? যাই হোক, হি হ্যাজ বিন রিফড বাই দি এমপ্লয়ার্স এবং সেই হিসাবে আমি এই অ্যামেন্ডমেন্ট-এর বিরোধিতা করছি।

The motion of Dr. Nalinaksha Sanyal that the following further proviso be added to clause 3(1):—

> "Provided also that the employee shall not be entitled to the increased rate of subsistence allowance if he fails to co-operate in the enquiry into the charges against him or in any way causes delay in the disposal of the case.",

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 4 and 5

The question that clauses 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 6

**Mr. Deputy Speaker:** There is one amendment by Shri Arun Sen which is out of order.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 7 and 8

The question that clauses 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 9

**Mr. Deputy Speaker:** There are two amendments by Shri Arun Sen. I think he is not going to move the amendments.

**শ্রীঅরুণ সেন:** মাননীয় সভাপাল মহাশয়, ৯নং সম্পর্কে যেটা সেটা আমি মুভ করছি না। ওটাতে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়কে বলার কথা হচ্ছে যে, এই যে আইনটা হচ্ছে তাতে কোন্ কোন্ শিল্প কি অবস্থায় এর আওতা থেকে বাইরে থাকতে পারবে ব'লে যে প্রভিসন আছে সেই প্রভিসন সম্পর্কে নজর রাখবেন যাতে এটা আমাদের আমলাতন্ত্র যেভাবে আছে তাতে এর অপব্যবহার না হয়।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** কেউ অপব্যবহার করতে পারবে না আমি আছি।

[5-40—5-50 p.m.]

**শ্রীঅরুণ সেন:** স্যার, এটা কগনিজেন্স অব অফেন্স সম্পর্কে ছিল। এটাতে আছে আমাদের স্টেট গভর্নমেন্ট কোর্টের কাছে পাঠাবে। আমি অ্যামেন্ডমেন্টের জন্য বলতে চেয়েছিলাম যে, আমাদের কোন শ্রমিককে যদি সাবসিস্টেন্স অ্যালাউয়েন্স না দেয়, তা হ'লে সেই শ্রমিক প্রথমতঃ লেবার ডাইরেক্টরেটে যাবে। সেখানে তদারকি করতে হয়তো সময় লাগবে, তার পরে অনেক সময় কালক্ষেপ হবে। তার জন্য ভবিষ্যতে মন্ত্রিসভা নিজেদের অভিজ্ঞতা থেকে যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখবার জন্য ট্রেড ইউনিয়ন বা পার্টি কনসার্নড যাতে ডাইরেক্টলি কোর্টে যেতে পারে তার জন্য সেই মর্মে একটা অ্যামেন্ডমেন্ট এনেছিলাম। আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি না।

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 10

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 11

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

**Mr. Deputy Speaker:** There is an amendment to clause 12 by Dr. Nalinaksha Sanyal. But it is out of order.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি অ্যামেন্ডমেন্ট মুভ করছি না। অ্যামেন্ডমেন্ট আউট অব অর্ডার, সেটা আমি স্বীকার করে নিলাম না হয়, কিন্তু আসলে প্রশ্ন হচ্ছে এই যে ডেলিগেটেড লেজিসলেসানের একটা লিমিট থাকা উচিত। এখানে গভর্নমেন্টকে পাওয়ার দেওয়া হচ্ছে আমাদের আইনের মধ্যে যে, দি স্টেট গভর্নমেন্ট মে, তার অনলি কন্ডিসন কি,

by order published in the official gazette issue such directions not inconsistent with the provisions of this Act, as appear to it to be necessary or expedient for removing the difficulty.

এই একটা টু ভেগ, টু ওয়াইড পাওয়ার, ডেলিগেটেড লেজিসলেসানের মূল নীতির এটা পরিপন্থী হচ্ছে এবং ডেলিগেটেড লেজিসলেসান করার ফলে সরকারের হাতে এই রকম ক্ষমতা নেই যে আমাদের এই বিধানসভার যে ক্ষমতা বা অধিকার, সে অধিকার ক্ষুণ্ণ করা। আমি সেই জন্য বললাম যে, পাওয়ার টু রিমুভ ডিফিকালটিজ এটা পার্টিকুলারলি না ক'রে স্পেসিফিক্যালি করা উচিত ছিল। এই জন্য আমার এই ক্লজটায় আপত্তি আছে।

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 13 and Preamble

The question that clause 13 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to move that the West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Hooghly River Bridge Bill, 1969**

**Shri Somnath Lahiri:** Mr. Speaker, Sir, I beg to introduce the Hooghly River Bridge Bill, 1969.

(Secretary then read the title of the Bill.)

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Hooghly River Bridge Bill, 1969, be taken into consideration.

স্যার, বিল সম্বন্ধে সংক্ষেপে আমি দুটি কয়েক কথা বলতে চাই। বিলটা এমন কিছু ভীষণ ব্যাপার নয়, আমাদের হাউসের অনেকেই অবগত আছেন যে, হুগলী নদীর উপর প্রিন্সেপ ঘাটের কাছে একটি দ্বিতীয় সেতু নির্মাণ করবার পরিকল্পনা আছে সেই সেতু নির্মাণ করবার ব্যাপারে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সঙ্গে স্টেট গভর্নমেন্টের যেসমস্ত আলাপ-আলোচনা হয়েছে তাতে এই পর্যন্ত দাঁড়িয়েছে যে, ফোর্থ প্ল্যানে বিশেষ ক'রে তাঁরা ব্রিজ এবং অ্যাপ্রোচ রোড তৈরি করবার ব্যাপারে অর্থ সাহায্য করবেন এবং সেই অনুসারে ইতিপূর্বে ব্রিজ সম্বন্ধে একটা পরিকল্পনা তৈরি করা হয়েছে। পোর্ট কমিশনার্স র‍্যান্ডেল পামার ট্রিটন কোম্পানীকে দিয়ে ব্রিজের একটা মডেল তৈরি করিয়েছেন, অ্যাপ্রোচ রোড কিভাবে হবে সে সম্বন্ধে একটা মডেল তৈরি হয়েছে। এখন সেই ব্রিজ নির্মাণের কাজ আরম্ভ করবার জন্য ব্রিজের কাজ পরিচালনার ব্যাপারে

একটা বডি অব কমিশনার্স প্রতিষ্ঠা করা দরকার এবং সেইজন্য এই বিলটা এসেছে। এর আগে ১৯৬৮ সালে একটা গভর্নরের আইন এই সম্বন্ধে হয়েছিল যে, একটা বডি অব কমিশনার্স হবে, কিন্তু তাতে ছিল যে, কোন লোক্যাল বডি অথবা স্ট্যাটুটারী বডি তার সভ্যরা কমিশনার্স হিসাবে নিযুক্ত হবেন। পরবর্তীকালে আমরা যখন ব্রিজ সম্বন্ধে ভাল ক'রে পর্যবেক্ষণ ক'রে দেখলাম তখন দেখলাম সেই আইন, যে আইন নর্মালি আগামী বছর ল্যাপ্স ক'রে যাবার কথা, কারণ সেটা গভর্নরস অ্যাক্ট, সুতরাং সেই আইনকে কিছু পরিমাণ সংশোধন ক'রে কাজে হাত দিতে চাই। কারণ, যেহেতু কেন্দ্রীয় সরকারের এই টাকা ঋণ হিসাবে ব্রিজের জন্য খরচ হবে। দুদিক দিয়ে দুটো অ্যাপ্রোচ রাস্তা নিয়ে খরচ হবে সাড়ে ষোল কোটি টাকা। যেহেতু সেই টাকা ঋণ হিসাবে পাবেন পশ্চিমবঙ্গ সরকার এবং যেহেতু সেই টাকা সম্পূর্ণরূপে সুদে এবং আসলে পরিশোধ করতে হবে, সেইজন্য সমস্ত কাজটা পশ্চিমবঙ্গ সরকারের হাতে থাকা দরকার, সেই হিসাবে পশ্চিমবঙ্গ সরকার এই বিল আনছেন। প্রধান কথা দুটো, একটা হচ্ছে, বডি অব ব্রিজ কমিশনার্স তৈরি হবে এইরকম সমস্ত মেম্বার নিয়ে যে মেম্বার সরকার নিযুক্ত করবেন। স্বভাবতই সরকার এমন লোক নিয়োগ করবেন যাঁরা সেই ব্রিজ কমিশনার্স-এর কাজ পরিচালনা করতে পারবেন। ব্রিজ তৈরি করবার ব্যাপারে সরকারের এখন পর্যন্ত যে ধারণা, যে ব্রিজ ভাল-ভাবে তৈরি করার কাজে—যদিও এটা বিলের অংগ নয়, কমিশনার্স হ'লে সরকারের ধারণা এই-ভাবে কাজ হবে। ব্রিজ তৈরির কাজ পোর্ট কমিশনার্সকে দেওয়া হবে এবং কলকাতার দিকে যে রাস্তা, সেই রাস্তার কাজ কলকাতার যাঁরা রাস্তা করেন ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, তাঁদের দেওয়া হবে এবং হাওড়ার যাঁরা রাস্তা করেন, হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, এরা করবেন এবং দরকার মত সরকারের অন্যান্য এই ধরনের বিভাগের সাহায্য তাতে নেওয়া যেতে পারে। স্বভাবতই সরকার যখন এই মেম্বার অ্যাপয়েন্ট করবেন ব্রিজ কমিশনার্সের জন্য তাতে যেসমস্ত প্রতিষ্ঠানকে এই কাজের ভার দেওয়া হবে, সেই সমস্ত প্রতিষ্ঠানের মেম্বাররা সেই ব্রিজ কমিশনার রূপে নিযুক্ত হবেন। তা ছাড়া প্রয়োজন অনুযায়ী সরকার নিয়োগ করবেন এই হ'ল বিলের প্রথম নং পয়েন্ট। আর দ্বিতীয় নং পয়েন্ট বিলের মধ্যে যা আছে যে, সেই টাকা যা খরচ হবে, সেই টাকা তোলবার জন্য নিয়ম প্রবর্তন করবার ক্ষমতা। টোল কি পরিমাণে ধার্য হবে অর্থাৎ তার ম্যাক্সিমাম সেটা নির্ধারণ ক'রে দিয়েছি—যাতে অনাবশ্যকভাবে বেশি না নেওয়া হয় সেইজন্য ম্যাক্সিমাম আমরা ধার্য ক'রে দিয়েছি। ব্রিজ কমিশনারগণ প্রয়োজন মনে করলে তা কমাতে পারেন। এই হ'ল বিলের দ্বিতীয় প্রধান কথা। অন্যান্যগুলো আনুষঙ্গিক। কমিশনারদের কাজকর্ম কি হবে সেই সম্পর্কে নিয়মকানুন। যে কোন প্রতিষ্ঠান করতে গেলে নিয়মকানুন করতে হয়। দুটোই হচ্ছে প্রধান। এইটা আপনাদের সামনে উপস্থিত ক'রে আমি আশা করছি এই বিল সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

[5-50—6 p.m.]

**শ্রীগোপল বসু:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় যুক্তফ্রন্টের পক্ষ থেকে যে বিলটা আনছেন তাকে পুরোপুরি সমর্থন করছি এবং সে বিষয়ে কোন সন্দেহ নেই। সাধারণ মানুষের সুবিধা ব্যবসা-বাণিজ্যের সুবিধা সকল দিক থেকে বিবেচনা করলে এটার গুরুত্ব বোঝা যাচ্ছে। এতদিন এটা হয় নি, যুক্তফ্রন্টের আমলে হ'তে চলেছে, সেজন্য নিশ্চয় অভিনন্দন সকল অংশের পাবে। তবে এই প্রসঙ্গে আমি মন্ত্রিমহাশয়কে বলব, গংগার উপর হুগলী নদীর উপর আর একটা ব্রিজ করবার জন্য চেষ্টা করতে। একেবারে উত্তর দিকে গাড়ি যাওয়ার মত কোন ব্রিজ নেই। নৈহাটিতে একটা জুবিলী ব্রিজ আছে, কিন্তু সেটা দিয়ে শুধু ট্রেন চলাচল করে। কিন্তু মালপত্র বা গাড়ি যেতে পারে না। এই অঞ্চলে যদি একটা ব্রিজ হয়, তা হ'লে রানাঘাট থেকে শুরু ক'রে হরিণঘাটা ব্যারাকপুর ইত্যাদি এই অঞ্চলের সমস্ত জায়গার খুব সুবিধা হয়। এই বিষয়ে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে আমি অনুরোধ করব। এতে লোকজনের চলাচলের সুবিধা হয়, ব্যাবসা-বাণিজ্যেরও সুবিধা হবে। কয়লা শুধু মালগাড়িতে আসে না, লরীতেও আসে। যদি কয়লা ঐ অঞ্চলের কোথাও আসে তবে সেটা এতদূর ঘুরে তবে ওখানে যায়। কিন্তু জিনিসপত্র বা গাড়ি যদি ওই অঞ্চলের যেতে হয়, তবে এটা অনেক দূর ঘুরে তবে যায়। এই-কথা ব'লে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এইসমস্ত অসুবিধা দূর করবার জন্য আরও

একটা ব্রিজের দিকে তিনি নজর দেবেন, তৎপর হবেন এবং এতে পারাপারের সুবিধা হবে। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের বিরোধিতা করছি না। একটা জিনিস, টোলের যে প্রশ্ন উঠল, আমি বলব যে, যেকোন আইন সার্বজনীন হওয়া উচিত। অনেক ক্ষেত্রে দেখেছি টোল আছে, আবার কোথাও নেই এরকম দেখেছি। অনেক বেশি টাকা খরচ ক'রে ব্রিজ হয়েছে অনেক আগে কিন্তু টোল নেই এরকম দেখেছি। সেইজন্য এদিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি। নূতন ব্রিজের ক্ষেত্রে যদি টোল দিতে হয়, তা হ'লে যেটা আছে সেখানে কি হবে? আমাদের জেলায় ব্রিজ আছে, বিরাট ব্রিজ হয়েছে ৩০।৪০ লক্ষ টাকা খরচ ক'রে, সেখানে টোল নেই। আবার ছোট ছোট ব্রিজ আছে সেখানে টোল দিতে হয়। এই দিকটার দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

কমিশনারদের কথা বলেছেন, কিন্তু তাঁদের নাম্বার কত দেওয়া হয় নি, কোন্ভাবে আসবেন, কারা কারা কমিশনার হবেন—এইসব যদি পরিষ্কার ব'লে দিতে পারতেন, তা হ'লে ভাল হতো। এগুলি না থাকার ফলে রূপরেখা বুঝতে পারছি না। ঠিক কতজন আসবেন এবং কারা কারা আসবেন—এর কোন সুস্পষ্ট ইঙ্গিত বা লক্ষণ নেই। এটা সুস্পষ্টভাবে বলতে পারলে ভাল হতো। আর একটা জিনিস যে, স্টেট গভর্নমেন্ট এবং যে কমিশনার্স হবেন এ'দের পরস্পরের সম্পর্কটা কি হবে সেটা যদি আর একটু সুস্পষ্টভাবে বলা সম্ভবপর হয় যে এদের এই পরিমাণ নিয়ন্ত্রণ থাকবে এবং পোর্ট কমিশনার-রা এই পরিমাণ কাজ করতে পারবেন। পোর্ট কমিশনার্স-এর উপর কিছু দায়িত্ব থাকবে বললেন। তা পোর্ট কমিশনার্স এতে মেম্বার হিসাবে থাকবেন কি থাকবেন না। বা পোর্ট কমিশনার্স-এর উপর ষোল আনা দায়িত্ব থাকছে কি থাকছে না—এগুলি যদি আর একটু পরিষ্কার ক'রে বলেন, তা হ'লে ভাল হয়।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন সেটা হচ্ছে আমাদের হুগলী নদীর উপর যে সেতু হবে তার একদিকে কলকাতা বন্দর আর একদিকে হাওড়া। সেকশন ১, সাব-সেকশন (২)-তে আছে

It shall apply to the Port of Calcutta as defined from time to time, under section 5 of the Indian Ports Act.

এটা মন্ত্রিমহাশয় একটু দেখবেন যে, এটা শুধু কলকাতা বন্দরের পক্ষে যদি প্রয়োগ করি, অপর দিকে হাওড়াতে সেতুর আর একটা দিক থেকে যাচ্ছে। সেটাও এর মধ্যে অন্তর্ভুক্ত করা দরকার কিনা? পোর্ট অব ক্যালকাটা অ্যাজ ওয়েল অ্যাজ হাওড়া তা না হ'লে একদিকে সেতু প্রয়োগ করছি আর একদিকে আমাদের বাদ গেল কিনা সেটা দেখা দরকার। দ্বিতীয় কথা হচ্ছে, যেটা এর আগে জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে, নাম্বার অব কমিশনার্স। এখানে সেকশন ৩-তে এটা নির্দেশ ক'রে দেওয়া নেই। তৃতীয় হচ্ছে, সেকশন ১১-তে যেটা টোল লেভি করা হয়েছে, বিবেকানন্দ ব্রিজের বেলায় দেখেছি। উইলিংডন ব্রিজ সেখানে সেতু নির্মাণে যে ব্যয় হয়েছে সেই ব্যয় আদায় হবার পরেও টোল আদায় করা হচ্ছে, যার কোন যুক্তি নেই। এখানে যে টোলটি প্রয়োগ করছেন, সেটা সেতু নির্মাণের ব্যয় আদায় হয়ে গেলেও কি চালু থাকবে না বন্ধ হয়ে যাবে? তা ছাড়া এখানে দিয়েছেন যে, ভেহিক্‌ল অ্যান্ড অ্যানিম্‌ল তাদের টোল ধার্য হবে। অর্থাৎ মানুষের উপর টোল ধার্য হচ্ছে না। এবং যে রেট এখানে দিয়েছেন যে,

bicycle with a minimum of 3 riders including the person driving

যিনি বাইসাইকেল চালাচ্ছেন তাকে ধ'রে তিনজন যাত্রী যেতে পারে না। আমার মনে হয় এটায় ভুল আছে। এটা বোধহয় মোটর সাইকেল, স্কুটার সাইকেল, রিকশ-এর বেলায় প্রয়োগ হবে। এক্ষেত্রে ২৫ পয়সা ধার্য করা হয়েছে। এটা মনে হয় যাঁরা সাইকেল রিকশ বা স্কুটার-এ যান তাঁদের যদি ঐটা ১০ পয়সা করা যায়। আর কার, ট্যাক্সি-র যেটা ১২ আনা করা হয়েছে সেটা যদি ৮ আনা করা যায়, টেম্পো, স্কুটার, রিকশ-র বেলায় আর একটু কমিয়ে ৩০ পয়সা করা যায়, আর লরি, বাস বা ট্রাকটর-এর বেলায় বাড়িয়ে ১ টাকা ৫০ পয়সার জায়গায় ২ টাকা করা যায় এবং কমার্শিয়াল ভেহিক্‌ল-এর বেলায় যদি বেশি হয়, তা হ'লে ভাল হয়। অন্যান্য জায়গার

মত বাইসাইকেল ইত্যাদিতে যদি কমিয়ে দেওয়া যায়, তা হ'লে আমার মনে হয় এদিক থেকে একটা সমতা রক্ষা করা যায়। সেকশন ১৬-এ আছে যেখানে লাইসেন্স দেবার মত, কমিশনাররা কোন লোককে একাধিক ভেহিক্‌লস বা অ্যানিম্‌লস নিয়ে যাবার জন্য এক বছরের জন্য একটা লাম্প ফি-তে অনুমতি দিতে পারেন যেটা লাইসেন্স দেবার মত দাঁড়াচ্ছে। এখানে একটু দুর্নীতির অবকাশ থাকছে। অতএব নাম্বার অব ভেহিক্‌লস্‌ বা অ্যানিম্‌লস না রেখে একটা ভেহিক্‌ল বা অ্যানিম্‌ল নিয়ে যাবে তার এক বছরের জন্য একটা নির্দিষ্ট টাকায় লাইসেন্স-এর অনুমতি দেওয়া উচিত হতে পারে। কিন্তু একাধিক হ'লে, কে গুণে দেখতে যাচ্ছে যে, ১০টা লিখিয়ে ২০টা নিলো বা দুটো লিখিয়ে ১০টা নিলো কিনা—সেটা দেখা সম্ভবপর নয়। সেদিক থেকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি হচ্ছে যে, সেকশন ২৯, সাব-সেকশন ১-তে পেনাল্টি ইম্পোজিশন করা যে, না মানলে কি পরিমাণ ধার্য করা হবে। ২৯ ধারার সেকশন ১-তে ৫০ টাকা জরিমানা করেছেন। এটা যদি বাড়িয়ে একশত টাকা করা যায় আর যেখানে সাব-সেকশন ২-তে আছে দ্বিতীয় সেতু হবে, সেই এলাকার মধ্যে যদি কোন টিউবওয়েল সিঙ্ক করা থাকে বা কেউ করেন সেটা অন্যায় হবে। যেটা করায় সেতুর নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে সেখানে যদি সেই টিউবওয়েলটি বা নলকূপটি না সরান, তা হ'লে তাকে জরিমানা করা হবে। এই জরিমানার অংশটা বাড়িয়ে দেওয়া উচিত। যেটা উনি ৫০০ টাকা এবং প্রতিদিন ৫০ টাকা রেখেছেন আমার মনে হয় সেতু নির্মাণ বায়, সেতুর নিরাপত্তা এবং অন্যান্য নিরাপত্তার যা প্রয়োজন হয় সে বিষয়ে বিচার-বিবেচনা করলে এই টাকাটা বাড়িয়ে ৫০০ শত টাকার জায়গায় যদি ৫ হাজার ক'রে দেওয়া হয় এবং ৫০ টাকার জায়গায় যদি ২৫০ টাকা দৈনিক করা যায়, তা হ'লে মনে হয় সেটা ঠিক হবে। এবং ৩১ নম্বর ধারাতে আছে এই নিয়মাবলী যা পরে রচিত হবে সেই সমস্ত নিয়মাবলী যদি ভঙ্গ করে, তা হ'লে তার শাস্তি বিধানের জন্য যে একশত টাকা করেছেন এবং ২৫ টাকা দৈনিক রেখেছেন সেটা যদি ১ হাজার টাকা এবং ৫০০ টাকা করা যায়, তা হ'লে আমার মনে হয় সেটা সমীচীন হবে। এই কতকগুলি অ্যামেন্ডমেন্ট প্রস্তাব রেখে আমি এই বিলকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

[6—6-10 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয় হুগলী রিভার বিলের সাধারণ আলোচনার মাধ্যমে আমি একটা জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যা ইতিপূর্বে আমার বন্ধু ডঃ জয়নাল আবেদিন বলেছেন যে,একটা আইন হচ্ছে যে আইনে আবার ডেলিগেটেড লেজিসলেসন-এর মত সরকারের উপর সমস্ত দায়িত্ব ছেড়ে দিচ্ছেন—এটা ঠিক গণতন্ত্রসম্মত নয়। কমিশনার্স যেখানে নিয়োগ করা হবে—অন্য সমস্ত জায়গায় আমরা দেখেছি যে কি ক্যাটিগরী থেকে, কোন্‌ কোন্‌ পর্যায় থেকে আসবেন কোন কমিশনার তা লিপিবদ্ধ করা হয়। এখানে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন বা কলকাতা কর্পোরেশনের স্বার্থ জড়িত রয়েছে—হাওড়ার নাগরিকদের শুধু হাওড়া ব'লে নয়, কলকাতা পোর্ট কমিশনার্স এলাকার সমস্ত পরিধি ধরা হয়েছে এই বিলের আওতায়। সুতরাং অনেক জায়গা একেবারে বালি পর্যন্ত, ওদিকে হলদিয়া পর্যন্ত সমস্ত জায়গাতে এটার প্রয়োগ হ'তে পারে এবং সেখানে যেসব লোকজন আছে তাদের স্বার্থ কিভাবে রক্ষিত হবে সেটা এই বিলে নেই। কলকাতা পোর্ট কমিশনার্স তাদের প্রত্যক্ষভাবে এতে ইন্টারেস্ট আছে—তারা সরকারের মনোনয়নে আসবে কিংবা আসবে কিনা তার কোন ব্যবস্থা এখানে নেই এবং সরকার যে কি নীতিতে কমিশনার নিয়োগ করবেন তার সীমায়িত কোন ব্যবস্থা করা হয় নি। ক্লজ ৩-তে বলা হচ্ছে যে

Body of commissioners shall consist of a chairman and such number of other members as the State Government may, by notification, appoint.

তার মানে সমস্ত কমিশনার নমিনেটেড বাই গভর্নমেন্ট এবং এর পরিণতি যা হয় তা আমরা দেখেছি যে, একেবারে সরকারের কুক্ষিগত একটা সংস্থা হ'লে যারা কমিশনার তাদের নিজেদের কোন দায়িত্ব থাকবে না এবং এই ব্রিজকে ভালভাবে ন্যায়সঙ্গতভাবে চালানো হবে এমন দায়িত্বও তাদের থাকবে না। সরকারী পর্যায়ে যদি এমনভাবে কোন প্রতিষ্ঠান চলে, তা হ'লে তার ফল যা

হয় জনসাধারণকে তার সমস্ত ব্যয়ভার বইতে হবে এবং যদি লোকসান হয়, তা হ'লে সাধারণ ট্যাক্স-পেয়ারকে তার খেসারত দিতে হবে। এইজন্য আমার এটুকু নিবেদন যে, এটা আপনাদের ঠিক হচ্ছে না। আর এটাকে আপনার উচিত ছিল আরো স্পেসিফাই করা যে, কমিশনার কে কে হবে, কোন্ কোন্ পর্যায় থেকে নেওয়া হবে এবং কাদের মধ্য থেকে এই কমিশনার নির্বাচন বা মনোনয়ন করা হবে। আর একটা জিনিসে আপত্তি সেটা হচ্ছে ফাইনান্সিয়াল মেমোরেন্ডামে বলা হয়েছে যে,

It is intended that such a bridge will be wholly toll-financed.

সমাজকল্যাণমূলক কাজে সমস্ত জনসাধারণের কাছ থেকে টাকা তুলে তার উপর নির্ভর করবে এবং জনসমাজের উপকারে যা লাগছে তার জন্য সরকারী ব্যয় থেকে তা হবে না এমন কেন ব্যবস্থা করছেন তা আমি বুঝতে পারছি না।

এমন কি যা আমরা দেখতে পাচ্ছি এখন যে, দ্বিতীয় হাওড়া ব্রিজ হ'তে যাচ্ছে তাতে কয়েক কোটি টাকা খরচ হবে। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছে কিছু দাবি করেছি—কিছু টাকা তারা দিচ্ছেন এবং কিছু টাকা আমরা ঋণ ও অনুদান হিসাবে পাব। যদি হোললি টোল্ড ফিনান্স বলা হয়, তা হ'লে বুঝব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন টাকা আমরা দাবি করব না এই কলকাতা শহরের উন্নয়নের জন্য। হাওড়া-কলকাতার যোগাযোগ করার জন্য যা প্রয়োজন রয়েছে তাতে বর্তমানে যে হাওড়া ব্রিজ আছে তা ট্রাফিক নিতে পাচ্ছে না এবং তার জন্য হাওড়া সেতুর মত আর একটা বড় সেতু করার প্রয়োজন দেখা দিয়েছে। এর জন্য কি জনসাধারণের উপর থেকে সমস্ত খরচ ট্যাক্সে আদায় করব? তা যদি হয়, তা হ'লে বিনীত নিবেদন হচ্ছে, এই ব্যয়ভার বহন করার ক্ষমতা কলকাতা বা হাওড়াবাসীদের নেই। এই রকম ভাবের হোললি টোল্ড ফিনান্স বিশেষ করে আপত্তিজনক ব'লে মনে করি। সমরবাবু যেমন বলেছেন সেরকম ভাবে বলতে চাই না, টোল আদায় হয়ে ১০।১৫।২০ বছরে যদি সমস্ত ব্যয় সঙ্কুলান হয়ে যায় তারপরও কি টোল থাকবে? এই বিলে এমন কোন প্রভিসন নেই যে, সেই টাকা আদায় হবার পর টোল বন্ধ হয়ে যাবে। বর্তমান হাওড়া ব্রিজে এই রকম টোল ব্যবস্থা আছে। কিন্তু খরচ উঠবার পরও যেটা জনসাধারণকে দিতে হচ্ছে এর জন্য বহু দাবি-দাওয়া হয়েছে উঠিয়ে নেবার জন্য। ক্যালকাটা কর্পোরেশন পাচ্ছে না একটা অংশ যেটা তাদের প্রাপ্য কিন্তু তা তাদের দেওয়া হয় না। সেজন্য এই হোললি টোল্ড ফিনান্স-এর যে প্রভিসন আছে সেটা বাদ দেওয়া উচিত ছিল। যদিও আইনের মধ্যে স্পেসিফিক ক্লজে কিছু লেখা নেই তবুও মেমোরেন্ডামে আছে ব'লে ভয় পাচ্ছি। সাধারণভাবে এইকথা ব'লে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীকৃপাসিন্ধু সাউ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ হাউসের সামনে হুগলী নদীর উপর দ্বিতীয় সেতুর যে বিল মন্ত্রিমহাশয় এনেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে এই নতুন বিলকে ইমার্জেন্সী বেসিস-এ অগ্রাধিকার দেওয়া উচিত। বর্তমানে যে হাওড়া ব্রিজ আছে তাতে সাধারণ মানুষের দুঃখদুর্দশার কথা চিন্তা করলে আমরা বুঝতে পারি কি অবস্থা হয়। এখান দিয়ে যেতে গেলে এক-দেড় ঘণ্টা সময় লাগে। কাজেই এই ব্রিজটাকে যাতে ইমার্জেন্সী বেসিস-এ অগ্রাধিকার দেওয়া হয় সেজন্য তাঁকে অনুরোধ করব এবং ব্রিজটি তৈরি হ'লে সেই ব্রিজটির নামকরণ যাতে সুভাষ সেতু করা হয় সেজন্য তাঁকে অনুরোধ করব।

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আমি অ্যামেন্ডমেন্টের সময় সব বলব।

The motion of Shri Somnath Lahiri that the Hooghly River Bridge Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 3(1), lines 2 to 4, the words beginning with, "subject to such conditions" and ending with "think fit to impose", be omitted.

[6-10—6-20 p.m.]

কারণ প্রতি পদে প্রতি ছত্রে দেখা যাচ্ছে তারা আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখতে চাইছেন। তারা যদি নিজেদের নির্দেশ, নিজেদের বক্তব্য, নিজেদের কর্মসূচী সমস্ত কিছু নিজেরাই ঠিক ক'রে দেন, তা হ'লে ব্রিজ কমিশনার করবার কি দরকার ছিল। স্যার, আপনি দেখুন এই আইনের মধ্যে কতগুলি ধারাতে স্টেট গভর্নমেন্ট হস্তক্ষেপ করবার রাস্তা রেখেছেন। প্রথমে দেখুন ক্লজ ৩-এর এক নং

conditions and limitations as the State Government may impose.

ব'লে সরাসরি রেখে দিয়েছেন। তারপরে ৩ নম্বরে থ্রি-তে দেখুন বডি অব দি কমিশনার্স অ্যাপয়েন্ট করছেন স্টেট গভর্নমেন্ট বাই নোটিফিকেসন অর্থাৎ সেখানেও সরকার ক্ষমতা রেখেছেন। তারপর ক্লজ ৬-এ

rules and procedure in regard to transaction of business.

অর্থাৎ সেখানেও প্রেসক্রাইব করার আইন স্টেট গভর্নমেন্টের হাতে রয়েছে। তারপর ক্লজ ৭ অফিসারর্স অ্যান্ড সার্ভেন্টস নিয়োগের ব্যাপারে দেখা যাচ্ছে হাজার হাজার টাকার উপর যেসমস্ত অফিসার নিয়োগ করা হবে তাদের ক্রিয়েসন অর এবলিসন দুটোই স্টেট গভর্নমেন্টের অ্যাপ্রুভ্যাল ছাড়া হবে না এই প্রভিসন রয়েছে। তারপর

terms and conditions of service as the State Government may prescribe.

তারপরে ক্লজ ৯-এ দেখুন ফাংসানস্ অব দি কমিশনার্স, সেখানেও লেখা হয়েছে সাবজেক্ট টু দি অ্যাপ্রুভ্যাল অব দি স্টেট গভর্নমেন্ট। তারা নিজেরাই যা কিছু করবেন

to construct bridge or bridges across the river Hooghly, according to such design, of such materials and quality, and at such place or places together with such approaches, as the Commissioners may, subject to the approval of the State Government, consider suitable.

পাওয়ার টু রেজ লোন, এখানে অবশ্য বুঝলাম স্টেট গভর্নমেন্টের অনুমোদন ছাড়া কি করে হবে। জনসাধারণের দায়িত্ব নিতে হচ্ছে, কাজেই স্টেট গভর্নমেন্ট মে থিঙ্ক ফিট টু ইমপোজ অর্থাৎ কন্ডিসন কি কি ইমপোজ হবে সেটা স্টেট গভর্নমেন্ট দেখবেন। তারপর ট্যাক্সের যে ফিরিস্তি দেওয়া হয়েছে এই আইনের মধ্যে সেখানেও লেখা হয়েছে লেভি অব টোলস্ সেটাও স্টেট গভর্নমেন্ট, অর্থাৎ

levy, with the approved of the State Government, tolls at such rates not exceeding the rates specified in sub-section (2).

তারপর দেখুন ক্লজ ১৮(৩)-তে হুগলী রিভার ব্রিজ ফান্ড, সেখানে রয়েছে

State Government may, by rules, provide for the manner of payment of moneys into the said Hooghly River Bridge Fund and for the investment, custody and disbursement of such moneys.

তারপর অ্যাকাউন্ট রাখা হবে ক্লজ ১৯-এ সেখানেও রয়েছে স্টেট গভর্নমেন্ট মে প্রেসক্রাইব যে কি ম্যানারে অ্যাকাউন্ট রাখতে হবে। তারপর অডিটার অ্যাপয়েন্ট করবে স্টেট গভর্নমেন্ট। বাজেট কি ফর্মে হবে সেটাও প্রেসক্রাইব করবেন স্টেট গভর্নমেন্ট। তারপর ক্লজ ২০(৪)-এ দেখা যাচ্ছে,

স্টেট গভর্নমেন্ট বাজেট অ্যাপ্রুভ করবেন এবং সাপ্লিমেন্টারী এস্টিমেটের ক্ষেত্রেও স্টেট গভর্নমেন্ট অ্যাপ্রুভ্যাল চায়। তারপর ক্লজ ২২ নম্বরে একেবারে সর্বময় শক্তি নিচ্ছেন এবং সেটা হচ্ছে

If, in the opinion of the State Government, the Commissioners have made default in the performance of their duties under this Act, the State Government may, by notification, dissolve the body of Commissioners constituted under section 3 and may by notification, constitute another body of Commissioners, etc.

মানে কোন জায়গায় স্টেট গভর্নমেন্ট এতটুকু স্বাধীনতা দিতে প্রস্তুত নয় কমিশনারদের, কিন্তু আপনারা একটা জিনিস ভুলে যাচ্ছেন যে, এই যে ২০ বছরের কংগ্রেসের দুঃশাসন ব'লে গালাগালি দিচ্ছেন তারাও এক সময় মনে করেছিল যে, তাদের চিরস্থায়ী বন্দোবস্ত হ'ল এবং সেই হিসাবে অনেক জায়গায় তারাও নমিনেসন দিয়েছিলেন। কিন্তু তারা তখন বুঝতে পারেন নি যে, এইসা দিন নেহি রহেগা। তাঁর আজ সব ক্ষমতা স্টেট গভর্নমেন্টের হাতে নিচ্ছেন, মনে করেছেন চিরস্থায়ী হয়ে যাচ্ছেন। আইন তৈরি করার সময় ভবিষ্যৎ চিন্তা ক'রে চলবেন। রামরাজ্যও চিরকার ছিল না। আপনারা আজ ক্ষমতাসীন দল হয়েছেন, কিন্তু এই দু'দিনের মধ্যেই যেরকম ছোরা চালাচালি করছেন কতদিন যে টিকবেন নিজেরাই তা জানেন না, অথচ আইন করার সময় ভাবছেন ও'রা বুঝি চিরস্থায়ী হয়ে গেলেন, সমস্ত ক্ষমতাই তাই নিজের হাতে রাখছেন। যদি তাই হয়, তা হ'লে বিধানসভার এত সময় নষ্ট ক'রে এতগুলি ফিরিস্তি দেওয়ার দরকার ছিল না।

State Government will appoint its commissioner and carry out the duties.

বললেই হ'ত, কি দরকার ছিল আইন করার? একথা ব'লে আমি মুভ করছি যে

Clause 3(1) portion subject to such conditions and limitations as the State Government may by notification think fit to impose

এটা উঠিয়ে দেওয়া উচিত।

**Shri Jatin Chakravorty:** Sir, I beg to move that in clause 3, after sub-clause (3) the following sub-clause be added, namely:

"(4) The Chairman or any other member appointed under sub-section (3) shall be entitled to receive such fees for the performance of his duties under this Act as the State Government may prescribe.".

এটা আমার মনে হয় যখন বিলটা তৈরি করেন তখন এটা বাদ পড়ে গিয়েছে। চেয়ারম্যান বা অন্য মেম্বার যারা অ্যাপয়েন্টেড হবেন না তাদের যদি একটা ফি না থাকে, কেবলমাত্র লাভ্‌স লেবারে তা হয় না। নলিনাক্ষবাবু বহু কমিটিতে আছেন, যদি পয়সা না থাকে, যদি ফি না থাকে, তা হ'লে কোন ইনসেনটিভ আসে না, লাভ্‌স লেবারে হয় না, আমাদের যে কনফারেন্স হয় তাতেও আমাদের ডেইলী অ্যালাউয়েন্স দেওয়া হয়, এয়ার প্যাসেজ দেওয়া হয় সেটাও আমাদের একটা ইনসেনটিভ হয় হাজির হবার জন্য। যাই হোক, আশা করি, আমার এই সংশোধনী মাননীয় মন্ত্রিমহাশয় মেনে নেবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এই সংশোধনী প্রস্তাবেও একটা ত্রুটি থেকে যাচ্ছে, আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তীর দৃষ্টি আকর্ষণ করছি। যে চেয়ারম্যান হবেন, হয়তো এমন প্রয়োজন হ'তে পারে যে, সে পার্মানেন্ট কি হোল-টাইম অফিসার, সেখানে ফি কথাটা ছাড়া সাচ রেমুনারেশন ব'লে দিন রেমুনারেশন কথাটা থাকলে মাইনে হ'তে পারে, ফিও করতে পারেন। কিন্তু ফি থাকলে মিটিং অ্যাটেন্ড করার জন্য স্পেসিফিক ফি-ই হবে। কাজেই এখানে এটা ফ্লেক্সিবল রাখবার জন্য অনুরোধ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমি যেটা দিয়েছি এটা ছাড়া আর কিছু দেওয়া যুক্তিযুক্ত মনে করছি না।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** আমাদের পার্লামেন্টারী অ্যাফেয়ার্সের মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা গ্রহণ করছি, আর ডঃ নলিনাক্ষ সান্যাল যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা গ্রহণ করতে পারছি না। আমাদের আলোচনা যা হয়েছে তার জবাব আমি পরে দেব। অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে নলিনাক্ষবাবুর যেটা প্রধান বক্তব্য সেটা হচ্ছে গভর্নমেন্ট-এর ক্ষমতা এতে বেশি হয়েছে, কমিশনারদের ক্ষমতা কম হয়েছে। তিনি যেভাবে জিনিসটা উপস্থিত করলেন, তাতে মনে হ'ল কোন একটা স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান আমরা বুঝি নিয়োগ করতে যাচ্ছি। বিষয়টা তা নয়। এখানে জনসাধারণের কাছ থেকে বা অন্য নির্বাচনী প্রতিনিধি নিয়ে একটা স্থায়ী কাজ করতে যাচ্ছি, তা নয়। বিষয়টা হচ্ছে একটা পুল তৈরি হবে তৈরি করার কাজে পরিচালনার জন্য কিছু উপযুক্ত লোক আমরা নিয়োগ করব।

[6-20—6-30 p.m.]

আমাদের সরকার এক হিসাবে বলতে পারেন এমপ্লয়ার। এখানে আমরা নিয়োগ করবো কিছু লোককে হয় পরামর্শ দেবার জন্য অথবা কাজটা ডিরেক্টলি পরিচালিত করবার জন্য সরকারের নির্দেশ অনুসারে। এখানে তো অন্য কোন বিষয় নেই। আমাদের একটা ব্রিজ সম্বন্ধে মডেল হবে, টেন্ডার কল করা হবে এবং টেন্ডার কল ক'রে সে সম্বন্ধে দেখাশুনা ক'রে যা করার ব্যবস্থা সেটা কমিশনাররা করবেন। স্বভাবতই স্টেট গভর্নমেন্ট যেহেতু ব্রিজ তৈরি করাচ্ছেন, কমিশনাররা করাচ্ছেন না—কমিশনাররা হচ্ছেন এজেন্সি, যার মারফত সরকার কাজটা করাচ্ছেন। সুতরাং এজেন্সিকে স্বাধীনতা দেবার প্রশ্ন ঠিক ততটুকুই উঠে যতটুকু টেকনিক্যাল ব্যাপার। স্বভাবতই সেখানে স্টেট গভর্নমেন্টের পূর্ণ ক্ষমতাই তো থাকতে হবে। দরকার হ'লে যদি দেখেন সরকার যে এজেন্সির ওমুক কমিশনার বা ওমুক লোক উপযুক্ত কাজ করছেন না তাকে সরিয়ে দিতে হবে, কোন দেরি করলে চলবে না, তা হ'লে কাজ আটকে থাকবে। কিংবা যদি মনে হয়, কোন একটা বডি অব কমিশনার্স যা কাজ করতে নির্দিষ্ট হয়েছিলেন তা করতে পারছেন না বা করছেন না, সরকারকে তখন টাকা নষ্ট করা চলবে না। সুতরাং তাদেরকে বদলে নতুন লোক নিয়োগ করতে হবে। কাজেই এখানে স্বাধীনতা সেই হিসাবে দেওয়ার প্রশ্ন ওঠে না। তারপরে উনি খুব অবাক হয়েছেন দেখে যে সরকারের যে একটা এজেন্সি যা সৃষ্টি হবে বাই দিস বডি অব কমিশনার্স সেখানে এক হাজার টাকা মাহিয়ানার উপরে কর্মচারী নিয়োগ করতে হ'লে সরকার তার মঞ্জুরী দেবেন। উনি এতে খুব অবাক হয়ে গেছেন, স্বায়ত্তশাসন গেল ব'লে ভাবছেন। কিন্তু তিনি হয়তো জানেন না যে, এমন কি কর্পোরেশনে যা পূর্ণ স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠান বা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সেসমস্ত জায়গাতেও স্বয়ত্তশাসনশীল প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিধান রাখা হয়েছে যে, এক হাজার টাকার উপরে মাহিয়ানায় কর্মচারী নিয়োগ করতে হ'লে সরকারের মঞ্জুরী নিতে হবে। আর এখানে এটা একটা ডিরেক্টলি গভর্নমেন্টের এবং এটা অস্থায়ী এটা তো চিরকাল থাকবে না, ৫।৭ বছর পরে ব্রিজের কাজ শেষ হয়ে যাবে। তার কর্মচারী নিয়োগের ব্যাপারে কমিশনার্সরা অন্ততঃ বেশি পয়সা খরচ করছেন কি করছেন না, উপরের মাহিনার কর্মচারী যারা তারা নিশ্চয়ই দক্ষ কর্মচারী হবেন, তারা উপযুক্ত কর্মচারী হচ্ছেন কিনা মাহিনার উপযুক্ত সেকথা নিশ্চয়ই সরকারকে কিছুটা যাচিয়ে দেখে অনুমতি দেওয়া বা না দেওয়ার ক্ষমতা তার মধ্যে রাখতে হবে। এতো সমস্ত প্রতিষ্ঠানেই করা হয়ে থাকে, আশ্চর্য হবার কি আছে—কাজেই আমার মনে হয় যুক্তি-তর্ক নলিনাক্ষবাবু তুলেছেন, তিনি বিষয়টা ভুলে গেছেন—তিনি এমন ভাব দেখিয়েছেন মনে হ'ল আমরা একটা জনপ্রতিনিধিত্বমূলক স্বায়ত্তশাসনশীল প্রতিষ্ঠান করতে যাচ্ছি, আমরা তো তা করতে যাচ্ছি না—আমরা একটা ব্রিজ করতে যাচ্ছি। তার জন্য আমরা লোক নিয়োগ করছি কমিশনার্স হিসাবে তারা বাকি কাজটা ভাগাভাগি করবে। তিনি একটা প্রশ্ন জিজ্ঞাসা করেছেন যে, এতে পোর্ট কমিশনার্স আসবেন কিনা কে জানে—তার আসল দরদটা কোথায় তা এর থেকে বোঝা যাচ্ছে। স্টেট গভর্নমেন্টের চাইতে পোর্ট কমিশনার্সের উপর তার ভরসা বেশি। কারণ পোর্ট কমিশনার্স কেন্দ্রীয় সরকারের অধীনে, প্রাদেশিক সরকারের অধীনে নয়। সেই পোর্ট কমিশনার্স-এর মধ্যে কায়েমী স্বার্থের

প্রতিনিধিত্ব এই সরকারের তুলনায় অপেক্ষাকৃত বেশি আছে একথা সত্য। কাজেই পোর্ট কমিশনার্সে-এর জন্য চিন্তা অনেক বেশি সরকারের চিন্তার চাইতে। সরকার হ'ল প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান। সুতরাং সরকার জনসাধারণের কি প্রয়োজন তা যে পরিমাণে বুঝতে পারবেন ব্রিজ তৈরি করবার জন্য কিভাবে নিয়ন্ত্রণ করার দরকার হবে সেটা যে পরিমাণে বুঝতে পারবেন এবং অন্য কোন প্রতিষ্ঠানের তুলনায় তা বেশি পারবেন। কিন্তু পোর্ট কমিশনার্স বা ঐ ধরনের যেসমস্ত প্রতিষ্ঠানের কাজ করার দিক থেকে যোগ্যতা আছে, সরকারের তাদের সেই যোগ্যতাকে পূর্ণ স্বীকৃতি দেবেন এবং তাদের কাজে লাগাবেন। তার জন্য বিলের মধ্যে একথা লেখার প্রয়োজন নেই। এর আগে আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় ব'লে দিয়েছি যে আমরা ব্রিজের কাজ যা করব তাতে ব্রিজ করার ব্যাপারে হুগলী নদীর উপরে যারা অপেক্ষাকৃত অভিজ্ঞ সেই পোর্ট কমিশনার্স-কে তার দায়িত্ব দিয়ে দেব এবং দায়িত্ব দেওয়ার পর স্বভাবতই সেই ব্রিজ করার কাজে অনাবশ্যক তাদের উপর খবরদারী করতে যাব না এই কারণে যে আমরা মোটের উপর বুঝি যে পোর্ট কমিশনার্স-এর যোগ্যতা আছে সেই কাজ পরিচালনা করার। তেমনি রাস্তা তৈরি করার কাজে যে প্রতিষ্ঠানকে ভার দেব তার সেই ধরনের অভিজ্ঞতা আছে দেখেই তবে তাকে দায়িত্ব দেব। কাজেই নলিনাক্ষবাবু নিশ্চিন্ত থাকতে পারেন যে, যে যে প্রতিষ্ঠান এই কাজের সঙ্গে জড়িত হবেন, আমরা স্বভাবতই বিল পাশ হওয়ার পর স্থির করছি ক'জন হবেন, ওটা লিখে দেওয়ার প্রয়োজন নেই এই কারণে যে যে প্রতিষ্ঠান এর সঙ্গে জড়িত হবেন ব্রিজের পূর্ণ কাজ, আংশিক কাজ করার জন্য, তার প্রতিনিধিরা স্বভাবতই থাকবেন। তা ছাড়া সম্ভবত দরকার হবে এইসমস্ত কাজ সম্বন্ধে বড় বড় বিশেষজ্ঞ, পরিচালককে এর সঙ্গে যুক্ত করা। কাজেই অবস্থা বিবেচনা ক'রে সেখানে সংখ্যা নিয়োগ করতে হবে, সংখ্যা কমান যেতে পারে, বাড়ান যেতে পারে প্রয়োজন অনুসারে। কাজেই নলিনাক্ষবাবু নিশ্চিন্ত থাকতে পারেন যে পোর্ট কমিশনার্স-কে এর মধ্যে যথাযোগ্য স্থান আমরা দেব না নয়, আমরা চাই তাঁরা এর মধ্যে যথাযোগ্য স্থান গ্রহণ করুন। এই কথা ব'লে নলিনাক্ষবাবুর সংশোধনের বিরোধিতা করে এবং যতীন চক্রবর্তী মহাশয়ের সংশোধন গ্রহণ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 3(1), lines 2 to 4, the words beginning with, "subject to such conditions" and ending with "think fit to impose", be omitted, was then put and lost.

The motion of Shri Jatin Chakraborty that in clause 3, after sub-clause (3) the following sub-clause be added, namely:

"(4) The Chairman or any other member appointed under sub-section (3) shall be entitled to receive such fees for the performance of his duties under this Act as the State Government may prescribe" was then put and agreed to.

The question that Clause 3 as amended do stand part of the Bill, was then put and agreed to.

## Clauses 4, 5 and 6

The question that clauses 4, 5 and 6 do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 7

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that in sub-clauses (1) and (2) and in the marginal note of clause 7, for the expression "officers and servants" the expression "officers and other employees" be substituted.

স্যার, এটা একটা ছোট্ট অ্যামেন্ডমেন্ট। সার্ভেন্ট কথাটা আজকালকার দিনে ভাল শোনায় না, সেজন্য আমি এই ছোট্ট অ্যামেন্ডমেন্ট এনেছি যে সার্ভেন্টের জায়গায় এমপ্লয়ী কথাটা গ্রহণ করা হোক। আমি আশা করি মন্ত্রিমহাশয় এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** স্যার, এই সংশোধন আমরা গ্রহণ করতে রাজি আছি।

The motion of Shri Jatin Chakraborty that in sub-clauses (1) and (2) and in the marginal note of clause 7, for the expression "officers and servants" the expression "officers and other employees" be substituted, was then put and agreed to.

The question that clause 7 as amended do stand part of the Bill, was then put and agreed to.

[6-30—6-40 p.m.]

Clause 8

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that in clause 8—

(i) in the marginal note, for the expression "Officers and Servants", the expression "Officers and other employees" be substituted, and

(ii) for the expression "officer or servant", the expression "officer or employee" be substituted

এর আগে আমি ক্লজ ৭-তে বলেছি যে 'সার্ভেন্ট' কথাটার পরিবর্তে 'এমপ্লয়ী' কথাটা ভাল শোনায়—সেইজন্য আমি এই সংশোধনী প্রস্তাব এনেছি।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** আমি এই অ্যামেন্ডমেন্টে কিছু আপত্তি করছি না। ক্লজ ৮-এ যে মূল বক্তব্য সেটার দিকে দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে, এখানে বলা হচ্ছে, যদি কোন ব্যক্তি ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি—প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে নিজের অংশীদারদের দিয়ে যদি কোন কাউন্সিলার বা কমিশনার ব্রিজ তৈরি সংক্রান্ত ব্যাপারে ভাব থাকে, তা হ'লে সেই অফিসার বা আদার এমপ্লয়ী তারা থাকতে পারবে না। এটা ন্যায্য কথা—কিন্তু কমিশনাররা পারবেন কি? এখানে যদি কোন কমিশনার ঠিকাদারের সঙ্গে যোগাযোগ করেন, তাদের পানিসমেন্ট হবে না, তাদের অপরাধ হবে না—এই জিনিসটা আমার পক্ষে অসহ্য মনে হচ্ছে। কাজেই বলছি এখানে এই যে অফিসার অ্যান্ড আদার এমপ্লয়ী বলা হয়েছে সেখানে কমিশনার কথাটাও দেওয়া উচিত। আমাদের স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির সর্বত্র এই নিয়ম আছে যে, যদি কোন মিউনিসি-প্যালিটির কমিশনার বা কর্পোরেশনের কাউন্সিলার সেখানে তাদের স্বার্থ জড়িত আছে বোঝা যায়, তা হ'লে তারা পদচ্যুত হবেন। সেই অনুরূপে স্যাল বিকাম অর রিমেন অ্যান অফিসার ছাড়া কমিশনার স্যাল বিকাম...........ইত্যাদি। যোগ দেওয়া উচিত, এই কথা বলে আমি আমার বক্তব্য রাখছি। মন্ত্রিমহাশয় যদি মনে করেন তা হ'লে নিজেরা সংশোধনী দিয়ে এটা সংশোধন ক'রে নিন। সেইজন্য আমি এই অ্যামেন্ডমেন্ট দিলাম।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** স্যার, আমি যতীন চক্রবর্তী মহাশয়ের অ্যামেন্ডমেন্ট গ্রহণ করলাম। নলিনাক্ষবাবুর আশঙ্কার কারণ থাকবে না। কারণ, গভর্নমেন্ট সেই রকম লোক কমিশনার নিয়োগ করবেন না।

The motion of Shri Jatin Chakraborty that in clause 8—

(i) in the marginal note, for the expression "Officers and servants", the expression "Officers and other employees" be substituted, and

(ii) for the expression "officer or servant", the expression "officer or employee" be substituted was then put and agreed to.

That question that clause 8 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clauses 9 and 10

The question that clauses 9 and 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমার ক্লজ ১১-তে দ‍ুটি অ্যামেন্ডমেন্ট—সেই দ‍ুটি হচ্ছে এই যে.. ১১(১)-এর শেষে আরও একটা প্রভাইসো অ্যাড করা দরকার।

Sir, I beg to move that the following further proviso be added to clause 11(1):

"Provided further that the levy of tolls, if any, and the quantum thereof shall be subject to review by the State Government as soon as the total of toll proceeds exceeds the aggregate cost of construction of the bridge and expenses of operation including maintenance and establishment charges".

এ সম্বন্ধে আগেই আলোচনা হয়েছে এবং বিরোধী পক্ষ কংগ্রেসই শ‍ুধ‍ু নয়, সরকারের পক্ষ থেকেও এ সম্বন্ধে প্রশ্ন তোলা হয়েছে যে. ওয়ান্স এ ক্রিমিনাল. অলওয়েজ এ ক্রিমিনাল, আমাদের যে জনসমাজ তারা টোল দিতে থাকবে টাকা উঠে গেলেও বা সেখানকার সমস্ত খরচের ব্যবস্থা হয়ে গেলেও, তব‍ুও সরকার কি কারণে রাখবেন সেটা বোঝা যাচ্ছে না। সেইজন্য সরকারকে পাওয়ার দিতে চাইছি যে, সরকার যখন এরকম অবস্থা হবে তখন তারা রিভিউ করবেন, সমস্ত টোল রাখবেন কি কমিয়ে দেবেন. কি একেবারে উঠিয়ে দেবেন তা বিচার করবার ক্ষমতা রাখ‍ুন। স্যার, সময় সংক্ষেপ করার জন্য আমি দ্বিতীয়টাও এইসঙ্গে ম‍ুভ করছি:

I beg to move that in clause 11(2), for the words and figures "Rs. 1.50. Re. 0.50, Re. 0.75" in lines 3, 6 and 9, the words and figures "Re. 1, Re. 0.40 and Re. 0.50" respectively be substituted.

এতে বলেছি যা সমর র‍ুদ্র মহাশয়ও ইঙ্গিত করেছেন যে. যে রেট ধরা হয়েছে টোলের – যদিও বলা হয়েছে ওটা উধর্বতন ম্যাক্সিমাম রেট এবং এই ম্যাক্সিমাম রেটের মধ্যেই কম রাখার নির্দেশ সরকার দিতে পারেন, তব‍ুও সাধারণতঃ আমরা দেখেছি ম্যাক্সিমামটাই মিনিমামে দাঁড়ায়। কাজেই আমার ভয় হচ্ছে যে, ঐ টাকার প্রয়োজনীয়তার দিক থেকে দেখে যা করবেন তাতে ম্যাক্সিমামটা ব্রিজ কমিশনারের নির্ধারণ করতে বাধা থাকবে না। কাজেই আমি বলি ম্যাক্সিমামটা একটা রিজনেব্‌ল রাখা উচিত। তারজন্য আমি বলেছি লরি বাস, ট্রাকটর-এর জন্য যেখানে দেড় টাকা ধরা হয়েছে ইচ সেখানে একটাকা করা হোক। অর যেখানে টেম্পো. রিকশ ৫০ পয়সা রাখা হয়েছে সেখানে ৪০ পয়সা করা হোক, কার. ট্যাক্সি যেখানে ৭৫ পয়সা করা হয়েছে সেখানে ৫০ পয়সা করা হোক—যেরকম ওখানে বালি ব্রিজে সেটা আছে তার থেকে বেশি করা উচিত ব'লে মনে করছি না। আর মোটর সাইকেল, স্কুটার এগ‍ুলোর জন্য ৪ আনা ও অ্যানিম্‌ল-এর জন্য ১০ পয়সা, এটার পরিবর্তনের প্রস্তাব করি নি, এটা হয়তো তার চেয়ে কমাতে গেলে টাকা পয়সার অভাব দাঁড়াবে। আমি সেই জন্য উঁচু দিকে যেগ‍ুলো রয়েছে বা যে যানবাহন সাধারণতঃ ওখানে চলবে এবং জনসমাজ যার জন্য দিতে বাধ্য হবে তার রেট-টাই আমি কিছ‍ু কমাবার প্রস্তাব করেছি। দেড় টাকার জায়গায় একটাকা, ৫০ পয়সার জায়গায় ৪০ পয়সা, ৭৫ পয়সার জায়গায় ৫০ পয়সা এটা বলেছি। জনসাধারণের যাতায়াতের রাস্তা স‍ুগম করবার যে উদ্দেশ্য সেটা সার্থক হোক এবং এই সঙ্গে সঙ্গে জনসাধারণের ঘাড়ে যে ভার দেওয়া হচ্ছে সেটা যাতে বহনযোগ্য হয় সেই উদ্দেশ্য নিয়ে আমি এই টোলের উধর্বতন রেট-টা কমাবার প্রস্তাব দিচ্ছি।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** মাননীয় সভাপাল মহাশয়, নলিনাক্ষবাবুর অ্যামিন্ডমেন্ট কোনটাই আমি গ্রহণ করতে পারছি না ব'লে দুঃখিত। টোল সম্বন্ধে তিনি যা বলেছেন তাতে তিনি দেখিয়েছেন যে "বিবেকানন্দ ব্রিজে" ৫০ পয়সা আছে গাড়ির জন্য, এখানে ৭৫ পয়সা করা হয়েছে, কিন্তু আবার কোন কোন ক্ষেত্রে যে আমরা কমিয়েছি সেটা উনি বলেন নি, যেমন ট্রাক-এর জন্য "বিবেকানন্দ ব্রিজে" আছে দু' টাকা আমরা দেড় টাকা করেছি। তা ছাড়া আমাদের এটা হ'ল ম্যাক্সিমাম অর্থাৎ এর চেয়ে বেশি হ'তে পারবে না। ব্রিজ কমিশনারকে খরচ-খরচা দেখে কত আমদানি হয় তা দেখে এবং আন্দাজ ক'রে এটা করতে হবে। ৫০ পয়সাতেও নামিয়ে আনতে পারেন, সেই স্বাধীনতা যে স্বাধীনতার নলিনাক্ষবাবু খুবই ভক্ত সেই স্বাধীনতা তাঁকে দেওয়া আছে। তা ছাড়া উনি যে বলছেন রিভাইজ করতে হবে গভর্নমেন্টকে, টাকা সব আদায় হয়ে গেলে পর সেটা আমার মনে হয় বোধ হয় এখানে লিখে দেওয়াটা সমীচীন হবে না। তার কারণ স্বভাবতই গভর্নমেন্ট যদি কোন একটা সময় দেখেন যে ব্রিজের দরুন সমস্ত খরচ উশুল হয়ে গেছে এবং তা সত্ত্বেও মেন্টেনেন্স খরচ চ'লে গিয়ে উদ্বৃত্ত হচ্ছে তখন গভর্নমেন্টের উপরই সেটা ছেড়ে দেওয়া ভাল, যেহেতু গভর্নমেন্ট সব সময় জনপ্রতিনিধি হবেন ব'লেই আশা করা যায়। সেই টাকা তোলা বন্ধ ক'রে দেবেন না, সেই টাকা দিয়ে যেমন গোপালবাবু বলেছেন আর একটা ব্রিজ তৈরি করবেন। গোপালবাবু যে দাবি করেছেন, সেটা সঙ্গত দাবি। অন্য আর একটা ব্রিজ তৈরি করা দরকার আছে গঙ্গার উপরে। কিন্তু অর্থের অভাব। কাজেই এই ব্রিজের টোল আর কিছুদিন চালু রেখে তার দ্বারা গঙ্গার উপর আর একটা ব্রিজ করা যায়। সুতরাং আর একটা সেতু যে করা যেতে পারে সেই পর্যায়ে বিবেচনা করা সমীচীন হবে, এই পর্যায়ে হাত বেঁধে দেওয়া ঠিক হবে না। সেইজন্য আমি নলিনাক্ষবাবুর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

[6-40—6-56 p.m.]

The motion of Dr. Nalinaksha Sanyal that the following further proviso be added to clause 11(1):

"Provided further that the levy of tolls, if any, and the quantum thereof shall be subject to review by the State Government as soon as the total of toll proceeds exceeds the aggregate cost of construction of the bridge and expenses of operation including maintenance and establishment charges.",

was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 11(2), for the words and figures "Rs. 1.50, Re. 0.50, Re. 0.75" in lines 3, 6 and 9, the words and figures "Re. 1, Re. 0.40 and Re. 0.50" respectively be substituted, was then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 12 to 31 and Preamble

**Mr. Deputy Speaker:** There are no amendments to clauses 12 to 31 and the Preamble. So I put them.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি খুব দুঃখিত যে আপনি সমস্ত ক্লজ একসঙ্গে দিচ্ছেন, তাতে আমার একটু অসুবিধা হয়ে যাচ্ছে। কারণ আমি আরো ২।১টি ক্লজে আমার বক্তব্য রাখতে চাচ্ছি।

**Mr. Deputy Speaker:** You can speak during the third reading.

The question that clauses 12 to 31 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Hooghly River Bridge Bill, 1969, as settled in the Assembly, be passed.

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলতে চাই, কতকগুলি কথার জবাব আমরা চেয়েছিলাম, মাননীয় মন্ত্রিমহোদয় বলেছিলেন ক্লজের আলোচনার সময় বলবেন, কিন্তু আমরা এখন সেটার জবাব পেলাম না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পেরেছি যে, আমাদের হাউসের সবাই খুব ক্লান্ত। কোন কিছু বলতে গেলেই তাঁরা খুব বিরক্ত হচ্ছেন। কিন্তু তবুও আমি কর্তব্যবোধে কিছু না ব'লে পারছি না। মাননীয় মন্ত্রিমহোদয় ইতিপূর্বে একটা কথা বলেছেন, সেটা হচ্ছে এই, ব্রিজের জন্য কমিশনার যে তৈরি হচ্ছে সেটা অত্যন্ত সাময়িক। শুধু ব্রিজ তৈরি করবার জন্য যেমন কন্ট্রাক্টর নিয়োগ করা হয়, কন্ট্রাক্ট শেষ হ'য়ে গেলে তার কাজ ফুরিয়ে যায়। উনি মনে করছেন বা আইনের কোন জায়গায় আছে ব'লে দেখতে পাচ্ছি না যে, এটা সাময়িক ব্যবস্থা টেম্পোরারি অ্যারেঞ্জমেন্ট এবং কমিশনার তাঁরা চিরস্থায়ী থাকবেন না বা এই রকম আইনটা অটোমেটিক্যালি খতম হ'য়ে যাবে, কোন জায়গায় আমরা দেখলাম না।

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal, we are nearing the end of the Bill for which one hour was allotted which is going to be over. So I take the sense of the House that the time may be extended by half an hour.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয়ের বলার পর আমি ক্লজ বাই ক্লজ অনেকগুলি জায়গা আবার তাকিয়ে দেখলাম, কিন্তু কোন জায়গায় খুঁজে পাচ্ছি না যেখানে বলা হয়েছে যে, এটা টেম্পোরারি প্রভিসন এবং ব্রিজ কনস্ট্রাকসন শেষ হ'য়ে গেলে সরাসরি কমিশনারের কাজ ফুরিয়ে যাবে এবং গভর্নমেন্ট তখন নিজেরা ডিপার্টমেন্টালি পরিচালনা বা ম্যানেজমেন্ট করবেন, এমন কোন লেখা নেই। তা ছাড়া আরো দেখতে পাচ্ছি পাওয়ার টু রেজ লোনস আছে এবং তাদের কন্ট্রাক্ট-এ যেসব লোক চাকুরি করছেন অফিসার্স অ্যান্ড সার্ভেন্টস, তাদের চাকুরিতে নিয়োগ করার টার্মস তাঁরা ঠিক করছেন এবং
terms and conditions of service of officers and servants.
তাঁরা প্রেসক্রাইব করছেন, তাদের স্কেলস অব পে-এর দায়িত্ব তাঁরা নিচ্ছেন, অথচ তারা সরকারী কর্মচারী হচ্ছেন না। কর্মচারী হচ্ছেন ব্রিজ কমিসনার্স-এর এবং সেটার দায়িত্ব তাদের, তারা যদি ৫ বছর থেকে পরে চলে যান তা হ'লে এরাও কি ভেসে যাবে? আমি সেইজন্য বুঝতে পারছি না মন্ত্রিমহাশয় যখন বললেন এটা সাময়িক ব্যাপার, উনি জবাব দিতে গিয়ে বলেছেন, আমি নাকি স্বায়ত্তশাসনমূলক অন্যান্য যে সমস্ত প্রতিষ্ঠান তার পরিকল্পনা মাফিক ভেবে কমিশনারদের নিয়োগ এবং তাদের কার্যপদ্ধতি, তার টার্মস, এইসব কিছু ভেবেছি। তা যদি আমার অপরাধ হয়ে থাকে, আমাকে পরিষ্কার ক'রে বুঝিয়ে দিন যে ব্রিজ-এর কোন ক্লজ-এ আছে এটা সাময়িক, এর পরে ব্রিজ কনস্ট্রাকসন হয়ে গেলে এটা শেষ হয়ে গেল। বস্তুতঃ একটা আমরা দেখতি পাচ্ছি যে, এটা একটা প্রয়োজনীয় এবং স্থায়ী একটা সংস্থা তৈরি হয়েছে, যেটা শুধু একটা ব্রিজ নয়, সমস্ত হুগলী নদীতে পোর্ট কমিশনার্স-এর এরিয়ার মধ্যে যত জায়গা রয়েছে সমস্ত জায়গায় যদি কখনও কোন ব্রিজ হয়, তা হ'লে এরা তার দায়িত্ব গ্রহণ করবেন, তৈরি করবার দায়িত্ব। লেখা আছে কি কনস্ট্রাকসন, মেন্টেনেন্স এবং তার পরিচালনা ছাড়াও সেখানকার এমপ্লয়ীদের মাইনে দেবার দায়িত্ব তাদের। সুতরাং এই সাময়িক আইন ব'লে যেটা বললেন, এটা কোথা থেকে আসছে, এটা পরিষ্কার ক'রে যদি বুঝিয়ে দেন, তা হ'লে বাধিত হবো এবং সেইজন্য এই বিল এই ফরম-এ গ্রহণ করতে আমার একটু অসুবিধা হচ্ছে।

**শ্রীসোমনাথ লাহিড়ী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ জয়নাল আবেদিন মহাশয় অবশ্য এসে বলেছিলেন যে, মন্ত্রিমহাশয় জবাব দেন নি। উনি বোধহয় তখন বাইরে গিয়েছিলেন, কারণ তিনি

যেসব পয়েন্ট তুলেছিলেন তাঁর অ্যামেন্ডমেন্ট প্রসঙ্গে আমি জবাব দিয়ে দিয়েছি। তবে দু'-একটা যদি বাদ পড়ে থাকে তার জবাব দিচ্ছি। এখন নলিনাক্ষবাবু যেকথা তুলেছেন—কথা এই উনি ধরেছেন যে, ব্রিজ কমিশনার একটা বডি বটে কিন্তু উনি প্রশ্ন তুলেছেন যে. যে সমস্ত লোক নিযুক্ত হবে, তারা কি ছাঁটাই হয়ে যাবে। এখন ধরুন ব্রিজ কমিশনার যদি ১০ হাজার লোক নিয়োগ ক'রে ব্রিজ করার জন্য স্বভাবতঃই ব্রিজের কাজ শেষ হয়ে গেলে সেই ১০ হাজার লোকের অনেকেই থাকবেন না, কাজেই সেই হিসাবে সাময়িক। পরে আবার কবে ব্রিজ ধরতে পারবো, না পারবো এবং সেই ব্রিজ করতে ঐ ১০ হাজার লোকের দরকার হবে কিনা সেটা এখন কারোর পক্ষে বলা সম্ভব নয়। তবে এটুকু নিশ্চয়ই বলা যায় যে, এই ধরনের এত খরচের ব্রিজ সহজে না, সাড়ে ষোল কোটি টাকা অ্যাপ্রোচ ধ'রে আমরা করছি। সুতরাং এই ধরনের এর পরে আর একটা ব্রিজ ধরবো তার সম্ভাবনা খুব বেশি নেই। সুতরাং লোক-লস্কর নিয়ে যে অর্গানাইজেসন এখন করতে হবে তা থাকবে বলা খুব কঠিন। অবশ্য নিশ্চয়ই লোকজন নিয়োগ করা হ'লে তাদের রাখার চেষ্টা যথাসম্ভব সরকার ক'রে থাকেন। কিন্তু সব সময় যে সম্ভব হয় না সেটা সকলেই জানেন। কিন্তু আমরা ব্রিজ করার জন্য বডি অব কমিশনার্স কিভাবে করছি সেটা আগেও বোঝাবার চেষ্টা করেছি, তিনি বোধহয় ধরতে পারেন নি। আমরা করছি প্রধানতঃ কয়েকটি প্রতিষ্ঠানকে নিয়ে ব্রিজ কমিশনার ডিরেক্‌টলি লোক নিয়োগ ক'রে ব্রিজ করছে না। ব্রিজ কমিশনার্স কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে কাজটা ভাগ ক'রে দেবেন। এখন পর্যন্ত আমরা যা ভেবেছি তা হচ্ছে পোর্ট কমিশনার্স ব্রিজের অংশের ভার নেবেন আর হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এবং ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট অথবা পি ডবলিউ ডি ইত্যাদি গভর্নমেন্ট বা সেমি-গভর্নমেন্ট যে সমস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আছে সেইসমস্ত প্রতিষ্ঠানের উপর বাকি কাজ করার ভার দেওয়া হবে। কাজেই আমরা এইভাবে চিন্তা করছি যে, অনেক লোক নিয়োগ ক'রে ব্রিজ কমিশনার্স ইটসেল্ফ একটা এস্টাবলিসমেন্ট করবেন তা নয়, ব্রিজ কমিশনার্স-এর যে যে প্রতিষ্ঠান কাজ করবেন, সেই সেই প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করা এবং কিছুটা যোগ ক'রে নেওয়া যে যে অনুসারে কাজ করার কথা সেই অনুসারে কাজ হচ্ছে কিনা, এটাই হবে ব্রিজ কমিশনার্স-এর দায়িত্ব। স্বভাবতই সেই দায়িত্ব অনেকখানি পরিমাণে গভর্নমেন্টের নিয়ন্ত্রণাধীনে হওয়ার প্রয়োজন আছে, যেহেতু এই বিষয়ে পূর্ণ দায়িত্ব গভর্নমেন্টের। কিন্তু [illegible] আধা-স্বায়ত্ত- শাসিত বা ওয়ান-ফোর্থ স্বয়ংশাসিত যেসমস্ত প্রতিষ্ঠান তারা এর সঙ্গে যুক্ত হবে এজেন্সী হিসাবে স্বভাতই ব্রিজ কমিশনার্স-এ তাদের প্রতিনিধি থাকতে হবে। সুতরাং ব্রিজ কমিশনার্স-এ প্রধান অংশ গ্রহণ করবে সেইসমস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি। কোন বিশেষজ্ঞ নিয়োগ করা যেতে পারে, সরকারের যে দপ্তরের সেই দপ্তরের কেউ থাকতে পারেন এবং অন্যান্য এই রকম কেউ থাকতে পারেন। সেটা হবে কিছু অল্প সংখ্যকের প্রতিষ্ঠান। তাদের প্রধান কাজ হবে ব্রিজ তৈরি করা নয়, ব্রিজ তৈরি করানো এবং বাই দি এজেন্সী এবং এজেন্সীদের মধ্যে সমন্বয় সাধনই এদের প্রধান কাজ। এই হ'ল নলিনাক্ষবাবু যা বললেন তার উত্তর। আর একটা প্রশ্ন তুলেছেন তাতে বলেছেন যে, যদি টোল ফাইন্যান্স হয় তা হ'লে সেটা জনসাধারণের পক্ষে বোঝাস্বরূপ হ'য়ে পড়বে। বাকি টাকাটা কোথা থেকে আসবে? আমার পকেট থেকে না নলিনাক্ষবাবুর পকেট থেকে আসবে। সেটাও জনসাধারণের কাছ থেকে আসবে। জনসাধারণের ট্যাক্সের টাকাও সরকার খরচ করলে সেটা জনসাধারণের বোঝা হ'য়ে দাঁড়াল। যদি জনসাধারণের ট্যাক্সের টাকা থেকে ব্রিজটা হ'ত হোললি, তা হ'লে টোলের কথা তুলতাম না। কিন্তু জনসাধারণের টাকার মধ্য দিয়ে এটা কুলানো যাচ্ছে না, সেইহেতু টোল ফাইন্যান্সের একটা সার্থকতা আছে। ব্রিজ ব্যবহার করবে কারা? যারা ব্যবহার করবে তাদের মধ্যে পশ্চিমবাংলার বহু লোক করবে না। দূর দূরান্তরে যারা থাকেন তারা খুব কম করবে। তাই একটা ব্রিজের জন্য পশ্চিম-বাংলার দূরে দূরান্তরের লোক যারা ব্রিজ ব্যবহার করতে না টাকা দেবে, এটা ইনজাস্টিস। কাজেই যারা ব্রিজ ব্যবহার করবেন তারাই খরচ বহন করবেন। তাতেই জনসাধারণের উপর বোঝা অন্যায়ভাবে চাপিয়ে দেওয়া হবে না। যারা উপকার পাবেন না তাদেরও পয়সা দিতে না ব'লে যারা ব্যবহার করবেন তাদের পয়সা দিতে বলাই ন্যায়সঙ্গত হবে। নলিনাক্ষবাবু যা বলেছেন তা করলে আমার মনে হয় সেটা সুবিচার করবো না। ব্রিজ অ্যাক্ট কমিশনার্স এক হিসাবে অস্থায়ী বটে, আবার স্থায়ীও বটে। কমিশনার্স অফ ব্রিজ হিসাবে বাতিল হবেন না।

কিন্তু কমিশনার্স অফ ব্রিজ হিসাবে তাদের কাজ আপাততঃ ব্রিজ হয়ে গেলে শেষ হয়ে যাবে। কারণ মেন্টেনেন্সের জন্য কিছু সময় পর ইন এ স্টেট অব সাসপেন্ডেড অ্যানিমেশন যদি পরবর্তী কালে কখনও ক্যালকাটা পোর্ট এরিয়ার মধ্যে অন্য কোন ব্রিজ হয় তখন সেই কমিশনার্স অফ ব্রিজ আসবেন। আর গোপালবাবু যে প্রশ্ন তুলেছিলেন যে গঙ্গার উপরে আরও ব্রিজ দরকার আমি তার সঙ্গের একমত। আরও উত্তর দিকে ব্রিজ হওয়ার দরকার আছে। আমাদের সি এম পি ও-র সে স্কীমও আছে যে কল্যাণীর কাছে একটা ব্রিজ করার। অবশ্য অর্থ আমাদের হাতে না থাকায় সে স্কীমে হাত দিতে পারছি না। অর্থ পেলে সে কাজে হাত দিতে চেষ্টা করব সেই কথা মনের মধ্যে আছে। এই ব'লে এই বিল সম্বন্ধে যা বলার তা শেষ করলাম। এখন আশা করব হাউস বিলটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

The motion of Shri Somnath Lahiri that the Hooghly River Bridge Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6-56 p.m. till 1 p.m. on Tuesday, the 26th August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 26th August, 1969, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 15 Ministers, 1 Minister of State and 169 Members.

## Held Over Starred Questions

### (to which oral answers were given)

[1—1-10 p.m.]

### Number of Magistrates in Criminal Courts in Malda district

*354. (Admitted question No. *1759.)

**শ্রীমহম্মদ আলি:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় ফৌজদারী আদালতসমূহে মোট কতজন ম্যাজিস্ট্রেট বিচার কার্যে নিযুক্ত রহিয়াছেন,

(খ) ইহার মধ্যে পার্ট-টাইম ম্যাজিস্ট্রেট কতজন;

(গ) সমস্ত কোর্টের জন্য হোল টাইম ম্যাজিস্ট্রেট না থাকার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(ঘ) উক্ত জেলায় ১৯৬৬ সাল হইতে জুন ১৯৬৯ পর্যন্ত কোন্ কোর্টে কত পরিমাণ ফৌজদারী কেস পেণ্ডিং অবস্থায় পড়িয়া আছে এবং ঐগুলির নিষ্পত্তি না হওয়ার কারণ কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** (ক) ছয়জন।

(খ) সকলেই পার্ট-টাইম ম্যাজিস্ট্রেট।

(গ) প্রশাসনিক সুবিধার জন্য এবং উপযুক্ত সংখ্যক উচ্চক্ষমতাসম্পন্ন ম্যাজিস্ট্রেটের অভাবে সমস্ত কোর্টের জন্য হোল-টাইম ম্যাজিস্ট্রেট নিয়োগ করা যায় নাই। যাহাতে একজন বা দুইজন হোল-টাইম ম্যাজিস্ট্রেটরূপে এবং কয়েকজনকে পার্ট-টাইম ম্যাজিস্ট্রেটরূপে কাজ করান হয় তাহার জন্য মালদহে জেলা ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হইতেছে।

(ঘ) মালদহের ছয়টি ম্যাজিস্ট্রেটের আদালতে যথাক্রমে ১০৪, ১৮১, ৪৯০, ১৩, ৩১, ও ৪৭টি মোকদ্দমা বিচারাধীন আছে। নির্দিষ্ট দিনে অভিযুক্ত ব্যক্তি ও সাক্ষিগণের অনুপস্থিতি এবং বিচারকারী ম্যাজিস্ট্রেটগণ বদলী হওয়ার দরুন মোকর্দমাগুলির নিষ্পত্তি হইতে বিলম্ব ঘটিতেছে।

**ডঃ জয়নাল আবেদিন:** মন্ত্রিমহাশয় বললেন উপযুক্ত ম্যাজিস্ট্রেটের অভাবে হোলটাইমার নিযুক্ত করা হয় নি এবং বললেন এক জায়গায় ৪৯১টা কেস পেণ্ডিং আছে, এটা তো সাংঘাতিক অবস্থা। এই লিগ্যাল প্রসিডিংসগুলি স্পিডিলি ফাইনালাইজ করার জন্য কি ব্যবস্থা করছেন, কত বছর লাগবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ৪৯০টা মামলা যদি পেণ্ডিং থাকে আমি যা দেখলাম তাতে মালদায় সবচেয়ে কম পেণ্ডিং আছে। কাজেই ৪৯০টা খুব বেশী কিছু নয়। সারা বাংলাদেশে যেমন আসানসোলে বা অন্য জায়গায় ১,৩০০, ১,৪০০ করে সব আছে। কাজেই মালদায় সবচেয়ে কম আছে। দুটো ম্যাজিস্ট্রেট দিলেই সব ব্যাকলগ ঠিক হয়ে যাবে।

**শ্রীসনৎকুমার রাহা:** এই যে হোলটাইমার ম্যাজিস্ট্রেট পাওয়া যাচ্ছে না বা যোগ্যতাসম্পন্ন ম্যাজিস্ট্রেটের অভাব সেখানে আমাদের সরকারী দপ্তরে যোগ্যতাসম্পন্ন ম্যাজিস্ট্রেট হোলটাইমার পাবার কিছু ব্যবস্থা করেছেন কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট সঙ্গে সঙ্গে করা যায় না। আগে থার্ড ক্লাস পাওয়ার দিতে হয়, তারপরে সেকেণ্ড ক্লাস পাওয়ার দিতে হয়, তারপরে ফার্স্ট ক্লাস দিতে হয়। এখানে যে ৪৯০টা আছে এটা ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেটের। ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট আমাদের কিছু কম আছে। এগুলি আর আমরা নিতে চাচ্ছি না এজন্য যে আমরা বিচার বিভাগকে সরিয়ে দিচ্ছি এক্‌জিকিউটিভ থেকে। সেজন্য আমরা ফার্দার এগুলি রিক্রুট করতে চাচ্ছি না। কোর্ট থেকে মুনসেফ নিয়ে ম্যাজিস্ট্রেট করা হচ্ছে।

**ডঃ জয়নাল আবেদীন:** হোলটাইম ম্যাজিস্ট্রেট একজনও নেই, সবই পার্টটাইম এতে কি বিচার বিভাগের মূল নীতি অক্ষুণ্ণ থাকছে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সেজন্য আমরা সেপারেট করতে যাচ্ছি।

**শ্রীসমরকুমার রুদ্র:** আপনি কি জানেন যে ম্যাজিস্ট্রেটরা সময়ে আদালতে না আসার জন্য এবং মামলার ব্যাপারে মনোনিবেশ না করার জন্য যাঁরা মামলা করেন তাঁদের হয়রাণি হতে হয় এবং মামলা বিলম্বিত হয় এবং এটা সত্য হলে তা দূর করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এ বিষয়ে কোন অফিসিয়াল রিপোর্ট নেই। অফিসিয়ালি দিলে এ বিষয়ে ব্যবস্থা করব। তবে নন-অফিসিয়ালি আমরা সকলেই এটা জানি।

## Wakf Board

***572.** (Admitted question No. *1645.) **Shri Mohamed Abdul Latif:** Will the Miinster-in-charge of the Judicial Department be pleased to state—

(a) the total number of wakfs, public and private, registered with the Wakf Board;

(b) the average annual income accruing to the Board from enrolled wakfs; and

(c) year-wise sales and leases for a term exceeding five years during 1965-69?

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** বাংলাদেশে যত ওয়াকফ আছে তাতে আপনি কি মনে করেন যে সব কি এনরোল্ড হয়েছে, না এনরোল্ড হবার মত ওয়াকফ আছে—যদি থাকে তাহলে সেগুলোকে এনরোল্ড করার কি ব্যবস্থা করছেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এমন ওয়াকফ আছে যা রেজিষ্ট্রি হয়নি তা আমার জানা নাই। কাজেই কোথায় কি আছে সে বিষয়ে কোন ইনভেস্টিগেশন বা এনকোয়ারি করা হয়নি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** এটা এনকোয়ারি করার ব্যবস্থা হচ্ছে কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এখনও পর্যন্ত কোন ব্যবস্থা করিনি, কারণ আছে কিনা জানতাম না।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** ওয়াকফ অ্যাক্ট-এ ওয়াকফ এনরোল্ড না করলে যে পেনাল প্রভিশন আছে সেই পেনাল প্রসিডিংস কি এ্যাপ্লিকেবল হবে ফর নন-রেজিস্ট্রেশন অব ওয়াকফস?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আপনার এই কোশ্চেন-এর উত্তর নোটিস না দিলে বলা যাবে না।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** আপনি যে ফিগার দিলেন সেল এবং লীজের এই সেল এবং লীজ কি কারণে হয়েছে তার কোন তদন্ত করেছেন কিনা? ১৯৬৭ সালে একটা ভ্যালুয়েবল প্রপার্টি চৌরঙ্গীতে বিক্রি হয়েছিল এবং তার সব টাকা এ দেশে থাকেনি তার সম্বন্ধে কোন তদন্ত করেছেন কিনা বা এই সেল এবং লীজ সম্বন্ধে কোন তদন্ত করবেন কিনা?

[1-10—1-20 p.m.]

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** প্রত্যেক বছর কোন কোন ষ্টেট হয়েছে মোটামুটি আপনাদের তা আমি শুনিয়েছি। কতগুলি লিগাল পার্মিসন নিয়েছে, আমরা এখনও সেগুলি তদন্ত করিনি। আমরা নূতনভাবে আইন আনছি এবং সেটা আনার পর এগুলি করব মনে করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** এই দু রকম যে ওয়াকফ আছে তার সংখ্যা বলতে পারবেন কি? তারপর এই যে এখানে বলা হয়েছে অ্যাবসোলিউটলি ফর চ্যারিটি সেখানে আমার প্রশ্ন হচ্ছে যে টাকাটা কিভাবে খরচ করা হয়?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আমি ইংরেজীতে সব বলে দিয়েছি। আপনি যেটা বলছেন সেটা হচ্ছে পাব্লিক ওয়াকফ য়্যান্ড প্রাইভেট ওয়াকফ এবং এ সম্বন্ধে আপনাদের অলরেডি ফিগার আমি দিয়ে দিয়েছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** পাবলিক ওয়াকফের টাকা কিভাবে ইউটিলাইজড হয় জানাবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** টাকা প্রায়ই মেরে দেওয়া হয় এবং কয়েকটি ওয়াকফ ষ্টেট আছে যেগুলি একজামিন করার জন্য পেপার এনেছি এবং দেখেছি কতকগুলি অন্যায়ভাবেই রয়েছে। আমি জিনিসটা আপনাদের বুঝিয়ে দিচ্ছি। লোকদের টাকা দেবার ব্যবস্থা রয়েছে কিন্তু কোনদিন দেয়নি, সেগুলি চুরি করেছে। চ্যারিটি বিধবা মেয়েমানুষদের দেওয়া হবে কিন্তু কোনদিন দেয়নি মেরে দিয়েছে। ১০/১২টি রেকর্ড আনিয়ে আমি নিজে থরোলি সব দেখছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** টাকা মেরে দিচ্ছে আপনি বলছেন—আমার প্রশ্ন হচ্ছে ওয়াকফের যে ইনটেনসন রয়েছে সেটা যাতে পালন করা হয় সে সম্বন্ধে কিছু করবেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ওয়াকফ বোর্ড যেটা রয়েছে সেটাকে যতক্ষণ পর্যন্ত ডিসলিউসন করতে না পারি সে পর্যন্ত কিছু করা যাবে না। আমাদের ডাইরেক্ট কোন পাওয়ার নেই ওটাকে কিছু করতে পারি। ডাইরেক্টলি করতে পারব না বলে সমস্ত আইন চেঞ্জ করে গভর্ণমেন্ট যাতে ডাইরেক্ট কনট্রোল করতে পারে সেই ব্যবস্থা করা হচ্ছে এবং এ সম্বন্ধে আপনাদের সাজেসন আমরা চেয়েছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমস্ত ব্যক্তি এই টাকা মারার ব্যাপারে সংশ্লিষ্ট রয়েছে তাদের নাম কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সেটা এখন বলতে পারা যাবে না।

## পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্ট

***585.** (Admitted question No. *1407.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্টে যেসকল সোসাইটির সম্পর্কে নানাবিধ অভিযোগ করা হইয়াছে সেই সকল সোসাইটির এবং সোসাইটির ম্যানেজিং কমিটির সভাপতি ও সম্পাদকদের নাম ও ঠিকানা কি (লাইব্রেরী টেবিলে উপস্থাপিতব্য); এবং

(খ) অভিযুক্ত প্রত্যেকটি সোসাইটির বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** (ক) এতৎসহ সোসাইটিগুলির এবং উহাদের ম্যানেজিং কমিটির সভাপতি ও সম্পাদকদের নাম ও ঠিকানা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করার জন্য সংলগ্ন করা হইল।

(খ) রেজিষ্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ এই সকল সোসাইটি সম্বন্ধে বিভাগীয় পরিদর্শন, তদন্ত ইত্যাদি সর্বপ্রকার আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

**শ্রীনিখিল দাসঃ** ব্যবস্থা অবলম্বন করছেন বললেন—আমার প্রশ্ন হচ্ছে কোনটার বিরুদ্ধে কোন সক্রিয় ব্যবস্থা অবলম্বিত হয়েছে কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** না, কয়েকটি কেস-এর ইনকোয়ারী কমপ্লিট হয়েছে এবং বাকী কেসের ইনকোয়ারী হচ্ছে। যেগুলির ইনকোয়ারী কমপ্লিট হয়েছে সেগুলি সম্পর্কে কি করা যায় তা স্থির করা হচ্ছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম সোসাইটি, জিয়াগঞ্জ, কত কাপড় বিক্রী করেছে তার কোন হিসাব পাওয়া যাচ্ছে না রিপোর্টে দেখতে পাচ্ছি, আমার তাই প্রশ্ন হচ্ছে তার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** নোটিস না দিলে বলতে পারব না। এই নামটা লিষ্টের মধ্যে নাই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** পাওয়ারলুম ইনকোয়ারী কমিশনের রিপোর্টে এর কথা আছে, রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম সোসাইটি, জিয়াগঞ্জ, এর হিসাবপত্রে গণ্ডগোল থাকা সত্ত্বেও তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হল না কেন জানাবেন কি?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** জিয়াগঞ্জে রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম সোসাইটি সম্বন্ধে Enquiry under section 84(1) completed in 1967.
এই ইন্‌কুইয়ার সম্বন্ধে কি করা হবে সে সম্বন্ধে বিবেচনা করা হচ্ছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** নদীয়া জেলার শক্তিগড়ে কংগ্রেসী সদস্য এ সম্বন্ধে জ্ঞান না থাকা সত্ত্বেও পাওয়ারলুম সোসাইটি করেছিলেন, তাঁকে বাদ দেওয়ার কোন কথা আছে কি?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** নদীয়ার কোন নাম এই লিষ্টে দেখছি না।

**শ্রীনিখিল দাসঃ** জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম সোসাইটির ইনকোয়ারী ১৯৬৭ সালে কমপ্লিট হয়েছে, গত দু বছরের মধ্যে কোন ষ্টেপ নেওয়া হল না কেন?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** বলতে পারব না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** এই যেসব সোসাইটি ব্যর্থ হয়েছে জ্ঞান না থাকার জন্য তার ব্যাপারে শ্রীরামপুর এবং বহরমপুরে টেকনিক্যাল ইনষ্টিটিউটে অনেকগুলি ছেলে লেখাপড়া করছে, পুরানো সমিতি ভেঙ্গে দিয়ে এই ছেলেদের নিয়ে নূতন সমিতি করতে প্রস্তুত আছেন কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** এ প্রশ্ন উঠে না।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** যেসব সোসাইটির বিরুদ্ধে ইন্কুইয়ারী কম্প্লিট করা হয়েছে, তাদের কর্মকর্তাদের সাস্পেন্শন করা হয়েছে কি?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** এখনও পর্যন্ত কি করা হবে তা স্থির হয়নি, ইন্কুইয়ারী কম্প্লিট হয়েছে, সব কেসে নয়, ৬টি কেসে, সে সম্বন্ধে কি করা হবে বিভাগ থেকে বিবেচনা করা হচ্ছে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** নির্দিষ্টভাবে আমাদের একটু বলুন আর কতদিন লাগবে আপনাদের এই ভাবতে, চিন্তা করতে, তাদের এগেন্স্টে স্টেপ নিতে আর কতদিন সময় লাগবে?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** যত শীঘ্র সম্ভব করা হবে।

**বয়স্ক শিক্ষা পরিকল্পনা**

***662.** (Admitted question No. *1491.)

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্ক শিক্ষা পরিকল্পনা (অ্যাডাল্ট এডুকেশান স্কীম)-এর কাজ কোন্ সাল হতে আরম্ভ হয়,

(খ) ঐ পরিকল্পনায় এ যাবৎ কোথায় কয়টি বয়স্ক শিক্ষাকেন্দ্র খোলা হয়েছে; এবং

(গ) ঐ কেন্দ্রগুলি হতে কোন্ কোন্ বছরে কতজন শিক্ষাপ্রাপ্ত হয়েছেন তার কোন পরিসংখ্যান আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** (ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্ক শিক্ষা পরিকল্পনা (এ্যাডাল্ট এডুকেশন স্কীম)-এর কাজ ইংরাজী ১৯৪৯-৫০ সাল থেকে আরম্ভ হয়।

(খ) ঐ পরিকল্পনায় এ যাবত বিভিন্ন ধরনের মোট ৬,৪৯৩টি বয়স্ক শিক্ষা কেন্দ্র খোলা হয়েছে।

এ সম্পর্কে বিস্তারিত বিবরণ সংযুক্তি "ক"-তে দেওয়া হলো।

(গ) ঐ কেন্দ্রগুলি থেকে কোন্ বছরে কতজন শিক্ষাপ্রাপ্ত হয়েছেন এ সম্পর্কে একটি পরিসংখ্যান সংযুক্তি "খ"-তে দেওয়া হলো।

*Annexure referred to in reply to clause (Kha) of Starred Question No. *662*

সংযুক্তি 'ক'

| Serial No. | Name of the District | Adult Education Centres | | No. of Night Schools | No. of One Teacher Pathsalas | No. of Adult High Schools | No. of School-cum-Community Centres | No. of Social Education Centres under Community Development Programme | Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | No. of Literacy Centres | No. of complete centres | | | | | | |
| 1 | 2 | 3(a) | 3(b) | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 1. | Bankura | 50 | 38 | 60 | 50 | 1 | 5 | 264 | 468 |
| 2. | Birbhum | 23 | 36 | 50 | 50 | 3 | 5 | 228 | 395 |
| 3. | Burdwan | 34 | 42 | 61 | 60 | 1 | 4 | 396 | 598 |
| 4. | Calcutta | 9 | 22 | 30 | Nil | 6 | Nil | Nil | 67 |
| 5. | Cooch Behar | 62 | 54 | 69 | 44 | 1 | 1 | 132 | 353 |
| 6. | Darjeeling | 24 | Nil | 27 | 37 | 2 | Nil | 120 | 210 |
| 7. | Hooghly | 30 | 27 | 103 | 32 | 1 | 3 | 204 | 400 |
| 8. | Howrah | 29 | 54 | 60 | 25 | 2 | 1 | 169 | 339 |
| 9. | Jalpaiguri | 24 | 21 | 35 | 50 | 1 | Nil | 156 | 287 |
| 10. | Malda | 8 | 22 | 30 | 50 | 1 | 2 | 180 | 293 |
| 11. | Midnapore | 49 | 76 | 70 | 60 | 2 | 3 | 624 | 884 |
| 12. | Murshidabad | 29 | 40 | 60 | 42 | 2 | 2 | 312 | 487 |
| 13. | Nadia | 27 | 22 | 18 | 37 | 2 | 2 | 192 | 300 |
| 14. | Purulia | 1 | 2 | 1 | 45 | 1 | Nil | 240 | 290 |
| 15. | 24-Parganas | 26 | 40 | 60 | 60 | 4 | 9 | 612 | 811 |
| 16. | West Dinajpur | 10 | 37 | 30 | 40 | 2 | Nil | 192 | 311 |
| | | 425 | 533 | 764 | 682 | 32 | 37 | 4,020 | 6,493 |

*Annexure referred to in reply to clause (Ga) of Starred Question No *662*

**সংযুক্তি 'খ'**

| Year | No. of adults made literate |
|---|---|
| 1950-51 | 17,000 (approx.) |
| 1955-56 | 56,000 (approx.) |
| 1956-57 | 68,000 (approx.) |
| 1957-58 | 54,000 (approx.) |
| 1958-59 | 51,000 (approx.) |
| 1959-60 | 73,000 (approx.) |
| 1960-61 | 76,000 (approx.) |
| 1961-62 | 70,000 (approx.) |
| 1962-63 | 67,000 (approx.) |
| 1963-64 | 64,000 (approx.) |
| 1964-65 | 73,000 (approx.) |
| 1965-66 | 84,000 (approx.) |
| 1966-67 | 90,000 (approx.) |
| 1967-68 | 90,000 (approx.) |

[1-20—1-30 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** সাপ্লিমেন্টারি কোশ্চেন, স্যার, এই বয়স্ক শিক্ষাকেন্দ্র যেগুলি করা হয়েছে যুক্তফ্রন্ট সরকার আসার পর এই শিক্ষাকেন্দ্রগুলিকে আরো ইনক্রিজ করা, বরাদ্দ বেশী করা এবং বেশী করে শিক্ষা প্রণয়নের ব্যবস্থা করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হ্যাঁ, গভর্ণমেন্ট চিন্তা করছেন।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন কি, এই বয়স্ক শিক্ষা পরিকল্পনায় কত রকমের ধারা আছে? শুধু একটা ৩০ টাকা মাইনের সিংগিল টিচার ইভিনিং স্কুল সিস্টেম আছে, কোন জায়গায় ১০ টাকা, এবং কোন জায়গায় ৫ টাকার তেল খরচা দেবার ব্যবস্থা আছে। এর মধ্যে কোন্ কোন্টা কিভাবে আছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এর সংযুক্ত (ক)টা পড়ে দেখুন সব লেখা আছে।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** কয়টি স্কীম, কি কি স্কীম আছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এখানে আছে,

Adult Education Centres—Number of literacy centres 426, number of complete centres 533, number of night schools 764, number of one-teacher pathsalas 682, number of adult high schools 32, number of school-cum-community centres 37, number of social education centres under Community Development Programme 4,020, total 6,493.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, এই রকম ৫ রকম স্কীমের ফলে চারিদিকে একটা কনফিউশন হচ্ছে। এর পরিবর্তে একটা স্কীম যাতে এই শিক্ষার ক্ষেত্রে করা যায় সেই রকম পরিকল্পনা করার কথা সরকার চিন্তা করবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ভেবে দেখা যাবে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বয়স্ক শিক্ষা সম্প্রসারণের পরিকল্পনার জন্য মেয়েদের যেসব সেবামূলক প্রতিষ্ঠান আছে যেমন মহিলা সমিতি তাদের বেশী অগ্রাধিকার দিয়ে এর সঙ্গে সংযুক্ত করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বিবেচনা করে দেখা যাবে।

**শ্রীমতী ইলা মিত্রঃ** এর আগে যেসমস্ত পরিকল্পনা নিয়ে নিরক্ষরতা দূরীকরণের চেষ্টা করা হয়েছে তারপরে যুক্তফ্রন্ট সরকার আসার পর নূতন করে মুখ্যমন্ত্রিমহাশয় পরিকল্পনা নেবেন কিনা যেসব সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠান আছে এই বিষয়ে তাদের সাহায্য তিনি কাজে লাগাবেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ভেবে দেখা যাবে।

**শ্রীঅনাদি দাসঃ** মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বলবেন কি যে বিভিন্ন জায়গায় বয়স্ক লোকেরা কলকারখানায় কাজ করে এসে শিক্ষালাভ করবার জন্য চেষ্টা করে এবং এই জন্য তারা স্কুল তৈরী করে নাইট স্কুলে রেগুলার ক্লাস করছে, এমনকি তারা স্কুল ফাইনাল পর্যন্ত পড়ছে নিজেদের চেষ্টায় কিন্তু তাদের পরীক্ষা দেবার সময় তাদের প্রাইভেট ষ্টুডেন্ট হিসাবে পরীক্ষা দিতে হয়, স্কুল বোর্ড তাদের রেকগনাইজ করছে না। মুখ্যমন্ত্রিমহাশয় কি এই ব্যবস্থা করবেন যাতে রেগুলার ষ্টুডেন্ট হিসাবে তাদের স্কুল বোর্ড রেকগনিশন দেয়?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সেটা স্কুল বোর্ড ভাববেন।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** এই যে এ্যাডাল্ট এডুকেশন সেন্টারগুলি আছে এর মধ্যে অনেকগুলি খাতায় আছে কিন্তু বাস্তবে স্কুলগুলি নেই, সেইগুলিকে বাতিল করবেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হ্যাঁ, আপনারা জানালে বাতিল করে দেবো।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সমস্ত স্কুল হয়েছে এবং এই স্কীমে স্কুল করতে গেলে অফিসাররা আমাদের বলেন যে যদি রাস্তার ধারে হয় তাহলে হবে, গ্রামের মধ্যে হবে না। রাস্তার উপরে না হলে কি এই স্কুল করা যাবে না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নিশ্চয়ই যেখানে দরকার হবে সেখানে করতে হবে। গ্রামের ভিতর করা যাবে না একথা বলা যায় না।

**শ্রীমতী ইলা মিত্রঃ** এ সম্পর্কে একটু অনুসন্ধান করবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার কাছে জানালে আমি নিশ্চয়ই খবর নেবো।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় তথা সমাজকল্যাণ মন্ত্রিমহাশয় যে সমস্ত উত্তর দিলেন তাতে কিছু খুঁজে পেলাম না। আমার প্রশ্নটা ছিল যে এই নিরক্ষরতা দূরীকরণের জন্য কোন ফেজড্ প্রোগ্রাম করবেন কিনা এবং তাকে কিভাবে রূপায়িত করতে চান?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আপনার প্রশ্নের ভিতর একথা লেখা নেই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি নিরক্ষরতা দূরীকরণের জন্য আগেকার সরকার যে নীতি নিয়েছিলেন তার সঙ্গে সঙ্গতি রেখে চলছে, না, নতুন কোন নীতি আপনারা নিয়েছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নতুন ব্যবস্থা করতে হবে কিনা সেটা ভেবে দেখতে হবে। আপনার প্রশ্নে সেটা ছিল না।

## কৃষিঋণ

***751.** (Admitted question No. *1873.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উদ্বাস্তু চাষীদের কৃষিঋণ (এগ্রিকালচার লোন) দেওয়া হয় কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** হ্যাঁ, যদি তাঁহারা রাজ্যের অর্থনৈতিক পুনর্বাসন লাভ করিয়া পশ্চিমবঙ্গে স্থায়ীভাবে বসবাস করেন এবং ১৮৮৪ সালের কৃষিঋণ আইনে কৃষিঋণ দেওয়ার সমস্ত সর্তগুলি পালন করেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** সর্ত পালন করা মানে হচ্ছে এই নিজস্ব জমির অধিকারী হওয়া উচিত, অর্পণনামা না দিলে উদ্বাস্তু নিজস্ব জমির অধিকারী হয় না। সেক্ষেত্রে এবং কোন কোন ক্ষেত্রে একই সরকারী প্রশাসনের মধ্যে কোন উদ্বাস্তু কৃষি ঋণ পান, কোন উদ্বাস্তু কৃষি ঋণ পাবার যে সর্ত তাতে পান না। আমার প্রশ্ন হচ্ছে উদ্বাস্তুরা যারা এখনও অর্পণনামা পায়নি তাদের কৃষি ঋণ দেবার কোন নির্দেশ যুক্তফ্রন্ট সরকার দিয়েছেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** ১৮৮৪ সালের যে সরকারী আইন আছে তার কথা উল্লেখ করলাম, সেটাই সাধারণভাবে প্রযোজ্য। কৃষি ঋণ আইন অনুসারে যারা কৃষিযোগ্য জমির অধিকারী অথবা ভাগচাষী, যারা কৃষি ঋণ পাবার উপযুক্ত সর্তাবলী পালন করেন তাঁরাই শুধু কৃষি ঋণ পাইয়া থাকেন। ব্যাপার হচ্ছে, কৃষি ঋণ পাওয়ার জন্য এখন নতুন যে ব্যবস্থা করা হয়েছে তাতে ভাগচাষীদের সম্বন্ধে আগে যে সর্তাবলী ছিল তা সহজ করা হয়েছে স্পেশাল রুলে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি উদ্বাস্তু পরিবারের সকলেই এগ্রিকালচারিস্ট ফ্যামিলী নয়, রিফিউজী এগ্রিকালচারিস্ট যারা জমি এখনও সর্তাধিকারী হিসাবে অর্পণনামা পায়নি তাদের ক্ষেত্রে যেখানে তারা ভোগ দখল করছে জমি উদ্বাস্তু হিসাবে অথচ অধিকারী সর্তে অর্পণনামা নাই তাদের কৃষি ঋণ দেবার নির্দেশ সরকার দিয়েছেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এইরকমভাবে কোন নির্দেশ দেওয়া হয়নি বটে কিন্তু নির্দেশ দেওয়া হয়েছে ভাগচাষী হলে তাদের দিতে পারেন, সে যেই হোক, উদ্বাস্তু, উদ্বাস্তু নয় যেই হোক। আগে এইসব দিক থেকে যে বাধা ছিল এখন সেই বাধা অনেক অপসারিত করা হয়েছে।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সরকারী জমিতে যেসব উদ্বাস্তু-দের কলোনী হিসাবে বাস্তবিক লাইসেন্স হোল্ডার হিসাবে জমি দেওয়া হয়েছে, যেমন নদীয়া জেলার উত্তর দিকে কোন কোন অংশে দেওয়া হয়েছে, তারা ভাগচাষী নয় এবং তাদের জমির মালিকানা নেই অথচ কৃষিজীবী তারা, তাদের পক্ষে কৃষি ঋণ পাওয়ার কোন উপায় আপনারা চিন্তা করছেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমরা দিচ্ছি, উপায় নয়।

**শ্রীনিখিল দাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আইনটা যখন হয়েছিল তখন উদ্বাস্তু আসেনি, এখন উদ্বাস্তু বলে কিছু লোক এসেছে এবং তারা জমি চাষ করছে এবং উদ্বাস্তু যারা জমি চাষ করছে তারা জমির মালিকানা পায়নি। আপনার যে আইন সেই আইন এ্যামেন্ড করে তারা যাতে কৃষি ঋণ পেতে পারে তার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমরা যা দিচ্ছি ঐ আইনের সীমায় উদ্বাস্তু কার জমি কত সর্ত এই সমস্ত না দেখেই শুধু চাষের সঙ্গে সম্বন্ধ, তাদের প্রয়োজন এবং দুস্থতা এই তিনটি জিনিস দেখছি এবং অনেক লিবারেলি দেখছি। শুধু কিছু লোক তাদের হয়ে দাঁড়িয়ে বলেন যে এদের দিও তাহলে দিচ্ছি।

[1-30—1-40 p.m.]

**শ্রীঅজিতকুমার গাংগুলী:** বাস্তুহারা কৃষকদের যে জমি দেওয়া হয়েছে সেই জমির যে দলিল, সেই দলিল এখনো রিফিউজি ডিপার্টমেন্ট-এর হাতে পড়ে আছে, ফলে কৃষকরা কোন ঋণ পাচ্ছে না যদিও সেই জমি খুব কম এবং তারা তা ভোগদখল করছে। অন্য দিকে কিন্তু দু-হাজার টাকা পর্যন্ত রিফিউজি লোন রেমিট করা হচ্ছে। এই জমির দলিল ফেরৎ দিলে তারা কৃষি ঋণ পেতে পারে। সেই দলিলগুলি ফেরৎ দিয়ে কি তাদের প্রকৃত চাষীর পর্যায়ে আনবার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** সেই চেষ্টাই আপনি করুন।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আমার এলাকায় এখনো কোন কৃষি ঋণ পৌঁছায় নাই। জনসাধারণ বলছেন তাঁরা আগে ৩০ টাকা করে পেয়েছেন। এখন তাঁরা তা পাচ্ছেন না—এর কারণ কী বলবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** এখন ৫০ টাকা করে দেওয়া হচ্ছে। ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে অনুসন্ধান করুন সব কিছু জানতে পারবেন।

### দ্বারকা নদীর বন্যা প্রতিরোধকারী বাঁধের সংস্কার

***755.** (Admitted question No. *2105.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার (বীরভূম) সাহাপুর অঞ্চল মধ্যে দ্বারকা নদীতীরস্থ বন্যা প্রতিরোধকারী বাঁধ সংস্কারকল্পে, রানাপুর-কুজোপাড়া টি আর স্কীমের রিভাইজড্ এস্টিমেটটি প্রণয়ন করিতে, পেশ করিতে এবং মঞ্জুরী লাভ করিতে কতদিন সময় লাগিয়াছিল; এবং

(খ) টি আর খাতে টাকা মজুত থাকা সত্ত্বেও কুজোপাড়া গ্রামের মধ্যে নদীতীরবর্তী মারাত্মক ভাঙ্গন মেরামতের কাজ আরম্ভ না করিবার কারণ কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** (ক) রামপুরহাট থানার সাহাপুর অঞ্চল মধ্যে দ্বারকা নদীতীরস্থ বন্যারোধকারী বাঁধ সংস্কারকল্পে রামপুর-কুজোপাড়া টি আর স্কীমের রিভাইজ এস্টিমেট সেকশন ২, ২রা জুলাই ১৯৬৯ তারিখে বি ডি ও কর্তৃক প্রণয়ন করা হয়, ৭ই জুলাই ১৯৬৯ তারিখে জেলা শাসকের কাছে তা পেশ করা হয় এবং ১২ই জুলাই ১৯৬৯ তারিখে উহা মঞ্জুর করা হয়।

(খ) ইতিমধ্যে বর্ষা সুরু হওয়ায় চাষের কাজ আরম্ভ হয়। ফলে টেষ্ট রিলিফে কাজ করবার লোক না পাওয়ায় উক্ত স্কীম সহ মহকুমার সকল টি আরের কাজই ৯ই জুলাই ১৯৬৯ তারিখ হইতে স্থগিত রাখা হয়।

**ত্রিমোহিনী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি**

***756.** (Admitted question No. *2111.)

**শ্রীএম ডি নাসিরুদ্দীন খান:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নওদা থানার অধীন ত্রিমোহিনীতে যে মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি আছে সেটা কোন্ সময় হইতে চালু করা হইয়াছে;

(খ) উক্ত কো-অপারেটিভ সোসাইটিতে কত টাকা মূলধন রহিয়াছে;

(গ) উক্ত সোসাইটিতে বর্তমানে কতজন শেয়ার হোল্ডার আছেন;

(ঘ) উক্ত সোসাইটিকে রেজিস্ট্রেশনের সময় হইতে এ পর্যন্ত সরকার কত টাকা ঋণ দিয়াছেন; এবং

(ঙ) উক্ত সোসাইটিতে এ পর্যন্ত রেজিস্ট্রেশনের সময় হইতে কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** (ক) ১৯৬০ সালের ৭ই ডিসেম্বর হইতে।

(খ) কো-অপারেটিভ বৎসর ১৯৬৭-৬৮ পর্যন্ত মোট মূলধন ৮৮,৮০১·০৯ টাকা।

(গ) কো-অপারেটিভ বৎসর ১৯৬৭-৬৮ পর্যন্ত শেয়ার হোল্ডারের সংখ্যা ৪৮২।

(ঘ) ২২,৫০০·০০ টাকা।

(ঙ) কো-অপারেটিভ বৎসর ১৯৬০-৬১ হইতে ১৯৬৭-৬৮ পর্যন্ত মোট লাভ ৫,১৭৯·৭৬ টাকা এবং মোট লোকসান ৬,২১২·০০ টাকা।

**শ্রীনাসিরুদ্দীন খাঁন:** বেশ কিছুদিন আগে ঐ কো-অপারেটিভ থেকে একটা মোটা য়্যামাউন্ট চুরি হয়েছে, সে সম্বন্ধে কি কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** এ বিষয়ে আমার কাছে কোন খবর নাই।

**শ্রীনাসিরুদ্দীন খাঁন:** এ বিষয়ে কোন এনকোয়ারি করান হবে কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আপনি খবর দিলে অনুসন্ধান করা হবে।

**শ্রীঅশ্বিনী রায়:** এই ত্রিমোহিনী মার্কেটিং সোসাইটিকে সরকারী ঋণ এবং অনুদান কি পরিমাণ দেওয়া হয়েছে, হিসেব পাওয়া যাবে কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** গভর্ণমেন্ট লোন এ্যাসিসট্যান্স ঐ সমিতিকে দেওয়া হয়েছে ১৫ হাজার টাকা মেন গভর্ণনমন্ট গোডাউন কনস্ট্রাকসন-এর জন্য আর সাড়ে সাত হাজার টাকা দেওয়া হয়েছে গ্রাম্য গোডাউন নির্মাণের জন্য, এই ঋণ ছাড়া লোনের ½ অংশ পরিমাণ গ্রান্ট হিসেবে দেওয়া হয়েছে।

**Deputation of Typists and Copyists**

***757.** (Admitted question No. *2163.) **Shri Nikhil Das:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether the Typists and Copyists of his department waited upon him in a deputation on the 13th June, 1969, at 1 p.m., in order to get their demands redressed;

(b) if it is a fact that he has agreed to meet certain demands of Typists and Copyists; and

(c) if the answer to (b) is in the affirmative, when the decision of the Government in this regard would be implemented?

**Shri Bhakti Bhusan Mandal:** (a) Yes.

(b) Yes. Certain demands have been agreed to on principle and taken up with the Finance Department where general questions and financial implications are involved. In other cases particulars for implementation of the accepted principle has been called for from the Sub-Offices.

(c) The decision of the Government will be implemented as soon as possible. Exact date cannot be assigned.

**শ্রীনিখিল দাস:** এদের দাবি-দাওয়া সম্পর্কে এরা মন্ত্রিমহাশয়ের সাথে দেখা করেছিলেন ১৯৬৯ সালের জুন মাসে—প্রায় আড়াই মাস হতে চলল এখন যে উত্তর পেলাম মন্ত্রিমহাশয়ের কাছ থেকে তা থেকে বুঝতে পারছি না যে এদের ফাইনানসিয়াল বা আদার যে সমস্ত দাবি-দাওয়া তা আদায় কবে হবে—তাড়াতাড়ি হবে বুঝতে পারছি, কিন্তু কত দিনের মধ্যে হবে বলতে পারেন?

**শ্রীভক্তিভূষণ মন্ডল:** এদের যে দাবি-দাওয়া ছিল তাতে তিন রকমভাবে রেফার করা হয়েছে—একটা, কতকগুলি ইকনমিক ব্যাপার, সেটা পে কমিশানে দেওয়া হয়েছে, আর বাকি দুটি জিনিস ফাইনান্সিয়াল ইমপ্লিকেশান তা আমি অলরেডি কনসিড করেছি, ফাইনান্স ডিপার্টমেন্টে পাঠিয়েছি, ফাইনান্সে কিছুদিন সময় লাগবে, কত লোক এবং দিন ইত্যাদি ব্যাপারে এগজামিন করতে, তবে মনে হয় দু' একমাসের মধ্যে হয়ে যাবে।

## মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণ

***758.** (Admitted question No. *2234.)

**শ্রীগঙ্গাপদ কুঁয়র:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাসপুর ১নং ব্লকের অন্তর্গত কোন্ কোন্ অঞ্চলে কোন্ কোন্ (১) প্রাথমিক বিদ্যালয়গৃহ এবং (২) মাধ্যমিক বিদ্যালয় ভবন গত ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যায় গুরুতরভাবে বিধ্বস্ত ও ভূমিস্যাৎ হইয়াছিল;

(খ) সরকারী ব্যয়ে টেস্ট রিলিফ স্কীমের মাধ্যমে উল্লিখিত ধ্বংসপ্রাপ্ত বিদ্যালয় ভবনগুলির কতগুলির পুনর্নির্মাণের কার্য সম্পূর্ণ হইয়াছে;

(গ) অবশিষ্ট বিদ্যালয় ভবনগুলির পুনর্নির্মাণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে; এবং

(ঘ) সমূহ বিদ্যালয় ভবনগুলির পুনর্নির্মাণ কার্য না হওয়ার কারণ কি?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁন:** (ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হল।

(গ) অবশিষ্ট বিদ্যালয়গুলির গৃহ নির্মাণের জন্য টেস্ট রিলিফের স্কীমগুলি পরীক্ষা করে দেখা হচ্ছে এবং ছাউনি খরচের জন্য জেলা বিদ্যালয় পরিদর্শক, মেদিনীপুরের নিকট হইতে টাকার প্রস্তাব পাঠান হয়েছে—সমস্ত স্কীমগুলি পরীক্ষা পর্যায় সম্পূর্ণ হয় নাই।

**শ্রীগঙ্গাপদ কুঁয়র:** এই যে বিদ্যালয়গুলি নষ্ট হয়ে গেল সেগুলি এ বছরের মধ্যে কেন হয়নি সে সম্পর্কে মন্ত্রিমহাশয় খোঁজ নিয়েছেন কি?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁন:** তদন্ত হচ্ছিল এডুকেশান ডিপার্টমেন্টের পরিদর্শক রিপোর্ট করতে দেরি করেছেন, তাঁর কাছ থেকে এস্টিমেট এসে পেঁছায়নি ইত্যাদি বহু কারণে।

**শ্রীগঙ্গাপদ কুঁয়র:** এই স্কুলগুলি যাতে টেষ্ট রিলিফের মাধ্যমে আগামী বছরে পুনরায় গড়ে উঠে সে সম্পর্কে মন্ত্রিমহাশয় আশ্বাস দিতে পারেন কি?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁন:** আপনারা যদি বলেন তাহলে সেইরকম ভাবে করা যাবে, এর জন্য কোন বাধা নেই।

### আসানসোল ফৌজদারী ও সিভিল আদালতে বিচারাধীন মামলা

***760.** (Admitted question No. *2267.)

**শ্রীবামাপদ মুখার্জি:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল ফৌজদারী আদালতে এবং সিভিল আদালতে কতগুলি মামলা বিচারাধীন আছে; এবং

(খ) মামলাগুলি দ্রুত বিচারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আসানসোলে বর্তমানে নিম্ন সংখ্যক ফৌজদারী ও দেওয়ানী (সিভিল) মামলা বিচারাধীন আছে ফৌজদারী মামলা ৬,৮৮৯ এবং দেওয়ানী মামলা ৩,৫৮১।

মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য বর্ধমানের জেলা জজ এবং জেলা শাসক সংশ্লিষ্ট দাররা জজ এবং ম্যাজিস্ট্রেটদের যথাযথ নির্দেশ দিয়াছেন।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, বিচারাধীন মামলার সংখ্যা বৃদ্ধি পাইলে সরকার আর্থিক সঙ্গতির সহিত সামঞ্জস্য রাখিয়া অতিরিক্ত বিচারক নিয়োগ করিয়া থাকেন।

[1-40—1-50 p.m.]

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এর ভেতরে সর্বাধিক পুরানো মামলার সংখ্যা কত?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সেটা এখনই বলা সম্ভব নয়, নোটিশ চাই।

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিচারে বিলম্বের কারণ কি?

**ভক্তিভূষণ মণ্ডল:** বিলম্বের কারণ হচ্ছে, আসানসোলে যে ম্যাজিস্ট্রেট আছেন সেই ম্যাজিস্ট্রেটের সংখ্যা সাফিসিয়েন্ট নয়, আরো কিছু ম্যাজিস্ট্রেট দেওয়া প্রয়োজন।

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ফৌজদারী মামলায় ইনভেষ্টিগেসানের বিলম্বের জন্যই কি মামলা বিলম্বিত হচ্ছে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ম্যাজিস্ট্রেট তো ফৌজদারী মামলাই করেন।

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পুলিশের ইনভেষ্টিগেসানের বিলম্বের জন্যই বিলম্ব হচ্ছে কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** পুলিশের ইনভেষ্টিগেসানের জন্য যে বিলম্ব হয় তার কারণ আছে। কয়েকটা ডিপার্টমেন্ট আমাদের এমন অবস্থায় আছে যে একবার সেখানে পাঠালে ১ বছর থেকে দেড় বছর লেগে যায়। যেমন ফরেনসিক ডিপার্টমেন্ট, ফিংগারপ্রিন্ট, কেমিক্যাল একজামিনারস

ডিপার্টমেন্ট ইত্যাদি যা আছে এইসবগুলিতে আমরা যখন একজামিনেসানের জন্য পাঠাই তার আগে চার্জসিট দেওয়া যায় না। সেটা না দেবার জন্য—এ'রা প্রায় এক বছর রেখে দেন এবং আমাদের বাংলা গভর্ণমেন্টের যে ডিপার্টমেন্টগুলি আছে বা ইণ্ডিয়া গভর্ণমেন্টের যেগুলি আছে তাঁদের কাছে পাঠালে তাঁরা এক বছর ৯ মাসের আগে কোন রিপোর্ট দিতে পারেন না।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় এরকম খবর জানেন কিনা যে ফৌজদারী মামলা ৭/৮ বছর পড়ে আছে, এটার চার্জসিট দেওয়া হয়নি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** হ্যাঁ, জানা আছে। হাইকোর্টে ক্রিমিনাল এ্যাপিলে ৭/৮ বছর পড়ে আছে এটা আমার জানা আছে।

**শ্রীসমরকুমার রুদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আসানসোলে বছরে দেওয়ানী ও ফৌজদারী মামলা কতগুলি রুজু হয়, তার মধ্যে কতগুলির নিস্পত্তি হয় এবং আদালতের হাকিমদের প্রতি এরকম কোন নির্দেশ আছে কিনা যে মাসে বা বছরে এতগুলি কেসের নিস্পত্তি করতে হবে, যদি না দেওয়া থাকে, সে রকম নির্দেশ দেবার কথা ভাবছেন কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** যদিও আপনি একসঙ্গে অনেকগুলি প্রশ্ন করেছেন তবুও আমি কয়েকটির যা পারি জবাব দিচ্ছি। আপনি বছরে কতগুলি কেস ফাইল হয় তার নাম্বার চেয়েছেন, সেটা এ প্রশ্ন থেকে বলা মুশকিল। তা ছাড়া কতগুলি ডিসপোজড অফ হয় সেটা বলা যাবে না, কারণ সেটার একটা সেপারেট রেজিষ্টার থাকে। কাজেই সেভাবে কোয়েশ্চেন করলে এসব প্রশ্নের উত্তর দেওয়া যায়।

**শ্রীসমরকুমার রুদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, হাকিমদের প্রতি এরকম কোন নির্দেশ আছে কিনা যে মাসে এতগুলি কেসের নিস্পত্তি করতে হবে, যদি থাকে সেটা কতগুলি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** তা নেই. সেগুলি দিতে গেলে আপনারা জানেন কনটেম্পট হবে। কোন হাকিমকে কারুর ক্ষমতা নেই তাঁর পারসোনাল ফাইলের কেসে বলা যে তুমি এইভাবে করো।

**শ্রীগোপাল বসু:** এটা কনটেম্পট হবে কি করে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আমি যেটা বলছি যেটা হচ্ছে এই যে পার্টিকুলার ম্যাজিস্ট্রেটের ফাইলে কেস গেলে আমি যদি বলি তাড়াতাড়ি করে দিন তাহলে দ্যাট ইজ এ সাবজেক্ট অব কনটেম্পট।

**শ্রীগোপাল বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বছরে একজন হাকিমকে কত কেস ডিজপোসড অফ করতে হবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা হাইকোর্ট বলতে পারেন, হাইকোর্টের ম্যাটার এটা।

## প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের অনুদান

***761.** (Admitted question No. *2114.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অগ্নিকাণ্ড, ঝড় ও ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মহকুমা দপ্তরের সুপারিশপ্রাপ্ত সাহায্যের জন্য দরখাস্তগুলি জেলা ত্রাণ দপ্তরে আসার কতদিন পরে তাহার চূড়ান্ত হুকুম জেলা দপ্তর হইতে মহকুমা ত্রাণ দপ্তরে পাঠান হয়;

(খ) ইহার জন্য কোন নির্দিষ্ট সময়-সীমা বাঁধা আছে কিনা;

(গ) সরকার কি অবগত আছেন যে, এই প্রকার সাহায্য পাইতে বিলম্ব হওয়ায় আবেদনকারীরা যথেষ্ট কষ্ট ভোগ করেন; এবং

(ঘ) অবগত থাকিলে, এ অবস্থা দূরীকরণের জন্য সরকার কোন প্রচেষ্টা করিতেছেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** (ক), (খ), (গ) ও (ঘ) সরকারের প্রচলিত নিয়ম অনুসারে জেলান্তরে অগ্নিকাণ্ড, ঝড় ও ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রয়োজনীয় সাহায্য দেওয়ার দায়িত্ব জেলা শাসকের। অবিলম্বে এই সাহায্য দেওয়ার জন্য সরকারী নির্দেশ আছে। ত্রাণ ব্যবস্থার জন্য মহকুমা শাসকের সুপারিশ সম্পর্কে জেলা শাসকের চূড়ান্ত হুকুম অবিলম্বে দিবার কথা তাই এ বিষয়ে কোন সময়-সীমা বাঁধার প্রশ্ন নাই।

এই সাহায্য প্রদানে বিলম্ব সম্পর্কে কোনও সুনির্দিষ্ট অভিযোগ সরকারের গোচরে আনা হইলে সরকার নিশ্চয়ই তাহার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জবাব দেবেন, এই সাহায্যের পরিমাণ কত?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** সেখানে যা আছে যে তাঁরা ক্ষতি অনুসারে দেন। কার কত ক্ষতি হয়েছে—কিন্তু যে অনুদান সেটা ২৫০ টাকার বেশী হয় না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** গত বছর বন্যায় যেসমস্ত ঘর-বাড়ী পড়ে গেছে, মন্ত্রিমহাশয় কি জানেন তার শতকরা ৯৫ জন লোকও এখন পর্যন্ত সরকারী সাহায্য পায় নি যার জন্য এখন তাদের ঘর করা সম্ভবপর হয়নি এবং এই সমস্ত কেসগুলি দিলে আপনি অবিলম্বে তদন্ত করে তার ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** যাঁরা পান নি বলে যেসমস্ত অভিযোগ আমার কাছে এসেছে এ পর্যন্ত, তাদের আবার দেবার জন্য আমি জেলা শাসকদের কাছে নির্দেশ পাঠিয়ে দিয়েছি। এখন তাঁরা আবার কতটা কি দিয়েছেন এবং কতটা কার বাকি আছে সে সম্বন্ধে কোন রিপোর্ট আমার কাছে এখন ফিরে আসে নি। অতএব আমি বলতে পারছি না যে শতকরা ৯৫ জন লোক এখন পায় নি। তবে যদি সত্যি হয় এ সম্বন্ধে কোন বাধাবিপত্তি নেই, তা করা যেতে পারে।

**ডঃ নলীনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহোদয় কি জানাবেন, গত কয়েক দিনের মধ্যে নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার বিস্তৃত অঞ্চলে বন্যার দরুন চাষীদের বহু জমির ক্ষতি হয়েছে এবং বিশেষতঃ আমন ধানের জমি ডুবে যাওয়ায় কৃষিজীবীদের প্রধানতঃ নূতন আমন ধানের বীজের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে পুনর্বার জমিতে লাগাবার জন্য, যখন জমি থেকে জল নেমে যাবে তখন এই রকম কোন পরিকল্পনা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে কৃষি বিভাগের মাধ্যমে রাখবার চেষ্টা করছেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁন:** বন্যা অঞ্চলের কৃষি জমির ফসল কোথায় কতটা ক্ষতি হয়েছে এ সম্বন্ধে এখন পর্যন্ত কোন পুরোপুরি রিপোর্ট আমার কাছে আসে নি। তবে এই কথা ঠিক যে কত জমিতে আবার ফসল ফলানো যেতে পারে তার রিপোর্ট চেয়ে পাঠানো হয়েছে। এই জন্য চাওয়া হয়েছে যে আমাদের উদ্দেশ্য এবং ইচ্ছা আছে যে ঐ জমিতে আবার নূতন করে যেখানে করা সম্ভব সেখানে করা যায় কিনা এটা বিবেচনাধীন আছে। অতএব যদি সম্ভব হয় এটা করা হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের জন্য যে অনুদান দেওয়া হয়—সেখানে দরখাস্ত করা থেকে আরম্ভ করে অনুদান পাওয়া পর্যন্ত প্রায় ৩/৪ মাস সময় লাগে, বরং তার থেকে আরো অনেক বেশী সময় লাগে অনেক ক্ষেত্রে। যেখানে ঝড়ে বাড়ী পড়েছে, কিম্বা অগ্নিকাণ্ডে পুড়ে গেছে সেই সমস্ত অনুদান যাতে তাড়াতাড়ি অন্ততঃ ১০/১৫ দিনের মধ্যে পাওয়া যায়, এই রকম কোন ব্যবস্থা করার কথা চিন্তা করছেন কি?

[1-50—2 p.m.]

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁনঃ** এই রকম ব্যবস্থা হলে বেঁচে যেতাম। কিন্তু কথা হচ্ছে, এটা আমার যতদূর মনে হয়, ত্রাণের যে অফিস আছে, সেখানে তো আপনি জানেন যে কর্মচারীর অভাব, লোকজন যথেষ্ট কম। কিন্তু আমরা নির্ভর করছি তাড়াতাড়ির জন্য সেখানকার সদস্য-দের উপর যাঁরা ওখানে আছেন, তাঁরা যদি একটু তরান্বিত করবার চেষ্টা করেন তাহলে এটা তাড়াতাড়ি হতে পারে।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই ঝড়, বন্যা ছাড়া অগ্নিকাণ্ডের ব্যাপারে একটা বিশেষ অসুবিধা হয়, সেখানে দরখাস্ত করলে, যদিও তার একটা আইন আছে তা সত্ত্বেও বহুদিন লেগে যায়, এমনকি এক বছর পর্যন্ত সময় লেগে যায়। মাননীয় মন্ত্রিমহাশয় এই নতুন সরকার হবার পর এই জিনিসটা একটু সরলীকরণ করা হয়নি বিশেষ করে এই অগ্নিকাণ্ডের ব্যাপারে, এটা একটু দেখবেন কি?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁনঃ** সিম্পলিফিকেশনের কথা বলছেন, সেখানকার মেমবাররা যদি এনকোয়ারী করে তাড়াতাড়ি পাঠান তাহলে জিনিসটা সহজ হতে পারে।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** অগ্নিকাণ্ডের ব্যাপারটা আলাদাভাবে করেছেন কি, অগ্নিকাণ্ডের ব্যাপারে যেটা প্রসেস সেটা সিম্পলিফাই করবেন কি না বলুন।

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁনঃ** সব কিছু করবো।

**শ্রীসরল দেবঃ** ১৯৬৭ সালে বন্যায় কোথাও বা ঘর পড়ে গেছে, স্বভাবতঃ প্রচুর ঘর নষ্ট হয়ে গেছে, যাদের ঘর গেছে তারা দরখাস্ত করবার পর আমরা ১৯৬৯ সালে যখন এস ডি ও এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে গেছি তখন ওরা বলেছেন যে তদন্ত হচ্ছে, এই যে ডিলে হচ্ছে এতদিন ধরে, সে সম্বন্ধে ক্যাটাগরিক্যালি উত্তর দিন, আমরা জানতে চাই।

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁনঃ** তার তো ব্যাখ্যা করা যায় না, কি করে করা যায়—ব্যক্তিগতভাবে উৎসাহ নিয়ে সেখানে গিয়ে যদি করে নিতে পারেন তাহলে তাড়াতাড়ি হতে পারে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এনকোয়ারী গ্রামে নিতে দেরী হয়, আমরা দেখেছি যে গ্রামসেবক দিয়ে এনকোয়ারী করার পরে এই কলকাতায় এসে ঐ দরখাস্ত-গুলো আটক হয়ে যায়। আপনি কি জেলা দপ্তরে আলাদা টাকা মজুত রাখবার ব্যবস্থা করবেন যাতে এইগুলো এনকোয়ারী হবার পর ওখান থেকেই তারা সমস্ত কিছু সাহায্য পেতে পারে?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁনঃ** তাই তো হয়, জেলা ম্যাজিস্ট্রেটের কাছে থাকে, আপনি জানেন না?

## আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি

***762.** (Admitted question No. *2270.)

**শ্রীবামাপদ মুখার্জিঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির ডিরেক্টর বোর্ডের কতদিন আগে নির্বাচন হইয়াছিল; এবং

(খ) বর্তমানে নূতন বোর্ড নির্বাচিত হইবে কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** (ক) গত ১২ই মে ১৯৬৮ তারিখে।

(খ) গত ২৭শে জুলাই ১৯৬৯ তারিখের সাধারণ সভায় নূতন বোর্ড নির্বাচিত হওয়ার যা ছিল, কিন্তু উক্ত সভায় সিদ্ধান্ত লওয়া হয় যে আগামী নভেম্বর মাসে নির্বাচন করা হইবে।

**শ্রীবামাপদ মুখার্জীঃ** এই সোসাইটি সম্পর্কে কোন আদালতে মামলা হয়েছে কি না মন্ত্রি-াশয় জানাবেন কি?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** সেটা সম্পর্কে আপনার বোধ হয়, আর একটা কোশ্চেন আছে, সেই ময় প্রশ্ন করবেন।

**শ্রীসুনীল বসু রায়ঃ** এই যে দেরী হচ্ছে নভেম্বরে হবে এর কারণটা কি?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** আইনতঃ অবশ্য নির্বাচন আগেই হওয়া উচিত ছিল এবং সেই সাবে ২৭-৭-৬৯ তারিখে ম্যানেজিং কমিটির যে সভা হয় সেখানে এ্যাজেনডার ভিতর র্বাচন দেওয়া হয়েছিল। কিন্তু কমিটি বলে যে ১৯৬৮-৬৯ সালের হিসাবের অডিট এখনও ষ হয় নি এবং কমিটি চান যে এ্যানুয়াল মিটিং-এ অডিট রিপোর্ট পাশ করতে, সেই জন্য ভম্বর মাস পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

**শ্রীসুনীল বসু রায়ঃ** অডিট রিপোর্ট হতে দেরী হচ্ছে কেন?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** নোটিশ চাই।

**রামপুরহাট ফৌজদারী আদালতে বিচারাধীন মামলা**

***763.** (Admitted question No. *2139.)

**শশাংক মণ্ডলঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট ফৌজদারী আদালতে কতগুলি মামলা ১৯৬৬ খ্রীস্টাব্দ বা তাহার পরবর্তী বৎসরসমূহ হইতে বিচারাধীন পড়িয়া আছে এবং ১৯৬৬ হইতে ১৯৬৮ অবধি তাহাদের সংখ্যা প্রত্যেক বৎসরের জন্য পৃথকভাবে কত;

(খ) মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা; এবং

(গ) বীরভূম জেলায় প্রশাসন ও বিচার বিভাগ পৃথকীকরণ কোন্ বৎসরে করা হইবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ** রামপুরহাট ফৌজদারী আদালতে নিম্ন সংখ্যক মামলা বিচারাধীন ছে—১৯৬৬ খৃঃ হইতে ৯-৮-৬৯ পর্যন্ত—২,১৩২

১৯৬৬ সালে— ১১৯

১৯৬৭ সালে— ৩১৬

১৯৬৮ সালে—১,১০১

বীরভূমের জেলাশাসক মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটগণকে াযথ নির্দেশ দিয়াছেন।

কোন সুনির্দিষ্ট তারিখ এখনও স্থির হয় নাই। আশা করা যায়, এই বৎসরের শেষ দিকে ইবে।

**আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির অডিট রিপোর্ট**

***764.** (Admitted question No. *2271.)

**শ্রীবামাপদ মুখার্জি:** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির অধীনে কোন ডিরেক্টরের বেতন নেওয়া সম্পর্কে অডিট রিপোর্টে বিরুদ্ধ মন্তব্য করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** (ক) হ্যাঁ।

(খ) স্থানীয় সরকারী আধিকারিক সংশ্লিষ্ট ডিরেক্টরের বেতন বন্ধ করিবার ও পরিচালক সমিতির সদস্যপদ বাতিল করিবার আদেশ দিয়াছিলেন, কিন্তু মহামান্য হাইকোর্টের ইনজাংশন বলে উক্ত আদেশ কার্যকরী করা স্থগিত রহিয়াছে।

**শ্রীসুনীল বসু রায়:** এই ডিরেকটারের নাম কি এবং তার বিরুদ্ধে কি বিরূপ মন্তব্য করা হয়েছিল?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** ডিরেকটারের নাম হল শ্রী এস কে ভট্টাচার্য। তিনি মাস মাইনে নিচ্ছিলেন ৩৫০ টাকা। কিন্তু তারজন্য সোসাইটির জেনারেল মিটিং-এ কোন অনুমোদন নেওয়া হয় নি। এই হচ্ছে অভিযোগ।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Centre-State relation

***881.** (Admitted question No. *2404.) **Shri Kashi Kanta Maitra:** Will the Chief Minister be pleased to state—

(a) if it is a fact that on his return from New Delhi he made a statement to the Press on 24th July, 1969, to the effect that in view of the recent policy adopted by the Prime Minister after taking away the Finance portfolio from the Deputy Prime Minister, Shri Desai and the acceptance of the resignation of the former Finance Minister, the relationship between the Central Government and the U.F. Government in West Bengal will improve; and

(b) if so, the basis of such statement?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** (a) No. (b) Does not arise.

**কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের স্থানান্তরিতকরণ**

***882.** (Admitted question No. *1951.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৮ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৬৯ সালের ৩০শে জুন পর্যন্ত সময়ের মধ্যে এই রাজ্য হইতে কোন্ কোন্ কেন্দ্রীয় দপ্তর তথা কেন্দ্র শাসিত পাবলিক আন্ডারটেকিং-এর অফিস অন্যত্র চলিয়া গিয়াছে এবং উক্ত কোন্ কোন্ অফিস স্থানান্তর করার প্রস্তাব রহিয়াছে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ১লা জানুয়ারী, ১৯৬৮ হইতে ৩০শে জুন, ১৯৬৯ পর্যন্ত সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকারের কোনও দপ্তরে বা কেন্দ্রশাসিত কোনও পাবলিক আন্ডারটেকিং পশ্চিমবঙ্গ হইতে স্থানান্তর করা হইয়াছে বলিয়া সরকার অবগত নয়। তবে ডাইরেক্টর জেনারেল অফ অর্ডন্যান্স ফ্যাক্টরীর একটি সেক্সনাল অফিস কলিকাতা হইতে কানপুর এবং রউড়কেল্লার ইস্পাত কারখানার পার্চেজ অফিস কলিকাতা হইতে রউড়কেল্লায় স্থানান্তর করার প্রস্তাব করা হইয়াছে।

**কলিকাতায় পলিক্লিনিকের সংখ্যা**

***908.** (SHORT NOTICE.) (Admitted question No. *2754.)

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় মোট কতগুলি পলিক্লিনিক আছে; এবং

(খ) এই পলিক্লিনিকগুলিতে কি কি বিভাগ আছে?

**শ্রীননী ভট্টাচার্যঃ** (ক) দুইটি।

(খ) ৫নং সুবারবন হসপিট্যাল রোডস্থ পলিক্লিনিকে—

(১) জেনারেল মেডিসিন।

(২) কার্ডিওলজি।

(৩) নিউরলজি (মেডিসিন)।

(৪) নিউরো-সারজারী।

(৫) জেনারেল-সার্জারী।

(৬) উরোলজি।

(৭) প্লাষ্টিক সার্জারী।

(৮) অর্থপেডিক সার্জারী।

(৯) অবস্ট্রাট্রিকস্ এন্ড গায়নাকোলজি।

(১০) অফথ্যালমোলজি।

(১১) ই, এন, টি,।

(১২) ফিজিক্যাল মেডিসিন।

(১৩) এ্যানেসথ্যাসিওলজি।

৩৬নং নির্মলচন্দ্র ষ্ট্রিটস্থ ডাঃ বি, সি, রায় পলিক্লিনিকে—

(১) জেনারেল মেডিসিন।

(২) সার্জারী।

(৩) অবস্ট্যাট্রিকস্ এন্ড গায়নাকোলজি।

(৪) অর্থপেডিক।

(৫) প্যাডিয়াট্রিক।

(৬) আই।

(৭) ই. এন, টি,।

(৮) ডেণ্টাল।

(৯) ডারমাটোলজি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, যে সমস্ত বিভাগগুলির কথা বললেন এ থেকে দেখা যাচ্ছে যে, এই ২টো পলি ক্লিনিক-এর কোন চর্মরোগের বিভাগ নেই এবং বিভাগগুলি নেই কেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ** চর্মরোগের বিভাগ আছে। ডার্মাটোলজি আছে। নির্মলচন্দ্র ষ্ট্রীটে বি, সি, রায় পলি ক্লিনিক-এ। আর পলি ক্লিনিক-এ অবশ্য ডার্মাটোলজি নেই।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, ডাঃ বি, সি, রায় পলি ক্লিনিক সেখানে কোন চর্মরোগের বিভাগ নাই।

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি তো বলেছি যে, চর্মরোগের ব্যবস্থা আছে, ডার্মাটোলজি আছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমরা যখন যাই এবং গিয়ে জিজ্ঞাসা করলে সেখানে কোন এক্সপার্ট বা কোন বিভাগে কোন চিকিৎসক পাওয়া যায়নি। এটা অনুসন্ধান করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** সেটা নিশ্চয়ই অনুসন্ধান করবো। তবে এমনও হতে পারে যে স্পেসালিস্ট ডাক্তারের সেদিন টার্ন আছে, বা যাননি, এই রকমও হতে পারে। যাইহোক আমি এটা অনুসন্ধান করবো।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the Table)

### রামপুরহাট থানায় ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহসংস্কার অনুদান

***883.** (Admitted question No. *2104.)

**শ্রীশশাঙ্কশেখর মন্ডলঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট (বীরভূম) থানায় ঝড়ে ক্ষতিগ্রস্ত দুস্থ লোকেদের গৃহসংস্কারের অনুদান প্রার্থনাকারীদের কতজনকে অনুদান মঞ্জুর করা হইয়াছে?

(খ) ইহা বিলি করা হইয়াছে কিনা, এবং

(গ) বিলি হইয়া থাকিলে কবে করা হইয়াছে?

**ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ৩১ জনকে।

(খ) হ্যাঁ।

(গ) ১৭ই জুলাই, ১৯৬৯।

### প্রাক্তন রাজ্যপাল শ্রী ধর্মবীরের প্রান্তিক ছুটির বেতন ও ভাতা

***884.** (Admitted question No. *2246.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলার প্রাক্তন রাজ্যপাল শ্রী ধর্মবীরকে প্রান্তিক ছুটির জন্য মোট কত টাকা বেতন, ভাতা এবং অন্য বাবতে রাজ্যসরকারকে দিতে হইয়াছে?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** মোট ১১,০০০ টাকা।

**মন্ত্রীদের ভ্রমণের ব্যয়**

***885.** (Admitted question No. *2253.)

**শ্রীআজিজুর রহমানঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৯, ১লা মার্চ হইতে ৩০শে জুন পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের কোন্ কোন্ মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর সরকারী কার্যে আকাশপথে, স্থলপথে ও জলপথে ভ্রমণের জন্য কি পরিমাণ টাকা সরকারী তহবিল হইতে খরচ তথা পাওনা হইয়াছে তাহার পৃথক পৃথক হিসাব?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ২২শে আগষ্ট ১৯৬৯ তারিখ পর্যন্ত যে তথ্য সংগৃহীত হইয়াছে তাহা হইতে জানা যায় ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে জুন মাস পর্যন্ত মন্ত্রীদের ভ্রমণ বাবত ৪৮,৭৪৮ ৮০ টাকা খরচ তথা পাওনা হইয়াছে।

প্রতি মন্ত্রীর জন্য ঐ বাবত কত খরচ হইয়াছে তাহা পৃথক পৃথক ভাবে দেখাইয়া একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্ট**

***886.** (Admitted question No. *2371.)

**শ্রীগোবর্ধন পাকড়েঃ** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে (এস, ভি, এস, ক্লাস থ্রি) ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্টদের মোট কর্মীর সংখ্যা কত;

(খ) "ভেকসিনেটর"-এর (বর্তমানে রিডেজিগনেটেড হয়ে ভি, এফ, এ, এস, ভি, এস, ক্লাস থ্রি বলা হয়) পদ সৃষ্টি কোন্ সালে হয়েছিল? নিয়োগের শিক্ষাগত যোগ্যতা কি ছিল? ঐ পদে নিয়োগের পূর্বে প্রবৃত্তি প্রশিক্ষণ দেওয়া হইত কি;

(গ) ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্টদের বর্তমানে কত মাসের ট্রেনিং দেওয়া হয়;

(ঘ) ইহা কি সত্য যে ভি এফ এ (এস, ভি, এস, ক্লাস থ্রি)-দের শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট স্টাণ্ডার্ড স্থির ছিল এবং বর্তমানে নিয়োগের ক্ষেত্রে স্কুল ফাইনাল উত্তীর্ণ, এই শিক্ষাগত যোগ্যতা নির্ধারিত হয়েছে, এবং

(ঙ) সত্য হলে ক্লাস এইট স্ট্যাণ্ডার্ড কখন স্থির করা হয়েছিল এবং আবার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্কুল ফাইনাল উত্তীর্ণ নির্ধারিত করার কারণ কি?

**পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এক হাজার দুই শত আটাশি।

(খ) ভেকসিনেটারের পদ ১৯৫৫-৫৬ সালে সৃষ্ট হয়েছিল। ঐ পদে নিয়োগের জন্য তখন শিক্ষাগত কোন নির্দিষ্ট মান ছিল না। ঐ পদে নিয়োগের পূর্বে কোনরূপ প্রারম্ভিক প্রশিক্ষণ দেওয়া হইত না।

(গ) ছয় মাস।

(ঘ) হ্যাঁ।

(ঙ) উক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী উত্তীর্ণ মান ১৯৫৪-৫৫ সালে স্থির করা হয়। কিন্তু পশু চিকিৎসা শাস্ত্রের বিভিন্ন বিষয়গুলি সুষ্ঠভাবে অনুধাবন করা অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের পক্ষে খুবই অসুবিধা হওয়ায় ঐ পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্কুল ফাইনাল উত্তীর্ণ নির্ধারিত করিতে হইয়াছিল।

### সিনেমায় বাংলা ছবি

***887.** (Admitted question No. *2468.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোলকাতায় কোন্ কোন্ সিনেমাহলে একেবারে বাংলা ছবি দেখানো হয় না এবং তাহাদের মালিকদের নাম কি;

(খ) কোন্ কোন্ সিনেমাহলকে বাংলা ছবি দেখানো হইতে সাময়িকভাবে অব্যাহতি দেওয়া হইয়াছে; এবং

(গ) ঐ অব্যাহতি দেওয়ার কারণ কি?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) কোন সিনেমা হলকে দেওয়া হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

### T.R. work in the lands of Police Department, Bankura

***888.** (Admitted question No. *2509.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether any T.R. work was done during the period 7th February, 1964 and 14th February, 1966, in the lands of the Police Department surrounding the police lines of Bankura;

(b) the total amount of money spent in such T.R. work;

(c) if the public are allowed to use the parks and tanks made there by T.R. work; and

(d) if not the reasons thereof?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) Yes.

(b) Rs. 3,19,508.

(c) No.

(d) to ensure security of the Police Lines.

### বগুলা শ্রীকৃষ্ণ কলেজ প্রাঙ্গণে টেস্ট রিলিফ খাতে পুকুর খননের স্কীম

***889.** (Admitted question No. *2537.)

**শ্রীঅমৃতেন্দু মুখার্জিঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার হাঁসখালি থানায় অবস্থিত বগুলা শ্রীকৃষ্ণ কলেজ প্রাঙ্গণে উক্ত কলেজের নিজস্ব জমিতে সরকারী টেস্ট রিলিফ খাতে ২০,০০০·০০ টাকা খরচে একটি পুকুর খননের স্কীম মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) সত্য হইলে, ১৯৬৯ সালের ৩১শে জুলাই পর্যন্ত বগুলা শ্রীকৃষ্ণ কলেজ প্রাঙ্গণের ঐ পুকুর খননের কাজে কত কিউবিক ফুট মাটি কাটা হয়েছে এবং কত সংখ্যক লোক কাজ করছেন?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) হ্যাঁ, তবে আনুমানিক ১৫,৪১২ টাকা ব্যয়ে। ২০,০০০ টাকা খরচে নয়।

(খ) ৬০০,০৪৫ কিউবিক ফুট মাটি কাটা হয়েছে এবং ৬,৪৫০ শ্রমদিবস সৃষ্টি হয়েছে।

**কলিকাতায় পশুপালন বিভাগে নূতন পদ সৃষ্টি**

***890.** (Admitted question No. *2659.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত কলিকাতায় অবস্থিত পশুপালন বিভাগের বিভিন্ন দপ্তরে কয়টি নূতন পদ সৃষ্টি করা হইয়াছে; এবং

(খ) উক্ত নূতন পদে নিয়োগের সময় সিলেকসন বোর্ড গঠন করা হইয়াছিল কিনা এবং হইলে উক্ত বোর্ডে কে কে ছিলেন?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) মোট ৪৯টি পদ সৃষ্টি করা হইয়াছে।

(খ) উক্ত নূতন পদগুলির মধ্যে ৪টি পদ পার্বলিক সার্ভিস কমিশনের মাধ্যমে, ১টি পদ সাময়িক প্রমোশন দ্বারা, ১টি পদ বিভাগীয় বদলি দ্বারা পূরণ করা হইয়াছে এবং ২টি পদ অপূর্ণ রহিয়াছে। নিয়োগকর্তা পশুপালন অধিকর্তা মহাশয় বাকি ৪১টি পদে সিলেকসন কমিটি গঠন করিয়া প্রার্থী নির্বাচন করিয়াছেন।

উক্ত পদগুলির নাম, কিভাবে পদগুলি পূর্ণ করা হইয়াছে এবং যে যে ক্ষেত্রে সিলেকসন কমিটি মাধ্যমে প্রার্থী নির্বাচিত হইয়াছিল সেই কমিটিতে কাহারা সদস্য ছিলেন তাঁহাদের নামসম্বলিত একটি বিবরণী এই সঙ্গে পৃথকভাবে প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clause kha of starred question No. *890*

| Name of the post. | No. of Post | Method of selection |
|---|---|---|
| 1. Dy. Director of Animal Husbandry-(Key Village) (400—1,350). | 1 | Through P.S.C., West Bengal. |
| 2. Dy. Director of Animal Husbandry (Poultry Marketing) West Bengal. (400—1,350). | 1 | Ditto. |
| 3. Accounts Officer (300—900) .. | 1 | Ditto. |
| 4. Special Officer (Collection processing and sale of Eggs and Poultry Meat) (250—550). | 1 | Not yet filled up. |
| 5. Special Officer (Procurement, Processing, Storage and sale of Poultry feeds) (250—550). | 1 | Ditto. |
| 6. Asstt. Accounts Officer (250—550) | 1 | Filled up on adhoc basis under Govt. order. |
| 7. Senior Accountant (250—400) .. | 1 | By Selection Committee constituted consisting of the following members :—<br>(1) Shri S. Sen, Agronomist,—Chairman.<br>(2) Shri S. K. Pain, Agri, Economist.—Member. |

| Name of the post. | No. of post. | Method of selection. |
|---|---|---|
| | | (3) Shri U Mukherjee, Dy. Milk Commissioner (Accounts)—Member. |
| 8. Accountant (200—300) .. | 2 | By Selection Committee constituted consisting of the following members :—<br>(1) Shri S Sen, Agronomist—Chairman.<br>(2) Shri S Mitra, Supdt of Poultry Farm, Tollygunge—member<br>(3) Shri C. R Kanjilal, Audit and Verification Officer—Member. |
| 9. Senior Store keeper (200—300) | 1 | |
| 10. Purchase Asstt. (200—300) .. | 1 | |
| 11. Senior Cashier (200—300) .. | 1 | By transfer from U D C. |
| 12. Refrigeration Mechanic (140—210) | 1 | By Selection Committee constituted consisting of the following members :—<br>(1) Shri B C Chakraborty, Dy. Director of Animal Husbandry (Poultry Marketing)—Chairman.<br>(2) Shri B C Dutta, Supdt. of Poultry (Hq.)—Member<br>(3) Shri K. C. Chakraborty, Project Officer—Member. |
| 13. Mechanic. (140—210) .. | 1 | |
| 14. Electricians (110—170) .. | 2 | |
| 15. Eggs and Table Birds collector (125—200) | 2 | By Selection Committee constituted consisting of the following members :<br>(1) Shri B C Dutta, Supdt of Poultry (Hq.)—Chairman<br>(2) Shri T B Mukherjee, Poultry Dev. Officer-I—Member.<br>(3) Shri S M Sen, Fodder Dev. Officer—Member |
| 16. Sales Asstt. (125—200) .. | 2 | |
| 17. Store keeper (125—200) .. | 1 | |
| 18. Cash Collector (125—200) .. | 2 | |
| 19. L. D. Clerk (125—200) .. | 2 | |
| 20. Clerk-Typist (125—200) .. | 2 | |
| 21. Junior Cashier (125—200) .. | 1 | |
| 22. Accounts Clerk (125—200) .. | 4 | |
| 23. Typist (125—200) .. .. | 2 | |
| 24. Peon (60—75) .. .. | 4 | |
| 25. Watchman (60—75) .. | 4 | |
| 26. Egg Grader (100—140) .. | 2 | By Selection by Shri B. C. Dutta, Supdt. of Poultry (Hq.) |
| 27. Meat Dresser (80—105) .. | 2 | |
| 28. Meat Packer (80—105) .. | 2 | |
| 29. Stenographer (for Dy. Director of Animal Husbandry—Key Village) (175—325). | 1 | Through P. S. C., West Bengal. |

### মালদহ জেলায় টি আর এবং জি আর বাবত খরচ

***891.** (Admitted question No. *2695.)

**শ্রীমহম্মদ আলিঃ** ত্রাণ ও সমাজ-কল্যাল (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ ১৯৬৯ হইতে অদ্যাবধি মালদহ জেলায় মোট কত টাকা টি আর বাবত খরচ করা হইয়াছে;

(খ) উক্ত সময়ে ঐ জেলার রতুয়া থানায় ১নং ব্লকে মোট কত টাকা টি আর বাবত খরচ করা হইয়াছে ও মোট কতগুলি স্কীম সম্পন্ন হইয়াছে;

(গ) উক্ত সময়ে ঐ জেলার রতুয়া থানায় ১নং ব্লকে মোট কত টাকা জি আর বাবত খরচ হইতেছে; ১

(ঘ) রতুয়া থানায় ১নং ব্লকে মোট কতজন লোককে নিয়মিত জি আর দেওয়া হইতেছে; এবং

(ঙ) যাহারা জি আর পাইতেছেন না অথচ পাইবার যোগ্য তাহাদের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) ৩,২০,১৩৫ টাকা।

(খ) ৩৩,২৫৭ টাকা; ১৩টি স্কীম।

(গ) ১৮,৩৬০ টাকা।

(ঘ) ৭৫০ জন।

(ঙ) যাহারা জি আর পাইবার যোগ্য তাহাদের জি আর দেওয়া হইতেছে।

### Copyists-Typists

***892.** (Admitted question No. *2746.) **Shri NIKHIL DAS:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) Whether the Copyists-Typists of the different Civil, Criminal and Police Courts are Government employees:

(b) if the answer to (a) is in the affirmative, whether they are given all the facilities of regular Government employees: and

(c) if not, the reasons thereof?

**The Minister for Finance:** (a) Yes. They are employed on piece-rate basis.

(b) All facilities admissible to the piece-rate employees are extended to them.

(c) Does not arise.

### ডিস্ট্রিক্ট ও স্পনসর্ড লাইব্রেরী

***893.** (Admitted question No. *2760.)

**শ্রীবিমলকান্তি বসু:** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে কত প্রকার ডিস্ট্রিক্ট লাইব্রেরী চালু আছে;

(খ) গত বছর রাজ্যের স্পনসর্ড লাইব্রেরী বাবত সর্বসাকুল্যে খরচের পরিমাণ কত; এবং

(গ) রাজ্যের স্পনসর্ড লাইব্রেরীগুলিতে নিযুক্ত কর্মচারীর সংখ্যা কত?

**The Minister for Education (Social Education):**

(ক) রাজ্যে একই ধরনের জেলা গ্রন্থাগার (ডিস্ট্রিক্ট লাইব্রেরী) আছে।

(খ) গত আর্থিক বছরে রাজ্যের স্পনসর্ড লাইব্রেরী বাবত সর্বসাকুল্যে খরচের পরিমাণ প্রায় ২৫·৩৬ লক্ষ টাকা।

(গ) ১,৩৪২ জন।

### Drought in Purulia district

***894.** (Admitted question No. *2918.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) if it is a fact that drought is prevailing throughout the district of Purulia; and

(b) if so, what action the Government propose to take or has taken to meet the situation?

**The Minister for Relief and Social Welfare:** (a) No.

(b) Does not arise.

### লোনা জলে দীঘার সমুদ্রোপকূলবর্তী অঞ্চলের ক্ষয়ক্ষতি

***895.** (Admitted question No. *2925.)

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৩০শে জুলাই বঙ্গোপসাগরে প্রবল জলোচ্ছ্বাসের ফলে মেদিনীপুর জেলার অন্তর্গত দীঘার সমুদ্রোপকূলবর্তী মান্দারমনা, সিলামপুর এবং সোনামুই মৌজা লোনা জলে ডুবিয়া যাওয়ায় স্থানীয় অধিবাসিগণ ক্ষতিগ্রস্ত হইয়াছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা ইতিমধ্যে গ্রহণ করিয়াছেন এবং কি কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) হ্যাঁ।

(খ) ক্ষতিগ্রস্ত কিছু পরিবারবর্গকে নিরাপদ এলাকায় স্থানান্তরিত করা হয়েছে এবং ১৮০টি পরিবারকে সঙ্গে সঙ্গে নগদে এবং খাদ্যশস্যে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে।

সংরক্ষিত ভেড়ি বাঁধ মেরামত এবং বাসগৃহ পুনর্নির্মাণের জন্য অনুদান দেবার কথা বিবেচনা করা হচ্ছে।

## Floods in Midnapore district

***896.** (Admitted question No. *2965.) **Shri GANGAPADA KUAR:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) Whether the Government is aware that the recent floods of the rivers Parang, Kubai, Tamal, Silabati and Cossye have submerged a vast tract of land under water in Daspur, Keshpur and Ghatal police-stations in the district of Midnapore causing serious damage of crops and houses; and

(b) if so, what relief measures have been taken by the Government to alleviate the distress of the people of the area?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) Yes. 23,000 acres of paddy and jute lands were affected and 86 houses were damaged.

(b) 27,000 persons are being given G.R. at the rate of 4 kg. each per fortnight. 1,350 pices of clothings and garments and 450 pices of cotton blankets are being distributed to the affected persons.

## রামপুরহাট থানায় কৃষিঋণ বিলি

***897.** (Admitted question No. *2106.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি চলতি চাষের মরসুমে বীরভূম জেলার রামপুরহাট থানার অধীন ১নং এবং ২নং উন্নয়ন ব্লকে কৃষিঋণ বিলির কাজ কবে সুরু করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

জেলা শাসকের নিকট হইতে এই ঋণ বাবত চাহিদা ত্রাণবিভাগে অতি বিলম্বে পৌছিয়াছে। এ ব্যাপারে সমস্ত তথ্য সংগ্রহ করার পর সম্প্রতি জেলার প্রয়োজনে আড়াই লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে। অবশ্য অন্যান্য জেলার তুলনায় বীরভূম জেলায় দুর্দশা অপেক্ষাকৃত অনেক কম। ইহা ছাড়া কৃষি বিষয়ে অন্যান্য ঋণ যা দেওয়া হয়েছে, তার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

## প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র

***898.** (Admitted question No. *2372.)

**শ্রীগোবর্ধন পাকড়েঃ** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেঙ্গল ভেটিরিনারি কলেজ হইতে প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র মেদিনীপুরে স্থানান্তরিত করার কারণ কি;

(খ) মেদিনীপুর প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র কবে স্থাপিত হয়েছে;

(গ) বর্তমানে ট্রেনিং প্রাপ্ত ভি, এফ, এ (এস, ভি, এস, ক্লাস থ্রি কেডার)-দের সংখ্যা কত; এবং

(ঘ) বর্তমানে প্রতি পর্যায়ে কত জন ভি, এফ, এ, ট্রেণিং পাইয়া থাকেন?

**The Minister for Veterinary and Animal Husbandry:**

(ক) বেঙ্গল ভেটেরিনারি কলেজে কোনও প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র পাকাপাকি ভাবে স্থাপিত হয় নাই। ঐ কলেজে সাময়িকভাবে ৪ বৎসরের জন্য ভি এফ এ দেয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হইয়াছিল। সুতরাং বেঙ্গল ভেটোরিনারি কলেজ হইতে প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র মেদিনীপুরে স্থানান্তরের কোনও প্রশ্ন উঠে না।

(খ) ১৯৬৬ সালের অগাস্ট মাসে।

(গ) ৩৮৬।

(ঘ) গড়পড়তা প্রতি ছয় মাসে ৪৫ জন ভি এফ এ মেদিনীপুর, ট্রেনিং ইনস্টিটিউটে ট্রেনিং পাইয়া থাকেন।

### বহরমপুর রবীন্দ্র ভবন

***899.** (Admitted question No. *2386.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা (সমাজ-শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার বহরমপুর আরব্ধ রবীন্দ্র ভবনের কার্য অসমাপ্ত রহিয়াছে কেন?

**The Minister for Education (Social Education):**

মুর্শিদাবাদ জেলার বহরমপুর রবীন্দ্র ভবন নির্মাণ প্রকল্পটি রাজ্য সরকার আনুমানিক ৩,২৫,৩৬০ টাকা ব্যয়ে অনুমোদন করিয়াছেন। ঐ ব্যয়ের অর্ধেক রাজ্য সরকার ও বাকি অর্ধেক মুর্শিদাবাদ রবীন্দ্র মেমোরিয়াল এসোসিয়েশন বহন করিবে, এইরূপ স্থির আছে। রাজ্য সরকারের অনুদান হিসাবে ইতিমধ্যেই ৭৫,০০০ টাকা দেওয়া হইয়া গিয়াছে। ভবনটির নির্মাণ-কার্যের সন্তোষজনক অগ্রগতি হইতেছে।

### নিরক্ষর বয়স্ক লোকেদের শিক্ষার ব্যবস্থা

***900.** (Admitted question No. *2427.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা (সমাজ-শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নিরক্ষর বয়স্ক লোকেদের শিক্ষার জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education (Social Education):**

নিরক্ষর বয়স্ক লোকেদের শিক্ষার জন্য বর্তমান সরকার বয়স্ক শিক্ষা পরিকল্পনা (অ্যাডাল্ট এডুকেশন স্কীম) কে অগ্রাধিকার দিয়েছেন। বর্তমানে বিভিন্ন ধরনের মোট ৬,৪৯৩টি বয়স্ক শিক্ষাকেন্দ্র থেকে বয়স্কদের স্বাক্ষর করে তোলা হচ্ছে।

জেলাভিত্তিক বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলির একটি পরিসংখ্যান সংযুক্তি 'ক'-তে দেওয়া হলো।

**সংযুক্তি 'ক'**

| Serial No. | Name of the District | Adult Education Centres: No. of Literacy Centres | Adult Education Centres: No. of complete centres | No. of Night Schools | No. of One-Teacher-Pathsalas | No. of Adult High Schools | No. of School-cum-Community Centres | No. of Social Education Centres under Community Development Programme | Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3(a) | 3(b) | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 1. | Bankura .. .. .. | 50 | 38 | 60 | 50 | 1 | 5 | 264 | 468 |
| 2. | Birbhum .. .. .. | 23 | 36 | 50 | 50 | 3 | 5 | 228 | 395 |
| 3. | Burdwan .. .. .. | 34 | 42 | 61 | 60 | 1 | 4 | 396 | 598 |
| 4. | Calcutta .. .. .. | 9 | 22 | 30 | Nil | 6 | Nil | Nil | 67 |
| 5. | Cooch Behar .. .. | 62 | 54 | 69 | 44 | 1 | 1 | 132 | 353 |
| 6. | Darjeeling .. .. .. | 24 | Nil | 27 | 37 | 2 | Nil | 120 | 210 |
| 7. | Hooghly .. .. .. | 30 | 27 | 103 | 32 | 1 | 3 | 204 | 400 |
| 8. | Howrah .. .. .. | 29 | 54 | 60 | 25 | 2 | 1 | 169 | 339 |
| 9. | Jalpaiguri .. .. .. | 24 | 21 | 35 | 50 | 1 | Nil | 156 | 287 |
| 10. | Malda .. .. .. | 3 | 22 | 30 | 50 | 1 | 2 | 180 | 293 |
| 11. | Midnapore .. .. .. | 49 | 76 | 70 | 60 | 2 | 3 | 624 | 884 |
| 12. | Murshidabad .. .. | 29 | 40 | 60 | 42 | 2 | 2 | 312 | 487 |
| 13. | Nadia .. .. .. | 27 | 22 | 18 | 37 | 2 | 2 | 192 | 300 |
| 14. | Purulia .. .. .. | 1 | 2 | 1 | 45 | 1 | Nil | 240 | 290 |
| 15. | 24-Parganas .. .. | 26 | 40 | 60 | 60 | 4 | 9 | 612 | 811 |
| 16. | West Dinajpur .. .. | 10 | 37 | 30 | 40 | 2 | Nil | 192 | 311 |
| | Total .. | 425 | 533 | 764 | 682 | 32 | 37 | 4,020 | 6,493 |

**উচ্চ শিক্ষার জন্য পশুপালন বিভাগের কর্মীদের বিদেশ যাত্রা**

***902.** (Admitted question No. *2660.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সাল হইতে ১৯৬৯ সালের এপ্রিল পর্যন্ত পশুপালন বিভাগের কয়জন ব্যক্তিকে উচ্চতর শিক্ষার জন্য বিদেশে ট্রেণিং-এ পাঠান হইয়াছিল; এবং

(খ) এই ট্রেণিং বাবত উক্ত সময় মধ্যে সরকারের কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Veterinary and Animal Husbandry:**

(ক) ১৯৬৬ সাল হইতে ১৯৬৯ সালের এপ্রিল পর্যন্ত পশুপালন বিভাগের মোট তিনজন ব্যক্তিকে উচ্চতর ট্রেনিংয়ে পাঠান হইয়াছিল।

(খ) শুধুমাত্র ভিসা, স্বাস্থ্য পরীক্ষা (মেডিক্যাল একজামিনেশন) এবং কলিকাতা হইতে দিল্লী যাতায়াতের আনুষঙ্গিক ব্যয় সরকার বহন করেন। এইসব খাতে মাথাপিছু আনুমানিক ৩০০ টাকা রাজ্য সরকার খরচ করিয়াছেন। ইহা ছাড়া শিক্ষাকালীন সময়ের বেতনও সরকার বহন করিয়াছেন।

**কোচবিহার স্টেট লাইব্রেরীর সহিত কোচবিহার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর একত্রীকরণ**

***903.** (Admitted question No. *2762.)

**শ্রীবিমলকান্তি বসু:** শিক্ষা (সমাজ-শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন তারিখে "কোচবিহার স্টেট লাইব্রেরী" ও "কোচবিহার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর" একত্রীকরণ করা হয়;

(খ) একত্রীকরণের পূর্বে কোচবিহার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর পরিচালনভার কাহার বা কাহাদের উপর ন্যস্ত ছিল;

(গ) নর্থবেঙ্গল স্টেট লাইব্রেরীর পরিচালন ভার কাহার বা কাহাদের উপর অর্পিত হইয়াছে;

(ঘ) "কোচবিহার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর" কর্মচারীগণ "নর্থবেঙ্গল স্টেট লাইব্রেরীর" কর্মচারী হিসাবে গণ্য হয় কি;

(ঙ) একত্রীকরণের পূর্বে কোচবিহার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর পুস্তকাদির হিসাবনিকাশ (স্টক ভেরিফিকেশন) করা হয় কিনা; এবং

(চ) নর্থবেঙ্গল স্টেট লাইব্রেরীর বর্তমান স্ট্যাটাস্ স্টেট সেন্ট্রাল লাইব্রেরীর অথবা ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর?

**The Minister for Education (Social Education):**

(ক) ১৯৬৯ সালের ১লা এপ্রিল।

(খ) একত্রীকরণের পূর্বে কোচবিহার ডিস্ট্রিক্ট লাইব্রেরীর ভার কোচবিহার ডিস্ট্রিক্ট লাইব্রেরী এসোসিয়েশনের উপর ন্যস্ত ছিল। কোচবিহারের ডেপুটি কমিশনার ও জেলা সমাজ শিক্ষা আধিকারিক যথাক্রমে উক্ত এসোসিয়েশনের সভাপতি ও সম্পাদক ছিলেন।

(গ) নর্থ বেঙ্গল স্টেট লাইব্রেরীর পরিচালনভার সরকার গ্রহণ করিয়াছেন। লাইব্রেরীটি পরিচালনার জন্য একটি উপদেষ্টা কমিটি গঠন করা হইতেছে।

(ঘ) হ্যাঁ হয়।

(ঙ) একত্রীকরণের পূর্বে কোচবিহার ডিস্ট্রিক্ট লাইব্রেরী ও কোচবিহার স্টেট লাইব্রেরীর পুস্তকাদির হিসাবনিকাশ করা হয়।

(চ) নর্থ বেঙ্গল স্টেট লাইব্রেরীর স্ট্যাটাস এখনও নির্ধারিত হয় নাই। স্ট্যাটাস নির্ধারণ না হওয়া পর্যন্ত উক্ত লাইব্রেরীটি ডিস্ট্রিক্ট লাইব্রেরী হিসাবে গণ্য হইবে।

**Committee on Plan Resources**

***905.** (Admitted question No. *2840.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether any Committee on Plan Resources was constitued in 1968;

(b) if so, who are the members of the said Committee; and

(c) whether this Committee is still functioning?

**The Minister for Finance:** (a) Yes.

(b) A statement is laid on the library table.

(c) As to Cabinet Sub-Committees on Resources and Economy in expenditure have been set up recently to examine and recommend on the above matters, the Committee on Plan Resources has practically become defunct and its abolition is contemplated.

**নৈশ বিদ্যালয়**

***906.** (Admitted question No. *2389.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদনপ্রাপ্ত নৈশ বিদ্যালয়ের সংখ্যা বর্তমানে কত?

**The Minister for Education:**

পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদনপ্রাপ্ত নৈশ বিদ্যালয়ের সংখ্যা বর্তমানে ৭৬৪টি। এ সম্পর্কে একটি পরিসংখ্যান সংযুক্তি 'ক'-তে দেওয়া হলো।

উক্ত নৈশ বিদ্যালয়গুলি ছাড়া এক-শিক্ষকবিশিষ্ট ৬৮২টি বয়স্ক পাঠশালা আছে। তাহাদের মধ্যে অনেকগুলি সন্ধ্যায় বসে।

Annexure referred to in reply to clause (ka) of starred question No. *906

**সংযুক্তি 'ক'**

| Sl. No. | Name of the District | No. of Night Schools. |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 1. | Bankura | 60 |
| 2. | Birbhum | 50 |
| 3. | Burdwan | 61 |
| 4. | Calcutta | 30 |
| 5. | Cooch Behar | 69 |
| 6 | Darjeeling | 27 |
| 7 | Hooghly | 103 |
| 8. | Howrah | 60 |
| 9. | Jalpaiguri | 35 |
| 10. | Malda | 30 |
| 11. | Midnapore | 70 |
| 12. | Murshidabad | 60 |
| 13. | Nadia | 18 |
| 14. | Purulia | 1 |
| 15. | 24-Parganas | 60 |
| 16 | West Dinajpore | 30 |
| | Total | 764 |

**'নাটক'-এর উপর প্রমোদকর**

***907.** (Admitted question No. *2844.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রমোদ কর হইতে "নাটক"-কে অব্যাহতি দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Finance:**

কলিকাতার পাঁচটি পেশাদারী থিয়েটারকে, যথা—'স্টার', 'বিশ্বরূপা', 'রঙমহল', 'মিনার্ভা' ও 'কাশী বিশ্বনাথ মঞ্চ' ও 'হাওড়ার শীশমহল থিয়েটার'কে নিজস্ব ব্যবস্থাপনায় নাট্যানুষ্ঠানের জন্য প্রমোদকর হইতে বর্তমানে অব্যাহতি দেওয়া হইয়াছে। এ ছাড়া কিছু শর্তসাপেক্ষ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত অপেশাদারী নাট্যসংস্থানগুলিকে নিজেদের সভ্যদের দ্বারা অভিনীত নাট্যানুষ্ঠানের জন্য প্রমোদকর হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে।

## UNSTARRED QUESTINONS

**(to which written answers were laid on the Table)**

### হাওড়া জেলায় বসতিতে প্রাথমিক বিদ্যালয় সংস্থাপনের পরিকল্পনা

**684.** (Admitted question No 2018.)

**শ্রীঅনাদি দাসঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) হাওড়া জেলায় যে ৬০টি বসতির এক মাইলের মধ্যে কোন প্রাথমিক বিদ্যালয় নাই সেই ৬০টির মধ্যে কোন্‌টি কোন্‌ ব্লকে অবস্থিত;

(খ) ১৯৬৫ সালের পর ইহাদের মধ্যে কোন বসতিতে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে কিনা; এবং

(গ) হইয়া থাকিলে, কোন্‌ ব্লকে কত?

**The Minister for Education:**

(ক) হাওড়া জেলায় এক মাইলের মধ্যে প্রাথমিক বিদ্যালয় নাই এরূপ বসতি সংখ্যা ছয়, ৬০ নহে। বসতির নাম ও ব্লকের নাম নীচে দেওয়া হইল--

**বসতির নাম ও সংশ্লিষ্ট ব্লকের নাম**

১। জয়পুরবিল উত্তরপাড়া বালী জগাছা ব্লক।

২। কলিকাতা--আমতা ১নং ব্লক।

৩। চন্দ্রপুর টি আর ক্যাম্প -বাগনান ১নং ব্লক।

৪। ব্যানার্জিপাড়া--উদয়নারায়ণপুর ব্লক।

৫। সামন্তপাড়া--উদয়নারায়ণ ব্লক।

৬। ইলা ধূলাগড়ি সাঁকড়াইল ব্লক।

(খ) হ্যাঁ।

(গ) ১৯৬৫ সালের পর উক্ত ছয়টির মধ্যে নিম্নলিখিত দুইটি বসতিতে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে--

১। বালী-জগাছা ব্লকে ১টি (জয়পুরবিল উত্তরপাড়া)।

২। আমতা ১নং ব্লকে ১টি (কলিকাতা)।

ইহা ব্যতীত বাগনান ১নং ব্লকে এবং সাঁকরাইল ব্লকে ১টি করিয়া চন্দ্রপুর টি, আর, ক্যাম্প হইতে আধ মাইলের মধ্যে তাঁতপাড়া গ্রামে একটি ও ইলা ধূলাগড়ি হইতে এক মাইলের মধ্যে নিমদি কলোরাতে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

### শাখাওয়াত মেমোরিয়াল বিদ্যালয়ের ছাত্রী-সংখ্যা

**685.** (Admitted question No. 2057.)

**শ্রীহারুণ উর রসিদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) কলিকাতার শাখাওয়াত মেমোরিয়াল উচ্চ বালিকা বিদ্যালয়ে বর্তমান বৎসরে (১৯৬৯) ছাত্রী-সংখ্যা কত;

(খ) উক্ত হাইস্কুলে মুসলিম ছাত্রীর সংখ্যা বর্তমান (১৯৬৯) বৎসরে কত; এবং
(গ) স্কুলের পরিচালক সমিতিতে কতজন মুসলিম সদস্য আছেন?

**The Minister for Education:**

(ক) বর্তমান বৎসরে (১৯৬৯) উক্ত বিদ্যালয়ের ছাত্রী-সংখ্যা ৫১০।

(খ) উক্ত হাইস্কুলে মুসলিম ছাত্রীর সংখ্যা বর্তমান (১৯৬৯) বৎসরে ৪১।

(গ) স্কুলের পরিচালক সমিতিতে কোনও মুসলিম সদস্য নাই।

### Appointment of school mothers

**686.** (Admitted question No. 2337.) Shri **SAROJ ROY:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether appointment of school mothers in Urban Junior Basic Primary Schools is approved by Government; and

(b) if the answer to (a) be in the negative, the reason thereof?

**The Minister for Education:** (a) Yes, in lieu of a teacher provided the appointment of such a teacher is found justified on the basis of the prescribed teacher-pupil ratio.

(b) Does not arise.

### মেদিনীপুর জেলার কাঁথি এস ডি ও অফিসে বিভিন্ন স্তরের সরকারী কর্মচারীর সংখ্যা

**687.** (Admitted question No. 1363.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথির এস ডি ও মহাশয়ের অফিসে মোট কতজন অফিসার ও কতজন আপার ডিভিসান কেরানী ও লোয়ার ডিভিসান কেরানী আছেন;

(খ) উপরোক্ত অফিসে কতজন ওভারসিয়ার ও সাব-ওভারসিয়ার আছেন;

(গ) ঐ অফিসের ভলিউম অফ ওয়ার্ক অনুযায়ী সরকারী কর্মচারীদের সংখ্যা বেশী আছে না কম আছে, এবং

(ঘ) যদি কম থাকে, তাহার কারণ কি?

**The Minister of Finance:**

(ক) অফিসার ৬ জন, আপার ডিভিসান কেরাণী ৫ জন, লোয়ার ডিভিসান ৬৬ জন (জে এল আরও ও অফিস বাদে)।

(খ) ওভারসিয়ার নাই। সাব-ওভারসিয়ার ২ জন।

(গ) বেশী নাই।

(ঘ) কম আছে কিনা দেখা হইতেছে।

### সাক্সবী ফার্মারের শেয়ার

**688.** (Admitted question No. 2183.)

**শ্রীনিতাইপদ সরকার:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাক্সবী ফার্মারের শেয়ার কি মূল্যে সরকার ক্রয় করিবেন; এবং

(খ) বাজারে উক্ত কোম্পানীর শেয়ারের মূল্য কত?

**The Minister for Commerce and Industries:**

(ক) রাজ্যসরকার ওয়েষ্টিং হাউস্ সাক্সবী ফার্মারের শতকরা ৫১ ভাগ শেয়ার এক টাকা মূল্যে ক্রয় করিয়াছেন।

(খ) উক্ত কোম্পানীর কোন শেয়ার বাজারে নাই। ইতিপূর্বে সমস্ত শেয়ারই ওয়েষ্টিং হাউস্ ব্রেক এন্ড সিগন্যাল, লণ্ডনের অধিকারে ছিল। এখনও শতকরা ৪৯ ভাগ শেয়ার ঐ কোম্পানীর অধিকারেই আছে।

### মুর্শিদাবাদ জেলায় ফিসারমেন কো-অপারেটিভের সংখ্যা

**689.** (Admitted question No. 1397.)

**শ্রীআজিজুর রহমান:** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কয়টি ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি আছে?

**The Minister for Fisheries:**

মুর্শিদাবাদ জেলায় বর্তমানে মোট ৭৯টি নিবন্ধভুক্ত (রেজিষ্টার্ড) ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি আছে।

### Ford Foundation Aid

**690.** (Admitted question No. 1588.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether Ford Foundation Aid has been accepted by the Government; and

(b) what are the conditions, if any, laid down by the Ford Foundation?

**The Minister for Development and Planning:** (a) The proposal is under consideration of Government.

(b) Does not arise.

### রামপুরহাট থানায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা

**691.** (Admitted question No. 2443.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯-৭০ সালে রামপুরহাট থানা এলাকায় কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইবে?

**The Minister for Commerce and Industries:**

রামপুরহাট থানা এলাকার কোন গ্রামে ১৯৬৯-৭০ সালে বিদ্যুৎ সরবরাহ করার জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ্-এর কোন অনুমোদিত প্রকল্প বর্তমানে নাই।

### Health Centre at Beraberia

**692.** (Admitted question No. 2312.) **Shri SARAL DEB:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state whether the Government considers the desirability of establishing a Primary Health Centre at Beraberia Anchal, under Amdanga police-tation, district 24-Parganas?

**The Minister for Health:** There is a proposal for establishment of a Subsidiary Health Centre at Beraberia.

**নন্দনপুর অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য টাকা এবং জমি দান**

**693.** (Admitted question No. 2047.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর থানার ৪নং নন্দনপুর অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সরকার কত টাকা এবং জমি পাইয়াছেন;

(খ) কোন্ কোন্ ব্যক্তি উক্ত টাকা এবং জমি দিয়াছেন এবং কতদিন হইল দিয়াছেন;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্র কতদিনে হইতে পারে; এবং

(ঘ) পশ্চিম বাংলায় কোন্ জেলায় কতগুলি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য টাকা এবং জমি সরকার গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) নন্দনপুর অঞ্চলের অন্তর্গত সেকেন্দারী উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ৭,০০০ টাকা এবং ২·৭১ একর জমি দানস্বরূপ পাওয়া গিয়াছে।

(খ) ১৯৫৫ সালের নভেম্বর এবং ১৯৬৫ সালের নভেম্বর এই সময়ের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট হইতে উক্ত টাকা এবং জমি পাওয়া গিয়াছে:—

শ্রীকে এম ঘোষ
(শ্রীমতী কাননবালা ঘোষের পক্ষে)।
শ্রীকে এম ঘোষ।
শ্রীযুগোলকিশোর ঘোষ।
শ্রীকিশোরকৃষ্ণ ঘোষ।
শ্রীজীবনকৃষ্ণ ঘোষ।
শ্রীনন্দকিশোর চক্রবর্তী।
শ্রীমতী রাইমনি ঘানা।
শ্রীকৃষ্ণকিশোর চক্রবর্তী।
শ্রীকমলাকান্ত মুখার্জি।
শ্রীহরিশচন্দ্র হাজরা।
শ্রীগুরুমোহন হাজরা।
শ্রীশ্যামাপদ ঘোষ।
শ্রীশম্ভুনাথ ঘোষ।
শ্রীমতী ভামিনীবালা ঘোষ'
শ্রীসুবলচন্দ্র ঘোষ।
শ্রীগজেন্দ্রনাথ ঘোষ।
শ্রীক্ষীরোদচন্দ্র ঘোষ।
শ্রীকালীপদ ঘোষ।
শ্রীমদনমোহন ঘোষ।
শ্রীকিশোরীমোহন ঘোষ।

(গ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের নূতন পরিকল্পনা অনুসারে দাসপুর ১নং ব্লকের জন্য নির্ধারিত সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র ইতিমধ্যেই ঐ ব্লকে স্থাপিত হইয়াছে। অতিরিক্ত আর একটি স্বাস্থ্যকেন্দ্র ঐ ব্লকের সেকেন্দারীতে স্থাপিত হইবে কিনা ইহা বিবেচনাধীন আছে।

| (ঘ) জেলা। | সংখ্যা। |
|---|---|
| ২৪-পরগনা | ১৫ |
| নদীয়া | ১ |
| মুর্শিদাবাদ | ১০ |
| হাওড়া | ৭ |
| হুগলী | ৪ |
| বর্ধমান | ৩ |
| বাঁকুড়া | ৫ |
| মেদিনীপুর | ৯ |
| বীরভূম | ১১ |
| মালদহ | ৫ |
| পশ্চিম দিনাজপুর | ৩ |
| কুচবিহার | ২ |
| জলপাইগুড়ি | ২ |

**খেলাধুলার জন্য বহরমপুর মহাকালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়কে জমি দিবার প্রস্তাব**

**694.** (Admitted question No. 1738.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর মহাকালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের খেলাধুলার (ড্রিল) জন্য যে সরকারী জমি দিবার নির্দেশ ছিল তাহা দেওয়া হইয়াছে কিনা?

**The Minister for Education:**

বহরমপুর মহাকালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়কে জমি দিবার কোন প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

**বহরমপুর মহাকালী উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ খোলার প্রস্তাব**

**695.** (Admitted question No. 1739.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর মহাকালী উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে বিজ্ঞান বিভাগ (সায়েন্স স্ট্রীম) খুলিবার নির্দেশ দেওয়া হইয়াছে কিনা?

**The Minister for Education:**

নির্দেশ দেওয়া হয় নাই।

### সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনার জন্য কমিটি গঠন

**696.** (Admitted question No. 907.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনার জন্য কোন কমিটি গঠন করার ব্যবস্থা আছে কিনা?

**The Minister for Education:**

হ্যাঁ।

### খড়্গপুর মিউনিসিপ্যালিটীর নির্বাচন

**697.** (Admitted question No. 1197.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়্গপুর মিউনিসিপ্যালিটীর নির্বাচন কি নাগাদ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়; এবং

(খ) উক্ত নির্বাচনের জন্য ওয়ার্ড ভাগ ও ভোটার তালিকা প্রস্তুতের কাজ আরম্ভ হইয়াছে কিনা?

**The Minister for Local Self-Government:**

(ক) ১৯৭০ সালের ১৫ই মার্চের মধ্যে।

(খ) ওয়ার্ড ভাগের কাজ আগামী ১৫ই আগস্টের মধ্যেই শেষ করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। জেলা শাসক নূতন করিয়া ওয়ার্ড ভাগের কাজ আরম্ভ করিয়াছেন। ভোটার তালিকা প্রস্তুতের কাজ এখনও আরম্ভ হয় নাই।

### চিকিৎসা ক্ষেত্রে লাইসেন্সিয়েট ও কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করার প্রস্তাব

**698.** (Admitted question No. 1512.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চিকিৎসাক্ষেত্রে সরকার লাইসেন্সিয়েট কোর্স ও কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার এপর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Health:**

(ক) বর্তমানে রাজ্যসরকার চিকিৎসা (মেডিক্যাল) বিষয়ে একটি পূর্ণাঙ্গ লাইসেন্সিয়েট কোর্স, যাহা এই রাজ্যে ১৯৪৮ সালের পূর্ব পর্যন্ত প্রচলিত ছিল, তাহা পুনরায় প্রবর্তনের কথা চিন্তা করিতেছেন, কিন্তু কনডেন্সড এম বি বি এস কোর্সের কথা নাই।

(খ) উপরোক্ত লাইসেন্সিয়েট কোর্স প্রবর্তন করিবার জন্য প্রয়োজনীয় অনুমোদনের অনুরোধ ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল সমর্থন করেন নাই। সরকার পূর্ণাঙ্গ লাইসেন্সিয়েট কোর্স পড়াইবার জন্য একটি প্রকল্প প্রণয়ন করিবার কাজে হাত দিয়াছেন এবং প্রকল্প প্রণীত হইলে পর উক্ত কাউন্সিলকে পুনর্বার অনুরোধ করিবার কথা চিন্তা করিতেছেন।

**সামগ্রিক উন্নয়নের জন্য জেলাভিত্তিক উন্নয়ন কমিটি**

**699.** (Admitted question No. 1587.)

**শ্রীসনৎকুমার রাহা:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সামগ্রিক উন্নয়নের জন্য জেলাভিত্তিক উন্নয়ন কমিটি কি নাগাদ গঠিত হইবে?

**The Minister for Development and Planning:**

বর্তমানে এইরূপ কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

**ডেবরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

**700.** (Admitted question No. 1280.)

**শ্রীবিজয়কৃষ্ণ সামন্ত:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলায় ডেবরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আধুনিক যন্ত্রপাতি, বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি ব্যবস্থা না থাকায় রোগীদের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রের শয্যা বৃদ্ধি, আধুনিক যন্ত্রপাতি সরবরাহ ও বিদ্যুতালোকিত করার বিষয় কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Health:**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উপযোগী আধুনিক যন্ত্রপাতি ডেবরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আছে। কিন্তু বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা এখনও করা হয় নাই।

(খ) বর্তমানে এই স্বাস্থ্যকেন্দ্রের শয্যা বৃদ্ধির কোন প্রস্তাব নাই। স্বাস্থ্যকেন্দ্রটিতে বিদ্যুৎ সরবরাহের প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

**মুর্শিদাবাদ জেলায় আত্মহত্যার সংখ্যা**

**701.** (Admitted question No. 1989.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে ৩০এ জুন পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কতজন আত্মহত্যা করিয়াছে; এবং

(খ) আত্মহত্যার কারণ কি?

**The Minister for Home (Police):**

(ক) ৪৭ জন।

(খ) সাধারণত দুরারোগ্য ব্যাধি, পারিবারিক অশান্তি এবং প্রণয় ঘটিত ব্যাপারই এই আত্মহত্যার প্রধান কারণ বলিয়া জানা গিয়াছে।

### ঝাড়গ্রাম মহকুমায় পুলিশ অফিসার ও কনস্টেবলদের থাকিবার সরকারী বাসা

**702.** (Admitted question No. 1240.)

**শ্রীজগৎপতি হাঁসদাঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমায় কোন্ কোন্ থানার এস আই এবং এ এস আই অফ পুলিশ এবং কনস্টেবলদের থাকিবার কোয়ার্টার বা সরকারী বাসা আছে;

(খ) উক্ত মহকুমার নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় পুলিশ অফিসার ও কনস্টেবলদের থাকার কোয়ার্টার আছে কিনা; এবং

(গ) কোয়ার্টার না থাকিলে, কবে নাগাদ কোয়ার্টার দেওয়ার ব্যবস্থা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Home (Police):**

(ক) থানার নাম- ঝাড়গ্রাম, গোপীবল্লভপুর, সাঁকরাইল, নয়াগ্রাম, বীনপুর এবং জামবানী।

(খ) নয়াগ্রাম থানায় এস আই এবং এ এস আইদের জন্য ফ্যামিলি কোয়ার্টার ও কনস্টেবলদের জন্য ব্যারাক আছে এবং গোপীবল্লভপুর থানায় কেবল ভারপ্রাপ্ত অফিসারের জন্য ফ্যামিলি কোয়ার্টার ও কনস্টেবলদের জন্য ব্যারাক আছে।

(গ) যত শীঘ্র সম্ভব কোয়ার্টার তৈরী করা হইবে, তবে ইহা সরকারের আর্থিক সংগতির উপর নির্ভরশীল।

### মালদহ জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

**703.** (Admitted question No. 2167.)

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত; এবং

(খ) কোন্ কোন্ ব্লকে প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে ও তাহাদের স্থান ও নাম কি?

**The Minister for Health:**

(ক)

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১১।

উপ-স্বাস্থ্যকেন্দ্র (সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র)—২৩।

(খ)

(১) মানিকচক ব্লক—

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—মানিকচক।

উপ-প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—মথুরাপুর ও নূরপুর।

(২) গাজোল ব্লক—

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—হাতিমারী।

উপ-প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—সাহাজাতপুর, পান্ডুয়া, বাবুপুর ও গাজোল।

(৩) হবিবপুর ব্লক—

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—বুলবুলচন্ডী।

উপ-প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—বৈদ্যপুর (বাহাদুরপুরে অবস্থিত), ঋষিপুর।

**(৪) বামনগোলা ব্লক—**

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—বামনগোলা (মহেশপুরে অবস্থিত)।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—উত্তর নোয়াপাড়া (গোবিন্দপুরে অবস্থিত), কাশিমপুর।

**(৫)** ইংলিশ বাজার ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—মিলকী (অস্থায়ী)।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—চন্ডীপুর।

**(৬)** কালিয়াচক ১নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—ছোটসুজাপুর ও নাজিরপুর (অস্থায়ী)।

**(৭) কালিয়াচক** ২নং ব্লক—

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র- সাদিপুর (বাঙ্গিলোলা) ও হামিদপুর।

(৮) কালিয়াচক ৩নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—গোপালগঞ্জ (অস্থায়ী)।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—কুম্ভীরা।

**(৯)** রতুয়া ১নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—রতুয়া।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—দেবীপুর ও সামসী।

**(১০)** রতুয়া ২নং ব্লক—

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—আড়াইডাঙ্গা।

**(১১)** হরিশ্চন্দ্রপুর ১নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—হরিশ্চন্দ্রপুর।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—খুশীদা ও ভীঙ্গোল (ডিসপেনসারী)।

**(১২)** হরিশ্চন্দ্রপুর ২নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—দৌলতপুর (অস্থায়ী)।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—ভালুকা (ডিসপেনসারী)।

**(১৩)** খরবা ১নং ব্লক—

**প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—খরবা (অস্থায়ী)।

**উপ-প্রাথমিক** স্বাস্থ্যকেন্দ্র—ক্ষেমপুর, চাঁচল (অস্থায়ী) ও চন্দ্রপাড়া।

**মেদিনীপুর জেলার কেশপুর ও দাশপুর ১নং ব্লকে টিউবওয়েলের সংখ্যা**

**704.** (Admitted question No. 2218.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডুঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক)** মেদিনীপুর জেলার কেশপুর ও দাশপুর ১নং ব্লকে জনস্বাস্থ্য বিভাগীয় টিউবওয়েলের মোট সংখ্যা কত;

**(খ)** তন্মধ্যে বর্তমানে কোন্ ব্লকে কতগুলি টিউবওয়েল চালু অবস্থায় আছে এবং কতগুলি অকেজো হইয়া গিয়াছে; এবং

(গ) উল্লিখিত ব্লক দুইটির কোন্ ব্লকে কতগুলি গ্রামে এখনও কোন টিউবওয়েল নাই?

**The Minister for Health:**

(ক) ও (খ) কেশপুর ব্লকে চালু, অকেজো ও মোট নলকূপের সংখ্যা নিম্নরূপঃ

| | |
|---|---|
| চালু নলকূপের সংখ্যা ... ... ... | ৪১৭ |
| অকেজো নলকূপের সংখ্যা ... ... ... | ১১৬ |
| মোট নলকূপের সংখ্যা ... ... ... | ৫৩৩ |

দাশপুর থানার ব্লকভিত্তিক পরিসংখ্যান নাই। তবে সমগ্র দাশপুর থানায় চালু, অকেজো ও মোট নলকূপের সংখ্যা নিম্নরূপঃ

| | |
|---|---|
| চালু নলকূপের সংখ্যা ... ... ... | ৮২০ |
| অকেজো নলকূপের সংখ্যা ... ... ... | ১১৭ |
| মোট নলকূপের সংখ্যা ... ... ... | ৯৩৭ |

(গ) কেশপুর ব্লকে ২০৩টি গ্রামে ও সমগ্র দাশপুর থানায় ৪৮টি গ্রামে নলকূপ নাই।

**মুর্শিদাবাদ জেলায় সমশেরগঞ্জ ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

**705.** (Admitted question No. 1934.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার প্রস্তাবিত সমশেরগঞ্জ প্রাইমারী হেলথ সেন্টারের জন্য যে সাড়ে আট বিঘা জমি সরকারকে দান করা হইয়াছিল তাহার বর্তমান অবস্থা কি?

**The Minister for Health:**

সমশেরগঞ্জ ব্লকের অন্তর্গত ধুলিয়ানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য যে আট বিঘা জমি সরকারকে দান করা হইয়াছিল তাহা গঙ্গানদীর স্রোতে ক্ষয়প্রাপ্তির দরুন হেলথ সেন্টার স্থাপনের পক্ষে অনুপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে।

**২৪-পরগনা জেলায় আমডাঙ্গা থানার অন্তর্গত বেড়াবেড়ি অঞ্চলে উপস্বাস্থ্যকেন্দ্র**

**706.** (Admitted question No. 1974.)

**শ্রীসরল দেবঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনার আমডাঙ্গা থানার বেড়াবেড়ি অঞ্চলে সরকার প্রাথমিক হাসপাতালের জন্য জমি সংগ্রহ করিয়াছেন; এবং

(খ) যদি সত্য হয়, সরকার এই "হাসপাতালের" কাজ কবে নাগাদ সুরু করিবেন?

**The Minister for Health:**

(ক) বেড়াবেড়িয়ায় একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি সংগৃহীত হইয়াছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে।

**ফ্রেজারগঞ্জে ট্যুরিস্টদের আকর্ষণের ব্যবস্থা**

**707.** (Admitted question No. 1802.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফ্রেজারগঞ্জের উন্নতির জন্য এবং ভ্রমণকারীদের উক্ত স্থানে আকর্ষণ করবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(খ) সরকার ঐ বাবদ কত টাকা ব্যয় করিয়াছেন; এবং

(গ) বর্তমান বৎসর ঐ বাবদ কত টাকা খরচ হইবে বলিয়া স্থির হইয়াছে?

**The Minister of State for Home (Tourism):**

(ক) এই পর্যন্ত কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**বহরমপুর মহকুমায় অনুমোদনের নিমিত্ত বিবেচনাধীন প্রাথমিক বিদ্যালয়**

**708.** (Admitted question No. 1867.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর মহকুমায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) এই অনুমোদন কবে দেওয়া হইবে?

**The Minister for Education:**

(ক) বহরমপুর মহকুমায় গ্রামাঞ্চলে ৩৯টি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের বিষয় এখন সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ১লা জানুয়ারী, ১৯৭০ হইতে অনুমোদন দেওয়া হইবে বলিয়া আশা করা যায়।

**মালদা জেলায় প্রাইমারী জুনিয়ার হাই, হাই ও হায়ার সেকেন্ডারী স্কুল**

**709.** (Admitted question No. 1572.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদা জেলায় কোন্ কোন্ থানায় কতগুলি প্রাইমারী স্কুল, জুনিয়ার হাই স্কুল, হাই স্কুল ও হায়ার সেকেন্ডারী স্কুল আছে;

(খ) উক্ত কোন্ কোন্ থানা হইতে কতগুলি স্কুলের সরকারী অনুমোদনের জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে; এবং

(গ) বর্তমান বৎসরে উক্ত কোন্ কোন্ থানায় কোন্ কোন্ প্রকারের স্কুলকে সরকার অনুমোদন দিবেন বলিয়া স্থির করিয়াছেন?

**The Minister for Education:**

(ক)

| থানার নাম | প্রাইমারী | স্কুলের সংখ্যা জুনিয়ার হাই | হাই | হায়ার সেকেণ্ডারী |
|---|---|---|---|---|
| (১) ইংলিশ বাজার | ১৩৬ | ৮ | ১ | ৯ |
| (২) কালিয়াচক | ২২১ | ১১ | ৮ | ৪ |
| (৩) মানিকচক | ৯৭ | ৬ | ১ | ৩ |
| (৪) বামনগোলা | ৫৬ | ৭ | ২ | .. |
| (৫) হবিবপুর | ৭৪ | ৮ | ১ | ১ |
| (৬) গাজোল | ১১৬ | ৮ | .. | ১ |
| (৭) মালদহ | ৬৬ | ২ | .. | ১ |
| (৮) রতুয়া | ১৩৪ | ৮ | ৬ | ৬ |
| (৯) খরবা | ১২৩ | ২ | ৪ | ৩ |
| (১০) হরিশ্চন্দ্রপব | ১৪২ | ৩ | ৬ | ২ |
| মোট | ১,১৬৫ | ৬৩ | ২৯ | ৩০ |

(খ)

| | | | | |
|---|---|---|---|---|
| (১) ইংলিশ বাজাব | ১২ | ১ | .. | .. |
| (২) কালিয়াচক | ৩৩ | .. | ২ | .. |
| (৩) মানিকচক | ৫ | .. | .. | .. |
| (৪) বামনগোলা | ৮ | ১ | ১ | .. |
| (৫) হবিবপুব | ৮ | .. | ১ | .. |
| (৬) গাজোল | ১৮ | ১ | .. | .. |
| (৭) মালদহ | ৩ | ২ | .. | ১ |
| (৮) রতুয়া | ১৭ | .. | ১ | .. |
| (৯) খবব। | ১৮ | .. | .. | .. |
| (১০) হবিশ্চন্দ্রপুব | ৯ | ১ | ১ | .. |
| মোট | ১৩১ | ৬ | ৬ | ১ |

(গ) মালদহ জেলা স্কুল বোর্ড ঐ জেলায় মোট ১৩১টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছেন। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সহিত মালদহ জেলার ঐ নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

জুনিয়ার হাই, হাই ও হায়ার সেকেন্ডারী বিদ্যালয়সমূহের অনুমোদনের বিষয় পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের এক্তিয়ারভুক্ত।

**মেদিনীপুর জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**

**710.** (Admitted question No. 1457.)

**শ্রীকানাই ভৌমিক**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় উচ্চ মাধ্যমিক স্কুল ও দশম শ্রেণীর স্কুলের সংখ্যা কত;

(খ) এইসকল স্কুলগুলির মধ্যে যেসমস্ত স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হইয়াছে তাদের নাম কি; এবং

(গ) ঐ জেলায় উচ্চ মাধ্যমিক ও দশম শ্রেণীর স্কুলগুলির কোন্ কোন্‌টির ম্যানেজিং কমিটি নির্বাচন করার সময় অতিবাহিত হয়ে গিয়েছে?

**The Minister for Education:**

(ক) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় (একাদশ শ্রেণীযুক্ত)--৩০৯।

দশম শ্রেণীযুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়—২৫৪।

(খ)

(১) বাসন্তিয়া হাই স্কুল।
(২) রাজারামচক শিক্ষা নিকেতন।
(৩) ভগবানপুর হাই স্কুল।
(৪) রামগড় মোক্ষদা সুন্দরী হাই স্কুল।
(৫) কৃষ্ণগঞ্জ সমবায় কৃষি-শিল্প বিদ্যালয়।
(৬) অজয়া আনন্দ বিদ্যামন্দির।
(৭) মানিকাবসান হাই স্কুল।
(৮) কাঁথি ক্ষেত্রমোহন বিদ্যাভবন।
(৯) তমলুক হাই স্কুল
(১০) সাবাজপুর সর্ব্বার্থ শিক্ষাতীর্থ।
(১১) নয়াগ্রাম বাণী বিদ্যাপীঠ।
(১২) দাঁতন বীনাপানি বালিকা বিদ্যালয়।
(১৩) ইন্দা কৃষ্ণলাল শিক্ষা নিকেতন।
(১৪) কর্ণেলগোলা শ্রীনারায়ণ বিদ্যাভবন।
(১৫) গোপীনাথপুর হাই স্কুল।
(১৬) পিংলা কৃষ্ণকামিনী ইনস্টিটিউশন।
(১৭) পূর্ব চিল্কা লালচান্দ হাই স্কুল।
(১৮) মহার ব্রহ্মময়ী হাই স্কুল।
(১৯) মেদিনীপুর টাউন স্কুল।
(২০) টুলিয়া শীতলা মডেল হাই স্কুল।
(২১) ভান্ডারবেরিয়া দেবেন্দ্র হাই স্কুল।
(২২) লক্ষ্মা হাই স্কুল।
(২৩) আনন্দপুর হাই স্কুল।
(২৪) মেদিনীপুর বিদ্যাসাগর বিদ্যাপীঠ।
(২৫) ভুটা ডি এ ভি হাই স্কুল।
(২৬) দেভোগ হাই স্কুল।
(২৭) ঘোষপুর হাই স্কুল।
(২৮) কর্ণেলগোলা শ্রীনারায়ণ বিদ্যাভবন (বালিকা)।

(গ) পুরানো নিয়মানুযায়ী কতকগুলি বিদ্যালয়ের সমিতি যথাসময় পুনর্গঠিত হয় নাই।

**আসানসোল মহকুমায় বিভিন্ন ব্লকে তফসিলভুক্ত জাতি ও উপজাতির বাস্তুভিটা বিক্রয় ও বন্ধক**

**711.** (Admitted question No. 1533.)

**শ্রীহারাধন রায়ঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের এইরূপ কোন তথ্য আছে কিনা যে, আসানসোল মহকুমায় বিভিন্ন ব্লকে তফসিলভুক্ত জাতি ও উপজাতির জনগণের মধ্যে কত সংখ্যক লোক গত পাঁচ বৎসরে অভাবের জন্য তাহাদের বাস্তুভিটা বিক্রয় ও বন্ধক দিয়াছেন;

(খ) এইভাবে বাস্তুভিটা বিক্রয় ও বন্ধকের ফলে বিভিন্ন ব্লকে কতগুলি পরিবার গৃহহীন হইয়াছেন;

(গ) আসানসোল মহকুমায় তফসিলভুক্ত জাতি ও উপজাতির গৃহহীন লোকেদের বসবাসের জন্য সরকার কোন হাউসিং স্কীম গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন কিনা; এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহা কোথায় কবে নাগাদ আরম্ভ করা হইবে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) আদিবাসীদের জমি বিক্রয় করিতে অথবা বন্ধক দিতে হইলে জেলা সমাহর্তার সম্মতি প্রয়োজন। কাজেই এই সংক্রান্ত তথ্য আছে। কিন্তু তফসিলীদের ক্ষেত্রে ঐরূপ কোন সম্পত্তির প্রয়োজন না থাকায় ঐ সংক্রান্ত কোন তথ্য নাই।

(খ) কেবলমাত্র আদিবাসী সম্পর্কিত তথ্য নিম্নে দেওয়া হইলঃ

রানীগঞ্জ ব্লক—৪৪টি পরিবার।

সালানপুর ব্লক—১টি পরিবার।

(গ) সালানপুর ও বরবনী ব্লকে ৩৫টি আদিবাসী পরিবারের পুনর্বসতির একটি কার্যসূচী ইতিমধ্যেই রূপায়িত হইয়াছে। বরবনী ব্লকে আরও কিছু সংখ্যক আদিবাসী পরিবারের পুনর্বাসনের একটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) তফসিলীদের জন্য ঐরূপ কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

**বর্ধমান জেলায় উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে উর্দু শিক্ষার ব্যবস্থা**

**712.** (Admitted question No. 1326.)

**শ্রীহারাধন রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলায় কোন উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে উর্দু শিক্ষার ব্যবস্থা নেই; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, সরকার ইহার প্রতিবিধানের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি?

**The Minister for Education:**

(ক) না, ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

**মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ পরিচালন ব্যবস্থায় অশিক্ষক কর্মচারী প্রতিনিধি**

**713.** (Admitted question No. 876.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের পরিচালন ব্যবস্থায় অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি রাখার কোন ব্যবস্থা করার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(খ) উত্তর "না" হইলে, তাহার কারণ কি?

**The Minister for Education:**

(ক) সরকারী ও স্পনসর্ড কলেজগুলির পরিচালন ব্যবস্থায় অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি রাখার কোনও ব্যবস্থা করার বিষয় সরকার চিন্তা করিতেছেন না।

বেসরকারী কলেজগুলির (যাহারা স্পনসর্ড নয়) গভর্নিং বডি (পরিচালকমণ্ডলী) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রবর্তিত নিয়মানুযায়ী গঠন করা হয় এবং এই শ্রেণীর কলেজগুলিতেও অনুরূপ প্রতিনিধিত্বের কোন নিয়ম নাই।

মাধ্যমিক বিদ্যালয়গুলিতেও এ পর্যন্ত অশিক্ষক কর্মচারীদের ম্যানেজিং কমিটিতে প্রতিনিধিত্বের কোনও নিয়ম নাই। তবে মাধ্যমিক বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের একাংশ স্টাফ্ কাউন্সিলের সদস্য হইতে পারেন।

(খ) শিক্ষাজগতে সাধারণভাবে এই নীতি কোথাও প্রবর্তিত হয় নাই। তাই সরকার এই সম্বন্ধে চিন্তা করেন নাই।

**বহরমপুর থানায় মাঝেরপাড়ায় প্রাথমিক বিদ্যালয়ের জন্য গৃহ নির্মাণ**

**714.** (Admitted question No. 1875.)

**শ্রীসনৎকুমার রাহা:** বহরমপুর থানায় রাধারঘাট অঞ্চলে মাঝেরপাড়ায় প্রাথমিক স্কুলের গৃহ নির্মাণের জন্য সরকার কোন টাকা বরাদ্দ করিয়াছেন কি?

**The Minister for Education:**

না।

**ঘোষ কমিশনের জন্য ব্যয়**

**715.** (Admitted question No. 1184.)

**শ্রীসনৎকুমার রাহ:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রবীন্দ্র সরোবরের ঘটনা সম্পর্কে তদন্তের জন্য গঠিত বর্তমান ঘোষ কমিশনের প্রত্যেক দিনের অনুষ্ঠান ও অধিবেশনের জন্য কত টাকা ব্যয় হইতেছে?

**The Minister for Home (Police):**

প্রতি দিনের খরচ সম্বন্ধে সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। তবে এযাবৎ এই ব্যাপারে মোট ৮৫,৭৩১ টাকা ব্যয় হইয়াছে।

**বারাসত ও আমডাঙ্গা ব্লকে নলকূপ সংস্কারের ব্যবস্থা**

**716.** (Admitted question No. 1976.)

**শ্রীসরল দেব:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বারাসত ও আমডাঙ্গা ব্লক, ২৪-পরগণায়, প্রায় দুইশত "পানীয় জলের কল" মেরামতের অভাবে আজ দুই বৎসর যাবৎ অকেজো হইয়া আছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার উক্ত অকেজো পানীয় "জলের কলগুলি" সংস্কার করার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ। অকেজো নলকূপের সংখ্যা ১৯৫।

(খ) প্রতি ৪০০ জন ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি করিয়া জল-উৎস স্থাপনের নীতি অনুযায়ী প্রতি বৎসর সীমিত বাজেট বরাদ্দের ভিত্তিতে পল্লী জল সরবরাহের ১টি কার্যসূচী গ্রহণ করা হইয়া থাকে। উক্ত কার্যসূচীর মাধ্যমে অকেজো নলকূপগুলি পুনর্খনন করা হয়। তাহা ছাড়া নলকূপের সাধারণ মেরামতির জন্য পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেটের অধীনে প্রতি থানায় ৪ জন কর্মচারীবিশিষ্ট ১টি করিয়া রিপেয়ারিং স্কোয়াড আছে।

বর্তমান বৎসরের জন্য পল্লী জল-সরবরাহের যে কার্যসূচী গ্রহণ করা হইয়াছে তাহার মাধ্যমে সংশ্লিষ্ট এম এল এ-গণের স্থান নির্ধারণের ভিত্তিতে পল্লী অঞ্চলের প্রতিটি বিধানসভা নির্বাচনী এলাকায় ৪টি করিয়া নলকূপ খনন (২টি নতুন খনন ও ২টি পুনর্খনন) ও নলকূপের অনুপযুক্ত অঞ্চলে, ২টি করিয়া কূপ বা ইঁদারা খননের ব্যবস্থা করা হইয়াছে। বারাসত ও আমডাঙ্গা ব্লক দুইটি বারাসত ও দেগঙ্গা বিধানসভা নির্বাচনী এলাকার অন্তর্ভুক্ত। দেগঙ্গা হইতে নির্বাচিত এম এল এ-র নিকট হইতে যে প্রস্তাব পাওয়া গিয়াছে তাহাতে বারাসত ব্লকে মাত্র ১টি নতুন নলকূপ খনন ও ১টি অকেজো নলকূপ পুনর্খননের জন্য স্থান নির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। ইহা ছাড়া ঐ দুইটি ব্লকে আর কোন নলকূপ খনন বা পুনর্খননের প্রস্তাব পাওয়া যায় নাই।

**সরকার কর্তৃক আনন্দমার্গ সম্পর্কে অনুসন্ধান কার্য**

**717.** (Admitted question No. 1585.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আনন্দমার্গ সম্পর্কে সরকার কোনরূপ তদন্ত বা অনুসন্ধানকার্য চালাইয়াছেন কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নে উত্তর "হ্যাঁ" হয় তবে (১) এই প্রতিষ্ঠান কাহাদের দ্বারা পরিচালিত এবং (২) এই প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যাবলী কি?

**The Minister for Home (Police):**

(ক) আনন্দমার্গ সম্পর্কে অনুসন্ধান করা হইয়াছিল।

(খ) (১) প্রতিষ্ঠানটি শ্রীপ্রভাতরঞ্জন সরকার ওরফে আনন্দমূর্তি কর্তৃক প্রতিষ্ঠিত ও প্রধানতঃ দেশের ধনী সমর্থকদের অর্থে পরিচালিত। বিশ্বস্তসূত্রে আরও জানা গিয়াছে যে প্রতিষ্ঠানটি World Food and Population Crisis Committee, New York, Moral Aid Programme, International Federation of Christian Trade Unions এবং অন্যান্য কোন কোন বৈদেশিক সূত্র হইতেও যথেষ্ট পরিমাণে অর্থ সাহায্য পাইয়াছে।

(২) প্রতিষ্ঠানটি "সৎ বিপ্রের" একনায়কত্বে বিশ্বাসী ও গণতন্ত্রের বিরোধী। ইহারা "প্রাউট" (প্রগ্রেসিভ ইউটিলিজেসান থিওরী) দর্শন প্রচার করে।

**পশ্চিমবঙ্গে বেকার ইঞ্জিনীয়ার গ্রাজুয়েটের সংখ্যা**

**718.** (Admitted question No. 1964.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কত ইঞ্জিনীয়ারিং পাশ-করা বেকার পশ্চিমবঙ্গে আছে তার কোন তথ্য সরকারের আছে কিনা;

(খ) কত মাষ্টার-ডিগ্রী-পাওয়া বেকার আছে;

(গ) কত গ্রাজুয়েট বেকার আছে; এবং

(ঘ) আনুমানিক মোট বেকারের বর্তমান সংখ্যা কত?

**The Minister for Labour:**

পশ্চিমবঙ্গে কম বিনিয়োগ কেন্দ্রে পঞ্জীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ৩০এ জুন, ১৯৬৯ তারিখে নিম্নরূপ ছিল;

(ক) ইঞ্জিনীয়ারিং পাশ—১,৮৯২।

(খ) মাষ্টারস্ ডিগ্রী পাওয়া (ইঞ্জিনীয়ার বাদে)—২,০৪৫।

(গ) গ্রাজুয়েট (ইঞ্জিনীয়ার বাদে)—২৬,৭৫৫।

(ঘ) আনুমানিক মোট বেকারের সংখ্যা জানা নাই, তবে কর্মবিনিয়োগ কেন্দ্রে পঞ্জীভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ৩০এ জুন, ১৯৬৯ তারিখে ৪৫৫,৭৪৪ জন ছিল।

**কান্দী থানায় বাস্তু জমির খাজনা মাপ**

**719.** (Admitted question No. 1727.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী থানায় বাস্তু জমির খাজনা মাপ হইয়াছে কত লোকের,

(খ) এই মাপ করা খাজনার পরিমাণ কত জমি ও কত টাকা; এবং

(গ) এই সার্কেলের জে এল আর ও অফিস হইতে ওই খাজনা আদায় বন্ধ করিবার জন্য তহশীলদারকে নির্দেশ দেওয়া হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) নয় শত।

(খ) জমির পরিমাণ—৭৪·১৮ একর।

রাজস্বের পরিমাণ—৭,৭৪৬·২২ টাকা।

(গ) হ্যাঁ।

**Lockout of Upper Fagu and Sambyong Tea Gardens**

**720.** (Admitted question No. 2052.) **Shri PADMA LAKSHMI SUBBA:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that the labourers are very hard hit as a result of the lockout of Tea Gardens, viz., Upper Fagu and Sambyong;

(b) the reason for lockout; and

(c) if there has been any attempt by the Government to end the deadlock?

**The Minister for Labour:** (a) Yes.

(b) The management of the Tea Estates failed to pay the earned wages of the workers and staff since November, 1967. They also stopped supply of ration at concessional rates on the ground that the workers were not entitled for the same during the period the gardens were not in operation.

The management, however, in their notice, dated 18th November, 1967, stated financial difficulties as the main reason for declaring closure. They also alleged that the workers stopped movements of tea-chests from the gardens to Calcutta and compelled the management to sell tea at price much lower than the price they would fetch in Calcutta. They also complained that the workers of Upper

Fagu Tea Estate uprooted large number of tea bushes and occupied large tracts of land for cultivation purpose. In Sumbyong Tea Estate, the management complained that the workers were cultivating cardamom in the lands occupied by them. The management, however, proposed payment of wages from the sale proceeds in the plucking season. They complained that the workers of Sumbyong Tea Estate struck work from 25th January, 1968 and those of Upper Fagu Tea Estate from 30th January, 1968.

(c) Yes. Attempts were made at various levels in different tripartite meetings to reopen the gardens. Unfortunately management pleaded inability to reopen the gardens till they could arrange finance to pay the workers their arrear dues. They, however, stated that, if possible, they would sell properties to meet the dues of the workmen.

The workers have been advised to move the Authority under the Payment of Wages Act for realisation of their dues.

### মুর্শিদাবাদ জিলায় সমবায় সমিতির যৌথ খামারের জন্য জমি

**721.** (Admitted question No. 1914.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নিম্নলিখিত সমবায় সমিতির যৌথ খামারের জন্য কোন্ সালে কত বিঘা খাস জমি দেওয়া হইয়াছে—

(১) কোন্দলা যৌথ কৃষি সমবায় সমিতি, পোঃ গোবিন্দপুর, মুর্শিদাবাদ; এবং

(২) রাজাপুর মহুলা যৌথ কৃষি সমবায় সমিতি, পোঃ মহুলা, মুর্শিদাবাদ?

**The Minister for Land and Land Revenue:**

(১) ও (২) ১৩৭৫ সালে কোন্দলা যৌথ কৃষি সমবায় সমিতিকে ৯·৪২ একর এবং রাজাপুর মহুলা যৌথ কৃষি সমবায় সমিতিকে ৫০·৮৭ একর জমির জন্য বাৎসরিক লাইসেন্স দেওয়া হইয়াছিল।

### মধ্যমগ্রাম ষ্টেশন হইতে বিধানপল্লী পর্যন্ত পাকা রাস্তা

**722.** (Admitted question No. 1582.)

**শ্রীসরল দেবঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মধ্যমগ্রাম ষ্টেশন হইতে বিধানপল্লী পর্যন্ত সরকার কর্তৃক যে পাকা রাস্তা তৈয়ারী হইয়াছে তাহা সংস্কারাভাবে অত্যন্ত খারাপ অবস্থায় আছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐ রাস্তা মেরামতের জন্য কোন ব্যবস্থা করিয়াছেন কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এবং (খ) পূর্ত বিভাগ বা পূর্ত (সড়ক) বিভাগ এই রাস্তা তৈয়ারী করে নাই। সুতরাং উহা মেরামতের দায়িত্ব উক্ত দপ্তরের উপর বর্তায় না।

### মেদিনীপুর জেলার খেজুরী থানায় নলকূপের সংখ্যা

**723.** (Admitted question No. 2079.)

**শ্রীপরেশ দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খেজুরী থানায় টিউবওয়েলের মোট সংখ্যা কত;

(খ) তন্মধ্যে বর্তমানে কতগুলি টিউবওয়েল চালু অবস্থায় আছে এবং কতগুলি অকেজো হইয়া গিয়াছে; এবং

(গ) উপরোক্ত ব্লকের কয়টি গ্রামে এখনও টিউবওয়েল নাই?

**The Minister for Health:**

(ক) ২৪৯টি।

(খ) ১৭৬টি টিউবওয়েল চালু অবস্থায় আছে এবং ৭৩টি অকেজো হইয়া গিয়াছে।

(গ) ৫টি গ্রামে এখনও কোন টিউবওয়েল নাই।

**স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের গুদামে অব্যবহৃত যন্ত্রপাতি**

**724.** (Admitted question No. 1900.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের গুদামে বহু টাকা মূল্যের মোটর গাড়ীর মূল্যবান যন্ত্রপাতি, যন্ত্রাংশ, স্পেয়ার স্পার্টস্ অব্যবহৃত হয়ে থাকার ফলে নষ্ট ও একেবারে অকেজো হয়ে গেছে;

(খ) সত্য হলে, এই অকেজো হয়ে-পড়া যন্ত্রপাতি ও স্পেয়ার পার্টসের মোট মূল্য কত;

(গ) কোন্ সময় থেকে কোন সময় পর্যন্ত অব্যবহৃত থাকার ফলে এই যন্ত্রপাতি, স্পেয়ার স্পার্টস নষ্ট হয়ে যায়; এবং

(ঘ) এর জন্য যাঁরা দায়ী তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**The Minister for Home (Transport):**

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় বর্তমানে যুক্তরাজ্য নির্মিত ৮৬৬ খানি গাড়ী আছে। এই সব গাড়ীর যন্ত্রাংশ আমদানী করিবার জন্য এই সংস্থা প্রতি বৎসর ভারত সরকারের নিকট হইতে ইম্পোর্ট লাইসেন্স পাইয়া থাকে। এই সব বাসের আয়ু ১০/১২ বৎসরেরও অধিক। এই জন্য পূর্ব পরিকল্পনা অনুযায়ী এই সংস্থা কিছু ভারী অথবা স্লো মুভিং যন্ত্রাংশ ক্রয় করিয়াছিল। কিন্তু ১৯৬২ সালের পর হইতে ভারত সরকার আমদানী লাইসেন্স উল্লেখযোগ্যভাবে কমাইয়া দেওয়ার জন্য এই সংস্থা তার নিত্যপ্রয়োজনীয় যন্ত্রাংশ পর্যাপ্ত পরিমাণ আমদানী করিতে পারে নাই—ফলে অনুমান ৬/৭ লক্ষ টাকার মত যন্ত্রাংশ এখানকার কেন্দ্রীয় ভাণ্ডারে মজুত আছে। এই সব যন্ত্রাংশ খুব অধিক সংখ্যায় ব্যবহার হয় না—তবে গত তিন চার বৎসরে প্রায় ২ লক্ষ টাকার মত যন্ত্রাংশ ব্যবহৃত হইয়াছে। ইহাও আশা করা যাইতেছে যে, আগামী ২/৩ বৎসরের মধ্যে এই সব যন্ত্রাংশ আরও ব্যবহৃত হইয়া যাইবে।

এই সব যন্ত্রাংশ কেন্দ্রীয় ও বিভিন্ন ডিপোর ভাণ্ডারে যথাস্থানে সংরক্ষিত আছে এবং এই সব যন্ত্রাংশ নষ্ট বা ব্যবহারের অযোগ্য হইয়া যায় নাই।

(খ) মূল্যবান যন্ত্রাংশাদির বিশেষ কিছুই নষ্ট বা ব্যবহারের অযোগ্য হয় নাই। কিছু পরিমাণ রাসায়নিক দ্রব্যাদি ও ছোট ছোট নাট-বল্টুজাতীয় জিনিষ বহুদিন যাবত মজুত থাকার জন্য নষ্ট হইয়াছে, যাহার মূল্য ৪/৫ হাজার টাকার মত।

(গ) কোন যন্ত্রাংশই কাজের অযোগ্য হয় নাই।

(ঘ) ভারত সরকারের আমদানী নীতির হঠাৎ পরিবর্তনের জন্য প্রয়োজন অনুযায়ী যন্ত্রাংশ আমদানী করিতে না পারার জন্যই পূর্ব-আমদানীকৃত যন্ত্রাংশ ব্যবহার করা সম্ভব হয় নাই এবং ইহার জন্য কোনও ব্যক্তিবিশেষকে দায়ী করা যায় না।

**Advisory Committees for Primary Schools**

**725.** (Admitted question No. 1901.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if Advisory Committees or bodies have been set up or proposed to be set up in place of recently dissolved District School Boards to aid and advise on the working of the Primary Schools in the districts and to give suggestions in the matter of recruitment of teachers, their transfer, promotion, etc.;

(b) if in regard to selection or nomination of representatives of Primary teachers in the Advisory Bodies representation has been given or is proposed to be given to all the registered Primary Teachers' Associations in this State; and

(c) what steps are being taken to ensure the representation of well-known educationists in such bodies?

**The Minister for Education:** (a) No. An Advisory Committee has been set up to advise District Inspector of Schools on whom has vested the authority of the School Board, its Chairman and Vice-Chairman.

(b) No.

(c) Principal of a College or his nominee and a representative of the Secondary School teachers of the district, among others, are on the Advisory Committee.

### জেল কোডের সংস্কার সম্বন্ধে সরকারী সিদ্ধান্ত

**726.** (Admitted question No. 180.)

**শ্রীসনৎকুমার রাহা:** গত ২১এ মার্চ, ১৯৬৯ তারিখে প্রদত্ত তারকিত *২৪ (অনুমোদিত প্রশ্ন নং *৮৯) প্রশ্নোত্তর অনুসরণে স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জেল কোডের সংস্কার ব্যাপারে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Home (Jails):**

এ বিষয়ে *৮৯নং প্রশ্নের উত্তরে যাহা বলা হইয়াছিল বর্তমানে তদপেক্ষা বেশী কিছু বলার নাই। সমস্ত বিষয়টি অর্থ বিভাগের সহিত আলোচনা করিয়া দেখা হইতেছে।

### পশ্চিমবঙ্গে টি বি রোগের চিকিৎসার জন্য শয্যার ব্যবস্থা

**727.** (Admitted question No. 2124.)

**শ্রীকালীপদ মণ্ডল:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পশ্চিমবঙ্গে টি বি রোগের চিকিৎসার জন্য মোট কতগুলি শয্যা (বেড) আছে, এবং

(খ) জেলাওয়ারী কোন্ হাসপাতালে কতগুলি শয্যা (বেড) আছে?

**The Minister for Health:**

(ক) ৫,০৬৩টি।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইয়াছে।

### পশ্চিমবঙ্গে সরকারী ও স্পনসর্ড কলেজের সংখ্যা

**728.** (Admitted question No. 1451.)

**শ্রীকানাই ভৌমিক:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে গভর্নমেন্ট কলেজ ও স্পনসর্ড কলেজ-এর সংখ্যা কত; এবং

(খ) মার্চ ১৯৬৯ হইতে জুন ১৯৬৯ পর্যন্ত সরকার ঐ গভর্নমেন্ট কলেজ ও স্পনসর্ড কলেজ-এর গভর্নিং বডির মধ্যে কোন্ কোন্ কলেজে সরকারী নমিনি দিয়াছেন এবং ঐ সমস্ত ব্যক্তিদের নাম ও পরিচয়?

**The Minister for Education:**

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে সরকারী স্পনসর্ড ডিগ্রী কলেজের সংখ্যা যথাক্রমে ১৪টি এবং ৫৬টি।

**(খ) গভর্নমেন্ট** এবং স্পনসর্ড কলেজের গভর্নিং বডিতে শিক্ষক প্রতিনিধি ছাড়া **সমস্ত সদস্য সরকার কর্তৃক** মনোনীত হইয়া থাকেন। গত মার্চ মাস হইতে জুন ১৯৬৯ পর্যন্ত কোন **গভর্নমেন্ট** কলেজের গভর্নিং বডি পুনর্গঠিত হয় নাই। ঐ সময়ে যে সমস্ত স্পনসর্ড কলেজের **গভর্নিং** বডি পুনর্গঠিত হইয়াছে তাহাদের নাম নিম্নে উল্লেখ করা হইলঃ

(১) জে কে কলেজ, পুরুলিয়া।

(২) মালদা কলেজ, মালদা।

(৩) বাজকুল মিলনী মহাবিদ্যালয়, মেদিনীপুর।

(৪) শ্রীচৈতন্য কলেজ, হাবড়া।

(৫) নিস্তারিনী কলেজ, পুরুলিয়া।

(৬) শ্রীপৎ সিং কলেজ, মুর্শিদাবাদ।

(৭) রামপুরহাট কলেজ বীরভূম।

(৮) ত্রিবেণী দেবী ভালোটিয়া কলেজ, বর্ধমান।

(৯) শিলিগুড়ি কলেজ, দার্জিলিং।

(১০) বাসন্তী দেবী কলেজ, কলিকাতা।

(১১) ব্রহ্মানন্দ কেশবচন্দ্র কলেজ, বনহুগলী।

উপরোক্ত কলেজসমূহের গভর্নিং বডি পুনর্গঠন সম্বন্ধীয় সরকারী আদেশনামার (গভর্নমেন্ট অর্ডার্স) নকল লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

**সন্দেশখালি ভূমি সংস্কার মণ্ডলের অধীনে খেয়াঘাটের সংখ্যা**

**729.** (Admitted question No. 1753.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি ২নং (গোসাবা) ভূমি সংস্কার মণ্ডলের অধীন কতগুলি খেয়াঘাট আছে; এবং

(খ) প্রত্যেক খেয়াঘাট থেকে বাৎসরিক কি পরিমাণ রাজস্ব আদায় হয়?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৪০টি।

(খ) খেয়াঘাটের নাম ও রাজস্ব আদায়ের পরিমাণ-সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে **উপস্থাপিত** হইল।

**খুন, আত্মহত্যা, ডাকাতি ইত্যাদির সংখ্যা**

**730.** (Admitted question No. 292.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক)** ১৯৬৬ ও ১৯৬৮ সালে জেলাওয়ারী কয়টি (১) খুন, (২) আত্মহত্যা, (৩) নারী ধর্ষণ (৪) চুরি, (৫) ডাকাতি, (৬) ছিনতাই এবং (৭) অগ্নি সংযোগের ঘটনা হইয়াছিল; এবং

**(খ)** উক্ত ঘটনাগুলিতে প্রত্যেক দফায় কয়জন পুরুষ ও কয়জন নারী জড়িত ছিলেন?

**The Minister for Home (Police)**

(ক) এবং (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**নদীয়া জেলায় লিফট ইরিগেশন স্কীম**

**731.** (Admitted question No. 1966.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক **জানাইবেন কি**—

(ক) নদীয়া জেলাতে কোন লিফট ইরিগেশন স্কীমের মাধ্যমে জলসেচের ব্যবস্থা **আছে কিনা**;

**(খ)** (ক)-এর উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত প্রকল্পগুলি কি কি; এবং

(গ) এ জেলাতে নতুন কতগুলি উক্ত প্রকারের স্কীম সরকারের বিবেচনাধীন আছে?

**The Minister for Irrigantion and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) লাইব্রেরী টেবিলে একটি তালিকা সংস্থাপিত হইল।

(গ) ২৫টি।

**T. R. Scheme in Malda**

**732.** (Admitted question No. 1571.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক **জানাইবেন** কি—

(ক) মালদহ জেলায় বর্তমান বৎসরে কয়টি টি আর কেয়ার স্কীমে কত টাকা **ও গম বরাদ্দ** করা হইয়াছে; এবং

(খ) তাহার মধ্যে কোন্ স্কীমে কত টাকার ও কি পরিমাণ গমের কাজ হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) বর্তমান বৎসরে ১৫৬টি টি আর কেয়ার স্কীম বাবদ ৫,৫৮,২০৩ **টাকা এবং** ৫,৫৮২·০৩ কুইন্টাল গম ধরা হইয়াছে।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ধরনের লিকুইডেশনে যাওয়া সমবায় সমিতি**

**733.** (Admitted question No. 741.)

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ হইতে ১৯৬৮ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ধরনের **কতগুলি** সমবায় সমিতি লিকুইডিশনে গিয়াছে;

(খ) ঐ সমিতিগুলির নাম ও ঠিকানা কি;

(গ) ঐসকল সমিতির পরিচালকদের নাম ও ঠিকানা কি;

(ঘ) সমিতিগুলির কোন্‌টি কি কারণে লিকুইডিশনে যায়;

(ঙ) ঐসকল সমিতির নিজস্ব মূলধন কত ছিল;

(চ) ঐসকল সমিতিকে কি পরিমাণ সরকারী অর্থ বিভিন্নভাবে ধার দেওয়া **হইয়াছিল**;

(ছ) সরকার তাহাদের নিকট হইতে কি পরিমাণ অর্থ ফেরত পাইয়াছিল;

(জ) ঐসকল সমিতির কোন কর্মকর্তাদের বিরুদ্ধে সমবায় বিভাগের **পক্ষ হইতে কোন** মামলা দায়ের করা হইয়াছিল কি;

(ঝ) কাহাদের বিরুদ্ধে কি কারণে মামলা হইয়াছিল; এবং

(ঞ) ঐসকল মামলা বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister for Co-operation:**

এ সম্পর্কে (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ), (ঝ) এবং (ঞ) প্রশ্নোত্তর সংবলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**কৃত্রিম উপায়ে ফল পাকান**

**734.** (Admitted question No. 164)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিমবঙ্গের সর্বত্র ভাল ফল বলিয়া যাহা পরিচিত যেমন কলা ও আম তাহা গ্যাস ব্যবহার করিয়া পাকান হইতেছে; এবং

(খ) যদি অবগত থাকেন তাহলে সরকার ইহা বন্ধ করিবার জন্য কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন কিনা?

**The Minis.er for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) না।

**Urban Community Development Scheme**

**735.** (Admitted question No. 189.) **Shri SANAT KUMAR RAHA:** (a) Will the Minister-in-charge of the Local Self Government Department be pleased to state if Government have formulated any scheme for urban community development in West Bengal?

(b) If the answer to (a) is in the affirmative will the Minister be pleased to to state what are these plans in details?

(c) If the answer to (a) be in the negative, whether Government will consider the desirability of taking up the question of planning for urban community development?

**The Minister for Local Self-Government:** (a) Yes.

The Scheme is being administered by the Local Self-Government Department.

(b) The urban Community Development Programme was a Centrally-sponsored Scheme, of the Fourth Five-Year Plan. By way of advance action at the instance of the Government of India, Ministry of Health, the scheme was introduced in this State in 1965 At present three and a half projects are in operation in this State—two in the Tollygunge area of the Calcutta Corporation and one and a half in the Salkia area, Howrah.

The broad objective of the scheme is to create an interest in the urban communities to utilise various facilities that are being provided by the Government, civic bodies and voluntary agencies operating in the area, in the matters of physical improvement, civic amentics, adult literacy, health and sanitation, recreation and cultural activities, development of Co-operative societies and small-scale industries, civil defence measures, etc., and to participate in promoting and ensuring the success of these activities.

(c) Does not arise.

**অকৃষি জমিকে কৃষি জমিতে রূপান্তর করণ**

**736.** (Admitted question No. 715.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্তমানে বেশ কিছু একর অকৃষি জমি যাহা ওয়েস্ট বেঙ্গল এস্টেট এ্যাকুইজিশন এ্যাকটের আওতার বাহিরে থাকায় সরকারে ন্যস্ত হয় নাই তাহা কৃষি জমিতে রূপান্তরিত হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে মন্ত্রিমহাশয় বলিবেন কি এইরূপে রূপান্তরিত কৃষি জমির পরিমাণ কত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) প্রশ্নটি পরিষ্কার নয়। ওয়েস্ট বেঙ্গল এস্টেট এ্যাকুইজিশন এ্যাকটের ৬নং ধারায় বাস্তুভিটা ব্যতীত সর্বোচ্চ ১৫ একর অকৃষি জমি রাখিবার অধিকার দেওয়া হইয়াছে। অকৃষি জমিকে কৃষি জমিতে রূপান্তর সম্বন্ধে কোন তথ্য সরকারের নিকট নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**Police Officers**

**737.** (Admitted question No. 798) **Shri KALIMUDDIN SHAMS: Will** the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of officers at present in the following cadre:

(i) Deputy Commissioners, officiating Deputy Commissioners, Assistant Commissioners and officiating Assistant Commissioners in the Calcutta Police,

(ii) Isnpectors of Police and officiating Inspectors of Police in the Calcutta Police,

(iii) Sub-Inspectors of Police and officiating Sub-Inspectors of Police in the Calcutta Police, and

(iv) Constables in the Calcutta Police, and

(b) number of Muslims in the above items (i) to (iv)?

**The Minister for Home (Police):** (a)

| Present strength. | Substantive. | Officiating. | Temporary. |
|---|---|---|---|
| (i) D.C. 17 | 14 | 3 | .. |
| A.C. 41 | 22 | 19 | .. |
| (ii) 200 | 118 | 82 | .. |
| (iii) Sub-Inspector/ Subedars 901 | 477 | 424 | .. |
| (iv) Constable/ Sepoy 12,692 | 6,553 | .. | 6,139 |

(b) (i) and (ii) Nil.

(iii) 13.

(iv) 730.

**Financial position of the West Bengal Board of Secondary Education**

**738.** (Admitted question No. 878.) **Shrimati ILA MITRA:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the financial position of the West Bengal Board of Secondary Education when its President Mr. Mallick assumed office; and

(b) the financial position of the said Board as it stands on 31st March, 1969?

**The Minister for Education:** (a) Opening balance of the Board as on 1st May, 1966, i.e., the month in which Mr. J. N. Mallick assumed office as President of the Board—Rs. 37,65,937. Less: Outstanding liabilities for remuneration to the examiners, printing charges and Centre grants—

| Rs. | Rs. |
|---|---|
| 18,86,434.63 | |
| 5,78,633.24 | 37,65,937 |
| 4,58,247.18 | (–) 29,23,315 |
| 29,23,315.05 | 8,42,622 |

(b) Closing Balance as on 31st March, 1969—Rs. 77,45,000.

Less: Outstanding liabilities. Remuneration to Examiners·

| | Rs. |
|---|---|
| Head Examiners, etc .. .. .. | 23,66,000 |
| Printing charges .. .. .. | 6,00,000 |
| Centre grant .. .. .. | 6,00,000 |
| | 35,66,000 |
| Other liabilities for Publications .. .. | 3,00,000 |
| Miscellaneous .. .. .. | 34,000 |
| | 77,45,000 |
| | (–) 39,00,000 |
| | 38,45,000 |

**বহরমপুর ট্যুরিষ্ট লজ**

**739.** (Admitted question No. 983.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্ববাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বহরমপুর ট্যুরিষ্ট লজ নির্মাণ করতে মোট কত ব্যয় হইয়াছে;

(খ) লজ নির্মাণ ব্যতীত, তাহার শীতাতপ-নিয়ন্ত্রণ ও আসবাবাদির জন্য এই পর্যন্ত কত ব্যয় হইয়াছে; এবং

(গ) এই লজ পবিচালনার জন্য কোন কমিটি আছে কিনা?

**The Minister of State for Home (Tourism):**

(ক) আনুমানিক ৫·১৫ লক্ষ টাকা ব্যয় হইবে (শীতাতপ-নিয়ন্ত্রণ যন্ত্রাদির খরচ সহ)।

(খ) শীতাতপনিয়ন্ত্রণ যন্ত্রাদি বাবদ আনুমানিক ১০,০০০ টাকা ব্যয় হইয়াছে, এবং আসবাবাদির জন্য আনুমানিক ৫৫ হাজার টাকা ব্যয় হবে।

(গ) না।

**শেরপুর-রামপুরহাট রাস্তায় দ্বারকা নদীর উপর জয়পুরে ও বিষ্ণুপুরে সেতু নির্মাণ**

**740.** (Admitted question No. 1037.)

**শ্রীকুমারিশচন্দ্র মৌলিকঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার শেরপুর-রামপুরহাট রাস্তার মাঝে দ্বারকা নদীর উপর জয়পুরে ও বিষ্ণুপুরে যে দুইটি ব্রীজ হইবার অনুমোদন আছে উহা কোন্ সময় হইতে আরম্ভ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

উক্ত ব্রীজ দুইটির নির্মাণকার্য এখনও অনুমোদিত হয় নাই।

**মুর্শিদাবাদ জেলায় ৩৪নং জাতীয় সড়ক ও সুতী ২নং লিংক রোড**

**741.** (Admitted question No. 1189.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় ৩৪নং জাতীয় সড়ক ও সুতী ২নং লিংক রোড এই দুই রাস্তার সংযোগ-স্থলটি বর্তমানে কাহার তত্ত্বাবধানে আছে?

**The Minister of State for Public Works (Roads):**

মাননীয় সদস্য সম্ভবতঃ ৩৪নং জাতীয় সড়ক (এন এইচ. ৩৪) এবং তথা হইতে নিমতিতা ষ্টেশন ও সুতী থানা অভিমুখী রাস্তার সংযোগস্থলটির কথা উল্লেখ করিতেছেন। ঐ স্থানটি সরকারের তত্ত্বাবধানে।

**উপযুক্ত স্ট্যাম্প না দিয়া দলিল রেজেস্ট্রিকরণ**

**742.** (Admitted question No. 1238.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকারের কি এ তথ্য জানা আছে যে, রেজিস্ট্রেশন বিভাগের বিভিন্ন সাব-রেজিস্ট্রী অফিসে, দলিলের মাধ্যমে যেসব বিষয়সম্পত্তি হস্তান্তরিত হয়, সেই সকল উপযুক্ত স্ট্যাম্প না দিয়া কম মূল্যের স্ট্যাম্প দিয়া রেজিস্ট্রী সম্পাদিত হয়;

(খ) যদি জানা থাকে, তাহলে সরকার ইহা বন্ধ করিবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, এবং

(গ) যদি জানা না থাকে তাহলে সরকার এ সম্বন্ধে কোনরূপ অনুসন্ধান করিবার কথা চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Judicial:**

(ক) মাঝে মাঝে এইরূপ অভিযোগ সরকারের নিকট আসে।

(খ) এ বিষয়ে নির্দিষ্ট অভিযোগ পাইলে তদন্ত করা হয়। তদন্তে অভিযোগ সত্য প্রমাণিত হইলে, সংশ্লিষ্ট দলিল কালেক্টরের নিকট পাঠানো হয় যাহাতে তিনি ভারতীয় স্ট্যাম্প আইন অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে পারেন। দলিলে উল্লিখিত মূল্যের সম পরিমাণ স্টাম্প না থাকিলে, সাব-রেজিস্ট্রারগণ দলিল ইম্পাউন্ড করিয়া কালেক্টরের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠাইয়া দেন। সন্দেহ থাকিলে সাব-রেজিস্ট্রারগণ দলিল কালেক্টরের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠাইয়া দেন।

(গ) প্রশ্ন ওঠে না।

**পটাশপুর থানার জনসাধারণের দেওয়ানী মামলা কাঁথি মুন্সেফ আদালতে করিবার ব্যবস্থা**

**743.** (Admitted question No. 1290.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার পটাশপুর থানার জনসাধারণকে দেওয়ানী কেসের জন্য ৬০-৭০ মাইল দূরে যাইতে হয়, এবং

(খ) অবগত থাকিলে, ঐ থানার দেওয়ানী কেসগুলি একই মহকুমায় অবস্থিত কাঁথি মুন্সেফ আদালতে বিচার করিবার জন্য কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা?

**The Minister for Judicial:**

(ক) পটাশপুর থানা দাঁতন মুনসেফের এক্তিয়ারভুক্ত। পটাশপুর হইতে দাঁতনের দূরত্ব মাত্র ৩১ মাইল।

(খ) কাঁথিতে একটি অতিরিক্ত জেলা জজের আদালত স্থাপনের প্রস্তাব প্রসঙ্গে কাঁথি বার অ্যাসোসিয়েশন পটাশপুর থানার সমস্ত দেওয়ানী মোকদ্দমার শুনানী কাঁথিতে করার জন্য প্রার্থনা জানাইয়াছিলেন, কিন্তু মেদিনীপুর জেলায় বিচার বিভাগকে শাসন বিভাগ হইতে পৃথকীকরণের প্রস্তাব সরকারের বিচারাধীন থাকায় মহাধর্মাধিকরণ উক্ত প্রস্তাবে সম্মতি দেন নাই।

**বেলপাহাড়ী-বাঁশপাহাড়ী, বীনপুর-লাছিপুর, সিজুয়াঘাট-রামগড় এবং রামগড়-লালগড় রাস্তাগুলির সংস্কারের ব্যবস্থা**

**744.** (Admitted question No. 1358.)

**শ্রীজয়রাম সরেনঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার (১) বেলপাহাড়ী হইতে বাঁশপাহাড়ী, (২) বীনপুর হইতে লাছিপুর, (৩) সিজুয়াঘাট হইতে রামগড় এবং (৪) রামগড় হইতে লালগড় রাস্তায় বাস চলাচল অযোগ্য হইয়া পড়িয়াছে,

(খ) ইহা সত্য হইলে, ঐ রাস্তাগুলি মেরামত করার কি ব্যবস্থা করা হইয়াছে, এবং

(গ) ঐ রাস্তাগুলির মেরামতের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক), (খ) এবং (গ) প্রশ্নে উল্লিখিত রাস্তাগুলি পূর্ত (সড়ক) বিভাগের আওতার অন্তর্গত নয়। সুতরাং সরকার কর্তৃক উহাদের মেরামত বা উহাদের জন্য অর্থ বরাদ্দের প্রশ্ন উঠে না।

**সালার রেল স্টেশন হইতে কাগ্রাম-সিমুলিয়া রাস্তা**

**745.** (Admitted question No. 1410.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় সালার রেল স্টেশন হইতে কাগ্রাম ও সিমুলিয়া পর্যন্ত পাকা রাস্তার যাহা আংশিক সম্পূর্ণ হইতে বাকি আছে তাহা কত দিনের মধ্যে সম্পন্ন হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

প্রয়োজনীয় অর্থ সংকুলান হলে ১৯৭১ সালের ৩১এ মার্চের মধ্যে কাজ সম্পন্ন হবে আশা করা যায়।

**মেদিনীপুর জেলায় এগরা থানায় সংস্কৃত টোলের সংখ্যা**

**746.** (Admitted question No. 1480.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় মোট কয়টি এবং কোন্ কোন্ গ্রামে সংস্কৃত শিক্ষা দিবার টোল আছে।

(খ) উপরোক্ত থানায় কোন্ কোন্ টোলগুলিকে বৎসরে কি পরিমাণ সরকারী সাহায্য দেওয়া হয়;

(গ) ঐ টোলগুলি নিয়মিত পরিদর্শন করা হয় কিনা; এবং হইলে কে পরিদর্শন করেন; এবং

(ঘ) উপরোক্ত টোলগুলির অধ্যাপকগণ কোন সরকারী মহার্ঘ ভাতা পান কিনা?

**The Minister for Education:**

(ক) এগরা থানায় মোট ৩৯টি টোল আছে। নিম্নলিখিত গ্রামে সংস্কৃত শিক্ষা দিবার ব্যবস্থা আছে যথাঃ

আড়লাবাদ, আলামগিরি, আলুনিয়া, বরোদা, বেনাচাকরী, খালুসটিয়া, শিমুলিয়া, চিরুলিয়া, বরনালগেরা, চাটলা, এরেন্ডা, এগরা, টাটালিয়া, একলাবাদ, জামকি, বয়েসপুর, কামারডিহা, কসবা, রসাল, কইথর, খেজুরদা, লালপুর, মির্জাপুর, নস্করপুর, রয়দা, চার্তার, রুক্মিনীপুর, সন্নিয়াবী, শিপুর, বালিঘাই, তেঁতুলিয়া ও তোলাকানা।

| (খ) | টোলের নাম | মহার্ঘ ভাতা টাকা | বার্ষিক অনুদান টাকা |
|---|---|---|---|
| ১। | অভয়া চতুষ্পাঠী | ৯৭২ | |
| ২। | আনন্দ চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ৩। | আড়লাবাদ টোল | ৯৭২ | . |
| ৪। | আলমগিরি চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ৫। | আলুনিয়া শিতলা টোল (১) | ৯৭২ | .. |
| ৬। | আলুনিয়া শিতলা টোল (২) | ৯৭২ | . |
| ৭। | বাণী চতুষ্পাঠী | ২,৬১৩ | ৯০০ |
| ৮। | বলরাম চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ৯। | ব্রহ্মময়ী চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ১০। | বীণাপানি চতুষ্পাঠী | ৯৭২ | |
| ১১। | বরনালগেরা সংস্কৃত বিদ্যালয় | ৯৭২ | |
| ১২। | বাতুল্য জগধাত্রী চতুষ্পাঠী | ৮৬৭ | ৩০০ |
| ১৩। | চাতলা সারস্বত চতুষ্পাঠী | ১,৬৪১ ৫০ | ৬০০ |
| ১৪। | এরেণ্ডা চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ১৫। | এগরা চন্দেশ্বর চতুষ্পাঠী | ১,৬৪১ ৫০ | ৬০০ |
| ১৬। | একল্যাবাদ কৃষ্ণ বিনাসিনী চতুষ্পাঠী | ৯৭২ | |
| ১৭। | হরিনারায়ণ চতুষ্পাঠী | ১,৬১৪ ৫০ | .. |
| ১৮। | জগন্নাথ চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ১৯। | কামারডিহা চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ২০। | কসবা ক্ষিরোদা টোল | ১,৬১৪.৫০ | .. |
| ২১। | কুদি কৈলাস চতুষ্পাঠী | ১,০৭৭ | .. |
| ২২। | কৈযার লোকনাথ চতুষ্পাঠী | ১,০৭৭ | .. |
| ২৩। | খেজুঁরদা বাসুদেব চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ২৪। | লালপুর টোল | ৯৭২ | .. |
| ২৫। | মির্জাপুর দুর্গা চতুষ্পাঠী | ৯৭২ | .. |

| (খ) | টোলের নাম | মহার্ঘ ভাতা টাকা | বার্ষিক অনুদান টাকা |
|---|---|---|---|
| ২৬। | নস্করপুর ভুবনেশ্বর চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ২৭। | রহিড়া টোল | ৯৭২ | .. |
| ২৮। | রাধাকান্ত চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ২৯। | রসাল চকবন্দী চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ৩০। | রসাল রুদ্রনারায়ণ চতুষ্পাঠী | ১,৯৪৪ | .. |
| ৩১। | রুক্মিনীপুর সত্যভামা চতুষ্পাঠী | ৮৬৭ | .. |
| ৩২। | সন্ন্যাসী সংস্কৃত চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ৩৩। | শিপুর মঙ্গলা চতুষ্পাঠী | ১,৯৪৪ | ৬০০ |
| ৩৪। | শ্রীরাম চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ৩৫। | শ্রীগুরু চতুষ্পাঠী | ৯৭২ | .. |
| ৩৬। | শ্রীনন্দ চতুষ্পাঠী | ২,৬১১ | ৬০০ |
| ৩৭। | তেঁতুলিয়া জগন্নাথ চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ৩৮। | তোলাকানা রঘুনাথ চতুষ্পাঠী | ৯৭২ | . |
| ৩৯। | শিপুর শক্তি বিদ্যালয় | ৯৭২ | . |

(গ) বঙ্গীয় সংস্কৃত শিক্ষা পরিষদের অধীন দুইজন টোল পরিদর্শক আছে। ঐ টোলগুলি নিয়মিত পরিদর্শনের ভার উহাদের উপর ন্যস্ত।

(ঘ) অধ্যাপকগণ সরকারী মহার্ঘ ভাতা পান।

**কলিকাতার বিভিন্ন বাজারে দৈনিক মৎস্য সরবরাহের পরিমাণ**

**747.** (Admitted question No. 1523.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী কলিকাতার বিভিন্ন বাজারে গড়ে প্রত্যহ কি পরিমাণ মৎস্য আমদানী হইয়া থাকে;

(খ) ঐ পরিমাণ মৎস্য সমগ্র কলিকাতার চাহিদা মিটাইতে পারে কিনা; এবং

(গ) না পারিলে, ঐ চাহিদা পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বনের বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Fisheries:**

(ক) বৃহত্তর কলিকাতার বাজারে মৎস্য সরবরাহের দৈনিক পরিমাণ ৭৪ মেট্রিক টন (২,০০০ মণ) থেকে ১৪৮ মেট্রিক টনের (৪,০০০ মণ) ভিতর ওঠানামা করে।

(খ) না পারে না।

(গ) চাহিদা পূরণের জন্য সরকার প্রধানতঃ ত্রিবিধ নীতি গ্রহণ করিয়াছেন। তাহা হইল, যন্ত্রচালিত বা সাধারণ নৌকার সাহায্যে মোহানা ও উপকূলবর্তী অঞ্চলে এবং ট্রলারের মাধ্যমে গভীর সমুদ্রে মাছ ধরিবার ব্যবস্থা করা; রাজ্যের আভ্যন্তরীণ নোনা জল ও মিষ্টি জলের মৎস্যচাষ ক্ষেত্রগুলির যথাসম্ভব উন্নয়ন ও মৎস্য চাষের ব্যবস্থা করা যাহাতে স্থানীয় চাহিদা মিটাইয়া কলিকাতার বাজারে মৎস্য সরবরাহ বাড়ানো যায়। ভারত সরকারের ট্রলারগুলি তুতিকোরিন, মাদ্রাজ ও বিশাখাপত্তম বন্দরে যে মাছ বহন করিয়া আনে তাহা সেন্ট্রাল ফিসারীজ কর্পোরেশনের মাধ্যমে নির্ধারিত মূল্যে কলিকাতায় আনয়ন ও বিক্রয়ের ব্যবস্থা করা এবং তাছাড়াও পশ্চিমবঙ্গের বাহিরের অন্যান্য রাজ্য যথা বিহার, উত্তরপ্রদেশ, উড়িষ্যা, পাঞ্জাব, রাজস্থান, মহারাষ্ট্র প্রভৃতি হইতে বর্তমানে যে পরিমাণ মাছ আসিতেছে তাহার

সরবরাহ বাড়ানো। ইহা ছাড়াও প্রতি বৎসর পূর্ব পাকিস্তান হইতে অন্তত ১৫,০০০ মেট্রিক টন মাছ আমদানীর জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা দানের ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য বার বার অনুরোধ করা হইয়াছে।

**হাওড়া জেলা প্রাথমিক স্কুল বোর্ড কর্তৃক শিক্ষক নিয়োগের সংখ্যা**

**748.** (Admitted question No. 1568.)

**শ্রীকি[illegible] দাশ ঘোষ:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলা প্রাথমিক স্কুল বোর্ড ১৯৬৯ সালে মোট কতজন শিক্ষক নিযুক্ত করিয়াছিল, এবং

(খ) উহাদের মধ্যে কতজন বর্তমানে বেতন পাইতেছেন?

**The Minister for Education:**

(ক) ২৬৮ জন।

(খ) ১৫৫ জন।

**জনসাধারণের আবেদন-নিবেদন নিষ্পত্তির জন্য সরকারী ব্যবস্থা**

**749.** (Admitted question No. 1615.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জনসাধারণের আবেদন-নিবেদনসমূহ সরকারী দপ্তরসমূহে দ্রুত নিষ্পত্তির জন্য কি কি কার্যকরী ব্যবস্থা আছে?

**The Chief Minister:**

বিবেচনার পর রাজ্যসরকার জনগণের আবেদন-নিবেদন দুই পর্যায়ে ভাগ করিয়াছেন। প্রথমটি সরকারী দপ্তরের বিভিন্ন বিভাগের দুর্নীতি ও সমন্বয়ের অভাব এবং দ্বিতীয়টি অন্যান্য বিষয় সম্বন্ধে অভিযোগ। জনগণের এই দুই প্রকারের আবেদন-নিবেদনের পরিপ্রেক্ষিতে সরকার ভিজিল্যান্স কমিশন স্থাপন করিয়াছেন এবং প্রতি দপ্তরে একজন করিয়া উচ্চপদস্থ সরকারী কর্মচারী যাঁহারা পদমর্যাদায় উপ-সচিবের নিচে নন, তাঁহাদেরকে বিভাগীয় ভিজিল্যান্স, অফিসার পদে বহাল করিয়াছেন। এই সমস্ত অফিসারগণ তাঁহাদের বিভাগের দুর্নীতি সম্পর্কে সমস্ত অভিযোগ অনুসন্ধান করিবেন ও তৎসম্পর্কে যথোচিত কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিবেন।

অপরাপর অভিযোগ সম্বন্ধেও প্রতি বিভাগে একজন করিয়া উপ-সচিব পর্যায়ের অফিসার কমপ্লেন্টস অফিসাররূপে কাজ করিয়া থাকেন। সরকারী নির্দেশ অনুসারে এইসমস্ত অফিসার প্রত্যেকটি অভিযোগ ব্যক্তিগতভাবে পরীক্ষা-নিরীক্ষা করিয়া উপযুক্ত আদেশ দেন। প্রায় প্রত্যেক ক্ষেত্রেই পত্রপ্রেরককে কি ব্যবস্থা লওয়া হইয়াছে তৎসম্পর্কে জানানো হয়।

**এই রাজ্যের ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে রেলওয়ে পর্ষদের কাজের অর্ডার**

**750.** (Admitted question No. 1630.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫-৬৬ সাল হইতে আজ পর্যন্ত হাওড়া, ২৪-পরগণা ও কলিকাতা শহরে অবস্থিত এই রাজ্যের ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে রেলওয়ে পর্ষদ কত টাকার ও কি পরিমাণ কাজের অর্ডার দিয়াছিলেন তাহার কোন সরকারী তথ্য আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহা কি?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) ও (খ) এই জেলাগুলি সম্পর্কে আলাদা কোন তথ্য নাই। তবে ১৯৬৫ সনের অক্টোবর মাস হইতে ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের মাধ্যমে বিভিন্ন রেলওয়ে পশ্চিমবঙ্গের শিল্প সংস্থাগুলিকে যে পরিমাণ টাকার অর্ডার দিয়াছিল সে সম্পর্কে একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 750

**বিবরণী**

১৯৬৫-৬৬—টাঃ ১২,৩৯,২৪৫·৩৮ পয়সা

১৯৬৬-৬৭—টাঃ ২৯,৮৬,৪৩৯·৭৪ পয়সা

১৯৬৭-৬৮—টাঃ ৪৫,৪২,৬৪১·৩৮ পয়সা

১৯৬৮-৬৯—টাঃ ৬৭,৬৯,৪৯০·০৯ পয়সা

এপ্রিল এবং মে ১৯৬৯—টাঃ ৯,৪৬,৪০৩·৮৭ পয়সা

**ভারতীয় ইউনিয়ন হইতে পশ্চিমবঙ্গ রাজ্য পৃথকীকরণ**

**751.** (Admitted question No. 1632.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কিছুদিন পূর্বে লোকসভার সদস্য শ্রীসদাশিব কানোজী পাতিল এই বলে যে বিবৃতি দিয়েছিলেন যে, কোন বিদেশী রাষ্ট্রের নেতৃত্বে পশ্চিম বাংলা রাজ্য ভারতীয় ইউনিয়নের বাহিরে চলিয়া যাইবে এবং পাকিস্তানের সঙ্গে মিলিত হইয়া একটি স্বাধীন ও স্বতন্ত্র রাষ্ট্র গঠন করিবে, এই বিবৃতির মধ্যে কতখানি সত্যাসত্য নিহিত আছে, তাহা সরকার জানাইবেন কি?

**The Minister for Home (Political):**

এই বিবৃতি সম্পূর্ণ ভিত্তিহীন।

**বহরমপুর সদর হাসপাতালের কুষ্ঠ ক্লিনিক**

**752.** (Admitted question No. 1636.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালের কুষ্ঠ ক্লিনিকে বর্তমানে কতজন রোগী রাখার ব্যবস্থা আছে; এবং

(খ) তাহাদের চিকিৎসার জন্য কি কি ব্যবস্থা করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) এবং (খ) ঐ ক্লিনিকে কুষ্ঠ রোগীদের বহির্বিভাগে চিকিৎসার ব্যবস্থা আছে। অন্তর্বিভাগে রোগী রাখার ব্যবস্থা নাই।

**বহরমপুর সদর হাসপাতাল**

**753.** (Admitted question No. 1637.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালের টি, বি, ওয়ার্ডে বর্তমানে কতজন রোগী রাখিবার ব্যবস্থা আছে;

(খ) প্রত্যেক রোগীর জন্য কি কি বাবতে সরকারী তহবিল হইতে গড়ে কত খরচ করা হইয়া থাকে; এবং

(গ) ঐ ওয়ার্ডে রোগী ভর্তির নিয়মগুলি কি?

**The Minister for Health:**

(ক) ৬ জন।

(খ) পথ্য বাবত দৈনিক ২·৫০ টাকা।

সাধারণ ঔষধ বাবত দৈনিক ০·৫০ টাকা।

বিশেষ ঔষধাদি বাবত বার্ষিক ১৮০ টাকা।

বিছানাপত্রাদি বাবত বার্ষিক ১০০ টাকা।

অন্যান্য বাবত দৈনিক ০·২৫ টাকা।

(গ) সিলেকশন বোর্ডের মাধ্যমে রোগী ভর্তি করা হয়।

**হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে দৈনিক খাদ্য সরবরাহের পরিমাণ**

**754.** (Admitted question No. 1638.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম বাংলার হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে দৈনিক কি পরিমাণ এবং কি কি খাদ্য ও পথ্য রোগীদের সরবরাহ করা হইয়া থাকে?

**The Minister for Health:**

খাদ্য ও পথ্যের উপকরণ ও পরিমাণ রোগীর রোগ ও চিকিৎসকদের নির্দেশের উপর নির্ভর করে। সাধারণত প্রাতঃরাশ ও বৈকালিক জলযোগের সময় পাঁউরুটি, মুড়ি বা চিঁড়া (৩০ গ্রাম) এবং চিনি (২৫ গ্রাম) ও চা দেওয়া হইয়া থাকে। দুপুরে ও সন্ধ্যায় পুরা আহার দেওয়া হয়। উহার উপকরণ ও পরিমাণ নিম্নরূপঃ—

| পুরা পথ্য (দৈনিক) | আনুমানিক পরিমাণ |
|---|---|
| ভাত | ১৫০ গ্রাম |
| আটা | ১৫০ গ্রাম |
| আলু | ৫০ গ্রাম |
| সবজি | ১০০ গ্রাম |
| ডাল | ৫০ গ্রাম |
| মাছ, মাংস বা ডিম | ৬০ গ্রাম |
| **দুধ-বার্লি পথ্য** | |
| বার্লি | ২ আউন্স |
| দুধ | ১/২ লিটার |
| চিনি | ১৫০ গ্রাম |
| **দুধ পথ্য** | |
| দুধ | ১ লিটার |
| চিনি | ৫০ গ্রাম |

সাধারণত দুপুরে ভাত ও সন্ধ্যায় রুটি দেওয়া হয়।

### দার্জিলিং-এ পর্যটকদের জন্য আবাসের ব্যবস্থা

**755.** (Admitted question No. 1639.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "মিডল ইনকাম গ্রুপ" পর্যটকদের আবাসের জন্য দার্জিলিং-এ যে বাড়িটি কেনা হইয়াছিল, তাহা বর্তমানে কিভাবে ব্যবহৃত হইতেছে; এবং

(খ) ঐ আবাসে থাকিতে গেলে একজন ব্যক্তির দৈনিক হিসাবে কত খরচ হইয়া থাকে?

**The Minister of State for Home (Tourism):**

(ক) দার্জিলিংএ (শৈলাবাস) বাড়িটি "মিডল ইনকাম গ্রুপ" পর্যটকদের আবাসের জন্য ব্যবহৃত হইতেছে।

(খ) ৫ টাকা হইতে ৮ টাকার মধ্যে।

### জাতীয় ভলান্টিয়ার বাহিনী

**756.** (Admitted question No. 1705.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জাতীয় ভলান্টিয়ার বাহিনী গঠন সম্পর্কে সরকার কোন নীতি গ্রহণ করিয়াছেন কিনা?

**The Minister for Home (Defence):**

সরকার কোন নূতন নীতি গ্রহণ করেন নাই।

### সালার-কাগ্রাম-শিমুলিয়া সড়ক

**757.** (Admitted question No. 1706.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সালার-কাগ্রাম-শিমুলিয়া সড়ক (রাস্তা) তৈরীর কাজ চালু আছে কিনা;

(খ) চালু না থাকিলে কি কারণে এই রাস্তার কাজ বন্ধ আছে; এবং

(গ) কবে এই রাস্তা সম্পূর্ণ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এবং (খ) হ্যাঁ, কাজটি চালু। তবে বর্ষার জন্য সাময়িকভাবে কাজ স্থগিত আছে।

(গ) প্রয়োজনীয় অর্থ সংকুলান হ'লে ১৯৭১ সালের ৩১শে মার্চের মধ্যে কাজ সম্পূর্ণ হবে, আশা করা যায়।

### মুর্শিদাবাদ জেলায় ক্রেতা সমবায় সমিতি ও মার্কেটিং সোসাইটির সংখ্যা

**758.** (Admitted question No. 2393.)

**শ্রীআজিজুর রহমানঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কয়টি ক্রেতা সমবায় সমিতি ও কয়টি মার্কেটিং সোসাইটি আছে?

**The Minister for Co-operation:**

(ক) পাইকারী ক্রেতা সমবায় সমিতি—১টি।

(খ) প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি—৪২টি।

(গ) মার্কেটিং সোসাইটি—১৪টি।

**মৎস্যজীবীদের সাহায্য**

**759.** (Admitted question No. 1719.)

**শ্রীবিমলকান্তি বসু:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্য বিভাগ হইতে মৎস্যজীবীদের কি কি প্রকার সাহায্য দেওয়া হইয়া থাকে;

(খ) এই সাহায্য বণ্টনে কি নীতি অনুসরণ করা হইয়া থাকে; এবং

(গ) গত ১৯৬৭ ও ১৯৬৮ সালে কত কত টাকা সাহায্য বাবত ব্যয় করা হইয়াছিল?

**The Minister for Fisheries:**

(ক) তিনটি প্রকল্পের মাধ্যমে মৎস্যজীবীদের নৌকা ও জাল তৈরী কিংবা কেনার জন্য মাছ ধরার প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম, মাছের ডিম ও পোনা কেনার জন্য, স্বল্পমূল্যে নৌকা সরবরাহের জন্য এবং গৃহ নির্মাণ ও নলকূপ খননের জন্য ঋণ বা আর্থিক সাহায্য দানের ব্যবস্থা আছে।

(খ) দরিদ্র মৎস্যজীবী ও তাঁহাদের সমবায় সমিতিগুলিকে ঋণ বা সাহায্য দেওয়া হয়। গত আর্থিক বৎসর পর্যন্ত মৎস্য বিভাগের স্থানীয় আধিকারিকেরা আবেদনপত্রগুলি বিচার করিয়া ঋণ বা সাহায্য মঞ্জুর করিতেন।

বর্তমান আর্থিক বৎসর হইতে প্রতি ব্লকে ঐ প্রকার ঋণ বা সাহায্য দানের জন্য একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। কমিটিতে স্থানীয় বিধানসভার সদস্যও সভ্য হিসাবে থাকিবেন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ঋণ বা সাহায্য দান করা হইবে।

(গ) ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে প্রকল্প তিনটির অধীনে ঋণ ও সাহায্যদান বাবত ব্যয়ের পরিমাণ নিম্নরূপঃ

| | প্রকল্পের নাম | ১৯৬৭-৬৮ টাকা | ১৯৬৮-৬৯ টাকা |
|---|---|---|---|
| (১) | পশ্চিমবঙ্গে দরিদ্র মৎস্যজীবী ও তাঁহাদের সমবায় সমিতিগুলিকে ঋণ মঞ্জুর প্রকল্প। | ৭,৯৯,৭৭৫ | ৭,৯৭,২৫০ |
| (২) | ঘন মৎস্যজীবী বসতিপূর্ণ অঞ্চলগুলির মৎস্যজীবীদের সাহায্যদানের প্রকল্প। | ১,১৫,০০০ | ১,১৪,৯৭২ |
| (৩) | স্বল্প মূল্যে মৎস্যজীবীদের নৌকা সরবরাহের প্রকল্প। | ৪০,৬০৫ | ৪৭,৫৯৫ |

**প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা**

**760.** (Admitted question No. 1717.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(খ) এই বৎসর (১৯৬৯) কোন্ জেলায় কত প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইবে; এবং

(গ) গত সাধারণ নির্বাচনের পূর্বে সর্বশেষ কতগুলি নূতন প্রাথমিক স্কুল খোলা হইয়াছে?

**The Minister for Education:**

(ক) শিক্ষক নিয়োগের নীতি অনুযায়ী জেলা স্কুল বোর্ডসমূহ শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিবেন।

(খ) ইহা এখন সরকারের বিবেচনাধীন আছে।

(গ) গত সাধারণ নির্বাচনের পূর্বে ১৯৬৬-৬৭ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গ্রামাঞ্চলে মোট ১,৭৮৩টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদন করা হইয়াছিল।

**Who's Who Committee**

**761.** (Admitted question No. 1719.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) for what purpose the "Who is Who" Committee has been formed; and

(b) what work the Committee has done so far?

**The Minister for Education:** (a) For compiling a "Who's Who" of persons who took part in India's struggle for freedom in Bengal relating to the period from 1818 to 1947.

(b) Two committees were set up for the purpose. The first committee was asked to compile information for the period 1905-1947 and the second committee (generally called the "Historians' Committee") was asked to deal with the period 1818-1904.

The Historians' Committee has completed its work. Its report has been published under the title "Freedom Movement in Bengal (1818-1904)".

The other committee (for 1905 to 1947) has been requested to complete its work within the 31st August, 1969.

**বার্ধক্য ভাতা ও কল্যাণ ভবনে প্রতিপালনের জন্য আবেদনপত্র**

**762.** (Admitted question No. 1730.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (সমাজ-কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সমাজ-কল্যাণ দপ্তরে এ বৎসর নিম্ন বিষয়ের উপর কত আবেদন আসিয়াছে—

(১) বার্ধক্য ভাতা; এবং

(২) কল্যাণ ভবনে প্রতিপালনের দুঃস্থ পরিবারের পক্ষে?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

এ বৎসরের ১লা জানুয়ারী হইতে ২৩শে জুলাই অবধি সমাজ-কল্যাণ দপ্তরে প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা নিম্নরূপ—

(২) ৮০৫টি।

(১) ৪৪২টি।

**কাংস্য শিল্পীদের রাং ও তামা সরবরাহ**

**763.** (Admitted question No. 1741.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁসার জন্য রাং ও তামা রাজ্যসরকার কিভাবে কাংস্য শিল্পীদের বিতরণ করেন; এবং

(খ) খাগড়ার কাংস্য শিল্প রক্ষার জন্য এই সকল কাঁচামাল বণ্টনের কি ব্যবস্থা আছে?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) পশ্চিমবঙ্গের নিজস্ব কোন কোটা নাই। তবে শিল্পীরা ভারত সরকারের বর্তমান আমদানী-নীতি অনুযায়ী সরাসরি রাং ও তামা আমদানী করিতে পারেন। নূতন দরখাস্ত কারীদের বেলায় (যাহারা পূর্বে দুই বৎসর যাবৎ তামা ও রাংয়ের জন্য কোন আমদানী লাইসেন্স পায় নাই) কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকর্তার দ্বারা তাহাদের দরখাস্ত স্পনসর্ড করা হয়। কিন্তু পুরাতন দরখাস্তকারীরা (যাহারা পূর্বের দুই বৎসরের মধ্যে একবারও লাইসেন্স পাইয়াছেন) তাহারা লাইসেন্সিং অথরিটি-র নিকট হইতে সরাসরি লাইসেন্স পুরাতন নিয়ম অনুযায়ী পাইতে পারেন।

(খ) উপরিউক্ত নিয়মানুযায়ী খাগড়ার কাংস্য শিল্পীরাও আমদানী লাইসেন্স পাইতে পারেন।

### মির্জাপুর হইতে স্টেট হাইওয়ে পর্যন্ত রাস্তার সংস্কার সাধন

**764.** (Admitted question No. 1744.)

**শ্রীকুবেরচাঁদ হালদারঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার মির্জাপুর গ্রাম হইতে স্টেট হাইওয়ে পর্যন্ত তিন মাইল রাস্তা কাঁচা থাকায় মির্জাপুরের রেশম শিল্পীদের মাল সরবরাহে অসুবিধা হইতেছে, এবং

(খ) অবগত থাকিলে, আর্থিক চলতি বৎসরে উক্ত রাস্তাটির কাজ সুরু হইবে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এবং (খ) কাঁচা রাস্তায় মাল সরবরাহের অসুবিধা হওয়া স্বাভাবিক; কিন্তু রাস্তাটি পাকা করিবার কোনও পরিকল্পনা এই আর্থিক বৎসরে নাই।

### মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকের অধীনে পাকা রাস্তা

**765.** (Admitted question No. 1778.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশীয়াড়ী ব্লকের অধীনে কোন্ কোন্ রাস্তা ১৯৬৯-৭০ সালে পাকা করার স্কীমে আনা হয়েছে; এবং

(খ) কোন্ রাস্তার জন্য কত পরিমাণ টাকা ব্যয়-বরাদ্দ স্থির হয়েছে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ১৯৬৯-৭০ সালে কোন রাস্তা স্কীমে আনা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### রায়গঞ্জ শহরে কুলিক নদীর ব্রীজ

**766.** (Admitted question No. 1782.)

**শ্রীমানস রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রায়গঞ্জ শহরের নিকট কুলিক নদীর উপর একটি ব্রীজ করে সুভাষ-গঞ্জের সাথে যোগাযোগ এবং বাহিন পর্যন্ত একটি রাস্তা হওয়ার জন্য ১৯৬৭ সালে সরকার একটি স্কীম অনুমোদন করেছিলেন;

(খ) সত্য হইলে, তাহা কি নাগাদ কার্যকরী করা হবে;

(গ) রায়গঞ্জ থানায় ১৯৬৯-৭০ সালে কোন রাস্তা হওয়ার স্কীম আছে কিনা; এবং

(ঘ) যদি থাকে, তবে কবে নাগাদ সেই কাজ আরম্ভ হবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এবং (খ) চতুর্থ পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য ১৯৬৭ সালে একটি খসড়া তালিকা প্রস্তুত করা হয়। প্রশ্নে উল্লিখিত রাস্তা ও সেতু আর্থিক সংগতি সাপেক্ষে সেই তালিকাভুক্ত হয়েছিল। কিন্তু অর্থ বরাদ্দ হ্রাস পাওয়ায় সমগ্র চতুর্থ পরিকল্পনাই পুনর্বিবেচনা করা হচ্ছে।

(গ) না, নতুন কোন রাস্তার স্কীম নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

## রবীন্দ্র রচনাবলী

**767.** (Admitted question No. 1790.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র রচনাবলী (শত বার্ষিকী সুলভ সংস্করণ) মোট কত কপি ছাপা হইয়াছিল;

(খ) তাহার মধ্যে কত কপি বিক্রয় করা হইয়াছে; এবং

(গ) অবিক্রীত বইগুলি বিক্রয় কবার কি ব্যবস্থা সরকার করিতেছেন?

**The Minister for Education:**

(ক) পনের খণ্ডে সম্পূর্ণ রবীন্দ্র রচনাবলী (শত বার্ষিকী সুলভ সংস্করণ) মোট ৫০,০০০ সেট ছাপা হইয়াছিল। মোট মুদ্রিত পুস্তকের সংখ্যা ৭,৫০,০০০।

(খ) এই পঞ্চাশ হাজার সেটের মধ্যে মোট ৪৯,৫২৩ সম্পূর্ণ সেট বিক্রয়ের জন্য রেজিস্ট্রী করা হয়।

দুই শত আটান্ন সম্পূর্ণ সেট বিনা মূল্যে বণ্টন করা হইয়াছে। বিভিন্ন খণ্ডের কয়েকখানি পুস্তক অনিবার্য কারণে নষ্ট হওয়ায় ও ডাকের গোলমালে হারাইয়া যাওয়ায় বর্তমানে সম্পূর্ণ ও অসম্পূর্ণ মিলাইয়া মোট ২১৯টি সেট হাতে আছে।

(গ) পূর্বেই যাঁহাদের আবেদনপত্র মঞ্জুর করা হইয়াছে তাঁহাদের জন্য সংরক্ষিত সম্পূর্ণ ও অসম্পূর্ণ সেটগুলি ছাড়া বিক্রয়যোগ্য সেট আর মজুত নাই।

## বে-সরকারী স্কুলের শিক্ষকগণের ডি এ দেওয়ার ব্যবস্থা

**768.** (Admitted question No. 1845.)

**শ্রীআকতাব উদ্দিন আমেদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রতি তিন মাস অন্তর বে-সরকারী স্কুলের শিক্ষকগণের ডি এ দেওয়ার কথা;

(খ) সত্য হইলে, এই বৎসরের মার্চ মাস হইতে মে মাস পর্যন্ত তিন মাসের সরকারী ডি এ শিক্ষকগণকে দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) দেওয়া না হইলে, কতদিনের মধ্যে দেওয়া হইবে?

**The Minister for Education:**

(ক) কোন লিখিত সিদ্ধান্ত নাই, তবে তিন মাস অন্তর দেওয়া হয় ইহা সত্য।

(খ) না। কেবলমাত্র মার্চ মাসের ডি এ দেওয়া হইয়াছে।

(গ) সেপ্টেম্বর মাসের মধ্যে দেওয়া হইবে।

### আদিবাসীদের জন্য প্রাথমিক বিদ্যালয়

**769.** (Admitted question No. 1876.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় আদিবাসী বা উপজাতির জন্য কোন প্রাথমিক বিদ্যালয় আছে কিনা; এবং

(খ) পশ্চিমবঙ্গে এইরূপ বিদ্যালয় কয়টি?

**The Minister for scheduled Castes and Tribes Welfare:**

(ক) কেবলমাত্র আদিবাসীদের জন্য কোন বিদ্যালয় নাই।

(খ) একটিও না।

### CARE School Meal Service Scheme

**770.** (Admitted question No. 1888.) **Shri MOHAMED ABDUL LATIF:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether Government receives from CARE flour, milk and sugar for supplying bread to primary school children in Calcutta on condition that the Government will pay baking charges?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) what was the rate of baking charges paid by Government in 1968;

(ii) whether any tender was called for appointment of baking contractor in 1968: and

(iii) what is the total amount of remuneration paid to the said contractor in 1968?

**The Minister for Education:** (a) Wheat-flour, milk powder and salad oil or ghee, but no sugar, are supplied by CARE for the purpose. Government pays processing, packaging and distribution charges, for the bread, clearing, handling, godown and transport charges wherever necessary, are also paid by Government.

(b) (i) 72 paise per two-pound piece of milk bread and 54 paise for each two-pound plain bread without milk powder, including packaging, distribution and godown charges.

(ii) No. The Calcutta Wholesale Consumers' Co-operative Society and Shri Sailendra Shivji Kothari had been appointed by Government as agent and substitute agent, respectively, for the purpose.

(iii) Rs. 1,19,101.48 to the Calcutta Wholesale Consumers' Co-operative Society and Rs. 1,71,800.12 to Shri Sailendra Shivji Kothari.

### বালিঘাটা-জঙ্গীপুর রোড স্টেশন রাস্তা

**771.** (Admitted question No. 1943.)

**শ্রীকুবেরচাঁদ হালদারঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বালিঘাটা হইতে জঙ্গীপুর রোড স্টেশন পর্যন্ত (মিঞাপুর) সড়কটি নির্মাণের বিষয়ে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(খ) এই সড়কটি নির্মাণের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এবং (খ) ঐ নামে কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের নাই, সুতরাং উহার সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের প্রশ্ন ওঠে না।

### ঝাড়গ্রাম মহকুমায় দাবী করা জমিগুলি চাষীদের দিবার ব্যবস্থা

**772.** (Admitted question No. 1971.)

**শ্রীধনঞ্জয় কর:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঝাড়গ্রাম মহকুমায় দাবী করা জমিগুলি চাষীরা দীর্ঘদিন ধরিয়া চাষ করিয়া আসিতেছে ;

(খ) সত্য হইলে, দীর্ঘদিন ধরিয়া চাষ করা জমিগুলি যাহাতে চাষীরা পায় সে বিষয়ে সরকার কোন চিন্তা করিতেছেন কিনা; এবং

(গ) বনের ফল, মূল, পাতা ইত্যাদি বিনা মূল্যে ও বিনা অনুমতিতে আহরণ করার যে অধিকার পূর্ব সেটেলমেন্টে স্বীকৃত ছিল তাহা বর্তমান সরকার স্বীকার করিয়া লইয়াছেন কিনা?

**The Minister for Forests:**

(ক) হ্যাঁ, কিছু পরিমাণ জমির ক্ষেত্রে ইহা সত্য।

(খ) গত ২৬-৬-৬৯ তারিখে মন্ত্রী পর্যায়ে এ বিষয়ে বিস্তৃত আলোচনার পর স্থির হইয়াছে যে, এইরূপ বিষয়গুলি বন, ভূমি ও ভূমিরাজস্ব ও কৃষি প্রভৃতি বিভাগগুলির এই বিষয়ে ভার-প্রাপ্ত কর্মচারিগণ যুক্তভাবে সরেজমিনে তদন্ত করিয়া তাহাদের লিখিত বক্তব্য জেলাশাসক, সমাহর্তা (জমিদারী গ্রহণ), ভূক্তি বন আধিকারিক, জেলা মুখ্য কৃষি আধিকারিক ও সেচ বিভাগের প্রতিনিধি লইয়া গঠিত জেলা কমিটির নিকট সিদ্ধান্তের জন্য পেশ করিবেন। এবং জেলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(গ) সেটেলমেন্ট স্বীকৃত অধিকার বর্তমানে অস্বীকার করা হয় না।

### Deep tubewells in Arambagh subdivision

**773.** (Admitted question No. 1983.) **Shri AJIT KUMAR BISWAS:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) how many deep tubewells have been sunk in Arambagh subdivision thanawise up to date; and

(b) how many of them are in working condition and how many are out of order?

**The Minister for Irrigation and Waterways:** (a) Sixty deep tubewells—

| P. S. | No. of tubewells sunk. |
|---|---|
| Goghat | 7 Nos. |
| Pursurah | 11 " |
| Khanakul | 13 " |
| Arambagh | 20 " |
| Total | 60 Nos. |

(b) 55 of the 60 deep tubewells are in working condition and 5 at the following places are out of order at persent:

(i) Anantanagar.
(ii) Belepara.
(iii) Kumarhat.
(iv) Anur.
(v) Khatagram.

**পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণ**

**774.** (Admitted question No. 2008.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ ১৯৬৯ থেকে ১৫ই জুলাই পর্যন্ত পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণ কত;

(খ) গত বছর ঐ একই সময়ে উক্ত অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ কত ছিল; এবং

(গ) এ বছর উক্ত পরিমাণ বৃষ্টিপাতের ফলে পশ্চিমবঙ্গের ধান ও পাটচাষের কোন অসুবিধা হইতেছে কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ৩৩৮৪·৭ মিলিমিটার।

(খ) ৪৯৩৭·১ মিলিমিটার।

(গ) আউস ধান ও পাটচাষের কোন অসুবিধা হয় নাই। কোনকোন অঞ্চলে আমন ধান চাষের (ট্র্যান্সপ্ল্যানটেশন) কিছু বিলম্ব ঘটিয়াছে।

**ব্যাঁটরা থানায় কবরখানার কাছে ড্রেনের জল নিকাশের ব্যবস্থা**

**775.** (Admitted question No. 2061.)

**শ্রীঅনাদি দাসঃ** স্থানীয় স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) হাওড়া জেলার ব্যাঁটরা থানার অন্তর্গত মধুসূদন পাল চৌধুরী লেন ও মুসলমান-পাড়া লেনের সংযোগস্থলে যে মুসলিম কবরস্থানটি আছে হাওড়া মিউনিসি-প্যালিটির একটি ড্রেন সেই কবরস্থানে আসিয়া শেষ হইয়াছে এবং ঐ জলনিকাশের কোন ভাল ব্যবস্থা নাই; এবং

(২) বর্ষাকালে কবরস্থানের বেশীর ভাগ ও গ্রীষ্মকালেও অধিকাংশ স্থানে জলমগ্ন থাকে বা কবর দিবার অনুপযুক্ত থাকে; এবং

(খ) অবগত থাকিলে, এই কবরস্থানটি উপযুক্তভাবে ব্যবহারের উপযোগী করিয়া রাখিবার কোন ব্যবস্থা হইতেছে কিনা?

**The Minister for Local Self-Government:**

(ক) (১) ড্রেনটি ব্যাঁটরা কবরস্থানে শেষ হয় নাই, ইহা মিউনিসিপ্যাল ড্রেনেজ ক্যানেলে গিয়া পড়িয়াছে। কিন্তু উহা দক্ষিণ-পূর্ব রেলওয়ে কর্তৃক বৈদ্যুতিকরণের প্রয়োজনে অধিকৃত হইয়াছে এবং রেলওয়ে কতৃপক্ষ কর্তৃক ঐ স্থানের জল নিকাশের উপযুক্ত ব্যবস্থা না করায় বর্ষাকালে কিছু অংশ জল জমিয়া থাকে।

(২) কবরস্থানটি নিম্ন জলাভূমিতে অবস্থিত হওয়ায় বর্ষাকালে কিছু অংশে জল জমিয়া থাকে। তবে অপেক্ষাকৃত উঁচু অংশে কবর দেওয়ার ব্যবস্থা আছে।

গ্রীষ্মকালে যে অংশে জল থাকে তাহা মিউনিসিপ্যালিটির ড্রেনের অংশ, কবরস্থানের নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Lodhas in Jhargram subdivision

**776.** (Admitted question No. 2082.) **Shri JAGATPATI HANSDA: Will** the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare **Department** be pleased to state—

(a) what is the numercial strength of the Lodhas in Jhargram **subdivision** thana by thana;

(b) how many institutions have been thrown open for the welfare of those in the said subdivision;

(c) how much money the Government has contributed towards the purchase of land for rehavilitating Lodhas at Santigarh;

(d) how much land is now at the disposal of the Santigarh Sabar Krishi Samity of Garsalbani at Jhargram;

(e) who are now the members of the Executive Committee of the said Samity;

(f) when the authorities of the Tribal Welfare Department have last inspected the works of the Samity; and

(g) when the account of the Samity was last audited by Government Auditors?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:** (a) Jhargram police-station—2,000; Binpur police-station—670; Jamboni police-station—1,000; Sankrail police-station—300; Gopiballavpur police-station—200; and Nayangram police-station—1,300.

(b) Two.

(c) Rs. 3,000.

(d) 105.55 acres.

(e) 1. Shri Naba Sabar—Chairman and Cashier.

2. Shri Nirmal Ghosh—Secretary.

3. Shri Nayab Sabar—Director.

4. Shri Suren Sabar—Director.

5. Shri Narayan Murmu—Director.

(f) There is no record.

(g) 22nd March, 1969.

**মেদিনীপুর জেলায় নয়াগ্রামে ও গোপীবল্লভপুর এলাকায় প্রাথমিক চিকিৎসাকেন্দ্র**

**777.** (Admitted question No. 2095.)

**শ্রীজগৎপতি হাঁসদাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রামে ও গোপীবল্লভপুর ১—৭ নং অঞ্চল পর্যন্ত এলাকায় কোন প্রাথমিক চিকিৎসাকেন্দ্র (প্রাইমারী হেল্‌থ সেন্টার) আছে কিনা;

(খ) না থাকিলে উহার কারণ কি; এবং

(গ) প্রাথমিক হেল্‌থ সেন্টার না হওয়া পর্যন্ত প্রতি ইউনিয়ন বা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার-এ কয়েকটি বেড স্থাপনের জন্য সরকার কোন চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Health:**

(ক) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সংশোধিত এবং পরিকল্পনানুসারে অঞ্চল এলাকা অনুযায়ী স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয় না।

(খ) প্রয়োজনীয় জমি নির্বাচিত না হওয়ায় নয়াগ্রাম ব্লকে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এখনও স্থাপিত হয় নাই। গোপীবল্লভপুর ১নং ও ২নং ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র দুইটি যথাক্রমে ৪নং এবং ৭নং অঞ্চলে অবস্থিত।

(গ) প্রতি উপ-স্বাস্থ্যকেন্দ্রে দুইটি করিয়া পথ্যবিহীন প্রসূতি শয্যা রহিয়াছে। এইসব স্বাস্থ্যকেন্দ্রে অন্য কোন শয্যা স্থাপনের পরিকল্পনা নাই।

**মুর্শিদাবাদ জেলার নওদা থানায় নূতন রোগের প্রাদুর্ভাব**

**778.** (Admitted question No. 2110.)

**শ্রীমহঃ নাসিরুদ্দিন খানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি এইরূপ সংবাদ সম্পর্কে অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার নওদা থানার অধীন কতগুলি গ্রামে গত ২/৩ বৎসর যাবৎ হঠাৎ কিছু কিছু পরিবারের লোক পঙ্গু হইয়া পড়িতেছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে এই ধরনের রোগ সম্পর্কে কোন গবেষণা হইয়াছে কিনা এবং গবেষণা হইয়া থাকিলে তাহার ফলাফল কি; এবং

(গ) এই ধরনের রোগাক্রান্ত ব্যক্তিদের বিনামূল্যে চিকিৎসার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা?

**The Minister for Health:**

(ক) ১৯৬৮ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাস নাগাদ এইরূপ কয়েকটি ঘটনার সংবাদ পাওয়া গিয়াছিল।

(খ) এই রোগের কারণ অনুসন্ধান করিবার জন্য রোগীদের খাদ্যবস্তু পরীক্ষাগারে পরীক্ষা করা হইয়াছে। ইহাতে কোন রকম বিষাক্ত বা স্বাস্থ্যহানিকর দ্রব্যের সন্ধান পাওয়া যায় নাই।

(গ) হ্যাঁ।

**রাণাঘাট, কালনা ইত্যাদি মহকুমা হাসপাতালগুলির নির্মাণকার্য**

**779.** (Admitted question No. 2126.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণাঘাট, কালনা, ডায়মণ্ডহারবার এবং ইসলামপুর প্রভৃতি মহকুমা হাসপাতালগুলির নির্মাণকার্য কি শেষ হইয়াছে;

(খ) যদি হইয়া থাকে তবে, কোন্ হাসপাতাল কোন্ বছরে হইয়াছে; এবং

(গ) কোন্ হাসপাতালে কতগুলি করিয়া শয্যা (বেড) আছে?

**The Minister for Health:**

(ক) ও (খ) ইসলামপুর মহকুমা হাসপাতালটির নির্মাণকার্য বর্তমান বৎসরে শেষ হইবে বলিয়া আশা করা যায়। অন্যান্য হাসপাতালগুলির নির্মাণকার্য শেষ হয় নাই।

(গ) ইসলামপুর হাসপাতালে বর্তমান বৎসরেই ২০টি শয্যা খোলা হইতেছে: নির্মাণকার্য সম্পূর্ণ হইলে এ হাসপাতালে মোট ৬৮টি শয্যা থাকিবে।

**গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা**

**780.** (Admitted question No. 2131.)

**শ্রীমহঃ নাসিরুদ্দিন খানঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, যে সকল গ্রামের মধ্য দিয়ে বিদ্যুৎ লাইন গিয়াছে সেই সেই গ্রামের অধিবাসীদের বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা আছে কিনা?

**The Minister for Commerce and Industries:**

চার শ্রেণীর বিদ্যুৎ সরবরাহের লাইন আছে; যথাঃ (১) একষ্ট্রা হাইভোল্টেজ, (২) হাই-ভোল্টেজ, (৩) মিডিয়াম ভোল্টেজ এবং (৪) লো ভোল্টেজ।

যদি প্রশ্নে উল্লিখিত বিদ্যুৎ লাইন বলিতে লো ভোল্টেজ সাপ্লাই লাইন বোঝায় তাহা হইলে টাকা জমা দিলেই বিদ্যুৎ সরবরাহ পাওয়া যাইবে।

যদি উহা অন্যান্য ভোল্টেজের কোন লাইন বোঝায় তাহা হইলে তৎসম্পর্কে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ্-এর আর্থিক বিনিয়োগের সংস্থানসাপেক্ষে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা বিবেচনা করা হইয়া থাকে।

### রামপুরহাট মহকুমায় আংশিক রেশন ডিলারের বরখাস্তের ঘটনা

**781.** (Admitted question No. 2136.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-এর জানুয়ারী হইতে জুন মাসের মধ্যে রামপুরহাট মহকুমা খাদ্য ও সরবরাহ দপ্তরের অধীন কতজন আংশিক রেশন ডিলারকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে;

(খ) উক্ত সময়ের মধ্যে সাময়িকভাবে বরখাস্ত আংশিক ডিলারের কতজনের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহৃত হইয়াছে; এবং

(গ) ১৯৬৭ ও ১৯৬৮ সালে এই সময়ের (অর্থাৎ জানুয়ারী হইতে জুন) মধ্যে কতজন আংশিক রেশন ডিলার সাময়িকভাবে বরখাস্ত হন ও তন্মধ্যে কতজনের সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহৃত হয়?

**The Minister for Food and Supplies:**

(ক) দুইজন।

(খ) দুইজন।

(গ) ১৯৬৭ সালে এই সময়ের মধ্যে রামপুরহাট মহকুমার কোন আংশিক রেশন ডিলারকে বরখাস্ত করা হয় নাই। ফলে বরখাস্তের আদেশ প্রত্যাহারের প্রশ্ন উঠে না।

১৯৬৮ সালে ঐ সময়ের মধ্যে দুইজন আংশিক রেশন ডিলারকে বরখাস্ত করা হয়। তাহাদের বরখাস্তের আদেশ তুলিয়া লওয়া হয় নাই।

### রেশন কার্ড শ্রেণী বিভাগীকরণের নীতি

**782.** (Admitted question No. 2193.)

**শ্রীদেবব্রত দত্তঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রেশন কার্ড শ্রেণীবিভাগীকরণের নীতি বা ভিত্তি কি?

**The Minister for Food and Supplies:**

বিধিবদ্ধ রেশন এলাকায় দুই শ্রেণীর রেশন কার্ড আছেঃ (১) অপ্রাপ্তবয়স্ক বা যাহাদের বয়স অনূর্ধ আট বৎসর; (২) প্রাপ্তবয়স্ক যাহাদের বয়স আট বৎসরের বেশী। বিধিবদ্ধ রেশন এলাকার বাহিরে আংশিক রেশন ব্যবস্থায় পাঁচ শ্রেণীর রেশন কার্ড আছেঃ—

(১) 'ক' শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত (চ) যে-কোন জেলাতেই যাঁহারা বর্গাদার নন এবং যাঁহাদের কোন ধানজমি নাই, সেই সমস্ত পরিবার, (ছ) ঘাটতি জেলাগুলিতে যাঁহাদের সেচ এলাকার বাহিরে এক বিঘা পর্যন্ত ধান জমি আছে সেই সমস্ত পরিবার।

(২) 'খ' শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার যাঁহারা এক একর পর্যন্ত অসেচ-সেবিত অথবা অর্ধ একর পর্যন্ত সেচ-সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

(৩) 'গ' শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার, যাঁহারা এক একর হইতে দুই একর পর্যন্ত অসেচ-সেবিত ধান জমির অথবা অর্ধ একর হইতে এক একর পর্যন্ত সেচ সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

(৪) 'ঘ' শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার, যাঁহারা দুই একর হইতে চার একর পর্যন্ত অসেচ-সেবিত ধান জমির অথবা এক একর হইতে দেড় একর পর্যন্ত সেচ সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

(৫) 'ঙ' শ্রেণী—অন্য সমস্ত পরিবার এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

উল্লিখিত শ্রেণীবিভাগের নীতি এই যে, যাহাদের নিজেদের খাদ্য উৎপাদনের কোন ব্যবস্থা বা সুযোগ নাই বা স্বল্প পরিমাণে আছে, তাহাদের আংশিক রেশন ব্যবস্থার মাধ্যমে খাদ্যশস্য বণ্টনের বিষয়ে পর্যায়ক্রমে অগ্রাধিকার দেওয়া।

দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে (যেখানে খাদ্যশস্যের উৎপাদন নগণ্য) কোন শ্রেণীগত তারতম্য না করিয়া সারা বৎসরই সকলকে আংশিক রেশন ব্যবস্থার মাধ্যমে খাদ্যশস্য বন্টন করা হয়।

### চিড়িয়াখানায় ছাত্রছাত্রীদের জন্য প্রবেশমূল্য

**783.** (Admitted question No. 2194.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** পশুপালন ও পশুচিকিৎসা দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী পরিচালনাধীন আলিপুর চিড়িয়াখানায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রবেশমূল্য কমান যায় কিনা সে সম্পর্কে সরকার কোন চিন্তা করছেন কি; এবং

(খ) চিন্তা করলে তা কবে হতে কার্যকরী করা হবে?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) বিশেষ বিশেষ ক্ষেত্রে শিক্ষাগত কারণে চিড়িয়াখানা প্রদর্শনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সার্টিফিকেট দাখিলসাপেক্ষে ছাত্রছাত্রীদের বিনামূল্যে চিড়িয়াখানায় প্রবেশের ব্যবস্থা প্রচলিত আছে। সুতরাং বর্তমানে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চিড়িয়াখানায় প্রবেশ মূল্য কমান সম্পর্কে কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### Scholarships for Scheduled Castes and Tribes students

**784.** (Admitted question No. 2219.) **Shri GANGAPADA KUAR:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) whether there is any provision for awarding scholarships to the Schduled Castes and Tribes students by the State Government for prosecuting their study abroad and study outside the State of West Bengal;

(b) if so, what are the various courses of study for which the scholarship is granted; and

(c) how many students of those communities have been granted scholarship during the last three years?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:** (a) No provision for scholarship for study abroad.

Students belonging to this State but studying in India outside this State are entitled to all scholarship under the Post-Matric Scholarship Scheme.

(b) Reply covered by (a) above.

| | | |
|---|---|---|
| (c) | 1966-67 | 95 |
| | 1967-68 | 111 |
| | 1968-69 | 118 |
| | | 324 |

**Subsidiary Health Centre at Jogeshganj Anchal, 24-Parganas**

**785.** (Admitted question No 2213.) **Shri HAZARI LAL MANDAL:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how far the work of setting up a subsidiary health centre at Jogeshganj proper in the Jogeshganj Anchal of the Hingalganj police-station in the district of 24-Parganas has progressed; and

(b) when the work is likely to be completed?

**The Minister for Health:** (a) Necessary land for establishment of a subsidiary health centre at Jogeshganj has been received as donation. The donors who agreed to raise the level of the land at their cost have been requested to do so early so that steps for constructional works can be taken.

(b) Cannot be stated now.

**মেদিনীপুর জেলার দাসপুর ব্লকে ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত গৃহের সংখ্যা**

**786.** (Admitted question No. 2227.)

**শ্রীগঙ্গাপদ কুণ্ডরঃ** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর ১নং ব্লকের অন্তর্গত ১নং নাড়াজোল অঞ্চলে গত ২৪এ এপ্রিল তারিখের ঘূর্ণিবাত্যায় কতগুলি গৃহ ক্ষতিগ্রস্ত হইয়াছিল;

(খ) উক্ত ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সরকার এ পর্যন্ত কি কি সাহায্য দিয়াছেন; এবং

(গ) উক্ত ক্ষতিগ্রস্ত পরিবারবর্গের গৃহনির্মাণের জন্য কোন অর্থসাহায্য বরাদ্দ করা হইয়াছে কিনা?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) প্রায় ৩০০টি গৃহ; এর মধ্যে কিছু কিছু গৃহের ক্ষতি সামান্য।

(খ) সাময়িক আশ্রয়ের জন্য কিছু কিছু পরিবারকে ত্রিপল দেওয়া হয়েছে। এছাড়া ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে খয়রাতি সাহায্য দান বাবত, মোট ২০ কুইন্টাল গম বরাদ্দ করা হয়েছে।

(গ) ১১৭টি ক্ষতিগ্রস্ত পরিবারের ক্ষেত্রে, গৃহনির্মাণ অনুদানের প্রস্তাব বিবেচনা করে দেখা হচ্ছে।

**মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীর ফাঁসি**

**787.** (Admitted question No. 2254.)

**শ্রীআজিজুর রহমানঃ** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৬ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কতজন লোককে ফাঁসি দেওয়া হইয়াছে?

**The Minister for Judicial:**

পশ্চিমবঙ্গে ১৯৬৬ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত কোন মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীকে ফাঁসি দেওয়া হয় নাই।

**আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি**

**788.** (Admitted question No. 2260.)

**শ্রীবামাপদ মুখার্জি:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি সরকারের প্রাপ্য কর প্রতি বছর মিটাইয়া দেয় কি;

(খ) না দিলে, কতদিনের বাকি আছে; এবং

(গ) সরকার বকেয়া কর আদায় করিতে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Finance:**

(ক) আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি ১৯৬৮ সালের মে মাস পর্যন্ত সরকারের সমস্ত প্রাপ্য শুল্ক মিটাইয়া দিয়াছে।

(খ) ১৯৬৮ সালের জুন মাস হইতে তাহাদের দেয় শুল্ক বাকি আছে। তবে, কোম্পানি হিসাবপত্তর চূড়ান্ত ভাবে স্থির হওয়া সাপেক্ষে তাহারা প্রতি মাসে ৩০ হাজার টাকা করিয়া ১৯৬৮ সালের জুন হইতে আগস্ট পর্যন্ত বকেয়া শুল্ক বাবত জমা দিয়াছে। ১৯৬৮ সালের সেপ্টেম্বর মাস হইতে তাহারা কোন প্রাপ্য শুল্ক দেয় নাই। সরকারের প্রধান বিদ্যুৎ পরিদর্শক বারংবার তাগিদ করায় উক্ত কোম্পানি ১৯৬৮ সালের সেপ্টেম্বর হইতে ১৯৬৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত প্রাপ্য শুল্ক বাবত সাময়িকভাবে এককালীন দুই লক্ষ টাকা জুলাই মাসের মধ্যে দিবার প্রতিশ্রুতি দিয়াছে।

(গ) সরকারের প্রধান বিদ্যুৎ পরিদর্শক (চীফ ইলেকট্রিক্যাল ইন্সপেক্টর) বকেয়া শুল্ক আদায় করিবার জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

**মুর্শিদাবাদ সিল্ক অ্যাসোসিয়েশন**

**789.** (Admitted question No. 2366.)

**ডাঃ মহঃ একামুল হক বিশ্বাস:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রেশম শিল্পের উন্নয়নের জন্য যে মুর্শিদাবাদ সিল্ক এসোসিয়েশন গঠিত হয় বর্তমানে সেই সমিতির কাজ চালু আছে কিনা;

(খ) চালু না থাকিলে বন্ধ হওয়ার কারণ কি; এবং

(গ) মুর্শিদাবাদ সিল্ক এসোসিয়েশন পুনরায় চালু করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) মুর্শিদাবাদ সিল্ক অ্যাসোসিয়েশন একটি বেসরকারী সংস্থা; যতদূর জানা যায়, বর্তমানে ইহা কার্যকরীভাবে চালু নাই।

(খ) যতদূর জানা যায়, সদস্যদের মধ্যে উৎসাহের অভাবই এই সমিতি বন্ধ হওয়ার কারণ।

(গ) বর্তমানে সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন না।

**ব্লক অফিস ও বি ডি ও-র কোয়ার্টার, নলহাটি**

**790.** (Admitted question No. 2370.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নলহাটি থানার নলহাটি ২নং ব্লকের জন্য লোহাপুর ব্লকে অফিস ও বাসস্থান নির্মাণকার্য শেষ হইয়াছে কিনা, এবং হইলে কবে শেষ হইয়াছে;

(খ) ব্লক অফিস ও বি ডি ও-র কোয়ার্টার বাবত মাসে সরকার কত ভাড়া দেন; এবং

(গ) ব্লক অফিস সরকারী বাড়িতে এখনও স্থানান্তরিত না করার কারণ কি এবং কবে নাগাদ স্থানান্তরিত করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) গৃহনির্মাণকার্য মোটামুটিভাবে ২২-৮-৬৭ তারিখে শেষ হইয়াছে।

(খ) ব্লক অফিসের জন্য সরকারকে মাসে ৭৫ টাকা দিতে হয়। ব্লক উন্নয়ন আধিকারিকের আবাসগৃহের জন্য সরকারকে কোন ব্যয় বহন করিতে হয় না।

(গ) গৃহগুলিতে কিছু ত্রুটি থাকার জন্য অফিস সরকারীগৃহে স্থানান্তরিত করা সম্ভব হয় নাই। ত্রুটিগুলি দূরীকরণের জন্য নির্বাহী বাস্তুকারকে অনুরোধ করা হইয়াছে এবং সংশ্লিষ্ট আধিকারিকগণকে অফিসগৃহের দখল সত্বর লইবার জন্য লেখা হইয়াছে। দখল লওয়ার পর অফিস সরকারীগৃহে স্থানান্তরিত করা হইবে।

**পশ্চিমবঙ্গে সুতাকলের সংখ্যা**

**791.** (Admitted question No. 2392.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট কয়টি সুতাকল আছে; এবং

(খ) প্রত্যেকটি কল হইতে গত তিন বৎসরের কোন্ বৎসর কত সুতা উৎপন্ন হইয়াছিল?

**The Minister for Commerce and Industries:**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৪১টি সুতা কাপড়ের কলের মধ্যে সুতা ও কাপড়ের সংযুক্ত কল ২০টি এবং সুতাকল ২১টি।

(খ) ব্লক অফিসের জন্য সরকারকে মাসে ৭৫ টাকা দিতে হয়। ব্লক উন্নয়ন আধিকারিকের বৎসরের উৎপাদন নিম্নে প্রদত্ত হইলঃ

১৯৬৬—৪৬,৪৯৮ (হাজার কেজি)

১৯৬৭—৪৫,৩১০ (হাজার কেজি)

১৯৬৮ (মে মাস পর্যন্ত)—২১,৫৩৬ (হাজার কেজি)

**Supply of electricity in Kalimpong from the Jaldhaka Hydel Power Station**

**792.** (Admitted question No. 2426.) **Shri PADMA LAKSHMI SUBBA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government is considering the desirability of supplying electricity in Kalimpong from the Jaldhaka Hydel power installation which lies within the Kalimpong subdivision; and

(b) what steps the present Government have proposed to take for rural electrification at Kalimpong?

**The Minister for Commerce and Industries:** (a) No.

(b) There is no scheme at present for rural electrification in Kalimpong area.

**বর্ধমান জেলায় প্যাকেজ প্রোগ্রাম**

**793.** (Admitted question No. 2431.)

**শ্রীদেবব্রত দত্তঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলায় প্যাকেজ প্রোগ্রাম খাতে উক্ত প্রোগ্রাম চালু হওয়ার পর হইতে এখন পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

বর্ধমান জেলায় প্যাকেজ প্রোগ্রাম খাতে উক্ত প্রোগ্রাম চালু হওয়ার পর হইতে ১৯৬৯ সালের মার্চ মাসের শেষ পর্যন্ত ১,৫২,৯২,৯৭৭ টাকা ব্যয় হইয়াছে।

### রামপুরহাট মহকুমায় হাস্কিং মেসিন

**794.** (Admitted question No. 2434.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট মহকুমা এলাকায় মোট কতগুলি হাস্কিং মেসিন চালু আছে;

(খ) কতগুলি হাস্কিং মেসিন বন্ধ আছে; এবং বন্ধ থাকার কারণ কি; এবং

(গ) ঐ বন্ধ মেসিনগুলি চালু করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) ১৫০টি।

(খ) রামপুরহাট মহকুমায় মোট ৯টি হাস্কিং মেসিন বন্ধ আছে। তন্মধ্যে ৬টি বন্ধ আছে জেলা সীমানা হইতে ৩ কিলোমিটারের মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত বলিয়া এবং অপর ৩টি বন্ধ আছে অংশীদারদের মধ্যে মামলা-মোকদ্দমার জন্য।

(গ) ১৯৬৬ সালের ওয়েস্ট বেঙ্গল হাস্কিং মেসিন (কন্ট্রোল অফ অপারেশন) অর্ডার নামক কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রবর্তিত আদেশ অনুসারে সংশ্লিষ্ট জেলাশাসক বা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসার কর্তৃক মঞ্জুরীকৃত লিখিত আদেশবলে এই রাজ্যের অথবা পশ্চিমবঙ্গের যে কোন জেলার সীমানা হইতে ৩ কিলোমিটারের মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত হাস্কিং মেসিনগুলি কেবলমাত্র উক্ত তিন কিলোমিটারব্যাপী জমিতে উৎপন্ন ধান্য ভানিতে পারে। সুতরাং মালিকগণের পক্ষ হইতে কর্তৃপক্ষের নিকট অনুমতির জন্য আবেদনের উপর ঐগুলি চালু করা নির্ভর করে।

যে তিনটি মামলার জন্য বন্ধ আছে সেগুলি সম্পর্কে সরকারের তরফ হইতে কোন ব্যবস্থা গ্রহণের প্রশ্ন উঠে না।

### রামপুরহাট ব্লক (২) অফিস

**795.** (Admitted question No. 2440.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট ব্লক (২)-এর অফিসটি অনাত্র স্থানান্তরিত করার বিষয় সরকার চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, (১) অফিসটি কোথায় স্থানান্তরিত করা হইবে এবং (২) কবে নাগাদ স্থানান্তর করণের কাজ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) রামপুরহাট ২নং ব্লকের অফিস রামপুরহাটের বিবেকানন্দ রোডে "প্রমীলা ভবন" নামে একটি ভাড়া-বাড়িতে গত ১লা এপ্রিল, ১৯৬৬ সাল হইতে অবস্থিত রহিয়াছে এবং ঐ বাড়ি হইতে অফিসটি অন্যত্র স্থানান্তরিত করিবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) এই প্রশ্ন উঠিবার অবকাশ নাই।

### Officer for Co-ordination with the Peace Corps volunteers

**796.** (Admitted question No. 2475.) **Shri BIMAL KANTI DAS:** (a) Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state whether high ranking officers belonging to the Agriculture and Community Development have been assigned the job of co-ordination with the Peace Corps volunteers working in West Bengal?

(b) If the answer to (a) be in affirmative, will the Minister be pleased to state—

(i) the names and designations of these officers;
(ii) the dates when the assignment was made from time to time;
(iii) the nature and purpose of co-ordination; and
(iv) if these officers were deputed to U.S.A. for special training?

**The Minister for Agriculture and Community Development:** (a) As suggested by the Government of India an officer of the State Government was appointed as the State Co-ordinating Officer for foreign volunteer programmes.

(b) (i) Shri S N. Ghosh, Deputy Commissioner for Community Development and Ex-officio Deputy Secretary, Agriculture and Community Development (Community Development) Department.

(ii) Since September, 1964.

(iii) The job of the officer is to maintain co-ordination with the different departments of the State Government, the foreign volunteer agencies and the Government of India.

(iv) No.

### মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিসে আমীনের সংখ্যা

**797.** (Admitted question No. 667.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূমি বণ্টন কাজে সাহায্য করিবার জন্য মুর্শিদাবাদ জেলার প্রতিটি জে এল আর ও অফিসের অধীনে কতজন আমিন আছেন;

(খ) ঐ জেলার প্রত্যেকটি থানায় মোট বণ্টিত খাস জমির মোট কত অংশ ঐ সকল আমীনদের দ্বারা জরীপ সম্পন্ন হইয়াছে;

(গ) প্রত্যেক থানায় যে অংশ এখনও জরীপ হইতে বাকি আছে, সেই অংশে চাষের মরশুমের আগেই জরীপ সম্পন্ন হইবে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে মন্ত্রিমহাশয় বলিবেন কি যে, সরকার জরীপের কাজ ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) মুর্শিদাবাদ জেলার প্রত্যেকটি জে এল আর ও অফিসে একজন করিয়া আমীন আছেন এবং চর জমি জরীপের জন্য সমগ্র জেলায় অতিরিক্ত ৬ জন আমীন আছেন।

(খ) বণ্টিত জমির জরীপের কাজ বাকি নাই।

(গ) এবং (ঘ) প্রশ্ন উঠে না।

### হাজী মোহম্মদ মহসীনের ওয়াকফ্‌কৃত সম্পত্তি

**798.** (Admitted question No. 1102.)

**শ্রীহারুন উর রসিদঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলীর মরহুম হাজী মোহম্মদ মহসীন কত টাকার সম্পত্তি ওয়াকফ্‌ করিয়াছিলেন;

(খ) তাঁহার ওয়াকফ্‌ করা সম্পত্তির বার্ষিক নীট আয় কত টাকা; এবং

(গ) তাঁহার এই ওয়াকফ্‌ করা সম্পত্তির আয় কিভাবে খরচ করা হয়?

**The Minister for Judicial:**

(ক) হাজী মোহম্মদ মহসীন যেসব সম্পত্তি ওয়াকফ্‌ করেন তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। উক্ত সম্পত্তির মোট মূল্য কত তাহা বলা সম্ভবপর নহে।

(খ) ওয়াকফ্‌কৃত সম্পত্তির বার্ষিক মোট আদায়ী আয় আনুমানিক ৩৩,৮০০ টাকা। উক্ত আয় হইতে বাধ্যতামূলক খরচ যথা, পৌর কর, সরকারী রাজস্ব, রিসিভারের কমিশন, ওয়াকফ্‌ এস্টেটের কর্মচারীদের বেতন ও ভাতা, সম্পত্তি সংস্কার, মামলা-মোকদ্দমার খরচ এবং ওয়াকফ্‌ কমিশনারের আইনানুগ প্রাপ্য অর্থ পরিশোধ করা হয়। উপরোক্ত ব্যয়ের পর যাহা অবশিষ্ট থাকে তাহা ওয়াকফ্‌কৃত সম্পত্তির নীট আয়।

(গ) উক্ত আয় হইতে মামলার বাদী ও বিবাদী উভয় পক্ষের অনুমোদিত স্কেল অনুযায়ী হুগলীর জেলা বিচারকের মঞ্জুরী সাপেক্ষ হুগলীর ইমামবাড়ার ধর্মীয় উৎসব সংক্রান্ত ব্যয় মেটান হইয়া থাকে।

### মেদিনীপুর জেলার আদিবাসী উপজাতির জন্য ক্লাব, লাইব্রেরী ইত্যাদি

**799.** (Admitted question No. 2374.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্‌ কোন্‌ জায়গায় আদিবাসী উপজাতির জন্য ক্লাব, লাইব্রেরী ও শস্যগোলা স্থাপিত হইয়াছে; এবং

(খ) শস্যগোলা স্থাপন করিতে হইলে কি পরিমাণ টাকা সরকারী অনুদান হিসাবে পাওয়া যায়?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) সরকারী উদ্যোগে ক্লাব ও লাইব্রেরী স্থাপনের কোন ব্যবস্থা এই বিভাগে নাই। শস্য-গোলা সম্বন্ধীয় তথ্য লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ঊর্ধ্বপক্ষে ১০,০০০ টাকা।

### পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের পরিকল্পনা

**800.** (Admitted question No. 1650.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের কয়প্রকার পরিকল্পনা আছে,

(খ) সেইগুলি কি কি; এবং

(গ) কাহার মাধ্যমে সেই পরিকল্পনা অনুসারে কাজ হয়?

**The Minister for Health:**

(ক) ছয় প্রকার।

(খ) ও (গ) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question* No. 800

**বিবরণী তালিকা**

১। স্বাস্থ্য বিভাগের পল্লী জল (নলকূপ ও ইঁদারা) সরবরাহ পরিকল্পনা—জনস্বাস্থ্য বাস্তুকারের মাধ্যমে।

২। পল্লী অঞ্চলে পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম—জনস্বাস্থ্য বাস্তুকারের মাধ্যমে।

৩। সমষ্টি উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত পল্লী জল সরবরাহ প্রকল্প—

স্টেজ (১) ব্লক-এর জন্য—জনস্বাস্থ্য বাস্তুকারের মাধ্যমে।

স্টেজ (২) ব্লক-এর জন্য—জেলা শাসকের মাধ্যমে।

৪। উদ্বাস্তু ও পুনর্বাসন বিভাগের উদ্বাস্তু ক্যাম্প ও কলোনীতে জল সরবরাহ প্রকল্প—জনস্বাস্থ্য বাস্তুকারের মাধ্যমে।

৫। লোক্যাল ডেভালপমেন্ট ওয়ার্কস-এর অধীন জল সরবরাহ প্রকল্প—জেলা শাসকের মাধ্যমে।

৬। উপজাতি এবং তফশীলভুক্ত জাতির উন্নয়ন পরিকল্পনার অন্তর্গত জল সরবরাহ প্রকল্প—জেলা শাসকের মাধ্যমে।

**ডোমকল থানায় কুশাবাড়িয়া ও জুড়ানপুর মৌজায় উদ্ধারকৃত বেনামী জমি**

**801.** (Admitted question No. 925.)

**শ্রীআজিজুর রহমানঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার মৌজা কুশাবাড়িয়া ও জুড়ানপুরের মধ্যে বেনামী জমি উদ্ধারের পরিমাণ কত; এবং

(খ) উক্ত উদ্ধারকৃত বেনামী জমি কোন্ কোন্ কৃষকের মধ্যে কত বিঘা করিয়া বণ্টন করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) মৌজা কুশাবাড়িয়া—৬৩·৩০ একর।

মৌজা জুড়ানপুর—৮·৩২ একর।

(খ) একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

**মালদহ জেলায় টেস্ট রিলিফ স্কীম**

**802.** (Admitted question No. 1496.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭-৬৮ সালে মালদা জেলার কোন্ কোন্ থানায় কোন্ কোন্ টেস্ট রিলিফ স্কীম মঞ্জুর হইয়াছিল এবং তাহাদের প্রত্যেকটির এস্টিমেট কত ছিল; এবং

(খ) প্রত্যেকটির কত টাকার কাজ সম্পন্ন হইকাছিল?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Labour Welfare Centres

**803.** (Admitted question No. 2287.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of Labour Welfare Centres in the State and the places where such Centres are situated;

(b) how many of them have been organised by the present Government;

(c) is there any proposal to increase the number of Welfare Centres; and

(d) if so, where the new centres would be situated?

**The Minister for Labour:** (a) 48. A list showing the location of these 48 centres is placed on the Library Table.

(b) Two centres have started functioning during the regime of the present Government.

(c) Yes.

(d) The new centres are likely to be situated at the following places:

(1) Ranaghat, Nadia.
(2) Massanjore.
(3) Sukna, Darjeeling.
(4) Teesta Valley, Darjeeling.
(5) Ambari, Jalpaiguri.
(6) Gourhati, Hooghly.
(7) Haringhata, Nadia.
(8) Taratala Road, Calcutta Port Area.
(9) Gondalpara, Hooghly.
(10) Sapuipara (near Belur Station).
(11) Gandrapara, Jalpaiguri.
(12) Hahaipatha, Jalpaiguri.

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister in charge of the Education Department will please make a statement on the subject of non-payment of salaries to the teachers of Bhagabanpur High School, Midnapur—called attention by Shri Bibhuti Pahari on the 22nd August, 1969.

[2—2-10 p.m.]

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মাননীয় সদস্য শ্রীবিভূতি পাহাড়ী মহাশয় যে দৃষ্টি আকর্ষণী নোটিসের উত্তরে আমি এই বিবৃতি দিচ্ছি। মেদিনীপুর জেলায় অবস্থিত ভগবানপুর হাই স্কুলে একটি সাহায্যপ্রাপ্ত একাদশ শ্রেণীযুক্ত উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। শিক্ষাধিকার ১৯৬৩-৬৪ সাল হইতে সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়সমূহকে অনুদান দিতেছেন। ইহার পূর্বে মধ্যশিক্ষা পর্ষৎ হইতে অনুদান দেওয়া হইত।

১৯৬৩-৬৪ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত বিদ্যালয়ের মোট ঘাটতির পরিমাণ প্রায় টাঃ ২,০৬,১৯১। উক্ত সময়ের মধ্যে বিদ্যালয়কে মোট টাঃ ১,৭০,০৬৩ অনুদান দেওয়া হইয়াছে। সুতরাং এই ৬ বৎসরের ঘাটতি হইতে মোট ৩৬,১২৮ টাকা কম দেওয়া হইয়াছে। ইহার কারণ ১৯৬৪-৬৫, ১৯৬৫-৬৬ এবং ১৯৬৬-৬৭ সালের অডিট রিপোর্ট-এ কিছু অসঙ্গতি ছিল। বিদ্যালয় কর্তৃপক্ষকে ইহা জানানো হয়। কিছুদিন পূর্বে উক্ত আর্থিক বৎসর সমূহের রিভাইজড অডিট রিপোর্ট পাওয়া গিয়াছে। ঐ সমস্ত অডিট রিপোর্টগুলি পরীক্ষা করা হইতেছে। যদি পরীক্ষার ফলে বিদ্যালয়ের আরো অনুদান প্রাপ্য হয় তাহা যত শীঘ্র সম্ভব দেওয়ার ব্যবস্থা করা হইবে।

১৯৬৯-৭০ সালে প্রথম কিস্তির অনুদান হিসাবে ১৮,০০০ টাকা দেওয়া হইয়াছে।

ইহা ছাড়া এই বিদ্যালয়ের যে সমস্ত ছাত্র ১৯৬৭ এবং ১৯৬৮ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছিল তাহাদের বেতন এই বিদ্যালয়কে অনুদান হিসাবে জিলা বিদ্যালয় পরিদর্শকের মারফৎ দেওয়া হইয়াছে। দুই কিস্তিতে মোট ১১,১৩৮ টাকা ৪৫ পয়সা এই বাবত দেওয়া হইয়াছে। প্রথম কিস্তিতে ১৯৬৭ সালের সেপ্টেম্বর হইতে ১৯৬৮ সালের মার্চ পর্যন্ত এবং দ্বিতীয় কিস্তিতে ১৯৬৮ সালের আগস্ট হইতে ১৯৬৮ সালের ডিসেম্বর পর্যন্ত দেওয়া হইয়াছে। কিন্তু বিদ্যালয়ের ছাত্ররা ১৯৬৮ সালের এপ্রিল হইতে ১৯৬৮ সালের জুলাই পর্যন্ত এবং ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে বেতন দিতেছে না। এই কারণে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের নিয়মিত বেতন পাইতে অসুবিধা হইতেছে।

খবর পাওয়া গিয়াছে যে শিক্ষকবৃন্দ গত ১৯শে আগস্ট তারিখে খাদ্য গ্রহণ না করিয়া বিদ্যালয়ের কার্য করিয়াছিলেন। গত ২০শে আগস্ট হইতে তাঁহারা অনশন ত্যাগ করিয়া যথারীতি বিদ্যালয়ের কার্য করিতেছেন।

**Mr. Speaker:** I have received four notices of calling attention on the following subjects, namely:—

(1) Notice of cease work by teachers of Barabelun Higher Secondary School—from Shri Aswni Roy;

(2) Floods in Murshidabad district—from Shri Gyan Singh Sohanpal;

(3) Threatened continuous strike of textile workers from 1-9-69—from Shri Kalipada Mondal; and

(4) Shifting of Nandalal B.T. College from Madral to Naihati, 24-Parganas —from Shri Kalipada Mondal.

I have selected the notice on the subject of floods in Murshidabad district from Shri Gyan Singh Sohanpal. The Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**Shri Abdur Rezzaque Khan:** Sir, I will make the statement to-morrow.

**Mr. Speaker:** Before I go to the next Item I understand, the Hon'able Judicial Minister wants to make a statement. He may make the statement now.

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের ভিতরে ও বাহিরে কয়েকটি সংবাদপত্রে অহেতুকভাবে আমার জমির মালিকানা ও অধিকার সংক্রান্ত ব্যাপারে এবং যুক্তফ্রন্ট বিরোধী চক্রান্ত মিথ্যাভাবে একটি ধুম্রজাল সৃষ্টি করেছে এবং সঠিক অবস্থা জানতে না পেরে এ সম্বন্ধে নানারূপ বিভ্রান্তি সৃষ্টির অবকাশ দেখা দিয়েছে। তাই স্যার, আমি এইসব সদস্যদের কাছে আমার জমির ব্যাপারে একটি বিবৃতি দিচ্ছি।

স্যার, ১৯৫২ সালে আমার পিতার মৃত্যু হয়। আমার পিতা সর্বমোট ৯ একর কৃষি জমি, বাস্তু ভিটা, ডাঙ্গা রেখে যান। আমরা দুই ভাই। সুতরাং আমি সর্বমোট সাড়ে চার একর সম্পত্তির অধিকারী হই। আমার মাতা ১৯৬৮ সালে মারা যান। তাঁর নিকট হতে সর্বমোট চার একর জমি পাই। এ ছাড়া সিউড়িতে আমার চার শতক অকৃষি জমি আছে। স্যার, খয়রাসোল থানায় বড়কুরি মৌজায় ৬১১নং খাঁতয়ানে আমার ১১ একর ডাঙ্গা (অকৃষি) জমি আছে। এ ছাড়া আমার অন্য কোন জমি নাই। ফাইনাল পাবলিকেশান অব সেটেলমেন্ট রেকর্ড রাইটে আমার ১১ একর জমি আছে। যদি চক্রান্তকারীদের ষড়যন্ত্রে রেকর্ড-এর কোন পরিবর্তন হয়ে থাকে সেটা বে-আই ও আইনতঃ অসিদ্ধ এবং তার জন্য আমি দায়ী নই বা দায়ী হতে পারি না। আমি একটা কথা বলতে চাই যে, এই যে ১১ একর ডাঙ্গা জমির কথা আমি বললাম সেটা আমাদের শ্রদ্ধেয় হেমন্তদা, পান্নাবাবু প্রভৃতি দেখে এসেছেন, ওখানে একটা আশ্রম করব। আমি রোজগার ক' সেটা ইমপ্রুভ করার চেষ্টা করেছি। হঠাৎ এইরকম কথা কেন উঠলো আমি বুঝতে পারলাম না। আমি আপনাকে জানিয়ে দিচ্ছি যে এই রকম যদি কেউ করে থাকেন আমার মনে হয় সেটা অন্যায়। অবশ্য জমি থাকাটা অন্যায় নয়, কারণ অনেক লোকের বেশী টাকার সম্পত্তি সহরে আছে, জানি না সেগুলি কেউ দিয়ে দেবেন কিনা। এই যে ১১ একর ডাঙ্গার কথা আমি বললাম আমাদের মধ্যে কথা হয়েছিল ওখানে একটা আশ্রম করব এবং তার জন্য অনেক টাকা পয়সা আমার খরচ হয়েছিল যাতে সেটা ইমপ্রুভ করা যায়। কাজেই এই যে সব বিভ্রান্তিকর প্রচার করা হয়েছে আমি এর প্রতিবাদ করছি। কাগজে যা বেরোয় আমি সাধারণতঃ তাতে কোন কিছু বলি না। কিন্তু এটাতে আমাকে বাধ্য হয়ে বলতে হল।

[2-10—2-20p.m.]

**Mr. Speaker:** Some honurable members wanted to mention some important matters. I would now call upon Shri A. H. Besterwitch.

**Shri A. H. Besterwitch:** Mr. Speaker Sir, I am certain you are aware that tea garden labours are on strike for the last nine days and I think the tempo of the strike is rising and if immediate steps are not taken I think there will be trouble in the tea industry. At the same time, I would request the Government to immediately bring up a resolution or a bill to nationalise the tea industry without compensation because these industrialists have earned sufficient money by stealing the labour force and even the Government. I think our references to the Ministers are all dropping on deaf ears because I have seen various references have been made in the House by various honurablbe members. But uptil now no action has been taken by the Hon'able Ministers. So in this particular case if the Cabinet does not take immediate action I am certain that they have got to face the consequences of the tea industry labours strike and then there will be no one to blame that they are at fault. So I would ask the Minister to take action so that the nationalisation of the tea industry is taken up immediately without compensation.

**শ্রীন্যাথানিয়েল মুর্মুঃ** স্পীকার স্যার, আমি পশ্চিম দিনাজপুর জেলার ভয়াবহ বন্যা সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বালুরঘাট মহকুমার গঙ্গারামপুর ও তপন থানার পশ্চিমাংশ সাংঘাতিকভাবে বন্যায় প্লাবিত হয়েছে। মালদহে বন্যা হয়েছে। কিন্তু পশ্চিম দিনাজপুরের বন্যায় রিলিফ ব্যবস্থা প্রায় নেই বললেই চলে। এখান থেকে ২ জন মন্ত্রী মালদহে গিয়েছিলেন, ও'রা যদি দয়া করে বালুরঘাটে যেতেন তাহলে দেখতেন বহু লোক সেখানে ওয়াটার লগড্ অবস্থায় রয়েছে। সেখানে কোন রিলিফ-এর ব্যবস্থা নেই। সেজন্য সেই বন্যা প্লাবিত এলাকায় প্রচুর পরিমাণে রিলিফ এবং নৌকা পাঠাবার জন্য অনুরোধ করছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** স্যার, আপনি জানেন এই হাউসের একজন ইয়ং অ্যান্ড এনার্জেটিক মেম্বার শ্রীঅনিমেশ মুখার্জি ১৩ তারিখে একটা জীপ অ্যাকসিডেন্ট-এ পড়ে। রাষ্ট্রপতির নির্বাচনে ভোট দিতে আসার পথে তার এই অ্যাকসিডেন্ট হয়। আজ ১৬ দিন হল তার কোন জ্ঞান হল না। সে কুচবিহারে আছে। আপনি যদি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করেন এখান থেকে একজন ভাল স্পেশালিস্ট নিউরো সার্জেন ডাঃ আর এন চ্যাটার্জিকে সেখানে পাঠান তাহলে ভাল হয়।

**মিঃ স্পীকারঃ** এখানে তো এখন স্বাস্থ্যমন্ত্রী নেই। তবে আমার কি ক্ষমতা আছে? কবে এটা দেখা আমাদের ডিউটি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আজ ১৬ দিন হয়ে গেল সে অজ্ঞান হয়ে পড়ে আছে। আর একটি কথা হচ্ছে মালদহ এবং দিনাজপুর সম্বন্ধে ন্যাথানিয়েল মুর্মু সাহেব বলেছেন। আমারও বক্তব্য হচ্ছে সেখানে ভয়াবহ বন্যা হয়েছে অথচ কোন রিলিফ গিয়ে পৌছায় নি। এ সম্বন্ধে আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন এবং ট্রেন বাস প্রভৃতি যাচ্ছে না। কাজেই সেখানে যাতে এরিয়াল ড্রপ অব ফুড প্যাকেটস করা যায় সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকারঃ** আপনি মন্ত্রিমহাশয়কে গিয়ে বলুন, আমি এ্যাডজর্নমেন্টের পরে বলব।

**Shri Kalimuddin Shams:**

मिस्टर स्पीकर सर, आपको मालूम है कि इम्परिएलिस्ट कन्ट्रीज हर तरफ से जुल्म कर रहे है: और अभी-अभी आप यह जानते है कि अमेरिका, बरतानियां, वेस्ट जर्मनी, इजरायल को अपने साथ लेकर मुस्लिम वर्ल्ड में हलचल मचा दिए है। जेरूसलम में अक्सा मास्क्यू जो है, उसमें आग लगा दिया है। मुस्लमानों का एक होली प्लेस है। उसकी वजह से पूरी दुनिया के अन्दर अजीबो गरीब हालत पैदा हो गई है। हर आदमी सोचने के लिए मजबूर हो गया है। अगर इम्परीएलिस्ट कन्ट्रीज के खिलाफ आवाज नहीं उठाया गया तो अक्सा मास्क्यू में जैसे आग लगाया है वैसे ही दुनियां के अन्दर मुस्लमानों का एक भी होली प्लेस नहीं बचा रह जायगा। ये इम्परीएलिस्ट कन्ट्रीज सबको खत्म कर देंगे। इम्परीएलिस्टों की ताकत से इजरायल ने अक्सा मास्क्यू मे आग लगाया है। इसके लिए पूरे हिन्दुस्तान में २९ अगस्त को जनरल स्ट्राइक काल किया गया है। पश्चिम बगाल में भी उसी दिन जनरल स्ट्राइक काल किया गया है। उस दिन मनुमेन्ट मैदान में तमाम लोग जायंगे। मै उम्मीद करता हूँ कि युक्त फ्रान्ट की सरकार यू० एन० ओ० मे अमेरिका, बरतानिया, पश्चिम जर्मनी जो इजरायल की मदद कर रहे है, और इजरायल मुस्लमानों के होली प्लेस मे आग लगा रहा है, नष्ट कर रहा है, बेइज्जत कर रहा है, इस आवाज को उठवायेगी। इसलिए हम उम्मीद करते है कि ... ... ... ... ...

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir, I have heard with great interest the observations of the previous speaker and I submit that this is not true, as was published in yesterday's papers and this was confirmed in to-days newspaper report also that the fire was due to some misguided Australian who has admitted his guilt, and Israel has nothing to do with this and that Israel has denied this entirely. I also submit that it is hardly fair for any honurable member to speak in this House to try to create any commotion outside by trying to publicise an intended hartal. It is not the forum for doing this. So, I would request you not to allow anybody to create communal tension in West Bengal by this false ppropaganda. I submit that this .........................

(noise and interruptions)

**Mr. Speaker:** What is your point of order?

[2-20—2-30p.m.]

**Dr. Nalinaksha Sanyal:** Sir, my point of order is this that this House should not be utilised for any propaganda which might lead to communal tension in West Bengal.

**শ্রীবজ্‌লে আহম্মদঃ** স্পীকার মহাশয়, যখন একজন মাননীয় সদস্য কোন ব্যাপারে কলিং অ্যাটেনসনের উপর বলতে আরম্ভ করেন, তখন সেটা কি আনা হয়েছে সে সম্বন্ধে হাউসের অন্য কোন সদস্য উঠে কি প্রশ্ন করতে পারেন? কলিমুদ্দিন সামস সাহেব যখন বলছেন তখন ইজরায়েলের এজেন্ট হিসাবে দাঁড়িয়ে ঐ পক্ষের সদস্য একজন বলছেন, এই রকম তিনি করতে পারেন কিনা আপনি দয়া করে রুলিং দিন, যদি না পারেন তাহলে তিনি যে সমস্ত কথা বলেছেন সেগুলি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করার আদেশ দিন এটাই আমার বক্তব্য।

**Mr. Speaker:** I am sorry that he took my permission to mention a matter. I did not know what he would mention. I thought he would refer to something in his constituency. I am sorry that he has referred to other things which are not ordinarily the concern of his own constituency which is given preference as that might be of public importance. This permission for mentioning a thing in the House is a great privilege enjoyed by the honurable members. If I knew that he was going to refer to some other matter which is not our concern I would not allow him to mention it. We cannot deal with matters which are not the concern of this House or of this country. If he has anything to say on this particular matter he may table a motion. But he should not have mentioned this taking advantage of this concession. That is my ruling.

**শ্রীবজ্‌লে আহম্মদঃ** স্যার, আমি বলছি কলিং অ্যাটেনসন যে কোন সাবজেক্ট-এ বলবে সেটা আপনি বিবেচনা করে দেখবেন, কিন্তু একজন মেম্বার যখন বলবেন তখন অন্য একজন মেম্বার উঠে তাঁকে ইন্টারফিয়ার করবেন? এই রকম করতে পারেন কিনা সেটাই আমি আপনার কাছে জানতে চাইছি।

**Mr. Speaker:** In this case Mr. Kalimuddin Shams referred to something else which is not ordinarily the concern of this House. Now Dr. Sanyal wanted to raise his point of order that member should not mention anything and everything in this manner taking advantage of this special occasion which is not the concern of this country or of this Legislature. Mr Kalimuddin Shams has mentioned a thing which is not in order. That is my ruling. I allowed him to mention a matter as I wanted to know what was the matter he wanted to raise. I thought that he would be mentioning something about his own constituency or his country or about West Bengal. There are so many things to mention. I am sorry that he has mentioned something which has happened outside our country however much important it may be. Certainly that is not the concern of this House and it should not have been referred to here at all. Now I call upon Shri Kalipada Mandal.

**শ্রীকালীপদ মন্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২৪-পরগণা জেলার নন্দলাল বি টি কলেজ সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। নন্দলাল ঘোষ বি টি কলেজে গত দু বছর ধরে শিক্ষক শিক্ষিকারা শিক্ষা নিচ্ছে, ট্রেনিং নিচ্ছে এবং এ বছরেও যথারীতি ঐ কলেজে ১লা জুলাই থেকে পড়াশুনা আরম্ভ হয়েছিল, ক্লাস সুরু হয়েছিল। কিন্তু হঠাৎ দেখা গেল ২১-৭-৬৯ তারিখে সেই একই নামে আর একটি কলেজ নৈহাটিতে স্থাপন করা হয়েছে। ফলে প্রথম কলেজের শিক্ষার্থীদের ডেপুটেশন-এর টাকা দেওয়া হচ্ছে না, বিদ্যালয়ের খামখেয়ালীর জন্য তাদের অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। আমি তাই আপনার মাধ্যমে শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবী করছি যাতে প্রথমোক্ত কলেজের শিক্ষার্থীরা ডেপুটেশন-এর টাকা পান সেই ব্যবস্থা যেন তিনি করেন।

**শ্রীকুমারিশচন্দ্র মল্লিক:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের ওখানে বন্যায় খড়গ্রামের চারটি অঞ্চলের লোক আজ খেতে পাচ্ছে না, কোন সাহায্য পাচ্ছে না। জল নেমে গেলে সেখানে ঔষধপত্র এবং খাদ্য পাঠানোর জন্য অবিলম্বে ব্যবস্থা করা দরকার। এখানে লোকদের জমিতে যে ধান ছিল তা জলে পচে গিয়েছে, তার জন্য অবিলম্বে তাদের বীজধান দেওয়া প্রয়োজন। সেখানে যাতে কলেরা না হয় সেজন্য ঔষধ পাঠান দরকার। সেখানে লোকে জলের জন্য রান্না করতে পারছে না এবং চাল ধানও কিনতে পারছে না। অবিলম্বে সেখানে খাদ্য এবং কিছু বস্ত্রও পাঠানো দরকার।

**শ্রীসরল দেব:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত ট্রান্সপোর্ট মিনিস্টার-এর কাছে এই কথা রাখতে চাই। গত কয়েকদিন যাবত যে বাস ধর্মঘট চলছে তাতে ২৪-পরগণার জন-সাধারণ অবর্ণনীয় দুঃখের সম্মুখীন হয়েছে। এই সম্পর্কে ট্রান্সপোর্ট মিনিস্টার ছাড়াও লেবার মিনিস্টার এবং লেবার কমিশনারকে নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক হয়, তাও ব্যর্থ হয়েছে। অধ্যক্ষ মহাশয়, এখানে শ্রমমন্ত্রী মহাশয়ের ইন্টারভেনসন চাচ্ছি এবং তাঁর ইন্টারভেনসন-এর মধ্যে দিয়ে এই বাস ধর্মঘটের অবসান হতে পারে। মালিক শ্রেণীর বিরূপ মনোভাবের জন্যই শ্রমিক শ্রেণীর দাবী দাওয়া আজ উপেক্ষিত হচ্ছে। ঐ অঞ্চলের শ্রমিকরা আমাদের এখানের ডেপুটি স্পীকারকে টেলিগ্রাম করে তাদের কথা জানিয়েছে এবং সেখানকার সাধারণ লোকেরাও টেলিগ্রাম করে জানিয়েছে যে অবিলম্বে যদি ওখানে বাস চালু না করা যায় তাহলে ঐ অঞ্চলের লরী টেম্পো ইত্যাদিরও অসুবিধা হচ্ছে এবং এর ফলে ঐ অঞ্চলের বনগাঁ মহকুমায় চাল ও অন্যান্য খাদ্যদ্রব্যের দাম বেড়ে যাচ্ছে। এখানকার জনসাধারণের দুঃখ দূর করার জন্য অবিলম্বে ব্যবস্থা করা উচিত। আর একটা কথা, ৬ই আগস্ট ই সি ই ব্যারাকপুরে ছুটির পর যখন শ্রমিকরা আসছিল তখন মালিক পক্ষের গাড়ীতে করে টিটাগড়ের ও সি এবং সি আই দুই লরী পুলিস নিয়ে এসে সেখানে শ্রমিকদের উপর অত্যাচার করে। আমাদের যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি হচ্ছে যে কোন রকম গণতান্ত্রিক আন্দোলনে পুলিস ব্যবহার করবেন না কিন্তু দেখা যাচ্ছে যে সেখানকার সি আই এই রকম গণতান্ত্রিক আন্দোলন দমন করার জন্য পুলিস ব্যবহার করছে। এর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবী আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রীআবদুল্লা রসুল:** আমি বেশী কিছু বলবো না তবে এইটুকু বলছি যে এই সম্বন্ধে আলাপ আলোচনা চলছে হয়ত দু-তিন দিনের মধ্যে একটা বিবৃতি দিতে পারবো।

**শ্রীমীর আব্দুস সয়িদ:** মাননীয় স্পীকার মহাশয়, চারিদিকের বন্যার খবর খবরের কাগজে ছাপা হচ্ছে কিন্তু ২৪-পরগণার উত্তর অঞ্চলে যে বন্যা হয়েছে এবং তাতে যে ক্ষয়ক্ষতি হয়েছে সে সম্পর্কে আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। সম্প্রতিকালের বন্যায় বাদুড়িয়া বসিরহাট এলাকার ধান্যকুড়িয়া, শ্রীনগর, মেটিয়া, বিবিপুর, বেগমপুর, চৈতা, জগন্নাথ-পুর, যদুরাটির গোখনা অঞ্চল, রঘুনাথপুর এবং বাজিতপুর প্রভৃতি অঞ্চলের ৫০ খানা গ্রামের অধিবাসীদের ঘরবাড়ী ও জমি বিপর্যস্ত হয়েছে এবং ৫০ হাজার বিঘার জমির ফসল নষ্ট হয়েছে। মাননীয় স্পীকার, স্যার, এই ঘটনা কেবল অতি বর্ষণের ফলে হয় নি, সেচ দপ্তরের বসেরহাটস্থিত একজিকিউটিভ ইঞ্জিনীয়ার ও তাঁর উচ্চ পদস্থ সহকারীদের গাফিলতির ফলে এই ঘটনা ঘটতে পেরেছে। মাননীয় স্পীকার, স্যার, জগতপুর স্লুইস গেটের জমা পলিমাটি তুলে ফেলার কাজ বসিরহাটের সেচ দপ্তরের কাজ বসিরহাটের সেচ দপ্তরের লোকেরা যদি সময়মত করে রাখতো তাহলে এই দুর্ঘটনা ঘটতো না এবং জনসাধারণ এই ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হতো না। এই অঞ্চলের জলনিকাশী ব্যবস্থার এই দুর্বলতা আগে থেকে জানা সত্বেও বসিরহাটের সেচ দপ্তরের উচ্চ পদস্থ কর্মচারীরা তার প্রতিকার সময়মত না করায় তাঁরাই প্রধানতঃ এই ঘটনার জন্য দায়ী।

[2-30—2-40 p.m.]

মাননীয় স্পীকার, স্যার, আমি নিজে গত ৪ দিন ধরে প্রতিদিন ১৬।১৭ ঘণ্টা ঐ সমস্ত এলাকায় ঘুরেছি এবং আমার সঙ্গে এস ডি ও এই সময়ে ৩।৪ ঘণ্টা করে রোজ ঘুরেছেন। বিভিন্ন এলাকার লোক ও সরকারী কর্মচারীদের সঙ্গে আমার আলাপ আলোচনা হয়েছে। ২৪-পরগণা জেলার উত্তরাঞ্চলের অতিরিক্ত জেলা শাসক এই অঞ্চলে গিয়েছিলেন। দুদিন যাবত চেষ্টা করে একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের সঙ্গে যোগাযোগ করতে পারি এবং তাঁকে জগতপুরের স্লুইস গেটে নিয়ে গিয়ে অবস্থা প্রত্যক্ষ করাই। সেখানকার স্থানীয় লোকেরা জানায় যে মাত্র দুদিন আগে গেটের দুটি পাল্লা খোলা হয় অথচ মুসলধারে বৃষ্টি হওয়ার জন্য জল জমেছে ৭ দিন ধরে। সরকারী কর্মচারীদের কাছে প্রশ্ন করে জানতে পারি যে পলিমাটি তোলার জন্য ১২ হাজার টাকার কাজ কন্ট্রাক্টর মারফত হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আশ্চর্যের বিষয় যে সেরকারী অর্থ ব্যয় হয়েছে অথচ পলিমাটি উঠেনি। আমি সমস্ত অঞ্চল নিজে ঘুরে যা দেখেছি তাতে মনে হয় কমপক্ষে ৫০ হাজার বিঘা জমির রোয়া ফসল নষ্ট হয়েছে। আনুমানিক ১ কোটি টাকার ফসল নষ্ট হয়েছে, ১৫ হাজার মানুষ বেকার হয়েছে। বাড়ী ধ্বসে পড়ে এক হাজার পরিবার গৃহহীন হয়েছে এবং ভয়াবহ মহামারী নিদারুণ ভবিষ্যতরূপে দেখা দিতে পারে। এই অবস্থায় আমি ওখান থেকে ট্রাঙ্ককলে ত্রাণমন্ত্রী জেলা শাসক এবং সেচ বিভাগের চীফ ইঞ্জিনীয়ারকে সংবাদ দিয়েছি। ত্রাণমন্ত্রীর হস্তক্ষেপের ফলে কিছু পরিমাণ সাহায্য দুর্গত জনসাধারণের কাছে পেঁাছেছে কিন্তু ব্যাপক অঞ্চল ক্ষতিগ্রস্ত বলে সাহায্যের পরিমাণও ব্যাপক হওয়া আশু প্রয়োজন। গৃহহীনদের জন্য তেরপল, জি আর, বীজপাতা, টিউবওয়েল ইত্যাদি, অসুস্থদের জন্য ঔষধপত্র ও চিকিৎসক এবং মহামারী প্রতিরোধের ব্যাপক ব্যবস্থা দরকার। ধান্যকুড়িয়া স্বাস্থ্যকেন্দ্রের একটি মাত্র চিকিৎসকের উপর নির্ভর করে নিরুপায় জনসাধারণকে রাখা উচিত হবে না। অবিলম্বে রাজ্য স্বাস্থ্য দপ্তর থেকে চিকিৎসক ও ঔষধপত্র পাঠানো দরকার। মাননীয় স্পীকার, স্যার, এবারে আপনার মাধ্যমে এই ক্ষতির পরিমাণ যা হয়েছে তাদের যেমন ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করার জন্য আমাদের কৃষিমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তেমনি যেসমস্ত সরকারী কর্মচারীদের জন্য এই সাংঘাতিক দুর্ঘটনা ঘটেছে, বাংলাদেশে যে সময়ে খাদ্য শস্যের ঘাটতি চলেছে সেই সময়ে যে এত ফসল নষ্ট হয়েছে তারজন্য তাদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে মুর্শিদাবাদ জেলায় বন্যা হয়েছে এবং বন্যা হওয়ার ফলে জঙ্গীপুর মহকুমায় ৫০ হাজার লোত ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে নৌকা নেই, নৌকা যেগুলি আছে সেগুলি অচল, মানুষকে উদ্ধার করা যাচ্ছে না। সেজন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি যে আমাদের জঙ্গীপুর মহকুমায়, কান্দী মহকুমায়, ভরতপুর থানায় এবং খড়গ্রাম থানায় কিছু নৌকা পাঠানো হোক। সেখানে সামান্য একশো কুইন্টাল চিঁড়া, দুধ এক কুইন্টাল, চাদর দুইশত, তিনশত গার্মেন্ট পাঠানো হয়েছে। কিন্তু ত্রিপলের কোন ব্যবস্থা নেই। যেখানে মানুষ বিপদগ্রস্ত হয়েছে সেখানে তাদের ত্রিপল দেওয়া দরকার। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সঙ্গে আমি এই কথা জানাচ্ছি যে আপনি জানেন এবারে যে ধান রোয়া হয়েছে বন্যার ফলে হাজার হাজার বিঘা জমির ধান ডুবে গেছে। সেজন্য কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে সরকারী বীজ খামারে যে বীজ তৈরি করা হয় সেই বীজ বান নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে যাতে চাষীরা বিনা পয়সায় পায় তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দুটো জিনিস তুলে ধরতে চাই। একটা হচ্ছে ঘাটাল মহকুমায় এবং মেদিনীপুর জেলায় ব্যাপকভাবে ছেলেদের ডিপথিরিয়া দেখা দিয়েছে কিন্তু তার ঔষধ মেদিনীপুর জেলায় পাওয়া যায় না, কলকাতায় এসে এইসব অসুখের চিকিৎসা করাতে হচ্ছে। সেজন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে সমস্ত হাসপাতালে তাড়াতাড়ি যাতে এই অসুখের ঔষধ পাওয়া যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। আর

একটা হচ্ছে খাদ্য এবং ত্রাণ কমিটি প্রতিটি অঞ্চলে গঠিত হয়েছে কিন্তু এদের কাজকর্ম পরিচালনা করা দুঃসাধ্য হয়ে উঠেছে। ফুড এবং রিলিফ কমিটির হাতে কোন টাকা পয়সা নেই। অঞ্চলে যে ক্লার্ক আছে তারা যাতে ফুড এবং ত্রাণ কমিটির কাজে সহযোগিতা করে সেইভাবে নির্দেশ দেওয়ার জন্য আমি রিলিফ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅনাদি দাসঃ** মাননীয় স্পীকার স্যার, কলকাতার ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের তিনটি ইউনিয়ন মিলিতভাবে একটি আবেদন করেছেন—এখানে কংগ্রেসী আমলে কংগ্রেসী নেতাদের খুসী করবার জন্য সরকারী কর্মচারী হিসেবে অযোগ্য লোকদের ইঞ্জিনীয়াররূপে লাগান হতো, এখনও লাগান হয়। তাদের কোন ইন্টারভিউ নেওয়া হয় না তার জন্য কোন নোটিশ বা বিজ্ঞপ্তি পর্যন্ত দেওয়া হয় না। অথচ অনেক ইঞ্জিনীয়ার যাঁরা পাশ করে বসে আছেন, তাদের কাজ দেওয়া হয় না। এই সম্পর্কে একটি তদন্ত করা হোক। তা না হলে আমাদের এখানে ইঞ্জিনীয়ারিং কলেজ থাকার কোন মানে হয় না। ইঞ্জিনীয়ারদের মধ্যে একটা ফ্রাসট্রেশন দেখা দিতে বাধ্য। তাই আমি অনুরোধ করবো সরকার এই ব্যাপারে একটা তদন্ত করুন যাতে আর স্বজনপোষণের কোনরূপ ব্যবস্থা এই ব্যাপারে না চলতে পারে। আমাদের কোটি কোটি টাকা বিদেশে চালান না যেতে পারে। ইংল্যান্ডে ও বিদেশে ট্রেনিং-এর নামে যেন আর অযোগ্য লোক না যেতে পারে তার ব্যবস্থা হওয়া দরকার।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় স্পীকার স্যার, আমি এই হাউসে দুটো অভিযোগ সাধারণের পক্ষ থেকে তুলতে চাই। মিলিটারী রিলিফ অপারেশনের নাম দিয়ে দুশো লোক, ৭০ খানা নৌকা আজ মুর্শিদাবাদ জেলায় চলে গেছে—যার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে এক অসম্ভব রকম ব্যয় ভার বহন করতে হবে। অথচ সেই অপারেশন ওয়ার্ক এখন বন্ধ। কারণ সেই নৌকাগুলি স্টার্ট নিচ্ছে না। এই প্রহসন করা উচিত নয় যেখানে বন্যাক্লিষ্ট নরনারী ত্রাহি ত্রাহি ডাক ছাড়ছেন ত্রাণের জন্য, তাদের সামনে ত্রাণ করতে গিয়ে বোট চলে না।

দ্বিতীয়, আমাদের মুর্শিদাবাদ জেলার প্রায় ৯ লক্ষ বিঘা জমি জলে ডুবে গেছে—ফসলের জমি সবই। প্রায় এক লক্ষ লোক এই বন্যায় আক্রান্ত হয়ে অন্যত্র উঠে যেতে বাধ্য হয়েছে। সেখানে আজ কিছু ত্রিপল গিয়েছে, আরও ত্রিপল সেখানে যাওয়া দরকার, এইদিকে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটি কথা বলতে চাই রেডিও মারফৎ যে খরচ দেওয়া হয় মাননীয় জ্যোতিবাবু জেনে রাখুন মুর্শিদাবাদ জেলার বন্যার খরচ তাতে দেওয়া হয় না। সকলে মনে করলো বন্যা নাই ওখানে, কেউ আর বন্যা আক্রান্তদের কথা বলেন না।

**শ্রী কে জি বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে এবং দেশবাসীকে একটা বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি—তা হচ্ছে ডিপথিরিয়া এপিডেমিক আকারে দেখা দিয়েছে। আমার বাড়ীর পাশে এই আই ডি হাসপাতাল অবস্থিত। আমি প্রতি-দিন দেখছি অসংখ্য শিশু যারা মৃত্যু বরণ করছে তাদের এক এক করে নিয়ে যাচ্ছে আর মায়ের কান্না আমরা শুনছি। ওখানে সর্বসাকুল্যে দেড়শোর বেশী রোগী চিকিৎসা করা সম্ভব নয়। অতীতেও একবার এমন অবস্থা দাঁড়িয়েছিল—সাড়ে তিনশো রোগী ভর্তি হয়েছিল। এবার সেখানে ছ'শো রোগী ভর্তি হয়েছে। এই রকম চলতে থাকলে হাসপাতালে সেরাম দেওয়া সম্ভব হবে না। এইসব রোগী সবই কলকাতার আশেপাশের বাইরে থেকে গিয়েছে। কলকাতায় যদি এই ডিপথিরিয়া ছড়িয়ে পড়ে, তাহলে একটা অসম্ভব অবস্থা হবে। প্রতিষেধক ব্যবস্থা যা নেওয়া হচ্ছে তা অপ্রচুর। সরকারের কাছে দাবী করছি এই রোগের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হোক এবং এ বিষয়ে সম্যকভাবে জনসাধারণকে অবহিত করা হোক, সতর্ক করা হোক। আগে থেকে এ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন না করলে সংকট দেখা দিতে পারে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খাদ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলায় একটা অদ্ভুত উপায়ে চাল পাচার হচ্ছে। সেটা হলো ফুড কর্পোরেশনের নিজস্ব কোন গুদাম নাই। অনেক মিলে সেই চাল স্টোর করে রাখা হয়। আর মিল মালিকরা চাল চুরি যাচ্ছে বলে রিপোর্ট দিচ্ছে—কয়েক শো বস্তা চুরি দেখিয়ে দিচ্ছে। এই সম্পর্কে খাদ্য কর্পোরেশন একেবারে উদাসীন। কয়েকদিন আগে নারায়ণ নন্দী নামক একজন মিল মালিক এই রকম দু'শো বস্তা চাল চুরি হয়ে গেছে অজুহাত দেখিয়ে পাচার করেছে। এই বিষয়ে খাদ্য কর্পোরেশন উদাসীন। ডি আই বি পুলিস চেক করে সেটা ধরেছে।

[2-40—2-50 p.m.]

এবং এখনও এটা চেষ্টা চলছে যাতে করে এটা বন্ধ করে দেওয়া হয় এবং ঐ যে রিপোর্ট তার সম্পর্কে যাতে কোন অ্যাকসান না নেওয়া হয়। এছাড়া আরো গম বা চাল যেগুলি পচা নয় অথচ পচা বলে ওরা ইন্সপেক্টরকে দিয়ে রিপোর্ট দিয়ে ভাল চাল ও গমকে পচার পর্যায়ে ফেলে সেগুলি বাইরে গোপনে বিক্রি করছে। সুতরাং যে সমস্ত সদস্য ডিস্ট্রিক্ট ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে রয়েছেন তাঁদের নিয়ে এই ফুড ইন্সপেক্টর সেখানে গিয়ে ঐ খাদ্যগুলি পচা কিংবা ভাল এই বিষয়ে যদি তদন্ত করেন তাহলে কিছুটা সুরাহা হতে পারে। বর্তমানে খাদ্যের যে অবস্থা তাতে খাদ্য নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হচ্ছে তার প্রতি ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে আশ্বস্ত হবেন এই খানিকটা আগে আমাকে টেলিফোনযোগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীননী ভট্টাচার্য মহাশয় জানালেন যে আমাদের যে অন্যতম বিধানসভার সদস্য শ্রীঅনিমেশ মুখার্জি যিনি আহত অবস্থায় কুচবিহার হাসপাতালে পড়ে আছেন তাঁকে চিকিৎসার জন্য বিনয় চক্রবর্তী স্পেশালিস্ট ইন নিউরোলজি, তাঁকে পাঠান হয়েছে এবং তাঁর নির্দেশ মত চিকিৎসা চলছে এবং এখনও তাঁর জ্ঞান ফেরে নাই বলে চেষ্টা চলছে। যদি কলকাতায় আনা অসুবিধা হয়, ডাক্তার যদি পরামর্শ দেন তাহলে পি জি-তে এনে রাখা যেতে পারে। আর যদি তাঁকে রিমুভ করা সম্ভব না হয় তাহলে এখান থেকে ডাঃ আর এন চ্যাটার্জীকে পাঠানোর চেষ্টা চলছে।

**মিঃ স্পীকার:** এ ছাড়া আরো কিছু করার দরকার বলে কি আপনি মনে করেন?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, এটা হাউসে মেনসান করা হয়েছিল বলেই আমি এটা বললাম।

**মিঃ স্পীকার:** যদি আরো কিছু করার থাকে তাহলে আপনারা বলুন সেটা করার চেষ্টা করা হবে। আমরা সকলে কামনা করি তিনি তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুন।

## The Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill.)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে খুব বিশেষ কিছু বলার নেই. কলকাতার যে গার্ডেন রীচ এলাকা সেটা ঠিকা টেনান্সি অ্যাক্টের আওতা থেকে বাদ দেওয়ার জন্য ১৯৬৭ সালে একটা অর্ডিন্যান্স করা হয়েছিল। ১৯৬৮ সালে আবার ঐ অর্ডিন্যান্সের মেয়াদ বাড়ান হয়েছে, তারপর ১৯৬৮ সালে প্রেসিডেন্টস অ্যাক্টে এটাকে চালু রাখা হয়েছিল। এখন এর মেয়াদ ফুরিয়ে যাচ্ছে —এটাকে আইন হিসাবে চালু করা দরকার। আসল কথা হল যখন জমিদারী ক্রয় আইন পাশ হয় যেহেতু কলকাতা বাদ ছিল সেইজন্য গার্ডেন রীচ এলাকায় ওটা প্রযুক্ত হয়েছিল এবং জমিদারী সরকারের হাতে ন্যস্ত হল, জমিদাররা ক্ষতিপূরণ পেল এবং জমিদারের অধীনে যে সমস্ত ঠিকা প্রজা ছিল তারা সরকারের অধীনে প্রত্যক্ষ প্রজা হিসাবে গণ্য হয়েছিল। তারপর ১৯৬১ সালে জমিদারী ক্রয় আইনে একটা ছোট্ট সংশোধনী আনা হয় এবং সেই সংশোধনী জটিলতার সৃষ্টি করে। সেই সংশোধনীতে লেখা থাকে জমিদার কোন্ জমি রিটেন করতে পারবে—তাতে লেখা থাকে যে টেনেন্টকে অর্থাৎ কোন প্রজার অধিকৃত জমি সে রাখতে পারবে না। তার একটা ছোট এক্সপ্ল্যানেসান দেওয়া হয়. সেই এক্সপ্ল্যানেসানে থাকে—টেনান্ট স্যাল নট ইনক্লুড এ ঠিকা টেনান্ট।

তার ফলে হল কি, ঠিকা টেনান্টের অধিকৃত বাড়ী বা জায়গা এগুলিতে জমিদারী ক্রয় আইনটা চালু হতে পারল না, অথচ আগে চালু হয়ে গেছে। এইবারে ঐ অ্যামেন্ডমেন্ট হবার পর হল কি, ওখানকার যারা জমিদার—প্রাক্তন মধ্যস্বত্বাধিকারী, তারা সব হাইকোর্টে মামলা করতে আরম্ভ করলেন যদিও অরিজিন্যাল অ্যাক্ট অনুযায়ী জমিদারী গভর্নমেন্টে ভেস্ট করেছে। এখন এই ক্ষুদ্র অ্যামেন্ডমেন্টটি যাঁরা করেছিলেন তাঁরা এর ভাষাগুলি ঠিকমত দেখেন নি যে এর প্রতিক্রিয়া কি হতে পারে। ফলে তার পরিণতি হল এই যে জমিদাররা হাইকোর্টে গিয়ে মামলা করে ইনজাংসন দিয়ে ঐ যে ঠিকা প্রজারা গভর্নমেন্টের প্রজা হিসাবে দীর্ঘদিন ধরে খাজনা দিয়ে প্রজা হিসাবে স্বীকৃতি লাভ করেছিল তারাই আবার উচ্ছেদের সম্মুখীন হয়ে গেল। এই জটিল পরিস্থিতির সমাধানের জন্য ১৯৬৭ সালে আমাদের এক অর্ডিন্যান্স করতে হয়েছিল। আমরা অনেক ভেবে চিন্তে আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করে দেখলাম যে এর একমাত্র সমাধান হতে পারে যদি ঠিকা টেনান্সি অ্যাক্টটা কোথায় কোথায় প্রযোজ্য হবে সেটা দেখি। তাতে লেখা ছিল কলকাতা এবং হাওড়া। কিন্তু সুবার্বন পুলিস অ্যাক্টের অধীনেও প্রযোজ্য হবে। এখন এই-টুকুকে বাদ দিলেই ঐ সমস্যার সমাধান করা যায়। এই সংশোধনী হচ্ছে শুধুমাত্র তাই যে সুবার্বন পুলিস এরিয়া যেটা সেটা বাদ দেওয়া হল। আর তা হলেই ঐ জায়গায় ঠিকা টেনান্সি অ্যাক্ট চালু হবে না। তা যদি হয় তাহলে স্টেট অ্যাকুইজিসান অ্যাক্ট চালু হবে। কাজেই এই জটিলতা থেকে বাঁচা গেল এবং ওখানকার কয়েক হাজার ঠিকা প্রজা উচ্ছেদের হাত থেকে রক্ষা পেল। এটাকে ১৯৬৭ সালে আমরা আইন করার সময় পাই নি, অর্ডিন্যান্স হিসাবেই তখনকার যুক্তফ্রন্ট সরকার এটা পাশ করেছিলেন। তার পরে এটা আবার পরবর্তী যে গভর্নমেন্ট ছিলেন এবং তারপরে যখন প্রেসিডেন্টস রুল ছিল সে সময় এই অর্ডিন্যান্স আবার আইন হিসাবে দ্বিতীয় অর্ডিন্যান্স, পরে প্রেসিডেন্টস অ্যাক্ট হিসাবে চালু হয়েছিল। অতএব এটাতে স্বীকৃতি ছিল। এখন এর মেয়াদ শেষ হয়ে যাচ্ছে বলে এটাকে একটা পাকাপোক্ত আইনে পরিণত করা হচ্ছে, আমার এই বিলটি হচ্ছে তাই। আমি আশা করি সমস্ত সদস্য একে অনুমোদন করবেন।

The motion of Shri Hare Krishna Konar that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5 and the Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল:** মাননীয় সভাপাল মহাশয়, এই বিলে যে ব্যবস্থা করা হয়েছে তা ইতিপূর্বেই অর্ডিন্যান্স ও প্রেসিডেন্টস অ্যাক্টে যা হয়েছিল তারই অনুরূপ, এটাকে আমরা সমর্থন করছি। কাজেই এই বিলে কোন অ্যামেন্ডমেন্ট দিই নি। আমি মনে করি এটাই ল্যাকুনা থেকে গিয়েছিল, যেটা সংশোধন করে মাননীয় মন্ত্রিমহাশয় ধন্যবাদের পাত্র হয়েছেন।

The motion of Shri Hare Krishna Konar that the Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[2-50—3 p.m.]

**The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969**

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969.

(The Secretary then read the title of the Bill)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা হল দীর্ঘদিন ধরে যেকথা আমরা বলেছিলাম যে ঠিকা টেনান্সি আইন সংশোধন করা দরকার সেই প্রতিশ্রুতি অনুযায়ী এই বিলটা আমি এনেছি। এর আগে যে আইন সভার অধিবেশন হয়েছিল, সেই অধিবেশনে যখন আমরা আলোচনা করেছিলাম যে ক্যালকাটা ঠিকা টেনান্সি (স্টে অব প্রসিডিংস) (টেম্পোরারি প্রভিসন) অ্যাক্ট সম্বন্ধে এবং এটা পাশ করেছিলাম যখন তখন এই কথা বলেছিলাম যে এই ঠিকা প্রজাদের স্টে অব প্রসিডিংস দীর্ঘস্থায়ী হতে পারে না। কারণ, ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে ঠিকা প্রজা আইনের বড় রকম পরিবর্তন সাপেক্ষে ঠিকা প্রজাদের উচ্ছেদ বন্ধ করা হয়েছিল তখন আমরা ভেবেছিলাম যে মাস ছয়েকের মধ্যে ঠিকা প্রজা আইন সংশোধন করতে পারব এবং জমির মালিক, ঠিকা প্রজা এবং ভাড়াটিয়াদের নূতন ভিত্তি স্থির করতে পারব। কিন্তু যুক্তফ্রন্ট গভর্নমেন্ট বিতাড়িত হবার পর তারপরের গভর্নমেন্ট এ সম্বন্ধে কিছুই করেন নি। সেইজন্য এই স্টে অব প্রসিডিংস-এর এই বিধানটা চলছিল, যার ফলে জটিলতা কিছু সৃষ্টি হয়েছে। কারণ যদি একটা পরিপূর্ণ আইন না করা হয় তাহলে শুধু একটা স্টে অব প্রসিডিংস বেশি দিন চলতে পারে না। এরই মধ্যে দু বছরের বেশি কেটে গেছে। সেইজন্য তাড়াহুড়া করে নয়, অনেক দেরি হয়ে গেছে বলে আর বেশি দেরী করা উচিত নয় মনে করে আমরা এই বিলটা আনতে পেরেছি। আমি গত বিধানসভায় এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে পরবর্তী বিধানসভার অধিবেশনে এই বিল আনতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে এই কথা বলব যে এই সমস্যা খুবই জটিল। এর সমাধানে আমি বা আমার গভর্নমেন্ট যেটা রাখছেন তাতে আমরা এর সমাধানে খুব সহজে পৌঁছাতে পারব না। কারণ, এটার সমস্যায় রয়েছে জমিদারদের অধিকার, ঠিকা প্রজাদের অধিকার এবং দায়িত্ব এবং যে লক্ষ লক্ষ ভাড়াটিয়া আছে ঠিকা প্রজাদের অধীনে তাদের কি হবে —গতবারে এই কথা আমি ঘোষণা করেছিলাম যে ঠিকা প্রজাদের আমরা অধিকার দেব, কিন্তু সংগে সংগে ভাড়াটিয়াদের প্রতি তাদের যে দায়িত্ব, সে দায়িত্ব আমরা আইনে লিপিবদ্ধ করবো। তখন এই সমস্যাগুলি ভাবা হয়েছিল। আমাদের কাছে বহু স্মারকলিপি এসেছে। বহু ব্যক্তি এবং বহু স্বার্থসংশ্লিষ্ট পক্ষ আমাদের সংগে দেখা করেছেন। আমরা প্রত্যেকের বক্তব্য শুনেছি। ঠিকা প্রজা, ভাড়াটিয়া এবং জমির মালিকের কথা আমরা শুনেছি, বিবেচনা করেছি এবং তারপরে আমরা সিদ্ধান্তে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব ভাল হত যদি আমরা সহজে সরলভাবে এখনই জমিদারদের তুলে দিয়ে যদি ব্যবস্থা করতে পারতাম অর্থাৎ জমিদারী উঠে গেলে ঠিকা প্রজারা গভর্নমেন্টের অধীনে ডাইরেক্ট প্রজা হলে ঠিকা প্রজাদের নিশ্চয়ই খানিকটা ক্ষমতা সীমাবদ্ধ করতে হবে যত তাড়াতাড়ি করতে পারা যায়। কিন্তু আমরা ভেবে দেখলাম যে সংবিধান সংশোধন না হওয়া পর্যন্ত আমাদের পক্ষে করা মুশকিল, যদিও সেটা করা উচিত ছিল এবং করতে পারলে ভাল হত, সহজ সরল হত, কিন্ত দেখা গেছে সংবিধানে যা আছে—সুপ্রীম কোর্টের জাজমেন্টে যা আছে তাতে জমিদারী যদি নিতে হয় তাহলে কম্পেনসেসান, ক্ষতিপূরণ

দিতে হবে শুধুমাত্র কলকাতার জন্য কয়েক শত কোটি টাকা, যেটা অবাস্তব এবং অসম্ভব। অবশ্য আমরা আশা করছি যে হয়ত সংবিধান পরিবর্তিত হবে, সংশোধিত হবে এবং তা যদি হয় তাহলে পরবর্তীকালে আমরা সমাধানকে আরো সহজ করতে পারব। কিন্তু এখনকার যে সীমাবদ্ধতা তাতে এটা করা সম্ভব হল না। অতএব আমাদের দ্বিতীয় পদ্ধতিটার কথা ভাবা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আইনজ্ঞ, আপনি জানেন, সে পদ্ধতিটা আমি যেটা করার চেষ্টা করছি তা হল এই, বেঙ্গল ঠিকা টেনান্সি অ্যাক্ট অর্থাৎ বাংলাদেশে দুর্বল কৃষকদের উন্নয়ন এবং অবস্থার চাপে ইংরেজ আমলে যেমন ধাপে ধাপে জমিদারদের অধিকার কিছুটা সংকুচিত করে রায়তী প্রজাদের যেমন একটা অধিকার দেওয়া হয়েছিল এবং এটা আমরা জানি যে একদিনে হয় নি। ১৮৮৫ সালে প্রথম বেঙ্গল টেনান্সি অ্যাক্ট হল এবং তারপর ধাপে ধাপে তার সংশোধন হয়েছে। ১৯২৮ সালের সংশোধনে আরো অধিকার দিল। ১৯৩৬-৩৭ সালের সংশোধনে প্রকৃতপক্ষে রায়তীদের শুধুমাত্র এক পক্ষ সীমাবদ্ধ থাকলেও কার্যতঃ তাকে প্রকৃত মালিকানার স্থলে নিয়ে গেল, যদিও তার জটিলতা সেদিন অনেক হয়েছিল। প্রশ্ন উঠল যারা রায়তীর স্বীকৃতি পেয়েছিলেন, যদিও তাদের রায়তী প্রজা বলে ধরা হত। প্রজা মানে কৃষক বলে ধরা হতো কিন্তু কার্যতঃ দেখা গেল যখন আইন পাশ হলো তখন প্রজা নামে যারা চালু হলেন, রায়ত নামে যারা চালু হলেন, তাদের মধ্যে একাংশ যেমন ছিলেন, যারা সত্যিকারের কৃষক, তেমনি আর এক অংশ ছিল কৃষক নয়। যাদের আমরা জোতদার বলি, অর্থাৎ গত ২০০ বছরের ইংরাজ আমলে কৃষক জমিহারা হয়ে গিয়ে ধীরে ধীরে জোতদার এবং মহাজনদের হাতে এসে জড়ো হয়েছে। সেই মহাজনরা রায়তী স্বত্বের জমিগুলো তাদের হাতে গিয়ে জমা হয়েছিল। তাই যেহেতু অধিকারটা ছিল জমির উপর, মানুষের মধ্যে নয়। রায়তী স্বত্বের যা জমি ছিল, সেইগুলো যখন জোতদারের হাতে গেল তখন জোতদাররাও রায়ত বলে গণ্য হয়ে গেল। এটা একটা জটিল সমস্যা, এর কোন সরল সমাধান নেই। আপনি রায়তকে যখন অধিকার দিচ্ছেন তখন যে দু বিঘা জমির প্রজা সেও অধিকার পেয়ে যাচ্ছে, আবার যে হাজার বিঘা জমির জোতদার সেও অধিকার পেয়ে গেল। এর সমাধান এ করে হয় না, তাহলে জমিদারকে কিছু অধিকার দিয়ে রাখতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে এমন সব মেমোরেন্ডাম এসেছে যাতে ঐ প্রশ্ন উঠেছে যে, ঠিকা প্রজার মধ্যেও তো অনেক বড়লোক আছে, অতএব তাদের কেন অধিকার দেওয়া হবে। তার চেয়ে বরং জমিদারকে অধিকার দেওয়া হোক। আমি সেইজন্য এখন থেকে বলে রাখছি অতীতে এই প্রশ্ন উঠতে পারতো যে যারা রায়ত প্রজা, তার মধ্যে কিছু জোতদার আছে, অতএব সেই জোতদাররা কেন অধিকার পাবে। অতএব রায়তকে অধিকার না দিয়ে জমিদারকে অধিকার দাও। এটা কিন্তু ইতিহাসের গতিপথে তা বোঝায় না। বরং উচিত হচ্ছে সমস্যার সমাধান করতে গেলে আরও আমাদের এগিয়ে যেতে হবে, জমিদারকে অধিকার নয়। জমিদারের অধিকারকে সংকুচিত করতে হবে এবং রায়তকে অধিকার দিতে হবে এবং দেওয়ার পরে এক কাজ করুন, রায়তের মধ্যে যারা অবস্থাপন্ন জোতদার আছে তাদের অধিকারকে সংকুচিত করুন, যেমন সিলিং করবার চেষ্টা করা হয়েছে, যদিও সেই সিলিং ফাঁকি মেরে তারা করে যাচ্ছে, সেটা বন্ধ করার জন্য আমরা যথাবিহিত ব্যবস্থা করার চেষ্টা করবো। এখনও আমি যেটা চিন্তা করেছি সেটা হলো এই, কার্যতঃ ঐ ব্যবস্থাকে আনতে হবে। যেহেতু জমিদারীকে আমি পুরোপুরি তুলে দিতে পারছি না, যদিও তোলা উচিত ছিল তোলা যাচ্ছে না, তার কারণ সংবিধানের সীমাবদ্ধতা এবং আমার অর্থের সীমাবদ্ধতা। কাজেই এটা আমি ভেবেছি যে জমিদারের অধিকারকে যথাসম্ভব সংকুচিত করতে হবে। সেখানে প্রশ্ন এটা বড় নয়, জমিদারদের মধ্যে কেউ গরীব জমিদার আছে কিনা, জমিদারদের মধ্যে কেউ বিধবা আছে কিনা কেউ নাবালক আছে কিনা, এটা বড় কথা নয়। জমিদারী ব্যবস্থাটাকে এখানে সংকুচিত করতে হবে। দ্বিতীয়তঃ হচ্ছে এই রায়তী হিসাবে এখানে যে ঠিকা প্রজা, সেই ঠিকা প্রজাকে একটু বেশী অধিকার দিতে চাই। তবে রায়তের মত পুরো দিতে পারছি না। কারণ এখানকার অবস্থাটা আর একটু জটিল আছে। সেইজন্য পুরোটা দিতে পারছি না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই মালিকের অধিকারকে সঙ্কুচিত করা এবং ঠিকা প্রজাকে অধিকার দেওয়া হোক। কি অধিকার, অর্থাৎ ঠিকা প্রজা কখন উচ্ছেদ হতে পারবে, এই উচ্ছেদটাকে আমরা সীমাবদ্ধ করেছি, কোন্ ক্ষেত্রে, বাস্তুজমির ক্ষেত্রে। কারণ

ঠিকা প্রজা যদি মোটর গ্যারেজ করার জন্য কিংবা কারখানা করার জন্য যদি নেয়, তার প্রতি আমার তত দরদ নেই। তার জন্য তাকে অধিকার দেওয়ার প্রয়োজন নেই, কারণ তার থেকে সে মুনাফা করে। সেখানে কন্ট্রাক্ট যা আছে, সেই চুক্তি অনুযায়ী চলবে। কিন্তু যেটাতে ইন্টারেস্টেড তা হলো এই যে যেখানে বাস্তুজমি ঠিকা প্রজা নিয়ে বস্তি তৈরী করেছে, যেখানে লক্ষ লক্ষ মানুষ নিজে করুন বা না করুন মানুষ বাস করে। অর্থাৎ গ্যারেজ নয়, কারখানা নয়, সেই জায়গাতে আমি ঠিকা প্রজার উচ্ছেদকে সীমাবদ্ধ করেছি।

[3—3-10 p.m.]

কিভাবে সীমাবদ্ধ করেছি? যা কার্যতঃ টেনান্সি অ্যাক্টে আছে। রায়ত যদি জমির চরিত্র পরিবর্তন করে থাকে এটা বেঙ্গল টেনান্সি অ্যাক্টেও আছে, যে উদ্দেশ্যে জমিটা নেওয়া হয়েছে সেটার পরিবর্তন করলে এটা হবে। আর দ্বিতীয়তঃ বাস্তু করবার জন্য নিয়েছে কিন্তু পুকুর কেটে বসেছে, এক্ষেত্রে হি ইজ লায়াবল টু কনভিকশন। আর জমিদার যদি নিজের বাড়ীর জন্য নেয় তাহলে পারবে। কলকাতা বা হাওড়া শহরের জমির মালিক তার নিজের বাড়ী নেই এমন যদি হয় তাহলে পারবে। ওন ইউজ অর্থাৎ নিজ প্রয়োজনের নাম করে যে কোন কারণ হোক ঠিকা প্রজাদের উচ্ছেদ করতে পারবে না বা যা খুসী করতে পারবে না। কালকে আমি যে আইনটা আনবো প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-এ, আমি এই ওন ইউজকে সীমাবদ্ধ করবার চেষ্টা করেছি। ওন ইউজের নাম করে অনেক জুয়াচুরি চলে, প্রজাদের উপর অত্যাচার চলে। এখানে যদি জমিদারের নিজের বাড়ী না থাকে অথবা কোর্ট বিবেচনা করেন পরিবারের যে লোকসংখ্যা তাতে তাঁর যা আছে তাতে কুলোচ্ছে না তাহলে তিনি কোর্টের বিবেচনামত জমি পাবেন। কিছু জমি পাবেন। কিছুটায় উচ্ছেদ করতে পারবেন, কিন্তু সব জায়গা থেকে নয়। এটা কোর্ট বিবেচনা করবেন যে তার নিজের বাড়ী করবার জন্য কতটুকু প্রয়োজন। এক্ষেত্রে সেইটুকু জায়গা থেকে ঠিকা প্রজাদের উচ্ছেদ করতে পারবেন, বাকিটা থেকে নয় এবং সেক্ষেত্রে ঠিকা প্রজারা যদি পাকা বাড়ী করে থাকে তাহলে কোন রকমে তাকে উচ্ছেদ করা যাবে না। এইভাবে এই জমিদারী অধিকারকে সীমাবদ্ধ রেখেছি। তবে জমিদারের খাজনা আদায়ের অধিকার থাকবে এবং খাজনা বাড়াবার যে নিয়ম আছে সেটা বদলাচ্ছি না। এটা কমছেও না, বাড়ছেও না। জমিদারের খাজনা আদায়ের অধিকার থাকবে। যদি দু টার্মের বেশি বাকি খাজনা পড়ে তাহলে বাকি খাজনার জন্য ব্যবস্থা করা যাবে। বাকি খাজনা পড়লেও প্রজা উচ্ছেদ হবে না। বাকি খাজনা পড়লে কোর্টে নালিশ করবে এবং ডিক্রি হবে এবং সেই ডিক্রি দেখে যদি খাজনার টাকা দিয়ে দেন তো উচ্ছেদ হবে না, আর যদি না দেন তাহলে ডিক্রির ক্ষেত্রে যেমন হয় সোল্ড হয়ে নিলামে বিক্রি হয়ে হস্তচ্যুত হয়ে যেতে পারে। তবে খাজনা বাকি পড়লেই যে উচ্ছেদ করবেন তা নয়। তবে আমি খাজনা আদায়ের অধিকার নিতে চাই না, জমিদার যে খাজনা পাবে না এটা আমি চাই না। বিশেষতঃ কলকাতার মত জায়গায় অনেক জমিদার আছেন যাদের অবস্থা ভাল নয়, তাদের টাকা পয়সা কম। সেইজন্য রেখেছি যে খাজনা দিতে হবে। খাজনা যদি না নেয় তো নালিশ হবে। জমিদার যদি অন্যায় করে নিজে খাজনা না নেয়, কোর্টকে আমি নির্দেশ দিয়েছি যে সেখানে জমিদারের উপর জরিমানা হবে। আবার উল্টে ঠিকা টেনান্ট যদি অন্যায়ভাবে না দেয় তবে কোর্ট জরিমানা করতে পারবে, তবে তা সাড়ে বারো পার্সেন্টের বেশি হবে না। এইভাবে জমিদারের অধিকার সীমাবদ্ধ করেছি। দ্বিতীয়তঃ হচ্ছে রায়তী ঠিকা প্রজাদের অধিকার বেড়েছে নোয়িং ফুল ওয়েল আমি জানি যে ঠিকা প্রজাদের মধ্যে দু তিন রকম আছে—গরীব আছে, মাঝারী আছে, বড়লোক আছে। আমি যেটা হিসাব করেছি তাতে দেখছি কলকাতাতে প্রায় ২০ হাজারের মত ঠিকা প্রজা আছে। কলকাতায় সি এম পি ও যে হিসাব দিয়েছিল তাতে দেখা যাচ্ছে ২০ হাজারের মত ঠিকা প্রজা আছে। তাদের অধীনে ঘরবাড়ী আছে ৩০ হাজার। এই যে তিরিশ হাজার দাঁড়িয়েছে গড়ে দেখা গিয়েছে এক একটা বাড়ী বা রুম আছে, রুম মানে খুবরির মত আছে এবং মোট দেখা গিয়েছে কলকাতায় প্রায় ৭ হাজার ঠিকা প্রজার অধীনে আছে। এটা আমরা মোটামুটি হিসাবে দেখেছি। এর পরে আমি দেখেছি সি এম পি ও-র হিসাবে জমিদাররা গড়ে ঠিকা প্রজার কাছ থেকে যে খাজনা পান সেটা হচ্ছে এক বিঘা জমি কি এই রকম হবে, ৪৪:৫০ পয়সা। আর ঠিকা প্রজারা আবার ভাড়াটিয়াদের কাছ থেকে আদায় করেন যেটা সেটা হচ্ছে ৮০ টাকার বেশী। এটা কিন্তু সি এম পি ও-র হিসাব। সরকার থেকে আলাদা করে

হিসাব দেওয়া মুস্কিল। সঠিক হিসাব বলা যাবে কিনা—আমার মনে হয় এই হিসাবে ত্রুটি আছে। জমিদাররা ৪৪·৫০ পয়সা পায় আর ঠিকা প্রজারা গড়ে আদায় করে ঐ ভাড়াটিয়াদের কাছ থেকে ৮০ টাকা নয়, তার কিছু বেশীই হবে। তবে এখানে গড় করা হয়েছে। এমনও ঠিকা প্রজা আছে যারা নিজে বাস করে এবং একটা রুম ভাড়া দেয়। আবার এমনও ঠিকা প্রজা আছে যারা কার্যতঃ এক-একটা জমিদার হয়ে বসে আছে। অতএব গড় করলে কি হবে আমার পক্ষে বলা মুস্কিল হবে, আমি বলতে পারি না। সি এম পি ও যেটা করেছেন সেটা গড় হিসাবেই করেছেন। গড়ে হয় কিনা জানি না। তবে আমি দেখেছি যে তিন রকম আছে। এখানে আইন করতে গেলে বাছ-বিচার করে করা চলে না তাতে মুস্কিল আছে। আমাদের একটা আইন করতে হবে এই অবস্থায়। আমরা যেটা করার চেষ্টা করছি সেটা হচ্ছে এই ঠিকা প্রজাকে আমরা প্রথমেই উচ্ছেদের বিরুদ্ধে তাকে অধিকার দিয়েছি। দ্বিতীয় যে অধিকার দিয়েছি সেটা খুব গুরুত্বপূর্ণ। সেটা হচ্ছে, আইনে যাই থাকুক না কেন জমিদারের সঙ্গে চুক্তি যাই থাকুক না কেন, ঠিকা প্রজা পাকা বাড়ী তৈরী করতে পারবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা কেন করেছি সেটা আপনার কাছে পরিষ্কারভাবে রাখতে চাই। যদিও এটা আইনের মধ্যে পড়ে না, তবুও আমি এটা কেন করলাম—এতে কার কতটা অধিকার ক্ষুণ্ণ হল বা কতটা সুবিধা হল সেটা বড় কথা নয়। আমার কাছে এমন প্রশ্ন এসেছে যেটা আমার খুব খারাপ লেগেছে। মালিকরা কেউ কেউ এসে আমার কাছে বলেছেন যে, দেখুন ঠিকা প্রজাদের মধ্যে অনেক অবাঙ্গালীও আছে। আমি বলেছি যে শোষক যে সে বাঙ্গালী হোক আর অবাঙ্গালী হোক তার মধ্যে কোন পার্থক্য নেই। সে যেই হোক না কেন, শোষক মানেই শোষক। আমি ঠিকা প্রজাদের অধিকার দেবো। বাঙ্গালী হোক আর অবাঙ্গালী হোক, হিন্দু হোক বা মুসলমান হোক, আমার কাছে তার কোন গুরুত্ব নেই। আমি আপনাকে দেখাবো যে, হাওড়া ওনার্স অ্যাসোসিয়েশন আমার কাছে বসে লিখিত মেমোর‍্যান্ডাম দিয়েছেন। তাতে লিখেছেন, 'অবাঙ্গালীও আছে, যাহাদের আমাদের বাংলাদেশের প্রতি আনুগত্য সম্বন্ধে সন্দেহ আছে' এমন কথাও তাঁরা লিখেছেন। এগুলি আমি খুব খারাপ বলে মনে করি। আসলে নিজেদের জমিদারীর স্বার্থকে রক্ষা করার জন্য এসব কথা বলা হয়ে থাকে, যেভাবে সাম্রাজ্যবাদীরা চিরকাল বলে। কাজেই এখানে সেটা বড় কথা নয়। আমি যা ভাবছি, আমাদের এই কলকাতায় যে ৭ লক্ষ লোক বস্তিতে বাস করে তাদের জন্য যদি কিছু করতে পারি তাহলেই হল। সেজন্য একটা বস্তি ইমপ্রুভমেন্ট অ্যাক্ট আছে, আর একটা স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট আছে। আমার নিজের ধারনা যে এতে ৭ মণ তেলও পুড়বে না আর রাধাও সহজে নাচবে না। অতএব স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট যেটা আছে আমাদের দেশের যা আর্থিক অবস্থা, যা আর্থিক সঙ্কট তাতে গভর্নমেন্ট থেকে ঐগুলি নিয়ে নিলে খুব ভাল হত। গভর্নমেন্ট এগুলি নিয়ে অ্যাপার্টমেন্ট বিল্ডিংস করলে খুব ভাল হত। এবং এইসব লোকগুলিকে জায়গা দেওয়া যেত। কিন্তু আমার নিজের ধারণা যে, আগামী কয়েক বছরের মধ্যেও আমরা কিছু করতে পারবো না যা দেশের আর্থিক পরিস্থিতি। ঠিক তেমনি বস্তি ইমপ্রুভমেন্ট অ্যাক্ট-এর যে আইনটা পাশ হয়েছে এবং কয়েক বছর চলে গেছে কিন্তু কিছু হয়েছে? কিছু কি করা গেছে? কিছুই হয় নি। কাজেই যেখানে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অ্যান্ড বস্তি ইমপ্রুভমেন্ট অ্যাক্ট-এ আমরা কিছুই করতে পারলাম না সেখানে বড় বড় স্বপ্ন দেখে লাভ নেই। এমন কিছু করা যায় কিনা? গভর্নমেন্ট যে জন্য নিতে পারছেন না। এমন কোন একটা শক্তিকে তার উৎস-মুখ খুলে দেওয়া যায় কিনা? সেখানে বস্তিগুলির ঐ অবর্ণনীয় দুর্দশাগ্রস্ত চেহারা, তার কিছু পরিবর্তন করা যায় কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনেছি বিভিন্ন সভায় জন-গণতান্ত্রিক বিপ্লবের পরে তারা প্রথমে চেষ্টা করেছিলেন কিন্তু গভর্নমেন্ট-এর এত টাকা নেই যে কারখানা, বস্তি এলাকাগুলিকে ভেঙ্গে দিয়ে বড় বড় বাড়ী তৈরী করে ফেলবে। তখন তারা একটা সিদ্ধান্ত নিলেন যে, কিছু পয়সা খরচ করে ঐ বস্তিগুলিকে হ্যাবিটেবল করে মানুষের বাসের উপযোগী করে যাতে একটু লাইট যায়, একটু জল যায়, ঘরগুলিকে একটু ভাল করা যায়, ছাদটাকে একটু ভাল করা যায় কিনা? আমি যেটা মনে করেছি এগুলি যদি করা যায় তাহলে মনে করবো যে আমাদের যুক্তফ্রন্ট গভর্নমেন্ট অন্ততঃ কিছুটা করতে পারলাম। আমি তাই ঠিকা

প্রজাদের অধিকার দিয়েছি যে, পাকা বাড়ী তারা করতে পারবে।

Notwithstanding anything contained in any other Act or in any other contract....

তাহলে হবে কি? না, ঠিকা প্রজাদের মধ্যে কিছু লোক আছে যাদের অবস্থা খুব খারাপ নয়। তারা অন্ততঃ পাকা বাড়ী তৈরী করতে পারবে।

[3-10—3-40 p.m.]

অন্ততঃপক্ষে তারা পারবে পাকাবাড়ী করতে এবং আমি জানি পাকাবাড়ী করে তারা ভাড়া আদায় করবে, লাভ করবে—আমি বলব তা করুক, তাহলে অন্ততঃ বস্তির চেহারা কিছুটা বদলাতে আরম্ভ করবে এবং তা করলে সেখানে লাইট যাবে, জল যাবে, অন্য ব্যবস্থাও হবে। আমার মনে হয় এর জন্য ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ড করতে হবে, কারণ বস্তির ভেতর পাইপ লাইন নিয়ে যেতে গেলে বস্তির রাস্তাগুলি জমিদারদের। আমার কাছে কর্পোরেশনের মেয়র এসেছিলেন, আমি বলেছিলাম সেটা এই আইনে আসবে না, এটা হচ্ছে জমিদার, ঠিকা প্রজা, ভাড়াটের সম্পর্কে রেগুলেট করার জন্য। এটার জন্য অন্য আইন নিয়ে আনতে হবে এবং আমি এল এস-জি মিনিস্টারকে অনুরোধ করব ভেবেচিন্তে নভেম্বর সেসানে যাতে এ ব্যাপারে একটা আইন আনেন, তাহলে এই বস্তির ভেতর পাইপ লাইন নিয়ে যাবার অধিকার থাকবে। আমি এই আইনে করেছি এই যে পাকাবাড়ী করা হবে সেটা সাবজেক্ট টু দি প্ল্যান স্যাংসন্ড বাই দি ক্যালকাটা কর্পোরেশন অর হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন। সেখানে নিশ্চয়ই মিউনিসিপ্যালিটিকে কর্পোরেশনকে অনুরোধ করব প্ল্যানটা স্যাংসন করার সময় আপনারা দেখবেন স্পেস থাকছে কিনা, ভবিষ্যতে রাস্তা করার জায়গা থাকছে কিনা এগুলি দেখে প্ল্যান স্যাংসন করবেন। তাহলে এটুকুর ভেতর দিয়ে আমরা অন্ততঃ মনে করছি যে আগামী ৫ বছরের মধ্যে বস্তিগুলিতে কিছু পাকাবাড়ী গড়ে উঠবে, এমন কি মধ্যবিত্ত মালিকরাও কিছু পাকাবাড়ী করতে পারবে, এই হল আইনের দ্বিতীয় বিধান। আমার তৃতীয় বক্তব্য সেটা হল ভাড়াটের কি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাড়াটে এবং মালিকের অধিকার সেটা এই আইনে আসে না, সেটা আসে প্রেমিসেস টেনান্সী অ্যাক্টে, সেটা হচ্ছে অর্ডিনারী বাড়ীর ক্ষেত্রে। আমরা মনে করেছি প্রেমিসেস টেনান্সী অ্যাক্টে যা নেই সেই রকম একটা বিশেষ অধিকারের ব্যবস্থা করা দরকার যাতে ঐ ৭ লক্ষ বস্তিবাসীর কিছুটা উন্নতি করা যায়, অর্থাৎ ভাড়াটিয়া ঠিকা প্রজাকে আমরা যেমন অধিকার দেব, তেমন ঠিকা প্রজাকে দায়িত্ব দিতে হবে এবং যদি সে দায়িত্ব পালন না করে তাহলে [illegible] ঘাড় ধরে করাতে হবে অর্থাৎ তাদের রেসপনসিবিলিটি টু দি ভাড়াটিয়া থাকবে। তাই অধ্যক্ষ মহাশয়, আমি একটা ক্লজ অ্যাড করে এখানে বলতে চেয়েছি যে যে বাড়ীগুলি ভাড়া দেওয়া হয়েছে সেগুলিকে হ্যাবিটেবল কন্ডিসানে রাখতে হবে—অর্থাৎ তার জলের ব্যবস্থা, পায়খানার ব্যবস্থা, স্বাস্থ্যের জন্য যা যা প্রয়োজন তা তাকে করতে হবে। বলবেন বিচার করবে কে — নিশ্চয়ই বিচারের অধিকার কন্ট্রোলারের হাতে দিতে হবে। নিশ্চয়ই আমি একথা বলব না যে বস্তিতে মোজেক ফ্লোরের বাড়ী করে দিতে হবে। কিন্তু বস্তিতে নিশ্চয়ই এটা সম্ভব মানুষের বাসোপযোগী করা এবং ঠিকা প্রজাকে তা করতে হবে। সুতরাং এই আইনে তাই করেছি, (শ্রী এ কে এম ইসাকঃ হ্যাবিটেবল কন্ডিসানটা ডিফাইন করেছেন কি?) আইনে যতটা ডিফাইন করা যায় তা করা হয়েছে এবং আইনে অনেক কিছু ডিফাইন করা সম্ভব হবে না। যেমন ধরুন

It shall be the duty of every thika tenant to keep the structures let out to a Bharatiya in a condition fit for habitation and to make such provision for water supply, conservancy and sanitary services as may be considered by the Controller essential.

এটা কোর্টের উপর ছেড়ে দিতে হবে। (শ্রী এ কে এম ইসাকঃ হ্যাবিটেবল কন্ডিসানটা ডিফাইন করেছেন কিনা জিজ্ঞাসা করছি) আমি তো বলেছি সবকিছু ডিফাইন করা সম্ভব নয়—কোর্টের রায়, কন্ট্রোলারের রায়গুলি দেখতে হবে, ভবিষ্যতে যদি দরকার হয় আমাদের অভিজ্ঞতার ভেতর দিয়ে তাহলে আমরা আবার সংশোধন করব। সেজন্য আমরা মনে করি এটা কন্ট্রোলারের হাতে ছেড়ে দেওয়া উচিত, তিনি যা ভাল বিবেচনা করবেন তা করবেন। [illegible] জানেন স্যার, একজন অ্যাপ্লাই না করলে সেক্ষেত্রে কন্ট্রোলারের পক্ষে অন হিজ ওন [illegible] ডিফিকল। সেজন্য কোন ভাড়াটিয়া যদি অ্যাপ্লাই করে তাহলে কন্ট্রোলার সারাউন্ডিং [illegible] ন।

নিশ্চয় তিনি এটা বলতে পারেন না যে তুমি এখানে মোজেক ফ্লোরের বাড়ী কর। কিন্তু সেই অবস্থার সারাউন্ডিং দেখে, সম্ভাব্য অবস্থা দেখে তিনি সেখানে কোর্ট থেকে অর্ডার দেবেন কন্ট্রোলার যে তোমাকে এতদিনের মধ্যে এই রকম ধরনের ইমপ্রুভমেন্ট করতে হবে। যদি তিনি না করেন তাহলে এখানে বলেছি জেলে দেওয়া নয় সেখানে কন্ট্রোলার ঐ যে রায় তিনি দিয়েছেন সেই অনুযায়ী তিনি ঐ ধরনের বাড়ীর ইমপ্রুভমেন্ট করে দেবেন বাই এনি এজেন্সি, আমি সেটাকে উহ্য রেখেছি। সি আই টি-কে দিয়ে করাবে, না কর্পোরেশনকে দিয়ে করাবে, না সি এম পি ও-কে দিয়ে করাবে, না কোন অর্ডিনারি গভর্নমেন্ট ডিপার্টমেন্টকে দিয়ে করাবে না পি ডবলিউ ডিপার্টমেন্টকে দিয়ে করাবে—বাই এনি এজেন্সি সেটাকে আমি উহ্য রেখেছি। সেজন্য কন্ট্রোলার ঐ অনুযায়ী ঐ জায়গা ইমপ্রুভ করে দেবেন এবং সেই জায়গায় যে টাকা খরচ হবে তার উইথ ৬¼ পার্সেন্ট ইন্টারেস্ট অ্যাজ পাবলিক ডিমান্ড হিসাবে ঐ ঠিকা প্রজার কাছ থেকে আদায় করা হবে। এইভাবে বাধ্য করছি। আমি এটা গ্যারান্টি দিচ্ছি যদি ঠিকা প্রজা না করে তাহলে গভর্নমেন্ট নিজ দায়িত্বে এগুলো করে ঠিকা প্রজার কাছ থেকে এই টাকা আদায় করতে পারবে—একবার পাবলিক ডিমান্ড ব্যবহার করলে। কারণ ঠিকা প্রজা লাভ করে ভাড়াটের কাছ থেকে। যখন সার্টিফিকেট নোটিশ যাবে এবং পাবলিক ডিমান্ড যাবে তখন টাকা আদায় হবে। আর যদি না হয় তাহলে তার অধিকার বিক্রি করে আমরা টাকা আদায় করতে পারব। আমাদের সেখানে কোন অসুবিধা হবে না। এটা হচ্ছে মোটামুটি একটা বিধান। আমার কাছে কয়েকটা প্রশ্ন এসেছিল, যদি এই রকম হয় বাকী খাজনার জন্য অথবা বস্তি ইমপ্রুভমেন্ট-এর জন্য যদি কোন ঠিকা প্রজা সত্ত্ব বিক্রি হয়ে যায় তাহলে যে জমিদার ছিল সে বলতে পারে যে যদি বিক্রি হয় আমি কেন পাব না। সেজন্য আমি অধিকার রেখেছি—যদিও এটা রাখা উচিত ছিল কিনা সে চিন্তা আমি করেছি। কিন্তু পরে চিন্তা করে দেখলাম এদের কিছু লোক থাকতে পারে যাদের অবস্থা ভাল নয়। কারণ পাবলিক অকশান হলে যে দামে বিক্রি হবে সে দাম যদি জমিদার দিতে রাজী হয় তাহলে সে পাবে—তার অধিকার থাকবে। যেমন আমাদের ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ আছে—এটা এক্ষেত্রে প্রযোজ্য নয়—পাশাপাশি হলে সে নিতে পারবে, এখানেও সেই অধিকার রেখেছি। আর আমি বাদ দিয়েছি—প্রথমে ভেবেছিলাম বাদ দেব না—গ্যারেজ, কারখানা ইত্যাদি। এ বিষয়ে আমার কাছে হাওড়া থেকে একটা ডেপুটেশন এসেছিল। জমির যারা মালিক তার হিসাব করে দেখা গেল তেমন অবস্থাপন্ন নয়। বেলিলিয়াস রোড, পঞ্চাননতলা
যারা মালিক তার হিসাব করে দেখা গেল তেমন অবস্থাপন্ন নয়। বেলিলিয়াস রোড পঞ্চাননতলার
এইসব লোকেরা প্রচুর লাভ করেছে গ্যারেজ করে লাভ করেছে। আমার কাছে প্রশ্ন এসেছিল এখন প্রোটেকশান দেব কেন? এটা কোন হাউসিং বা বস্তিবাসীর নয়। আমি সেজন্য এটাকে আইনের আওতা থেকে বাদ দিয়েছি। কারণ ঠিক যেমন কন্ট্রাক্ট আছে সেই অনুযায়ী চলবে। আবার আমি যেমন দিয়েছি যেখানে মানুষ বাস করে সেগুলোর ক্ষেত্রে উচ্ছেদ চলবে। এমন কি জমিদার বাড়ী করতে চায় সেখানে চলবে। এমন কি ঠিকা প্রজা যদি পাকাবাড়ী করে থাকে তাকে উঠিয়ে দিতে পারবে না। পুরোনো আইনে যেমন ছিল আমি সেটাই রেখেছি। আমার আইনের বিধানগুলোর জন্য আমি সময় নিয়েছি। কারণ আমাকে চিন্তা করতে হবে। আমি পরিষ্কার বলবো খুব পরিষ্কার মন আমার ছিল না। অনেকের সঙ্গে চিন্তা করতে হয়েছে। আমি মনে করি না এরচেয়ে ভাল করা যায় না। কিন্তু আমাদের ভেবে চিন্তে মনে হয়েছে আর দেরী করতে পারব না এই সেসনেই পাশ করাতে হবে, না হলে স্টে অব প্রসিডিংস আটকে পড়ে থাকবে কিন্তু শুনছি স্টে অব প্রসিডিংস করা হচ্ছে বলে কিছু কিছু ঠিকা প্রজা দু বছরের খাজনা দিচ্ছে না অথচ স্টে অব প্রসিডিংস হয়ে রয়েছে। কাজেই আর দেরী করা যায় না। কথাটা হচ্ছে যতদূর ভাল করা যায় সেটাই করা হচ্ছে। এখনই হয়ত সব সংশোধন করতে পারব না, তবে আমাদের খোলা মন রয়েছে। এটা পাশ হলে ২।৩ মাস অভিজ্ঞতার প্রয়োজন হবে এবং তখন দেখতে হবে পরে জটিল প্রশ্ন যাতে না উঠতে পারে। আমাদের গভর্নমেন্টের খোলা মন রয়েছে। কাজেই প্রয়োজন হলে নভেম্বর সেসানে খুচরা খাচরা অ্যামেন্ডমেন্টের যদি দরকার হয় আমরা সেটা করব। আমার মনে হচ্ছে আমরা একটা ট্রানজিসনের মধ্য দিয়ে যাচ্ছি। আজকে মোটামুটি ভেবে চিন্তে মন্ত্রীসভা এটা করেছেন এবং আশা করি সমস্ত সদস্যরা এটা গ্রহণ করবেন এবং একে কার্যকরী করবার ব্যাপারে নজর রাখবেন এবং এটা থেকে যাঁ কাং

প্রশ্ন উঠে তাহলে আমাদের নজরে আনবেন এবং আমরাও ভবিষ্যতে প্রয়োজন হলে এ সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলে আমি এটা মাননীয় সদস্যদের সামনে রাখছি।

(At this stage the House was adjourned for fifteen minutes)

(After Adjournment)

[3-40—3-50 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না বর্তমানে হাউসে কোরাম আছে কিনা এবং ভারপ্রাপ্ত মন্ত্রী উপস্থিত হবেন কিনা। যাইহোক এর মধ্যে আমি আমার বক্তব্য বলছি এবং প্রথমেই মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। ইতিপূর্বে যখন তিনি সাময়িক আইন হিসাবে ঠিকা টেনান্সির সুযোগ সুবিধা অব্যাহত রাখবার জন্য এখানে প্রস্তাব এনেছিলেন তখন আমরা তাঁকে অনুরোধ জানিয়েছিলাম যে কালবিলম্ব না করে ব্যাপক একটা আইন কলকাতা বস্তিবাসীর কল্যাণের জন্য আনুন এবং আমরা তাঁকে সমর্থন করব। আজকে অল্প সময়ের মধ্যে তার একটা রাস্তা তিনি যে দেখাতে পেরেছেন তারজন্য প্রধানতঃ তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি একথা বলেছেন যে এটা অত্যন্ত জটিল প্রশ্ন। সেই জটিলতার দিক থেকে আমার মনে যে কয়েকটি প্রশ্ন উঠেছে সেদিকে দৃষ্টি আকর্ষণ করবার জন্য আমি উঠে দাঁড়িয়েছি। আইনটি পড়ে প্রথম আমার মনে জেগেছে গ্রাম এবং সহরে জমিদারী প্রথা যখন উচ্ছেদ হল তখন সহর এবং সহরের উপকণ্ঠে জমি বাদ দেওয়ায় ঐ আইনে খানিকটা অসঙ্গতি থেকে গিয়েছিল।

এই সুযোগে সেই ভূমি সংস্কার আইনের অনরূপ আইন কেন করা হলনা? তাতে অন্ততঃ গ্রামের লোক যারা তারা এতে আশ্বস্ত হতে পারত যে বর্তমান যুক্তফ্রন্ট সরকার-এর সমদৃষ্টি সকলের উপরই আছে, কেবল তাঁরা সহরের মালিক জমিদার তাদের জন্য আলাদা ব্যবস্থা করার জন্য পক্ষপাতি হননি, এটা সুখের বিষয়। কিন্তু শেষ পর্যন্ত সে যুক্তি তাঁরা দেখাননি কেন ঠেকে গেলেন দুটি আলাদা আইনের আওতায়, তার জন্য আমার মনে খটকা লাগল—যে জমিদারী প্রথা উচ্ছেদ কলকাতা এবং কলকাতার উপকণ্ঠে যে সব জায়গা এখন আমরা আইনের আওতায় আনবার কথা বলছি, সেখানেও মালিকদের যদি উচ্ছেদ অনুরূপভাবে করা হত তাহলে কোটি কোটি টাকার প্রয়োজন হত তাদের ক্ষতিপূরণ দিতে। ক্ষতিপূরণ দেবার টাকা যা আসে এবং যেভাবে দেওয়া হয় এবং তিনিও জানেন এবং যারা জমির মালিক তারাও যথেষ্ট ভুক্তভোগী, তাদের দীর্ঘদিন ব্যাপী কোন বন্ড বা কাগজ দিয়ে দাবী পূরণের রীতি সরকার রেখেছেন এবং সেই রকম করে ক্ষতিপূরণের মাত্রা বেশী হলে, তাকে একই রকম আইনের মধ্যে উচ্ছেদ করে দেওয়া সম্ভব হত বলে আমার বিশ্বাস। দ্বিতীয় কথা—এটা আমার মনে হয়েছে এবং যাঁরা দীর্ঘদিন ধরে এই আইনে ঠিকা টেনান্সী সম্বন্ধে আলোচনা করেছেন বিভিন্ন সমস্যা সম্বন্ধে তাদের সঙ্গে আলোচনা করেছি, তাঁদের কাছ থেকে যা শুনেছি, বস্তুতঃ আমি এ বিষয়ে তত ওয়াকিবহাল নই স্বীকার করছি, আমার যা শোনা, তা থেকে যে জ্ঞান, এটাই বুঝেছি যে, কলকাতার বস্তী বা খোলা জমি যা সাময়িকভাবে অন্য লোককে ব্যবহার করতে দিয়েছে, সেই শ্রেণীর লোকের মধ্যে নানা রকম মালিক আছে, নানা রকমের অধিকার ভাগ আছে, এই সব মাঝারি মালিকরাও জমিদার আখ্যায় পড়েন কিনা আমার যথেষ্ট সন্দেহ আছে। অনেকে জমি অল্প দামে এক সময় কিনেছিলেন এই ভেবে যে পরবর্তী পর্যায়ে সেটা নিজেরা বা তার পরিবারের লোকদের বাস করবার জন্য ধীরে বাসোপযোগী করে নিবেন। কিন্তু সময়াভাবে করে দেননি বা টাকা যোগাড় করতে পারেননি। জমি পড়ে আছে, এই অবস্থায় অনেকে জবরদখল করে গরুর খাটাল, মোটর গ্যারেজ করেছে এও দেখেছি আবার অনেকে মালিকের অনুমতি নিয়ে খাজনা করে টেম্পোরারী স্বীকচার করে ভাড়াটিয়াদের জন্য বাসের জন্য করে রেখেছে এই সর্তে যে যখন মালিক দরকার মনে করবে, পাকা বাড়ী করার জন্য যখন চাইবে, সেই জমি তারা ফেরৎ

দিবে। এই যে বিভিন্ন পর্যায়ের মালিক তাদের একই গোত্রে ফেলে মন্ত্রিমহাশয় একই রকম পর্যায়ের আইন করার চেষ্টা করছেন, তাতে সুবিচার করা হচ্ছে না অনেক শ্রেণীর প্রতি, এটাই আমার ভয়। আমার প্রধান লক্ষ্য যেখানে নীচের পর্যায়ে মানুষ বাস করে যাকে আমরা ভাড়াটিয়া বলি সেই পর্যায়ের লোকদের সুবিধা করে দেওয়ার জন্য সব চাইতে বেশী ব্যবস্থা করবেন। এবং এই শ্রেণীর জন্য যে সুবিধা এই আইনের মধ্যে রাখা হয়েছে এটা অত্যন্ত সুখের বিষয়, তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাই। কিন্তু শুধু তাদের সাময়িক সুবিধা করে দেবার কথা নয়। যদি কারো দাবী থাকে সেই জমিতে নিরঙ্কুশ ভাবে বাস করবার তাহলে তাদের দাবী গ্রহণযোগ্য যারা মধ্যস্বত্বভোগী তাদের নয়। ঠিকা টেনান্ট বলতে যাদের বলা হচ্ছে তাদের অধিকাংশই মধ্যস্বত্বভোগী, এবং শুধু মধ্যস্বত্বভোগী নয় তারা অনুপার্জিত বিত্তভোগী, আন আর্ণড ইনক্রিমেন্ট এনজয় করছে। যখন তারা জমি মালিকদের কাছ থেকে নেয়, যেটা এ্যাভরেজ ৪৪ টাকা করে উনি ধরেছেন, রেন্টাল বেসিসে একরে হয়ত তারা নিয়েছে, সেখানে তারপরের পরবর্তী পর্যায়ে আমাদের সেখানে মানুষ বেড়েছে, সেখানে দাবী বেড়েছে, অভাব, বাসস্থানের অভাব বেড়ে যাবার দরুণ এবং সমাজে অন্যান্য কল্যানমূলক উন্নতিসাধনের জন্য যে সব সুযোগ সুবিধা হয়েছে আন আর্ণড ইনক্রিমেন্ট, যেটা অনুপার্জিত বিত্তভোগ করছে কারা, না ঐ সেই টেনান্ট যাকে আপনারা মাথায় তুলবার জন্য আইন করতে যাচ্ছেন সেই টেনান্ট ক্লাস করছে। আমি বুঝতে পারতাম যে সরাসরি যারা ভাড়াটিয়া তাদের অধিকার দেবার জন্য আইন করছেন তাহলে আপনাকে আরো বেশী অভিনন্দন জানাতে পারতাম কিন্তু আপনি সেদিকে যাননি, মন্ত্রি-মহাশয় সেদিকে চেষ্টা করেননি। বর্তমান সমাজ ব্যবস্থার কথা যতই মুখে বলুন না কেন যে আপনারা সমাজ ব্যবস্থার বৈপ্লবিক পরিবর্তন করবেন কিন্তু সেটা সাহস পাচ্ছেন না। যদি সাহস পেতেন তাহলে আমাদের একান্ত সহযোগিতা তার পিছনে থাকতো। কিন্তু এই যে মাঝখানে টেনান্ট জাতীয় মধ্যস্বত্বভোগীকে তিনি আরো সুবিধা দিচ্ছেন এটা তাঁদের ঘোষিত নীতির বিরুদ্ধে এবং বর্তমানে কংগ্রেস যে আদর্শের পিছনে নিজেকে বেঁধেছে, আমাদের মাননীয়া প্রধান মন্ত্রীর নির্দেশে সেই আদর্শের দিক থেকেও এই মধ্যস্বত্বভোগীকে বাড়িয়ে তোলার দিক থেকে আমরা খুব উৎসাহ পাচ্ছিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইনে মোটামুটি যে চারটি অংশ বিশ্লেষণ করে তাঁর দীর্ঘ প্রাথমিক বক্তৃতায় এই আইন গ্রহণ করার জন্য আমাদের বললেন মূল নীতি হিসাবে তার প্রত্যেকটির সঙ্গে আমাদের সহানুভূতি আছে এবং তারজন্য আমি তার বিরোধিতা করছিনা। কিন্তু কতকগুলি জিনিসের সম্পর্কে আমাদের কিছুটা অসুবিধা আছে সেই বিষয়ে সংশোধনী প্রস্তাব সামান্য দুটি আমি রেখেছি এবং সেটা যথা সময়ে যখন সংশোধনী আসবে তখন তুলবো, এখন এই কথা বলতে চাই যে মূল নীতির দিক থেকে ১নং যে অল্প সময়ের মধ্যে তিনি একটি সামগ্রিক আইন ঠিকা টেনান্টের জন্য করতে পেরেছেন তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাতে পারি। ২নং তিনি যে যে কারণে উচ্ছেদ করা যাবে, সেই যে সেকশন (৩) সেটা সম্পূর্ণভাবে উঠিয়ে দিয়ে নূতন কয়টি যে ধারা করেছে যে কি কি কারণে ঠিকা টেনান্ট তুলে দেওয়া যেতে পারে সেটা খুব সীমাবদ্ধ রাখছেন সেটাও মোটামুটি গ্রহণযোগ্য। কেবল একটি দুটি ক্ষেত্রে তার অসংগতি রয়েছে সেদিকে আমি তাঁর দৃষ্টি যথা সময়ে সংশোধনী প্রস্তাবের সময় তুলবো এবং তাছাড়া তিনি যে বলেছেন যে ভাড়াটিয়াদের জন্য তাদের উপর টেনান্টের যে দায়িত্ব রয়েছে সেই দায়িত্ব যাতে পুরোপুরি পালন করতে পারেন তার জন্য নির্দেশ দিয়েছেন সরকারী কর্মচারীদের উপর, তা যদি না করে তাহলে করিয়ে নেবার যে ব্যবস্থা করেছেন সেটাও গ্রহণযোগ্য। আমি যেটুকু আপত্তিজনক মনে করছি সেটা আমার সংশোধনী প্রস্তাবের সময় তুলব। আপত্তি ঠিক নয়, এটাকে যদি আমরা বাস্তবানুগ করতে চাই সেই দিক থেকে আমি এটা করতে বলেছি। এইটুকু বলে এই অবস্থায় এই বিল যে আনা সম্ভব হয়েছে তারজন্য আমি অভিনন্দন জানাচ্ছি।

[3-50—4 p.m.]

**শ্রীনিখিল দাস:** মাননীয় অধ্যক্ষমহাশয় বহু প্রতীক্ষিত ঠিকা টেনান্সি যে এ্যামেন্ডমেন্ট বিল সেটা আমাদের সামনে এসেছে। মোটামুটি আমাদের মন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি খুসী হতেন যদি তিনি কলকাতা এবং হাওড়ার উপর থেকে জমিদারী ব্যবস্থাটাকে তুলে দিতে

পারতেন। কিন্তু তিনি সেটা আমাদের সামনে তুলে ধরেছেন যে টাকার জন্য সেটা সম্ভব নয়। তিনি এই বিলের মাধ্যমে চেণ্টা করেছেন ঠিকা প্রজাদের অধিকার কতটা বেশী দেওয়া যায়, জমিদারদের অধিকার কতটা সীমিত করা যায় এবং ভাড়াটিয়াদের কতটা বেশী সুবিধা দেওয়া যায় এই তিনটি বিষয় আমাদের সামনে রেখে এই বিলটা এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু'একটি ব্যাপারের দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করব। যেমন ধরুন, যদি কেউ পাকা বাড়ী করতে চায় তাহলে তাকে অনুমতি নিতে হবে কন্ট্রোলারের কাছ থেকে, কন্ট্রোলারের অনুমতি ছাড়া সে পাকা বাড়ী করতে পারবে না। কিন্তু অনুমতি পেতে হলে কর্পোরেশনের অনুমতি আগে পেতে হবে। এটা ঠিক কিভাবে হবে সেটা আমি বুঝতে পারছি না, তিনি একটু বিবেচনা করে দেখবেন। ২ নম্বর হচ্ছে, উচ্ছেদের জায়গায় ৩ নম্বর ধারায় বলছে, ক্লজ ১ সাব-সেকসান ৩ বলছে যদি কেউ লিজ নিয়ে থাকে, কারণ কেউ হয়ত বসত বাড়ী সেখানে করবে না, অর্থাৎ কেউ কারখানার জন্য লিজ নিতে পারে, কেউ গ্যারেজের জন্য লিজ নিতে পারে তাহলে এই বিধানের সুবিধা তারা পাবে না অর্থাৎ পুরান ঠিকা টেনান্সি এ্যাক্টের যে উচ্ছেদের ধারা তা তার উপর বর্তাবে। আমি এখানে একটা প্রশ্ন করি যে ধরুন একজন রেসিডেন্সিয়াল পার্পাসের জন্য লিজ করেছে, করে সে সেখানে ৬টি রুম করেছে। এর মধ্যে সে দুটি রুমে থাকছে, দুটি রুম সে ভাড়া দিয়েছে, একটি রুমে সে একটা লেদ মেসিন বসিয়েছে। এই যে রেসিডেন্সিয়াল পার্পাসে নিয়ে একটি রুমে লেদ মেসিন বসিয়েছে, দুটি রুম ভাড়া দিয়েছে সেই অবস্থায় কি হবে? এই যে উচ্ছেদের জায়গা আছে সেখানে পরিষ্কার করে বলা হয়নি সেটা, সেটা আমাদের একটু বুঝিয়ে দেবেন। রেসিডেন্সিয়াল পার্পাসে লিজ নিয়ে যদি কেউ একটা ঘরে গ্যারেজ করে বা একটা লেদ মেসিন চালায় তাহলে সে সাব-সেকসান অনুযায়ী

"on the ground that he has used the land comprised in his holding in a manner which renders it unfit for any of the purposes mentioned in clause (5) of section 2."

এই ধারায় পড়ে যাবে কিনা? অর্থাৎ সে রেসিডেন্সিয়াল পার্পাসে লিজ নিল, ৩টি ঘর করল, একটা ঘরে একটা লেদ বসাল, তাহলে সেই লেদ বসানর জন্য যে গ্রাউন্ডে নিয়েছিল সেই গ্রাউন্ডের বাইরে যাওয়ার জন্য তাকে ইজেক্ট করা যাবে কিনা এই প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই আমাদের কাছে পরিষ্কারভাবে রাখবেন। ৩ নম্বর কথা হচ্ছে, পাকা বাড়ী আমি তুলতে পারব রেসিডেন্সিয়াল পার্পাসের জন্য, কিন্তু ধরুন একজন একটা মোটর গ্যারেজ করার জন্য নিয়েছে, তার লিজ থাকছে, লিজটাকে ইজেক্ট করতে চাচ্ছে না মালিক, সেখানে সে পাকা বাড়ী করে ঐ মোটর গ্যারেজকে একটা ইমপ্রুভড কন্ডিসানে নিতে চায় তাহলে সে পারমিশন পাবে কিনা? এই আইনে মনে হচ্ছে সে পারমিশন পাবে না। যেমন জমিদার একজনকে একটা গ্যারেজ করার জন্য লিজ দিয়েছে, সে গ্যারেজ করছে এবং লিজের যে কন্ডিশন সেই কন্ডিশন সে মেনে নিচ্ছে। সুতরাং আইনের ধারা অনুযায়ী তাকে উচ্ছেদ করা যাচ্ছে না। সে যদি গ্যারেজটাকে পাকা হাউস করে করতে চায় তাহলে সে পাকা গ্যারেজ করার পারমিশন পাবে কিনা? এটা পড়ে মনে হচ্ছে সেখানে কন্ট্রোলার তাকে পারমিশন দেবেন না, অথচ কন্ট্রোলার তাকে রেসিডেন্সিয়াল পারপাসে পারমিশন দেবেন এ অবস্থাটা কি এ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় একটু চিন্তা করবেন।

তারপর চার নম্বর হচ্ছে—ঠিকা প্রজা বাড়ী-ভাড়াটে ভাড়া নেবে—, সেটাকে নিশ্চয়ই বাসোপযোগী করে দিতে হবে। সে কি করে করে দেবে? সে পায়খানা করবে কি করে যদি জমিদারের কাছ থেকে সেই অধিকার আদায় করা না যায়, মিউনিসিপ্যাল অ্যাক্ট যেটা আছে, সেটা যদি পরিবর্তিত না হয়। যদি সে জলের কল, বিজলী বাতি, রাস্তাঘাট ঠিক ঠিক মেরামত করে না দিতে পারে, সেই অধিকার যদি ঠিকা প্রজার হাতে না থাকে, জমিদারের হাতে সেই অধিকার থাকে, তাহলে ঠিকা প্রজা এগুলোর ইম্প্রুভমেন্ট করবে কি করে? সে বাতি নিতে পারবে কিনা, জল কল নিতে পারবে কিনা, রাস্তাঘাটের উন্নতি করতে পারবে কিনা, আইনে সে অধিকার তাকে দেয়নি; এ সবের অধিকার রয়েছে জমিদারের হাতে। এগুলোর ইম্প্রুভমেন্টের অধিকার ঠিকা প্রজা পাচ্ছে না। ঠিকা প্রজা যাতে এইসব ব্যবস্থার ইম্প্রুভমেন্ট করতে পারে, তার অধিকার সে যতক্ষণ না পাচ্ছে, ততক্ষণ সে প্রপার হ্যাবিটেবল অবস্থায় তা দিতে পারে কি করে? এ বিষয়ে মন্ত্রিমহাশয়কে ভাবতে হবে।

আমি প্রথমেই বলেছি এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি; বহু প্রতীক্ষিত বিল এটা। এর মধ্যে একটা প্রশংসনীয় ধারা সংযোজিত হয়েছে অর্থাৎ ঠিকা প্রজাকে আর উচ্ছেদ করা যাচ্ছে না। যদি সে উচ্ছেদযোগ্য কাজ করে, তাহলে তার রাইট নীলামে উঠবে। সেই রাইটের দাম যদি দু হাজার টাকা হয়, আর দেনা হয় দু শো টাকা, তাহলে সে বাকী ১,৮০০ টাকা পাবে। আগে উচ্ছেদ হয়ে গেলে তার রাইট অটোমেটিক্যালি জমিদারের কাছে দিয়ে যেত। কিন্তু মন্ত্রিমহাশয় ঠিকা প্রজাকে যে অধিকার দিয়েছেন, তাকে আর যখন তখন উচ্ছেদ করা যাবে না; তার সেই অধিকার বিক্রী হবে এবং বিক্রী হয়ে দেনার টাকা বাদ দিয়ে বাড়তি টাকা সে পাবে। এই রাইট অফ প্রিএম্পশন তাকে দেওয়া হয়েছে। যদি ঠিকা প্রজা উঠে যায় এবং জমিদার যদি সেই রাইট অফ প্রিএম্পশন কিনে নিতে চায় তাহলে হি উইল গেট দি প্রাইওরিটি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো ভবিষ্যতে এটা বাদ দেওয়া যায় কিনা সেটা ভেবে দেখতে। তা না হলে মূল যে বিষয় ভবিষ্যতে জমিগুলি আবার জমিদারদের কাছে চলে যাবে অ্যাকুমুলেট হবে। আমি অবশ্য এখনই এর জন্য কোন সংশোধনের কথা বলছি না। আমরা কিছুদিন দেখতে থাকি পর্যবেক্ষণ করি কি হয়। যদি দেখা যায় এই প্রিএম্পশন-এর মাধ্যমে জমি সব জমিদারদের হাতে দিয়ে যাচ্ছে তখন ব্যবস্থা নেবার কথা বলবো। আমার মনে যে প্রশ্ন জেগেছে তাই বললাম। জমিদারী এখানে তোলা গেল না, সবই থেকে গেল, ভাড়াটে থেকে গেল, ঠিকা প্রজা থেকে গেল। তবে জমিদারদের অধিকার খানিকটা সঙ্কুচিত করা হল এবং ভাড়াটে ও ঠিকা প্রজাদের খানিকটা অধিকার দেওয়া হলো। এই আইন বড় জটিল, ধীরে ধীরে অভিজ্ঞতার মাধ্যমে এটা সুষ্ঠু হয়ে উঠবে। এই আশা রেখে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

**শ্রী এ কে এম ইসাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন প্রতিবাদ শুধু নয়, পর্বতের মুষিক প্রসব। তার অর্থ আমি এতদিন ঠিক বুঝতাম না। আজ হরেকৃষ্ণবাবুর বক্তৃতা শুনে তার অর্থটা আমার কাছে পরিষ্কার হয়ে গেল। উনি হাতি ঘোড়া মারতে মারতে এখন মশা মারতে গেলেন। কি করে এটা ঘটে গেল আজকে তিনি জনসাধারণের থেকে তাঁর সহানুভূতি হঠাৎ মধ্যস্বত্বভোগীদের কাছে কেন গেল তা বুঝতে পারলাম না। দোহাই দিচ্ছেন সংবিধানের--বলছেন সংবিধানের সীমাবদ্ধতার জন্য নাকি উনি জনগণের জন্য কিছু করতে পারছেন না—ঠিকা প্রজাদের জন্য কিছু করতে পেরেছেন। জনগণ বলতে আমি বোঝাচ্ছি ভাড়াটিয়াদের। উনি বলছেন আর্থিক সীমাবদ্ধতার জন্য ওনার জনগণের প্রতি সহানুভূতি দেখান সম্ভব হল না। ওঁর সহানুভূতি আর্থিক সীমাবদ্ধতার মধ্য দিয়ে চলে গেল জমিদারদের প্রতি, ঠিকা প্রজাদের প্রতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মনে আছে ১৯৫৩ সালে যখন জমিদারী উচ্ছেদ আইন পাশ হল সেই আইনে জমিদারদের স্বত্ব নেওয়া হল, ইজারাদারের স্বত্ব নেওয়া হল, তালুকদারের স্বত্ব, মহলাদারের স্বত্ব, মধ্যস্বত্বাধীকারের স্বত্ব নেওয়া হল, কোর্ফা রায়তী তুলে দিলাম, তখন এই সংবিধান কণ্টক হয়ে দাঁড়ায়নি। বাংলাদেশে জমিদারী প্রথা উচ্ছেদ হয়ে গেল, সংবিধান কণ্টক হয়ে দাঁড়ায়নি এবং সঙ্গে সঙ্গে আর্থিক সীমাবদ্ধতার প্রশ্ন ওঠেনি এবং এখনও পর্যন্ত তার জের চলেছে, ১৩৫২ সালে জমিদারী উচ্ছেদ আইন পাশ হল, আজকে ১৩৭৬ সাল এখনও পর্যন্ত বহু মধ্যস্বত্ব, বহু জমিদার, তাঁদের টাকা পাননি—এই ব্যবস্থা কি তাঁদের মনে পড়েনি। হঠাৎ সমস্ত সহানুভূতি তাঁদের চলে গেল ঐ ঠিকা প্রজাদের উপর—মায় এও পর্যন্ত দেখছি যে জমিদাররা নতুন করে ঐ সমস্ত জমি কিনে নেবার অধিকার পর্যন্ত স্বীকার করা হল। বার বার না বলে এসেছেন যে আমরা প্রিন্সিপল অব এ্যাকুমুলেসান-এর বিরোধী আজকে কোন লজ্জায় তাঁরা এই ব্যবস্থাকে আইন সঙ্গত করছেন? আজকে যে অধিকার দিলেন সেখানে আবার ঐ জমিদারদেরও অধিকার দিলেন যে তাঁরা আবার নতুন করে কিনে নিতে পারবে জমিদাররা এই ব্যবস্থাও করলেন। তাঁদের লজ্জা করে না? আমরা ভেবেছিলাম যা আজকে ৬ মাসের মধ্যে কি ঘটে গেল যার জন্য জনসাধারণের প্রতি দরদ উবে গেল—হঠাৎ দরদ এসে গেল জমিদার মধ্যস্বত্বাধিকারের প্রতি, কিভাবে মধ্যস্বত্বাধিকারের সুযোগ সুবিধা করে দিলেন। কিন্তু যারা ভাড়াটিয়া তাদের যারা আইন থেকে বাদ ছিল তাদের পর্যন্ত ঢুকিয়ে দিলেন। জমিদারী উচ্ছেদ আইনে কোর্ফাকে দিলেন রায়তের অধিকার আর এই জমিদারীকে কি তোলা যেত না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতদিন বুঝতে পারিনি পর্বতের মুষিক প্রসবের ব্যাপারটা--আজকে হরেকৃষ্ণবাবুর বক্তৃতা শুনে পর্বতের মুষিক প্রসব কাকে বলে তা বুঝতে পারলাম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা যখন আগে মন্ত্রী হয়েছিলেন একটা স্টপ প্রোসিডিংস অর্ডিন্যান্স নিয়ে এলেন ভাড়াটিয়াদের তোলা যাবে না—ভাল কথা, সবাই ভাবছি আমরা তাহলে বোধ হয় আমাদের কিছু হবে। আজকে উনি আইন এনে ফেলেছেন এবং হরেকৃষ্ণবাবু বলে গেলেনও সেকথা যে ২ বছর পর্যন্ত বহু লোক ভাড়া দেয়নি। তাদের কথা ভেবেছেন কি? তাদের কি হবে? তারা যে ভাড়া দিতে পারল না, তারা উচ্ছেদ হয়ে যাবে, তাদের যখন রোধ করতে পারলেন না, তাদের পথে টেনে আনলেন কেন? ২ বছরের ভাড়া আদায় দেয়নি এই রকম শতকরা ৯৫ জন, তাদের বাঁচাবে কে? সমস্ত সহানুভূতি চলে যাচ্ছে ঐ জমিদার, মধ্যস্বত্বাধিকারের উপর এবং সঙ্গে সঙ্গে লজ্জাও করছে না ঠিকা প্রজাদের অধিকার খুব বাড়িয়ে দিচ্ছেন।

আমরা ঠিকা প্রজাদের উপর এটা বাধ্যবাধকতা করেছি, এটাকে যেন হেবিটেবল করে রাখি, ডিফাইন কবলেন না। বাসের উপযোগী কথাটা উনি ব্যাখ্যা করলেন না যে কি অর্থ হবে তার। আজকে কন্ট্রোলার ব্যাখ্যা করবেন হাইকোর্টে চলে যাবে, হাইকোর্ট যদি ব্যাখ্যা করে দেয় যার প্রগতির সঙ্গে সঙ্গতি নেই অথবা হাইকোর্ট যদি ডিফাইন করে দেয় সরকার যেটা পছন্দ করছেন না তাহলে নতুন করে কি এই আইন আনতে হবে সময় নষ্ট করবার জন্য, কেন ব্যাখ্যা করলেন না? এখন হাইকোর্ট যদি ব্যাখ্যা করে দেয় তাহলে সেটাকেই অবনত মস্তকে মেনে নেওয়া উচিত যদি গণতন্ত্রে বিশ্বাস করেন। কিন্তু সে অভ্যাস তো আপনাদের নেই। হাইকোর্ট যদি একটা বলেন এবং সেটা যদি আপনাদের পছন্দ না হয় তাহলে আপনারা তো কটূক্তি করবেন, যা আপনারা শুধু বাইরে নয়, এই হাউসেও করে থাকেন। সুতরাং এই যে হেবিটেসান কথাটা ডিফাইন করলেন না এর একমাত্র কারণ আপনাদের সহানুভূতি এই ৬ মাসের মধ্যে অন্যত্র চলে গেছে, জনগণের দিকে আর নেই। আজ জমিদারদের তুষ্ট করতে পারলেই আপনারা সন্তুষ্ট হন। মাননীয় সভাপাল মহাশয়, যেহেতু এই বিল ভাড়াটিয়াদের স্বার্থে আনা হয়নি বা গরিব প্রজাদের স্বার্থে আনা হয়নি সেই হেতু এই বিলের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রীসমরকুমার রুদ্র:** মাননীয় সভাপাল মহাশয়, এই বিলকে আমি প্রথমেই স্বাগত জানাচ্ছি। গত ২২ বছর ধরে মাননীয় সদস্য শ্রীইশাক সাহেবের কংগ্রেস দল সমাজতান্ত্রিক ধাচে সমাজ গঠনের প্রতিশ্রুতি দেশবাসীকে দেওয়া সত্বেও সমাজের নিচের তলার মানুষদের জন্য তাঁরা এ যাবত কিছু করেন নি। অথচ আজকে তিনি যুক্তফ্রন্ট সরকারের ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীকে ধিক্কার দিচ্ছেন এই বিল আনার জন্য এবং বলছেন তাঁর লজ্জা হল না কেন এই বিল আনতে। স্যার, কার কণ্ঠস্বর ইশাক সাহেবের মুখ দিয়ে বেরুচ্ছে তা আমরা জানি বা তিনি কাদের জন্য দুঃখিত হয়েছেন তাও আমরা বুঝতে পারি, সেটা হচ্ছে ঐ জমিদারদের জন্য। যে জমিদারদের দলের হয়ে এসে ভূমি রাজস্বমন্ত্রীর কাছে বলেছিলেন যে আমাদের জমির উপর বাড়ীওয়ালা ৭ তলা বাড়ী করবে, এ অধিকার বাড়ী করবার জন্য আমাদের দেওয়া হোক না কেন। সেটা দেওয়া হয়নি। ঐ জমিদারদের উনি টাকা পাইয়ে দিতে চান। আগে যা করেছিলেন জমিদার, জোতদারদের কমপেনসেসনের নামে কোটি কোটি টাকা পাইয়ে দিয়েছিলেন মানুষকে বঞ্চিত করে রেখে তেমনি এই সমস্ত যাঁরা জমিদার তাঁদের টাকা পাইয়ে দিতে পারছেন না বলেই তাঁর দুঃখ। বিনা টাকায় তাঁদের জমির উপর কেন ৭তলা বাড়ী উঠবে এই হচ্ছে তাঁর যুক্তি, এ ছাড়া আর কোন যুক্তি নেই। স্যার, শুধু কোলকাতাতেই ৭ লক্ষ নয় হাওড়াতেও বহু লক্ষ লক্ষ লোক বস্তিতে বাস করে। তারা সেখানে নারকীয় পরিবেশে থাকে, বাড়ী ভেঙ্গে পড়ে যাচ্ছে, সিঁড়ি অধিকাংশ ক্ষেত্রেই এমন ভাঙ্গা যে ওঠা নামা করা যায় না, পায়খানার ব্যবস্থা নেই, ড্রেনে জল জমে গিয়ে অবস্থা আরো খারাপ হয়ে থাকে, এমন কি জলসরবরাহেরও ব্যবস্থা নেই। আমরা প্রতিটি নির্বাচিত সদস্য জানি যে বস্তিতে মানুষ পশুর জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। আর সেই সমস্ত মানুষদের জন্য যখন বিধানসভায় বিল আসে তখন ইশাক সাহেব তাকে ধিক্কার দেন, সেই প্রচেষ্টার তিনি নিন্দা করেন এবং সেখানে জমিদারদের স্বার্থে বলেন, কারণ টাকা দিয়ে তাঁদের স্বার্থ ক্রয় করা হল না। কোন প্রয়োজন নেই স্যার, জমিদারদের পকেট ভরানোর। এখন ঐ জমির উপরেতে ভাড়াটেরা এবং হার্টওনাররা যাঁরা আছেন তাঁদের ৭তলা বাড়ী করবার অধিকার দেওয়া হোক। স্যার, আমি এই বিলকে অভিনন্দন জানাচ্ছি এর তিনটি দৃষ্টিভঙ্গীর জন্য। একটা হচ্ছে, ২২ বছর ধরে বস্তিবাসীরা যে অবস্থার মধ্যে জীবন যাপন করতে বাধ্য হচ্ছে সেই অবস্থার প্রতিকার হচ্ছে যা দীর্ঘ ২২ বছর ও'রা করেন নি। স্যার, ও'রা শুধু

করেন নি তাই নয়, নিষ্ঠুর, নির্মম হৃদয়হীন ভাবে ও'রা ও'দের রথ চালিয়ে গিয়েছেন। স্যার, এই প্রসঙ্গে আর একটা কথা বলি, ডঃ সান্যাল বলেছেন যে তিনি আশা করতে পারেন নি বাইশ বছরে যে কাজ করতে ব্যর্থ হয়েছেন মাত্র কয়েক মাসে সেই বিল যুক্তফ্রন্ট সরকার সভার সামনে এনেছেন। একদিকে বস্তিবাসীদের জন্য—যারা হার্টওনার এক একটা হাটে যে টাকা পান তাতে প্রত্যেক বাড়ী থেকে ৩৫০/৪০০ টাকা কমপক্ষে পান। জমিদারদের সেখানে দেন অতি সামান্য টাকা এবং বেশ কিছু টাকা তাদের হাতে আসে।

[4-10—4-20 p.m.]

ইতিপূর্বে যেসমস্ত আইন কংগ্রেস এখানে পাশ করেছিলেন সেই সমস্ত আইন ব্যর্থ হয়ে গেছে। তাই এখানে বাধ্যতামূলক বিধান করা হচ্ছে যাতে করে প্রত্যেকটি বস্তীতে হাট ওনাররা বাড়ির মালিকরা বাধ্য হন সেখানে মানুষের বসবাসের উপযোগী ব্যবস্থা করতে এবং এসেনসিয়াল সার্ভিস যেমন কনজারভেন্সী, ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেসন ইত্যাদি ব্যবস্থা করতে বাধ্য হন। ভাড়াটিয়ারা অভিযোগ করলে সেই অভিযোগের উপর কন্ট্রোলার যদি মনে করেন তাহলে সেখানে নির্দেশ দেবেন বাড়ির মালিকদের যে অবিলম্বে এই সমস্ত ব্যবস্থা করে বাসের উপযোগী বন্দোবস্ত গ্রহণ করুন। যদি সেই নির্দেশ মত কাজ করতে বাড়ীওয়ালারা অস্বীকার করেন তাহলে সরকার সেই সমস্ত কাজ করে দিয়ে যে সমস্ত টাকা দরকার হবে তা বাড়ীওয়ালাদের কাছ থেকে আদায় কবা হবে। কার স্বার্থে এই আইনটা করা হচ্ছে? ভাড়াটিয়াদের স্বার্থে এটা করা হচ্ছে, শ্রমজীবী মানুষ, মেহনতী মানুষের স্বার্থে এটা করা হচ্ছে যারা উৎপাদন করছে, কলে-কারখানায় কাজ করছে। অফিস আদালতে যারা কাজ করেন, সমাজের নিচের তলার মানুষ যারা এতদিন ধরে অবহেলিত, অবাঞ্ছিত, লাঞ্ছিত হয়ে এসেছেন সেইসব মানুষের উপযোগী বাসস্থান সৃষ্টি করার জন্য, পরিবেশ সৃষ্টি করার জন্য বাধ্যতামূলক বিধান এই ক্যালকাটা ঠিকা টেনেন্সি অ্যাক্টের মধ্যে করে দেওয়া হয়েছে। তাই একে সাধুবাদ করা ছাড়া, অভিনন্দন জানানো ছাড়া নির্বাচিত প্রতিনিধিদের আর কোন কিছু করণীয় থাকে না। আর একটি জিনিস করা হয়েছে। বাসের উপযোগী পাকাবাড়ী কবার ব্যবস্থা সেখানে করে দেওয়ার অধিকার দেওয়া হয়েছে হাটওনারদের উপর। কে করবে—ভাড়াটিয়ারা যারা অল্প টাকা ভাড়া প্রত্যেক মাসে দিতে পারেনা তাদের পাকা বাড়ী করাব অধিকার দেওয়া যায় না। জমিদারদের গত ২২ বছর ধরে যে অধিকার ছিল পাকা বাড়ী করার, তারা তা করতে পারতেন। তাদের জমির উন্নতির জন্য, বিল্ডিং-এর জন্য ঠিকা টেনেন্সি অ্যাক্টে সে অধিকার ১৯৪৯ সাল থেকে ছিল। কিন্তু সে অধিকার তারা প্রয়োগ করেন নি, বস্তিবাসীদের উন্নয়নের জন্য এগিয়ে আসেন নি। তারা এগিয়ে আসতে পারেন নি বলেই পাকাবাড়ীর মালিকদের সেখানে ক্ষমতা দেওয়া হয়েছে যাতে পাকাবাড়ী করতে পারেন এবং যতদিন পর্যন্ত পাকাবাড়ী না হচ্ছে ততদিন পর্যন্ত ভাড়াটিয়াদের অন্য জায়গায় রেখে বাড়ী তৈরী হলে আবার সেখানে ফিরিয়ে আনার বিধিবদ্ধ ব্যবস্থা এই বিলে কবা হয়েছে এবং ভাড়াটিয়াদেব শতকরা ২৫ টাকার বেশী ভাড়া যাতে না বাড়ে তার নিরাপত্তামূলক ব্যবস্থাও করা হয়েছে। আর কি চান? ইশাক সাহেব বস্তিবাসীদের মঙ্গলের জন্য, কল্যাণের জন্য আব একদিকে উচ্ছেদের কথা বক্তব্যেব মধ্যে বলেছেন। উচ্ছেদ বন্ধ করা হয়েছে। আগে ছিল ব্রিচ অব কন্ডিসন হলে পরে সেখানে জমিদার উচ্ছেদ করতে পারবেন এবং সেখানে অন্যান্য ওন ইউজ অ্যান্ড অকুপেসন, কমার্সিয়াল বিজনেস-এর রেজিস্টার্ড লিজের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে উচ্ছেদ করতে পারার অধিকার ছিল। এখন শুধু ওন ইউজ অ্যান্ড অকুপেসন ছাড়া সেখানে রেজিস্টার্ড লিজ যদি অন্য কারো কাছে থাকে তার মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও ওন ইউজ অ্যান্ড অকুপেসনে যারা থাকবেন তাদের উচ্ছেদ করা যাবে না। অতএব সরকার মানুষেব বাসের উপযোগী যে সমস্ত ব্যবস্থা করছেন সে সমস্ত ক্ষেত্রে রেজিস্টার্ড লিজের মেয়াদ উত্তীর্ণ হলেও সেইসব লোকদের ওখান থেকে উচ্ছেদ করা যাবে না এবং বসবাস করার জন্য আরো বিস্তৃত অধিকার এই আইনে দেওয়া হয়েছে। একদিকে যেমন উচ্ছেদ রোধ করা হয়েছে, পাকাবাড়ীতে থাকবার ব্যবস্থা করা হয়েছে তেমনি আর একদিকে বস্তিবাসীর হাটওনারদের বাধ্য করা হচ্ছে মানুষের উপযোগী এসেনসিয়াল সার্ভিস এবং হিউম্যানহ্যাবিটেসনের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করার জন্য। তাই এদিক থেকে বস্তিবাসীদের কল্যাণের জন্য যে বিল এনেছেন সেখানে ৭ লক্ষ বস্তিবাসী আছে এবং কলকাতার ডেনসিটি অব পপুলেসন অনুযায়ী একরে ১৫০ জন লোক

নন বস্তি এরিয়ায় আছে যেটা সারা বিশ্বের মধ্যে অত্যধিক। আর বস্তির মধ্যে প্রত্যেক একরে ৩০০ করে লোক থাকে এবং মার্কাস স্কোয়ারে এক একটি বস্তিতে ৫৫০ জন করে লোক আছে। কাজেই এই সমস্ত এলাকার জন্য যদি এইরকম আইন না আসে, মানুষকে বাঁচাবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা যদি না থাকে তাহলে স্যার, অত্যন্ত দুঃখের কথা বলতে হবে। তাই অত্যন্ত সুখের কথা যে যুক্তফ্রন্ট সরকার এদিকে লক্ষ্য দেবার জন্য এগিয়ে এসেছেন তাঁদের প্রথম সুযোগে এবং সেই সুযোগে এই বিল এসেছেন বলে আমি মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয়ের বিলকে সমর্থন করে আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

**Shri Deokinandan Poddar:**

माननीय अध्यक्ष महोदय, माननीय मंत्री महोदय ने जो कलकत्ता ठीका टेनेन्सी बिल रखा है, उनका मैं अभिनन्दन करता हूँ। और अभिनन्दन करते हुए, मैं दो-चार बातें आपके माध्यम से मंत्री महोदय व मंत्री मण्डल के सामने रखना चाहता हूँ। इस बिल को रखने का ध्येय यह है कि बस्ती-वासियों को उचित सुविधा, उचित रहन-सहन की व्यस्था मिलनी चाहिए। बस्ती में उनको रहने के लिए उचित स्थान हो, वहां से उनको निकाला न जाय, उनको रहने के लिए अधिकार उनको हमेशा के लिए मिल जाय। इसी वजह से यहाँ इस बिल के माध्यम से हम करना चाहते हैं। यह बहुत उचित चीज है। हर मनुष्य के रहने का अधिकार है। हर मनुष्य को जो दुनियां में पैदा हुआ है, उसे उचित रहने-सहने की व्यवस्था मिलनी चाहिए। इसमें दो मत नहीं हो सकता है।

मगर आज कानून बनाए जाते है उसके जरिए किस तरह से जुल्म चलाए जाते है? बस्ती-वासियों को उचित वास-स्थान का अधिकार मिलना चाहिए मगर इस बिल के जरिए भड़तियों को क्या अधिकार मिला है और कहा तक उनके अधिकारो की सुरक्षा हो सकेगी, इस बात को उनसे कोई नही कहता। निःसन्देह इसके पीछे और कोई राज है, जो हमें नहीं मालूम है। जिसके जरिए वे उपने रहने-सहने के स्थान को जैसे एक इनसान रहता ह, बना कर रह सके। ठीका टेनेन्टस को अधिकार दिया जा रहा ह, वह पक्का बिल्डिंग कन्ट्रोलर के परमिशन से कन्सट्रक्ट करना चाहे तो कर सकता है, पक्का बिल्डिग बना सकता है। लेकिन क्यों नही सरकार कोआपरेटिभ सोसाइटी की मार्फत, क्यो नही बक इन्स्टीटूशन की मार्फत, क्यों नही नही लाइफ इन्सूरेन्स कारपोरेशन की मार्फत, क्यों नही कलकत्ता इम्प्रोभमेन्ट ट्रस्ट की मार्फत, बस्ती मे रहनेवालों के लिए मकान बनवाती है? अगर लाइफ इन्सूरेन्स कारपोरेशन करोड़पतियों को रुपया दे सकती है, जैसा कि आज का समाज बरदास्त नही कर पाता है और बरदास्त करने की चीज भी नही है, तो फिर सरकार की क्यों नही रुपया इसके लिए देगा। आज तो बैंको का भी राष्ट्रीय करण हो गया है। उसमे भी रूपया लिया जा सकता है।

कलकत्ता इम्प्रोभमेन्ट ट्रस्ट बड़ी-बड़ी जमीनों को एक्वायर करके साउथ कलकत्ता में टालीगंज, न्यू अनवर साह रोड में बहुत सी जमीनें लेकर डाल दी गई है। वहां पर क्यों नही बिल्डिगें बनाई जाती हैं? इन बस्तियों का उच्छेद क्यों नहीं किया जाता है? यह चीज हमारा मंत्री मण्डल क्यों नहीं विचार किया? आज ठीका टेनेन्ट को क्यों अधिकार दिया जाय? एक मध्य के आदमी को क्यों अधिकार दिया जा रहा है? या तो अधिकार दिया जाय, भड़तिय को या अधिकार दिया जाय, जमीन्दार को। मध्य के आदमी को क्यों इतना अधिकार दिया जाता है। जिसकी जमीन हो या जिसका रुपया लगा हो, अगर वह अन्याय करता है तो सरकार को स्वयं अपने अधिकार में लेना लाजिम है। बीच के आदमी को फायदा कराना उचित नहीं लगता। उस जमीन का कम्पेनसेशन सरकार चुका कर उस जमीन पर सरकार खुद बिल्डिंगें बनावे। सरकार उचित समझे तो कम्पन्सेशन वगैरह खुद तय करे।

भड़तिया को अधिकार दिया जाय, यह बात तो ठीक है। अगर जमीन्दार के अन्याय करने पर ठीका टेनेन्ट अधिकार कर सकता है, तो आप किस तरह मे समझते है कि छोटे भड़तिया अन्याय नहीं कर सकते है? आज कलकत्ता कारपोरेशन के तमाम टैक्स बाकी है। जमीन्दार को टैक्स चुकाना कारपोरेशन को टैक्स देना है। उसे और भी टैक्स देने पड़ते है। अगर उसे भाड़ा ठीक से और समय पर न मिले तो वह भी क्या कर सकता है। सरकार के पास दफ्तर है, वह कल्कुलेट करके देख सकती है कि जमीन्दार की क्या आमदनी है और वह क्या बचा सकता है? ठीका टेनेन्ट की कितनी आमदनी है और वह क्या बचा सकता है।

मेरे चुनाव क्षेत्र मे बसती बहुत सी है। मैं ने देखा है, उन बस्तियो को अपने इलाके में। केवल चुनाव के मौके पर ही नही, हर समय उन बस्तियो की दशा को देखता हूँ। बस्तीवासियों की भलाई का कोई भी काम नही होता। आज तक इस सरकार ने बस्ती में रहनेवालो की भलाई का कोई काम नही किया और न करना ही चाहती है। कानन पास कर देने से बीच के ठीका टेनेन्ट को लाभ हो सकता है लेकिन भड़तिया को कोई लाभ नही हो सकता है। भड़तिया तो हमेशा मारा गया है। जमीन्दार ने भड़तिया को मारा और अब यह सरकारी भी उन्हे भूल जाती है। लाइफ इन्सोरेन्स मे रुपया दिला सकते है; कलकत्ता इम्प्रोभमेन्ट ट्रस्ट से रुपया दिला सकते है। इस तरह मे रुपया लेकर भड़तिया बिल्डिंग बनवा सकता है।

मैं इस बिल का विरोध नही करता, वल्कि मै इस बिल को हृदय से समर्थन करता हूँ। लेकिन जहां तक इस बिल का सवाल है, इसमें और सुधार करने की जरूरत है। केवल चीप पब्लिसीटी करने से कुछ नही होगा। आज बैंकों का राष्ट्रीय करण हो गया है। बैंक की अब पौलिसी है कि वह मध्यम श्रेणी के लोगो को रुपया देगी। अभी रिजर्व बैंक का एक सर्कूलर ईस् हुआ है कि एक बीड़ी बनानेवाला भी १० हजार रुपया पायगा। एक पान की दूकान करने वाला भी १० हजार रुपया पायगा। एक सब्जी बेचनेवाले को भी रुपया बैंक देगा। लेकिन यह सावित करना होगा कि रुपया रोजगार मे लगेगा। बिना किसी की गारन्टी के रुपया मिल सकता है। जब केवल एक आदमी के इन्ट्रोडक्शन पर इतनी बडी सहूलियत अब साधारण जनता को मिल रही है तो फिर क्यो बीच के ठीका टेनेन्ट को ही लाभ दिया जा रहा है। माफ कीजिएगा जमीन्दार ने जैसे भड़तिया को तक-लीफ दिया है, उसी तरह से ठीका टेनेन्ट भी करेगा। इसलिए ऐसा करने मे कोई लाभ नही होगा।

मै प्रार्थना करता हूं सरकार से कि भड़तियो का भला किया जाय। उनके वासस्थान की उचित व्यवस्था की जाय। अगर माननीय मंत्री महोदय खुद जाकर बस्तियो मे देखे तो देखेंगे कि वहा मनुष्य को रहने को कान कहे, कुत्ता भी नही रह सकता है। जहा हैवान को रहने की जगह नही है, वही पर बस्तीवासियों के बच्चे उन्ही गन्दी गलियों मे रहते है। अगर सच्चे मन से सरकार इनके लिए कुछ करना चाहती है तो वह सीरियस होकर इस मस्ले पर बिचार करे। इनके रहने-सहने की हालतो को सुधारे। अगर मंत्री महोदय आफिसरों को भेजने के बजाय खुद इन बस्तियों में जाय तो देखेंगे कि आफिसर इन बस्तियों के सही चित्र को नही देते है।

[4-20—4-30 p.m.]

**শ্রী এ এম ও গনি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটা এনেছেন আমি সম্পূর্ণভাবে তা সমর্থন করে দু একটা কথা বলতে চাই। এটা মনে করলে ভুল হবে যে, এইটাই শেষ কথা। ঠিকা টেনেন্ট এবং ভাড়াটিয়াদের উন্নতির জন্য এই বিলে যা বলা হয়েছে সেটাই শেষ কথা। আমার বন্ধু মাননীয় ইশাক সাহেব একটা প্রবাদ বলে গেলেন যে, পর্বতের মুষিক প্রসব। কংগ্রেসী পর্বতের ভূমিকম্প দেখেছি আমরা কিন্তু তার ফলে সামান্য এক অতুল্য ঘোষ ছাড়া আর কিছু তো পাই নি। আমরা ৬ মাসে প্রথম পদক্ষেপ নিচ্ছি যাতে ভাড়াটিয়াদের একটু অধিকার দেওয়া যেতে পারে। ঠিকা টেনেন্টরা যদি উচ্ছেদ হয়ে যায়

তাহলে জমিটা জমিদারদের যাবে কেন—এইকথা ওঁরা বলছেন। আপনি শ্নলে হাসবেন যদি বলা হয় আপনাকে যে এমন একটা আইন কর্ন যাতে এখানে আমরাই বসতে পারি, কংগ্রেসীরা থাকতে পারবেন না। এটা যদি বলা হয় তাহলে আপনি হাসবেন না? এটা কেমন কথা? উচ্ছেদ হওয়ার সংগে সংগে জমিদারের হাতে চলে যাবে এটা ২২ বছর ধরে ওরা করে আসছেন। এই আইনে সেটা নিলামে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যদি কেউ না নেয়, জমিদারের কাছে তো যাবেই। কিন্তু ওঁদের যে ব্যবস্থা ছিল যে জমিদারদের হাতে সহজে চলে যাচ্ছে তা নেই। ঠিকা টেনেণ্টদের কিছ্ কিছ্ উন্নতি এবং ঐ জায়গার যাতে কিছ্ জর্রী ভিত্তিতে ভাল করা যায় তারজন্য এই আইন। এখন যদি কেউ একজন ঠিকা টেনেন্ট জমির লাইসেন্স নিলো, বলল আমরা বাসস্থান করব। এতো ভাল যে গরীব মান্ষ থাকবে। কিন্তু বেশি পয়সা আয় হবে এই কথা ভেবে যদি সেখানে কেউ মটর কম্পানী করে, যদি সেখানে একটা খাটাল করে, কিংবা এইরকম অন্য কিছ্ করে সেখানে বাধা দেওয়া হয়েছে। লীজ নিয়েছে যে উদ্দেশ্যে সেইটা করতে পারবে, অন্য কিছ্ করতে পারবে না। এটা খ্ব প্রয়োজনীয় জিনিষ। এই সামান্য জিনিষের ব্যবস্থা হয়েছে। ওঁদের কথা শ্নে মনে হচ্ছে, ওঁরা বিপ্লব চেয়েছিলেন, কিন্তু আমরা বিপ্লব করলাম না বলে দ্ঃখিত হয়েছেন। ওঁদের কথা শ্নে মনে হচ্ছে ভারতবর্ষের মধ্যে বিপ্লবী ক্লাস ও'রাই আছেন, আর আমরা ব্র্জোয়া হয়ে গিয়েছি, ফিউড্যাল বনে গিয়েছি। ও'রা ২২ বছর ধরে করে এসেছেন যা তাতে জমিদারদের উচ্ছেদের আইন আছে কি?

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** জ্যোতি বস্ দিল্লীতে বলে এসেছেন।

**শ্রী এ এম ও গনিঃ** এসব বাজে কথা বলবেন না। ওঁরা বলছেন, আইনটা আমাদের। এই আইনে ২২ বছরে করলেন কি? ভাড়াটিয়া উচ্ছেদ হল, ঠিকা প্রজা উচ্ছেদ হল এবং জমিদারীও রয়ে গেল।

একটা নলক্প দিতে পারবেন না জমিদার যদি অন্মতি না দেয় কিছ্ করতে পারবেন না। পাকা বাড়ী জমিদার করতে পারবে আইনে ছিল, কিন্তু করেনি। কেন করেনি? যখন মনে করেছে যে, ইনভেস্টমেন্ট করলে লাভ হবে তখন করেছে। যখন দেখেছে যে লাভ নেই তখন করেনি। এখানে ঠিকা টেনেন্টদের ঐ অধিকার দেওয়া হয়েছে যাতে তারা ভাড়াটিয়াদের জন্য সামান্য যা কিছ্ উন্নতি করতে পারে—একটা বাড়ীর অবস্থার একট্ পরিবর্তন করতে পারে, একটা পাকা বাড়ী, একটা দালান করতে পারে সে জন্য এই অধিকার দেওয়া হয়েছে। অল্প কিছ্ ইনভেস্টমেন্ট করে করবে। এই বস্তীর যে অবস্থা আপনারা ২২ বছর ধরে করে রেখেছেন, তার সামান্য কিছ্ চেহারা যদি বদলান যায়। এগ্লি যা দিয়েছেন সেটা খ্ব প্রয়োজনীয় জিনিষ, এটাতো সামান্য ব্যাপার। এটাতে বলবার কিছ্ নেই। এই জিনিষটা এত পরিষ্কার যে এতে বলবার কিছ্ নেই। কিন্তু এই ব্যাপারে উত্তেজনা দেখে আমার খ্ব হাসি পেল। কিসের এত উত্তেজনা? এত দরদ কোথা থেকে এল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খ্ব অল্প সময় নেবো, কারণ এই বিলে এমন কোন ধারা নেই যার বির্দ্ধে কিছ্ বলা যেতে পারে। আমি এই বিলকে সম্প্র্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, স্বাধীনতার অব্যবহিত পরে তৎকালীন কংগ্রেস সরকার সাধারণ মান্ষ, সাধারণ প্রজার কল্যাণের জন্য, তাদের মংগলের জন্য যে আইন, যে বিধিবদ্ধ ব্যবস্থা করে গিয়েছিলেন আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তার সামান্য সম্প্রসারণ আমাদের সামনে উপস্থিত করেছেন। স্তরাং এর মৌলিক কৃতিত্বের দাবী তিনি করতে পারেন না। কিন্তু তিনি আমাদের ধন্যবাদার্হ এই জন্য যে ৬ মাসের মধ্যে তিনি এই দিকে দ্ষ্টি দিতে পেরেছেন। তবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে খ্ব হতাশ হলাম যে, এরা কিছ্দিন আগে পর্যন্ত একথা বার বার এই হাউসে তুলেছেন। হরেকৃষ্ণ বাব্র স্র দেখে আজকে একটা বিরাট হতাশা দেখতে পাচ্ছি। তিনি আমাদের বলেছেন যে, এগ্লি নেওয়া যাবে না। আপনি জানেন যে, ধন-বৈষম্য যদি কোথাও থাকে তাহলে এই ধন-বৈষম্যের প্রকট এই কলকাতা শহরে হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় অক্ষমতা

জানালেন সিলিং-এর দোহাই দিয়ে, তিনি কি বলবেন যে, জমিদারী, যে মধ্যস্বত্ব, যে রায়তী তিনি নিয়েছেন মধ্যসত্বাধীকারির কাছ থেকে এই এস্টেট অ্যাকুজিশন অ্যাক্ট তার কত ক্ষতিপূরণ আজ পর্যন্ত দিতে পেরেছেন। এই হিসাব নিশ্চয়ই তার কাছে আছে। ঠিক একই ভাবে তার কাছে দাবী করা যায় যে প্রকট ধন-বৈষম্য কলকাতা শহরে আছে সেই ধন-বৈষম্যের পরিমাণ কমাবার উপায় হিসাবে এরা কি আগুয়ান আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর্বান সিলিং করতে হবে। কংগ্রেসের টেন-পয়েন্ট প্রোগ্রামে আর্বান সিলিং করতে হবে, আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, যে মূলনীতি গ্রহণ করেছি আজকে সেই দায়ীত্ব গণতান্ত্রিক পদ্ধতিতে এদের উপরে বর্তেছে এবং সেই গণতান্ত্রিক সরকারের প্রতিনিধি হরেকৃষ্ণ বাবু যদি আজকে অক্ষমতা জ্ঞাপন করেন তাহলে আশা কোথায় পাবো বুঝতে পারি না। তাহলে কি ধরে নেবো যে, গ্রামে হবে আর শহরে হবে না। আমাদের তরফ থেকে সুস্পষ্ট ভাবে দাবী যে, আপনি যত প্রগতিশীল আইন করতে পারেন করুন। আপনি কম্পেনসেশন-এর কথা বলেছেন সেটাতো গভর্নমেন্ট ডিসাড করবে, সুপ্রিম কোর্টের যে লেটেস্ট জাজমেন্ট সেই জাজমেন্টে আপনার কমপেনসেশন ঠিক করে দেবেন। গ্রামে যে কমপেনসেশন দিচ্ছেন সেটা বাজার মূল্যে দিচ্ছেন না। বাজার মূল্যে যখন ওখানে দিচ্ছে না তখন কলকাতায় অন্যায় হবার কারণ কি? এই জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলবো যে, তারা যেন এই বিষয়টি ভাল করে বিবেচনা করে দেখেন। যে প্রকট ধন-বৈষম্য রয়েছে একটা বাড়ী একটা জেলার সমান। আপনি জানেন, গোটা পশ্চিমবঙ্গের যা দাম কলকাতার একটা অঞ্চলের তাই দাম। আজ প্রকট ধন-বৈষম্যের জন্য আমরা যে নীতি নিয়েছিলাম জনসাধারণ সেই আদর্শ পালন করার দায়ীত্ব আপনাদের উপর দিয়েছে। আপনারা পিছিয়ে আসলে আজকে জনসাধারণ ভরসা রাখবে কার উপর? মায়াপুরের কনফারেন্সের একটা রেফারেন্স আমি এখানে দেই। মাননীয় অধ্যক্ষমহাশয়, মায়াপুর কনফারেন্সে আমরা বলেছিলাম যে, যদি লাঙ্গল যার জমি তার হয়; সেই নীতি কেন বাস যার বাড়ী তার; বাস যার ঘর তার হবেনা? এই নীতি কেন রূপায়ন করা হবে না, এই নীতির বাধাটা কোথায়? এই প্রশ্ন আমি মন্ত্রিমহাশয়ের কাছে রেখেছিলাম, তিনি কৌশলে বলে গেলেন, এখানে ট্যাক্সের প্রশ্ন হবে, ইনটারনাল রিসোর্সেস্ কমিটি হয়েছে।

মাননীয় ভক্তিবাবুর কাছে আমি প্রশ্ন রেখেছিলাম—তিনি তো খুব ঢাকঢোল বাজিয়ে এখানে বলেন—যে কলকাতার প্রপার্টির উপর সিলিং করুন। আমাদের মূল কথা হচ্ছে ধন-বৈষম্য কমাতে হবে এবং ধন-বৈষম্য যেখানে যেভাবে আছে সেখানে সেইভাবে আগুয়ান হোন, আমাদের সমর্থন আপনাদের সঙ্গে আছে। গণি সাহেব বল্লেন প্রগতিশীল নীতির কথা। একটা কথা আমি জানাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রিয়াম্বেলে যা আছে সেটা যদি পড়ি তাহলে আপনি বুঝতে পারবেন যে মূলনীতি কার এবং কংগ্রেস কোন পথে চিন্তা করেছিল সেটা আপনার কাছে প্রকাশ পাবে। এখানে বলেছেন

Whereas it is expedient to make better provision relating to the law of landlord and tenant in respect of thika tenancies in Calcutta.

বেটার প্রভিসনের কথা আমরা তো চিন্তা করেছি। আজকে মন্ত্রিমহাশয় বলেছেন এটা শেষ কথা নয়। গণিসহেব বলেছেন এটা সংশোধন করার প্রয়োজন আছে, এতে জটিলতা আছে। সুতরাং আমরা যে মূলে নীতি গ্রহণ করেছি আপনারা সেই নীতির বিরোধিতা করেন নি—তাকে সম্প্রসারণ করছেন, এইজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তৃত শেষ করছি।

[4-30—4-40 p.m.]

**Shri Kalimuddin Shams:**

मिस्टर स्पीकर सर, आज हमारे मंत्री महोदय ने जो बिल लाया है, उसके लिए मैं सही माने में उनको कांग्रेसचूलेशन देता हूँ। इसलिए कांग्रेचूलेशन देता हूँ कि २२ वर्ष में कांग्रेस ने जो जुल्म किया है, कलकत्ता की बस्तियों पर वह जुल्म अब खत्म होता नजर आ रहा है

मिस्टर स्पीकर सर, आपको मालूम है कि पूरे बंगाल से जमीन्दारी खत्म हो गयी है। मगर कलकत्ता में इन कांग्रेसियों ने जमीन्दारी खत्म नहीं की। जमीन्दारी खत्म न करने की वजह से कलकत्ता की बस्तियों में जहां गरीब रहते हैं वहां उनको बहुत ज्यादा दुश्वारी थी, बहुत ज्यादा परेशानी थी। अगर आप बस्ती में जांय तो देखेगें कि जहां बस्ती में लोग रहते है और ठीका टेनेन्सी के जरिए अपना घर बनाए है उनको इस बात का अधिकार नही था। मगर उनके घर का दरवाजा टूट गया, खिड़कियों टूट गई तो अब बनवा सकते ह मरम्मत कर सकते है। इसलिए यह कानून है। पहले यह नियम था कि जब तक जमीन्दार परमिशन नही देता, तब तक बनवा नहीं सकते थे, मरम्मत नही कर सकते थे। हम हमारे मंत्री महोदय को इस बात के लिए कांग्रेचूलेशन देता हूँ कि उन्होंने इस बिल के जरिए ठीका टेनन्ट को अधिकार दिया है, राइट दिया है कि जमीन्दार के परमिशन के बगैर वे अब मरम्मत ही नहीं करवा सकते है बल्कि बिल्डिंग भी बना सकते है। बिल्डिंग बनाने के लिए आर्डर देकर कानून के लिए प्राभिजन लेकर बस्ती इलाके के सुधार के लिए बहुत अच्छा काम किया है।

मिस्टर स्पीकर सर, आप जानते है, काग्रेस के जमाने में बस्ती की जो हालत थी। मैं कलकत्ता कारपोरेशन का पांच वर्ष से कौन्सिलर हूँ। मुझे बस्ती में जाने का मौका मिलता है। मै ने देखा है, कारपोरेसन के प्राभिजन में है कि हम कुछ रुपया खर्च करके बत्ती लगा सकते है, ट्यूबेल लगा सकते हैं। मगर इस काम के लिए जमीन्दार का परमिशन लेना पड़ता था। मगर आज छोटे-छोटे ड्रेन, कच्चा ड्रेन अब पोख्ता कर सकते हैं। कलकत्ता कारपोरेशन को इस कानून से फायदा पहुँचा है। दो साल पहले कांगेस का यहां की गवर्नमेन्ट पर कब्जा था, इस आर्डर के पहले कांग्रेस का कारपोरेशन पर भी कब्जा था। इसलिए कांग्रेसियों ने हमेशा जमीन्दारों का फेवर किया। कांग्रेस हमेशा यह कोशिश करती रही कि ठीका टेनेन्ट को तकलीफ देकर जमीन्दार बस्ती में अपनी बिल्डिंग बनाये। इसीलिए आज हमारी गवर्नमेन्ट ने हमारे मिनिस्टर श्री हरेकृष्ण कोनार ने सही माने में बस्ती की उन्नति के लिए यह बिल लाया है।

इस बिल को समर्थन करते हुए हम उस वादे को दोहराना चाहते है जो हमारी युक्त फ्रन्ट सरकार की कर्म सूची की सातवी दफा में हैं। उसमें हमने यह वादा किया है कि जब हमारी सरकार बनेगी तब बस्तीवासियों को इस बात का मौका मिलेगा, यह अधिकार मिलेगा कि वे अपनी हालत को सुधार सकेंगे अपने इलाके की तरक्की कर सकेंगे और उन्हें कोई बेदखल नही कर सकता है। मगर इससे एक लूप होल मालूम पड़ता है। वह यह है कि अगर जमीन्दारी को अपनी जरूरत हो और अगर ठीका टेनेन्ट को उच्छेद करना पड़े तो जमीन्दार उसे उच्छेद कर सकता है। मिस्टर स्पीकर सर, आप जानते है चार सौ बीसी हो सकता है। २२ वर्षों के शासन मे इन कांग्रेसियो ने जमीन्दारो को सुख दिया है। इसमे यह मुमकिन हो सकता है कि कोई जमीन्दार अगर ठीका टेनेन्ट को उठाना चाहता है तो अपने रिस्तेदार के नाम से, बेटे-बेटियों के नाम से, नए रिस्तेदार के नाम से उसको राइट दे सकता है, उसे लीज दे सकता है, गिफ्ट दे सकता है। ऐसे किसी आदमी को गिफ्ट दे सकता है जिसका कलकत्ता में कोई जमीन न हो। वह आदमी गिफ्ट का पावर लेकर कोर्ट में जा सकता है और कह सकता है कि हमारे पास कलकत्ता में रहने के लिए जमीन नहीं है इसलिए हमें रहने की जरूरत है। इसलिए ठीका टेनेन्ट को उठाकर कब्जा दे दिया जाय। इसलिए हम आशा करते हैं कि हमारी सरकार आइन्दा आनेवाले साल में इस झमेले को खत्म कर देगी। इस बीच के इम्परीयलिस्ट आइडिया को लेकर जमीन को बैठाया गया है उसे खत्म करेगी। जिसका हट है उसको जमीन देकर इस बोगस कानून को खत्म करेगी।

हमारी सरकार गरीबों की सरकार है बस्तीवासियों की सरकार है बस्ती में रहने वाले साधारण आदमियों की सरकार है, बस्ती में रहने वाले गरीब और बेवा की सरकार है। इसलिए यह सरकार बस्तीवासियों की इलाज करेगी, ठीका टेनेन्सी बस्तीवासियों को देकर, हट ओनर्स को उनका मकार जमीन देकर, जमीन्दार कांग्रेस के अमल से लेकर आज तक जो जुल्म कर रहे थे उनके जुल्म को खत्म कर देगी।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ঠিকা টেনান্সি বিল এনেছেন তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। গত অধিবেশনে ঠিকা উচ্ছেদ করার জন্য তিনি যে বিল এনেছিলেন তখন এটা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে অবিলম্বে তিনি একটা কম্প্রিহেনসিভ বিল আনাবেন। এই অল্প সময়ের মধ্যে বিস্তৃত ভাবে ঠিকা প্রজা ও ভাড়াটেদের স্বার্থে তিনি যে বিল এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। ইশাকসাহেব বললেন এই বিলটি পর্বতের মূষিক প্রসবের মত হয়েছে। তিনি যদি বুঝতে পারতেন তাহলে এইসব কথা বলতেন না। তিনি বলেছেন এই বিলের মধ্য দিয়ে জমিদারী রক্ষা করার ব্যবস্থা হয়েছে। ১৯৫৩ সালে যখন জমিদারী দখল আইন এল তখন ডাঃ রায় এইকথা বলেছিলেন তিনি না কি একটা বিপ্লব আনছেন। কিন্তু কি বিপ্লব তাঁরা ২২ বছরের মধ্যে করেছেন সে কথা তিনি বলেননি? অত্যন্ত লজ্জার কথ যে যখন সারা বাংলার জন্য এই বিলটা আনা হল তখন কলকাতাকে জমিদারী উচ্ছেদ আইন থেকে বাদ দেওয়া হয়েছিল। এসব তাঁরা সকলেই জানেন। আপনারা জমিদার, জোতদার এবং মধ্যস্বত্বদের স্বার্থে কিছু করেন নি। কাজেই কোলকাতায় কোটিপতিদের স্বার্থ রক্ষা করার জন্য সেদিন জমিদারী দখল আইন থেকে এটাকে বাদ দেওয়া হয়েছিল। আজ সেই অপরাধের প্রায়শ্চিত্ত আমাদের করতে হচ্ছে। কাজেই জমিদারদের যে অধিকার ছিল এই বিলের মধ্য দিয়ে সেই অধিকারকে সংকুচিত করা হচ্ছে।

[4-40—4-50 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন বলেছেন আমরা ভাল যেটা করেছিলাম এটা তার খানিকটা সম্প্রসারণ। তিনি যদি এই বিল এবং আগেকার বিল ভাল করে পড়েন তাহলে জিনিসটি বুঝতে পারবেন। এই যে সত লক্ষ বস্তিবাসী হাজার হাজার বস্তিতে বাস করে সেখানে জল নেই, ড্রেনের ব্যবস্থা নেই, যদি পয়সা খরচ করা যায় তাহলেও আলো জ্বালাবার ব্যবস্থা নেই, পায়খানা নেই এবং এক কথায় বলা যেতে পারে এটা একটা নরক এবং এই কলঙ্ক কংগ্রেস সরকারই সৃষ্টি করেছেন। আজকে সেটাকে উচ্ছেদ করা হচ্ছে। এই ঠিকা প্রজাদের মধ্যে সহস্র সহস্র ভাড়াটিয়া রয়েছে। তাঁরা সেখানে বাস করেন এবং কিছু অংশে ভাড়াটিয়া রাখেন। আজকে ঠিকা প্রজারা দুঃখ কষ্ট, লাঞ্ছনা ভোগ করছে এবং তাদের ভাড়াটিয়ারাও ভোগ করছে। আমরা জানি গভর্ণমেন্টের এত টাকা নেই সমস্ত বস্তিতে পাকা বাড়ী তৈরী করবেন এবং ভাড়াটিয়াদেরও ক্ষমতা নেই সেখানে পাকা বাড়ী তৈরী করতে পারে। ভাড়াটিয়াদের জন্য পাকা বাড়ী তৈরী করতে হলে সেখানে কর্পোরেসনের সাহায্য নিতে হবে। কর্পোরেসনের সাহায্য ছাড়া সেখানে জল, আলো এবং পায়খানার ব্যবস্থা হতে পারে না। সেইজন্য মন্ত্রিমহাশয় বলেছেন তাদের প্ল্যান স্যাংসন করতে হবে। প্ল্যান স্যাংসন করা মানে হচ্ছে তাদের জল, পায়খানা এবং ড্রেনের ব্যবস্থা করতে হবে। এইসব কারণে উনি এই বিল এনেছেন এবং এই বিল আনার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে, এই যে লক্ষ লক্ষ বস্তীবাসী রয়েছে তাদের দীর্ঘদিনের দাবী ভাড়াটিয়া যেন সরাসরি কর্পোরেসনকে ভাড়া দিতে পারে। তারা যদি কর্পোরেসনের অধীনে ভাড়াটিয়া হয় তাহলে কর্পোরেসনের উপর তাদের দাবী থাকবে এবং কর্পোরেসনেরও দায়িত্ব থাকবে তাদের শিক্ষা এবং ইলেকট্রিসিটির ব্যবস্থা করা। মন্ত্রিমহাশয়কে জানিয়ে রাখছি এগুলি বস্তীবাসীদের দীর্ঘদিনের দাবী। নিখিলবাবু বলেছেন আমার মনে সন্দেহ রয়েছে যে যারা কারখানা করবে, গ্যারেজ করবে তাদের উচ্ছেদ করা যায় কিন্তু যার বাসস্থান রয়েছে তাকে উচ্ছেদ করা যাবেনা আইনে এই ব্যবস্থা রয়েছে। আমার মনেও সেই সন্দেহ রয়েছে যদি একটা জায়গা থাকে এবং তার খানিকটা জায়গায় যদি কারখানা থাকে তাহলে কি করা যাবে। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় চিন্তা করবেন এবং যদি কিছু করা যায় তাহলে রুলস-এর মাধ্যমে আমাদের আশ্বাস দেবেন। এই কোলকাতার বুকে আর একটি যে কলঙ্ক রয়েছে অর্থাৎ এই যে জমিদারবা রয়েছে, যারা কোটি কোটি টাকার মালিক, যারা জমি নিয়ে ফাটকাবাজী করে তারজন্য ব্যবস্থা করতে হবে, আমাদের নূতন পথ নিতে হবে। বাংলাদেশ থেকে যেমন আমরা জমিদারীপ্রথা উচ্ছেদ করতে পেরেছি কোলকাতা থেকেও যেন সেটা উচ্ছেদ করতে পারি। একথা বলে এই বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** All the speakers have finished their speeches. I would now call upon the Hon'ble Minister to reply.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পচা আবর্জনার স্তূপ থেকে যেমন দুর্গন্ধ বের হয় তেমনি ইতিহাসের আবর্জনার স্তূপে ইসাখ সাহেবের দল যখন নিক্ষিপ্ত হয়েছে তখন তাঁদের মুখ থেকে যে পচা দুর্গন্ধ বেরুবে এতে আশ্চর্য হবার কিছু নেই। কাজেই আমি ওঁদের বক্তব্য সম্বন্ধে বিশেষ কিছু বলছিনা। ওঁরা খুব আশ্চর্য হয়েছেন এতে বিপ্লব পাননি। আমি একথা বলিনি এই আইনে বিপ্লব থাকবে। এটুকু বুদ্ধি আমার আছে যে শীতাতপ নিয়ন্ত্রিত ঘরে বসে কোনদিন বিপ্লব হয়নি, হবে ও না। বিপ্লব করবে দেশের কোটি কোটি শ্রমিক, কৃষক, মাঠে ও ময়দানে, কলকারখানায়। আমাদের কাজ হচ্ছে এখান থেকে সেই কোটি কোটি মানুষকে বিপ্লবের জন্য প্রস্তুত করে তাদের হাতে শক্তি দেয়া। বিপ্লব এখান থেকে হবে না, সেটা হবে ময়দান থেকে এবং সেটা হচ্ছে বলেই ইসাক সাহেবের দল চিৎকার করছেন।

এঁরা গ্রামের লোককে ক্ষেপিয়ে তুলেছেন, কোর্টের ইনজংশন মানেননা, জোতদারদের বেনামী জমিগুলি ধরে ফেলেছেন। ফেলবে বৈকি? মানুষ জাগছে বৈকি? এটাইতো আমাদের কাজ। আমাদের এখানে করতে হবে, তবে এখানে যতক্ষণ থাকব,আমাদের সব মানতে হবে, সংবিধান মানতে হবে, ওথ মানতে হবে, সব মেনেই করতে হবে, তার ভিতর দিয়েই শক্তি তৈরী হবে। আইনের ভিতর আপনারা বিপ্লব দেখবেন কেন? আমরাতো বোকা নই যে আইন করে বিপ্লব হবে? সব মেনে আমাদের করতে হবে, বিপ্লব করার যারা বিপ্লব করবেই। এত বিচলিত হবেন না। শহর-টহরের কথা ভেবে বিচলিত হবেননা। ধীরে, সুরু হয়েছে। আমার কথা হচ্ছে এত বিচলিত হলে চলবে কেন, অনেকে বলেছেন ঠিকা প্রজারা নাকি বড় লোক তাদের দিয়েই সুরু করতে হবে। আমি বলি ওদের দিয়ে কেন, কার্নানি ম্যানশন দিয়ে নয় কেন, পোদ্দার ম্যানশন দিয়ে নয় কেন, কেন বাঙ্গুর দিয়ে সুরু হবেন? আর পোদ্দার সাহেবওতো এখানে আছেন।

কংগ্রেস বেঞ্চ হতে—এ পোদ্দার সে পোদ্দার নয়

তাও জানি, তবে পোদ্দারদের এ্যাজেন্টতো আছে, খাইতানদের এ্যাজেন্টতো আছে। সে যখন হবে তখন হবে। কিউবাতে আপনারা জানেন কি রকমভাবে হয়েছিল? সমস্ত বাড়ীগুলি কেমন করে নেওয়া হয়েছিল। আমাদের কাজ শক্তি জাগিয়ে তোলা। সেজন্য আইন করতে হবেনা। মানুষই সেটা করবে, সে আইন তারাই লিপিবদ্ধ করবে, যখন দরকার মানুষের তা করবে। এখানে করতে গেলে ভেবে চিন্তে করতে হবে। এঁরা এটুকুও জানেনা, এতো বড় মুশকিল, বললেন ১৯৫৩ সালে যদি জমিদারী উচ্ছেদ আইন করা গেল কেন এখন করা যাবেন? এঁরা কি এটাও জানেনা যে সুপ্রীমকোর্ট থেকে জাজমেন্ট দিয়েছে যে এর পর কেন জায়গা নিতে হলে পর বাজার দরে তার দাম দিতে হবে।

**কংগ্রেস বেঞ্চ হতে—সেটা পরে এ্যামেন্ডেড হয়েছে**

না হয়নি। তার জন্য সংবিধান-এর ৩১এ বদলাতে হবে, ফের সেটা আমরা এ্যামেণ্ড করবো, সেই শক্তি উঠছে। সেই চাপ উঠছে এবং আমরা দেখতে পাচ্ছি ভারতের প্রধানমন্ত্রীকে বলতে হয়েছে ভূমি সংস্কার করতে হবে, আমরা বাধ্য করাতে পারব সংবিধানের ৩১-এ এ্যামেন্ড করার জন্য। আইন আছে কম্পেনশেসন দিতে হবে, আইনে যখন আছে তা দিতে হবে। আমি দেখেছি আপনারা এটা করেছিলেন যেমন মহিষাদলের রাজা যার যোগ্যতা কম তাকে বেশী দেওয়া হল আর যারা ছোট ছোট ২/৪ হাজার টাকা পেত, তাদের দেওয়া হলনা। এই সব দেখে যুক্তফ্রন্ট সরকার উল্টোটাই করেছে। এটা এখন আমরা করেছি বেশী টাকা পেতে হলে আমার সই না হলে জেলা অফিসারদের দেবার ক্ষমতা নাই, ছোটগুলি তাঁরা দিতে পারবেন। তাইতো রামগড়ের রাজাক আসতে হয়েছে, আপনাদের আমলেতো ২৫ হাজার টাকা স্যাংশন করেছিলেন,

আমরা কিন্তু এ জিনিস করেছি, আইনে যা আছে সেটা করতে হবে উপায় নাই। আর টাকা দিয়ে করতে হলেতো কয়েকশত টাকা দিতে হবে। আমাদের দরকার কি আছে, যেদিন নেবে টাকা দিয়ে নেবেনা সেদিন বস্তীর মানুষগুলি বিনা টাকাতেই নেবে। ঘাবড়াবেননা।

[4-50—5 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি কথা শুধু আমি বলতে চাই তা হলো এই যে ও'রা বলছেন যে ও'রা নাকি অনেক করেছেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিলটা ও'রা করেছিলেন ক্যালকাটা ঠিকা টেনেন্সি এ্যাক্ট, ১৯৫৯, দয়া করে একটা বিধানও দেখাতে পারবেন? এখানে ৩৪টি বিধান আছে, ক্লজ আছে, কোন জায়গায় ভাড়াটিয়ার অধিকার বলে কোন ক্লজ দেখাতে পারবেন? একটিও নেই। ক্লজগুলি কি,

incidence of thika tenancy, provisions as to rent to thika tenancy, appeal and certain procedure.

কোন জায়গায় ভাড়াটিয়ার কথা নেই। এই প্রথম যে ভাড়াটিয়া কথাটা আইনে ঢুকল। (এ ভয়েসঃ ডেফিনেশনটা দেখেন নাই।) আর ডেফিনেশন কি ধুয়ে খাবে মানুষ এবং ডেফিনেশনে কি আছে? ডেফিনেশনে আছে রিলেশনটাকে ঠিক করা। কিন্তু কোন জায়গায় নেই যে ভাড়াটিয়া। অতএব এটা বুঝতে হবে। আমাদের এখানে সীমাবদ্ধতার মধ্যে যেটুকু করা যায় এবং তার ভিতর দিয়েই আমরা নূতন শক্তিকে জাগিয়ে তুলবো। এখানে আমাদের কয়েকজন বন্ধু কয়েকটি প্রশ্ন তুলেছেন যেগুলি আমাদের ভাবতে হবে। যেমন নিখিলবাবু বললেন অনুমোদিত প্ল্যানের আবার কন্ট্রোলার অনুমতি দেবেন এই দুইটিতে গোলমাল হবে। গোলমাল হবেনা। হবে না এইজন্য যে এটা বলা হবে কি পারপাসে, কারণ পারপাসটা না থাকলে কন্ট্রোলার অনুমোদন দেবেন কি করে। এটাতে কোন গোলমাল হবেনা, আর যদি হয় তখন আমরা দেখে নেবো। এখানে বললেন আর একজন, ধরুন বস্তির জন্য নেওয়া হয়েছে তার মধ্যে দুটি রুমএ বাড়ীওয়ালা থাকলো, দুটি রুম ভাড়া দিলো, একটাতে লেদ বসালো, তখন কি হবে, আইনটা পড়ে দেখুন আইনে বলা হচ্ছে যদি বাড়ীর উদ্দেশ্যে নয়, কারণ যখন এই ঠিকা প্রজারা জায়গা নেয় তখন তাতে লেখা থাকে কি উদ্দেশ্যে নিচ্ছে। যদি খাটাল হিসাবে নেওয়া থাকে তাহলে ঠিকা প্রজা আইনে পড়বে না, খাটাল তার বাইরে। আর একটা আছে বিজনেস এ্যান্ড আদার পার্পাসে যদি নেওয়া থাকে, বিজনেস এবং ঐ পারপাসে অর্থাৎ গ্যারেজ বা কারখানার জন্য আমি শুধু সেক্ষেত্রে বলেছি তার কন্ট্রাক্ট যা থাকবে সেই কন্ট্রাক্টের মেয়াদ যখন শেষ হয়ে গেল তখন সেই রুলেই সে পরিচালিত হবে। কিন্তু যেগুলির কন্ট্রাক্ট আছে বাড়ী করার জন্য সেখানে বাড়ী হয়েছে এবং নিশ্চয়ই হতে পারবে। একটা মুদির দোকান করলো কিম্বা একটা বিড়ির দোকান করলো সেটা এর মধ্যে পড়েনা। আমি এটা নূতন করছি না, এতদিন ত ঐ আইনই ছিল, আগের আইনে ছিল ১৯৪৯ সালের আইনে। আজ পর্যন্ত কিন্তু এটা হয়নি। বস্তিতে পানের দোকান হয়েছে। বস্তিতে চায়ের দোকান হয়েছে। যদি আপনি বেশীর ভাগ প্লটটা সেই পারপাসে ব্যবহার করে থাকেন আর তার আনুসঙ্গিক জায়গা যদি অন্য পারপাসে করেন তাহলে যদি এটা আইনে পড়তো তাহলে এতদিন অনেকেই এভিক্ট হয়ে যেতো কিন্তু তা হয়নি। আমার নিজের মত হচ্ছে, যতটুকু আইনের জ্ঞান আছে তাতে এটা তার মধ্যে পড়েনা। ভবিষ্যতে যদি দেখা যায় যে কোন কোর্ট কোন জাজমেন্ট দেয় তাহলে সেই জাজমেন্ট দেখে আমরা তার বিহিত ব্যবস্থা করবো। গ্যারেজে পাকা বাড়ী করতে পারে কিনা, আমি এটা আইনে আনিনি। যে যে টার্মসে নিয়েছে, সেই কন্ট্রাক্টে সেই টার্মসে যদি থাকে তাহলে করবেন। এটা কেন আমি করেছি সেটা বুঝতে হবে। আমার কাছে এই প্রশ্নগুলি এলো যে কিছু কিছু জমির মালিক আছেন যাঁরা খুব বড়লোক নয়, এখন ধরুন কেউ সামান্য গ্যারেজের জন্য নিয়েছে তাহলে সেটাতেও কি তার অধিকার থাকবে না? যারা গ্যারেজ করবে বা কারখানা করবে তারা কিন্তু কেউ গরীব লোক নয়, তারা বড়লোক। আমি তাদের স্পেশাল অধিকার দেবো কেন? এই প্রস্তাব উঠেছে বলেই এই গ্যারেজটা এর মধ্যে রাখিনি। যদি ভবিষ্যতে প্রয়োজন হয় তাহলে দেখা যাবে। এটা নিখিল বাবু তুলেছেন বলে আমি বললাম। অনেকেই বলেছেন যে বস্তির উন্নতি করতে গেলে, যদি জল নিয়ে যেতে হয়, যদি লাইট নিয়ে যেতে হয় তাহলে যদি প্রজা বাধা দেয়, জমিদার বাধা দেয় তাহলে কি করা যাবে। আমার ধারণা এটা এ আইনের মধ্যে

আসেনা, এটা করতে গেলে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টকে এ্যামেন্ড করতে হবে অথবা বস্তি ইমপ্রুভমেন্ট এ্যাক্ট এ্যামেন্ড করতে হবে, এই দুটি দেখে একটা এ্যামেন্ড করতে হবে এমন একটা বিধান করতে হবে যে কোন একটা বস্তিতে যদি একটার পাশে আর একটা ফ্যামিলি থাকে তাহলে তাদের সেই যাতায়াতের রাস্তাকে দ্যাট উইল বি কনসিডার্ড অ্যাজ পাবলিক প্রপার্টি অর্থাৎ পাবলিক ইউজে তা ব্যবহার করা যাবে। তার উপরে জমির অধিকার যাই থাকুক না কেন তার তলা দিয়ে পাইপ নিয়ে যাওয়ার অধিকার থাকবে না কেন। আমার মনে হয় এটা আইনজ্ঞের সঙ্গে পরামর্শ করতে হবে। ওটা এই আইনের পরিধির মধ্যে আসেনা বলেই আমার নিজের ধারণা। এটা নিয়ে আমি একটু আলোচনা করেছি, এবং আমার মনে হয় ওটা অন্য আইনে আনতে হবে আর জমিদারদের প্রিয়্যামসান—এটা আপনাদের কাছে খোলাখুলি বলি প্রথমে যখন আমি এটা ড্রাফ্ট করি তখন এটা রাখিনি। আমি এটা পরে ঢুকিয়েছি। কেন ঢুকিয়েছি, আমার কাছে কয়েকজন মানুষ এলেন যাঁরা আমাদের বন্ধু, সাধারণ মানুষ, গণতান্ত্রিক আন্দোলনে থাকেন, তাঁরা দাবি করলেন, মশায়, আপনি ঠিকা প্রজাকে পাকা বাড়ী করতে দিচ্ছেন না কেন, আমাদের দিন আমরা পাকা বাড়ী করব। আমি বললাম তা আমি দেবনা, ঠিকা প্রজারাই করবে। যদি ঠিকা প্রজার সেই অধিকার বিক্রি হয়ে যায়, বিক্রি যখন হচ্ছে বাকি খাজনার দায়ে কোর্টের অর্ডারে তখন বিক্রি হলে কেউ না কেউ তো কিনবে। কে কিনবে অন্য লোকের কাছে তো যাচ্ছে, অন্য লোকের কাছে যদি যায় সেই অবস্থায় পুরান জমিদার যদি বলে যে আমার কেন অধিকার থাকবে না তাহলে একটু মুস্কিল হয়। কারণ, গ্রামের সঙ্গে তুলনা হয় না, গ্রামের কথা বলছেন, জমিদারী প্রিয়্যামসানে গ্রামে হচ্ছে কি, একজন রায়তের জমি যখন বিক্রি হয় তখন জেনারেলি কিনে আর একজন রায়ত সে অবস্থাপন্ন হতে পারে। সেক্ষেত্রে তাকে না দিয়ে আমি জমিদারকে অগ্রাধিকার দেব কেন? কলকাতায় একটা বস্তিতে ঠিকা প্রজার অধিকার বিক্রি হচ্ছে, যারা ব্ল্যাক মানিকে হোয়াইট মানি করে, যারা জমির কারবার করে তারা সেখানে গিয়ে ঝুঁকে পড়বে, তারা সেগুলি কিনে নেবে। যারা অর্ডিনারি মধ্যবিত্ত, গরীব, তারা কি সেই জমি কিনতে পারবে? তা যদি হয় তাহলে সেখানে আমি পুরান যারা জমিদার তাদের একটা অধিকার দেবনা কেন? তুমি যদি একই দর দিতে চাও তাহলে তুমি অগ্রাধিকার পাবেনা এই অধিকার তাকে কেন দেবনা? এই যুক্তি যখন আমার কাছে এল তখন বুঝলাম এর মধ্যে কিছুটা সারবত্তা আছে। তবে আপনি যেটা বলেছেন পুনর্বিবেচনা করা আমার মনে হয় আমরা দেখি যদি এর অপব্যবহার হয় তাহলে দরকার হলে আমরা এটাকে বাতিল করে দিতে পারব। জানিনা আমরা ভুল করছি কিনা, সেটা অভিজ্ঞতার ভেতর দিয়ে বোঝা যাবে ভুল করছি কি করছিনা। একজন বলেছেন এল আই সি থেকে টাকা নেওয়া হচ্ছে না কেন। আইন সভায় এসেছেন, সামান্য আইন কানুনগুলি জানবেন না অথচ বক্তৃতা দেবেন মাননীয় অধ্যক্ষ মহাশয় এ কি করা যাবে। তারজন্য তো বস্তি ইম্প্রুভমেন্ট এ্যাক্ট আছে, তারজন্য তো স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট অর্থাৎ গভর্নমেন্ট যদি নিয়ে করতে পারবেন তাহলে তো আইনের দরকার ছিলনা, সে তো স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্টে হবে। এটা হচ্ছে এই যেখানে গভর্নমেন্ট নিতে পারছে না আমার যেখানে আর্থিক ক্ষমতা নেই সেখানে অন্ততঃপক্ষে আমি ঠিকা প্রজাকে দিয়েও কিছু উন্নতি করাব কিনা। ওঁরা বলছেন তা নয় এল আই সি থেকে টাকা নিয়ে গভর্নমেন্ট করুন আর তা না হলে বস্তি যেমন আছে তেমন থাকুক। আমি ওটা রাখতে দিতে রাজী নই। আমার আইনের এই কয়েকটি বিধান আছে, আমি আগেই বলেছি ভবিষ্যতে হয়তো সংশোধনের প্রয়োজন হবে, আমাদের খোলা মন আছে। ডাঃ সান্যাল দশ বার করে অভিনন্দন জানালেন, অবশ্য তিনি একটু বাড়াবাড়ি করলেন বলে আর একজন বন্ধু বললেন এ অতি খারাপ এর বিরোধিতা করতে হবে। যাই করুন আপনারা যদি নজর রাখেন, আমাকে সাহায্য করেন এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আমি কৃতজ্ঞ, আমার এটা বলা উচিত নয় তবুও আমি বলছি তিনি আমার এই এ্যাক্টের ব্যাপারে যথেষ্ট সাহায্য করেছেন, পরামর্শ দিয়েছেন আমার ভুল ত্রুটি ধরিয়ে দিতে চেষ্টা করেছেন, সেদিক থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে যথেষ্ট সাহায্য করেছেন আমি ভবিষ্যতে আশা করব অধ্যক্ষ মহাশয় সহ বাকি সকলেই আমাকে এই কাজে সাহায্য করবেন, আমরা নিশ্চয়ই উন্নতি করতে পারব। এই কথা বলে এটি গ্রহণের জন্য আমি এখানে রাখছি।

The motion of Shri Hare Krishna Konar that the Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2.

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

[5—5-10 p.m]

Clause 3.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 3, in proposed section 3(4), in line 1, after the word "has" the word "lawfully" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধন প্রস্তাবটি অত্যন্ত ছোট্ট ও সরল। তিন নম্বর উপধারায় বলা হয়েছে যে যখন একজন ঠিকা টেনান্ট পাকা বাড়ী তৈরি করেছে তার বাসস্থানের জন্য, তখন

No order for ejectment shall be made against him except in respect of such part, if any, of such land as does not appertain to the pucca structure.

যে পাকা স্ট্রাকচার-এর কথা পরবর্তী ক্লজে আছে—তার সঙ্গে এই পাকা স্ট্রাকচার-এর সম্বন্ধ নাই। আমি শুধু বলতে চেয়েছি—ইতিপূর্বে অনেক জায়গায় এই ঠিকা টেনান্টদের মধ্যে অনেক মতলববাজ লোক গত কয়েক মাসের মধ্যে যে স্টে-অর্ডার করা হয়েছিল, অনেকে রাতারাতি সেই সুযোগে সেখানে পাকা ঘর তুলে ফেলেছে এবং আশা করেছে আইনে তাদের একটা অধিকার জন্মে গেছে। এর ফলে সে কখনো বঞ্চিত হবে না। তাই বলেছি এই পাকাঘর তৈরীর ব্যাপারটি যদি আইনানুগ হয়ে থাকে তাহলে অবশ্য আপত্তি নাই। যদি কেউ বে-আইনীভাবে পাকাঘর তুলে মনে করে আইনের বলে বে-আইনী কাজটা আইনসঙ্গত করে নেব তাতে আপত্তি আছে। সেইজন্য এখানে আমি যোগ করতে বলছি—

where he thika tenant has erected or acquired a pucca structure.

এই ছোট্ট লফুল কথাটা যোগ করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'র এই ছোট অ্যামেন্ডমেন্টটি ছোট্ট হলেও আমি তা গ্রহণ করতে পারছি না। কারণ সোজা কথা হলো এই উনি বলতে চাচ্ছেন কোন পাকা বাড়ী তৈরীর ব্যাপারে যদি জমিদারের কাছ থেকে অনুমতি না নেওয়া হয়, তাহলে সেখান থেকে তাকে উচ্ছেদ করে, ভেঙ্গে দেওয়া যাবে। আমার কথা হচ্ছে যদি কোন ঠিকা প্রজা অনুমতি না নিয়ে বে-আইনী করে করে থাকে, তার জন্য অন্য বিধান আছে। তাতে তো সে শাস্তি পেতে পারবে। আমি যখন অধিকার দিচ্ছি—ঠিকা প্রজা কোথা থেকে উচ্ছেদ করা যাবে, কোথা থেকে উচ্ছেদ করা যাবে না, তখন যদি কেউ অন্যায় করে থাকে, তাহলে তার বিধান আছে। ধরুন যদি কেউ পাকা বাড়ী করেছে, বে-আইনী করবার জন্য কোর্টে গিয়ে তার বিরুদ্ধে প্রতিবিধান চাওয়া যেতে পারে। বে-আইনী করে থাকলে তাকে তাড়িয়ে দেবেন—আমি তা পারছি না। জবর দখল হলেও তাড়াতে পারছি না—দোকান ইত্যাদি থেকে। আর যে বস্তিতে পাকা বাড়ী করলো, তাকে তাড়াবো কি করে? তাকে তাড়াতে আমি পারছি না। যদি কেউ ইললিগালি কিছু করে থাকে কোর্টে গিয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা করবেন। আমি এখানে লফুলী, আনলফুলী কোন কথা রাখতে রাজী নই। আমি এর অপোজ করছি।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 3, in proposed section 3(4), in line 1, after the word "has" the word "lawfully" be inserted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 to 7.

The question that clauses 4, 5, 6 and 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8.

**Mr. Speaker:** There is one amendment to this clause by Dr. Nalinaksha Sanyal, but I am sorry to say that the amendment is out of order. Dr. Sanyal may, however, speak.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অ্যামেন্ডমেন্ট যখন আপনার নিয়মানুগ নয় বলছেন তখন ঐ অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে কিছু বলব না। আমি এই ক্লজটি সম্বন্ধে আমার বক্তব্য নিবেদন করতে চাইছি। সেটা নীতিগতভাবে। আমি ইতিপূর্বে যেকথা বলে এসেছি ঠিক সেই জিনিসটার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে যে অ্যামেন্ডমেন্ট মুভ করেছিলাম তার উত্তর দিতে গিয়ে মন্ত্রিমহাশয় বলেছিলেন যে আমি লফুলি প্রস্তাব গ্রহণ করতে চাই না, ল যদি তার বিরুদ্ধে হয় তাহলে অন্য আইনের আশ্রয় নিয়ে তার প্রতিকার দাবী প্রতিপক্ষ করতে পারেন। কিন্তু মন্ত্রিমহাশয় তাঁর এক ক্লজের প্রারম্ভে যে একটা মস্ত ডেনজারাস জিনিস যোগ করে রেখেছেন সেটা তিনি ভুলে গেছেন। সেখানে লিখেছেন যে নটউইথস্ট্যান্ডিং . . .

কাজেই অন্য সব আইন মেরে দিয়েছেন। সুতরাং তারপর যদি বলেন অন্য আইনের আশ্রয় নিয়ে তার রেমিডি হতে পারে তাহলে তিনি নিজেকে একটু বঞ্চনা করলেন। এখানে ঠিক সেই রকম বলা হচ্ছিল—ক্লজ ৮-এ কি বলা হচ্ছে দেখুন—যেখানে এর পূর্বে ঠিকা টেনান্ট তার বিরুদ্ধে জমিদার উচ্ছেদ সম্পর্কে তাকে তার টাকা পয়সা আদায় করা ব্যাপারে না দেবার দরুন তার জমি দখল করার ব্যাপারে আইনের আশ্রয় নিয়েছে। এবং সেখানে সে আইনের ধারামতে অনুকূলে রায় পেয়েছে। এবং সেই রায়ের ব্যাপারে দুটি স্টেজ আছে—রায় পেয়ে দখল নেয়া এবং রায় পেয়ে দখল নেয়া হয় নি। সেখানে বিচার হয়ে গেছে, রায় বেরিয়ে গেছে, শুধু যে কোন কারণে দখল নিতে পারে নি এবং সেই যে কারণ তার প্রধান একটা কারণ হচ্ছে আমাদের আইন করে দেয়া যে দুবছর ধরে আইনের আশ্রয় নিয়ে কোর্ট থেকে একটা নিষ্পত্তি পেয়ে গেছে তাকে বন্ধ করে রাখলেন। সেই যে স্টে অর্ডার করে আটকে রেখেছেন আজ সেই স্টে অর্ডার যখন উঠে যাচ্ছে তখন তার যে অধিকার যে পেয়েছিল কোর্টের বিচারে এই ৮ নং উপধারামতে সেই সমস্তটা উঠিয়ে দেয়া হচ্ছে। আপনি ভেবে দেখুন আমরা বিধানসভায় আইন করে সেটা মুলতুবী রেখেছিলাম, সেখানে যে মালিক তার নিজের অপরাধে নয় সেই মালিককে আজ আমরা তার অধিকার থেকে বঞ্চিত করে দিচ্ছি এবং এই যে বঞ্চনা করা হচ্ছে তার জন্য কোন কম্পেনসেসন দেয়া হচ্ছে না। তাই আমার বলার উদ্দেশ্য ছিল যে এইরকমভাবে আইন যদি করতে যাওয়া যায় তাহলে বর্তমান আইনের বলে মানুষ তার সম্পত্তি বা অধিকার যেটা ছিল সেটা থেকে তাকে সম্পূর্ণ উপেক্ষা করা হচ্ছে। এই রকম কোন ব্যবস্থা এই আইনে যাতে না থাকে তাই আমি চেয়েছিলাম। তাই যখন আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করা হল না তখন সমস্ত ক্লজটি সম্বন্ধে আমার বিরোধিতা করার কথা তুলতে হচ্ছে।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ডঃ সান্যাল একটু ভেবে দেখবেন যে স্টে অব প্রসিডিংস আইন যখন পাশ করেছিলেন তখন তিনি সমর্থন করেন। তাহলে যখন দু বছর আগে এই স্টে অব প্রসিডিংস করা হয়েছে তখন তো কিছু বলেন নি যে নূতন উচ্ছেদ মামলা হতে পারবেনা—যদি কোন মামলা চলে বা বিচারে থাকে উচ্ছেদের রায় হয়ে গিয়ে থাকে অথচ কার্যকরী হয় নি তা বন্ধ থাকবে। তাহলে উদ্দেশ্য ছিল যে আইনটাকে সংশোধন করা হবে, হলে সমস্ত কিছুকে পুনর্বিবেচনা করা হবে। তার আগে যে উচ্ছেদের রায় হয়েছিল সেটা কোন্ আইনে? পুরানো আইনের ভিত্তিতে, অর্থাৎ যেখানে ঠিকা প্রজাদের অনেকগুলি অধিকার ছিল না সেই আইনের ভিত্তিতে উচ্ছেদের রায় হয়েছিল। আমি যে স্টে অর্ডারটা করলাম তা এই জন্য যে আইনটাকে সংশোধন করে তাকে জাস্টিস দেবার জন্য। এইবার যে সংশোধন করলাম তাতে তো একথা

বলিনি যে সব বাতিল হয়ে যাবে। আমি বলেছি যেখানে উচ্ছেদের রায় হয়েছিল অথচ কার্যকরী হয় নি সেখানে স্টে হবে। সেগুলি এই অ্যামেন্ডমেন্ট অ্যাক্টের বিধান অনুযায়ী নূতন করে বিচার বিবেচনা বা পুনর্বিবেচনা করা হবে।

[5-10—5-20 pm]

তাতে যদি দেখা যায় সে আবার উচ্ছেদযোগ্য হয়ে যাবে—যদি দেখা যায় উচ্ছেদযোগ্য নয়, পুরানো আইনের বিচারের যে রায় ছিল সেই রায়কে কোর্ট নিজেই সংশোধন করবেন। আপনি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন সেটা যে আউট অব অর্ডার হয়েছে সেটা ঠিকই হয়েছে। তার মানে হচ্ছে আমাদের গোটা স্টে অব প্রসিডিংস অ্যাক্ট করাটাই সম্পূর্ণ বানচাল হয়ে যাচ্ছিল, এটা হয় না।

The question that clause 8 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 9 to 14 and Preamble

The question that clauses 9 to 14 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**শ্রীনিখিল দাস:** স্যার, যে বিলটা পাস হতে চলেছে সেটার প্রয়োগের ক্ষেত্রে শুধু একটি দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। তিন নম্বর যে ক্লজ বা সেকশন তাতে আছে এক জায়গায় জমিদারদের কথা। তিনি ঠিকই বলেছেন কিছু কিছু গরীব জমিদার আছেন। তাঁদের যদি কোথাও বাড়িঘর না থাকে তাহলে নিজের বাড়ি করবার জন্য তাঁরা যদি অনুমতি চান, সে জায়গা পাবেন। আমি এই প্রয়োগের ক্ষেত্রে একটি দিকে তাঁকে নজর দিতে বলছি। জমিদারী রাইট বিক্রি করা যায়। ধরুন আমি বড় জমিদার, আমি একটা ছোট্ট প্লটের জমির রাইটটা একটা গরীবকে বিক্রি করলাম। তখন কিন্তু সে ঐ রাইটের বলে ইজেকশানের অধিকারটা পেয়ে গেল এই আইনে। অর্থাৎ যাকে বেনামী বলে সেটার স্কোপ থেকে যাচ্ছে। আইনটির প্রয়োগের ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয় যেন নজর দেন এই আবেদন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এ কথাটা আর একজন তুলেছিলেন, এই প্রয়োগের ক্ষেত্রটা আমাকে দেখতে হবে। কারণ এ বিপদ যে নেই তা নয়। যার জন্য আপনারা দেখবেন যেটা আগামী পরশুদিন আমরা আলোচনা করব প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট—সেখানে আমাকে বিধান করতে হয়েছে যে কেউ যদি বাড়ি কেনে তাহলে সে এত বছর পর্যন্ত ইভেন তার ওন ইউজের জন্য করতে পারবে না। এখন এখানেও যদি দরকার হয় বোধ হয় সে রকম করতে হতে পারে। তবে আমাদের তো আগামী নভেম্বরেই সেশান, ২ মাসের মধ্যে বেশি কেউ হয়ত সে সুযোগ পাবে না কোর্টে গিয়ে। তবে সেটা অভিজ্ঞতাতেই দেখা যাবে।

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল:** সাধারণত এইসব আলোচনার পরে কিছু বলা অসঙ্গত। কিন্তু আমাদের নিখিল দাস মহাশয় যে প্রশ্ন তুলেছেন এ প্রশ্নটা আমাদের বিবেচনায় সম্পূর্ণ অবান্তর। তিনি বলেছেন, ঐ জমিদার যখন তাঁর হাত থেকে জমি চলে গিয়েছে তখনও তাঁর অধিকার রয়ে গিয়েছে। অগ্রাধিকারের অধিকার যেটা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন সেটা থাকে না। অগ্রাধিকার যেটা দেওয়া হচ্ছে সেটা এই কারণে দেওয়া হচ্ছে যে সে আগে নিজে সেই জমির মালিক ছিল। তিনি যদি তাঁর মালিকানা স্বত্ব এখানে বিক্রি ক'রে থাকেন আলাদা কথা, কিন্তু তাঁর যখন মালিকানা স্বত্ব ঘুচে গিয়েছে তারপরে তাঁর আসবার কোন কারণ নেই।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ডঃ সান্যাল, উনি তা বলেন নি, উনি বলেছেন, ধরুন আমার জমিদারী আমি বিক্রি করে দিলাম, কিনলেন আপনি। এখন আমার হয়ত কোলকাতায় নিজের বাড়ি আছে, অতএব আমার বাড়ি নেই বলে ওন ইউজের নাম করে আমি ছাড়াতে পারি না। আমি করলাম কি, জমিটা আপনার নামে হস্তান্তর করে দিলাম—বেনামী। এবারে আপনি এসে বললেন কোর্টের কাছে—দেখুন, আমি অনাথা, কোলকাতায় বাড়ি নেই, অতএব নিজের বাড়ি করবার জন্য দেওয়া হোক, উনি বলছেন সেটা গার্ড করবার জন্য।

The motion of Shri Hare Krishna Konar that the Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969 as settled in the Assembly be passed was then put and agreed to.

**The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969.**

**Shri Bhakti Bhusan Mondal:** Sir, I beg to introduce the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969.

(The Secretary then read short title of the Bill.)

Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration.

আশা করি এটাতে কারো আপত্তি হবে না। কারণ, জিনিসের যে দাম বেড়েছে সেজন্য কোর্টের মোটামুটি জুরিসডিকশান বাড়িয়ে দিয়েছি। আগে মুনসেফ কোর্টের ২ হাজার টাকা করে অর্ডিনারি জুরিসডিকশান ছিল, সেটাকে ৫ হাজার টাকা করে দিচ্ছি এবং স্পেশাল জুরিস-ডিকশান-এর যে রেফারেন্স হাইকোর্টে হয় সেটা ৫ হাজারের জায়গায় ৭½ হাজার করে দিচ্ছি অর্ডিনারী জুরিসডিকশানে। আর ডিস্ট্রিক্ট জাজের বেলায় যেখানে ১০ হাজার পর্যন্ত অ্যাপিলের স্থান পেত তার পরিবর্তে ১৫ হাজার করেছি, আরো বাড়বে। তার কারণ হচ্ছে হাইকোর্ট একটি ডিসেন্ট দিয়েছে, ১৫ হাজার টাকা অ্যাপ্রুভ করে নি। সেই জন্য আমি ১৫ হাজার প্রথমে করে দিয়েছিলাম। তারপরে আমি একটা প্রসেস করেছি যে ৩০ হাজারের বেশি বাড়িয়ে দেব। কাজেই মোটামুটি এটা এই বিলে ইন্ট্রোডিউস করা হল।

**শ্রী মহম্মদ এ, কে, এম, ইসাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মোটামুটিভাবে নীতিগত-ভাবে এই বিলটা সমর্থন করি। কিন্তু মাননীয় মন্ত্রী বললেন যে হাই কোর্ট ডিসেন্ট দেওয়া সত্ত্বেও উনি এই বিলটা ইন্ট্রোডিউস করেছেন। ডিসেন্ট দেওয়া সত্ত্বেও যখন ইন্ট্রোডিউস করেছেন তখন আরো বেশি টাকার কেন জুরিসডিকশান দেওয়া হল না—ডিসএ্যাপ্রুভাল সত্বেও উনি এটা এনেছেন। কাজেই এটা একটা প্রসিডিওরাল ম্যাটার। মাননীয় মুনসেফ-এর যদি বিচার করবার সমস্ত অধিকার থাকে সেখানে ৫ হাজার টাকার মূল্যের প্রপার্টি হোক, আর ১৫ হাজার টাকার মূল্যেরই হোক, তিনিই সমানভাবে বিচার করবেন। তবে ঐ ডিফারেন্স যখন আছে এবং যখন এই ডিফারেন্সটা একটু বাড়াতে চাইছেন তখন আর একটু বাড়ালে ভাল হবে। উকিল হিসাবে তাঁর অভিজ্ঞতা আছে যে একটি ডিস্ট্রিক্ট আজকে ১৫ হাজার কেন ২০।২৫ হাজার টাকার কেস দিলে জনসাধারণের অনেক উপকার হয়। ১০ বছর আগে যে সম্পত্তির মূল্য ছিল ১৫ হাজার টাকা আজকে তার মূল্য ৫০।৬০ হাজার টাকা এমন কি ১ লক্ষ টাকা পর্যন্ত হয়েছে সেসমস্ত লোক আজকে ডিস্ট্রিক্ট জাজের কাছে বিচার পেতে পারেন। তাদের আজকে অনর্থক অনেক বেশী টাকা খরচ করে হাই কোর্টের কাছে বিচার চাইতে হচ্ছে। ও'রা যখন আজকে বাড়াচ্ছেন তখন আমরা এটাকে নীতিগতভাবে সমর্থন করছি। এখন পর্যন্ত ও'রা অ্যামেন্ডমেন্ট এনে ১৫ হাজারের জায়গায় ২৫ হাজার করতে পারেন এবং সেটা করুন।

**মিঃ স্পীকার:**

There are no motions for circulation of the Bill.

**শ্রী আবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল এসেছে আমি তাকে পূর্ণ

সমর্থন করছি। তবে যেকথা আমাদের মাননীয় ইসাক সাহেব বললেন সেই একই কথা আমি বলব। এই জন্য বলব যে যাঁরা ১০ হাজার টাকার উপরে হলে হাই কোর্টে আসেন এবং তিনি উকিল জানেন যে গ্রামের বেশীর ভাগ লোকেরই পার্টিশান স্যুট কেস হয়। সেগুলি ১০ হাজারের চেয়ে বেশী এবং ২০।২৫ হাজার পর্যন্ত হয়। আবার কোন কোন ক্ষেত্রে ১ লক্ষ টাকার পর্যন্ত মামলা হয়।

[5-20—5-30 pm]

কিন্তু যিনি মামলা করেন, দেখা যাচ্ছে তিনি দুবিঘা কি চার বিঘার জন্য মামলা করছেন। যেহেতু সমস্ত প্রোপার্টি-এর মূল্য ধরে কেস করা হয় বলে তাকে হাইকোর্টে আসতে হয় এবং হাইকোর্টে যদি একবার পড়ে সেই মামলা তাহলে আর সেই দু বিঘা, চার বিঘা উদ্ধার করতে তার সবচেয়ে বেশী খরচ হয়ে যায়। সুতরাং যারা গরীব (লিটিগ্যান্ট) যারা এই সমস্ত জমির জন্য মামলা করে তাদেরকে এই ভ্যালুয়েশান দিয়ে হাইকোর্টে আসা সম্ভব নয়। এই জন্য আমি বলবো মন্ত্রিমহাশয় যেটা করেছেন সেটা ভাল তবুও আমি বলতে চাই যে এটা ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা করেছেন, এটা কিছুই নয়। কারণ বাজার দর আগে যা ছিল অর্থাৎ যেটা ২৫ টাকা বিঘা জমির মূল্য ছিল সেখানে আজকে জমির মূল্য ২ হাজার ৩ হাজার হয়ে গেছে। ফলে আজকে ১০ হাজার থেকে ১৫ হাজার করা এটা কেবল সান্ত্বনা দেবার মত হয়েছে। আমি মনে করি মিনিমাম এটা ৫০ হাজার টাকা হওয়া উচিৎ। ডিস্ট্রিক্ট জাজকে সেই ক্ষমতা দেওয়া উচিত। গরীব লোক হোইকোর্টে এসে মামলা করে সেই জমি উদ্ধার করতে পারবে না। উনি যখন হাইকোর্ট-এর কনসেন্ট পান নি, এটাতে যখন নোট অব ডিসেন্ট দিয়েছেন, এইক্ষেত্রেও উনি যখন বিলটা এনেছেন, তখন সেখানে ১৫ হাজার থেকে যদি ৫০ হাজার করেন এবং গরীব যারা লিটিগ্যান্ট তাদের বাঁচান এই অনুরোধ করে, এই বিলটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুবোধ গোপাল গুছাইত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে উদ্দেশ্যে বিলটা আনা হয়েছে, তাতে বলা হয়েছে জিনিসপত্রের দাম যেমন বেড়েছে তেমনি জমির দামও বেড়েছে। আমার পূর্ববর্তী বক্তারা যাদও বিরোধী পক্ষের লোক তবুও যে কথা বলেছেন যে আরও দাম বাড়িয়ে দেওয়া হোক অ্যাপিলেট কোর্টে, ডিস্ট্রিক্ট কোর্টে। আমি তার সঙ্গে এটুকু জুড়তে চাই যে মুনসেফের পাওয়ার ৫ হাজার থেকে ৭½ হাজার করা হয়েছে এবং আর একটা বিল আসছে, সেই বিলের খসড়া দেখেছি যে সিটি সিভিল কোর্ট-এ ১০ হাজার থেকে ৫০ হাজার করে দেওয়া হয়েছে অর্থাৎ পাঁচ গুণ। তাহলে মফঃস্বলে মুনসেফকে এত কম দেওয়া হলো কেন, যেখানে জমির দাম ৫ গুণ, ১০ গুণ বেড়েছে, সেখানে ৫ হাজারের জায়গায় সেটা ৭½ হাজার কেন, আরও যথেষ্ট বাড়ানো উচিৎ বলে মনে করি এবং যেটা পরে তাদের বাড়াতে হবে, যদিও এই বিলটাকে সমর্থন করছি তবুও আমি মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে বলছি যে যেখানে নীচের কোর্ট-এ মুনসেফদের নিচের কোর্টেও যেখানে মফঃস্বলের লোককে মকদ্দমার জন্য পার্টিশান স্যুট করবার জন্য ৬০ মাইল ৭০ মাইল দূরে যেতে হয়, সেখানে আরও ঢেব বেশী বাড়িয়ে দেওয়া উচিৎ। এবং তার সঙ্গে সঙ্গে আর একটি বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে সিটি সিভিল কোর্ট-এ যেখানে পাওয়ার বাড়ানো হচ্ছে সেই সঙ্গে ইদানিং একটা রেওয়াজ প্রায় কিছুদিন ধরে সব ডিপার্টমেন্ট-এ একটা—শুধু আমাদের আমলে নয়, এর আগেও সিটি সিভিল কোর্ট-এর ক্ষমতা নিয়ে নিয়ে স্পেশাল অফিসার নিয়োগ করে—যাদের আইন সম্বন্ধে কোন জ্ঞান নেই সেখানে দিনের পর দিন তারা রয়েছেন। তারা অন্য কাজে ব্যস্ত থাকেন। যেমন প্রিজমশন-এ রাইট দেওয়া হয়েছে জে এল আর ও, এস এল আর ও কে তারা অন্য কাজ করেন, মাসের মধ্যে দুদিন মকদ্দমা করেন কিনা সন্দেহ। আমার বক্তব্য হচ্ছে যে মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করবেন যে সিটি সিভিল কোর্ট-কে আবার সেইসব ক্ষমতা দেওয়া উচিৎ। এবং তাদের যেখানে জটিল আইনের ব্যাপার আছে, সেখানে আবার তাদের বিচার করতে দেওয়া উচিৎ। তার সঙ্গে মন্ত্রিমহাশয়ের আর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে অনেক সময় অবশ্য মন্ত্রিদের কথা বলছি না। ডিপার্টমেন্টাল অফিসাররা সব ডিপার্টমেন্ট-এর হায়েস্ট জুডিশিয়াল লিগাল অফিসার যারা রয়েছেন, যেমন লিগাল রিমেমব্রান্সার রয়েছেন অ্যাডভোকেট জেনারেল রয়েছেন, তাঁরা দিনের পর দিন যা ৫।৭ বছর হলো সুপ্রিম কোর্টে রুলিং হয়ে গেছে সেইগুলো তারা খোঁজও করেন না এবং সেইমত তারা আইনের পরিবর্তনও

করেন না। এর আগে একটা বিলের আলোচনার সময় মন্ত্রিমহাশয় বলেছেন যে প্রিএমশনের অধিকার দেওয়া হয়েছে যারা কনটিনিউয়াস টেন্যান্ট, পাশে যাদের জমি রয়েছে তাদের প্রিএমশনের অধিকার দেওয়া হয়েছে। কিন্তু সুপ্রিম কোর্ট-এর রুলিং হয়ে গেছে ৬।৭ বছর আগে। যে প্রিএমশনের যে অধিকার কনটিনিউয়াস টেন্যান্টদের দেওয়া হয়েছে সেটা এগেনস্ট দি প্রভিশন ফর দি কনটিনিউয়াস ভিসিনিটি অর ভিসিনেজ-এর যে অধিকার দেওয়া হয়েছে এটা সম্পূর্ণ বেআইনী হয়েছে। কনসটিটিউশনে এটা দেওয়া যায় না। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা যে, মাননীয় মন্ত্রিমহাশয় আজকেই একটা প্রশ্নের উত্তরে বলেছেন যে আসানসোলের ব্যাপারে ৩৫৮১ মামলা রয়েছে ঐ আদালতে। আজকে যে বিল এনেছেন তাতে মামলা উচ্চ আদালত থেকে নিম্ন আদালতে দায়ের করা চলবে কিংবা বিচারাধীন থাকবে। মামলার সংখ্যা বেড়েছে, কাজেই বিলম্ব হচ্ছে। এটার প্রতিকার কি? জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনায়েড। এটা কনডেম করেছেন। কি করে এটার প্রতিকার করবেন? বিচার যাতে তাড়াতাড়ি হয় সেজন্য মুনসেফের সংখ্যা বাড়াতে হবে। এইদিকে বিবেচনা করতে অনুরোধ করি। যাতে বিচার তাড়াতাড়ি হয় সেজন্য দেখতে অনুরোধ করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা আসার সঙ্গে সঙ্গে এত বেশি দ্বন্দ্ব বেড়ে গিয়েছে যে মামলার সংখ্যাও বেড়ে গিয়েছে। ওরা দেশে শান্তি চায় না।

**শ্রীনিখিল দাস:** এটা দেওয়ানী মামলার বিষয়, ফৌজদারী মামলার বিষয় নয়।

**ডাঃ জয়নাল আবেদীন:** আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব এই বলে যে, তিনি উচ্চ আদালতের ক্ষমতা নিম্ন আদালতে অর্থাৎ মুনসেফের হাতে দিচ্ছেন, কিন্তু সেক্ষেত্রে বিচার যাতে ত্বরান্বিত হয় তার একটা প্রভিশন করুন। এই অনুরোধ আমি মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা যে যুক্তি দিলেন তাতে যুক্তি নেই বলছি না। কিন্তু জিনিসটা বুঝতে হবে। একটা বিল আনতে হলে আমাদের ল ডিপার্টমেন্টের ওইটা প্রসেস করতে হয়। এই যে ১৫ হাজার করেছি এইটা প্রসেসড্ হয়েছে। সেটা এগ্রি করতে পারি, ডিসেন্ট করতে পারি। তবে নূতন করে যেটা জানতে হবে সেটার জন্য প্রসেস করতে হবে। সেইজন্য এটা করেছি। তারপর যদি লিটিগেন্টদের সুবিধা হয় তো ও'রা যেভাবে বলেছেন সেইভাবে নিশ্চয় করব। কাজেই এই প্রসেস করা ছিল, এই প্রসেস সম্পর্কে হাইকোর্টের ব্যাপারে এগ্রি করতে পারি বা ডিসএগ্রি করতে পারি। কিন্তু আবার যদি নূতন করে কিছু করতে হয় তো প্রসেস করতে হবে। যদি দেখি যে সুবিধা হবে তাহলে পরে এই যে ৫ হাজার থেকে ৭২ হাজার থাকল এটা ২ হাজার থেকে ২২ হাজার করে বাড়িয়ে দিতে পারি। অধিকাংশ বার লাইব্রেরির সঙ্গে আমি কথা বলেছি, তাঁরা পাঁচ হাজারের কথা বলেছেন। যদি তাঁরা বলেন পাঁচ হাজারে হচ্ছে না এটা সাড়ে সাত হাজার করে দেব, দশ হাজার করে দেব। আমরা যে অ্যাংগল থেকে চিন্তা করছি, সেটা হল লিটিগেন্টদের কি করে সুবিধা হয়। কোন উকিলের কি সুবিধা হবে না হবে সেটা আমরা দেখছি না; ফ্রম দি স্ট্যান্ডপয়েন্ট অব লিটিগ্যান্ট পাবলিক যাতে গরীব মানুষের সুবিধা করতে পারি সেইটার দিকে তাকিয়ে এই বিল করছি। সেইটা চেষ্টা করছি যার জন্য হাইকোর্ট সম্পর্কেও বিল আনছি। অনেকে হয়ত বাধা দেবার চেষ্টা করছেন, ওই ভেস্টেড ইনটারেসটেড যারা। তবে আমি ভাবছি ফ্রম দি স্ট্যান্ডপয়েন্ট অব লিটিগ্যান্ট পাবলিক কোনটা সুবিধা হয় এবং গরীব মানুষদের কি করে সুবিধা হয় এইটাই দেখব, এইটা পরিষ্কারভাবে জানিয়ে দিচ্ছি। কাজেই ১৫ হাজার যেটা করেছি সেটা দরকার হয় ৩০ হাজার টাকা করব। মোটামুটিভাবে বলতে পারি প্রিলিমিনারী স্টেজে যে সুযোগ পেয়েছি সেইটা গ্রহণ করে এইটা করেছি।

**The motion of Shri Bhakti Bhusan Mandal that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.**

Clauses 1, 2, 3, 4, 5 and Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

[5-30—5-36 p.m.]

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Cooch Behar (Assimilation of State Laws) (Amendment) Bill, 1969**

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the Cooch Behar (Assimilation of State Laws) (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill.)

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the Cooch Behar (Assimilation of State Laws) (Amendment) Bill, 1969, be taken into consideration.

এটার অন্য কিছু নেই। কুচবিহার কথাটার সঙ্গে অর এনি পোরশান দেয়ারঅফ জুড়ে দিয়েছি, তা না হলে যেকোন আইন করতে গেলে সমস্ত ডিস্ট্রিক্টটাতেই করতে হয়। এই ডিফিকাল্টি আছে। সেজন্য এই অ্যামেণ্ডমেন্ট এনেছি।

**ডাঃ জয়নাল আবেদীনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কুচবিহার মিউনিসিপ্যালিটি ওখানে জলের ব্যবস্থা এবং ইলেকট্রিসিটি এটা একেবারে ডিরেক্ট গভর্নমেন্টের উপর ন্যস্ত ছিল। আগে যেটা রাজা করেছিলেন মিউনিসিপ্যালিটির উপর ছিল না। আপনি এটা করছেন, মিউনিসিপ্যালিটির আইনে চালু করবার জন্য আগে যেটা সেকশান ৪-এ ছিল। আপনি তাতে পাসিবলি বাই নোটিফিকেশান যেটা চেয়েছেন সেটার জন্য বিলের কি প্রয়োজন হল? এক নম্বর প্রশ্ন। ২ নম্বর প্রশ্ন হচ্ছে যে, জল এবং ইলেকট্রিসিটির ব্যবস্থা আগে ডিরেক্ট রাজার হাতে ছিল। এখন গভর্ণমেন্ট-এর হাতে। এই মিউনিসিপালিটির আওতায় আসার পর সেই ব্যবস্থা ধাক্কা খাবে না তো? কিছু অসুবিধা যোগ দেবে না তো? এটা একটু ভেবে দেখে বলুন।

**শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ** এটা নিশ্চয়ই জানেন যারা অন্ততঃ প্র্যাকটিস করেন যে, আইনের কমপ্লিকেশনটা এত সহজ জিনিস নয়। কাজেই এটাকে ইজি করে দেবার জন্য ম্যাটারটা এক্সপ্লিসিট করে দিয়েছি। এর আর অন্য কোন কারণ নেই।

The motion of Shri Bhakti Bhusan Mandal that the Cooch Behar (Assimilation of State Laws) (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the Cooch Behar (Assimilation of State Laws) (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker:** I understand only one Bill, namely, the Bengal Municipal (Amendment) Bill, will be taken up tomorrow.

**Mr. Speaker:** The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 27th August, 1969.

### Adjournment

The House was accordingly adjourned at 5-36 p.m. till 1 p.m. on Wednesday, the 27th August, 1969, at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 27th August, 1969, at 1 p.m.

**Present**

Mr. Deputy Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 14 Ministers, 1 Minister of State and 200 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Office buildings for Community Development Blocks**

[1-00—1-10 p.m.]

***275.** (Admitted question No. *1027.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে যে সমস্ত সমষ্টি-উন্নয়ন ব্লকের নিজস্ব বাড়ী নাই তাহাদের জন্য গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে সরকারকে কত টাকা হিসাবে ভাড়া দিতে হইয়াছে?

**শ্রীচারুমিহির সরকার:** ব্লক অফিসের বাড়ী ভাড়া বাবদ ১৯৬৭-৬৮ সালে মোট টাকা ২,৯৮,২৮১·৬৩ পয়সা ও ১৯৬৮-৬৯ সালে মোট টাকা ৪,০৩,১৩৮·৬৬ পয়সা ব্যয় হইয়াছে।

**ডাঃ জয়নাল আবেদিন:** এটা ডবল হল কেন—আপনারা কি ব্লক বাড়িয়েছেন?

**শ্রীচারুমিহির সরকার:** এটার কারণ হল রেন্ট আগে থেকে ধার্য করা ছিল না। ফেয়ার রেন্ট সার্টিফিকেট পাওয়া যায় নি বলে বকেয়া যে বাড়ীভাড়া বাকী ছিল ১৯৬৮-৬৯ সালে সেই বকেয়া টাকা দেওয়া হয়েছে বলে বেড়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন:** ফেয়ার রেন্ট এসেসমেন্টে কি ভাড়া বাড়িয়ে দেওয়া হয়েছে—অর্থাৎ বাড়ীওয়ালাদের সুবিধা দেওয়া হয়েছে?

**শ্রীচারুমিহির সরকার:** যে বকেয়া টাকা ছিল সেটা দেওয়া হয়েছে। ফেয়ার রেন্ট সার্টিফিকেট না পেলে টাকা দেওয়া হয় না। ল্যান্ড অ্যাকুইজিসন অফিসার-এর কাছ থেকে সার্টিফিকেট পেলে তাদের টাকা দেওয়া হয়। আসলে কোন বাড়ীর জন্য আগে আলাদা টাকা দেওয়া হয় নি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** ব্লক অফিস-এর জন্য যে সমস্ত বাড়ী ভাডা নেওয়া হয়েছে সেই বাড়ীগুলি বেশীর ভাগ কংগ্রেসী নেতাদের কিনা জানেন কি?

**শ্রীচারুমিহির সরকার:** এ সম্বন্ধে আমি জানি না, তবে খোঁজ নিতে পারি।

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই রকম কতগুলি ব্লক অফিস রেন্টেড হাউসে রয়েছে সারা বাংলাদেশে?

**শ্রীচারুমিহির সরকার:** মোটামুটি আমাদের ৩৩৫টি ব্লক আছে, তার মধ্যে এখন ১১৫টি সরকারী বাড়ীতে অফিস চলছে। ১২টি বাড়ী নির্মাণ করা হয়েছে, কিন্তু এখনও দখল নিতে পারে নি কিছু কিছু ত্রুটি রয়েছে বলে। বাকী ২০০টি বাড়ী ভাড়াবাড়ী হিসাবে চলছে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** এই যে ২০০টি রেন্টেড হাউস রয়েছে এর জন্য নূতন সরকারী ভবন তৈরী করবার পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা?

**শ্রীচারুমিহির সরকারঃ** পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিন্তু বাজেটে টাকা কম থাকার জন্য যতটা প্রয়োজন বাড়ী করবার সেটা করতে পারছি না। তা ছাড়া জমি পাবার অসুবিধা রয়েছে, ল্যান্ড অ্যাকুইজিসন কমপ্লিট হচ্ছে না, সাইট সিলেকসনের অসুবিধা রয়েছে—এই সব কারণে যে পরিমাণ সরকারী গৃহ নির্মাণ হওয়া উচিত ছিল সেই পরিমাণে এগুচ্ছে না।

**শ্রীআজিজুর রহমানঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ব্লকগুলির জন্য সর্বনিম্ন বা সর্বোচ্চ ভাড়ার নীতি কি?

**শ্রীচারুমিহির সরকারঃ** ভাড়ার ব্যাপারে ল্যান্ড অ্যাকুইজিসন অফিসার ভাড়া ঠিক করেন, তবে দেখতে হবে সেই জায়গা যদি শহরের কাছে হয় এবং বাড়ীর স্পেস বেশী হয় তা হলে ভাড়া বেশী হবে এবং পাড়াগাঁ হলে ভাড়া কম হবে। কাজেই বাড়ীর অবস্থান বুঝে ভাড়া নির্ধারিত হয় এবং এটা ঠিক করেন ল্যান্ড অ্যাকুইজিসন অফিসার।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি ব্লকের নিজস্ব বাড়ী থাকা সত্ত্বেও সেই ব্লকে ভাড়া বাড়ীতে ব্লক অফিস রাখা হয়েছে কেন?

**শ্রীচারুমিহির সরকারঃ** আমি আগেই বলেছি এই রকম ১২টি বাড়ী নির্মাণ করা হয়েছে কিন্তু সেখানে আমরা যেতে পারছি না, কিছু কিছু ত্রুটি রয়েছে বলে।

**ডঃ নিরঞ্জন ডম্বঃ** মন্ত্রিমহাশয় একটু আগে বল্লেন কতকগুলি ব্লকে স্থান পাওয়া যাচ্ছে না বলে নিজস্ব বাড়ী করা যায় নি। আমার প্রশ্ন হচ্ছে বাঁকুড়া জেলার পুতুলপুর ব্লকে বাড়ী করবার জন্য টেন্ডার কল করা সত্ত্বেও কেন বাড়ী হচ্ছে না?

**শ্রীচারুমিহির সরকারঃ** স্পেসিফিক্যালি কোন ব্লকের কথা যদি জানান যে কি অবস্থায় রয়েছে তা হলে আমি মাননীয় সদস্যকে জানাব।

### মুর্শিদাবাদ জেলায় দেবোত্তর সম্পত্তির অধীনস্থ কৃষি জমি

*777. (Admitted question No. *2249.)

**শ্রীআজিজুর রহমানঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জিলায় কোন্ কোন্ থানায় দেবোত্তর সম্পত্তির অধীন কৃষিযোগ্য কি পরিমাণ জমি আছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** থানাভিত্তিক তথ্য সংকলন করা সময়সাপেক্ষ। তবে সমগ্র জেলায় দেবোত্তর সম্পত্তির অধীন মোট কৃষিযোগ্য জমির পরিমাণ—৫,৯১০·৬৯ একর।

**শ্রীআজিজুর রহমানঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই সমস্ত কৃষি জমির কথা যা বল্লেন সেগুলি ঐ দেবোত্তর সম্পত্তির সেবায়েতরা আবাদ করে থাকেন, না ভূমিহীন কৃষক আবাদ করে থাকেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** এর বিস্তারিত হিসাব আমার কাছে নেই, তবে কিছু জমি আছে যেখানে সেবায়েতরা নিজেরা চাষ করেন এবং কিছু জমি বর্গাদারদের নিয়ে চাষ করান।

**শ্রীআজিজুর রহমানঃ** মন্ত্রিমহাশয় জানেন কি এই দেবোত্তর সম্পত্তির যারা প্রভু তারা অনেক জমি বেনামী করে রেখেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা আমি আগেই বলেছি, এটা তারা করেছেন এবং যাতে বেনামী করে রাখতে পারেন সেজন্য কংগ্রেস আমলে আইন করবার সময় ঐ ফাঁক রেখেই আইন করা হয়েছিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** এই দেবোত্তর সম্পত্তি দেবতা ভোগ না করে সেবায়েতরা ভোগ করেন। কাজেই এইগুলি যাতে সরকারী কর্তৃত্বাধীনে যায় সেই ব্যবস্থা করবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি এই ব্যাপারে আগেই বাজেটের সময় বলেছি এই দেবোত্তরের ফাঁক দিয়ে অনেক জমি বেনামী করা হয়, যদিও আইনে লেখা রয়েছে একসক্লুসিভলি দেব-সেবার জন্য কিন্তু এই এক্সক্লুসিভলি কথাটা লোকদেখানো—এটা আসলে এদিক ওদিক করলে একসক্লুসিভ হয়ে যায়। সেজন্য আমাদের অ্যাডভোকেট-জেনারেলের ওপিনিয়ন নিতে হবে। আমি অর্ডার দিয়েছিলাম সমস্ত দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে বিবেচনা করে দেখা হোক যে সত্যিই এটা দেবতার কাজে লাগছে, না সেবায়েতদের পেট পূজার কাজে লাগছে। এল, আর নাকি বলেছেন একবার যখন দেওয়া হয়েছে কংগ্রেস আমলে তখন সেটা পুনর্বিবেচনা করবার অধিকার নেই। আমি এটা স্বীকার করি না। আমি অ্যাডভোকেট-জেনারেলেব মত নেব এবং ভূমি সংস্কার আইনের যখন সর্বাঙ্গীণ সংশোধন আনা হবে তখন নিশ্চয়ই এটা বিবেচনা করা হবে।

[1-10—1-20 p.m.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** এটা কি বিবেচনা করবেন দেবোত্তরের ক্ষেত্রেই, নাকি ওয়াকফের ক্ষেত্রেও?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যে কোন ব্যাপারেই হোক, আমরা যেটা মোটামুটি স্থির করেছি পরিবারের ভিত্তিতে জমির সিলিং নির্দিষ্ট করা হবে, কোন কিছু ব্যতিক্রম করা হবে না।

**ডাঃ জয়নাল আবেদিন:** জানালেন ৫ হাজার একর জমি; কি কি বাবত ক'জন দেবতার সেবা হয় জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ১৫ বছরে জনসংখ্যা যেমন বেড়েছে তেমনি দেবতাদের সংখ্যাও বেড়ে গিয়েছে আইনের কল্যাণে, তার লিষ্ট আমার কাছে নাই।

### পাশপোর্ট

***784.** (Admitted question No. *2064.)
**শ্রীকালীপদ মণ্ডল:** স্বরাষ্ট্র (পাশপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মোট কতজনকে পাশপোর্ট দেওয়া হইয়াছে; এবং

(খ) কোন্ কোন্ দেশে যাইবার জন্য পাশপোর্ট দেওয়া হইয়াছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী বন্যার ব্যাপারে জরুরী কলে মালদহে যেতে বাধ্য হয়েছেন, সেজন্য আমি অনুরোধ করছি যে এই প্রশ্নটি পরবর্তী দিনের জন্য হেল্ড ওভার করা হোক।

**ডঃ জয়নাল আবেদিন:** আমার একটা সাবমিশন আছে, আমরা দেখেছি ৩২ জন মন্ত্রীর মধ্যে একজনের দায়িত্ব আর একজন পালন করছেন, পাশপোর্ট-এর প্রশ্ন তো এই এতদিন পরে এল, এ ব্যাপারে আর একজনের দায়িত্ব নিতে বাধা কোথায়?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা আমরা করে থাকি, কিন্তু হঠাৎ ইনি চলে গেলেন, আগে থাকতে জানলে নিশ্চয়ই অন্যকে দিয়ে করাতাম।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### নাম খারিজ করিবার কাজ

***909.** (Admitted question No. *126.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নাম খারিজ করিবার কাজ ত্বরান্বিত করার জন্য রাজ্যসরকার কি ব্যবস্থা লইয়াছেন;

(খ) গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে নাম খারিজের জন্য কত কেস সরকারের কাছে আসিয়াছিল; এবং

(গ) বর্তমানে কত কেস নাম খারিজের জন্য আছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** (ক) জুনিয়র ল্যান্ড রিফর্মস্ অফিসার ছাড়াও সার্কেল ইন্সপেক্টর-গণকে নাম খারিজ করার ক্ষমতা দিয়ে নাম খারিজ কেসসমূহ শীঘ্র নিষ্পত্তি করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) ২৪-পরগণা বাদে অন্যান্য জেলায় ১৯৬৭-৬৮ সালে ১১,৪৯,০৭৪ এবং ১৯৬৮-৬৯ সালে ৯,৬১,৮৩১টি কেস সরকারের কাছে আসিয়াছিল।

(গ) ২৪-পরগনা বাদে অন্যান্য প্রায় ২০,৪৮,০১৯টি কেস।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই উত্তরে বললেন ১৯৬৭-৬৮ সালে ২৪-পরগনা বাদে প্রায় সাড়ে এগারো লক্ষ কেস হয়েছে, এটা কি জের বেড়ে বেড়ে এখানে আছে নাকি ১৯৬৬-৬৭ সালেই এত হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** ১৯৬৭-৬৮ সালেই এত দরখাস্ত হয়েছে, ১৯৮-৬৯ সালে ৯ লক্ষ ৬১ হাজার, বাকী যদি বলেন যে কেস হয়েছে সে হচ্ছে ২০ লক্ষ ৪৮ হাজার ১৯ টি, ২৪-পরগনায় বাকী ২ লক্ষ ৭৩ হাজার, এতে হয় প্রায় ২৩ লক্ষ কেস। এগুলি ডিস্‌পোজের বাকী।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় তা হলে কি বুঝব যে এই যে ২২ কি ২৩ লক্ষ কেস পড়ে আছে এগুলি খারিজ করার ব্যাপারে সরকারী যন্ত্র বা মেসিনারী তা যথেষ্ট দ্রুত কাজ করছে না?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** এত কেস পড়ে আছে সরকারী যন্ত্র দ্রুত কাজ করছেন এটা ত্বরান্বিত করার চেষ্টা করব। কিন্তু কিভাবে করা যাবে অর্থাৎ সেই টাইপের অফিসার আছে কিনা, আরও বেশী দেওয়া যায় কিনা, টেম্পরারী অন্য জায়গা থেকে দেওয়া যায় কিনা সেগুলি চিন্তা করতে হবে। তবে একটা অসুবিধার কথাও চিন্তা করা দরকার যে মিউটেশান কেস তাড়াতাড়ি নিষ্পত্তি করার বিপদ আছে কারণ যারা জমি বেনামী করেন তারাও এই মিউটেশানের সাহায্য গ্রহণ করেন। সেজন্য কোনটা জেনুইন মিউটেশান আর কোনটা চোরাই মিউটেশান এ বোঝা খুব মুস্কিল অর্থাৎ সব সময় অফিসারদের উপর ছেড়ে দেওয়া খুব সুবিধাজনক নয়— এই প্রশ্নটা খুব জটিল। আমরা এগুলি আলোচনা করে ভেবে দেখব।

**শ্রীসনৎকুমার রাহাঃ** ল্যান্ড রিফর্ম কমিটি যা আছে তাদের সাহায্য নিলে আমার মনে হয় ক্লাসিফিকেশান অব কেসেস করে খুব দ্রুত ত্বরান্বিত করা যায়—মাননীয়, মন্ত্রিমহাশয় কি এই বিষয়ে চিন্তা করে দেখবেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** এটা বিবেচনা করে দেখব।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ল্যান্ড রিফর্মস অ্যাক্টে যে প্রভিসন আছে, সেই প্রভিসনে জমি খারিজ করছেন যেমন বি টি অ্যাক্টে সেকসান ৮৮ ছিল আগে জমি খারিজের ব্যাপারে, কিন্তু ল্যান্ড রিফর্মস অ্যাক্টে এই রকম কোন প্রভিসন নেই অথচ আপনাদের জে এল আর ও অফিস থেকে খারিজ করা হচ্ছে, এটা কোন আইনের রুলসে বা প্রভিসন হিসাবে করা হচ্ছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** স্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট অনুযায়ী করা হচ্ছে।

**শ্রীআবদুল সাত্তার:** স্টেট অ্যাকুইজিসন অ্যাক্টে আমার মনে হয় এই রকম খারিজের কোন প্রভিসন নাই।

**Mr. Deputy Speaker:** This is a matter of complicated question of law. The Minister should not be asked such questions involving legal implication. However, he may look into it.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** কথাটা যখন আপনি তুললেন তখন আমি নিশ্চয়ই দেখব। আপনি জানেন যে আপনি একদিন এই বিভাগের দায়িত্বে ছিলেন। গত ১০/১৫ বছর ধরে এটা চলে আসছে, এখন পর্যন্ত কেউ এ প্রশ্ন তুলেন নি কিন্তু আপনি এই দপ্তরের দায়িত্বে ছিলেন তখন কোন সভ্য এটা তোলেন নি, কিন্তু আপনি যখন তুললেন তখন নিশ্চয়ই দেখব।

**গ্রুপ লোন মকুবের প্রস্তাব**

***910.** (Admitted question No. *2188.)

**শ্রীসরল দেব:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রুপ লোন যেসমস্ত দরিদ্র কৃষক পরিশোধ করিতে পারিতেছেন না, সেইসমস্ত দরিদ্র কৃষকের ক্ষেত্রে উপরোক্ত ঋণ মকুব করার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কি নাগাদ উক্ত ঋণ মকুবের নির্দেশ দেওয়া হইবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** (ক) হাঁ, প্রশ্নটি সরকারের বিবেচনাধীনে আছে।

(খ) এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সঠিকভাবে কিছু বলা সম্ভব নয়।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে গ্রুপ লোন দেওয়ার ব্যাপারে মিনিমাম কতজনকে নিয়ে গ্রুপ করা হয় এবং তাদের জমি পরস্পর কাছাকাছি থাকার নিয়ম, না দূরবর্তী স্ক্যাটার্ড হয়ে থাকলেও তাদের গ্রুপ লোন দেওয়া যেতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** পাঁচ জন নিয়ে গ্রুপ তৈরী হয়, আর জমি থাকার কোন প্রশ্ন নেই।

**শ্রীমহঃ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই গ্রুপ লোন বাবত কত টাকা এখন পর্যন্ত বাকি আছে, যা এখন পর্যন্ত পরিশোধ করা হয় নি, এর পরিমাণ দিতে পারেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় 'ক'-এর প্রশ্নে বলেছেন হ্যাঁ। কিন্তু তিনি কি জানেন এমন জায়গা আছে যেখানে গত বছর বন্যায় প্লাবিত হয়েছিল, সেই সমস্ত জায়গাতে এই গ্রুপ লোন আদায় করার জন্য সার্টিফিকেট জারী করা হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** না, এই রকম কোন ইনফর্মেসন আমার জানা নেই।

[1-20—1-30 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** আপনার কাছে যদি এই ইনফর্মেশন দেওয়া যায় তা হলে তার প্রতিকার করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সরকার যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই সমস্ত প্রশ্ন বিচার করছেন সেই দৃষ্টিভঙ্গী নিয়েই এই বিষয় একটা সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** আমি একথা এই হাউসের কাছে এবং মন্ত্রিমহাশয়ের কাছে পরিষ্কার করে জানাতে চাই যে এই রকম ঘটনা ঘটেছে। সেখানে বন্যা-প্লাবিত অঞ্চল বলে সরকার ডিক্লিয়ার করেছেন সেই জায়গায় আজকে সার্টিফিকেট জারী করা হয়েছে ও হচ্ছে এই সব ক্ষেত্রে কি করবেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এই রকম ঘটনা জানা নেই তবে এই সব ঘটনা যদি আপনারা আমাকে দেন তা হলে সরকারের যে নীতি আছে সেই নীতি অনুযায়ী বিবেচনা করে দেখবো।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে এই গ্রুপ লোন পরিশোধের ব্যাপারে বহু অ্যারেস্ট ওয়ারেন্ট ইস্যু করা হয়েছে? ১২/১৪ বছর ধরে গরীব কৃষকরা এই ঋণ শোধ করতে পারছে না অনুগ্রহ করে সেখানে এই অ্যারেস্ট ওয়ারেন্ট বন্ধ করবেন কি? আর যদি বলেন তা হলে এই সব তথ্য আমি আপনার কাছে দিতে পারি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এই ব্যাপারে সমস্ত তথ্য জানা নেই। এই গ্রুপ লোন আদায়ের ব্যাপারে আমাদের মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যারা গরীব কৃষক, যাদের দেবার ক্ষমতা নেই, যাদের লোন অনেকদিন ধরে পড়ে রয়েছে, তিন চার বছর ধরে, এই সমস্ত ব্যাপারে সমস্ত তথ্য জেলা থেকে চেয়ে পাঠিয়েছেন সেই তথ্যগুলি এলে আমরা এই সম্বন্ধে একটা সিদ্ধান্ত গ্রহণ করবো। আর যে কথা তাঁরা বলেছেন অ্যারেস্ট ওয়ারেন্ট এবং সার্টিফিকেটের কথা তা যদি আমাদের দৃষ্টিগোচরে আনেন তা হলে আমরা সেটা বন্ধ করবার জন্য চেষ্টা করবো।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে গ্রুপে ৫ জন থাকে কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে ১০ জন পর্যন্ত থাকে, আর গ্রুপ লোন দেবার নিয়ম ৫০ টাকা কিন্তু আমরা জানি যে ১০ টাকা পর্যন্ত দেওয়া হয়েছে। এই টাকা যা গরীবদের দেওয়া হয়েছে তার রেকর্ড সংগ্রহ করা হচ্ছে কিন্তু এর ভিতর তাদের নামে সার্টিফিকেট জারী করা হচ্ছে এবং পেয়াদারা সেখানে গিয়ে টাকা আদায় করতে না পেরে তাদের এক টাকা বা আট আনা জরিমানা করছে, সেইজন্য যতদিন পর্যন্ত গভর্ণমেন্ট এটা বিবেচনা করছেন ততদিন পর্যন্ত এই সার্টিফিকেট দেওয়া স্টপ করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** বিবেচনা করে দেখা যাবে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সব বন্যাবিধ্বস্ত অঞ্চলে ১৯৬৭/১৯৬৮ সাল পর্যন্ত বহু কৃষক তাদের দুরবস্থার জন্য ঋণ শোধ করতে পারে নি এবং তাদের ডিফল্টার হিসাবে ধরে নিয়ে নূতন ঋণ দেওয়া হচ্ছে না। তাদের দুরবস্থার কথা চিন্তা করে অবিলম্বে তাদের ঋণ মকুব করবার ব্যবস্থা করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** না। এটা সরকারের নীতির পরিপন্থী। ঋণ বাকী থাকলে তাকে আর নূতন ঋণ দেওয়া যাবে না।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই তারা টাকা দিতে পারছে না সেইজন্য এই বিশেষ ব্যবস্থার কথা চিন্তা করে অর্থাৎ বন্যাবিধ্বস্ত অঞ্চলের কৃষকরা ঋণ শোধ করতে পারছে না, বাংলাদেশে ১৯৬৮ সাল পর্যন্ত এই রকম বহু অঞ্চল আছে, তাদের বিশেষ ব্যবস্থা করার নির্দেশ দেবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আমি মাননীয় সদস্যদের বলেছি যে এই ব্যাপারে বিবেচনা করে দেখা হচ্ছে। এই সমস্ত বন্যাবিধ্বস্ত অঞ্চলে যারা অত্যন্ত গরীব তাদের কেসগুলি দেখে একজেমশন বা রেমিশন করে দেওয়া যায় কিনা বিবেচনা করা হবে। আগের লোন রেমিশন না করলে নূতন লোন দেবার প্রশ্ন উঠে না।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** গ্রুপ লোন যাঁরা নেয় তাদের কাছ থেকে রিয়েলাইজেসানের ব্যাপারে আনলিমিটেড লায়েবিলিটি থেকে যাচ্ছে, ফলে হচ্ছে এই ১০ জন লোন নিয়েছে তার

মধ্যে ২ জন শোধ দিতে চায় বা দিয়েছে কিন্তু পরবর্তীকালে তাদের ঘাড়ে আবার এসে দায়-দায়িত্ব পড়ে। এটাকে লিমিটেড লায়েবিলিটি যদি করা যায় তাহলে একটা ভাল পোর্সান আদায় হয়ে আসে। এটাকে পরবর্তী সময়ে লিমিটেড লায়েবিলিটিতে আনা যায় কিনা সেটা বিবেচনা করে দেখবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই সমস্ত লোন দেওয়ার পদ্ধতি আগেকার সরকারের আমলে চলেছিল সেগুলি আমাদের সময়ে চলছে, আমাদের সরকার এই সম্পর্কে চিন্তা করছেন, সেটা পরে বিবেচনা করে দেখব।

**শ্রীঅবিনাশ প্রামাণিক:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মিনিমাম ৫ জনকে নিয়ে গ্রুপ করলে পর গ্রুপ লোন পাওয়া যায়, কিন্তু সাধারণভাবে আমরা দেখতে পাই যে ব্লকে ব্লকে অফিসার এবং গ্রামসেবক ৮ জনের গ্রুপ না হলে তাঁরা টাকা দেন না, এই রকম কোন নির্দেশ আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই রকম কোন নির্দেশ নাই।

**শ্রীকালীপদ মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ১৯৬৮-৬৯ সালে কত অনাদায়ী গ্রুপ লোনের টাকা আছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** নোটিশ চাই।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন কিছুক্ষণ আগে যে দরিদ্র কৃষকদের জন্য সরকার কৃষি ঋণ মকুব করার কথা চিন্তা করছেন, সেই ক্ষেত্রে দরিদ্র কৃষক যারা বর্তমানে চাষ করতে পারছে না তারা যে ঋণ নিয়েছে সেটা বাদ দিয়ে নতুন করে ডিফল্টার সত্ত্বেও তাদের ঋণ দেওয়ার ব্যাপারে কিছু বলতে পারেন কিনা?

**Mr. Deputy Speaker:** That question has already been answered by the Hon'ble Minister.

**শ্রী এম মকসেদ আলি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে গ্রুপ লোনের একটা বিরাট অসুবিধা রয়েছে যে যদি কেউ শোধ না দিতে পারে তা হলে যে লিডার থাকে তার ঘাড়ে দায়িত্ব এসে পড়ে। সেজন্য গ্রুপ সিসটেম তুলে দিয়ে ব্যক্তিগতভাবে কৃষককে লোন দেওয়া যায় কিনা সে সম্পর্কে আপনি চিন্তা করছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ব্যক্তিগতভাবে সার ঋণ দেওয়া হয়। আর কোন ঋণ দেওয়া যায় কিনা থ্রু ইন্সটিটিউসন্যাল ফাইনান্স সেটা আমরা চিন্তা করছি।

**শ্রীনবদুর্গা মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেসমস্ত দরিদ্র কৃষক কৃষি ঋণ পেয়েছে তারা যদি না দিতে পারে তা হলে সেগুলি রেমিসান্ দেওয়া যায় কিনা সে সম্বন্ধে তিনি চিন্তা করবেন। কিন্তু আমাদের বাঁকুড়া জেলায় মেজিয়া, শালতোড়া, গঙ্গাজলঘাটি, বড়জোড়া প্রভৃতি এলাকায় বেশ কয়েক বছর খরা চলেছে এবং একটা বিরাট খরা চলে গেছে, সেই খরার সময় তারা যে ঋণ নিয়েছে পরবর্তী কালে খরা চলার জন্য তারা সেই ঋণ পরিশোধ করতে পারছে না। মাননীয় মন্ত্রিমহাশয় কি চিন্তা করবেন যারা ঋণ পরিশোধ করতে পারছে না তাদেরও এ বছর ঋণ দেওয়া যাবে কিনা?

**Mr. Deputy Speaker:** That question has been sufficiently answered and that point has already been covered by the Hon'ble Minister.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** টাকায় যারা গ্রুপ লোন শোধ করতে পারছে না তারা যদি টাকার বদলে ফসলে গ্রুপ লোন শোধ করতে প্রস্তুত হয় তা হলে মন্ত্রিমহাশয় এবং মন্ত্রিসভা সেই গরীব কৃষকদের গ্রুপ লোনের টাকা ফসলে শোধ করবার অনুমতি দিতে পারেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই ব্যাপারে অতীতে কোন কিছু চিন্তা করা হয় নি, মাননীয় সদস্য যখন বলেছেন তখন আমরা চিন্তা করে দেখব।

**দুর্গাপুর বেনাচিতি বাজারে ভাড়াটিয়া উচ্ছেদ**

***911.** (Admitted question No. *2305.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর বেনাচিতি বাজারটি সরকারী না বে-সরকারী;

(খ) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার দুর্গাপুর বেনাচিতি বাজারে ভাড়াটিয়ারা উচ্ছেদ হইয়াছে;

(গ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ আইন অবলম্বন করিয়া এরূপ উচ্ছেদ হইয়াছে,

(২) ১৯৬৮ সালে ও ১৯৬৯ সালে এইরূপ উচ্ছেদের সংখ্যা কত,

(৩) আদালতে বিচারাধীনের সংখ্যা কত, এবং

(৪) উচ্ছেদ বন্ধ করার জন্য সরকার কর্তৃক কোন ব্যবস্থা গৃহীত হইবে কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** (ক) বেনাচিতি বাজার একটি বে-সরকারী বাজার।

(খ) হ্যাঁ।

(গ) (১) ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্ট, ১৮৮২;

(২) ১৯৬৯ সালে চারিটি উচ্ছেদের আদেশ হইয়াছে, তন্মধ্যে একটি কার্যকর করা হইয়াছে;

(৩) সাতটি মামলা বিচারাধীন আছে; এবং

(৪) এই অঞ্চলে ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস্ টেনান্সি অ্যাক্ট, ১৯৫৬-এর বিধানসমূহ সম্প্রসারণের প্রশ্নটি সরকার বিবেচনা করিতেছেন।

**আমতা ব্লকে এম, আর-এর গম বীজ হিসাবে সরবরাহ**

***912.** (Admitted question No. *2362.)

**শ্রীপান্নালাল মাজিঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই বৎসরে হাওড়া জেলার আমতা ১নং ও ২নং ব্লকে এম, আর-এর গম অধিক ফলনশীল গম বীজ হিসাবে চাষীদের দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, এবং (২) উক্ত গম বীজের বিক্রয়মূল্য কত?

[1-30—1-40 p.m.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** (ক) ১৯৬৮-৬৯ সালের রবি মরসুমে বিতরণ করা হইয়াছিল।

(খ) এম আর রিজার্ভ সংগৃহীত গমের মধ্যে অতি সামান্য অংশ লাম্মা রোজা জাতীয় উচ্চফলনশীল গম পাওয়া গিয়াছিল। উক্ত গমের অংকুরোদগম ক্ষমতা এবং বিশুদ্ধতা যথেষ্ট পরিমাণে থাকায় উহা বীজ হিসাবে চাষীদের মধ্যে বিতরণ করিবার জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছিল। উক্ত বীজ পরে ভাল শস্যই প্রদান করে।

ফুড কর্পোরেশন কর্তৃক তৎকালীন নির্ধারিত মূল্য ছিল প্রতি কিলোগ্রাম ৭৯ পয়সা।

**শ্রীপান্নালাল মাঝিঃ** সাধারণতঃ বীজগম পাঞ্জাব থেকে আমদানী হয়ে থাকে এবং চাষীদের মধ্যে বিতরণ করা হয়। এম আর থেকে এই বীজ গম দেওয়া হলো কেন তিনি জানাবেন কি? আমরা জেনেছিলাম বীজগম আনতে দেরী হওয়ার জন্য মধ্যপ্রদেশ থেকে দেওয়া হয়েছে। কিন্তু চাষীরা তার উচ্চফলনশীলতা বিশ্বাস করে না—জারমিনেশান যদি ঠিক থেকেও থাকে।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** কারণ আগেই বলে দিয়েছি। এম আর যে রিজার্ভ ছিল তার ভেতর থেকে কিছুটা লাম্মা রোজা জাতীয় উচ্চফলনশীল গম ছিল বলেই তার থেকে কিছু অংশ বীজ হিসাবে সংগ্রহ করা হয়েছিল। সেটার জারমিনেশান টেস্ট করে দেখা গিয়েছিল যে তা বীজ হিসেবে বিতরণ করা যায় এবং সেটা বিতরণ করা হয়েছিল। পরে তা থেকে সুফল পাওয়া গিয়াছে—ভাল গাছ হয়েছে এবং ভাল শস্য হয়েছে।

**শ্রীপান্নালাল মাঝি:** হতে পারে আপনারা জারমিনেশান টেস্ট করেই সেটা বিতরণ করেছিলেন কিন্তু কারণটা হচ্ছে পাঞ্জাব থেকে যে বীজগম কেনা হয়েছিল তা এসে পৌঁছুতে দেরী হচ্ছিল—এদিকে চাষের সময় চলে যায় অথচ চাষীরা বীজ পাচ্ছে না। ফলে একটা বিক্ষোভ দেখা দেয়। তার জন্যই এম আর থেকে ঐ বীজগম দেওয়া হয়েছে। তার ভাল-মন্দ আমি বলছি না। পরে যেটা এলো সেই বীজগম আর কেউ নেয় না, বিক্রী হয় না। কারণ চাষের টাইম ওভার হয়ে গেছে। এমতাবস্থায় মন্ত্রিমহাশয় কি দেখবেন যাতে বীজ টাইমলি আমদানী করা হয় ও টাইমলী চাষীদের কাছে বিতরণ করা হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য যে কথাগুলি বললেন তা সবটা ঠিক নয়। প্রথম কথা হচ্ছে এই যে বীজগম যেটা দেওয়া হয়েছিল, সেটা যদি খারাপ হতো এবং সেই সম্পর্কে কোন মাননীয় সদস্যের যদি কোন তথ্য থাকে, তিনি সেটা আমাকে বলে দিলে আমি অনুসন্ধান করতে পারি। যাদের দেওয়া হয়েছে সেই বীজগম তারা বলেছেন সেই বীজ ভাল ফল দিয়েছে। তবে আমরা সব সময় চেষ্টা করছি যাতে ঠিক সময় চাষীদের মধ্যে বীজ সরবরাহ করা যায়। এবারও খরিপ সিজনে ঠিক সময় বীজ সরবরাহ করা হয়েছে।

**শ্রীপান্নালাল মাঝি:** আমি খারাপ-ভালোর কোন কথা বলি নি, ভাল হতে পারে। তবে অভিজ্ঞতায় দেখা গেছে বীজ টাইম মত চাষীদের দেওয়া হয় না। যে বীজগম আমদানী করা হয়েছিল, শেষ পর্যন্ত বীজ হিসেবে সেটাকে দেওয়া হয় নাই, চাষের টাইম চলে যাওয়ার দরুন চাষীরা তা নেয় নাই। যা বীজ হিসেবে কেনা হবে ও দেওয়া হবে যাতে চাষীরা সেটা টাইম মত পায়, অনুগ্রহ করে সেদিকে আপনি লক্ষ্য রাখবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** হ্যাঁ, ভবিষ্যতে রাখবো।

### মুর্শিদাবাদ জেলা হইতে ভারতীয় নাগরিকের পূর্ব পাকিস্তানে গমন

***913.** (Admitted question No. *2395.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (ছাড়পত্র) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলা হইতে ১৯৬৭ সালের জানুয়ারি মাস হইতে এ পর্যন্ত কতজন ভারতীয় নাগরিক পূর্ব পাকিস্তানে চলিয়া গিয়াছেন?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, I have already stated that the Minister-in-charge is away from Calcutta on account of flood situation in Malda. Hence this may kindly be held over for the next day.

**Mr. Deputy Speaker:** The question is held over.

### সীড ফার্ম

***914.** (Admitted question No. *2428.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় জেলা ও ব্লক স্তরে যেসকল 'সীড ফার্ম' প্রতিষ্ঠিত আছে, উহাদের উদ্দেশ্য ও লক্ষ্য কি;

(খ) কোন ফার্মে 'ফার্ম অ্যাডভাইসরি কমিটি' গঠন করা হইয়াছে কিনা; এবং

(গ) হইয়া থাকিলে, কোন্ কোন্ ফার্মে হইয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** (ক) পশ্চিমবাংলায় জেলা ও ব্লক স্তরে যে সকল 'সীড ফার্ম' প্রতিষ্ঠিত আছে উহাদের উদ্দেশ্য ও লক্ষ্য হইল স্ব স্ব এলাকায় চাষীদের মধ্যে উন্নতধরনের বীজ সরবরাহ করা। বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের প্রবর্তন ও প্রসার করা উহাদের অন্যতম লক্ষ্য।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এই ব্লক লেভেলে যে সমস্ত সীড ফার্ম আছে এবং জেলা স্তরে যে ফার্মগুলি আছে এই ফার্মগুলি মিলিয়ে কি পরিমাণ জমি এই সমস্ত ফার্মের অধীনে আছে সেটা মন্ত্রিমহাশয় জানাতে পারেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সেটা বলা সম্ভব নয়, তবু কত পরিমাণ জমি এক একটি ফার্মের অধীনে আছে তা বলতে পারি—ব্লক স্তরে অর্থাৎ ব্লক সীড ফার্মে আছে ২৫ থেকে ৩০ একর এবং জেলা স্তরে ডিস্ট্রিক্ট সীড ফার্মে আছে ৯০ থেকে ১০০ একর।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সাধারণতঃ এই সমস্ত সীড ফার্মের উদ্দেশ্য হচ্ছে যে এই সীড ফার্মগুলি থেকে যেসমস্ত শস্য হবে তাই দিয়ে সমস্ত ব্লক লেভেলের সীড ফার্মগুলি থেকে চাষীদের বীজ বিলি করা হবে এই উদ্দেশ্য আছে এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সেই রকমই করা হচ্ছে। ঐ সমস্ত সীড ফার্ম থেকে যে সীড তৈরী হচ্ছে সেগুলি বিলি করার জন্য ব্লকে দেওয়া হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রিমহাশয় জানেন কি যে যেসমস্ত সীড ফার্ম তৈরী করা হয়েছে সেই সমস্ত জায়গায় বহু ক্ষেত্রে সেই ফার্মগুলির জমি জলে ডুবে থাকে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** কিছু কিছু জমি জলে ডুবে থাকে, কারণ সেই ব্লক সীড ফার্মগুলির জন্য যে জমি নেওয়া হয়েছিল সেগুলি নীচু জমি, জল নিকাশের কোন ব্যবস্থা নাই। আমরা চেষ্টা করছি যাতে এই সমস্ত জমির জল নিকাশের ব্যবস্থা করা যায়—তবে সেটা খুব ব্যয় সাপেক্ষ।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এ সম্পর্কে ইরিগেশন পরিকল্পনা বহু দিন থেকে করা হয়েছিল, সেই সমস্ত সীড ফার্ম-এর তাতে উপকার হোত, সেই ইরিগেশন পরিকল্পনাকে আশু কার্যকরী করার জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** যুক্তফ্রন্ট সরকার আসার পরই এ সম্পর্কে আমরা বিশেষ দৃষ্টি দিয়েছি এবং বাজেটে এর জন্য আপনারা ২০ লক্ষ টাকা স্যাংসান করেছেন। আশা করছি ২৫০টি ব্লকে যে সীড ফার্ম আছে তার বেশীর ভাগই আমরা ভাল করে ফেলতে পারবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলতে পারেন কি—যে এই সমস্ত সীড ফার্মে গড়পড়তা বিঘাপ্রতি ফলন কত হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** যেগুলি উচ্চফলনশীল ধান সেগুলি একর প্রতি ৫০ থেকে ৬০ মণ হয় এবং বিভিন্ন যে ভ্যারাইটি বা এন সি ভ্যারাইটি যেসব আছে তাতে গড়পড়তা ২০ থেকে ২৫ মণ একর প্রতি।

**শ্রীমতী গীতা মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ সীড ফার্মে যে সমস্ত মহিলা কর্মী আছে, তাদের পুরুষ কৃষি শ্রমিকদের মত একই হারে মজুরী দেবার কথা তিনি বিবেচনা করছেন কিনা?

**Mr. Deputy Speaker:** I think, this question does not arise. If you go through the question, you will find it is stated therein.

কোন ফার্মে ফার্ম অ্যাডভাইসরি কমিটি গঠন করা হইয়াছে কিনা, এবং হইয়া থাকিলে কোন্ কোন্ ফার্মে হইয়াছে। তাতে মজুরীর কথা জিজ্ঞেস করার কোন স্কোপ নাই।

**শ্রীমতী গীতা মুখার্জি:** স্যার, এর সঙ্গে এর বিশেষ কানেকসন আছে, কারণ উদ্দেশ্য এবং লক্ষ্যের কথা সেখানে রয়েছে।

**Mr. Deputy Speaker:** Your definite question is regarding the employees; I think it does not arise. But if the Minister can help you I have got no objection.

[1-40—1-50 p.m.]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এসম্পর্কে একটা রিপোর্ট আছে নিম্নতম বেতন কমিটির অর সামথিং লাইক দ্যাট, গভর্নমেন্ট অর্ডার সেই অনুযায়ী তাঁরা যা নির্ধারণ করে দিয়েছিলেন আমরা যুক্তফ্রন্ট সরকার এসে সেই অনুযায়ী বেতন দিচ্ছি। আমার যতদূর মনে হয় পুরুষ কর্মীদের দেওয়া হয় ৩ টাকা ৫৪ পয়সা ও নারী কর্মীদের দেওয়া হয় ৩ টাকা ৫ পয়সা। তবে এটা আমি ঠিক বলতে পারলাম না। আমার স্মরণ থেকে এটা আমি বললাম।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয় এই বৈষম্য দূরে করবার চেষ্টা করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সেটা সম্বন্ধে আমি চিন্তা করছি না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেখানে সরকার ধানের দর ২৫ টাকা হিসাবে কেনেন সেখানে সীড ফার্মে এত তৈরি করা সত্ত্বেও তার কুইন্টাল কেন ৯০ টাকা দেওয়া চাষীদের?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ৯০ টাকায় সাধারণতঃ বিক্রী করা হয়, তবে এবারে কমিয়ে বোধ হয় সেটা ৮২ টাকা করা হয়েছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মুর্শিদাবাদে যে সীড ফার্ম আছে সেটার ধানে মুর্শিদাবাদে চলে যেতে পারে তবুও কেন ন্যাশানাল সীড কর্পোরেশনের ধান মুর্শিদাবাদ জেলায় আসে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি? আমি হাই-ইল্ডিং ভ্যারাইটি ধানের কথা বলছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মুর্শিদাবাদ জেলার চলে গেলে ন্যাশানাল সীড কর্পোরেশন থেকে আসত না, চলছে না বলেই আসছে, আপনার তথ্যটা ভুল।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভরতপুর সীড ফার্মের যে সীড সেটা ভরতপুরে দেওয়া হয় না, অন্যত্র চলে যায় বলে আমরা শুনেছি। আমার জিজ্ঞাস্য, এ সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় অনুসন্ধান করবেন কি?

**Mr. Deputy Speaker:** Mr. Bhattcharya, you are speaking in respect of Bharatpur Seed Farm and I think the Minister will not be able to answer it. It is a wide question and if you want to know something in respect of a particular seed farm then a separate question should be placed.

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ২৫০টি সীড ফার্ম এই ভাবে কাজ করছে। আমরা জানি, কোন কোন সীড ফার্ম যদিও সেগুলিকে সীড ফার্ম হিসাবে নেওয়া হয়েছে তবুও সেখানে চাষ শুরু হয় নি। আমার জিজ্ঞাস্য, ২৫০টির মধ্যে যেখানে চাষ শুরু হয় নি এরকমের সংখ্যা কত, এইভাবে অচাষ অবস্থায় পড়ে থাকার কারণ কি এবং সেগুলিকে কত তাড়াতাড়ি চালু করা সম্ভব হবে সেটা জানানো মন্ত্রিমহাশয়ের পক্ষে সম্ভব হবে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ২৫০টির মধ্যে কতগুলি এরকম অবস্থায় পড়ে আছে তার সংখ্যাটা ঠিক জানি না, তবে অত্যন্ত কম, ১০/১২টি বেশী হবে বলে মনে হয় না। যেগুলিতে ফেন্সিং এবং সেচের ব্যবস্থা নেই সেগুলিতে আমরা এই বছরের মধ্যেই করে ফেলতে চেষ্টা করছি। আমি আপনাদের বলেছি যে ২০ লক্ষ টাকা এর জন্য নিয়েছি এবং করেও ফেলবো।

**শ্রীবজলে আহমেদঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সমস্ত সীড ফার্ম যা আছে তার প্রডিউস যা বিক্রী করে তার প্রডিউস করতে যা খরচ হয় তাতে সরকারের লাভ হয়, না লোকসান হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** কোন কোন ফার্মে লাভ হয়, কোন কোন ফার্মে লোকসান হয়।

**শ্রীবজলে আহমেদঃ** এই সমস্ত ফার্মের যা প্রডিউস সেগুলি সেখানকার যাঁরা ইনচার্জ বা ম্যানেজার এবং তাঁদের সঙ্গে উর্ধতন কর্তৃপক্ষ যাঁরা আছেন যেমন বি ডি ও এঁদের কনাইভ্যান্সে এই সমস্ত মাল চুরি হয় ফলে ফার্মের লস হয়। এরকম কোন কমপ্লেন বা ইনফরমেশান মন্ত্রিমহাশয়ের কাছে এসেছে কিনা, যদি এসে থাকে তা হলে তার জন্য কি করেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এরকম কমপ্লেন আমার কাছে আসে নি। মাননীয় সদস্যমহাশয়ের যদি এরকম কোন বিশেষ কমপ্লেন থাকে—স্পেসিফিক চার্জ, আমার কাছে করবেন, আমি তদন্ত করবো।

**শ্রীবজলে আহমেদঃ** এই জাতীয় একটা ঘটনা বীরভূম জেলার মুরারই থানার ২নং বি ডি ও সম্বন্ধে আছে এবং সেখানকার সীড ফার্মের ব্যাপার নিয়ে কমপ্লেন করেছি। সেটার একটা কপি মাননীয় সমষ্টি-উন্নয়ন মন্ত্রীকে দিয়েছি, তার একটা কপি এগ্রিকালচার ডিপার্টমেন্টে—আপনার কাছে দিয়েছি। আপনি বা উনি কি করেছেন কিছুই বুঝতে পারছি না, কারণ এখনও পর্যন্ত কিছুই হচ্ছে না। আমার মনে হয় কমপ্লেন করলে এই সমস্ত জিনিস দেখা উচিত।

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এ সম্পর্কে নোটিশ দিলে আপনাকে জানাতে পারবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই সম্পর্কে সম্প্রতি যে ইভ্যালুয়েসন রিপোর্ট বেরিয়েছে তাতে যে ত্রুটিবিচ্যুতির কথা উল্লেখ করা হয়েছে সীড ফার্ম সম্বন্ধে, সেই ত্রুটি বিচ্যুতি দূর করবার জন্য তিনি কি ব্যবস্থা করছেন এবং প্রকৃত চাষীদের নিয়ে অ্যাডভাইসারি কমিটি করবার কথা যে প্রস্তাব করা হয়েছে সে সম্পর্কে তিনি কি ব্যবস্থা করছেন সেটা দয়া করে জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** সীড ফার্ম সম্বন্ধে ইভ্যালুয়েসন রিপোর্ট যা আছে সেই রিপোর্ট আমরা দেখেছি এবং সেই রিপোর্ট অনুযায়ী এই সীড ফার্মগুলির যা কিছু ত্রুটি আছে সেগুলি সংশোধন করবার চেষ্টা করছি। তবে সেখানে যা বলা আছে যে প্রকৃত চাষীদের নিয়ে কমিটি করতে, সে সম্বন্ধে বিবেচনা করছি এবং এখন কিছু সিদ্ধান্তে আসি নি। তবে সীড ফার্মগুলির ত্রুটি দূর করায় জন্য যেগুলি করা দরকার সেগুলি আমরা অলরেডি শুরু করে দিয়েছি।

## অ্যাপ্লায়েড নিউট্রিশন প্রকল্প

*915. (Admitted question No. *2430.)

**শ্রীদেবব্রত দত্তঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অ্যাপ্লায়েড নিউট্রিশন প্রকল্পটির দ্বারা কি কি কাজ হইয়া থাকে;

(খ) এই প্রকল্পটির সাথে কোন বিদেশী প্রতিষ্ঠান যুক্ত আছে কিনা;

(গ) থাকিলে, কোন্ কোন্ প্রতিষ্ঠান; এবং

(ঘ) এই প্রকল্পে অদ্য পর্যন্ত মোট কত টাকা ব্যয় হইয়াছে এবং তদ্দ্বারা কি কি কাজ হইয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** (ক) বিবরণী (১) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**(খ)** হ্যাঁ।

(গ) এই পরিকল্পনা রূপায়ণের সহিত বিশ্বখাদ্য ও কৃষি সংস্থা (এফ এ ও) বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডবলিউ এইচ ও) এবং বিশ্ব শিশু তহবিল সংস্থা (ইউনিসেফ) যুক্ত আছে।

(ঘ) বিবরণী (২) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**শ্রীসুশীলপ্রসাদ রায়:** এতে পশ্চিমবাংলার কোন টাকা ব্যয় হয় কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ডাইরেক্টলি কোন টাকা ব্যয় হয় না, অ্যাডমিনিস্ট্রেটিভলি কিছু ব্যয় হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** 'ঘ' প্রশ্নের দুনম্বর বিবরণীতে দেখা যাচ্ছে যে ৩৯টি ব্লকে এই টাকা খরচ হয়েছে এবং সংশ্লিষ্ট ব্লকে বিদ্যালয়ের বাগান, জনসাধারণের বাগান প্রতিষ্ঠা বাবদ খরচ হয়েছে ১১ লক্ষ ১৯ হাজার ৮০০ টাকা। কোন্ কোন্ ব্লকের কোন্ কোন্ বিদ্যালয়ে এই টাকা খরচ হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এর জন্য নোটিশ দিতে হবে। নোটিশ না দিলে বলা যাবে না।

**শ্রীসুনীল বসু রায়:** এর উদ্দেশ্য কি এবং কাদের জন্য এই টাকা খরচ করবার কথা ছিল এটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** সাধারণতঃ এটা ব্যয় করা হয়, দুনম্বর বিবরণী যেটা দিয়েছি তাতে বলা রয়েছে যে জনসাধারণের বাগানে উৎপন্ন ফসলের শতকরা ৫০ ভাগ গ্রামের শিশু, প্রসূতি ও সন্তানসম্ভবা নারীদের খাদ্যের জন্য ব্যবস্থা করা হয়। আর বাকি ৫০ শতাংশ জমির যে মালিক অর্থাৎ যারা বাগান পরিচালনা করেন তাদের পরিচালনার জন্য পান।

**শ্রীসুনীল বসু রায়:** এই প্রকল্প অনুযায়ী যথাযথভাবে এটা কাজ হয় কিনা এবং যাদের জন্য এটা খরচ করার কথা তারা এর দ্বারা উপকৃত হন কিনা এই সম্পর্কে মন্ত্রিমহাশয় কি সঠিক বিবরণ দিতে পারেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** হয় বলেই জানি। তবে মাননীয় সদস্য এর সেরকম তথ্য যদি কিছু জানা থাকে তা হলে সেটা আমাদের দেবেন, আমি তদন্ত করে দেখব।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** যেসমস্ত ব্লকে এই পরিকল্পনা কার্যকরী করা হয় সেগুলি কোন্ নীতির ভিত্তিতে বা কিভাবে ব্লকগুলি সিলেক্ট করা হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা মোটামুটি কংগ্রেস আমলে করা হয়েছিল। কি ভিত্তিতে তাঁরা এটা করেছিলেন তা আমি ঠিক করতে পারব না।

**শ্রীঅবিনাশ প্রামাণিক:** এই প্রকল্পটির সাথে যে বিদেশী প্রতিষ্ঠানটি যুক্ত আছে তার নাম কি, এটা মন্ত্রিমহোদয় জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই বিদেশী প্রতিষ্ঠানটির নাম তো আমি আগেই বললাম। এই প্রতিষ্ঠানটির নাম হচ্ছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডবলিউ এইচ ও). বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (এফ এ ও) এবং বিশ্ব শিশু তহবিল সংস্থা এর সাথে যুক্ত আছে।

[1-50—2 p.m.]

**শ্রীসুনীল বসু রায়:** এই প্রকল্পে বিদেশী অফিসার আছে কিনা এবং থাকলে কতজন আছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই প্রকল্পে এখন কোন বিদেশী অফিসার আছে কিনা এমন কোন তথ্য আমার কাছে নেই এবং আমার মনে হয় কেউ নেই।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আপনি বললেন যে এফ এ ও এবং ডবলিউ এইচ ও—এগুলোতো বিদেশী নয় এগুলো আন্তর্জাতিক প্রতিষ্ঠান।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ঐ একই ব্যাপার হল।

## নলহাটি থানায় বেনামী জমি উদ্ধার

***916.** (Admitted question No. *2445.)

**শ্রীমৃত্যুঞ্জয় মন্ডলঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নলহাটি থানায় এ পর্যন্ত মোট কত একর বেনামী জমি সরকার উদ্ধার করিয়াছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** ১৯৫·১৫ একর।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** যে সমস্ত বেনামী জমি সরকার উদ্ধার করেছেন সেগুলো কি এর মধ্যে ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা হয়ে গেছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** এর মধ্যে ১৫৫ একর কৃষি জমি দখল নিয়ে ৪৬৫ জনের মধ্যে বিলি করা হয়েছে এবং আদালতের ইংজাংশনের জন্য ১৩·২৩ একর জমি এখনো দখল নেওয়া যায় নি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে এই রকম উদ্ধার করা বেনামী জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা সত্ত্বেও এর আগে যারা সেই সমস্ত জমি বেনামী করে রেখেছিলেন তারা সেইসমস্ত জমি ভূমিহীন কৃষকদের চাষ করতে দিচ্ছে না, এই রকম কোন খবর আপনার কাছে আছে কিনা এবং থাকলে এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** নলহাটীর প্রশ্ন থেকে এই প্রশ্ন আসে না আপনি আলাদা আলাদা প্রশ্ন করবেন আমি আলাদাভাবে তার জবাব দেব।

**শ্রীআবদুস সাত্তারঃ** ১৯৬৯ সালের মার্চ মাস থেকে অদ্যাবধি কত জমি উদ্ধার করা হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** বেনামী উদ্ধারের অভিযানটা ১৯৬৭ সালের আগস্ট থেকে শুরু হয়েছিল।

**শ্রীআবদুস সাত্তারঃ** যেটা বেনামী বলছেন সেটা সেকশন ফাইভ অনুসারে উদ্ধার করেছেন তো?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** সেকশন ফাইভ-এ অথবা সেকশন ৪৭(২) এতেও হতে পারে।

**শ্রীআবদুস সাত্তারঃ** আপনি যেটা বলছেন সেটা ১৯৬৭ সাল থেকে ১৯৫·১৫ একর হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** শুধু নলহাটী থানায়।

## Recommendations of the Kalyani University Commission

***917.** (Admitted question No. *2461.) **Shri SADHAN KUMAR SEN:** Will the Minister-in charge of the Agriculture and Community Development Department be pleased o state—

(a) what were the main recommendations of the Kalyani University Commission, and

(b) what measures have been taken to implement those recommendations of the Commission?

**Mr. Deputy Speaker:** This question is held over.

## এগরা ব্লকের সরকারী জীপ

***918.** (Admitted question No. *2469.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানায় এগরা ১নং ও এগরা ২নং বালিঘাই ব্লকের জন্য কোন সরকারী জীপ দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) জীপ দেওয়া হইয়া থাকিলে ঐ গাড়ীটা কাহার হেপাজতে থাকে এবং কে কে ঐ গাড়ী ব্যবহার করিতে পারেন?

**শ্রীচারুমিহির সরকারঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পূর্বে একদিন বিধানসভায় মন্ত্রিমহাশয় উত্তর দিয়েছেন যে প্রত্যেক ব্লকে জীপ দেওয়া হয়েছে এবং দুটি করে দেওয়া হয়েছে এবং কোন কোন ব্লকে একটি করে দেওয়া হয়েছে। এখন বলছেন এই দুটি ব্লকে একটি করেও জীপ দেওয়া হয় নি। এই যেভাবে ভুল উত্তর দিচ্ছেন তাতে আমাদের অধিকার লঙ্ঘন করা হচ্ছে। এই ব্যাপারে কি করা যেতে পারে?

**Mr. Deputy Speaker:** If what you state is a fact then namely that if both the question regarding Midnapore and Agra Thana are similar, then I will request you to hand over the previous question to me and I will request the Hon'ble Minister to see whether there is any contradiction between the replies that have been supplied by his Department.

**বিদ্যাধরী নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত অঞ্চলের খাজনা মকুব**

***919.** (Admitted question No. *2515.)

**শ্রীনারায়ণ নস্করঃ** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, গত কয়েক বৎসর যাবত বিদ্যাধরী বাঁধ ভেঙ্গে নোনাজল প্রবেশ করায় ক্যানিং থানার অন্তর্গত তাম্বুলদহ অঞ্চলের বকুলতলা, মহিষড়া, বাইনতলা, কাওড়াখালি, জলঘাটা প্রভৃতি মৌজায় কোন ফসল হয় নাই,

(খ) সত্য হইলে, উক্ত স্থানগুলির ঐ সময়ের জন্য খাজনা মকুব করার সরকারী নির্দেশ দেওয়া হইয়াছিল কিনা;

(গ) সবক্ষেত্রে খাজনা মকুব না করা হইলে তাহার কারণ কি;

(ঘ) সরকার কি অবগত আছেন যে বাকী খাজনার দায়ে বহু গরীব চাষীর উক্ত জমিগুলি খাস (ভেসটেড) হইয়া গিয়াছে, এবং

(ঙ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** (ক) সরকারের নিকট এরূপ কোন রিপোর্ট নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

(ঘ) না'

(ঙ) প্রশ্ন উঠে না।

**শ্রীনারায়ণ নস্করঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কি ব্যবস্থা অবলম্বন করলে মন্ত্রিমণ্ডলী বা মন্ত্রিমহাশয়কে অবগত করান যেতে পারে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** যদি কোথাও প্রাকৃতিক দুর্যোগে শস্যহানি হয় তা হলে এটা ধরে নেওয়া হয় যে সেখানকার স্থানীয় কর্তৃপক্ষ যেমন ব্লক অফিসার বা থানার কর্তৃপক্ষ-এর পক্ষ থেকে জেলা সমাহর্তাকে জানান হয়। বাংলাদেশের মত জায়গায় যেখানে বিভিন্ন সংগঠন আছে যেখানে কোথাও প্রাকৃতিক দুর্যোগ হলে একেবারে উহ্য থাকে না। জেলা ম্যাজিস্ট্রেটের রিপোর্ট দেখছি যে এই রকম রিপোর্ট আসে নি যে বাঁধ ভেঙ্গে নোনাজল প্রবেশ করায় ওই সকল অঞ্চলের ফসল নষ্ট হয়ে গিয়েছে। এই রকম ফসল নষ্ট হয়ে গেলে জেলা কর্তৃপক্ষের কাছে নিশ্চয় খবর আসত। এমন হওয়া সত্ত্বেও যদি এরকম হয় যে খবর আসে নি, তা হলে আমি বলব যে স্থানীয় প্রতিনিধি যাঁরা তাঁরা সচেতন ছিলেন না এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করেন নি।

**শ্রীনারায়ণ নস্কর:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই বিরাট অঞ্চলের লোকের দুর্গতি দু-এক বছরে ঘটে নি। দশ থেকে এগার বছর একটা নদীর জল যাওয়ার ফলে এই এলাকার চাষ হয় না। এই রিপোর্ট যদি না এসে থাকে এবং আমাদের বর্তমানের এই সদাশয় সরকারের কাছে যদি আবেদন করা হয়ে থাকে এবং করা হয় তা হলে দরিদ্র প্রজাদের জমি যাতে খাস না হয় সেজন্য পুনর্বিবেচনা করবেন কি?

**শ্রীবিনয়কৃষ্ণ কোঙার:** কংগ্রেস আমলে খবর নেওয়ার নিয়ম ছিল না। আমাদের আমলে কর্তৃপক্ষ যাতে নূতনভাবে খবর নেন তার চেষ্টা করব। ক্যারেকটাল যদি দেন যে কার জমি খাস হয়েছে ইত্যাদি তাহলে দেখতে হবে। যদি ন্যায়সঙ্গত হয় তাহলে নিশ্চয় ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করব।

[2- 2-10 p.m.]

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, ইতিমধ্যেই ঐ এলাকার অধিবাসীরা আপনার কাছে আবেদন করেছে এবং তারপরেও যদি আপনি আবেদনের কথা বলেন তা হলে তারা নির্দিষ্ট নথিপত্র সহকারে আবেদন করতে পারে।

**শ্রীবিনয়কৃষ্ণ কোঙার:** যদি তারা আবেদন জানিয়ে থাকেন, যদি আমার কাছে দরখাস্ত এসে থাকে নিশ্চয়ই তদন্ত করা হবে এবং তদন্তের রিপোর্ট যদি থেকে থাকে তা হলে আমি দেখবো এবং যদি ব্যবস্থা গ্রহণ করার থাকে আমি নিশ্চয়ই গ্রহণ করবো।

**Mr. Deputy Speaker:** Question time is over.

## STARRED QUESTIONS

**(to which answers were laid on the table)**

### শালডিহুয়া বিমান বন্দরের জমি

***920.** (Admitted question No. *2561.)

**শ্রীশশাঙ্কশেখর মন্ডল:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় রামপুরহাট মহকুমায় শালডিহুয়া নামক স্থানে একটি বিমান-বন্দর চালু করার সময় সংরক্ষণের প্রয়োজনে গরীব সাঁওতাল চাষীদের কয়েক একর জমি বিনা ক্ষতিপূরণে এবং খাজনা মাফ না দিয়াই করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার প্রতিকারের জন্য কি ব্যবস্থা করিতেছেন?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) হ্যাঁ, বিমানবন্দরের জন্য জমি অধিগ্রহণ করিবার সময় সম্ভবতঃ ভুলক্রমে বিমানবাহিনীর অধিকর্তাগণ কিছু জমি অতিরিক্ত দখল করিয়াছিলেন। সেই অতিরিক্ত জমির মালিকেরা ক্ষতিপূরণ পান নাই।

(খ) বিমানবাহিনীর কর্তৃপক্ষের নজরে বিষয়টি আনা হইয়াছে। অবিলম্বে বিমানঘাঁটির সীমানা জরীপ করাইয়া দখলীকৃত জমি হয় ক্ষতিপূরণ দিয়া গ্রহণ করিতে কিংবা অবিলম্বে মালিকদিগের নিকট প্রত্যার্পণ করিতে অনুরোধ করা হইয়াছে।

### পাটের উৎপাদন

***921.** (Admitted question No. *2602.)

**শ্রীকুমুদরঞ্জন মন্ডল:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত মরসুমে পাটের উৎপাদনের পরিমাণ কত ছিল?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** ১,৩২৯·৫ হাজার বেল।

[১ বেল = ৪০০ পাউন্ড]

**উলুবেড়িয়া থানায় বেনামী জমি উদ্ধার**

***923.** (Admitted question No. *2764.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া থানায় মোট কত একর বেনামী জমি উদ্ধার করা হইয়াছে; এবং

(খ) কাহারা ঐ জমির বেনামী মালিক ছিল?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ৪১৩·৬১ একর।

(খ) একটি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**বেনামী জমি**

***926.** (Admitted question No. *2853.)

**শ্রীবিমলকান্তি বসুঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হইবার পর হইতে বর্তমান বৎসরের জুলাই পর্যন্ত কত পরিমাণ বেনামী জমি সরকারে ন্যস্ত হইয়াছে এবং তাহার মধ্যে কত জমির দখল লওয়া হইয়াছে, এবং

(খ) কোচবিহার জেলায় উক্তরূপ জমির পরিমাণ কত?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৭ সালের আগস্ট মাস হইতে ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত উদ্ধারকৃত ন্যস্ত জমির মোট পরিমাণ [illegible] একর। এই জমির মধ্যে বেনামী নাম ছাড়া অন্যান্য যেসব যাহা বিভিন্ন কৌশলে এতদিন সরকারে ন্যস্ত হইতে বাধা দেওয়া হইয়াছিল সেগুলিও ধরা হইয়াছে। কেবলমাত্র বেনামী জমির আলাদা হিসাব রাখা হয় নাই। এই জমির মধ্যে কত জমির দখল লওয়া হইয়াছে সেই সম্বন্ধে হিসাব লওয়া হইতেছে।

(খ) ৪,৭৪৫·১১ একর। ইহার মধ্যে ২,২৫৩·২৩ একর জমির দখল লওয়া হইয়াছে।

**জামুরিয়ায় বে-আইনী মদের চোরা চালান**

***927.** (Admitted question No. *2873.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২২এ জুলাই, ১৯৬৯ তারিখে বর্ধমান জেলার জামুরিয়ায় কোনও বে-আইনী মদের চোরা চালান ধরা পড়িয়াছে; এবং

(খ) সত্য হইলে সরকার এসম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি?

**আবগারি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) ২২-৭-৬৯ তারিখ জামুরিয়াতে বে-আইনী মদের চোরা চালানের ব্যাপারে দশ বৎসর বয়স্ক শ্রীরামকিষণ পাশীকে আটক করা হয়। তাহার নিকট হইতে ৮·৪ লিটার দেশী মদও উদ্ধার করা হয়। যদিও পুলিশ শ্রী পাশীকে জামিনে মুক্তি দেয়, তাহারা সমগ্র ঘটনাটি রাণীগঞ্জ আবগারি সার্কেলকে জানায় এবং কেসটি এখন উক্ত আবগারি সার্কেলের তদন্তাধীন আছে।

**গড়বেতার সরকারী কোল্ড স্টোরেজ**

***928.** (Admitted question No. *2908.)

**শ্রীসরোজ রায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতার যে সরকারী কোল্ড স্টোরেজ হয়েছে তা কবে নাগাদ চালু করা হবে;

(খ) এখনও উক্ত কোল্ড স্টোরেজ চালু না হওয়ার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে গড়বেতায় যে সব কোল্ড স্টোরেজ আছে সেখানে ভাড়ার হার হুগলী ও বর্ধমানের কোল্ড স্টোরেজ-এর ভাড়ার হার অপেক্ষা বেশী;

(ঘ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি; এবং

(২) ভাড়ার হারের সমতা রক্ষার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করিতেছেন?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ও (খ) গড়বেতা হিমঘরের প্রয়োজনীয় কাজ সম্প্রতি সম্পূর্ণ করা হয়েছে। হিমঘরটি ব্যবহারের জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে;

(গ) গড়বেতাস্থিত হিমঘরগুলির ভাড়ার হার হুগলী ও বর্ধমানের হিমঘরগুলির ভাড়ার হার অপেক্ষা সাধারণ ভাবে বেশী;

(ঘ) (১) হুগলী ও বর্ধমানে অধিক সংখ্যক হিমঘরের অবস্থান ও হিমঘর মালিকদের মধ্যে ক্রেতা সাধারণকে আকৃষ্ট করার জন্য প্রতিযোগিতাই প্রধানতঃ ইহার কারণ;

(২) ১৯৬৯ সালের মে মাসে চালু ১৯৬৬ সালের ওয়েস্ট বেঙ্গল কোল্ড স্টোরেজ (লাইসেন্সিং অ্যান্ড রেগুলেসান) অ্যাক্ট-এ হিমঘরে সর্বোচ্চ ভাড়ার হার নির্দিষ্ট করা হয়েছে, কোন হিমঘর মালিক এই আইন ভঙ্গ করলে আইনানুসারে দণ্ডনীয় হবে।

### Introduction of one direct line of administration of Agriculture

***930.** (Admitted question No. *134.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state whether in the field of Agricultural Service Government is thinking in line of the Nalagarh Committee of creating one direct line of administration of Agriculture by separating the extension service from general administration at all levels?

**The Minister for Agriculture and Community Development:** Government in considering a proposal for reorganisation of the agricultural set-up in this State, by introduction of an independent and single line administration from the village level to the Directorate level. If the proposal is finally acctepted, it will lead to bifercation of the agricultural extension service from the general administration.

### অধিকবার আমন ধান চাষের প্রকল্প

***931.** (Admitted question No. *2353.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য সরকার বৎসরে দুই বা অধিকবার আমন ধান চাষের প্রকল্প চালু করার বিষয় চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে কোন্ কোন্ জেলায় এবং কোন্ বৎসর হইতে এই প্রকল্প চালু হইবে বলিয়া আশা করা যায়?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বৎসরে দুই বা ততোধিকবার ধান চাষের জন্য রাজ্য কৃষি বিভাগ ১৯৬৬-৬৭ সাল হইতে পশ্চিমবঙ্গে উচ্চফলনশীল ধান চাষ প্রথা চালু করিয়াছেন।

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গের সকল জেলাতেই এই প্রথা চালু আছে।

**পশ্চিমবঙ্গে মদ্যপান নিষিদ্ধকরণ**

***932.** (Admitted question No. *2634.)
**শ্রীসরল দেবঃ** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলায় মদ্যপান নিষিদ্ধ করার কোন ব্যবস্থা গৃহীত হইবে কিনা ?

**আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** সরকার এখনই মদ্য পান নিষিদ্ধ করা সম্ভবপর বলিয়া মনে করেন না। কারণ, রাতারাতি এই নীতি চালু করিলে সমাজে ইহার বিষময় ফল দেখা দিবে। যতদিন না শিক্ষার মাধ্যমে জনসাধারণের মানসিক চিন্তাধারার উন্নতি সাধিত হইতেছে এবং সামাজিক পরিবেশ পরিবর্তিত হইতেছে ততদিন পর্যন্ত আইনের মাধ্যমে মদ্য পান নিষিদ্ধ করা সম্ভবপর নহে। যদি সরকার আইনের সাহায্যে মদ্য পান নিষিদ্ধ করেন তাহা হইলে বে-আইনী মদ বিক্রয় উত্তরোত্তর বৃদ্ধি পাইবে। এই সমস্ত বাস্তব দৃষ্টিভঙ্গীর প্রতি লক্ষ্য রাখিয়া সরকার মদ্য পানের বিষময় ফল হ্রাস করিবার জন্য ইতিমধ্যে কয়েকটি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন।

**রামপুরহাট থানায় ১নং ও ২নং উন্নয়ন ব্লকে বলদ ক্রয় ঋণ বণ্টন**

***933.** (Admitted question No. *2673.)
**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বীরভূম জেলার রামপুরহাট থানার ১নং ও ২নং উন্নয়ন ব্লকে চাষের জন্য বলদ বা মহিষ খরিদের জন্য বর্তমান বৎসরে ঋণ (সি. পি. লোন) বিলি করা হইয়াছে কিনা এবং কোন তারিখে করা হইয়াছে ?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** হ্যাঁ, হইয়াছে। রামপুরহাট ১নং ব্লকে ৬-৮-৬৯ তারিখে ২,৫০০ টাকা এবং রামপুরহাট ২নং ব্লকে ২১-৭-৬৯ তারিখে ৭,০০০ টাকা বিলি করা হইয়াছে।

**Representation for reorganisation of Agricultural set-up**

***935.** (Admitted question No. *135.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether the Government has recently received any representation from Subordinate Agricultural Service (Class I) Association regarding reorganisation of Agricultural set-up in the State of West Bengal; and

(b) if so, what action, if any, has so far been taken or proposed to be taken in this regard ?

**The Minister for Agriculture and Community Development:** Yes. The proposal is under consideration of Government.

**সরকারের পাট ক্রয়ের সিদ্ধান্ত**

***936.** (Admitted question No. *2535.)
**শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার সরাসরি পাট ক্রয়ের সিদ্ধান্ত লইয়াছেন;

(খ) সত্য হইলে (১) ক্রয় মূল্য, (২) সরকারী ব্যবস্থাপনা এবং (৩) ক্রয় আরম্ভের সম্ভাব্য তারিখ ?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ; ভারতসরকার স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে পাট ক্রয় না করিলে পশ্চিমবঙ্গ সরকার সরাসরি পাট ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

(খ) (১) আসাম (বটম) পাটের ন্যূনতম মূল্য কলিকাতায় ৪০ টাকা ধার্য হইয়াছে। সেই অনুসারে অন্যত্র মূল্য ধার্য করা হইবে।

(২) সমবায় বিপণন সমিতির মাধ্যমে পাট ক্রয় করা হইবে।

(৩) তারিখ এখনও স্থির হয় নাই।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### পাটগুদামে আগুন লাগার ঘটনা

**804.** (Admitted question No. 289.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সাল হইতে ডিসেম্বর ১৯৬৮ এবং ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত কোন্ বৎসর কতগুলি পাটগুদামে আগুন লাগার ঘটনা সরকারের গোচরে আসে;

(খ) উক্ত পাটগুদামগুলির অবস্থিতি কোথায়, কোথায়,

(গ) সরকার হইতে উক্ত আগুন লাগার ঘটনা সম্বন্ধে কোন তদন্ত করা হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে প্রধানতঃ কি কি কারণে, এবং

(ঘ) উক্ত পাটগুদামগুলির কোন্ কোন্‌টি ইনসিওর করা ছিল না?

**The Minister for Home (Police):**

(ক), (খ) এবং (ঘ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) এ সম্বন্ধে সরকারী পর্যায়ে কোনও তদন্ত করা হয় নাই।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Gha) of unstarred question No. 804.

### বিবরণী

| (ক) পাট গুদামে আগুন লাগার | | (খ) সংশ্লিষ্ট পাট গুদামের | | (গ) ইনসিওর না করা পাট গুদামের সংখ্যা। |
|---|---|---|---|---|
| বছর | সংখ্যা | অবস্থিতি | সংখ্যা | |
| ১৯৬৫ .. | ৭৬ | কলিকাতা .. | ২০ | |
| | | বজবজ .. | ৮ | ৪০ (২টি ক্ষেত্রে জানা নাই) |
| | | বারাকপুর .. | ২১ | |
| | | ২৪-পরগণা .. | ২ | |
| | | হাওড়া .. | ২১ | |
| | | হুগলী .. | ৪ | |

| (ক) পাট গুদামে আগুন লাগার | | (খ) সংশ্লিষ্ট পাট গুদামের | | (গ) ইনসিওর না করা পাট গুদামের সংখ্যা |
|---|---|---|---|---|
| বছর | সংখ্যা | অবস্থিতি | সংখ্যা | |
| ১৯৬৬ .. | ৭৪ | কলিকাতা . | ১২ | |
| | | বজবজ .. | ৫ | |
| | | বারাকপুর . | ৩১ | ৩৭ (৪টি ক্ষেত্রে জানা নাই) |
| | | হাওড়া . | ১৯ | |
| | | হুগলী | ৭ | |
| ১৯৬৭ .. | ৭৮ | কলিকাতা . | ২৪ | |
| | | বজবজ | ৮ | |
| | | বারাকপুর | ১৮ | ২২ (২৪টি ক্ষেত্রে জানা নাই) |
| | | ২৪-পরগনা | ১ | |
| | | হাওড়া | ১৭ | |
| | | হুগলী . | ১০ | |
| ১৯৬৮ .. | ৬০ | কলিকাতা | ১৬ | |
| | | বজবজ . | ৮ | ৬ (৩৪টি ক্ষেত্রে জানা নাই) |
| | | বারাকপুর . | ১৮ | |
| | | হাওড়া . | ১৫ | |
| | | হুগলী .. | ৩ | |
| ১৯৬৯ .. | ২২ | কলিকাতা .. | ৬ | |
| | | বজবজ .. | ২ | ২ (১৩টি ক্ষেত্রে জানা নাই) |
| | | বারাকপুর .. | ৫ | |
| | | হাওড়া .. | ৬ | |
| | | হুগলী .. | ৩ | |

**পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ কেন্দ্র**

**805.** (Admitted question No. 895.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কয়টি এবং কোথায় কোথায় তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ কেন্দ্র রহিয়াছে;

(খ) উক্ত কল্যাণ কেন্দ্রে কতজন ট্রাইব্যাল ও নন্-ট্রাইব্যাল অফিসার রহিয়াছেন;

(গ) নন্-ট্রাইব্যাল অফিসারগণের মধ্যে কতজন আদিবাসী ভাষা জানেন; এবং

(ঘ) যেসমস্ত ট্রাইব্যাল অফিসার আদিবাসী ভাষা জানেন না তাহাদিগকে আদিবাসী ভাষা শিক্ষার জন্য সরকার হইতে কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) তফসিলীদের জন্য কোন কল্যাণ কেন্দ্র নাই। আদিবাসীদের জন্য যে সমস্ত কল্যাণ কেন্দ্র আছে তাহার বিবরণী নিম্নে রক্ষিত হইল।

(খ) কোন ট্রাইব্যাল বা নন্-ট্রাইব্যাল অফিসার নাই। তবে প্রত্যেক কল্যাণ কেন্দ্রে একজন করিয়া সোস্যাল ওয়ার্কার ও একজন করিয়া হেল্পার আছেন।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 805.

**আদিবাসী কল্যাণ কেন্দ্রের জেলাওয়ারী বিবরণী**

| জেলা | কল্যাণ কেন্দ্রের নাম | থানা |
|---|---|---|
| ১। বর্ধমান | ১। ধাপাসপাড়া | ১। কালনা |
| | ২। বরভুঁই | ২। সাথনপুর |
| | ৩। চণ্ডীপুর ডাঙ্গা | ৩। আউসগ্রাম |
| ২। বীরভূম | ১। শালবদ্রা | ১। রামপুরহাট |
| | ২। ফুলককালিতলা | ২। বোলপুর |
| | ৩। তারাপুর ডাঙ্গা | ৩। সিউড়ী |
| ৩। মেদিনীপুর | ১। পলাইডাঙ্গা | ১। বীনপুর |
| | ২। জামবনী | ২। বীনপুর |
| | ৩। পিয়ালগেড়িয়া | ৩। ঝাড়গ্রাম |
| | ৪। ছোটনাকদনা | ৪। গড়বেতা |
| ৪। হুগলী | ১। হাস্নান | ১। পোলবা |
| | ২। সমাসপুর | ২। ধনিয়াখালি |
| | ৩। বেলুন | ৩। পাণ্ডুয়া |
| ৫। বাঁকুড়া | ১। ডেঙ্গায় | ১। রায়পুর |
| | ২। জোড়াহিরা | ২। ছাতনা |
| | ৩। জিয়াদা | ৩। ইন্দপুর |

| জেলা | কল্যাণ কেন্দ্রের নাম | থানা |
|---|---|---|
| ৬। ২৪-পরগনা | ১। নেজাত<br>২। কুমিরমারি | ১। সন্দেশখালি<br>২। ক্যানিং |
| ৭। নদীয়া | ১। গরাক্ষী | ১। হরিণঘাটা |
| ৮। মুর্শিদাবাদ | ১। চানক<br>২। সাহাপুর<br>৩। বারমাসিয়া | ১। নবগ্রাম<br>২। সাগরদিঘি<br>৩। ফরাক্কা |
| ৯। মালদহ | ১। কেন্দপুর<br>২। বলরামপুর<br>৩। মুদিপুকুর | ১। হাবিবপুর<br>২। গাজোল<br>৩। বামনগোলা |
| ১০। পশ্চিম দিনাজপুর | ১। সালাস<br>২। জামালপুর | ১। তপন<br>২। করণদীঘি |
| ১১। জলপাইগুড়ি | ১। সামুকতলা<br>২। কামাক্ষাগুড়ি | ১। আলিপুরদুয়ার<br>২। কুমারগ্রাম |
| ১২। দার্জিলিঙ্ | ১। গীত দুবালং<br>২। সিতং<br>৩। বিধাননগর | ১। কালিংপঙ্<br>২। কার্সিয়াং<br>৩। ফাঁসিদেওয়া |
| ১৩। কুচবিহার | ১। বোচমারি বড়শালবাড়ী | ১। তুফানগঞ্জ |
| ১৪। পুরুলিয়া | ১। বলরামপুর<br>২। বানদোয়ান | ১। পুরুলিয়া<br>২। পুরুলিয়া |

**মেদিনীপুর জেলার গড়বেতায় হাসপাতাল বিদ্যুতালোকিত করার ব্যবস্থা**

**806.** (Admitted question No. 1000.)

**শ্রীসরোজ রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) মেদিনীপুর জেলার গড়বেতায় যে ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল আছে তাহাতে আজ পর্যন্ত বিদ্যুতালোকিত করার কোন ব্যবস্থা না থাকায় হাসপাতালের কাজকর্ম বিশেষতঃ রুগীদের খুবই অসুবিধা হইতেছে; এবং (২) উক্ত হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা করার বিষয়ে গত ১৯৬৫ সালে কত খরচ হবে তার এস্টিমেট করা হইয়াছিল,

(খ) সত্য হইলে, এখনও পর্যন্ত উক্ত হাসপাতালে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা না করার কারণ কি; এবং

(গ) কতদিনের মধ্যে বিদ্যুতালোকিত করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) (১) এবং (২) হাসপাতাল অথবা স্বাস্থ্য কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকিলে কাজকর্মে সুবিধা হয় ইহা অনস্বীকার্য।

১৯৬৬-৬৭ সালে গড়বেতা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের বিদ্যুতীকরণের জন্য এস্টিমেট করা হইয়াছিল।

(খ) এই ক্ষেত্রে বিদ্যুতীকরণেব আনুমানিক ব্যয় অনুমোদিত ব্যয় হইতে অনেক বেশী বলিয়া প্রস্তাবটি বিবেচনাধীন রহিয়াছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নহে।

### পুরুলিয়া জেলার অধিবাসীদের কল্যাণের জন্য পরিকল্পনা

**807.** (Admitted question No. 1133.)

**শ্রীবুদ্ধেশ্বর মাঝি:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার ও মানবাজার ২নং ব্লকের অধীন আদিবাসীদের কল্যাণ করিবার জন্য ১৯৬৯-৭০ সালে কি কি পরিকল্পনার কাজ হাতে লওয়া হইয়াছে;

(খ) কোন্ কোন্ জায়গায় এইসব পরিকল্পনা করা হইবে; এবং

(গ) সেই কাজগুলি কতদিনের মধ্যে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) অন্যান্য বৎসরের ন্যায় বিদ্যালয়ে পাঠরত আদিবাসী ছাত্রছাত্রীকে বিদ্যালয়ের বেতন, পুস্তক ক্রয়, ছাত্রাবাসের ব্যয়, ফাইন্যাল পরীক্ষার ফি ইত্যাদি শিক্ষানুদান দেওয়া হইতেছে।

মানবাজার ২নং ব্লকের জন্য নিম্নলিখিত বিশেষ পরিকল্পনাগুলি বিবেচনাধীন আছে:-

(১) পানীয় জলের জন্য কূপ খনন—৮টি।

(২) সেচের জন্য কূপ খনন—৩টি।

(৩) প্রাথমিক বিদ্যালয়গৃহ নির্মাণ—৫টি।

(৪) খিলনবিশিষ্ট পয়েনালী—৬টি।

(৫) উন্নত ধরনের কৃষিবীজ সরবরাহ।

বিগত অনেক বৎসর বান্দোয়ান থানায় উপরোক্ত কার্যসূচীগুলির কতকগুলি রূপায়িত করা হইয়াছে। সীমিত আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে চলতি বৎসরে এরূপ কোন কার্যসূচী এই এলাকার জন্য গ্রহণ করা সম্ভব করা হয় নাই।

(খ) মানবাজার ২নং ব্লকের নিম্নলিখিত গ্রামগুলিতে উপরের (১) হইতে (৫) পর্যন্ত কার্যসূচীগুলি রূপায়িত করা হইবে:—

(১) কুটনী, (২) ঝাবিয়াড়ি, (৩) চন্দনপুর, (৪) গোয়ালাপাড়া, (৫) ডাঙ্গারডি, (৬) বসন্তপুর, (৭) কুলচাঁদ, (৮) বোচ, (৯) তামাখুন ও (১০) সুরুহ।

(গ) কতকগুলির কাজ ইতিমধ্যেই আরম্ভ হইয়াছে। নির্মাণকার্যগুলি বর্ষা শেষ হইবার পরই আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

### ইনস্টিটিউশন ফর দি ট্রেনিং অফ মিউজিক টীচার্স

**808.** (Admitted question No. 1305.)

**শ্রীমনোরঞ্জন বড়াল:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পি-৩৯৮/১ কেয়াতলা লেনস্থ (কলি-২৯) ইনস্টিটিউশন ফর দি ট্রেনিং অফ মিউজিক টীচার্স প্রতিষ্ঠানটি কবে প্রতিষ্ঠিত হয়েছে;

(খ) পশ্চিমবঙ্গ সরকার এই প্রতিষ্ঠানটি কোন্ সালে গ্রহণ করেছেন;

(গ) প্রতিষ্ঠানটির সেক্রেটারী কে;

(ঘ) এই প্রতিষ্ঠানের গৃহের জন্য সরকার কোন জমি ও টাকা মঞ্জুর করেছেন কিনা;

(ঙ) জমি ও টাকা মঞ্জুর করা হলে, উহার পরিমাণ কত এবং তা কত সালে করা হয়েছে এবং গৃহনির্মাণ ব্যবস্থা কতদূর এগিয়েছে;

(চ) প্রতিষ্ঠানটির প্রিন্সিপ্যাল কে এবং তিনি এ কলেজে সর্বক্ষণের জন্য নিযুক্ত কিনা; এবং

(ছ) এ প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষয়িত্রীরা নিয়মিত বেতন পাচ্ছেন কি?

**The Minister for Education:**

(ক) ইনস্টিটিউশন ফর দি ট্রেনিং অফ মিউজিক টীচার্স (উইমেন) প্রতিষ্ঠানটি ১৯৫৭ সালের ডিসেম্বর মাসে প্রতিষ্ঠিত হয়। ওয়েস্ট বেঙ্গল মিউজিক ও কালচারাল সোসাইটি নামে একটি রেজিস্টার্ড সংস্থাকে এই বিদ্যালয় প্রতিষ্ঠা করিবার প্রাথমিক দায়িত্ব দেওয়া হয়।

(খ) পশ্চিমবঙ্গ সরকার এই প্রতিষ্ঠানটির পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেন নাই। ১৯৬৫ সাল থেকে প্রতিষ্ঠানটি গভর্নমেন্ট স্পনসর্ড সংস্থা হিসাবে কাজ করিতেছে।

(গ) এই প্রতিষ্ঠানের কার্যকরী সমিতির বর্তমান সম্পাদক শ্রীকার্তিকচন্দ্র মুখোপাধ্যায়, উপশিক্ষা অধিকর্তা (উন্নয়ন)।

(ঘ) এই বাবদে সরকার অনুদান মঞ্জুর করিয়াছেন।

(ঙ) এই প্রতিষ্ঠানের জমি কেনার জন্য ১৯৫৬-৫৭ ও ১৯৫৭-৫৮ সালে ১,৩৪,৫০০ টাকা এবং ১৯৬৫ সালে ১,৩৪,৭৩৯ টাকা—মোট ২,৭১,২৩৯ টাকা মঞ্জুর করা হয়। গৃহনির্মাণ বাবদে ১৯৫৬-৫৭ সালে ১,২৯,০০০ টাকা অনুদান দেওয়া হয়। গৃহনির্মাণ কার্য আজ পর্যন্ত আরম্ভ করা হয় নাই।

(চ) প্রতিষ্ঠানের বর্তমান অধ্যক্ষ শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায় এবং তিনি সর্বক্ষণের জন্য নিযুক্ত।

(ছ) প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষয়িত্রীরা নিয়মিত বেতন পাইতেছেন না।

**আসানসোল মহকুমায় মাধ্যমিক স্কুলে ম্যানেজিং কমিটি**

**809.** (Admitted question No. 1321.)

**শ্রীহারাধন রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় কোন্ কোন্ স্কুলে (মাধ্যমিক) ম্যানেজিং কমিটি নাই এবং উহার কারণ কি; এবং

(খ) এসব স্কুলের বর্তমান প্রশাসনিক কর্তৃপক্ষ এবং তাহাদের নাম কি?

**The Minister for Education:**

(ক) নিম্নলিখিত মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নাইঃ—

১। অণ্ডাল হাই স্কুল।

২। চিত্তরঞ্জন পঞ্চম পল্লী বিদ্যালয়।

৩। রাজপুর নন্দী হাই স্কুল।

৪। রাণীগঞ্জ হাই স্কুল।

৫। কুলটি হাই স্কুল।

৬। কাঁকসা হাই স্কুল।

৭। অণ্ডাল হিন্দু হিন্দী বিদ্যালয়।

৮। আসানসোল উমারাণী গড়াই মহিলা কল্যাণ গার্লস হাই স্কুল।

৯। আসানসোল রহমনিয়া হাই স্কুল।

১০। এথোরা শ্রীশচন্দ্র ইনস্টিটিউশন।

সুষ্ঠু পরিচালনার অভাবে এবং কোন কোন ক্ষেত্রে বিদ্যালয়ের অর্থ সঠিকভাবে ব্যয় না করিবার জন্য পরিচালক সমিতি বাতিল করিয়া এড-হক কমিটি বা অ্যাডমিনিস্ট্রেটার নিযুক্ত করা হইয়াছে।

(খ) বিদ্যালয়ের নাম ও প্রশাসক—

১। অণ্ডাল হাই—সহকারী স্কুল পরিদর্শক (জেলা বিদ্যালয় পর্ষদ, বর্ধমান)।

২। চিত্তরঞ্জন পশ্চিম পল্লী বিদ্যালয়—সহকারী স্কুল পরিদর্শক, আসানসোল।

৩। রাজপুর নন্দী হাই—সহকারী স্কুল পরিদর্শক, আসানসোল।

৪। রাণীগঞ্জ হাই স্কুল—অধ্যক্ষ, ত্রিবেণী দেবী ভালোটিয়া মহাবিদ্যালয়।

৫। কুলটি হাই স্কুল—ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর, আসানসোল।

৬। কাঁকসা হাই স্কুল—অতিরিক্ত স্কুল পরিদর্শক, বর্ধমান।

৭। অণ্ডাল হিন্দু হিন্দী বিদ্যালয়—উপ-সহকারী স্কুল পরিদর্শক, রাণীগঞ্জ।

৮। আসানসোল রহমনিয়া হাই স্কুল—উপ-সহকারী স্কুল পরিদর্শক, আসানসোল।

৯। আসানসোল উমারাণী গড়াই মহিলা কল্যাণ গার্লস হাই স্কুল—এড-হক কমিটি (এস ডি ও, আসানসোল, সভাপতি)।

১০। এথোরা শ্রীশচন্দ্র ইনস্টিটিউশন—অতিরিক্ত স্কুল পরিদর্শক, আসানসোল।

**পশ্চিম দিনাজপুর জেলায় জুনিয়ার হাই স্কুল**

**810.** (Admitted question No. 1347.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে এ পর্যন্ত পশ্চিম দিনাজপুর জেলা হইতে দুই ক্লাস ও চার ক্লাস বিশিষ্ট জুনিয়ার হাই স্কুল স্থাপনের জন্য সরকারের নিকট কোন আবেদন আসিয়াছে কিনা;

(খ) আসিয়া থাকিলে, তাহাদের মধ্যে কোন্‌টিতে অনুমোদন দেওয়া হইয়াছে;

(গ) অন্যগুলিকে অনুমোদন না দেওয়ার কারণ কি; এবং

(ঘ) জুনিয়ার হাই ও হাই স্কুল স্থাপন করিবার জন্য কি কি শর্ত পূরণ করিতে হয়?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ। ১৯৬৮-৬৯ সালে মোট ২১টি আবেদনপত্র আসিয়াছে তাহার মধ্যে ১০টি দুই ক্লাসের ও ১১টি চার ক্লাসের।

(খ) বিদ্যালয়ের অনুমোদন দানের অধিকার একমাত্র মধ্য শিক্ষা পর্ষদের। শিক্ষা অধিকর্তা এ পর্যন্ত মোট ৮টি স্কুলকে তদন্তের জন্য জেলা-পরিদর্শককে নির্দেশ দিয়াছেন। এবং বাকি-গুলি শীঘ্রই তদন্তের জন্য যাইতেছে।

(গ) এ প্রশ্ন এখন ওঠে না।

(ঘ) শর্তগুলি নিম্নে প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clause (Gha) of unstarred question No.* 810.

## শর্তাবলী

| | দুই ক্লাস | চার ক্লাস | হাই স্কুল |
|---|---|---|---|
| (১) শিক্ষক সংখ্যা .. | প্রধান শিক্ষক--১ জন (স্নাতক অথবা ট্রেনিং প্রাপ্ত)। | প্রধান শিক্ষক--১ জন (স্নাতক এবং ট্রেনিং প্রাপ্ত)। | ১০ জন শিক্ষক (প্রধান শিক্ষক ট্রেনিং প্রাপ্ত অনার্স)। |
| | সহ শিক্ষক--২ জন (আই, এ, অথবা আই, এস, সি, ইহাদের মধ্যে একজনের হিন্দী জানা চাই)। | সহ শিক্ষক--৪ জন<br>স্নাতক--১ জন<br>আই এ--১ জন<br>আই এস-সি--১ জন<br>একজনের সংস্কৃত অথবা হিন্দী জানা চাই। | স্নাতক অথবা এম এ, বি টি, |
| | মোট--৩ জন | মোট--৫ জন | |
| (২) ছাত্র সংখ্যা | ৬০ জন .. | ১২০ জন .. | ২৫০ জন |
| (৩) সংরক্ষিত আমানত (পোষ্টাল সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউণ্ট অথবা জাতীয় সঞ্চয় সার্টিফিকেট)। | ৫০০ টাকা .. | ১,৫০০ টাকা . | ৩,০০০ টাকা |
| (৪) স্কুল বাড়ী (পাকা বাড়ী দরকার যদি না থাকে তবে পাকা করিয়া লইতে হইবে)। | ক্লাস ঘর--২টি<br>অফিস ঘর--১টি .<br>(প্রত্যেকটি চার শত বর্গফুট করিয়া)। | ক্লাস ঘর--৪টি<br>(প্রত্যেকটি চার শত বর্গফুট করিয়া)<br>বিজ্ঞান ঘর--১টি<br>অফিস ঘর--১টি | ১০টি ঘর |
| | মোট--৩টি | মোট--৬টি | |
| (৫) বসার এবং পাইখানা অথবা প্রস্রাবাগার, খাবার জলের বন্দোবস্ত। | উপযুক্ত ব্যবস্থার দরকার | | |
| (৬) বিজ্ঞান এবং ভূগোল পড়াইবার জন্য উপযুক্ত যন্ত্রপাতি। | উপযুক্ত যন্ত্রপাতির দরকার | | |
| (৭) লাইব্রেরী . | দুই শত পুস্তক (পড়ার বই ব্যতীত)। | পাঁচ শত .. | এক হাজারের উপর। |
| (৮) ব্যবস্থাপনা .. | স্কুলে ম্যানেজিং কমিটি থাকা দরকার। | | |
| (৯) পাঠ্য বহির্ভূত .. | স্কুলে একটি খেলার মাঠ দরকার। | | |
| (১০) দূরত্ব .. | দুই মাইলের বেশী .. | .. | তিন মাইলের বেশী। |

### মালদহ জেলায় আদিবাসী ও তফসিলী জাতির বিদ্যার্থীদের প্রদত্ত শিক্ষানুদান

**811.** (Admitted question No. 1393.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৫-৬৬ সাল হইতে ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত মালদহ জেলায় অধ্যয়নরত কতজন আদিবাসী ও তফসিলী জাতির ছাত্রছাত্রীকে বুক গ্র্যান্ট, স্টাইপেন্ড ও হোস্টেল চার্জ বাবদ প্রতি বৎসর স্কুল ও কলেজের জন্য কত টাকা দেওয়া হইয়াছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

একটি বিবরণী এতৎসহ পেশ করা হইল।

*Statement referred to in reply to unstarred question No.* 811.

**শিক্ষানুদানের বিবরণী**

| পরিকল্পনার নাম | ১৯৬৫-৬৬ ব্যয়িত অর্থের পরিমাণ | ১৯৬৫-৬৬ উপকৃত ছাত্রের সংখ্যা | ১৯৬৬-৬৭ ব্যয়িত অর্থের পরিমাণ | ১৯৬৬-৬৭ উপকৃত ছাত্রের সংখ্যা | ১৯৬৭ ব্যয়িত অর্থের পরিমাণ | ১৯৬৭ উপকৃত ছাত্রের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | টাকা | | টাকা | | টাকা | |
| (ক) আদিবাসী | | | | | | |
| ১। পুস্তক ক্রয়ের জন্য অর্থ সাহায্য .. | ৩,৩৫০ | ১৩৩ | ২,৩১৫ | ১৯৮ | ৩,৪৯০ | ২১৮ |
| ২। ষ্টাইপেণ্ড-- | | | | | | |
| (ক) মাধ্যমিক স্তরে .. | ২,১০০ | ১৯ | ২,১০০ | ২১ | ১,০০০ | ১০ |
| (খ) মাধ্যমিকোত্তর স্তরে .. | ৩,৯২৭ | ৬ | ৫,৬৪৩ | ১০ | ৩,৩৩৪ | ৬ |
| ৩। হোষ্টেল চার্জ .. .. | ২১,৯৭৭ | ১০৯ | ১৬,৮৬২ | ৯৭ | ২৯,২৭১ | ১৮৬ |
| (খ) তফসিলী | | | | | | |
| ১। পুস্তক ক্রয়েব জন্য অর্থ সাহায্য .. | ৭,৪২৮ | ৪৩৯ | ৪,৮৫০ | ৩০২ | ৫,০০০ | ২৭২ |
| ২। ষ্টাইপেণ্ড-- | | | | | | |
| (ক) মাধ্যমিক স্তরে | ২,৫০০ | ৩৬ | ৪,৬৩০ | ৪৭ | ১,০০০ | ১০ |
| (খ) মাধ্যমিকোত্তর স্তরে | ৬৮,৩৮৩ | ১৪২ | ৯১,৬৮০ | ১৯৭ | ১,১২,৯৯৯ | ২৪৭ |
| ৩। হোষ্টেল চার্জ .. .. | ৮,৮৪৪ | ৪১ | ৯,৮৯৭ | ৫৯ | ১৭,৮১৪ | ১২৯ |

### মালদহ জেলায় নলকূপ ও রিংওয়েল-এর সংখ্যা

**812.** (Admitted question No. 1394.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় ১৯৬৬ সাল হইতে ১৯৬৮ সালের মধ্যে কোন্ কোন্ থানায় কত নলকূপ ও রিংওয়েল বসান হইয়াছে;

(খ) যেসমস্ত নলকূপ বসানো হইয়াছে তাহার মধ্যে কয়টি বর্তমানে অকেজো হইয়া পড়িয়া আছে; এবং

(গ) অকেজো নলকূপ সারানোর জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক)

| | ১৯৬৫-৬৬ | | ১৯৬৬-৬৭ | | ১৯৬৭-৬৮ | |
|---|---|---|---|---|---|---|
| থানার নাম | কূপ | নলকূপ | কূপ | নলকূপ | কূপ | নলকূপ |
| হবিবপুর .. | .. | .. | ৯ | .. | ৪ | .. |
| গাজোল . | .. | .. | ১০ | .. | ৪ | .. |
| বামোনগোলা | .. | .. | ৪ | .. | ৪ | .. |
| মালদা .. | .. | .. | ২ | .. | ৩ | .. |
| বাতুয়া .. | .. | .. | .. | ১ | .. | ১ |
| কালিয়াচক | .. | .. | .. | ২ | .. | ১ |
| হবিশ্চন্দ্রপুব | .. | .. | .. | ১ | .. | ২ |
| মানিকচক | | . | .. | ১ | .. | ১ |
| খড়বা .. | | .. | .. | . | ১ | ১ |

(খ) একটিও না।

(গ) পুনর্খননের কাজ এই বিভাগ হইতে করা হয় এবং মেরামতি কাজ গ্রাম্য জল সরবরাহ সংস্থা এবং জেলা পরিষদ করিয়া থাকে।

## ময়না-পিংলা রাস্তা

**813.** (Admitted question No. 1417.)

**শ্রীকানাই ভৌমিকঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার ময়না-পিংলা পাকা রাস্তাটি কোন্ সালে গৃহীত হইয়াছিল;

(খ) এ রাস্তার কাজ এখনও শেষ না হওয়ার কারণ কি, এবং

(গ) এ রাস্তার কাজ কবে নাগাদ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ১৯৫৭ সালে।

(খ) আর্থিক অনটন ও বাস্তুজমি দখল পাওয়ার অসুবিধার জন্য।

(গ) আগামী ডিসেম্বর নাগাদ।

### Primary Schools in Tribal villages in Midnapore

**814.** (Admitted question No. 1435.) **Shri SARAJ ROY:** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) if there is any programme to establish Primary Schools in the Tribal villages in Midnapore district where there is no Primary School;

(b) if so, when and how the plan will be executed;

(c) if the Government is aware that in some Tribal villages of Midnapore district the local Tribal people with their own initiative have established Primary Schools for their children's education, and

(d) if so, whether the Government considers the desirability of sanctioning those Primary Schools?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:** (a) It is the policy of Government to sanction Primary Schools in all unschooled areas including unschooled Tribal villages of all districts including Midnapore.

(b) The plan is being gradualy executed and it is expected that at the end of the Fourth Plan period no village including Tribal village will remain un-schooled.

(c) and (d) Yes.

### অনন্তপুর বাণীনিকেতন গার্লস জুনিয়ার হাই স্কুল

**85.** (Admitted question No. 1459.)
**শ্রীকানাই ভৌমিক:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক থানার "অনন্তপুর বাণীনিকেতন গার্লস জুনিয়ার হাই স্কুলটিকে" দশম শ্রেণীতে উন্নীত করার জন্য সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা এবং পাইলে কবে পাইয়াছেন;

(খ) এ স্কুলটিকে উন্নীত করার বিষয় এ পর্যন্ত সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) ঐ জেলার ময়না থানার "গোকুলনগর ত্রিলোচন বিদ্যাপীঠ" হাই স্কুলকে একাদশ শ্রেণীতে উন্নীত করার আবেদন সরকার পাইয়াছেন কিনা এবং পাইলে কবে পাইয়াছেন; এবং

(ঘ) ঐ "গোকুলনগর ত্রিলোচন বিদ্যাপীঠ"-কে একাদশ শ্রেণীতে উন্নীত করা হইয়াছে কিনা এবং না হইয়া থাকিলে কারণ কি; এবং কবে নাগাদ উন্নীত করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ। ১১।৬।৬৮ তারিখে সরকার মধ্যশিক্ষা পর্ষদের মারফৎ "অনন্তপুর বাণী-নিকেতন গার্লস জুনিয়ার হাই স্কুলের" আবেদনগত্র পাইয়াছেন।

(খ) উক্ত স্কুলটিকে জেলা পরিদর্শিকা কর্তৃক তদন্ত করাইয়া রিপোর্ট আনীত হইয়াছে এবং ইহা শীঘ্রই মধ্যশিক্ষা পর্ষদ-এ পাঠান হইবে।

(গ) হ্যাঁ। ২৫।২।৬৯ তারিখে আবেদনপত্র পাওয়া গিয়াছে।

(ঘ) এই বিদ্যালয়কে একাদশ শ্রেণীতে উন্নীত করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**কালীনগর-বসিরহাট বাস-রুটের কাঠের পুলগুলি পাকা করার ব্যবস্থা**

**816.** (Admitted question No. 1544.)
**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালীনগর থেকে বসিরহাট পর্যন্ত বাস-রুটের অন্তর্ভুক্ত কাঠের পুলগুলি পাকা করার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, কবে নাগাদ উক্ত কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**কেশিয়াড়ী-কুলবনি রাস্তা**

**817** (Admitted question No. 1605.)
**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার কেশিয়াড়ী-কুলবনি (পাকা) রাস্তার দৈর্ঘ্য কত;

(খ) ঐ রাস্তার কত মাইলের কাজ হইয়াছে;

(গ) ঐ রাস্তাটির কাজ এখনও পর্যন্ত সম্পূর্ণ না হওয়ার কি কারণ আছে; এবং

(ঘ) কবে নাগাদ উক্ত রাস্তার কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State Public Works (Roads):**

(ক) প্রায় ৭½ মাইল।

(খ) ১ মাইলের ল্যাটিরাইট মাড়াই শেষ হইয়াছে এবং পুরা রাস্তায় প্রয়োজনীয় পাথর সংগ্রহ করা হইয়াছে।

(গ) এবং (ঘ) আর্থিক অনটন নকশা অনুযায়ী কাজে জনসাধারণেব আপত্তি এবং মাননীয় হাইকোর্টের ইনজাংসান জারী, প্রধানতঃ এইগুলিই কারণ। এই কারণগুলি দূরীকরণের উপর রাস্তা সম্পূর্ণ হওয়া নির্ভর করিতেছে।

**মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্ক**

**818.** (Admitted question No. 1642.)
**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্কের গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কত টাকা আয় ও ব্যয় হয়; এবং

(খ) এই ব্যাঙ্ক গত তিন বৎসরের কোন্ বৎসর কত টাকার লেন দেন করে?

**The Minister for Co-operation:**

(ক) ১৯৬৭-৬৮ সালের আয় টাকা ৬,৫১,৮৭৯·৪৭ পঃ ও ব্যয় টাকা ৬,৯১,২৩৫·৮০ পঃ।

১৯৬৮-৬৯ সালের আয় ও ব্যয়ের পরীক্ষিত হিসাবে তৈয়ারী না হওয়ায় বিবরণ দেওয়া সম্ভব নয়।

(খ) লেন-দেনের টাকার পরিমাণ নিম্নরূপঃ—

১৯৬৬-৬৭ সাল

| | টাকা |
|---|---|
| মোট জমা | ৭,৪৪,৫১,০৬২.৪৭ |
| প্রারম্ভিক মজুত তহবিল | ২,৪৩,৩৫২.৭৫ |
| | ৭,৪৬,৯৪,৪১৫.২২ |
| মোট খরচ | ৭,৪৫,২৫,৭৬৫ ৪৯ |
| বৎসরান্তে মজুদ তহবিল | ১,৬৮,৬৪৯.৭৩ |
| | ৭,৪৬,৯৪,৪১৫ ২২ |

১৯৬৭-৬৮ সাল

| | |
|---|---|
| মোট জমা | ৭,৬৯,২৫,৬২৬·৯৫ |
| প্রারম্ভিক মজুদ তহবিল | ১,৬৮,৬৪৯·৭৩ |
| | ৭,৭০,৯৪,২৭৬·৬৮ |
| মোট খরচ | ৭,৬৪,৮২,১২৮·০৩ |
| বৎসরান্তে মজুদ তহবিল | ৬,১২,১৪৮·৬৫ |

১৯৬৮-৬৯ সালের লেন-দেনের পরীক্ষিত হিসাব তৈয়ার না হওয়ায় বিবরণ দেওয়া সম্ভব হইল না।

**ধানের উৎপাদন ও গড় উৎপাদন মূল্য নির্ধারণের উপায়**

**819.** (Admitted question No. 1726.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কিভাবে বিভিন্ন ধানের উৎপাদন মূল্য ও গড় উৎপাদন মূল্য স্থির করা হয়; এবং

(খ) উচ্চ ক্ষমতাশীল বীজ হইতে সেচপ্রাপ্ত জমির উৎপাদন ও সাধারণ বীজ হইতে সাধারণ জমির উৎপাদনের মধ্যে উৎপাদন মূল্যের তারতম্য কিরূপ?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ধানের উৎপাদন মূল্য নিম্নলিখিত উৎপাদনগুলির খরচের উপর নির্ভরশীলঃ—

(১) কায়িক শ্রম (নিজস্ব এবং।অথবা নিয়োজিত),

(২) বলদ,

(৩) বীজ ও সার,

(৪) সেচ,

(৫) ব্যবহৃত যন্ত্রপাতি,

(৬) জমির খাজনা,

(৭) পোকামাকড় এবং রোগের আক্রমণ প্রতিরোধক বিভিন্ন ঔষধাদি,

(৮) চাষ কার্যে নিয়োজিত মূলধনের উপর সুদ,

(৯) শষ্য বিপনন, ও

(১০) তদারকি।

এইরূপে নির্ধারিত মোট খরচ হইতে খড়ের দাম বাদ দিলে যে খরচ অবশিষ্ট থাতে তাহাকে মোট উৎপাদিত ধান দ্বারা ভাগ করিয়া একক (ইউনিট) প্রতি উৎপাদন মূল্য নির্ণয় করা হয়।

ধানের গড় উৎপাদন মূল্য নিম্নলিখিত দুই ভাবে করা হয়ঃ—

(১) কয়েকটি বিভিন্ন ক্ষেত্রের একক প্রতি উৎপাদন ব্যয়ের সমষ্টিকে উক্ত ক্ষেত্রগুলির মোট সংখ্যা দ্বারা ভাগ করিয়া, অথবা

(২) উক্ত বিভিন্ন ক্ষেত্রসমূহের একক প্রতি উৎপাদন ব্যয়ের অঙ্কগুলি মানের ক্রমানুসারে সাজাইয়া উহাদের মাঝামাঝি সংখ্যাটি গ্রহণ করিয়া।

(খ) এ বিষয়ে সঠিক তথ্য নিরূপণ করা হয় নাই।

**প্রাথমিক বিদ্যালয়ে ট্রেনিংপ্রাপ্ত নহেন এইরূপ শিক্ষকের নিয়োগ**

**820.** (Admitted question No. 1736.),

**শ্রীধনঞ্জয় করঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসিক ট্রেন্ড ছাড়া প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিযুক্ত করা চলিবে না এই নিয়ম কতদিন হইতে চালু রহিয়াছে;

(খ) ১৯৬৭ সাল হইতে ১৯৬৮ সালের ডিসেম্বরেরর মধ্যে ঝাড়গ্রাম মহকুমায় কতগুলি নূতন শিক্ষক নিযুক্ত করা হইয়াছে, তম্মধ্যে ট্রেন্ড কত, এবং

(গ) ট্রেন্ড নন যাঁহারা কি কারণে নিযুক্ত হইলেন এবং কোন্ বিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন?

**The Minister for Education :**

(ক) ১৯৩০ সালের বঙ্গীয় (গ্রামীণ) প্রাথমিক শিক্ষা আইনে যে সমস্ত নিয়মাবলী গঠিত হইয়াছে তাহার ২২ পৃষ্ঠার নিয়মানুযায়ী ট্রেনিং প্রাপ্ত শিক্ষকের অভাব হইলেই ট্রেনিং প্রাপ্ত নহেন এইরূপ শিক্ষক লওয়া হয়।

ট্রেনিং প্রাপ্ত বলিতে বেসিক ট্রেনিং, প্রাইমারী ট্রেনিং অথবা অন্য কোন অনুমোদিত ট্রেনিং বুঝায়।

(খ) ১১৭ জন; তম্মধ্যে ট্রেন্ড ১৩ জন এবং অবশিষ্ট ১০৪ জন ট্রেন্ড নন।

(গ) কতকগুলি ক্ষেত্রে ট্রেন্ড শিক্ষক প্যানেলে না থাকায় এবং কতকগুলি ক্ষেত্রে নূতন প্রাথমিক বিদ্যালয়ের সংগঠনকারী শিক্ষক হিসাবে শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত নন এরূপ শিক্ষকগণকে মেদিনীপুর জেলা স্কুল বোর্ড নিযুক্ত করিয়াছেন।

শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত নন এরূপ শিক্ষকগণকে যে সকল বিদ্যালয়ে নিযুক্ত করা হইয়াছে তাহাদের নাম টেবিলে উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No.* 820.

১। মৌপাল
২। বাঁকবেড়
৩। যোগীশোল
৪। কেউটীনালা
৫। থানামুড়ি
৬। বাসকা
৭। ঝাগরি
৮। খাগরিশোল
৯। গজপাথার
১০। লবনি
১১। বনৌলিন
১২। রাজপাড়া
১৩। বলরামপুর
১৪। শিরিষবলি
১৫। জর্দা
১৬। ভুর্ষাতোরা
১৭। আমাইনগর
১৮। বীরকর
১৯। নেরা
২০। লোধাশোল
২১। রসিকডাঙ্গা
২২। নেরা
২৩। ঘোড়াইখাটি
২৪। ভাদুয়া
২৫। রাঙ্গামেটিয়া
২৬। তেঁতুলিয়া
২৭। কেঁদুয়ানা
২৮। মহিষগোট
২৯। আম্বিহাট
৩০। ধানগোড়িয়া
৩১। বলিপাল
৩২। ভেদুয়া
৩৩। মালই
৩৪। কার্টানিসোরা
৩৫। বারকুন্দিয়া
৩৬। দুধিয়ানালা
৩৭। কুলটিকরি
৩৮। দহবাড়
৩৯। ডাহাগঞ্জ
৪০। মেতিয়া
৪১। কদমদিহা
৪২। চাঁদপাল
৪৩। ছোটকড়িয়া
৪৪। পিন্ডরা গেরিয়া
৪৫। হাতিটোপ
৪৬। বকরা
৪৭। ভোলা
৪৮। টোপগোড়িয়া
৪৯। চাঁদশোল
৫০। সাংড়ো
৫১। ভুলামপুর
৫২। কাঠিঘাট
৫৩। পাতাজানিয়া
৫৪। করিয়া
৫৫। পিঠাপুরা
৫৬। বানাগেরিয়া
৫৭। রাধানগর
৫৮। রঘুনাথপুর
৫৯। হিন্দুমিশন
৬০। জমদারডাঙ্গা
৬১। গণককাটা
৬২। বাঁধগোড়া
৬৩। গঙ্গাধরপুর
৬৪। ধোবাধোবানী
৬৫। সিমলি
৬৬। আমজুখি
৬৭। গিরা
৬৮। লোধাশুলি
৬৯। বড়িয়া
৭০। গাঁথাবিলা
৭১। গচরো
৭২। রাধানগর
৭৩। কাঁটিবাঁধ
৭৪। রাংড়াফোলা
৭৫। নৌরিদাম
৭৬। একাতালি
৭৭। নহরিয়া
৭৮। বুড়িমহুল
৭৯। চুমকিচটি
৮০। টটুটুরা
৮১। ধারাগেরিয়া
৮২। শালবলি
৮৩। বাল্লা

**সন্দেশখালি-ভাঙ্গনখালি রাস্তা**

**821.** (Admitted question No. 1747.)
**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি (ধামাখালি) থেকে ভাঙ্গনখালি পর্যন্ত পাকা রাস্তার দৈর্ঘ্য কত;

(খ) ঐ রাস্তার কাজ কি সম্পূর্ণ হইয়াছে;

(গ) ঐ রাস্তার কত মাইলের কাজ সম্পূর্ণ হইয়াছে এবং কত মাইলের কাজ শেষ হইতে বাকি আছে; এবং

(ঘ) অসমাপ্ত অংশ সমাপ্ত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি? যদি থাকে কবে কতদিনের মধ্যে তাহা সমাপ্ত হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) বিভাগীয় পরিকল্পনা অনুযায়ী ঐ রাস্তার নাম সন্দেশখালি-দুলদুলি রাস্তা যাহার দৈর্ঘ্য প্রায় ছয় মাইল (৫ মাইল ১২ চেন)।

(খ) রাস্তার কাজ প্রায় সম্পূর্ণ হইয়াছে।

(গ) ২য়মাইলের অংশ বিশেষ ছাড়া ছয় মাইল রাস্তার কাজ পরিকল্পনা মত শেষ হইয়াছে।

(ঘ) রাস্তা নির্মাণার্থ দখলীকৃত জমি হস্তান্তরিত না হওয়ায় ঐ অংশ বিশেষের কাজ অসম্পূর্ণ আছে, হস্তান্তরিত হইলেই কাজ সম্পূর্ণ করা যাইতে পারে।

**মেদিনীপুর জেলার দহরপুর লোধা উপজাতির কল্যাণের জন্য ব্যয়**

**822.** (Admitted question No. 1777.)
**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** তফসিলী জাতি ও উপজাতি মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার দহরপুর লোধা উপজাতি কল্যাণের জন্য ১৯৬৮-৬৯ সালে কোন্ খাতে কত টাকা দেওয়া হয়েছে;

(খ) দহরপুর জুনিয়র ও সিনিয়র বেসিক স্কুলের আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য ১৯৬৮-৬৯ সালে কোন্ ক্লাশের কতজনকে কি বাবদ অনুদান দেওয়া হয়েছে; এবং

(গ) মেদিনীপুর জেলার কোথায় কোথায় আদিবাসী কল্যাণ প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) (১) ছাত্রাবাস নির্মাণ ২০,০০০ টাকা এবং (২) আনুমানিক ১০,০০০ টাকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণের জন্য সমজ-সেবক সংঘকে এককালীন প্রদত্ত অনুদান ৬,০০০ টাকা।

(খ) **দহরপুর জুনিয়র বেসিক স্কুল**

ছাত্রাবাসের ব্যয়—৬ জন ৫ম শ্রেণীর ছাত্র।

**দহরপুর সিনিয়র বেসিক স্কুল**

ছাত্রাবাসের ব্যয়—৮ জন ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র।

ইহা ছাড়াও দহরপুর জুনিয়র বেসিক স্কুলের ৫০ জন ছাত্রকে আশ্রমিক সুবিধা প্রদান করা হইয়াছে।

(গ) আদিবাসী কল্যাণ প্রতিষ্ঠান বলিতে বোধ হয় আদিবাসী কল্যাণ কেন্দ্র বোঝানো হইয়াছে। যদি তাহাই হয়, তবে তথ্য নিম্নরূপঃ

গড়বেতা থানার ছোটনাকদোলা গ্রাম, বিনপুর থানার জামানী ও পালুইডাঙ্গা গ্রাম এবং ঝাড়গ্রাম থানার পিয়ালগেড়্যা গ্রামের প্রতিটিতে একটি করিয়া আদিবাসী কল্যাণ-কেন্দ্র স্থাপন করা হইয়াছে।

**মেদিনীপুর জেলার কেশিয়াড়ী-নয়াগ্রাম-সাঁকরাইল কো-অপারেটিভ রাইস মিল সোসাইটি**

**823.** (Admitted question No. 1779.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেশিয়াড়ী-নয়াগ্রাম-সাঁকরাইল কো-অপারেটিভ রাইস মিল সোসাইটি কর্তৃক ৭০,০০০ হাজার টাকা আদায় হওয়া সত্ত্বেও রাইস মিলটি সংস্থাপিত হয় নাই; এবং

(খ) সত্য হইলে—

(১) মিলটি কেশিয়াড়ীতে স্থাপন না করার কারণ কি, এবং

(২) উক্ত শেয়ারের টাকা কোথায় এবং কিভাবে আছে?

**The Minister for Co-operation:**

(ক) স্থানীয় সভ্যদের নিকট হইতে ৭৩,০৫০ টাকা শেয়ার বাবদ আদায় হওয়া সত্ত্বেও রাইস মিলটি স্থাপিত হয় নাই।

(খ) (১) আদায়ীকৃত শেয়ারের টাকা অন্য কার্যে নিয়োগ ও আবদ্ধ করার ফলে এবং সমিতি কর্তৃক মিল স্থাপনের জন্য জমি ক্রয় ও অন্যান্য কার্যকরী ব্যবস্থা গ্রহণে ঔদাসীন্য ও অক্ষমতার ফলে মিল স্থাপন সম্ভব হয় নাই।

(২) যতদূর জানা গিয়াছে সমিতির শেয়ারের টাকা ও লভ্যাংশ বর্তমানে এইভাবে আছেঃ—

ব্যাঙ্কে জমা—২৩,২৯৪·০০ টাকা।

ধান্য সংগ্রহকারীদিগকে দাদন দেওয়া অনাদায়ী—৩৭,৬৯৯·৭৩ টাকা।

সমিতির জনৈক কর্মচারীর নিকট অনাদায়ী—১৪,৪০০·০০ টাকা।

মোট—৭৫,৩৯৩·৭৩ টাকা।

**কাঁকপুল হইতে রাজবেড়িয়া পর্যন্ত পাকা রাস্তা**

**824.** (Admitted question No. 1853.)

**শ্রীসাধনকুমার সেনঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার হাবড়া থানায় কাঁকপুল হইতে রাজবেড়িয়া পর্যন্ত একটি পাকা রাস্তা নির্মাণের জন্য কি পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন;

(খ) ইহার উত্তর যদি হ্যাঁ হয়, তবে উহা নির্মাণের কাজ এতদিন স্থগিত থাকিবার কারণ কি; এবং

(গ) এই রাস্তাটি নির্মাণের কাজ যাহাতে ত্বরান্বিত হয় তাহার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister of State for Public Works (Roads):**

(ক), (খ) এবং (গ) হ্যাঁ, পাকা করিবার সিদ্ধান্ত হয়েছে। কাজটির ব্যয় ভার কিছুটা রাজ্যের পরিকল্পনা থেকে (স্টেট প্ল্যান) এবং কিছুটা কেন্দ্রীয় সড়ক নিধি (সেন্ট্রাল রোড ফান্ড) থেকে মেটানো হবে। মাত্র গত ডিসেম্বর মাসে ভারত সরকারের অনুমোদন পাওয়া গিয়েছে। কাজটি ত্বরান্বিত করার জন্য জমি সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে।

**সোনামুখী মিউনিসিপ্যালিটির জন্য সরকার কর্তৃক গ্র্যান্টের পরিমাণ**

**825.** (Admitted question No. 1937.)

**শ্রীসুখেন্দু খানঃ** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সোনামুখী মিউনিসিপ্যালিটির উন্নয়নমূলক কাজের খাতে পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৫-৬৬ ও ১৯৬৬-৬৭ সালে কত টাকা দিয়াছেন;

(খ) ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ এই তিন বৎসরে সোনামুখী মিউনিসিপ্যালিটির জন্য পশ্চিমবঙ্গ সরকার কমিউনিকেশন গ্র্যান্ট বাবত কত টাকা দিয়েছেন; এবং

(গ) বাঁকুড়া জেলার সোনামুখী মিউনিসিপ্যালিটির এ সময়ের হিসাবপত্র অডিট করার সময় অডিট কর্তৃপক্ষ যে যে বিরূপ মন্তব্য করিয়াছেন তাহার পরিপ্রেক্ষিতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Local Self-Government:**

(ক) কোন অর্থ দেওয়া হয় নাই।

(খ) ১৯৬৫-৬৬—১১,১২৫ টাকা।

১৯৬৬-৬৭—১০,০১৫ টাকা।

১৯৬৭-৬৮—১০,১৬৮ টাকা।

(গ) এই সময়ের অডিট রিপোর্ট এখনও অডিট কর্তৃপক্ষের নিকট হইতে পাওয়া যায় নাই।

**মুর্শিদাবাদ জেলার সাগরদিঘী ও রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত গ্রামে অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপন**

**826.** (Admitted question No. 1942.)

**শ্রীকুবেরচাঁদ হালদার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সাল হইতে ১৯৬৯ সালের মার্চ মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার সাগরদিঘী ও রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত কতকগুলি গ্রামে অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য সরকার কোন আবেদনপত্র পাইয়াছেন কিনা;

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কোন্ থানায় কোন্ কোন্ গ্রামের জন্য; এবং

(গ) তন্মধ্যে কোন্ ক্ষেত্রে মঞ্জুরী দেওয়া হইয়াছে?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত গ্রামগুলিতে নূতন বিদ্যালয় অনুমোদনের জন্য আবেদনপত্র পাওয়া গিয়াছে:—

| সাগরদিঘী থানা | রঘুনাথগঞ্জ থানা |
|---|---|
| ১। ফুলবাড়ী | ১। শিশারমজানপুর |
| ২। জাগলাই | ২। সীতেশনগর |
| ৩। রঞ্জিতপুর | ৩। খলিফাবাদ |
| ৪। হরিণাডাঙা | ৪। মুকুন্দবাটী |
| ৫। কেশিয়াডাঙা | ৫। পানানগর |
| ৬। টেসপাড়া | ৬। ভবানীপুর কুঠী |
| ৭। চটারপাড়া | ৭। বাগপাড়া সন্তোষপুর |
| ৮। লালিপালি আদিবাসী | ৮। মথুরাপুর |
| | ৯। চরপিরোজপুর |
| | ১০। শিবপুর (আমজাদীয়া) |
| | ১১। ভাটুপাড়া |
| | ১২। মির্জাপুর (অখিলচন্দ্র) |
| | ১৩। নারায়ণপুর দেউলি। |

(গ) নিম্নলিখিত বিদ্যালয়গুলি মঞ্জুরী পাইয়াছেঃ—

| সাগরদিঘী থানা | রঘুনাথগঞ্জ থানা |
|---|---|
| ১। ফুলবাড়ী | ১। শিশারমজানপুর |
| ২। জাগলাই | ২। সীতেশনগর |
| ৩। রঞ্জিতপুর | ৩। খলিফাবাদ |
| ৪। হরিণাডাঙা | ৪। মুকুন্দবাটী |
| | ৫। পানানগর। |

**এগ্রিকালচার এক্সটেনসন অফিসারপদে নিয়োগের যোগ্যতা**

**827.** (Admitted question No. 1997.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এগ্রিকালচার এক্সটেনসন অফিসার নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কি?

**The Minister for Agriculture and Community Development:**
কোন বিশ্ববিদ্যালয়ের কৃষিবিজ্ঞানের স্নাতক।

**হাওড়া জেলায় সরকার কর্তৃক ফৌজদারী মামলা প্রত্যাহার**

**828.** (Admitted question No. 2066.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ, ১৯৬৯ থেকে ১৫ই জুলাই পর্যন্ত হাওড়া জেলায় কোনও ফৌজদারী মামলা সরকার প্রত্যাহার করিয়াছেন কি;

(খ) করিয়া থাকিলে, প্রত্যাহৃত মামলার সংখ্যা কত; এবং

(গ) কোন্ থানায় কতগুলি মামলা প্রত্যাহৃত হইয়াছে?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) মোট ৭৪টি।

(গ)

| | | |
|---|---|---|
| (১) হাওড়া | ... | ১২টি |
| (২) শিবপুর | ... | ৫টি |
| (৩) ব্যাঁটরা | ... | ২টি |
| (৪) গোলাবাড়ী | ... | ৩টি |
| (৫) মালিপাঁচঘরা | ... | ৪টি |
| (৬) লিলুয়া | ... | ৪টি |
| (৭) বালী | ... | ৭টি |
| (৮) জগৎবল্লভপুর | ... | ৩টি |
| (৯) ডোমজুড় | ... | ৪টি |
| ১০) জগাছা | ... | ৫টি |
| ১১) সাঁকরাইল | ... | ৩টি |
| ১২) পাঁচলা | ... | ৩টি |
| ১৩) বাউরিয়া | ... | ১টি |
| ১৪) উলুবেড়িয়া | ... | ২টি |
| ১৫) বাগনান | ... | ৬টি |
| ১৬) শ্যামপুর | ... | ২টি |
| (১৭) আমতা | ... | ২টি |
| (১৮) উদয়নারায়ণপুর | ... | ৬টি |
| মোট | ... | ৭৪টি |

### হাওড়া জেলার শলপ স্টেশন হইতে একসরা স্টেশন পর্যন্ত রাস্তা

**829.** (Admitted question No. 2020.)

**শ্রীঅনাদি দাসঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলায় হাওড়া-আমতা রেলপথের শলপ স্টেশন হইতে হাওড়া-শিয়াখালা রেলপথের একসরা স্টেশন পর্যন্ত যে কাঁচা রাস্তাটি তফসিলী জাতি অধ্যুষিত এলাকার মধ্য দিয়া গিয়াছে, সে রাস্তাটি গাড়ী চলাচলের উপযুক্ত করিয়া পাকা করার কোন পরিকল্পনা লওয়া হইয়াছে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

না।

### চলতি বৎসরে পাকা রাস্তার পরিকল্পনা

**830.** (Admitted question No. 2022.)

**শ্রীসরল দেবঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি বৎসরে কোন্ জেলায় কত মাইল রাস্তা পাকা হইবে বলিয়া সরকার সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) এ রাস্তাগুলির নাম, অথবা কোন্ গ্রাম হইতে কোন্ গ্রাম পর্যন্ত বিস্তৃত এবং কোন্ কোন্ থানা এলাকায় অবস্থিত এবং কত মাইল দীর্ঘ?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এখনও কোন সিদ্ধান্ত লওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### মুর্শিদাবাদ জেলার শালিন্দা ও কান্দরা মৌজায় খাস কৃষিজমির পরিমাণ

**831.** (Admitted question No. 2030.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার শালিন্দা এবং কান্দরা মৌজায় কত একর কৃষি জমি খাস আছে;

(খ) উক্ত দুইটি মৌজায় কত একর খাস জমি সরকার দখল করিয়াছেন; এবং

(গ) উক্ত দুইটি মৌজায় কত একর খাস জমি মামলায় আবদ্ধ আছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) শালিন্দা ৮৫·২০ একর ও কান্দরা ১৩২·২৬ একর।

(খ) শালিন্দা মৌজায় ৮৫·২০ একর কৃষি জমি দখল লওয়া হইয়াছে। কিন্তু কান্দরা মৌজায় মামলার দরুন কোন কৃষি জমি দখল লওয়া সম্ভব হয় নাই।

(গ) কৃষি ও অকৃষি উভয় শ্রেণীর খাস জমি শালিন্দা মৌজায় ৪৮·১৬ একর এবং কান্দরা মৌজায় ১৫৬·৮৫ একর মামলায় আবদ্ধ আছে।

### মুর্শিদাবাদ জেলায় রায়েত কেস নিষ্পত্তির সংখ্যা

**832.** (Admitted question No. 2067.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-এর এপ্রিল মাস হইতে ১৯৬৭ সালের মার্চ মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কয়টি বিগ রায়েত কেস নিষ্পত্তি করা হইয়াছে;

(খ) উক্ত বিগ রায়েত কেসগুলিতে কত একর কৃষি জমি সরকারে বর্তাইয়াছে; এবং

(গ) উক্ত মামলাগুলিতে কত একর অকৃষি জমি মালিকদিগকে রাখিবার অনুমতি দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ২৫ (পঁচিশ)টি।

(খ) ৫৫০·২৫ একর।

(গ) ৭৬·৮৮ একর।

### লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মেসিন

**833.** (Admitted question No. 2108.)

**শ্রীগিরিশ মাহাতোঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কতগুলি করিয়া লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মেসিন আছে;

(খ) বর্তমানে হাসকিং মেসিনের জন্য নূতন লাইসেন্স দেওয়া হইতেছে কিনা; এবং

(গ) যদি লাইসেন্স দেওয়া বন্ধ থাকে তবে কোন্ সময় হইতে বন্ধ আছে এবং কখন হইতে পুনরায় দেওয়া হইবে?

**The Minister for Food and Supplies:**

(ক) জেলার নাম ও লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মেসিনের সংখ্যাঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | বর্ধমান | ... ... | ৬৫৯ |
| ২। | হুগলী | ... ... | ৭০২ |
| ৩। | হাওড়া | ... ... | ৫৯৪ |
| ৪। | ২৪-পরগনা | ... ... | ৮৭৭ |
| ৫। | বাঁকুড়া | ... .. | ২৭৮ |
| ৬। | পুরুলিয়া | ... ... | ৩৮ |
| ৭। | বীরভূম | ... ... | ৩৪৫ |
| ৮। | মালদহ | ... ... | ৪৯ |
| ৯। | মুর্শিদাবাদ | ... ... | ২৪০ |
| ১০। | মেদিনীপুর | ... ... | ১,৭৩৩ |
| ১১। | পশ্চিম দিনাজপুর | ... ... | ১০৩ |
| ১২। | নদীয়া | ... ... | ২৬০ |
| ১৩। | জলপাইগুড়ি | ... ... | ৮৪ |
| ১৪। | দার্জিলিঙ | ... ... | ১৭ |
| ১৫। | কোচবিহার | ... ... | ১০০ |
| | মোট | ... | ৬,১০৯টি। |

(খ) না।

(গ) ইং ১৯৫৯ সালের পরে স্থাপিত হাসকিং মেসিনের জন্য সাধারণভাবে কোন নূতন লাইসেন্স দেওয়া হয় নাই। তবে উপযুক্ত ক্ষেত্রে কেবলমাত্র সমবায়-সংস্থা পরিচালিত কিছু কিছু হাসকিং মেসিনের জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে। নূতন লাইসেন্স দেওয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে এবং আপাততঃ সর্বক্ষেত্রেই নূতন লাইসেন্স দেওয়া বন্ধ আছে।

### হাসপাতালের শয্যা সংখ্যা

**834.** (Admitted question No. 2122.)
**শ্রীকালীপদ মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতি হাজার লোকের জন্য হাসপাতালে কয়টি শয্যার (বেড) ব্যবস্থা আছে (পরিসংখ্যানের তারিখ সহ);

(খ) ৪র্থ পরিকল্পনাকালে উক্ত হার কি বৃদ্ধি পাইবার আশা আছে, এবং

(গ) থাকিলে, কত বৃদ্ধি পাইবে?

**The Minister for Health:**

(ক) বিগত ৩১শে ডিসেম্বর, ১৯৬৮ তারিখে প্রতি হাজার লোকের জন্য ০.৯০টি শয্যার ব্যবস্থা ছিল।

(খ) আছে।

(গ) প্রতি হাজারে ০.৯৬টি দাঁড়াইবে বলিয়া আশা করা যায়।

### Advisory Committee for superseded Schools, 24-Parganas

**835.** (Admitted question No. 2130.) Shri **HAZARI LAL MANDAL:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Advisory Committee to help the District Inspector of Schools, 24-Parganas, in managing the affairs of the 24-Parganas supersession has been set up;

(b) if so, who have been selected the members thereof, and

(c) if not, when it may be set up?

**The Minister for Education:** (a) An Advisory Committee has set up after supersession of the District School Board, 24-Parganas, to advise the District Inspector of Schools on all matters concerning the District School Board.

(b) The Advisory Committee as consituted consists of the following members:

(i) Additional District Magistrate, 24 Parganas (Judicial)

(ii) District Secretary, All Bengal Primary Teachers' Association, 24-Parganas.

(iii) District Secretary, All-Bengal Teachers' Association, 24-Parganas.

(iv) Dr. S. B. Dutta, M.Sc., Ph.D., Principal, Dinabandhu Andrews College, Garia.

(v) District Inspectress of Schools, 24-Parganas.

(vi) District Inspector of Schools, 24-Parganas—Convenor.

(c) Does not arise.

### সুন্দরবন এলাকা হইতে আদায়ীকৃত রাজস্ব

**836.** (Admitted question No. 2142.)
**গণেশচন্দ্র মণ্ডল:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংরক্ষিত সুন্দরবন এলাকা থেকে বনবিভাগ প্রতি বৎসর কত রাজস্ব পান; এবং

(খ) এ রাজস্ব কি পরিমাণ ব্যয় হয়?

**The Minister for Forests:**

(ক) ১৯৬৬-৬৭—৬,৩৭,১৩২ টাকা

১৯৬৭-৬৮—৬,৯৯,০৭৩ টাকা

১৯৬৮-৬৯—৬,৫৮,১৪৭ টাকা

গত তিন বৎসরের গড়—৬,৬৪,৭৮৪ টাকা।

(খ) কোন নির্দিষ্ট এলাকা হইতে রাজস্ব বাবত যাহা আদায় হয়, সেই এলাকারই জন্য ঐ রাজস্ব বা উহার অংশবিশেষ ব্যয় করা হয় না। রাজস্ব সরকারে নির্দিষ্ট খাতে জমা হয়। তবে বনবিভাগের মোট ব্যয়বরাদ্দ হইতে সুন্দরবন এলাকার জন্য গত তিন বৎসরে ব্যয়ের পরিমাণ নিম্নরূপঃ

১৯৬৬-৬৭—৯,৩৪,৪৯৪ টাকা

১৯৬৭-৬৮—১০,২৫,১১১ টাকা

১৯৬৮-৬৯—৯,৫২,৫৬৬ টাকা

গত তিন বৎসরের গড়—৯.৭০,৭২৬ টাকা।

## মাদ্রাসা বোর্ড

**837.** (Admitted question No. 2172.)

**শ্রীসামসুদ্দিন আহমেদঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ মাদ্রাসা পরিচালনার জন্য যে বোর্ড আছে, তাহা কি স্বয়ংসম্পূর্ণ সংস্থা;

(খ) এই বোর্ড পরিচালনার জন্য কোন বিধিবদ্ধ নিয়ম আছে কি; এবং

(গ) এই বোর্ড পরিচালনার জন্য কোনও সরকারী সাহায্য দেওয়া হয় কি?

**The Minister for Education:**

(ক) না।

(খ) হাঁ। পশ্চিমবঙ্গ সরকারের ২৯-১২-৪৯ তারিখের ৬৫২৬-ইডিএন নং আদেশ অনুযায়ী এই সংস্থাটি নিম্নলিখিত কার্যাদির জন্য গঠিত হইয়াছিলঃ—

(১) মাদ্রাসাসমূহের মঞ্জুরী দান এবং মাদ্রাসা পরীক্ষাগুলির পরিচালন সম্পর্কিত বিষয়।

(২) শিক্ষা-অধিকর্তার অনুমোদন সাপেক্ষে মাদ্রাসার পাঠক্রম তৈয়ার করা এবং পাঠ্যপুস্তক নির্বাচন করা।

(৩) প্রয়োজনবোধে মাদ্রাসার শিক্ষাপদ্ধতি পরিবর্তন সম্পর্কে শিক্ষা-অধিকর্তাকে পরামর্শ দান।

(গ) বোর্ড অফিসের কন্টিনজেন্সি এবং সদস্যদের রাহা খরচ এবং ১৯৬১ সালের ২৯এ ডিসেম্বর তারিখের ১৯৫৫-ইডিএন(এস) নং সরকারী আদেশে যে তিনটি পদ সৃষ্টি করা হয় (যথা, একজন অ্যাসিস্টান্ট রেজিস্ট্রার-কাম-ইন্সপেক্টর অফ মাদ্রাসাস, একজন ক্লার্ক-কাম-টাইপিস্ট এবং একজন পিয়ন), তজ্জন্য বেতন বাবত সমস্ত ব্যয় সরকার বহন করেন।

## মৎস্যবিভাগের জন্য উপদেষ্টা পরিষদ

**838.** (Admitted question No. 2181.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মৎস্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্যবিভাগের জন্য কোনও উপদেষ্টা পরিষদ গঠন করার কথা কি সরকার চিন্তা করছেন; এবং

(খ) যদি করেন, তবে এ পরিষদ কতদিনের মধ্যে গঠিত হবে?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, স্টেট ফিসারি অ্যাডভাইসরি বোর্ডের পুনর্গঠনের কথা সরকার চিন্তা করছেন। এ ছাড়া এই রাজ্যের প্রতি ব্লকে একটি করে ফিসারি অ্যাডভাইসরি কমিটি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(খ) যত শীঘ্র সম্ভব স্টেট ফিসারি অ্যাডভাইসরি বোর্ড পুনর্গঠিত হবে। ব্লক পর্যায়ে ফিসারি অ্যাডভাইসরি কমিটি গঠন সংক্রান্ত সরকারী নির্দেশ জারী করা হয়েছে।

### মুর্শিদাবাদ জেলার বড়ঞা ও ভরতপুর থানায় নলকূপের সংখ্যা

**839.** (Admitted question No. 2238.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার, ভরতপুর থানার জজান, গুনদুরিয়া, তালগ্রাম, গড্ডা ও সালু অঞ্চলের বিভিন্ন গ্রামে মোট কয়টি নলকূপ খনন করা হইয়াছে এবং তন্মধ্যে কয়টি চালু ও খারাপ; এবং

(খ) খারাপগুলি কতদিন হইতে খারাপ আছে এবং কেন মেরামত হয় নাই?

**The Minister for Health:**

(ক) সমগ্র বড়ঞা থানা ও ভরতপুর থানার বিভিন্ন অঞ্চলে চালু, অকেজো ও মোট নলকূপের সংখ্যা নিম্নরূপঃ—

| থানার নাম | চালু নলকূপের সংখ্যা | অকেজো নলকূপের সংখ্যা | মোট নলকূপের সংখ্যা |
|---|---|---|---|
| বড়ঞা | ৫২৫ | ১০৫ | ৬৩০ |
| ভরতপুর | ৬৭৫ | ১২০ | ৭৯৫ |
| | ১,২০০ | ২২৫ | ১,৪২৫ |

উক্ত থানা দুটির অন্তর্গত জজান গুনদুরিয়া, তালগ্রাম, গড্ডা ও সালু অঞ্চলের পৃথক হিসাব দেওয়া যাইতেছে না।

(খ) উক্ত অঞ্চলের অকেজো নলকূপগুলির মধ্যে কোনটি কতদিন যাবৎ অকেজো অবস্থায় আছে তাহা বলা যাইতেছে না। তবে প্রতি বৎসর পল্লী জল সরবরাহ কার্যসূচীর মাধ্যমে সীমিত বাজেট বরাদ্দের ভিত্তিতে এবং প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্ততঃ ১টি করিয়া জল উৎস স্থাপন পুনঃস্থাপন করিবার নীতি অনুযায়ী অকেজো নলকূপাদির পুনর্খনন করা হইয়া থাকে। বর্তমান বৎসরেও উক্ত কার্যসূচীর মাধ্যমে সমগ্র বড়ঞা ও ভরতপুর থানায় ৪টি নতুন নলকূপ খনন ও ৪টি অকেজো নলকূপ পুনর্খননের ব্যবস্থা করা হইতেছে।

### রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত রেশম ব্যবসায়ী

**840.** (Admitted question No. 2439.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রামপুরহাট থানায় বর্তমানে কতজন লাইসেন্সপ্রাপ্ত রেশম ব্যবসায়ী আছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

নাই। রেশমের ব্যবসা করিতে হইলে কোন লাইসেন্স-এর প্রয়োজন হয় না।

### বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহিত রাজ্যসরকারের সম্পর্ক

**841.** (Admitted question No. 2245.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে রাজ্যসরকারের কোন দিক দিয়া সম্পর্ক আছে কি?

**The Minister for Education:**

প্রশাসনিক দিক দিয়া বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় সম্পূর্ণরূপে কেন্দ্রীয় সরকারের আওতা-ভুক্ত। তবে পশ্চিমবঙ্গের রাজ্যপাল বিশ্বভারতীর প্রধান এবং শিক্ষমন্ত্রী পদাধিকারবলে সংসদের সদস্য। রাজ্যপাল দুইজন সংসদ সদস্য মনোনয়ন করেন।

### চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বনগাঁ থানায় পাকা রাস্তার পরিকল্পনা

842. (Admitted question No. 2302.)

**শ্রীসরল দেবঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার নিম্নলিখিত রাস্তাগুলি ৪র্থ পঞ্চ-বার্ষিক পরিকল্পনাকালে পাকা হইবে বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন—

(১) বনগাঁ থানার শ্রীপল্লী গ্রাম হইতে বাঁগদা থানার বাজীতপুর গ্রাম পর্যন্ত দীর্ঘ ১২ মাইল রাস্তা;

(২) বনগাঁ থানার কলমবাগান (গ্যাড়াপোতা অঞ্চল) হইতে বেয়ারা বাজার ও পারম্পাদন হইয়া বাঁগদা থানার চরমন্ডল পর্যন্ত দীর্ঘ ৬ মাইল রাস্তা;

(৩) বনগাঁ থানাব সুটিয়া গ্রাম হইতে বাঁগদা থানার কুড়ুলিয়া গ্রাম পর্যন্ত;

(৪) বাঁগদা থানার বাগেশ্বরপুর গ্রাম হইতে বি পি ও পর্যন্ত দীর্ঘ ২ মাইল রাস্তা;

(৫) বনগাঁ থানার পাইকপাড়া হইতে সুটিয়ার পাকা রাস্তা হইতে ট্যাংবা পর্যন্ত দীর্ঘ ২ মাইল রাস্তা; এবং

(খ) সত্য হইলে, কবে হইতে এ সকল রাস্তার কাজ আরম্ভ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ও (খ) ৫ নম্বরে বর্ণিত রাস্তাটি ছাড়া অন্যান্যগুলি চতুর্থ পরিকল্পনার অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব গ্রহণ করা হইয়াছিল; তবে এখন অর্থ বরাদ্দ অনেক হ্রাস পাওয়ায় সমগ্র প্রস্তাবগুলি পুনর্বিবেচিত হইতেছে।

### Arabic teaching staff in colleges

843. (Admitted question No. 2334.) **Shri SHAHADAT HOSSAIN:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state how many colleges are there in West Bengal where Arabic is taught and what is the number of teaching staff in Arabic in each of such colleges?

**The Minister for Education:** So far three Government colleges and one sponsored college provide facilities for teaching Arabic in the State of West Bengal. The present strength of staff engaged in teaching Arabic is ten—three in each of the Government colleges and one in the sponsored college.

### চন্দ্রকোনা থানায় ইউনিয়ান স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

**844.** (Admitted question No. 2357.)

**শ্রীষোড়শী চৌধুরীঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোনা থানায় বর্তমানে ১০ এবং ৪ শয্যাযুক্ত ইউনিয়ন স্বাস্থ্য-কেন্দ্রের সংখ্যা কত;

(খ) ইহা কি সত্য যে, চন্দ্রকোনা থানার ভগবন্তপুর স্বাস্থ্যকেন্দ্রে গত ফেব্রুয়ারী হইতে ডাক্তার নাই;

(গ) সত্য হইলে, এখানে এতদিন ডাক্তার না থাকার কারণ কি; এবং কতদিনের মধ্যে উক্ত কেন্দ্রে ডাক্তার পাঠান হইবে;

(ঘ) ইহা কি সত্য যে, চন্দ্রকোনা থানার ১০ শয্যাযুক্ত তাতারপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে কয়েক মাস রোগী ভর্তি করা হইতেছে না; এবং

(ঙ) সত্য হইলে, ইহার কারণ কি, এবং কতদিনের মধ্যে এখানে রোগী ভর্তি করার ব্যবস্থা করা হইবে?

**The Minister for Health:**

(ক) চন্দ্রকোনা ১নং এবং ২নং ব্লকে ১০ শয্যাবিশিষ্ট ৩টি এবং ৪ শয্যাবিশিষ্ট ২টি স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ) এবং (গ) এই স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারকে বদলি করিয়া নূতন আর একজন নিয়োগ করা হয়। কিন্তু তিনি এখনও কার্যে যোগদান করেন নাই। তিনি যাহাতে সত্বর যোগদান করেন তাহার ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) এবং (ঙ) ১০ শয্যাবিশিষ্ট রামকৃষ্ণপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের (তাতারপুর রামকৃষ্ণপুরের এক মাইলের মধ্যে) গৃহাদি প্রায় ২০ বৎসর পূর্বে নির্মিত হইয়াছিল। এইগুলি বর্তমানে রোগী ভর্তির পক্ষে নিরাপদ নহে। নূতন করিয়া ঐ সকল গৃহাদি নির্মাণের ব্যবস্থা করা হইতেছে।

## Separation of the Judiciary from the Executive

845. (Admitted question No. 2360.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) what steps Government have so far taken for the complete separation of the Judiciary from the Executive in all the districts of West Bengal; and

(b) the various phases of such separation that have been undertaken by the Government?

**The Minister for Judicial:** (a) Complete separation of the Judiciary from the Executive has already been effected in the Presidency-town of Calcutta and in the districts of Hooghly, Bankura and Purulia. It is expected that by the end of this month it will be effected in the districts of Murshidabad and Cooch Behar also on completion of all necessary steps in this regard. So far as the remaining districts are concerned, steps are also being taken in this behalf by collection of necessary materials and sorting out the problem of accommodation with least expenditures as possible in view of the financial resources of the State.

(b) So far as these remaining districts are concerned, though no definite phase has also as yet been undertaken by the Government, it has, however, been tentatively decided that the separation will be effected in the four districts of Howrah, Birbhum, Midnapore and Burdwan in the next phase in this financial year and in the remaining districts in another phase in the next financial year as early as possible.

### কয়েদীদের মজুরী বাবদ ব্যয়

**846.** (Admitted question No. 2380.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের কয়েদীদের জন্য বিভিন্ন জেলে গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে দৈনিক মজুরী বাবদ মোট কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Home (Jails):**

১৯৬৬-৬৭ সালে ৩,১৬,৯৭৬ টাকা ৩০ পয়সা, ১৯৬৭-৬৮ সালে ৩,৮৮,১৯২ টাকা ৭৯ পয়সা এবং ১৯৬৮-৬৯ সালে ৪,০২,২১২ টাকা ৯০ পয়সা।

### বহরমপুর সেন্ট্রাল জেল

**847.** (Admitted question No. 2381.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর সেন্ট্রাল জেলে বর্তমানে কয়জন কয়েদী আছে; এবং

(খ) ইহাদের মধ্যে কত জন কয়েদী দৈনিক মজুরী পেয়ে থাকে?

**The Minister for Home (Jails):**

(ক) গত ১০-৮-৬৯ তারিখে বহরমপুর সেন্ট্রাল জেলে ৭৩৬ জন কয়েদী ছিল।

(খ) ইহাদের মধ্যে ৬৯১ জন মজুরী পেয়ে থাকে।

### পশ্চিমবঙ্গে চাল কলের সংখ্যা

**848.** (Admitted question No. 2391.)

**শ্রীআজিজুর রহমান:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে চাল কলের সংখ্যা কত, এবং

(খ) উক্ত চাল কল হইতে গত তিন বৎসরের কোন্ বৎসর কত টন চাল উৎপন্ন হয়?

**The Minister for Food and Supplies:**

(ক) পশ্চিমবঙ্গে ৩১-৩-৬৯ তারিখে চাল কলের সংখ্যা ছিল ৭৪৬। এই সংখ্যায় হাস্কিং মেসিন বা ধানভানা কলগুলি ধরা হয় নাই।

(খ) চাল কলগুলিতে উৎপন্ন চালের পরিমাণ নিম্নরূপ -

১৯৬৬—৪,৫৪,০৮৪ মেট্রিক টন

১৯৬৭—১,৫৩,৯১৪ মেট্রিক টন

১৯৬৮—৩,৩৩,০৫৯ মেট্রিক টন

এই হিসাবে ফুড কর্পোরেশন কর্তৃক চাল কলগুলিকে বানীপ্রথায় দেওয়া ধান হইতে উৎপন্ন চালের পরিমাণও ধরা হইয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় আদায়যোগ্য কৃষি আয়কর

**849.** (Admitted question No. 2394.)

**শ্রীআজিজুর রহমান:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের প্রত্যেক বৎসরে আদায়যোগ্য কত টাকা কৃষি আয়কর বাবদ বাকি আছে; এবং

(খ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Finance :**

(ক) ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার অনাদায়ী কৃষি আয়করের পরিমাণ নিম্নরূপঃ

| আর্থিক বৎসর | আর্থিক বৎসরের প্রারম্ভে, অর্থাৎ ১লা এপ্রিল তারিখে অনাদায়ী কৃষি আয়করের পরিমাণ | আর্থিক বৎসরের শেষে অর্থাৎ ৩১শে মার্চ তারিখে অনাদায়ী কৃষি আয়করের পরিমাণ |
|---|---|---|
| ১৯৬৬-৬৭ | ৭,২২,৬৬৩ টাকা | ৬,৫৮,৫৯৬ টাকা |
| ১৯৬৭-৬৮ | ৬,৫৮,৫৯৬ টাকা | ৬,৪৩,২৫০ টাকা |
| ১৯৬৮-৬৯ | ৬,৪৩,২৫০ টাকা | ৬,৫০,৩৭১ টাকা |

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, কৃষি আয়করের হিসাবাদি জেলাভিত্তিক রাখা হয় না। সমস্ত পশ্চিমবঙ্গ কৃষি আয়করের নিমিত্ত আটটি রেঞ্জ-এ বিভক্ত। একাধিক জেলা লইয়া এক একটি রেঞ্জ গঠিত হয়। মুর্শিদাবাদ ও নদীয়া জেলা নদীয়া রেঞ্জ-এর অন্তর্গত। উক্ত তিন আর্থিক বৎসরে নদীয়া রেঞ্জ-এ ধার্য করের পরিমাণ এবং সেই বৎসরগুলিতে সেই ধার্য কর হইতে আদায়ীকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ছিল—

| বৎসর | চলতি বৎসরে ধার্য করের পরিমাণ | চলতি বৎসরে ধার্য করের আদায়ীকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১৯৬৬-৬৭ | ৪,১৪,৫১০ টাকা | ৩,৬৫,৫৭৩ টাকা |
| ১৯৬৭-৬৮ | ৪,১১,০৩৪ টাকা | ৩,২৮,১০৬ টাকা |
| | ৪,০৩,৮২৬ টাকা | ৩,৫৮,৮১৮ টাকা |

১৯৬৮-৬৯ সালের আদায়ীকৃত করের অঙ্কে ঐ বৎসরে বকেয়া স্বরূপ অনাদায়ী কিছু অর্থও অন্তর্ভুক্ত আছে। তবে, উপরোক্ত হিসাব হইতে মোটামুটিভাবে এই সিদ্ধান্তে আসা যায় যে, প্রত্যেক বৎসরে ধার্য করের প্রায় ৮০ শতাংশ অর্থ সেই বৎসরের মধ্যেই আদায় হইয়া যায় এবং ২০ শতাংশের মত অর্থ বকেয়া থাকিয়া যায়।

(খ) কৃষি আয়কর ধার্য হওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে উহা জমা না দিলে কৃষি আয়কর আইনে সন্নিবেশিত উপযুক্ত ধারার বিধান অনুসারে করদাতার উপর জরিমানা আরোপ করা হয়। কোন কোন ক্ষেত্রে করদাতাগণের আবেদনক্রমে জমিদারী উচ্ছেদ আইন অনুসারে সরকারের নিকট হইতে তাহাদের প্রাপ্য ক্ষতিপূরণের টাকা হইতে অনাদায়ী কৃষি আয়কর আদায় করিবার ব্যবস্থা করা হইয়াছে।

যখন সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়, তখন সার্টিফিকেট প্রসিডিংস-এর মাধ্যমে অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা অবলম্বিত হয়। উপরোক্ত অনাদায়ী অর্থের ৫০ শতাংশের মত অর্থ সার্টিফিকেট প্রসিডিংস-এর মাধ্যমে আদায়ের জন্য জেলা অধিকর্তার নিকট পাঠানো হইয়াছে। যাহাতে সার্টিফিকেট অফিসাররা সহজেই এবং দ্রুততার সহিত এই অর্থ আদায় করিতে পারেন তজ্জন্য এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসাররা সর্বপ্রকার সম্ভাব্য সাহায্য করেন। প্রয়োজনবোধে ব্যক্তিগত যোগাযোগের সাহায্যে সার্টিফিকেট অফিসারকে এই ব্যাপারে তাগিদ দেওয়ার ব্যবস্থা অবলম্বন করা হয়।

**চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলায় রাস্তা ও ব্রীজ নির্মাণের পরিকল্পনা**

**850.** (Admitted question No. 2396.)

**শ্রীআজিজুর রহমান:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলায় কয়টি রাস্তা ও কয়টি ব্রীজ নির্মাণের পরিকল্পনা আছে; এবং

(খ) উহাদের নাম কি কি ও প্রত্যেকের এস্টিমেট কত?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ও (খ) চতুর্থ পরিকল্পনায় নূতন রাস্তা উন্নয়নের কার্যসূচী এখনও স্থিরীকৃত হয় নাই।

**বীরভূম জেলার রামপুরহাটে দমকলের শাখা স্থাপনের পরিকল্পনা**

**851.** (Admitted question No. 2425.)

**শ্রীশশাঙ্কশেখর মন্ডল:** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাটে দমকলের (ফায়ার ব্রিগেড) শাখা (ইউনিট) স্থাপনের কোন পরিকল্পনা নেওয়া হইয়াছে কি; এবং

(খ) যদি সিদ্ধান্ত অদ্যাবধি না নেওয়া হইয়া থাকে তবে কবে বা কতদিনে তাহা নেওয়া হইবে?

**The Minister for Local Self-Government:**

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

**লোহাপুর স্টেশন হইতে পাঁচগ্রাম পর্যন্ত রাস্তাটির সংস্কার**

**852.** (Admitted question No. 2449.)

**শ্রীমৃত্যুঞ্জয় মন্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোহাপুর স্টেশন হইতে পাঁচগ্রাম পর্যন্ত রাস্তাটির মোট দৈর্ঘ্য কত মাইল;

(খ) সরকার কি অবগত আছেন যে, ঐ রাস্তাটি দীর্ঘদিন যাবৎ সংস্কারের অভাবে যাতায়াতের অসুবিধা হইতেছে; এবং

(গ) অবগত থাকিলে উক্ত রাস্তাটি সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন এবং কতদিনের মধ্যে উক্ত কার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) সোয়া আট মাইল।

(খ) রাস্তাটির অধিকাংশই কাঁচা এবং তা জিলা পরিষদের তত্ত্বাবধানে। সরকারের তত্ত্বাবধানে আছে মাত্র সোয়া মাইল এবং তার অবস্থার কিছুটা অবনতি হয়েছে। এই অবনতির জন্য এবং অধিকাংশ কাঁচা রাস্তা থাকার ফলে যাতায়াতের অসুবিধা হওয়া স্বাভাবিক।

(গ) যে অংশটুকু সরকারী তত্ত্বাবধানে তার সংস্কারের জন্য মালপত্র সংগ্রহ হয়েছে এবং আশা করা যায় এই আর্থিক বৎসরের মধ্যে সংস্কারের কাজ সম্পন্ন হয়ে যাবে।

### Oriental Gas Company

**853.** (Admitted question No. 2479.) **Shri BIMAL KANTI BASU: Will** the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state

(a) whether any rules have been framed pursuant to the provision of section 4(e) of the Oriental Gas Company Act, 1960; and

(b) if so, will the Minister be pleased to lay on the Table a copy of the same relating to terms and conditions of appointment of employees of the Oriental Gas Company, who were in employment under the previous management before its take-over by the Government?

**The Minister for Commerce and Industries:** (a) No.

(b) Does not arise.

### মালদহ জেলার মৌলপুর মৌজায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

**854.** (Admitted question No. 2517.)

**শ্রীগোফুরুর রহমান:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ থানার মৌলপুর মৌজায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের একটি পরিকল্পনা আছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) আশা করা যায় বর্তমান বৎসরে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদি নির্মাণের কাজ আরম্ভ করা সম্ভব হইবে।

### পুরাতন মালদহ পৌর এলাকায় পানীয় জল সরবরাহের ব্যবস্থা

855. (Admitted question No. 2518.)

**শ্রীগোফুরুর রহমান:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরাতন মালদহ পৌর এলাকায় পানীয় জল সরবরাহের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা, এবং

(খ) করিয়া থাকিলে, কবে নাগাদ উক্ত ব্যবস্থা চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) পুরাতন মালদহ পৌর এলাকার জন্য আনুমানিক ৪,২৮,৯৫০ টাকা ব্যয়ে একটি জল সরবরাহ প্রকল্প সরকার অনুমোদন করিয়াছেন।

(খ) এই জল সরবরাহ প্রকল্পটি ১৯৭০ সালের শেষাশেষি চালু হইবে বলিয়া আশা করা যায়।

### গ্রাম পর্যায়ে তথ্য ও জনসংযোগ ব্যবস্থা

856. (Admitted question No. 2542.)

**শ্রীসনৎকুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম পর্যায়ে তথ্য ও জনসংযোগ বিভাগের কাজ কারা করেন; এবং

(খ) গ্রামীণ পরিসংখ্যানমূলক তথ্য (স্ট্যাটিসটিক্যাল মেটিরিয়াল) সংগ্রহের জন্য কাহাদের উপর দায়িত্ব দেওয়া হয়?

**The Minister for Information and Public Relations:**

(ক) গ্রাম পর্যায়ে তথ্য ও জনসংযোগ বিভাগের কোন কর্মী নেই।

(খ গ্রামীণ পরিসংখ্যানমূলক তথ্য সংগ্রহের ব্যবস্থা তথ্য ও জনসংযোগ বিভাগের নেই। প্রয়োজন অনুসারে সমষ্টি-উন্নয়ন বিভাগ, স্বরাষ্ট্র বিভাগ প্রভৃতি বিভাগের কর্মচারীরা তথ্য সংগ্রহ ও সরবরাহ করে থাকেন।

### বহরমপুর নির্বাচন কেন্দ্রে টিউবওয়েল ও কূপ স্থাপনের প্রস্তাব

857. (Admitted question No. 2549.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) বহরমপুর নির্বাচন কেন্দ্রের জন্য যে কয়টি টিউবওয়েল ও কূপ স্থাপনের প্রস্তাব করা হইয়াছে তাহা কার্যকর হইয়াছে কিনা, এবং

(খ) হইয়া থাকিলে, কোথায় কোথায় এই পানীয় জলের ব্যবস্থা হইয়াছে?

**The Minister for Health:**

(ক, এবং (খ) বহরমপুর নির্বাচনী এলাকার জন্য মোট ৮টি নলকূপ ও কূপ খননের প্রস্তাব পাওয়া গিয়াছিল। ইহাদের মধ্য হইতে বর্তমান বৎসরের গৃহীত নীতি অনুযায়ী ঐ স্থানগুলির মধ্যে ২টি স্থানে নূতন নলকূপ বসাইয়া অপর ২টি স্থানে (অথবা ইহাদের বিকল্প স্থানে) অকেজো নলকূপ পুনর্খননের ব্যবস্থা করিবার জন্য মুখ্য জনস্বাস্থ্য বাস্তুকারকে নির্দেশ দেওয়া হইয়াছে। উক্ত মুখ্য বাস্তুকার স্থানীয় এম. এল এ-র সহিত পরামর্শক্রমে এই সকল কাজের স্থান নির্ধারণ করিবেন। তবে এ সম্পর্কে টেণ্ডারাদি গ্রহণের কাজ চলিতেছে। আশা করা যায় অল্পদিনের মধ্যেই উপযুক্ত ঠিকাদারের মাধ্যমে কাজগুলি সম্পন্ন হইবে।

### জলপাইগুড়ি জেলায় গ্রাম্য জল সরবরাহ স্কীমে নলকূপের সংখ্যা

858. (Admitted question No. 2594.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) জলপাইগুড়ি জেলায় গ্রাম্য জল সরবরাহ স্কীমে বর্তমানে কোন থানায় কয়টি নলকূপ আছে;

(খ) এই নলকূপ বসানর সময় কোন শর্ত আরোপ করা হইয়া থাকে কিনা; এবং

(গ) এই নলকূপগুলির মেরামতি ও তদারকির কি ব্যবস্থা আছে?

**The Minister for Health:**

(ক)

| থানার নাম। | চালু নলকূপ। | অকেজো নলকূপ। | মোট নলকূপ। |
|---|---|---|---|
| ১। কোতোয়ালী | ৪৩৪ | ১০০ | ৫৩৪ |
| ২। রায়গঞ্জ | ৩৬ | ২৩ | ৫৯ |
| ৩। ময়নাগুড়ি | ১০০ | ৬০ | ১৬০ |
| ৪। ধূপগুড়ি | ৪৩ | ২১ | ৬৪ |
| ৫। মাল | ২৫ | ১২ | ৩৭ |
| ৬। মিতাল্লি | — | ১ | ১ |
| ৭। নাগড়াকাটা | ১ | ৪ | ৫ |
| ৮। আলিপুরদুয়ার | ১৮০ | ১২৭ | ৩০৭ |
| ৯। ফলাকাটা | ৪৬ | ৩৪ | ৮০ |
| ১০। কুমারগ্রাম | ৪৭ | ২ | ৪৯ |
| ১১। কালচিনি | ১৮ | ১৬ | ৩৪ |
| ১২। মাদারিহাট | ৭ | ৪ | ১১ |

(খ) স্বাস্থ্য বিভাগের পল্লী জল সরবরাহ প্রকল্পে কোন শর্ত নাই।

(গ) এই নলকূপগুলির মেরামতী ও তদারকী করার জন্য প্রতি থানায় ১টি মেকানিক, ১টি অ্যাসিস্ট্যান্ট ফিটার ও ২টি হেল্পারবিশিষ্ট একটি রিপেয়ারিং স্কোয়াড আছে।

### পশ্চিমবঙ্গে লুনাটিক এসাইলামের সংখ্যা

**859.** (Admitted question No. 2601.)

**শ্রীকুমুদরঞ্জন মন্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে লুনাটিক এসাইলাম মোট কয়টি আছে, এবং

(খ) গত ১৯৬৭ ডিসেম্বরে এবং ১৯৬৮-এর ডিসেম্বরে ইহার সংখ্যা কত ছিল?

**The Minister for Health:**

(ক) ছয়টি যথা—

(১) হসপিটাল ফর মেন্টাল ডিজিজেস্, গোবরা, কলিকাতা।

(২) মেন্টাল অবজার্ভেসান ওয়ার্ড, ভবানীপুর, কলিকাতা।

(৩) লুম্বিনী পার্ক মেন্টাল হসপিটাল, কলিকাতা।

(৪) মেন্টাল হসপিটাল, মানকুন্ডু, হুগলী।

(৫) মেডিকো-সাইকোলজিক্যাল রিসার্চ সোসাইটি কর্তৃক পরিচালিত মেন্টাল হসপিটাল, সরকারপুল, ২৪-পরগণা।

(৬) বঙ্গীয় উন্মাদ আশ্রম, দমদম, কলিকাতা।

(খ) (ক) উত্তরের অনুরূপ ছিল।

### বানজেটিয়া স্থিত আই. টি. আই-এর পরিচালনা কমিটি

**860.** (Admitted question No. 2620.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার বানজেটিয়া স্থিত আই. টি. আই-এর পরিচালনার জন্য বর্তমানে কোন কমিটি আছে কিনা;

(খ) থাকিলে এই কমিটি কবে গঠিত হয়; এবং

(গ) এই কমিটিতে সরকার কর্তৃক মনোনীত সদস্য আছেন কিনা এবং থাকিলে কে কে?

**The Minister for Education:**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### জেলা ও আঞ্চলিক পরিষদের অফিস বাড়ী

**861.** (Admitted question No. 2626.)

**শ্রীসনৎকুমার রাহা:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে সকল (১) জেলা পরিষদের, (২) আঞ্চলিক পরিষদের এবং (৩) অঞ্চল পঞ্চায়েতের নিজস্ব অফিস বাড়ী আছে কিনা?

**The Minister for Panchayat:**

পশ্চিমবঙ্গে (১) কুচবিহার এবং দার্জিলিং জিলা পরিষদ ছাড়া সকল জিলা পরিষদের নিজস্ব অফিস-গৃহ আছে; (২) কোন আঞ্চলিক পরিষদের নিজস্ব অফিস-গৃহ নাই; ২,৯২৬টি অঞ্চল পঞ্চায়েতের মধ্যে ৭২৭টি অঞ্চল পঞ্চায়েতের নিজস্ব অফিস-গৃহ আছে।

### বহরমপুর ব্লকে চালু ও অকেজো নলকূপের সংখ্যা

**862.** (Admitted question No. 2648.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কয়টি পানীয় জলের নলকূপ বর্তমানে চালু অবস্থায় আছে; এবং কয়টি নলকূপ অকেজো অবস্থায় পড়িয়া আছে?

**The Minister for Health:**

বহরমপুর ব্লকের অঞ্চলভিত্তিক পরিসংখ্যান নাই। তবে সমগ্র বহরমপুর থানার চালু ও অকেজো নলকূপের সংখ্যা নিম্নরূপ—

চালু নলকূপের সংখ্যা—৬১৫।

অকেজো নলকূপের সংখ্যা—৩৫।

### হাবড়া থানায় সরকারী কলোনী

**863.** (Admitted question No. 1859.)

**শ্রীসাধনকুমার সেন:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাবড়া থানায় কোন্ কোন্ সরকারী কলোনী রহিয়াছে, এবং

(খ) উহাদের গঠনের কাজ পুরাপুরি সমাপ্ত করিবার বিষয়ে সরকারের কি পরিকল্পনা রহিয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) হাবড়া থানার অন্তর্গত যে সকল সরকারী কলোনী আছে তাহাদের (গঠন ও উন্নয়নের বর্তমান অবস্থা সম্বলিত) একটি তালিকা বিধানসভার টেবিলে সংস্থাপিত হইল।

(খ) উহাদের মধ্যে যে কলোনীগুলির উন্নয়নের কাজ অসম্পূর্ণ আছে এবং যে কলোনীগুলির উন্নয়নের কাজে এখনও হাত দেওয়া হয় নাই তাহাদের জন্য সংশোধিত হারে প্রাক্‌কলন (এস্টিমেট) প্রস্তুত করা হইতেছে।

### তফসিলী জাতি ও তফসিলী উপজাতির বিদ্যার্থীদের জন্য হোস্টেল

**864.** (Admitted question No. 2587.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তফসিলী ও তফসিলী উপজাতি ছাত্র/ছাত্রীদের পড়াশুনার সময় থাকিবার জন্য কতগুলি হোস্টেল আছে এবং কোথায় কোথায়; এবং

(খ) ১৯৬৮-৬৯ সালে ঐ ধরনের কোন ছাত্রাবাস তৈয়ারী হইয়াছে কিনা এবং হইলে কোথায় কোথায়?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) এই বিভাগ হইতে নির্মিত ১৫৫টি। একটি তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(খ) হ্যাঁ। একটি তালিকা নিম্নে রক্ষিত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 864.

**তালিকা**

**১৯৬৮-৬৯ সালের নির্মিত ছাত্রাবাসের তালিকা**

| জেলা | বিদ্যালয়ের নাম (ছাত্রাবাস) |
|---|---|
| জলপাইগুড়ি | (১) আলিপুরদুয়ার নিউ টাউন বালিকা বিদ্যালয়। |
| | (২) লতাগুড়ি হাইস্কুল। |
| দার্জিলিঙ্ | (১) বীজনবাড়ী হাইস্কুল। |
| | (২) শ্রীরামকৃষ্ণ উচ্চ বালিকা বিদ্যালয়। |
| বর্ধমান | (১) নেগাম দেশবন্ধু বিদ্যামন্দির। |
| | (২) বৈঁচি বালিকা বিদ্যালয়, বৈঁচিগ্রাম। |
| বীরভূম | (১) মোহম্মদবাজার হাইস্কুল। |
| মেদিনীপুর | (১) সুশীলা কন্যা বিদ্যালয়। |
| | (২) বাজীৎপুর সারদামণি বালিকা বিদ্যালয়, বড়বাসুদেবপুর। |
| | (৩) ধলকোট জুনিয়ার বেসিক স্কুল (ভারত সেবাশ্রম সংঘ)। |
| | (৪) দন্তরপুর বেসিক স্কুল (সমাজ সেবক সংঘ)। |
| | (৫) যোগদা সৎসঙ্গ পালপাড়া বহুমুখী বিদ্যালয়। |
| মুর্শিদাবাদ | (১) রাজারামপুর হাইস্কুল। |
| পুরুলিয়া | (১) দীঘি হাইস্কুল। |

**Postponement of realisation of loan and rent in flood-affected anchals of Daspur police-station**

**865.** (Admitted question No. 2212.) **Shri GANGAPADA KUAR:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

whether the Government have issued orders for withholding the realisation of loan and rent in the flood-affected anchals of Daspur police-station in the district of Midnapore; and

(b) if so, the Anchal-wise names of such mouzas getting the advantage

**The Minister for Land and Land Revenue:** (a) Yes.

(b) A list is laid on the Library Table.

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোশ্চেন অব প্রিভিলেজ। হাউস সম্ভবত আগামীকালের পর প্রোরোগ হয়ে যাচ্ছে। কারণ, আমরা দুই মাস ধরে এখানে আছি, চারিদিকে প্রাকৃতিক বিপর্যয় আরম্ভ হয়েছে। আমরা আপনার দপ্তর থেকে জেনেছি এ্যাজ ফার ব্যাক এ্যাজ ২৩এ জুন—আপনি দেখতে পাবেন ২৩এ জুন একটা কোশ্চেন আমরা দিয়েছি। কিন্তু আজ ২৭এ আগস্ট এর ভেতরে সেই কোশ্চেনের উত্তর পেলাম না। ইট ইজ নট এ কোশ্চেন কর ওরাল অ্যানসার এই রকম যদি অনাচার হতে থাকে এবং আপনি ওখানে বসে থাকা সত্ত্বেও

যদি আমাদের অধিকার এই ভাবে খর্ব করা হয় তাহলে তো আমরা নাচার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আপনার কাছে প্রোটেকশান চাইবো, আমাদের সেই রাইট আছে। সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রিমহাশয়ের এমন কি দুর্বলতা আছে, যার জন্য তিনি আজ পর্যন্ত উত্তর দিতে পারলেন না? আগামীকাল হাউস বন্ধ হয়ে যাবে, দু'মাস ধরে একটা প্রশ্নের উত্তর দিতে পারলেন না। আর একটা কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এই পরিষদীয় মন্ত্রীকে এত অসহিষ্ণু হতে নিষেধ করবেন।

**Mr. Deputy Speaker:** I understand the House is going to be adjourned sine die from tomorrow.

**Dr. Zainal Abedin:** Sir, let me make my submission first.

**Mr. Deputy Speaker:** Certainly you have the right to raise the question of privilege. After you have finished I will give my considered opinion.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমার বক্তব্য হচ্ছে যে, আপনি এতে বলে দিয়েছেন যে, ১২ দিনের নোটিশ দিতে হবে। সেদিক থেকে ৬০ দিনের নোটিশেও পাবো না? এই রকম অনাচার যদি হয় তাহলে আমরা মনে করি যে, মাননীয় মন্ত্রিমহাশয়ের দুর্বলতা আছে, যার জন্য তিনি এটা সদস্যদের গোচরে আনতে চান না। আমি এই ভীরুতা, এই দুর্বলতার বিরুদ্ধে আপনার কাছে প্রতিবাদ জানাচ্ছি এবং দাবী করছি মাননীয় সকল সদস্যদের কাছে যে, এই রিটেন অ্যানসার জানতে হবে। এই কোশ্চেনের উত্তর অবিলম্বে দেওয়া হোক এবং না দেওয়ার জন্য এর সমর্থনে প্রস্তাব গ্রহণ করা হোক। এই নিবেদন আপনার কাছে করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা বক্তব্য আছে। জয়নাল আবেদিন সাহেব হঠাৎ-

He has assumed the authority to speak on behalf of the whole House.

বন্ধ হবে কি না, প্রোরোগ হবে কি না সে সম্পর্কে নিশ্চয়ই আমাদের সরকার পক্ষের একটা বক্তব্য আছে। এটার উত্তর এই ভাবে হবে না,

That is not the way to get the answers. If he wants to get things done in that way, that will not be done.

আমি পরিষ্কার বলে দিচ্ছি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু কিছু যারা মালদহ, দিনাজপুর, মুর্শিদাবাদের সদস্য আছেন, তারা আমার কাছে অনুরোধ করেছেন যে, দীর্ঘদিন ধরে হাউস চলছে, তারা কনস্টিটিউয়েন্সিতে যেতে পারছেন না। আমি সে সম্পর্কে ভাবছি কি ব্যবস্থা অবলম্বন করা যায়। হাউসের সামনে কতকগুলি বিজনেস আছে। আমরা বিজনেস এ্যাডভাই-সারি কমিটিতে বসে ঠিক করছি, আমরা দেখছি সে সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যায় কি না। আগামীকাল আমাদের ক্যাবিনেট মিটিং আছে, সে মন্ত্রিমণ্ডলীর মিটিং-এ নিশ্চয়ই এই অনুরোধের কথা উল্লেখ করবো, তারপরে সিদ্ধান্ত লওয়া হবে। এটা খুবই অন্যায় কথা যেখানে আমাদের প্রোগ্রাম অব বিজনেস-এ এই জিনিস দেখছি, এতগুলি বিল আউটস্ট্যানডিং রয়েছে, সেটা সম্পর্কে ওখানে জয়নাল আবেদিন সাহেব হঠাৎ বলে দিলেন যে, হাউস এ্যাডজোরনড হচ্ছে। হাউস এ্যাডজোরনড করবার যেন উনি কর্তাব্যক্তি উনি কোথাকার লাট সাহেব এলেন হাউস এ্যাডজোরনড করার।

## Ruling

**Mr. Deputy Speaker:** Dr. Abedin, I have looked into the question of privilege that has been raised by you. Certainly the members have got the right to get replies from the government but it is not a matter of privilege in the sense in which it is generally undersood. But you have got the right—all members have got that much right to have replies from the Ministers. But at the same time this right is not an absolute right, it has also to be considered that in some cases—I am not speaking of this particular question

of which notice had been given by you—the parliamentary practices recognise that the right of reply is sometimes not given by the Ministers in public interest. It is not an absolute right that all questions that would be placed the Ministers are bound to give replies thereto. There is no such thing in parliamentary practices but at the same time it is also desirable that there the question of public interest is not involved, the questions should be replied by the Ministers. In this particular case I do not know what was the actual contention of the question.

**শ্রীযতীন চক্রবর্তী:**
স্যার, যদি এটা মিনিস্টারদের সি এ, ডি এ'র ব্যাপার হয়ে থাকে তাহলে তবে সেটা খুব একটা সাংঘাতিক ব্যাপার নয়, আমি নিশ্চয়ই এটা খোঁজ নেব ফিনান্স ডিপার্টমেন্ট-এ কেন জবাব আসে নি। আমি এটা তদন্ত করে আপনাকে কাল জানাতে পারব।

**Mr. Deputy Speaker:** I am requesting the Minister concerned that he will expedite the matter and questions of this type should get priority over other questions because it is a question involving C.A. or D.A. of the Ministers. I request the members of the Treasury Bench to expedite the matter so that the answer can be given in this session.

**Shri Abdus Sattar:** On a point of order, Sir.

আপনি এক্ষনি বলবেন যে এই রাইটটা অ্যাবসোলিউট রাইট অব দি মেম্বার নয়। কিন্তু স্যার, রুল ৪৮ সেখানে বলছে

Questions which have not been disallowed shall be entered in the list of questions for the day for oral or written answer, as the case may be, in accordance with the orders of the Speaker. So, Sir, here is mandatory provision where the question has not been disallowed.
স্যার, ম্যানডেটরি প্রভিসন হচ্ছে যে, আনসার দিতে হবে ওরাল অর রিটেন। এক্ষণে সে আপনি এটা অ্যাবসোলিউট রাইট মেম্বারদের বলছেন

to get the answer from the Minister concerned, that is not correct.

যদি ডিসঅ্যালাউড হয় আলাদা কথা।

এক্ষণে ডিসঅ্যালাউড হয় নি যখন তখন ধরে নিতে হবে যে লিস্ট অব দি কোশ্চেন।

**Mr. Deputy Speaker:** I have understood your point. If the question is according to the rules, according to form and procedure, then it is admitted by the Speaker and referred to the department concerned for giving a reply at an early date. But there are some questions which though they are according to rules and may be admitted, may not be replied to because of security of the State. There may be such questions and I may just refer you to May's Parliamentary Practice where it has been stated that answers to such questions have been refused on security ground. I am not referring to any particular question but there are certain questions in which though they are admitted—the Government may think that in the interest of the State the questions should not be answered. But since in the present case the question concerns the C.A. and D.A. of the Ministers, so I have requested the Treasury Bench that the matter should be expedited and the Hon'ble Minister for Parliamentary Affairs has given an assurance that the answer will be given in this session.

[2-10—2-20 p.m.]

### Calling attention to matters of urgent public importance

**Mr. Deputy Speaker:** The Minister in charge of the Relief and Social Welfare Department will please make a statement on the subject of flood in the district of Murshidabad, called attention by **Shri Gyan Singh Sohanpal on the 26th August, 1969.**

**Shri Abdur Rezzaque Khan:** Mr. Deputy Speaker. Sir, with reference to the calling attention notice by honourable member Shri Gyan Singh Sohanpal, I rise to say that reports of out break of floods in several districts started coming since the beginning of August. Jalpaiguri, Cooch Behar, Darjeeing, 24-Parganas, Hooghly, Midnapore, Birbhum were affected during the earlier part of this month for comparatively brief periods. Adequate relief measures were taken promptly in those districts. The districts which are now badlv affected by flood are Malda and Murshidabad. Flood started in these districts from third week of August.

So far as Murshidabad district is concerned, reports received show that in Jangipur Subdivision 30 Anchals covering 448 sq miles area with 43,000 people have been affected. 720 villages have been affected and number of houses damaged or destroyed is 795. 1,70,000 acres of cropped area have been affected. In Lalbagh Subdivision, 11 Anchals with 40,000 populations have been affected. Acreage of crops lost is still under assessment. In Kandi Subdivision 9 Anchals have been affected and number of houses damaged is 21. 18,000 acres of agricultural land have been affected. In Sadar Subdivision 890 people in 3 Anchals have been affected. 13 acres of cropped area have also been affected. No report about loss of life received as yet.

Relief and rescue operations containuing in full swing with the assistance of the Civil Defence personnel and the Army. Army have supplied 17 storm boats and 2 outboard motors and other materials for the purpose. Besides, the Farakka Barrage authorities have supplied one L.C.T. for rescue and relief operations. Government also sanctioned Rs. 2,85,000 for distribution as G.R. Rs. 80,000 for relief contingencies, 850 pieces of tarpaulins, 1,200 pieces of clothings and 1,000 pieces of garments. Further quantities of relief articles like chira, milk powder, clothings, garments, tarpaulins, etc., are being sent.

As regards the district of Malda, details of damages so far reported are as follows :—

Area affected—375 sq. miles
Population affected—2,50,000
Police-stations affected—5 (Ratua, Kaliachak, Manickchak, Englishbazar and Harischandrapur.)
Houses damaged with money value—19,536 valued at Rs. 59,54,300
Human life lost—16
Cropped area affected—52,314 acres
Money value of loss to crops—Rs. 57,17,400

Relief and rescue operations are continuing in all the affected areas with the assistance of Civil Defence and Army personnel. The Army had supplied 13 folding beats, 4 storm beats, 1 medical unit and 10 wireless sets. The Civil Defence Authorities had supplied 2 alluminium boats with 3 motors and 2 country boats. As communications have been disrupted supplies are being sent by air.

Up till now the following articles have been distributed among the flood affected persons :—

5,208 quintals of foodgrains as G.R.,
150 quintals of cooked food,
3,000 pcs. of clothings,
3 000 Pcs. of tarpaulins.

Government have also sanctioned the following allotments in cash and kind :—

Wheat—1,450 M.T.
Gram—100 M.T.

Chira—10 M.T. plus 13 mds. of Chira and 1½ quintals of Gur supplied by the D.M., West Dinajpur.
H.B. Grant—Rs. 1 lakh.
House removal grant—Rs. 50,000.00
Relief Contingency—Rs. 1,30,000.00
Clothings—4,400 pcs.
Garments—3,400 „.
Blankets—1,200 „.
Tarpaulins—1,540 „.
Milk Powder—2,750 Lbs.

Further relief articles like milk powder, bread, clothings, etc. are also being sent. Non-official organisations have been invited to help in the matter of distribution of relief.

The most difficult part in relief operations in both the districts of Murshidabad and Malda has been rescue operations because of a large number of people having been marooned, where even the Army boats are not being able to reach due to strong currents. In spite of all these odds, 300 Jawans have been working round the clock in co-operation with the officials and non-officials volunteers. The marooned people in Bhutni Char in Malda district are not willing to be evacuated leaving behind their cattle and other personal effects. This is making the rescue problem all the more difficult.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি যে কলিং অ্যাটেনসন-এর স্টেটমেণ্ট পড়লেন সেটা যদি সাইক্লোস্টাইল ক'রে সমস্ত সদস্যদের দেওয়া হয়, তাহলে খুব ভাল হয়। কারণ এটা খুব জরুরী বিষয়।

**Mr. Deputy Speaker:** I have received seven notices of calling attention on the following subjects, namely:

(1) Cease work by teachers of Barabelun Mohinmohon Vidyamandir of Burdwan district from 26th August, 1969—from Shri Aswini Roy;

(2) Flood in Birbhum district from Shri Banamali Das;

(3) Diphtheria epidemic in Calcutta and its adjoining districts from Shri Gyan Singh Sohanpal;

(4) Clash in Medical College Hospital from Shri Anil Kumar Mukherjee;

(5) Non-supply of food to T.B. patients in Digri Sanatorium in the district of Midnapore on 25th August, 1969 from Shri Bibhuti Pahari;

(6) Incident in Kalyani University from Shri Anil Kumar Mukherjee; and

(7) Suspension of bus services in certain areas of Calcutta from Shrimati Ila Mitra.

I have selected the notice on the subject of non-supply of food to T.B. patients in Digri Sanatorium in the district of Midnapore on 25th August, 1969 from Shri Bibhuti Pahari.

The Ministe-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

[2-20—2-30 p.m.]

**Shri Somnath Lahiri:** On Monday.

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্যার, এতে শুধু নন-সাপ্লাই অব ফুড নয়, এতে সেখানে যে ক্লাশ হয়েছিল তার কথা আছে। সেখানে খুব সংঘর্ষ হয়ে ছিল এবং কতকগুলি রোগী সেখানে খুব মৃতপ্রায় অবস্থায়ই রয়েছে।

**Mr. Deputy Speaker:** That is in your Calling Attention Notices, I think. It will be handed over to the Minister concerned and the reply will be given on Monday next.

*Now Mention Cases. I call upon Shri Banamali Das.*

**শ্রীবনমালি দাসঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার নানুর থানার থুপসারা, নেয়ানগর, কড্ডা, জলন্দি, উচকরণ প্রভৃতি ব্যাপক এলাকা অজয় নদীর বানে ডুবে রয়েছে এবং এখনও পর্যন্ত জল সরে নি। সেখানে যে সমস্ত চাষবাস হয়েছিল সেগুলির খুব ক্ষতি হয়েছে। সেই বান দীর্ঘস্থায়ী হয়ে রয়েছে বছরের পর বছর। তাছাড়া লাভপুর থানার থিবা, জামসা অঞ্চলেও ঐ একই অবস্থা। সেখানেও ব্যাপক এলাকা কুয়ো নদীর বানে ডুবে রয়েছে এবং এখনও পর্যন্ত জল সরে নি। সেখানে যে চাষবাস হয়েছিল সেগুলির খুব ক্ষতি হয়েছে।

আমি এখানে এই কথাই বলতে চাই বান সম্পর্কে যে, চাষবাসের যে ক্ষতি হয়েছে তার জন্য কৃষিঋণ এবং ব্যাপকভাবে রিলিফ দেবার ব্যবস্থা করা দরকার। আমি কৃষি মন্ত্রিমহাশয়ের নিকট একথা বলতে চাই যে, এই অঞ্চলে দীর্ঘদিন ধরে প্রতি বছর বান হচ্ছে এবং স্থায়ী বানের রূপ নিচ্ছে। তাই কুয়ো-নদীর মোহানা যদি সংস্কার করা না যায় তাহলে বান রোখা যাবে না এবং এই অঞ্চলের বিরাট এবং ব্যাপক এলাকা স্থায়ী বানের এলাকা বলে পরিগণিত হবে।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের হাউসের সদস্য শ্রীযুত নিতাইপদ সরকার পাঁচবেড়ের একটা হাই স্কুলের হেডমাস্টার। তাঁর স্কুলে একজন গ্রাজুয়েট শিক্ষককে সম্প্রতি নিয়োগ করেছেন। কিন্তু বিগতকাল তাঁকে বরখাস্ত করে একজন পি ইউ পাশ লোকাল শিক্ষককে নিতে হবে এই দাবীতে কংগ্রেসের অনুগামী এবং যুক্তফ্রন্টের একটি দলের অনুগামী কিছু লোক সেই স্কুলে হামলা করে। তারপরে নিতাইবাবুকে শিক্ষকরা এবং অভিভাবকরা বের করে দেওয়ার পরও, বড়ই দুর্ভাগ্যের বিষয় রাত্রিবেলায় সেই সমাজ-বিরোধী লোকগুলো, যেই দলেরই অনুগামী হোক না কেন, স্কুলের আসবাবপত্রও ভেঙ্গে দেন এবং তছনছ করে দেন এবং পরবর্তী কালে কমিউনিস্টপার্টির অফিস আক্রমণের চেষ্টা করেন। এই যে জোর করে অন্যায় করে বাধ্য করার চেষ্টা তার জন্য শিক্ষামন্ত্রী এবং আইন ও শৃঙ্খলাকে পদদলিত করার ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ট্রান্সপোর্ট মিনিস্টার মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে মাণিকতলা অঞ্চলে বেলেঘাটা ও নারিকেলডাঙ্গার একটি অংশে বাস অত্যন্ত কম সংখ্যায় থাকার জন্য যাত্রী সাধারণের অত্যন্ত অসুবিধা হচ্ছে, বিশেষ করে কাল থেকে ৫-৩০ এর পর থেকে ৩৫, ৩৫এ, ৩৫বি, ৩৫সি এবং ৩৬ এবং ৩৮ নম্বর বাস একেবারে বন্ধ হয়ে আছে। এ পর্যন্ত চালু হয় নি। সেজন্য কলকাতার জনসাধারণ এখানে ডেপুটেশনে এসেছেন, তারা বাইরে অপেক্ষা করছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যদি তাদের সঙ্গে দেখা করে কিছু বলেন তাহলে ভাল হয়। কারণ এটা একটা খুব ইমপরটেন্ট ব্যাপার। অফিস যাত্রীরা অত্যন্ত দুর্ভোগের সম্মুখীন হয়েছেন।

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** এই বিষয়ে আমি বলতে পারি সকালে একটু কথা হয়েছিল এবং একটা ডেপুটেশান এখানে আসার কথা ছিল, তাঁরা এসেছেন জেনে আমি এক্ষুনি তাঁদের সঙ্গে আলোচনা করব। সুতরাং এখানে এখন কোন বিবৃতি দিতে পারছি না। সুতরাং আলোচনা করে কি করা যাবে সেই বিষয়ে বিবেচনা করে পরে আমি জানাতে পারি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত কয়েকদিন মুর্শিদাবাদ জেলায় বন্যা দেখে এলাম। ফারাক্কা থেকে ভগবানগোলা পর্যন্ত আমরা যাকে বলি বাগড়ী অঞ্চল তা মোটামুটিভাবে সবটাই ডুবে গিয়েছে। ডোমকল এবং জলঙ্গীতে বন্যা হয়েছে তবে ঐ অঞ্চলের মত ভয়াবহ নয়। রাঢ় অঞ্চলের মধ্যে নবগ্রামে এবং খড়গ্রামের বিস্তীর্ণ অঞ্চল জলপ্লাবিত। ভৈরব, পদ্মা, গঙ্গা এবং ব্রাহ্মণী নদীর জল এখনও বাড়ছে। গিরিয়া, নুরপুর এবং লালপাকুড়িতে জল অতিরিক্ত

বিপদ সীমা অর্থাৎ এক্সট্রিম ডেনজার লেভেল অতিক্রম করে গিয়েছে। কালকেও বিভিন্ন অঞ্চলে জল বাড়তে দেখেছি। রিলিফের কাজকর্ম শুরু হয়েছে তবে অবস্থার তুলনায় অপ্রতুল। অবিলম্বে নৌকা তাবু, খাদ্য, পশু খাদ্যের পর্যাপ্ত ব্যবস্থা করা দরকার। বহু জায়গায় জাতীয় সড়ক ডুবে গিয়েছে, বহু গ্রামের চালা ঘরের মটকা পর্যন্ত ডুবে গিয়েছে। মানুষ কোথায়ও হাই রোডে কোথায়ও বাঁধের উপর যেখানে ডাঙ্গা পাচ্ছে সেখানেই আশ্রয় নিচ্ছে। তাবুর অভাবে বৃষ্টির জলে তারা ভিজছে। চর অঞ্চলে গবাদি পশুর অবস্থা অত্যন্ত শোচনীয়। অর্ধেক ডুবন্ত অবস্থায় এবং অভুক্তভাবে ৮।১০ দিন দাঁড়িয়ে আছে। তাদের পা জমে ফুলে গিয়েছে, শরীর কৃশ হয়ে গিয়েছে। দু'একদিনের মধ্যে উদ্ধার না করলে তার. মরে যাবে। স্যার, বন্যার জল নেবে যাবার পরও তাণ্ডবলীলা বন্যার বহুদিন পর্যন্ত থাকবে। ধান ডুবে পচে গিয়েছে। চাষীর ঘরে বীজ ধানও নাই, থাকলেও জল নেবে যাওয়ার পর ধান বোনার সময়ও থাকবে না। সেইজন্য পরবর্তী ফসল ওঠা পর্যন্ত বন্যাপীড়িতদের খাদ্য, বস্ত্র, চিকিৎসা, কৃষি ঋণ, সার ও বীজ প্রভৃতি বিনা মূল্যে দেবার জন্য সরকারকে এখন থেকেই চিন্তা করতে হবে ও প্রস্তুত হতে হবে একথা আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি। স্যার, এই প্রসঙ্গে আমি জেলার কয়েকজন সরকারী কর্মচারীর কথা উল্লেখ করতে চাই। জেলা ম্যাজিস্ট্রেট, লালবাগের এস ডি ও এবং ভগবানগোলার ১নং ব্লক এবং ২নং ব্লকের বি ডি ও তারা, স্যার, রাত্রি দুটো তিনটা পর্যন্ত ছুটাছুটি করে নিপীড়িত মানবতার সাহায্যের জন্য চেষ্টা করছেন। ভগবান-গোলার ১নং ব্লকের বি ডি ও বন্যাত্রাণ করে ২৪ ঘণ্টার মধ্যেও ফিরলেন না। যাই হোক ২৪ ঘণ্টা পরে কিছু বন্যাক্লিষ্ট ব্যক্তিদের নিয়ে ফেরার পরে সকলে নিশ্চিন্ত হলেন। এই সমস্ত জনদরদী অফিসারদের, স্যার, আমি সেলাম করি।

**Mr. Deputy Speaker:** It will be an abuse of the process because only important matters are allowed to be mentioned to draw the attention of the Ministers. So if you give a detailed report of the matter it will not be justified because you are taking much of the time.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, আমি এক মিনিটের মধ্যেই শেষ করে দিচ্ছি। আর একজন সরকারী কর্মচারীর কথা আমি এখানে উল্লেখ করছি তিনি হলেন নবগ্রামের বি ডি ও সাহেব। তিনি স্যার, এখনও তার চিরাচরিতভাবে খোকা কার্তিক সেজে আড্ডা মেরে বা তাস খেলে সময় কাটাচ্ছেন। তিনি ইচ্ছা করে রিলিফ স্যাবোটাজ করছেন। আমি মন্ত্রিমহাশয়কে ঐ ব্যক্তির বিষয় রিপোর্ট করব যে এই হৃদয়হীন ব্যক্তিকে অবিলম্বে গভর্নরের আদেশানুসারে কি একটা ধারা আছে, বোধহয় ৩১১ ধারা, সেই সেকশনে অবিলম্বে তাকে সুবোধ দত্ত দাওয়াই দেওয়া হোক, অন্যথায় ওকে টেলিগ্রাম করে সাসপেন্ড করা হোক অথবা নিদেনপক্ষে ট্রান্সফার করা হোক এই দাবী আমি করছি তা না হলে উনি বন্যাত্রাণ কার্যকে বিপর্যস্ত করে ফেলবেন।

[2-30—2-40 p.m.]

**Mr. Deputy Speaker:** I would request the honourable members to mention only the matter in 2/3 sentences and not go on describing the particulars of the matter. I think that will not be justified. So I would again request all the honourable members to confine their speeches in just drawing the attention of the House to the subjectmatter only. I now call upon Shri Kalipada Mandal to speak.

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকার ৫।৬টি অঞ্চল মিলে মূলতঃ কৃষিপ্রধান এলাকা কিন্তু সেখানে চাষের কাজ একেবারে উঠে গিয়েছে, তার ফলে কৃষি শ্রমিক বেকার হচ্ছে এবং বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে এবং তাদের ঘরে ঘরে দারুণ অনটন দেখা দিয়েছে। আর একদিকে গত চটকল স্ট্রাইকের পর আমার এলাকার আর একটি অংশে যেখানে ৬টি অঞ্চল আছে এবং সেখানে ৫।৬টি চটকল আছে। সেই চটকলের বদলি শ্রমিকরা কাজ পাচ্ছে না ফলে চটকলের শ্রমিকদের মধ্যে বেকারীর সংখ্যা বেড়ে গিয়েছে কিন্তু সেই অনুসারে ঐ এলাকায় জি আর ঠিকমত দেওয়া হচ্ছে না। বর্তমানে মাত্র ০·২ পার্সেন্ট দেওয়া হচ্ছে, এই সম্বন্ধে আমি রিলিফ মিনিস্টারকে অনুরোধ করবো যে এখানে ২ পার্সেন্ট যাতে জি আর দেওয়া হয় তিনি যেন তার ব্যবস্থা করেন।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি পল্লীগ্রামের কয়েকটি অসুবিধার প্রতি খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে যে পল্লীগ্রামে (গ) ক্লাসের র‍্যাশনে চাল দেওয়া হয় না। কংগ্রেস আমলে এই সমস্ত শ্রেণী বিন্যাস করা হয়েছিল, এই (গ) শ্রেণীর লোকেরা যদি চাল না পায় তাহলে তাদের খুবই কষ্ট হয়। আমরা শুনেছিলাম যে তাদের ইনক্লুড করা হবে কিন্তু হয় নি, এটা করা দরকার। আর একটা কথা, এই র‍্যাশন ডিলাররা ফুড ডিপার্টমেন্টের অফিসারদের সঙ্গে যোগসাজসে বহু জাল র‍্যাশন কার্ড করে রেখেছে। যাদের (এ) এবং (বি) রেশন কার্ড আছে তারা অনেক সময় অর্থাভাবে রেশন কিনতে পারে না তাদের সেই কার্ডের রেশন এদের সাহায্যে চোরাবাজারে সাপ্লাই করে দেয়। সেইজন্য আমি অনুরোধ করবো যে আর কাল বিলম্ব না করে অবিলম্বে প্রাইয়োরিটি লিস্টের রেশন কার্ড বাতিল করে ডি পি লিস্টে রেশন কার্ড চালু করা হোক। এটা যদি কিছু দিনের মধ্যে না হয় তাহলে এই চোরাবাজার বন্ধ করা যাবে না। এই অঞ্চলে পূর্বে ব্লক কমিটিগুলি তৈরি হয় নি কিন্তু এখন মোটামুটি অনেক জায়গাতেই তা তৈরি হয়ে গিয়েছে, বিশেষ করে হাওড়া জেলায় হয়েছে। আর একটা জিনিস এই (ক) এবং (খ) কার্ডের লোকেরা রেশন নিতে পারে না। তাদের জন্য আমি রিলিফ মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করবো যে সমস্ত গরীব লোকের অর্থের অভাবে রেশন নিতে পারে না তাদের ৫০ পার্সেন্ট সাবসি-ডাইসড্ রেটে রেশন দেবার ব্যবস্থা করা হোক, আর যেখানে জি আর বেশী দেওয়া যাচ্ছে না সেখানে ৮০ পার্সেন্ট সাবসিডি দেওয়া হোক

on the recommendation of the Anchal Food Relief Committee.

**Shri Padmalakshmi Subba:** Mr. Deputy Speaker, Sir, I would like to mention that I have received a copy of a letter from the Secretary, Darjeeling, Kulin Bagan Majdoor Sangha addressed to the Director, Medicinal Plant, With a special ultimatum resort to hunger strike unless Government help to redress long awaited demands of the Secretary of the Union. So I would request you to convey this to the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries to make a timely intervention and thereby avoid the proposed hunger strike.

**Mr. Deputy Speaker:** Please hand over your letter to me.

**শ্রীসুবোধগোপাল গুছাইতঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগ এবং লোন বিভাগের মন্ত্রিমহাশয়গণের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে মেদিনীপুর জেলায় বিশেষভাবে কাঁথি মহকুমার অধিকাংশ থানায় গত নভেম্বর মাস থেকে কোন রিলিফ এপর্যন্ত দেওয়া হয় নি। আমাদের কাঁথি, রামনগর, এগরা, খেজুরির কথা জানি যে সেখানে নভেম্বর মাস থেকে এপর্যন্ত কোন রিলিফ যায় নি। এ সম্পর্কে এস ডি ও, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলা হয়েছে, তাঁরা দেখবেন এই কথা বলেছেন, কিন্তু এপর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি। স্যার, আপনি জানেন যে কতক লোক থাকে যারা অন্ধ, খঞ্জ, যাদের সারা বছর রিলিফ দিতে হয়, কিন্তু এই ব্যবস্থা এপর্যন্ত হয় নি। সেই বিষয়ে আমি ত্রাণ বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি এবং লোন এত কম পরিমাণে দেওয়া হচ্ছে যে চাহিদার তুলনায় তার পরিমাণ অত্যন্ত অল্প। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যারা পার্মানেন্ট রিলিফ হোল্ডার তাদের এই অবস্থায় বাড়ীতে বাড়ীতে ভিক্ষা করা ছাড়া কোন উপায় নেই। সেজন্য অবিলম্বে যাতে এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমিও আপনার মাধ্যমে ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি আমাদের মুর্শিদাবাদ জেলায় বন্যার ব্যাপারে একটা স্টেটমেন্ট রেখেছেন। আমি আমার নির্বাচনী এলাকা এবং মুর্শিদাবাদের অন্যান্য এলাকাগুলি পরশুদিন ঘুরে এসেছি সেখানে সবচেয়ে দুঃখজনক ঘটনা হচ্ছে তিনি মিলিটারী বোট পাঠিয়েছেন ১৭টি তার মধ্যে ১৫টি অকেজো, আর যে দুটি কাজ করছে তাও স্রোতে যেতে পারছে না। ফলে দয়ারামপুর অঞ্চলে চরপিরোজপুরে ২ হাজার লোক মেরুদণ্ড হয়ে রয়েছে।

সেই এলাকার চারিদিকে জল, তারা অনেকে চালের উপর আশ্রয় নিয়ে আছে, তাদের উদ্ধার কার্য ত্বরান্বিত হচ্ছে না। আর যারা গৃহস্থ লোক অর্থাৎ যাদের গরু বাছুর আছে তারা সেই গরু বাছুর ছেড়ে আসতে চায় না। তাই ওখানে বড় বড় নৌকা আছে সেগুলি রিকুইজিসান করে গরু বাছুর উদ্ধার করা যায়। সেখানে অনেক বাড়ী ভেসে গেছে, অনেক লোক চালের উপর আছে। তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে তিনি তাড়াতাড়ি নৌকা রিকুইজিসান করে গরু, বাছুর, মানুষগুলি যাতে উদ্ধার পায় তার ব্যবস্থা করুন। কালকে এ সম্বন্ধে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি, তিনি ডি এম-কে বলেছেন, আমিও ডি এম-কে বলেছি কিন্তু কাজ হচ্ছে না। তাদের তাড়াতাড়ি উদ্ধার না করলে সমস্ত লোক ভেসে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ওদিকে পাকিস্তান, চারিদিকে জল, বর্তমানে যে ব্যবস্থা দাঁড়িয়েছে তাতে এই হাউস এভাবে চলা ঠিক হয় নি। কেন না, মালদহ, মুর্শিদাবাদের বিভিন্ন জায়গায় বন্যার প্রকোপ এত বেশী যে দিন দিন জল বাড়ছে, সমস্ত বড় বড় হাইওয়ের উপর দিয়ে স্রোত চলতে আরম্ভ করেছে। এই অবস্থায় বড় বড় নৌকা রিকুইজিসান করে তাড়াতাড়ি যেন তাদের জিনিসপত্র ও গরু বাছুর উদ্ধার করা হয় এবং আমার মনে হয় এই সমস্ত লোকের জন্য যদি ড্রাই ফুডের ব্যবস্থা করা হয়, কেন না তারা রান্না করতে পারছে না, তাহলে লোকগুলি বাঁচে।

শ্রীপ্রবোধ পুরকাইতঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এখন গ্রামাঞ্চলে সমস্ত কাজকর্ম বন্ধ হয়ে গেছে এবং সাধারণ লোক কোন কাজ পাচ্ছে না এবং তারা খেতেও পাচ্ছে না, এমন কি রেশন সপের মাধ্যমে যে চাল বা গম দেওয়া হচ্ছে তা গরীব মানুষ তুলতে পারছে না। আমার নির্বাচনী কেন্দ্র কুলতলী, আলীপুর সদর সাবডিভিসান ফুড রিলিফ কমিটির তরফ থেকে যেখানে ১·৪ পার্সেণ্ট রিলিফ দেওয়ার কথা বলছে সেখানে আমরা দেখছি যে রিলিফ দেওয়াটা গরীব মানুষের কাছে একটা পরিহাস ছাড়া আর কিছু নয়। এমত অবস্থায় আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি অন্ততঃ এই হাউসে জানান যে গ্রামে এই সময়ে বিশেষ করে সুন্দরবন অঞ্চলের লোকেরা কোন কাজ পাচ্ছে না সাধারণ মানুষের অবস্থা অত্যন্ত সংগীন, যাতে রিলিফের পরিমাণ গ্রামে বেশী করে দেওয়া যায় তার জন্য তিনি একটা সুস্পষ্ট প্রতিশ্রুতি এই হাউসের কাছে রাখুন। এই সম্পর্কে আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40—2-50 p.m.]

শ্রীমোকসেদ আলিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদিয়া জেলার অন্তর্গত শান্তিপুর থানার অধীন আমার কেন্দ্র হরিপুর অঞ্চলে গত কয়েক দিন ধরে বন্যা দেখা দিয়েছে। ভাগীরথীর এই বন্যায় ৬টি ঘর ওখানে ভেসে গেছে এবং প্রায় পাঁচশো লোক ঐ এলাকায় অ্যাফেকটেড হয়েছে। গতকাল আমি এবং স্থানীয় বি ডি ও ঐ অঞ্চলে যাই এবং রাত একটায় ফিরে আসি। কিন্তু দুঃখের বিষয় সরকারী ভাণ্ডারে কোন রিলিফের দ্রব্য নাই। সেখানে মাত্র এককুইন্টাল গম পাঠানো হয়েছে। কাপড়চোপড়, শুকনা খাদ্য, তাঁবু ইত্যাদি এখনো দেওয়ার ব্যবস্থা করা যায় নি। আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর ও সরকারের দৃষ্টি আকর্ষণ করবো যে যেভাবে বিভিন্ন জায়গায় পশ্চিমবাংলা থেকে বন্যার খবর আসছে তাতে সত্যিই আমরা আতঙ্কিত হয়ে পড়েছি। বিশেষ করে আমাদের শান্তিপুর এলাকায় গত দুটো বন্যায় সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই বলতে চাই—এই বন্যার্তদের যাতে রিলিফ সত্বর দেওয়া যায়, তাদের তুলে নিয়ে আসতে পারি, তার জন্য যুদ্ধ সংক্রান্ত অবস্থা মেনে নিয়ে যাতে আমরা কাজ করতে পারি—সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Deputy Speaker:** We now pass on to the next item of business—The Bengal Municipal (Second Amendment) Bill, 1969.

## The Bengal Municipal (Second Amendment) Bill, 1969

**Shri Somnath Lahiri:** Sir, I beg to introduce the Bengal Municipal (Second Amendment) Bill, 1969.

**(Secretary then read the title of the Bill.)**

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1969, be taken into consideration.

স্যার, এই বিল খুব সংক্ষিপ্ত। এতে শুধু দুটো পয়েন্ট আছে। প্রথমতঃ আমাদের বেঙ্গল মিউনিসিপ্যাল যে আইন আছে, সেই আইনে নির্বাচন সংক্রান্ত ব্যাপারে একটা অসুবিধা দেখা দেয়। সেটা হচ্ছে যে আইনে আছে যে যেখানে সমস্ত নাম –কমিশনার যাঁরা নির্বাচিত হবেন, তাঁদের নাম গেজেট করতে হবে এবং গেজেট করার পরে কমিশনাররা মিট করবেন এবং মিট করে চেয়ারম্যান ইত্যাদি নির্বাচিত করবেন। এখন এই রকম নানা রকম ঘটনা ঘটে যাতে মিউনিসিপ্যাল নির্বাচন সম্পূর্ণ হয়ে যাবার পর হয়ত একটা বা দুটো ওয়ার্ডে ইলেকশান পিটিশন পড়ে; পিটিশন পড়ার ফলে কোর্টের অর্ডার দ্বারা কোন কোন ক্ষেত্রে একটা বা দুটা ওয়ার্ডের কমিশনারের নাম ঘোষণা করা নিষিদ্ধ হয়। তার ফলে মোটের উপর কমিশনারদের নাম পূর্ণরূপে ঘোষণা করা সম্ভব হয় না। যার ফলে সেই একটা না দুটা মামলা যতক্ষণ না নিষ্পত্তি হচ্ছে, ততক্ষণ পর্যন্ত সমস্ত মিউনিসিপ্যালিটির নির্বাচন অকেজো হয়ে থাকে।

ফলে যে পুরানো মিউনিসিপ্যালিটি ছিল যে পুরানো মিউনিসিপ্যালিটি বাতিল হয়ে গেছে কার্যতঃ এবং ৪ বছরের দিক থেকে আইনের দিক থেকে এবং যেহেতু নূতন কমিশনার একটি বা দুটি ওয়ার্ডের নির্বাচন আটক থাকার ফলে তাদের নাম বিজ্ঞাপিত করা যাচ্ছে না এবং তার ফলে সমস্ত নাম বিজ্ঞাপিত করা যাচ্ছে না সেই হেতু পুরানো কমিশনারদের কনটিনিউ করতে হয়। অনেক ক্ষেত্রে এমন দেখা গেছে যে ১।২ বছর ৫।৬ বছর মামলা চলেছে নূতন কমিশনার স্থান গ্রহণ করতে পারছে না পুরানো যারা কাজ চালাচ্ছে যাদের প্রতিনিধিত্ব করার ভূমিকা শেষ হয়ে গেছে এবং বহুদিন হয়ে গেছে তারা রেজিগনেসন ইত্যাদি দিয়ে অচল অবস্থার সৃষ্টি হচ্ছে—এই কারণে এই আইন সংশোধন করা হচ্ছে এই মর্মে যদি নির্বাচনের পর কিছুসংখ্যক ওয়ার্ডের নির্বাচন সংক্রান্ত ঘোষণা কোর্টের আদেশে বা অন্য কারণে জারী করা সম্ভব না হয় তাহলে তার জন্য অন্যান্য নির্বাচনের ঘোষণায় বাধা সৃষ্টি হবে না। সেইজন্য তার ভেতর এই প্রভিসন রাখা হয়েছে যে অন্ততঃপক্ষে নির্বাচিত কমিশনারের দুয়ের তিন অংশ কর্মভার গ্রহণ করতে পারবে একের তিন অংশ-এর নির্বাচন যদি কোন কারণে আটকে থাকে কোর্টের আদেশে কিম্বা অন্য কোন কারণে। তাহলে ঐ দুয়ের তিন অংশ মিউনিসিপ্যালিটির কাজ পরিচালনা করবেন, বাকী আটকে থাকবে তাদের মামলা যখন নিষ্পত্তি হয়ে যাবে তখন তারা আসন গ্রহণ করতে পারবে—এই জন্য এই এক নম্বর সংশোধনী এনেছি বর্তমান আইনের ৫০ ধারার একটা ৫০এ উপধারা করে। দ্বিতীয় যে সংশোধনী আনছি সেটা হল কোন ক্ষেত্রে জেনারেল ইলেকসন রিটার্নড না হতে পারে। সাধারণভাবে মিউনিসিপ্যালিটির পরিচালনার অবস্থার যদি না থাকে কোর্টের ইনজাংসন বা অন্যান্য কারণে—এই অবস্থা যদি বেশি দিন চলতে থাকে—অল্পদিন চললে কথা উঠবে না—যদি বেশি দিন চলতে থাকে সেখানে পুরানো নির্বাচিত কমিশনার কাজ করছে না অথচ নূতন কমিশনার কার্যভার গ্রহণ করতে পারছে না কোর্টের আদেশ রয়েছে সেখানে সরকার মিউনিসিপ্যালিটির কার্য পরিচালনার ব্যাপারে ব্যবস্থা করার জন্য সাময়িকভাবে একটা কমিটি নিয়োগ করতে পারেন যে কমিটি নির্বাচনের মামলার যতক্ষণ ফয়সালা না হয়ে যাচ্ছে ততক্ষণ মিউনিসিপ্যালিটির কাজ চালিয়ে যাবে যাতে মিউনিসিপ্যালিটির কাজ আটকে না থাকে।

তার ফলে তাতে সুবিধা হবে এই যে অন্ততঃপক্ষে কিছুটা পরিমাণে প্রতিনিধিত্বমূলক একটা সংগঠন মিউনিসিপ্যালিটিতে থাকবে শুধু সরকারী অফিসার না থেকে, যার ফলে কিছুটা জনসাধারণের সঙ্গে সংযোগও থাকবে, তাদের প্রতিনিধিত্ব পরোক্ষভাবে অন্ততঃ কিছুটা প্রতিফলিত হবে মিউনিসিপ্যালিটির কাজের মধ্যে। এই হল দুটি ধারা যে দুটি ধারা আমরা সংশোধন করতে এনেছি। এক ৫০ যে ধারা তাতে ৫০(এ) ধারা যোগ করেছি, আর একটা ৫৬ ধারা যার জায়গায় ৫৬(এ) ধারা যোগ করেছি, এটা খুব সামানাই সংশোধন। গত ১০/১৫ বছরের মিউনিসিপ্যালিটির কাজের অভিজ্ঞতার ভিত্তিতে দেখা গিয়েছে যে এই ধরনের ব্যবস্থা না করলে মিউনিসিপ্যালিটির কাজ চালানো কঠিন হয়ে পড়ে। সেইজন্য এই বিল এনেছি, আশা করি সদস্যগণ একে সমর্থন করবেন।

[2-50—3-30 p.m.]

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় সভাপাল মহাশয়, বেঙ্গল মিউনিসিপ্যাল সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৬৯,যেটা আনা হয়েছে সেই বিলের ৫০(এ) ধারায় আমার কিছু বক্তব্য নেই। ৫৬(এ) ধারা সম্বন্ধে বলব যে এই ধারাটা তিনি মোটামুটি ভাবে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়েই করছেন। তার কারণ হচ্ছে যে ৫৬(এ)-তে দেখা যাচ্ছে যে কমিশনারদের যদি টার্ম পার হয়ে যায় তাহলে সমস্ত কমিশনারদের তিনি অ্যাপয়েন্টমেন্ট দেবেন অর্থাৎ স্টেট গভর্নমেন্ট অ্যাপয়েন্টমেন্ট দেবেন। স্যার, এর আগে এখানে মাননীয় মন্ত্রী শ্রীসত্যপ্রিয় রায় মহাশয় এইভাবেই প্রাইমারী এডুকেশান অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট এনে প্রাইমারী এডুকেশানের ভার আমলাদের হাতে ছেড়ে দিয়েছিলেন। অ্যাডভাইসারী কমিটি করে সেখানে তিনি দলের লোকদের বসিয়েছেন। তা ছাড়া পঞ্চায়েত মন্ত্রী বিভূতিবাবুও ঐ জেলা পরিষদ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট ও পঞ্চায়েত (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট এনে সমস্ত জেলা পরিষদগুলিকে সুপারসিড করবার ব্যবস্থা করেছেন। তবে হাইকোর্টের অর্ডার অনুসারে কিছু কিছু বন্ধ আছে। এই সমস্ত করা ফলে একটা নির্বাচিত প্রতিনিধি—যাঁরা অ্যাডাল্ট ফ্রানচাইসের ভোটে প্রতিনিধি নির্বাচিত হয়েছেন, তাঁদেরকে বাদ দিয়ে বা তাঁদের টার্ম এক্সটেন্ড না করে—যদি কোন কারণে নির্বাচন এই টাইমের মধ্যে না হয় অর্থাৎ আফটার দি এক্সপায়ারি অব দি টার্ম অব দি অফিস অব দি কমিশনার্স অব এ মিউনিসিপ্যালিটি আনডার সাব-সেকসন (ওয়ান) অর সাব-সেকসন (ফাইভ) অব সেকসন ৫৬ এই যদি হয় তাহলে তিনি সমস্ত মেম্বারদের একটা কমিটি করবেন—দি মেম্বার অব দি কমিটি টু বি অ্যাপয়েনটেড, তার নাম্বার হবে যতগুলি কমিশনার ততগুলি। এটা সম্পূর্ণ তাঁর হাতে নিচ্ছেন। স্যার, তিনি গণতন্ত্রের বড় বড় বুলি আওড়ান, গণতন্ত্রের কথা বলেন কিন্তু আমি বলব এটা সম্পূর্ণ অগণতান্ত্রিক পদ্ধতিতে তিনি নিচ্ছেন। তাঁর দলবাজী ছাড়া আমার মনে হয় এর পেছনে কোন সাধু উদ্দেশ্য নেই। যদি সাধু উদ্দেশ্য থাকতে তাহলে তিনি এরকম করতেন না। ২।৪ জনকে নমিনেশান দেবার কথা আমরা জানি কিম্বা যাঁরা ব্যাকওয়ার্ড ক্লাস তাঁদের নমিনেশান দেবার প্রশ্ন উঠতে পারে কিন্তু গোটা বডির মেম্বারস টু বি অ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট এটা কখনও শুনিনি, এই সর্বপ্রথম। স্যার, বৃটিশ আমলেও এই সমস্ত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির মধ্যে এতটা স্বেচ্ছাচার ছিল না। তারপরে স্যার, আমরা জানি যে কংগ্রেস বয়স্কদের ভোটাধিকার দিয়েছে কিন্তু সেই সমস্তকে জলাঞ্জলি দিয়ে যাঁরা আজকে তাঁদের টার্ম এক্সটেন্ড করার প্রভিসান না এনে আজকে সেখানে এক কলমের খোঁচায় তাঁর দলের লোকদের কি করে সেই মিউনিসিপ্যালিটিতে বসাতে পারেন তার ব্যবস্থা করছেন। স্যার, ওঁদের তো নির্বাচনে ভয় করার কিছু নেই, কারণ ওঁরা আজ যুক্তফ্রন্ট সরকার গঠন করেছেন, কাজেই নির্বাচনে ওঁদের ভয় করা ঠিক নয়। তবে হয়ত এমন হতে পারে যে হাইকোর্টের আদেশ অনুসারে বা কোন কোর্টের আদেশ অনুসারে নির্বাচন বন্ধ থাকতে পারে কিন্ত যাঁরা নির্বাচিত প্রতিনিধি আছেন তাঁদের বাদ দেবার কি কারণ থাকতে পারে বুঝতে পারছি না। তাঁদের টার্ম এক্সটেন্ড করলে আমার মনে হয় সব দিক দিয়ে ভাল হত, দেখতেও ভাল হত।

কিন্তু আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এ জিনিস আশা করতে পারি নি। তিনি অনেক দিনের অভিজ্ঞতা নিয়ে এখানে আছেন এবং আনলাইক আদার্স তাঁর কাছ থেকে এটুকু আশা করতে পারি যে তিনি গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করবেন। কেন না সত্যপ্রিয়বাবু এখানে গণতন্ত্রকে জলাঞ্জলি দিয়ে একটি স্বেচ্ছারিতার চরম নিদর্শন দেখিয়েছেন। আমাদের বিভূতিবাবু তিনিও গান্ধীয়ান পলিসি ফলো করেন। তবে তিনি আজ কাল মার্কসবাদীদের পাল্লায় পড়ে সব কিছু ভুলে গিয়ে সেই রাস্তাই অনুসরণ করেছেন। আমাদের যিনি এই বিভাগের মন্ত্রী তাঁকে জানি তিনি খুব ধীর স্থির এবং তিনি এমন কিছু করবেন না যাতে সত্যিকারের গণতন্ত্রের মূলে কুঠার আঘাত করা হয়। আজকে তাঁরা বড় বড় কথা বলছেন, গণতন্ত্রের কথা বলছেন। তাঁরা আগের কংগ্রেসের বিরুদ্ধে অনেক কিছু বলেছেন। কিন্ত এই যে অ্যামেন্ডমেন্ট ৫৬(এ) এনেছেন তার দ্বারা আমার মনে হয় দলবাজী ও রাজনীতি করা ছাড়া অন্য কোন উদ্দেশ্য নেই। তারপরে আমি বলব ৫৬, সাব-সেকসান ৫ এটাতে যে ১ বছর বাড়িয়ে দেওয়ার কথা আছে সেটা অ্যামেন্ড করে আপনি ২ বছর করতে পারেন। কারণ, ৫৬ এর টার্ম যদি শেষ হয়ে যায় তাহলে আন্ডার সেকসান ৫৬, সাব-সেকসান ৫ অনুসারে আপনি ১ বছর

টার্ম বাড়িয়ে দিতে পারেন। কিন্তু সেখানে অ্যামেন্ডমেন্ট দরকার। সেখানে আপনি ২/৩ বছর করতে পারেন নি। কেন না, আপনি একটি নির্বাচিত প্রতিনিধিকে বাদ দিয়ে এক কলমের খোঁচায় কতকগুলি লোককে বহাল করে দেবেন, এটা আমার মনে হয় ঠিক হয় নি। সুতরাং আজকে আপনি যে বিল এনেছেন আমি তার সম্পর্কে বিরোধিতা করছি এই বলে যে এর পিছনে কোন সৎ উদ্দেশ্য নেই, অগণতান্ত্রিক ও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনরেশচন্দ্র চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এটা খুব ছোট এবং সংক্ষিপ্ত। এটার খুব প্রয়োজন আছে। ৫৬ (এ) সম্পর্কে বলতে গিয়ে আমি আমাদের জলপাইগুড়ি শহরের কথা বলছি। জলপাইগুড়ি শহরের মিউনিসিপ্যালিটি এতদিন পর্যন্ত কংগ্রেস দখল করে ছিল। ১৯৬৭ সালের মে মাসে ইলেকসান হয়েছে। সেই ইলেকসানে ইউনাইটেড ফ্রন্ট মেজরিটি হয়েছে এবং যখন মেজরিটি হয়েছে তখন কংগ্রেসের পক্ষে আর বোর্ড রাখা সম্ভব নয়। তাই তারা দুটি ওয়ার্ডের ইলেকসান পিটিসান, হাইকোর্ট করেছেন এবং দুটি ওয়ার্ডের ইলেকসান পিটিসান হওয়ার ফলে রেজাল্টটা কমিশনারের নামে পাবলিশ করবার কথা ছিল সেটা বন্ধ হয়েছে এবং যার ফলে জলপাইগুড়ি মিউনিসিপ্যালিটির বোর্ড গঠিত হতে পারছে না গত দুবছর ধরে এবং সেখানে একজন অ্যাডমিনিস্ট্রেটর রয়েছেন। জলপাইগুড়িতে গত বছর দারুন বন্যা হয়ে গেছে। সেই বন্যায় ইলেক্টেড রিপ্রেজেনটেটিভরা কোন কাজ করতে পারেন নি। কাজেই একজন সরকারী কর্মচারীর পক্ষে এটা করা সম্ভব ছিল না এবং এই সমস্ত কাজ কর্ম তাঁর একার পক্ষে করা সম্ভবও নয়। তাই জলপাইগুড়ি শহরের মানুষ এই ৫৬(এ) অ্যামেন্ডমেন্টকে আশীর্বাদ জানাবে, অভিনন্দন জানাবে এবং এই ৫৬(এ) অ্যামেন্ডমেন্ট আনার জন্য আমাদের মিউনিসিপ্যালিটি চলার পক্ষে আইনটা কার্যকর হবে সেই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এর পর আমি শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির কথায় আসছি। শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির সম্ভবতঃ ১৯৬৩ সালে ইলেকসান হয়েছিল। ৫ বছর চলার পর যখন ইলেকসান হয় তখন হাইকোর্টে কেস হয়। যে ওল্ড বোর্ড ছিল, সেই বোর্ডই চলতে থাকে। ওদের প্রতি জনসাধারণ বিতশ্রদ্ধ হয়ে বিক্ষোভ দেখায় এবং রেজিগনেসন দিতে বলে। তার ফলে শিলিগুড়ি মিউনিসিপ্যালিটি অচল হয়ে পড়েছে। সুতরাং কোর্টের অর্ডারে যদি কোন মিউনিসিপ্যালিটির নূতন ইলেকসান না হতে পারে, এই ব্যবস্থার নিশ্চয়ই পরিবর্তন হওয়া দরকার। ৪ বছর আগে যারা প্রতিনিধি ছিল তাদের জীবন যখন পরিবর্তন হয়ে যাচ্ছে তখন গভর্নমেন্টের সত্যিকারে যারা প্রতিনিধি হতে পারে তা ঠিক করা দরকার। তাদের যে বোর্ড করার বিধান রয়েছে, ৫৬(এ) এটা সঠিক বিধান, তাই এটাকে আমি সমর্থন করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 30 minutes)

(After adjournment.)

[3-30—3-40 p.m.]

**Mr. Deputy Speaker:** Honourable members, on 22-8-69 a reference was made in this House addressing the Hon'ble Speaker, Mr. Banerjee, for rendering first aid to members and others present in the House at the time of sitting and the matter was referred to the Government and one Medical Officer has been sent here, who will attend Assembly House daily for rendering first aid or making preliminary treatment of the members of the Assembly or others present here at the time of the sitting. This arrangement will go on in each session perhaps and for the rest of the days of the sitting the doctor will be available and any members requiring any assistance can be had from that Medical Officer.

Now I call upon honourable members Shri Satyapada Bhattacharyya.

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে বিলটা এসেছে, সেই বিলটা সম্পূর্ণ সমর্থন করছি। আমরা দেখেছি যে মিউনিসিপ্যাল আইনে যেখানে একটা মামলা হয় তখন সেই মামলা জিতে যাওয়ার পর তখন সমগ্র মিউনিসিপ্যালিটিটাকে ইনজাংশন করে বন্ধ করে রাখা হয়। কাজেই এই জায়গায় যে বিল এসেছে যে যে জায়গায় মামলা হবে শুধু সেই জায়গাটা আবদ্ধ থাকবে, অন্য জায়গায় নির্বাচিত বলে পরিগণিত হবে, এটা পরিপূর্ণ ভাবে সমর্থন করছি। দু নং এর ৫৬ ধারায় যে কথাটা বলা হয়েছে, সাত্তার সাহেব যেটা বলেছেন যে অগণতান্ত্রিক, সাত্তার সাহেব হয়তো গণতন্ত্রের পূজারী তাই আমরা দেখেছি মুর্শিদাবাদে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডে যখন ইলেকশন হলো তখন তাকে ইনজাংশান করে পুরানো মেম্বাররা সুখে স্বাচ্ছন্দে রাজত্ব করতে লাগলেন, সেখানে যে গণতন্ত্র বিপন্ন হলে সেটা তিনি বললেন না যদিও তিনি মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের মেম্বাব ছিলেন। যারা ইলেকশনে নূতন করে জিতলেন তাদের উপর ইনজাংশান হয় বা যদি কমিটিকে নূতন করে ইলেকশন করাতে না দেওয়া হয় তাহলে তার পরিবর্তে যদি পার্টিগুলো, আমি সমস্ত পার্টির কথা বলছি তাদের প্রতিনিধি সেখানে রাখেন তাহলে কি সেটা গণতান্ত্রিক নয়? গণতন্ত্র আমার মনে হয় না শুধু নির্বাচনের মধ্যে সীমাবদ্ধ। গণতন্ত্র হবে সেই যদি সমগ্র পার্টিগুলো তাদের প্রতিনিধি দিয়ে তাদের মনোমত লোক দিয়ে কমিটি গঠন করে, সেটাও একটা গণতন্ত্রের বুনিয়াদ। কাজেই গণতন্ত্রের নানা রকম ব্যাখ্যা আছে, সাত্তার সাহেব শুধু ভোটের কথাই জানেন। সেইজন্য ভোট যদি না হয়, তাদের মতে সেটা ঠিক হবে না, কিন্তু কংগ্রেস আমলে বহু জায়গায় ভোট হয় নি, বহু বোর্ডের নমিনেশন তারা পাঠিয়েছেন, নিজেদের দলের লোকদের বোর্ড নমিনেশন দিয়েছে। আজকে সাত্তার সাহেব ভয় করছেন যে ২০ বছর কংগ্রেস যেভাবে ভোট না করে মনোনীত লোক দিয়ে গদীগুলো দখল করে রেখেছিলেন, আজ তার ভয় পাচ্ছেন যে তাদের বিরুদ্ধে বোধ হয় সেই রকম লোক আসবেন। আসবেই তো যুক্তফ্রন্ট যখন রাজত্বে এসেছে, সাধারণ মানুষ যখন যুক্তফ্রন্টকে ভোট দিয়েছে যখন যুক্তফ্রন্ট যাকে মনোনীত করবেন সেই সব বোর্ডে তারাই প্রকৃত অধিকারী হবেন যতক্ষণ না পর্যন্ত নির্বাচন করা হবে। যদি নির্বাচন না হয়, আমরা বিশ্বাস করি যে যুক্তফ্রন্টের সেই মনোনীত লোকরাই নির্বাচিত হয়ে আসবেন, এত ভয় খাবার কিছু নেই। গণতন্ত্রের অপব্যাখ্যা করে এই সরকারী কর্মচারীদের হাতে তুলে দেওয়া বা পার্টিবাজীর কথা বলছেন এবং শিক্ষামন্ত্রীকে বলছেন যে উনি পার্টিবাজী করছেন, ওটা তো আপনারাও কম করেন নি। পার্টিবাজী করে আজকে পার্টিকে ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর করেছেন, কাজেই পার্টি-বাজীকে ভয় করছেন কেন। কাজেই পার্টিবাজী করার জন্য আমরা পার্টি করছি তার জন্য ভয়ের কোন কারণ নেই। সুতরাং গণতন্ত্র কোথায় ব্যাহত হবে, কোথায় না হবে রাজনীতি করতে গিয়ে সেটা ভাল করেই জানা আছে। কাজেই গণতন্ত্রে নানা ব্যাখ্যা যেটা আছে সেটা আমি সাত্তার সাহেবকে পড়ে দেখতে বলবো এবং আজ যে দুটো বিল এসেছে সেটাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সংশোধন বিলের বিরোধিতা করতে উঠে আপনার কাছে আমি একটা প্রশ্ন রাখছি। আজকে বিরোধী পক্ষ থেকে আমি যদি বলি যে কোন গণতান্ত্রিক সংস্থায় সরকারী হস্তক্ষেপ অত্যন্ত নিন্দনীয় কাজ অথবা অত্যন্ত ঘৃণ্য কাজ এবং সেই আমি আগামীকাল যদি সরকার পক্ষে চলে যাই সরকার গঠন করে এবং যেয়ে যদি বলি গণতান্ত্রিক সংস্থায় সরকারী হস্তক্ষেপ সম্পূর্ণভাবে করণীয় কাজ তো আপনি আমাকে কি বলবেন। আমরা বিশ্বাস করি আপনি এবং পৃথিবীর সবাই ওই যুক্তফ্রন্টের কয়েকজন ছাড়া একে ভণ্ডামি বলবেন। ভণ্ডামির এই হচ্ছে সবচেয়ে বড় পরিচয়। আজ আমি তিন বছর আগেকার কথা স্মরণ করতে বলছি। সেদিন ওঁরা এই দিকটা অর্থাৎ বিরোধী পক্ষের আসনগুলি আলোকিত করে রেখেছিলেন। সেদিন যে কোন বিলে কোন গণতান্ত্রিক সংস্থায় যদি সরকারের সামান্যতম হস্তক্ষেপের প্রশ্ন উঠত, হস্তক্ষেপ মানে সরকারের নমিনেশন দেবার প্রশ্ন উঠত সমস্ত সংখ্যার ভিত্তিতে এক-তৃতীয়াংশকে নমিনেশন দেবার প্রশ্ন অথবা এক-চতুর্থাংশকে সরকারের থেকে পাঠাবার প্রশ্ন উঠত বিদ্রোহে ফেটে পড়তেন ওঁরা, বলতেন সরকারী হস্তক্ষেপ হচ্ছে। আজ আমরা ভাবতে পারছি না এই সামান্য কয়েকদিনে কি পরিবর্তন হয়ে গেলো যাঁরা সরকারী হস্তক্ষেপকে এত তীব্র ভাষায় কঠোর ভাষায় নিন্দা করতেন সেটা আজকে অস্ত্র হিসাবে ব্যবহার করছেন। কংগ্রেস আমলে যেখানে তিন অংশের এক অংশ মাত্র অথবা

চার অংশের এক অংশ মাত্র নমিনেশন দেওয়া হয়েছে সেটা নিন্দনীয় কাজ হয়েছে, আর সেই নিন্দাকারী লোকেরা আজ কি করে সমস্ত লোকগুলোকেই সরকারী লোক করে পাঠাচ্ছেন সেটা ভেবেই অবাক হচ্ছি। এটা ও'রা বলেই সম্ভব হয়েছে। অন্য কেউ হলে একটু লাজ লজ্জা থাকত। ছমাসের মধ্যে এই ধরনের একটা প্রতিক্রিয়াশীল বিল আনতে পারতেন না। এই বিলের বিরোধিতা করছি এইজন্য যে এটা গণতন্ত্রের কবরের পথ রচনা করছে। যেখানে গণতন্ত্রকে কায়েম করতে পারতেন, সুস্থ সবল করতে পারতেন সেই পথ অবলম্বন না করে আজকে গণতন্ত্রকে মারবার পথে অগ্রসর হয়েছেন। গণতান্ত্রিক সংস্থায় সামান্যতম হস্তক্ষেপকে গণতন্ত্রের পথে কণ্টক বলে মনে করব এবং তাতে বাধা দেব। আজ দুটো প্রশ্ন আছে। কিছু লোক যাঁরা নির্বাচিত হয়ে এসেছেন চার বছরের মেয়াদে আইন করে তাদের মেয়াদ পাঁচ বছর, ছয় বছর কি আট বছর করতে পারতেন। এই যে তাদের একটা পিরিয়ড এটা অ্যাবসোলিউটলি এ ম্যাটার অফ ডিগ্রী, নট এ ম্যাটার অফ টাইম, যদি চার বছর পরে হাইকোর্টের নিষেধাজ্ঞা বলে সেই সংস্থা যদি ফ্যাংশন করতে না পারে তাহলে তাদের বাদ দিয়ে সরকারের নিযুক্ত লোক যেয়ে বসে সংস্থা চালাবে, এতে কার উপকার হল? সরকারের হস্তক্ষেপ পরিপূর্ণভাবে হল, গণতন্ত্রের মৃত্যু ঘটল। মানুষ নির্বাচন করে লোক পাঠিয়েছে তারা চার বছরের জায়গায় যদি ছয় বছর থাকে তাহলে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। কেননা, নির্বাচিত লোকগুলিই সেখানে বসে এই মিউনিসিপ্যালিটির কাজ করে যাচ্ছে। সামান্যতম অজুহাতে সেই নির্বাচিত লোকগুলিকে সরিয়ে দেওয়া হলে এবং দলবাজী করবার জন্য সরকারের মনোনীত খয়ের খাঁ লোকগুলিকে সেখানে বসিয়ে দিলে তাতে গণতন্ত্রকে অপমান করা হয়, গণতন্ত্রকে ভ্রূকুটি করা হয়। এটা যদি তাই না হয় তাহলে জানি না, গণতন্ত্রের প্রতি ভ্রূকুটি কাকে বলে, গণতন্ত্রকে কবর কিভাবে দিতে হয়।

[3-40—3-50 p.m.]

জানি না গণতন্ত্রের কবর আর কিভাবে দিতে হয়। সে জন্য আমি এই বিলের বিরোধিতা করছি এবং একে ধীক্কার জানাচ্ছি। তবে ব্যালেন্স বলে একটা কথা আছে। যখন একটা সমস্যা দেখা দেয় তখন তুলাদণ্ডে বিচার করতে হয়। এই তরফের ভালও আছে আবার মন্দও আছে। তেমনি ঐ তরফেরও ভাল আছে আবার মন্দ আছে। এই যদি অবস্থা হয়, ওদের কথাই যদি ধরে নেই ভাল মন্দের মিশ্র অবস্থা তখন কোনটাকে নেবো সেই তুলাদণ্ডে বিচার করলেও যুক্তফ্রন্টের মন নিয়েও একথা বলা যেত যে, ঐ নির্বাচিত লোকগুলিকে রাখি খয়েরখাঁ পাঠাবার দরকার নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু এই কারণেই বিরোধিতা করছি তা নয়। এই বিলে একটা সেল্‌ফ কন্ট্রাডিকসান আছে। আপনি জানেন যে, এই বিলের ১৫ ধারায় মিউনিসিপ্যালিটিকে একটা বডি পারপেচুয়াল করা হয়েছে এবং কমিশনারগুলিকে বডি পারপেচুয়াল করা হয়েছে। আজকে উনি যে সংশোধন ৫৬(ক) ধারা এনেছেন তাতে করে কমিশনারগুলি যদি ৩টি কারণে ফাংশান করতে না পেরে কোর্ট নিষেধাজ্ঞা দিবেন, সুতরাং একটা জেনারেল ইলেকশান করা গেল না (১), একটা ইলেকশনে নির্বাচিত হয়ে গেলে সেই নির্বাচন নাকচ করে দিলেন (২), আর ৩ নম্বর হচ্ছে, কোন সঙ্গত কারণে যদি নির্বাচন করা সম্ভব না হয় তাহলে উনি কতকগুলি লোক নিয়ে একটা কমিটি করতে পারবেন। কিন্তু সেই কমিটি কমিশনার হচ্ছে না, কমিশনারের পাওয়ার সমস্ত পাচ্ছে, তারা যে পাওয়ার পান। কমিশনারে যতই ফাংশান করুন তারা কমিশনার হচ্ছে না এবং কমিশনার হচ্ছে না বলে বডি পারপেচুয়াল কথাটার উপর ১৫ ধারাটা আমি আপনার সামনে পড়ে দিচ্ছি

There shall be established for each municipality a body of commissioners having authority over the municipality and consisting of such number of commissioners, not being more than thirty nor less than nine as the State Government may specify in the notification constituting the municipality. এটা ভেরী রেলেভেন্ট আপনি একটু লক্ষ্য করুন।

Such Commissioners shall be a body corporate by the name of the Municipal Commissioners of the place by reference to which the municipality is known, having perpetual succession and a common seal and by that name shall sue and be sued.

এই মিউনিসিপ্যাল কমিশনার এমন একটা সংস্থা যার পারপেচুয়াল সাকসেসান রয়েছে। উনি আজকে যদি এই তিনটি কারণে বোঝেন যে এই মিউনিসিপ্যালিটি আর চালানো যাচ্ছে না তাহলে উনি একটা কমিটি করে দেবেন। কমিটি যে মুহূর্তে করছেন সেই মুহূর্তে এই পারপেচুয়াল সাকসেসানে পড়ে গেল। উনি যদি এই আইন জানবার সঙ্গে সঙ্গে এই ১৫ ধারার সংশোধন করতেন তাহলে হয়ত আইনটাকে কনসিসটেন্ট আইন বলা যেত। যে মুহূর্তে এই সংশোধন আইন পাশ করে নেবেন সেই মুহূর্তে এটা হাইকোর্টে যাবে এবং সঙ্গে সঙ্গে বিদ্রূপাত্মক রিমার্ক সমেত এটাকে রিজেক্ট করা হবে। উনি দয়া করে যদি এই ১৫ ধারাটা পড়েন এবং ওর ডিপার্টমেন্টের অ্যাডভাইস যদি এখন গ্রহণ করেন তাহলে আমার মনে হয় এই বিলটি বন্ধ করলেও করা যেতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটা একটা প্রতিক্রিয়াশীল বিল এবং গণতন্ত্রকে কবর দেওয়ার জন্যই এর প্রস্তুতি। সেজন্য আমরা এর বিরোধিতা করছি এবং আমার বক্তব্য শেষ করার আগে আপনাকে একটা কথা বলে যাই। বহুদিন আগে ইংল্যান্ডের মহাকবি শেক্সপিয়ার একটা কথা বলে গিয়েছিলেন ফ্রেলটি দাই নেম ইজ উওম্যান।

স্যার, ও'দের যে ডাইনামিজম আছে তার মূলে কথা হল গতিশীলতায় সব কিছুর পরিবর্তন ঘটে। সুতরাং মহাকবি শেক্সপিয়ারেরর ঐ কথাটারও পরিবর্তন ঘটেছে ৪০০বছরে—আজকে ফ্রেলটি দাই নেম ইজ ওম্যান নয়, ঐ গতিশীলতার প্রভাবে আজ ঐ জিনিসটা ফ্রেলটি দাই নেম ইজ যুক্তফ্রন্ট হয়েছে। এই বলে আমি শেষ করছি।

**শ্রীসুবোধ গোপাল গুছায়েত:** মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই বিল যে উদ্দেশ্যে আনা হয়েছে আমাদের মাননীয় সংশিলষ্ট মন্ত্রিমহাশয় আগে তা বলেছেন এবং এই বিলটা যে পাশ করবার প্রয়োজনীয়তা আছে তার কারণও তিনি দেখিয়েছেন। আমিও এই বিলকে সমর্থন করছি তবে এর যে প্রভিসন্স রয়েছে তার মধ্যে কিছু ডিফেক্ট আছে বলে আমার মনে হয়- আমি সেগুলির প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি তিনি একটু বিবেচনা করে দেখবেন। প্রথমে সেকশন ৫৩(এ) যেটা ইনসার্ট করা হয়েছে তার উদ্দেশ্য হচ্ছে নাম্বার অব মেম্বারস যাঁরা ইলেকটেড হবেন- একজন বা একাধিক ব্যক্তি যদি কোন কারণে ইলেকটেড না হতে পারেন ডিউ টু দি অর্ডার অব দি কোর্ট ইত্যাদি তাহলে যাঁরা ইলেকটেড হয়েছেন তাঁরা বডি গঠন করবেন। এই সাবসেকসনে কোথাও প্রভিসন নেই যে তাঁদের সংখ্যা কম হলেও তাঁরা কাজ করতে পারবেন কিনা এবং কে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান হিসাবে কাজ করবেন। যদি বাই ইমপ্লিকেসন এটা ধরে নেওয়া হয় তাঁদের সংখ্যা ফুল নাম্বারের চেয়ে কম হলে যাঁরা রিপ্রেজেন্ট করবেন তাঁদের ২।৩-এর বেশী হলে তাঁরা চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ইলেক্ট করবেন তাহলে ডিফিকালটি হবে সাব সেকসন ৩ এতে বলা আছে যাঁরা ইলেক্টেড হবেন সাবসি-কোয়েন্টলি ইলেক্টেড হয়ে নাম পাবলিকেসনের পরে অফিস অ্যাসিউম করবেন তখন প্রশ্ন হতে পারে ৯ জন যদি ইলেক্টেড হয়ে থাকেন তাঁদের মধ্যে ৫।৭ ভোটে যদি ইলেকটেড হন, এখন নূতন যিনি আসবেন তিনি কার পক্ষে ভোট দেবেন তা কেউ জানে না—তাহলে কি আবার নূতন করে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ইলেকটেড হবেন? এ বিষয়ে এখানে কিছু বলা নেই। সেকসন ৫৬(এ) -তে বলা হয়েছে যতক্ষণ কোর্টের অর্ডারের দ্বারা ইলেকসন বন্ধ আছে ততক্ষণ সেম নম্বার অব মেম্বারস নমিনেট করে কমিটি ফর্ম করা হবে, তাঁরা কাজ করবেন কিন্তু মিটিং হলে কতজন-এ কোরাম হবে সেটার স্পেসিফিক্যালী কিছু বন্দোবস্ত নেই। এটার কারণটা ঠিক বুঝা যাচ্ছে না। নূতন ইলেকসন না হওয়া পর্যন্ত যখন কাজ করবেন তখন কেন সেম নাম্বার অব মেম্বারস করা হয়েছে, কেন সেখানে কম বেশী করা হল না তা বুঝতে পারছি না। আমার মনে হয় এইরকম প্রস্তাব থাকলে ভাল হয় যে নমিনেটেড মিনিমাম নাম্বার এই হবে, ম্যাক্সিমাম নাম্বার এই হবে। যাহোক আমি এই বিলকে সমর্থন করছি, তবে আমাদের মন্ত্রি-মহাশয় প্রিভিয়াস সেসনে আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটা কমপ্রিহেনসিভ লেজিস-লেসন আনা হবে, মিউনিসিপ্যাল অ্যাক্টে যে সমস্ত ডিফেক্ট আছে, মিউনিসিপ্যালিটির কাজ করার পক্ষে যে সমস্ত অসুবিধা আছে সেইসবগুলি দূর করার জন্য একটা কমপ্রিহেনসিভ বিল আনা হবে—জানি না সেটা কবে আনা হবে। আমার নিজের মনে হয় যে অবিলম্বে আনা উচিত। আমি এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি সব মিউনিসিপ্যালিটির কথা বলতে পারি না—আমি কনটাই মিউনিসিপ্যালিটির কথা জানি, সেখানে মেথরদের [illegible] কোন

ব্যবস্থা নেই, সেখানে ওয়াটার সাপ্লাই, ইলেকট্রিসিটি, রাস্তাঘাটের কোন ব্যবস্থা নেই। বৃষ্টিতে জলে ডুবে গেলে সেই জলকে কিভাবে সরানো যায় তার কোন ব্যবস্থা নেই। এই সমস্ত অসুবিধাগুলি যাতে অবিলম্বে দূর করা যায় এবং যাতে মিউনিসিপ্যালিটিগুলিকে আরো বেশী টাকা দেয়া যায় তার জন্য আমি আশা করি মন্ত্রিমহাশয় একটা কম্প্রিহেনসিভ লেজিলেসন আনবেন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করছি।

আমাদের বিরোধী পক্ষের একজন বলেছেন ৫৬ সম্পর্কে যে সম্পূর্ণ নমিনেটেড করে ডেমোক্রেসি-কে ধ্বংস করা হয়েছে। আমি বলতে চাই এটা একটা টেম্পোরারি মেজার, কোর্ট-এর অর্ডারের জন্য টেম্পোরারি মেজার হিসাবে এটা করা হয়েছে। অর্থাৎ যে মুহূর্তে নূতন বডি ইলেকটেড হয়ে গিয়ে তাদের ফাস্ট মিটিং করবে তখনই নমিনেটেড মেম্বারেরা অফিস ভেকেট করবে। এই কথা বলে আমি শেষ করছি।

[3-50 --4 p.m.]

**শ্রীসাধন গুপ্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই বিলকে সমর্থন করতে গিয়ে বিরোধীপক্ষের বক্তব্য শুনে আমার কেবল মনে হচ্ছে এই বিলের কতখানি প্রয়োজনীয়তা রয়েছে। আজ বিরোধীপক্ষের কাছ থেকে প্রচুর উষ্মা দেখতে পাচ্ছি এই বিলের বিরুদ্ধে। এই বিলে না কি গণতন্ত্রকে কবর দেওয়া হয়েছে। যাদের জনসাধারণ আস্তাকুড়ে নিক্ষেপ করেছে তাদের গণতন্ত্রের প্রতি এত ভক্তি দেখলে সাধারণভাবে সন্দেহ জাগে এবং বলব এ সন্দেহ জাগার যথেষ্ট কারণ আছে। এই বিলের বিরোধীতা যে তাঁরা করছেন সেটাতে গণতন্ত্রকে রক্ষা করার জন্য নয়, গণতন্ত্রকে হত্যা করার তাঁদের যে চক্রান্ত ব্যর্থ হতে চলেছে, সেই কারণে তাঁদের এত উষ্মা। এই বিলে বলা হয়েছে, যদি কোন কারণে নির্বাচন অনুষ্ঠান করা না যায়, যেমন কোর্টের অর্ডার তখন সরকারের তরফ থেকে মিউনিসিপ্যালিটির সদস্য হিসাবে মিউনিসিপ্যালিটির সমস্ত সদস্য মনোনীত করা হবে। বিরোধীপক্ষ থেকে প্রশ্ন উঠেছে সামান্য কিছু অংশ মনোনীত করতে গেলে আমরা যখন বিরোধীপক্ষে ছিলাম তখন তুমুল হৈ হট্টগোল করতাম—আজ কেন আমরা সমস্ত মনোনয়ন করতে যাচ্ছি? কিন্তু তাঁদের মনোনয়ন প্রথা কি ছিল? তাঁরা চাইতেন জনসাধারণের গণতান্ত্রিক রায়কে বানচাল করার জন্য, গণতান্ত্রিক জনসাধারণের প্রতিনিধিদের উপর একটা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য কিছু সংখ্যক লোককে তাঁরা মনোনয়ন করতেন। আমরা কি তাই চাই। আমাদের এই মনোনয়ন করার প্রয়োজনীয়তা কেন হয়েছে। মাননীয় সদস্য নরেশ চক্রবর্তী মহাশয় দেখিয়েছেন যে শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির নির্বাচনে যুক্তফ্রন্ট জয়ী হন, কিন্তু কেস করে সেই নির্বাচনকে আটক রাখা হল। অর্থাৎ জনসাধারণের রায়কে আটক রাখা হল। ওই রকম বহু নজীর আছে। বিরোধীপক্ষ কংগ্রেসের স্বভাবটা আপনি জানেন যে, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট হবার পর তাঁরা কিভাবে বাংলাদেশের জনসাধারণের রায়কে বানচাল করার জন্য কাজ করেছিলেন। যুক্তফ্রন্টের ৫ বৎসরের শাসন তাঁরা চলতে দেননি। ব্যাকডোর দিয়ে তাঁরা মন্ত্রীসভায় গিয়েছিলেন, কিন্তু রাখতে পারলেন না। তাঁদের চক্রান্ত ব্যর্থ হল এবং জনসাধারণ তাঁদের কি চক্ষে দেখলেন সেটা গত নির্বাচনে প্রমাণিত হয়ে গেছে। এই চক্রান্ত তাঁরা টাটা, বিড়লা, জমিদার, জোতদারদের স্বার্থে যুক্তফ্রন্টের বিরুদ্ধে করেছিলেন। এইভাবে তাঁরা বিধানসভাকে কুক্ষিগত করার চেষ্টা করেছিলেন। ঠিক সেই চক্রান্ত তাঁরা করেন প্রত্যেকটি মিউনিসিপ্যাল ইলেকশনে।

কংগ্রেসের তরফ থেকে বলা হয়েছে যে কংগ্রেস নাকি এডাল্ট ফ্রানচাইজ দিয়েছে মিউনিসিপ্যালিটিতে। আমরা সকলেই জানি ১৯৪৭ সালে কংগ্রেস স্বাধীনতা পেল এবং ১৯৬৫ সালের আগে কোন মিউনিসিপ্যালিটিতে এডাল্ট ফ্রানচাইজ ছিল না। অনেক চিৎকার করে, বিরোধীপক্ষ থেকে আন্দোলন করে আমাদের এই এডাল্ট ফ্রানচাইজ আদায় করতে হয়েছে কিন্তু এটা দেবার পর এই এডাল্ট ফ্রানচাইজের প্রতি কি ভক্তি সেটা বেহালায় দেখা গেছে। ১৯৬৫ সালে বেহালা মিউনিসিপ্যালিটির ইলেকসন হল কিন্তু আজ পর্যন্ত কেস করে সেই বেহালা মিউনিসিপ্যালিটিতে ঠেকিয়ে রাখা হয়েছে। আমি নিজে জানি আর একটি ঘটনা ব্যারাকপুর মিউনিসিপ্যালিটিতে ১৯৬৮ সালে ইলেকসন হল এবং কংগ্রেস শোচনীয়ভাবে পরাজিত হল, তখন

হাইকোর্টে একটি মামলা করে ইনজাংসন নিয়ে সাধারণ নির্বাচনের যে রেজাল্ট সেটা ঘোষণা করা বন্ধ রাখা হল। বন্ধ রাখা হল এবং ইনজাংসন চলতে লাগল এবং শেষ যখন এই কেসের শুনানী হবে সেদিন দেখা গেল কংগ্রেসের সমর্থক যারা এইভাবে ইনজাংসন দিয়ে বন্ধ রেখেছিলেন তারা কেসে উপস্থিত হলেন না। এর কারণ হচ্ছে তাঁরা জানতেন যে ফাইনাল কেসে তাঁরা জিততে পারবেন না। অবশ্য জেতা তাদের উদ্দেশ্য ছিল না, যে জনসাধারণ তাদের ত্যাগ করেছে সেই জনসাধারণকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে তাঁরা টিঁকে থাকতে চেয়েছিলেন। এই যে গণতন্ত্র সেই গণতন্ত্রকে কবর দেবার বিরুদ্ধে তাঁরা প্রতিবাদ জানাচ্ছেন। এর পর যদি বলা হয় জনসাধারণের নির্বাচিত প্রার্থীর বদলে মনোনীত প্রতিনিধি বসানো হচ্ছে তাহলে সেই গণতন্ত্রকে ৮০ হাত মাটির নীচে কবর দেব এবং বারবার মনোনীত প্রতিনিধি দেব।

[4—4-10 p.m.]

যে ক্ষেত্রে এঁদের গণতন্ত্র, জনসাধারণ প্রত্যাখ্যান করবে আর একটা মিথ্যা মামলা করে মিউনিসিপ্যালিটি দখল করে থাকবেন, এঁরা তাকেই বলবেন গণতন্ত্র। তাই উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের প্রতি আবেদন জানাতে চাই যে এই বিল পাশ করে যাতে আমরা তাদের গণতন্ত্রের সমাধি দিতে পারি। এই কয়টি কথা বলে আমি এই বিলকে সমর্থন জানাই।

এর সঙ্গে সঙ্গে আমি কংগ্রেসীদের জানাতে চাই যে আমাদের যে ক্ষমতা এর ব্যবহার হবে যেখানে জনসাধারণের রায়কে বানচাল করার জন্য অপচেষ্টা চলেছে, সেই অপচেষ্টার বিরুদ্ধে। জনসাধারণের রায়কে বানচাল করবার জন্য এই ক্ষমতার ব্যবহার হবে না যেমন তাঁরা করতেন। জনসাধারণের প্রতি বিশ্বাসঘাতকতা করাই তাঁদের স্বভাব। ইশাক সাহেব একটা প্রবাদ, শেক্সপীয়রের কথাকে কিছু পরিবর্তন করে বলেছেন, তিনি বলেছেন গতিশীল শেক্সপীয়রের কথার পরিবর্তন হয়েছে—ফ্রেলটি দাই নেম ইজ উওম্যান, গতিশীল শেক্সপীয়রের প্রবাদ নাকি পরিবর্তন হয়, কিন্তু যুক্তফ্রন্ট সরকার ফ্রেইল কিনা তার পরিচয় বার বার কংগ্রেস তরফ থেকেই এসেছে। সেদিন একটা মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়ে গেল উত্তর দমদম মিউনিসিপ্যালিটি, যোলটির মধ্যে পনরটি যুক্তফ্রন্ট, একটি কংগ্রেস। কাজেই কোথায় ফ্রেইলটি? পশ্চিমবঙ্গে এই রকম নানা জায়গায় নির্বাচন হয়েছে, কংগ্রেস-এর কি অবস্থা? তাঁরা কি দেখতে পাচ্ছেন? গতিশীলতার কথা পরিবর্তিত হয়ে ৪০০ বছরে ফ্রেইলটি দাই নেম ইজ উওম্যান হয়নি, এই ৪০০ বছরে কথাটি একেবারে সমস্তটাই পরিবর্তিত হয়েছে, ফ্রেইলটি দাই নেম ইজ উওম্যান, না হয়ে বিট্রেয়াল দাই নেম ইজ কংগ্রেস এই পরিবর্তন হয়েছে।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় স্বায়ত্তশাসনভার মন্ত্রিমহাশয় যে মিউনিসিপ্যালিটি বিল উত্থাপন করেছেন, আমি তা পুরোপুরি সমর্থন করছি। বিরোধীপক্ষ থেকে যে দুজন বললেন তাঁদের প্রত্যেকের কাছ থেকে ভীষণ রকম গণতন্ত্রের পুজোর কথা শোনা গেল। তাঁরা আজকে গণতন্ত্র সম্বন্ধে অত্যন্ত বেশী সজাগ হয়ে উঠেছেন। দুদিন আগে ১৯৬৭ সালে গণতন্ত্র চেতনা সম্পন্ন মানুষ রাজনৈতিক চেতনা সম্পন্ন মানুষের রায়ে যে সরকার বাংলাদেশের মানুষ তৈরী করেছিল, সেই সরকারকে বানচাল করবার জন্য সংবিধানকে ছুড়ে ফেলে দিতে যাঁরা সক্রিয় হয়েছিলেন, তাঁরাই আজকে কিন্তু গণতন্ত্রের কথা বলছেন। এটা শুনলে সব চেয়ে হাসি পায়। যাই হোক্ এ্যামেন্ডমেন্ট বিলে সেক্সন ৫০-তে যে যোজনার কথা বলা হয়েছে ৫০-এ, তাতে এটা পরিষ্কার যে গণতন্ত্রকে তো অস্বীকার করা হয়নি বরং গণতন্ত্রকে স্বীকৃতি দেওয়া হয়েছে। এজন্যই বলছি—কোন এলাকায় নির্বাচন হয়ে গেলে কোন কারণে যদি রেজাল্ট পাবলিশ করতে না পারা যায়, বা রেজাল্ট হেল্ড আউট রাখা হয়, সেক্ষেত্রে বাকী এলাকায় জনতা দ্বারা যে মিউনিসিপ্যালিটি কমিসনার্স নির্বাচিত হলেন তাঁরা কেন কাজ করতে পারবেন না? এটা কোন্ ধরণের গণতন্ত্র? পুরাণো বডিই কাজ করে যাবে যে বডি জনসাধারণের আস্থা হারিয়েছে, সেই বডিই কাজ করে চলবে যতদিন না হাইকোর্ট রায় প্রকাশ করবে এটা কেমন কথা? এইভাবেই যদি ৫/৭ বছর চলে? এটা কি ধরণের গণতন্ত্র বুঝতে পারি না। এখানে বলা হয়েছে যে যদি এক-তৃতীয়াংশের নির্বাচন কোর্টের অর্ডারে নাকচ করে দেওয়া হয়, তাহলে বাকী যে দুই-তৃতীয়াংশ মিউনিসিপ্যাল কমিশনার্স তাঁরাই মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিষ্ট্রেশনের কাজ করে যাবেন। সেটা তো

মেজরিটির প্রতি ডিউ রিগার্ড বা সম্মান দেখান হয়েছে। সেটাই তো গণতন্ত্র, তাছাড়া এটাকে আর কিছু বলা যায় না। কমিটি ফর্মেশন সম্পর্কে আমাদের সাত্তার সাহেব বলতে গিয়ে বলেছেন, আদর্শ হিসাবে বৃটিশ এ্যাডমিনিস্ট্রেশনের কথা তুলেছেন, আজকে তাঁরা বৃটিশ এ্যাডমিনিস্ট্রেশনের লীগেসী বহন করে চলেছেন, কাজেই তাঁরা যে বৃটিশ এ্যাডমিনিস্ট্রেশন সিস্টেমকেই উদাহরণ হিসাবে এখানে প্লেস করবেন এটা ধরে নেওয়া যেতে পারে। এবং এটা পরিষ্কার যে এটা একটা ষ্টপ গ্যাপ এ্যারেঞ্জমেন্ট হিসাবে বিল উত্থাপন করা হয়েছে, যতদিন পর্যন্ত না কোর্টের রায়-এর ফয়সলা না হচ্ছে ততদিন এটাই ষ্টপ গ্যাপ এরেঞ্জমেন্ট হিসাবে চালু থাকছে, এটা কোন স্থায়ী কাজ নয়, সুতরাং এতটা চিন্তা করার কারণ নাই। মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিস্ট্রেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পুরোপুরি এ্যাডমিনিস্ট্রেশন চালু না হওয়া পর্যন্ত আমলাতন্ত্রের হাতে ছেড়ে দেওয়াটা ঠিক নয়, আমলাতন্ত্রের প্রতি আমরা যারা যুক্তফ্রন্টে আছি তেমন শ্রদ্ধাশীল নই বলে একজনের হাতে সমস্ত ক্ষমতা থাকবে এটা চাইছি না। সেখানে ১২ জন কি ১৪ জন কি ১৫ জন যত সংখ্যক নির্বাচিত প্রতিনিধি থাকবেন মিউনিসিপ্যাল কমিশনার হিসাবে তাঁদের হাতে ক্ষমতা দেওয়া একজন আমলাতন্ত্রের হাতে ক্ষমতা দেওয়ার চেয়ে ভাল ব্যবস্থা হবে না, এটা মনে করার কোন কারণ নেই। সেজন্য আজকে যে ব্যবস্থা চালু করার জন্য এই বিল উত্থাপন করা হয়েছে, সেটাকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই সংশোধিত বিল যা এখানে মাননীয় মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত করেছেন তা সমর্থন করছি এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি শুধু এই বিলের জন্য অভিনন্দন জানাচ্ছি তা নয় অন্তত আমার যে পৌরসভা যেখানে প্রায় তিন লক্ষ লোকের বাস সেই বেহালা মিউনিসিপ্যালিটি মাননীয় সাধন গুপ্ত মহাশয় যার কথা এখানে উল্লেখ করেছেন আমি সেই মিউনিসিপ্যালিটির নাগরিকদের পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। স্যার আপনি জানেন যে এই হাউসে বার বার আলোচনা হয়েছে এই পৌরসভা সম্পর্কে। ১৯৬৫ সালে বাংলাদেশের অন্যতম বৃহত্তম পৌরসভা যার নির্বাচন হলো, একটা ওয়ার্ডে যেখান থেকে আমি জেল থেকে নির্বাচিত হয়েছিলাম। মিউনিসিপ্যালিটির আইনে যে ধারা কংগ্রেসী আমলে ১৯৬৩ সালে সংশোধন হয়েছিল—গণতন্ত্রের কথা ইশাক সাহেব বলেন ওঁর গণতন্ত্র একটু বোঝা দরকার—উনি কি জানেন না ১৯৬৩ সালে নির্বাচন হবার জন্য যে অধিকার বাংলাদেশের মানুষ অর্জন করেছিল সেই অধিকারকে কিভাবে তাদের রাজত্বে, কংগ্রেসী একচেটিয়া রাজত্বে কিভাবে আইনকে সংশোধন করে মিউনিসিপ্যালিটির গণতন্ত্রকে খর্ব করা হয়েছিল, হত্যা করা হয়েছিল। আজ কে গণতন্ত্রের কথা চীৎকার করছেন, বোঝা যাচ্ছে তিনি খুব চটেছেন। চটবেনই তো। তাঁরা মনে করেন সরকারের আমলা একজন অফিসার তাঁদের দিয়ে কাজ করা তাঁদের দিয়ে তাঁরা গণতন্ত্র রক্ষা করতে চান। কিন্তু যেখানে সংশোধনের মাধ্যমে অন্ততঃ একটা কমিটির মাধ্যমে—জনসাধারণ থেকে একটা কমিটি করে দিয়ে সেখানকার মিউনিসিপ্যালিটির কিছু সমস্যা সমাধান করার চেষ্টা যা এই বিলের মধ্যে করা হয়েছে তাও সাময়িকভাবে যতক্ষণ না কোন বিভিন্ন টেকনিক্যাল কারণে মামলা ইত্যাদির মধ্য দিয়ে যদি নির্বাচিত সদস্যরা কাজ করতে সুযোগ পান ততক্ষণ পর্যন্ত একটা কমিটি করে দেবেন। কোন একজন অফিসার চালালে সেটা গণতন্ত্র রক্ষা করে, মিউনিসিপ্যালিটির একটা কমিটির মারফত চললে অন্ততঃ গণতন্ত্র কিছুটা তার মধ্য দিয়ে প্রতিফলন করা যায়। সাত্তার সাহেবের গণতন্ত্রের মহিমা বোঝা মুস্কিল। ওঁরা ২০ বছর বুঝিয়েছেন যার ফলে তাঁরা এই বিধানসভায় এক কোণে বসেছেন। এইভাবে যদি গণতন্ত্র রক্ষা করতে চান তাহলে বাংলাদেশ থেকে একেবারে বঙ্গোপসাগরের মধ্যে গিয়ে পড়তে হবে। যাই হোক, আমি যেটা বলতে চাই এখানে সংশোধনী বিলটা এসেছে, অন্ততঃ সেইসমস্ত পৌরসভা যেমন আমাদের বেহালা পৌরসভার জীবনে একটা বিরাট সমস্যার সমাধানের পথে যাচ্ছে। কিন্তু স্যার, একটা কথা এখানে বলছি যে আইনের বলে, যে ধারা বলে পৌরসভার নির্বাচনকে হাইকোর্টের ইনজাংকসানের আওতায় করে রাখা হল সেই আইনটা বিধানসভায় সংশোধন হয়ে গেছে, সেটা বাতিল হয়ে গেছে অথচ পৌরসভা থেকে মামলা এখনও বাতিল হল না, সেটা এখনও রইল। সেইভাবে আমরা জানি যে কোন উদ্দেশ্য নিয়ে শাসকদল পৌরসভার শাসকদল তাঁরা যদি মনে করেন কোন ব্যক্তি বিশেষকে যাতে চেয়ারম্যান ইত্যাদি বা কোন এগজিকিউটিভ পাওয়ারে না আসতে পারে তার বিরুদ্ধে যদি কোন রকমে একটা

মামলা-মোকদ্দম করে রাখতে পারেন তাহলে একজন সদস্য এখানে উল্লেখ করেছেন যে ৯ জন সদস্যের হয়ত ৫ জন এবং ৪ জনের ভোটে নির্বাচিত হলেন চেয়ারম্যান এবং যারা একজন বা দুজন হয় বিভিন্ন আইনের মারপ্যাঁচে ইনজাংকসানের আওতায় পড়ে তারা কমিশনার অব বোর্ডে উপস্থিত হতে পারলেন না ভোটিং-এর সময় তাঁদের আটকে দেওয়ার একটা পন্থা। কায়েমী স্বার্থে প্রতিক্রিয়াশীল শক্তি যে কেন মানুষকে এইরকমভাবে আটকে রাখতে পারে। সেজন্য স্যার, আমার সাজেসান হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে যদিও মিউনিসিপ্যালিটির বাজেট আলোচনার সময় মাননীয় মন্ত্রিমহাশয় কিছু বলেছিলেন যে আজকে এই সমস্যার সমাধান শুধু একটা আইনের এইভাবে ধারা পরিবর্তন করে বা সংশোধন করে সমাধান করা যাবে না। পৌরসভার যে মামলা মোকদ্দমা সে সম্পর্কে যে ট্রাইব্যুনাল ইত্যাদির কথা সেটা তিনি আলোকপাত করেছিলেন। আমার মনে সেই সম্পর্কে যদি খুব দ্রুত এই সাথে ব্যবস্থা না করা যায় তাহলে মামলার ঝামেলা এবং তার ফলে নাগরিক অধিকার এবং দেশের মানুষের নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে যে কাজ করবার অধিকারটুকু তাঁরা অর্জন করেছেন সেটা পুরোভাবে ব্যহত হবে। তাই আমি বলবো যে এই আইন সংশোধন করার সাথে সাথে পৌরসভার খুঁটিনাটি বিষয় নিয়ে যে সব মামলা হয় এইগুলি যাতে না হতে পারে তার জন্য এই মিউনিসিপ্যাল এ্যাক্টের কমিটি নিশ্চয়ই তাঁরা দেখবেন। সাথে সাথে এই সম্পর্কে একটা ট্রাইব্যুনালের কথা বলছি যেমন ট্রাইবুনাল ইলেকশন পরিচালনার জন্য, সাধারণ নির্বাচন, লোকসভার নির্বাচন ইত্যাদিতে তার মামলা দ্রুত পরিচালনা করার জন্য আছে সেইরকম পৌরসভার ক্ষেত্রেও এই রকম ট্রাইব্যুনাল করার প্রস্তাব আমি এখানে রাখছি। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

**Mr. Deputy Speaker:** Honourable members, the time that was allowed for discussion of this Bill was one hour, and that is going to be over. So, I take the sense of the House that I want to extend one hour for discussion of this Bill and I hope the House will agree for extending the time originally allotted for the discussion of the Bill.

**Dr. Zainal Abedin:** I agree with it.

**Mr. Deputy Speaker:** With the consent of the House I extend one hour for discussion of the Bil.

Now, I call upon Shri Padmalakshmi Subba.

**Shri Padmalakshmi Subba:** Mr. Deputy Speaker, Sir, I fully support the Bengal Municipal (Second Amendment) Bill, 1969 introduced in the House by the Hon'ble Minister, Shri Somnath Lahiri. Besides, I would like to draw Hon'ble Minister's attention to some lacunae in the Bengal Municipal Act. Both Municipality and Panchayat are organs of the Local Self-Government dealing, the former viz., the Municipality, with the urban business and the latter with the rural business. But some power hungry—power crazy—persons manage to get elected from both, i.e., the Municipality and the Panchayat. Mr. Deputy Speaker, Sir, let me give a concrete example. In the last Municipal election at Kalimpong three persons, viz., Mr. P. R. Prodhan, President, Zilla Parishad, Mr. Rustom Ali, Vice-President, Anchalik Parishad and Mr. B. P. Pandey, Anchal Pradhan, managed to get elected in the Kalimpong Municipality. I think these persons should have known fully that under clause 22 of the Bengal Municipal Act there should not be double franchise but these persons managed to get elected. When our vigilant citizens of Kalimpong put formal objection to the election of Mr. P. R. Prodhan, he withdrew his name from the municipal list, i.e., the urban list. Even then he is continuing to be a Commissioner of Kalimpong Municipality. Mr. B. P. Pandey withdrew his name from the Panchayat list but he is continuing to be the Commissioner. But with regard to Rustom Ali, he was quite fortunate

enough as the vigilant citizens did not put any formal objection to his election. So, I would request the Hon'ble Minister to bring about some amendment to do away with these irregularities in double franchise.

Thank you.

**শ্রীগোপাল বসুঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই সংশোধনী খুব সময়োপযোগী হয়েছে, এটাকে আমরা নিশ্চয়ই সমর্থন করব। বিরোধী পক্ষ থেকে যে কথা বলা হয়েছে সেটা এর অপব্যাখ্যা ছাড়া আর কিছু নয়। বিলের এই সংশোধনীটুকু দিয়ে গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করা যাবে না কিন্তু অগণতান্ত্রিক যে ব্যবস্থাগুলি চলেছে তা কিছুটা রোধ করা যাবে এবং গণতন্ত্র যদি প্রতিষ্ঠিত করতে হয় তাহলে লক স্টক এন্ড ব্যারেল মিউনিসিপ্যাল এ্যাক্টের পরিবর্তন করতে হবে। এখন সেই রকম একটা পরিবর্তনের কথা এর আগেও হয়েছিল, এখন এটা সিরিয়াসলি নেওয়া হয়েছে। কাজেই সাধনবাবু ব্যারাকপুর মিউনিসিপ্যালিটির কথা বলেছেন, সেখানে অগণতান্ত্রিক পন্থায় যাদের আস্তাকুড়ে ফেলে দেওয়া হয়েছে, তার কিভাবে আঁকড়ে ধরে ছিল। সেটা আমি ব্যারাকপুর কেন কয়েকটি মিউনিসিপ্যালিটির নাম বলতে পারি, সেখানে পুরান যারা পরিত্যক্ত তারা কিভাবে মামলামোকদ্দমার মাধ্যমে আঁকড়ে ধরে ছিল। যাই হোক, সেই কথায় যাব না সময় অল্প, শুধু একটা কথা বলি যে মিউনিসিপ্যাল আইনে বিশেষ করে রুলে একটা জিনিস আছে যে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান, তাঁরা নিজেদের যাতায়াত ইত্যাদি খরচের জন্য ৫০ টাকার বেশী খরচ করতে পারবেন না। ভাইস-চেয়ারম্যান যে খরচ করবেন সেটা চেয়ারম্যান মঞ্জুর করতে পারবেন কিন্তু চেয়ারম্যান যে খরচ করবেন তার জন্য এ ডি এম কিংবা কমিশনারের মঞ্জুরি তাঁকে নিতে হবে। এই ব্যবস্থা একেবারে অচল, এই ব্যবস্থা তুলে দেওয়া উচিত। প্রথমতঃ টাকার যে অংক ৫০ টাকা নির্দিষ্ট ছিল এখন সেই টাকার অংকটা বাড়ান দরকার, ১৫০ হোক, ২০০ হোক একটা রিজনেবল এ্যামাউন্ট করা দরকার। কারণ, একটা রিক্সায় চড়তে গেলে ৮ আনার কমে রিক্সায় চড়া যায় না। কাজেই একটা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের কত রকমের খরচ আছে, তাঁর যাতায়াতের খরচ আছে, মিউনিসিপ্যালিটি যদি একটা মিটিং ডাকে তার চা খাওয়ার খরচ পর্যন্ত দেওয়ার উপায় নেই। যদি কোন ভদ্রলোকদের ডাকে বা নাগরিকদের যদি ডাকে যে আমি মিটিং করব আপনারা আসুন তাহলে সেখানে চা খাওয়ার খরচ দেওয়ার তাঁর উপায় নেই। সেজন্য এই রুল পরিবর্তন করা দরকার। একজন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে তাঁর টাকার মঞ্জুরির জন্য যেতে হবে একজন আমলার কাছে, এ ডি এম, কমিশনারের কাছে। কেন? একজন নির্বাচিত চেয়ারম্যান তাঁর সম্মান, তাঁর পজিসান নিশ্চয়ই একজন এ ডি এম, কমিশনারের চেয়ে কম নয়। সুতরাং এটা অত্যন্ত ডেরোগেটরি সিসটেম, এটাকে পরিবর্তন করে দেওয়া উচিত। আমি অবিলম্বে দাবি করছি যে এই যে অপমানজনক রুল মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যানের উপর এখনও রয়ে গেছে অবিলম্বে এই রুল পরিবর্তন করা হোক, টাকার পরিমাণ বাড়িয়ে দেওয়া হোক এবং চেয়ারম্যানের টাকাটা যাতে মিউনিসিপ্যালিটির নির্বাচিত কমিশনাররা স্যাংকসান করতে পারেন সেই রকম ব্যবস্থা করা হোক, আমলাতন্ত্রকে দিয়ে নয়। এই কথা বলে আমি এই সংশোধনকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করছি। আমার আগে দুজন বক্তা আমাদের তরফ থেকে কারণগুলি ভাল করে বলে গেছেন, আমারও কতকগুলি কৌতুহল আছে, সেগুলির জবাব পেলে খুসী হব।। জেলা পরিষদ যখন সুপারসিড করে ডিজলভ করেন তখন বলে দিয়েছিলেন এ্যাডমিনিষ্ট্রেটর, এগজিকিউটিভ সেখানে দায়িত্ব নেবেন, কিন্ত আজকে অস্থায়ী ব্যবস্থা হিসাবে একটা বিল আনছেন কমিশনার এ্যাপয়েন্ট করার, সেখানে সেই ব্যবস্থাটা চালু থাকতে পারল না কেন? আর একটা কথা, সেকসান এ, ক্লজ ৩, ২ নম্বরে বলছেন মিউনিসিপ্যাল এ্যাক্টের সেকসান ২২-তে যারা ডিসকোয়ালিফায়েড হবে তারা এ্যাপয়েন্টেড হতে পারবে না। কিন্ত কোথাও বলছেন না যে যারা কমিশনার হবেন তাঁদের বিশেষ এই এই যোগ্যতা থাকবে। সেকসান ২০ অব দি বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুযায়ী যাদের ডিসকোয়ালিফিকেসান আছে তাদের আপনি নিষেধ করছেন কিন্ত কি কি পজিটিভ কোয়ালিফিকেসান থাকবে সেকথা আপনি বলছেন না।

[4-20—4-30 p.m.]

এই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই কৌতুহল প্রকাশ করছি জানবার জন্য, এরা কারা হবে? কোথা থেকে আসবে? একথা কি ঠিক পার্টীর যারা বেকার, যারা মন্ত্রিত্ব পায়নি, তাঁদের পুনর্বাসনের জন্য কি এই ব্যবস্থা করা হচ্ছে?

মাননীয় প্রবীণ সদস্য শ্রীসাধন গুপ্ত বারে বারে বলেছেন, তাঁরা ভোটের জোরে আমাদের নাকি আঁস্তাকুঁড়ে ছুড়ে দিয়েছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, তাঁরা কতজন এসেছেন, এবং আমরা যে ৫৫ জন এসেছি, কারা কত ভোট পেয়ে এসেছি, সেটা কি তিনি একটু ভাগ করে দেখেছেন? শোনা যায় যুক্তফ্রন্টের অগ্রগতি হয়ে চলে যাচ্ছে! এ যেন একটি ম্যারেজ অফ কনভেনিয়েন্স, অর্থাৎ যখন প্রয়োজন হয়, ৭ দিনের জন্য, ১০ দিনের জন্য বা এক মাসের জন্য বিয়ে হয়। দমদমে দেখছি তাঁরা একসঙ্গে মিলে গেছে। আবার কৃপাসিন্ধুবাবুর ওখানে দেখছি যুক্তফ্রন্ট নাই, সেখানে দেখছি একে অন্যের মাথায় বাড়ি দিচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ'দের কাছে যুক্তফ্রন্ট বলে কিছু নাই। তাতে এদের লজ্জাও হয় না। এতটা ভণ্ডামি তাঁরা করতে পারেন? এ'রা একটা গণতান্ত্রিক বডিকে এই রকম স্বৈরাচারী প্রতিষ্ঠানে পরিণত করতে পারেন? তার চেয়ে বরং বলুন যুক্তফ্রন্ট বলে কিছু নাই। এ'দের মূল নীতি হচ্ছে সুবিধাবাদী। ম্যারেজ অফ কনভেনিয়েন্স-এর নীতি হচ্ছে তাঁদের নীতি। মিঃ গুপ্ত বিপ্লবী দলের সদস্য, তাঁর মুখে গণতান্ত্রিক পাওয়ারের কথা খাটে না। এই কনস্টিটিউসন এই শপথ ইত্যাদি নিয়ে এই নির্বাচনের মাধ্যমে এসে গলাবাজি করছেন। এ'দের রূপ দিন দিন ঘণ্টায় ঘণ্টায় পরিবর্তন হয়। যুক্তফ্রন্টের দৌরাত্ম্য এদেশের মানুষ বার বার জেনেছে। আপনি জানেন স্যার, এ'রা নির্বাচনের কথা বলেন, এ'দের কাছে নির্বাচন মানে বোমাবাজি, নির্বাচন মানে লাঠি, নির্বাচন মানে বাড়ী ইত্যাদি লুঠ। আমরা তাঁদের নির্বাচনে বাধা খেতে যাইনি কোথাও, অথচ তাঁরা নির্বাচনের পরে নিরীহ লোকজনের বাড়ীঘরে এবার চড়াও করতে গেল কেন? এ'দের কাছে গণতন্ত্র মানে রিভলবার নিয়ে, তলোয়ার নিয়ে দাঁড়িয়ে থাকবে গুণ্ডারা। এ'দের পুরস্কার হিসেবে কোর্টে লিগ্যাল রেমিডি চাইতে হয়। তাদের পুনর্বাসনের জন্য এই বিলে তার বিধান রাখা হয়েছে।

আপনি জানেন স্যার, কলকাতা কর্পোরেশনের নির্বাচন হলো, সেখানে কলকাতার মত জায়গায় সেখানে সকলে রাজনীতিসচেতন দায়িত্বশীল নাগরিক, তাঁরা ৩০ পারসেন্ট বা ৩৫ পারসেন্ট-এর বেশী ভোট দিতে পারলো না। নিশ্চয়ই এটা তাঁদের গুণ্ডামির জন্য। এই গুণ্ডামি যদি তাঁদের জয়যাত্রা হয়, তাহলে সেই জয়যাত্রা তাঁদের এসেছে। তাঁদের এই দৌরাত্ম্য বন্ধ করতে বাংলার মানুষ জানে। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি ও আমার বক্তব্য শেষ করছি। *

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আমি অ্যামেন্ডমেন্ট মুভ হবার পরে বলবো।

The motion of Shri Somnath Lahiri that the Bengal Municipal (Second Amendment) Bill, 1969, be taken into consideration was then put and a division taken with the following results:—

AYES 102

Abdul Haque, Shri
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash

Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Besterwitch, Shri A. H.
Bhattacharyya, Shri Satyapada
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chakravorty, Shri Nares Chandra
Chattoraj, Dr. Radhanath
Choudhury, Shri Soroshi
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Paresh
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Gupta, Shri Pannalal
Das Mahapatra, Shri Balailal
Dhara, Shri Sushil Kumar
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Mahiuddin, Shri
Guha, Shri Bikesh Chandra
Gupta, Shri Sadhan
Haldar, Shri Kuber Chand
Hansda, Shri Jagatpati
Harun Ur Rashid, Shri
Hicks, Shri Clifford
Kalimuddin Shams, Shri
Khan Nasiruddin, Shri
Khan, Shri Sukhendu
Konar, Shri Benoy Krishna
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Kuiry, Shri Daman Chandra
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Maji, Shri Pannalal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Kalipada
Mandal, Shri Sachindra Nath
Mandal, Shri Subal Chandra
Maulick, Shri Kumarish Chandra
Misra, Shri Ahindra
Mitra, Dr. Sunil Kumar

Mohammad Salimuddin, Shri
Mohammed Amin, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Padmalakshmi Subba, Shri
Pahari, Shri Bibhuti
Panda, Shri Mohin Mohon
Pramanik, Shri Abinash
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Deo Prakash
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Brajendra Nath
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Sasthidas
Sen Gupta, Shri Tarun Kumar
Singh, Shri Sudarson
Sinha, Shri Suresh Chandra
Soren, Snri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

**NOES 24**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Prasenjit
Bhagat, Shri Budhu
Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Mahata, Shri Debendra Nath
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budheswar
Mohammad Idris Ali, Shri
Mondal, Shri Amarendra
Mukherjee, Shri Nirmal Kumar

Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Birendra Nath
Roy, Shri Nepal Chandra
Sen, Shri Prafulla Chandra
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 102 and the Noes 24, the motion was carried.

[4-30—4-40 p.m.]

**Clauses 1 and 2**

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that in clause 3, in sub-section (1) of the proposed section 56A, the words "preventing the holding of a general election of Commissioners in the municipality or setting aside such election" be omitted.

মাননীয় সভাপাল মহাশয়, এটা একটা ছোট্ট এ্যামেণ্ডমেন্ট। আপনি দেখবেন যে ক্লস ৩'তে এর আগে ঠিক ক্লস ২(বি)তে যে রকম ভাষা আছে, সেখানে আছে--বাই রিজন অব দি অর্ডার অফ এ কোর্ট অর ফর এনি আদার রিজন, এখানে এই ক্লস ৩-তেও আমি সেই রকম ভাষা রাখতে চাইছি যাতে অনর্থক কোর্টের সামনে কতকগুলি মামলা করে লিগ্যাল কমপ্লিকেসান না হয়। এই উদ্দেশ্য নিয়ে আমি আমার ছোট্ট অ্যামেন্ডমেন্টটি এখানে উপস্থিত করলাম, আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এই সংশোধনী প্রস্তাব বা অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

**শ্রী এ কে এম ইশাকঃ** মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে কোর্ট থেকে যে ইনজাংসান দেওয়া হয় তার নানারকমের রকম থাকে। নেগেটিভ ইনজাংসান হতে পারে, পজিটিভ ইনজাংসান হতে পারে, ম্যানডাটরি ইনজাংসানও হতে পারে। একটা মিউনিসিপ্যালিটিতে ইনজাংসান এই ফর্মেও আসতে পারে যে এই মিউনিসিপ্যালিটিটি ফাংসান করবে। ধরুন এই ধরনের যদি একটা ইনজাংসান হয় আদালত থেকে এবং আজ যে বিল ও'রা নিয়ে এসেছেন এই বিল যদি এই হাউসে পাশ হয়ে যায় তাহলে একটা সংঘাত ঘটবে আইনের সঙ্গে এই বিলের ক্লসের সঙ্গে এবং আদালতের ক্ষমতার সঙ্গে। স্যার, এ'রা এই সংঘাত ইচ্ছা করেই ঘটাবার চেষ্টা করছেন। আমরা এই জন্য এখনও পর্যন্ত সাজেসান্স দিচ্ছি যে এই যে ক্লস থ্রিটা এনেছেন এই ক্লস থ্রিটা শুধু গণতন্ত্র বিরোধী নয়, এটা কোর্টের নরম্যাল ফাংসানিং-এর পক্ষেও অসুবিধা-জনক হবে। তা ছাড়া স্যার, এর মধ্যে যে অসারতা আছে সেটা ও'রা নিজেরাই প্রমাণ করেছেন। কারণ এখনও পর্যন্ত হাউসে সেকেন্ড রিডিং পার হল না, সরকারের তরফ থেকেই ও'রা সংশোধনী আনতে বাধ্য হয়েছেন। কাজেই আমি বলি, যখন সরকারের তরফ থেকেই সংশোধনী আনতে বাধ্য হয়েছেন তখন আর এক ধাপ এগিয়ে গিয়ে সত্যটাকে স্বীকার করে নিয়ে এই প্রগতিশীল বিরোধী প্রতিক্রিয়াশীল আইনটা ও'রা প্রত্যাহার করুন, এই বলে আমি শেষ করছি।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** মাননীয় সভাপালমহাশয়, যে সমস্ত যুক্তি উঠেছে বিশেষ করে বিরোধীপক্ষ থেকে আমার মনে হয় তাতে তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য যা আছে তা তো আছেই, তার মধ্যে আমি আপাতত যাচ্ছিনা, তবে কতকগুলি বিষয় সম্বন্ধে তাঁরা সম্ভবতঃ জানেন না বলেই অহেতুক আতঙ্কিত হয়েছেন। কারণ এই বিলে আমরা যে ব্যবস্থা করেছি তাতে গণতন্ত্র

ক্ষতিগ্রস্ত হবার কোনই সম্ভাবনা নেই, বরং গণতন্ত্র যাতে কিছু পরিমাণেও ক্ষতিগ্রস্ত না হতে পারে তারই একটা ইনটারিম্ ব্যবস্থা আমরা এই বিল মারফত করবার চেণ্টা করেছি। সেটা কি তা পরে বলছি। এখন বিরোধীপক্ষ যে কথা বলেছেন তা হল, যদি নির্বাচনের পরে সেই নির্বাচনের ফলস্বরূপ নির্বাচিত কমিশনাররা আসন গ্রহণ করতে না পারেন কোন কোর্টের অর্ডার ইত্যাদির দ্বারা তাহলে ৪ বছর বা ৫ বছর আগে যাঁরা নির্বাচিত হয়েছিলেন এবং যাঁরা পরবর্তীকালে হয়ত নাকচ হয়ে গিয়েছেন তাঁদেরকেই কনটিনিউ করতে দেওয়া উচিত, এরই নাম নাকি গণতন্ত্র, এই হচ্ছে ও'দের মোদ্দা কথা। কিন্তু সেই বক্তব্য যুক্তি হিসাবে তার সারবত্তা থাকুক বা না থাকুক তথ্যের দিক দিয়ে তাঁরা কতকগুলি জিনিষ বোধহয় লক্ষ্য করেন নি। আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি। ধরুন, বাঁশবেড়ে মিউনিসিপ্যালিটি, ১৯৬৪ সালে তার নির্বাচন হয়েছিল। ১৯৬৪ সালে, তার নির্বাচন হয়েছে তার মানে ৫ বছর আগে নির্বাচন হয়ে গিয়েছে। অর্থাৎ তারও আগে যাঁরা ছিলেন তার ৪ বছর, অর্থাৎ ৯ বছর আগে তাঁরা নির্বাচিত হয়েছিলেন।

পরে ১৯৬৪ সালে নির্বাচন হল এবং নূতন সভ্যরা নির্বাচিত হলেন। কিন্তু কোর্টের অর্ডার অনুসারে নূতন বোর্ড আসতে পারল না। তখন ইশাক সাহেব যা চেয়েছেন সেই অনুসারে যারা ৯ বছর আগে নির্বাচিত হয়েছিলেন, যাদের স্থানীয় জনসাধারণ রিজেক্ট করেছেন, ৪ বছর পুরো তারা কনটিনিউ করলেন বোর্ড হিসাবে। কিন্তু সে জিনিস-এ ইশাক সাহেবের যত ভাল লোক, পুরানো বন্ধুরা নির্বাচনে হারা সত্ত্বেও ৫ বছর রাজত্ব করে যেতে পারছেন সেখানে গণতন্ত্রকে রক্ষা করার জন্য তাঁদের যতই আগ্রহ থাকুক। কিন্তু জিনিসটা এতই অবাস্তব যে সেখানকার সাধারণ মানুষের কাছে সেই বোর্ডের পুরানো সদস্যদের কমিশনার হিসাবে পরিচয় দেওয়া কঠিন। গণতন্ত্রের কথা মুখে বললেই হয় না, লোকের কাছে গিয়ে বোঝাতে পারতে হবে। সেখানে মেম্বারের পক্ষে বোঝান সম্ভব রইল না যে আমরা নির্বাচিত গণপ্রতিনিধি। সুতরাং তারা কি করলেন, তারা রেজিগনেসন দিলেন, সকলে দিতে বাধ্য হলেন। কারণ, তাদের অগণতান্ত্রিক চেহারা এতই পরিস্ফুট নিজেদের কাছে যে তার কনটিনিউয়েসনে নিজেদের পক্ষেই সফল হল না, যদিও আইনের দিক থেকে কোন বাধা ছিল না বা সরকার তাদের সেখান থেকে অপসারিত করেন নি। কিন্তু তারা নিজেরা পদত্যাগ করলেন। তখন আমরা কি করবো? ধরুন, তখন আমরা একজন সরকারী একজিকিউটিভ অফিসার অথবা এ্যাডমিনিস্ট্রেটরকে সেখানে বসিয়ে দিলাম। আর কি করতে পারি? আমরা এই বিলে যা এনেছি যে এই রকম অবস্থায় যেখানে নির্বাচিত প্রতিনিধিরা আসন গ্রহণ করতে পারছেন না সেখানে একজন সরকারী আমলা গিয়ে শাসন করার চেয়ে বরং স্থানীয় লোকদের মধ্যে থেকে প্রতিনিধি স্থানীয় লোকদের নিয়ে সরকার একটা কমিটি করে দিলেন, এটা পূর্ণ গণতন্ত্র হল না নিশ্চয়ই কিন্তু একজন আমলা গিয়ে পূর্ণ একনায়কত্ব করার চেয়ে কিছু সরকার মনোনীত স্থানীয় লোক ঢের ভাল। সরকার একেবারে বুদ্ধিহীন নয়, সরকারের জনসাধারণের প্রতি আস্থা আছে এবং সে হিসাবে তাদের একটা দায়িত্ব তাদের আছে। সুতরাং তারা কিছু পরিমাণে জনসাধারণের প্রতিনিধিত্বে স্থানীয় লোক নির্বাচিত করবেন মনোনীত করবেন। একজন আমলার তুলনায় সে কমিটি অপেক্ষাকৃত গণতান্ত্রিক হবে। এই অবস্থায় আমরা কি করতে পারি যদি এই বিল না নিই? সেটা ইশাক সাহেব জেনেশুনে সম্ভবতঃ বলতে পারলেন না। আর একটা উদাহরণ দিচ্ছি। শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির কথাই ধরুন। শিলিগুড়ি মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়েছিল সেই ১৯৬৪ সালে ৫ বছর আগে অর্থাৎ তার ৪ বছর আগে যারা প্রতিনিধি ছিলেন তাদের নাকচ করে ১৯৬৪ সালে নূতন সভ্যরা নির্বাচিত হলেন। কিন্তু মামলা হল। ফলে নূতন সভ্যরা আসন গ্রহণ করতে পারলেন না। সেখানেও ঐ একই জিনিস দাঁড়াল। আজকে থেকে ৯ বছর আগে যারা নির্বাচিত হয়েছেন তারা কিছু দিন নিশ্চয়ই চেণ্টা করেছিলেন যে আমরা যদিও নির্বাচনে জিততে পারিনি তাহলেও আইনের সুযোগ নিয়ে কনটিনিউ করি। কিন্তু স্বভাবতঃই জনসাধারণের কাছে সে জিনিস এতই বিসদৃশ—তারা নিজেরা হয়ত অনুভব করেছিলেন তাই সবাই রেজিগনেসন দিয়েছিলেন। সমস্ত রেজিগনেসন দিলে আমরা সেখানে কি করতে পারি? ঐ একই কথা, একজন একজিকিউটিভ অফিসার বা এ্যাডমিনিস্ট্রেটরকে এ্যাপয়েন্ট করে দিতে পারি। একজন আমলার হাতে ছেড়ে দেওয়ার চেয়ে আমি যে সংশোধনীটি এনেছি যে সেখানে যদি একটি কমিটি করে দিই সেখানে ইশাক সাহেবের দলের লোককেও রাখব, আমি তো একবারও বলিনি যে কংগ্রেস

দলের কাউকে রাখবে না, সেখানে প্রতিনিধিস্থানীয় বিভিন্ন ধরনের লোককে কমিটিতে রাখবো যাতে অন্ততঃ পক্ষে এই ধরনের একজন আমলার চেয়ে নিশ্চয়ই অধিকতর গণতান্ত্রিক হবে। আরো উদাহরণ দিচ্ছি তাহলে তিনি বুঝবেন। তিনি নিশ্চয়ই বোঝেন বলেই বলছি।

[4-40—4-50 p.m.]

ধরুন সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটি যে কথা নিরঞ্জনবাবু উল্লেখ করেছেন সেখানেও ১৯৬৫ সালে নির্বাচন হল কিন্তু হাইকোর্টের রায়ের ফলে নূতন নির্বাচিত কমিশনাররা এখনও আসন গ্রহণ করতে পারেন নি। তারপর কিছু কিছু কমিশনার ঐ একই কারণে যে পুরোন কমিশনার তারা পদত্যাগ করলেন। সুতরাং য়্যাডমিনিস্ট্রেসনে অচল অবস্থা উপস্থিত হলে সেখানে একজিকিউটিভ অফিসার য়্যাপয়েন্ট করতে হচ্ছে কারণ আর কোন বিধান নেই। তিনি মনে করেন কি যে সেখানে সেই একজিকিউটিভ অফিসাররা কনটিউ করার চেয়ে স্থানীয় লোক দিয়ে একটা কমিটি মোর গণতান্ত্রিক হবে না। আর একটা উদাহরণ দিচ্ছি যদিও ভুরি ভুরি উদাহরণ আছে, যেমন জিয়াগঞ্জ, আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটি সেখানে একই ধরনের ব্যাপার। ১৯৬৭ সালে নির্বাচন হল কিন্তু সদস্যরা বসতে পারলেন না, এখনও মামলা চলছে। সুতরাং দেখা গেল যে সমস্ত পুরানো কমিশনাররা পদত্যাগ করেছেন সেখানে কি একজিকিউটিভ অফিসার য়্যাপয়েন্ট করে আবার চালানো ভাল, না তার বদলে অন্ততঃ একটা স্থানীয় প্রতিনিধি-দের গভর্ণমেন্ট যদি একটা কমিটি করে দেন সেটা ভাল—কোন্‌টা ভাল? নিশ্চয়ই সবাই এই বিষয়ে একমত হবেন যে স্থানীয় জনসাধারণের প্রতিনিধিস্থানীয় লোক নিয়ে সরকার গঠন করে দিন, সেই ক্ষমতা আমাদের নেই বলে একজিকিউটিভ অফিসার দিতে বাধ্য হচ্ছি। আজ পর্যন্ত এই রকম আরো অনেক উদাহরণ দিতে পারি একই ধরণের ঘটনা অনেক ঘটেছে, যেমন রাণাঘাট মিউনিসিপ্যালিটি, ব্যারাকপুর মিউনিসিপ্যালিটিতে। আমরা যেটা প্রচন্ডভাবে আপত্তি করতাম অতীতে যা ওরা ঠিকভাবে বলেন নি আংশিকভাবে বলেছেন যে আমরা বলতাম নির্বাচন না করে একজিকিউটিভ অফিসার য়্যাপয়েন্ট করে অথবা নির্বাচিত মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করে এডমিনিস্ট্রেটর একজিকিউটিভ অফিসার বসানো অর্থাৎ সম্পূর্ণ সরকারের তাঁবে মিউনিসিপ্যালিটিকে চালানো, জনসাধারণের প্রতিনিধিদের কোন সুযোগ না দিয়ে আমরা এর বিরোধিতা করতাম এবং আজও করছি। আমাদের মতে, আমাদের দৃষ্টিভঙ্গীতে কোন পরিবর্তন হয় নি। একজিকিউটিভ অফিসার বা এডমিনিস্ট্রেটর আমরা দিতে চাই না। আমরা এসেই মন্ত্রী হবার পর চেষ্টা করেছিলাম যে এই পদ্ধতি থেকে আমরা অব্যাহতি পেতে পারি কিনা। কিন্তু যেহেতু আইন এইভাবে রচিত—সুতরাং এই রকম ঘটনার সময় অফিসার দেয়া ছাড়া উপায় নেই। কাজেই অনিচ্ছাসত্ত্বেও বহু জায়গায় এই রকম দিতে আমরা বাধ্য হয়েছি। যাতে সেই পথে আমাদের না যেতে হয় যাতে একজন আমলা নিয়োগ করে মিউনিসিপ্যালিটির সর্বময় কর্তৃত্ব সরকারের হাতে নিয়ে আসা অন্যায় অধিকার সরকার গ্রহণ করতে না পারেন সেজন্য আমরা এই রকম ক্ষেত্রে যেখানে মামলার কারণে আটকে অন্ততঃ আমলাদের থেকে অধিকতর প্রতিনিধিত্বমূলক স্থানীয় জনসাধারণের প্রতিনিধি মারফত কমিটি গঠন করে মামলার নিষ্পত্তি পর্যন্ত চালাবে এবং যেদিন মামলা নিষ্পত্তি হবে সব থেকে আর্লিয়েষ্ট সময়ে আমরা নির্বাচন করে নির্বাচিত প্রতিনিধিদের হাতে দিয়ে দেব মিউনিসিপ্যালিটিকে আমরা এটাই চাই। আমরা চাই না যে সরকার মিউনিসিপ্যালিটি পরিচালনা করুন বা তার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত থাকুন। তাতে জনসাধারণের ইচ্ছা স্বাভাবিকভাবে প্রতিফলিত হয় না। দ্বিতীয়তঃ তার যে দায়িত্ব কেন সরকার সেই দায়িত্ব নিতে যাবেন যদি আমরা মিউনিসিপ্যালিটিকে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান বলে মনে করি? কাজেই স্বায়ত্তশাসন গণতন্ত্রের আংশিক অবস্থা অনুসারে—আংশিক আমরা স্বীকার করছি, পূর্ণ করার অধিকার আমাদের একতিয়ারে নেই, পারলে আমরা খুসী হতাম কিন্তু যেটুকু পারা যায় আমলাদের হাতে না দিয়ে কমিটির হাতে দেয়া হোক এটা অত্যন্ত সরল এবং সদিচ্ছার ভিত্তিতে এই সংশোধনী এনেছি। এতে ওরা কেন আঁতকে উঠলেন বুঝতে পারছি না। বরং এতে ওদেরই সুযোগ হচ্ছে। বিভিন্ন জায়গায় তারা আছেন, তাদের প্রতিনিধি আছেন, তার মধ্যে আসবেন তারা। মিউনিসিপ্যালিটির পরিচালনায় তারা যথাযোগ্য অংশ গ্রহণ করবেন এবং সেটাই আমরা দিতে চাই, কেড়ে নিতে চাই না। তারপর এই হল যা প্রধান যুক্তি

যে খানিকটা অভিসন্ধিপ্রণোদিত আর খানিকটা অজ্ঞাতপ্রসূত—সেটা আমি পরিষ্কার করে ত দিলাম। সুতরাং আমরা সরকারী হস্তক্ষেপ করছি না। সরকার তা এখন হস্তক্ষেপ করেই আছেন সেই সব জায়গায় যে সমস্ত জায়গায় আমরা এই কাজ করব, প্রত্যেক জায়গাতে অলরেডি গভর্ণমেন্টের এক্জিকিউটিভ অফিসার আছেন। আমরা সেখানে তার জায়গায় যদি কমিটি করি তাহলে তো হস্তক্ষেপ হল না, বরং হস্তক্ষেপকে কিছুটা কমিয়ে দেয়া হল। সুতরাং তাঁদের প্রধান যুক্তি সম্পূর্ণ ভুল। আর উনি যে যুক্তি তুলেছেন যে পারপিচুয়িটি অফ কমিশনারস, সেটা একটা কমিশনারস বডি করপোরেট এবং তাদের পারপিচুয়িটি আছে। উনি হাইকোর্ট বিশারদ তো তাই বলেছেন যে এই আইন হাইকোর্টে গেলে নাকচ হয়ে যাবে। আমার মনে হয় তা ঠিক নয়। আইনটা যদি উনি দেখেন তাহলে দেখবেন পারপিচুয়িটি যেটা সেটা আমাদের নূতন বিলের তিন নম্বর ধারার পাঁচ নম্বর উপধারায় পরিস্কার লিখে দিয়েছি,

The members of the Committee shall for all purposes to be deemed to be the Commissioners of the Municipality shall be deemed to be the Commissioners of the Municipality.

সুতরাং তাদের মধ্য দিয়ে পারপিচুয়িটি প্রবাহিত হতে থাকবে, হাইকোর্টের কিছু বলার নেই। আর একজন আমাদের যুক্তফ্রন্টের মাননীয় বন্ধু তিন ভাগের দুভাগ হলে মিউনিসিপ্যালিটি কনস্টিটিউট হতে পারবে সেটা সমর্থন করেছেন, কিন্তু প্রশ্ন করেছেন তাহলে চেয়ারম্যান কে হবেন, ভাইসচেয়ারম্যান কে হবেন? সে জবাব দু ধারার দু নম্বর উপধারায় দেওয়া আছে,

Such Commissioners shall assume office as the newly formed body of Commissioners.

একের তিন অংশ বলুন বা কম বলুন যারা নূতন মিউনিসিপ্যালিটি গঠন করবেন তাঁরা স্যাল বি ডিমড্ টু বি কমিসনারস্ তাঁরাই চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান নির্বাচন করবেন। সে প্রভিসন আইনের মধ্যে রেখেছি। অসুবিধা হওয়ার সম্ভাবনা নেই। বোধ হয় এই প্রশ্নটা শ্রীযুক্ত গুছাইত তুলেছিলেন। কোরাম সম্বন্ধেও সেই কথা। তাদের যে অংশ তারই কোরাম ফরম করবে। তাহলে অসুবিধা হওয়ার সম্ভবনা নেই। আর নিরঞ্জন মুখার্জী যে প্রশ্ন তুলেছেন নির্বাচন ট্রাইবুন্যাল সম্পর্কে আমি বলব এটা আমাদের এক্তিয়ারের মধ্যে নেই। এটা সংবিধান সংশোধনের বিষয়। যেমন পার্লামেন্ট বা এসেম্বলীর বেলায় ইলেকশান ট্রাইবুন্যাল হয়। তাদের দু একজনের কেস ট্রাইবুন্যালে থাকে ওদিকে এ্যাসেম্বলীও চলে, পার্লামেন্টও চলে তেমনি মিউনিসিপ্যালিটির বিষয়ও ইলেকশান ট্রাইবুন্যালের আওতায় আনার কথা। তিনি যা বলেছেন সে সম্বন্ধে আমি একমত এবং সে সম্পর্কে অনেক দিন আগেই চিন্তা করেছি এবং চিন্তা করে আমাদের ক্যাবিনেট থেকে একটা প্রস্তাব নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী যিনি মিউনিসিপ্যালিটি-সংক্রান্ত ব্যাপারের দায়িত্বে আছেন তাঁর কাছে পাঠিয়ে দিয়েছি এই বলে যে এইভাবে সংবিধান সংশোধন দরকার এবং করলে এই অবস্থা অনেকখানি দূর হতে পারে। এই বিষয়ে মন্ত্রি-মহাশয়ের সঙ্গে আমি আলাপ-আলোচনা করেছি। তিনিও মোটামুটিভাবে এটা উচিত মনে করেছেন। তবে তিনি বলেছেন যে, এটার সংশোধন করতে হলে পরিস্কারভাবে সমস্ত রাজ্যের মতামত নিতে হবে এবং সেই জন্য তিনি বলেছেন যে আগামীতে লোক্যাল সেলফ গভর্ণমেন্ট মিনিষ্টারদের যে কনফারেন্স হবে সেখানে এই সম্পর্কে প্রস্তাব নিতে হবে। তাহলে সংবিধান সংশোধনের কথা কেন্দ্রীয় কেবিনেটে তিনি উঠাতে পারবেন। এই সম্পর্কে নিরঞ্জন মুখার্জীর সঙ্গে আমি একমত হলেও আমাদের তরফ থেকে এর বেশি করা সম্ভব নয়। আমাদের যেটুকু করবার করেছি। এখন কেন্দ্রীয় মন্ত্রী কবে লোক্যাল সেলফ গভর্ণমেন্ট মিনিষ্টারদের কনফারেন্স ডাকবেন এবং সংবিধান সংশোধনের চেষ্টা করবেন তার জন্য অপেক্ষা করে থাকা ছাড়া অন্য কোন উপায় নেই।

আর জয়নাল আবেদিন সাহেব জিজ্ঞাসা করেছেন এ্যাপয়েনটেড মেম্বারসদের কোয়ালিফিকেশন কি হবে। এই রকম কথার কোন অর্থ হয় না। পজিটিভ কোয়ালিফিকেশন ডিফাইন করা যায় না। নেগেটিভ কোয়ালিফিকেশন ডিফাইন করা যায়। তবে এইটুকু বলি পজিটিভ কোয়ালি-ফিকেশনের মধ্যে যাই থাক ও'র ভয় পাওয়ার কি আছে?

[4-50—5 p.m.]

২২(২) ধারায় আমরা যে ডিসকোয়ালিফিকেশান ক্লজ রেখেছি, মিউনিসিপ্যাল অ্যাক্ট অনুসারে তাতে এমন কোন ধারা নেই যে, কংগ্রেসের কোন লোক হলে তিনি হতে পারবেন না মেম্বার। এই রকম কোন ডিসকোয়ালিফিকেশান আমরা রাখিনি। সুতরাং সেটায় তাদের দিক থেকে এটা পজেটিভ কোয়ালিফিকেশান। কংগ্রেস সদস্য সাধারণতঃ কি রকম হন, তাদের কোয়ালিটি কি হয় সেটা আমাদের জানা আছে। সেই কোয়ালিটি হতে পারবেন তার ব্যবস্থা আমরা আইনের মধ্যে রেখেছি, ডিসকোয়ালিফিকেশান ক্লজে সেটা এনে। সুতরাং তাদের চিন্তিত হবার কোন কারণ নেই। আর ইশাক সাহেব আবার দ্বিতীয়বার উঠে বলেছেন যে, এই এ্যামেন্ডমেন্টায় কোর্টের সঙ্গে সংঘাত বাধবে। আমার মনে হয় না যে কোর্টের সঙ্গে সংঘাত বাধবার কোন কারণ আছে। আমার মনে হয় ২ নম্বর ধারায় যা আমাদের বিলে আছে, আর ৩ নম্বর ধারার যা আমাদের বিলে আছে, সেখানে উনি বলেছেন যে, যদি এই রকম হয়, অন্য কোন বিষয় একটা ইনজাংশান দিলেন, সেই ইনজাংশান-এর সঙ্গে এর সংঘাত বাধতে পারে। কিন্তু আমরা তো ডিফাইন করে দিয়েছি যে, কি বিষয় হবে। তিনি যদি আর একবার দেখেন তাহলে দেখবেন লেখা আছে যে, যদি কোর্টের অর্ডারের দ্বারা এমন অবস্থা দাঁড়ায় যে,

There is no likelihood of a new body of Commissioners being formed within a reasonable time.

সুতরাং সীমাবদ্ধ উদ্দেশ্যে যদি এই বিষয়টি কোর্টের কোন ইনজাংশনের দ্বারা হয়, সংঘটিত হয় অর্থাৎ কোর্টের ইনজাংশনে যদি এই ফল প্রসব করে যে, রিজনব্‌ল্ টাইমের মধ্যে নির্বাচিত লোকেরা স্থান গ্রহণ করতে পারল না, শুধু সেই ক্ষেত্রে কমিটি গঠন করতে পারবে এই অধিকার দিয়েছি। সুতরাং কোর্টের সঙ্গে সংঘাত বাধবার কোন কারণ নেই। বিলের এই অংশ যখন আইনে পরিণত হবে তখন কোর্টকে সেটা নজর রেখে ইনজাংশান জারি করতে হবে। যদি না করেন তাতে আমাদের কোন ভুল বা অন্যায় হবে না। সেটা কোর্টের ভুল বা অন্যায় হবে। যদিও আমার মনে হয় না যে, কোর্ট থেকে এই রকম কোন ভুল বা অন্যায় করা হবে। এই বলে আমি আর তর্কবিতর্কের মধ্যে না গিয়ে আমার উদ্দেশ্য খুব খোলসাভাবে ব্যক্ত করলাম এবং এই বিলের মূল উদ্দেশ্য যা সেটা আমি আর একবার পুনরাবৃত্তি করছি। আমাদের মামলা ইত্যাদির দরুন যে অবস্থার সৃষ্টি হয়েছে, তাতে অনিচ্ছাসত্ত্বেও সরকারী অফিসার এ্যাপয়েন্ট করতে বাধ্য হচ্ছি। কারণ তা ছাড়া আইনে অন্য কোন পদ্ধতি নেই। আমরা সেই অবস্থা থেকে বেরিয়ে আসতে চাই যাতে সরকারী অফিসার এ্যাপয়েন্ট করতে হয় না। অন্ততঃ কিছু পরিমাণ দায়িত্বশীল মনোনিত হয়ে, স্থানীয় প্রতিনিধিরা এসে সে কর্মভার গ্রহণ করতে পারেন, যতদিন না নির্বাচিত সদস্যরা আসন গ্রহণ করতে পারছেন। সম্পূর্ণ গণতান্ত্রিক এবং সদিচ্ছাপ্রণোদিত হয়ে আমরা এই বিল এনেছি এবং আশা করি এই বিল সকলে গ্রহণ করবেন। আর যতীনবাবু যে এ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা আমি সরকার পক্ষ থেকে গ্রহণ করছি।

Motion of Shri Jatin Chakravorty that in clause 3, in sub-section (1) of the proposed section 56A, the words "preventing the holding of a general election of Commissioners in the municipality or setting aside such election" be ommitted, was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1969, as settled in the Assedbly, be passed.

**শ্রীনাথানিয়াল মুর্মু:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই য়্যামেন্ডমেন্ট বিল যেটা পাশ হতে চলেছে তাকে আমি সমর্থন করে একটি সংশ্লিষ্ট বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যাতে পরবর্তীকালে তিনি সেটা য়্যামেন্ড করতে পারেন। সেটা হচ্ছে

মিউনিসিপ্যাল ইলেকসান ব্যাপারে যে ব্যালট পেপার ব্যবহৃত হয় এডাল্ট ফ্রানচাইজ হয়েছে কিন্তু এডাল্ড ফ্রানচাইজ হয়ে য়্যাসেম্বলী বা পার্লামেন্টের ইলেকসনে যেরকম প্রার্থীর নাম বা সিম্বলে যেভাবে ছাপ পড়ুক না কেন সেটা ভোট হিসাবে গণ্য করা হয় কিন্তু মিউনিসিপ্যাল ইলেকসনে সিম্বলের উপর বা প্রর্থীর নামের উপর ছাপ পড়লে সেটা ক্যানসেল হয়ে যায়। সিম্বলের পাশে যে স্পেস থাকে তার একটু এদিক ওদিক পড়ে গেলেই সেটা ক্যানসেল হয়ে যায়। অল্পদিন আগে বালুরঘাট মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়ে গেল, সেখানে আমরা জিতেছি—সেখানে আমরা দেখেছি যে অনেক ভোট এইভাবে নষ্ট হয়ে গেছে। এডাল্ট ফ্রানচাইজের ভিত্তিতে য়্যাসেম্বলী বা পার্লামেন্টে যেরকম হয় মিউনিসিপ্যাল ইলেকসনেও যাতে সেইরকম হয় সেইভাবে এটাকে সংশোধন করুন এই অনুরোধ আমি জানিয়ে শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাক:** স্যার, প্রয়োগের ক্ষেত্রে মন্ত্রিমহাশয় যাতে কসান ব্যবহার করেন সেজন্য আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করবার জন্য দাঁড়িয়েছি। আপনি জানেন যে কোর্টে যাওয়া এটা গণতান্ত্রিক অধিকার। আজকে যদি কোন কারণে কোন লোককে একটা নির্বাচনের বৈধতা চ্যালেঞ্জ করার জন্য কোর্টে যেতে হয় এবং তিনি যদি একটা নিষেধাজ্ঞার হুকুম পান তাহলে তাঁর সেই গণতান্ত্রিক অধিকার এক্সারসাইজ করে তিনি তা পেয়েছেন। যদি এখন সরকারের তরফ থেকে এই ধরনের আইন করে তার অপপ্রয়োগ করা হয় তাহলে সেই গণতান্ত্রিক অধিকারে হস্তক্ষেপ করা হয়। আইনটা উনি পাশ করিয়ে নেবেন ওঁর অনেক মেজরিটি আছে, তবুও আমি ওঁকে এই সাবধানবাণী উচ্চারণ করে যাচ্ছি যে কোর্টে যাওয়া মানুষের গণতান্ত্রিক অধিকার, এই অধিকারে হস্তক্ষেপ করার আগে উনি যেন বার বার চিন্তা করেন যে আদালত থেকে যেখানে নিষেধাজ্ঞা হয়েছে সেখানে উনি হস্তক্ষেপ করবেন কিনা। যদি করেন তাহলে সেটা গণতান্ত্রিক অধিকারের উপর হস্তক্ষেপ করা হল আদালতকে অবমাননা করা তো আছেই। আর দ্বিতীয়তঃ মন্ত্রিমহাশয় ব্যাখ্যা করেছেন যে ঐ ১৫ ধারাকে সংশোধন না করে তিনি এই আইন আনতে পারেন, কেন না উনি নাকি ক্লজ ৫-তে বলে দিয়েছেন স্যাল বি ডিমড টু বি কমিশনারস, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ওঁকে বলছি উনি পার্থক্যটা বোঝেন নি। কমিশনারস এবং স্যাল বি ডিমড্ টু বি কমিশনারস-এর মধ্যে যে বিরাট ফারাক আছে সেই পার্থক্যটা ওঁর মাথায় ঢোকে নি। স্যাল বি ডিমড্ টু বি কমিশনারস মানে স্যাল বি ডিমড্ টু বি কমিশনারস ফর দি পারপাজ অফ ফাংসানিং তার মানে এই নয় আগে যিনি কমিশনার ছিলেন স্যাল বি ডিমড্ টু বি কমিসনারস মানে তিনি কমিশনার হয়ে গেলেন। স্যাল বি ডিমড্ টু বি কমিশনারস মানে হি স্যাল বি ডিমড্ টু বি কমিশনারস ফর দি পারপাস অফ ফাংসানিং অফ দি মিউনিসিপাল ওয়ার্ক। এটা তাকে কমিশনার করছে না। যে মুহূর্তে তাকে কমিশনার করছে না সেই মুহূর্তে সেখানে ১৫ ধারায় ছেদ পড়ল। আমি ওঁকে সৎ পরামর্শ দিচ্ছি বডি পারপিচুয়াল বলে যে কথাটা আছে সেই কথাটাকে উনি যদি তুলে দেয়ার প্রয়োজন বোধ করেন তুলে দিন, তা দিলে এই সংশোধনী আইন কনসিস্টেন্ট আইন হবে, তা না হলে ইনকনসিস্টেন্ট হবে এবং এটা যখন হাইকোর্টে যাবে তখন সঙ্গে সঙ্গে এই আইন নাকচ হয়ে যাবে।

[5—5-08 p.m.]

আর শেষে অনুরোধ করছি এই যে অপপ্রয়োগে আপনারা ওস্তাদ। আমাদের কাছ থেকে যে ক্ষমতা নিয়ে যাচ্ছেন সেই ক্ষমতার চরম অপপ্রয়োগ হবে। আমরা জানি যদিও আইনে নেই একটা স্কুলের ম্যানেজিং কমিটি সুপারসিড করা তাহলেও আপনারা লাঠি নিয়ে গিয়ে সুপারসিড করছেন। ইন্সপেকটরকে বাধ্য করাচ্ছেন ইন্সপেকশন করাতে। এইভাবে অগণতান্ত্রিক পদ্ধতিতে আপনারা সমস্ত গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে বাতিল করছেন। আজ যখন এখান থেকে ক্ষমতা নিয়ে যাচ্ছেন তখন আমাদের অসম্ভব ভয় হচ্ছে যে চরম অপব্যবহার হবে। আজ আমি বলছি ক্ষমতা নিয়ে নিশ্চয় অপব্যবহার করবেন, কিন্তু জবাব দেবার দিন একদিন আসবে। ৮ আনার মালিক হয়ে তড়পানি ভাল নয়। আমরা ৭ আনার মালিক। এক আনা বেশী ভোট পেয়ে আসন সংখ্যা বেশী হয়েছে বলে বড় বেশী তড়পানি করছেন, কিন্তু এর জবাব বাংলাদেশের মানুষ একদিন দেবে।

**শ্রীসোমনাথ লাহেড়ীঃ** স্যার, ইশাক সাহেব বলেছেন হাই কোর্টেও গেলে এই আইন বাতিল হয়ে যাবে। এখন মনে হচ্ছে তিনি হাই কোর্ট-এ যাবেন। কারণ এই পদ্ধতির দ্বারা তাঁর দলের অনেক লোক মিউনিসিপ্যালিটিতে হয়ে যাওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত কমিশনার্স হিসাবে আছেন বা থাকার চেষ্টা করছেন। তিনি আমাদের ভয় দেখাচ্ছেন যে সেই পদ্ধতি তিনি গ্রহণ করবেন। করুন। আমি এটুকুন বলতে চাই আমরা আইনজ্ঞদের পরামর্শ নিয়ে এই বিল তৈরী করেছি। তারপর যদি কোর্ট-এ গিয়ে সেই আইনজ্ঞদের পরামর্শের বদলে অন্য কোন সাব্যস্ত হয় তখন দেখা যাবে। তবে আমার মনে হয় না অন্য কিছু হবে, কারণ আমরা খুব ভাল-ভাবে বিচার বিবেচনা করেছি। সুতরাং আইনের দিক থেকে আমাদের ধারা ঠিক আছে বলে মনে হয়। আর তিনি যে অপপ্রয়োগের কথা বলেছেন সেই আশঙ্কা কংগ্রেস মন্ত্রিসভা থাকলে হোত। কিন্তু তিনি নিশ্চিন্ত থাকতে পারেন তাঁদের মন্ত্রিসভা এখন আর নেই এবং অপপ্রয়োগ হবার কোন আশঙ্কা নেই। আমি অনেকবার বলেছি আমাদের যাতে অফিসার দিতে না হয় সেজন্য আমরা এটা করেছি। না হলে আমাদের গভর্ণমেন্টের ক্ষমতা কুক্ষিগত করার যদি উদ্দেশ্য থাকতো তাহলে যে আইন কংগ্রেস রচনা করে গিয়েছিলেন তাতে সবচেয়ে সুবিধা হোত। অর্থাৎ যে কোন জায়গায় মিউনিসিপ্যালিটিকে বাতিল করে দিয়ে এক্সিকিউটিভ অফিসার বা এ্যাডমিনি-স্ট্রেটিভ অফিসার বসাতে পারি। পুরানো আইন অনুসারে তো সিকিউরিটি অফিসার বসাতে পারতাম। সুতরাং অপপ্রয়োগ করে আমাদের হাতে ক্ষমতা নেবার ইচ্ছা যদি থাকতো তাহলে প্রায় অধিকাংশ মিউনিসিপ্যালিটিতে এই জিনিষ আমরা করতে পারতাম। কিন্তু এই ক্ষমতা আমরা স্বেচ্ছায় ত্যাগ করেছি, যেটা তাঁরা পারেন না। কারণ ত্যাগ তাঁরা জানেন না। সেজন্য কিভাবে ক্ষমতা দখল করব সেজন্য তাঁরা আইন করে গেছেন।

কাজেই তাদের ভাবতে কষ্ট লাগছে, তারা অসম্ভব মনে করছেন যে এমন আইন কি হতে পারে সরকার স্বেচ্ছায় ক্ষমতা ছেড়ে দিয়ে অন্য লোককে বসাচ্ছেন। কিন্তু দেখলেই বুঝতে পারবেন যে আমরা এইভাবে ক্ষমতা ছাড়তে চাচ্ছি, তবে ইসাক সাহেবের বন্ধুরা যেখানে ইনজাংসন করিয়েছেন কালকে যদি সেই ইনজাংসন তুলে নেন তাহলে আমি পরশুদিনই নির্বাচনের অর্ডার দেব এতে কোন সন্দেহ নেই। আমরা ফুল গণতন্ত্র দিতে প্রস্তুত কিন্তু তারা নিতে প্রস্তুত নয় এতখানি গণতন্ত্র। কাজেই অপব্যবহার যদি কেউ করে থাকে প্রসেস অব ল-এর তাহলে ও'রাই সেটা করছেন। প্রসেস অব ল-এর অপব্যবহার যাতে না হয়, আমাদের যাতে ক্ষমতা দখল করতে না হয় শুধু আওয়ার অফিসার সেজন্যই এই বিল এনেছি। তবে ওদের ক্ষমতার যে ধ্বংসাবশেষটুকু এখনও রয়েছে সেটুকু রক্ষা করবার জন্য ও'দের যে আকুল আগ্রহ সেই আকুল আগ্রহে আমরা সাড়া দিতে পারছি না আমি নিরুপায়। আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে বলব এবং এতে যদি অসুবিধা হয় তাহলে সেই অসুবিধা ভোগ করতে আমরা প্রস্তুত, একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

The motion of Shri Somnath Lahiri that the Bengal Municipal (Second Amendment) Bill, 1969, as settled in the Assembly be passed was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 1 p.m. on 28th August, 1969.

### Adjournment

The House was accordingly adjourned at 5-08 p.m. till 1 p.m. on Thursday, the 28th August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 28th August, 1969, at 1 p.m.

## Present

Mr. Deputy Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 2 Ministers of State and 183 Members.

## HELD OVER STARRED QUESTIONS

### (to which oral answers were given)

[1—1-10 p.m.]

### খনি অঞ্চলে ধ্বস প্ররোধ

***778.** (Admitted question No. *2258.)

**শ্রীবামাপদ মুখার্জি:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় খনি অঞ্চলে ধ্বস প্রতিরোধের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা কার্যকরী হইবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) ধ্বস প্রতিরোধের দুইটি উপায় আছে, যথাঃ—

(১) শূন্য খনিগর্ভ বালির দ্বারা পূরণ করা (Sand stowing)

(২) খনির উপরি-ভাগে বিশেষ পরিকল্পনা অনুযায়ী নিরাপদ বাড়ীঘর তৈরী করা। খনিগর্ভ বালির দ্বারা পূরণ করা এই সরকারেব দায়িত্ব নয়। সুতরাং এই ব্যাপারে কোন পকিল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

খনির উপরি-ভাগ অঞ্চলে নিরাপদ বাড়ীঘর তৈরী করা সমেত অন্যান্য নিরাপত্তা এই সরকারের উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের (টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং শাখা) বিবেচনাধীন আছে।

(খ) এই দীর্ঘ মেয়াদী ব্যয় সাপেক্ষ পরিকল্পনা কার্যকর করিতে কত সময় লাগিবে এখনই ঠিক করিয়া তাহা বলা সম্ভব নয়।

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি যে আসানসোল মহকুমায় খনি অঞ্চলে ধ্বসের ফলে যে স্থান বসতির পক্ষে বিপজ্জনক অবস্থা দেখা দিয়েছে। কাজেই সেখানে যদি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার যৌথভাবে উদ্যোগী হয়ে ব্যবস্থা না করেন তাহলে জনসাধারণের পক্ষে বিপজ্জনক হবে। এই সমস্যাকে ফাস্ট প্রাইওরিটি দিয়ে দ্রুত নিষ্পন্ন করার জন্য মন্ত্রিমহাশয় আমাদের সুনিশ্চিত কোন গ্যারান্টি দিতে পারেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কেন্দ্রীয় সরকার কতটা দ্রুত কাজ করবেন জানি না, রাজ্য সরকার দ্রুত করবার জন্য ব্যগ্র এবং ব্যস্ত। আমি প্রায় দেড় মাস আগে যখন সেখানে গিয়েছিলাম ধ্বস-গ্রস্ত এলাকা আমি দেখেছিলাম, সেখানকার স্থানীয় বিধানসভার সদস্য আমার সঙ্গে ছিলেন, পরে আমি কান্ট্রি প্ল্যানিং অফিসেও গিয়েছিলাম, সেখানে নক্সা ইত্যাদিও দেখেছিলাম, এ'রা চেষ্টা করছেন করছেন তবে খুব ব্যয় সাপেক্ষ বলে নিশ্চয়ই দেরী হবে আমাদের দিক থেকে কোন ত্রুটি হয় নি, একথা জানাতে পারি।

**শ্রীহারাধন রায়ঃ** মন্ত্রিমহাশয় যে সমস্ত খনি এলাকায় গিয়েছেন সেখানে যে স্যান্ড প্যাকিং করার কথা আছে তা বহু কোলিয়ারীই করে না, যে সমস্ত কোলিয়ারী স্যান্ড প্যাকিং করে না কোল-বোর্ডের টাকা মালিকরা আত্মসাৎ করে, এ সম্বন্ধে আপনি অবহিত আছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি কিছু কিছু অবহিত আছি, তবে এটা বলবো, এই দায়িত্ব আমাদের নয়, এটা আগেই বলেছি।

**শ্রীহারাধন রায়ঃ** যে সমস্ত গ্রামে নোটিশ হয়েছে বিপজ্জনক অবস্থার জন্য, সেই সমস্ত গ্রামে পুনর্বসতির জন্য খেসারতের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করবেন কিনা এবং মালিকদের এ সম্বন্ধে বাধ্য বাধকতার মধ্যে আনবেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** খনি মালিকদের আমরা বাধ্য বাধকতায় আনতে পারি না, আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং একটু আগেই আমি বলেছি তাদের পুনর্বসতির জন্য যে ব্যবস্থা তা টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং-এর যে পরিকল্পনা হয়েছে, তার অন্তর্ভুক্ত।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আপনি বলেছেন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এখানে বহুদিন ধরে বহু কয়লাখনি থেকে কয়লা তোলার ফলে মাটির তলা শূন্য থেকে গিয়েছে এবং এই কাজটা পূরণ করতে অনেক সময় লাগে এবং এর উপরে যেসব বসতি রয়েছে প্রায় ৭।৮ হাজার লোকের বসতি রয়েছে, এই গ্রামগুলির জন্য বালি দিয়ে পূরণ করার ব্যবস্থা করার অগ্রাধিকার দেবার জন্য আপনার বিভাগ কি কোল-বোর্ডকে বলবেন স্যান্ড দিয়ে যাতে তাড়াতাড়ি এগুলি ফিল আপ করা যায়?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা খনি সংশ্লিষ্ট ব্যাপার। এখানে মালিকদের বলা হয়েছে এখন করা না করা তাদের উপর নির্ভর করে। আমরা তাদের বাধ্য করতে পারি না, আইন গোলমেলে।

**শ্রীসুনীল বসু রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে খনি অঞ্চলে ধ্বস নামা ছাড়াও আরো একটা বিপদ আছে, খনিগর্ভে আগুন লাগা। আমাদের ঐ অঞ্চলে রেল লাইনের ধার দিয়ে বিস্তৃত এলাকায় আগুন জ্বলছে, এ সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** দি কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**পুরুলিয়া জেলার বলরামপুর-সিন্দরী রাস্তার সংস্কার**

***799.** (Admitted question No. *2059.)

**শ্রীগোবর্ধন মাঝিঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) পুরুলিয়া জেলায় বরাবাজার থানার বলরামপুর সিন্দরী রাস্তার মধ্যে রূপমা হইতে হুল্লুং অংশটুকুর উপর রাস্তা মেরামতির উদ্দেশ্যে ৯।১০ বৎসর ধরিয়া বড় ও ছোট পাথর জমা করিয়া রাখা হইয়াছে, অথচ আজও রাস্তা মেরামত করা হয় নাই; এবং

(২) উপরোক্ত কারণে রাস্তায় যানবাহন চলাচলের অত্যন্ত অসুবিধা হইতেছে এবং কয়েকটি বাস দুর্ঘটনাও হইয়া গিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কোন আশু ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** (ক) ও (খ) রূপমা থেকে হুল্লুং অংশের জিলা পরিষদের পুরাতন রাস্তাটি মেরামতের কোন পরিকল্পনা সরকারের নাই। ঐখানে একটি ডাইভারসানের পরিকল্পনা আছে। জিলা পরিষদের অংশটির যা অবস্থা তাতে যানবাহন চলাচলের অসুবিধা হওয়া বা বাস দুর্ঘটনা হওয়া অস্বাভাবিক নয়।

ডাইভারসান রাস্তাটি নির্মাণের জন্য ৪ বৎসর পূর্বে পাথর সংগ্রহ করা হয়েছে। জমি সংগ্রহ হলেই কাজ আরম্ভ করা হবে। জমি সংগ্রহ ত্বরান্বিত করার করার ব্যবস্থা করা হচ্ছে এবং এ বৎসর রাস্তাটির জন্য ৪০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

### বর্ধমান জেলার গ্রামে বিদ্যুৎ সরবরাহ

***800.** (Admitted question No. *2065.)

**শ্রীদেবব্রত দত্ত:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় আজ পর্যন্ত কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে;

(খ) এই জেলায় বর্তমান বৎসরে কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করা হইতেছে; এবং

(গ) গ্রামে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার নীতি বা শর্ত সংক্ষেপে কি কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) ৪২৩টি গ্রামে।

(খ) ৭৫টি গ্রামে।

(গ) বর্তমানে চালু ট্র্যান্সমিশান লাইনের নিকটে অবস্থিত গ্রামগুলিই বৈদ্যুতিকরণের জন্য বিবেচিত হইতেছে। যখন কোন গ্রামের বার্ষিক মোট রেভেনিউ রিটার্ন (আয়) গ্রামটি বৈদ্যুতিকরণের মূলধনী ব্যয়ের কমপক্ষে শতকরা ৮ ভাগ হয়, তখনই গ্রাম বৈদ্যুতিকরণ প্রকল্প অর্থনৈতিকভাবে যোগ্য বিবেচিত হয়।

**শ্রীসুনীল বসু রায়:** এখানে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার কথা বলেছেন, এখানে ডোমেস্টিক ইউজ ছাড়াও যাতে অন্য কাজে যেমন পাম্প ইত্যাদিতে তা ব্যবহার করতে পারে সেদিকে লক্ষ্য রাখবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ পর্যন্ত এই প্রশ্ন বিশেষ ছিল না, এই বৎসরে আমরা এই পরিকল্পনা গ্রহণ করছি। এর আগে গ্রামে ডোমেস্টিক পারপাসেই বিদ্যুৎ সরবরাহ করা হোত, কোথাও কোথাও অল্প কিছু অন্য ব্যাপারে ব্যবহৃত হতো। আমরা ডিপ টিউবওয়েলে বা ঐ ধরনের কাজে যাতে সরবরাহ করতে পারি তার কথা চিন্তা করছি।

**শ্রীহারাধন রায়:** বর্ধমানে কতগুলি গ্রামে গ্রামবাসীদের জন্য বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করছেন। এই চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঐ সমস্ত গ্রামে অবিলম্বে তা দেবার ব্যবস্থা করা হচ্ছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** নোটিশ চাই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করার ক্ষেত্রে যদি শতকরা ৮ ভাগ মোট বার্ষিক রেভেনিউ-এর দেয় তাহলে দেবেন। তাহলে আমরা যদি এই রকম কিছু পরিকল্পনা পাঠাই তা কতদিনের মধ্যে করার চেষ্টা করবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্যরা ইতিপূর্বে আমরা যখন বাজেট পেশ করেছি তাতে দেখেছেন এবং স্টেট ইলেট্রিসিটি বোর্ডের বাজেটও দেখেছেন যে রুরাল ইলেট্রিফিকেশন স্কীমে কত আছে এবং তা থেকেই অবস্থাটা কি বুঝতে পারছেন। গ্রামে ব্যাপক আকারে করতে গেলে কিছু অর্থ সঙ্গতির উপর নির্ভর করে। তবে আমরা যত তাড়াতাড়ি পারি তা করার চেষ্টা করবো।

[1-10—1-20 p.m.]

**শ্রীসনৎকুমার রাহা:** গ্রামে বৈদ্যুতিকরণের ব্যাপারে ডোমেস্টিক কনজাম্পসান, ইন্ডাস্ট্রিয়াল কনজাম্পসান এবং স্ট্রীট লাইটিং এই তিনটি থাকে। গ্রামে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যখন বৈদ্যুতিক সম্প্রসারণ করেন তখন প্রথমে কোন দৃষ্টিভঙ্গী আসে, রাস্তা আলো করা, না ডোমেস্টিক পার্পাসে দেওয়া, এর ভিত্তিটা কি? এবং প্রায়োরিটির ব্যাপারে এর সঙ্গে কি যোগ রাখতে হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** অতীতে গ্রামে যখন বিদ্যুৎ নিয়ে যাওয়া হত তখন বড় লোকের গ্রামগুলিতে বিদ্যুৎ দেবার চেষ্টা হয়েছে। আমরা এর উল্টো রকম ভাবছি। আমরা গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবার জন্য যে চেষ্টা করছি তাতে রাস্তা যদি একটু পেয়ে যায় পাবে, বাজার যদি একটু পেয়ে যায় পাবে, না পেলে দুঃখ নাই, কিন্তু আমরা মাঠে আগে বিদ্যুৎ পোঁছে দেবার চেষ্টা করছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** যেখানে ট্রান্সফরমার আছে সেই সমস্ত নিকটবর্তী গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হবে, তাহলে নতুন কোন ট্রান্সফরমার বসান হবে কি? যদি বসান হয় তাহলে বর্ধমান-কাটোয়া লাইনে যেমন বললেন সেচ ব্যবস্থা আছে তেমনি বর্ধমানে আগামী বছরের মধ্যে কোন ট্রান্সফরমার বসানোর প্ল্যান আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য নন-টেকনিক্যাল লোক, আমিও টেকনিক্যাল ম্যান নই। তবে ইতিমধ্যে আমি কিছু কিছু টেকনিক্যাল ওয়ার্ড শিখে নিয়েছি। আমি ট্রান্সফরমার বলি নি, ট্রান্সমিশান বলেছি। হাই টেনসান, লো টেনসান ইত্যাদি অনেক রকম ভাষা আছে, সেগুলি শিখতে হবে, আমি মুখস্ত করবার চেষ্টা করছি, এখনও পারি নি। ওটা ট্রান্সফরমার নয়, ট্রান্সমিশান। ট্রান্সমিশান লাইন যেখান দিয়ে গিয়েছে ঐ তারগুলি এক জায়গায় গিয়ে একটা খাঁচা হয়, তারপর ওগুলি থেকে কাছাকাছি দিলে আমাদের খরচ কম হয়। যেখানে ট্রান্সমিশান লাইন গিয়েছে সেখানে ট্রান্সফরমার বসিয়ে সাব-স্টেসন না করলে বিদ্যুৎ দেওয়া যায় না। কাজেই যেখানেই ট্রান্সমিশান লাইন হোক না কেন সেখানেই ট্রান্সফরমার বসাতেই হবে।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আমাদের অর্থনৈতিক অসুবিধার জন্য কিছু সংখ্যক গ্রামে বিদ্যুৎ দেওয়া যায় নি। কিন্তু অনেকদিন আগে প্রেস রিপোর্টে দেখলাম গান্ধী সেনটিনারি ইয়ারে সেন্ট্রাল গভর্নমেন্ট ফিউ ক্রোরস অফ রুপিজ রুরাল ইলেকট্রিফিকেসানের জন্য দিচ্ছেন। সেই পটভূমিকায় আরো অধিক সংখ্যক গ্রামে যেখানে বেশী চাহিদা আছে যেখানে বৈদ্যুতিকরণ সম্ভব হবে কিনা সে সম্বন্ধে আপনি চিন্তা করছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য বলেছেন ও'রা দিচ্ছেন, এখনও দেন নি। ও'রা দিলে তবে ভাবা যাবে, কেননা না আঁচালে বিশ্বাস নেই।

**শ্রীপান্নালাল দাসগুপ্তঃ** কিছুদিন আগে কাগজে দেখেছিলাম রুরাল ইলেকট্রিফিকেসান কর্পোরেশন বলে সেন্ট্রাল থেকে একটা অর্গানাইজেসান খোলা হচ্ছে, সেখানে ২শো কোটি টাকা দেওয়া হচ্ছে। সেখানে পশ্চিমবঙ্গ সরকারের ভাগে কি পড়ছে, আপনি এটা নিয়ে মুভ করছেন কিনা?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** দ্যাট সাপ্লিমেন্টারী ডাজ নট অ্যারাইজ।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আপনি বললেন বর্ধমান জেলায় ৭৫টি আছে, থানাভিত্তিক কয়টি আছে বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা বলা সম্ভব নয়।

**শ্রীমোল্লা হুমায়ুন কবিরঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে গ্রাম এলাকায় বিশেষ করে জলের ব্যবস্থা করার জন্য আগে বৈদ্যুতিক ব্যবস্থা করার কথা চিন্তা করছেন, আমার পূর্বস্থলি এলাকা বর্তমানে খরা এলাকা, এখানে প্রচুর গভীর নলকূপ হয়েছে, সেখানে বৈদ্যুতিকরণ হয়ে গেছে, কিন্তু রিভার পাম্প যেগুলি আছে যেগুলি ডিজেল দিয়ে চালাচ্ছে, এই ডিজেল দিয়ে চালাতে গিয়ে গভর্নমেন্টের প্রচুর খরচ হচ্ছে, অথচ আধ মাইল বা কোয়ার্টার মাইল দূরে ইলেকট্রিক তার রয়েছে, সেখানে ইলেকট্রিসিটি দিলে গভর্নমেন্টের প্রায় ৪ ভাগের ৩ ভাগ খরচ কমে যেতে পারে। সেই ব্যাপারে আমাদের ঐ এলাকায় ইলেকট্রিসিটি দেবার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ঠিক ঐভাবে জানাতে পারব না, তবে কৃষি দপ্তরকে বলা হয়েছে, তাঁরা যদি এই রকম লিফট ইরিগেশানের পরিকল্পনা গ্রহণ করেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এই নিয়ে ভাবছেন, এই নিয়ে অসুবিধা হবে না। আর যেটা বললেন শতকরা ৪ ভাগের ১ ভাগ খরচ হবে সেটা ঠিক নয়, ওটা ৩ ভাগের ১ ভাগ খরচ হয়।

**শ্রীহারাধন রায়ঃ** যে সমস্ত গ্রামের উপর দিয়ে ট্রান্সমিশন লাইন গেছে, সেখানে তাদের দেওয়া হবে সরকার থেকে বলা হয়েছিল এক দরখাস্তের উত্তরে—যেমন বল্লভপুর, নুপুর ইত্যাদি গ্রামে —সেই সমস্ত এলাকায় তাড়াতাড়ি দেওয়ার ব্যবস্থা হবে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি ঐসব গ্রামের নাম করে বলতে পারবো না, আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের সকলকে বলেছি গ্রামে বৈদ্যুতিকরণ ব্যাপারে আগে যেখানে স্যালো টিউবওয়েল বসবে সেখানে অগ্রাধিকার দিতে হবে। যেখানে ফিল্টার পয়েন্ট বসেছে বা ট্রান্সমিশন লাইন গেছে, সেখানে আপনারা আগে দেখবেন। শুধু গ্রামের উপর দিয়ে ট্রান্সমিশন লাইন চলে গেছে এ রকম হলেই হবে না—সেখানে ফিল্টার পয়েন্ট ইত্যাদি আছে কিনা তা দেখতে হবে। পুরুলিয়ায় যেখানে রিং-ওয়েল আছে সেখানে দিতে হবে, পাম্প আছে, সেখানে দিতে হবে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে চাষের সুবিধার জন্য অগ্রাধিকার দিতে হবে এই হচ্ছে তাঁর লক্ষ্য, তাহলে আমাদের গ্রামগুলি অন্ধকারে থাকবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** অনেকদিন তো আছেন, আর কিছুদিন না হয় থাকলেন। আমরা চেষ্টা করছি বাংলাদেশের সাড়ে আট হাজার গ্রামে কি করে দ্রুত বৈদ্যুতিকরণ হতে পারে।

### শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তা, মেদিনীপুর

***803.** (Admitted question No. *2177.)

**শ্রীদেবেন্দ্রনাথ দাসঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন থানার শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তাটি আজ কয়েক বৎসর পূর্বে আরম্ভ হইয়াও কেন শেষ হইতেছে না;

(খ) এই রাস্তার জন্য কত টাকা মঞ্জুর হইয়াছিল;

(গ) কত টাকা খরচ হইয়া গিয়াছে;

(ঘ) আর কত টাকাই বা এই রাস্তার জন্য ব্যয় হইবে; এবং

(ঙ) এই রাস্তা শেষ হইতে আর কত সময় লাগিবে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** (ক) আর্থিক অপ্রতুলতার জন্য।

(খ) ১৫ লক্ষ টাকা।

(গ) ১৪,৩১,৫২৫ টাকা।

(ঘ) আরও প্রায় ৭০ হাজার টাকা ব্যয় হইবে বলিয়া মনে হয়।

(ঙ) আগামী বৎসরের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

### নিউজপ্রিন্ট কাগজ

***810.** (Admitted question No. *183.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বৎসরে নিউজপ্রিন্ট কাগজ তৈরি হয় কত; এবং বৎসরে এই রাজ্যে ইহার চাহিদা কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** পশ্চিমবঙ্গে নিউজ প্রিন্ট কাগজ তৈরী হয় না।

এই সম্পর্কে সরকারের নিকট কোন তথ্য নাই।

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্পবাণিজ্য দপ্তরের পশ্চিমবঙ্গে যে এত নিউজপ্রিন্ট ব্যবহার হয় সেই সম্পর্কে এই নিউজপ্রিন্ট তৈরী করবার জন কোন প্রকল্প বা পরিকল্পনা আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্য স্মরণ করতে পারেন এই হাউসে এর আগে বলেছি আমরা একটি কাগজশিল্প স্থাপনের চেষ্টা করছি। ইতিমধ্যে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন সে বিষয়ে হাত দিয়েছে। কাজেই তাঁরা যখন কাজ আরম্ভ করবেন তাঁরা কি কি জিনিস তৈরী করবেন তখন তা স্থিরীকৃত হবে। এখনই কিছু বলা যায় না।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** এই নিউজপ্রিন্ট-এর জন্য বাংলাদেশের কত টাকা ব্যয় হয় মন্ত্রিমহাশয় সেটা জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি একটু আগেই উত্তর দিলাম।

**শ্রীপান্নালাল মাঝি:** নিউজপ্রিন্ট বাইরে থেকে পারমিটে কোটা বেশী করে আমদানী করে আমাদের দেশে ব্ল্যাক মার্কেটে চড়া দামে বিক্রী করা হয়, সেটা তিনি জানেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ওটা কি শিল্পের মধ্যে পড়ে মাননীয় সদস্য?

### Midnapore-Keshpur-Narajole Road

***819.** (Admitted question No. *2224.) **Shri Gangapada Kuar:** (a) Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state if it is a fact that the considerable portion of the Midnapore-Keshpur-Narajole road has been seriously damaged by last year's devastating floods of the Cossye?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the steps so far taken by the Government to repair and reconstruct the road; and

(ii) the approximate date when the repair works are expected to be completed?

[1-20—1-30 p.m.]

**শ্রীমতী প্রতিভা মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) (১) ক্ষয়ক্ষতির এস্টিমেট প্রস্তুত করে যথাসাধ্য অর্থবরাদ্দ করা হচ্ছে এবং কাজও অনেকটা অগ্রসর হয়েছে।

(২) যথেষ্ট অর্থ সংস্থান করা সম্ভবপর হলে এবং আরও ক্ষতি না হলে, বর্তমান আর্থিক বৎসরের মধ্যে সংস্কার কার্য শেষ হয়ে যাবে আশা করা যায়।

### পশ্চিমবঙ্গে শিল্পে স্থানীয় লোকদের অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা

***820.** (Admitted question No. *2283.)

**শ্রীকালীপদ মণ্ডল:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার শিল্পক্ষেত্রে নিযুক্ত শ্রমিকদের শতকরা কত ভাগ অন্য প্রদেশের অধিবাসী; এবং

(খ) এই রাজ্যের বিভিন্ন শিল্পে কর্মসংস্থানের ব্যাপারে স্থানীয় লোকদের (সন অফ দি সয়েল) অগ্রাধিকার দেওয়ার কথা সরকার চিন্তা করছেন কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** (ক) আমাদের কাছে এমন কোনও তথ্য নেই।

(খ) হ্যাঁ, বিষয়টি সম্পর্কে সরকার অবহিত আছেন।

**শ্রীকালিপদ মণ্ডলঃ** এই যে বললেন পশ্চিমবাংলায় শিল্পে নিযুক্ত শ্রমিকদের শতকরা কত হার অন্য প্রদেশের লোক—এ সম্পর্কে তথ্য নাই। আমার মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাস্য এই রকম তথ্য রাখার কোন প্রচেষ্টা এর আগে হয়েছিল কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** না।

**শ্রীকালিপদ মণ্ডলঃ** এখন থেকে এই রকম তথ্য রাখার প্রচেষ্টা তিনি করবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** বিবেচনা করা যাবে।

**শ্রীপতিতপাবন পাঠকঃ** এই যে সনস অব দি সয়েল ব্যাপারে বললেন চেষ্টা করছেন—এই ব্যাপারে মডেল স্ট্যান্ডিং অর্ডারে এটা ইনক্লুড করা যাবে কিনা—সে সম্পর্কে আপনি কি চিন্তা করবেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মডেল স্ট্যান্ডিং অর্ডারে এটাকে ইনক্লুড করা যাবে না।

**শ্রীপতিতপাবন পাঠকঃ** অন্য প্রদেশে মডেল স্ট্যান্ডিং অর্ডারে আমরা দেখেছি বিশেষ করে বিহার, মহারাষ্ট্র, মধ্য প্রদেশের কথা বলছি—সেখানে একথা আছে যে
in the matter of recruitment preference should be made to the sons of the soil.
এটা আছে সেই রেফারেন্সে তিনি আর একবার এটা বিবেচনা করবেন কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমি মনে করি মডেল স্ট্যান্ডিং অর্ডার-এ এটা কোন কোন প্রদেশে আছে কিনা আমার জানা নাই—আমার ধারণা, মডেল স্ট্যান্ডিং অর্ডারে ঢোকাতে গেলে আইনগত কিছু প্রশ্ন দেখা দেবে। আমি বিবেচনা করতে রাজী আছি সেটা হচ্ছে এই যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অ্যাক্ট যেটা আছে সেটাকে পরিবর্তন করে রিক্রুটমেন্ট রেগুলারাইজ—অর্থাৎ রেগুলেসন রিগার্ডিং রিক্রুটমেন্ট যদি করা যায় তবে সমাধানের দিকে যাওয়া যায়—আমি সেই কথা বলছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যে অ্যাক্ট আছে সেটাকে পরিবর্তন করা যায় কিনা।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে কংগ্রেস আমলে মন্ত্রী উত্তরকে এড়িয়ে যাবার জন্য নোটিশ চাই, বিবেচনা করা যাবে ইত্যাদি বলতেন—এখন দেখছি আমাদের মন্ত্রীরা প্রশ্ন করলে তা এড়িয়ে যাবার জন্য চেষ্টা করছি, বিবেচনা করছি—এই সমস্ত বলছেন আমি জানতে চাই এটা কত দিনে হবে।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এটা কোন প্রশ্ন নয়।

**শ্রীঅনিল মুখার্জিঃ** আপনি বললেন অগ্রাধিকার দিতে গিয়ে প্রধানত আইন সংক্রান্ত বাধা পাচ্ছেন—অন্য প্রদেশে যেখানে এই রকম বাধা পাচ্ছে না—এখানে বাধা পাচ্ছে কেন—এখানের আইনে কিছু ত্রুটি আছে—যাতে অগ্রাধিকারের প্রশ্নে ওটা কভার করা যাচ্ছে না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমার মনে হয় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অ্যাক্ট যেটা আছে তাকে পরিবর্তন করা দরকার। স্ট্যান্ডিং অর্ডার অ্যাক্টে নয়,—আমি চেষ্টা করছি আগামী অধিবেশনে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অ্যাক্ট-টাকে পরিবর্তন করার জন্য।

### নগরা মোড় হইতে ভদ্রপুর পর্যন্ত ফিডার রোডের সংস্কার

***821.** (Admitted question No. *2315.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নলহাটী মোরগ্রাম হাইওয়ের মধ্যবর্তী নগরা মোড় হইতে ভদ্রপুর পর্যন্ত যে ফিডার রোডের ব্যবস্থা আছে, ঐ রাস্তাটির বর্তমান অবস্থা কিরূপ;

(খ) ঐ রাস্তাটি সংস্কার করিবার জন্য কি কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে; এবং

(গ) যদি ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকে, তবে কাজ শুরু করিতে বিলম্ব হইতেছে কেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জি:** (ক) ভাল নয়;

(খ) হ্যাঁ।

(গ) আপাততঃ বৃষ্টির জন্য সংস্কার কার্য বন্ধ আছে, বর্ষার পরই শুরু হইবে।

## Unemployment figure

***830.** (Admitted question No. *184.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if there are any official statistics of the State Government regarding overall position of unemployment in West Bengal both in urban and rural areas; and

(b) if so, how this statistics is collected?

**Shri Krishnapada Ghosh:** (a) Yes, statistics of unemployment may be available from (i) census figures, (ii) unemployment survey carried out by the Bureau of Applied Economics and Statistics from time to time on ad-hoc basis and (iii) Live Register at the Employment Exchanges.

(b) The census data are based on complete enumeration on the date of census carried out by the census staff.

The Bureau of Applied Economics and Statistics carries out employment and unemployment studies from time to time using sampling technique.

The Employment Exchange data are based on voluntary registration with the Employment Exchanges by the employment seekers, whether unemployed or not.

**শ্রীসনৎকুমার রাহা:** যে কোয়েশ্চেন আমি দিয়েছিলাম তার উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেল। আমি চেয়েছিলাম এটা এক্সজস্টিভ ইয়ার টু ইয়ার অর ফেসড ওয়েতে। ৫ বছরের মতন কি ২ বছরের মতন স্ট্যাটিসটিক্স ফুলফ্লেজড হওয়া উচিত। যে কায়দায় সরকারের এই সংখ্যা নেওয়ার ব্যবস্থা সে এক সেনসাস ১০ বছর পরে হবে তারপর ব্যুরো খুব পার্সিয়াল। তারপর আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা আর্বানাইজড। কাজেই আমার বক্তব্য, যুক্তফ্রন্ট সরকার পশ্চিমবাংলার সমস্ত লোকসংখ্যার মধ্যে আনএমপ্লয়মেন্ট স্ট্যাটিসটিকস এক্সজস্টিভ ওয়েতে রেগুলার ফেনোমেনন হিসাবে গ্রহণ করার কোন পরিকল্পনা নিচ্ছেন কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এক্সজস্টিভ ফিগার নিতে গেলে যে ব্যবস্থা থাকার দরকার তা বর্তমানে আমাদের নেই। ভবিষ্যতের কথা চিন্তা করা যেতে পারে।

## বরাকর নদী এবং দামোদর নদীঘাট হইতে বালি তোলার জন্য লাইসেন্স

***831.** (Admitted question No. *2264.)

**শ্রীবামাপদ মুখার্জী:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোলের পশ্চিমে অবস্থিত বরাকর নদী এবং হীরাপুরের অন্তর্গত দামোদর নদীঘাট হইতে বালি তোলার জন্য সরকার কোনও পক্ষকে লাইসেন্স দিয়াছেন কিনা; এবং

(খ) উত্তর "হ্যাঁ" হইলে, উহা হইতে সরকারের আয় কত?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) সীমানা লইয়া বিহার রাজ্যের সঙ্গে মতবিরোধ থাকায় বরাকর নদের বালি তোলার জন্য সরকার কোন লাইসেন্স দেন নাই। দামোদর নদী বর্ধমান জেলার অন্তর্গত নহে।

(খ) হীরাপুরের অন্তর্গত দামোদর নদ সম্পর্কে বালির ইজারা হইতে কোন আয়ের প্রশ্ন ওঠে না। বরাকর নদের বেড সম্পর্কে বলা যায় যে যদিও সরকার কোন লাইসেন্স দেন নাই, তথাপি জমিদারী দখল আইনের ২৮ ধারা অনুযায়ী একটি ইজারার ক্ষেত্রে ৩০০০ টাকার মত আদায় হইয়াছে।

**শ্রীসুনীল বসু রায়ঃ** দামোদরের অংশটি বর্ধমান জেলার অন্তর্গত নয়, বোধহয় বাঁকুড়া জেলার অন্তর্গত। আমার জিজ্ঞাসা, মন্ত্রিমহাশয় জানাবেন কি, তার থেকে সরকারের রাজস্ব আদায় হয় কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সে সম্পর্কে আবার সেটেলমেন্টের রেকর্ড দেখতে হবে, এখন বলা যাবে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নদী থেকে যে বালি তোলা হয় তার লাইসেন্স দেবার ব্যাপার নিয়ে দুর্গাপুর অঞ্চল এবং বাঁকুড়া অঞ্চলের নদী খাদ দিয়ে কোন কেস হয়েছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** কোন নদী থেকে বালী তোলার কথা বলছেন সেটা বলুন।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** দামোদর নদী থেকে।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নোটিশ চাই।

**শ্রীহারাধন রায়ঃ** নদী থেকে বালী তোলার জন্য যারা বন্দোবস্ত গ্রহণ করে তারা কত ট্রাক বালি তোলে, কেন না তাদের লাম্প সাম টাকা দিয়ে বন্দোবস্ত করতে হয়। তাছাড়া বালি তুলে সরকারকে যে সেস দেবার কথা সেটা চেক করার কোন বন্দোবস্ত আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বরাকর এবং দামোদর নদীর প্রশ্নের উপর এ প্রশ্ন উঠে না।

### Amount realised by way of certificate proceedings for non-implementation of tribunal awards and agreements

***832.** (Admitted question No. *2494.) **Shri Ramkrishna Saraogi:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the total amount realised by way of certificate proceedings for non-implementation of tribunal awards and agreements but remaining undisbursed during the period from 1st January, 1966, to 30th June, 1969;

(b) out of this undisbursed amount what are the figures for realised amount during the years 1966, 1967 and 1968;

(c) the reason of delay in disbursement, if any; and

(d) what steps, if any, the Government propose to take for disbursement of the amount already realised?

**Shri Krishnapada Ghosh:** (a) Amount realised by way of certificate for the period from 1st January, 1966 to 30th June, 1969, Rs. 59,062.95.

Amount remained undisbursed during the above period Rs. 4,491.09.

(b) The question does not seem to be clear. The undisbursed amount for the years 1966 to 1969 is as follows:

| | | | | Rs. |
|---|---|---|---|---|
| 1966 | ... | ... | ... | Nil |
| 1967 | ... | ... | ... | 3,872.84 |
| 1968 | ... | .. | ... | 44.75 |
| 1969 | ... | ... | ... | 573.50 |
| | | | | 4,491.09 |

(c) Inability of the unions to produce the concerned workmen in spite of repeated reminders;

(d) Attempts are still being made to pursuade the unions to produce the concerned workmen. In case the unions do not come forward, the amount will be deposited as Revenue Deposit.

[1-30—1-40 p.m.]

**Shri Ramkrishna Saraogi:** Hon'ble Minister has said that the unions generally produce the concerned workmen in spite of repeated reminders but is the Hon'ble Minister-in-charge aware that in spite of repeated approaches bv the unions and the workmen a portion of the realised amount get lost from revenue deposit due to negligence of the Department.

**Shri Krishnapada Ghosh:** The fact has not come to me. If any complaint is put forward before me, I shall certainly look into the matter.

**Shri Ramkrishna Saraogi:** It appears that every realised amount is placed in revenue deposit and there is no separate head of account for these collections. Will the Minister-in-charge say whether he is going to have a separate head of account for all these collections?

**Shri Krishnapada Ghosh:** The suggestion may be considered.

### পুথুরিয়া হইতে আড়াইডাংগা পাকা রাস্তার মেরামত

***833.** (Admitted question No. *2516.)

**শ্রীগফুরুর রহমানঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলার রতুয়া ২নং ব্লকের পুথুরিয়া হইতে আড়াইডাংগা পাকা রাস্তার মোড় পর্যন্ত রাস্তাটি মেরামতের বিষয় সরকার কি ব্যবস্থা করিতেছেন?

### Jaldhaka Hydro-Electric Project

***834.** (Admitted question No. *2530.) **Shri Animesh Mukherjee:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that Jaldhaka Hydro-Electric Project at present is not in working condition; and

(b) if so—

(i) since when this is closed down,

(ii) when it is likely to start operation again, and

(iii) what are the reasons for its close-down?

**Shri Sushil Kumar Dhara:** (a) Yes.

(b) (i) 10th July, 1969.

(ii) After the monsoon is over.

(iii) As a result of unprecedented land-slides and floods of October 1968 and subsequent flood this year the power station and other vital installations of the project including coffer dam had suffered serious damage. This every time there is flood in the Jaldhaka River, foreign materials like sand, stones etc. enter the tunnel which would damage the running plant and other vital equipment beyond repairs if the operation of the project is continued. It has therefore, been considered prudent from the technical point of view to close the operation completely in the interest of the plant itself for the rest of the monsoon this year.

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মনসুনের আগে জলঢাকা হাইড্রো প্রোজেক্ট চালু হচ্ছে না, এর মধ্যবর্তী সময়ে বিদ্যুৎ সরবরাহের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** জলপাইগুড়ি, কুচবিহার এবং দার্জিলিং এই সংশ্লিষ্ট তিনটি জেলার মাননীয় বিধানসভার সদস্যদের সঙ্গে পরামর্শ করে একটি সিদ্ধান্তে আসা হয়েছিল এবং সেই সিদ্ধান্ত অনুসারে আমাদের মন্ত্রিসভা যে সিদ্ধান্ত নিয়েছিলেন তা হচ্ছে এই যে একটা স্বল্পকালীন ব্যবস্থায় এটা বন্ধ হল। দ্বিতীয়তঃ মধ্যকালীন ব্যবস্থা হচ্ছে যে অক্টোবর মাস থেকে চালু করা হবে এবং পরবর্তী মনসুন পর্যন্ত সেটা চালু রাখা হবে এবং এই সময়টার জন্য প্রথমতঃ ৪০০ কিলো ভোল্টের মত অয়েল ইঞ্জিন কেনা হবে। এই ইঞ্জিনগুলি কিনতে ৩০ লক্ষ টাকা লাগবে এবং তার ব্যবস্থা এখন চলছে এবং আমরা আশা করি মধ্যবর্তীকালীন ব্যবস্থায় ভালই এগোতে পারব।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় উত্তরবাংলার সদস্যদের সঙ্গে পরামর্শ করে মন্ত্রিমহাশয় যখন স্থির করেছিলেন জলঢাকা হাইড্রো প্রোজেক্ট বন্ধ রাখা হবে তখন সেখানে প্রস্তাব ছিল থার্মাল প্ল্যান্টটাকে ট্রান্সফার করে উত্তরবাংলার কোথাও নিয়ে যাওয়া হবে, সেটা এখানে মন্ত্রিমহাশয় বললেন না। আমার দাবী হচ্ছে সেটা এখন ট্রান্সফার হবে কিনা, এটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এইরকম সিদ্ধান্ত করতে সময় লাগবে। জিনিসটা খুব টেকনিক্যাল।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** টেকনিক্যাল হলে পরেও মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, জলঢাকা হাইড্রো প্রোজেক্ট চালু হবার পরে মনসুনে আবার বন্ধ হবার কোন সম্ভাবনা আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** পরবর্তী মনসুনে ১৯৬৮ সালের মত কোন বন্যা বা ১৯৬৯ সালের মত কোন বিপর্যয় ঘটবে কিনা সেটা নিশ্চয়ই আমি জ্যোতিষীর মত বলতে পারি না এবং সে সম্বন্ধে কিছু বলাও যায় না।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন আমাদের ওখানে অন্ধকার কোন তারিখ থেকে দূর হওয়া সম্ভব?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** অন্ধকার তো আংশিকভাবে দূর হয়েই আছে, তবে সম্পূর্ণভাবে যেটা দূর হওয়ার কথা সেটা অক্টোবরের প্রথমে বা মাঝামাঝি অর্থাৎ পুজোর আগেই দূর হবে।

**শ্রীবিমলকান্তি বসু:** হাইডেল প্রোজেক্ট-এর ফেলিওর -এর জন্য অলটারনেটিভ অ্যারেঞ্জমেন্ট করার কথা আপনি যেটা আমাদের সঙ্গে বৈঠকে বলেছিলেন, সেটা সম্বন্ধে দ্রুত করা হবে বললেন, কিন্তু সেটা কি মনসুনের ভেতর করা সম্ভব হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই চারটে ওয়েল ইঞ্জিন কেনবার জন্য ব্যবস্থা হচ্ছে, ইতিমধ্যে দুটোর সঙ্গে কথাবার্তা হয়েছে এবং অনেক দূর এগিয়ে গেছে, এবং আরও দুটো আমরা খুঁজছি এবং আশা করছি খুব তাড়াতাড়ি এই চারটে ওয়েল ইঞ্জিন পেয়ে যাবো।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে হাইডেল প্রোজেক্ট-এর স্থান ঠিক ভাবে নিরূপণ না হওয়ার জন্য বারে বারে ধ্বস নামছে এবং যার ফলে জলঢাকা হাইডেল প্রোজেক্ট বন্ধ হয়ে যাচ্ছে, এটা কি সত্য?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা এক্সপার্ট ওপিনিয়ন-এর ব্যাপার, আমরা সেই এক্সপার্ট ওপিনিয়ন পাবার জন্যই ইতিমধ্যে ভারতবর্ষের প্রখ্যাত এবং বিশ্ববিখ্যাতও বলা যেতে পারে এমন এক্সপার্টদের আমন্ত্রণ করেছি। সেইরকম তিনজন এক্সপার্ট শীঘ্রই আসছেন, তাঁরা এসে বলবেন যে এ সম্বন্ধে তাদের টেকনিক্যাল ওপিনিয়ন কি।

### জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণ

***835.** (Admitted question No. *2606.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলঢাকা প্রকল্পে পাহাড়ের গায়ে পাওয়ার হাউস বসাবার জন্য কোন্ ঠিকাদার কোম্পানীকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছিল;

(খ) উক্ত ঠিকদারকে উক্ত কাজের জন্য মোট কত টাকা দেওয়া হইয়াছিল; এবং

(গ) উক্ত কোম্পানীর কাজ ও লেনদেন সম্পর্কে কোন অভিযোগ ছিল কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** স্যার, এর জন্য একটু সময় চাচ্ছি।

### কারখানায় বেআইনী লক আউট

***836.** (Admitted question No. *2638.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ সালের শেষ তিন মাসে এবং ১৯৬৮-৬৯ সালে কয়টি কারখানায় লক আউট বেআইনী ঘোষণা করা হইয়াছিল; এবং

(খ) ঐরূপ লক আউট মালিকরা যাহাতে উঠাইয়া লয় তাহার জন্য কি ব্যবস্থা সরকারের তরফ হইতে গ্রহণ করা হইয়াছিল?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** (ক) ও (খ) শিল্পবিরোধ আইনে লকআউট সরাসরি অবৈধ ঘোষণ করিবার কোন ধারা নাই। ১৯৬৭-৬৮ সালের শেষ তিন মাসে সরকার শিল্পবিরোধ আইনের ১০(৩) ধারা অনুসারে একটি আদেশ জারী করিয়া একটি লক আউটকে নিষিদ্ধ ঘোষণ করিয়াছিলেন। কিন্তু সংশিলষ্ট কোম্পানী হাইকোর্টে মামলা দায়ের করেন এবং হাইকোর্ট হইতে এই মর্মে আদেশ পান যে উক্ত বিষয়টি ক্লোজার সংক্রান্ত লক আউট বিষয়ক নয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বর্তমানে যে আইন আছে সেই আইনের চৌহদ্দির ভেতর মালিক যদি লকআউট করে এবং সেই লকআউট যদি বেআইনী হয় বেআইনী হওয়ার আগে, আইনসঙ্গত কি বেআইনী, সেটাও মীমাংসা করার প্রশ্নটা সেই আইনের ভেতর আছে কিনা এবং তারপর যদি বেআইনী হয় তাহলে সেটা মালিকপক্ষকে তুলে নিতে বাধ করার কোন বিধান আইনে আছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্যকে আমি আগেই বলেছি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট-এর সেকশন ১০(৩) যে ধারা অনুসারে লকআউট বেআইনী ঘোষণা করা যায়, সেটা সরাসরি করা যায় না, অর্থাৎ কনসিলেসন প্রোসিডিংস ফেল করার পর যদি ব্যাপারটা ট্রাইবুনাল বা অ্যাডজুডিকেসনে দেওয়া হয় এবং তখনই যদি প্রহিবিট করা হয়, সেই ক্ষেত্রে একমাত্র লকআউট বা স্ট্রাইক বেআইনী করা যেতে পারে, এ ছাড়া অন্য কোন ধারা নেই। তাছাড়া ইললিগাল লকআউট বা ইললিগাল স্ট্রাইক এইরকম সরাসরি বলা মুস্কিল। কারণ সেটা বিচার করার কোন আইনসংগত পদ্ধতি এখনও পর্যন্ত নেই। একমাত্র বিনা নোটিশে বন্ধ করে দিলে তাকে বলা যায়, কিন্তু তাও কনসিলেসন প্রোসিডিংস-এর ভেতর না গেলে তাকে সরাসরি ইললিগাল ডিকলিয়ার করা যায় না।

[1-40—1-50 p.m.]

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** একমাত্র বিনা নোটিশে যদি বন্ধ করে তাহলে হয়। কিন্তু তাও কনসিলিয়েসন প্রসিডিংস-এর মধ্যে না গেলে তাকে সরাসরি ইললিগ্যাল ডিকলেয়ার করা চলে না।

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** লক আউট কনটিনিউয়েন্স প্রহিবিট করার আইন আছে কিন্তু সেটা কার্যকরী করার জন্য গভর্নমেন্ট যদি অর্ডার দেন এটা বেআইনী এবং এটার কনটিনিউয়েন্স প্রহিবিট করে দেয়া হচ্ছে তাহলে সেটা কি এভাবে কার্যকরী করা হয়—সঙ্গে সঙ্গে কারখানা খুলবে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** না, কার্যকরী পদ্ধতি তা নয়, খুলতেও পারে, নাও খুলতে পারে।

**শ্রীহারাধন রায়ঃ** সেকসন ১০(৩) সেটা অ্যাভয়েড করার জন্য লক আউটকে পরবর্তীকালে মালিকরা ক্লোজার কথাটা ইউজ করছে এটা সত্য কিনা এবং ক্লোজার হামেশায় করছে এটা মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** অনেক ক্ষেত্রে কথাটা সত্য, তাদের বিরুদ্ধে আইনগতভাবে এটা আনা যায় কিনা সেটা আমরা এখনও স্থির করতে পারি নি। আমার ইচ্ছা আছে বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংস্থার দ্বারা একটা কমিটি গঠন করে এবং সেই কমিটির কাছে বাংলাদেশের শ্রমবিরোধ আইন সংক্রান্ত সমস্ত ব্যাপার এবং কি কি পরিবর্তন করা উচিত সেটা রেফার করার ইচ্ছা আছে। এবং বর্তমান অ্যাসেমব্লী সেসন শেষ হয়ে গেলে সেই কমিটি করার কথা ভাবছি করব। তখন তার সুপারিশ মত নূতন আইন প্রণয়নের ব্যবস্থা স্বভাবতই গ্রহণ করা যেতে পারে।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ১৯৬৭ সালে অ্যাসবেসটস কোং বলে একটা বিলাতী কোং এইরকম লক আউট করেছিল এবং ১০(৩) ধারা প্রয়োগ করার পর সেই কোং হাইকোর্টে যায় এবং তারপর হাইকোর্ট থেকে সেটা ট্রাইবুনালে পাঠিয়ে দেন গুড রেফারেন্স বলে...

**Mr. Deputy Speaker:** I think this question does not arise and the Hon'ble Minister may not be prepared or ready with the reply.

**শ্রীঅরুণ সেনঃ** এবং সেই সম্পর্কে আপনি অবগত আছেন কিনা? যেহেতু আপনি একটা কোং-র কথাই বলেছেন ১৯৬৭ সালে সেইহেতু আমি এই একটি কোং-র কথাই বলছি।

**Mr. Deputy Speaker:** It was a general question but you are referring to a particular case and it is not expected that the Minister will be ready with each and every case. You frame your question and give notice for specific cases.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রিমহাশয় একটা কেসের কথাই বলেছেন এবং মাননীয় সদস্য সেই কেসটি রেফার করেছেন। কাজেই এটা সংযুক্ত প্রশ্ন।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** উনি যদি পার্টিকুলার কেসের কথা বলতে পারেন আই হ্যাভ নাথিং টু সে।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এত কাগজপত্র নেই, নোটিশ দিলে বলতে পারব।

## চিনি কল

*837. (Admitted question No. *186.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চিনি কল কয়টি আছে এবং উহাদের বাৎসরিক উৎপাদন ক্ষমতা মোট কত;

(খ) বৎসরে এই রাজ্যে চিনির মোট চাহিদা কত; এবং

(গ) নূতন চিনি কল স্থাপনের জন্য সরকার চিন্তা করিতেছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) পশ্চিমবঙ্গে চিনিকল মোট তিনটি—

১। রামনগর উৎপাদন ক্ষমতা ১২শ টন দৈনিক আখ মাড়াই

২। বেলডাঙ্গা উৎপাদন ক্ষমতা ৬০০/৭০০শ টন দৈনিক আখ মাড়াই

৩। আহমেদপুর উৎপাদন ক্ষমতা ৬০০শ টন দৈনিক আখ মাড়াই

ইহার মধ্যে শেষোক্ত দুটি বন্ধ আছে।

(খ) মোটামুটি তিন লক্ষ ষাট হাজার টন (৩,৬০,০০০ টন)।

(গ) বারাসাত সাব-ডিভিসনে একটি ছোট চিনিকল স্থাপনের সম্ভাবনা সম্পর্কে সরকার অনুসন্ধান করিতেছেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** বারাসাতে যেটা করবেন তার উৎপাদন ক্ষমতা কত হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** উৎপাদন ক্ষমতা বলতে পারব না—এটার ক্রাসিং ক্ষমতা হয়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** যদি সুগার উৎপাদন হয় তার পরিমাণ কত হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটার ব্যাপারে বলেছি অনুসন্ধান চলছে, এটার অনুসন্ধান স্টেজ অতিক্রান্ত হলে তাতে কত আখ মাড়াই হবে এবং কত চিনি হবে জানা যাবে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই বাংলাদেশের চিনির যে পরিমাণ চাহিদা সেই চাহিদাকে পূরণ করার মত কোন পরিকল্পনা সরকার করছেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এত বড় পরিকল্পনা করার মত সাহস আমাদের এখনই হয়নি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, উত্তর বাংলার পশ্চিম দিনাজপুরের যে ট্রান্সফারড এরিয়া ইসলামপুর সেই এলাকায় যেসব চিনির কল আশেপাশে ছিল, সেটা বিহারে পড়ে গেছে কিম্বা পাকিস্তানে পড়ে গেছে। ইসলামপুর এলাকায় আখ চাষীদের স্বার্থে কোন চিনির কল স্থাপন করা হবে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** একটু আগে শুনলেন যে ঐ চিনিকলগুলি বিশেষ করে বেলডাঙ্গা এবং রামনগর—ওরা মুর্শিদাবাদ থেকে আখ নেয়। নদিয়া থেকেও নেয়, যদি এগুলি চালান যায় তাহলে ভাল হয় কিন্তু ইসলামপুরের চিনির কল স্থাপনের কোন পরিকল্পনা আমাদের মাথায় আসেনি

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রামনগরে যে চিনি উৎপাদন হয় সেই চিনি বাংলাদেশের কনজিউমাররা ব্যবহার করেন না সেই চিনি কি হয় বা কোথায় যায়?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা এই প্রশ্নের সঙ্গে আসে না।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, আমেদপুরে যে চিনিকল তৈরী হয়েছিল সেখানে কি চিনি তৈরী হত, না তার সঙ্গে সঙ্গে সুগার কোটেড কুইনিংও তৈরী হত, এটা বলবেন?

(উত্তর নেই)

**শ্রীপান্নালাল দাশগুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, আমেদপুর সুগার মিল সম্বন্ধে আমাদের পজিশনটা কি? সেটা চালু হবে কিনা এবং কবে হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** চালু করার উদ্দেশ্য নিয়েই একজন স্পেশাল অফিসার নিযুক্ত করার নির্দেশ কাগজে দেওয়া হয়েছে। দরখাস্ত আসতে আরম্ভ করেছে এবং সেই দরখাস্তগুলি বিবেচনা করে একজন স্পেশাল অফিসার শীঘ্রই নিযুক্ত হয়ে যাবে। তবে সেপ্টেম্বর মাসের মধ্যেই নিযুক্ত হবে বলে আশা করছি এবং তার পর এর কাজ শুরু হবে। অফিসিয়াল লিকুইডেটর ওখানে আছেন। তাদের কাছ থেকে এটা ছাড়িয়ে নেবার ব্যবস্থা চলছে। এগুলি হলে এটা চালু করার উদ্দেশ্য নিয়েই এটা করা হচ্ছে।

**শ্রীপান্নালাল দাশগুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই স্পেশাল অফিসারের কাজ কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** স্পেশাল অফিসারের কাজ কতকগুলি নির্দিষ্ট করা হয়েছে। তিনি প্রথমে এই কলটি কি অবস্থায় ওখানে আছে সেটা পরীক্ষা করে দেখবেন। এটাকে ওভারহলিং করার চেষ্টা করবেন এবং সংগঠন করবেন, অর্গানাইজেশন করবেন। কিভাবে এবং কি কি করতে হবে। কত আখ চাষ করতে হবে, সেই সমস্ত এসেসমেন্ট করবেন। তাছাড়া সমস্ত অফিসিয়াল লিকুইডেটর-এর কাছ থেকে ছাড়িয়ে নিয়ে আমাদের যে টাকা ওখানে আবদ্ধ হয়ে আছে সেই টাকাগুলি উপযুক্ত ভাবে কাজে লাগান যায়, এটা সরকার চালাবেন কি বেসরকারী প্রতিষ্ঠান চালাবেন কি আধা সরকারী প্রতিষ্ঠান চালাবেন সেগুলি সব ঠিক করে দেবেন। দেওয়ার পরে তার উপর সিদ্ধান্ত গৃহীত হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জনাবেন যে, কি কি কন্ডিশন থাকলে একটা চিনির কল যে কোন জায়গায় খোলা যায়। অর্থাৎ যেটা আমি জানতে চাচ্ছি যে, বারাসাতে সরকার একটা চিনির কল স্থাপন করেছেন, কতগুলি কন্ডিশন থাকলে পরে সেই জায়গার কথা সরকার চিন্তা করেন। সিলেকশন অফ প্লেস যখন হয় তখন একটা অঞ্চলে যেখানে চিনির কল স্থাপনের জন্য সরকার কতকগুলি নীতির উপর ভিত্তি করে থাকেন, সেজন্য আমি জানতে চাচ্ছি যে, কোন নীতির উপর ভিত্তি করে এটা করা হয়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সাধারণতঃ এটা নিশ্চয়ই মাননীয় সদস্যরা ধরতে পারেন যে, যেখানে আখ চাষের সম্ভাব্য আছে বা তার প্রবণতা আছে, তাকে কেন্দ্র করেই চিনির কল হওয়া স্বাভাবিক। আখ চাষ সব জায়গায় হয় না। কাজেই যেখানে যেখানে হয় সাধারণত সেই সমস্ত জায়গায় হয়ে থাকে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, উত্তর বাংলার যে অঞ্চলে আমাদের মাননীয় সদস্য ইতিপূর্বে বললেন যেখানে আখ চাষ প্রচুর হচ্ছে বা যে চিনি কলগুলি বিহারে চলে গেছে সে সম্পর্কে নতুন করে সরকার ভাবছেন কিনা বা সম্ভাবনা আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ইসলামপুরে করতে পারলে আমি খুব খুশী হতাম। বিভিন্ন রকম শিল্পে কথার বিভিন্ন রকম দাবী করছেন। যেখানে জুট বেশী হয় তাদের জুটকল হবে না— আমার কাছে মন্ত্রীরা বসে আছেন, জুটকল ওরা সরাতে দেবেন কিনা আমার সন্দেহ আছে। নূতন করে জুটকল করতে গেলে কি অসুবিধা আছে সেটা আমাদের নিশ্চয়ই ভাবতে হবে। যেখানে যে জিনিস বেশী উৎপাদন হচ্ছে সেখানে তাদের দাবী করা খুবই সঙ্গত বলে মনে করি। তবে বর্তমানে আমাদের সঙ্গতি এবং শিল্পপতিরা যদি এই বিষয়ে অগ্রগামী না হন তাহলে সরকারকেই করতে হয়। সরকারের পক্ষে তার আর্থিক সঙ্গতি অনুসারে এক্ষুনি কিছু করার কথা আমরা ভাবতে পারছি না।

[1-50—2 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মন্ত্রিমহাশয় বললেন রামনগর সুগার মিলে ১২ লক্ষ টন আখ মাড়াই হয়—চিনি কতটুকু প্রস্তুত হয় জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি বলেছি ১,২০০ টন পার ডে আখ মাড়াই হয়।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** সুগারের পরিমাণটা কত?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** একটু আগেই বলেছি এটা আমি এক্ষণে বলতে পারব না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমি জিজ্ঞাসা করছি রামনগর সুগার মিলে এর চেয়ে বেশী আখ মাড়াই করার সম্ভাবনা আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সেকথা আমি বলতে পারব না, তবে আমাদের চিনি যা উৎপাদন হয় তা অত্যন্ত কম—আমি আগেই বলেছি যে ৩ লক্ষ মেট্রিক টন চিনি আমাদের খরচ হয়েছে ১৯৬৭-৬৮ সালে আর ৬,৭৫৭ মেট্রিক টন চিনি মাত্র উৎপাদন হয়েছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমি রামনগর সুগার মিলের কথা পার্টিকুলারলি বলছি যে সেখানে আরো বেশী আখ মাড়াই করার সম্ভাবনা আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হাঃ** আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি কিছুদিন আগে ইসলামপুরের মহকুমা শাসক কোন প্রোপোজাল পাঠিয়েছিলেন কিনা যে ৫ লক্ষ টাকা ওয়ার্কিং ক্যাপিটাল করে কো-অপারেটিভ বেসিসে এই চিনির কল খোলা হোক, কেন না ইসলামপুরে যথেষ্ট আখ উৎপাদন হয়। কাজেই এ বিষয়ে একটা কো-অপারেটিভ করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা কো-অপারেটিভ মিনিস্টারকে জিজ্ঞাসা করবেন।

**শ্রীবজলে আমেদঃ** মন্ত্রিমহাশয় কি অনুগ্রহপূর্বক বলবেন এই যে আমাদের বাংলাদেশে চিনির কলগুলি আছে তার যে প্রোডাকসন সেগুলি কি আমাদের রাজ্যসরকার সরাসরি ডিস্ট্রি-বিউট করেন, নাকি সেন্ট্রাল গভর্নমেন্ট জমা খরচ করে আমাদের দেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য একটু আগেই শুনলেন যে আমাদের চাহিদা এবং উৎপদনের মধ্যে আকাশ পাতাল তফাৎ আছে। আমরা যেখানে ৩ লক্ষ মেট্রিক টন খরচ করি করি সেখানে আমরা ৬ হাজার মেট্রিক টন তৈরী করি। কাজেই এখানে কন্ট্রোল, অ-কন্ট্রোল-এর প্রশ্ন আসে না। আমরা অনেক বেশী নিই বাইরে থেকে। কাজেই যে বিষয়টা জানতে চাইছেন সেটা বলতে হলে আমাকে নোটিশ না দিলে আমি বলতে পারব না।

**শ্রীবজলে আমেদঃ** আমি জিজ্ঞাসা করছি প্রোডাকসানটা আমাদের রাজ্যসরকার সরাসরি গ্রহণ করেন, না কেন্দ্রীয় সরকারের মাধ্যমে সেটা গ্রহণ করেন এবং ডিস্ট্রিবিউট করেন—এটা তো বলতে পারেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা ফুড ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করবেন।

### Loss in production in mills and factories

***838.** (Admitted question No. *2496.) **Shri Ramkrishna Saraogi:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government has any statistics showing the total loss in production in mills and factories owing to the loss of man-days due strikes, lock-outs, etc., during the year 1968; and

(b) what steps, if any, the Government proposes to take to minimise the losses in future?

**Shri Sushil Kumar Dhara:** (a) No.

(b) Does not arise in view of (a) above.

**Shri Ramkrishna Saraogi:** Will the Minister-in-charge kindly reply if the Government has any plan to keep this important data in future so that one could know the total production losses year after year?

**Shri Sushil Kumar Dhara:** Yes, we have this project in mind. But it concerns all the Chambers. If they kindly supply us all the things then we can keep this on record.

### ডিসেরগড় ঘাটে দামোদর নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনা

***839.** (Admitted question No. *2696.)

**শ্রীবামাপদ মুখার্জীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটী থানার অন্তর্গত পুরুলিয়ার সঙ্গে সহজে যোগাযোগের জন্য ডিসেরগড় ঘাটে দামোদর নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উক্ত সেতু নির্মাণের কাজ আরম্ভ হইবে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### সরকারী কর্মচারীদের বর্ধিত হারে রেশন

***840.** (Admitted question No. *473.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকারী কর্মচাদের মধ্যে পুলিশ ব্যতীত কোন্ কোন্ দপ্তরের কাজের জন্য কর্মীদের রেশন বর্ধিত হারে দেওয়া হয়?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** ১। বিধিবদ্ধ রেশন এলাকায় বর্তমানে পুলিশ সহ সকল সরকারী কর্মচারী ও অন্যান্য জনসাধারণকে একই হারে রেশন দেওয়া হয়। ফলে পুলিশ ও অন্যান্য রেশন গ্রহীতাদের মধ্যে রেশন হারের কোন তারতম্য নাই।

২। বিধিবদ্ধ রেশন এলাকার বাহিরে নিম্নলিখিত সরকারী বিভাগ তাহদের প্রয়োজনীয় তণ্ডুলজাত দ্রব্য সরকারের মজুত হইতে নেন, বিধিবদ্ধ রেশন এলাকার চাল ও গমের মাথাপিছু হারের অনূর্ধ হারে সরকারের ভাণ্ডারে যথেষ্ট মজুত যখন থাকে না, তখন ঐ সব সরকারী বিভাগ বাজার হইতেও খানিকটা ক্রয় করিয়া তাহাদের অভাব পূরণ করেনঃ

(১) স্পেশাল এমারজেন্সি ফোর্স।

(২) রেলওয়ে প্রোটেকস্‌ন ফোর্স।

(৩) রেলওয়ে প্রোটেকসনের কাজে শিক্ষার্নবিশগণ।

(৪) এন সি সি ক্যাম্পের শিক্ষানবিশগণ।

(৫) এন সি সি ক্যাডেটদের শিক্ষাদানরত বিভিন্ন স্কুল ও কলেজের সঙ্গে সংযুক্ত সৈন্য বিভাগের লোক।

(৬) ডবলিউ বি এন ভি এফ (কর্মরত অবস্থায়)।

(৭) হোমগার্ড (কর্মরত থাকাকালীন)।

(৮) ফায়ারম্যান এবং ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসের লীডারগণ।

(৯) সমস্ত সরকারী বিভাগের ভারী লরীর ড্রাইভারগণ।

(১০) জেলখানার ওয়ারডেন এবং হেড-ওয়ারডেনগণ।

(১১) ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট-এর কাজে নিযুক্ত সি আর পি-র লোক।

(১২) ডাইরেকটরেট অফ মেডিসিনাল প্ল্যান্টস-এর কর্মচারীগণ।

**শ্রীসনৎকুমার রাহাঃ** পুলিশ ব্যতিরেকে অন্যান্য যেসব দপ্তরের নাম করলেন তাদের মোট সংখ্যা কত?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** কয়েকটি ডিপার্টমেন্ট-এর মোট সংখ্যা বলতে পারি—সবের মোট সংখ্যা আসে নি।

at present 32 employees of fire services, 33 military personnel imparting training to N.C.C. cadets and 26 employees of Jails are availing themselves of the enhanced scale. The benefit is, however, open to categories mentioned in the statement and ration in enhanced scale is supplied to them when demanded by the Department concerned.........

**শ্রীসনৎকুমার রাহাঃ** পুলিশ থেকে এদের রেশন-এর তারতম্য আছে কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** স্ট্যাটুটরি রেশন এলাকায় সকলে সমান পান। যারা স্ট্যাটুটরি রেশন এলাকার বহির্ভূত থাকেন তারা স্ট্যাটুটরি রেশন এলাকার সমতুল্য পেয়ে থাকেন।

**শ্রীঅমরেন্দ্রলাল রায় প্রধানঃ** কি কি যুক্তিতে অন্যান্যদের চেয়ে এদের বাড়তি খাদ্য দেওয়া হয়?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** পুলিশ বিভাগকে যে নীতিতে দেওয়া হয় তাতে যদিও এরা পুলিশ বিভাগের কাজে নিযুক্ত নন কিন্তু তবুও তাদের এমন কতকগুলি কাজ করতে হয় যে জন্য সরকার মনে করেন তাদের বিভিন্ন অবস্থা বিবেচনা করে এদেরও এই সুযোগ দেওয়া উচিত এবং সেদিক থেকেই এই সুযোগ দেওয়া হচ্ছে।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### হাওড়া ব্রীজ ট্যাক্স

***937.** (Admitted question No. *1789.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রেল-যাত্রীদের নিকট হইতে মাথাপিছু ২ পয়সা হারে হাওড়া ব্রীজ ট্যাক্স নেওয়া হয়;

(খ) ইহা সত্য হইলে, এইভাবে সংগৃহীত অর্থের বাৎসরিক পরিমাণ কত; এবং

(গ) এই সংগৃহীত অর্থ কোন্ সরকারী তহবিলে জমা পড়ে?

**মাননীয় পূর্ত মন্ত্রীঃ** (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে প্রতি বছরে প্রায় ছয় লক্ষ টাকা।

(গ) রবীন্দ্র সেতু ট্রাস্ট ফান্ডে জমা হয়।

### হিমঘরে কর্মরত কর্মচারীদের বেতন ও ছুটির ব্যবস্থা

***938.** (Admitted question No. *2356.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে হিমঘরে কর্মরত কর্মচারীদের ন্যূনতম বেতন চালু আছে কিনা; এবং থাকিলে কত; এবং

(খ) অতিরিক্ত কাজের বেতন ও ছুটির ব্যবস্থা আছে কিনা?

**মাননীয় শ্রমমন্ত্রীঃ** (ক) না; প্রশ্ন ওঠে না।

(খ) যে সমস্ত হিমঘর ফ্যাক্টরিজ অ্যাক্ট-এর আওতায় পড়ে, ঐ সমস্ত রিমঘরের কর্মচারীরা ফ্যাক্টরিজ অ্যাক্ট অনুযায়ী অতিরিক্ত কাজের বেতন ও ছুটি পাইয়া থাকেন।

### সদরঘাটে দামোদর নদের উপর সেতু-নির্মাণ প্রকল্প

***941.** (Admitted question No. *2731.)

**শ্রীগোবর্ধন পাকড়েঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার সদরঘাটে দামোদর নদের উপর স্থায়ী সেতু নির্মাণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাদ এই সেতু নির্মাণের কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**মাননীয় পূর্ত (সড়ক) মন্ত্রিমহাশয়াঃ** (ক) প্ল্যান এবং এস্টিমেট তৈরী হয়েছে কিন্তু অর্থাভাবে কাজটি এখনও আরম্ভ করা যায় নি।

(খ) যথেষ্ট অর্থ সংকুলানের উপর নির্ভর করে।

### মুর্শিদাবাদ জেলার কয়েকটি রাস্তার নির্মাণকার্য

***942.** (Admitted question No. *2747.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) গ্রামশালিখা-মজলিশপুর, (২) কুলি-বরোয়াঁ-গ্রামশালিখা, (৩) কুমি-মোরগ্রাম ও (৪) শালকিয়াপালনুটি রাস্তাগুলি নির্মাণের মঞ্জুরী কবে কত টাকা দেওয়া হইয়াছিল;

(খ) মঞ্জুরীদানের পর হইতে আজ পর্যন্ত এই রাস্তাগুলির জন্য কত টাকা খরচ করা হইয়াছে;

(গ) এই রাস্তাগুলির মধ্যে যেগুলি সম্পূর্ণ হয় নাই সেগুলি সম্পূর্ণ না হইবার কারণ কি; এবং

(ঘ) কেন এই রাস্তাগুলির উপরস্থ কয়টি ব্রীজ অনির্মিত রহিয়াছে?

**মাননীয় পূর্ত (সড়ক) মন্ত্রিমহাশয়াঃ**...(ক) (১) গ্রামশালিখা-মজলিশপুর রাস্তা (৭ মাইল) —১৯৬৩-৬৪ সালে টাকা ১১,৮৪,০০০।

(২) কুলি-বরোয়াঁ-গ্রামশালিখা (৬ মাইল)—১৯৫৭ সালে টাকা ৫,২৩,৪০০।

(৩) কুলি-মোরগ্রাম (কিঞ্চিদধিক ২৪ মাইল)—১৯৫৪ সালে টাকা ৩৮,২৬,০০০ এবং ১৯৫৯ সালে আরও টাকা ৩,৮৬,৩০০।

(৪) শালকিয়া-পানুটি (কিঞ্চিদধিক ৭ মাইল)—১৯৬১ সালে টাকা ২,৫৮,৫০০।

(খ) (১) টাকা ১,১৭,২২১; (২) টাকা ৫,৭১,৩৯৫; (৩) টাকা ৬২,০০,৭১৫; (৪) টাকা ৬,২৯,৫৬৩।

(গ) কুলি-বারোয়া-গ্রামশালিখা এবং শালকিয়া-পানুটি শেষ হইয়াছে। গ্রামশালিখা-মজলিশপুর রাস্তাটি অ্যালাইনমেন্ট পরিবর্তনের প্রস্তাব বিবেচনাধীন থাকায় নির্মাণ করা যায় নাই। কুলি-মোরগ্রাম রাস্তাটির ত্রয়োদশ এবং চতুর্দশ মাইল বিল এলাকার মধ্যে পড়ায় উহা শেষ করা যায় নাই।

(ঘ) গ্রামশালিখা-মজলিশপুর রাস্তা ব্যতীত অন্যান্য রাস্তাগুলিতে ব্রীজ নির্মাণের কাজ সম্পন্ন হইয়াছে।

**গোসাবা থানা এলাকার খোয়া-ঢালা রাস্তা**

***944.** (Admitted question No. *2757.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা থানা এলাকায় যে সাড়ে ৭ মাইল খোয়া-ঢালা রাস্তা অছে তা উক্ত থানা এলাকার কোন্ কোন্ মৌজার উপর দিয়া গিয়াছে; এবং

(খ) উক্ত এলাকাগুলিতে ভবিষ্যতে উন্নতি করবার জন্য কোন পাকা রাস্তা করবার পরিকল্পনা আছে কি?

**মাননীয় পূর্ত (সড়ক) মন্ত্রিমহাশয়াঃ** (ক) সাড়ে সাত মাইল দীর্ঘ বাসন্তি-গদখালি-গোসাবা রাস্তাটি মসজিদ বাড়ী, গদখালি দক্ষিণ বাটালা, দক্ষিণ মোকামবেড়িয়া, মটগ্রাম, বল্লারটোপ, কালিডাঙ্গা, রাধাবল্লভপুর ও বাসন্তি মৌজাসমূহের মধ্য দিয়া গিয়াছে।

(খ) হ্যাঁ।

**গোঘাট থানায় ফুড্ এন্ড রিলিফ কমিটির সদস্য গ্রহণ**

***945.** (Admitted question No. *2811.)

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গোঘাট থানায় কি কি যোগ্যতার ভিত্তিতে ফুড এণ্ড রিলিফ কমিটির সদস্য গ্রহণ করা হইয়াছে?

**মাননীয় খাদ্য এবং ত্রাণ মন্ত্রিমহাশয়ঃ** গোঘাট থানার অন্তর্বর্তী অঞ্চলে গোঘাট ব্লক খাদ্য ও ত্রাণ কমিটি এবং গোঘাট থানাস্থিত অঞ্চল খাদ্য ও ত্রাণ কমিটিগুলি গঠিত হইয়াছে। ব্লকস্তরে ও অঞ্চলস্তরে খাদ্য ও ত্রাণ কমিটিগুলি গঠনের জন্য রাজ্য সরকার যে গঠন প্রণালী নির্ধারিত করিয়াছেন সেই প্রণালী অনুযায়ী উক্ত কমিটিগুলি গঠিত হইয়াছে। ব্লক খাদ্য ও ত্রাণ কমিটি ও অঞ্চল খাদ্য কমিটিগুলিব গঠন প্রণালী নিম্নে বর্ণিত হইল।

১। **ব্লক খাদ্য ও ত্রাণ কমিটিঃ** (ক) সংশ্লিষ্ট ব্লক এলাকায় সক্রিয় রাজনৈতিক দলগুলির প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি। ব্লক এলাকায় কোন্ রাজনৈতিক দল সক্রিয় তাহা স্থির করিবেন জেলাস্তরের খাদ্য ও ত্রাণ কমিটি।

(খ) সংশ্লিষ্ট ব্লক এলাকার বিধানসভার সদস্যগণ অথবা তাঁহাদের প্রতিনিধি।

(গ) বি ডি ও বা জয়েন্ট বি ডি ও।

২। **অঞ্চল খাদ্য ও ত্রাণ কমিটিঃ** (ক) অঞ্চল প্রধান।

(খ) সংশ্লিষ্ট অঞ্চল এলাকায় সক্রিয় রাজনৈতিক দলগুলির প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি। অঞ্চল এলাকায় কোন্ রাজনৈতিক দল সক্রিয় তাহা স্থির করিবেন ব্লক কমিটি।

(গ) গ্রামসেবকগণ।

(ঘ) স্থানীয় বিধানসভার সদস্য অথবা তাঁহার প্রতিনিধি।

**মুর্শিদাবাদ জেলায় খাদ্যশস্য ধরিবার জন্য নিযুক্ত এন ভি এফ এবং পুলিশ**

***946.** (Admitted question No. *2837.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অবৈধভাবে চালানকরা খাদ্যশস্য ধরিবার জন্য মুর্শিদাবাদ জেলায় কতজন এন ভি এফ, কতজন পুলিশ ও কতজন অফিসার নিযুক্ত আছেন; এবং

(খ) বর্তমান ফ্রন্ট সরকারের আমলে আজ পর্যন্ত কি পরিমাণ খাদ্যশস্য এইসকল কর্মীরা আটক করিয়াছেন?

**Minister for Food and Supplies Department:**

(ক) প্রশ্নে উল্লিখিত কাজে যে সমস্ত এন, ভি, এফ্, পুলিশ ও পুলিশ অফিসার নিযুক্ত আছেন তাঁহাদের সংখ্যা নিম্নে দেওয়া হইল।

| | |
|---|---|
| এন, ভি, এফ্ | ... ৩২০ |
| কন্স্টেবল | ... ৬ |
| ইন্সপেক্টর | ... ১ |
| সাব-ইন্সপেক্টর | ... ১৬ |
| এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর | ... ২৮ |

(খ) বর্তমান ফ্রন্ট সরকারের আমলে উক্ত কর্মিগণ কর্তৃক খাদ্য শস্য আটকের পরিমাণঃ—

| | |
|---|---|
| চাউল | ... ২৬৮;৬৯ কুইন্টাল |
| ধান | .. ২৮৮;৮৭ কুইন্টাল |

**Extension of statutory rationing to Rupnarayanpur and Sen-Raleigh Housing Project Area**

***947.** (Admitted question No. *2891.) **Shri Sunil Basu Ray:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether Government is considering the desirability of extending the statutory rationing to Rupnarayanpur and Sen-Raleigh Housing Project Area in Asansol subdivision; and

(b) if not, why not?

**Minister for Food and Supplies Department:** (a) No.

(b) Stocks of Government foodgrains do not permit acceptance of any additional commitment involved in the proposal to extend Statutory Rationing.

**দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের কোক্**

***948.** (Admitted question No. *2894.)

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) হিন্দুস্থান স্টীলের দুর্গাপুর স্টীল প্ল্যান্ট দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড থেকে কোক্ কেনার বদলে রাউরকেল্লা স্টীল প্ল্যান্ট-এর কাছ থেকে তাঁদের প্রয়োজনীয় কোক্ কেনেন, এবং (২) বাজারের অভাবে দুর্গাপুর প্রোজেক্টস্ লিঃ-এর কোক্ অনেক জমে গিয়েছে ও তার ফলে এই সংস্থার লোকসান দিন দিন বাড়ছে;

(খ) সত্য হলে, ডি পি এল কোকের বাজার না হবার কারণ কি; এবং

(গ) তার প্রতিকারের জন্য পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**মাননীয় শিল্প এবং বাণিজ্য মন্ত্রিমহাশয়ঃ** (ক) (২) হিন্দুস্থান স্টীল প্ল্যান্টের দুর্গাপুর স্টীল প্ল্যান্ট প্রোজেক্টস লিমিটেড থেকে কোক কেনেন না। যতদূর জানা আছে ঐ সংস্থা ভিলাই ও রাউরকেল্লা প্ল্যান্ট থেকে প্রয়োজনীয় কোক কেনেন।

(২) হ্যাঁ।

(খ) বাজারে কোকের চাহিদা সাধারণভাবে মন্দা হওয়ার জন্য।

(গ) দুর্গাপুর স্টীল প্ল্যান্টে কোক সরবরাহ করার জন্য এখনও চেষ্টা করা হচ্ছে। তাছাড়া কোকের ব্যবহারের জন্য দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডের আওতায় একটি ব্লাস্ট ফার্নেস প্রোজেক্ট করার পরিকল্পনা বিবেচনাধীন আছে।

## Supply of cast iron sleepers to the Railways

***949.** (Admitted question No. *2900.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the West Bengal State was the principal supplier of cast iron sleepers to the Railways;

(b) if so, what is the present position of the State in this regard; and

(c) what percentage of the railways' orders the West Bengal Foundry Firms have received up to July, 1969, during the current year?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) This year there has been a drastic cut in the quantum of orders for cast iron sleepers and the West Bengal's share has also gone down.

(c) During the year 1969-70, the West Bengal Foundry Firms have received 52.9 per cent. of the railway orders for C.I. sleepers.

## শিল্পে কাজের ক্ষতি

***950.** (Admitted question No. *2349.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার শাসন-ক্ষমতা লাভ করার পর থেকে এ পর্যন্ত শিল্পে কতদিন কাজের ক্ষতি (লস অফ ম্যান ডেজ) হইয়াছে;

(খ) উহার সঙ্গে কত শ্রমিক জড়িত ছিল; এবং

(গ) কত আর্থিক ক্ষতি হইয়াছে?

**মাননীয় শ্রম মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৯ সালের ২৫এ ফেব্রুয়ারী যুক্তফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর হইতে ৩১এ জুলাই পর্যন্ত কাজের ক্ষতির (লস অফ ম্যানডেজ) পরিমাণ—১৫,৫৮,৬১৫ (প্রভিসনাল)।

(খ) শ্রমিকের সংখ্যা—১,১৩,৪৭২ (প্রভিসনাল)।

(গ) এই বিষয়ে কোন পরিসংখ্যান নাই।

### ঢাকেশ্বরী সুতাকল

***951.** (Admitted question No. *2715.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার আসানসোল মহকুমায় ঢাকেশ্বরী সুতাকলটি কোন্ সময় হইতে বন্ধ আছে এবং বন্ধের কারণ কি, এবং

(খ) উক্ত মিলটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৩ সালের ১৭ই অক্টোবর হইতে সুতাকলটি বন্ধ আছে। আর্থিক অপ্রতুলতার দরুন সুতাকলটি বন্ধ হইয়া যায়।

(খ) হাঁ।

### ২৪-পরগনা জেলায় বাতিল আঞ্চলিক পরিষদের সংখ্যা

***952.** (Admitted question No. *2796.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় কতগুলি আঞ্চলিক পরিষদ বাতিল করা হইয়াছে,

(খ) এইসকল পরিষদের বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ আছে কিনা, এবং

(গ) থাকিলে, কতগুলির ক্ষেত্রে এবং তাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন?

**পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কোন আঞ্চলিক পরিষদকেই বাতিল করা হয় নাই।

(খ) কোন আঞ্চলিক পরিষদের বিরুদ্ধেই দুর্নীতির অভিযোগ পাওয়া যায় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

### Working of Employees' State Insurance Scheme

***953.** (Admitted question No. *2846.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the working of the Employees' State Insurance Scheme in West Bengal during 1968-69 particularly in respect of the following:—

(i) number of factories covered by this scheme during 1968-69;

(ii) number of persons insured during 1968-69; and

(iii) the amount of expenditure incurred for the same during the said year?

**The Minister for Labour:** (a) (i) 268.

(ii) 1,44,245.

(iii) Cash Benefit—Rs. 3,72,34,985.80 P, and Medical Benefit—Rs. 4,13,30,900.00 P.

## UNSTARRED QUESTIONS
### (to which written answers were laid on the table)

### সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি

**866.** (Admitted question No. 2146.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কর্মচারীদের ঘুষ ও দুর্নীতি বন্ধ করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে; এবং

(খ) নূতন সরকার গঠনের পর হইতে এ পর্যন্ত কতজন দুর্নীতিগ্রস্ত সরকারী কর্মচারীর বিরুদ্ধে সরকার ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Home (General Administration):**

(ক) সরকারের বিভিন্ন দপ্তরের বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি দমনের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থাসমূহ গ্রহণ করিয়াছেন। ইহাদের মধ্যে প্রধান ব্যবস্থাগুলি এই—

(১) সরকারী কর্মচারীদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তদন্ত করিবার জন্য একটি প্রভূত ক্ষমতাসম্পন্ন ও সরকার নিরপেক্ষ ভিজিল্যান্স কমিশন গঠিত হইয়াছে। কমিশন বহু সন্দেহজনক ব্যাপার কর্মচারীদের বিরুদ্ধে তদন্ত করিতেছেন।

(২) বিভিন্ন বিভাগে এবং অফিসে একজন করিয়া ভিজিল্যান্স অফিসার নিয়োগ করা হইয়াছে।

(৩) যে সমস্ত দপ্তরে লাইসেন্স, পারমিট, ঋণ ইত্যাদি বিতারিত হয়, সেই সমস্ত দপ্তরকে এই বিষয়গুলি সম্বন্ধে বিস্তারিত নিয়মকানুন সম্বলিত পুস্তিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। এইসব অফিসে নিযুক্ত কর্মচারিগণকে তিন বৎসর অন্তর বদলী করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৪) সাবরেজিস্ট্রি অফিসগুলিতে উর্ধতন অফিসার কর্তৃক নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করা হইয়াছে। সাবরেজিস্ট্রি অফিসের কাজকর্ম যাহাতে সাবরেজিস্টারের সম্মুখেই অনুষ্ঠিত হয় তজ্জন্যও যথাযথ নির্দেশ দেওয়া হইয়াছে। তাহা ছাড়া লাইসেন্স-প্রাপ্ত দলিল লেখকরা যাহাতে সাধারণের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় না করিতে পারে, তজ্জন্য তাহাদের রেজিস্টার ও হিসাব বহি পরীক্ষার জন্য যথোপযুক্ত নির্দেশ দেওয়া হইয়াছে।

(৫) যে সমস্ত গাড়ী পাবলিক ভেহিকলস বিভাগের পরিদর্শকরা উপযুক্ত বলিয়া সুপারিশ করেন, তাহার মধ্যে কিছু সংখ্যক গাড়ী নিয়মিতভাবে স্বারষ্ট্র (পরিবহণ) বিভাগের অন্য পরিদর্শক দ্বারা দ্বিতীয়বার পরীক্ষা করাইবার ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া, গাড়ীগুলির যান্ত্রিক উপযুক্ততা রাজ্য সিভিল সার্ভিসের কয়েকজন নির্বাচিত অফিসারের সম্মুখে পরীক্ষা করাইবার ব্যবস্থা করা হইয়াছে। উপরন্তু পাবলিক ভেহিকলস বিভাগের পরিদর্শকদের এবং ঐ বিভাগের কিছু সংখ্যক অন্য কর্মচারীদের প্রতি বৎসর বদলী করিবারও ব্যবস্থা করা হইয়াছে।

(৬) কলিকাতার কর্মনিয়োগ কেন্দ্রসমূহের অফিসারদের মধ্যে যাঁহারা একই কেন্দ্রে তিন বৎসরের বেশী সময় আছেন, তাঁহাদের বদলীর ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া কর্মনিয়োগ কেন্দ্রসমূহের দুর্নীতি দূর করিবার উদ্দেশ্যে একটি কমিটি গঠন করা হইয়াছিল। কমিটির সুপারিশ অনুযায়ী এই সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(৭) প্রাইমারী টেকস্ট বইগ্বলির প্রকাশন ও বিলি ব্যবস্থার গলদগ্বলি দ্বর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(৮) যে কোন উদ্দেশ্যে সরকারের অন্মতি ব্যতিরেকে চাঁদা সংগ্রহণ করা সম্পর্কে বিধি-নিষেধ আরোপ করা হইয়াছে।

(৯) চাকুরী হইতে বরখাস্ত কর্মচারীদের বিবরণ সংবাদপত্রের মাধ্যমে প্রচার করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(১০) সরকারী কর্মচারীদের পক্ষে বেনামীতে কোন সম্পত্তি সরকারের বিনা অন্মতিতে ক্রয় করা নিষিদ্ধ করা হইয়াছে।

(১১) কোন কর্মচারীর বিরুদ্ধে দ্বর্নীতির অভিযোগ থাকিলে তাহাকে প্রয়োজনবোধে যাহাতে বদলী করা যায় সেই সম্বন্ধে নিয়ম প্রণয়ন করা হইয়াছে।

(১২) কোন সরকারী কর্মচারী অন্য কর্মচারীর বিরুদ্ধে কোন দ্বর্নীতির অভিযোগ জানা থাকিলে তাহা তিনি সরাসরি ভিজিল্যান্স কমিশনকে জানাইতে পারিবেন এইরূপ ব্যবস্থা করা হইয়াছে।

(১৩) সমস্ত কর্মচারিগণকে প্রতি বৎসর তাঁহাদের স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করিতে হইবে, এইরূপ নির্দেশ দেওয়া হইয়াছে। সন্দেহজনক ক্ষেত্রে বিবরণ-গ্বলি ভিজিল্যান্স কমিশন পরীক্ষা করিয়া বিশদভাবে তদন্ত করেন।

(১৪) দ্বর্নীতি প্রতিরোধ ব্যাপারে উপযুক্ত একটি আইন প্রণয়ন করার কথা সরকার বিশেষভাবে চিন্তা করিতেছেন।

(খ) ১৯৬৯ সালের ফেব্রুয়ারী হইতে জ্বলাই মাস পর্যন্ত নিম্নে প্রদত্ত সংখ্যক কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বিত হইয়াছে:—

৩ জনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের এবং ১১০ জনের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত আরম্ভ করা হইয়াছে। এ ছাড়া, ২৯ জনকে সতর্কীকরণ, বদলী ইত্যাদি করা হইয়াছে।

### গ্রামাঞ্চলে থানাগ্বলির শ্রেণীবিভাগ

**867.** (Admitted question No. 2292.)

**শ্রীবজলে আমেদ:** স্বরাষ্ট্র (প্বলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্বগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গ্রাম এলাকার থানাগ্বলির কোনও শ্রেণী বিভাগ আছে কিনা এবং থাকিলে শ্রেণী অন্বযায়ী এস আই, এ এস আই, ও কনস্টেবলগণের পোস্টিং-এর ব্যাপারে কি নিয়ম (অর্থাৎ কতজন করে) পালন করা হয়;

(খ) বীরভূম জেলার ম্বরারই থানা কোন্ শ্রেণীভুক্ত এবং এই থানায় মোট কতজন এস আই, এ এস আই ও কনস্টেবল এখন কার্যরত আছেন; এবং

(গ) এই থানায় কার্যের চাপ অন্বযায়ী এই থানার কর্মচারী বাড়াইবার প্রস্তাব হইয়াছে কিনা?

**The Minister for Home (Police):**

(ক) না।

(খ) বর্তমানে ম্বরারই থানায় ১ জন সাব-ইন্সপেক্টর, ২ জন অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং ১০ জন কনস্টেবল কার্যরত আছেন।

(গ) হ্যাঁ।

**রামপুরহাট মহকুমায় থানা মার্কেটিং সোসাইটি**

**868.** (Admitted question No. 2134.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট মহকুমার থানা মার্কেটিং সোসাইটিসমূহের নাম কি;

(খ) উক্ত মার্কেটিং সোসাইটিসমূহের পরিচালনা সমিতির কোন্‌টির কবে পরিচালক সমিতি শেষবার গঠিত হইয়াছে;

(গ) উক্ত পরিচালনা সমিতিসমূহে রাজসরকারের প্রতিনিধি কোন্‌টিতে কবে মনোনয়ন দেওয়া হইয়াছে; এবং

(ঘ) কোন্‌টি কংগ্রেসী শাসন যুগের সরকারী মনোনীত, পি ডি এফ বা পি ডি এফ কংগ্রেস যুগের মনোনীত ও যুক্তফ্রন্ট সরকার কালের মনোনীত সরকারের প্রতিনিধি আছেন?

**The Minister for Co-operation:**

(ক) (১) মুরারই থানা লার্জ সাইজড কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।

(২) নলহাটি থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিঃ।

(৩) রামপুরহাট কো-অপারেটিভ লার্জ সাইজড মার্কেটিং সোসাইটি লিঃ।

(৪) মল্লারপুর কো-অপারেটিভ লার্জ সাইজড মার্কেটিং সোসাইটি লিঃ।

(খ) সমিতির নং (১) ১০-৬-৬৭

(২) ২৬-১১-৬৭

(৩) ২৩-২-৬৯

(৪) ২৭-১০-৬৮

(গ) (১) ১০-৬-৬৮

(২) ২৭-১-৬৭

(৩) ৬-১২-৬৬

(৪) ১৭-৪-৬৮

(ঘ) (১) প্রেসিডেন্টের শাসন কালের

(২) কংগ্রেস যুগের

(৩) কংগ্রেস যুগের

(৪) প্রেসিডেন্টের শাসন কালের

**মালদহ জেলায় প্রাথমিক বিদ্যালয়**

**869.** (Admitted question No. 2694.)

**শ্রীমহম্মদ আলিঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় মোট প্রাইমারী স্কুলের সংখ্যা কত;

(খ) রতুয়া থানায় উক্ত সংখ্যা মোট কত;

(গ) ইহা কি সত্য যে, রতুয়া থানার মহানন্দা টোলা অঞ্চলে মুনিরাম টোলার একটি স্কুল অনুমোদন লাভের জন্য আবেদন করিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত স্কুলকে অনুমোদন না দেওয়ার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) ১,১৬৩।

(খ) ১৩৪।

(গ) হ্যাঁ।

(ঘ) উক্ত প্রাথমিক বিদ্যালয়টির অনুমোদনের বিষয় বর্তমান সরকারের বিবেচনাধীন আছে।

**Gherao of S.D.O. of Alipurduar at Falakata**

870. (Admitted question No. 1877.) **Shri Jagadananda Roy:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is fact that the Subdivisional Officer, Alipurduar, was gheraoed at Falakata B.D.O. Office in June last; and

(b) if so, whether Government have any information about the persons who staged this gherao and, if so, who are they?

**The Minister for Home (Police):** (a) No.

(b) Does not arise.

**প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেন্টারে শয্যা**

871. (Admitted question No. 1933.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেন্টারগুলিতে শয্যা সংখ্যা কম বেশী হওয়ার কারণ কি?

**The Minister for Health:**

স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রথম পর্যায়ে প্রতি থানায় ২০-৫০ শয্যাযুক্ত থানা স্বাস্থ্যকেন্দ্র এবং প্রতি ইউনিয়নে ৪-১০ শয্যাযুক্ত ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছিল।

তারপর ঐ পরিকল্পনা সংশোধন করা হয়। বর্তমানে প্রতি ব্লকে একটি করিয়া ১০-শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুইটি করিয়া ২টি পথ্যবিহীন প্রসূতি শয্যাযুক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

কয়েকটি স্থানের গৃহাদি শয্যা স্থাপনের উপযোগী নহে বলিয়া কয়েকটি স্বাস্থ্যকেন্দ্র শয্যা বিহীন।

**মেদিনীপুর জেলায় বাসরুটের সংখ্যা**

872. (Admitted question No. 2470.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে মোট কতগুলি বাসরুট আছে; এবং

(খ) উপরোক্ত রুটগুলিতে বর্তমানে মোট কতগুলি বাস চালু আছে?

**The Minister for Home (Transport):**

(ক) ১২৮টি।

(খ) ৪১৪ খানি।

**Alleged corruption amongst Tashildars of Taraberia and Chandigar Anchals in the district of 24-Parganas**

**873.** (Admitted question No. 1672.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether the Land and Land Revenue Department has recently got any mass application against the corruption of the Tashildars of Taraberia and Chandigar Anchals under Amdanga police-station, district 24-Parganas; and

(b) if so, what steps the department have taken in that respect?

**The Minister for Land and Land Revenue:** (a) No.

(b) Does not arise.

**বহরমপুর ব্লকে বাস্তুজমির জন্য গরীব কৃষকদের আবেদনের সংখ্যা**

**874.** (Admitted question No. 2623.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কত গরীব কৃষক বাস্তুজমির জন্য দরখাস্ত করিয়াছেন এবং কতজনকে বাস্তুজমি দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

বহরমপুর ব্লকের অধীন ভাকুরী অঞ্চলে ১৫ জন, রাঙ্গামাটী-চাঁদপাড়া অঞ্চলে ২ জন ও হাতিনগর অঞ্চলে ৩০ জন, মোট ৪৭ জন বাস্তুজমির জন্য দরখাস্ত করিয়াছেন।

দরখাস্তগুলি বিবেচনা করা হইতেছে। কাহাকেও এখন পর্যন্ত জমি দেওয়া হয় নাই।

**Rural Electrification**

**875.** (Admitted question No. 2476.) **Shri Bimal Kanti Das:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the district-wise number of villages in West Bengal electrified so far; and

(b) the district-wise number of villages proposed to be electrified during 1969-70?

**The Minister for Commerce and Industries:** (a) District-wise break up of the villages electrified so far, i.e., up to June, 1969, is as follows:

| | |
|---|---|
| Bankura ... ... ... ... | 71 |
| Birbhum ... ... ... ... | 78 |
| Burdwan ... ... ... ... | 423 |
| Cooch Behar ... ... ... ... | 13 |
| Darjeeling ... ... ... ... | 155 |
| Hooghly ... ... ... ... | 255 |
| Howrah ... ... ... ... | 84 |
| Jalpaiguri ... ... ... ... | 163 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Malda | ... | ... | ... | ... | 62 |
| Midnapore | .. | ... | ... | ... | 146 |
| Murshidabad | ... | ... | ... | ... | 201 |
| Nadia | .. | ... | ... | ... | 388 |
| 24-Parganas | .. | ... | .. | ... | 375 |
| Purulia | ... | ... | .. | ... | 57 |
| West Dinajpur | ... | ... | .. | ... | 18 |
| | | | | | 2,489 |

(b) In addition to continuing scheme, number of villages sanctioned till date for electrification during the year 1969-70 under different districts are 198. The district-wise break-up of the villages proposed to be electrified during 1969-70 are as follows:

| Name of the district | Proposed to be electrified |
|---|---|
| Burdwan | 75 |
| Bankura | 10 |
| Birbhum | 5 |
| Cooch Behar | ... |
| Darjeeling | 1 |
| Hooghly | 55 |
| Howrah | 29 |
| Jalpaiguri | 2 |
| Malda | ... |
| Midnapore | 35 |
| Murshidabad | 16 |
| Nadia | 46 |
| 24-Parganas | 25 |
| Purulia | 1 |
| West Dinajpur | ... |
| | 300 |

**জুনিয়র এবং সাবডিভিসনাল ল্যান্ড রেভেনিউ অফিসার পদের যোগ্যতা**

**876.** (Admitted question No. 1998.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জুনিয়ার ল্যান্ড রেভেনিউ অফিসার পদে নিয়োগের ন্যূনতম যোগ্যতা কি:

(খ) সাবডিভিসনাল ল্যান্ড রেভেনিউ অফিসার পদে নিয়োগের ন্যূনতম যোগ্যতা কি; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় ভূমিসংস্কার বিভাগে কর্মরত বর্তমান লোয়ার ডিভিসন ক্লার্কদের শিক্ষাগত যোগ্যতা কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) জুনিয়ার ল্যান্ড রেভেনিউ অফিসারের পদ পশ্চিমবঙ্গ নিম্নতর ভূমিরাজস্ব কৃত্যক

প্রথম বর্গের অন্তর্ভুক্ত। ঐ কৃত্যকের পদগুলির দুই-তৃতীয়াংশের সরাসরি নিয়োগ হইয়া থাকে —বিশ্ববিদ্যালয়ের স্নাতক উপাধি সরাসরি নিয়োগের যোগ্যতার মান। এক-তৃতীয়াংশ পদে সার্কেল ইন্সপেক্টর, জিলাদার, দ্বিতীয় বর্গের কানুনগো, ইত্যাদি হইতে প্রমোশন হয়।

(খ) সাবডিভিসনাল ল্যান্ড রেভেনিউ অফিসারের পদে কেবলমাত্র প্রমোশন দ্বারা নিয়োগ হয়। জুনিয়ার ল্যান্ড রেভেনিউ অফিসার, ভাগচাষ অফিসার, রেভেনিউ অফিসার, ভূমিগ্রহ বিভাগের কানুনগো ইত্যাদি ঐ পদে প্রমোশনের অধিকারী।

(গ) অধিকাংশই ম্যাট্রিকুলেশন বা স্কুল ফাইনাল পাশ। কয়েকজন বি, এ, পাশ আছেন। আবার কয়েকজন নন-ম্যাট্রিকও আছেন।

### ভিজিলেন্স কমিশনের কেস নং এ এইচ ভি এস—২/৬৬

877. (Admitted question No. 1909.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভিজিলেন্স কমিশনের কেস নং এ এইচ ভি এস-২/৬৬-এর সহিত জড়িত সরকারী কর্মচারীদের বিরুদ্ধে কি অভিযোগ ছিল,

(খ) ইহা কি সত্য যে, উক্ত মামলায় ভিজিলেন্স কমিশনের সুপারিশ ১৯৬৬ এবং ১৯৬৭ সালে গ্রহণ করা হয় নাই; এবং

(গ) সত্য হইলে কারণ কি?

**The Minister for Home (General Administration):**

(ক) ভিজিলেন্স কমিশন পশুচিকিৎসা অধিকর্তার (ডাইরেক্টর অফ ভেটেরিনারী সার্ভিসেস, ওয়েস্ট বেঙ্গল) বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগগুলি সরকারের গোচরীভূত করেন:

(১) তিনি ১০নং থিয়েটার রোডে (বর্তমান সেক্সপীয়ার সরণী) ভিক্টরি ক্লিনিক নামে একটি পশুচিকিৎসা ক্লিনিক স্থাপন এবং পরিচালনার ব্যাপারে সংশ্লিষ্ট ছিলেন।

(২) তিনি ১৯৬০ সালে কলিকাতায় অনুষ্ঠিত "অল ইন্ডিয়া ভেটেরিনারী কনফারেন্স"-এর চতুর্দশ সম্মেলন উপলক্ষে সরকারী অনুমতি ব্যতীত "ওয়েস্ট বেঙ্গল ভেটেরিনারী অ্যাসোসিয়েশন"-এর অর্গানাইজিং সেক্রেটারী হিসাবে চাঁদা আদায় ও খরচ করিয়াছিলেন।

(৩) ৬-৪-৬৬ তারিখে ভিজিলেন্স কমিশনের অ্যান্টিকরাপশন ব্যুরোর নিকট বিবৃতি দিয়াছিলেন যে তিনি ১২-৫-৬০ তারিখে ৫২৩ টাকা মূল্যে একটি রেডিও সেট ক্রয় করিয়াছিলেন কিন্তু ১৯৬২ সালের সম্পত্তির ঘোষণাপত্রে তাহা উল্লেখ করেন নাই।

(৪) ১/এ আর জি কর রোডে অবস্থিত সাদার্ন ব্যাংক অফ ইন্ডিয়া লিমিটেড-এ তিনি ৪-৬-৫৪ তারিখে একটি সেভিং ব্যাংক অ্যাকাউন্ট খুলিয়াছিলেন। তিনি ১৯৫৫, ১৯৫৬, ১৯৫৭, ১৯৫৮, ১৯৫৯, ১৯৬২ এবং ১৯৬৪ সালের সম্পত্তির ঘোষণাপত্র-গুলিতে ঐ অ্যাকাউন্টের উল্লেখ করেন নাই।

(খ) হ্যাঁ।

(গ) উক্ত অভিযোগগুলি বিশেষভাবে বিবেচনার পর সরকার ২৮-৭-৬৭ তারিখে এই সিদ্ধান্তে উপনীত হইলেন যে সামান্য ত্রুটিবিচ্যুতি ছাড়া উক্ত অফিসারের বিরুদ্ধে আনীত অভিযোগগুলি এত তুচ্ছ এবং সামান্য ধরনের যে তাহা ভিজিলেন্স কমিশন কর্তৃক প্রস্তাবিত বিভাগীয় ব্যবস্থা গ্রহণের যোগ্য কেস বলিয়া সরকার মনে করেন নাই।

**এক্সটেনসন অফিসার**

**878.** (Admitted question No. 2627.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি ব্লকের জন্য সাধারণত এক্সটেনসন অফিসার কয়জন থাকেন; এবং

(খ) এই সকল এক্সটেনসন অফিসারদের কি কি কাজ করিতে হয়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) প্রত্যেক ব্লকে সাধারণত একজন হিসাবে নিম্নলিখিত এক্সটেনসন অফিসার আছেনঃ

(১) এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার।

(২) কো-অপারেটিভ ইন্সপেক্টর।

(৩) এক্সটেনসন অফিসার, পঞ্চায়েত।

(৪) এক্সটেনসন অফিসার, সোস্যাল এডুকেশন।

(৫) এক্সটেনসন অফিসার, সোস্যাল এডুকেশন (মহিলা)।

(৬) সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার।

এতদ্ব্যতীত কয়েকটি ব্লক পিছু একজন হিসাবে নিম্নলিখিত এক্সটেনসন অফিসার আছেনঃ

(১) এক্সটেনসন অফিসার, ইন্ডাস্ট্রিজ।

(২) ভেটেরিনারী অ্যাসিস্ট্যান্ট সার্জেন।

(খ) ব্লক ডেভেলপমেন্ট অফিসারের পরিচালনাধীনে ব্লকের বিভিন্ন বিভাগীয় পরিকল্পনাগুলির সুষ্ঠু রূপায়ণে প্রয়োজনীয় কার্যাবলী সংশিলষ্ট এক্সটেনসন অফিসারগণ করিয়া থাকেন।

**রাজনৈতিক নির্যাতিত কর্মীদের পুত্রকন্যার শিক্ষার জন্য ব্যয়**

**879.** (Admitted question No. 2780.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে রাজনৈতিক নির্যাতিত কর্মীদের পুত্রকন্যার শিক্ষার সাহায্য বাবদ ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে মোট কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Education:**

পশ্চিমবঙ্গে রাজনৈতিক নির্যাতিত কর্মীদের পুত্রকন্যার শিক্ষার সাহায্য বাবদ ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে যথাক্রমে টাকা ১,৬০,২৫৬, টাকা ১,০৮,৭৬৩ ও টাকা ১,৪২,০৪৯ খরচ হইয়াছিল।

**মেদিনীপুর জেলা পরিষদের অধীনে অকেজো নলকূপগুলি মেরামতের ব্যবস্থা**

**880.** (Admitted question No. 2772.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মেদিনীপুর জেলা পরিষদ কর্তৃক যে সমস্ত পানীয় জলের নলকূপ গ্রামে বসান হয়েছে অথচ বর্তমানে অকেজো অবস্থায় পড়ে আছে, এই অকেজো নলকূপগুলি মেরামত করার জন্য সরকারের কিছু করণীয় আছে কিনা;

(খ) যদি থাকে তবে ঐ ব্যাপারে কাহার নিকট গ্রামবাসীদের আবেদন করতে হবে; এবং

(গ) মেরামতের জন্য গ্রামবাসীগণকে খরচের কত অংশ বহন করতে হবে?

**The Minister for Panchayats:**

(ক) না। জিলা পরিষদ কর্তৃক স্থাপিত নলকূপগুলির মেরামতের যাবতীয় ব্যবস্থা প্রয়োজনমত জিলা পরিষদই করেন। সরকারের কিছু করণীয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**Rates of rent for houses under L.I.G. Housing Scheme**

**881.** (Admitted question No. 2658.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) if it is a fact that the Government have fixed different rates of rent for the houses under the Low Income Group Housing Scheme in different places; and

(b) if so, the rates of such houses in different localities and the reasons for such difference?

**The Minister for Housing:** (a) Yes.

(b) As the land cost and the cost of construction vary from place to place and from time to time the actual cost on the basis of which rent is fixed varies. Besides, the houses are built with loan from the Government of India and the interest payable on such loan varies from year to year. Therefore, rates of rent for the houses in different places vary. The rates of rent (excluding servicing charges) for such houses are stated below:

| | Location. | Standard two-roomed. | Ordinary two-roomed. | Regular two-roomed. | Small two-roomed. |
|---|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | Rs. | Rs. |
| 1. | Durgapur | 109 00 | 85 00 | 65·00 | . |
| 2. | Shibpur | 88·00 | .. | . | .. |
| 3. | Baltikuri | 122 50 | . | 77·00 | 46 50 |
| 4. | Andul Road | .. | .. | 104·00 | .. |
| 5. | Belgachia (B.V.C.) | .. | 105·00 | 80·00 | 47·00 |
| 6. | Belgachia Villa | . | 114 00 | .. | .. |
| 7. | S. K. Deb Road (Patipukur) | .. | .. | 89 59 | *50·00 |
| 8. | 537 Dum Dum Road | | . | 79·00 | . |
| 9. | 40-1 Tangra Road | . | .. | 97 00 | 57 50<br>*45 00 |
| 10. | Maniktala | .. | 121 00 | .. | . |
| 11. | Sodepur | 87·00 | .. | 82·50 | 46·50 |
| 12. | Kankurgachi | .. | .. | .. | *50·00 |
| 13. | Muraripukur Road | .. | .. | .. | *50·00 |
| 14. | Ramkrishna Samadhi Road | .. | .. | .. | *50·00 |
| 15. | Behala | .. | .. | 100·00 | .. |

*Flats originally sanctioned under the Slum Clearance Scheme. Diverted for allotment to the Weaker Section of the Community.

### মেদিনীপুর জেলায় ভোকেশনাল ট্রেনিং সেন্টার

**882.** (Admitted question No. 2902.)

**শ্রীবুধনচন্দ্র টুডু:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার কোথায় ও কতগুলি ভোকেশনাল ট্রেনিং সেন্টার আছে;

(খ) কি কি যোগ্যতার ভিত্তিতে উক্ত ট্রেনিং সেন্টারে ভর্তি করা হয়; এবং

(গ) কত বছরের ট্রেনিং দেওয়া হয়?

**The Minister for Commerce and Industries:**

(ক) মেদিনীপুর জেলায় দুইটি ভোকেশনাল ট্রেনিং সেন্টার (ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট) আছে। তাহার একটি মেদিনীপুর শহরে এবং অন্যটি ঝাড়গ্রাম শহরে অবস্থিত।

(খ) শিক্ষাগত যোগ্যতা--নিম্নলিখিত ট্রেডগুলিতে ভর্তির জন্য অঙ্ক ও বিজ্ঞানসহ স্কুল ফাইনাল অথবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যক:

(১) ইলেকট্রিসিয়ান, (২) প্যাটার্ন মেকার, (৩) ড্রাফটস্‌ম্যান (সিভিল), (৪) সার্ভেয়ার।

নিম্নবর্ণিত অবশিষ্ট ট্রেডগুলির জন্য অষ্টম শ্রেণী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যক:

(১) মোটর মেকানিক, (২) টার্নার, (৩) কারপেন্টার, (৪) ওয়েল্ডার, (৫) মেশিনিস্ট, (৬) সিট মেটাল ওয়ার্কার, (৭) মোল্ডার, (৮) অয়্যারম্যান, (৯) ব্লাকস্মিথ, (১০) ফিটার।

বয়ঃসীমা--মোটর মেকানিক ট্রেডে ভর্তির জন্য বয়ঃসীমা ১৫ হইতে ২৫ বৎসর এবং অবশিষ্ট ট্রেডসমূহের জন্য বয়ঃসীমা হইতেছে ১৫ হইতে ২০ বৎসর।

প্রাক্তন সৈনিকদের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য এবং যে সমস্ত সৈনিক চীন ও পাকিস্তানের সহিত যুদ্ধে জখম হইয়াছেন তাহাদের ক্ষেত্রে ঊর্ধ্ব বয়ঃসীমা ৩৬ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) ড্রাফটস্‌ম্যান (সিভিল), সার্ভেয়ার, প্যাটার্ন মেকার, ইলেট্রিসিয়ান, ফিটার, টার্নার, মেসিনিস্ট এবং অয়্যারম্যান ট্রেডের জন্য দুই বৎসর ট্রেনিং দেওয়া হয়। (খ) উত্তরে বর্ণিত অন্যান্য ট্রেডসমূহের জন্য এক বৎসর ট্রেনিং দেওয়া হয়।

### মেদিনীপুর জেলায় কেশপুর থানায় এগ্রিকালচারাল ফার্ম

**883.** (Admitted question No. 2323.)

**শ্রীগঙ্গাপদ কুঙর:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার কেশপুর থানার এগ্রিকালচারাল ফার্মের জন্য গত ১৯৬৪-৬৫ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত কোন সালে--

(১) মোট কত টাকা ব্যয় করা হইয়াছে;

(২) মোট কত টাকা উৎপাদন বাবত আয় হইয়াছে; এবং

(৩) মোট কত টাকা লাভ বা লোকসান হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(১), (২) ও (৩) মেদিনীপুর জেলার কেশপুর ব্লক সীড ফার্মের জন্য গত ১৯৬৪-৬৫ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত কোন্ সালে মোট কত টাকা ব্যয় করা হইয়াছে, মোট কত

টাকা উৎপাদন বাবত আয় করা হইয়াছে এবং মোট কত টাকা লাভ বা ক্ষতি হইয়াছে তাহা নিম্নে প্রদত্ত হইলঃ

| সাল | ব্যয় | আয় | লাভ বা ক্ষতি (+ বা –) |
|---|---|---|---|
| ১৯৬৪-৬৫ | ১২,২৩১·৭১ | ১১,৯৩৯·৬৪ | –২৯২·০৭ |
| ১৯৬৫-৬৬ | ১৬,৭০০·০৭ | ১০,৩৬২·০৩ | –৬,৩৩৮·০৪ |
| ১৯৬৬-৬৭ | ২৭,৮১৭·৪৯ | ১৮,৭৫১·৫১ | –৯,০৬৫·৯৮ |
| ১৯৬৭-৬৮ | ২৭,৩৩৫·৯৮ | ২৭,৪৬৫·৬২ | +১২৯·৬৪ |
| ১৯৬৮-৬৯ | ২৮,০৬৭·০০ | ২৭,৪৫৩·০০ | –৯১৪·০০ |

### পশ্চিমবঙ্গে হাউসিং এস্টেট

**884.** (Admitted question No. 1968.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি হাউসিং এস্টেট আছে;

(খ) কোন্ হাউসিং এস্টেটে কতগুলি করিয়া ভাড়া দিবার উপযুক্ত ফ্ল্যাট আছে;

(গ) উক্ত ফ্ল্যাটগুলির মধ্যে কতগুলি বর্তমানে ভাড়া দেওয়া আছে; এবং

(ঘ) ছয় মাসের উপর ভাড়া বাকি পড়িয়াছে এমন কতগুলি ফ্ল্যাট আছে?

**The Minister for Housing:**

(ক) ১১৩টি।

(খ) (১) শিল্পে নিযুক্ত শ্রমিক কর্মচারীদের জন্য—১০,৫০৪টি, (২) নিম্নআয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য—২,৭৫৮টি, (৩) মধ্যআয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য—৮৯৬টি, (৪) শিল্প শ্রমিক ও স্বল্প আয়বিশিষ্ট ব্যক্তিদের জন্য—৬৯৮টি, (৫) বস্তীবাসীদের জন্য—১,০২৮টি, (৬) রাজ্যসরকারী কর্মচারীদের জন্য—২,২৪৯টি, (৭) অন্যান্য—৩৭৩টি, মোট—১৮,৫০৬টি।

(গ) মোট ১৭,০৮৩, বাকি ফ্ল্যাটগুলির মধ্যে কিছু কিছু বিলি করা হইয়াছে এবং কিছু ফ্ল্যাট বিলির ব্যবস্থা করা হইতেছে।

(ঘ) ১,২৭২টি।

### বহরমপুর ব্লকে ব্যয়িত টেস্ট রিলিফের পরিমাণ

**885.** (Admitted question No. 2615.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর ব্লকে গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কোন্ কোন্ অঞ্চলে টেস্ট রিলিফের কাজে কত টাকা ব্যয় করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

১৯৬৭-৬৮ সালে টেস্ট রিলিফের জন্য বহরমপুর ব্লকে কোন টাকাই ব্যয় করা হয় নাই। তবে ১৯৬৮-৬৯ সালে এই ব্লকের একমাত্র সাতুইচৌরিগাছা অঞ্চলে টেস্ট রিলিফের জন্য মোট ৪৮,২৮৪ টাকা ব্যয় করা হইয়াছিল।

**মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে কৃষি ফার্ম**

**886.** (Admitted question No. 2534.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে কৃষি ফার্মের আয়তন কত, এবং

(খ) উক্ত ফার্মের ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে কত লাভ বা ক্ষতি হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ২৫·০৩ একর।

(খ) ১৯৬৬-৬৭ সালে ৮১৮·৪০ টাকা ক্ষতি এবং ১৯৬৭-৬৮ সালে ১,৩৯৭·৪১ টাকা লাভ হইয়াছে।

**পশ্চিমবঙ্গে তৈলবীজ উৎপাদন ও আমদানীর পরিমাণ**

**887.** (Admitted question No. 187.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৮-৬৯ সালে কি পরিমাণ তৈলবীজ উৎপন্ন হয় এবং কি পরিমাণ আমদানী করিতে হয়; এবং

(খ) তৈলবীজের চাষের উন্নতির জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ঐ বৎসরের তৈলবীজ উৎপন্নের পূর্বাভাষ (ফোরকাস্ট) এখনও নির্ধারিত হয় নাই। উক্ত বীজের বাৎসরিক আমদানীর পরিমাণ আনুমানিক তিনলক্ষ মেট্রিক টন।

(খ) চতুর্থ বার্ষিক পরিকল্পনায় এই রাজ্যে বিভিন্ন প্রকার তৈলবীজের উৎপাদন পঞ্চাশ হাজার মেট্রিক টন হইতে বাড়াইয়া চুরানব্বই হাজার মেট্রিক টন লক্ষ্যে (টারগেট) পৌঁছিবার পরিকল্পনা করা হইয়াছে। এই লক্ষ্যে উপনীত হইবার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, যথাঃ

(১) সরিষা চাষের প্যাকেজ প্রোগ্রাম প্রবর্তন।

(২) সরিষা চাষকে বহুফসলী চাষ প্রোগ্রামের অন্তর্ভুক্ত করণ।

(৩) তিল সহ দোফসলী চাষের ব্যবস্থা।

(৪) বাদামের ব্যাপক চাষের প্রবর্তন।

**Rupnarayan Distillery**

**888.** (Admitted question No. 167.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) whether Government is thinking of taking over the Rupnarayan Distillery;

(b) how long this distillery remained closed in the recent past; and

(c) who is the present owner of this distillery?

**The Minister for Excise:** (a) No.

(b) Since May, 1968.

(c) Messrs. National Distillery and Chemical Corporation Ltd.

**মুর্শিদাবাদ জেলার ডোমকলের এ জি হস্পিটাল**

**889.** (Admitted question No. 2705.)

**ডাঃ মহঃ এক্রামুল হক বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ডোমকলে যে এ জি হস্পিটাল আছে তার হাসপাতাল গৃহ নির্মাণের জন্য অন্যত্র স্থান নির্ধারণ করা হয়েছে;

(খ) সত্য হইলে উক্ত হাসপাতাল ভবনের নির্মাণকার্য কবে নাগাদ শুরু হইবে; এবং

(গ) ডোমকল থানায় নূতন কোন প্রাইমারী অথবা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার খোলার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কোথায় কোথায়?

**The Minister for Health:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) স্থির করা হইয়াছে যে ডোমকল ব্লকের অন্তর্গত তারাফ-রসুলপুরে ঐ ব্লকের স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে। উহা চালু হইলেই জিতপুরে অবস্থিত অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি উপস্বাস্থ্যকেন্দ্ররূপে চালু থাকিবে।

**Bankura Sammilani Medical College Hospital**

**890.** (Admitted question No. 2185.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Bankura Sammilani Medical College Hospital has been given the status of a teaching hospital; and

(b) if not, the reasons therefor?

**The Minister for Health:** (a) Yes.

(b) Does not arise.

**After-care Society for the leprosy patients**

**891.** (Admitted question No. 2173.) **Shri Bireswar Ghosh:** (a) Will the Minister-in-charge of the Health Department be pleased to state: if there is any After-care Society for the cured leprosy patients of which the Governor is the Chairman and the Director of the Health Services is the Secretary?

(b) If the answer to (a) is in the affirmative, will the Minister be pleased to state—

(i) if the aforesaid society has any fund in its hand;

(ii) if so, what is the amount;

(iii) in which year the fund has been raised.

(iv) what is the number of cured leprosy patients who have been rehabilitated by the said society;

(v) if it is a fact that some leprosy patients are given help from the fund of the society through Block Development Officers; and

(vi) if there is any plan of this society for the rehabilitation of the cured leprosy patients?

**The Minister for Health:**

(a) and (b) (i), (v) and (vi) Yes.

(b) (ii) Rs. 4,25,628.39P. on 1-1-69.

(iii) The fund has been raised gradually aided by Government contributions.

(iv) There is no record.

### Bankura Sammilani Medical College Hospital

**892.** (Admitted question No. 2184.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the number of students of each class in Bankura Sammilani Medical College;

(b) what is the number of beds for the indoor patients in the said hospital; and

(c) what is the number of nurses in the said hospital?

**The Minister for Health:** (a) 50.

(b) 500.

(c) 67 plus 50 trained nurses.

### সালানপুর থানায় সাব-ইন্সপেক্টার ও কনস্টেবলের সংখ্যা

**893.** (Admitted question No. 2482.)

**ডঃ তারকনাথ চক্রবর্তী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সালানপুর থানায় কত জন এস আই কনস্টেবল আছে। এই থানার আয়তন কত বর্গমাইল; এবং

(খ) জহরগড় ও লালগঞ্জের মধ্যে পুলিশ ফাঁড়ি স্থাপন করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

**The Minister for Home (Police):**

(ক) একজন এস আই, একজন এ এস আই ও আটজন কনস্টেবল আছে। থানার আয়তন ৪৩ বর্গমাইল।

(খ) না।

### মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকে কুয়া খনন

**894.** (Admitted question No. 2375.)

**শ্রীবুধনচন্দ্র টুডু:** তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকের অধীন ১৯৬৭ সাল হইতে ১৯৬৯ সাল পর্যন্ত কোথায় এবং কতগুলি কুয়া তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগ হইতে খনন করা হইয়াছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

দুইটি। সাঁতরাপুর গ্রামে একটি এবং হাজিঘাট গ্রামে একটি।

### House Building loans to Low Income Group

**895.** (Admitted question No. 2655.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) if it is a fact that the Government have a scheme for granting loan under the Low Income Group Housing Scheme; and

(b) if so, the terms and conditions, if any, for granting such loans to individuals and to co-operatives?

**The Minister for Housing:** (a) Yes.

(b) A person having a vacant plot of homestead land and a regular source of income not exceeding Rs. 7,200 per annum is eligible to get house building loan under the Low Income Group Housing Scheme provided he does not already own a house in this State. The admissible loan is limited to 80 per cent. of the cost of construction or Rs. 12,500 per house whichever is less. For this purpose, application is to be submitted in the prescribed form together with the following papers:

(i) copy of the records of right in respect of the land;

(ii) building plan, site plan and detailed estimate with complete specifications, each in duplicate; and

(iii) certificates in support of income of the applicant.

One dependable personal surety is also to be furnished by the applicant. In case of women applicants, loan may be granted on the basis of husband's income. In special cases, where the land is owned by more than one person, joint applications are entertained provided the number of joint applications does not exceed three. The houses are to be built according to the approved plan. The loanee is required to execute Mortgage deed in favour of the Government. Thereupon, first instalment comprising 30 per cent. of the loan sanctioned is disbursed and the balance is paid according to progress of works. The loan is repayable with interest in 20/25 annual instalments.

The terms for granting loans to co-operatives are analogous to those applicable in case of individual applicants.

### মাদ্রাসা শিক্ষার জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থা

**896.** (Admitted question No. 2171.)

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি স্কুল ফাইন্যাল ও হায়ার সেকেন্ডারী পরীক্ষায় উত্তীর্ণ ১ম হইতে ১০ম পর্যন্ত গুনানুসারে যে বৃত্তি দেওয়ার প্রথা আছে অনুরূপ প্রথা কি হাই মাদ্রাসা ও হায়ার সেকেন্ডারী মাদ্রাসা পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্যও আছে?

**The Minister for Education:**

হ্যাঁ, ১৯৪৭ সালে মাদ্রাসা বোর্ড প্রতিষ্ঠা হইবার পর ১৯৫০ সাল হইতে হাই মাদ্রাসা পরীক্ষায় উত্তীর্ণ ১ম ও ২য় স্থান অধিকারী দুইজন ছাত্রকে বৃত্তি দেওয়া হয়।

### জেলা ফিসারী করার সরকারী পরিকল্পনা

**897.** (Admitted question No. 2605.)

**শ্রীকুমুদরঞ্জন মন্ডল:** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতিটি জেলাতে একটি করে জেলা ফিসারী করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) কলিকাতার হসপিট্যালগুলিতে দৈনিক মোট কি পরিমাণ মৎস্যের প্রয়োজন হয়?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) কলিকাতার হসপিট্যালগুলিতে মৎস্যের প্রয়োজন দৈনিক মোট প্রায় ৫০০ কিলোগ্রাম।

### বারুইপুর ব্লকে টিউবওয়েলের সংখ্যা

**898.** (Admitted question No. 2604.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডলঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার বারুইপুর ব্লকের মধ্যে পানীয় জলের জন্য মোট কত টিউবওয়েল বর্তমান সময় পর্যন্ত বসান হইয়াছে; এবং

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে ১৯৬৮ সালের ডিসেম্বরে কয়টি টিউবওয়েল চালু ছিল; এবং বর্তমানে কয়টি চালু আছে?

**The Minister for Health:**

(ক) মোট ৩৫৭টি।

(খ) ১৯৬৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত চালু নলকূপের সংখ্যা—২১৬ এবং বর্তমানে চলু নলকূপের সংখ্যা ২২০।

### মেদিনীপুর জেলায় সরকারী চাকুরীরত ডাক্তারের সংখ্যা

**899.** (Admitted question No. 2698.)

**শ্রীঅমূল্যরতন মাহাতঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে সরকারী চাকুরী করেন এরূপ ডাক্তারের সংখ্যা কত;

(খ) মেদিনীপুর জেলার শালবনী প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রে কয়জন ডাক্তার আছেন এবং তাহাদের শিক্ষাগত যোগ্যতা কি; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্র হইতে গত মার্চ ১৯৬৯ হইতে জুন মাস পর্যন্ত কতগুলি রোগীকে সদর হাসপাতালে পাঠান হইয়াছে?

**The Minister for Health:**

(ক) ১৮১ জন।

(খ) তিনজন। তাহাদের দুইজনের শিক্ষাগত যোগ্যতা এল এম এফ এবং অপর একজন মেডিক্যাল গ্র্যাজুয়েট।

(গ) ১৮ জন।

### Vacancies in the teaching staff in Bankura Sammilani Medical College

**900.** (Admitted question No. 2185.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) The number of vacancies in the teaching staff in Bankura Sammilani Medical College; and

(b) From which date these posts have been lying vacant;

**The Minister for Health:** (a) Four.

(b) January 1969, February 1969, May 1969 and June 1969.

**খাগড়াঘাট রেল স্টেশনের বৈদ্যুতিকরণ**

**901.** (Admitted question No. 509.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় হাওড়া-আজিমগঞ্জ শাখায় খাগড়াঘাট রেল স্টেশনের বৈদ্যুতিকরণের জন্য যে আবেদন করা হইয়াছিল তাহা বর্তমানে কোন্ অবস্থায় আছে?

**The Minister for Commerce and Industries:**

রেল কর্তৃপক্ষের নিকট খাগড়াঘাট রেল স্টেশন বৈদ্যুতিকরণের আবেদন পাইবার পর পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ইতিমধ্যেই বৈদ্যুতিকরণের জন্য কত টাকা খরচ লাগিবে তাহা রেল কর্তৃপক্ষকে জানাইয়া দিয়া উক্ত টাকা জমা দিতে অনুরোধ করিয়াছেন।

**সুতাকল শ্রমিকের সংখ্যা**

**902.** (Admitted question No. 2736.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশের সুতাকল শ্রমিকের সংখ্যা কত; এবং

(খ) উহাদের মাসিক মাহিনার সর্বোচ্চ এবং সর্বনিম্ন হার কত?

**The Minister for Labour:**

(ক) ৫০,৮০৬—১-১-৬৮ তারিখে।

(খ) সর্বোচ্চ মাহিনার হার ৪৩১·০১ পয়সা এবং সর্বনিম্ন মাহিনার হার ১৩৮·৯০ পয়সা।

**ধূপগুড়ি থানায় খাস জমির পরিমাণ**

**903.** (Admitted question No. 1118.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধূপগুড়ি থানায় মোট খাস জমির পরিমাণ কত;

(খ) কতজন ভূমিহীন কৃষকদের মধ্যে অদ্যাবধি উক্ত জমি বিলি-বণ্টন করা হইয়াছে;

(গ) কোন চা বাগানের মালিক স্বেচ্ছায় কোনও জমি সরকারকে দিয়াছে কি;

(ঘ) ধূপগুড়ি এলাকায় বেনামী জমি রাখার দায়ে সরকার কোন মামলা রুজু করিয়াছেন কিনা এবং করিলে কয়টি ক্ষেত্রে;

(ঙ) ধূপগুড়ি থানায় গত ১৯৬৮-৬৯ সনে ভূমিরাজস্ব কত আদায় হইয়াছে; এবং

(চ) ভূমিরাজস্ব আদায় করিবার জন্য উক্ত থানায় বর্তমানে কতজন কর্মচারী আছেন এবং তাহাদের জন্য সরকারী খরচ কত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১১,১৬১·৪২ একর।

(খ) ৩,১৮৪ জন।

(গ) না।

(ঘ) ধূপগুড়ি থানায় জমির অবৈধ হস্তান্তর সম্পর্কে পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের ৫(ক) ধারা অনুযায়ী ২৬২টি ক্ষেত্রে তদন্ত শুরু হইয়াছে।

(ঙ) ২,৪১,৬৯০·৬৭ টাকা।

(চ) ২১ জন তহশীলদার, ২১ জন পিয়ন এবং বৎসরে চার মাসের জন্য ২১ জন তহশীল মুহুরী মোট ৬৩ জন। তাঁহাদের মাহিনা, কমিশন ও বোনাস বাবদ ১৯৬৮-৬৯ সালে ৩৩,৪২০ টাকা খরচ হইয়াছিল।

**উলুবেড়িয়া ২নং ব্লকের বিদ্যুৎপ্রার্থী গ্রামের সংখ্যা**

**904.** (Admitted question No. 2472.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকের কোন্ কোন্ গ্রাম বিদ্যুৎপ্রার্থী হইয়া আবেদন করিয়াছে,

(খ) আবেদনপত্র পাইবার পর সরকার এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(গ) সব আবেদনপত্র কি সরকার বিবেচনা করিবেন?

**The Minister for Commerce and Industries:**

(ক) উলুবেড়িয়া থানার ২নং ব্লকের সঠিক এলাকা সম্বন্ধে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ অবহিত নহেন। তবে উক্ত থানার নিম্নোক্ত গ্রামগুলি বিদ্যুৎপ্রার্থী হইয়া আবেদন করিয়াছেনঃ

**থানা উলুবেড়িয়া**

| এলাকার নাম | জে এল নং |
|---|---|
| (১) জগন্নাথপুর | ৯৪ |
| (২) জগৎপুর | ৯৫ |
| (৩) চণ্ডীপুর | ৯ |
| (৪) মানিকপুর | ২১ |
| (৫) কালীনগর | ১১১ |
| (৬) মহিশালী | ৮৪ |
| (৭) আলিপুকুর | ৮৩ |
| (৮) বহিরা | ৮২ |
| (৯) ঘোষালচক | ১০১ |
| (১০) গড়ভাঙ্গা, বাসুদেবপুর | ১০০ |
| (১১) বাসুদেবপুর | ৯৩ |
| (১২) তেহট্ট | ৯২ |
| (১৩) মানবেড়িয়া | ৮১ |
| (১৪) তুলসীবেড়িয়া | ১ |
| (১৫) কৈজুড়ি | ৬৭ |

(খ) ১, ২, ৫, ৬, ৭, ৮, ৯ নম্বরে উল্লিখিত গ্রামসমূহে ইতিমধ্যে জরীপ করা হইয়াছে এবং আর্থিক দিক দিয়া বিদ্যুৎ সরবরাহ সংগত বিবেচিত হইয়াছে।

তিন ও চার নম্বরে উল্লিখিত গ্রামসমূহে জরীপ সমাধা হইয়াছে, কিন্তু উক্ত এলাকাগুলিতে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ-এর ১১ কিলোভোল্টের বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা না থাকায় উক্ত এলাকা দুইটিতে বিদ্যুৎ সরবরাহের কোন প্রকল্প তৈরী হয় নাই। ১০, ১১ ও ১৩ নম্বরে উল্লিখিত এলাকাসমূহে বিদ্যুৎ সরবরাহ মঞ্জুর হইয়াছে এবং আশা করা যায় ১৯৭০ সালের মাঝামাঝি বিদ্যুৎ সরবরাহের কাজ সম্পূর্ণ হইবে।

১২, ১৪ ও ১৫ নম্বরে উল্লিখিত গ্রামগুলিতে জরীপ করা হয় নাই এবং আশা করা যায় আগামী দুই মাসের মধ্যে উহা সারা যাইবে।

(গ) কোন এলাকার জন্য আবেদনপত্র বিদ্যুৎ পর্ষদের আর্থিক সঙ্গতি ও বিনিয়োগের উপযুক্ত আয়ের সম্ভাবনাযুক্ত কিনা এই দুই নিরিখে বিবেচনা করা হয়।

### কৃষি বিজ্ঞানের সম্প্রসারণের জন্য সরকারী ব্যবস্থা

**905.** (Admitted question No. 2581.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গ্রাম পর্যায়ে কৃষি বিজ্ঞানের সম্প্রসারণের জন্য এবং খাদ্য উৎপাদন নীতি বাস্তবে রূপায়িত করার জন্য রাজ্যসরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা লইয়াছেন?

**The Minister for Agriculture and Community Development:**

গ্রাম পর্যায়ে কৃষি বিজ্ঞানের সম্প্রসারণের জন্য এবং খাদ্য উৎপাদন নীতি বাস্তবে রূপায়িত করার জন্য রাজ্যসরকার এ পর্যন্ত নিম্নলিখিত ব্যবস্থা লইয়াছেনঃ

(১) বীজ সম্পৃক্তকরণ প্রকল্প,

(২) সার বিতরণের বন্দোবস্ত,

(৩) ফসল রক্ষার ঔষধাদি ও যন্ত্রপাতি সরবরাহ ব্যবস্থা,

(৪) ক্ষুদ্রায়তন সেচ প্রকল্প,

(৫) ভূ-সংরক্ষণ, সংস্করণ ও উন্নয়নের ব্যবস্থা,

(৬) কৃষিজ রাশি বিজ্ঞান খামার রক্ষণাবেক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা, এবং

(৭) কৃষি বিপণনের উন্নয়ন।

### এ, ই, ও শ্রেণীর কর্মচারীদের কার্যাবলী

**906.** (Admitted question No. 2513.)

**শ্রীপান্নালাল দাশগুপ্তঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার ব্লক লেভেলে কৃষি বিভাগের কৃষি বিজ্ঞানের স্নাতক এ, ই, ও শ্রেণীর যেসমস্ত কর্মচারী আছেন তাঁদের কাজ কি;

(খ) তাঁদের কি ব্লকের বি ডি ও-দের অধীনে ও হুকুমে কাজ করতে হয়; এবং

(গ) কমিউনিটি ডেভেলপমেন্ট মন্ত্রকের অধীনে বি ডি ও-দের অধীনে কৃষি মন্ত্রকের অধীন এ, ই, ও-দের রাখার কারণ কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ব্লকস্তরে কর্মরত কৃষি স্নাতক কৃষি সম্প্রসারণ আধিকারিকের কাজ নিম্নরূপঃ

(১) বিভিন্ন সম্প্রসারণ রীতির মাধ্যমে কৃষকদের নিকট উন্নততর উপায়ে চাষের পদ্ধতি প্রদর্শন করা;

(২) বীজ, সার, পোকামাকড় ও অসুখের আক্রমণ হইতে গাছপালা রক্ষার জন্য প্রয়োজনীয় ঔষধপত্রাদি, ঋণ এবং সেচের সুযোগ-সুবিধাগুলি যথাসময়ে কৃষকদের নিকট পৌঁছানর বন্দোবস্ত করা; এবং

(৩) কৃষি সম্পর্কিত স্থানীয় সমস্যাগুলির যথাসম্ভব সমাধান করা।

(খ) হ্যাঁ।

(গ) ব্লক সংস্থা প্রচলনের সময় এইরূপ স্থির হইয়াছিল যে, ব্লক উন্নয়ন আধিকারিক ব্লক প্রশাসনের ভার লইবেন এবং ব্লকস্তরে বিভিন্ন বিভাগের কার্যের সমন্বয় সাধনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ক্ষমতার ব্যবহার করিবেন, কারণ সমষ্টি-উন্নয়ন দর্শন অনুযায়ী গ্রামীণ সমস্যা সমাধানের জন্য একক্রমে বহুমুখী প্রচেষ্টারই প্রয়োজন। এই কারণে কৃষি সম্প্রসারণ আধিকারিকদের এতাবৎ ব্লক উন্নয়ন আধিকারিকদের অধীনে রাখা হইয়াছে।

### প্রাথমিক স্কুলগুলিতে কন্টিনজেন্সি ফান্ড

**907.** (Admitted question No. 2199.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রাথমিক স্কুলগুলিকে যে টাকা কন্টিনজেন্সি ফান্ড বাবদ দেওয়া হয় তাহা কি বাবদে খরচ করা যাইতে পারে এবং স্কুল প্রতি উহার হার কম-বেশী করা হয় কিনা?

**The Minister for Education:**

কন্টিনজেন্সির জন্য বরাদ্দ টাকা—বিদ্যালয়ের প্রয়োজনীয় কাগজ, খাতাপত্র, কালি, কলম, পেনসিল, চক্, ঝাড়ন, ব্লাকবোর্ড রং করা, ডাক খরচ, পানীয় জল সরবরাহ, আসবাবপত্র মেরামত, খেলার সাজসরঞ্জাম, শিক্ষা বিষয়ক পত্রপত্রিকা, বিদ্যালয়ের বাগান তৈয়ারী ও উহা রক্ষণাবেক্ষণ প্রভৃতি বাবদ খরচ করা যাইতে পারে। গ্রামাঞ্চলে জেলা স্কুল বোর্ডের অধীন প্রাথমিক বিদ্যালয়ের এবং শহরাঞ্চলে জি এস এফ পি স্কুলের কন্টিনজেন্সির জন্য মাসিক বরাদ্দের পরিমাণ ১৫ টাকা। প্রকৃত খরচ কম হইলে উহার হারও কম হইয়া থাকে।

### Ad hoc sanction for non-teaching staff

**908.** (Admitted question No. 2344.) **Shri Biswanath Das Ghose:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the amount of Rs. 15 per head is being given to the members of the non-teaching staff of all affiliated non-Government Colleges with effect from 1st June, 1967; and

(b) if not, the reason therefor and when it will be given?

**The Minister for Education:** (a) Yes, the amount of Rs. 15 per head is being given to the members of the non-teaching staff of all affiliated non-Government Colleges (excluding Sponsored one) with effect from 1st June, 1967. For the payment of the same during the current financial year, fresh sanction has been granted. Arrangement for actual payment will be made by Director of Public Instruction, West Bengal, as soon as possible.

(b) Does not arise.

### চক্‌কাশী কলোনীগুলিতে নলকূপের সংখ্যা

**909.** (Admitted question No. 2011.)

**শ্রীকালীপদ মণ্ডল:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া ২নং ব্লকের চক্‌কাশী (১নং ও ২নং) কলোনীগুলিতে কয়টি করিয়া নলকূপ আছে;

(খ) উহার মধ্যে কয়টি নলকূপ চালু আছে এবং কয়টি অকেজো হইয়া গিয়াছে; এবং

(গ) অকেজো নলকূপগুলি এ বছর মেরামত করার কোনও প্রস্তাব সরকারের আছে কিনা?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) উলুবেড়িয়া মহকুমায় চক্‌কাশী নামে কোন উদ্বাস্তু কলোনী নাই। তবে বাউড়িয়াতে চক্‌কাশী নামে যে স্থানটি পরিচিত তাহার কাছাকাছি বাউড়িয়া ১নং বা বাউড়িয়া ২নং উদ্বাস্তু কলোনী দুইটিতে যথাক্রমে ৮টি ও ৯টি করিয়া নলকূপ আছে।

(খ) চালু ১২টি এবং অকেজো ৫টি।

(গ) হ্যাঁ।

### রেঙ্গুন আলুর বীজ সরবরাহ

**910.** (Admitted question No. 2701.)

**শ্রীষোড়শী চৌধুরী:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) আলু-চাষীদের গত কয়েক বৎসর যাবৎ নূতন রেঙ্গুন আলুর বীজ সরকার থেকে সরবরাহ করা হইতেছে না, এবং (২) আলুর দেশী বীজ অপেক্ষা রেঙ্গুন থেকে আমদানী করা আলুর বীজে উৎপাদন দ্বিগুণ হয়; এবং

(খ) সত্য হইলে, রেঙ্গুন থেকে আলুর বীজ আমদানী করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) (১) হ্যাঁ।

(২) ঠিক দ্বিগুণ হয় না, তবে উৎপাদন অনেক বেশী হয়।

(খ) এ বৎসর রেঙ্গুন হইতে আলুর বীজ আমদানী করিবার জন্য বৈদেশিক মুদ্রা মঞ্জুর করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন করিয়াছেন।

### জমি বিক্রয়ে মুসলমানদের নাগরিকত্বের সার্টিফিকেট দাখিল

**911.** (Admitted question No. 1386.)

**শ্রীআক্‌তারুদ্দিন আহমেদঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জমি বিক্রয়ের ব্যাপারে মুসলমানদিগকে নাগরিকত্বের সার্টিফিকেট দাখিল করিতে হয়; এবং

(খ) সত্য হইলে, এই প্রথা চালু থাকার কারণ কি এবং এই ব্যবস্থা অপসারণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Judicial:**

(ক) না, সত্য নয়। সরকার সম্প্রতি এই মর্মে নির্দেশ দিয়েছেন যে, জমি বিক্রয় ব্যাপারে দলিল রেজেস্ট্রী করিবার সময়ে ভারতীয় নাগরিককে তিনি হিন্দুই হউন বা মুসলমানই হউন সাব-রেজিস্ট্রারের নিকট নাগরিকত্বের সার্টিফিকেট দাখিল করিতে হইবে না।

(খ) প্রশ্ন ওঠে না।

### Realisation of rent for Rental Housing Flats

**912.** (Admitted question No. 2947.) **Shri A. K. M. Ishaque:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) whether the attention of the Government has been drawn to the observation made in paragraph 65 at page 13 of the 12th Report of

the Estimates Committee (1967-68) on the Department of Housing regarding anomalies that arise on account of Government employees being required to pay rent at 10 per cent. of their salary even when it is higher than the determined rent; and

(b) if so, what action, if any, has been taken by the Government in this respect?

**The Minister for Housing:** (a) Yes.

(b) The question of realising rent for Rental Housing Flats in terms of a uniform percentage of salary of the employee tenants instead of realising any fixed amount by way of rent is receiving active consideration of Government.

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফৎ ট্রেনিংপ্রাপ্ত হেলথ অ্যাসিস্টেন্ট পদে নিয়োগ**

**913.** (Admitted question No. 2851.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-গুলিতে কতজন হেলথ অ্যাসিস্টেন্ট ট্রেনিং পাশ ব্যক্তি নাম রেজেস্ট্রী করিয়াছেন, এবং

(খ) ঐসকল ব্যক্তির মধ্যে কতজন বর্তমান বৎসরের জুলাই মাস পর্যন্ত চাকুরী পাইয়াছেন?

**The Minister for Labour:**

(ক) শিক্ষণপ্রাপ্ত হেলথ অ্যাসিস্টেন্ট-এর পৃথক কোন পরিসংখ্যান নেই। তবে ১৯৬৯ সালের ৩০শে জুন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-গুলির লাইভ রেজিস্টার-এর পরিসংখ্যান অনুযায়ী ১৩ জন হেলথ অ্যাসিস্টেন্ট ও স্যানিটারি ইন্সপেক্টর-এর নাম তালিকাভুক্ত ছিল।

(খ) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে জুন পর্যন্ত সময়ের মধ্যে মাত্র একজন কর্মপ্রার্থী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকুরী পাইয়াছেন।

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ সাঁওতাল প্রার্থীর নাম তালিকাভুক্ত**

**914.** (Admitted question No. 2940.)

**শ্রীবুধনচন্দ্র টুডু:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে কতজন সাঁওতাল প্রার্থী নাম তালিকাভুক্ত করেছেন?

**The Minister for Labour:**

সাঁওতাল প্রার্থী বলিয়া পঞ্জীভুক্ত পৃথক কোন পরিসংখ্যান নাই। তবে ১৯৬৯ সালের ৩০শে জুন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-গুলির লাইভ রেজিস্টার-এর পরিসংখ্যান অনুযায়ী ৩,৩৩৩ জন উপজাতি সম্প্রদায়ের (সেডিউল্ড ট্রাইব) কর্মপ্রার্থীর নাম তালিকাভুক্ত ছিল। ইহার মধ্যে বাঁকুড়া কর্মবিনিয়োগ কেন্দ্রের হিসাব ধরা হয় নাই। ৩১শে ডিসেম্বর ১৯৬৮ তারিখে বাঁকুড়া কর্মবিনিয়োগ কেন্দ্রে ৩১১ জন উপজাতি সম্প্রদায়ের কর্মপ্রার্থীর নাম তালিকাভুক্ত ছিল।

**Labourers in the district of Purulia**

**915.** (Admitted question No. 2914.) **Shri Debendra Nath Mahata:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the total number of (i) educated, (ii) uneducated, (iii) skilled and (iv) unskilled labourers in the district of Purulia who have registered their names up to the end of July, 1969; and

(b) whether the Government is considering the desirability of giving special preference so as to employ the local candidates so far as the appointments at district headquarters are concerned?

**The Minister for Labour:** (a) The figures as asked for are not available. But the break-up of the figures in the Live Register of applicants at the District Employment Exchange, Purulia, according to education and skill separately is as follows:

| | No. according to Live Register as on 30-6-69 |
|---|---|
| (i) Total number of educated applicants (i.e. passed Matric or equivalent examination and above) ... | 2,059 |
| (ii) Total number of uneducated applicants (i.e. below Matric or equivalent) ... | 3,432 |
| Total .. | 5,491 |

Break-up of the abovementioned applicants into skilled and unskilled categories is given below:

| | |
|---|---|
| (i) Total number of skilled applicants . | 462 |
| (ii) Total number of unskilled applicants .. | 5,029 |
| Total .. | 5,491 |

(b) No.

**মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার খাস ও ন্যস্ত জমির বিলিকরণ**

**916.** (Admitted question No. 2639.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার কোন মৌজায় কত খাস ও ন্যস্ত জমি ভিন্ন জেলার লোকদের মধ্যে বণ্টন করা হইয়াছে;

(খ) ঐসকল জমির দাবীতে মুর্শিদাবাদ জেলার চাষীদের নিকট হইতে সরকার কোন দরখাস্ত পাইয়াছেন কি; এবং

(গ) উপরের (খ) প্রশ্নের উত্তর যদি "হ্যাঁ" হয়, তাহা হইলে কি কারণে তাহাদের দরখাস্ত গ্রাহ্য হয় নাই?

**The Minister for Land and Land Revenue:**

(ক) মৌজা বিললাঙ্গলহাটা ৯৭·১০ একর, মৌজা ফুলশিখর ০·৬৬ একর।

(খ) হ্যাঁ।

(গ) বিললাঙগলহাটা মৌজার উক্ত জমিতে ঐ মৌজার সংলগ্ন বীরভূমের ভূমিহীন বা স্বল্প জমির মালিক—এইরূপ কৃষকগণ দীর্ঘদিন চাষ-আবাদ করিয়া আসিতেছেন বলিয়া তাঁহাদিগকে উচ্ছেদ করিয়া মুর্শিদাবাদ জেলার দরখাস্তকারীগণের দরখাস্ত মঞ্জুর করা ন্যায়সঙ্গত বলিয়া বিবেচিত হয় নাই।

ফুলশিখর মৌজার ৭টি ভিন্ন ভিন্ন দাগে আংশিক ন্যস্ত উক্ত জমিটুকু ঐ দাগগুলির সহ-অংশীদারের (যিনি বীরভূমের রায়ত) জমির মধ্যে অবস্থিত। তিনি ঐ জমিতে বরাবর চাষ-আবাদ করিয়া আসিতেছেন বলিয়া মুর্শিদাবাদের কৃষকগণের আবেদন মঞ্জুর না করিয়া ঐ জমি মাত্র এই বৎসরের জন্য তাঁহাকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

### বহরমপুর ব্লকে বাস্তুজমির খাজনা মাপের আবেদন

**917.** (Admitted question No. 2624.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুর ব্লকের কোন্ অঞ্চলে কত প্রার্থী বাস্তুজমির খাজনা মাপ করিবার প্রার্থনা করিয়াছেন এবং কতজনের আবেদন মঞ্জুর করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 917.

**বিবরণী**

| অঞ্চলের নাম | প্রার্থীর সংখ্যা | কতজনের প্রার্থনা মঞ্জুর করা হইয়াছে। |
|---|---|---|
| রাঙ্গামাটি-চাঁদপাড়া | ১৭৭ | ১৭৭ |
| হরিদাসমাটি | ৩৬৬ | ৩৬৬ |
| ছয়ঘরী | ৯ | ৯ |
| রাধারঘাট | × | × |
| সাটুই চৌবীগাছা | ১০০ | × (তদন্ত করা হইতেছে) |
| সাহাজাদপুর | ৪৫ | |
| নিয়াল্লিশপাড়া | ১৩৬ | |
| ভাকুরী | ২২২ | |
| রাজধরপাড়া | ১০০ | |
| নওদাপাড়া | ৭৫ | |
| মণীন্দ্রনগর | ৪০ | |
| হাতিনগর | ৭১ | |
| দৌলতাবাদ | ২০৫ | |
| গুরুদাসপুর | ১০৮ | |
| মদনপুর | ১০০ | |

### ওয়াকফ্ সম্পত্তি

**918.** (Admitted question No. 2400.)

**শ্রীআজিজুর রহমান:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ওয়াকফ্ সম্পত্তির কতজন মোতয়াল্লী পাকিস্তান চলিয়া গিয়াছেন; এবং

(খ) ঐসমস্ত ওয়াকফ্ সম্পত্তিগুলির নাম কি?

**The Minister for Judicial:**

(ক) যতদূর জানা গিয়াছে পশ্চিমবঙ্গের ওয়াকফ্ সম্পত্তির ৬৬ জন মোতয়াল্লী পাকিস্তান চলিয়া গিয়াছেন।

(খ) সংশ্লিষ্ট ওয়াকফ্ সম্পত্তিগুলির একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**চারা-পোনা মাছের ডিম ব্যবসায়ীদের ঋণ দেওয়ার ব্যবস্থা**

**919.** (Admitted question No. 2799.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা দেশের গরীব চারা-পোনা মাছের ডিম (পোনা) ব্যবসায়ীরা সরকার থেকে কোন ঋণ পান কি?

(খ) ঋণের জন্য কার নিকট আবেদন করতে হয়; এবং

(গ) এই খাতে কি পরিমাণ ঋণ দেওয়া হয়?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, পান।

(খ) স্থানীয় ব্লক ডেভেলপমেন্ট অফিসারের ও ডিস্ট্রিক্ট ফিসারী অফিসারের নিকট।

(গ) সাধারণভাবে ৪০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়। বিশেষ ক্ষেত্রে ১,০০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়ার বন্দোবস্ত আছে।

এই প্রসঙ্গে ঋণদানের শর্তাবলীর একটি অনুলিপি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**মুর্শিদাবাদ জেলায় সরকার অনুমোদিত ট্রেড ইউনিয়নের সংখ্যা**

**920.** (Admitted question No. 2719.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি সরকারী অনুমোদিত ট্রেড ইউনিয়ন আছে এবং তাহাদের নাম কি; এবং

(খ) সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুসারে কতগুলি সংস্থা রেজিস্টারীকৃত?

**The Minister for Labour:**

(ক) এ সম্পর্কে একটি রেজিস্ট্রীভুক্ত ট্রেড ইউনিয়নের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এ সম্পর্কে শ্রমদপ্তরে কোন তথ্য নাই।

**সন্দেশখালি ভূমিসংস্কার মণ্ডল অধীন বিভিন্ন মৌজায় খাস জমি**

**921.** (Admitted question No. 1543.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি ১নং ও ২নং ভূমিসংস্কার মণ্ডলের অধীনে বিভিন্ন মৌজায় মৌজাওয়ারী কত জমি খাস হয়েছে;

(খ) তন্মধ্যে কি পরিমাণ জমি দখল লওয়া হয়েছে ও বিলি করা হয়েছে; এবং

(গ) যাদের মধ্যে জমি বিলি করা হয়েছে তাদের সকলে জমির দখল পেয়েছে কিনা এবং না পেয়ে থাকলে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) দখল না পাওয়ার কোন অভিযোগ পাওয়া যায় নাই।

### Defaulters in making payment to Oriental Gas Company

**922.** (Admitted question No. 2478.) **Shri Bimal Kanti Das:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the names of different industrial and commercial concerns, who use gas from the Oriental Gas Company but have defaulted in making payment of their dues to the extent of at least Rs. 1,000 cumulative up to 31st May, 1969;

(b) the amount of outstanding dues against respective concerns;

(c) the reasons of such arrears;

(d) steps taken so far for realisation of arrears; and

(e) (i) if any such arrears have been written off and if so, the total amount so far written off, (ii) the reasons thereof and (iii) names of concerns whose dues have been written off?

**The Minister for Commerce and Industries:** (a) and (b) A statement is laid on the Library Table.

(c) Many of the defaulting consumers are making delay in payment because of lack of sufficient cash in their hand In some cases there are disputes regarding the amount of the bill charged. Delay in sending bills in time sometimes results in sending a few months' bills at a time. In such cases, the consumers often want to pay by instalments or at a later date, which results in accumulation of gas bills.

(d) There is an organisation to remind consumers by sending notices as well as through bill collecting staff. Action taken in respect of the defaulting consumers in the list has generally been indicated in the remarks column.

(e) (i) No.

(ii) and (iii) Does not arise.

### পশ্চিমবঙ্গে মূক ও বধির শিক্ষা প্রতিষ্ঠান

**923.** (Admitted question No. 2189.)

**শ্রী[illegible]মোহন রায়ঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (সমাজ-কল্যাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় মূক ও বধির শিশুদের শিক্ষার জন্য কোন প্রতিষ্ঠান আছে কি;

(খ) যদি থাকে, জেলাভিত্তিক সংখ্যা কত;

(গ) পশ্চিম দিনাজপুরে ঐরূপ কোন প্রতিষ্ঠান আছে কি;

(ঘ) ঐ প্রতিষ্ঠানগুলি কাহার দ্বারা পরিচালিত হয় এবং ভর্তি হওয়ার জন্য কি কি সর্ত পালন করিতে হয়; এবং

(ঙ) প্রতিষ্ঠানগুলিতে কতদূর পর্যন্ত শিক্ষণের ব্যবস্থা আছে?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) হ্যাঁ, আছে।

(খ)

| | | |
|---|---|---|
| কলিকাতা | ... | ৩ |
| ২৪-পরগনা | ... | ১ |
| মুর্শিদাবাদ | ... | ১ |
| পুরুলিয়া | ... | ১ |
| বীরভূম | .. | ১ |
| পশ্চিম দিনাজপুর | ... | ১ |
| মোট | ... | ৮ |

(গ) হ্যাঁ, একটি সরকারী বিদ্যালয় আছে।

(ঘ) ও (ঙ) এ সম্পর্কে বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

**মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার চাষীদের ঋণ দেওয়ার পরিমাণ**

**924.** (Admitted question No. 1928.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার যেসকল চাষীদের নিকট (১) আলুবীজ এবং (২) সারের বাবদ ঋণ দেওয়া হইয়াছিল তাহাদের নাম ও ঠিকানা কি;

(খ) প্রত্যেক চাষীকে কি পরিমাণ আলু বীজ অথবা সারের বাবদ ঋণ দেওয়া হইয়াছিল; এবং

(গ) কি পদ্ধতিতে বীজ অথবা সার গ্রহণকারী চাষীদের—

(১) সংবাদ দেওয়া হয়,

(২) আবেদন লওয়া হইয়া থাকে, এবং

(৩) উহা বাছাই করা হয়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার চাষীদের আলুবীজ বাবদ কোনও ঋণ দেওয়া হয় নাই। তবে উক্ত দুই বৎসরে ঐ থানার চাষীদের মধ্যে সার ক্রয় বাবদ ঋণ বিতরণ করা হইয়াছিল। যে সমস্ত চাষী উক্ত ঋণ পাইয়াছিল তাহাদের নাম ও ঠিকানা যুক্ত একটি তথ্য লাইব্রেরীর টেবিলে অবগতির জন্য উপস্থাপিত করা হইল।

(খ) আলুবীজের ক্ষেত্রে এ প্রশ্ন উঠেনা। প্রত্যেক চাষী সার ক্রয় বাবদ কত ঋণ পাইয়াছিল তাহা লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত তথ্যেই দেখান হইয়াছে।

(গ) আলুবীজের ক্ষেত্রে এ প্রশ্ন উঠেনা। সার ক্রয় ঋণ সম্বন্ধে বলা যাইতে পারে যে উক্ত ঋণ চাষীদের মধ্যে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের মাধ্যমে বিতরণ হইয়া থাকে। তবে ঐ ঋণ জেলা সমাহর্তা, মহকুমা শাসক অথবা ব্লক উন্নয়ন আধিকারিক মঞ্জুর করিয়া থাকেন।

ব্লক উন্নয়ন আধিকারিক সার ক্রয় ঋণের আবেদন চাষীদের নিকট হইতে গ্রহণ করিয়া থাকেন এবং গ্রাম সেবকগণ দ্বারা ঐ সকল আবেদন সম্বন্ধে অনুসন্ধান করান। স্থানীয় সহকারী রাজস্ব আধিকারিককে আবেদনকারীর পূর্বের কোনও ঋণ অনাদায়ী আছে কিনা এসম্বন্ধে প্রশংসাপত্র দিতে হয়। যে সকল আবেদনকারী সম্বন্ধে গ্রামসেবক এবং কৃষি সম্প্রসারণ আধিকারিক (এ ই ও) সুপারিশ করেন তাঁহাদের ক্ষেত্রে ব্লক উন্নয়ন আধিকারিক সার ক্রয় ঋণ মঞ্জুর করিয়া থাকেন।

[2—2-10 p.m.]

**Mr. Deputy Speaker:** The question hour is over.

**Point of Privilege**

**ডঃ জয়নাল আবেদিনঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি একজন বিশেষ আইনজ্ঞ এবং আপনার পরিচালনায় আমরা বিশেষ সন্তুষ্ট। আমি আপনার কাছ থেকে রুলিং চাচ্ছি হাউস চলাকালে যদি ক্যাবিনেটে কোন পলিসি ম্যাটার নিয়ে আলোচনা হয় এবং সেখানে কোন মেজর চেঞ্জ হয় তাহলে আমাদের কি সেই সংবাদ অর্থাৎ ক্যাবিনেটের সেই মেজর চেঞ্জ বাইরের সংবাদপত্র থেকে জানতে হবে? মৎস্য দপ্তরের মন্ত্রী কবে খাদ্যমন্ত্রী হলেন আমরা তো কিছুই জানি না। আমি আপনার কাছ থেকে এই ব্যাপারে রুলিং চাচ্ছি। আমার বক্তব্য হচ্ছে ২ মাস ধরে হাউস রয়েছে এবং তার মধ্যে এই যে গুরুতর পরিবর্তন হল আমরা সেটা জানতে পারলাম না আপনিও জানতে পারলেন না। আমি মনে করি এটা সরকারের স্বেচ্ছাচারীতা এবং পরিষদীয় মন্ত্রীর ব্যর্থতা। যে কোন লোক এসে বলবে আমি খাদ্য দপ্তরের মন্ত্রী এবং আমি উত্তর দেব এবং সেই উত্তর আমাদের গ্রহণ করতে হবে। যে কোন সদস্য যদি বলেন আমি খাদ্যমন্ত্রী তাহলে তো মন্ত্রীদের গায়ে নাম লিখে দিতে হবে যে আমি খাদ্যমন্ত্রী, আমি অমুক মন্ত্রী। সেজন্য স্বাধিকারের প্রশ্ন তুলে আপনার কাছে রুলিং চাচ্ছি যে এতে আমাদের অধিকার ভঙ্গ হচ্ছে কিনা বলুন।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখছি মাঝে মাঝে ওধার থেকে জয়নাল আবেদিন এই রকম অভিনয় করে থাকেন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** অভিনয় কথাটা বলা অত্যন্ত অবজেকসানেবল। আমার মনে হয় পার্লামেন্টারী মিনিস্টারের সামান্য ভদ্রতা জ্ঞানটুকুও নেই।

**Mr. Deputy Speaker:** Mr. Chakraborty, please take your seat. Dr. Zainal Abedin has raised a point of privilege and it will be disposed of by me. I have heard the honourable member and I also want to hear from you if you have got anything to say. Therefore, I would request you to express your point of view on the matter raised, as a member of the Cabinet and, thereafter, I will give my ruling. I will also request you to speak in a milder form so that it does not hurt or provoke any honourable member.

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে পোর্টফোলিও ভাগ করবার ব্যাপারে আমাদের মন্ত্রীমণ্ডলী সিদ্ধান্ত নেন কিম্বা মুখ্যমন্ত্রী সিদ্ধান্ত নিয়ে থাকেন। এ সম্বন্ধে কোন স্বাধিকারের প্রশ্ন ওঠে না, কারণ এটা নীতিগত প্রশ্ন নয়। আমরা আমাদের কাজের সুবিধার জন্য কোন মন্ত্রী কোন দপ্তরের ভার নেবেন এটা ঠিক করে নিই। এখানে স্বাধিকারের প্রশ্ন আসে না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন এই যে পরিবর্তন হয়েছে এটা সংবাদপত্রের মাধ্যমে ঘোষিত হয়েছে। বিরোধীদলের সদস্যদের জানাবার দরকার আছে বলে আমরা মনে করি না।

## Point of Privilege

**Mr. Deputy Speaker:** I have already heard both the sides. The matter has been made clear to me and it does ot require any further elucidation. On the point of privilege raised by Dr. Zainal Abedin I may say that a notification in the matter has already been issued and you may perhaps know about the resignation of the Food Minister tendered and given effect to on 13-8-69. If the Minister, who has resigned is a member of the House, he may make a personal statement as per Rule 200. Now in our Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly we do not know who is the Food Minister and all that. There is no mention of any Food Minister or Irrigation Minister. The Minister means a member of the Council of Ministers. So a Minister who is a member of the Council of Ministers can take over charge of any department. Regarding redistribution of the portfolios, it is matter among the Ministers themselves. We are concerned with the answers of the different departments. Therefore, any Minister is perfectly entitled to take over charge of any other department or departments. So I think no policy is involved in this matter and, therefore, there is no point of privilege.

**Shri A. K. M. Ishaque:** On a point of privilege. We have understood your point very clearly. But we are hammering on this point that while the House was in Session without informing House there has been a change of portfolios and we think this is a contempt of the House. It is the rule that when a change in the Ministry is made while the House is in Session the members should be informed.

[2-10—2-20 p.m.]

**Mr. Deputy Speaker:** What is the point?

**Shri A. K. M. Ishaque:** The point is while the House was in session Shri Provash Chandra Roy took charge of the Food Department. I think this is a contempt of the House.

**Mr. Deputy Speaker:** There is no point in it. Please take your seat.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** অন ও পয়েন্ট অব অর্ডার, স্যার, বিরোধী পক্ষের মাননীয় সদস্য শ্রীজয়নাল আবেদিন একটি পয়েন্ট অব প্রিভিলেজের প্রশন তুলেছিলেন এবং তারপরে ঐ পক্ষের ডেপুটি লিডার সাত্তার সাহেব তার উপর পয়েন্ট অব অর্ডার তুলতে চেয়েছিলেন। আমার কথা হচ্ছে উনি কি পয়েন্ট অব প্রিভিলেজের উপর পয়েন্ট অব অর্ডার তুলতে পারেন?

**Mr. Deputy Speaker:** There cannot be any point of order on the point of privilege.

Now I refer to another matter. Dr. Zainal Abedin raised a point of privilege yesterday. He said that he had submitted a particular question to which no answer had been given to him. I requested the members of the Treasury Bench to look into the matter and the Minister in charge of the Parliamentary Affairs gave an assurance that he would look into the matter. He may now place his points before the House and I request Shri Jatin Chakraborty to clarify the position regarding the matter.

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কাল আপনি আমাকে নির্দেশ দিয়েছিলেন যে মাননীয় সদস্য জয়নাল আবেদিন যে প্রশ্ন তুলেছিলেন যে তাঁদের একটি প্রশ্ন ২৩এ জুনে দিয়েছিলেন তার জবাব এতদিনেও পাননি তার খোঁজ করতে। সেই সম্পর্কে আমি খোঁজ করে জানলাম যে সেটা স্টার্ড কোশ্চেন নয়, আনস্টার্ড কোশ্চেন এবং সেই প্রশ্নের জবাবের জন্য বহু তথ্য বিভিন্ন বিভাগ থেকে সংগ্রহ করতে হবে তার জন্য দেরী হয়ে গিয়েছে। যদিও এর উত্তর আগে দেওয়া উচিত ছিল এবং তার জন্য আমি দুঃখিত এবং ভবিষ্যতে দেখবো যাতে

দেরী না হয়। তবে এই প্রশ্ন সম্পর্কে এইটুকু বলতে পারি যে এর সমস্ত তথ্য এসে গিয়েছে এর পরে ৮ তারিখে যেদিন প্রথম হাউস হবে সেদিন এর জবাব দেবো।

**Mr. Deputy Speaker:** That being an unstarred question, the answer will be placed in the table.

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে যে নিয়ামক প্রশ্ন তোলা হয়েছিল তার জবাবে অনুগ্রহ করে যে জবাব দিলেন তাতে আমার মনে হয় যে আইনটার উপর প্রশ্ন তোলা হয়েছিল তার প্রতি আপনার সঠিক দৃষ্টি আকর্ষণ করা হয়নি। আমাদের রুল ৩৬এ লেখা আছে

Notice of a question shall be given in writing to the Secretary and shall specify the official designation of the Minister to whom the question is addressed.

এখানে কোন কাউন্সিল অফ মিনিস্টার-এর প্রশ্ন আসে না এবং আপনাদের যে ফরম দেওয়া হয় সেই ফরম-এ স্পেসিফাই করতে হয়

will the Minister-in-charge of such and such Department be pleased to state

যদি কোন বিভাগীয় মিনিস্টার উপস্থিত না থাকে তাহলে তার পরিবর্তে স্পীকারের অনুমতি নিয়ে অন্য মিনিস্টার জবাব দিতে পারেন। কিন্তু এটা ব্যাপকভাবে কাউন্সিল অব মিনিস্টারদের ব্যাপার নয়। সেইজন্য এখানে স্পেসিফিক মিনিস্টার, যদি ফুড মিনিস্টার হয় তাহলে সেখানে স্পেসিফিক মিনিস্টারকে জবাব দিতে হয়। যদি কোন মিনিস্টার না দেন তাহলে হাউসে তা এক্সপ্লেন করে দেওয়ার রীতি আছে এবং এটা পার্লামেন্টারি প্র্যাকটিসে আসে যে যদি কোন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর পরিবর্তন হয় তাহলে সঙ্গে সঙ্গে এখানে এসে তার সম্বন্ধে রিপোর্ট করার নিয়ম আছে। আমি সেই পার্লামেন্টারি প্র্যাকটিসের দিকেও আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, হাউসকে অবজ্ঞা করে কোন গভর্নমেন্ট মিনিস্টার কার কি হবেন না হবেন তা গোপন রাখতে পারেনা।

**Mr. Deputy Speaker:** Yes, I also agree that in all important points and matters of policy the House should be informed first. But I find that in rule 36 reference is to the official designation of the Minister—and not to the name of the Minister—to whom the question is addressed. Now, the particular question was submitted to the Minister in charge of a particular department but the name was not mentioned. It has been convention of this House that when an Hon'ble Minister is ill, another Hon'ble Minister speaks on his behalf. I have found here that Mr. Sen Gupta, Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department, was absent due to illness and the Hon'ble Minister Mr. Konar took up his brief. It has been the convention of this House that if any Minister in charge of any department is absent on a particular day, or, if a department shifts to some other person, then generally some other Minister asks for permission of the Speaker to speak and the consent of the Speaker is implied because each and every time permission of the Speaker is not asked for. I agree that the House must always get the first opportunity to know the announcement of important policy matters but from rule 36 it is clear that questions are to be addressed to Ministers by their official designations and not by names. Therefore, there is no breach of privilege involved.

**শ্রীপান্নালাল মাজীঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে, সেটা হচ্ছে এই যে যারা বিধানসভাকে বাদ দিয়ে রাজ্যপালের সঙ্গে ষড়যন্ত্র করে নির্বাচিত মন্ত্রীদের বাতিল করে দিল

**Mr. Deputy Speaker:** I won't allow this, that does not arise.

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্যার, এমিনেন্ট জুরিস্টদের কয়েকটি বই আমি এখানে রেফার করছি। জেনিংস ক্যাবিনেট গভর্নমেন্ট সেখানে জয়েন্ট রেসপনসিবিলিটি অব দি মিনিস্টার্স

**Mr. Deputy Speaker:** On what point are you speaking? You are not on a point of order. I will not allow you to speak. Please take your seat.

**শ্রীআবদুস সাত্তার:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার

**Mr. Deputy Speaker:** Mr. Sattar, please hear me first. The point has already been disposed of. I have not entered into any new point. On the next item you can raise point of order but on the points that have been disposed of by my ruling, there cannot be any point of order. If you are raising a point of order on the ruling that I have just given, you cannot do that.

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, রুলিং সম্বন্ধে আমি কিছু বলছি না, রুলিং অ্যাজ ইট ইজ থাকবে, আমি অন্য পয়েন্টে বলছি। স্যার, আপনি এক্ষুনি বললেন যে আমাদের খাদ্যমন্ত্রী যিনি ছিলেন তিনি রেজিগনেসান দিয়েছেন।

**Mr. Deputy Speaker:** That point has been set at rest.

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আমি রুল ২০০ আপনার কাছে রেফার করছি। আপনি এক্ষুনি বললেন যে খাদ্যমন্ত্রী রেজিগনেসান দিয়েছেন। স্যার, আমাদের এই হাউসে কনভেনসান আছে যে যখন কোন মিনিস্টার রেজিগনেসান দেয় তখন তাঁকে হাউসে একটা স্টেটমেন্ট দিতে হয়। আমি রুল ২০০ রেফার করছি, আমাকে বলতে না দিলে কি হবে।

[2-20—2-30 p.m.]

**Mr. Deputy Speaker:** Mr. Sattar, I think, you have referred to 'statement of a Minister at the time of resignation'. The Minister, who was in charge of the Food Department, resigned and his resignation was accepted. After this he had no access to this House because he was not a member of this House. Therefore, in this particular case the question of his making a statement does not arise. In other cases this rule may be applicable.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Deputy Speaker:** The Minister in charge of the Health Department will please make a statement on the subject of nonsupply of food to T.B. patients in Digri Sanatorium, called attention by Shri Bibhuti Pahari on 27th August 1969.

**শ্রীননী ভট্টাচার্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এ পর্যন্ত যে রিপোর্ট সংগ্রহ করে আনতে পেরেছি অল্প সময়ের মধ্যে, সেই রিপোর্ট আমি আপনাদের কাছে পড়ছি। প্রসঙ্গতঃ বলা ভাল যে কলিং অ্যাটেনশন নোটিসে মাননীয় সদস্য বিভূতি পাহাড়ী মহাশয় উল্লেখ করেছেন ডিগ্রী স্যানাটোরিয়ামের টি বি রোগীদের একদিন খাবার দেওয়া হয়নি। এখানে প্রসঙ্গতঃ তারও উত্তর চলে আসবে।

In answer to the call attention notice by Shri Bibhuti Pahari regarding nonsupply of diet to T.B. patients in M. R. Bangur T.B. Sanatorium, Digri, I like to make the following statements:—

In the month of May this year there was some tension among the staff and the patients over an incident of unsavoury remarks by some patients against one Class IV staff. This resulted in all the Class IV staff refraining from work for about 3 hours over the issue. The patients are said to have apologised to the particular staff but in turn demanded declaration of short cessation of work as illegal strike and also to punish the offenders. The tension

continued, though in a subdued form and the patients tried to create trouble on some ground or other particularly over food supplies and two patients started hunger strike and one had to be removed to Midnapur Sadar Hospital. They broke fast on an assurance that their grievances would be looked into and a promise from myself for an early visit which was later fixed on 9th August 1969. Due to certain difficulties in Calcutta, however, I was not able to keep the programme and another date was due to be fixed up shortly.

The trouble at Digri though abated apparently for the time being continued really and there was a recrudescence of trouble in the beginning of the 3rd week of this month (17-8-1969) over the alleged pilferage and faulty storage of coal for disposal of sputum; but in spite of Superintendent's undertaking for enquiring into the matter and taking action, the patients remained agitated. The Secretary of the patients' Co-ordination Committee started instigating the patients against the hospital administration with his exciting speeches and a handful of patients also refused to accept diet on the plea of fish being rotten in the evening meal though there was no complaint from the patients of other wards. Some of the patients including the Secretary of the Patients' Committee who have all along been taking aggressive attitude insulted the Superintendent and the senior staff in the office in abusive and filthy languages and on 18th August 1969 demanded immediate replacement of utensils which were old and damaged particularly the bowls, by stainless steel utensils that very day, as otherwise they would resort to hunger strike till the demands are met up. As this was not readily available in stock and the Superintendent could not oblige them at once, he promised to look into it as early as possible and came down to Calcutta to make arrangements. In the meantime, about 40 glass tumblers were purchased locally by the Superintendent for temporary use of the patients and this was done after a discussion by the Deputy Director of Health Services (Administration) with the Secretary of the Patients' Committee over the phone. This did not however pacify them and the patients' attitude worsened after the Superintendent's return from Calcutta on the 23rd after making arrangements for the supply of stainless steel bowls. That very evening some of the patients at the instigation of the some of the members of of the Committee broke furniture, glass-panes, utensils, etc. in the wards and also insulted the Superintendent and the other staff in filthy language and the attitude of some of the patients was menacing. All the staff particularly the nursing staff and the Class IV staff became terribly scared and panicky and were afraid of their safety. The District Magistrate, Superintendent of Police and the Chief Medical Officer of Health were informed and a police picket was posted in the hospital within a short time. The Class III and the Class IV staff who were exasperated to their limit and were very much shaken for the menacing attitude of the patients did not attend to their duties the next day and there was no cooking in the hospital. The District Magistrate sent some dry ration like bread, biscuits, sweets, bananas, etc. from Midnapur and the Superintendent also procured some bread, biscuits, bananas and milk locally and distributed them to the patients on the 24th night and 25th morning. The kitchen staff was persuaded to cook next morning under police protection but the patients did not allow any Class IV staff to enter the wards for distribution of food and they themselves have been carrying food from the kitchen to the wards since then and distributing them themselves. The Class IV staff are still not being allowed to enter the wards and in some of the wards the patients are cleaning the wards themselves but the other wards particularly Ward Nos. 7 and 8 under the influence of the Secretary of the Patients' Committee are lying in a filthy condition with sputum and sundry dirty materials all over the floor. The Superintendent, in the meantime, made arrangements to segregate the serious type of cases in a separate ward and some of the patients have already been shifted and more are to follow. The

nursing and the other staff are working at the segregation ward normally. The guardians of such patients have also been given due information.

Two senior officers of the department (a Deputy Secretary and one Assistant Director of Health Services) have already left for Digri today and their report is awaited. Myself will also visit Digri very soon.

এর সঙ্গে আমি একটু অ্যাড করতে চাই যে লোক্যাল এম এল এ স অ্যান্ড কোঅর্ডিনেশন কমিটি তারা ডিগ্রি হাসপাতালে গিয়েছিল এবং তাদের পারসুয়েন্সের ফলে ক্লাস-৪, ক্লাস-৩ স্টাফ এবং অন্যান্য স্টাফ তারা কাজে নেমেছে। তাদের বলা হয়েছিল যে তাদের জন্য ব্যবস্থা করা হবে। সিকিউরিটি আন্ডার পুলিশ প্রোটেকশন তারা লিমিটেড ওয়েতে কাজ করছে।

[2-30—2-40 p.m.]

**Mr. Deputy Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Relief measures for the distress people in Midnapur district—from Shri Ahindra Misra and Shri Gangapada Kuar,

(2) Proposed demonstration of the employees of the Board of Secondary Education on the 28th August 1969—from Sm. Ila Mitra,

(3) Incident at Kulut village in the district of Burdwan — from Shri Ramkrishna Saraogi,

(4) Incident at Jadavpur University campus on 27th August 1969—from Shri Gyan Singh Sohanpal, and

(5) Flood in Malda district—from Shri Kripa Sindhu Saha.

I have selected the notice of Shrimati Ila Mitra on the subject of proposed demonstration of the employees of the Board of Secondary Education on the 28th August 1969. The Minister-in-charge may please make a statement on the subject if possible or give a date.

**Shri Jatin Chakraborty:** 10th of September.

**Mr. Deputy Speaker:** The next item is mention cases. Now Shri Kalipada Mandal.

**শ্রীকালিপদ মন্ডলঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বিষয়টা আপনার মাধ্যমে এই হাউসে রাখার আগে আমি ২।১টি কথা বলতে চাই। আমরা, সভারা, অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে এই সভায় মেনসান করে থাকি। সেইসব বিষয়ের প্রতি কনসার্নড মিনিস্টাররা কতটুকু গুরুত্ব দেন তা আমরা বুঝতে পারছি না। আপনার মাধ্যমে স্যার, আমি মিনিস্টারদের কাছে অনুরোধ করবো যে আমাদের বক্তব্যের প্রতি যেন যথাযথভাবে গুরুত্ব দেন। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকারের ফাইনান্স ডিপার্টমেন্টের ১৯৪৭ সালের একটা সার্কুলার আছে। সেই সার্কুলারে শিডিউল্ড কাস্টদের জন্য ১৫ পার্সেন্ট রিজারভেশান ও শিডিউল্ড ট্রাইবসদের জন্য ৫ পার্সেন্ট রিজারভেশান সরকারী চাকরি ব্যবস্থায় আছে। অত্যন্ত দুঃখের কথা, কোন কোন সরকারী বিভাগে এই সার্কুলারের প্রতি যথাযথ গুরুত্ব দেওয়া হচ্ছে না। আমরা জানি, গত ১৯৬৭ সালে বাংলাদেশে যখন যুক্তফ্রন্ট সরকার প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল তখন লেবার ডিপার্টমেন্টকে স্ট্রেনদেন অ্যান্ড এক্সপানসান করা হয়। তার ফলে ১৯৬৭-৬৮ সালে লেবার ডিপার্টমেন্টে এবং ওয়ার্কমেন্স কমপেনসেসান ডিপার্টমেন্টে প্রচুর রিক্রুটমেন্ট হয়েছিল। কিন্তু সেখানে ঐ ফাইনান্স ডিপার্টমেন্টের যে সার্কুলার তার যথাযথ মর্যাদা দেওয়া হয়নি বা সেই নীতি সেখানে মেনে চলা হয়নি। বর্তমান বছরেরও আমাদের কাছে খবর আছে যে লেবার ডিপার্টমেন্টে নতুন রিক্রুটমেন্ট হতে চলেছে। আপনার মাধ্যমে স্যার, আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, ঐ ফাইনান্স ডিপার্টমেন্টের সার্কুলার-শিডিউল্ড কাস্টের জন্য শতকরা ১৫ ভাগ ও শিডিউল্ড ট্রাইবসের জন্য শতকরা ৫ ভাগ

সরকারী চাকরিতে রিজারভেসানের যে ব্যবস্থা আছে, তাকে যেন যথাযথ গুরুত্ব ও মর্যাদা দেওয়া হয়।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে নীলরতন সরকার মেডিকেল কলেজের একটা গুরুত্বপূর্ণ অব্যবস্থার কথা উল্লেখ করছি এবং জনস্বার্থের খাতিরে অবিলম্বে প্রতিকারের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৭।৮ মাস যাবত নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালে রেসিডেন্ট ফিজিসিয়ানের পদ খালি থাকা সত্ত্বেও ঐ পদে কোন পার্মানেন্ট লোক নেওয়া হয়নি, যদিও উপযুক্ত যোগ্যতাসম্পন্ন লোকের অভাব নেই। একজন সাধারণ এম বি বি এস দিয়ে অফিসিয়েটিং করানো হচ্ছে। এতে মেডিক্যাল বিভাগে রোগী ভর্তি ও অন্যান্য ব্যাপারে নানারকম ত্রুটিবিচ্যুতি ও অসুবিধা হচ্ছে। অবিলম্বে এর প্রতিকারের দরকার, তা ছাড়া বাংলাদেশের বিভিন্ন জেলায় বা বিভিন্ন সাব-ডিভিসনাল হাসপাতালে যেখানে রেডিওলজি ডিপার্টমেন্ট আছে সেখানে অনেক হাসপাতালেই রেডিওলজিস্টের পদগুলি খালি পড়ে আছে। বলা হয় উপযুক্ত যোগ্যতাসম্পন্ন লোক পাওয়া যাচ্ছে না, অথচ নীলরতন সরকার হাসপাতালে রেডিওথেরাপি ডিপার্টমেন্টে কম পক্ষে ৫ জন ডি এম আর ডি আছেন। যদিও রেডিওথেরাপী ডিপার্টমেন্টে মেশিন একটি—অতএব একটিমাত্র মেশিনের জন্য এতো লোকের দরকার হয় না। আমি প্রস্তাব করছি, এই অতিরিক্ত ডাক্তারদের অবিলম্বে মফঃস্বলের বিভিন্ন হাসপাতালে পাঠানো হোক। এ বিষয়েও আমি স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যেন উনি সিরিয়াসলি এ ব্যাপারের প্রতিকার করেন এবং জনসাধারণের চিকিৎসার অসুবিধা দূর করেন।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, কংগ্রেস রাজত্বের পাপের প্রায়শ্চিত্ত আজকে আমাদের বাংলাদেশের যুবকদের করতে হচ্ছে। আপনি জানেন যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় বাংলাদেশে বেকারের সংখ্যা ছিল ৫০ লক্ষের মত। আজকে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে দেখা যাবে যে সে সংখ্যা দাঁড়িয়েছে ২ কোটি ৭০ লক্ষে। আমি জানি আমাদের যুক্তফ্রন্ট সরকারের এমন ক্ষমতা নেই যে বাংলাদেশের যুব সম্প্রদায়কে বিশেষভাবে চাকুরী দিতে সক্ষম হবেন। আমি সেই জন্য যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করবো এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী ও অপর মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করবো যে আমরা জানি এই বেকার যুবকদের সাধারণভাবে চাকুরী দিতে পারব না, কিন্তু তাদের ক্ষেত্রে যে বয়স-সীমা বেঁধে দেওয়া হয়েছে ২৫ বছর সরকারী চাকুরী ক্ষেত্রে সেই সীমা যাতে আরো ৫ বছর বাড়িয়ে দেওয়া হয়, যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীসভা যেন এ বিষয়ে সিদ্ধান্ত নেন। কারণ, বাংলাদেশে হাজার হাজার লক্ষ লক্ষ বেকার যুবক রয়েছে, এতে তারা অন্ততঃ খানিকটা স্বস্তির নিশ্বাস ফেলতে পারে যে ৫ বছর পরেও সরকারী চাকুরী পাবার সম্ভাবনা আছে। আমি আশা করি যুক্তফ্রন্ট সরকার এ বিষয়ে নিশ্চয়ই সিদ্ধান্ত করে আগামী বিধানসভায় ঘোষণা করবেন।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপিত করব। আপনি জানেন হুগলী জেলার আরামবাগ মহকুমার গোঘাট থানার কামারপুকুরে সম্প্রতি বি টি কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গত ১১শে জুনের অ্যাফিলিয়েসন কমিটির সভায় এই ট্রেনিং কলেজটিকে অনুমোদন দিয়েছে। ১লা জুলাই থেকে ক্লাস বন্ধ হয়ে গেছে। ১০০ জন ট্রেনি এই কলেজে ট্রেনিং নিচ্ছেন। আমরা সম্প্রতি খবর পেয়েছি যে শিক্ষা বিভাগ থেকে নাকি বলা হচ্ছে যে এইসব ট্রেনিরা ডেপুটেসন অ্যালাওন্স পাবেন না। তা যদি সত্যি হয় তাহলে আমি দুটি প্রশ্ন শিক্ষা মন্ত্রিমহাশয়-এর কাছে আপনার মাধ্যমে রাখবো। একটি হচ্ছে এই যে, ডেপুটেসন অ্যালাওয়েন্স বন্ধ হলে তাতে তাদের ডিসকনটিনিউটি ইন সার্ভিস হয় কিনা, আর দ্বিতীয় হচ্ছে যদি সত্যিই ডেপুটেসন অ্যালাওয়েন্স তাদের না দেওয়া হয় তাহলে যে আনসার্টেন অবস্থার সৃষ্টি হবে সেই অবস্থায় ট্রেনিরা ট্রেনিং নিতে পারবেন কিনা সে প্রশ্ন আমি আপনার সামনে রাখছি। তাই এই বিষয় সম্পর্কে আমি আপনার মারফত মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে কয়েকদিন আগে এই কলকাতায় ডিপথেরিয়া রোগ যেরকম বৃদ্ধি

পেয়েছে সেটা কেবল কলকাতার মধ্যেই সীমাবদ্ধ নেই, বর্ধমান জেলাতেও ছড়িয়ে পড়েছে। কলকাতায় এর কিউরেটিভ অ্যান্ড প্রিভেনটিভ মেজার এর সাজসরঞ্জাম আছে, কোন জেলান্তরে সেগুলি নেই। ইতিমধ্যে প্রায় ৪০/৫০টি বর্ধমান হাসপাতালে রোগী ভর্তির খবর পাওয়া গেছে। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে কিউরেটিভ অ্যান্ড প্রিভেনটিভ মেজার নেবার জন্য যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম দরকার সেগুলি যেন বর্ধমান হাসপাতালে তাড়াতাড়ি সরবরাহ করা হয়।

**শ্রীবজলে আমেদঃ** আই অ্যাম নট গোয়িং টু স্পিক। আই থ্যাংক ইউ।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** থ্যাংক ইউ।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই সংবাদপত্রে দেখেছেন যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে মাননীয় ক্যাবিনেট মন্ত্রী হরেকৃষ্ণবাবু এবং সুশীলবাবু মধুসূদনপুর ও ভরতপুর অঞ্চলে গিয়েছিলেন। আমরা আশা করেছিলাম এঁদের প্রভাবে ঐ এলাকায় যে গন্ডগোল এবং অরাজকতা চলেছে সেটা প্রশমিত হবে। কিন্তু বড়ই দুঃখের কথা যে ওঁরা চলে আসার পরই যে অত্যাচার, অনাচার চলেছিল সেটা বেড়ে গেছে এবং সেখানে পাঁচটি থানার প্রায় এক হাজার স্কোয়ার মাইল জুড়ে—মথুরাপুর, পাথরপ্রতিমা, খানা, কুলপী, কাকদ্বীপ এই পাঁচটি থানায় ব্যাপক অরাজকতা এবং লুণ্ঠন চলেছে। আপনি জানেন যে মাননীয় বৃন্দাবন গায়েন মহাশয় ১৯৬২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এই হাউসের সদস্য ছিলেন, তিনি এখন পর্যন্ত সেখানে যেতে পারছেন না। এখনও পর্যন্ত তিনি নিজের বাড়ী যেতে পারছেন না, পালিয়ে এখানে এসে আছেন। আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো যে এই যে ব্যাপক অরাজকতা চলছে এবং লুণ্ঠন হচ্ছে, আই ডোন্ট ফাইন্ড এনি প্রাইড এই কিলিংম্যান তিনি যেন এটাকে দমন করবার চেষ্টা করেন এবং মানুষের মনে আশ্বাস দেন। মানুষের এই লুণ্ঠনকে দে মে টেক প্রাইড ইন কিলিং ম্যান, কিন্তু এতে আমরা গৌরব বোধ করিনা, সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে অত্যন্ত বিনীত-ভাবে নিবেদন করবো যে এই যে ব্যাপক সন্ত্রাসের রাজত্ব চলেছে সেটা বন্ধ করুন। আমাদের এই হাউসের আগেকার মেম্বার শ্রীবৃন্দাবন গায়েন মহাশয় তিনি পর্যন্ত বাড়ী যেতে পারছেন না, এমন কি আমাদের এখানকার চিফ হুইফ শ্রীহংসধ্বজ ধাড়া মহাশয় তিনি পর্যন্ত সেখানে যেতে পারছেন না, আমি নিবেদন করবো যে সেখানকার মানুষের মনে আস্থা ফিরিয়ে আনুন। আর একটা বিষয়ের প্রতি রিলিফ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে আমাদের এই হাউসের মাননীয় সদস্য শ্রীআতায়ুল গনি মহাশয় যিনি মালদহে আমাদের রিলিফের কাজে ব্যস্ত আছেন। আমাদের কাছে খবর এসেছে যে কালকে রাত্রে মানিকচক এবং কালিয়াচক এই দুটি জায়গায় কমপ্লিটলি সাবমার্জড হয়ে গেছে, কোন যোগাযোগ নেই, রিলিফ যেটা যাচ্ছে সেটা ইনসাফিসিয়েন্ট। কিন্তু রিলিফ মন্ত্রিমহাশয় বলেছিলেন যে রিলিফ ঠিকমত যাচ্ছে। রিলিফের ইনসাফিসিয়েন্সি তো আছেই তার সঙ্গে সঙ্গে এই রিলিফ প্রভাব মুক্ত নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই দুঃখের সময় প্রভাব মুক্ত এবং সার্বজনীন দৃষ্টিভঙ্গী নিয়ে এই সেবা এবং ত্রাণ পরিচালনার জন্য মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো।

[2-40—2-50 p.m.]

**শ্রীসুরত আলি খাঁঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খবরের কাগজে—যুগান্তর কাগজে দেখলাম যে তেহট্ট এলাকায় দেবনাথপুর গ্রামে সি পি এম-এর সঙ্গে সংঘর্ষে বহু লোক হতাহত হয়েছে। এখানে একটা ভুল সংবাদ এসেছে যে এই দেবনাথপুর গ্রামে ফরওয়ার্ড ব্লকের লোকেরা সেখানে জমি দখল করেছে, তার পরিবর্তে সি পি এম সেখানে দখল করতে গিয়ে এই সংঘর্ষ ঘটেছে। আমি ৫ তারিখ পর্যন্ত তেহট্টে আমার বাড়ীতে ছিলাম, আমার গ্রামের পাশেই ঐ গ্রামটা। সেখানে কিন্তু কৃষকদের জমি ফরওয়ার্ড ব্লকের কর্মীরা দখল করেনি। সেখানে কৃষক যারা, তারা ঐ অঞ্চলের জমিদারের খাস যে জমি ছিল ১৯৫০ সালে রিফিউজিরা দলে দলে হাজার হাজার রিফিউজি আমাদের ওখানে এসেছিল সেই সময় বহু মুসলমান পাকিস্তানে চলে গিয়েছিল। রিফিউজিরা ঐ সরকারী জমি এবং মুসলমানদের পরিত্যক্ত জমিতে বসে সেখানে তারা

চাষ আবাদ করে বসবাস করছিল। যখন নেহেরু লিয়াকত চুক্তি হয় তখন আবার তারা ফিরে আসে কিন্তু সেখানে বসবাস করতে পারেনি এবং সেইসব জমি তারা রিফিউজিদের কাছে হস্তান্তর করেছে, কেউ বা বিনিময় করে, বিক্রি কোবালা করে তারা আবার সেখান থেকে চলে গেছে। আমাদের দেবনাথপুর অঞ্চলটায় সম্পূর্ণ বাস্তুহারার বাস। সেখানে [illegible] দাব কেউ নেই। তারা সব ভাগচাষ করে এবং কিছু কিছু জমি চাষাবাদ করে। কিন্তু পূর্বে সেটেলমেন্টে খাস বলে লিখে দিয়েছে অনেক জমি। একটা ষড়যন্ত্র হচ্ছে ওই জমির ফসল কেটে নেবার জন্য। পাকা ধান, পাট তারা এখন কেটে গোলায় তুলবে। সেই ফসল লুঠ করে নেবার জন্য সি পি এমের লোকেরা ষড়যন্ত্র করছে। আমি এখানে আসার সময় সি পি এমের লোকের সঙ্গে এই বিষয়ে আলোচনা করেছি। এটা ২৪-পরগনার ভেড়ী এলাকা নয় যে পতিত জমি যেখানে আছে সেখানে সংঘবদ্ধভাবে দখল করতে হবে। এই পাকা ফসল লুঠ আরম্ভ করেছে কোচুইগাছি মৌজায়, খাসপুর মৌজায়, পাথরকুটো মৌজায়। বড়ই দুঃখের বিষয়

**Mr. Deputy Speaker:** Mr Khan, I cannot follow what you are driving at. Please be very brief.

**শ্রীসুব্রত আলি খানঃ** বড়ই দুঃখের বিষয় দ্বিজবর বিশ্বাসকে পুলিশ গ্রেপ্তার করেছে। অথচ যারা লুঠ করছে তাদের তিনি বাধা দিতে গিয়েছিলেন। এই ব্যাপারে তদন্ত হোক এবং বিচার হক। যাতে তা হয় সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**Mr. Deputy Speaker:** I would request honourable members to finish their mention cases in one or two sentences. Sometimes I find that they are making a long statement. It is not at all desirable that in such cases you should make a long speech. What is necessary is that you should just draw the attention of the House to the particular matter and nothing more than that. I think you are going to abuse the particular privilege that has been granted. You know in the past these sorts of things were not allowed. If this particular privilege that has been granted is abused, then I will have to be very strict in the mention cases. I would request you all to remember that you are taking much valuable time of the House by making long speeches which are not at all relevant. You are taking longer time than what is necessary

Now I request Shri Subodh Gopal Guchhait to speak. He should be as brief as possible.

**শ্রীসুবোধ গোপাল গুছাইতঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় যেভাবে শত শত লোকের উপর লোনের টাকা আদায়ের জন্য নোটিশ দেওয়া হচ্ছে এবং তার জন্য যেভাবে জনসাধারণের মনে আতংকের সৃষ্টি হয়েছে সেইজন্য আপনার মাধ্যমে পশ্চিমবাংলার বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কাঁথি মহকুমায় ১৯৬৬ সালে খরার জন্য চাষ হয় নি এবং ১৯৬৭-৬৮ সালে ঐতিহাসিক বন্যার ফলে প্রচুর ক্ষতি হয়েছে। তার ফলে এখন কারো পক্ষে লোনের টাকা শোধ করা সম্ভব নয়। তা সত্ত্বেও সরকারের থেকে নোটিশ জারী করা হচ্ছে। ঘরে ঘরে সার্টিফিকেট জারী হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করি আগামী ফসল না উঠা পর্যন্ত এখন লোনের টাকা আদায়ের জন নোটিশ ও সার্টিফিকেট জারী বন্ধ থাক।

[2-50—3 p.m.]

**শ্রীএ কে এম ইশাকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় এবং পার্শ্ববর্তী এলাকা থেকে খুব আশঙ্কাজনক খবর শুনতে পাচ্ছি। এখন চাষের সময় কিন্তু যারা চাষ করাবেন আমাদের হরেকৃষ্ণবাবুর দৌলতে জন ধরতে পারছে না। যারা খেটে খায় তারাও কাজ পাচ্ছে না এবং যারা কাজ করাবেন তাদেরও কাজ করানো সামর্থের বাইরে চলে গেছে। প্রভাসবাবু, ভদ্রলোক একাদশীর বৃহস্পতি তার উপর একটু রাহুর গ্রাস আছে। তিনি মৎস্যমন্ত্রী হবার পরে

আমার এলাকায় ১০ পয়সা করে মাছ হয়ে গিয়েছিলো। এখন মাছ পাওয়া যাচ্ছে না। তিনি এখন খাদ্যমন্ত্রী হয়েছেন, বাজারে কিছু কিছু চাল আসছে কিন্তু মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। আজকে যে সমস্ত খবর আসছে সব একই কথা মানুষ চাল কিনতে পারছে না।

**শ্রীঅহীন্দ্র মিশ্র:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং এক কথায় বলতে গেলে সকল মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি এই গুরুতর বিষয়ের প্রতি। মেদিনীপুরে খাদ্যাবস্থার খুব শোচনীয় আকার ধারণ করেছে। আপনি এবং হাউসের সকল সদস্য এবং মন্ত্রিমহাশয়দেরও জানা আছে যে, গত ১৯৬৮ সাল এবং তার আগের বছর ১৯৬৭ সালে মেদিনীপুরে বিস্তীর্ণ অঞ্চল জুড়ে একটা ভয়াবহ বন্যা হয়েছিল। আমি বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে বলছি যে ২৬টি থানার কমপক্ষে ১৮ লক্ষ মানুষ বন্যাপীড়িত হয়েছিল। এই ১৮ লক্ষ বন্যাপীড়িত মানুষের জন্য তৎকালীন শাসনকর্তাই বলুন বা যাই বলুন রাজ্যপাল ধর্মবীর-এর কাছে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এসেছিলেন। তিনি জেলার সমস্ত রাজনৈতিক দল এবং নেতৃস্থানীয় সকলকে ডেকে আলোচনা করেছিলেন এবং এই গুরুতর বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তারপরে বন্যায় যে ফসল নষ্ট হয়েছিল তখন তার জন্য আশানুরূপ সহযোগিতা পাওয়া যায়নি। এখন পরিস্থিতি খুব গুরুতর আকার ধারন করছে। আমি সাধারণতঃ এই থানাগুলি, যে গুলিতে বিশেষ করে বন্যা পীড়িত হয়েছিল— পাঁশকুড়া, নন্দীগ্রাম, তমলুক, কেশপুর, দাসপুর, ঘাটাল, সবং, পিংলা, খড়গপুর লোকাল, ভগবানপুর, পটাশপুর, দাঁতন, ডেবরা, নারায়ণগড়, কাঁথি, রামনগর, এগরা এবং আরো কয়েকটি থানা—এখানে পর পর দুইবার বন্যায় প্লাবিত হয়েছে। সে জন্য আমি ত্রাণমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সকলের দৃষ্টি আকর্ষণ করছি অন্ততঃ ৫ পার্সেন্ট রিলিফ দেবার জন্য, যেখানে অন্য কোন বিকল্প কর্মসংস্থান-এর ব্যবস্থা নেই। ল্যান্ডলেস মানুষ মারা যাচ্ছে বা যাবে। সুতরাং তাদের যাতে অনাহার জনিত মৃত্যু না হয়, সেজন্য মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন এবং মাননীয় সদস্য যারা এখানে আছেন তারাও নিশ্চয়ই জানেন যে কলকাতায় ট্যাক্সির অবস্থা কি সাংঘাতিক হয়েছে। যে কোন সময়েই যান পাবেন না দেখবেন হয় গ্যারেজ কিম্বা পাবেন না। তারা জিজ্ঞাসা করে কোথায় যাবেন ইত্যাদি নানা ধরনের কথা। এই অবস্থার ফলে যখন হাসপাতাল কিম্বা অন্য কোন গুরুতর অবস্থার সৃষ্টি হয় তখন একটাও ট্যাক্সি আপনি পাবেন না। সেজন্য এই সম্পর্কে একটা বিহিত ব্যবস্থা করার জন্য আমি ট্রান্সপোর্ট-মন্ত্রীর কাছে আবেদন করছি।

(Presentation of First Report of Committee on Petitions)

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতিক্রমে আবেদন সমেত কমিটি অন পিটিশনস-এর প্রথম প্রতিবেদন এই সভায় উপস্থাপন করছি।

(Amendments to West Bengal Industrial Disputes Rules, 1938)

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to lay amendments to the Industrial Disputes Rules, 1958.

**Government Bills**

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969, be taken into consideration.

স্যার, আমি এই বিল সম্বন্ধে সময় একেবারেই নিতে চাই না, কারণ আজকের মধ্যেই এগুলি পাশ করা দরকার, এর পরে হাউস অ্যাডজোর্ন থাকবে বলে শুনেছি। কাজেই এটা নিয়ে আলোচনার বেশী প্রয়োজন নেই। ১৯৬৭ সালে এটা অর্ডিনান্স হিসাবে গৃহীত হয়েছিল, তারপরে ১৯৬৭ সালের নভেম্বর মাসে আবার অর্ডিনান্স হিসাবে এর মেয়াদ বাড়ানো হয়। তারপরে গভর্নরের আমলে গভর্নরস অ্যাক্ট হিসাবে এটা চালু ছিল। মোটামুটি সেটাকেই এর মধ্যে লিপিবদ্ধ করা হয়েছে। এটাই শুধু ভাড়াটিয়াদের ক্ষেত্রে একটু সুবিধা দেওয়া হয়েছিল—তা হল এই যে ঐ বকেয়া ভাড়া বাকী থাকলে তার জন্য যে উচ্ছেদের মামলা হত সেই মামলায় এক মাসের মধ্যে বকেয়া টাকা জমা দিলে তবে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ থাকত—সেই সময়টা বাড়ানো হয়েছে, কোর্ট ইচ্ছা করলে সময় বাড়াতে পারে এবং ইনস্টলমেন্টে দিতে পারে এটা করা হয়েছিল। দ্বিতীয়তঃ আগে ছিল ১২ মাসের মধ্যে ৪ মাস বকেয়া থাকলে তার আর আত্মপক্ষ সমর্থনের সুযোগ থাকত না অর্থাৎ ডিফেন্স স্ট্রাক আউট হয়ে যেত, এতে করা হয়েছিল একবার বকেয়া পড়লে পর তারপরে মামলা হলে সেই মামলায় বকেয়া মিটিয়ে দিলে তার ডিফেন্সের সুযোগ থাকবে এটা করা হয়েছিল, সেটাই এর মধ্যে লিপিবদ্ধ করা হয়েছে। আর ছোটখাট আনুষঙ্গিক সামান্যমাত্র পরিবর্তন আছে। আমি আশা করি এটা সকলে গ্রহণ করবেন।

**श्री रामकृष्ण सरोगी :**

माननीय उपाध्यक्ष महोदय, माननीय मंत्री महोदय ने वेस्ट बंगाल प्रीमिसेस टेनेन्सी अमेंड-मेन्ट बिल जो सदन के सामने रखा है, उसके लिए सबसे पहले में उन्हें धन्यवाद देना चाहूँगा और उन्हें धन्यवाद इसलिए देना चाहूँगा क्योंकि उन्होंने पश्चिम बंगाल में रहने वाले किराया-दारों के बारे मे सोचना शुरू कर दिया है। लेकिन अगर हम किरायेदारों की समस्याओं को देखे और उसके बाद अगर हम इस बिल कि धाराओं को देखें, तो उपाध्यक्ष महोदय, हमे कहना पड़ता है कि आज किरायादारों की जो समस्याये है, उन समस्याओ का हल हमारे माननीय मंत्री महोदय ने जो बिल आज सदन के सामने रखा है उससे कभी भी होता नजर नही आ रहा है।

इसके साथ ही मे यह भी देखता हूँ कि आज किरायादारों की जो समस्याये है, जो प्राब्लम्स है, किरायादारो के सामने उनमे मे एक बड़ी समस्या इजेक्टमेन्ट सूट की है। मंत्री महोदय ने जो बिल रखा है, उसमे इसका कुछ भी उल्लेख नही है। लेकिन हम देखते है कि जहा यह बिल थोड़ी सी रियायत देता है कि अगर किरायादार समय से भाड़ा न चुका पाये तो वह अपना भाड़ा अदालत के स्पेसीफाइड समय में चुका देवे। लेकिन डिप्टी स्पीकर सर, प्रश्न केवल इतना ही नही है। हम देखते है इजेक्टमेन्ट सूट जो होता है, वह केवल उनपर ही नही होता जो भाड़ा देने मे असमर्थ हो जाते है बल्कि उनपर भी होता है, जो किरायादार रेन्ट कन्ट्रोल मे भाड़ा देता है। मकान मालिक उन कमरों को खाली कराने के लिए नकली इजेक्टमेन्ट सूट करता है। और जिनका किराया १५ रुपया, २० रुपया रहता है, उनके लिए मुश्किल होता है, अदालत मे जाकर मकान मालिक के विरुद्ध केस फाइल करना। किरायादार के लिए बड़ा कठिन हो जाता है रुपया के साधन को जुटाने का। आज के युग साधारण वर्ग के लोग अपने दैनिक जीवन के आवश्यक साधन को तो जुटा नही पाते फिर कैसे क मालदार मकान मालिक के विरूद्ध केस लड़ें? लेकिन मकान मालिक के लिए यह आसान होता है कि वह अदालत मे जाकर हजार-हजार रुपया खर्च करे। उसको इसमें जरा भी परेशानी और कठिनाई नही मालूम पड़ती। साथ ही मकान मालिक को इस खर्च करने के पीछे फायदा दिखलाई पड़ता है। और उसका फायदा यह होता

है कि अगर वह मकान या कमरा किसी प्रकार खाली करा पाये तो उसको पहले के भाड़े से कई गुना अधिक भाड़ा मिलने की सम्भावना हो जाती है। साथ ही सलामी भी उस मकान या कमरे की मिलती है। इस प्रकार मकान मालिक को हर दृष्टि कोण से फायदा ही फायदा होता है।

[3—3-20 p.m.]

लेकिन जो किरायादार अपने कमरे के डिफेन्स के लिए अदालत में जाता है उसे सैकड़ों रूपया खर्च करना पड़ता है। ऐसा भी होता है कि किरायादार पैसा के अभाव में मकान मालिक से हार कर लाचारीबस केस नही लड़ पाता है और इस तरह से उसका नुकसान ही नुकसान होता है। वह वाध्य हो कर मकान छोड़ देता है।

मैं एक बात और मंत्री महोदय के सामने रखना चाहूँगा वह यह है कि उन्होंने जो बिल रखा है वह बिल तब तक किरायादारों की समस्याओं को सुलझा नही सकता जब तक सर्वाङ्गीण रूप मे इसको सदन के सामने न लाया जाय। यह बिल बहुत इन्कम्पलीट है। इसमें खामियां ही खामियां नजर आती हैं। इन खामियों को दूर करने की आवश्यकता है। एक बड़ी खामी सब-टेनेन्सी के बारे में है। उपाध्यक्ष महोदय, आप जानते हैं कि अगर कोई किरायादार किसी कारण से अपने कमरे को किसी अपने आदमी को भाड़े पर दे देता है तो उसे बड़ी परेशानी उठानी पड़ती है। इसके बारे मे माननीय मंत्री महोदय को सोचना चाहिए मकानों के मेन्टनेन्स का प्रश्न, पानी का प्रश्न, बिजली का प्रश्न, सफाई का प्रश्न सभी बातों पर मंत्री महोदय को ध्यान देने की आवश्यकता हैं। मकान मालिक केवल भाड़ा लेना जानता है, उसमें से खर्च करना नही चाहता। इसलिए भाड़े के मकानो की अवस्था बड़ी दयनीय हो जाती है।

उपाध्यक्ष महोदय, एक बात मैं कहूँ कलकत्ते शहर मे शायद ही पाच प्रतिशत ऐसे मकान होंगे, जिनमें किरायादारो के लिए आवश्यक सुविधायें उपलब्ध हों। देखा गया है कि सारे मकान मालिकों का एक ही उद्देश्य होता है कि किस प्रकार पुराने किरायेदार को मकान से निकाला जाय? क्योंकि पुराने किरायेदार को निकाल देने से मकान मालिक को भारी सलामी मिलती है और अधिक भाड़ा भी मिलता है।

बड़ा बाजार के भीतर एक-एक कमरे की सलामी आज के कठिन समय मे १० हजार १५ हजार रूपया मिलता है। एक-एक दूकान की सलामी उस अंचल मे ५० हजार रूपये तक है। आज के युग मे जहा बंगाल के एक आदमी की औसत आमदनी साडे चार पोने पांच रूपया सालाना है, तो फिर एक साधाराण श्रेणी का आदमी--एक मिडल क्लास का आदमी एक छोटे से कमरे--१०×१० स्क्वायर फुट कमरे की सलामी १० हजार--१५ हजार रूपया कैसे दे सकता है। उसके लिए इतनी बड़ी रकम देना किसी प्रकार भी सम्भव नही है। तो यह एक बड़ी भारी चीज है, एक बड़ी समस्या है। इसका हल इस एक छोटे से बिल के द्वारा कभी भी नही हो सकता है। इसके लिए उचित यह होगा कि हमारे माननीय मंत्री महोदय एक कमेटी का गठन करे। जो कमेटी अपनी उचित राय देगी। और फिर उस कमेटी के परामर्श के अनुसार मंत्री महोदय एक कम्प्रीहेन्सीभ बिल सदन के सामने रखें। मै तो समझता हूँ कि आपने इस बिल के जरिए केवल समस्याओ को छेड़ा ही है, किसी भी

समस्या का उचित हल नही किया है। इसलिए उपाध्यक्ष महोदय, मै आनेरेबल मिनिस्टर साहब से अनुरोध करूँगा कि इस बारे में एक कमेटी का गठन फौरन करे। जैसा कि अभी पिछले दिनों कलकत्ता म्युनिस्पिल बिल के संबंध मे एक कमेटी का गठन किया गया है।

इस प्रकार अगर एक कमेटी बना दी जाय और अगर वह कमेटी अपनी रीपोर्ट एक या दो महीने के बाद देती है, तब अगर इस प्रकार का बिल सदन के सम्मुख आये, तो उस बिल का बडा महत्व होगा। उसमे कियायादारों का फायदा होगा। किसी भी पक्ष को कोई शिकायत नही रहेगी। लेकिन मै फिर भी कहता हूँ कि मै इस बिल के विरोध मे नही हूँ। मै इसका समर्थन करता हू। चूकि मै समझता हूँ कि इस बिल के द्वारा किरायादारों को कोई बड़ी सुविधा नही मिलने वाली है, इसलिए मै माननीय मत्री से अनुरोध करता हूँ कि आप मेहरबानी करके एक कमेटी का गठन करे।

(At this stage the House adjourned for 15 minutes)

(After adjournment)

[3-20—3-30 p.m.]

**শ্রীসৈয়দ আব্ল মনস্বর হাবিবল্লাঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বেশী কিছ্ বলছি না, এবং আমার যে অ্যামেন্ডমেন্ট ছিল সেটাও প্রেস করব না, আমি শ্ধ্ এই বিলের প্রথম অ্যামেন্ডমেন্টের একটা অস্ববিধার কথা তুলে ধরতে চাই, কারণ ভবিষ্যতে হয়ত অ্যামেন্ডমেন্টের প্রয়োজন হবে। আমরা দেখেছি এই বিলের দ্বই ধারায় একটা স্ববিধা দেওয়া হয়েছে, অর্থাৎ কোন লোক যদি প্রয়োজন হয় তাহলে তিনি সত্যিকার ভাড়ার হার কত বা তার মালিক কে বা কত টাকা বাকী অছে সে সম্বন্ধে যদি কোন ডিসপিউট থাকে, তাহলে তিনি আবেদন করতে পারবেন। আর (২)(এ) ধারায় বলা হয়েছে, আমি সময়-এর লিমিট বাড়াবার জন্য কিংবা ইনস্টলমেন্টের জন্য কোর্টে প্রার্থনা করতে পারব। কিন্তু কথা হচ্ছে এই প্রার্থনা করবার দ্বইটিরই টাইম হচ্ছে ৩০ দিন, অর্থাৎ সমন পাবার ৩০ দিনের মধ্যেই করতে হবে। একটি লোক ৩০ দিনের মধ্যে (২) ধারায় দরখাস্ত করবে এবং সেটা ডিটারমিন্ড হতে ৬/৮ মাস সময় লাগবে এবং তারপর যখন ঠিক হল মালিক অমুক এবং এত টাকা ভাড়া বাকী আছে, তখন কিন্তু সে আর ইনস্টলমেন্ট পাবার জন্য ২(এ) ধারায় দরখাস্ত করতে পারবে না। এই হচ্ছে অবস্থা। অর্থাৎ দেখা যাচ্ছে প্রথম যে স্ববিধা পেল ২(এ) ধারায় সে স্ববিধা আর পাবে না। আমাদের ১৭(৩) উপধারায় ডিফেন্স স্ট্রাক আউট করবার জন্য যে ব্যবস্থা দেওয়া রয়েছে সেটা হবে না যদি না আমি সমন পাবার ৩০ দিনের মধ্যে এই দরখাস্ত করি এবং যদি না করতে পারি তাহলে আমার বিপদাবস্থা হবে। আমাদের দেশে অনেক গরীব মান্ষ রয়েছে যারা সমন পেলে উপযুক্ত সময় অর্থাৎ এই এক মাসের মধ্যে কোর্ট-এ গিয়ে দরখাস্ত করতে পারে না। কেন পারে না সেটা অবশ্য বলা মুশকিল। ধর্ন এই কলকাতায় হয়ত কেউ চাকরি করে, সে দেশে গেছে এবং সেই সময় সমন ডেলিভারী দিয়ে গেছে, এবং সে না থাকার জন্য সে সেটি পেল না, আবার হয়ত এমন হতে পারে, ইউ পি-তে কারও বাড়ী সে সেখানে গেছে এবং ইতিমধ্যে সমন ডেলিভারী দিয়ে গেলে অথচ সে সেটি পেল না। তারপর যখন এল তখন দেখা গেল সমনের সময় পেরিয়ে গেছে। আমরা অনেক স্বযোগ দিচ্ছি কিন্তু এমনই স্ট্রিক্ট ল যে সমন পাবার ৩০ দিনের মধ্যে দরখাস্ত করতে হবে। আমার বক্তব্য হচ্ছে এই যে ফিক্সড টাইম লিমিট রয়েছে, এর ফলে সে স্বযোগ পাওয়া যাচ্ছে না। টেকনিকেল ডিফলট করে মান্ষ ৮/১০ মাস পরে ধরা পড়েছে কিন্ত তখন সে দরখাস্ত করতে গেলে সে স্বযোগ আর পাবে না। আমি একটি মামলার কথা জানি একটি লোক ভাড়া দিয়ে গেছে এবং সে ডিফলটার নয় কিন্তু ভুলক্রমে তিনি ইংরেজী মাসে ভাড়া না দিয়ে বাংলা মাসে ভাড়া দিয়ে গেছে এবং ৮ মাস পর সে জানতে পারল যে, তিনি রিয়েলী ডিফলটার। তখন কিন্তু তিনি ১৭(২) ধারাতে স্বযোগ পাবেন না। সেজন্য টাইম লিমিটটা কিছ্টা কোর্টের

এক্তিয়ারের মধ্যে আনা উচিত। অ্যামেন্ডমেন্টের সময় আমাদের চিন্তা করা দরকার আইনসভা থেকে আমরা টাইম লিমিট ফিক্স করে দিচ্ছি উইদিন রিসিভিং অব দি সামন্স। ১৭(৩)-এর যে রিগার্স আছে অর্থাৎ ভাড়া যাতে ফাঁকি না দেয় তার জন্য চেষ্টা আছে এবং সেটা রাখা দরকার। কিন্তু ৩০ দিনের যে স্ট্রিক্ট লিমিটেশন দেওয়া রয়েছে সেটা ভবিষ্যতে লাঘব করবার জন্য আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। যাই হোক আমি আশা করি তাড়াতাড়ি এই বিল পাশ হোক এবং এতে আমার কোন আপত্তি নাই। আমি এই বিল সামগ্রিকভাবে সমর্থন করছি কিন্তু ভবিষ্যতে আমাদের এ সম্বন্ধে বিবেচনা করতে হবে। কাজেই এদিক থেকে আমার বক্তব্য রাখছি, যেসব অসুবিধা আছে, ভবিষ্যতে চিন্তা করে দরকার হলে অ্যামেন্ডমেন্ট করতে হবে এই অ্যাক্টের। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री देवकीनन्दन पोद्दार :**

माननीय उपाध्यक्ष महोदय, माननीय मंत्री महोदय ने पश्चिम बंगाल प्रीमिमस टेनन्सी अमेन्डमेन्ट बिल जो रखा है, उसके बारे में दो-चार बातें में आपके माध्यम से मंत्री महोदय और मंत्री-मण्डल के सामने रखना चाहता हूँ। इस बिल को प्रस्तुत करने के दौरान मंत्री महोदय ने उल्लेख किया है कि इस बिल के द्वारा किरायादारों को रीलीफ दी जायेगी। लेकिन किस अंश तक यह किरायादारों के पक्ष में जाता है और जो उपस्थित तकलीफें किरायादारों की आज हैं, उनका कहा तक इस बिल के द्वारा हल हो सकेगा, इस बिल को देखने से कुछ भी समझ में नही आता है।

मेन तकलीफें जिन किरायादारों को आज हैं, उनमें विशेषकर नार्थ कलकत्ता के एक बड़ अंचल बड़ा बाजार में रहनेवालों को है। इस इलाके के मकानों में जल की बहुत कमी है। मकान मालिक वाज वक्त किरायादारों के साथ झंझट करते हे। बिजली की लाइन तक काट देते हैं, जिससे किरायादारों को बड़ी दिक्कत होती है। पानी की लाइन काट देने से भी बड़ी दिक्कते होती हैं। इन दिक्कतों को दूर करने के लिये न तो कोई कानून हैं और न तो इनके समाधान के लिए कोई रास्ता ही ढूढा जाता है। इन दिक्कतों के समाधान के लिए यह बिल नही बनाया गया है। इससे किरायादारों की सुविधाओ की रक्षा नही हो सकती हैं। क्योंकि जल और बत्ती ये दोनों चीजें मनुष्य के दैनिक जीवन के लिए बहुत आवश्यक वस्तु हें। इस बिल में किरायादारों को क्या सुविधायें मिलेगी, इसका कोई खास संकेत नही है। इसलिए मे समझता हूँ कि इस बिल के माध्यम से किरायादारो के अधिकारो की रक्षा नही हो सकती है। जब कानून के माध्यम से किरायादारो को सुविधायें नही मिल सकती हैं, तो फिर किस तरह से वे लोग रह सकते हैं?

आज हर इलाके में विशेषकर बड़ा बाजार अंचल में देखने को मिलता है कि प्राय: जितने भी मकान मालिक हैं, किरायादारों के साथ झंझट करते हे, उनमें वैमनस्व होता है। बिजली की लाइन काट देते हैं, पानी की सप्लाई काट देते हे। किरायादारों के दैनिक तकलीफो की सुनवाई अदालतों मे भी नहीं होती। उसमे काफी समय लगता है। पुलिस हेल्प मांगने पर पुलिस हेल्प भी नही दी जाती है। किरायादारों के दैनिक जीवन के लिए जो जरूरी है, उसके लिए एक अलग से कमेटी क्यों नहीं बना दी जाती है, क्यों नहीं अलग से एक सरकारी आफिसर को नियुक्त कर दिया जाता? जो किरायादारों के अधिकारों की रक्षा करने की चेष्टा करेगा। कानून बना देने से क्या होगा? अदालत तो है लेकिन अदालतों में जाने से काफी वक्त लगता है और इस बीच किरायादारों का काफी रूपया खर्च हो जाता है। किरायादार बेचारा परेशान हो जाता है। माननीय उपाध्यक्ष महोदय, ये सब बातें आपसे

छिपी नही है। इसलिए मैं यह प्रार्थना करना चाहता हूँ, आपके माध्यम से मंत्री मण्डल से रीक्वेस्ट करना चाहता हूँ कि ये लोग किरायादारों के हकों की रक्षा करने की व्यवस्था करे, उनके सुख और सुविधा के साधनों को दिलवायें। कम से कम बिजली-पानी और मकानों की सफाई का बन्दोबस्त कैसे हो सकेगा इसकी ओर ध्यान दें। किरायादारों के अधिकारों की रक्षा कैसे हो सकेगी, इस बिल के अन्तर्गत आप लोग व्यवस्था कीजिए।

जहा तक इजेक्टमेन्ट का सवाल है, जहा तक प्रापरटी खरीदने का सवाल है, उसको कोई अधिकार नही होता है कि वह इजेक्टमेन्ट सूट फाइल करे। एक आदमी के पास रहने के लिए व्यवस्था है, उसके पास जायदाद है, लेकिन उसके पास रूपया है वह जायदाद खरीदता है, यह होता भी है कि जिसके पास रूपया होता है, वही जायदाद खरीदता है लेकिन उसे ऐसा क्यों करने दिया जाता है। जब उसके पास रहने की जगह की व्यवस्था है तो फिर नये स्थान को खरीदने से उसे क्यो नही रोका जाता है? ऐसा न करने से नया मकान खरीदने वाला कोई न कोई बहाना बना कर पुराने किरायादारो को मकान से निकालने के लिए बहाना बनाता है, जिससे किरायादारो को तकलीफ उठानी पड़ती है। आज किरायादारों के हको की रक्षा कैसे हो सकती है? किरायादारो को रहने के लिए स्थान कैसे मिल सकता है?

आज के युग में हिन्दुस्तान के ९९ प्रतिशत लोग किराये के मकानों में रहते हैं। इसलिए किरायादार और मालिक के बीच संवंध सौहार्दपूर्ण होना चाहिए। मकान मालिक को ठीक से भाड़ा मिलना चाहिये और किरायदार को दैनिक जीवन की सुविधाएं उपलब्ध होनी चाहिए। इजेक्टमेन्ट सूट फाइल करने का हक कानून की धाराओ में नही देनी चाहिए। किरायादार को डिफाल्टर मकान मालिक न बना सके इसकी गारन्टी इस बिल के माध्यम से करने की आवश्यकता है। लेकिन मैं कहूँगा कि अगर किराया-दार से किराया मकान मालिक को नही मिलता है, तो वह मकान की रक्षा कैसे कर सकेगा? मकान मालिक टैक्स कहां से चुकायेगा? किराये का रूपया मकान मालिक को बराबर मिलना रहे, इसका प्राभिजन भी करना आवश्यक है। इसकी भी व्यवस्था कानून में होनी चाहिए। अगर कोई किरायादार वक्त पर किराया न दे सके, तो उसके लिए अदालत में जब फैसला होता है, उसी वक्त किराया जमा कर देना किरायादार के लिए लाजिम है। अगर वह एक साथ जमा नही कर सकता है तो किस्त मे जमा करने का आर्डर होना चाहिए। क्योंकि आज वक्त मकान मालिक किरायादार से किराया नही लेता है। कलकत्ता में बहुत सी जगहों पर ऐसा होता है, जो मुझे अच्छी तरह से मालूम है। जिस मकान में बहुत पुराने किरायादार है, उसे मकान का मालिक उन किरायादारों को निकालने के लिए जल-बिजली की लाइन काट देता है। किरायादार से वक्त पर किराया न लेकर उन्हें डिफाल्टर बनाने की कोशिश करता है। मेरा कहना यह है कि इस तरह की हरकतों पर पावन्दी लगा देनी चाहिए। कानून में इस तरह की व्यवस्था होनी चाहिए कि अगर डिफाल्टार का दावा पेश करे तो वक्त पर किराया जमा कर देने के लिए अदालत से हुक्म मिलनी चाहिए। किरायादारों को यह अधिकार जरूर मिलना चाहिए। और यह कानून बनाना चाहिए कि किरायादार को कोई मकान मालिक न निकाल सके। इतना बोलने के बाद मैं मंत्री मंण्डल से अनुरोध करूँगा कि किरायादारों के हकों की सुरक्षा की व्यवस्था इस कानून में होनी चाहिए।

[3-30—3-40 p.m.]

**শ্রীনরেশচন্দ্র চক্রবর্তীঃ** মি ডেপুটি স্পীকার, আমি এই বিলটা মোটামুটি সমর্থন করি। এটা যখন আইন হয়ে গিয়েছে এবং এই সম্পর্কে হাইকোর্টে আলোচনা হয়েছে সুতরাং এই সম্পর্কে নূতন কিছু বলার নেই। এই উপলক্ষে এই বিল সম্পর্কে একটি বিষয়ের প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে এই যে, যদি কোন ভাড়াটিয়াকে ল্যান্ডলর্ড বেআইনীভাবে উচ্ছেদ করে তাহলে ভাড়াটিয়ার কি প্রোটেকশন আছে। আমি একটা ঘটনার কথা জানি। কিছুদিন আগে এক ভাড়াটিয়া ৪।৫ দিনের জন্য বাইরে গিয়েছিলেন, তিনি ফিরে এসে দেখলেন যে তাঁর জিনিসপত্র বাইরে বের করে দেওয়া হয়েছে এবং ঘরে তালা বন্ধ। ল্যান্ডলর্ড দখল করে নিয়েছে। ভাড়াটিয়া জিজ্ঞাসা করলেন যে কি করলে তিনি বাড়ীটা ফেরত পাবেন। হাউসে ইল্লিগালি ট্রেসপাস করলে সে প্রসিকিউটেড হতে পারে কিন্তু বাড়ীটা ফেরত পাবার কি উপায় আছে? সুতরাং বাড়ীটা ফেরত পাবার জন্য রেসটোরেশন অফ দি পজেশন এর কোন বিধান এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-এ নেই। সেইজন্য আমি অনুরোধ করবো সংশিলষ্ট মন্ত্রিমহাশয়কে এই সম্পর্কে এর পরে যখন একটা কম্প্রিহেনসিভ বিল আসবে তখন যদি কোন ল্যান্ডলর্ড ইল্লিগালি এভিক্ট করে তাহলে বাই সিম্পল পিটিশন টু দি কোর্ট সেই বাড়ীটা সে ফেরত পাবে এই রকম একটা ব্যবস্থা করবেন। দ্বিতীয় কথা হচ্ছে, এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট এই আইনটা চালু আছে মিউনিসিপ্যাল এলাকায়, কলকাতায়, মিউনিসিপ্যাল টাউনে এবং নোটিফায়েড এলাকা এর মধ্যে আছে। কিন্তু আজকাল বহু নূতন এলাকায় টাউনশিপ ডেভালপ করছে। যেমন আমাদের জেলায় জলপাইগুড়ির মাল, ধূপেগুড়ি, ময়নাগুড়ি ইত্যাদি জায়গায় ব্লক অফিস আছে সেখানে আজকাল টাউনশিপ ডেভালপ করছে অথচ তারা এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-এর বেনিফিট পান না, ল্যান্ডলর্ড সেখানে ১৫ দিনের নোটিশ দিয়েই উচ্ছেদ করতে পারে। সুতরাং এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-কে যে সমস্ত ব্লক অফিস টাউনশিপে ডেভালপ করছে সেই সব জায়গা পর্যন্ত এক্সটেন্ড করা দরকার। এই দুটি বিষয় সম্পর্কে আমি সংশিলষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, যে বিলটা মাননীয় মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার উপস্থিত করেছেন সেটাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। এই বিলের মধ্য দিয়ে ভাড়াটিয়ারা তাদের অধিকার রক্ষার সুযোগ পাবে। আমি মনে করি যুক্তফ্রন্ট সরকারের যেসমস্ত কর্মসূচী বা যুক্তফ্রন্টের যে মনোভাব সেটাই প্রতিফলিত হচ্ছে এই বিলের মধ্য দিয়ে। আমরা জানি ভাড়াটিয়াদের সমস্যা প্রচণ্ড সমস্যা এর সমাধানের পথও আমাদের খুঁজে বের করতে হবে। কিন্তু সমাধানের পথ খুঁজে বের করতে গেলে সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে সেটা সম্পূর্ণ সম্ভব নয়। তাই আজও কলকাতা শহরে এবং সুবার্বে সর্বত্র ভাড়াটিয়াদের সমস্যা এত প্রচণ্ড এবং এই সমস্যার সমাধান কোন আইন তৈরী করলেই যে হবে তা আমি মনে করি না। কারণ বাড়ীওয়ালারা যেসব ঘৃণ্য পন্থা অবলম্বন করে এবং ভাড়াটিয়াদের প্রতি যে অমানুষিক অত্যাচার করে তার দু-একটা দৃষ্টান্ত আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই। আমাদের এই ডালহৌসি স্কোয়ারের পাশে নন্দরাম কাটরা আছে, সেখানে ৫শো ভাড়াটিয়া আছে, একটা ঘর ভাড়া নিতে গেলে মিনিমাম ১০ হাজার, ম্যাক্সিমাম ২৫ হাজার তারও যদি বেশী হয় তাও তারা নিতে পারে এই পদ্ধতিতে তাদের ঘর বণ্টন করা হয়। অপর দিকে যদি ৫০ টাকা ভাড়া হয় তাহলে আরও ৫০ পার্সেন্ট সার্ভিস চার্জ তাদের দিতে হয়। এর ফলে দেখা গেছে যে বাড়ীওয়ালারা শুধু তাদের ইনকাম ট্যাক্স ফাঁকি দেবার জন্য দু-রকম পদ্ধতিতে তারা ভাড়াটিয়াদের শোষণ করে এবং তাদের কাছ থেকে অর্থ নিংড়ে নেয়। অপর দিকে আমরা দেখছি যেসমস্ত বসবাস করা বাড়ী আমাদের কলকাতা শহর বিশাল শহর তার একদিকে যেমন একজন জমিদারের ১শো, ২শো বাড়ী আছে অপরদিকে তেমনি ছোট মধ্যবিত্ত পরিবারের হয়ত একটা বাড়ী আছে। তারা হয়ত একতলায় বসবাস করে দোতলা ভাড়া দেন। এই সমস্ত বাড়ীওয়ালাদের সত্যই সংকট আছে এবং তারা বাড়ী ভাড়া দিয়ে যে ভাড়া পায় তাই দিয়ে সেই সমস্ত বাড়ী রক্ষা করা সম্ভব নয়। দিনের পর দিন সেই ছোট ছোট বাড়ীওয়ালারা তাদের বাড়ী রক্ষা করতে পারছেন না ধ্বংসস্তূপে পরিণত হচ্ছে। সেদিক থেকে তাদের বাড়ী রক্ষা করার ব্যবস্থা সরকারের দিক

থেকে হওয়া উচিত, কিন্তু সে ব্যবস্থা আমাদের নেই। অপর দিকে যারা বড় বড় রাঘববোয়াল, বড় বড় জমিদার যাদের ১শো বাড়ী আছে তারা কি ঘৃণ্য পথ অবলম্বন করে তার একটা দৃষ্টান্ত আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই। যদি পুরাতন ভাড়াটিয়া হয়, যদি তার ভাড়া ২৫।৩০ টাকা হয় তাহলে তাকে ইজেক্ট করতে হলে আইনের পথে অনেক সময় সম্ভব হয় না। অনেক সৎ ভাড়াটিয়া আছে যারা রেগুলার ভাড়া পেমেন্ট করে থাকে, তারা এই সমস্ত ভাড়াটিয়াদের উচ্ছেদ করার জন্য তাদের চরিত্রের দোষ দিয়ে পুলিশের সাহায্য নিয়ে তাদের উচ্ছেদ করার একটা চেষ্টা করে। সে পথ যদি তাদের ব্যর্থ হয় তাহলে দেখা গেছে যে উপরে যদি বাড়ীওয়ালা থাকে তাহলে বাড়ীর মেঝে ভেঙ্গে সেখান দিয়ে জল ফেলে তার উপর অত্যাচার করে এবং পানীয় জলের যে লাইন সেই লাইন কেটে দেয়, ইলেকট্রিসিটির লাইন কেটে দেয়, এমনভাবে তারা ভাড়াটিয়াদের উপর নির্যাতন করে। এই অবস্থায় আমরা মনে করি ভাড়াটিয়াদের এই সমস্ত সমস্যা সমাধানের জন্য শুধুমাত্র একটা বিল নিয়ে এলেই সম্ভব নয়, এটা হচ্ছে ইজেকমেন্টের হাত থেকে তাদের আমরা রক্ষা করতে পারি, কিন্তু তাদের উপর এই নির্মম অত্যাচার সেটা আমরা বন্ধ করতে পারি না। তাই আমরা এই কথা বলব যে সীমাবদ্ধ ক্ষমতার মধ্য দিয়ে এর সমাধান সম্ভব হচ্ছে না, এর সমাধান করতে গেলে নতুনভাবে নতুন দৃষ্টিভঙ্গী দিয়ে আমাদের আরো বিচার করতে হবে, আগামী দিনে এটা যাতে আরো প্রসারিত করতে পারি তার ব্যবস্থা করতে হবে। তাছাড়া আর একটি জিনিস আমরা দেখেছি রেন্ট কন্ট্রোলে যদি কোন কেস হয়, রেন্ট কন্ট্রোলে কেস করতে গেলে ২।৩ জন যদি পার্টনার থাকে এবং বাড়ীর ভাড়া যদি হয় ২৫ টাকা তাহলে ৪ জনের নামে টাকা ডিপজিট করতে গেলে ১ টাকা থেকে দেড় টাকা কোর্ট ফি দিতে হয়।

এর ফলে চারজনকে দিতে গেলে ৬ টাকা হয়ত খরচ হয়ে যায়। এই সমস্ত ব্যারিয়ারস যা আছে, সেই ব্যারিয়ারস আজকে বন্ধ করতে হবে। অপরদিকে টেনান্ট যদি আজকে কোন বকেয়া ভাড়া রেখে দেন, তাহলে তার নামে ইজেক্টমেন্ট নোটিশ হতে পারে। এমন কি মিথ্যা অভিযোগ এনে ভাড়াটে উচ্ছেদ করা যেতে পারে। সেইজন্য আমি বলবো অ্যাডভান্স ভাড়া যাতে রেন্ট কন্ট্রোলে জমা দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। এই সমস্ত প্রশ্ন তুলে ধরে আগামী দিনের কথা চিন্তা করতে হবে, যে চিন্তার মধ্য দিয়ে কলকাতা শহরে এবং সুবার্বস-এর সমস্ত ভাড়াটিয়াদের যাতে নিরাপত্তা আনতে পারি এবং বাড়ীওয়ালাদের জুলুমের হাত থেকে তাদের রক্ষা করতে পারি সে ব্যবস্থাও আমাদের করতে হবে। সেই কারণে আমি এই বিলকে অভিনন্দন জানাচ্ছি ও সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[3-40—3-50 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম আলোচনাটা মূলতঃ হবে প্রেমিসেস টেনান্সি (সেকেন্ড) অ্যামেন্ডমেন্ট বিলের উপর। এটা ১৯৬৭ সালে অর্ডিন্যান্স হয়ে গেছে, গভর্নরের আমলে প্রেসিডেন্টস অ্যাক্ট হিসেবে চালু ছিল। শুধুমাত্র ড্রাফ্‌টিং-এর অসুবিধার জন্য, দুটোকে মিলিয়ে এক করার অসুবিধার জন্য পৃথক পৃথকভাবে এখানে আনা হচ্ছে। এটা অ্যাজ ইট ইজ এখানে তুলে দেওয়া হচ্ছে। অন্যান্য নূতন পরিবর্তন কিছু হচ্ছে, সেটা হচ্ছে সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল। এই বিলকে উপলক্ষ করে আলোচনার অবকাশ না থাকা সত্ত্বেও কোন কোন মাননীয় সদস্য অনেক কিছু বললেন। আবার কেউ কেউ বললেন--দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট বিলে যে ধারাগুলি আছে তা এটাতে নেই বলে সেটা বিবেচনা করতে হবে। বিশেষ করে বিরোধীপক্ষের যে দু-জন বললেন--তার সব কিছু দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট বিলে আছে। কাজেই এখন সে সম্বন্ধে উত্তর দেবার কিছু নেই বা এর উপর আলোচনারও দরকার নেই। দ্বিতীয়টায় কি করা হয়েছে না হয়েছে সে সম্বন্ধে পরে আলোচনা করবো এবং মেম্বাররাও আলোচনা করবার সুযোগ পাবেন। এইটুকু বলে এখন আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** Now, we take up the clauses. I understand Shri Habibullah is not going to move his amendments. So I put the clauses and the Preamble.

Clauses 1, 2, 3, 4, 5 and Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5 and the Preamble stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969**

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে কি আছে আমি সেই রকম কয়েকটি কথা আপনার কাছে রাখতে চাচ্ছি। আমি জানি যে এই ভাড়াটিয়াদের সমস্যা অনেক এবং এর সংগে জড়িত রয়েছে তারা যারা বাড়ীর মালিক এবং তাদের সংগে সম্পর্কিত। বাড়ীর মালিক এক রকমের নাই। এই কলকাতায় আপনারা দেখবেন বিরাট বিরাট সৌধ এবং সেখানে কালো টাকা কি করে সাদা টাকায় পরিণত করা যায় বাড়ী এবং জমির মধ্য দিয়ে তার ব্যবস্থা সেখানে আছে। আমি অবশ্য বুঝতে পারছি না যে তাদের ধরা যাবে কি করে। একেবারে গোটা সমাজের পরিবর্তন যদি না করা যায় এবং এইসব বাড়ীগুলিকে যদি জাতীয়করণ না করা যায় তাহলে এর সমস্যার কি করে সমাধান করা যায় তা আমি জানি না। সেদিকে এখন আমাদের আলোচনার কথা নয়, বাকী যে বাড়ীর মালিক আছেন তারা কলকাতার পুরাণো বনেদী মালিক এবং তাদের অবস্থাও তেমন ভাল নয়, তাদের ঐ ভাড়ার টাকায় কোন রকমে সংসার চালায় এমন আছে। কিন্তু এই কলকাতা এবং অন্যান্য শহরে লক্ষ লক্ষ ভাড়াটিয়া আছে যারা এই উপর নির্ভরশীল। তাদের রক্ষার ব্যবস্থা সবচেয়ে বেশী প্রয়োজন। এবং একথা আমি বলবো যে এর আগে যে গভর্নমেন্ট ছিলেন তারা কিন্তু ভাড়াটিয়াদের জন্য যে খুব একটা বিবেচনা করেছেন তা করেন নি। বহু অতীতে প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট একটা গৃহীত হয়েছিল—তারপর তার অভিজ্ঞতা থেকে সমস্যাগুলি আরও আরও কি করে সমাধান করা যায় সেদিকে তাঁরা লক্ষ্য করেন নি। বর্তমানে বিরোধী-পক্ষের কংগ্রেসী মাননীয় সদস্যরা অনেক বড় বড় কথা বলেন—কিন্তু তাঁরা কি করেছেন? ওঁদের হাতে তো গভর্নমেন্ট ছিল। এখন হঠাৎ দেখছি তাঁরা ভাড়াটিয়াদের জন্য খুব কুম্ভীরাশ্রু ফেলছেন। এখন এইসব কথা তাঁদের বলা উচিত নয়। বরং ভাড়াটিয়াদেব ব্যাপারে এই যুক্তফ্রন্ট সরকার এই জিনিসের পরিবর্তন কি করে আনা যায় তার চেষ্টা করছেন। প্রথমে যখন এ সম্বন্ধে আলোচনা হয় তখন আমরা বলেছি এ সম্বন্ধে আমরা ছোট ছোট যে অ্যামেন্ডমেন্ট করছি—পরে আরও বিরাট বিস্তারিতভাবে এটা আমরা করবো। এবারে সেইজন্য সামগ্রিকভাবে একটা সংশোধন আনার চেষ্টা করেছি। আমি অবশ্য নিজেকে এ ব্যাপারে খুব একটা জ্ঞানী বলে মনে করি না—কারণ ভাড়াটিয়াদেব সমস্যার ব্যাপারে আমি ততো বুঝি না। গত তিন মাসের মধ্যে শত শত স্মারকলিপি আমি পেয়েছি—অনেক ডেপুটেসন আমার কাছে এসেছে—আমি তাদেব সবাইয়ের বক্তব্য শুনেছি এবং শুনে তা থেকে যতটা সম্ভব করেছি। এতে কি আছে?—প্রথমে দেখবেন যেটা আগে পাশ করলাম তাতে বলা ছিল ভাড়া বকেয়া পড়লেও তাকে ততক্ষণ উচ্ছেদ কবা যাবে না যতক্ষণ না বকেয়া বাড়ীভাডার মামলা না হবে এবং যদি সে কোর্টে টাকা শোধ করে দেয়— আমবা সেখানে কোর্টের অধিকার দিয়েছি যে কোর্ট ইচ্ছা করলে ইনস্টলমেন্টে সেই বকেয়া শোধ কবার অনুমতি দিতে পারেন—তাকে বকেয়া বাড়ীভাডার জন্য উচ্ছেদ কবা যাবে না।

দ্বিতীয়তঃ হল এই আগে ছিল যে ১২ মাসের মধ্যে ৪ মাস যদি বাড়ীভাড়া বাকি পড়ে আর তার আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ থাকবে না, এটা সংশোধন করা হয়েছে। একবার তার বকেয়া মামলা হলে সে ৩।৪ বা ৫ মাসই হোক সেটা তো সে রক্ষা পেল কিন্তু পেলেও এবারে রক্ষা পেল। ৪ মাসই হোক বা ৫ মাসই হোক—আগে যেমন আইন ছিল, কিন্তু তারপর যদি আবার ৪ মাস হয় অর্থাৎ ১২ মাসে ৪ মাস হয়ে গেল আবার যদি ৪ মাস হয় তাহলে সত্যি আর তাকে সহানুভূতি দেখিয়ে বাঁচানো খুব মুশকিল। কিন্তু আগে যেটা ছিল যে ১২ মাসের মধ্যে ৪ মাস হলেই তার রক্ষা ছিল না, তার থেকে রক্ষা করা হয়েছে। আমরা এই আইনে কি করেছি, আমাদের যা অভিজ্ঞতা হয়েছে তার প্রথম হচ্ছে, বাড়ীর ভাড়াটিয়াদের উচ্ছেদ করা হয় এই বলে যে বাড়ীকে নতুন করে তৈরি করতে হবে—বিল্ডিং, রি-বিল্ডিং এবং আমার নিজের থাকার জন্য দরকার। মাননীয় সভাপাল মহাশয়, এই দুটির বড়ই ব্যভিচার হয়েছে। এই নিজের থাকার প্রয়োজনের নাম করে যে তার কোথায় শালগ্রামশীলাটি রাখবে, কোথায় তার হাত, পা ফেলার জায়গা লাগবে ইত্যাদি করত এবং দেখা গেছে আইনের ভাষাটি এরকম থাকার জন্য কোর্ট থেকে ডিক্রীও পেয়েছে। যে জন্য এই যে ওন ইউজ বা নিজের ব্যবহার সেটার যে অপ-ব্যবহার হচ্ছে এটাকে সংশোধনের প্রয়াজন অনুভব করছি। দ্বিতীয়তঃ, অনুভব করেছি, এই যে বাড়ী মেরামত করবেন বা নতুন করে তৈরি করবেন এটারও অপব্যবহার হয়েছে। আমি জানি, কিছুদিন আগেই ব্রাবোর্ন রোড থেকে আমার কাছে একজন ভদ্রলোক এসেছিলেন, তিনি কোটিপতি লোক, তিনি একটা বাড়ী কিনলেন, কিনেই বললেন আমাকে বিল্ডিং, রি-বিল্ডিং করতে হবে। বাড়ীটা যে ভেঙ্গে পড়ে যাচ্ছে সে রকম অবস্থায় নয়, কিন্তু তার ফলে ওখানে প্রায় ৪ হাজার লোকের জীবিকা নষ্ট হয়ে যাবে। কিন্তু দেখা গেল এগুলি জানা সত্বেও কোর্ট থেকে রায় দেওয়া হল যে হ্যাঁ, এদের উচ্ছেদ করা যাবে। এমন কি কোর্ট এ কথাও বললেন, 'যিনি এত লক্ষ টাকা খরচ করিয়া বাড়ীটি কিনিয়াছেন তাঁহাকে বাড়ী করিবার অধিকার দিতে হইবে'। তাতে ৪ হাজার লোক মরলে কি করা যাবে। অর্থাৎ বোঝা যাচ্ছে বিল্ডিং, রি-বিল্ডিং-এর নাম করে এই ব্যভিচার চলছে। আমার প্রস্তাবিত সংশোধিত আইনে এই দুটিকেই সীমাবদ্ধ করা হয়েছে। অবশ্য এটা করা যায় না—একবার ভেবেছিলাম কিন্তু সম্ভব নয় যে একেবারে আইন করা যাবে যে কোন মালিকই নিজের প্রয়োজন থাকলেও সে একেবারে নিতে পারবে না। এটা করায় মুশকিল আছে। কেন না, সত্য বা জেনুইন কেস থাকতে পারে যেখানে তার নিজের থাকার দরকার। যার নিজের থাকার দরকার বাড়ী থাকা সত্বেও যে ঘুরে ঘুরে বেড়াবে বাড়ীর জন্য এটা হয় না। সেজন্য এটাকে রেসট্রিক্ট বা সীমাবদ্ধ করতে হবে। তেমনি এটাও বলতে পারেন না যে বাড়ী বাড়ানো চলবে না বা মেরামত করা যাবে না। তবে অপব্যবহারটা রেসট্রিক্ট করতে হবে। আমি এবিষয়ে সচেতন। যা সংশোধন করেছি তাতে হয়তো ভবিষ্যতে দেখা যাবে এরও ফাঁক বের করবার চেষ্টা করা হবে, তাই বলতে পারি ফাঁক যদি অভিজ্ঞতার ভেতরে দেখা যায় তাহলে ফাঁক বন্ধ করবার ব্যবস্থা আমরা করতে পারবো। এখন যেটুকু করেছি তা হল এই যে কোর্ট বিচার করবেন তার সত্যিকারের প্রয়োজন আছে কিনা। সেটা কি, তা, তাঁর নিজের থাকার বাড়ী নেই অথবা যদি কোর্ট বোঝেন যে সত্যিই তার হাত, পা ফেলার জায়গা নেই। অবশ্য কোর্টের বিচারের উপর কিছু ছাড়তেই হবে, কারণ আপনি তো সব বেঁধে দিতে পারেন না। তবে এইটুকু আমি আলাদা করে যোগ করেছি যে কোর্টকে দেখতে হবে যে তার লোকের থাকার জায়গায় কুলাচ্ছে না বা নেই। একমাত্র সে ক্ষেত্র হলেই তাঁরা বিচার বিবেচনা করে এই ওন ইউজটি প্রয়োগ করতে পারবেন, তাছাড়া নয়। অবশ্য এটাও পরে ৬ মাস, ১ বছর পরে দেখতে হবে যে মালিকরা এ ব্যাপারেও কোর্টের অপব্যবহার করে কিনা। দ্বিতীয়তঃ বিল্ডিং, রি-বিল্ডিং-এর ক্ষেত্রে আমি সংশোধন করেছি যে বিল্ডিং, রি-বিল্ডিং-এর জন্য এখানে কোর্টকে বিচার করতে হবে যে এটার প্রয়োজন। শুধু প্রয়োজন নয়, এটা এমন প্রয়োজন—অনেক সময় বিল্ডিং, রি-বিল্ডিং ভাড়াটিয়াদের না তাড়িয়ে, রেখে করা যায় এঘর ওঘর করে করা যায়, সেজন্য কোর্টকে বিচার করতে হবে যে এটা রি-বিল্ডিং-এর দরকার এবং রি-বিল্ডিং করতে হলে এই ভাড়াটিয়াদের বাদ দেওয়া ছাড়া কোন উপায় নেই। এই যদি অবস্থা হয় তাহলেই কোর্ট একমাত্র রায় দেবেন যে সেক্ষেত্রে রি-বিল্ডিং হলেও ঐ পুরাণো ভাড়াটিয়াদের আসবার অগ্রাধিকার থাকবে এটা আমার বিধানে থাকছে। তৃতীয়তঃ মাননীয় সভাপাল মহাশয় বাড়ী কিনে উচ্ছেদ

করা হয়। এমনও দেখা গিয়েছে যে বাড়ীর মালিকরা ভাড়াটিয়াদের তাড়াতে পারছে না, তখন হল কি না, কোন টাকাওয়ালা লোক কম দামে বাড়ীটা কিনে নিলেন। এবারে তিনি নিয়ে করলেন কি না, বিল্ডিং রি-বিল্ডিং-এর নামে—যেমন ব্রেবোর্ন রোডের ঐ লোকটি করেছেন। (এ ভয়েসঃ নামটা বলুন), নামটা জানি না, নিশ্চয়ই অন্য কারুর জানা উচিত. পোদ্দার মহাশয়ের জানা উচিত, আমি জানি না কে যে ভদ্রলোক যার জন্য ৪ হাজার লোকের জীবিকা যাচ্ছে।

যেখানে ৪ হাজার লোকের জীবিকা যাচ্ছে। কিন্তু এটা কিনে নিয়ে করা—সেটকে আমি রেসট্রিক্ট করেছি। আমি সারা ভারতবর্ষের আইন দেখেছি। আমি দেখেছি কেন কোন রাজ্যে এমন আছে কিনবার পরে তিন মাসের মধ্যে কোন কিছু করতে পারে নি। কেরালায় দেখেছি এটা অছে এক বছরের জন্য। বম্বেতে বোধ হয় ২ বছর আছে। দিল্লী অ্যাক্ট-এ আছে, অবশ্য তা বিল্ডিং, রি-বিল্ডিং--এর জন্য নয়, ওন ইউজের জন্য, সেটা হচ্ছে ৫ বছর। এই রেসট্রিক্টসান-গুলি আছে। আমি যেটা এখানে করেছি দিল্লী অ্যাক্ট, বম্বে অ্যাক্ট বা কেরালা অ্যাক্ট-এর তুলনয় এগুলি আরো রেসট্রিক্ট করেছি। ওন ইউজ, নিজস্ব ব্যবহার এবং বিল্ডিং, রি-বিল্ডিং-এর অ্যাক্ট-এর সঙ্গে তুলনা করে আমি অনেক সীমাবদ্ধ করেছি। কাজেই এই ক্ষেত্রে আমি যেটা করেছি নূতন বাড়ী কেনার পর কোন কারণে শুধু নিজের ব্যবহারে নয়, নিজের ব্যবহার অথবা বিল্ডিং, রি-বিল্ডিং কোন কারণে তিন বছরের মধ্যে উচ্ছেদের কোন মামলা করা যাবে না। এখানে এই প্রশ্ন উঠতে পারে যে ৩ বছর ৫ বছর নয় কেন--এই কেনর যুক্তি দেওয়া খুব মুশকিল। এখন ৩।৪।৫ বছরই হোক মুশকিল আছে, ওখানে কিছু রেসট্রিকসান ছিল না যদি একজন কেনার পরে বসেন ৩ বছরের মধ্যে উচ্ছেদের মামলা করতে পারবে না তাহলে ঐ সুযোগ নিয়ে উচ্ছেদ করা এটাকে আমরা খানিকটা চেক করতে পারব। তবুও দেখা যাবে ৩ বছরের জায়গায় কেনার পরে বলেন ৩ বছরের মধ্যে উচ্ছেদের মামলা করতে পারবে না তাহলে ঐ সুযোগ নিয়ে দিয়েছি তখন আমার মনে হয় এখন যদি তিন বছর করা যায় তাহলে দ্যাট ইজ কোয়াইট সাফি-সিয়েন্ট হবে। তখন ধরুন হয়ত কোথাও ভেঙ্গে যাচ্ছে তখন এটা দিয়ে যথেষ্ট রক্ষা করা যাবে এবং যদি প্রয়োজন হয় তাহলে পরে বাড়ান যাবে। এখন আমার মনে হয় তিন বছরই যথেষ্ট। এখন এই ক্ষেত্রে যদি প্রশ্ন আসে সেই জন্য আমি দুটি চেক রাখছি। একটি হচ্ছে কোর্টে উচ্ছেদের মামলা করার আগে কন্ট্রোলারের কাছে যেতে হবে এবং কন্ট্রোলারের কাছে গিয়ে পারমিসন নিতে হবে যে বাড়ী ভেঙ্গে পড়ে যাচ্ছে, ইট ইজ আনসেফ ফর হিউম্যান হ্যাবিটেসন, এটা দিতে হবে, তা না হলে ভাঙ্গা বাড়ীতে মানুষগুলি মরে যাবে। এই রকম যদি অবস্থা হয় তাহলে কন্ট্রোলার তাকে অনুমতি দেবেন যে তুমি তাহলে কোর্টে যেতে পার এবং তারপরে তিনি কোর্টে যেতে পারবেন এবং কোর্টে গিয়ে বলতে পারবেন যে বাড়ীটা ভেঙ্গে পড়ে যাচ্ছে মানুষ-গুলি মরে যাচ্ছে, সেই ক্ষেত্রে আমাদের বাড়ী রি-বিল্ডিং করার অধিকার দিতে হবে উইদিন থ্রি ইয়ারস। সেখানে সর্ত হচ্ছে ঐ ভাড়াটিয়া লোকগুলিকে কোর্ট বলে দেবে যে একদিনের মধ্যে মেরামত করতে হবে, তারিখ ঠিক করে দেবে সময় ঠিক করে দেবে। এটুকু আমি করেছি। মোটামুটি আমার আইনে এটাই হল সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যে যদি নিজস্ব ব্যবহারের জন্য উচ্ছেদের বিধান না করি--তৈরীর নাম করে উচ্ছেদ করা হচ্ছে কিনা ইত্যাদি এই সমস্তগুলি আমি এখানে সীমাবদ্ধ করেছি। তৃতীয়তঃ হচ্ছে অনেকে বলেছেন যে আলো দিই নি, জল দিই নি, ইত্যাদি। আমি এটা বিবেচনা করে দেখছি। কারণ, আমাদের পুরাণো আইনে অর্থাৎ কংগ্রেস আমলে যে আইন তৈরী হয়েছিল তাতে ৩৪ ধারায় যেটা আছে তাতে কিন্ত এই বিধান আছে। মুশকিল হচ্ছে কি, ঐ লাইট দিতে হবে জল দিতে হবে, এগুলি কাটতে পারব না। তা যদি করি তাহলে তাদের পানিসমেন্ট হবে। এইসব বিধানগুলি আছে। কিন্তু মুশকিল হচ্ছে এগুলি ঠিকমত প্রয়োগ হয় নি। কেন প্রয়োগ হয়নি এ রকম রেন্ট কন্ট্রোল এ্যাডমিনিস্ট্রেসন যেটা করে আপনাদের কাছে আমি এখানে খালি বলছি যে এটা অত্যন্ত দুর্বল। এটা দুর্বল শুধু অফিসারদের মধ্যে দিয়েই নয় অফিসার এবং আমাদের অফিসের কর্মচারী সকলেই আমরা ভালবাসি আমি তাদের সমালোচনা করি না সত্ত্বেও বলব যে রেন্ট কন্ট্রোল অফিস অত্যন্ত দুর্বল যেটাকে সবল করা একান্ত প্রয়োজন আছে। আমি সেদিকে কিছুটা নজর দিচ্ছি। প্রয়োজন হলে হয়ত আরো বেশী কিছু পরিবর্তন করবার দরকার হতে পারে। কারণ,

আমি এমনও জানি ৮।৯ মাসের মধ্যে কোথাও বা জমা দিয়েছে রেন্ট কন্ট্রোলে, তার রিসিপ্ট পর্যন্ত যায় নি। অফিসটি একেবারে গোয়াল হয়ে বসে আছে। এই গোয়ালকে কি করে সংশোধন করা যায় সে চেষ্টা করছি। ও'রা বলেছেন আমাদের নাকি জায়গা কুলোচ্ছে না, তার জন্য বসতে পারছি না। এই অজুহাতে যে ১ বছরের মধ্যে নোটিশ যাবে না তা আমি বুঝতে পারছি না। আমি সেখানকার কর্মচারীদের জানিয়েছিলাম এবং তাদের সঙ্গে কথা বলেছি। আমি তাদের পরিষ্কার করে বলেছি যে তোমাদের অন্যান্য দাবী আমরা নিশ্চয়ই বিবেচনা করবো।

[4—4-10 p.m.]

কিন্তু যুক্তফ্রন্টকে লোক পাঠিয়েছে শুধুমাত্র তোমাদের দেখবার জন্য। বাংলাদেশের প্রতি যে কর্তব্য আছে সেটা আমাদের দেখতে হবে। সেইজন্য তোমাদের সেই সহযোগিতা আমরা আশা করি যাতে তাড়াতাড়ি কাজগুলো হয়। আমি বলেছি যে বললেই তো হবে না, আগে ছিল কলকাতার কন্ট্রোলার করতে গেলে আমার একজন জুডিসিয়াল ডিপার্টমেন্টের লোককে নিতে হতো। কিন্তু আমি সেটাকে সংশোধন করেছি—জুডিসিয়াল ডিপার্টমেন্টের হতে পারে, আমাদের আই এ এস হতে পারে, ডবলিউ বি সি এস হতে পারে, অর্থাৎ ওটা আমরা গভর্নমেন্টের হাতে রাখছি যেখানে আমাদের এফিসিয়েন্ট লোক কাজ করবে, এমন লোককে সেখানে দিতে হবে। আমরা জুডিসিয়াল ডিপার্টমেন্টকে বাদ দিচ্ছি না, কিন্তু আগে ছিল শুধু জুডিসিয়ালকে করতে হতো, কারণ কি, তা না হলে বর্তমানে রেন্ট কন্ট্রোলার নেই, ওকে আমার ছুটি দিতে হয়েছে। কারণ এমনভাবে সম্পর্কগুলো হয়ে উঠেছিল, কর্মচারী ৫০ জনকে কোথায় ট্রান্সফার করবো অতএব বাধ্য হয়ে কন্ট্রোলারকে ওখান থেকে ট্রান্সফার করতে হয়েছে, আমরা নূতন কন্ট্রোলার এখনও দিই নি। এই আইনটা পাশ হলে সেইমত আমরা একজন উপযুক্ত অফিসার সেখানে খুঁজে বার করবার চেষ্টা করবো যতটা পারি। এবং প্রয়োজন হলে পরে আমরা বদলাবো। আসল কথা হচ্ছে এটা ৩১ এবং ৩৪নং বিধানে আছে লাইট, কল ইত্যাদি, আসলে ঐ মত করে ভাড়াটেরাও ঠিকমত দরখাস্ত করলে সেইগুলো কোর্ট আকারে করতে হবে এবং পড়ে থাকে মাসের পর মাস এবং বিচার করা হয় না, আসলে সেইজন্য ঐ আইন তো দুটো ভাষা শক্ত করে হবে না, এর ইমপ্লিমেনটেশনকে বাড়াতে হবে, তবে আমি একটু এর পরিবর্তন করেছি আগে ছিল যদি এই ভাড়াটিয়াদের অনর্থক হয়রান করেন,—আগে ছিল প্রথম হয়রানি করলে মালিকের ৫০০ টাকা জরিমানা এবং দ্বিতীয়বার করলে হাজার টাকা জরিমানা। আমি ওটাকে বাড়িয়ে ডবল করে দিয়েছি হাজার এবং দু হাজার টাকা। প্রয়োজন হলে প্যানেল কুজ যদি করতে হয় পরে করা যাবে। এখন মনে হচ্ছে যদি আমরা সামগ্রিকভাবে করতে পারি কিছুটা সম্ভব হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা করতে হচ্ছে, ভাড়া জমা দেবার ব্যাপারে অনেকে ঝামেলা করেন। মালিক, উচ্ছেদ করবো বলে তিনি ভাড়াটিয়াদের ভাড়া জমা নিলেন না বা জমা নেবার সময় কেটে পড়লেন,—তখন হয় কি, রেন্ট কন্ট্রোলে যেতে হবে উপায় নেই, এমন আইন ছিল যে এই মাসের ভাড়া পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দিতে হবে। এই ১৫ তারিখের জায়গায় ১৬ তারিখ হলে চলবে না। অতএব যদি ধরুন সেই সময়ের মধ্যে ১৪ তারিখে মালিক ভাড়া নিতে অস্বীকার করলে বা ১৫ তারিখের দিন অস্বীকার করলো, আমার ১৬ তারিখে তো কোর্টে যাবার সময় থাকছে না এই অসুবিধাটা হচ্ছিল। আর একটা অসুবিধা হচ্ছিল যে হাইকোর্টে একটা রায় দিয়েছে তাতে হচ্ছে যে প্রত্যেক মাসে করতে হবে। অতএব রেন্ট কন্ট্রোলে যেতে হলে আমি একবার মালিকের কাছে যাবো, মালিক বলবে নেবো না, অথবা তিনি পালিয়ে যাবেন, তারপর আমি রেন্ট কন্ট্রোলে গিয়ে বলবো যে হুজুর আমার টাকাটা জমা নিন এবং দ্বিতীয়বার আবার আমাকে মালিকের কাছে যেতে হবে, ফের মালিক অস্বীকার করবে, তবে আমি রেন্ট কন্ট্রোলে যাবো আবার তৃতীয়বার আমাকে মালিকের দরজায় দাঁড়াতে হবে অর্থাৎ প্রতি মাসে একবার করে মালিকের পিছনে আমাকে ছুটতে হবে এবং তারপর রেন্ট কন্ট্রোলে টাকা জমা নেবেন। আমি সেইজন্য এই বিধানটা বদল করে দিয়েছি। সেটা হচ্ছে এই যে ভাড়া দিতে পারবে, সেই মাসের মধ্যে দিতে পারবে বা পরের মাসে ১৫ তারিখের মধ্যে দিতে পারবে যদি কন্ট্রাক্ট না থাকে, ওটা বেশী বাড়ানো যায় না। হয় সেই মাসে দেবে, না হয় তার

পরের মাসের ১৫ তারিখের মধ্যে দেবে। যদি মালিক না নেয় তাহলে সে মানি অর্ডার করবে। এই মানি অর্ডার সে যে তারিখে করলো, অর্থাৎ যে তারিখে তিনি পাবেন তা নয়, যদি ১৫ তারিখে মানি অর্ডার করে তাহলে ধরে নেওয়া হবে যে সে ভাড়া টেন্ডার করেছে। সেই মানি অর্ডার-এর রিসিটটা চাই যে মানি অর্ডার করেছি। এবার যদি মানি অর্ডার ফেরত আসে তাহলে তারপরও ১৫ দিন সে টাইম পাবে ঐ রেন্ট কন্ট্রোলে গিয়ে টাকা জমা দেবার জন্য। তাহলে হচ্ছে ঐ মালিকরা যে টেন্ডারের নাম করে জ্বালাতন করতো, এটা থেকে আমরা ভাড়াটিয়াদের অনেকটা রক্ষা করতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে হোটেল, বোর্ডিং-এর ব্যাপার, এটা আমিও ঠিক বুঝিনি। কারণ হোটেল এবং বোর্ডিং-এ যাঁরা থাকেন, তাঁদেরও ঠিক ভাড়াটিয়াদের মত অধিকার দিতে হবে,—আমি কিন্তু পুরোপুরি এর সঙ্গে একমত হতে পারি নি। অর্থাৎ এরা বলতে চান যে কলকাতায় যত হোটেল এবং বোর্ডিং আছে, এদের ভাড়াটিয়াদের মত স্থায়ী করে দিতে হবে। কেন পারি নি, তাহলে তো তারা ভাড়াটিয়া হয়ে গেল। কারণ কলকাতার মত জায়গায় হোটেল এবং বোর্ডিং-এর দরকার আছে, সবাই তো গিয়ে আর গ্র্যান্ড হোটেলে থাকতে পারবে না, অনেক মধ্যবিত্ত লোক আছেন যারা ব্যবসার জন্য আসেন, চিকিৎসার জন্য আসেন, তাহলে যদি এমন হোটেল না থাকে তাহলে রোগীকে নিয়ে এসে সাতদিন থাকবো হোটেলে, পাঁচদিন থাকবো কোন বোর্ডিং-এ। এগুলো যদি না থাকে, যতগুলো হোটেলে যা সিট আছে, সেইগুলো যদি পার্মানেন্ট ভাড়া দিয়ে ভর্তি হয়ে যায় তাতে ভাড়াটিয়ারা খুসী হবেন, কারণ একটা ঘর ভাড়া নিতে গেলে অন্ততঃ ৩০ টকা লাগবে বা ৫০ টাকা লাগবে, আর একটা সিট ভাড়া নিয়ে ১০ টাকা দিয়ে পার্মানেন্টলি থেকে গেলাম।

আমি সেইজন্য পুরোপুরি ওঁদের সঙ্গে একমত হতে পারি নি যে হোটেল বোর্ডারদের পুরোপুরি ভাড়াটিয়া হিসাবে গণ্য করতে হবে—এই অধিকার পুরোপরি দিতে আমি রাজী নই। কিন্তু হোটেল বোর্ডার যারা প্রায় স্থায়ী ভাড়াটিয়ার মত আছেন তাদের রক্ষা করতে হবে। তাদের যাতে তাড়াতে না পারে, তাদের খাবার ভাল দেয়, ভাড়াটা রেগুলেট করা যায় সেটা দেখতে হবে। সঙ্গে সঙ্গে কিছু খালি সিট রাখার দরকার আছে। তা না হলে যারা বাইরে থেকে আসে তাদের পক্ষে মুশকিল হবে। খাবারের দাম কি করে বেঁধে দেবেন- যদি প্রত্যেকটা হোটেলে চাল, ডাল, রুটি, মাংস কন্ট্রোল দরে দিতে পারি তাহলে বলতে পারি এটার এই দাম করতে হবে। কিন্তু মুশকিল আছে কোনটার কি দাম করব, তবু কিছুটা রেগুলেট করার দরকার আছে। গত যুদ্ধের সময় যুদ্ধের প্রয়োজনের জন্য কলকাতায় প্রচুর লোক আসত। তাই তদনীন্তন সরকার হোটেল ও বোর্ডিং অ্যাক্ট বলে একটা চ্যাপটার বাড়ীভাড়া আইনের মধ্যে ঢুকিয়েছিলেন। পরবর্তীকালে গভর্নমেন্ট আরো উন্নতি করা দূরে কথা, সেই চ্যাপটারটাকে তুলে দিলেন, অর্থাৎ হোটেল বোর্ডিং অ্যাক্ট বলে আর কিছু থাকল না। আমি দেখলাম ভাবতে হবে সব কিছু। সব জটিলতা আমি বুঝে ফেলি নি। আমি সবটা বুঝি না কিন্তু আমি এইটুকু বুঝেছি হোটেল বোর্ডিং-এ যারা থাকেন তাদের রক্ষা কবচের একটা ব্যবস্থা করতে হবে অর্থাৎ হোটেল বোর্ডিং-এর মালিকদের স্বার্থপরের মত যা খুসী তাই করতে দেওয়া যায় না। এটা নিশ্চয়ই দেখার দরকার আছে। সেইজন্য আমি দেখলাম যেটা অতীতে করা হয়েছিল যুদ্ধের প্রয়োজনে এই হোটেল বোর্ডিং-এর যারা ভাড়াটিয়া তাদের রক্ষা করার জন্য অন্ততঃ সেইটুকুর পুনরাবৃত্তি করে গ্রহণ করা হোক। আমার এই বিধানে সেই অধ্যায় যোগ করেছি, কিন্তু আমি তাতে কোন সংশোধন করি নি, করি নি এইজন্য যে তার নিড্স স্টাডি করতে হবে, করি নি এইজন্য যে এটা প্রয়োগ করার ফলে কোথায় ডিফিকাল্টিজ হচ্ছে প্রয়োগের অসুবিধা হচ্ছে, অন্য অসুবিধা হচ্ছে, এগুলি আমাকে দেখতে হবে। এইজন্য আমি ঠিক করেছি যে এটা সংশোধন না করে যাতে করে ঐ চ্যাপটারটা যোগ করে দেওয়া হয় তাতে হোটেল ও বোর্ডিং-এ যারা থাকেন তাদের কিছুটা সুবিধা হবে। এইটা কি হবে না হবে অভিজ্ঞতা না দেখে বোঝা যাবে না। আমার এই বিলে এই বিধানগুলি আছে। আমি আগেও যেমন বলেছি আবারও বলছি আমি এ দাবী করি না এইটাই শেষ কথা এবং এই যা হল খুব ভাল হয়ে গেল। কিন্তু এখানকার যে পরিস্থিতি ছিল বা যা এতদিন চলছিল সেই অবস্থার যতটা করা সম্ভব আমার বুদ্ধিতে কুলিয়েছে এবং অভিজ্ঞতায় যতটা বুঝেছি আমি বা আমরা মনে করেছি এইটা দিয়ে আমাদের চলার দরকার আছে।

আমি এমনও জানি ৮।৯ মাসের মধ্যে কোথাও বা জমা দিয়েছে রেন্ট কন্ট্রোলে, তার রিসিপ্ট পর্যন্ত যায় নি। অফিসটি একেবারে গোয়াল হয়ে বসে আছে। এই গোয়ালকে কি করে সংশোধন করা যায় সে চেষ্টা করছি। ও'রা বলেছেন আমাদের নাকি জায়গা কুলোচ্ছে না, তার জন্য বসতে পারছি না। এই অজুহাতে যে ১ বছরের মধ্যে নোটিশ যাবে না তা আমি বুঝতে পারছি না। আমি সেখানকার কর্মচারীদের জানিয়েছিলাম এবং তাদের সঙ্গে কথা বলেছি। আমি তাদের পরিষ্কার করে বলেছি যে তোমাদের অন্যান্য দাবী আমরা নিশ্চয়ই বিবেচনা করবো।

[4—4-10 p.m.]

কিন্তু যুক্তফ্রন্টকে লোক পাঠিয়েছে শুধুমাত্র তোমাদের দেখবার জন্য। বাংলাদেশের প্রতি যে কর্তব্য আছে সেটা আমাদের দেখতে হবে। সেইজন্য তোমাদের সেই সহযোগিতা আমরা আশা করি যাতে তাড়াতাড়ি কাজগুলো হয়। আমি বলেছি যে বললেই তো হবে না, আগে ছিল কলকাতার কন্ট্রোলার করতে গেলে আমার একজন জুডিসিয়াল ডিপার্টমেন্টের লোককে নিতে হতো। কিন্তু আমি সেটাকে সংশোধন করেছি—জুডিসিয়াল ডিপার্টমেন্টের হতে পারে, আমাদের আই এ এস হতে পারে, ডবলিউ বি সি এস হতে পারে, অর্থাৎ ওটা আমরা গভর্নমেন্টের হাতে রাখছি যেখানে আমাদের এফিসিয়েন্ট লোক কাজ করবে, এমন লোককে সেখানে দিতে হবে। আমরা জুডিসিয়াল ডিপার্টমেন্টকে বাদ দিচ্ছি না, কিন্তু আগে ছিল শুধু জুডিসিয়ালকে করতে হতো, কারণ কি, তা না হলে বর্তমানে রেন্ট কন্ট্রোলার নেই, ওকে আমার ছুটি দিতে হয়েছে। কারণ এমনভাবে সম্পর্কগুলো হয়ে উঠেছিল, কর্মচারী ৫০ জনকে কোথায় ট্রান্সফার করবো অতএব বাধ্য হয়ে কন্ট্রোলারকে ওখান থেকে ট্রান্সফার করতে হয়েছে, আমরা নূতন কন্ট্রোলার এখনও দিই নি। এই আইনটা পাশ হলে সেইমত আমরা একজন উপযুক্ত অফিসার সেখানে খুঁজে বার করবার চেষ্টা করবো যতটা পারি। এবং প্রয়োজন হলে পরে আমরা বদলাবো। আসল কথা হচ্ছে এটা ৩১ এবং ৩৪নং বিধানে আছে লাইট, কল ইত্যাদি, আসলে ঐ মত করে ভাড়াটেরাও ঠিকমত দরখাস্ত করলে সেইগুলো কোর্ট আকারে করতে হবে এবং পড়ে থাকে মাসের পর মাস এবং বিচার করা হয় না, আসলে সেইজন্য ঐ আইন তো দুটো ভাষা শক্ত করে হবে না, এর ইমপ্লমেনটেনশনকে বাড়াতে হবে, তবে আমি একটু এর পরিবর্তন করেছি আগে ছিল যদি এই ভাড়াটিয়াদের অনর্থক হয়রান করেন,—আগে ছিল প্রথম হয়রানি করলে মালিকের ৫০০ টাকা জরিমানা এবং দ্বিতীয়বার করলে হাজার টাকা জরিমানা। আমি ওটাকে বাড়িয়ে ডবল করে দিয়েছি হাজার এবং দু হাজার টাকা। প্রয়োজন হলে প্যানেল কুজ যদি করতে হয় পরে করা যাবে। এখন মনে হচ্ছে যদি আমরা সামগ্রিকভাবে করতে পারি কিছুটা সম্ভব হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা করতে হচ্ছে, ভাড়া জমা দেবার ব্যাপারে অনেকে ঝামেলা করেন। মালিক, উচ্ছেদ করবো বলে তিনি ভাড়াটিয়াদের ভাড়া জমা নিলেন না বা জমা নেবার সময় কেটে পড়লেন,—তখন হয় কি, রেন্ট কন্ট্রোলে যেতে হবে উপায় নেই, এমন আইন ছিল যে এই মাসের ভাড়া পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দিতে হবে। এই ১৫ তারিখের জায়গায় ১৬ তারিখ হলে চলবে না। অতএব যদি ধরুন সেই সময়ের মধ্যে ১৪ তারিখে মালিক ভাড়া নিতে অস্বীকার করলে বা ১৫ তারিখের দিন অস্বীকার করলো, আমার ১৬ তারিখে তো কোর্টে যাবার সময় থাকছে না এই অসুবিধাটা হচ্ছিল। আর একটা অসুবিধা হচ্ছিল যে হাইকোর্টে একটা রায় দিয়েছে তাতে হচ্ছে যে প্রত্যেক মাসে করতে হবে। অতএব রেন্ট কন্ট্রোলে যেতে হলে আমি একবার মালিকের কাছে যাবো, মালিক বলবে নেবো না, অথবা তিনি পালিয়ে যাবেন, তারপর আমি রেন্ট কন্ট্রোলে গিয়ে বলবো যে হুজুর আমার টাকাটা জমা নিন এবং দ্বিতীয়বার আবার আমাকে মালিকের কাছে যেতে হবে, ফের মালিক অস্বীকার করবে, তবে আমি রেন্ট কন্ট্রোলে যাবো আবার তৃতীয়বার আমাকে মালিকের দরজায় দাঁড়াতে হবে অর্থাৎ প্রতি মাসে একবার করে মালিকের পিছনে আমাকে ছুটতে হবে এবং তারপর রেন্ট কন্ট্রোলে টাকা জমা নেবেন। আমি সেইজন্য এই বিধানটা বদল করে দিয়েছি। সেটা হচ্ছে এই সে ভাড়া দিতে পারবে, সেই মাসের মধ্যে দিতে পারবে বা পরের মাসে ১৫ তারিখের মধ্যে দিতে পারবে যদি কন্ট্রাক্ট না থাকে, ওটা বেশী বাড়ানো যায় না। হয় সেই মাসে দেবে, না হয় তার

ব্যাপারে বলেছেন যে, সেটা প্রয়োগের পথে ভাড়াটিয়াদের দুস্তর বাধা আছে। ঐ আইনের দরজায় মাথা খুঁড়ে খুঁড়ে মরলেও তার প্রতিকার পান না। সেটা আরো সরলীকরণ করে যদি করা যায়, সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ ছাড়াও যারা হোটেল আবাসিক, লজিং হাউসে থাকেন তাদের উপর ঐ হোটেলের মালিকরা খেয়ালখুসি মত অত্যাচার করে। তাদের খুসি মত রাখে আবার তুলে দেয়। কলকাতায় এই রকম বহু হোটেল এবং লজিং হাউস রয়েছে, সেখানে তাদের সম্বন্ধে যে গ্যারান্টি দিয়েছেন তাতে তাদের অনেক উপকারে এসেছে। আর একটি জিনিস্ হয়, সেটা হচ্ছে যে ভাড়া বাকী পড়লেও তারা উচ্ছেদ হবে না সেই সমস্ত বিধান এখানে আছে। কিন্তু এখনও এই প্রেসিডেন্সি টাউন, স্মল কজ কোর্ট অ্যাক্ট অনুযায়ী ভাড়া বাকী পড়লে আদালতে গিয়ে ভাড়াটিয়াকে না জানিয়ে পেয়াদা এনে তার মালপত্র ক্রোক করে রাস্তায় ফেলে দেয়। এই রকম বহু ঘটনা আমার এলাকায় হয়েছে। সেখানে দুপুর বেলায় মেয়েরা বাড়ীতে ঘুমাচ্ছে সেই সময়ে বাড়ীওয়ালা পেয়াদা নিয়ে এসে ঘরের মধ্যে ঢুকে মালপত্র সিল করে নিয়ে যাচ্ছে এবং সেখানে কোন লোক ছিল না, তারা বাধা দিতে পারে নি। পরে আমাকে এসে বলেন যে, দেখুন আমাদের উপর কি রকম অত্যাচার হচ্ছে। আমি তাদের বলেছি যে, এ কি অত্যাচার আপনারা করছেন? তারা বললেন, আমাদের আইনে আছে যে আমরা ক্রোক করে মালপত্র নিয়ে গিয়ে ভাড়া আদায় করতে পারবো। সেজন্য এই সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে এই ব্যাপারেও তাদের এই অত্যাচার বন্ধ করা যায়। আপনারা সকলেই জানেন যে, পশ্চিমবঙ্গের ভাড়াটিয়ারা কি অসীম দুর্গতির মধ্যে বাস করছে এবং বাড়ীওয়ালারা নির্যাতন, চক্রান্ত, ফন্দী-ফিকির, গুণ্ডা নিয়ে এসে অত্যাচার করা এবং আরো নানা রকম অপবাদ দেওয়া, পুলিশের সাহায্য নেওয়া ইত্যাদি করে। সেদিক থেকে আইনের মাধ্যমে গেলে খুব সীমিত অধিকার আমাদের আছে। তবে যেটুকু আছে, সেইটুকু প্রয়োগ করার পথে যুক্তফ্রন্টের পক্ষ থেকে যে বিল এসেছে তাকে স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এবং আরো যেগুলি আছে, যেগুলি এখনও হয় নি, সেগুলি সম্বন্ধে কয়েকদিন পরে যদি আবার নূতন বিল আনেন তাহলে তাদের উপকার করা যাবে।

সর্বশেষে আমি বলব ভাড়াটিয়াদের সমাজতান্ত্রিক রাষ্ট্রে তাদের যে অধিকার সেই অধিকার তারা যত তাড়াতাড়ি অর্জন করতে পারেন তার ব্যবস্থা করা দরকার। এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে প্রেমিসেস টেনান্সি বিল এখানে আনা হয়েছে এটাকে আমি পূর্ণভাবে সমর্থন করছি এবং ভাড়াটিয়া এবং বোর্ডিং-এর যারা বাসিন্দা তারা দীর্ঘদিন ধরে যে অত্যাচার ভোগ করছিল তাদের রক্ষার জন্য মন্ত্রিমহাশয় এই যে বিল এনেছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। ১৯৫০ সালে একটা টেম্পোরারী আইন পাশ হয়েছিল কিন্তু ১৯৫৬ সালে যে প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট প্রথম পাশ হয় আমরা দেখেছি তার মধ্যে ১৩ ধারায় উচ্ছেদের ব্যবস্থা ছিল, ১৭ ধারায় আদালতের মাধ্যমে যে ব্যবস্থা ইত্যাদি ছিল অথবা ৩০।৩১ ধারায় বে-আইনী কাজ করলে যে শাস্তিদানের ব্যবস্থা ছিল এগুলি প্রায় দেখা যেত ভাড়াটিয়াদের অনুকূলে না যেয়ে মালিকদের অনুকূলে গেছে এবং কোন প্রতিকার ভাড়াটিয়ারা পায় নি। তারপর আমরা দেখেছি ১৯৫৬ সালের যে আইন ছিল সেই আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে মালিকরা কি করে দিনের পর দিন ভাড়াটিয়াদের উপর অত্যাচার করেছে, কি ভাবে নানারকম জুলুম করেছে। আমরা দেখতে পেয়েছি পানীয় জল, পায়খানা, পরিষ্কার পরিচ্ছন্নতা, বাড়ী মেরামত ইত্যাদি ব্যবস্থার জন্য যখনই ভাড়াটিয়ারা দাবী করেছে তখনই প্রায় তাদের সঙ্গে ঝগড়া, মনোমালিন্য হয়েছে এবং তার ফলে নানা প্রকারের মিথ্যা মামলা কোর্টে গিয়ে হাজির হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বহু কথা মিঃ রুদ্র বলেছেন, আমরা জানি, আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে বহু জায়গায় বাড়ীওয়ালারা মাসে মাসে টাকা নেয় কিন্তু রসিদ দেয় না। এই বাড়ীভাড়া সম্বন্ধে কংগ্রেস সরকার যে আইন পাশ করেছেন সেখানে যেমন বহু ত্রুটি আছে, ঠিক তেমন বর্গাদারদের ব্যাপারেও যে আইন পাশ করেছেন তাতে দেখা যাবে যে বর্গাদারেরা বছরের পর বছর ধান দিয়ে যাচ্ছে কিন্তু রসিদ পায় না—তার প্রতিকারের কোন ব্যবস্থা

নেই। এই যে সমস্ত বেআইনী কাজ দিনের পর দিন, বছরের পর বছর তারা করে চলেছে তার কোন প্রতিকারের ব্যবস্থা আইনের মধ্যে না থাকার জন্য কোর্টে নানাপ্রকার মিথ্যা মামলা হয় এবং তারজন্য ভাড়াটিয়াদের নানাপ্রকার ক্ষতিগ্রস্ত, হয়রানি হতে হয়। খুব আনন্দের কথা যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে এর প্রতিকারের জন্য সাময়িক ব্যবস্থা করেছিলেন, ১৭ ধারা পরিবর্তন করবার চেষ্টা করেছিলেন এবং ভাড়াটিয়াদের একসংগে যে টাকা দিতে হত সেই টাকা কোর্টে গিয়ে পিটিসন করার সংগে সংগেই সব টাকা ২০০, ৪০০, ১,০০০ টাকা যা দাবী করত সেটা ইনস্টলমেন্টে দিতে পারত, তাতে তারা অনেকখানি রক্ষা পেয়েছিল। তারপর বর্তমানে এই যে দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট বিলটা আনা হয়েছে তাতে আমি খুব আনন্দিত হয়েছি, এর অনেকগুলি ধারাকে পরিবর্তন করা হয়েছে, ১৩, ১৭, ১৮, ২১, ২২ প্রভৃতি পরিবর্তন করে ভাড়াটিয়াদের নানাপ্রকার সুবিধাদানের ব্যবস্থা করা হয়েছে, অন্ততঃ বাড়ীওয়ালাদের অত্যাচার থেকে রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে মন্ত্রিমহাশয় বিস্তৃতভাবে আলোচনা করেছেন, আমি আর আলোচনা করতে চাই না। তবে আমি বলব হোটেলওয়ালারা লজিং-এর বাসিন্দা, তাদের দীর্ঘদিন ধরে অত্যাচার করছে, তাদের তাড়িয়ে দেয়, থাকতে দেয় না এই রকম বহু অভিযোগ এসেছে কিন্তু এতদিন পরে তাদের জন্য ২৫(এ) ধারা সংযোজন করা হল তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি।

২৫(এ) থেকে আরম্ভ করে বি সি ডি ই এফ পর্যন্ত হোটেল বাসিন্দাদের সম্বন্ধে যে ব্যবস্থা করা হয়েছে তাতে কতজন থাকবে তা হোটেল ম্যানেজারকে প্রদর্শন করার ব্যবস্থা করা হয়েছে। এর দ্বারা অনেক কিছু প্রতিকার হবে বলে মনে করছি। কিন্তু এই আইন পাশ হলে যে সবকিছু হবে তা নয়, এই বিলের আরও অনেক কিছু পরিবর্তন করার প্রয়োজন আছে। কারণ আমরা জানি সিলেক্ট কমিটি মারফৎ যদি আরও কিছু পরিবর্তন করা হয়—যেটা তিনি ইচ্ছা প্রকাশ করলেন, তাহলে ভবিষ্যতে আরও অনেক কিছু হবে। তারপর প্রত্যেক মাসে ১৫ তারিখের মধ্যে যে দেবার কথা হয়েছে সেটাকে শেষ পর্যন্ত করলে ভাল হয়। কোর্ট-এর ব্যাপারে শ্যাল এটা ম্যান্ডেসন হবার জন্য অনেক অসুবিধা হবে। সেজন্য আমি বলছি শ্যাল-এর জায়গায় মে করুন। কারণ কোর্ট-এ শ্যাল থাকলে নানা রকম অসুবিধা হয় বলে শ্যাল-এর জায়গায় মে করা যায় কিনা সেটা আপনি একটু চিন্তা করে দেখবেন। তারপর সেলামী সম্পর্কে আমরা জানি অনেক ক্ষেত্রে ৫।৭।১০।১২ হাজার টাকা সেলামী দিতে হয়, এই সেলামী যাতে বন্ধ করা যায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা করুন। সেলামী থাকায় বাড়ীওয়ালারা অনেক সময় ভাড়াটিয়াদের উপর অত্যাচার করে। তারপর ইলেকট্রিক ঘরগুলো বাসের উপযোগী, পায়খানা, পানীয় জলের ব্যবস্থা ইত্যাদিগুলো যাতে উপযুক্ত হয় তারজন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। প্রত্যেক মাসে যাতে মালিক রসিদ দিতে বাধ্য হয় তার ব্যবস্থা করুন এবং রসিদ না দিলে তাদের বিরুদ্ধে যেন কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়। এসব দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি শেষ করছি।

[4-20—4-30 p.m.]

**শ্রীনরেশচন্দ্র চক্রবর্তী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অ্যামেন্ডিং বিলের উপর মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে এই পরিষ্কার হয়েছে যে এই অ্যামেন্ডিং বিলের দ্বারা টেনান্টদের কিছু রিলিফ এবং প্রোটেকশন দেওয়া হয়েছে। আগে ক্লজ এফ-এ যেটা ছিল সেটা

required by the landlord for purposes of building or rebuilding or for making thereto substantial additions or alterations, and such building or re-building.

তার মধ্যে অনেক ভেগনেস এবং অ্যামবিগুইটি ছিল। বর্তমানে সেটা দূর করা হয়েছে। এই ক্লজ এফ-কে স্প্লিট আপ করে এফ এবং এফ(এ) করা হয়েছে। সেজন্য আমি এই ধারা সম্পর্কে তাঁকে স্বাগত জানাচ্ছি। কিন্তু আমি তাঁর দৃষ্টি সেকশন ৩-এ যে অ্যাডভান্স রেন্ট দেওয়া সম্পর্কে যে ব্যবস্থা আছে সেদিকে আকর্ষণ করছি। সেকশন থ্রি-তে বলছে অ্যাডভান্স রেন্ট দেবার বিধান রয়েছে। অর্থাৎ সেখানে বলা হচ্ছে

**provided that a tenant may pay the rent payable for any month at any time during such month before it falls due.**

অ্যাডভান্স রেন্ট দেবার বিধান যেখানে রয়েছে, সেখানে অ্যাডভান্স রেন্ট ডিপোজিট করবার বিধান থাকা উচিত। এটা ভাববার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তারপর হোটেল্স এবং লজিং হাউস সম্বন্ধে সেকশন ২৫বি-তে বলেছে

Fix the number of lodgers to be accommodated in each room or specified unit of accommodation in a hotel or lodging house.

লজিং হাউসে লজার্স যে ফিক্স আপ হবে সে সম্পর্কে দেখা যাচ্ছে দু-রকম লজার্স রয়েছে এবং তার মধ্যে একটা হচ্ছে পার্মানেন্ট লজার্স আর একটা হচ্ছে—টেম্পোরারী লজার্স। ল্যান্ডলর্ড এবং হোটেলের মালিক ইন্টারেস্টেড—টেম্পোরারী লজার্স রাখবার জন্য। সুতরাং পার্মানেন্ট লজার্সদের অ্যাকোমোডেশন পাবার ডিফিকাল্টি রয়েছে। আমি মনে করি এ সম্পর্কে একটা প্রভিসন থাকা দরকার। অর্থাৎ হোটেল বা লজিং হাউসে পার্মানেন্ট লজার্সদের একটা কোটা থাকা দরকার। এই পার্সেন্টেজ যাদের থাকে, সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। তারপর ২৫ই-তে বলা হয়েছে

No manager of a hotel or owner of a lodging house shall have any right to evict or refuse board or other service to a lodger as long as he pays or tenders payment of the fair rate fixed under section 25A:

Provided that a lodger shall not be entitled to the benefit of this section if the lodger having contracted to stay for any specified period stays beyond that period unless the Controller on an application made to him in this behalf extends the period.

তার মানে এখানে একটা কন্ট্রাকটেড প্রভিসন রয়েছে। অর্থাৎ লজার যখন বোর্ডিং হাউসে বা হোটেলে যাবে তখন ল্যান্ডলর্ডের পক্ষ থেকে ফোর্স করার একটা সম্ভাবনা রয়েছে যে তুমি একটা কন্ট্রাক্ট কর। কাজেই ৩।৪ মাসের যে কন্ট্রাকেটের যে প্রভিসন রয়েছে সেটা তুলে দেওয়া দরকার। অর্থাৎ পার্মানেন্ট লজার যতদিন খুসী থাকবেন যদি তিনি করনীয় কাজ করেন। এ সম্পর্কে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি পরবর্তীকালে যখন কম্প্রিহেন্সিভ বিল আসবে তখন তিনি যেন চিন্তা করেন। আমি আবার বলছি এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-এ এমন কোন বিধান নেই যদি কোন টেনান্ট ইল্লিগ্যালি এভিকটেড হয় অর্থাৎ ল্যান্ডলর্ড যদি ইল্লিগ্যালি এভিক্ট করে তাহলে টেনান্টের কোন প্রোটেকশন নেই। সুতরাং আমার বক্তব্য হচ্ছে যে টেনান্ট এভিকটেড হয়েছে, সে যাতে রেসটোরেশন অ্যান্ড পজেসন পেতে পারে অন সিম্পল পিটিসন টু দি কোর্ট সে সম্পর্কে একটা বিধান রাখা দরকার। আমি এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে চিন্তা করবার জন্য অনুরোধ করছি এবং সম্পূর্ণভাবে বিল সমর্থন করছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার নূতন কিছু যোগ দেবার নেই, সেজন্য আমি বলছি এটাকে বিবেচনায় নেওয়া হোক।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

[4-30—4-40 p.m.]

Clause 4

**Shri Ramkrishna Saraogi:** In view of the statement being made by the Hon'ble Minister I do not think it is necessary for me to press for the amendment. So, Sir, I withdraw my amendment.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 5 and 13 and the Preamble

The question that clauses 5 and 13 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, এর পরে নেক্সট আইটেম যেটা আছে দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস বিল তার জন্য ৬ ঘণ্টা অ্যালোটেড আছে, ইট ইজ অলরেডি ফোর থার্টি হয়ে গেছে, কাজেই আজকে যদি এই বিলটা ইনট্রোডিউস করেন, তাহলে দশ দিন পরে আমরা কি বলেছি ইট ইজ ডিফিকাল্ট টু কিপ ইট ইন মেমরি, সেজন্য আমরা চাইছি... ..

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনারা কি স্টল করতে চাইছেন?

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, যতীনবাবু ক্ষেপে যাচ্ছেন। আমরা স্টল করতে চাচ্ছি না। আমরা একটু বিশ্রাম চাইছি আপনাকেও বিশ্রাম দিতে চাইছি। ইট ইজ ক্লীয়ার আপনার নার্ভ স্ট্রেইনড হচ্ছে

**শ্রীযতীন চক্রবর্তী:** হাউস অ্যাডজোর্ন পর্যন্ত করতে যাচ্ছি,
I have accommodated your whip to the maximum. Don't try to stall our proceedings.

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** আমরা তো কেউ ক্ষেপছি না, আপনার একটু ছুটির দরকার, বাড়ীতে যান, আমি বলে দেব'খন আপনার নার্ভ স্ট্রেইনড হচ্ছে—
I shall see that you are properly looked up.

**Mr. Deputy Speaker:** Generally we sit here up to 7 p.m. I think there is no amendment in this bill, absolutely no amendment. If we can pass over the consideration stage, then the bill will automatically have smooth sailing and be passed in few minutes. So let us now start the bill and I think it will be finished by 6-30 p.m.

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোশ্চেন এন্ড অ্যান্সার-এর দ্বারা এটা বোঝা গেছে যে মন্ত্রীদের ঘর শীতাতপ নিয়ন্ত্রিত নয়, পরিষদীয় মন্ত্রীর মাথার যে অবস্থা, আমি তো চিকিৎসা করি, ও'র ঘরটা শীতাতপ নিয়ন্ত্রিত করতেই হবে।

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge for Parliamentary Affairs has heavy duty now and he has also other things to do.

**শ্রীআবদুস সাত্তার:** এই বিলে অ্যালোটেড আছে সিক্স আওয়ার্স।

**মিঃ ডেপুটি স্পীকার:** অনেক সময় দেখা যায় দশ ঘণ্টা আলোচনার জন্য থাকলেও দু-তিন ঘণ্টায় শেষ হয়ে যায়।

**শ্রীবিনয়কৃষ্ণ কোঙার:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে আমরা দেখলাম যে তাদের দুই দলের মধ্যে মীমাংসা হয়ে গিয়েছে কিন্তু এখানে দেখছি যে যখন সিদ্ধার্থবাবু আসেন তখন আভা মাইতি আসেন না। এই সম্পর্কে একটু আলোকপাত করতে পারেন?

**Mr. Deputy Speaker:** This is no point of privilege.

**শ্রীআবদুস সাত্তার:** স্যার, আমাদের এখানে ভ্যারিয়েশন অব টাইম সম্বন্ধে যে নিয়ম আছে তাতে আপনি এক্সটেন্ড করতে পারেন কিন্তু—

There will be no variation on the time allotted under rule 290.
এক ঘণ্টা আপনি এক্সটেন্ড করতে পারেন কিন্তু কমাতে পারেন না।

**Mr. Deputy Speaker:** If the members do not speak on Bill it will automatically have smooth sailing and be passed in no time. However, let us proceed for two hours.

### The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969

**Shri Hare Krishna Konar:** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969, be taken into consideration.

স্যার, এই বিলটির দুটি অংশ আছে। একটা অংশ হল এই যে ১৯৬৭ সালে অর্ডিন্যান্স একটা করা হয়েছিল, এর পরের আমলে ও'রা, যাঁরা এখন বিরোধীপক্ষে আছেন, মন্ত্রী ছিলেন তখন এটা আবার অর্ডিন্যান্স হিসাবে নূতন করে করা হল, তারপরে গভর্নরের শাসনকালে প্রেসিডেন্টস অ্যাক্ট হিসাবে করা হল। এটা হচ্ছে বর্গাদার সম্বন্ধে আইনে একটা বিধান ছিল যে বর্গাদার যদি মালিকের শেয়ার না দেয় তাহলে সে পানিসড হবে এবং টাকা আদায় করা হবে। কিন্তু বর্গাদারের অংশ মালিক যদি জোর করে নিয়ে যায় তাহলে আইনে বিধান ছিল না যে সে তা রিকভার করতে পারবে। সেটা ঠিক হল এবং সেই অধিকার তাতে রাখা হল। এটা ১৯৬৭ সালের পর আবার অর্ডিন্যান্স করে চালু করার দরকার হল এবং এই অংশটায় তাই দেওয়া আছে। আর একটা অংশ আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুবই গুরুত্বপূর্ণ যদিও ধারাটা অত্যন্ত ছোট। সেটা হল খাজনা সংক্রান্ত ব্যাপার। আপনি জানেন, উপাধ্যক্ষ মহাশয়, একথা নির্বাচনের আগে ঘোষিত হয়েছিল যে যারা তিন একর পর্যন্ত জমির মালিক তাদের খাজনা ছেড়ে দেওয়া দরকার। বারে বারে একথা বলা হয়েছে কিন্তু কোনদিন তা কার্যকরী হয় নি। অতীতে দেখা যাবে যে খাজনা কি হবে তা অতীতের গভর্নমেন্ট স্থায়ী কিছু করতে পারেন নি। কিন্তু যখন ল্যান্ড রিফর্মস অ্যাক্ট পাশ হল তখন খাজনার একটা বিস্তারিত ধারা ছিল যে কত জমি হলে ধান কত পার্সেন্ট হবে, আলু হলে কত হবে, পটল হলে কত হবে ইত্যাদি, তারপরে অনেক বছর পর ওটাকে কার্যকরী করতে না পেরে এবং হয়ত অবস্থাটা বুঝে তখন আবার আইনটাকে সংশোধন করে একটু সংক্ষিপ্ত করা হল যে তার খাজনা এ্যাভারেজের কম থাকিলে কম হইবে এবং এ্যাভারেজের বেশী থাকিলে বেশী হইবে এইভাবে একটা জিনিস করা হয়েছিল। কিন্তু কার্যতঃ তাও প্রয়োগ হয় নি। আসলে জমিদারী উচ্ছেদের আগে যে খাজনা চালু হয়ে আসছিল সেই খাজনাই চলতে লাগল। শুধুমাত্র নিষ্কর যেগুলি ছিল সেইগুলির খাজনা ধার্য হল হারাহারিভাবে অর্থাৎ খাজনা সম্বন্ধে কোন কিছুই ঠিক হয়েছিল না। আমরা এসে ঠিক করি যে এই খাজনার নিয়মটাকে পরিবর্তন করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা করতে পারলে ভাল হত এবং অতীতেও বারে বারে কথা উঠেছে যে খাজনা আদায় করতে যে খরচ হয় তার থেকে খাজনা তুলে দেওয়াই ভাল এবং খাজনা তুলে দিয়ে আমরা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স করতে পারি। এটা হলে ভাল হত কারণ জমি থাকলেই খাজনা দিতে হবে কেন? বাক্স থাকলেই তো ট্যাক্স দিতে হয় না। এই নিয়মটা তুলে দেওয়া যেত এবং ফিউডাল ব্যবস্থা না থাকলে ভাল হত এবং তুলে দিয়ে আয়ের ভিত্তিতে আয়কর করলে ভাল হত। কিন্তু উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে অবস্থা তাতে আয়কর করে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আদায় করা খুবই ডিফিকাল্ট। এমনভাবে জমি এদিক-ওদিক হয়ে আছে যে এটা করা খুবই ডিফিকাল্ট।

[4-40—4-50 p.m.]

এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আইনটাকে সংশোধন করে আরো কি করা যায় সেটা পরে চেষ্টা করব, বিধানসভায় নিয়ে আসব। এখন অমাদের কাছে প্রশ্ন হল খাজনা আমরা কি করব। আমাদের কাছে যেসব প্রস্তাব এসেছিল এমন কি কেন্দ্রীয় গভর্নমেন্টেরও একটা মনোভাব, এটা নয় যে কোন অর্ডার এসেছে, কিন্তু একটা অভিমত হচ্ছে এই যে বাংলাদেশে খাজনা সবচেয়ে কম, অন্যান্য প্রত্যেক রাজ্যে ল্যান্ড রেভেনিউ ইনকাম অনেক বেশী, এমন কি বিহারের মত জায়গায় ল্যান্ড রেভেনিউ ইনকাম অনেক বেশী, বাংলাদেশে এত কম কেন, বিশেষ করে যেখানে ধানের মণ অনেক বেড়ে গেছে, আগের তুলনায় যেখানে ধানের মণ ২৫।৩০ টাকা হয়ে গেছে সেখানে আগের মত বিঘাপিছু এক-দেড় টাকা এত কম খাজনা থাকবে কেন। এর থেকে একটা প্রস্তাব এসেছে যে একরে ২০ টাকা খাজনা হওয়া উচিত। তা যদি হয় তাহলে বাংলাদেশে যেখানে জমি থেকে রাজস্ব আসে ল্যান্ড রেভেনিউ আসে ৭ কোটি টাকা এটা বেড়ে গিয়ে ২৮ কোটি টাকা হয়ে যেতে পারে। আমাদের কিছু কিছু অফিসার তারা কিন্তু বলছেন ওটা করা সহজ, সরল এবং আয়টা এতে বেড়ে যাবে। এই দৃষ্টিভঙ্গী থেকে প্রশ্নটা উঠেছিল এবং গভর্নরের আমলে একটা কমিটি করা হয়েছিল রিসোর্সেস কমিটি, অর্থাৎ রাষ্ট্রের আয় কি করে বাড়ান যায় তারজন্য সেই রিসোর্সেস কমিটি এই প্রস্তাব রেখেছিলেন যে খাজনার নিয়মটাকে অন্য করে দিয়ে সমস্ত জমিতে সে ১ বিঘা হোক আর ৫০ বিঘা হোক একরে ২০ টাকা খাজনা ধার্য করা হোক। আমরা আলোচনা করে দেখেছি এটা অবাস্তব। এটা ঠিকই যে ধানের দাম বেড়ে গেছে, তার থেকে যারা মুনাফা করে তারা কম দেবে কেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাদের অল্প জমি, যাদের খোরাকী হয় না, সে কেন বেশী খাজনা দেবে। সেজন্য আমরা দেখেছি যদিও এটা চালু করা ডিফিকাল্ট হবে তাহলেও এটা গ্রেডেড স্কেলে হওয়া উচিত। অর্থাৎ ৩ একর পর্যন্ত জমি, মোটামুটি আমরা গড়ে দেখেছি, এত মেপে বলা যাবে না, জমির রকম ফের আছে, হয়ত ৩ একরে উদ্বৃত্ত হতে পারে আবার অনেক জায়গায় ৩ একরে কিছুই হয় না, ৩ একর পরিবার পিছু যাদের জমি, কারণ পরিবার না হলে মুশকিল হয়, কেন না, আমার নামে, ছেলের নামে, স্ত্রীর নামে ৩ একর করে জমি রাখবে, একটা পরিবারে ৯ বিঘা জমি, তার মানে হচ্ছে এদের সভাই সংসার চলে না, সংসার চালাতে তাদের দেনা করতে হয়, তাহলে তারা খাজনা দেবে কেন। সেজন্য আমরা স্থির করি যে তাদের খাজনা আমরা ছেড়ে দেব। তাতে আমরা হিসাব করে দেখেছি রায়তী স্থিতিবান স্বত্ব যাদের আছে তাদের মধ্যে বেশীর ভাগ অর্থাৎ ধরুন প্রায় ১ কোটি ১১ লক্ষ লোকের হোল্ডিং আছে, এই হোল্ডিং-এর মধ্যে ৩ একরের কম হোল্ডিং হচ্ছে প্রায় ৮৬ লক্ষ এবং জমির পরিমাণ প্রায় ৬০ লক্ষ একর হবে। অর্থাৎ আমরা দেখেছি বাংলাদেশের গ্রামাঞ্চলে যত কৃষি পরিবার আছে তার অর্ধেকের বেশী উপকৃত হবে এই খাজনার দায় থেকে। আমরা হিসাব করে দেখেছি প্রায় আড়াই কোটি টাকা আমাদের কমে যাবে। আমাদের বাংলাদেশের আয়ের যা অবস্থা বাজেটের যা অবস্থা তাতে আয় কমে গেলে আমাদের সেটা আর পূরণ করবার চেষ্টা করা দরকার। তাই এর কোন যুক্তি নেই যার ২০ একর জমি আছে মানে ৬০ বিঘা জমি আছে, ৪০।৫০ টাকা মণ ধান বিক্রি করে সারা বছর সংসার চালিয়েও বছরে যার লাভ জমে যাচ্ছে তিনি নিষ্কৃতি পাবেন কেন, তিনি বিঘাতে দেড় টাকা খাজনাই বা দেবেন কেন। আমাদের রাজস্ব প্রয়োজন, দেশের কল্যাণের জন্য তাঁর কাছ থেকে আমরা বেশী নেব। সেজন্য আমরা ঠিক করেছি যে গ্রেডেড স্কেল করা হোক পরিবার ভিত্তিতে। এই গ্রেডেড স্কেল করতে গিয়ে অনেক অঙ্ক কষতে হয়েছে। ঐ আড়াই কোটি টাকা আমাদের পূরণ করতে হবে এবং যদি কিছু বেশী পাওয়া যায় উপরের কাছ থেকে এটা করবার চেষ্টা করতে হবে। আমি জোর করে বলতে পারি না যে এটাকে প্রয়োগ করলেই ফল খুব ভাল হবে। আমরা জানি একদিনে এটাকে কার্যকরী করা যাবে না, কারণ স্বার্থান্বেষীর চেষ্টা হবে। গ্রেডেড করলে যেখানে ১০ একর আছে সেখানে ১০ একরের নীচে দেখাবার চেষ্টা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ইনকাম ট্যাক্স আছে, ইনকাম ট্যাক্স লোকে ফাঁকি দেন বলে ফাঁকি দেব বলে ইনকাম ট্যাক্স আইন করব না তা নয়। তেমনি এক্ষেত্রেও ফাঁকি দেওয়ার চেষ্টা হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এবং আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারি এমন কিছু ভাল নয়, এমন কি যেটা করাপশনেরও ঊর্ধ্বে নয়—যা দিয়ে কাজ করাটা

সহজ। তবে এ ছাড়া উপায়ও আমাদের নেই। আমি মনে করি জনসাধারণকে তৈরী করতে পারলে, তাদের সহযোগিতা পেলে এবং অ্যাডমিনিস্ট্রেশনকে গুছিয়ে নিতে পারলে, এটা কার্যকরী করা যেতে পারে।

অনেকে বলেছে হেক্টর করেছেন কেন? আপনি জানেন—সেন্ট্রাল গভর্নমেন্টের মৌলিক পদ্ধতি দিয়েই আমাদের সবকিছু করতে হবে। আসল কথা হচ্ছে যা আমরা করতে পারি, তিন একর যে পরিবারের জমি, তার খাজনা ছাড় দেওয়া হবে। পুরুলিয়া থেকে কথাটা খুব বেশী করে উঠেছিল, যেটা ডাঙ্গা পতিত, পুরুলিয়ায় যে ডাঙ্গা পতিত পড়ে আছে, তাও এগ্রিকালচারাল ল্যান্ড বলে গণ্য হবে। পুরুলিয়ার জমির ক্যারেকটারই হচ্ছে এই রকম, তাঁদের বলেছি আইনে কোন গোলমাল নেই, এটা সেটেলমেন্টের ব্যাপার। যাতে সেটেলমেন্ট ডিপার্টমেন্ট থেকে, জমির এই ক্যারেকটারের পরিবর্তন করা হয়, ডাঙ্গা জমিতে কোন চাষ হয় না, এই ত্রুটি যদি থাকে, সেটা আমরা সংশোধন করে নেব। যাহোক তিন একর পরিবার পিছু জমির খাজনা ছাড়। তারপর তিন থেকে সাত একর পর্যন্ত, আমরা ভেবেছিলাম ওটা দশ একর করবো কিনা, ওর যা খাজনা থাকে, তাই থাক। ৭ থেকে ১০ একর অর্থাৎ ২১ বিঘা থেকে ৩০ বিঘা যাদের জমি, তাদের উদ্বৃত্ত সামান্য হয়। তার যা খাজনা আছে, তার টাকায় চার আনা বাড়বে। অর্থাৎ যেখানে দেড় টাকা খাজনা আছে, সেখানে ছ'আনা বাড়বে। এতে কারো গায়ে কিছু লাগবে না। এরপর দশ একরের উপর থেকে খাজনার হারটা বেশী করে বাড়াবার চেষ্টা করছি।এক্ষেত্রে বুঝতে হবে কেন্দ্রীয় সরকারের এই রকম মনোভাবই ছিল যে চার গুণ করা হোক। যাহোক সাত একর পর্যন্ত সমান রেখেছি। ১০ একর পর্যন্ত টাকায় চার আনা বেড়েছে। তার উপরে হলে ডবল যা বর্তমানে আছে। আর ১৫ থেকে ২০ একর পর্যন্ত থ্রি টাইমস এবং ২০ থেকে উর্ধ্বে ফোর টাইমস করা হয়েছে। তাতেও ২০ টাকা হবে না, এই সাড়ে চার টাকা গড়ে খাজনা হয়, তাতে একরে ১৮ টাকা মত হয়। এইভাবে আমরা খাজনার হার করবো। আড়াই কোটি টাকা যা ছাড় দেওয়ার ফলে লোকসান হচ্ছে, সেটা এইভাবে হয়তো পূরণ হয়ে রাজস্ব খাতে কিছু আর বাড়তে পারে। তবে এক বছরের মধ্যে কিছু বলা যাবে না। এটা ৩।৪ বছর চলুক, একটু টাইম লাগবে বুঝতে। আর ইতিমধ্যে যা ব্যবস্থা আছে, তাই চলবে।

আমি সকলকে অনুরোধ করবো এই বিলটিকে সমর্থন করবার জন্য। আমি মনে করি আগেকার আমলেই এটা করা উচিত ছিল এবং করাও সম্ভব হতো। তাঁরা কেন করেন না—তা জানি না। তবে আমি যেটা করবার চেষ্টা করছি, আশা করি সকলের কাছ থেকে এ ব্যাপারে সমর্থন পাবো। চালু করে দেখি—ইমপ্লিমেন্ট হোক কি দাঁড়ায়। এই বলেই আপততঃ শেষ করছি।

**শ্রীজয়কেশ মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা ভবনের পশ্চিম গেটে বহু শিক্ষক এসেছেন তাঁদের কতকগুলি দাবী নিয়ে। তাঁরা বলছেন উলুবেড়িয়ার যে বি-টি কলেজ আছে, সেখানে তাদের কোটা ছিল ১২০ জন। সেই ১২০ জন শিক্ষক ডেপুটেশনে এসেছেন। তার মধ্যে ১১৬ জন ওখানে ভর্তি হতে পেরেছেন, বাকি ৪ জনের কি অবস্থা জানি না, তাঁদের ভর্তি হতে দেওয়া হচ্ছে না। যে স্কুল থেকে ওঁরা ডেপুটেশন-এ এসেছেন, সেখানে তাঁদের অ্যালাউয়েন্স, ডি এ ইত্যাদি বন্ধ করবার নোটিশ চলে গেছে। এখানে এঁরা অ্যাডমিশন পাচ্ছেন না, ওখানেও কোন সুযোগ সুবিধা পাবেন না। উভয় সংকটে তাঁরা পড়ে গেছেন। চাকরীও ফিরে পাবে কিনা সন্দেহ। তাঁরা একটা টেকনিক্যাল অবস্থার মধ্যে পড়েছেন। তাঁদের ঘর সংসারের অবস্থা কি হবে—সবই অনুভব করতে পারেন। তাঁরা এসেছেন শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন-এ। তিনি তো এখানে নেই দিল্লী গেছেন। তাঁরা একটা স্মারকলিপি দেবেন। মন্ত্রিসভার একজন ওখানে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলুন। যদি কিছু আশ্বাস দিতে পারেন, দিন। আমি আবেদন করছি ক্যাবিনেট থেকে কেউ গিয়ে ওঁদের কিছু বলুন ও স্মারকলিপি গ্রহণ করুন।

[4-50—5 p.m.]

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিলটি আনা হয়েছে নীতিগতভাবে, এর বিরুদ্ধে আমার বলার কিছু নাই। তবে আমি যে বক্তব্যটা রাখবো সেটা মন্ত্রিমহাশয় পূর্বেই আভাস দিয়েছেন যে আমরা যদি হিসাব করে দেখি তাহলে দেখা যাবে যে এই যে রেভেনিউ হিসাবে যা ইনকাম হয় এবং তার যে এক্সপেন্ডিচার বেশী হয় তাতে দেখা যাচ্ছে যে এই বিভাগে আমাদের লস হয়

receipts from the management of the ex-zamindary estates.

দেখা যাচ্ছে ৬ কোটি ৯ লক্ষ ৬০ হাজার টাকা

Ordinary revenue collection from the Government estates.

তাতে দেখা যাচ্ছে ১ কোটি ৩০ লক্ষ ৪১ হাজার টাকা—মোট ৭ কোটি ৪০ লক্ষ ১ হাজার টাকা এর থেকে আসছে। এখন যেটা জমিদারী স্টেট তাতে দেখা যাচ্ছে খরচ হচ্ছে ৬ কোটি ৫৯ লক্ষ ২২ হাজার টাকা, এই হিসাবে আমি প্রথমে বলেছি যে নীতিগতভাবে সম্পূর্ণ রেভেনিউ উঠিয়ে দেওয়া উচিত। কেন না এই রেভেনিউ রাখার ফলে যদি কোন ইনকাম না আসে স্টেটের তাহলে স্টেট কেন এই বার্ডেন বহন করবে? সে জায়গায় তিন একরের জমির মালিককে খাজনা হইতে অব্যাহতি দেওয়া হয়েছে; এটা নিশ্চয় গরীব প্রজাদের রিলিফ দেবার জন্য করেছেন সেটা ভাল কথা। নীতির দিক থেকে আমাদের আপত্তি নাই কিন্তু আর একটা দিক আছে, আমি ওকালতি করি—এই আইন হবার পূর্বে অনেক রায়ত আমাকে এসে জিজ্ঞাসা করছে আমাদের জমি ৭।৮ বিঘা, আমাদের তো খাজনা দেওয়া বন্ধ হয়ে যাচ্ছে তাহলে এর পর আমাদের কি ডকুমেন্ট থাকবে টু প্রুভ টাইটেল। খাজনা হচ্ছে একটা ডকুমেন্ট আমাদের স্বত্ব প্রমাণের। ভবিষ্যতে যদি কেউ বেদখল করে তাহলে কি হবে। খাজনার যে দাখিলা, জমি থেকে যদি কেউ বেদখল করে তাহলে কোর্টের বিচার আছে; সেখানে খাজনার দাখিলা একটা প্রমাণস্বরূপ নেওয়া হয়। সাক্ষি ছাড়াও কোর্টে রেন্ট রিসিপ্টকে ডকুমেন্টারী এভিডেন্স হিসেবে নেওয়া হয়। ঐ রেন্ট রিসিপ্ট একটা ডকুমেন্ট।

To prove whether a particular person or particular raiyat is in possession.

এই জিনিসটা আমার মনে জেগেছে একদিকে খাজনা বাড়ানো আর একদিকে রিলিফ দেওয়া হচ্ছে, কিন্তু ভবিষ্যতে এ নিয়ে মামলা-মোকদ্দমা যদি বাধে তাহলে প্রমাণের অসুবিধা হবে। একটা বলতে পারেন যে সেটেলমেন্ট রেকর্ড আছে—

Settlement record is a presumption of possession.

কিন্তু সেই সেটেলমেন্ট রেকর্ড অনেক ক্ষেত্রে ভুল হয়েছে

Settlement record in a competent court can be rebutted.

প্রমাণ অনুসারে। সুতরাং সেটেলমেন্ট রেকর্ড অনেক ক্ষেত্রে ঠিক হয় না। তাই এইভাবে করার ফলে গরীব প্রজা তাদের মাইন্ডে একটা এ্যাপ্রিহেনসন জেগেছে। এই এ্যাপ্রিহেনসন মাননীয় মন্ত্রিমহাশয় কি করে দূর করবেন? সেদিক থেকে চিন্তা করেছেন কিনা জানি না।

আর একটা জিনিস উনি বলেছেন যে ফ্যামিলির ৯ বিঘা। এখানে এই ফ্যামিলির ডেফিনেশন নিয়ে খুব সাংঘাতিক অবস্থা হবে। ফ্যামিলির ডেফিনেশনের উনি এক্সপ্লানেশন দিয়েছেন সেকশন ৫ সাব-সেকশন (৪)-এতে

Family includes husband, wife, son, unmarried daughter, son's wife, son's son, and son's unmarried daughter. Provided that if the Revenue Officer is satisfied that any such person has formally severed his or her ties with the family and has no present or future interest in any property owned by any other member of the family, such person shall not be deemed to be a member of the family.

আমি জানি মাননীয় মন্ত্রিমহাশয়ের অভিজ্ঞতা আছে। এই যে সম্পত্তি রাখার ব্যাপার এখানে প্রত্যেকে নিজের ছেলেদের নামে ১০।১৫ বছর আগে থেকেই আলাদা ট্যাক্স করে রেখেছেন।

আপনি সনকে ইনক্লুড করেছেন এবং বলেছেন যদি রেভেনিউ অফিসার স্যাটিসফায়েড হন, অর্থাৎ তাঁর উপর ছেড়ে দিয়েছেন। এখন রেভেনিউ অফিসার স্যাটিসফায়েড বিভিন্ন অবস্থায় হতে পারেন। যদি তাঁর সেরকম ইনকাম করার ইচ্ছা থাকে তাহলে তিনি কিছু নিয়েও স্যাটিসফায়েড হতে পারেন। তারপর এই যে ছেলে, ছেলের বউ, আনম্যারেড ডটার, এতে দেখা যাবে যারা বিগ জোতদারস, যারা বেশী জমি রেখেছে তারা এই কৌশল ১০ বছর ধরে নিয়েই বসে আছে। সেখানে আমার মনে হয় যদি ঐ রেভেনিউ অফিসার স্যাটিসফায়েড হন, রেভেনিউ অফিসার দেখবেন যে ২০ বছর থেকে সেপারেট ট্যাক্স আছে, সব কিছুই আছে, কাজেই আপনি সেখানে কিছু করতে পারবেন না। সুতরাং এই যে ফ্যামিলির ডেফিনেশন এই ডেফিনেশন-এর ব্যাপারে দেখবেন যে এই গেঁড়াকলে পড়ে আপনি যে উদ্দেশ্যে এটা আনছেন সেই উদ্দেশ্য ব্যাহত হবে, কাজ হবে না। কেন না এই ফ্যামিলির ডেফিনিশন-এর ব্যাপারটা একজন অফিসারের উপর আপনাকে ছেড়ে দিতে হবে। জানি না কে হেল্প করবে, হয়ত আপনার কৃষক সমিতিকে দেবেন। কিন্তু এখানেও সেই কৃষক সমিতিকে যে খুশী করতে পারবে সেই ফ্যামিলি ডেফিনিশন থেকে উদ্ধার পাবে, তা না হলে পাবে না। এদিকে ফ্যামিলির ডেফিনিশন বেঁধে দিচ্ছেন যে এই হলে হবে, কাজেই তাতে ফাঁকি দওয়া যাবে। তারপর এই যে বললেন ফ্যামিলির ৯ বিঘা এতেও অসুবিধা হবে। কেন না, ধরুন একটা ফ্যামিলিতে ৫ জন ভাই আছে, তাদের একসঙ্গেই একটা ২৫ বিঘা জমির জমা আছে। কিন্তু ফাইভ ব্রাদার্স আর সেপারেট, তাহলে দেখা যাচ্ছে যে ২৫ বিঘা থাকলে ৫×৫=২৫ হয়, ভাই পিছু ৫ বিঘা করে পড়ছে। কিন্তু ২৫ বিঘার যে হোল্ডিংস যেটা আইনতঃ তাদের সেখানে খাজনা লাগছে না। কারণ বোথ আর সেপারেট। এখন দেখা গেল ৫ ভাইয়ের মধ্যে ২ ভাইয়ের আরো জমি আছে। কাজেই এদের ম্যাপ দেওয়া যাবে ওদের সাবে না এবকম একটা অবস্থা হবে। আর তখনই ঐ জমা এবং ভাগের প্রশ্নটা উঠবে, কমপ্লিকে-শন উঠবে। এই ৯ বিঘাও তারপরে আরো ২।৪ বিঘা এইভাবে জিনিসটা ভাগ করতে হবে, কাজেই অসুবিধা হবে। স্যার আমি কালকেও বলেছি, আজও বলছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এবং এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এ কোন জমা ভাগের প্রভিসন নেই, এটাতে কমপ্লিকেশন হবে, জমা ভাগ করে নিয়ে তারা বেরিয়ে গিয়ে করবে এবকম প্রভিসন না থাকলে। কাজেই আমি যেটা বলছি সেটা হচ্ছে, ২৫ বিঘা জমি একটা জমায় আছে, ৫ ভাই দখল করল, ঐ ভাইদের মধ্যে অন্য ভাইদের অন্য জমি আছে যা মিলালে দেখা যাবে ৯ বিঘার বেশী হয়, তখন এটাকে ভাগ করার অসুবিধা হবে। এই কমপ্লিকেশন আস্তে আস্তে অ্যারাইজ করবে। এই কমপ্লিকেশন বিমুভ করার কোন রকম প্রভিসন এই আইনে নেই। সুতরাং আমি বলব, আপনার জমা ভাগের জন্য একটা প্রভিসন রাখা উচিত। যারা এই আওতার মধ্যে আসবে তারা একটা রিটার্ন দাখিল করলে করার পর অন্যান্য শরীককে জানিয়ে তারা জমা ভাগের জন্য দরখাস্ত করবে এবং আপনার অফিসার সেটা এনকোয়ারী করে ভাগ করবেন। কিন্তু সেই রকম না থাকলে যে কোন আইন করবেন কোর্টে গেলে সবকিছু পণ্ড হয়ে যাবে।

আর একটি হচ্ছে আপনি যে হেক্টরের কথা বলেছেন সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের কথা বলেছেন। এটা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে এসেছে এবং আমার মনে হয় এই হেক্টর দিয়ে গ্রামের লোকদের বোঝাবেন কি করে, হেক্টরের সঙ্গে যদি ব্রাকেট বিঘা কিম্বা একর রাখতেন তাহলে আমার মনে হয় ভাল করতেন। গ্রামের লোকেরা কি হেক্টর বুঝবেন? আমার মনে হয় তারা তা বুঝবেন না। এইভাবে যে রি-অ্যাসেসমেন্ট-এর কথা বলেছেন আমি আপনাকে বলব আপনি যদি এই ল্যান্ড রেভেনিউ ওঠাতে চান তাহলে সম্পূর্ণ উঠিয়ে দিন। যাদের জমি বেশী আছে তাদের জমির প্রোডাকসানের উপর একটা ইনকাম ট্যাক্স ধার্য করুন। কেন না আপনি জানেন যে এই জমির ট্যাক্স সম্পূর্ণ উঠিয়ে দেওয়ার জন্য কংগ্রেসের আগের নীতিতেই বলা হয়েছিল কিন্তু ওঠেনি একে রেখে দেওয়া হয়েছে। সম্পূর্ণ ট্যাক্স উঠিয়ে দেবার কথা চিন্তা করা হয়েছিল কিন্ত তা হয় নি, থেকে গেছে। আমরা দেখছি যে এটাতে লস হয়। আপনি যদি মনে করেন তাহলে যাদের ১০ বিঘার উপরে জমি আছে তাদের প্রোডাকসানের উপর ধার্য করুন এবং বেঙ্গল গভর্নমেন্ট এটা করতে পারেন, সেখানে কোন বাধা নেই। কাজেই সেখানে আপনি ঐ রেভেনিউ-এর ব্যাপার না রেখে ঐভাবে একটা স্ল্যাব ঠিক করে দিন যে ১০ বিঘার

উপর জমিতে এই হারে প্রোডাকসন কর দিতে হবে। আর একটি জিনিস হচ্ছে অ্যাসেসমেন্ট-এর কথা বলেছেন হারাহারি, তার মধ্যে আমার বক্তব্য হচ্ছে জমি এক রকম নয়। একদিকে ক্যানেল এরিয়ার জমি আছে, সেগুলি খুব ভাল জমি এবং সেখানে প্রোডাকসন খুব ভাল হয়। আর যেখানে ক্যানেল এরিয়া নেই সেখানে প্রোডাকসন ভাল হয় না। আর একদিকে আছে বাগড়ী অঞ্চল। সেখানে তিন বিঘাতে যা না হয়, রাঢ় অঞ্চলে এক বিঘাতে তা হয়। তাহলে দেখা যাচ্ছে রাঢ় অঞ্চলে এক বিঘাতে যা হয় বাগড়ী অঞ্চলের তিন বিঘাতে তা হয় না। আপনি ৯ বিঘা পর্যন্ত খাজনা মকুব করে দিচ্ছেন। সেটা ক্যানেল এরিয়া, রাঢ় অঞ্চল এবং বাগড়ী অঞ্চলেও হবে। কিন্তু ক্যানেল এরিয়ার ৯ বিঘা জমিতে যা হবে বাগড়ী অঞ্চলের ৩০ বিঘা জমিতেও তা হবে না। আমার মনে হয় একটা এরিয়া ভাগ করা উচিত। ক্যানেল এরিয়া, বাগড়ী অঞ্চল আর রাঢ় অঞ্চল, এইভাবে একটা ভাগ করা উচিত। আবার বাগড়ী অঞ্চলের ইরিগেটেড এবং নন-ইরিগেটেড এইভাবে ভাগ করে খাজনা ধার্য করা উচিত, তা না হলে আমার মনে হয় লোকের উপর অবিচার করা হবে। বাগড়ী অঞ্চলে অনেক গরীব প্রজা আছে যারা ৩০।৪০ বিঘা জমি পর্যন্ত চাষ করে, কিন্তু তারা খেতে পায় না এমন অবস্থা হয়েছে। এই অবস্থায় তাদের খাজনা বাড়িয়ে দিলেন অথচ দেখা যাচ্ছে তাদের জমির ইনকাম অর্থাৎ রাঢ় অঞ্চলে ৯ বিঘাতে যে ইনকাম করে বাগড়ী অঞ্চলের চেয়ে অনেক বেশী। আমি সেইজন্য আপনাকে বলছি যে এই দিক থেকে বিবেচনা করে দেখতে হবে। তাই আমি বলব যে বাগড়ী অঞ্চলের খাজনা আর রাঢ় অঞ্চলের খাজনার মধ্যে তারতম্য থাকা উচিত, তা না হলে আমার মনে হয় এটা ঠিক বিচার করা হবে না, অবিচার করা হবে। বাগড়ী অঞ্চল আর রাঢ় অঞ্চলের ইরিগেটেড, ননইরিগেটেড সম্বন্ধে আমি যেটা বলেছি সে সব দিক থেকে বিচার বিবেচনা করে আপনি রেভেনিউ উঠিয়ে নিন এবং বিভিন্ন অঞ্চলের জমির প্রোডাকসনের উপর কর ধার্য করুন, তাহলে আমার মনে হয় সবচেয়ে ভাল হবে। এই যে আইনটা আপনি এনেছেন এবং তাতে যেভাবে আপনি রিলিফ দিতে যাচ্ছেন ঐ ইরিগেটেড এরিয়ার লোকেদের তাদের ৯ বিঘা জমি থাকলে খুব একটা রিলিফ দেওয়া হবে না—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10 p.m.]

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা সমর্থন করার সঙ্গে কয়েকটি কথা বলব। প্রথম এই ৪ নম্বর ধারাতে যে পেনাল ক্লজের বিধান হয়েছে এটাকে আমি সমর্থন করছি। এটা ১৯৬৫ সালে মাননীয় মন্ত্রিমহাশয় ভূমি সংস্কারের সিলেক্ট কমিটির একজন মেম্বার ছিলেন, আমিও ছিলাম। পেনাল ক্লজ বাড়াবার জন্য অনেক প্রচেষ্টা করেছিলাম কিন্তু শেষ পর্যন্ত ঐ ৩০০-র বেশী হয় নি। কাজেই এখন যেটা বেড়েছে সেটা সঠিকভাবে বলি ঠিকই হয়েছে। কিন্তু এখানে দেখা যায় যে ইঁটভাটা ইত্যাদি যারা তৈরী করে বা অ্যাসিড কারখানা যারা তৈরী করে সেই সমস্ত বড় বড় মালিকরা হয়তো ৪ বিঘা, ৫ বিঘা বা ৪ একর ৫ একর জমি তারা লিজ নিয়ে সেই কারখানা তৈরী করেছিল। আশেপাশে যারা ছোট ছোট জমির মালিক থাকে তারা হয়তো প্রথমটা লিজ দিতে চায় না, পাশে হয়তো যে কারখানা হয়েছে তারজন্য আশে-পাশে বহু জমির উৎপাদনটা নষ্ট হয়ে যায়, তখন তারা বাধ্য হয় লিজ দিতে, এই রকম ঘটনা ঘটে, সুতরাং এই যে ফাইনটাকে ইমপোজ করবার ক্ষেত্রে একটা মোটিভ বলে কথা আছে, যখন নিয়মাবলী রচিত হবে তখন এই জিনিসটা যেন থাকে। যারা ইনটেনশনালি এটা করছে, বড় মালিকরা যারা করছে এবং যারা বাধ্য হয়ে জমিটা ছেড়ে দিচ্ছে তাদের মধ্যে যেন পার্থক্য থাকে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই মন্ত্রিমহাশয়ের, তিনি আমার জেলার লোক, তিনি এইসব বিষয়ে যথেষ্ট অভিজ্ঞ। বৈকুণ্ঠপুর অঞ্চলে ইঁটভাটা কয়েকটা আছে সেই ইঁটভাটার আশেপাশে জমির মালিকরা যারা আছে তারা ১ বিঘা ২ বিঘা জমির মালিক। তারা হয়তো অলিখিতভাবে সেই জমিগুলো ইঁটভাটার মালিকদের দিয়েছে। অ্যাডিসনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যখন এইগুলো দেখেন এবং তার বিচার করেন তখন দেখা যায় ঐ এক বিঘা, আধ বিঘা জমির মালিক তাদেরও ২০০ টাকা পর্যন্ত ফাইন হয়ে গেছে। অথচ যারা হয়তো ১০ একর, ১৫ একর জায়গা জুড়ে ইঁটভাটা করেছিল তাদের ফাইনের পরিমাণটাও এক হয়। এখন এই বড় মালিক, তিনি হাইকোর্টে অ্যাপিল করে তার জরিমানাটা কমিয়ে নিলেন কিন্তু ছোট ছোট

মালিকরা যারা বাধ্য হয়ে জমিটা ছেড়ে দিয়েছিল তারা হয়তো সেই ক্ষেত্রে হাইকোর্টে যেতে পারছে না এবং সেখানে তাদেরও একটা পিউনিটি মেজার্স হিসাবে হয়ে যাচ্ছে, এইসব জিনিস-গুলো নিয়মাবলী রচনার ক্ষেত্রে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেন এই জিনিসটা ভাবা হয় যে ইনটেনশন এবং পারপাসটা কার কি ছিল। তারপর মাননীয় সদস্য সাত্তার সাহেব একটা কথাতে আতঙ্কিত হয়ে পড়েছেন যে ফ্যামিলি কি করে ধরা যাবে। ফ্যামিলিটা এই আইনটাকে চালু করতে গেলে মূল আইনটা যে আছে সেই আইনটাকে সংশোধন করার জন্য বোধহয় মন্ত্রিমণ্ডলী ভাবছেন, সেটা হচ্ছে স্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট। সেখানে আছে, "ceiling whether on individual on family".

কাজেই যেখানে আঘাতটা পড়বে, সেইজন্য এখন থেকে এই ফ্যামিলি কথাটা আইনের মধ্যে আনাটা ঠিক নয়, এই রকম একটা আতঙ্ক আমাদের ভেতর সৃষ্টি করার চেষ্টা করতে চাচ্ছেন। তিনি বলেছেন ফ্যামিলি কথাটায় নানা রকম কমপ্লিকেশনস আসবে। কমপ্লিকেশন থাকবে আইনে, জনসাধারণ আছে জনসাধারণ বিচার করে দেবে, সাক্ষী দেবে যে ফ্যামিলি বলতে এরা ক'জন। আর পার্টিসন করে ফেলেছে, নিশ্চয়ই ওরা অভিজ্ঞ লোক, নিশ্চয়ই পার্টিসন আছে, কিন্তু সেই পার্টিসন ধরা যাবে, তার নিয়ম আছে যে এই সেটেলমেন্ট-এর আগের সেটেলমেন্টে সাত্তার সাহেবের কত জমি ছিল, তারপর তিনি সেই জমিটা কোনদিকে নিয়ে গেলেন, তার কি ফ্যামিলি এখন আছে এবং সেইগুলো এক ফ্যামিলি যুক্ত কিনা, এইসব জিনিসগুলো বার করা যাবে। সেদিক থেকে এই ধারাটাকে যেভাবে খাজনাটাকে ঠিক করা হচ্ছে যে তিন একরের নিচেও আমাদের খাজনা মাপ, তারপর যে খাজনা বর্তমানে আছে, তারপর ১২৫ ভাগ, ২০০ ভাগ ৪০০ ভাগ এটা ঠিক করা হয়েছে, এই ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে পুরাণো যে আইনটা আছে যে খাজনার লিমিট কি হবে সে সম্বন্ধে সাত্তার সাহেব বলেছেন যে খাজনার লিমিটটা কিরকমভাবে হবে, এটা যেন রুলস তৈরী করবার সময় বলা হয়। সেখানে উর্বরতা দেখতে হবে, দো-আঁসলা জমি কিনা দেখতে হবে, ওয়েট ল্যান্ড কি ড্রাই ল্যান্ড সেটা দেখতে হবে, এই সমস্ত জিনিসগুলো নিশ্চয়ই দেখা দরকার। সেদিক থেকে এটা না হয় যে যে পতিত জমির উপর খাজনা যা হলো দো-ফসল জমিতেও হয়তো ঐ একই খাজনা হবে, এটা যেন একটু দেখেন। কাজেই মোটামুটিভাবে যেভাবে এই বিলটা এসেছে তাতে ভূমি সংস্কার বিলের যে সমস্ত ত্রুটি বিচ্যুতি আছে সে সমস্ত ত্রুটি বিচ্যুতি ঘোচান যাচ্ছে না। সেইজন্য বর্তমান অবস্থায় যতটুকু করতে পেরেছেন সেইজন্য আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এই অবস্থার এইটুকু পর্যন্ত এগুনো হয়েছে। তবে অদূর ভবিষ্যতে যেন ভূমি সংস্কার এবং জমিদারী দখল আইন আসে আমরা যে উদ্দেশ্যে ভূমি ব্যবস্থাকে নিয়ে যেতে চাই সেইভাবে। সেইভাবে কম্প্রিহেনসিভ বিল আসা উচিত যে পরিবারের ভিত্তিতে সিলিং থাকবে। সেই বিল আশা করি সত্বর আনবেন। এই অনুরোধ করে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিলটা সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা আমাদের অন্যতম নেতা ত্রুটি বিচ্যুতির কথা বলেছেন এবং সে সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছেন। এরপরে আমার খুব বেশি বলার নেই। মোটামুটি আমরা দেখেছি এবং ইতিপূর্বে বাজেট আলোচনার সময় বলেওছিলাম ল্যান্ড রেভেনিউতে একটা এ্যানারক্রনিজম দাঁড়িয়ে গিয়েছে। পৃথিবীর অনেক উন্নত দেশে ল্যান্ড রেভেনিউ একটা রাজস্ব হিসাবে নেই, উঠিয়ে দেওয়া হয়েছে এবং জমির উৎপাদনের পরিমাণ অর্থনৈতিক দিক থেকে কতটা হবে না হবে বিচার করবার নীতি গ্রহণ করেছে। উৎপাদনের ভিত্তিতে বিজ্ঞানসম্মতভাবে আমাদের এখানে নূতন করে সমস্ত জমি সংস্কার করতে হবে। আমরা আমাদের পিতা, পিতামহদের কাছ থেকে যে অর্থ-নৈতিক ভিত্তি পেয়েছি তার কিছু আমূল পরিবর্তন করা দরকার হয়েছে বলে বিশ্বাস করি। কাজেই আমি প্রথমেই অনুরোধ জানাবো এই সংশোধন বিল না করে সরাসরি সমস্ত ল্যান্ড রেভেনিউয়ের ব্যাপারে মন্ত্রিমণ্ডলী নূতন নীতি চিন্তা করুন এবং আমরা তারজন্য অভিনন্দন

জানাবো। একটা কথা বলবো যে দু-চারটে পরিবর্তন দেখিয়ে লোককে বিভ্রান্ত করার সময় চলে গিয়েছে। আমাদের আরও নীচে যেতে হবে, আরও গভীরে যেতে হবে এবং সেই গভীরে যাওয়ার ইঙ্গিত আমরা ইতিপূর্বে দিয়েছি এবং ইতিপূর্বে কংগ্রেসের কিছু কিছু কর্মধারা বদল হয়েছে এবং সম্প্রতি আমাদের মাননীয় প্রধানমন্ত্রী এই বিষয়ে অগ্রণী হওয়ার জন্য প্রত্যেক রাজ্য সরকারকে অনুরোধ পাঠিয়েছেন। আগের যে দৃষ্টিভঙ্গী তার সঙ্গে আমাদের বর্তমান যেটুকু সংশোধন করার চেষ্টা হয়েছে এটা ঠিক তার সঙ্গে সম্পূর্ণভাবে খাপ খাচ্ছে না। একটা জিনিস লক্ষ্য করতে বলি যেভাবে ও'রা তিন একর, সাত একর, দশ একর, ২০ একরের মতস্ল্যাব করতে চলেছেন তার একমাত্র ফল জমির ফ্রাগমেন্টেশন হয়ে যাবে। ইকনমিক হোল্ডিং-এর ব্যাপারে বলব আমাদের যে জায়গায় যেমন উৎপাদিকা শক্তি রয়েছে, বিভিন্ন শ্রেণীর জমির বিভিন্ন শ্রেণীর উৎপাদিকা শক্তি তার উপর নির্ভর করে আমরা হিসাব করে দেখি। আমাদের নদিয়া, মুর্শিদাবাদের যেগুলিকে বাগড়ী অঞ্চল বলে এবং ২৪-পরগনায় কিছুটা অংশ আছে এবং মালদহ, পশ্চিম দিনাজপুরেও অল্পস্বল্প সেই রকম জমি আছে। যেখানে মোটামুটি একটা ফসল হয় এবং আর একটা ফসল সামান্য হয়, এবং বেশীরভাগ জায়গায় তাও হয় না এবং সেই ফসলের হারাহারি যে আয় হয়, সেটা রাঢ়ের দিককার জমির তুলনায় অনেক কম। আর তার মধ্যে জলসেচের ব্যবস্থা না থাকায় অনেক সময় চাষী সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে যায়, তাদের উৎপাদন হয় না এবং তারা ফসলও পায় না, ফলে তাদের অত্যন্ত কষ্টের মধ্যে পড়তে হয়। এই রকম অবস্থায় নির্দিষ্ট একটা উচ্চ হারে খাজনার যে ব্যবস্থা হচ্ছে এটা আমাদের মনে হচ্ছে অবাস্তব। ৩ একর জমির খাজনা নেওয়া হবে না—এই সিদ্ধান্ত যুক্তফ্রন্ট তাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে রেখেছিলেন এবং তারা সেটা রূপায়ণের চেষ্টা করছেন তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু সেটাকে সীমাবদ্ধ করতে গিয়ে ওদিকে ফিনান্স ডিপার্টমেন্টের গুঁতো খেয়ে মন্ত্রীকে অন্যদিকে আবার বাড়াতে হল, সেজন্য আমাদের গায়ে লাগছে। যেখানে জমির এমন অবস্থা, যেখানে জমির ভিন্ন ভিন্ন খাজনা বর্তমানে দেওয়া সম্ভব হয় না, প্রত্যেক জায়গায় —নদিয়াতে, মুর্শিদাবাদে প্রত্যেক জায়গা থেকে দরখাস্ত আসছে খাজনা বাদ দেওয়ার জন্য। গত বছর খরার সময়ে যে পাট নষ্ট হয়ে গেছে, আউস ধান নষ্ট হয়ে গেছে, আমন ধান কম হল ইত্যাদি বিস্তীর্ণ অঞ্চল থেকে দরখাস্ত আসছে এবং গভর্নমেন্ট এটা স্বীকার করেছেন যেখানে ৬০ পার্সেন্ট ফসল নষ্ট হয়েছে সেখানে তারা খাজনা মাপ করে দেওয়ার ব্যবস্থাও করেছেন। এই রকম অবস্থায় বর্তমানে নিচের অল্পস্বল্প খাজনা দেওয়ার যে রেট আছে, তাও তারা দিতে পারছে না সেখানে ২ গুণ, ৩ গুণ, ৪ গুণ করে খাজনা দেবার ব্যবস্থা করতে যাচ্ছেন, এটা অত্যন্ত অবাস্তব হচ্ছে। কাজেই আমি বলবো, সাত্তার সাহেব যে কথা বলেছেন, আমি তার সঙ্গে আলোচনা করেছি এবং এই নীতি আপনাদের সামনে তুলে ধরছি যে, আমাদের ভবিষ্যতে যদি রেভেনিউয়ের দিকে তাকিয়ে কাজ করতে হয় তাহলে জমির পরিমাণের দিকে না তাকিয়ে জমির উৎপাদনের উপর রেভেনিউয়ের ব্যবস্থা করুন এবং সেটা যদি আইনের মাধ্যমে আনতে পারেন তাহলে সেটা বিজ্ঞান সম্মত হবে। তা না হলে বর্তমানে যেটা চেষ্টা করছেন, এটা শুধু ছেলেখেলার মত হচ্ছে। আমাদের দেশের লোক খুব বোকা নয়। যেই আইনটা হতে যাবে—এখনই দেখতে পাচ্ছি যে এই নিয়ে ঝগড়া লেগে গেছে, এই আইনটা হবে শুনে। ২০ একরের উপর, ১৫ একরের উপর যাতে না থাকে সেখানে তারা বাড়ীর ছেলেপুলে যারা জন্মায় নি তাদের নামেও জমি ভাগ হতে যাবে এবং স্বনামে, বেনামে ঐ রকম ছোট ছোট জমি ফ্রাগমেন্টেশন হয়ে গেল। এই ফ্রাগমেন্টেশনটায় মানুষের যে স্বাভাবিক প্রবৃত্তি নিজেকে বাঁচাবো সরকারকে যত কম দিতে পারি তার চেষ্টা করবো, এই প্রবৃত্তিটায় আরো বেশী ইন্ধন আপনারা যোগাচ্ছেন এই আইন করতে গিয়ে। এই আইনে তাদের স্বাভাবিক চেষ্টা হবে জমি কম দেখানোর। তাই, আমার মনে হয় যে, এদিক থেকেও অর্থনৈতিক যে অসঙ্গতি আছে সেটা ভেবে এই বিপ্লব পরিবর্তন করার চিন্তা করা উচিত। কিন্তু বর্তমানে তাঁরা যা করছেন তাতে আমরা আপত্তি করবো না। কারণ, আমি আপত্তি করবো না বলেই আরম্ভ করেছি। যে বিলগুলি প্রগতিশীল হবে তাতে আমরা সহানুভূতি দেবো এবং সমর্থন জানাবো, এই প্রতিশ্রুতি আমরা আগেই দিয়েছি। কিন্তু বিলগুলির এখানে দুর্বলতা দেখা যাচ্ছে সেদিকে যদি আমরা দৃষ্টি না দেই, তাহলে আমরা আমাদের কর্তব্য থেকে বিচ্যুত হবো। এর আগে সাত্তার সাহেব বলেছেন যে

জমির খাজনা যদি না থাকে তাহলে তার স্বত্ব অর্থাৎ রেকর্ড অব রাইটস হিসাবে তাদের কাছে প্রমাণযোগ্য কিছু থাকছে না। আর একটা জিনিস জানাচ্ছি যে, আমাদের যে মিউটেশান করার নিয়ম আছে। বর্তমানে জমি যদি কেউ হস্তান্তর করে কিম্বা যদি কেউ উত্তরাধিকারসূত্রে পৈতৃক সম্পত্তি ৪ ভাগ, ৫ ভাগ, ৬ ভাগ ছেলেমেয়েদের মধ্যে ভাগ করা হয় তাহলে তার নাম খারিজ করতে যাওয়াটা এত সময় সাপেক্ষ এবং কষ্টকর ব্যাপার হয় এবং তার ফল দাঁড়াচ্ছে যে, ভিন্ন জায়গায় গভর্নমেন্টের হাতে যে রেকর্ড অব রাইট রয়েছে, সেটা অবাস্তব এবং ভুল।

[5-20—5-30 p.m.]

ভিন্ন ভিন্ন জায়গায় গভর্নমেন্টের হাতে যে রেকর্ড অব রাইটস আছে সেটা অবাস্তব এবং ভুল এবং সেই ভুলের বশবর্তী হয়ে আমরা দেখেছি যেমন খাদ্যনীতি করতে গিয়ে লেভি আদায় করার জন্য জমির পরিমাণের উপর লেভি আদায় হয়—এটা কংগ্রেস আমলেও হয়েছে, আপনারাও করেছেন—তার ফলে যাদের উপর লেভির নোটিশ দেয়া হয় দেখা যায় যে তাদের জমি খুঁজে পাওয়া যায় না। যেহেতু রেভেনিউ ডিপার্টমেন্টের খাতায় আছে সেইহেতু তার উপর নির্ভর করে সংশ্লিষ্ট অফিসাররা নোটিশ পাঠাচ্ছেন এবং তারা গিয়ে ঝুড়ি ঝুড়ি আপত্তি জানাচ্ছে, হাইকোর্টে ২২৬-এর মামলা করছে। আমি বলি এই, জিনিসগুলি সংশোধনের দরকার আছে, এই আইনের মধ্যে হোক আর না হোক, এই পরিপূরক হিসাবে আইন করুন যাতে বছর বছর প্রয়োজনবোধে প্রজা তার রেকর্ড অব রাইটস-এর একটা কপি নিতে পারবে এবং যদি কোন ভুল থাকে সেই ভুল সংশোধন করার জন্য সরাসরি একটা ব্যবস্থা করতে পারে এবং সেটা যাতে বিশেষ খরচ সাপেক্ষ এবং সময় সাপেক্ষ ব্যবস্থা না হয়। সেইভাবে যদি মিউটেশনের একটা ব্যবস্থা করা হয়, নাম খারিজ সহজ করে দেন তাহলে বরং এই আইনের খানিকটা রিগারস কমতে পারে কিন্তু তা না হলে যারা বাপ পিতামহের কাছ থেকে জমি পাচ্ছে বা হস্তান্তর করে জমি নিচ্ছে তাদের পক্ষে ঊর্ধ্বতন সীমার দিকে যে চাপ সেই চাপ অসহ্য হয়ে পড়বে। আর একটা কথা বলে আমার বক্তৃতা শেষ করব, সেটা হচ্ছে এই যে আমাদের দেশে সাধারণভাবে লোকে পরস্পর পরস্পরের পাশাপাশি জমি নিয়ে চাষবাস করে থাকে। আমার একটা মৌজায় হয়ত পাশাপাশি জমি নেই কিন্তু আর একজনের সঙ্গে বিনিময় করে নিয়ে আমার পাশের জমি বাড়িয়ে নিয়ে চাষের সুযোগ করে নিই--এইরকমভাবে পরস্পর পরস্পরকে সাহায্য করে চলি এবং তার ফলে খাতাপত্রে তাদের হয়ত জমির যে পরিমাণ আছে তার খানিকটা পরিবর্তন হয়ে যায়। এইসব বিলে গ্রামের ভেতর এইসব পরস্পর যে সুযোগ সুবিধা অনুযায়ী চাষীরা যে অ্যাডজাস্টমেন্ট করবার ব্যবস্থা করেন তার পথে বাধা হবে। আমি সেজন্য বলি যে ভূমিরাজস্ব ব্যাপারে যে বিল আনা হয়েছে তার নানাদিকে যে কমপ্লিকেশন আছে সেই কমপ্লিকেশনের কথা মন্ত্রিমহাশয় তাঁর প্রাথমিক বক্তৃতার মধ্যে স্বীকারও করেছেন। কাজেই তিনি যতটুকু করেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি কিন্তু পরবর্তীকালে যেসব অসুবিধার কথা এখানে উল্লেখ করা হ'ল সেগুলি চিন্তা করে তার যেন একটা সুব্যবস্থা করেন এই অনুরোধ জানিয়ে আমি এই বিলকে সমর্থন করছি।

**শ্রীসুবোধগোপাল গুহঠাকুরতাঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, এই যে বিল আনা হয়েছে এর মধ্যে দুটো দিক—একটা হচ্ছে যেটা প্রেসিডেন্ট রুলের সময় এন অ্যাক্ট করা হয়েছিল সেটাকে রিএন অ্যাক্ট করা হচ্ছে, আর একটা হচ্ছে যেটা আমাদের যুক্তফ্রন্টের কর্মসূচীর মধ্যে ছিল ৩ একর জমির খাজনা মকুব করা হবে সেটা করা হয়েছে এবং সেই মকুব করার জন্য যে রেভেনিউ লস হচ্ছে সেটা মেক আপ করার জন্য জমির উপর খাজনা বাড়ানো হচ্ছে। আমি অবশ্য এটাকে সমর্থন করছি, কারণ অনেক চিন্তা করে মন্ত্রিসভা হয়ত এটা করেছেন তাহলেও আমি বলব, যে খাজনার হার বাড়ানো হয়েছে সেটা কোনক্ষেত্রে অতিরিক্ত বলে হবে কিনা সেটা অবশ্য আমাদের মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখবেন এটা আমি আশা করি। আমি এই প্রিন্সিপ্যালটা সমর্থন করি। আর একটি কথা এই প্রসঙ্গে বলতে চাই যে, প্রেসিডেন্ট থাকার সময় যে আইন করা হয়েছিল যে বর্গাদারদের ধান জোতদার না দিলে জোতদার কেস করতে পারবে। কিন্তু জোতদার যদি জোর করে কেটে নিয়ে যায় তাহলে বর্গাদার কিছু করতে পারবে না। এই অসুবিধা দূরে

করার জন্যই এই সেকসান ৮ পরিবর্তন করা হচ্ছে। কিন্তু তাঁর বিবেচনার জন্য আর একটি কথা বলতে চাই যে এই রকম কেস আছে যেখানে জোতদার নিজের হাতে না কেটে লোক লাগিয়ে দিয়ে কেটে নিয়ে যায়। সে বলবে আমি কাটি নি থার্ড পারসন কেটে নিয়ে গেছে। সেখানে গরীব বর্গাদারদের কি হবে? জোতদার বড় লোক সে ধান কাটে না, থার্ড পারসনকে দিয়ে ধান কাটায়। অতএব আইনে তাদের রক্ষা করার জন্য তার কোন প্রভিসন এই আইনের মধ্যে কিছু করা হয় নি। এটা হলে কি অবস্থা হবে আমাদের মন্ত্রিমহাশয় এটা চিন্তা করে দেখবেন। এর সংগে আরো কয়েকটা কথা বলতে চাই যে কংগ্রেস আমলে স্টেটস অ্যাকুইজিসন অ্যাক্টের ১৫।১৬ বার অ্যামেন্ডমেন্ট করা হয়েছে, কিন্তু আমাদের সংশোধনী যেন এমন চিন্তা করে করা হয় যাতে বার বার তা পরিবর্তন না করতে হয়। কারণ আইনে কি পরিবর্তন হচ্ছে ডিপার্ট-মেন্টেও তা অনেক সময় জানে না। আমাদের ভূমি সংস্কার আইনের আট ধারায় আছে যে অগ্রক্রয়ের দরখাস্ত সই করতে পারবে। তার সংগে আর একটা নূতন অধিকার দেওয়া হবে যে যার ভিসিনিটি—পাশে জমি আছে সে কন্টিগুয়াস টেনেন্ট করতে পারবে অথচ সুপ্রীম কোর্ট সে বিষয়ে রুলিং-এর পর রুলিং দিয়েছে। গত ৭ বছর আগে বোধ হয় ১৯৬২ সালে প্রথম রুলিং হয়, তারপর ৫।৬টি রুলিং হয়েছে যে কন্টিগুয়াস টেনেন্টের কোন রাইটস থাকতে পারে না—ইট ইজ এগেনস্ট দি প্রভিসনস অব দি কনস্টিটিউশন। কনস্টিটিউশনে যে বিধান আছে তাতে কোন আইনই কোন কন্টিগুয়াস টেনেন্টকে অগ্রক্রয়ের অধিকার দেওয়া যেতে পারে না। ৪।৫ বার রুলিং-এর পরও এখন পর্যন্ত এই আইনের কোন সংশোধন হল না—এটা খুবই দুঃখের বিষয়। কিন্তু এই আইনের কোন পরিবর্তন হয় নি বলে সেটার বেসিসে নিচের আদালতে কেস হয়ে যাচ্ছে। এটার বেসিসে কন্টিগুয়াস টেনেন্ট কেস করে যাচ্ছে। ক'জন আর আইনে পড়ে? কিন্তু সুপ্রীম কোর্টের রুলিং হচ্ছে ফ্রম দি ইয়ার ১৯৬৩। পাঞ্জাব ও কাশ্মীরে এই প্রিন্সিপ্যাল ইন্যানসিয়েটেড হয়েছে যে কন্টিগুয়াস টেনেন্টের এই রাইট কনস্টিটিউশন অনুযায়ী থাকতে পারে না—ইট ইজ আনকনস্টিটিউশনাল। আর একটা বিষয় কার দৃষ্টি আকর্ষণ করছি যেটা সম্বন্ধে বিরোধীপক্ষ থেকে বললেন সেটা হচ্ছে যে মিউটেসনস-এর কোন ব্যবস্থা ল্যান্ড রিফর্মস অ্যাক্টএ নেই। অর্থাৎ ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ কিভাবে নাম খারিজ হবে এর কোন ব্যবস্থা নেই। স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট-এ নাম খারিজের কোন ব্যবস্থা নেই। এখন পর্যন্ত ল্যান্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ী মেনলি যেটা হয় সেটা গভর্নমেন্ট স্টেটস ম্যানুয়্যাল অনুযায়ী হয়। কিন্তু তার বিধানগুলো অসম্পূর্ণ—সেটা ঠিক কমপ্লিট নয়। সুতরাং গভর্নমেন্টের যে স্টেটস ম্যানুয়্যাল অনুযায়ী ষেটা এখন পর্যন্ত হচ্ছে তার দ্বারা প্রেজেন্ট বায়তের যে ডেফিনেসন সেটা কমপ্লিট হয় না, সার্টিফায়েড হয় না। সেজন্য তাঁকে চিন্তা করতে অনুরোধ করছি ল্যান্ড রিফর্মস অ্যাক্টটা, স্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এ কোন বিধান দেওয়া যায় কিনা যাতে মিউটেসনের যথেষ্ট ব্যবস্থা করা যায়। আর একটা জিনিস মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলছি সেটা হচ্ছে এখন পর্যন্ত আমাদের এই যে অগ্রক্রয়ের বিধান রয়েছে সেটার অবশ্য একটা টেনডেন্সি হচ্ছে সব সময় সিভিল কোর্টকে অ্যাভয়েড করে স্পেশাল অফিসার নিয়োগ করা। এই স্পেশাল অফিসার নিয়োগ করে এস এল আর ও জে এল আর ও-কে ভার দেওয়া হয়েছে। কিন্তু আপনি দেখবেন এতে মানুষের কি ভীষণ হয়রানি হতে হচ্ছে। কারণ জে এল আর ও এস এল আর ও অন্য কাজে ব্যস্ত থাকেন এবং মাসের মধ্যে ২।৩ দিন কেস করতে পারেন কিনা সন্দেহ এবং আইন সম্বন্ধে তাঁদের জ্ঞান খুবই সীমাবদ্ধ। সুতরাং সিভিল কোর্টের উপর এই বিচারের ভার দেওয়া যায় কিনা সেটা আপনি বিবেচনা করে দেখবেন। আমি আগে সুপ্রীম কোর্টের রুলিং সম্বন্ধে যেটা বললাম মন্ত্রিমহাশয় যেটা চান সেই রুলিং আমি তাঁর কাছে কোট করে দেব। ৫।৬ বার রুলিং হয়ে গেছে যে এদের কোন রাইট থাকতে পারে না। আর একটা জিনিস সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর বিধানে একসিকিউসনের ভার দেওয়া হয়েছে স্পেশাল অফিসারের উপর। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে এস ডি ও-রাই এইসব একসিকিউট করছেন। এ বিষয়ে খোঁজ করলে দেখা যাবে যে ৩।৫।৬ বছর ধরে এক একটা কেস পড়ে আছে। এস ডি ও-রা অন্যান্য কাজ করে তাঁদের টাইম হয় না এইসব বিচার করা। সুতরাং এগুলি সিভিল কোর্টে দেওয়া যায় কিনা এবং অন্য কিভাবে হুইপ ডিসপোজাল করা যায় সেটা আশা করি তিনি চিন্তা করবেন।

তারপর কম্প্রিহেন্সিভ লেজিসলেসন যেটা আসবে তাতে এই যেসব ল্যাকিউনা রয়েছে সেইসব ল্যাকিউনা যাতে দূর করা যায় সেগুলি চিন্তা করে সংশোধন করা হবে, এ বিষয়ে আমি তাঁকে অনুরোধ করছি এবং তার সঙ্গে আইনের যে বিধান রয়েছে সেটা সমর্থন করে আমি বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বিরোধী পক্ষ থেকে বিলকে সমর্থন করে তাঁরা কিছু কিছু এমন বক্তব্য রাখলেন যাতে মনে হচ্ছে যে তাঁরা জেগে ঘুমোচ্ছেন। রিলিফ সম্বন্ধে তাঁরা যে কথা বলেছেন তাতে মনে হচ্ছে জমির সঙ্গে তাঁদের কোন যোগ নেই এবং এসম্বন্ধে তাঁদের কোন ধারণাও নেই। তাঁরা বললেন বিভিন্ন অঞ্চলে বিশেষ করে ফ্যামিলি ডেফিনিসন সম্বন্ধে এখানে এক জায়গায় ক্লিয়ার করা হয়েছে এবং বলা হয়েছে

family includes husband, wife, son, unmarried daughter, son's wife, son's son and son's unmarried daughter.

তারপর যেটা রেভিনিউ অফিসারের কাছে বাদ দেয়া হয়েছে সাটিসফাই হওয়ার জন্য সেখানে স্পষ্ট করেই বলা হয়েছে। কাজেই ফ্যামিলির ডেফিনিসন যে ক্লিয়ার নয় এটা ঠিক কথা নয়। তবে ওরা যে বলছেন ক্লিয়ার নয় তার কারণ হচ্ছে ওদের মনের মত ডেফিনিসন ক্লিয়ার হয় নি এবং এতে ওদের স্বার্থ রক্ষা হয় নি বলেই ওকথা বলছেন। মন্ত্রিমহাশয় নূতন ক্লজ যেটা বর্গাদারদের জন্য দিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমরা বাস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি বর্গাদারদের উপর জোতদারদের অত্যাচার চলছে এবং আগামী দিনে যখন ধান মাঠ থেকে উঠবে তখন দেখব জোতদাররা ঐ বর্গাদারদের উপর অত্যাচার করছে এবং এখনই চারিদিকে যে রব উঠেছে তার কিছু সুর ডঃ সান্যালের বক্তৃতার মধ্যে রয়েছে। এই অবস্থা থেকে উদ্ধার পাবার জন্য এখানে মন্ত্রিমহাশয় বর্গাদারদের যেটা রাইট সেটা দিয়েছেন। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কেন্দ্রীয় সরকার করছেন। ওরা বলছেন ১০ বিঘার উপর আপনি কর চাপাতে পারেন। চিরকাল ওরা কর বাড়িয়ে এসেছে এবং সেই চিন্তাই করছে। যুক্তফ্রন্ট সরকার সাধারণতঃ কর বাড়ানো সম্পর্কে সাবধান এবং সাধারণ মানুষের যাতে বেশী ধার না হয় সেই চিন্তাই করেন। ১০ বিঘা জমি যার আছে তাকে কিভাবে বড় জোতদার ঠাউরেছেন সেটা আমি জানি না। ৯ বিঘার পর ১০ বিঘার উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কেন্দ্রীয় সরকার করবেন প্লাস তার উপরে পশ্চিমবঙ্গ সরকারকে যে কর চাপাতে বলছেন এতে তাদের কি উদ্দেশ্য আমি বুঝতে পারছি না। আমি মন্ত্রিমহাশয়কে বলব এই যে রেন্ট হাইয়ার সিলিং-এর উপর ফিক্স করছেন এটা সায়েন্টিফিক হওয়া উচিত, একর্ডিং টু দি প্রোডাকসন ক্যাপাসিটি। আমি বিশেষ করে বাঁকুড়া জেলার কথা বলছি, সেই জেলাতে অধিকাংশ জমির উৎপাদন শক্তি কম এবং জমিগুলি মাঠের কাছে। কাজেই এই সমস্ত জায়গার জমির সঙ্গে এবং পুরুলিয়া বীরভূমের মত জায়গার সঙ্গে যেখানে ৩টে ফসল হয় যেগুলি ক্যানেলের পাশে জমি যেমন মুর্শিদাবাদ, ২৪-পরগণা প্রভৃতি অঞ্চল তার ইউনিফর্ম রেট হতে পারে না। আমরা ল্যান্ড রেভিনিউ হিস্ট্রি অব বেঙ্গলে দেখেছি ইন্ডিয়াতে এম্পারার ও ফ্রম দি ভেরি ইন্সেপসন মেজারমেন্ট অব ল্যান্ড করতেন এবং য়্যাসেসমেন্ট অব ল্যান্ড করে রেন্ট ফিক্সড করতেন।

সুতরাং আজকে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রোডাকটিভ ক্যাপাসিটি অনুযায়ী পার বিঘা রেন্ট ফিক্সড করা উচিত। অবশ্য কিছু কিছু পরিবর্তনও করতে হবে। এমন অনেক জায়গা আছে যেখানে প্রোডাক্টিভ ক্যাপাসিটি কম কিন্তু সে জায়গায় দু বছর পরে প্রোডাক্টিভ ক্যাপাসিটি ইনক্রিজ করতে পারে, আমরা ফার্টিলাইজার দিচ্ছি, সেক্ষেত্রেও প্রোডাক্টিভ ক্যাপাসিটি ইনক্রিজ করার সম্ভাবনা আছে, এসেসমেন্ট-এর ব্যাপারে এগুলি ভেবে দেখবেন, চিন্তা করে দেখবেন। আমার মনে হয় অন্যান্য সদস্যরা এ সম্পর্কে বক্তব্য রেখেছেন।

আর একটা কথা ডঃ সান্যাল বলেছেন, সমস্ত ল্যান্ড রিফর্ম করার কথা চিন্তা করুন। কেন? দীর্ঘদিন ধরে কংগ্রেসী আমল থেকে ল্যান্ড রিফর্মের যে ব্যর্থতা সেটা উনার কথার মধ্য

দিয়েই স্বীকার করলেন। যুক্তফ্রন্ট সরকার আগামী দিনে ল্যান্ড রিফর্ম বিল যেটাকে পরিবর্তন করার কথা ভাবছেন, যেহেতু মন্ত্রিমহাশয় অতীতের ত্রুটি সম্পর্কে সজাগ আছেন সেজন্য যখন পূর্ণাঙ্গ বিল আনবেন, তিনি নূতন ধরনের রিফর্ম করবেন এবং সেকথা তিনি বলেছেন। ডঃ সান্যাল আর এক জায়গায় বলেছেন ভোট ক্যাচিং-এর জন্য ৯ বিঘা জমির মালিকের খাজনা মকুবের সস্তা কথা নাকি আমরা বলেছি। তাঁর এ সম্বন্ধে ধারনা নাই, এক বিঘা, দু বিঘা, চার বিঘার মালিক, গরিব চাষী তাদের কি অবস্থা, যাঁরা বাঁকুড়া জেলায় গিয়েছেন, তাঁরা জানেন, ৪।৫।৬ বিঘা যাদের তারা খাজনা দিতে পারে না ৫।৬ বছর ধরে, সেখানে খরা অঞ্চল, যুক্তফ্রন্ট সরকার এটা মকুব করে যে কি রিলিফ দিচ্ছেন, পুরুলিয়া জেলার লোকদের যে কি উপকার হবে, সেটা তাঁর পক্ষে কল্পনা করাও শক্ত, কেননা তিনি জোতদার, জমিদার, সেজন্য তাঁর পক্ষে এটা কল্পনা করা সম্ভব নয়। তাই তিনি মনে করবেন আমরা এটা ভোট ক্যাচিং-এর জন্য করেছি। ২২ বছর ধরে তাঁদের ভোট ক্যাচ্ করে করে এটা ভাবাই তাঁর পক্ষে স্বাভাবিক। অতএব মাননীয় রাজস্বমন্ত্রী যে বিল এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

আর উচ্চহার সম্পর্কে তিনি আর একটা কথা বলেছেন, উচ্চহার খাজনা অবাস্তব, উচ্চহার খাজনা অবাস্তব হয় না যদি ল্যান্ডের প্রোডাক্‌শন বাড়তে থাকে, এই প্রোডাক্‌শন বাড়ার সঙ্গে খাজনার হারের সম্পর্ক আছে, অর্থাৎ বিরোধী দলের বক্তব্যের মধ্যেই কন্ট্রাডিক্‌শন আছে। একবার বলছেন সায়েন্টিফিক্ রেভিনিউ এসেস্‌মেন্ট, আর একবার বলছেন উচ্চহারের খাজনা অবাস্তব, এটা কি বুঝা গেল না। একটা নীতি নিয়ে তো চলতে হবে? সায়েন্টিফিক্ বেসিসে প্রোডাকসন অনুযায়ী যখন রেভিনিউ এসেস্‌মেন্ট হয় তখন হাইয়ার প্রোডাকটিভ ক্যাপাসিটি ল্যান্ডের হার উচ্চ হবে, ইট ইজ ন্যাচারেল, সুতরাং সেক্ষেত্রে কিভাবে বললেন সান্যাল মহাশয় যে অবাস্তব, সেটা বুঝতে পারলাম না। আর একটা কথা, রেকর্ড অব রাইট্‌স, এটা অত্যন্ত হাস্যকর ব্যাপার, কংগ্রেসীরা নির্বাচনের আগেও কিন্তু একথা বলেছেন যে ৩২ দফা কর্মসূচীতে যে ৯ বিঘার খাজনা মকুব করবে বলে ওঁরা মেনিফেস্টোতে বলছেন তোরা কি অধিকার পাবি? অর্থাৎ নানা কথা বলে তাঁরা জনসাধারণকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। এটা ঠিক কথা যে গভর্ণমেন্ট, সেটলমেন্ট যখন হয়, ডকুমেন্ট দেন সেখানে ওনারশিপ টাইটল্ স্বীকার করে নেওয়া হয় এবং সেটাই রেকর্ড অব রাইট্‌স হয়। সুতরাং সেক্ষেত্রে রেন্ট রিসিট রেকর্ড অব রাইটস্ হয় না। বহু জায়গায় দেখা গেছে এক দিন আগে রেন্ট রিসিট দেখিয়ে কৃষি-ঋণ নিয়েছে, পরের দিনই বিক্রি করে দিয়েছে। রেন্ট রিসিট রেকর্ড অব রাইট্‌স হবে কি করে? হয়ত দু মাস পরেও বিক্রি করে দিতে পারে, কাজেই এটা ঠিক নয়। আমরা যারা জমি নিয়ে কারবার করি, জানি, ল্যান্ড পজেশন ইম্পরট্যান্ট, পজেশন প্লাস সেটল্‌মেন্ট রেকর্ড, তাহলেই সেখানে রাইটস থাকে। অতএব সাত্তার সাহেব নিজে আইনজ্ঞ হয়েও ল্যান্ড পজেশনের কথা আদার রাইট্‌সের কথা কি করে ভুলে গেলেন বুঝতে পারলাম না। যাই হোক্ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার মাননীয় রাজস্ব মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

**श्री मुहम्मद सलिमुद्दीन:**

जनाब डिप्टी स्पीकर साहब, आज जो बिल लाया गया है, इसको में ताइद करता हूँ। इसके मुतल्लिक मैं कुछ बातें कहना चाहता हूँ, वह यह है कि तीन एकड जमीन तक का खजाना माफ किया गया है। लेकिन इस्लामपुर सब-डिविजन मे देखा गया है कि तीन एकड जमीन उसीका है, जो तीन एकड आबाद करता है और इसके साथ ही साथ वह आदमी बिजनेस भी करता है–१५ या २० हजार की दूकानदारी भी करता है। तो खजाना माफ उसी का होता है, जिसके पास तीन एकड़ जमीन है और साथ में २० हजार रुपये की दूकानदारी भी करता है।

लेकिन इस्लामपुर सब-डिविजन मे कास्तकार आदमी बहुत से रहते है। उनके पास अक्सर कम से कम ६ या ७ एकड़ जमीनें है, जिन पर वे गरीब लोग महज खेती करते हैं। उनके पास खेती-बारी करने के अलावा और कोई जरिया आमदनी की नही है। तीन एकड़ जमीन का खजाना जो माफ होता है, उससे उन गरीब कास्तकारों का खजाना माफ नहीं होता है। इससे तो केवल बड़े लोगों का खजाना माफ होता है, जो बिजनेस भी करते हैं।

इसके साथ ही साथ मे एक और बात कहना चाहता हूँ, लैण्ड रेभन्यू मिनिस्टर साहब से कि १० एकड़ से ज्यादा जमीन जोतनेवालो का खजाना बढ़ाया तो जायगा लेकिन कही आवाद ज्यादा है और कही कम है। मिशाल के तौर पर इस्लामपुर सब-डिविजन मे एक एकड जमीन में १५ मन धान होता है और उस इस्लामपुर सब-डिविजन के ग्वाल पुखर थाना में वहां पर जो जमीनें है, उनमें एक बीघा-एक एकड़ मे सिर्फ दो या तीन मन ही धान होता है। इस वक्त तो इतना फ्लड आया है कि वहा की बहुत सी जमीने पानी में डूब गई है। अभी तक वहां के लोग एक एकड़ जमीन भी रोप नही सकें है। वहां के कास्तकार आज-कल तबाह है, मगर उन पर भी ज्यादा खजाना लगाया जाता है, जब कि वहां के लोग अपनी जमीन आवाद नही पाये है। इसलिए मे लैण्ड रेभन्यू मिनिस्टर साहब से अपील करूँगा कि उन जमीनो का ख्याल रखेंगे। जहा की जमीन आवाद है, उन जमीनो का खजाना बढ़ाया जाय लेकिन जहा की जमीने आवाद न हो वहा ज्यादा खजाना न बढ़ाया जाय।

तीसरी नम्बर बात मे यह कहना चाहता हूँ कि जैसे एक आदमी के चार लड़के है और उसके पास ४० एकड जमीन है। अगर वह आदमी मर गया चार लड़के और दो लड़कियों को छोड़कर। लेकिन कानून में वह २५ एकड़ के हिसाब से जोतदारी मे आता है। लेकिन उसके मरने के बाद उसके चार लड़के और दो लड़किया कानूनन आठ एकड़ और चार एकड़ पाती है। यह हिसाब फी लड़का और फी लड़की पाती है। मेरा कहना यह है कि इस पर हमारी युक्त फ्रन्ट की सरकार ख्याल करेगी। और कानून मे यह व्यवस्था करने की जरूरत है कि उसको जोतदार न कहा जाय जो ८ एकड़ जमीन का मालिक हो और सेपरेट हो। इस्लामपुर सब-डिविजन मे मुस्लिम ला के मुताविक यह हक होना चाहिए कि जमीन को डिभाइड किया जाय। पहले यह देखा जाय कि वह जोतदार है या नही, अगर सेपरेट है तो उसकी जमीन को दखल किया जाय। पहले यह देख लेना चाहिए कि उसके पास मे कितने आदमी है और वह सेपरेट है, या नही अगर है, तो जमीन दखल किसी तरह से नहीं करनी चाहिए।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আনন্দিত এবং গভীর সন্তোষ প্রকাশ করছি যে কংগ্রেস সরকার জাতীয় কংগ্রেসের গৃহীত মূল নীতির উপর নির্ভর করে যেসব প্রগতিশীল আইন প্রণয়ন করেছিলেন আজকে যুক্তফ্রন্ট সরকার সেগুলি সম্প্রসারণ করার জন্য আগুয়ান হয়েছেন, এজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে সাধুবাদ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ্যামেন্ডমেন্ট বিল বলতে নিশ্চয়ই আমরা এটা বুঝি যে মৌলিক কিছু অবদান এতে নেই, এই মৌলিক অবদান যদি কেউ করে থাকে সে হচ্ছে কল্যাণধর্মী প্রগতিশীল কংগ্রেস সরকার। স্যার, আপনি জানেন ল্যান্ড রিফর্মস এ্যাক্ট বর্গাদারদের স্বার্থ সম্বন্ধে, সেখানে দা, কুড়াল, রিভলভার, টাংগি, সড়কি, বল্লম নিয়ে প্রসেসানের প্রয়োজন হয় না। স্বতঃপ্রবৃত্ত হয়ে

কংগ্রেস যাদের স্বার্থ রক্ষা প্রয়োজন মনে করেছিলেন তাদের স্বার্থ আজকে ও'রা রক্তাক্ত বিপ্লবের পথে সমাধান করতে চাইছেন। স্যার, আপনি জানেন ভূমি সংস্কার আইনের মধ্যে বর্গাদারদের যে স্বার্থ সৃষ্টি হয়েছে সেটা প্রায় রায়তের সমান এবং তারজন্য টাংগি, বল্লমের দরকার হয় না, সড়কির দরকার হয় না। তবুও আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাব, কেননা যে জায়গায় ফাঁক ছিল সেটা তিনি পূরণ করার চেষ্টা করেছেন। আমি একটা প্রশ্ন ক্ল্যারিফিকেসানের জন্য তাঁর কাছে রাখছি সেটা হচ্ছে ক্রিমিন্যাল ল-এ আমরা দেখেছি কোন জায়গায় যদি জোতদার কিংবা তার কোন এজেন্ট আধিয়ারের ফসল কেটে নিয়ে যায় সেখানে আই পি সি ৩৭৯তে যারা কাটে ইনক্লুডিং মালিক তাদের প্রসিকিউট করা চলে, তাদের সম্বন্ধে ফৌজদারী ব্যবস্থা নেওয়া হয়। ভবিষ্যতে এই সেকসানের ফলে যে সংযোজন আপনি চেয়েছেন তাতে ঐ ধারাটা বলবৎ থাকছে কিনা এটা দয়া করে একটু আলোকপাত করবেন। কারণ, তাদের প্রোটেকসান ফৌজদারী আইনে আছে, ইন্ডিয়ান নেপাল কোড ৩৭৯তে সে ব্যবস্থা আছে। আমি বহুজনকে এই কেসে আসামী হতে দেখেছি। সেজন্য বলছি এদিক থেকে মাননীয় মন্ত্রিমহোদয় দুটো আইনের সংগে সামঞ্জস্য কতটা থাকবে সেটা দেখবেন। যদি এতে বর্গাদারদের স্বার্থ সুদৃঢ় হয় তাহলে আমি সন্তোষ প্রকাশ করছি, আর যদি কন্ট্রাডিকসান হয় তাহলে সেটা সংশোধন করার ব্যবস্থা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা উঠেছে, আমাদের সাত্তার সাহেব অনেক কথা বলেছেন, উনি একটা পয়েন্ট তুলেছেন খাজনা সম্বন্ধে। এখানে ননএগ্রিকালচারাল ল্যান্ড সম্বন্ধে কিছু বলা নেই। যে ওনারসিপ কিংবা ফ্যামিলির সম্পত্তি কিংবা জমির হিসাব করা হবে সেখানে ননএগ্রিকালচারাল ল্যান্ড, হোমস্টেড, অর্চাড, এগুলির রিলেসান এতে কি হবে সে সম্বন্ধে আপনি উত্তর দেবেন। সাপোজ আমার ১০ একর এগ্রিকালচারাল ল্যান্ড এবং ১৫ একর ননএগ্রিকালচারাল ল্যান্ড আছে, সেগুলির খাজনার রিলেসান কি হবে সেটা স্পেসিফিক্যালি বলা নেই। আর একটি প্রশ্ন সেটা হচ্ছে আপনি ফ্যামিলি বলেছেন। আপনি কালকে বহরমপুর সম্বন্ধে বললেন যে বহু দেবত্তর, ওয়াকফ যে চ্যারিটেবল ট্রাস্টী আছে সেগুলির খাজনার রিলেসান কি হবে সে সম্বন্ধে স্পেসিফিক্যালি কিছু বলেননি, সে সম্বন্ধে আপনি আলোকপাত করবেন। মুসলমানদের ক্ষেত্রে পাবলিক ওয়াকফ এবং দেবত্তর ক্ষেত্রে আপনি বললেন যে দেবত্তর মাল্টিপ্লিকেসান হয়েছে, লোক সংখ্যার অনুপাতে দেবত্তর বেড়েছে, এই দেবত্তর ক্ষেত্রে যেসব জমি রেখে দিয়েছে, আমি একটা কেস জানি ২২শো বিঘা কোর্ট দিয়েছে তাকে সেগুলি আপনার আইনে কি হবে।

[5-50 6 p.m.]

আর একটা প্রশ্ন দাঁড়াচ্ছে বীরভূম ইত্যাদি অঞ্চলে শশাংকবাবু, ভক্তিবাবু ও'রা তো সেখানে স্বর্গ করে নিয়েছেন ময়ূরাক্ষী ইত্যাদি করে। এখানে মালটিপল্ ক্রপস হয়, তিন বার সেখানে ফসল হচ্ছে। এ'রা বলেছেন উৎপাদনভিত্তিক হচ্ছে। সেক্ষেত্রে আমি জানতে চাচ্ছি, যেখানে মালটিপল্ ক্রপস্ হয়, ইরিগেশন ফেসিলিটিজ আছে, সেখানে খাজনার রিলেশন কী হবে? আগে যেখানে ১ লক্ষ একর জমি সেচ পাচ্ছিল, কংগ্রেস আমলে সেখানে ১৮/১৯ লক্ষ একরে সেচ পাচ্ছে। এত সুবিধা দেওয়া হয়েছে। কাজেই এই মালটিপল্ ক্রপস-এর ক্ষেত্রে খাজনার রিলেশনটা কী দাঁড়াবে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় যেন একটু আলোকপাত করেন।

তারপর বাঁকুড়া জেলার কথা অনিলবাবু বলেছেন। উনি তো প্রফেসর মানুষ, ছাত্রদের চেনেন। উনি অথচ জমি চিনলেন কি করে? বাঁকুড়ার জমি কাঁকরে ভরা, সেচেরও ভাল ব্যবস্থা নাই। সেখানে সেচের রিলেশন কী হবে?

ওয়েষ্ট দিনাজপুর মালদহে এখনো সেচের কোন ব্যবস্থা হয় নাই, বিদ্যুৎও আসেনি, সেখানে রিলেশনটা কী দাঁড়াবে? এ বিষয়ে মন্ত্রিমহাশয় একটু আলোকপাত করবেন।

সাত্তার সাহেব বলেছেন, ২৫ বিঘা জমি শুধু ভাইদের মধ্যে নয়, একজন হয়ত তার অর্ধেক বিক্রী করেছে, সেখানে স্ল্যাব কি হবে? একটা প্লটের হয়ত ২৫ জন মালিক, সেক্ষেত্রে কী অবস্থা হবে? আমার এত কথা বলার উদ্দেশ্য হলো, এই আইনের গলদ বা ত্রুটিগুলি সংশোধন করতে চাচ্ছি, আরো সম্প্রসারণ ও পরিবর্ধন কি করে করা যায়, তার চেষ্টা করছি।

আর একটা জিনিষ আছে ফেমিলির কথা তিনি এখানে উল্লেখ করেছেন। সেখানে ইনটারেষ্ট হচ্ছে- -ফেমিলি সম্বন্ধে ডেফিনেশনে যে কথা বলেছেন এবং প্রোভাইসোতে তিনি যেটা রেখেছেন

Provided that if the Revenue Officer is satisfied—

এই রেভিনিউ অফিসার সম্পর্কে সাত্তার সাহেব সমালোচনা করেছেন। আমাদের তো প্রগতিশীল জনকল্যাণকামী অনেক বিধান আছে। তার এফেকটিভ্ সুপারভিশন-এ বা প্রয়োগে কিছু ত্রুটি দেখা গেছে,

It should elicit respect from Revenue Officer—

এখানে দুটো জিনিষ দেখবেন, রেভেনিউ অফিসারের উপর সর্বময় কর্তৃত্ব অ্যাপিলেট অথরিটি তিনি দিচ্ছেন। তাঁর সুপারভাইসরি অথরিটির উপর যথেষ্ট গুরুত্ব দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হলো এই প্রোভাইসোর যা এক্সপ্ল্যানেশন দিয়েছেন

Provided that if the Revenue Officer is satisfied that any such person has formally severed his or her ties with the family and has no present or future interest in any property owned by any other member of the family, such person shall not be deemed to be a member of the family.

আপনি জানেন স্যার, মুসলমানদের ক্ষেত্রে এ ব্যাপারে কিছু অসুবিধা দেখা দিতে পারে। পলিগেমাস ফেমিলি যেগুলি আছে সাপোজিং ওরিজিনাল ওনার ফার্ষ্ট ওয়াইফের সঙ্গে না থেকে হয়ত সেকেণ্ড ওয়াইফের সঙ্গে বাস করছে কেউ, সেখানে আমি জানি একজনকে যিনি ১৯টি বিয়ে করেছেন; ১৯টা তাঁর বাড়ী, এক্ষেত্রে পলিগেমাস ফেমিলি যেখানে,

(Interruptions)

স্যার, আপনি যদি প্রোটেকশন না দেন, তাহলে আমি বক্তৃতা করব কি করে।

যেখানে পলিগেমাস ফেমিলি একজনের ওরিজিনালি একটি বাড়ী থাকলেও দু-তিনটি সেপারেট এস্টাব্লিসমেন্ট করে থাকছেন, কোন ওয়াকফ না করেও মিউচুয়ালি সে প্রোপার্টির ওয়ারিস হয়ে যাচ্ছে। শুধু বাইণ্ডিংস-এর জন্য, কিন্তু এখানে কোন রিলেসন নাই, একেবারে লাঠিকাটারি সম্পর্ক—অ্যাজ মাচ অ্যাজ বিটুইন সি পি এম অ্যান্ড কংগ্রেস। এই অবস্থা বিটুইন ফেমেলিস কেন, একটা ফেমেলির মধ্যেই আছে, আমাদের এই হাউসের মধ্যেই আছে। আমি নাম করতে চাই না, এমনি অবস্থা আছে যেখানে আপনি বলছেন ওন প্রপারটি ..... ..

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** স্যার, উনি বলছেন যে এই হাউসের মধ্যেই একজন মেম্বার আছেন।

**Mr. Deputy Speaker:** I would request Dr. Zainal Abedin not to disclose that. Anything relating to private life or personal affairs of a member should not be discussed in the House.

**শ্রীজয়নুল আবেদিনঃ** এই কমপ্লিকেসনগুলির দিকে একটু দেখুন। আমি বলছি ১নং স্ত্রীর সঙ্গে সে বাস করছে, ২নং স্ত্রীর সঙ্গে কোন সম্পর্ক নাই। কিন্তু প্রচলিত আইন যা আছে মুসলিম ল, সাকসেসন ল যা আছে তাতে ন্যাচারালি ইনহ্যাবিট করবে আফটার ডেথ তার সঙ্গে কোন সম্পর্ক না থাকলেও। এখন এখানে তার রিলেসনটা কি হবে। আপনি বলছেন—ইফ্ ওয়ান ওনস্ দি প্রোপার্টি আফটার হিজ ডেথ। তাহলে বিনা অপরাধে আমি ফল ভোগ করি নি তবুও আমি শাস্তি পাচ্ছি। এই অবস্থার পরিত্রাণের জন্য আপনি একটু ব্যবস্থা করবেন। আর একটা কথা—আমাদের সেলিমুদ্দিন সাহেব বলেছেন ইসলামপুরের ব্যাপার।

বিভিন্ন রকমের খতিয়ান দেওয়া হয় রেকর্ড অব রাইট, তাতে আমরা দেখেছি রায়ত স্থিতিবান, মকররী ইত্যাদি এইসব টারমিনলজি এক একটি করে ইমপ্লিকেসন, মকররী যে রয়েছে সেখানে কোন রকম খাজনা বৃদ্ধি করতে পারবেন না, আমরা যে খতিয়ান পেয়েছি তাতে এইসব জিনিস দেখেছি। এর সংগে আপনার ঐ আইনের কোনরকম কন্ট্রাডিকসন হচ্ছে কিনা, ঐ প্রজাস্বত্ব আইনের সংগে কোনরকম কন্ট্রাডিকসন হচ্ছে কিনা দেখবেন। খাজনা বৃদ্ধির সময় সেখানে যে মোকররী বা রায়ত স্থিতিবান এই সমস্ত যে সর্তগুলি রয়েছে আগের আইনের হিসাবে তার সংগে কোন কন্ট্রাডিকসন হচ্ছে কিনা সেই জিনিসটা আপনি একটু আমাদের আলোকপাত করবেন। আর রিটার্নের কথা আপনি রিভিনিউ অফিসারের কাছে রিটার্ন ইনিসিয়ালী বি ফর্ম রিটার্ন এই যে সব চাওয়া হয়েছিল এতে রেভিনিউ অফিসার, আমি অবশ্য সব অফিসারকে অসং বলছি না, তাতে ঐ রেভিনিউ অফিসারদের বিপুল দৌরাত্মের সুযোগ দিচ্ছেন। এখানে রিটার্নিং অথোরিটির কাছে মানুষ যাতে সহজে রিটার্ন দিতে পারে উইদাউট এনি হেজিটেসন, এই রিটার্ন দিতে গেলে ভুল হয়েছে আজকে নয়, এইরকম বলে লোক যেন ১০ দিন না ঘোরে। সাধারণ মানুষ যাদের জমিজমা আছে স্বভাবতঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অধিকাংশ ক্ষেত্রে তারা একটু লেখাপড়া কম জানে, এতে রিটার্নিং দৌরাত্ম যাতে না হয় বেকার যেন হয়রানি তাদের না করে সেই দিকে একটা চেক রাখার ব্যবস্থা করুন এই অনুরোধ আপনাকে করি। মোটামুটি-ভাবে আমি আগেও বলেছি এই আইনগুলি সম্পর্কে—১৯৬৩ সালে, শঙ্করদাস ব্যানার্জী মহাশয়, স্পেসিফিক্যালি দেয়ার ইজ নো স্কোপ ফর ট্যাকসেশন।

স্যার, আপনি জানেন কামরাজ প্ল্যানে কংগ্রেস কত বড় ত্যাগ করতে পারে শঙ্করদাস ব্যানার্জী মহাশয় তার উজ্জ্বল নিদর্শন যতদিন তিনি কংগ্রেসে ছিলেন। আজকে সেজন্য এর বিরোধিতা করার কোন প্রশ্ন ওঠে না কারণ আমাদেরই মূলনীতিকে অবলম্বন করে ২০/২২ বছর বাদে, হয়ত আরো বেশী সম্প্রসারণ পরিবর্তনের সুযোগ আসতে পারে, আমি পরম সন্তোষ বোধ করছি এই আইন আমাদের আইন, এই নীতি আমাদের নীতি এবং আজকে ও'রা ঐ মূলনীতিকে গ্রহণ করে এই প্রগতির পথে সমাজকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষের সংবিধান এবং গণতন্ত্রে আমাদের লক্ষ্য গণতান্ত্রিক সমাজ-বাদ এবং এই লক্ষ্যে যদি উপনীত হতে হয় তাহলে কংগ্রেসের পথই একমাত্র পথ, আর কোন পথ নাই। মন্ত্রিমহাশয় সেকথা সমর্থন করছেন এতে আমি সন্তোষ প্রকাশ করে এই বিলটি সমর্থন করছি।

[6– 6-10 p.m ]

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমি এ কথাটুকুই বলতে চাই যে আমরা যুক্তফ্রন্ট নির্বাচনের আগে যে প্রতিশ্রুতি দিয়াছিলাম সেই প্রতিশ্রুতিকেই আমরা ৪/৫ মাসের মধ্যেই কার্যকরী করতে পেরেছি। আমি একথাই বলেছিলাম যে আমি চেষ্টা করবো যে জমিদারি ক্রয় আইন ও ভূমিসংস্কার আইন এই দুটির সামগ্রিক সংশোধন করার। আমি অবশ্য গত মার্চ মাসের বিধানসভার অধিবেশনে একথা বলিনি যে ২/৩ মাসের মধ্যেই করতে পারবো, আমি একথাই বলেছিলাম যে ১ বছরের মধ্যে এই দুটি আইনের সামগ্রিক সংশোধন আমি আনবো। আমি ভেবেছিলাম যে সেই সামগ্রিক সংশোধনের সময়ই এই খাজনার সংশোধনটা একই সংগে যুক্ত করা হবে। আমি চেষ্টা করেছিলাম মাননীয় সভাপাল মহাশয়, এই অধিবেশনের মধ্যেই ভূমিসংস্কার আইন এবং জমিদারী ক্রয় আইনের সামগ্রিক সংশোধন মাননীয় সদস্যদের সামনে উপস্থিত করবার জন্য, কিন্ত আমি পেরে উঠিনি, সেদিক দিয়ে আমি আমার অক্ষমতা স্বীকার করবো। নানা রকম কাজের চাপে এবং যুক্তফ্রন্ট বিরোধী নানা রকম চক্রান্তের সম্মুখীন হয়ে.... .

(এ ভয়েস— আবার চক্রান্তের কথা।)

আমি আপনাদের কিছু বলিনি, আমি পারিনি তার কারণ সময়ের অভাব ছিল। তা ছাড়া স্যার, আপনি জানেন, আমাদের যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে কত চক্রান্তের সম্মুখীন হয়ে চলতে হয়েছে।

স্বভাবতঃই যে সময়ের দরকার ছিল সেটা আমি পাইনি, কাজেই করে উঠতে পারিনি। কিন্তু আমি যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সে প্রতিশ্রুতি আমি রাখবো, অর্থাৎ, আমাদের গভর্নমেন্ট হবার ১ বছরের মধ্যেই জমিদারি ক্রয় আইন ও ভূমিসংস্কার আইনের সামগ্রিক সংশোধন আপনাদের সামনে নিয়ে আসবো আপনাদের অনুমোদনের জন্য। কিন্তু যেহেতু সবটা আমি পারলাম না সেইহেতু আমাকে স্থির করতে হয়েছিল যে অন্ততঃপক্ষে খাজনার ব্যাপারটা আমাদের এই অধিবেশনে আনা দরকার। কারণ যুক্তফ্রন্ট সরকার হবার পর আমাদের কর্মচারীদের ও স্কুলের মাস্টার মহাশয়দের জন্য সামান্য হলেও কিছুটা আমরা করতে পেরেছি কিন্তু যারা গ্রামের গরিব মানুষ তাদের জন্য একদিকে যেমন বেনামী উদ্ধার ও তাদের কিছু খাস জমি বিলি করা—আমি জানতাম বেশী জমি দিতে পারবো না, এসব দিকে যেমন চেষ্টা করা দরকার তেমনি বেশীর ভাগ কৃষক অন্ততঃ যাদের জমি আছে তাদের যদি অর্ধেক লোককেও আমরা কিছুটা নিস্কৃতি দিতে পারি, টোকেনও যদি হয়, তারও দরকার আছে। সেজন্য মনে করেছিলাম এই খাজনার আইনটা এই অধিবেশনেই আনার প্রয়োজনীয়তা আছে। আমি যতটুকু জানি বা আমার যা জ্ঞান তাতে আমি জানিনা যে ভারতবর্ষের অন্য কোন রাজ্যে এটা আছে কিনা, যেখানে কোন কৃষককে খাজনা ছাড় দেওয়া হয়েছে বা মাফ দেওয়া হয়েছে। আমি যতদূর জানি ভারতবর্ষের আর কোন রাজ্যে এটা হয় নি। তবে মুখের ঘোষণা হয়েছে, ইউ পি-তে মুখের ঘোষণা হয়েছে, তবে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাই প্রথম যেখানে আমরা ৩ একর পর্যন্ত জমির কৃষকদের খাজনা ছাড় দিলাম। শুধু তাই নয়, এই পশ্চিমবাংলাই প্রথম যেখানে অন্ততঃপক্ষে খাজনাটাকে খানিকটা কৃষি আয়করের ভিত্তিতে গ্রেডেড স্কেল্ ক্রমবর্ধমান হারে ধার্য করা হল। ভারতবর্ষের আর কোথাও এটা নেই। সেজন্য আমরা নিশ্চয়ই গর্ববোধ করতে পারবো এবং যাঁরা এই বিলকে সমর্থন করছেন নিশ্চয়ই তাঁরাও গর্বের অংশীদার হবেন, বলেই আমি বিশ্বাস করি। স্যার, আমার বন্ধুরা আমাকে এসব কথা বলতে উৎসাহিত করেছেন বলেই আমি এসব কথা বললাম। এর পর এখানে যেসমস্ত কথা উঠেছে সে সম্পর্কে বলব। বিরোধীপক্ষ ও আমাদের পক্ষেরও কেউ কেউ বলেছেন যে ভূমি সংস্কার আইন ও জমিদারী ক্রয় আইনে মিউটেশান-এর নাকি কোন বিধান নেই। আমি অবশ্য এই আইনগুলির রচয়িতা নই তবে এই আইনগুলির যখন সর্বাঙ্গীন সংশোধন করবো তখন দেখবো। আমি দেখছিলাম সবই এর মধ্যে রয়েছে, আমি মাননীয় সাত্তার সাহেবকে বলি যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এর সেকশান ৩৩ তাতে আছে ঐ খাজনা ইত্যাদি করা অ্যামেলগ্যামেশন, পারটিশন, সাবডিভিশন, অ্যাকুইজিশন সমস্ত এবং এর রুলসও আছে। আরো জেনে রেখে দিন, আরো যেটা আছে সেটা হচ্ছে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট।

ল্যান্ড রিফর্মস অ্যাক্টের সেকসান ৫০তে আছে,

The Revenue Officer specially empowered by the State Government in this behalf shall maintain up to date, in the prescribed manner, the village record of rights by incorporating therein the changes on account of mutation of names as a result of transfer or inheritance, partition, exchange, consideration, etc.

এইগুলি আছে। তা'সত্ত্বেও যদি ত্রুটি থাকে এবং যদি আমাদের আইনজ্ঞরা বলেন যে না এটাকে আরো সংশোধন করার প্রয়োজন আছে, পরিষ্কার করার প্রয়োজন আছে তাহলে নিশ্চয়ই তা করবো। কিন্তু আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেব মিউটেসন যেমন ন্যায়সংগত কেসে করার প্রয়োজন আছে, যদি সেখানে দেরী হয় তা যেমন দূর করার প্রয়োজন আছে তেমনি আবার এটাও বুঝতে হবে যে এই মিউটেসন এমন একটা পদ্ধতি যে পদ্ধতির মারফত্ বড় বড় জোতদাররা জমি চুরি করার ব্যবস্থা করেন এটা যেন খেয়াল রাখি। সেই জন্য ন্যায়সংগত কেসে যদি মিউটেসন হয় তার যেমন ব্যবস্থা হওয়ার দরকার তেমনি প্রয়োজন ক্ষেত্রে মিউটেসনের ছিদ্র বন্ধ করার ব্যবস্থা করা চাই, তারও প্রয়োজনীয়তা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেউ কেউ প্রশ্ন তুলেছেন তিন একর জমির খাজনা ছাড় হয়ে যাবে বেচারীদের রসিদ কোথায় আসবে, তার চেয়ে বোধ হয় খাজনা দেওয়াই ভাল ছিল। এত বিচলিত হবেন না, রসিদ তারা পাবেন। যারা পড়েছেন তারা দেখেছেন এতে আছে এদের খাজনা বাদ যাবে কিন্তু খাজনার হিসাব থাকবে এবং

তাকে যে রোড সেস, এডুকেসন সেস দিতে হয় যা কম সেটা তাকে দিতে হবে। এতদিন হত কি—রসিদে লেখা থাকত খাজনা ৩ টাকা, শিক্ষা সেস ১৮ পয়সা, অমুক অমুক ইত্যাদি। এখন প্রথমে থাকবে শূন্য, তারপরে ১৮ পয়সা। অতএব যারা বলছেন থাকবে না আমি বলছি এটা থাকবে। তারপরে আমি আগেই যেটা বলেছি তা হচ্ছে আমি সমগ্র সংশোধনী বিল নভেম্বর সেসানে সম্ভবতঃ নিয়ে আসব। পাঞ্জাবে যে বিধান আছে আমাদের বাংলাদেশে তা নেই। আমাদের বাংলাদেশের নিয়মে কি আছে—প্রত্যেকটি জমির জন্য এক একটি পরচা কিন্তু কোন লোকের কতটা জমি আছে তার কোন একটি জায়গায় হিসাব নেই। তার কোন দলীল নেই, হাতচিট নেই, ফলে চুরি করার সুবিধা আছে। ধরুন আমার নামে হয়ত ১০০ দাগ নম্বরের জমি আছে, তার খতিয়ান নং আলাদা, আমি যদি তার পরচা আলাদা করে রেখে দিই তাহলে বুঝা মুস্কিল আছে যে আমার নামে কত জমি আছে। আমার হাতচিট নেই, জাবদা খাতা ও খতিয়ান বই নেই, এতে করে মুস্কিল আছে। কিন্তু আমি এটাকে বদ্‌লাতে চাই, আমার বিধানে আমি এটা রাখবার চেষ্টা করব যে প্রত্যেকটি কৃষক পরিবারের পৃথক ল্যান্ড রেকর্ড বই থাকবে, খতিয়ান বই থাকবে যেমন করে ব্যাংকে পাশ বই থাকে। এইভাবে প্রত্যেক কৃষক পরিবারের নামে কত বিঘা জমি কোন দাগ নম্বরে থাকবে এইভাবে আইন করে দেব। কোন জমি বিক্রি হবে না যদি এই রেকর্ড বুক না দেখানো হয় রেজিস্ট্রি অফিসারের কাছে। ঐখানে একদিকে লেখা হবে যে জমি বিক্রি করল, তার তিন বিঘা জমি কমল, আর যিনি কিনলেন তাঁর রেকর্ড বুকে বাঁ দিকে জমা হবে যে তিনি এত জমি ক্রয় করলেন। তাহলে যা কিছু ফাঁকিবাজী থাকবে তা আমরা বন্ধ করতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে আমি পরিবারের সংজ্ঞার কথা বলব। আমি দেখেছি যে এটাই সবচেয়ে বেষ্ট করা যায় কি করে, ফাঁকি হবে সেটা তো আমি জানি কিন্তু আমি যতদূর দেখেছি ধরুন আনম্যারেড মেয়েকে একই পরিবারে ধরেনি। কারণ ম্যারেড হলে সে অন্য পরিবারে চলে গেল কিন্তু আমি দেখেছি স্বামী, স্ত্রী, ছেলে, আনম্যারেড মেয়ে, ছেলের ছেলে ও আনম্যারেড মেয়ে এই সবগুলি একটি পরিবারে ধরা হবে। হয়ত বলবেন ফ্রাগমেন্টেসন হবে, এটা ফ্রাগমেন্টেসনের উল্টো, ফ্রাগমেন্টেসন করবেন কোথায়, আমি তো ঐখানেই আটকালাম। তবে এটা বলেছি আমি একটি দেখেছি যে একটি ছেলেই হোক আর একটি মেয়েই হোক, বাড়ীর সঙ্গে কোন সম্পর্ক নেই, আমি জানি এখানে একটা ফাঁক হল—দিস ইজ এ রিয়েলিটি। এটা অস্বীকার করতে পারি কি? যেমন এমনও পরিবার আছে যে পরিবারের কোন ত্যাজ্যপুত্র নেই, এমনও লোক আছে যাদের পরিবারের সঙ্গে কোন সম্পর্ক নেই, সে অন্য জায়গায় বাস করে কিন্তু তার সম্পর্ক নেই। আমি বলছি এটা কম হতে পারে। বাট দিস ইজ এ রিয়্যালিটি। অতএব রিয়্যালিটি যদি স্বীকার না করেন তাহলে মুস্কিল আছে। কিন্তু আমি জানি ঐ ফাঁক ধরবার চেষ্টা হবে। ঐ ফাঁক বেশী দূর যাতে না যেতে পারে সেটা নিশ্চয়ই চেষ্টা করে দেখব, এর চেয়ে ভাল সংজ্ঞা আর করা যায় না। আর যেখানে দুর্নীতির মধ্যে সমাজ চলেছে, শোষনের মধ্য দিয়ে সমাজ চলছে আইন করে ফুলপ্রুফ করতে পারেন না যদি তা কার্যকরী করার ব্যবস্থা ঠিক করতে না পারেন।

[6-10—6-23 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা একটা কথা বলেছেন, জমির কোয়ালিটির কথা বলেছেন। আমি এটা মনে করি খুব ন্যায়সংগত কথা। কিন্ত দেখুন এর সমাধান তো আইনে হয় না। এঁরা স্টেট অ্যাকুইজিসন এ্যাক্ট করেছেন, ল্যান্ড রিফর্মস এ্যাক্ট করেছেন সেইগুলো করার সময় জমির আমরা সিলিং করেছি, সেইগুলো করা সময় এই বিবেচনা করি নি যখন আমরা মেছো ভেড়ি বাদ দাও বা অমুককে বাদ দাও, এই সব করেছি জমির কোয়ালিটি করি নি। ভারতবর্ষের অনেক জায়গায় আছে স্ট্যান্ডার্ড একর বলে আলাদা আছে, আপনি ঐভাবে করতে পারবেন না। একই নামে দেখবেন, এক জায়গায় জমি এক রকম এবং আর এক জায়গার জমি আর এক রকম অর্থাৎ জমিতে তফাত আছে, এমন কি এখানে ওখানে তফাত আছে। মালদহ জেলার মহানন্দার এপাড় এবং ওপাড়ের জমির মধ্যে তফাত আছে। তেমনি আবার বাঁকুড়ায়ও ঐ জিনিস দেখবেন। আবার দেখবেন বর্ধমানের পানাগড়ের এদিকটা এবং ওদিকটা জমির মধ্যে তফাত আছে। সেইজন্য অন্যান্য স্টেট হয়ত কিছু আছে, হয় ওয়েট ল্যান্ড বা ড্রাই ল্যান্ড বলে কিছু ভাগ আছে কিন্তু

এখানে স্ট্যান্ডার্ড একর করার কিছু মুসকিল আছে। স্ট্যান্ডার্ড একরের একটা এভারেজ প্রোডাকসন ধরে নেয়। এইরকম জমি হলে স্ট্যান্ডার্ড জমি হবে, আবার বাকী খারাপ জমি যদি হয় ২ একর ইজ ইকুয়াল টু ১ স্ট্যান্ডার্ড একর এই রকম করে থাকে। কিন্তু এতে বিপদ কি জানেন—যদি মানুষেরা ঠিকমত করে তাহলে অসুবিধা হবে না কিন্তু যেখানে করবেন কোন না কোন জায়গায় আপনি বিচারের ভার কাকে দেবেন—অফিসারকে দিতে হবে। অতএব স্ট্যান্ডার্ড একর করার একটা বিপদ আছে সেটা হচ্ছে যেটা আসলে ভাল জমি দেখা যাবে সেটা স্ট্যান্ডার্ড একরের মারফত খারাপ জমি বলে রেকর্ডেড হয়ে যাবে। এই রকম পাঞ্জাব এবং ইউ. পি-তে হয়েছে স্ট্যান্ডার্ড একরের নাম করে। অনেক বড় বড় জোতদার পয়সা ইত্যাদি দিয়ে ব্যবস্থা করে ভাল জমিকে খারাপ জমি বলে রেকর্ড করিয়ে স্ট্যান্ডার্ডের মারফতে সিলিং থেকে বেরিয়ে চলে গেছে। কিন্তু তা সত্ত্বেও আমি বলব এ ছাড়া উপায় কিছু নেই, সেটা আমিও জানি যে কোন জায়গায় বিঘাতে ১২।১৪ মণ ধান হয় এমন জমি আছে এবং কোন জমিতে বিঘা প্রতি ১।২ মণ ধান হয় এমন জমি আছে আবার কোন জমিতে ধানই হয় না এমন জমিও আছে। এটা নিশ্চয়ই আমাদের ভাবতে হবে এবং আমি নিশ্চয়ই সকলের কাছ থেকে সাজেসন্স নেব এর সলিউসন কি হতে পারে। যেমন পুরুলিয়ার ক্ষেত্রে আমি নিজেও ভেবেছি যে সত্যই যেগুলি ডাঙ্গা জমি বলে গণ্য, যাতে চাষ হয় না অথচ আমাদের পুরানো রেকর্ড অনুযায়ী তাকে এগ্রিকালচারাল ল্যান্ড বলে গণ্য করা হয়। নিশ্চয়ই এটা সংশোধন করা যায় সেটেলমেন্টের রেকর্ডের দিক দিয়ে কিন্তু যেখানে প্রোডাকসন হয় ২ মণ কি ৫ মণ এটা তো ডাঙ্গা জমি নয়, এগ্রিকালচারাল ল্যান্ড। সুতরাং এর রকম ফের কিছু করতে গেলে স্ট্যান্ডার্ড একরের দিকে যাওয়া ছাড়া কোন গত্যন্তর নেই, কিন্তু অসুবিধা আছে এটা নিশ্চয়ই ভেবে দেখব কি করা যায় না যায়। কিন্তু এক্ষণি করা যাবে না। আমি দেখিয়ে দেব বাঁকুড়াতে এমন জমি আছে যেখানে ইরিগেটেড হওয়াতে যে প্রোডাকসন হয় আর আমাদের বর্ধমানের এমন জমি আছে, সেখানে ইরিগেসন নেই, তার থেকে অনেক বেশী ধান হয়। সুতরাং কেবল ইরিগেসন, নন-ইরিগেসন করলেই হয় না। বীরভূমে এমন জমি আছে যেখানে ইরিগেসন পেয়েও তার যা প্রোডাকসন হয় নন-ইরিগেটেড এমন জায়গা আছে যেখানে প্রোডাকসন অনেক বেশী হয়। অতএব সেটা করা চলতে পারে না। কেউ কেউ বলেছেন খাজনাটা বড় গায়ে লাগবে। না, গায়ে তো লাগবে না কারণ আমি আগেও বলেছি যে প্রস্তাব এসেছিল যে ২০ রুপিজ পার একর করা হউক। আমাদের গভর্নমেন্টের অফিসাররা গভর্নরের আমলে এই সুপারিশ করেছিল। ভারতবর্ষের অন্য জায়গায় বহু আছে। আমরা কিন্তু তা করি নি এমন কি দেখবেন যেখানে বলা হয়েছে যে ৪ গুণ হবে সেখানে প্রায় ২০ রুপিজ পার একর হতে পারে। কোনখানে আবার অ্যাবাভ ২০ রুপিজ পার একর, অর্থাৎ যাদের পরিবারে ৬০ বিঘার বেশী জমি আছে তাদের ক্ষেত্রে বলা হয়েছে যে এটা ফোর টাইমস হবে। তাহলে বুঝে বলুন তো ৬০ বিঘার বেশী যাদের জমি আছে তাদের নিশ্চয়ই একসেপসন বা ব্যতিক্রম পাওয়ার সুযোগ আছে। কিন্তু ব্যতিক্রম বাদ দিন, এদের বাড়তি হয় এবং এরা কেউ অগ্রহায়ণ, পৌষে বিক্রি করে না, এবং আষাঢ়, শ্রাবণে বেশী দামের অ্যাডভানটেজ নেয় তা যদি নেয় তাহলে তারা প্রত্যেক বছর পয়সা জমাচ্ছেন। সুতরাং তারা একরে ২০ টাকা বা দেবেন না কেন? অর্থাৎ ৬ টাকা ৭ টাকা কেন দেবেন না? আমি জানি তার মধ্যে থাকতে পারে খারাপ জমিটমি ইত্যাদি। সেগুলো ভাবতে হবে। আমার মনে হচ্ছে খুব বেশী হচ্ছে না। যদি কিছু হয় সেটা পরে দেখতে হবে। কার্যকরী না করলে কিছু করতে পারা যাবে না।

(বিরোধী পক্ষ হইতে একটি কণ্ঠ—নিষ্কর জমির ব্যাপার কি হবে?)

নিষ্কর বলে এখন কিছু থাকছে না। আইনে নিষ্কর কিছু থাকবে না। ফ্যামিলি হিসাবে গণ্য করতেই হবে। কেন হবে না? কাঁরো যদি তিনটে স্ত্রী থাকে ১০ ছেলে থাকে, দিস হ্যাভ টু বি কনসিডারড অ্যাজ ওয়ান ফ্যামিলি। ওয়ান ফ্যামিলি হলে তাতে কি হবে? খাজনা তাকে বেশী দিতে হবে। তবে ধরুন সেগুলো খুব একটা বেশী নেই। মুসলমানদের মধ্যেও বেশী নেই। বড়োদের মধ্যে দু-একজন থাকতে পারে। আজকাল সব অন্যরকম হয়ে যাচ্ছে। ব্যতিক্রম হলে কিছু করা যায় না। নিয়ম একটা করতে হবে, ব্যতিক্রম পরে। আমি আর সময় নিতে চাই না। এই সংশোধনী বিল রাখছি সমর্থনের জন্য। পরিশেষে বলি বিরোধী

পক্ষ সমর্থন করছেন, তারজন্য আমি আনন্দিত এবং যাতে কার্যকরী করা যায় সেজন্য লেট আস লার্ন ফ্রম দ্যাট। এইটা দিয়ে সুরু করি। যদি ভুল হয়ে থাকে তো সংশোধন করে নেব।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** স্যার, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যখন রুলস তৈরী করবেন তখন হেকটরের ব্রাকেটে বিঘা বা একর লিখে দেবেন সাধারণের বুঝবার জন্য।

The motion of Shri Hare Krishna Konar that The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969 be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4, 5 and Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5 and Preamble do stand part of the bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**শ্রীআবদুস সাত্তারঃ** মিঃ স্পীকার স্যার, মন্ত্রিমহাশয় ৩৩ ধারার ব্যাপারে বললেন যে, মিউটিসনের প্রভিসন আইনে আছে। আমার মনে হয় তিনি ভাল করে দেখেন নি বা তাঁকে যাঁরা পরামর্শ দিয়েছেন তাঁরা ঠিক পরামর্শ দেন নি। সেকসান ৩৩ বলছে

the revenue payable by a raiyat may be altered, in the manner prescribed, by the Revenue Officer if the holding of the raiyat has increased or decerased in area due to amalgamation, purchase, partition, subdivision, acquisition of any other cause whatsoever subsequent to the determination of the revenue.

সুতরাং এটা মিউটিসনের প্রভিসন নয়। আর যদি রুলসে থাকে, সেকসানে না থাকলে সেটা টিকবে না। এটা আছে যদি কোন এরিয়া বাড়ান কমান হয় সেখানে অলটারেসনের ব্যবস্থা আছে। আমার মনে হয় ও'কে যে এ্যাডভাইস দেওয়া হয়েছে সেটা ঠিক নয়।

আর একটি কথা, আপনার ফ্যামিলি ডেফিনেশনের যে কথা বলা আছে, সেখানে বলা আছে,

Provided that if the Revenue Officer is satisfied that any such person has formerly severed his or her ties with the family.

এই যে ফর্মারলি এই কথাটা আপনি কখন থেকে ধরবেন। প্রশ্ন হচ্ছে যে, আইনটা পাশ হচ্ছে এখন বা কিছুদিন পরে, তার মানে এব আগে যারা করেছেন তাদের ধরতে হবে।

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** এটা ঠিকই আছে।

**শ্রীআব্দুস সাত্তারঃ** না তার আগেই ২ বছর বা ৪ বছর আগে হয়ে থাকলে ধরতে পারবেন না। ফর্মারলি মিনস এই আইনটাকে যেদিন থেকে এফেক্ট দিচ্ছেন তার আগে যদি হয়ে থাকে তাহলে আপনার কিছু করার নেই এই অনুসারে। আর একটা কথা যেটা জয়নাল আবেদিন সাহেব বলেছেন। আমি বহু বিবাহের কথা বাদ দিলেও মহামেডান ল অনুসারে এবং হিন্দু ল এই দুটোই একেবারে আলাদা জিনিস। হিন্দু ল-তে কোন প্রপার্টির একটা বাড়ীর কর্তা থাকে এবং বিভিন্ন নামেও থাকে। কিন্তু বাড়ীর কর্তাই হি ইজ দি ওনার, কিন্তু মহামেডান ল-তে সেখানে একটা ফ্যামিলি বাস করছে। এখানে যদি সম্পত্তি অ্যাকোয়ার করে ইন ডিফারেন্ট নেমস তবে সেখানে জয়েন্ট প্রপার্টি বলে ট্রিটেড হয় না আন্ডার দি মহামেডান ল। মহামেডান ল-এ যেটা আপনাদের হাতে নেই, সেখানে একটা কমপ্লিকেশন অ্যারাইজ করবে যদি আপনি মহামেডান ফ্যামিলিকে একটা ফ্যামিলি করে দেন এই সম্পত্তির। মনে করুন ৯ বিঘা সম্পত্তি আছে, সাবসিকোয়েন্টলি দে অ্যাকোয়ার ইন ডিফারেন্ট নেমস, কিন্তু আন্ডার দি মহামেডান ল-কে যেটা ডিফারেন্ট নেমস হয় সেটা জয়েন্ট প্রপার্টি বলে ট্রিটেড হবে না। যে পার্সনস অ্যাকোয়ার করছে যার নামে আছে তার প্রপার্টি বলে অ্যাকোয়ার হবে। তখন এই ডিফিকাল্টি অ্যারাইজ করবে এবং সেখানে মহামেডান ল উইল স্ট্যান্ড ইন্ ইওর ওয়ে। আমার মনে হয়, সেখানে আপনি পারবেন না। কাজেই আপনি আইনে ফর্মারলি কথাটার কি বলতে চাচ্ছেন সেটা যদি পরিষ্কার করে বলেন তাহলে ভাল হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি এই দেবোত্তর এবং ওয়ার্কাস এই দুটো সম্বন্ধে তো কিছু বললেন না। রায়তদের সম্পর্কে বললেন, রায়তদের দেবোত্তর প্রয়োগ থাকতে পারে কিন্তু ওয়ার্কাস, এ সম্বন্ধে কিছু বলুন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** নূতন আইন নিয়ে আসবো তখন দেখবেন, দেবোত্তর সম্পর্কে বা অন্য সম্পর্কে কি ভাবছি। এখন কি করে বলবো।

The motion of Shri Hare Krishna Konar that The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969, as settled in the Assembly be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-23 p.m. till 1 p.m. on Monday, the 8th September, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 8th September, 1969, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 16 Ministers and 161 Members.

## Obituary

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, I have a melancholy duty to perform. Since we met last we have lost one of our old colleagues, Shri Niranjan Sen Gupta, who breathed his last at 3-15 a.m. on Thursday, the 4th September, 1969. He had been ill for some time but was convalescing. He came to attend the last meeting and none could think that we would not see him again.

Born at Narayanpur, Barisal, in July, 1904, Shri Sen Gupta had his education at Barisal Zilla School, Ripon College, Calcutta and Krishnath College, Berhampur.

He was a born revolutionary. In his teens he joined the "Anushilan Samiti" and took leading parts in student politics. He was held as a State prisoner as early as when he was due to appear in the B.Sc. test examination and was detained from 1925 to 1928. Again towards the end of 1929, he was arrested in connection with the well-known Mechua Bazar Bomb Case and was sentenced to transportation for 10 years. This was subsequently reduced to 5 years, and he had to serve the sentence in the ill-famed "Cellular Jail" at the Andamans. After the expiry of the period of the sentence in 1936 he was put under detention till 1938. After this also he was detained several times, the total term served by him in connection with political activities being more than 14 years.

Shri Sen Gupta joined the Communist Party in 1938. Later he aligned with the Marxist wing of the Communist Party of India. He was a member of its West Bengal Secretariat.

Shri Sen Gupta was elected a Member of the House in 1957 and continued as such till death. He was the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department and the Jails Branch of the Home Department during the first United Front Government in 1967 and also during the present Government. During this short period he took positive steps towards the improvement in the administration of rehabilitation programme and introduced reforms in the administration of jails. In fact, both as a revolutionary leader and as an administrator he left behind marks which would be remembered long. By his sweet and unassuming personality he endeared himself to all who came in contact with him. The void created by his death in the political sphere of the State would take a long time to be filled.

He has left behind him his wife and innumerable friends and admirers to mourn his loss.

Hon'ble Members, allow me to refer to the passing away of Dr. Ho Chi Minh, the President of the Democratic Republic of Vietnam, the great leader of a resurgent people, the symbol of dedication, simplicity, determination struggle against imperialist aggression and a valiant fighter for national liberation.

Born on May 19, 1890, in Central Vietnam. Dr. Ho was a revolutionary from his boyhood. He worked as a messenger for anti-French independence for which he was not allowed to go out for advanced studies. In 1912 he left Vietnam for London to escape arrest. After World War I was over, he visited United States of America and subsequently came to Paris. It was here that he made contacts with the French Marxists, edited an anti-colonial Weekly called La Paria, wrote political plays and participated in a demonstration march to Versailles for the cause of liberation of Indo-China. He was one of the group who founded the French Communist Party in 1920. He went to Moscow as a member of the Presidium of Communist Peasants International in 1923 where he met Lenin, Trotsky and Stalin. The Commintern sent him to China as a political Adviser of Borodin where he founded the "League of the Oppressed People", "Association of Annamite Revolutionary Youth" and the "Communist Party of Indo-China". In 1941, he formed the Independent Front to demand nothing short of full independence for his country.

In December 1949, France was forced to transfer power to Vietnam and Ho Chi Minh became the President of the Republic in January 1950. The country was divided into two parts after the French suffered huge debacle in 1954 and Dr. Minh became the President and Prime Minister of North Vietnam. But the promised free election of the South Vietnam did not materialise and Dr. Ho continued his fight for liberation through the National Front for Liberation.

Dr. Ho lived a legendary career. A bachelor, he lived ascetically, dressed in a simple military tunic without insignia, slept on a hard wooden board, took modest meals and typed his own correspondences on a battered old typewriter. His non-conformity with expected types made deepest impression on people both inside and outside his country. He was also a poet, a painter and a calligraphist. To the oppressed nations all over the world he was a symbol. His death is a loss not only to the World Communistic Movements but also to the people all over the world who are fighting for their emancipation.

May his soul rest in peace.

I would now request you, ladies and gentlemen, to rise in your seats and remain standing in silence for two minutes as a mark of respect to the memory of the departed souls.

*(The honourable members then stood in silence for two minutes.)*

Thank you, ladies and gentlemen. Secretary will do the needful.

The House stands adjourned till 1 p.m. on Tuesday, the 9th September, 1969.

**Adjournment**

The House was accordingly adjourned at 1-10 p.m. till 1 p.m. on Tuesday, the 9th September, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 9th September, 1969, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 14 Ministers, 1 Minister of State and 196 Members.

## HELD OVER STARRED QUESTIONS
**(to which oral answers were given.)**

[1—1-10 p.m.]

**T. R. work in the P.W.D. land in Bankura district**

***901.** (Admitted question No. *2510.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether in Bankura district, between 7th February, 1964, and 14th February, 1966, any T. R. work was done on any road in the P.W.D. land on which the Court and Collectorate buildings are situated;

(b) if so, what T. R. projects were done there during the said period; and

(c) the money spent for each of such projects?

**Shri Abdur Rezzaque Khan:** (a) No. (b) and (c) does not arise.

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এ প্রশ্নের উত্তরে বললেন যে পি ডবলিউ ডি রাস্তার উপর কোন টি আর ওয়ার্ক হয়নি, কোর্ট কালেক্টরেট বিল্ডিংসে, আমি সেখানকার একজন প্র্যাকটিসিং লইয়ার, খবর নিয়ে জানি বহু টাকা খরচ দেওয়া হয়েছে, এ সম্বন্ধে এনকোয়ারি করার জন্য কোন পরিকল্পনা নেবেন কিনা কেননা আমার নিশ্চিত ধারণা যে বহু টাকা খরচ দেওয়া হয়েছে, সে ডকুমেন্ট যদি চান তো তাও দিতে পারি।

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** যাই হোক আমার যা ইনফর্মেশন প্রশ্নের উত্তরে জানলাম, যদি প্রয়োজন হয় মাননীয় সদস্যরা চান তাহলে এনকোয়ারী করা যেতে পারে।

**শ্রীঅবিনাশ বসুঃ** আপনি কি প্রয়োজন বোধ করছেন না?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** সেরকম করে যদি চ্যালেঞ্জ করে এনকোয়ারি চান তাহলেই আমি বলবো।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এনকোয়ারি করতে পারি যদি প্রয়োজন হয়, যেখানে একজন মাননীয় সদস্য দাঁড়িয়ে বলছেন এটাকে কি তিনি সাফিসিয়েন্ট রিজনস বলে মনে করেন না এবং এটাকে কি তিনি গুরুত্ব দিয়ে বিবেচনা করতে পারেন না?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমি বললাম যে লিখিতভাবে যদি এনকোয়ারী করাতে চান বলে বলেন তাহলেই আমি করব।

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এটুকু জানাতে চাই এখানে যে এই রাস্তায় তিনবার টি আর ওয়ার্ক হয়েছে বলে যদি অফিসিয়াল ডকুমেন্ট তুলে ধরা হয়, তাহলে এই যে এইভাবে ভুল তথ্য সরবরাহ করা হচ্ছে তার বিরুদ্ধে কোন অ্যাকশন নেবেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এই তথ্যগুলি আমার কাছে দিন, তারপরে বিবেচনা করে দেখছি যতদূর যা করা যায়।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি যে ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার ছিল তখন এ নিয়ে অভিযোগ করা হয়েছিল এবং তার একটা তদন্তও হয়েছিল?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমার তা জানা নাই।

## সাঁকতোড়িয়া গ্রামে ধ্বসে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী

***939.** (Admitted question No. *2481.)

**ডঃ তারকনাথ চক্রবর্তীঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৭ই জুন তারিখে যে ধ্বস নামে তাহাতে কুলটী থানার অন্তর্গত সাঁকতোড়িয়া গ্রামে কতকগুলি গৃহ সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে ও কতকগুলি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে ;

(খ) ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে এ পর্যন্ত সরকার কি কি সাহায্য দিয়াছেন ; এবং

(গ) উক্ত ক্ষতিগ্রস্ত পরিবারগুলির স্থায়ী গৃহনির্মাণের জন্য কোন অর্থ সাহায্য বরাদ্দ হইয়াছে কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** (ক) ৩৪টি গৃহ আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। কোন গৃহ সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয় নি।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই যে গৃহগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পুনর্বাসনের জন্য আপনি বললেন এখন পর্যন্ত কিছু করা হয়নি এবং এঁদের অর্থ সাহায্য দেওয়াও সম্ভব হবে না। আমার প্রশ্ন হচ্ছে এঁদের লোনের ব্যাপারে কোন ব্যবস্থা করা হবে কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** একেবারে কিছু করা হয়নি তা নয়, কিছু কিছু করা হয়েছে। খয়রাতি সাহায্য হিসেবে ৩৬ কেজি গম তাদের দেওয়া হয়েছে। ২৯টি ক্ষতিগ্রস্ত পরিবারের অন্তর্গত ১৩৯ ইউনিটকে এই সাহায্য দেওয়া হয়েছে এবং সাময়িক সাহায্য হিসেবে ত্রিপল দেওয়া হয়েছে। এর মধ্যে ১০টি দিয়েছেন মেসার্স বেঙ্গল কোল কোম্পানী। রোগ সংক্রমণ প্রতিরোধকল্পে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে ব্লিচিং পাউডার ছড়ান হয়েছে। তবে কোন টাকা সাহায্য করা এখনও পর্যন্ত হয়নি—লোন দেওয়া যেতে পারে।

## STARRED QUESTIONS
### (to which oral answers were given.)

**বীরভূম জেলায় রামপুরহাট ১নং ব্লকে অগ্নিকাণ্ডজনিত ক্ষয়-ক্ষতি**

***955.** (Admitted question No. 3048.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় রামপুরহাটের ১নং ব্লকে অগ্নিকাণ্ডজনিত ক্ষয়ক্ষতি পূরণের জন্য সরকারের নিকট যে সাহায্যের আবেদন ১৯৬৯ সালের ফেব্রুয়ারী ও মার্চ মাসে করা হইয়াছিল তাহা এখনও পর্যন্ত মঞ্জুর করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে (১) মঞ্জুর না করিবার কারণ কি, এবং (২) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** (ক) ও (খ) বর্তমান রীতি অনুসারে প্রতি বৎসর জেলাশাসকদিগকে অগ্নিকাণ্ডজনিত দুর্দশাগ্রস্ত পরিবারবর্গকে সাহায্যের জন্য থোক টাকা (লাম্প অ্যালটমেন্ট) দেওয়া হয়। ১৯৬৮-৬৯ সালে ৬,০০০ টাকা জি আর বাবত ও ২৩,৫০০ টাকা গৃহনির্মাণ অনুদান বাবত এবং ১৯৬৯-৭০ সালে এপর্যন্ত ১,০০০ টাকা জি আর ও ৬,০০০ টাকা গৃহনির্মাণ অনুদান বাবত বীরভূম জেলাশাসকের নিকট মঞ্জুর করা হইয়াছে। বীরভূম জেলার রামপুরহাটের ১নং ব্লকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারদিগকে উপযুক্তক্ষেত্রে অবিলম্বে সাহায্য দিবার জন্য জেলাশাসককে নির্দেশ ইতিমধ্যেই দেওয়া হইয়াছে।

**গঙ্গারামপুর এলাকায় মেসার্স গণেশ টকীজের মালিককে সিনেমার লাইসেন্স প্রদান**

***956.** (Admitted question No. 3064.)

**শ্রীমতী ইলা মিত্র:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলায় গঙ্গারামপুর এলাকায় মেসার্স গণেশ টকীজের মালিককে অস্থায়ী ইন্ডোর সিনেমার লাইসেন্স দেওয়ার পূর্বে গঙ্গারামপুর স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ ও স্থানীয় বহু ব্যক্তি এই লাইসেন্স দেওয়ার বিরোধিতা করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, এই বিরোধিতা সত্ত্বেও উহার মালিককে লাইসেন্স দেবার কারণ কি?

**The Minister for Home (Political) Department:**

***956** (Held over).

**আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি**

***957.** (Admitted question No. 3090.)

**শ্রীসুনীল বসু রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির হিসাব-নিকাশের বার্ষিক অডিট হয় কিনা ;

(খ) উত্তর হ্যাঁ হইলে, ইহা শেষ কোন্ বৎসর পর্যন্ত হইয়াছে; এবং

(গ) উত্তর না হইলে, ইহার কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত অডিট হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

[1-10—1-20 p.m.]

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় সমবায় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই এই যে কো-অপারেটিভ মার্কেটিং ক্রেডিট ইত্যাদি আছে, এতে বর্তমানে এই সমস্ত চার্টার্ড অ্যাকাউনটেন্ট দিয়ে অডিট করানোর ব্যবস্থা হচ্ছে, এতে খুব অসুবিধা হচ্ছে। গ্রামে থাকার জায়গা নাই, খাওয়ার জায়গাও নাই, অথচ এই অডিট স্টাফরা ২।৩ জন যায়—তাদের পক্ষে খুব অসুবিধা হয় এবং সোসাইটিরও অসুবিধা হয়। আগে ডিপার্টমেন্টাল অডিটর দিয়ে অডিট করানো হত, এখন সেইভাবে এই সোসাইটিগুলিকে ডিপার্টমেন্টাল অডিটর দিয়ে অডিট করানোর চিন্তা করছেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** চিন্তা করে দেখবো।

**শ্রীসুনীল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই রিপোর্টে কোন রকম মন্তব্য এই সমবায় সম্পর্কে আছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** একটা জিনিস ওর ভেতর থেকে দেখা যাচ্ছে যে এদের মুনাফা ক্রমশঃ কমছে, ৮৬ হাজার থেকে ৪ হাজার হয়েছে। আর একটা দেখা যায় একজন ডিরেকটর এস কে ভট্টাচার্য বলে তিনি ৩৫০ টাকা করে প্রতি মাসে মাইনে নিচ্ছিলেন, সেগুলি কোন পাশ না করে। সেজন্য তাঁকে মাইনে দেয়া বন্ধ করতে বলা হয়েছিল এবং ডিরেকটরশিপ টার্মিনেট করতে বলা হয়েছিল কিন্তু তিনি হাইকোর্টে কেস ফাইল করেছেন এবং সেই কেসে ইনজাংসন হয়ে আছে এবং তিনি এখনও মাইনে নিচ্ছেন।

**শ্রীসুনীল বসু রায়:** এই সমবায় সমিতির অডিট রিপোর্ট প্রকাশিত না হওয়ার কারণে নির্বাচন স্থগিত আছে এটা সত্য কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** তা আমি জানি না তবে খোঁজ নেব।

**শ্রীসুনীল বসু রায়:** এই এস কে ভট্টাচার্য কি কংগ্রেসের লোক?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** তাই অনুমান হয় তবে খোঁজ নেব।

## UNSTARRED QUESTIONS
### (to which written answers were laid on the table)

**বহরমপুর শহরে গোরাবাজার ওয়ার্ডে মদের দোকান**

**925.** (Admitted question No. 176.)

**শ্রীসনৎকুমার রাহা:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহরমপুর শহরের ভদ্র পল্লীতে গোরাবাজার ওয়ার্ডের মধ্যে একটি মদের দোকান আছে; এবং

(খ) অবগত থাকিলে ঐ মদের দোকানটি অন্যত্র স্থানান্তরিত করার ব্যাপারে সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

**The Minister for Excise:**

(ক) হ্যাঁ।

(খ) গত ২৪ বৎসর ধরিয়া উক্ত মদের দোকানটি গোরাবাজারে বর্তমান এলাকায় রহিয়াছে। ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ এবং ১৯৬৫-৬৬ মাত্র এই তিন বৎসর ধরিয়া দোকানটি স্থানান্তরিত-

করণের জন্য আপত্তি পাওয়া গিয়াছিল। সেই অনুযায়ী আবগারী লাইসেন্সিং বোর্ডের মন্তব্যানুসারে দোকানের মালিক, বোর্ডের কয়েকজন সদস্য ও মাননীয় এম এল এ শ্রীসনৎকুমার রাহা মহাশয়কে ঐ দোকানটির জন্য একটি আপত্তি বহির্ভূত এলাকা খুঁজিয়া বাহির করিবার জন্য অনুরোধ করা হইয়াছিল, কিন্তু ঐ ধরনের এলাকা খুঁজিয়া না পাওয়ায় বর্তমান এলাকাতেই দোকানটি আজও রাখা হইয়াছে। এ ব্যাপারে ইহাও উল্লেখযোগ্য যে, ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে দোকানটি স্থানান্তরিত করার জন্য আর কোন আবেদন পাওয়া যায় নাই।

### কোন্নগর রাজেন্দ্র স্মৃতি বিদ্যালয় স্পেশাল অডিট

**926.** (Admitted question No. 1825.)

**শ্রীমতী ইলা মিত্র:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোন্নগর রাজেন্দ্র স্মৃতি বিদ্যালয়ের অ্যাডমিনিস্ট্রেটারকে স্পেশাল অডিট-এর নির্দেশ দেওয়া হয়েছিল;

(খ) সত্য হলে অ্যাডমিনিস্ট্রেটার স্পেশাল অডিট শুরু করেছেন কিনা;

(গ) না করে থাকলে কারণ কি; এবং

(ঘ) এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**The Minister for Education:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ও (ঘ) ডিপার্টমেন্টাল স্পেশাল অডিট-এর নির্দেশ দেওয়া হয়েছে।

### মেদিনীপুর জেলায় পাকা রাস্তা

**927.** (Admitted question No. 2004.)

**শ্রীধনঞ্জয় কর:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ মহকুমায় কত মাইল পাকা রাস্তা আছে;

(খ) এ জেলায় অনুমোদিত কোন্ কোন্ রাস্তার কাজ এখনও শেষ হয় নাই এবং কবে সেগুলি শেষ হইবে বলিয়া আশা করা যায়;

(গ) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার জন্য মেদিনীপুর জেলার যে কয়টি রাস্তার নাম পাঠান হইয়াছে তন্মধ্যে লেবাশুলি মহাপাল রাস্তার নাম আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, কবে নাগাদ তাহার কাজ আরম্ভ হইতে পারে?

**The Minister of State for Public Works (Roads):**

| | | |
|---|---|---|
| (ক) সদর মহকুমা (উত্তর) | ... | ১১৮ মাইল। |
| সদর মহকুমা (দক্ষিণ) | ... | ১২১ মাইল। |
| ঘাটাল মহকুমা | ... | ৫৪ মাইল। |
| তমলুক মহকুমা | ... | ৯৬ মাইল। |
| ঝাড়গ্রাম মহকুমা | ... | ১০৩ মাইল। |
| কাঁথি মহকুমা | ... | ২২৪ মাইল। |

(খ) (১) পরিহাটী-জামবনী ফেকোঘাট।
(২) কেশিয়ারী-কুলবনী।
(৩) হাতিগেড়িয়া-কুলটিকরি-রোহিনী-রগড়া।
(৪) সাঁকরাইল-ভামাল।
(৫) নন্দীগ্রাম-মালদা।
(৬) বিষ্ণুপুর-লয়দা-চক্রীপাল।
(৭) ডেবরা-সাবং-ডাইভারসন।
(৮) কাঁথি-বাইপাস।
(৯) বারবেতা-জামনা।
(১০) কলমীজোড়-গোপিগঞ্জ।

প্রয়োজনীয় অর্থ বরাদ্দের উপর রাস্তার কাজ শেষ হওয়া নির্ভর করে।

(গ) ও (ঘ) হ্যাঁ, তবে চতুর্থ পরিকল্পনা রচিত না হওয়া পর্যন্ত এ বিষয়ে কিছু বলা যায় না।

**বন্যায় কংসাবতী নদীর কিশোরপুরে বিধ্বস্ত গ্রাম ও গৃহের সংখ্যা**

**928.** (Admitted question No. 2049.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের বন্যায় কংসাবতী নদীর কিশোরপুরে কোন্ কোন্ অঞ্চলের—
১। কতগুলি গ্রাম বিধ্বস্ত হয়েছে,
২। কত বাড়ি পড়ে গিয়েছে, এবং
৩। সর্বমোট কি কি বাবদ কত টাকার ফসল ও সম্পত্তি নষ্ট হয়েছে; এবং

(খ) বন্যার্তদের কতজনকে গৃহ নির্মাণের জন্য কি পরিমাণ অর্থ সাহায্য দেওয়া হইয়াছে এবং কত দরখাস্ত এখনও বিবেচনাধীন আছে?

**The Minister for Relief and Social Welfare:**

| | |
|---|---|
| (ক) ৩নং অঞ্চল | ৪নং অঞ্চল |
| সরবেড়িয়া | নন্দনপুর |
| ৩২টি গ্রাম | ২৬টি গ্রাম |
| ২,২০০ বাড়ি | ২,৬৫০ বাড়ি |
| ধান্য ৩০,০০,০০০ টাকা (আনুমানিক) | ২১,৭৬,০০০ টাকা (আনুমানিক) |
| পাট ২,০১,৬৫০ টাকা (আনুমানিক) | ১,৩৫,৩৫০ টাকা (আনুমানিক) |
| গৃহ ও অন্যান্য সম্পত্তি বাবদঃ ৩২,০০,০০০ টাকা (আনুমানিক) | ৩৮,০০,০০০ টাকা (আনুমানিক) |
| (খ) ৩নং অঞ্চল | ৪নং অঞ্চল |
| (১) ৮২৭ জনকে | ৮৭৩ জনকে |
| (২) ১,০০,৬৯৫ টাকা | ১,১৪,০০০ টাকা |
| (৩) ৭০৫ খানির মত | ৬৯৫ খানির মত |

**চব্বিশপরগনা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের প্রস্তাব**

**929.** (Admitted question No. 2301.)

**শ্রীসরল দেবঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চব্বিশপরগনা জেলার বাগদা থানার অন্তর্গত সন্তোষ কলোনীর প্রাইমারী স্কুলটি, বনগাঁ থানার অন্তর্গত ফকির বাগান কলোনীর প্রাইমারী স্কুলটি, বায়পুর গ্রামের এবং সুটিয়া গ্রামের প্রাইমারী স্কুল দুইটি যথাক্রমে বিগত ১২, ৮, ৫ ও ৬ বৎসর ধরিয়া চালু থাকিলেও চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ড উক্ত স্কুলগুলিকে অনুমোদন দেয় নি; এবং

(খ) সত্য হইলে, আগামী কতদিনের মধ্যে উক্ত স্কুলগুলি অনুমোদিত হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রদত্ত বিবরণী হইতে জানা যায় যে, সন্তোষ কলোনী, ফকির বাগান ও সুটিয়া প্রাথমিক বিদ্যালয় তিনটি যথাক্রমে ২-১-৬৭, ৮-৭-৬৮ ও ২-৯-৬৭ তারিখ হইতে গ্রামবাসীগণ চালু করিয়াছেন। তবে কোন বিদ্যালয়টিই এখনও অনুমোদন পায় নাই এবং রায়পুর গ্রামের কোন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের জন্য কোন দরখাস্তও চব্বিশপরগনা জেলা স্কুল বোর্ড পান নাই।

(খ) চব্বিশপরগনা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**ফিল্ম অ্যাডভাইসরি বোর্ড**

**930.** (Admitted question No. 2348.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ফিল্ম অ্যাডভাইসরি বোর্ড কবে গঠিত হইয়াছিল,

(খ) উক্ত বোর্ড-এর বর্তমান কর্মকর্তা কাহারা; এবং

(গ) সেন্সার বোর্ডএ কোন সরকারী প্রতিনিধি আছে কিনা এবং থাকিলে তাহার নাম ও পরিচয়?

**The Minister for Information and Public Relations:**

(ক) ফিল্ম অ্যাডভাইসরি বোর্ড গত ২৮-৩-৬৮ তারিখে গঠিত হয়।

(খ) নয়জন সদস্য লইয়া বোর্ড গঠিত হইয়াছিল। কিন্তু পরবর্তীকালে তিনজন সদস্য পদত্যাগ করায় এবং তাঁহাদের স্থলে অন্য সদস্য নিযুক্ত না হওয়ায় বর্তমানে বোর্ডে নিম্নলিখিত সদস্যগণ আছেনঃ

(১) শ্রী জে সি সেনগুপ্ত, সচিব, শিক্ষা বিভাগ—সভাপতি।

(২) শ্রীঅজিত গুপ্ত, উপ-জনসংযোগ আধিকারিক—সম্পাদক।

(৩) শ্রী জে সি তালুকদার, সচিব, তথ্য ও জনসংযোগ বিভাগ—সদস্য।

(৪) শ্রী এন কে ঘোষ—সদস্য।

(৫) শ্রীমতী মীরা গুপ্তা—সদস্য।

(৬) শ্রীমতী অমলা শঙ্কর—সদস্য।

(গ) কেন্দ্রীয় সরকার গঠিত ফিল্ম সেন্সার বোর্ডে পশ্চিমবঙ্গ সরকারের কোন প্রতিনিধি নেই।

### মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী স্কুলের সংখ্যা

**931.** (Admitted question No. 2383.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় জেলা স্কুল বোর্ড পরিচালিত প্রাইমারী স্কুলগুলির মধ্যে মাত্র একজন শিক্ষক এবং মাত্র দুইজন শিক্ষকবিশিষ্ট প্রাইমারী স্কুলের সংখ্যা কত?

**The Minister for Education:**

একজন শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩ এবং দুইজন শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৮৫।

### রাজনৈতিক কর্মীদের সাহায্যবাবদ মোট ব্যয়

**932.** (Admitted question No. 2398.)

**শ্রীআজিজুর রহমান:** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে রাজনৈতিক নির্যাতিত কর্মীদের সাহায্য বাবদ গত ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে মোট কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Finance:**

পশ্চিমবঙ্গে রাজনৈতিক নির্যাতিত কর্মীদের সাহায্য বাবদ গত ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে মোট যত টাকা ব্যয় হইয়াছে তাহার হিসাব নিম্নে প্রদত্ত হইল—

| সাল | | টাকা |
|---|---|---|
| ১৯৬৫-৬৬ | ... ... | ৪,০২,৫০৬·৫৬ |
| ১৯৬৬-৬৭ | ... ... | ৪,৭২,০০০·০০ |
| ১৯৬৭-৬৮ | ... ... | ৫,৬৮,০০০·০০ |
| | মোট . | ১৪,৪২,৫০৬·৫৬ |

### রামপুরহাট থানার হাঁসন এলাকায় ক্ষতিগ্রস্ত গৃহ

**933.** (Admitted question No. 2448.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানার হাঁসন এলাকায় এ বৎসর কতগুলি গৃহ ঘূর্ণিঝড়ে এবং আগুন লেগে আংশিক ও পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(খ) ঐ সমস্ত ক্ষতিগ্রস্ত বাড়ীর মালিকদের সরকার এ পর্যন্ত কি পরিমাণ সাহায্য দিয়েছেন?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) মোট ৮টি গৃহ ঝড়ে ও ৬টি গৃহ আগুন লেগে আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

(খ) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহনির্মাণের জন্য অনুদান হিসাবে সরকার এ পর্যন্ত ৩৬০ টাকা মঞ্জুর করিয়াছেন।

**চন্দ্রকোনা থানার ক্ষীরপাই পৌরসভার স্বাস্থ্যকেন্দ্র**

**934.** (Admitted question No. 2454.)

**শ্রীষোড়শী চৌধুরী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোনা থানার ক্ষীরপাই পৌরসভার ১০-শয্যাযুক্ত স্বাস্থ্যকেন্দ্রটির বাড়ীগুলি ইঞ্জিনীয়ার বিভাগ কর্তৃক মেরামতের অযোগ্য এবং উক্ত জমি গৃহ নির্মাণের অনুপযোগী বলিয়া রিপোর্ট দিবার পর উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি কি অবস্থায় আছে,

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কোন রোগী ভর্ত্তি হইতেছে কি;

(গ) যদি উত্তর 'না' হয় তবে কতদিনের মধ্যে রোগী ভর্তি করা হইবে; এবং

(ঘ) স্থানীয় অধিবাসিগণের প্রস্তাবিত পার্শ্ববর্তী ব্লকের সংলগ্ন জমির উপর উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি নূতন করিয়া নির্মাণের কাজ কতদিনে সুরু হইবে?

**The Minister for Health:**

(ক) সরকার কর্তৃক পরিচালিত ক্ষীরপাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি ক্ষীরপাই পৌর অঞ্চলে অবস্থিত। স্বাস্থ্যকেন্দ্রের বর্তমান গৃহে অন্তর্বিভাগ এবং উক্ত পৌরসভার গৃহে বহির্বিভাগ নিয়মিত রূপে চলিতেছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) বর্তমান বৎসরের মধ্যে আরম্ভ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

**বাসুদেবপুর প্রাথমিক বিদ্যালয়**

**935.** (Admitted question No. 2539.)

**শ্রীসুখেন্দু খান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গত ১৯৬৮ সালের আগস্ট মাস হইতে বাঁকুড়া জেলার পাত্রসায়ের থানার বিউর বেতুড় অঞ্চলের অন্তর্গত রত্নাপুর মৌজার বাসুদেবপুর প্রাথমিক বিদ্যালয়টি স্থানীয় জনসাধারণের উদ্যোগে পরিচালিত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ঐ বিদ্যালয়টিকে অনুমোদন দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) বাঁকুড়া জেলার প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীনে আছে।

**ট্রাম**

**936.** (Admitted question No. 2573.)

**শ্রীকালীপদ মণ্ডল:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান কলিকাতা ট্রাম কোম্পানীর অধীনে মোট কতগুলি ট্রাম আছে;

(খ) গড়ে দৈনিক কতগুলি ট্রাম রাস্তায় বাহির হয়; এবং

(গ) দৈনিক কয়টি ট্রাম "কেবল মাত্র মহিলাদের জন্য" নামে বাহির হয়?

**The Minister for Home (Transport):**

(ক) ৪৪৬।

(খ) ৩১৮ (আগস্ট মাসের ১৫ দিনের গড়)।

(গ) সকালে ৬টি এবং বৈকালে ১০টি।

### জলপাইগুড়ি জেলার প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব

**937.** (Admitted question No. 2591.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার প্রাক্তন জেলা পর্ষৎ গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কতগুলি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য সরকারের নিকট পাঠাইয়াছিলেন;

(খ) এই বিদ্যালয়গুলির মধ্যে এযাবৎ কতগুলি ক্ষেত্রে অনুমোদন দেওয়া হইয়াছে; এবং

(গ) বাকীগুলির বিষয় সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) জলপাইগুড়ি জেলা স্কুল বোর্ড ১৯৬৭-৬৮ সালে ও ১৯৬৮-৬৯ সালে যথাক্রমে ৫৮টি ও ৭৭টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছিলেন।

(খ) ১৯৬৭-৬৮ সালের ৫৮টি নূতন প্রাথমিক বিদ্যালয় উক্ত বর্ষেই অনুমোদিত হইয়াছে।

(গ) ১৯৬৮-৬৯ সালে প্রস্তাবিত ৭৭টি বিদ্যালয়ের অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

### বহরমপুর ব্লকে অনুমোদিত বিদ্যালয়ের সংখ্যা

**938.** (Admitted question No. 2613.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কয়টি প্রাথমিক বিদ্যালয় সরকার কর্তৃক অনুমোদিত এবং কয়টি স্কুল অনুমোদন প্রার্থনা করিয়াছে?

**The Minister for Education:**

**বহরমপুর ব্লকের অঞ্চলসমূহে** অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপঃ—

| অঞ্চলের নাম | | প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা। |
|---|---|---|
| (১) রাধারঘাট | ... | ১৮ |
| (২) রাংগামাটি চাঁদপাড়া | ... | ১০ |
| (৩) সাটুই চৌরীগাছা | ... | ৭ |
| (৪) হাতীনগর | ... | ৭ |
| (৫) মনীন্দ্রনগর | ... | ৯ |
| (৬) ভাকুড়ী | ... | ৩ |
| (৭) হরিদাসমাটী | ... | ৭ |
| (৮) নওদাপালুর | ... | ৭ |
| (৯) রাজধরপাড়া | ... | ৭ |
| (১০) দৌলতাবাদ | ... | ৬ |
| (১১) গুরুদাসপুর | ... | ৭ |
| (১২) ছয়ঘরি | ... | ৪ |
| (১৩) মদনপুর | ... | ৫ |
| মোট | ... | ৯৭ |

বহরমপুর ব্লকে ৮টি প্রাথমিক বিদ্যালয় অনুমোদন প্রার্থনা করিয়াছে, ঐ ৮টি বিদ্যালয়ের অঞ্চলওয়ারী সংখ্যা নিম্নরূপঃ—

| | | |
|---|---|---|
| (১) হাতীনগর অঞ্চল | .. | ১ |
| (২) সাহাজাদপুর অঞ্চল | ... | ১ |
| (৩) রাধারঘাট অঞ্চল | . | ২ |
| (৪) ভাকুরিয়া অঞ্চল | | ১ |
| (৫) মদনপুর অঞ্চল | .. | ১ |
| (৬) ছয়ঘরি অঞ্চল | .. | ২ |
| মোট | . | ৮ |

**রামগড় সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র**

**939.** (Admitted question No. 2642.)

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার রামগড় সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রে গত ১৯৬৯ সালের মার্চ মাস হইতে জুন মাস পর্যন্ত মোট কতজন রোগী চিকিৎসিত হইয়াছে;

(খ) উহার মধ্যে ডেলিভারী রোগিনীর সংখ্যা কত,

(গ) সমূহরোগীর মধ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বা জেলা স্বাস্থ্যকেন্দ্রে কতজনকে প্রেরণ করা হইয়াছিল; এবং

(ঘ) উক্ত ৪ মাসের জন্য কত টাকার ঔষধ উক্ত স্বাস্থ্যকেন্দ্রটিকে দেওয়া হইয়াছিল?

**The Minister for Health:**

(ক) ১৬,৯৩৬ জন।

(খ) ৩৪ জন।

(গ) ৫২ জনকে।

(ঘ) প্রায় ১,৯২০ টাকার।

**বহরমপুর শহরে টি বি ক্লিনিক**

**940.** (Admitted question No. 2706.)

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে সরকারী পরিচালনাধীনে যে টি বি ক্লিনিক আছে তাহাতে কত ইনডোর রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে;

(খ) উক্ত টি বি ক্লিনিক-এ প্রত্যহ গড়ে আউটডোর ডিপার্টমেন্ট-এ কত রোগীর চিকিৎসার ব্যবস্থা আছে; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার পল্লী অঞ্চলে টি বি হসপিট্যাল খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে কোথায় কোথায়?

**The Minister for Health:**

(ক) এইস্থানে ইন্‌ডোর চিকিৎসার ব্যবস্থা নাই।

(খ) ১২৭ জন।

(গ) না।

### স্কুল বোর্ড

**941.** (Admitted question No. 2712.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কয়েকটি স্কুল বোর্ড বাতিল করা হইয়াছে;

(খ) সত্য হইলে, জেলাগুলির নাম কি; এবং

(গ) উক্ত বোর্ডগুলির কার্য পরিচালনার জন্য কোন্ কোন্ জেলায় কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Education:**

(ক) ও (খ) হ্যাঁ, সমস্ত জেলায় স্কুল বোর্ড বাতিল করা হইয়াছে।

(গ) জেলা স্কুল বোর্ডগুলির কার্য পরিচালনার ভার জেলা বিদ্যালয় পরিদর্শকের উপর দেওয়া হইয়াছে। তবে তাঁহাকে জেলা স্কুল বোর্ডের ব্যাপারে সাহায্যের জন্য সমস্ত জেলায় একটি করিয়া পরামর্শদাতা কমিটি (অ্যাডভাইসরি কমিটি) গঠন করা হইয়াছে।

### Agricultural Credits Corporation

**942.** (Admitted question No. 2721.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge for the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the members of the Agricultural Credits Corporation in West Bengal;

(b) the functions of this Corporation; and

(c) whether any action has so far been taken by this Corporation towards allowing credit to the Agriculturists and, if so, the nature of such credit?

**The Minister for Agriculture and Community Development:** (a) Nil, as the corporation has not yet been set up.

(b) Does not arise.

(c) Does not arise.

### আসানসোল, দুর্গাপুর, বরাকর ও কুলটির রেশনিং ব্যবস্থা

**943.** (Admitted question No. 2765.)

**শ্রীগোলাম মহিউদ্দিনঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল, দুর্গাপুর, বরাকর ও কুলটির স্থায়ী বাসিন্দা কত;

(খ) রেশনিং চালু করবার সময় কতগুলি স্থায়ী রেশনকার্ড এবং কতগুলি অস্থায়ী রেশন-কার্ড ঐসব স্থানে বিলি করা হয়েছিল;

(গ) বর্তমানে ঐ স্থানগুলিতে কত লোক রেশন নিচ্ছেন; এবং

(ঘ) উক্ত স্থানগুলিতে কলিকাতার মত পৃথক ব্যক্তির জন্যে পৃথক রেশনকার্ড ব্যবস্থা চালু আছে কি?

**The Minister for Food and Supplies:**

(ক) অঞ্চলগুলির উন্নয়নের পর কোন নির্ভরযোগ্য আদমসুমারী এখনও হয় নাই ; তবে রেশনিং চালু করবার সময় রেশনকার্ড অনুযায়ী লোক সংখ্যা নিম্নরূপ ছিল—

আসানসোল—১,৯৪,৮০৪
দুর্গাপুর—২,২৩,২৯১
বরাকর ও কুলটি—১,১৪,৭১৯

মোট—৫,৩২,৮১৪

(খ) অস্থায়ী রেশনকার্ডের আলাদা করিয়া কোন হিসাব নাই। রেশনিং চালু করবার সময় উক্ত অঞ্চলগুলিতে ৫,৩২,৮১৪টি রেশনকার্ড বিলি করা হইয়াছিল।

(গ) ১৯৬৯ সনের ৬ই জানুয়ারী হইতে ববাকরে বিধিবন্ধ বেশনিং প্রথা বন্ধ করিয়া দেওয়া হয়। বর্তমানে বরাকর ছাড়া উক্ত এলাকাগুলিতে নিম্নলিখিত সংখ্যক লোক রেশন লইতেছেন—

আসানসোল—১,৭৯,০১৫
দুর্গাপুর—২,১৮,৩১১
কুলটি—৬৫,৫৫১

মোট—৪,৬২,৮৭৭

(ঘ) হ্যাঁ।

## শিলিগুড়িতে পূর্ণ রেশনিং-এর ব্যবস্থা

**944.** (Admitted question No. 2767.)

**শ্রীগোলাম মহিউদ্দিনঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে শিলিগুড়িতে পূর্ণ রেশনিং প্রথা চালু করে কয়েক মাস পরে পুনরায় পূর্ণ রেশনিং প্রথা শিলিগুড়ি হইতে উঠান হয়, এবং

(খ) শিলিগুড়িতে রেশনিং চালু ও উঠান ইত্যাদি ব্যবস্থা বাবদ কত টাকা খরচ হয়েছে?

**The Minister for Food and Supplies:**

(ক) শিলিগুড়িতে বিধিবন্ধ রেশনিং প্রথা ১৯৬৬ সালের ২২এ ফেব্রুয়ারী হইতে ১৯৬৭ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত চালু ছিল।

(খ) শিলিগুড়িতে বিধিবদ্ধ রেশনিং চালু রাখার জন্য সংভাগ অধিকারের কর্মচারীদের বেতন-ভাতা ইত্যাদি বাবদ মোট ১,৬৫,২৭৫ টাকা খরচ হইয়াছে।

## ২৮৫০ নং রেশন দোকান, কলিকাতা

**945.** (Admitted question No. 2770.)

**শ্রীগোলাম মহিউদ্দিনঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলকাতায় ২৮৫০ নং রেশনের দোকানে একজন পরিদর্শক কর্তৃক প্রচুর হিসাব বহির্ভূত চাল, গম, চিনি, ময়দা ইত্যাদি সম্প্রতি ধরা পড়ে; এবং

(খ) সত্য হইলে (১) সরকার এ বিষয়ে কোন তদন্ত করিয়াছেন কিনা এবং (২) তদন্ত করিয়া থাকিলে তাহার ফলাফল কি?

The Minister for Food and Supplies:

(ক) এইরূপ কোন সংবাদ এই বিভাগের গোচরে আসে নাই।

(খ), (১) ও (২) প্রশ্ন উঠে না।

## পল্লী জল সরবরাহ পরিকল্পনা

**946.** (Admitted question No. 2773.)

**বুধনচন্দ্র টুডু:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সদর দক্ষিণ মহকুমার কোন্ থানায় কোন্ গ্রামে বর্তমান সরকার কর্তৃক কয়টি নলকূপ পল্লী জল সরবরাহ পরিকল্পনায় বসাইবার প্রস্তাব আছে;

(খ) ঐরূপ নলকূপ বসাইবার জন্য কাহার নিকট আবেদনপত্র প্রেরণ করিতে হয়; এবং

(গ) ইহাতে পাব্লিককে কোন ডোনেশান দিতে হয় কিনা?

**The Minister for Health:**

(ক) ও (খ) বর্তমান বৎসরে গৃহীত পল্লী জল সরবরাহ নীতি অনুযায়ী পল্লী অঞ্চলে অবস্থিত প্রতিটি বিধানসভা নির্বাচনী এলাকায়, ঐ এলাকা হইতে নির্বাচিত বিধানসভার সদস্য কর্তৃক নির্ধারিত স্থানে, ২টি নূতন নলকূপ খনন ও ২টি পুরাতন নলকূপ পুনর্খনন (অথবা নলকূপের অনুপযুক্ত অঞ্চলে ২টি ইদারা খনন) করিবার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। বিভিন্ন বিধানসভা সদস্যের নিকট হইতে এ পর্যন্ত মেদিনীপুর জেলার সদর দক্ষিণ মহকুমার যে সকল থানায় নলকূপ খনন বা পুনর্খননের প্রস্তাব পাওয়া গিয়াছে তাহাদের গ্রাম/মৌজাওয়ারী হিসাব এতদসংলগ্ন বিবরণীতে দেওয়া হইল।

উপরিউক্ত কার্যসূচী ছাড়া পল্লী জল সরবরাহের অন্য যে সকল কার্যসূচী এখন হইতে গ্রহণ করা হইবে তাহাদের ক্ষেত্রে উপযুক্ত স্থান নির্বাচনের জন্য প্রতি মহকুমায় ১টি করিয়া সাবডিভিসনাল রুর‍্যাল ওয়াটার সাপ্লাই কমিটি গঠন করা হইয়াছে। স্থানীয় মহকুমা শাসক এই কমিটির চেয়ারম্যান। এখন হইতে নলকূপ বা কূপ সংক্রান্ত কোন কাজ পল্লী জল সরবরাহ কার্যসূচী অন্তর্ভুক্ত করিতে হইলে সংশ্লিষ্ট মহকুমা শাসকের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

(গ) না। পাব্লিকের ডোনেশান দেওয়া বাধ্যতামূলক নয়।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 946

### বিবরণী

| থানার নাম | গ্রাম/মৌজার নাম | প্রস্তাবিত নলকূপ খনন বা পুনর্খননের সংখ্যা | |
|---|---|---|---|
| দাঁতন ... | চাউলিয়া | নতুন খনন ... | ১ |
| | পালানিয়া | নতুন খনন ... | ১ |
| | মখমলপুর | পুনর্খনন . | ১ |
| | ঝিনুক পালাসিয়া | পুনর্খনন ... | ১ |
| নারায়ণ গড় .. | চিরকন্যা (মাখমপুর অঞ্চল) | নতুন খনন ... | ১ |
| কেশিয়ারী ... | গোবরা গেরিয়া (কমলাপুর) | নতুন খনন ... | ১ |
| | মহিষমুড়া (ঘৃতগ্রাম অঞ্চল) | পুনর্খনন .. | ১ |
| | চকবিল (বাঘাস্তি অঞ্চল) | পুনর্খনন ... | ১ |
| খড়্গপুর লোক্যাল . | চাংগুয়ান মৌজা | | |
| | ভুজ গ্রাম (বড়আড়া আদিবাসীপাড়া) | নতুন খনন ... | ১ |
| | আমলা তারিয়া (সাঁওতালপাড়া) | নতুন খনন ... | ১ |

**রাজনৈতিক কর্মীদের ভাতার হার**

**947.** (Admitted question No. 2790.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নির্যাতিত রাজনৈতিক কর্মীদের বর্তমানে কি হারে ভাতা দেওয়া হয়, এবং

(খ) পশ্চিমবঙ্গে বর্তমানে উক্ত ভাতা কতজন ব্যক্তিকে দেওয়া হয় এবং সর্বনিম্ন ও সর্বোচ্চ ভাতার পরিমাণ কত?

**The Minister for Finance:**

(ক) বর্তমান বৎসরের ১লা মার্চ হইতে ৩১এ জুলাই পর্যন্ত নির্যাতিত রাজনৈতিক কর্মীদের মাসিক ৩০ টাকা, ৩৫ টাকা, ৪০ টাকা, ৫০ টাকা, ৬০ টাকা, ৬৫ টাকা, ৭০ টাকা ৭৫ টাকা ও ১০০ টাকা হারে ভাতা মঞ্জুর করা হইয়াছে।

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট ২,৭৪২ জনকে মাসিক ভাতা দেওয়া হইতেছে। সর্বনিম্ন ভাতার পরিমাণ মাসিক ৫ টাকা ও সর্বোচ্চ ভাতার পরিমাণ মাসিক ১২৫ টাকা।

**"কুড়ুমবেড়া" দুর্গের রক্ষণাবেক্ষণের সরকারী ব্যবস্থা**

**948.** (Admitted question No. 2802.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার গগনেশ্বর (৯নং অঞ্চল) গ্রামে "কুড়ুমবেড়া" নামক যে ঐতিহাসিক প্রাচীন দুর্গ আছে উহার রক্ষণাবেক্ষণ ও সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা করেছেন; এবং

(খ) দর্শকদের যাতায়াতের সুবিধার জন্য কেশিয়াড়ী-বেলদা পাকা রাস্তার সহিত সংযোগকারী রাস্তা নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কবে নাগাদ উহার কার্য সুরু হইবে?

**The Minister for Public Works:**

(ক) 'কুড়ুমবেড়া' দুর্গটি এখনও পর্যন্ত ভারত সরকারের প্রত্নতত্ব সমীক্ষার সংরক্ষণাধীন রহিয়াছে। এই অবস্থায় রাজ্যসরকারের পক্ষে কিছু করা সম্ভবপর নয়।

(খ) না।

**গ্রামসেবক ও গ্রামসেবিকাদের ভূমিসংস্কারের কাজে নিয়োগ**

**949.** (Admitted question No. 2813.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামসেবক ও গ্রামসেবিকাদের ভূমি সংস্কারের কাজে নিয়োগ করা হয় কিনা; এবং

(খ) হইলে, কি কি ধরনের কাজ এরা সম্পন্ন করেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## কৃষি উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা

**950.** (Admitted question No. 2814.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামের কৃষি উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির জন্য সমষ্টি-উন্নয়ন দপ্তরের বর্তমানে কি কি পরিকল্পনা আছে; এবং

(খ) কৃষি বিভাগের সহিত এই দপ্তরের সম্পর্ক কিভাবে রক্ষিত হয়?

**The Minister for Agriculture and Community Development:**

**(ক) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।**

**(খ) কৃষি অধিকর্তার মারফত উপরি-উক্ত প্রকল্পগুলি কার্যকর করা হইয়া থাকে। কৃষি ও সমষ্টি উন্নয়ন শাখা দুইটি একই বিভাগের অন্তর্গত এবং একই মহাধ্যক্ষের অধীন।**

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 950.

### তালিকা

১। ক্ষুদ্র সেচ (ঋণ) প্রকল্প। (স্মল ইরিগেশন স্কীম)।

২। পতিত জমি উদ্ধার ও ভূমি উন্নয়ন (ঋণ) প্রকল্প। (রিক্লামেশন অফ ওয়েস্ট ল্যান্ড স্কীম)।

৩। কৃষি উন্নয়নমূলক উৎপাদক (ঋণ) প্রকল্প। (প্রোডাকটিভ স্কীম ফর প্রমোশন অফ এগ্রিকালচার)।

৪। কৃষি সংক্রান্ত বিবিধ অনুদান প্রকল্প। (মিসলেনিয়াস এগ্রিকালচারাল স্কীম)।

৫। কৃষকের ভূমিতে উন্নত ফলন প্রদর্শন প্রকল্প। (রেজাল্ট ডিমনস্ট্রেশন ইন কাল্টি-ভেটরস হোল্ডিংস)।

৬। কৃষি যন্ত্রপাতির ক্ষুদ্র মেরামতী কারখানা। (স্মল ওয়ার্কসপ স্কীম)।

## Progress of Housing Schemes

**951.** (Admitted question No. 2838.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state the progress of the following Housing Schemes of the Government in 1968-69—

(i) Subsidised Industrial Housing Scheme;

(ii) Plantation Labour Housing Scheme;

(iii) Low Income Group Housing Scheme;

(iv) Slum Clearance Scheme; and

(v) Salt Lake Reclamation Scheme?

**The Minister for Housing:** (i) 1,318 tenements completed.

(ii) 64 tenements completed.

(iii) 474 flats/houses completed.

(iv) 384 tenements completed.

(v) Reclamation of Sectors I, II and III (total 2,432 acres) were almost complete. Development works in Sector I (935 acres) were nearing completion and works in Sector II (565 acres) were taken up.

**বীরভূম জেলা সদর হাসপাতাল**

**952.** (Admitted question No. 2856.)

**ডাঃ রাধানাথ চট্টোরাজঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলা সদর হাসপাতালে শয্যা সংখ্যা কত,

(খ) বিভিন্ন বিভাগের চিকিৎসার জন্য কতজন চিকিৎসক আছেন; এবং

(গ) উক্ত হাসপাতালে চিকিৎসকরা প্রাইভেট প্রাকটিস করিতে পারেন কি?

**The Minister for Health:**

(ক) ২১৬টি।

(খ) ১২ জন।

(গ) পরিবার পরিকল্পনা শাখার চিকিৎসক ছাড়া আর কাহারও প্রাইভেট প্রাকটিসে বাধা নাই।

**নদীয়া জেলায় প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেন্টারের সংখ্যা**

**953.** (Admitted question No. 2861.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় বিভিন্ন ব্লকে কয়টি (১) প্রাইমারী ও (২) সাবসিডিয়ারী হেলথ সেন্টার আছে;

(খ) উক্ত হেলথ সেন্টারগুলির সবগুলিতেই বর্তমানে ডাক্তার আছেন কিনা; এবং

(গ) না থাকিলে কোন্ কোন্ কেন্দ্রে ডাক্তার নেই এবং কতদিনের মধ্যে উক্ত কেন্দ্রে ডাক্তার প্রেরণ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) (১) ১৪টি প্রাইমারী এবং (২) ৪০টি সাবসিডিয়ারী হেলথ সেন্টার আছে।

(খ) না।

(গ) নাকাশীপাড়া ব্লকে অবস্থিত মাঝের গ্রাম এবং চকঘুনী সাবসিডিয়ারী হেলথ সেন্টারে বর্তমানে কোনও ডাক্তার নেই। শীঘ্রই সেখানে ডাক্তার নিয়োগের ব্যবস্থা করা হইতেছে।

**রাণীগঞ্জ কোলফিল্ড কোলিয়ারী সেন্ট্রাল কো-অপারেটিভ স্টোর্স লিঃ**

**954.** (Admitted question No. 2887.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রাণীগঞ্জ কোলফিল্ড কোলিয়ারী সেন্ট্রাল কো-অপারেটিভ স্টোর্স লিঃ কালনা, আসানসোল, বর্তমানে ক্ষতিতে চলিতেছে;

(খ সত্য হইলে কোন সাল হইতে এবং কি কি কারণে;

(গ) (১) উক্ত কো-অপারেটিভ স্টোর্স-এ রাজ্যসরকারের কোন প্রতিনিধি আছে কিনা, (২) থাকিলে তাহার নাম;

(ঘ) উক্ত সমিতির উন্নয়নের জন্য রাজ্যসরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(ঙ) উক্ত সংস্থার পরিচালকমণ্ডলীতে জনপ্রতিনিধিদের অন্তর্ভুক্ত করিবার বিষয়ে রাজ্য-সরকার কোন চিন্তা করিতেছেন কি?

**The Minister for Co-operation:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৭-৬৮ হইতে।

ঐ সালের অডিট সম্পূর্ণ হয় নাই। অডিট সম্পূর্ণ না হইলে ক্ষতির কারণ ও পরিমা নিরূপন করা সম্ভব নয়।

(গ) (১) না।

(২) প্রশ্ন উঠে না।

(ঘ) মৌলিক পরিকল্পনা অনুসারে কোল মাইন্‌স্‌ ওয়েলফেয়ার অরগেনাইজেসন (ভারত সরকার)-এর পৃষ্ঠপোষকতার উপর সমিতির উন্নয়ন ব্যবস্থা নির্ভরশীল। সুতরাং রাজ্যসরকারের কোন ব্যবস্থা অবলম্বন করার প্রশ্ন উঠে না।

(ঙ) যেহেতু রাজ্যসরকার এই সমিতির অংশীদার নয় ও তৎকর্তৃক আর্থিক সাহায্য দেওয়া হয় নাই সেই হেতু রাজ্যসরকারের কোন প্রতিনিধি দেওয়ার ব্যবস্থা নাই। সমিতির পরিচালক-মণ্ডলীতে কোল মাইনস্‌ ওয়েলফেয়ার অরগানাইজেসন (ভারত সরকার) কর্তৃক তিনজন প্রতিনিধি মনোনীত করিবার ব্যবস্থা আছে।

### গ্রামাঞ্চলে টি, বি, হাসপাতাল খোলার পরিকল্পনা

**955.** (Admitted question No. 2889.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে টি, বি, হাসপাতাল খোলার কোন পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে তা কোন্‌ নীতির ভিত্তিতে হইবে?

**The Minister for Health:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### শপ্‌স এ্যান্ড এস্টাব্লিশমেন্ট পরিদর্শকের সংখ্যা

**956.** (Admitted question No. 2907.)

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শপস্‌ এন্ড এস্টাব্লিশমেন্টস আইন যথারীতি পালিত হচ্ছে কিনা দেখবার জন্য ইন্সপেক্টিং স্টাফ-এ মোট কতজন কর্মী নিযুক্ত আছেন;

(খ) তন্মধ্যে (১) কলিকাতায়, (২) ২৪-পরগনায় ও (৩) হাওড়ায় কতজন নিযুক্ত আছেন;

(গ) বর্তমানে যাঁরা হেড অফিসে আছেন তাহারা কয় বৎসর এই অফিসে আছেন;

(ঘ) গত তিন বছরের মধ্যে কলিকাতা থেকে কতজনকে কোথায় কোথায় বদলী করা হয়েছে, এবং কোথা থেকে কতজনকে কলিকাতার অফিসে আনা হয়েছে; এবং

(ঙ) সাধারণত এই কর্মীদের স্থান বদলের নিয়ম কি?

**The Minister for Labour:**

(ক) শপস্‌ এ্যান্ড এস্টাব্লিশমেন্টস আইন যথারীতি পালিত হচ্ছে কিনা দেখবার জন্য বর্তমানে মোট ৫৮ জন কর্মী (ইন্সপেক্টিং স্টাফ) নিযুক্ত আছেন।

(খ) তন্মধ্যে বর্তমানে নিযুক্ত আছেন—

(১) কলিকাতায়—২৭ জন,

(২) ২৪-পরগনায়—৭ জন, এবং

(৩) হাওড়ায়—২ জন।

(গ) বর্তমানে হেড্ অফিসে ২৭ জন আছেন তন্মধ্যে—

(১) ১৪ জন ১ বৎসরের নিম্নে নিযুক্ত আছেন,

(২) ১ বৎসরের ঊর্ধ্বে এবং ৩ বৎসরের নিম্নে ৪ জন নিযুক্ত আছেন, এবং

(৩) ৩ বৎসরের ঊর্ধ্বে ৯ জন কলিকাতায় নিযুক্ত আছেন।

(ঘ) গত তিন বৎসরের মধ্যে কলিকাতা থেকে ১৬ জনকে নিম্নলিখিত স্থানে বদলী করা হইয়াছে—

(১) বারাসত—১

(২) আসানসোল—১

(৩) দুর্গাপুর—১

(৪) নবদ্বীপ—১

(৫) জঙ্গীপুর—১

(৬) নৈহাটি—১

(৭) উলুবেড়িয়া—১

(৮) শিলিগুড়ি—১

(৯) জলপাইগুড়ি—১

(১০) চন্দননগর—১

(১১) ব্যারাকপুর—১

(১২) বজবজ—১

(১৩) দার্জিলিং—১

(১৪) বহরমপুর—১

(১৫) কৃষ্ণনগর—১

(১৬) ২৪-পরগনা সদর—১

গত তিন বৎসরের মধ্যে নিম্নলিখিত স্থান হইতে ৬ জনকে বদলী করিয়া কলিকাতায় আনা হইয়াছে—

(১) বর্ধমান—১

(২) নৈহাটি—১

(৩) ব্যারাকপুর—১

(৪) বহরমপুর—১

(৫) বর্ধমান দক্ষিণ—১

(৬) আসানসোল—১

(ঙ) এই কর্মীদের স্থান বদলের বিশেষ কোন নিয়ম নাই। সাধারণতঃ তিন বৎসর পরে বদলী করা হয়।

## Capitation Fee of the I.M.P.s

**957.** (Admitted question No. 2930.) **Shri Gopal Basu:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the quantum of capitation fee of the I.M.P.s for each person insured individually and family-wise under the State Insurance Scheme in West Bengal;

(b) the proportionate break-up of this quantum under the heads, viz., doctor's remuneration, establishment, cost of medicine, conveyance and other items; and

(c) whether Government is considering the desirability of revising the present quantum of capitation fee?

**The Minister for Labour:** (a) Capitation fee for each insured person per annum is Rs. 6.50 and that for each family unit is Rs. 17.50 per annum.

(b) The break-up of capitation fee per insured person is indicated below:

(i) Doctor's remuneration—Rs. 3.60 P.

(ii) Establishment cost—Rs. 1.90 P.

(iii) Medicines, etc., supplied by the I.M.P.s—Re. 1.00

Break-up of the capitation fee for each family unit has not yet been determined by the Employees' State Insurance Corporation.

(c) The matter is under consideration of the E.S.I. Corporation.

## মুর্শিদাবাদ জেলায় রাজনৈতিক কর্মীদের ভাতা

**958.** (Admitted question No. 2791.)

**শ্রীসনৎকুমার রাহা:** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে নির্যাতিত রাজনৈতিক কর্মী ভাতা পাইতেছেন কতজন; এবং

(খ) তাহাদের নাম কি ও কে কত টাকা ভাতা পাইতেছেন?

**The Minister for Finance:**

(ক) ও (খ) মুর্শিদাবাদ জেলায় যেসকল নির্যাতিত রাজনৈতিক কর্মী ভাতা পাইতেছেন তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে সন্নিবেশিত হইল।

## মুর্শিদাবাদ জেলার কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি

**959.** (Admitted question No. 2982.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটিগুলি প্রত্যেকে কত কুইন্টাল করিয়া ধান্য ক্রয় করিয়াছিল;

(খ) উক্ত ধান ক্রয় বাবত প্রত্যেকটি মার্কেটিং সোসাইটি উক্ত দুই বৎসরে কি পরিমাণ কমিশন পাইয়াছে; এবং

(গ) প্রত্যেকটি মার্কেটিং সোসাইটি ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে প্রত্যেকে কত কুইন্টাল সারের ব্যবসা করিয়াছিল?

**The Minister for Co-operation:**

(ক), (খ) ও (গ) এই তথ্যসমন্বিত যথাক্রমে "ক", "খ" ও "গ" চিহ্নিত পৃথক তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### বর্ধমান জেলা কৃষি-ফার্মের আয়-ব্যয়

**960.** (Admitted question No. 2432.)

**শ্রীদেবব্রত দত্তঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলা কৃষি-ফার্ম প্রতিষ্ঠার সময় থেকে এখন পর্যন্ত প্রতি বৎসর সরকার থেকে কত টাকা করে ব্যয় করা হয়েছে; এবং

(খ) এই কৃষি-ফার্ম থেকে সরকারের উক্ত প্রতি বৎসরে কত টাকা আয় হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) এবং (খ) বর্ধমান জেলা কৃষি ফার্মের প্রতিষ্ঠার সময় থেকে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত প্রতি বৎসরের আয় ও ব্যয়সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### কল্যাণী কৃষি কলেজের ছাত্র সংখ্যা

**961.** (Admitted question No. 492.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কল্যাণীর কৃষি কলেজে গত ৩ বছরে ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮, ১৯৬৮-৬৯ সালে কত ছাত্র ছিল এবং কত ছাত্র স্নাতক হইয়াছে?

**The Minister for Education:**

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কৃষি ফ্যাকাল্টিতে গত তিন বৎসরে পাঠরত ছাত্রের সংখ্যা এবং যাহারা স্নাতক হইয়াছেন তাহাদের সংখ্যা নিম্নরূপঃ—

| | | |
|---|---|---|
| ছাত্র সংখ্যা | | |
| ১৯৬৬-৬৭ | ... | ৭২৩ |
| ১৯৬৭-৬৮ | ... | ৭৫৭ |
| ১৯৬৮-৬৯ | ... | ৭০৯ |
| যাহারা স্নাতক হইয়াছেন তাহাদের সংখ্যা | | |
| ১৯৬৬-৬৭ | ... | ৮১ |
| ১৯৬৭-৬৮ | .. | ৯৮ |
| ১৯৬৮-৬৯ | ... | ১৬২ |

### পশ্চিম দিনাজপুর জেলায় সি পি ও গ্রুপ লোন বিতরণ

**962.** (Admitted question No. 1209.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর গত ৩০-৬-৬৯ তারিখ পর্যন্ত পশ্চিম দিনাজপুর জেলায় কোন্ ব্লকে কত টাকা সি পি ও গ্রুপ লোন বিলি করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে পশ্চিম দিনাজপুর জেলায় এ বৎসর বিভিন্ন ব্লকের মাধ্যমে যে গ্রুপ লোন বিলি করা হইতেছে, লোন গ্রহীতা চাষীকে টাকার পরিবর্তে ধান দেওয়া হইতেছে; এবং

(গ) সত্য হইলে, ধানের কুইন্টাল প্রতি কত দাম ধরা হইতেছে এবং টাকা না দেওয়ার কারণ কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক)

| ব্লকের নাম | গ্রুপ লোন টাকায় | সি. পি. লোন টাকায় |
|---|---|---|
| বালুরঘাট | ৯,০০০ | ৬,০০০ |
| হিলি | ৩,০০০ | ১,০০০ |
| কুমারগঞ্জ | ১২,৩২৫ | ৫,০০০ |
| গঙ্গারামপুর | ৯,০০০ | ৬,০০০ |
| তপন | ৯,০০০ | ৬,০০০ |
| রায়গঞ্জ | .. | .. |
| হেমতাবাদ | ৪,০০০ | ২,০০০ |
| কুশমণ্ডি | ৬,০০০ | ৩,০০০ |
| বংশিহারি | ৬,০০০ | ৩,০০০ |
| কালিয়াগঞ্জ | ৬,০০০ | .. |
| ইটাহার | ৬,০০০ | .. |
| ইসলামপুর | ৫,০০০ | .. |
| চোপড়া | .. | .. |
| করণদিঘী | ৫,০০০ | .. |
| গোয়ালপুকুর (১) | .. | .. |
| গোয়ালপুকুর (২) | ৫,০০০ | ২,৭৫০ |
| মোট (টাকা) | ৮৬,৩২৫ | ৩৪,৭৫০ |

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

**ঝাড়গ্রাম মহকুমার জুনিয়ার হাই স্কুল**

**963.** (Admitted question No. 1241.)

**শ্রীজগৎপতি হাঁসদা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় থানাওয়ারী যে সকল দুই বা চার শ্রেণীর জুনিয়ার হাই স্কুল নব প্রতিষ্ঠিত এবং অনুমোদিত সেগুলির মঞ্জুরীর জন্য আজ পর্যন্ত কোন্ কোন্ স্কুল আবেদন করিয়াছে;

(খ) সেই সকল স্কুলগুলির আবেদন সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন;

(গ) কোন্ কোন্ স্কুলগুলি এ যাবৎ মঞ্জুরী পাইয়াছে;

(ঘ) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় থানাওয়ারী কোন্ জায়গায় কয়টি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব রাজ্যসরকারের হাতে আছে; এবং

(ঙ) এ সকল প্রস্তাবের মধ্যে কোন্ থানায় কয়টিকে মঞ্জুরীদানের সিদ্ধান্ত করা হইয়াছে?

**The Minister for Education:**

(ক)

**১। ঝাড়গ্রাম থানা ৪-শ্রেণীর জুনিয়ার হাই**

(১) বাঁদগোড়া অঞ্চল বিদ্যালয়।

(২) বিরিহান্দি বিদ্যাপীঠ।

(৩) ধুমসাই বিদ্যাভারতী এস সি জুনিয়ার হাই।

(৪) পাকুড়িয়া ধোলকাট জুনিয়ার হাই।

**২। বীনপুর থানা ৪-শ্রেণীর জুনিয়ার হাই**

(১) কাটাপাহাড়ী জুনিয়ার হাই।

(২) লালগড় সারদাময়ী বালিকা বিদ্যালয়।

(৩) জয়পুর জুনিয়ার হাই।

**২-শ্রেণীর জুনিয়ার হাই**

(১) চন্দ্রপুর জুনিয়ার হাই স্কুল।

(২) বাহিচুয়া জুনিয়ার হাই স্কুল।

(৩) আউলিয়া জুনিয়ার হাই স্কুল।

**৩। নয়াগ্রাম থানা ৪-শ্রেণীর জুনিয়ার হাই**

(১) দ্বারিকা পল্লী কে এস জুনিয়ার হাই স্কুল।

**৪। সাঁকরাইল থানা ৪-শ্রেণীর হাই**

(১) কুলটিকরী বালিকা জুনিয়ার হাই।

**৫। জামবনী থানা ২-শ্রেণীর জুনিয়ার হাই**

(১) [illegible]

(খ) তদন্ত কার্য চলিতেছে।

(গ) এখনও মঞ্জুরী পায় নাই।

(ঘ) এই বৎসর (১৯৬৯) জানুয়ারী মাসে মেদিনীপুর জেলা স্কুল বোর্ড-এ জেলায় ২০১টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছেন। উক্ত প্রস্তাবে ঝাড়গ্রাম মহকুমায় ৪৪টি প্রাথমিক বিদ্যালয়ের নাম অন্তর্ভুক্ত আছে। প্রস্তাবিত বিদ্যালয়গুলির থানাওয়ারী সংখ্যা নিম্নে দেওয়া হইলঃ—

| | | |
|---|---|---|
| (১) ঝাড়গ্রাম থানা | ... | ৫ |
| (২) বিনপুর থানা | ... | ১১ |
| (৩) নয়াগ্রাম থানা | .. | ৭ |
| (৪) সাঁকরাইল থানা | ... | ৩ |
| (৫) গোপীবল্লভপুর থানা | .. | ১৬ |
| (৬) জামদানি থানা | ... | ২ |
| মোট | ... | ৪৪ |

(ঙ) পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সহিত মেদিনীপুর জেলার তথা ঝাড়গ্রাম মহকুমার প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**কলেজ অফ লেদার টেকনোলজি, ট্যাংরা**

**964.** (Admitted question No. 1306.)

**শ্রীমনোরঞ্জন বড়াল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ট্যাংরায় অবস্থিত কলেজ অফ লেদার টেকনোলজির বর্তমান অধ্যক্ষ কে;

(খ) কোন্ সালে এবং কেন এই প্রতিষ্ঠানটিকে শিল্পমন্ত্রীর দপ্তর থেকে শিক্ষা দপ্তরের অধীনে আনা হয়;

(গ) কোন্ সালে এবং কি উদ্দেশ্যে এই কলেজে ডিপ্লোমা কোর্সের প্রবর্তন করা হয়;

(ঘ) ঐ কলেজের ছাত্র ও কর্মচারীদের নিকট হইতে বর্তমান সরকার কোন অভিযোগ পেয়েছেন কিনা;

(ঙ) অভিযোগ পেয়ে থাকলে সেগুলো কি; এবং

(চ) ঐ অভিযোগ সম্পর্কে সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**The Minister for Education:**

(ক) শ্রীমণি ব্যানার্জি।

(খ) অন্যান্য প্রযুক্তি বিদ্যা মহাবিদ্যালয় শিক্ষা বিভাগ কর্তৃক পরিচালিত হয়। সেইজন্য ভারত সরকার এই মহাবিদ্যালয়টিকে শিক্ষা বিভাগের অধীনে আনার জন্য নির্দেশ দেন। সেই নির্দেশ অনুসারে ১৯৬৮ সালে এই প্রতিষ্ঠানটিকে শিল্প বিভাগ হইতে শিক্ষা বিভাগের অধীনে আনা হয়।

(গ) ১৯৬৬ সালের মন্ত্রিসভার অনুমোদনক্রমে এই মহাবিদ্যালয়ে "বুট এবং সুমেকিং" বিভাগে সার্টিফিকেট কোর্স-এর পরিবর্তে লেদার টেকনোলজিতে ডিপ্লোমা কোর্স প্রবর্তন করা হয়।

(ঘ) ও (ঙ) কিছুদিন পূর্বে ছাত্রদের পক্ষ হইতে লেদার টেকনোলজির ডিপ্লোমা কোর্স-এর পরীক্ষার বিষয়ে একটি অভিযোগ পাওয়া গিয়াছিল যে তাহাদের পরীক্ষা বিষয়ে স্টেট কাউন্সিল-এর অনুমোদন এখনও পাওয়া যায় নাই।

(চ) স্টেট কাউন্সিল কর্তৃক ঐ কোর্স-এর অনুমোদন এবং যাহাতে এই বৎসর সময় মত ঐ পরীক্ষা নেওয়া যাইতে পারে তাহার সর্বপ্রকার ব্যবস্থা নিতেছেন।

### বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলির খাজনা মকুবের সিদ্ধান্ত

**965.** (Admitted question No. 1697.)

**শ্রীজয়কেশ মুখার্জী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের বন্যা ও অতিবৃষ্টির জন্য ক্ষতিগ্রস্ত এলাকাগুলির খাজনা ছাড়ের সিদ্ধান্ত করিয়াছেন কিনা; এবং

(খ) যদি উত্তর হ্যাঁ হয়, তবে হাওড়া জেলার কোন্ কোন্ মৌজার খাজনা ছাড়ের ব্যবস্থা হয়েছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ।

(খ) অপর সমাহর্তার নিকট মৌজার নামসহ কত টাকা খাজনা ছাড় দিতে হইবে সে সম্পর্কে প্রস্তাব চাওয়া হইয়াছে। হাওড়া জেলা হইতে প্রস্তাব আসিলেই প্রয়োজনীয় আদেশ পাঠান হইবে। ইতিমধ্যে যে সকল গ্রামে বন্যার দরুন বিশেষ ক্ষতি হইয়াছিল সেইসব গ্রামে গত বৎসর খাজনা আদায় স্থগিত রাখা হইয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা

**966.** (Admitted question No. 1912.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মহকুমায় কত মাইল পাকা রাস্তা আছে;

(খ) রাস্তাগুলির নাম কি;

(গ) ১৯৬৯-৭০ সালে কোন নূতন রাস্তা হইবে কিনা; এবং

(ঘ) রাস্তা সম্পর্কে জেলাভিত্তিক কমিটি গঠন করা হইবে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) (১) জঙ্গীপুর মহকুমা—১০১ মাইল।
(২) কান্দি মহকুমা—১১৮ মাইল।
(৩) বহরমপুর মহকুমা—১৫১ মাইল।
(৪) লালবাগ মহকুমা—১০৩ মাইল।

(খ) সংলগ্ন তালিকায় দেওয়া হইল।

(গ) না।

(ঘ) বিষয়টি যথাসময়ে বিবেচনা করা হবে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 966

**তালিকা**

**জঙ্গীপুর মহকুমা**

রাস্তার নাম

(১) জাতীয় সড়ক নং ৩৪—

(ক) বহরমপুর-রঘুনাথগঞ্জ।

(খ) রঘুনাথগঞ্জ-ধুলিয়ান।

(গ) ধুলিয়ান-ফারাক্কা।

(২) ধুলিয়ান-পাকুর।

(৩) জাতীয় সড়ক হইতে ধুলিয়ান-পাকুর রাস্তা পর্যন্ত লিঙ্ক রোড।

(৪) জাতীয় সড়ক নং ৩৪ হইতে নিমতিতা স্টেসন হইয়া সুতী থানা পর্যন্ত লিংক রোড।

(৫) নিমতিতা-নিমতিতা ঘাট।

(৬) জাতীয় সড়ক নং ৩৪ হইতে রেলওয়ে স্টেসন পর্যন্ত লিঙ্ক রোড।

(ক) সজনীপাড়া—১½ মাইল।

(খ) আহীরন—½ মাইল।

(৭) রঘুনাথগঞ্জ-মিত্রপুরা।

(৮) রঘুনাথগঞ্জ-বহরমপুর (অংশ)।

(৯) সাগরদীঘি-মনিগ্রাম-গণকর-রঘুনাথগঞ্জ।

(১০) নলহাটি-মোরগ্রাম (অংশ)।

(১১) কুলী-মোরগ্রাম (অংশ)।

**কান্দি মহকুমা**

রাস্তার নাম

(১) শেরপুর-বিষ্ণুপুর (অংশ)।

(২) খড়গ্রাম-পারুলিয়া।

(৩) কুলী-মোরগ্রাম (অংশ)।

(৪) কান্দি-সুলতানপুর।

(৫) বহরমপুর-কান্দি (অংশ)।

(৬) জীবন্তী-শেরপুর।

(৭) কান্দি-পাঁচথুপী।

(৮) পাঁচথুপী-বড়ঞা।

(৯) কুলী-বড়ঞা-গ্রামশালিকা।

(১০) সালকিয়া-পানুটি।

(১১) কান্দি-ভরতপুর।

(১২) ভরতপুর-সালার।

(১৩) কালিতলা-জজান।

(১৪) মহাদিয়া-দুর্গাপুর।

(১৫) সিমুলিয়া-সালার-কাগ্রাম ফলার স্টেসন হইতে লিংক রোড সহ।

(১৬) টেঞা স্টেসন হইতে টেঞা হেলথ সেন্টার।

(১৭) কান্দি মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত রাস্তা।

**বহরমপুর মহকুমা**

রাস্তার নাম

(১) বহরমপুর-কান্দি (অংশ)।

(২) রামনগর-বাজারগাউ-টেরিপাছা-খাগড়া ঘাট।

(৩) জাতীয় সড়ক নং ৪—

(ক) পলাশী হইতে ভাগীরথী ব্রীজ (অংশ)।

(খ) বহরমপুর-রঘুনাথগঞ্জ (অংশ)।

(৪) রেলওয়ে স্টেসন লিঙ্ক রোড—

(ক) রেজোনিগর ½ মাইল।

(খ) বেলডাঙ্গা ½ মাইল।

(গ) ভাবতা ½ মাইল।

(ঘ) সারগাছি ½ মাইল।

(ঙ) কাশিমবাজার ২½ মাইল।

(৫) বেলডাঙ্গা-আমতলা-পাটকাবাড়ী।

(৬) বহরমপুর-হরিহরপুর-আমতলা।

(৭) বহরমপুর-জলঙ্গী (অংশ)।

(৮) ডোমডল-গড়াইমারী।

(৯) জলঙ্গী-মধুবনা।

(১০) বেলডাঙ্গা-মহামপুর।

(১১) কৃষ্ণপুর-দেবীপুর-জলঙ্গী (অংশ)।

(১২) কার্জন রোড (বহরমপুর হইতে লালবাগ অংশ)।

(১৩) বহরমপুর মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত রাস্তা।

**লালবাগ মহকুমা**

রাস্তার নাম

(১) পাঁচগ্রাম-নবগ্রাম-লালবাগ।

(২) জাতীয় সড়ক নং ৩৪ (বহরমপুর-রঘুনাথগঞ্জ অংশ)।

(৩) রঘুনাথগঞ্জ-বহবমপুর (অংশ)।

(৪) রেলওয়ে স্টেসন লিঙ্ক রোড—

(ক) মুর্শিদাবাদ—১½ মাইল।

(খ) কৃষ্ণপুর—½ মাইল।

(গ) লালগোলা—১ মাইল।

(৫) বহরমপুর-রঘুনাথগঞ্জ হইতে জিয়াগঞ্জ ফেরীঘাট।

(৬) ভগবানগোলা-আখিরিগঞ্জ।

(৭) ভগবানগোলা-লালগোলাঘাট।

(৮) আখিরিগঞ্জ-কাতলামারী।

(৯) ইসলামপুর-কাতলামারী।

(১০) বহরমপুর-জলঙ্গী।

(১১) কৃষ্ণপুর-দেবীপুর-জলঙ্গী (অংশ)।

(১২) কার্জন রোড (বহরমপুর হইতে লালবাগ অংশ)।

## কান্দী মহকুমার ফরিদপুর মৌজায় আখেরী দিঘী

**967.** (Admitted question No. 2031.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার ফরিদপুর মৌজায় আখেরী দিঘীর পরিমাণ কত; এবং

(খ) উক্ত দিঘীর কি পরিমাণ জমি বর্তমানে কৃষি জমিতে পরিণত হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) আনুমানিক ৫২·৬০ একর।

(খ) আনুমানিক ৪০ বিঘা।

## হাওড়া জেলায় বেনামী জমি

**968.** (Admitted question No. 2017.)

**শ্রীঅনাদি দাস:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় কোন্ ব্লকে কত বেনামী জমি ধরা পড়িয়াছে;

(খ) উক্ত জমির কত পরিমাণ সরকার দখল পাইয়াছেন ও কত পরিমাণ বন্দোবস্ত দিয়াছেন;

(গ) উক্ত জেলায় কত সরকারী খাস জমি আছে; এবং

(ঘ) উক্ত খাস জমির সব জমি বিলি করা হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হাওড়া জেলায় বিভিন্ন ব্লকে বেনামী জমি উদ্ধারের বিবরণ নিম্নে দেওয়া হইল:—

| | | একর |
|---|---|---|
| উলুবেড়িয়া ব্লক নং ১ এবং ২ | ... | ৪১৩·৬১ |
| বাগনান ব্লক নং ১ এবং ২ | ... | ৯৪·৫৬ |
| আমতা ব্লক নং ২ | ... | ২১২·০০ |
| শ্যামপুর ব্লক নং ১ | ... | ২৪·০০ |
| বালি-জগাছা ব্লক | ... | ২৭৪·২৭ |
| ডোমজুড় ব্লক | ... | ৭৬·৯০ |
| জগৎবল্লভপুর ব্লক | ... | ৪৭৬·৫৮ |
| পাঁচলী-সাঁকরাইল ব্লক | ... | ৮·৫৮ |
| মোট | ... | ১,৫৮০·৫০ |

(খ) ৭৯১·১৭ একর জমির দখল সম্প্রতি পাওয়া গিয়াছে এবং ২৩·২০ একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে। বহু জমি সিভিল রুল এবং স্বত্ত্বের মামলায় (টাইটেল সুট) আবদ্ধ বলিয়া দখল লওয়া ও বণ্টন করা সম্ভব হয় নাই।

(গ) ৫,৩০৫·১৫ একর।

(ঘ) খাস জমি সব এখনও বিলি করা হয় নাই।

**নওদা ও বেলডাঙ্গা থানায় প্রাইমারী স্কুলের সংখ্যা**

**969.** (Admitted question No. 2120.)

**শ্রীমহম্মদ নাসিরুদ্দীন খানঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নওদা থানা ও বেলডাঙ্গা থানায় মোট কতগুলি প্রাইমারী স্কুল রহিয়াছে, এবং

(খ) তন্মধ্যে কতগুলি স্কুলের গৃহ পাকা?

**The Minister for Education:**

(ক) নওদা থানায় মোট ৬৮টি এবং বেলডাঙ্গা থানায় মোট ১৩০টি প্রাথমিক বিদ্যালয় আছে।

(খ) নওদা থানায় ২৮টি ও বেলডাঙ্গা থানায় ৮০টি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ পাকা।

**মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের অফিস বাড়ী**

**970.** (Admitted question No. 2180.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের অফিস বাড়ী নির্মাণের জন্য যে টাকা খরচ হইয়াছে তাহা কিভাবে কোথা হইতে সংগৃহীত হইয়াছিল;

(খ) এই নির্মাণের ব্যাপারে সরকারের মঞ্জুরী ও অনুমোদন প্রয়োজন ছিল কি;

(গ) প্রয়োজন থাকিলে, লওয়া হইয়াছিল কি;

(ঘ) ঠিকাদার ঠিক করিবার জন্য টেন্ডার হইয়াছিল কি; এবং

(ঙ) কাহাদের সিদ্ধান্ত অনুসারে ঐ বাড়ী নির্মিত হয় এবং কাহারা উহার নির্মাণকার্য তদারক করিয়াছিল?

**The Minister for Education:**

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের অফিস বাড়ী নির্মাণের জন্য যে ১,৫৯,১৫০ টাকা খরচ হইয়াছে, উহা নিম্নলিখিত তহবিল হইতে সংগৃহীত হয়ঃ—

(১) বিদ্যালয় গৃহ নির্মাণে ঠিকাদারগণ কম দরে কার্য করায় উদ্বৃত্ত তহবিল হইতে ৫৫,৪৮৪ টাকা;

(২) ঠিকাদারগণের জামানত বাজেয়াপ্তকরণের দরুন প্রাপ্ত ৬,২০৩ টাকা, এবং

(৩) বন্যায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের গৃহ নির্মাণকল্পে প্রদত্ত সরকারী সাহায্য ২,৪৭,৭৯৯ টাকার মধ্যে উদ্বৃত্ত বলিয়া কথিত ৯৭,৪৬৩ টাকা।

(খ) হ্যাঁ।

(গ) না।

(ঘ) হ্যাঁ।

(ঙ) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃপক্ষ ৩-৪-৬৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডের সভায় উপরোক্ত ভবনের নকশা এবং উহা নির্মাণের জন্য টাকার বরাদ্দ মঞ্জুর করেন। উক্ত বোর্ডই নির্মাণকার্য তদারক করিয়াছিলেন।

**মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা**

**971.** (Admitted question No. 2211.)

**শ্রীগঙ্গাপদ কুঁওরঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ে কত সংখ্যক ছাত্রছাত্রীর জন্য একজন করিয়া শিক্ষক নিয়োগ করা হয়;

(খ) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার (১) কেশপুর, (২) নাড়াজোল এবং মেদিনীপুর সদর (পূর্ব) সার্কেলের বহু প্রাথমিক বিদ্যালয়ে ঐ অনুপাতে শিক্ষক-সংখ্যা কম রহিয়াছে;

(গ) সত্য হইলে, সার্কেলওয়ারী উক্ত বিদ্যালয়গুলির নাম কি; এবং

(ঘ) উক্ত বিদ্যালয়গুলিতে সত্বর শিক্ষক নিয়োগের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Education:**

(ক) সাধারণতঃ প্রতি ৪০ জন ছাত্র পিছু ১ জন শিক্ষক নিযুক্ত করা যায়। অতিরিক্ত প্রতি ৪০ জন অথবা ২০ জনের কম নহে এরূপ ছাত্র সংখ্যার জন্য অতিরিক্ত ১ জন শিক্ষক লওয়া যায়। তবে ৪৫ জনের বেশী সংখ্যক ছাত্র হইলে, দ্বিতীয় শিক্ষক নিযুক্ত করা যায়।

(খ) উল্লিখিত তিনটি সার্কেলে কিছু সংখ্যক বিদ্যালয়ে শিক্ষক-সংখ্যা কম আছে।

(গ) সার্কেলওয়ারী উক্ত ৩৭টি বিদ্যালয়ের নাম দেওয়া হইল। কেশপুর সার্কেলে ১২টি বিদ্যালয়ে, নাড়াজোল সার্কেলে ১৫টি এবং মেদিনীপুরের সদর (পূর্ব) সার্কেলে ১০টি—মোট ৩৭টি বিদ্যালয়ে ছাত্র সংখ্যানুপাতে মোট ৩৮ জন শিক্ষকের প্রয়োজন হইতে পারে। (বিদ্যালয়ের নাম সংলগ্ন তালিকায় দেওয়া হইল।)

(ঘ) (১) জেলার অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ে উদ্বৃত্ত শিক্ষক সম্ভবমত স্থানান্তর করিয়া আনার বিষয়টি বিবেচনা করা হইতেছে।

(২) শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের নামের তালিকা প্রস্তুত করিবার ব্যবস্থা করা হইতেছে।

Statement referred to in clause (Ga) of unstarred question No. 971.

**তালিকা**

| বিদ্যালয়ের নাম | ছাত্র সংখ্যা | শিক্ষক সংখ্যা | অতিরিক্ত শিক্ষক প্রয়োজন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কেশপুর সার্কেল | | | |
| (১) কোটা প্রাথমিক বিদ্যালয় .. .. . | ১৫২ | ৩ | ১ |
| (২) পিয়াশালা প্রাথমিক বিদ্যালয় . . . | ১৫৬ | ৩ | ১ |
| (৩) চেঁচুঁড়া প্রাথমিক বিদ্যালয় . .. | ১০৫ | ২ | ১ |
| (৪) পালংপুর প্রাথমিক বিদ্যালয় . .. | ১০৭ | ২ | ১ |
| (৫) শেওড়া গেড়িয়া প্রাথমিক বিদ্যালয় . | ১২০ | ২ | ১ |
| (৬) গরগোভাপোতা প্রাথমিক বিদ্যালয় .. | ১৫৬ | ৩ | ১ |
| (৭) বেলডোবা প্রাথমিক বিদ্যালয় .. | ১২২ | ২ | ১ |
| (৮) আন্দিচক প্রাথমিক বিদ্যালয় .. . | ১৫০ | ৩ | ১ |
| (৯) পিতাম্বরচক প্রাথমিক বিদ্যালয় .. .. | ১৫৪ | ৩ | ১ |
| (১০) কোকাপরি প্রাথমিক বিদ্যালয় .. .. | ১৪৪ | ৩ | ১ |
| (১১) ধর্মপুর .. .. .. .. | ১০৮ | ১ | ১ |
| (১২) গোপীনাথবাটি .. .. .. | ১২৫ | ২ | ১ |

| বিদ্যালয়ের নাম | ছাত্র সংখ্যা | শিক্ষক সংখ্যা | অতিরিক্ত শিক্ষক প্রয়োজন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| নাড়াজোল সার্কেল | | | |
| (১) স্বপাপুড়স্বড়ি | ১৩১ | ২ | ১ |
| (২) ডেহিপলাশ | ১৫২ | ৩ | ১ |
| (৩) সরবেড়িয়া | ২৩০ | ৫ | ১ |
| (৪) বেলিয়াঘাটা | ১০৫ | ২ | ১ |
| (৫) গোকুলনগর | ১২০ | ২ | ১ |
| (৬) মুকুন্দপুর | ১০০ | ২ | ১ |
| (৭) বৈকুণ্ঠপুর | ১১৮ | ২ | ১ |
| (৮) দেবকুল | ১১৮ | ২ | |
| (৯) বড়সিমলা | ১২২ | ২ | . |
| (১০) অনন্তপুর | ১২০ | ২ | ১ |
| (১১) সালামপুর | ১২০ | ২ | ১ |
| (১২) তাতারপুর | ১১৫ | ২ | ১ |
| (১৩) পোষতঙ্গুনা | ১২৩ | ২ | ১ |
| (১৪) তিলনদা | ১২৫ | ২ | ১ |
| (১৫) স্বলতাননগর | ১২২ | ১ | ২ |
| সদর (পূর্ব) সার্কেল | | | |
| (১) হরিশপুর | ১০৯ | ২ | ১ |
| (২) পাঁচখুরি | ১৪৩ | ৩ | ১ |
| (৩) রঘুনাথপুর | ১০০ | ২ | ১ |
| (৪) চড়কা | ১৩৫ | ৩ | ১ |
| (৫) ধলহরা | ২০৯ | ৪ | ১ |
| (৬) পাকলিয়া | ১২১ | ২ | ১ |
| (৭) পাকুড়িয়া | ১৮৬ | ৪ | ১ |
| (৮) বামনগর | ৮০ | ১ | ১ |
| (৯) ব্রাহ্মণচক | ৭৭ | ১ | ১ |
| (১০) ভবানী নগর | ৬৭ | ১ | ১ |

### ৬নং ন্যাশনাল হাইওয়ের জমি

**972.** (Admitted question No. 2285.)

**শ্রীকালীপদ মণ্ডল:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৬নং ন্যাশনাল হাইওয়ে তৈরির জন্য সাঁকরাইল ও উলুবেড়িয়া ২নং ব্লক এলাকার কতজনের জমি অধিগ্রহণ করা হয়েছিল; এবং

(খ) এ সকল ব্যক্তিদের ক্ষতিপূরণের টাকা পরিশোধ করা হয়েছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) প্রায় ১,৮০০ জনের জমি অধিগ্রহণ করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

উপরোক্ত সংখ্যার শতকরা ৯০ জনকে ইতিমধ্যে ক্ষতিপূরণের টাকা প্রদান করা হইয়াছে। অবশিষ্ট ব্যক্তিদের ক্ষতিপূরণের টাকা প্রদান করার ব্যবস্থা করা হইতেছে।

### মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরীর সংখ্যা

**973.** (Admitted question No. 2390.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা (সমাজ-শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরীর সংখ্যা কত?

**The Minister for Education (Social Education):**

মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরীর সংখ্যা ৫৯টি। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ "সংযুক্তি ক"-তে দেওয়া হ'ল।

*Statement referred to in reply to unstarred question No 973*

"সংযুক্তি ক"

| | | |
|---|---|---|
| (1) Number of Government sponsored Libraries | | 34 |
| (a) Number of District Libraries | 1 | |
| (b) Number of Rural Libraries | 33 | |
| (2) Number of Aided Public Library | | 15 |
| (3) Number of Aided Library Centre | | 10 |
| | | 59 |

### Expenditure on T. R. work in Bankura district

**974.** (Admitted question No. 2508.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the total amount spent in Bankura district in T.R. work during the period 7th February, 1964 and 14th February, 1966;

(b) the amount spent during the said period in T.R. work in Bankura Block-I;

(c) the amount spent during the said period in T.R. work in Bankura town; and

(d) the amount spent during the said period for T.R. work done, if any, in the bungalow and compound of the District Magistrate of Bankura?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(a) In cash—Rs. 20,78,283. In kind—79,735 quintals 39 Kg.
(b) In cash—Rs. 11,05,822. In kind—21,563 quintals 7 Kg.
(c) In cash—Rs. 4,22,384. In kind—6,226 quintals 38 Kg.
(d) In cash—Rs. 14,674. In kind—684 quintals.

## পাট চাষ

**975.** (Admitted question No. 2554.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ ও ১৯৬৯-৭০ সালে কোন্ জেলায় কত জমিতে পাট চাষ করা হইয়াছে;

(খ) কি পরিমাণ পাট জেলায় উৎপন্ন হইয়াছে; এবং

(গ) ১৯৬৮-৬৯ সালে পাটের দর ভাদ্র মাসে ও অগ্রহায়ণে কি ছিল?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ও (খ) ১৯৬৮-৬৯ সালের জেলাভিত্তিক একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

১৯৬৯-৭০ সালের প্রাথমিক পূর্বাভাষ (ফোরকাস্ট) এখনও নির্ধারিত হয় নাই।

(গ)

**ভাদ্র মাস**

| | (কুইন্টাল প্রতি) |
|---|---|
| সর্বোচ্চ দর ... ... ... | ২১৬ টাকা |
| সর্বনিম্ন দর ... ... ... | ১৫ টাকা |

**অগ্রহায়ণ মাস**

| | (কুইন্টাল প্রতি) |
|---|---|
| সর্বোচ্চ দর ... .. . | ২১৫ টাকা |
| সর্বনিম্ন দর ... ... ... | ১৬০ টাকা |

*Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No 975*

**বিবরণী**

| | Name of the district | Area (in ·000 acres) during 1968-69 | Production (in ·000 bales) during 1968-69 |
|---|---|---|---|
| 1 | 24-Parganas | 60·8 | 160·5 |
| 2. | Nadia | 86·2 | 100·8 |
| 3. | Murshidabad | 110·0 | 143·1 |
| 4. | Burdwan | 13·4 | 30·5 |
| 5. | Birbhum | 0·1 | 0·3 |
| 6. | Bankura | 1·3 | 3·4 |
| 7. | Midnapore | 18·0 | 48·0 |
| 8. | Hooghly | 30·5 | 107·7 |
| 9. | Howrah | 2·3 | 7·2 |
| 10. | Jalpaiguri | 93·5 | 250·6 |
| 11. | Darjeeling | 7·7 | 16·5 |
| 12. | Malda | 21·2 | 24·4 |
| 13. | West Dinajpore | 104·9 | 159·4 |
| 14 | Cooch Behar | 113·9 | 276·8 |
| 15. | Purulia | 0·1 | 0·3 |
| | Total | 663·9 | 1,329·5 |

### বিনপুর ১নং ব্লকে সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র

**976.** (Admitted question No. 2563.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার অন্তর্গত বিনপুর ১নং ব্লকের অধীন ১০নং অঞ্চলে একটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার স্থাপন করার জন্য স্থানীয় জনসাধারণের নিকট হইতে কোন আবেদন পাইয়াছেন কিনা;

(খ) পাইয়া থাকিলে, (১) কবে পাইয়াছেন, (২) উক্ত আবেদনপত্রে স্থানীয় অধিবাসীদের কাছ থেকে কত টাকা ও কি কি সাহায্য দেওয়ার প্রতিশ্রুতি পাইয়াছেন; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

### বনভূমি

**977.** (Admitted question No. 2570.)

**শ্রীকামাখ্যাপদ মণ্ডল:** বনবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বনভূমির আয়তন কতখানি; এবং

(খ) ইহা এই রাজ্যের ভৌগোলিক আয়তনের শতকরা কত অংশ?

**The Minister for Forests:**

(ক) ১১,৮২৭ বর্গ কিলোমিটার।

(খ) শতকরা ১৩·৫ অংশ।

### প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিগণের সুযোগ-সুবিধা

**978.** (Admitted question No. 2593.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ এবং মাধ্যমিক বিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীগণ সরকারের নিকট হইতে কি কি সুযোগ-সুবিধা পাইয়া থাকেন?

**The Minister for Education:**

মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাইয়া থাকেনঃ

(১) সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের অনুমোদিত শিক্ষকশিক্ষিকাগণ এবং অশিক্ষক কর্মিগণ সরকারের মঞ্জুরীকৃত বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতা পাইয়া থাকেন এবং যথাযথ হার অনুযায়ী প্রভিডেন্ট ফান্ডের সুযোগ পাইয়া থাকেন।

(২) সকল অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ এবং অশিক্ষক কর্মিগণ সরকারের মঞ্জুরীকৃত হারে মহর্ঘ ভাতা পাইয়া থাকেন।

(৩) শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত স্নাতক অথবা এম এ/এম এসসি/এম কম শিক্ষক-শিক্ষিকাগণ যাঁহারা গ্রামাঞ্চলে (রুর‍্যাল এরিয়া) অবস্থিত সাহায্যপ্রাপ্ত অনুমোদিত বিদ্যালয়ে শিক্ষকতা করেন এবং গ্রামাঞ্চলে বাস করেন তাঁহারা সরকারের মঞ্জুরীকৃত হারে বিশেষ ভাতা (স্পেশাল অ্যালাওয়েন্স) পাইয়া থাকেন।

(৪) অনুমোদিত বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণের সন্তান-সন্ততিরা বিনা বেতনে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার সুযোগ পাইয়া থাকেন।

(৫) ১লা এপ্রিল ১৯৬৬ সাল হইতে যেসকল শিক্ষক-শিক্ষিকাগণ এবং অশিক্ষক কর্মিগণ অবসর গ্রহণ করিতেছেন তাঁহাদের জন্য অবসরকালীন ভাতার (পেনসন) ব্যবস্থা করা হইয়াছে। বিশেষ ক্ষেত্রে রিটায়ারিং গ্র্যাচুইটি ডেথ গ্র্যাচুইটি এবং ফ্যামিলি পেনসন প্রদানের ব্যবস্থা আছে।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাইয়া থাকেন:

প্রচলিত নিয়মানুযায়ী যোগ্যতা অনুসারে বেতন, নির্ধারিত হারে মহার্ঘ ভাতা এবং প্রভিডেন্ট ফান্ড (কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ড), ১-৪-৬৮ তারিখ হইতে অবসরপ্রাপ্ত শিক্ষকগণের ইচ্ছানুযায়ী গ্র্যাচুইটি অথবা পেনসন ও পারিবারিক পেনসন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। তাঁহাদের পুত্রকন্যাগণের বিনা বেতনে মাধ্যমিক স্তরে শিক্ষার সুযোগ দেওয়া হয়।

## মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজি

**979.** (Admitted question No. 2619.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজি এই শিক্ষায়তনের বর্তমানে পরিচালনা কমিটি আছে কিনা; এবং

(খ) থাকিলে, সরকার কর্তৃক মনোনীত কোন সদস্য এই কমিটিতে আছেন কিনা এবং থাকিলে, তাঁহাদের নাম কি?

**The Minister for Education:**

(ক) পরিচালনা কমিটির কার্যকাল ৩১এ মে, ১৯৬৯ তারিখে শেষ হইয়া গিয়াছে। পরিচালনা কমিটির পুনর্গঠন ও বর্তমান কমিটির মেয়াদ বাড়ানো সম্পর্কে ব্যবস্থা করা হইতেছে।

(খ) বর্তমান কমিটির সদস্যদের তালিকা এই সঙ্গে দেওয়া হইল। শিক্ষক প্রতিনিধি এবং ভারত সরকারের একজন প্রতিনিধি, স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশন ও ইনস্টিটিউশন অফ ইঞ্জিনীয়ারিং-এর প্রতিনিধি বাদে সমস্ত সদস্যই সরকার কর্তৃক মনোনীত।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 979

### কমিটির সদস্যদের তালিকা

(১) মুর্শিদাবাদ জেলা শাসক—প্রেসিডেন্ট (পদাধিকার বলে)।
(২) শ্রীসৌমেন্দ্রচন্দ্র নন্দী (কাশিমবাজার)- সদস্য।
(৩) ডাঃ রামচন্দ্র পাল, অধ্যক্ষ, কৃষ্ণনাথ কলেজ—সদস্য।
(৪) শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য (মুর্শিদাবাদ)—সদস্য।
(৫) ডাঃ রবীন্দ্রনাথ রায়, এম বি (মুর্শিদাবাদ)—সদস্য।
(৬) স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশনের প্রতিনিধি—সদস্য।
(৭) ইনস্টিটিউট অফ ইঞ্জিনীয়ারিং (ভারত) বাংলা কেন্দ্রের প্রতিনিধি—সদস্য।
(৮) পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ হইতে পি আই টি ই বা তাঁর মনোনীত ব্যক্তি—সদস্য।
(৯) রাজ্যের কোন ইঞ্জিনীয়ারিং বিভাগের প্রতিনিধি—সদস্য।
(১০) ভারত সরকারের শিক্ষা-মন্ত্রণালয়ের প্রতিনিধি—সদস্য।
(১১) নিখিল ভারত কারিগরী শিক্ষা পরিষদের পূর্বাঞ্চলীয় সমিতির প্রতিনিধি—সদস্য।
(১২) অধ্যক্ষ, মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজি—সম্পাদক (পদাধিকারবলে)।

### Construction of a bridge over the Damodar river at Sadar Ghat

**980.** (Admitted question No. 2656.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that the plan and the estimate to construct a bridge over Damodar river at Sadar Ghat in the Burdwan district have been prepared; and

(b) if so—

(1) total estimated cost for the construction,

(2) respective share of the State Government and the Central Government,

(3) probable date of the implementation of the plan, and

(4) that of likelihood of completion?

**The Minister of State for Public Works (Roads):**

(a)

হ্যাঁ।

(b) (1)

এক কোটি ষোল লক্ষ টাকা (দুই বৎসর পূর্বের হিসাবে)।

(2)

কেন্দ্রীয় সরকার কর্তৃক আংশিক ব্যয়ভার গ্রহণের কোন সম্ভাবনা নেই।

(3)

অর্থাভাবের জন্য স্কীমটি এখনও মঞ্জুর করা সম্ভব হয় নি; সুতরাং আরম্ভ করার তারিখ নির্দেশ করা যায় না।

(4)

আরম্ভ হওয়ার সময় থেকে পাঁচ বৎসর।

### মেদিনীপুর জেলায় দফাদার ও চৌকিদারদিগের সংখ্যা

**981.** (Admitted question No. 2687.)

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দফাদার ও চৌকিদারদিগের সংখ্যা কত;

(খ) ইহাদের কি কি বেতন ও ভাতা দেওয়া হইয়া থাকে; এবং

(গ) ইহাদিগকে পোষাক দেওয়া হয় কিনা; এবং হইলে, কতদিন অন্তর?

**The Minister for Panchayat:**

(ক) দফাদার ৪৭৩ জন এবং চৌকিদার ৪,৭৮০ জন।

(খ) চৌকিদার এবং দফাদারগণের মাসিক বেতন বাবদ সরকার হইতে যথাক্রমে ২০ টাকা এবং ২৫ টাকা হিসাবে প্রত্যেক অঞ্চল পঞ্চায়েতকে অনুদান দেওয়া হইয়া থাকে। অঞ্চল পঞ্চায়েতও নিজস্ব তহবিল হইতে সমহারে ইহাদিগকে বেতন হিসাবে দিবেন সরকার এই আশা করেন। কিন্তু আর্থিক অসচ্ছলতার জন্য বিভিন্ন অঞ্চল পঞ্চায়েত বিভিন্ন হারে নিজস্ব তহবিল হইতে ইহাদিগকে বেতন দিয়া থাকেন।

(গ) হ্যাঁ, ইহাদিগকে এক বৎসর অন্তর পোষাক দেওয়া হয়।

**মালদহ শহরে বাস্তুহারা কলোনীর উদ্বাস্তুদের বাস্তুজমি দান**

**982.** (Admitted question No. 2692.)

**শ্রীমহম্মদ আলি:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ শহরে বাস্তুহারা কলোনীগুলিতে কলোনী স্থাপন হওয়া কাল হইতে এ পর্যন্ত মোট কতজনকে বাস্তুর জন্য জমি দেওয়া হইয়াছে এবং কি কি সর্তে;

(খ) উল্লিখিত কলোনীগুলিতে গৃহ নির্মাণ জন্য মোট কতজনকে হাউজ বিল্ডিং লোন দেওয়া হইয়াছে এবং কি কি সর্তে;

(গ) সর্বোচ্চ কত টাকা পর্যন্ত উক্ত লোন দেওয়া হইয়াছে এবং এই রকম মোট কতজনকে দেওয়া হইয়াছে;

(ঘ) উক্ত লোনের মধ্যে অদ্যাবধি কত টাকা রিয়েলাইজ করা হইয়াছে এবং কত টাকা আনরিয়েলাইজ রহিয়াছে; এবং

(ঙ) উল্লিখিত লোন ও বাস্তুজমি দেওয়ার সময় কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া দেওয়া হয়?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) এ পর্যন্ত ৫২২টি উদ্বাস্তু পরিবারকে বাস্তুজমি দেওয়া হইয়াছে। বাস্তুজমির মূল্য পরিশোধ না হইলে মালিকানা এবং হস্তান্তরের অধিকার দেওয়া হয় না।

(খ) ছয়শত বত্রিশটি উদ্বাস্তু পরিবারকে গৃহনির্মাণ ঋণ দশ হইতে বিশ বৎসরের মধ্যে পরিশোধ এই শর্তে দেওয়া হইয়াছে।

(গ) ২৪টি উদ্বাস্তু পরিবারকে সর্বোচ্চ ৫,০০০ টাকা হারে উক্ত লোন দেওয়া হইয়াছে।

(ঘ) ৪৩ হাজার ৪ শত ৩৩ টাকা আসল হিসাবে আজ পর্যন্ত উসুল হইয়াছে এবং ১৩ লক্ষ ৪১ হাজার ৩ শত ৮৫ টাকা অনাদায়ীকৃত রহিয়াছে।

(ঙ) কোন উদ্বাস্তু পরিবারকে বাস্তুজমি ও ঋণ দেওয়ার পূর্বে লক্ষ্য করা হয় পরিবারটি সরকারী সংজ্ঞা অনুযায়ী উদ্বাস্তু কিনা, ভারত যুক্তরাষ্ট্রে তাহার কোন বাস্তুজমি বা বাড়ি আছে কিনা এবং ঐ পরিবারের কোনও ব্যক্তি সরকারের নিকট হইতে ইতিপূর্বে কোনরূপ পুনর্বাসন সাহায্য পাইয়াছেন কিনা। কন্ট্রিবিউটারি লোন-এর ক্ষেত্রে ইহাও লক্ষ্য করা হয় যে, পরিবারটির ঋণ পরিশোধ করিবার ক্ষমতা আছে কিনা।

**মুর্শিদাবাদ জেলার বালিরঘাটে ফ্লোটিং ব্রিজ**

**983.** (Admitted question No. 2710.)

**ডাঃ মহম্মাদ একরামুল হক বিশ্বাস:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বালিরঘাটে বর্তমানে যে ফ্লোটিং ব্রিজ আছে তাহা স্থায়ী পাকা ব্রীজ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) যাত্রীসমূহ ও অন্যান্য যানবাহনের মারফত উক্ত বালিরঘাটের ব্রীজ হইতে দৈনিক গড়ে কত টাকা সরকারের আয় হয়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ৩৩৯ টাকা (গত তিন বৎসরের হিসাবে)।

**মুর্শিদাবাদ জেলায় যানবাহনের ব্যবস্থা**

**984.** (Admitted question No. 2718.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কত সংখ্যক ট্রাক, ডেলিভারি ভ্যান, মোটর গাড়ী ও জীপ, মোটর সাইকেল ও স্কুটার, অটোরিক্সা, ট্যাক্সি ও ট্রাক্টর ক্যারেজ, যাত্রীবাস, ট্রাক্টর টেম্পো প্রভৃতি আছে; এবং

(খ) এই জেলায় আর টি এ মারফত কত টাকা বিভিন্ন খাতে সরকারী রাজস্বে জমা পড়িয়াছে গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে?

**The Minister for Home (Transport):**

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে মালবহনের গাড়ীর সংখ্যা—২৪২, মোটর গাড়ী ও জীপের সংখ্যা—১০২, মোটর সাইকেল ও স্কুটারের সংখ্যা—৭৯, ট্যাক্সির সংখ্যা—২৮, যাত্রীবাসের সংখ্যা—১৪৭ এবং অন্যান্য গাড়ীর সংখ্যা—২৯।

| | |
|---|---|
| (খ) এই জেলায় ১৯৬৭-৬৮ সালে এম্ ভি অ্যাক্ট খাতে জমা— | ৫৩,৮৫৩ টাঃ ৫৫ পঃ |
| এম্ ভি ট্যাক্স অ্যাক্ট খাতে জমা— | ৮,৯৮,০৪৩ টাঃ ৬৩ পঃ |
| ১৯৬৭-৬৮ সালে মোট জমা— | ৯,৫১,৮৯৭ টাঃ ১৮ পঃ |
| ১৯৬৮-৬৯ সালে— | |
| এম্ ভি অ্যাক্ট খাতে জমা— | ৬৬,১৩৬ টাঃ ৯৩ পঃ |
| এম্ ভি ট্যাক্স অ্যাক্ট খাতে জমা— | ৮,৬২,৯৩৫ টাঃ ৫০ পঃ |
| ১৯৬৮-৬৯ সালে মোট জমা— | ৯,২৯,০৭২ টাঃ ৪৩ পঃ |

**মালদহ জেলায় নবাবগঞ্জে বৈদ্যুতীকরণের ব্যবস্থা**

**985.** (Admitted question No. 2733.)

**শ্রী মহঃ গফফুর রহমানঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলার পুরাতন মালদহ পৌর এলাকায় বালিয়া নবাবগঞ্জে বৈদ্যুতীকরণ উদ্দেশ্যে সার্ভে হওয়া সত্ত্বেও এখনও কোন বৈদ্যুতিক তারের সংযোগ করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে (১) এখনও তার সংযোজন না করার কারণ কি; এবং

(২) কবে নাগাদ বৈদ্যুতিক সম্প্রসারণের কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Commerce and Industries:**

(ক) সত্য।

(খ) (১) কারণ মালদহে বিদ্যুতের প্রচুর ঘাটতি।

(২) আশা করা যায় আগামী বৎসরের মাঝামাঝি মালদহ ও পশ্চিম দিনাজপুরে বিদ্যুৎ সরবরাহের জন্য বিহার হইতে ডালখোলায় বিদ্যুৎ সরবরাহ পাওয়া যাইবে। এই বৎসরের শেষের দিকে প্রশ্নোক্ত প্রস্তাবটি গ্রাম-বৈদ্যুতীকরণ কমিটির নিকট পেশ করার সম্ভাবনা রহিয়াছে এবং প্রস্তাবটি মঞ্জুর হইলে বৈদ্যুতিক সম্প্রসারণের কাজ সুরু হইবে।

**পূর্ব পাকিস্তানে পাশ করা ডাক্তারদের পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃতি দান**

**986.** (Admitted question No. 2775.)

**শ্রী মহম্মদ ইদ্রিস আলিঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ব পাকিস্তান হতে এম বি বি এস এবং এল এম এফ ডিগ্রীধারী ডাক্তারগণকে পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃতি দিয়াছেন কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তা হলে কোন্ সাল হইতে এবং তাঁহাদের সংখ্যা কত?

**The Minister for Health:**

(ক) অন্যান্য স্টেট মেডিক্যাল কাউন্সিলের ন্যায় ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলও ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬ (১৯৬৪ সাল পর্যন্ত সংশোধিত)-এর সিডিউল-গুলিতে বর্ণিত ডিগ্রি ও ডিপ্লোমাধারী ভারতীয় নাগরিক এইরূপ ডাক্তারগণকে উক্ত অ্যাক্টের ১৩(৩) নং ধারায় বর্ণিত সর্তসাপেক্ষে রেজিস্ট্রেশন দেওয়ার ব্যাপারে স্বীকৃতি দিয়া থাকেন। এম বি বি এস (ঢাকা) এম বি বি এস (রাজসাহী) এবং এল এম এফ (ইস্ট পাকিস্তান) এবং এল এম এফ (ইস্ট বেঙ্গল) এই ডিগ্রী ও ডিপ্লোমাগুলি উক্ত অ্যাক্টের তৃতীয় সিডিউলের দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত আছে।

(খ) ১৯৫৭ সাল হইতে অদ্যাবধি ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রিকৃত এল এম এফ (ইস্ট বেঙ্গল) এবং এল এম এফ (ইস্ট পাকিস্তান) এইরূপ ডিপ্লোমাধারী ডাক্তারের সংখ্যা ১২৪, এবং ১৯৫৬ সাল হইতে অদ্যাবধি উক্ত কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রিকৃত এম বি বি এস (ঢাকা) ডিগ্রিধারী ডাক্তারের সংখ্যা ৫৬।

**কোটালাদীঘি পুষ্করিণীর মালিকানা স্বত্ব**

**987,** (Admitted question No. 2784.)

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জিলায় কোতলপুর থানার অধীন রাইদীঘিনী গ্রামে কোটালদীঘি পুষ্করিণীটির মালিকানা স্বত্ব কাহার বা কাহাদের;

(খ) ইহা কি সত্য যে গত এপ্রিল মাসে ঐ পুষ্করিণীর মৎস্যচাষের অধিকার লইয়া মৎস্য-বিভাগের কর্মীদের সহিত গরীব মালিকদের এক সংঘর্ষ হয়; এবং

(গ) যুক্তফ্রন্ট বিঘোষিত গরীব স্বার্থ-সংরক্ষণ নীতি অনুযায়ী ঐ দিঘীতে মৎস্যচাষের পুরুষানুক্রমিক ব্যবস্থা বজায় রাখিবার আজ পর্যন্ত কোন ব্যবস্থা সরকার পক্ষ হইতে হইয়াছে কিনা?

**The Minister for Fisheries:**

(ক) কোটালাদীঘি পুষ্করিণীটির মালিকানা স্বত্ব রাজ্য সরকারের কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের। ঐ দপ্তর মৎস্য দপ্তরকে ঐ পুষ্করিণীতে মৎস্যচাষ করিবার অনুমতি দিয়াছেন।

(খ) না, তবে গত ২৬এ মার্চ ১৯৬৯ সাল, মৎস্য বিভাগের কিছু লোক ঐ পুষ্করিণীটির মাছ ধরিতে গেলে স্থানীয় মৎস্যজীবীরা বাধা দেয় এবং ইহাতে দুই পক্ষের মধ্যে বচসা হয়। পরে

স্থানীয় থানার পুলিশ অফিসারের অনুরোধে এই বিভাগের লোকেরা মাছ ধরা হইতে বিরত হয় এবং গোলমাল মিটিয়া যায়।

(গ) এ বিষয়ে স্থানীয় মৎস্যচাষীদের যথাসম্ভব সুযোগ-সুবিধা দানের কথা বিবেচনা করিয়া দেখা হইতেছে।

### ডোমকল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জমি

**988.** (Admitted question No. 2786.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডোমকল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কোন জায়গা পাওয়া গিয়াছে কিনা; এবং

(খ) পাইলে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কবে নাগাদ সুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) এই ব্লকের স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জমি সংগৃহীত হইয়াছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে। তবে আশা করা যায় বর্তমান বৎসরের শেষের দিকে এই কার্য আরম্ভ করা সম্ভব হইবে।

### সাময়িক চিকিৎসালয়

**989.** (Admitted question No. 2803.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জিলা পরিষদের মাধ্যমে গ্রামে সাময়িক চিকিৎসালয় (একজন ডাক্তার ও একজন কম্পাউন্ডার) সংস্থাপনের কথা ভাবিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Health:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার 'সিড ফার্ম'

**990.** (Admitted question No. 2806.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার 'সিড ফার্ম'-এর জন্য যে জমি সরকার হস্তগত করিয়াছেন, ঐ জমির ক্ষতিপূরণ বাবদ ৩১এ জুলাই ১৯৬৯, কত টাকা জমির মালিককে দেওয়া হইয়াছে;

(খ) উক্ত জমির পরিমাণ কত; এবং

(গ) ক্ষতিপূরণের বাকি টাকা কবে নাগাদ উক্ত মালিকদের দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Land and Land Revenue:**

(ক), (খ) ও (গ) কেশিয়াড়ী থানার 'সিড ফার্মের' জন্য ২২·৫৫ একর জমি সরকার অধিগ্রহণ করিয়াছেন। ঐ অধিগৃহীত জমি স্থায়ীভাবে গ্রহণের প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন। জমি স্থায়ীভাবে গ্রহণের পর মালিকগণকে যথাসম্ভব শীঘ্র ক্ষতিপূরণ দেওয়া হইবে। বর্তমানে জমির মালিকেরা বাৎসরিক ক্ষতিপূরণ পাইতে অধিকারী।

**গ্রামসেবক ও গ্রামসেবিকার সংখ্যা**

**991.** (Admitted question No. 2815.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রামসেবক ও গ্রামসেবিকার সংখ্যা কত:

(খ) তাহাদের বেতনক্রম বর্তমানে কত; এবং

(গ) গ্রামসেবক ও গ্রামসেবিকাদের কৃষি উন্নয়নের জন্য কি কি প্রকারের কাজ করিতে হয়?

**The Minister for Agriculture and Community Development (Community Development):**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৩,৯৪১টি গ্রামসেবকের পদ এবং ৬৭০টি গ্রামসেবিকার পদ আছে।

(খ) তাহাদের বেতনক্রম ১২৫—৩—১৪০—৪—২০০।

(গ) কৃষি উন্নয়নের জন্য গ্রামসেবকগণ উন্নত বীজ ও সার ব্যবহারের প্রসার, উন্নত কৃষি যন্ত্রপাতির প্রসার।

কৃষি-ঋণ ব্যবস্থার জন্য যোগাযোগ। উন্নত ধরনের চাষ-পদ্ধতি প্রচলন ইত্যাদি করিয়া থাকেন। কৃষি সংক্রান্ত যাবতীয় সমস্যা সমাধানের জন্য তাহারা গ্রামবাসীদিগকে সাহায্য করিয়া থাকেন।

গ্রামসেবিকাগণ গৃহ-সংলগ্ন খাবার সবজি-বাগান প্রস্তুত করার জন্য উদ্যান করে। তজ্জন্য ফল ও সবজির চারা ও বীজ বিতরণ করেন এবং গ্রামীণ মহিলা সমাজে ঐ ধরনের সংশ্লিষ্ট কাজে উৎসাহ দিয়া থাকেন।

**প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা**

**992.** (Admitted question No. 2825.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্কুল ফাইন্যাল বা হায়ার সেকেন্ডারী পরীক্ষায় উত্তীর্ণ মান কি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ধরা হয়; এবং

(খ) আদিবাসী প্রার্থীদের ক্ষেত্রে কি শিক্ষাগত যোগ্যতা শিথিল করার কোন ব্যবস্থা আছে?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ; তবে প্রার্থীদের ট্রেনিংপ্রাপ্তও হইতে হইবে।

(খ) হ্যাঁ। তাহাদিগকে অষ্টম শ্রেণীর বাৎসরিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। চাকুরী পাওয়ার চার বৎসরের মধ্যে স্কুল ফাইন্যাল পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

**নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দিবার প্রস্তাব**

**993.** (Admitted question No. 2827.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে পশ্চিমবাংলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইবে তাহা কি ঠিক হইয়াছে; এবং

(খ) ঠিক হইলে তাহা কতগুলি?

**The Minister for Education:**

(ক) ও (খ) ১লা জানুয়ারি ১৯৭০ তারিখ হইতে ১,৫০০টি প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়ার প্রশ্ন সরকার বিবেচনা করিতেছেন।

**গোয়াবাড়িয়ায় উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনা**

**994.** (Admitted question No. 2848.)

**শ্রীধনঞ্জয় কর:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার সাঁকরাইল থানার অন্তর্গত গোয়াবাড়িয়ায় সরকার কোন উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, কতগুলি পরিবার এ পর্যন্ত উক্ত কলোনীতে পুনর্বাসন পাইয়াছে;

(গ) আর কতগুলি পরিবারকে সেখানে পুনর্বাসন দেওয়ার মত সংস্থান রহিয়াছে;

(ঘ) উক্ত কলোনী উন্নয়নের জন্য কি কি পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) তাহার কতগুলি এ পর্যন্ত কার্যে রূপায়িত করা হইয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) হ্যাঁ

(খ) ৮১টি উদ্বাস্তু পরিবার।

(গ) ১৬টি উদ্বাস্তু পরিবারকে।

(ঘ) রাস্তা ও কালভার্ট নির্মাণ এবং মাটি ভরাটের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

(ঙ) ৬৫ হাজার ২ শত ৩৮ টাকা মূল্যের মাটি ভরাটের কাজটি এ পর্যন্ত করা হইয়াছে।

**হাওড়া জেলার "ফ্রিঞ্জ রেশন" এলাকা**

**995.** (Admitted question No. 2877.)

**শ্রীকালীপদ মণ্ডল:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হাওড়া জেলার কোন্ কোন্ এলাকাকে "ফ্রিঞ্জ রেশন" এলাকারূপে গণ্য করা হইয়াছে?

**The Minister for Food and Supplies:**

এতৎসংলগ্ন বিবরণীতে এলাকাগুলি দেখান হইল।

*Statement referred to in reply to unstarred question No 995*

**বিবরণী**

| P.S. | | Anchals |
|---|---|---|
| Bally | ... | 1. Bally Ghoshpara. |
| | | 2. Durgapur-Abhoynagar. |
| | | 3. Chalkpara. |
| | | 4. Sapuipara-Basukati. |
| | | 5. Nischinda. |
| | | 6. Jagadishpur-Chamrail. |
| Sankrail | ... | 1. Thanamakua. |
| | | 2. Panchpara. |
| | | 3. Podra. |
| | | 4. Andul. |
| | | 5. Moshila. |
| | | 6. Jhorehat. |
| | | 7. Dhulagori. |
| | | 8. Kendua. |
| | | 9. Duillya. |
| | | 10. Banipur. |
| | | 11. South Sankrail. |
| | | 12. Nalpur. |
| | | 13. Radhudevbati. |
| | | 14. Sarenga. |
| | | 15. Manickpur. |
| Domjur | ... | 1. Salap. |
| | | 2. Bankra. |
| | | 3. Makardah. |
| Bauria | ... | 1. Bauria. |
| | | 2. Rameswarnagar. |
| | | 3. Burikhali. |
| | | 4. Fortgloster. |

**গোসাবা ব্লক উন্নয়ন অফিস**

**996.** (Admitted question No. 2890.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা ব্লক উন্নয়ন অফিস নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে উহা কার্যকরী করা হইবে?

**The Minister for Agriculture and Community Development (Community Development):**

(ক) আছে।

(খ) স্থান নির্বাচন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। প্রস্তাবটি অনুমোদন এবং প্রয়োজনীয় নিয়মানুযায়ী ভূমি-গ্রহণ কার্যাবলী সমাপ্ত হইলে গৃহ-নির্মাণ কার্য আরম্ভ করা হইবে।

### গড়বেতা থানায় সরকারী জুট ফার্ম

**997.** (Admitted question No. 2909.)

**শ্রীসরোজ রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতা থানায় যে সরকারী জুট ফার্মটি আছে তাহার দখলে কত একর জমি আছে;

(খ) ঐ ফার্মের দখলে যত জমি আছে তার মধ্যে গত তিন বৎসরের কোন্ বৎসর কত জমিতে চাষ হয় এবং উক্ত তিন বৎসরের প্রতি বৎসর উক্ত চাষের জন্য কত খরচ হয় ও কত টাকা লাভ হয়; এবং

(গ) ঐ ফার্ম-এ কতজন স্থায়ী ও কতজন অস্থায়ী সরকারী কর্মচারী আছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ৯৫০·৭০ একর।

| (খ) | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| জমির চাষের পরিমাণ | ২৪১·২০ একর | ৩৯৯·৫৬ একর | [illegible]·২২ একর |
| চাষের দরুন খরচ | ১,০৫,৪১৯·৭৬ টাঃ | ১,৪২,৭৪০·৬৩ টাঃ | ১,৩০,৩৬২·০০ টাঃ |
| লাভ (+)বা ক্ষতি (–) | (–) ১১,৬৯৭·০০ টাঃ | (–) ১৭,৩৮৬ ৬৩ টাঃ | (+) ১৬৯·০০ টাঃ |

(গ) ঐ ফার্মে ২৭ জন অস্থায়ী কর্মচারী আছেন। ঐ ফার্মের জন্য কোন স্থায়ী পদ নাই।

### জমির সিলিং

**998.** (Admitted question No. 2924.)

**ডাঃ গোবর্ধন ডিংগলঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আইনে ৭৫ বিঘা পর্যন্ত জমির যে সিলিং ধার্য আছে তাহা কি একই পরিবারভুক্ত সকলের জন্য;

(খ) পরিবার বলিতে কি বুঝায়;

(গ) জোতদার নিজের পরিবার বহির্ভূত কাহারও নামে অতিরিক্ত জমি বেনামী রাখিলে সরকার তাহা খাস করিবার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(ঘ) শহরাঞ্চলের কোন সর্বোচ্চ ভূমি-সীমা নির্দিষ্ট আছে কিনা; এবং

(ঙ) গ্রাম বা শহর অঞ্চলের উদ্বৃত্ত জমি খাস করার জন্য কোন ক্ষতিপূরণ দিতে হয় কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) জমিদারী গ্রহণ করিবার সময় যিনি মধ্যস্বত্বাধিকারী বা রায়ত বা কোর্ফা রায়ত ছিলেন তিনিই ৭৫ বিঘা পর্যন্ত কৃষি জমি রাখিতে পারেন। এই সীমা পরিবার ভিত্তিক নয়।

(খ) বর্তমান আইনে পরিবার শব্দের কোন উল্লেখ নাই, কাজেই এই প্রশ্ন আসে না।

(গ) হ্যাঁ।

(ঘ) কলিকাতা ব্যতীত পশ্চিমবঙ্গের অন্যান্য শহরে জমিদারী গ্রহণ আইন চালু আছে। এই আইনে নির্দিষ্ট ঊর্ধ্বসীমা শহরাঞ্চলেও প্রযোজ্য। কলিকাতার শহরে কোন ঊর্ধ্বসীমা নাই।

(ঙ) উদ্বৃত্ত জমি খাস করার জন্য আইন অনুযায়ী ক্ষতিপূরণ দিতে হয়।

**গ্রামাঞ্চলে রেশন কার্ড বিলি করার ভিত্তি**

**999.** (Admitted question No. 2928.)

**শ্রীহরহরি দেবঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কিসের ভিত্তিতে গ্রামাঞ্চলে ক, খ, গ, ঘ ও ঙ শ্রেণীর রেশন কার্ড বিলি করা হইয়া থাকে; এবং

(খ) পূর্বে যেসকল রেশন কার্ড দেওয়া হইয়াছিল, সেগুলির পরিবর্তে কোন নূতন রেশন কার্ড বিলি করিবার বন্দোবস্ত করা হইয়াছে কি?

**The Minister for Food and Supplies:**

(ক) এই তথ্য নিম্নে দেওয়া হইলঃ—

"ক" শ্রেণী—(১) বর্গাদার নহেন এবং কোন ধান জমি নাই এইরূপ সকল পরিবারই সব জেলাতে 'ক' শ্রেণীর অন্তর্ভুক্ত। (২) ইহা ছাড়া ঘাটতি জেলাগুলিতে সেচ এলাকার বাহিরে এক বিঘা পর্যন্ত ধান জমির মালিক পরিবারগুলিও 'ক' শ্রেণীর অন্তর্ভুক্ত।

"খ" শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার যাঁহারা এক একর পর্যন্ত অসেচ-সেবিত ধান জমির অথবা অর্ধ একর পর্যন্ত সেচ-সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

"গ" শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার, যাঁহারা এক একর হইতে দুই একর পর্যন্ত অসেচ-সেবিত ধান জমির অথবা অর্ধ একর হইতে এক একর পর্যন্ত সেচ-সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

"ঘ" শ্রেণী—এই শ্রেণীর অন্তর্ভুক্ত সেই সমস্ত পরিবার, যাঁহারা দুই একর হইতে চার একর পর্যন্ত অসেচ-সেবিত ধান জমির অথবা এক একর হইতে দেড় একর পর্যন্ত সেচ-সেবিত ধান জমির পূর্ণ উৎপাদনের সমপরিমাণ ধান পান।

"ঙ" শ্রেণী—অন্য সমস্ত পরিবার এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

(খ) না। তবে পূর্বে দেওয়া কার্ডগুলির মধ্যে যেগুলি নষ্ট বা বিবর্ণ হইয়া গিয়াছে অথবা পূর্বে দেওয়া কার্ড হারাইয়া যাইলে, সেই সকল কার্ডের পরিবর্তে নতুন কার্ড দেওয়ার বন্দোবস্ত আছে।

**মল্লারপুর মৌজায় সরকারী খাস পুকুরে মৎস্যচাষ**

**1000.** (Admitted question No. 2955.)

**শ্রীপঞ্চানন লেটঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মৌড়েশ্বর থানায় মল্লারপুর মৌজায় সরকারী খাস পুকুরে মৎস্যচাষ করিবার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) গ্রহণ করিয়া থাকিলে, উক্ত পরিকল্পনা কখন কার্যকরী করা হইবে?

**The Minister for Fisheries:**

(ক) না, তবে এই বিষয়ে কোন প্রকল্প গ্রহণ করা সম্ভব কি না তাহার জন্য জেলা মৎস্য আধিকারিককে তদন্ত করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) উপরোক্ত কারণে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভবপর নহে।

### এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ

**1001.** (Admitted question No. 2860.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কয়টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে এবং ঐগুলিতে নিযুক্ত কর্মচারীর সংখ্যা কত;

(খ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে ১৯৬২ সাল হইতে ১৯৬৯ সালের ৩০শে জুন পর্যন্ত কতজনের (১) কেন্দ্রীয় সার্ভিসে, (২) রাজ্যসরকারের সার্ভিসে. এবং (৩) বে-সরকারী সংস্থাগুলিতে কর্মসংস্থান হইয়াছে; এবং

(গ) (১) পশ্চিমবঙ্গ সরকারের অধীনে বিভিন্ন সাবর্ডিনেট সার্ভিস-এ স্বায়ত্তশাসন এবং স্কুল বোর্ডগুলির অধীন প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির অধীনে রেজেস্ট্রীকৃত কর্মপ্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হয় কি এবং (২) না দেওয়া হইলে, কারণ কি?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৯ সালের ১লা আগস্ট তারিখে ৩৪টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছিল এবং ঐগুলিতে অফিসার সমেত ৬৮১ জন কর্মচারী বর্তমানে কাজ করিতেছেন।

(খ) উত্তর সংলগ্ন তালিকায় দেওয়া হইয়াছে।

(গ) (১) না।

(২) পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন সরকারী অফিস ও পরিকল্পের উদ্বৃত্ত কর্মচারীদের সরকারী চাকুরীর ক্ষেত্রে অগ্রাধিকার দিয়া থাকেন। সমস্ত উদ্বৃত্ত কর্মচারীদের বিকল্প চাকুরীর ব্যবস্থা না করা পর্যন্ত অন্যান্যদের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া সম্ভব নয়।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 1001

### তালিকা

Sector/Branch

| বৎসর | | কেন্দ্রীয় সরকার | রাজ্য সরকার | আধা সরকারী সংস্থা | বে-সরকারী সংস্থা | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| ১৯৬২ | . | ৯৯৮১ | ২৮১৭ | ৮৬৬৮ | ৯৬৮৫ | ৩১১৫১ |
| ১৯৬৩ | .. | ১৩২৬৩ | ২৬৪৫ | ১০৯৩৫ | ১৫৪০৩ | ৪২২৪৬ |
| ১৯৬৪ | .. | ১৩৩০২ | ৩৩৮৫ | ১৬৭৯৪ | ১৭১৯৭ | ৫০৬৭৮ |
| ১৯৬৫ | .. | ১৫৮৯৪ | ২৮২২ | ১৬৮০৫ | ১৭৬২৮ | ৫৩১৪৯ |
| ১৯৬৬ | .. | ৮১১৫ | ২৯৬৭ | ১৮০০১ | ১৫৭৮৩ | ৪৪৮৬৬ |
| ১৯৬৭ | .. | ৫৬৮৮ | ১৪০৫ | ১৩৮৭৭ | ১২১০৬ | ৩৩০৭৬ |
| ১৯৬৮ | .. | ৫৩৬৪ | ৫৮২ | ১৩২৬৭ | ১৩৫৫৭ | ৩২৭৭০ |
| ১৯৬৯ (জুন পর্যন্ত) | .. | ২৫০৩ | ২৯৮ | ৮১৪৯ | ৪০৫৩ | ১৫০০৩ |
| মোট | .. | ৭৪১১০ | ১৬৯২১ | ১০৬৪৯৬ | ১০৫৪১২ | ৩০২৯৩৯ |

**রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে খনি মালিকদের নিকট রাজ্যসরকারের পাওনা**

**1002.** (Admitted question No. 1323.)

**শ্রীহারাধন রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে খনি মালিকদের নিকট রাজ্যসরকারের রয়েলটি বাবদ কোন পাওনা আছে কিনা;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে মোট টাকার পরিমাণ কত এবং কতদিন যাবৎ পাওনা আছে;

(গ) কোন্ কোন্ খনি মালিকদের নিকট সরকারের উপরোক্ত রাজস্ব আদায় বাকী আছে; এবং

(ঘ) এই প্রাপ্য রাজস্ব আদায়ের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

**The Minister for Commerce and Industries:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) বকেয়া রয়েলটি বাবদ প্রায় সাড়ে আট কোটি টাকার মত পাওনা আছে। ইহার মধ্যে সুদ ধরা হয় নাই। সুপ্রীম কোর্টের রায়ের আনুপাতিক হারে এই বকেয়া টাকার পরিমাণ, সুদ বাদে, আরো এগারো কোটি টাকার মত বেশী হইবে।

এই বকেয়া টাকা ১৫-৪-৫৫ তারিখ হইতে সুরু করিয়া বিভিন্ন কোলিয়ারীর নিকট বিভিন্ন সময় হইতে পাওনা আছে।

(গ) এইরূপ কয়লাখনির একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) বকেয়া রয়েলটির টাকা আপোষে আদায়ের চেষ্টা করা হইতেছে। যেখানে আপোষে সম্ভবপর হইতেছে না, সেসব ক্ষেত্রে বকেয়া রয়েলটির টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হইতেছে।

**Purchase of shares of industrial and commercial companies by the Government**

**1003.** (Admitted question No. 1464.) **Shri Arun Sen:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government has been buying or has purchased ordinary shares of different industrial and commercial companies; and

(b) if so, what is the total amount invested and what are names of such companies?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) The particulars are given in the enclosed statement so far as the Commerce and Industries Department is concerned.

*Statement referred in reply to clause (b) of unstarred question No. 1003*

| | Name of the non-Government companies in which investment has been made by this State Government. | Total amount involved in the purchase of ordinary shares. | |
|---|---|---|---|
| | | | Rs. |
| 1. | The Saktigarh Textile and Industry Ltd., 4 Council House Street, Calcutta. | 60,000 equity shares of Rs. 10 each. | 6,00,000 |
| 2. | The Poddar Projects Ltd., 18 Rabindra Sarani, Calcutta-1. | 1,20,000 equity shares of Rs. 10 each. | 12,00,000 |
| 3. | Indian Mechanisation and Allied Products Ltd., 6 Hastings Street, Calcutta-1. | 30,000 equity shares of Rs. 10 each. | 3,00,000 |
| 4. | The Bengal Salt Company Ltd., 12 Netaji Subhas Road, Calcutta-1. | 6,800 equity shares of Rs. 20 each. | 1,70,000 |
| 5. | Mayurakshi Cotton Mills Ltd., 44 Dr. Sundari Mohan Avenue, Calcutta-14. | 1,00,000 equity shares of Rs. 10 each. | 10,00,00 |
| | | Total .. | 32,70,000 |

Government Companies

| | | | |
|---|---|---|---|
| 1. | The Kalyani Spinning Mills Lt . .. | .... | 1,58,21,000 |
| 2. | The Durgapur Chemicals Ltd. .. | Equity including share deposit | 2,92,00,000 |
| 3. | The Electro Medical and Allied Industries Ltd. | .... | 24,99,600 |
| 4. | West Bengal Industrial Development Corporation. | .... | 73,38,000 |
| 5. | The Durgapur Projects Ltd. .. .. | Equity including share deposit | 19,89 00,000 |
| 6. | Westinghouse Saxby Farmer Ltd. .. | 51 per cent. of the share of the Co. | On a token price of Re. 1 |
| | | Government Companies Total .. | 25,37,58,601 |
| | | Non-Government Companies Total .. | 32,70,000 |
| | | Grand Total .. | 25,70,28,601 |

## Distribution of Gratuitous Relief in Daspore Block I

**1004.** (Admitted question No. 2228.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the total number with Anchal-wise break-up of persons receiving gratuitous relief in the Daspur Block I in the district of Midnapore in the last fortnight of June, 1969 and first fortnight of July, 1969; and

(b) the total number with Anchal-wise break-up of distressed persons enlisted and recommended in the priority list for gratuitous relief by the Anchal Relief Committees of the area up to the 15th July, this year?

**The Minister for Relief and Social Welfare (Relief):** A statement is given below.

(b) No gratuitous relief priority list has been submitted by any of the Anchal Relief Committees, as yet.

*Statement referred to in reply to clause (a) of unsarred question No. 1004*

STATEMENT

| Anchal No (in Daspur Block-I) | Persons receiving gratuitous Relief | |
|---|---|---|
| | During the last fortnight of June, 1969 | During the first fortnight of July, 1969 |
| 1 | 160 | 160 |
| 2 | 161 | 160 |
| 3 | 163 | 160 |
| 4 | 161 | 160 |
| 5 | 161 | 160 |
| 6 | 161 | 158 |
| 7 | 161 | 160 |

**Distribution of gratuitous relief in Keshpur Block**

**1005.** (Admitted question No. 2229.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the total number with Anchal-wise break-up of persons receiving gratuitous relief in the Keshpur Block in Midnapore in the last fortnight of June, 1969 and the first fortnight of July, 1969; and

(b) the total number with Anchal-wise break-up of distressed persons enlisted and recommended in the priority list for gratuitous relief by the Anchal Relief Committees of the area up to the 15th July, this year?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) A statement is given below.

(b) Except from one Anchal—that is, Anchal No. 7—no gratuitous relief priority list has been received from any of the remaining Anchal Relief Committees. For Anchal No. 7—the number is 630.

*Statement referred to in reply to clause (a) of unstarred question No. 1005*

STATEMENT

| Anchal No. (in Keshpur Block of Midnapore district) | Previous receiving gratuitous relief — During the last fortnight of June, 1969 | Previous receiving gratuitous relief — During the first fortnight of July, 1969 |
|---|---|---|
| 1 | 80 | 80 |
| 2 | 80 | 80 |
| 3 | 80 | 80 |
| 4 | 95 | 80 |
| 5 | 80 | 80 |
| 6 | 85 | 80 |
| 7 | 85 | 80 |
| 8 | 100 | 100 |
| 9 | 80 | 80 |
| 10 | 80 | 80 |
| 11 | 150 | 120 |
| 12 | 200 | 140 |
| 13 | 80 | 80 |
| 14 | 125 | 140 |
| 15 | 200 | 140 |

### পশ্চিম দিনাজপুর জেলায় রিলিফ ও টেস্ট রিলিফের জন্য মোট ব্যয়

**1006.** (Admitted question No. 1208.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় গত মার্চ মাস হইতে ৩০শে জুন পর্যন্ত কোন্ ব্লকে রিলিফের জন্য কত গম এবং কত টাকা ব্যয় করা হইয়াছে;

(খ) ঐ জেলায় কোন্ ব্লকে অঞ্চল-ভিত্তিক কত টাকা টি আর স্কীমে ব্যয় করা হইয়াছে; এবং

(গ) টেস্ট রিলিফ কাজের পারিশ্রমিকের হার পশ্চিম বাংলার সর্বত্র এক কিনা এবং পার্থক্য হইলে কোথায় কত এবং তাহার কারণ কি?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) এবং (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(গ) পারিশ্রমিকের হার সর্বত্র এক।

### দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় চা বাগানের জমি

**1007.** (Admitted question No. 722.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় কোন্ চা বাগানের হাতে কত জমি আছে;

(খ) উহার মধ্যে কোন্ বাগানে কি পরিমাণ জমিতে চায়ের চাষ হয়, এবং

(গ) বাকী জমি কিভাবে ব্যবহৃত হয়?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) প্রতি চা বাগানের মোট জমি এবং তাহার মধ্যে যে পরিমাণ জমিতে চায়ের চাষ হয় তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) প্রতি চা বাগানের বাকী জমি সাধারণতঃ কারখানা, হাসপাতাল, স্কুল, কর্মচারী এবং শ্রমিকদের বাসস্থান এবং কোন কোন ক্ষেত্রে কিছু জমি খাদ্যশস্য উৎপাদনের জন্য ব্যবহৃত হয়। ইহা ছাড়া ভবিষ্যতে চায়ের চাষ বৃদ্ধি করিবার মত কিছু কিছু জমি প্রয়োজনীয় বলিয়া নির্দিষ্ট আছে। প্রতি চা বাগানের ক্ষেত্রে প্রয়োজনাতিরিক্ত জমি পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের ৬(৩) ধারা বিধানে পরস্পরে ন্যস্ত হয়।

### সেবাইতগণকে অ্যানুয়িটি দেওয়ার পরিমাণ

**1008.** (Admitted question No. 237.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের দেবোত্তরের যাঁহাদের নীট আয় বার্ষিক দশ হাজার টাকা তদূর্ধ্ব ছিল তাঁহাদের সেবাইতগণকে ১৯৬৪ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত জেলাওয়ারী কোন্ বৎসর কোন্ জনকে কত টাকা অ্যানুয়িটি দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received two notices of adjournment motions on the following subjects, namely: (1) Inadequate flood relief measures in Maldah district from Shri Abu Barkat Atawal Ghani Khan Chowdhury, and (2) Inadequacy of flood relief measures in Maldah district from Dr. Zainal Abedin.

I have withheld consent but members may read the text of their motions.

**Dr. Zainal Abedin:** This Assembly do not adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely: recent flood in the Kaliachak, Manikchak, Ratua and parts of Englishbazar blocks of Malda district causing hundred per cent. damage of crops including mulberry plantation essential for silk industry and devastation of thousands of homes and hearths and loss of twenty-six human lives associated with miseries and sufferings and innumerable cattle starvation, although demanding prompt and adequate relief measures by the Government the entire relief operation appears to be absolutely unsatisfactory, grossly inadequate and lacking essentially in appropriate instruction from the Government. Immediate distribution of sufficient relief materials, sanction of various grants and loans after proper

survey and requisite plannings for the rehabilitation of the flood-affected people, more particularly those of the sick-worm rearers, should be taken up by the Government in right earnest, if not impossible, preceded by the visit of the Hon'ble Chief Minister throughout the entire flood affected area.

**Mr. Speaker:** I may remind the honourable members that motions on the same subject may be read over by one honourable member and not by two as the contents appear to be the same.

**Dr. Zainal Abedin:** Contents are not the same, Sir.

**Mr. Speaker:** I have withheld consent in all the cases. I leave it to the goodsense of the honourable members. If they think it is so, they can do it.

**Shri Abu Barkat Atawal Ghani Khan Chowdhury:** Sir, recent flood has caused serious havoc in Kaliachak P.S., Manikchak P.S. and a few anchals of Englishbazar and Tarua P.S. The devastation has no parallel in the living human memory and all-round relief operation is absolutely vital for the very existence of flood affected people.........

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, is he reading the motion or a statement?

**Mr. Speaker:** Please read your motion. Flood is continuing and actions are being taken daily. So, please read your motion if you want anything to be done.

**Shri Abu Barkat Atawal Ghani Khan Chawdhury:** Where the present administration is making maximum political discrimination in relief matters to appease local constituents of U.F. with the end in view of gaining ground politically and forcing hungry men and women to yield to their tactics and relief operation on the whole is farcical when the situation demands for 30,000 tarpaulins even 3,000 have not reached the district.........

**Mr. Speaker:** Honourable member, please confine your observations on your motion. I leave it to the good sense of the honourable member himself.

**Shri Abu Barkat Atawal Ghani Khan Chowdhury:** When the situation demands various food stuff including baby food the Government has miserably failed to supply adequate quantity of wheat as G.R. and Government has further miserably failed to stop political discrimination in relief matters despite our repeated protest to the district administration and to the Hon'ble Ministers. Quite a number of people even today are not getting any G.R. on the ground that they have voted for the Congress.........

**Mr. Speaker:** It is not fair, honourable member. Now please take your seat.

**Shri Sadhan Gupta:** On a point of order, Sir. My point of order is this. Sir, an adjournment motion can be on a subject of definite public importance. Now, when in a motion they introduce comments of their own or their own opinion, that is not of public importance. What is of public importance is certain facts and not the opinion of the member. Therefore, reading statements, comments on different occurrences is absolutely outside the scope of the adjournment motions and cannot be allowed.

**Mr. Speaker:** My ruling is that I fully agree with honourable member, Mr. Sadhan Gupta, because the rules definitely say so, and I have disallowed the motions although I have allowed them to just read the motion only and not the long statement. I withheld consent on the grounds that short statement required under rule 60 was not furnished and that the motions are not framed in proper language and contain arguments and inappropriate expressions as in rule 314. Both under Rule 60 and rule 314 I have withheld consent but according to the convention of this House I have allowed the honourable members to read only the motion itself and not the long statement.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention on the following subject, namely:—

1. Strike in Cotton Textile Industry—from Shri Amalendra Lal Roy;
2. Strike in Cotton Textile Industry—from Shri Nikhil Das;
3. Textile Workers' strike—from Shri Kalipada Mondal, Shri Arun Chandra Sen and Shri Jamini Bhusan Saha;
4. Assault on political workers in English Bazar on 8-9-1969—from Dr. Zainal Abedin;
5. Police firing in Soong Tea Estate on 31-8-1969—from Shri Prem Thapa.

I have selected the notices on the subject of strike in Cotton Textile Industry from Shri Amalendra Lal Roy, Shri Nikhil Das, Shri Kalipada Mondal, Shri Arun Chandra Sen and Shri Jamini Bhusan Saha.

The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

[1-20—1-30 p.m.]

**Shri Jatin Chakraborty:** On the 11th Sir.

**Mr. Speaker:** I now come to next item. Some honourable members wanted to mention some matters of public importance. I would call Shri Sailen Adhikary to speak.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এ বিষয়ে যে আজকে বিভিন্ন দিকে যে বন্যা হয়েছে, লোকের যে দুরবস্থা হয়েছে তার সুযোগে এই সময় বিভিন্ন হাটে-বাজারে-গঞ্জে মালিকরা যারা আমাদের বাংলাদেশের পাট চাষীদের বিভিন্নভাবে শোষণ করে, তারা অসম্ভব দাম নামিয়ে দিয়েছে। আমি গতকাল পর্যন্ত জানি আমাদের সরকারের তরফ থেকে পাট চাষীদের সুবিধা দেওয়ার জন্য পাট কেনার ব্যবস্থা করার কথা ছিল, সেটা আজও হয় নাই। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে বিশেষতঃ ক্যাবিনেটকেও এ বিষয়ে অনুরোধ করবো যে পাট চাষীদের সাহায্য করার জন্য অবিলম্বে পাট খরিদের ব্যবস্থা করুন।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বিধানসভার বিশেষ করে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের গ্রামাঞ্চলে চালের দাম খুব বেড়ে গিয়েছিল— টাঃ ২·১০ পয়সা, টাঃ ২·২০ পয়সা পর্যন্ত উঠেছিল। আটার দামও টাঃ ১·৩০ পয়সা হয়েছিল।

হোলসেলার ও গভর্নমেন্ট ডিলারদের মাধ্যমে ব্যাপকভাবে আটা বিতরণ করবার জন্য স্থানীয় ফুড কমিটি ও এম এল এ-রা উদ্যোগ নেওয়ার ফলে চালের দাম আবার টাঃ ১·৬০ পয়সায় নেমেছে। ফুড ডিপার্টমেন্টের এক শ্রেণীর চক্রান্তকারী অফিসাররা এই পারমিট দিতে টালবাহানা করছেন। ফলে আবার চালের দাম ও আটার দাম বাড়তে সুরু করেছে। যেভাবে আটার সাপ্লাই দেওয়া হয়েছিল, তা যাতে বজায় থাকে এবং চাল আটার দাম যাতে না বাড়ে সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীযামিনীভূষণ সাহাঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীকে জানাতে চাই যে আজ প্রায় ৯ দিন হয়ে গেল সুতাকলের ৫৫ হাজার শ্রমিক লাগাতর ধর্মঘট, বেতন ইত্যাদি ১০ দফা দাবীর ভিত্তিতে করে আছে। মালিক পক্ষ থেকে অনমনীয় মনোভাবের জন্য এই ধর্মঘটের ফয়সালা হচ্ছে না। এই ধর্মঘট আরম্ভ হবার পূর্বে সরকার থেকে চেষ্টা করা হয়েছিল ধর্মঘট এড়াবার জন্য। কিন্তু তারা কনসিলিয়েসন-এ যোগ দিতে অস্বীকার করে।

**মিঃ স্পীকারঃ** আপনার কলিং অ্যাটেনসন তো অ্যাকসেপটেড হয়েছে, আপনি তার বিস্তৃত জবাব পাবেন।

**শ্রীযামিনীভূষণ সাহাঃ** তা জানি তবু যাতে সরকার এই সম্পর্কে দ্রুত একটা ব্যবস্থা করেন তার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মালদহ জেলার কালিয়াচক ও মানিকচক থানার এক বৃহৎ অংশের উপর দিয়ে এক বিধ্বংসী বন্যার তাণ্ডবলীলা চলে গেছে। সেই সম্পর্কে দু-একটি কথা এখানে উল্লেখ করছি যে প্রায় ৬ লক্ষ লোক এখন এই সংকটজনক অবস্থার ভেতরে দিন কাটাচ্ছে। আমার কনস্টিটিউয়েন্সি কালিয়াচক থানার কথা বিশেষ করে বলছি—যেখানে বেশীরভাগ মাটির দেওয়ালের ঘর ছিল, সেইসব ঘরগুলি একেবারে ধূলিসাৎ হয়ে গেছে। এখন হাজার হাজার লোক সেখানে গৃহহীন ও আশ্রয়হীন হয়ে পড়েছে। কিন্তু দুঃখের বিষয় সারা মালদহের জন্য মাত্র দু হাজার ত্রিপল দেওয়া হয়েছে।

আকাশের তলায় আজ মানুষ বাস করছে। এবং এই অবস্থায় সেখানে প্রয়োজন মত তুলনামূলকভাবে রিলিফ যায় না। সেখানে খাদ্যের অভাব, বস্ত্রের অভাব, ত্রিপলের অভাব এবং সর্বোপরি যে অভাব সেটা হচ্ছে সুবণ্টনের অভাব—বৈষম্যমূলকভাবে রাজনৈতিক হস্তক্ষেপে সেখানে মানুষকে আরও অভাবের মধ্যে টেনে এনেছে। সি পি এম-এর লোককে সেখানে লিস্টভুক্ত করা হয়েছে—বৈষম্য পরিপূর্ণভাবে সেখানে রয়েছে...........

**মিঃ স্পীকারঃ** মিঃ আমেদ, কাইন্ডলি টেক ইওর সিট।

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** স্যার, সেখানে ধরনা দিয়েও তারা ত্রাণ ঠিকমত পাচ্ছে না। তাই আমি ত্রাণমন্ত্রীকে অনুরোধ করছি যাতে তিনি একটু দৃষ্টি দিয়ে সর্বস্তরের লোককে যাতে লিস্টভুক্ত করা হয় এবং বৈষম্যমূলক ব্যবস্থার যাতে অবসান হয় তার ব্যবস্থা করুন।

**Mr. Speaker:** I am sorry that inspite of my request from the Chair you did not care to sit down. That is not fair.

**শ্রীআবু আসাদ মহম্মদ ওবাইদুল গনিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে চার দিন ধরে আর আমেদ ডেন্টাল হাসপাতালে ধর্মঘট চলছে। তাদের ডিমান্ড হচ্ছে যারা এম বি বি এস-এ সুযোগ দেওয়া কনডেন্সড কোর্সে পাশ করছে এবং তাদের জবের গ্যারান্টি তারা চায়, এবং কন্টোল ইনস্ট্রুমেন্ট যেন গভর্নমেন্ট-এর তরফ থেকে দেওয়া হয়। অবশ্য সব জিনিস ফুলফিল করা সম্ভব নয়। মন্ত্রিমহাশয় বিবৃতি দিয়েছেনও যে

এটা অন্যায় এবং অনুচিত। কিন্তু এই বলে চুপ করে বসে থাকা উচিত নয়। কারণ ঐ একমাত্র ডেন্টাল হাসপাতালটি যাতে চালু হয় যাতে একটা তাড়াতাড়ি মীমাংসার ব্যবস্থা করা যায় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসরল দেবঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মারফতে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর আগেও অতীতে কয়েকবার এই হাউসে আমার বক্তব্য রেখেছি যার উপর ভিত্তি করে প্রভূত সংবাদপত্রে সংবাদ বেরিয়েছে—কেবল বসুমতী এবং যুগান্তরে যে সংবাদ বেরিয়েছে সেটি ডিসটর্টেড নিউজ। আমি বলেছিলাম চার জন লোক মারা গিয়েছে এই সংবাদ গ্রামের লোক দিচ্ছে। কিন্তু বসুমতী এবং যুগান্তরে ডিসটর্টেড নিউজ দিয়েছে। সেখানে ঐ শশীপুরের জোতদার এমরাত হোসেন তিন তিনবার ঐ ভূমিহীন কৃষকদের আক্রমণ করেছে এবং সেই কংগ্রেসী জোতদার খোদাবক্স ইসমাইল, মোস্তাফা ইত্যাদি গুণ্ডাদের সেখানে লেলিয়ে দিয়েছে - তিন তিনবার আক্রমণ করা সত্ত্বেও পুলিশ তাদের গ্রেপ্তার করে নি। সেখানে শ্রীগোপাল বসু, জগদীশ দাস আমাদের এই হাউসের সদস্য সহি করে দিয়েছেন এদের পি ডি অ্যাক্ট-এ গ্রেপ্তার করার জন্য--কিন্তু পুলিশ কিছুই করে নি। মীমাংসার নাম করে গত ৩রা সেপ্টেম্বর বেলা ১০টার সময় পার্টি অফিস থেকে ডেকে নিয়ে, অনেক সময় ঘর থেকে টেনে এনে ঐ সমস্ত কর্মীদের তারা মেরেছে এবং দিস ইজ দি ফোর্থ টাইম যার ফলে ১৫ জন আহত হয়েছে। বসুমতী বলেছে যে আবদুল রেজাক আহত হয় নি--কিন্তু তার আঘাত এত গুরুতর যে তাকে বারাসাত হাসপাতাল থেকে বাঙ্গুড় হাসপাতালে ট্রান্সফার করতে হয়েছে। এখনও পাঁচজন বারাসাত হাসপাতালে এবং ছয়জন বাঙ্গুড় হাসপাতালে রয়েছে। আমাদের পার্টির শ্রীভক্তিভূষণ মণ্ডল এবং শম্ভু ঘোষ যখন সেখানে গিয়ে বারাসাত এস ডি পি ও-কে জিজ্ঞাসা করে যে এদের গ্রেপ্তার করা হয় নি কেন--তখন তিনি বলেন চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে মাত্র একজনকে গ্রেপ্তার করা হয়েছে যারা দোষী তাদের মধ্যে। দারিয়াপুরের লুৎফর রহমান, শশীপুরের সিরাজুল হক, এমরাদ হোসেন, ইসাক, ইসাহার, ইয়াকুব, নপতার খলিল, পদ্মলাভপুরের আবদার রহমান, রেজাক এদের এখনও গ্রেপ্তার করা হয় নি। এই জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে এই ব্যাপারে দৃষ্টি দিতে অনুরোধ করছি। তা না করলে সেখানে শান্তি বিঘ্নিত হতে পারে।

[1-30 -1-40 p.m.]

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বেশ কিছুদিন যাবত কোলকাতা এবং তার আশেপাশের অঞ্চলে ছেলেধরার নাম করে কিছু নিরীহ ব্যক্তিদের নিগ্রহ করা হচ্ছে, এমন কি তাদের নিহত পর্যন্ত করা হচ্ছে। বিশেষ করে এটা আমরা উত্তর কোলকাতাতে বেশী দেখছি। কয়েকদিন আগে প্রায় ৬০ বছর বয়সের একজন বৃদ্ধাকে প্রায় ২ হাজার যুবক--তার মধ্যে কিছু সমাজবিরোধীও ছিল ভীষণভাবে প্রহার করে। তার সামনে পুলিশ ভ্যান ছিল কিন্ত পুলিশ সে সময় তার জীবন রক্ষার পর্যন্ত কোন ব্যবস্থা করে নি। প্রায় মৃত্যু ঘটার পর তাকে যখন টেনে হিঁচড়ে গঙ্গায় নিক্ষেপ করতে যাচ্ছিল সে সময় পুলিশ এসে টিয়ার গ্যাসিং করে লাস উদ্ধার করে। এই ধরনের নিরীহ ব্যক্তিদের যাতে আর কোনদিন নিগৃহীত হতে না হয় তার জন্য আমি মনে করি সমস্ত ধরনের ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় স্পীকার মহাশয়, মুর্শিদাবাদ জেলার পত্র-পত্রিকায় খুব ব্যাপকভাবে এটা দেখা যাচ্ছে এবং এটা সত্যিই যে একে তো প্লাবিত অঞ্চলে রোগভোগ দেখা দিয়েছে তার উপর হাসপাতালে ঔষধের অভাবে রোগীদের ভর্তি করা হচ্ছে না। কোনরকম ঔষধ সেখানে নেই। পেনিসিলিন, স্ট্রেপ্টোমাইসিন এ টি এস সাপে কাটার ঔষধ ইত্যাদি সমস্ত কিছু ঔষধ পাওয়া যাচ্ছে না। বাজেট পাশ হবার পর ভাবা গিয়েছিল যে ঔষধপত্র পাওয়া যাবে কিন্ত তা হচ্ছে না। একে ফ্লাড তার উপর লোকের রোগভোগ এই অবস্থায় অবিলম্বে যাতে ঔষধপত্র পাওয়া যায় সেজন্য স্যার আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া স্টেট ট্রেডিং জুট কেনার কোনরকম ব্যবস্থা করেন নি, তার ব্যবস্থাও অবিলম্বে করা উচিত।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে কিছুদিন যাবত বাংলাদেশের বিভিন্ন জায়গায় মাছ পাওয়া যাচ্ছে না, যদিও পাওয়া যাচ্ছে তাও অধিক দামে কোলকাতার বাজারে এবং বিভিন্ন জায়গায় ১০।১৫ টাকা কেজি পর্যন্ত মাছ বিক্রী হচ্ছে। স্যার, আমরা মেছো বাঙ্গালী, সামান্য এক টুকরো মাছ না হলে চলে না। সেইজন্য মাননীয় মৎস্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলব যে তিনি যাতে কোলকাতাতে এবং বাংলাদেশের বিভিন্ন জায়গায় কিছু মাছ আনতে পারেন সে ব্যবস্থা করুন। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার বা শ্রীজগজীবন রামের সঙ্গে যোগাযোগ করে আমি বলব তিনি বাংলাদেশের বাইরে বিভিন্ন প্রদেশ—যেমন মাদ্রাজ প্রভৃতি রাজ্য থেকে বাংলাদেশে মাছ এনে বাঙ্গালীর মাছের কষ্ট ঘোচান। এই বলে আমি শেষ করছি।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় স্পীকার মহাশয়, কুচবিহারে সম্প্রতি যে ঘটনা ঘটেছে সে সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার কলেজের ছাত্র ইউনিয়নের ঝগড়াকে কেন্দ্র করে কুচবিহারে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের প্রায় ৩।৪-শো এমপ্লয়ি সমস্ত বাস বন্ধ করে দিয়ে অফিস থেকে বেরিয়ে এসে লাঠি, লোহার রড প্রভৃতি নিয়ে ছাত্রদের আক্রমণ করেছিল কলেজের মধ্যে ঢুকে। তাতে ছাত্রছাত্রী এবং প্রফেসাররা আহত, নিগৃহীত হয়েছেন। এখনও পর্যন্ত কুচবিহারের হাসপাতালে আহত ছাত্ররা আছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় ঐ ঘটনার পর স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট কোন ব্যবস্থা করেন নি অথবা অপরাধীদের মধ্যে কাউকেই পুলিশ এখনও গ্রেপ্তার করেন নি। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন জানাচ্ছি। তা না হলে এই ঘটনাকে কেন্দ্র করে কুচবিহারের মানুষের মনে যে বিক্ষোভ জেগে উঠেছে তাতে যে ব্যাপক আন্দোলন হবে তার সম্মুখীন হতে যুক্তফ্রন্ট সরকার বাধ্য হবেন।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় স্পীকার মহাশয়, কয়েকদিন আগে সংবাদপত্রে দেখলাম যে হিরন্ময় গাঙ্গুলী ওরফে হেনা গাঙ্গুলীর মৃত্যুর সংবাদ। আমরা সংবাদপত্রে দেখলাম যে এক-জন দুর্ধর্ষ ডাকাত নিহত হয়েছেন। আমরা সংবাদপত্রে আরো দেখলাম যে, তিনি পুলিসের গুলিতে নিহত হয়েছেন। কিন্তু পরের দিন আমরা দেখলাম জনতার হাতে তিনি নিহত হয়েছেন। আমি জানতে চাই তিনি কিভাবে নিহত হয়েছেন। তা ছাড়া আমরা স্যার, জানি যে, জ্যোতিবাবুর কাছে হেনা গাঙ্গুলী নাকি একটা পত্র দিয়েছিলেন এই বলে যে আমি যুক্তফ্রন্টের সমর্থক, আমি সারেন্ডার করতে চাই, পুলিশ যাতে আমাকে হ্যারাস না করে তার প্রতিশ্রুতি আমাকে দেওয়া হোক। সে সম্পর্কে যদি সম্ভব হয় আমরা মাননীয় উপ-মুখ্যমন্ত্রীর কাছ থেকে তাঁর বিবৃতি শুনতে চাই। আর তাঁকে যেভাবে পিটিয়ে হত্যা করা হয়েছে সেটা পুলিশের থাকা কালীন সময়ে কি করে সম্ভব হয়েছে সে সম্পর্কেও বিস্তৃত বিবরণ চাই।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মিঃ স্পীকার স্যার, আমি খবর পেয়েছি যে গতকাল আমাদের এক-জন সদস্য শ্রীবিজয় সিং নাহার মহাশয়কে কংগ্রেস ভবন থেকে টানতে টানতে প্রদেশ কংগ্রেস সভাপতি ডঃ চন্দ্রের বাড়ীতে নিয়ে গেছে। এটা সম্বন্ধে আমি আপনার কাছ থেকে জানতে চাচ্ছি।

**শ্রীবিজয় সিং নাহার:** উনি প্রকৃত সত্য কি সেটা জানেন না।

**শ্রীআবদুস সাত্তার:** মিঃ স্পীকার স্যার, উনি যেটা বলেছেন সে বিষয়ে আমি বলতে চাই যে এটার অ্যাটেনসন ড্র করার কোন কারণ নেই। আমার মনে হয় সবদিক থেকে এটা ঠিক হবে যে এটাকে এক্সপাঞ্জ করা হোক।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটু বলবার আছে। মাননীয় সদস্য যদি অন্য কোন সদস্য সম্বন্ধে বলেন তিনি যদি না জেনে নেন—ঘটনা না জেনে এখানে যদি মিথ্যা বিবৃতি দেন তাহলে তাঁর সম্বন্ধে কি ব্যবস্থা করছেন সেটা আমি জানতে চাই।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মিঃ স্পীকার স্যার, আমরা সংবাদপত্রে দেখেছি মাননীয় সদস্য বীরেন রায় মহাশয় যেটা তুলেছেন যে বিজয়বাবু পালিয়ে গেছেন এই পর্যন্ত বেরিয়েছে, উনি সেটা জিজ্ঞাসা করেছেন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** আমি জানি না পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মন্ত্রীর ডিফেন্স দরকার হয়েছে—যেহেতু তিনি এখানে অসত্য কথা বলে আর একটি অসত্য কথা বলেছেন। তিনি বলেছেন টেনে নিয়ে গেছে, আর উনি বলেছেন পালিয়ে গেছে, এই দুটোই অসত্য কথা।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের মাননীয় সদস্য সরল দেব মহাশয় তাঁর বক্তব্য বলার সময় আমার নাম উল্লেখ করেছেন। কাজেই আমি দু-একটি কথা সে সম্পর্কে বলছি। সেদিনকার শশীপুরের ঘটনার ব্যাপারে সরলবাবু যে সংশোধন করতে চেয়েছেন সেটা তিনি সংশোধন করুন তাতে আমি খুশী হব। কিন্তু উনি একটি কথা বলেছেন কিছু সমাজ-বিরোধী সম্পর্কে আমি, আমাদের এখানকার সদস্য জগদীশ দাস এবং সরলবাবু নিজে— আমরা তাঁর নামে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানিয়েছি যে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য। যেসব সমাজবিরোধী সেদিন—ও'র কথামত ফরওয়ার্ড ব্লকের লোকের উপর আক্রমণ করেছিল, সেদিন যারা আক্রমণ করেছিল তারা ছাড়া সংখ্যা নাকি ২।৩ হাজার। এখন আজকে উনি এখানে যে বিবৃতি দিলেন এবং সেদিন কাগজে যে বিবৃতি দিয়েছেন সেটা এক নয়। সেদিন উনি বলেছিলেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা মেরেছে। আমি আশা করবো আজকে যখন উনি সংশোধন করেছেন তখনও এটাও সংশোধন করতে বলব যে সেদিন যে আক্রমণ হয়েছিল তার সংগে মার্কসবাদী কমিউ-নিস্ট পার্টির কোন সম্পর্ক ছিল না। আমি এটা আজকে এই সভায় বলতে চাই যে সেদিনকার আক্রমণের সংগে ফরওয়ার্ড ব্লকের লোকেরা যে মার-ধোর খেয়েছে তার সংগে মার্কসবাদী কমিউ-নিস্ট পার্টির লোকের কোন সম্পর্ক নেই, এটা যেন সাংবাদিকদেব কাছে বলে দেন এবং হাউসের সদস্যদের কাছে বলে দেন। আর একটি কথা হচ্ছে, আমায় গত পরশুদিন নৈহাটি স্টেশনে একজন সরকারী কর্মচারী বলেছিলেন, গোপালবাবু আমি বাঁচব না। কেন কি হয়েছে? তখন বলে- সেদিন আমায় একটি লোক বলে ২৫০ টাকা দিন। আমি ২৫০ টাকা দিতে অস্বীকার করাতে কথা কাটাকাটি হয়। অনেকক্ষণ পরে বলে এ হচ্ছে ছেলে ধরা - এই বলে আমায় মারতে আরম্ভ করে। তখন সরকারী কর্মচারীর একটা কার্ড ছিল। সেই কার্ডটা দেখাতে লোকে তখন রক্ষা করে। কাজেই এইভাবে ছেলে ধরার নাম করে সাধারণ মানুষের কাছ থেকে ছিনতাই করে নানা রকমভাবে বে-কায়দায় ফেলার চেষ্টা চলেছে। এই সম্পর্কে আমি আপনাকে এবং সভাকে ওয়াকিবহাল হতে অনুরোধ করছি।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হেনা গাঙ্গুলী সম্পর্কে আমি দু-একটি কথা বলব। হেনা গাঙ্গুলী ডাকাতি করেছে বলে, ওয়ারেন্ট ছিল বলে তাকে পিটিয়ে মারা হয়েছে। এ এক গুরুতর অবস্থা। তারপরে দেখলাম তার ডেড বডি নিয়ে আমাদের কিছু এম এল এ পান্নালাল দাসগুপ্ত, অনাদি দাস, মোকসেদ আলি সাহেব এবং এস এস পি-র ভূপাল বসু এবং আরো অনেকে তার ডেড বডি নিয়ে প্রসেসন করে গেছেন।

এখন প্রশ্ন হচ্ছে তার যে ডাকাতি, এটা কি পলিটিক্যাল ডাকাতি? যদি পলিটিক্যাল ডাকাতি হয় তাহলে মাননীয় যিনি স্বরাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁর কাছে জানতে চাই যে এটা পলিটিক্যাল ডাকাতি কিনা, যদি পলিটিক্যাল ডাকাতি হয়, এইভাবে অনেক ডাকাতি হয়েছে বলে কি এই জন্য এগুলোর কোন সুরাহা হচ্ছে না বলে ধরে নেবো। এই ধরনের যে ডাকাতি হয়েছে এখানে, এটা পলিটিক্যাল ডাকাতি বলে এই সমস্ত সুরাহা হচ্ছে না।

[1-40—1-50 p.m.]

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আপনার কাছে একটু বুঝতে চাইছি এখানে যে ম্যাটার্স অব পাবলিক ইমপর্ট্যান্স বলে মেম্বাররা মেনশন করতে গিয়ে যার যা খুশী যা মনে আসবে আলোচনা করবেন, বিতর্ক হবে, না কি হবে, এটা আপনি দয়া করে সভ্যদের বুঝিয়ে দিন।

**মিঃ স্পীকার:** অর্ডিনারিলি মেম্বাররা জানেন এবং আমিও অনেকবার বলেছি যে মেনশন অব ভেরি ইমপর্ট্যান্স ম্যাটার্স রিলেটিং টু দেয়ার কনস্টিটিউয়েন্সিজ অর ইন দি সিটি অর অব পাবলিক ইন্টারেস্ট, এখানে করা হবে। নো প্লীজ, নো কমেন্ট! এইসব হবে না। এ বিষয়ে জেনারালি টাইম লিমিট আমাদের এখানে আধ ঘণ্টার মত সময় আছে। আমি মনে করি ম্যাটার্স অব পাবলিক ইমপর্ট্যান্স বললে যদি ভালভাবে ঠিক ফলো করা হয় তাহলে এতে বিধানসভার কাজ খুব ভালভাবে চলবে। কারণ আমরা জানি বাংলাদেশে কি হচ্ছে না হচ্ছে, এই রকম অনেক ঘটনা বাংলাদেশের নানা রকম সদস্যদের মুখ থেকে সব বুঝতে পারি এখানে বসে থেকে। যা হোক আর কিছু বলার নেই।

## GOVERNMENT BILLS
## LEGISLATION

### The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969.

(Secretary then read the title.)

Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969, be taken into consideration.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটাকে বলা যেতে পারে খুবই আনুষ্ঠানিক গোছের। এবং আমি চাই নি যে এই রকম একটা বিল আলাদা করে আনতে। কারণ সামগ্রিকভাবে ভূমিসংস্কার আইনের সর্বাঙ্গীন একটা সংশোধন আনার প্রয়োজন, এই কথা আমি আগেই বলেছি। এর আগে একদিন হাউসে বলেছি যে আমি এই সেশনে আনবো কিন্তু এটা আনবার মত নিজে প্রস্তুত হতে পারি নি। অর্থাৎ সামগ্রিক সংশোধনের জন্য বিচার বিবেচনা প্রয়োজন এবং যার উপর দাঁড়িয়ে আমি ড্রাফট করতে পারি, যেখানে সিলিং প্রভিসন থেকে আরম্ভ করে অন্যান্য সমস্ত প্রভিসন আলোচনা করতে হবে। বেনামী ধরার বিধান থেকে আরম্ভ করে, সিভিল কোর্টের এক্তিয়ার থেকে আরম্ভ করে সমস্ত বিষয় যখন আলোচনা করতে হবে আমি এই সেশনের মধ্যে তা আনতে পারি নি। আমি চেষ্টা করবো এবং সম্ভবতঃ সফল হবো আগামী নভেম্বর মাসে সেই বিল যাতে আনতে পারি। এবং আপনাদের সামনে রাখতে পারি। ইতিমধ্যে কতকগুলো ব্যাপার যেটা আনুষ্ঠানিক হলেও করা একান্ত প্রয়োজন, যেমন সানো মোটু অর্থাৎ সরকার আপনা থেকে রেকর্ড সংশোধন করতে পারেন, ভুল হয়ে গেলে, এই বিধান নভেম্বর মাসের মধ্যে শেষ হয়ে যাচ্ছে, এটাকে আমরা তিন বছর বাড়াবার জন্য চাচ্ছি। এটা যদিও আমরাই আবার অতীতে বলেছি যে বারে বারে বাড়ানো হচ্ছে কেন, কিন্তু উপায় নেই। কারণ যদি একবার রেকর্ডগুলোকে চূড়ান্ত করে দিই তাহলে আর বেনামী ধরা যাবে না। যেহেতু বেনামী ধরার একটা অভিযান চলছে, অতএব রেকর্ড আমাকে সংশোধন করতেই হবে ৪৪(২)-এ আর সেকশন ৫(এ) এই দুটো হলো বেনামী ধরার প্রধানতঃ বিধান। তাই ৫(এ)-টা যেমন আছে থাক, কিন্তু ৪৪(২)এ-টা থাকার প্রয়োজন আছে। সেইজন্য আমি এই কথা আপনাদের কাছে রাখছি না যে আমি এক বছরের মধ্যে বা ছ' মাসের মধ্যে বেনামী ধরার কাজ শেষ করে ফেলবো। বিশেষ করে যখন আমরা সর্বাঙ্গীন একটা

আইনের পরিবর্তন আনবো, তার মনে বেনামী ধরার কাজটাকে আরও ভাল করে চালাতে হবে। সেইজন্য এই বিলে আনুষ্ঠানিক হলেও যার মেয়াদ নভেম্বরে শেষ হয়ে যেত সেটা আরও তিন বছর বাড়াতে বলেছি, অর্থাৎ ৯ বছরের জায়গায় ১২ বছর হবে। কিন্তু সেইটা আনতে গিয়ে আমি ছোট্ট দুটো বিধান নিয়ে এসেছি যেটা আমার কাজকে এখন সাহায্য করবে। সেটা হচ্ছে বাড়তি জমি পাবার ব্যাপারে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের চা বাগান বা কল-কারখানা কতটুকু জমি রাখতে পারবে এই বলে একটা বিধান আছে। সেইটা হল এই যে চা বাগান বা কলকারখানা তাদের প্রয়োজনের জন্য যেটুকু জমি সেটা সরকার রাখতে দেবেন, বাকিটা সরকারের হাতে ন্যস্ত হবে। এই ছিল বিধান। কিন্তু আমি অতীতেও বলেছি এখনও বলছি এই বিধান ঠিকভাবে কার্যকরী করা হয় নি এবং দেখা যাবে ৩৩২ বাগানের মধ্যে অনেকগুলিতেই প্রায় অর্ধেকের মতো চা বাগানে সেখানে সমস্ত জমিই ছেড়ে দেওয়া হয়েছে। এমন কি টি গার্ডেন এ্যাডভাইসরী কমিটি যেটা কংগ্রেস গভর্নমেন্ট তৈরী করেছিলেন এবং যাতে ছিলেন ডাইরেকটর অফ ল্যান্ড রেকর্ডস, যাতে ছিলেন টি বোর্ডের চেয়ারম্যান এবং আর একজন অফিসার, তাঁরা যে সুপারিশ করেছিলেন, সেই সুপারিশ অনুযায়ী চা বাগানের জমি নেওয়া হয় নি। তারপর চা বাগান যে জমি চেয়েছে তা দেওয়া হয়েছে। এমন কি চায়ের সঙ্গে কোন সম্পর্ক নেই, ধানের জমি, নীচু জায়গায় জমি, নামলা জায়গা যেখানে কোনদিন চায়ের চাষ হবে না এই রকম জমি একটি চা বাগানকে হাজার বিঘা বেশি রাখতে দেওয়া হয়েছে। অর্থাৎ যারা ধান চাষ করে তাদের জোতদারী করতে দেব না, চা বাগানে জোতদারী চলবে—এ হতে পারে না। তাই আমি পুনর্বিবেচনা করতে চাই। আমার গভর্নমেন্টের হাতে ক্ষমতা চাই যাতে এগুলি পুনর্বিবেচনা করতে পারি। বিধান-গুলি আইনে এমনভাবে বাধা আছে ৬(৩) ধারায় যে তারা কতটা রাখতে পারবে বলে দেওয়া হবে এবং আইনজ্ঞের সঙ্গে পরামর্শ করে দেখা গেল সেই বিধান এমনভাবে আছে যে একেবারে যেহেতু চূড়ান্ত অর্ডার দেওয়া হয়েছে, কাজেই আর নূতন অর্ডার করা যাবে না আইন ওইভাবে থাকলে। শ' দেড়েক চা বাগানে কিছুই জমি নেওয়া হয় নি, এমন চা বাগান আছে দু হাজার একর জমি আছে, মাত্র পাঁচশ' একরে চা হয় এমন কি ভবিষ্যতে ১০।১৫ বছরে আর পাঁচশ' একরে চা বাড়তে পারে, কলকারখানার জন্য লাগতে পারে, কিন্তু সেখানে পাঁচশ' একর জমি কি তারও বেশি বাড়তি রেখে দেওয়া হয়েছে। আবার এমনও হয়েছে যে আড়াই হাজার তিন হাজার একর জমি অল্প জায়গায় মাত্র ২০ পারসেন্টে চা হয় সেখানে নেওয়া হয়েছে কোথাও একশ' একর, কোথাও দেড়শো একর, আবার কোথাও বা মাত্র দশো একর। সেইজন্য আমি মনে করেছি বাড়তি জমি চা বাগানের নাম করে না রাখতে দিয়ে চা বাগানের ভবিষ্যৎ সম্প্রসারণের সম্পূর্ণ সুযোগ বজায় রেখে যাতে চা বাগানের নাম করে জোতদারের শোষণ না চলতে পারে সেইটা দেখার জন্য গভর্ণ-মেন্টের হাতে এই অধিকার রাখা দরকার আছে এবং আমি পূর্ণ বিবেচনা করতে পারব। আমি সেটুকু শুধু সংশোধন করেছি ৬(৩) ধারায় সেটা হচ্ছে গভর্নমেন্ট যদি অবস্থার পরিবর্তন দরকার মনে করেন তাহলে গভর্নমেন্ট নানা কারণে যেটা আগে চূড়ান্ত রায় দিয়েছেন সেটা পুনর্বিবেচনা করতে পারবেন। অবশ্য তাতে চা বাগানের মালিকদের হিয়ারিং-এর সুযোগ দেওয়া হবে এবং বলবার সুযোগ দেওয়া হবে এবং অন্যান্য সমস্ত রকম সুযোগ সুবিধা দেওয়া হবে। এই অধিকার আমি নিয়েছি। আর দ্বিতীয় যে অধিকারটি চেয়েছি আশা করি আপনারা সকলেই সেটা অনু-মোদন করবেন। খাজনার ব্যাপারে আইনে লেখা আছে চা বাগানে বর্তমানে যে ভাল জমির খাজনা আছে তার ডবল দেবে এবং সেটাও একরে ৬ টাকা ৫০ পয়সা হবে, তার বেশি হবে না। চা বাগানের মালিকরা চা বাগান থেকে কোটি কোটি টাকা লাভ করবে দেশের বৈদেশিক মুদ্রা অর্জিত হবে আর যে পশ্চিমবাংলা চা করবে তারা শুকিয়ে মরবে তারা কিছু পাবে না। কেন মাত্র একরে ৬ টাকা ৫০ পয়সা? আমরা তো এদিকে আইন পাশ করেছি কিছুদিন আগে এবং তাতে বলেছি যাদের ২০ একরের বেশি চায়ের জমি আছে, তাদের বর্তমান খাজনার চারগুণ দিতে হবে। তবে ওদের ক্ষেত্রে মাত্র দুগুণ কেন? তাও আবার মাত্র ৬ টাকা ৫০ পয়সা। আমি জমি জাতীয় স্বার্থ ইত্যাদি কথা তুলব। কিন্তু এই ৬ টাকা ৫০ পয়সাও দিচ্ছে না এবং আইন পাশ হওয়ার পর গত ১৫ বছর ধরে কোন চেষ্টা করা হয় নি এরা যাতে দিতে বাধ্য হয়। এদের বেলায় সার্টিফিকেট জারী করা হয় নি এদের সম্পত্তি ক্রোক করা হয় নি এবং এরা আইনের ঢিলেমী সুযোগ নিচ্ছেন।

[1-50—2 p.m.]

সেই ভাষার ত্রুটি নিয়ে তারা হাইকোর্টে মামলা করছেন. অনেকগুলি সিভিল রুল নিয়ে। আমি যে জোর করবো, আমি যে ওদের সার্টিফিকেট করবো তার হাত পর্যন্ত আমার আটকে রেখে দিয়েছে। অর্থাৎ যারা লিজের অধীনে আছেন তারা ঐ খাজনা দেবেন কি দেবেন না অথবা যেদিন গভর্নমেন্টের হাতে জমি ভেস্ট করলো সেদিন থেকে দেবে, না যেদিন থেকে আমি নোটিশ দিয়েছি সেদিন থেকে দেবে, এই রকম কতকগুলি ছোটখাটো ভাষার ত্রুটি যার অ্যাডভান্টেজ পুরো নিচ্ছে। আমি নূতন কিছু করতে যাচ্ছি না। সম্ভবতঃ আইনের রচয়িতারা যা করতে চেয়েছেন আমি তাই করেছি। সম্ভবতঃ বলছি এই কারণে কেন না, জানি না, রচয়িতাদের কি উদ্দেশ্য ছিল। কিন্তু ভাষার যে ত্রুটি কোর্টে ধরা পড়েছে, আমি সেইটুকুই সংশোধন করে বলেছি যে চা বাগানের মালিকরা—সে গভর্নমেন্টের অধীনেই হোক, আর লিজই হোক, যাই হোক না কেন, ঐ খাজনা দিতে বাধ্য হবে এবং যেদিন থেকে জমিদারী ক্রয় হয়েছে, যেদিন জমিদারীগুলি ভেস্ট করছে সেদিন থেকে এই খাজনা দেবে। এই অধিকারটা আমাকে দেন। আমি আপনাদের এই প্রতিশ্রুতি দিতে পারি যদি এর পরেও চা বাগানের মালিকরা না দেয়, আমি ইনস্টলমেন্ট-এর সুযোগ দেব বকেয়া শোধ দেবার জন্য, কারেন্ট পুরোপুরি দিতে হবে এবং সেজন্য ইনস্টলমেন্ট-এর সুযোগ দেবো। কিন্তু তা সত্ত্বেও যারা দেবেন না, আমি আপনাদের কাছ থেকে এই সমর্থন চাই যে, প্রয়োজন হলে আমি সার্টিফিকেট জারী করবো, প্রয়োজন হলে এদের বিরুদ্ধে পুলিশ ব্যবহার করবো। এই অধিকার আমি আপনাদের কাছ থেকে চাই। এই কয়েকটি উদ্দেশ্য নিয়ে আমি এই ছোট্ট আনুষ্ঠানিক বিলটি আপনাদের সামনে উপস্থাপন করেছি। আশা কবি এটা আপনারা অনুমোদন করবেন।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ভূমি-রাজস্বমন্ত্রী যে বিল এনেছেন সেটা আমি সম্পূর্ণ সমর্থন করছি। তবে তিনি যে লাস্ট ক্লজ, ক্লজ ৪, ইন সাব-সেক্শন (২এ), ফর দি ওয়ার্ডস "উইদিন টুয়েলভ ইয়ার্স" দি ওয়ার্ডস "উইদিন ফিফটিন ইয়ার্স" স্যাল বি সাবসটিটিউটেড কেন এনেছেন বুঝতে পারছি না। . . . ........এখুনি উনি বললেন যে, আমরা একটা কমপ্রিহেনসিভ বিল আনবো, এটা অনেকদিন থেকে শুনে আসছি। এই সময়টা প্রথমে ৯ মাস ছিল—তারপর অ্যামেন্ডমেন্ট অনেক হয়েছে। প্রথমে ৯ মাস থেকে আরম্ভ হয়েছ, পরে সেটা বাড়তে বাড়তে ৯ বছর হয়েছিল। ৯ বছর আবার বেড়ে ১২ বছর হয়েছিল। তারপর ১৫ বছরে এসেছে। জানি না এখন এটা ২০ বছর হবে কিনা। একটা জিনিসের উপর উনি জোর দিয়েছেন যে, বেনামী জমি উদ্ধারের দরকার আছে। কিন্ত সেই সেকসন-এর আর একটু নিচে দেখলে দেখবেন যে, সেকসন ৫ এতে একবার এনকোয়ারী হয়ে গেলে তাহলে তিনি আর এই সেকসন অ্যাপ্লাই করতে পারবেন না। সুতরাং এই বেনামীর ব্যাপারে অনেক ক্ষেত্রে সেকসন ৫এ হয়ে গেছে। এবং এই হবার পরে অনেক ম্যালাফাইডি ট্রান্সফার বোনাফাইডি ট্রান্সফার হিসেবে বয় হয়ে গেছে এবং দেখা গেছে এইভাবে অনেক বড় বড় জোতদার ঐ জমি লুকিয়ে রেখেছে সেই জমি যেটা সেকসন ৫(এ) হয়ে গেছে। সেই জমি বর্তমান সেকসন-এ ১৫ বছর করলেও তিনি পারবেন না। আমার মনে হয় তিনি আর একটা দিকে যদি দেখেন যেটা বর্গাদারদের ব্যাপার, তিনি আইন করেছেন যে, উচ্ছেদ কোন অবস্থাতেই হবে না। কিন্তু আমাদের দেশে যেসমস্ত রেকর্ডস রয়েছে, যাতে বর্গাদার নাম বাদ দিয়ে রেকর্ড হয়েছে। এখন বর্গাদারদের নাম বাদ যদি থাকে তাহলে এই জমি বর্গাদারের কিনা এটা নিয়ে অনেক কন্ট্রোভার্সি উঠেছে। আজকে বর্গাদার যারা জমির রেকর্ড করাতে পারে নি অথচ তারা বর্গাদার হিসেবে জমি চাষ করছে তাদের আজ পর্যন্ত এই ধারা অনুযায়ী কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। এমন কি প্রকৃত বর্গাদার কে তা নির্ধারণের জন্য এই ধরনের কোন অ্যাপ্লিকেশন বা কোন সুয়ো মটো স্টেপস গভর্নমেন্ট নেন নি। বে-নামী জিনিসটা ধরা খুব কঠিন। পার্টিকুলার ল্যান্ড বেনামী ল্যান্ড কি বেনামী নয় এটা ৪৪(২এ) ঠিক করা সম্ভব নয়। কেন না এটা বিভিন্নভাবে আছে। একজন জোতদার জমি লুকিয়ে রাখার জন্য বিভিন্ন নামে এবং এমন কি কৃষাণ মহিন্দারের নামে এই সমস্ত করে রেখেছে। সেই কৃষাণ মহিন্দার যদি বলে এটা আমার জমি তাহলে সেখানে সেটা ধরবার কোন উপায় নেই।

সুতরাং এই ৪৪(২)(এ) করে তিনি যে বেনামী জমি উদ্ধারের সংকল্প গ্রহণ করেছেন আমার মনে হয় আসলে এতে বেনামী জমি ধরা পড়বে না। এই আইন অনুসারে তিনি যদি বর্গাদারদের জমি রেকর্ড করাতে পারেন তাহলে আমার মনে হয় অনেকটা উপকার হবে। আর টি গার্ডেনের যে খাজনার কথা বলেছেন আমি তার সঙ্গে একমত যে জমির খাজনা যে হারে হচ্ছে তার চেয়ে তারা বেশী সুবিধা পাবে এটা আমি সমর্থন করছি—৪৪(২)-তে যেভাবে ডিটারমিনেসন হবে সেইভাবেই করা উচিত, এই বলে আমি এই বিলটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ের প্রতি এই মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলার আর আই সি-র প্রায় চার হাজার দুই কর্মচারী এই অ্যাসেম্বলী হাউসের সামনে এসে উপস্থিত হয়েছেন। আপনি জানেন এটা কেন্দ্রীয় সংস্থা কিন্তু এঁদের উপর খুব অমানুষিক অত্যাচার চলছে। তাঁরা অতি অল্প মাইনা পান এবং মাসের মধ্যে অনেকদিনই তাঁদের বসে থাকতে হয়। এখানকার যিনি ম্যানেজিং ডাইরেকটর তাকে জানিয়েও কোন ফয়সালা হয় না। সেজন্য তাঁরা যুক্তফ্রন্ট মন্ত্রী-সভার সাহায্য এবং সহযোগিতা প্রার্থনা করবার জন্য এখানে এসেছেন। আমি অনুরোধ করব ২।৪ জন মন্ত্রী সেখানে গিয়ে তাঁদের সঙ্গে দেখা করুন এবং তাঁদের প্রতিনিধিদের সঙ্গে কথাবার্তা বলুন।

**শ্রীসরল দেবঃ** স্যার, অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেসান, স্যার মেনশন আওয়ার-এ আমার সম্বন্ধে কিছু বলা হয়েছে।

**Mr. Deputy Speaker:** Mr. Deb, I think no such debate should be allowed here. I think no insinuation has been made against you. Honourable members, Mr. Gopal Basu, just referred to a point in course of clarifying certain position. So, this is not the proper time for you to say anything. If you have got anything to say you should have said that before the zero hour, that is, just after the question hour. So, I request you to take your seat.

Now I call upon Shri Bhupal Chandra Panda.

**শ্রীভূপালচন্দ্র পান্ডাঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই স্টেট অ্যাকুইজিসন অ্যাক্টের সামান্য অ্যামেণ্ডমেণ্ট মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রিমহাশয় আমাদের সামনে উপস্থিত করে আমাদের বিপুলভাবে উৎসাহিত করেছেন। আমরা খুবই দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম যে বাংলাদেশের হিমালয়ের পাদদেশে যে সমস্ত মেহেনতী মানুষ দীর্ঘকাল ধরে এই ভারতবর্ষকে বৈদেশিক মুদ্রাকে বিপুলভাবে আহরণে সাহায্য করেছে সেই মানুষগুলির উপর কি যে নির্মম অবিচার এবং অত্যাচার চলে আসছে তা এই হাউসের সকলেই জানেন। আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু বৃটিশ শাসনের পরও ভূমি সংস্কারের উদ্দেশ্যে যে স্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট প্রথম আনা হল তার ভিতর এই সমস্ত চা বাগানের মালিকদের যদিচ্ছাক্রমে ভূমি রাখবার সুযোগ দান করে দেয় হয়েছিল। আইনের এই ফাঁক আমার ধারণা ইচ্ছা করেই সৃষ্টি করা হয়েছিল। নতুবা এই সমস্ত মানুষগুলি যারা ঐ চা বাগানে এতদিন পর্যন্ত কাজ করে আসছে তাদের গোলামের মত খাটিয়ে একদিকে চায়ের বৈদেশিক বাজারে প্রচুর মুনাফা করেছে, অন্যদিকে গোলামের চেয়ে আরো অন্য হীন সর্তে তাদের দিয়ে চাষ করিয়ে তাদের অধিকাংশ সম্পদ মুনাফা হয়ে ঐ মালিকরা লুটেছে।

[2—2-10 p.m.]

ঐ চা বাগানে যারা অবসর সময়ে কিম্বা ছাঁটাই হয়ে গেলে কিম্বা বদলী হিসাবে ছিল তারা তাদের পরিবার পরিজন নিয়ে ঐ জমি চাষ করে তার তৈরী যে ফসল তার থেকে মুখের অন্ন যোগাবার সুযোগ তাদের দেওয়া হচ্ছে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। ভূমিহীন দরিদ্র মানুষগুলোর কথা তাঁর মনে হয়েছে। ঐ সময়ে চা বাগানগুলো থেকে যে অপ্রয়োজনীয় জমি বেরিয়ে আসবে সেসমস্ত জমি তাদের দিয়ে যেন তাদের সেখানে পুনর্বসতি করা হয়।

আজ বাড়তি জমি উদ্ধারের জন্য সারা বাংলাদেশে ভূমিহীন গরীব চাষী ছাড়া বাংলাদেশের মানুষ যখন গণতান্ত্রিক চেতনায় উৎসাহিত তখন কি কারণের জন্য সাত্তার সাহেব কি কারণে আপত্তি করছেন যে ৩ বছর যদি বাড়ান হয় তাহলে অসুবিধা হবে! তিনি একটা প্রশ্ন করেছিলেন এটা বাড়িয়ে কোন লাভ হবে না। তিনি যে পয়েন্ট তুলেছেন সেটা যদি সংশোধন করার প্রয়োজন হয় তাহলে সেটা হবে। কিন্তু এতে ও'র আপত্তি কেন? আমি সেদিক থেকে পুনর্বিবেচনা করতে বলেছিলাম ওদিকে আপত্তি না করে বে-আইনীভাবে যেসব সম্পত্তি গোপন করে রাখা হয়েছে এবং বর্তমান কালে ভাগচাষীদের উপর যে অত্যাচার অবিচার চলছে তার জন্য আইনের পরিবর্তন করার যে চেষ্টা চলছে সেসব দিকে তাঁদের সমর্থন পাওয়া প্রয়োজন তবে আশা করি তাঁরা সেই সমর্থন করবেন। এই সঙ্গে একটি কথা বলব আমি যে প্রগতিশীল চিন্তার জোয়ার সৃষ্টি হয়েছে সেই চিন্তাকে এগিয়ে দেবার জন্য আমরা যেন সমস্ত জনসাধারণের চিন্তাকে প্রগতিমুখী করে তুলি তা না হলে ইতিহাসের কাছে আমাদের কৈফিয়ত দিতে হবে। আর একটা কথা হচ্ছে ভাগচাষী উচ্ছেদের বিরুদ্ধে অর্ডিন্যান্স তৈরী হয়েছে সেই অর্ডিন্যান্স-কে নানাভাবে বাধা দেবার চেষ্টা হচ্ছে সেই অর্ডিন্যান্সকে আইনে পরিণত করা হচ্ছে। তারপর চেষ্টা চলছে বে-আইনীভাবে রেকর্ডহীন চাষীদের উচ্ছেদ করা। অবশ্য আইনের এই প্রয়োগ যদি পুলিশী সাহায্য নিয়ে কিম্বা ভূমি রাজস্ব দপ্তরের যেসমস্ত কর্মচারী রয়েছে তাদের দ্বারা কেবল তদন্ত করলে চলবে না। আমি এটা এই কারণে বলছি যে এবছর আমরা দেখেছি ভূমিহীন ভাগচাষীগুলি যারা রেকর্ডহীন ভাগচাষী তাদের উচ্ছেদের হাত থেকে রক্ষা করার জন্য সরকারের যে ব্যবস্থা আছে তার ফলে ইতিমধ্যে অনেক চাষীদের গায়ের জোরে উচ্ছেদ করে পুরানো মালিক চাষ করছে। তাই এই প্রসঙ্গে তাঁর দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই এইভাবে বে-আইনী উচ্ছেদ বন্ধ করে অবিলম্বে সরকার থেকে সাহায্য দিয়ে ঐ সমস্ত ভাগচাষী যারা গায়ের জোরে উচ্ছেদ হয়েছে তারা যাতে জমিতে অধিকার পায় এবং ফসল যাতে কাটতে পায় সেদিকে সরকারের দৃষ্টি দেওয়া দরকার।

শুধু তাই নয়, এর সঙ্গে আমরা দেখছি এই যে সংশোধনী বিল আনা হয়েছে এই সংশোধনী বিলের মারফত আমরা বাংলাদেশে আরও লক্ষ লক্ষ একর জমি টেনে বার করতে পারব, আমাদের দেশের ভূমিহীন গরীব মানুষ আরও বহু জমি টেনে আনবার সুযোগ পাবে, এবং আগামী দিনে বহু ভূমিহীন লোক এই সংশোধনীর সাহায্যে আরও নূতন জমি পেতে পারবে, সরকারী খাসে আরও বেশী জমি আসবে এই আশা পোষণ করে এই বিল সম্পূর্ণ আন্তরিকতার সঙ্গে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ভূমিরাজস্ব মন্ত্রী যে অ্যামেন্ডেড বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। তিনি দু-নম্বরে বলেছেন যে সমস্ত কোম্পানী চা বাগান তৈরী করে বা যাদের মিল ফ্যাক্টরী রয়েছে তাদের জমি রিভিউ করবেন। এটা আমরা সমর্থন করছি এবং তাদের খাজনা ৬ টাকা ৮ আনা একরে করবেন বলে যারা বলেছেন সেটাও সমর্থন করছি। কিন্ত ৭৪(২) যে সংশোধন এটা তিনবার হয়ে গেল। একবার ৯ বছর, একবার ৩ বছর, এবং এখন আবার তিন বছর করা হচ্ছে। এই সংশোধনী মুষিক প্রসব করা ছাড়া কিছু করছে না কারণ আইনের গোড়ায় গলদ রয়েছে। গলদ হচ্ছে ট্যাঙ্ক ফিসারি বলে যে কথা রয়েছে সেই ট্যাঙ্ক ফিসারির অর্থ কি? ট্যাংক হচ্ছে ব্যাঙ্কস- ইংরাজিতে দ্বিবচন নেই। সিংগুলার এবং প্লুরেল ব্যাঙ্কস মানে দুটি ব্যাঙ্ক থাকলে একটি ট্যাঙ্ক হয়। পশ্চিমবাংলা নদী-নালার দেশ। নদী শুকিয়ে গিয়ে বিল হয়েছে, দুদিকে দুটো পাড় হয়েছে এবং সেটা ট্যাঙ্ক ফিসারি বলে দখল করছে। আশ্চর্যের বিষয় আমাদের আইনে কোন সংশোধন নেই। তিনি বলেছেন নতুন আইন আনবেন, সেজন্য তাঁর দিকে লক্ষ্য করতে বলছি যে ট্যাঙ্কের নামে বড় বড় জলা যেখানে ৩০ টাকা খাজনা পাই সেখানে হাজার হাজার টাকায় সেটা বিলি হচ্ছে। এগুলি সরকারে ভেস্ট হয় নি এবং অন্য দিকে জেলে সম্প্রদায় বেকার হয়ে রয়েছে। আমার মনে হয় এই সংশোধনীর দ্বারা সমস্যার সমাধান হবে না। তারপর নন-এগ্রিকালচারাল ল্যান্ডের যে ডেফিনিসন দেয়া হচ্ছে সেটা নেগেটিভ ডেফিনিসন, অর্থাৎ সৎ মানে হচ্ছে যে অসৎ নয়। এখানে নন-এগ্রিকালচারাল ল্যান্ডের কোন ডেফিনিসন নেই। হোয়াট ইজ মেন্ট বাই নন-এগ্রিকালচারাল ল্যান্ড? ২০ একর একটি লোককে নন-এগ্রিকালচারাল ল্যান্ড দেয়া হয়েছে, সেটা কি পারপাজে

খরচ হবে, সেখানে দেখুন নন-এগ্রিকালচারাল ল্যান্ডের যে ডেফিনিসন রয়েছে সেখানে কি বলছে? নন-এগ্রিকালচারাল টেনান্সী অ্যাক্টে যা বলছে সেই ডেফিনিসন ইজ ভেরি ভেগ। কি বলছে—নন-এগ্রিকালচারাল এবং হর্টিকালচারাল এগুলি হচ্ছে নন-এগ্রিকালচারাল ল্যান্ড। এর পার্পাজ কি? পার্পাজ হচ্ছে তিনটে আইটেম—ম্যানুফ্যাকচারিং বা বিজনেস পার্পাজ, দু নম্বর বিজনেস অ্যান্ড আদার পার্পাজ। আমি যে ১৫ একর জমি বড় বড় জোতদারকে নন-এগ্রিকালচারাল ল্যান্ড বলে রাখতে দিলাম সেটা তিনি কিভাবে ব্যবহার করলেন সেটা খাতায় লেখা হয় নি। কাজেই এই আদার পার্পাজ বা বিজনেস এটা রিভিউ করার প্রয়োজন আছে। আমি একটা প্রশ্ন করেছিলাম নন-এগ্রিকালচারাল ল্যান্ড কতটুকু কৃষিজমিতে পরিণত হয়েছে। তার উত্তর পেয়েছি সেই তথ্য সরকারী অফিসে নেই। আমি মুর্শিদাবাদ জেলা সম্পর্কে প্রশ্ন তুলেছিলাম যে সেখানে নন-এগ্রিকালচারাল এগ্রিকালচারাল ল্যান্ডে রূপান্তরিত হয়েছে অথচ সরকারী কর্মচারীরা সে তথ্য রাখেনি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন হাজার হাজার একর জমি পার্টলি ভেস্টেড হয়ে রয়েছে। পার্টলি ভেস্টেড ল্যান্ডে আজকে চাষী দখল পায় না কারণ সেই ভেস্টেড ল্যান্ড যখন পার্টলি ভেস্টেড হল তখনি সরকারী কর্মচারীদের উচিত ছিল সেই জায়গাতে ডিমার্কেট করে তাকে আলাদা প্লট নাম্বার দেয়া। কিন্তু এরা সেই প্লট নাম্বার না দিয়ে সেটাকে ফেলে রাখল। আজকে যখন পার্টলি ভেস্টেড ল্যান্ডের জন্য জামীন চাচ্ছে মন্ত্রিমহাশয়ের কাছে, তখন তিনি লিখছেন এ ডি এম-কে তিনি আবার লিখছেন সেটেলমেন্ট অফিসারকে অর্থাৎ দেখা যাচ্ছে জামীন নেই। আমি মনে করি সেই সমস্ত সরকারী কর্মচারীরা যারা সেদিন ডিমার্কেট করল না সেই কর্মচারীদের মাথার মধ্যে অর্থাৎ সর্ষের মধ্যেই ভূত রয়েছে। ৪৪(২) ধারা সংশোধন করে বেনামী জমি উদ্ধার হবে না, বেনামী জমি উদ্ধার করতে হলে নূতন আইন সৃষ্টি করতে হবে, নূতন ধারা সৃষ্টি করতে হবে এবং সেদিকেই আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর অর্চার্ডের কোন সিলিং নেই। অর্চার্ডের এই সিলিং থাকা দরকার। এগ্রিকালচারাল এবং নন-এগ্রিকালচারাল ল্যান্ডের কারেক্ট ডেফিনিসন থাকা দরকার এবং কি কারণে আমি ১৫।২০ একর জমি নন-এগ্রিকালচারাল ল্যান্ড হিসাবে দিলাম সেটাও থাকা দরকার।

হাট মার্কেট এগুলি ভেস্ট করেনি, সেখানে চাষীরা জমি বিক্রী করে, একটা লোক ইন্টার-মিডিয়ারী হিসাবে তার তোলা তলে। ইন্টারমিডিয়ারী আমরা বজায় রেখেছি, সেখানে কোন সংশোধনী নাই। কাজেই আজকে দেখতে হবে ১০ ধারা রিভিউ করে আইন কেড়ে নেওয়া হয়েছে। ১০(৬) ধারা রিভিউ করা আইন কেড়ে নেওয়া হয়েছে, সেটা কেন দেবেন না? ৪৪(২) ধারা সংশোধনী না করে ১০(৬) সংশোধনীতে যে কোন সময় জমি রিভিউ করতে হবে, সে আইন আমরা দিতে পারি নি। সেই কারণে আমরা চাষীদের যে জমি দেব বলেছিলাম, ভেস্টেড ল্যান্ড ডিমার্কেশন হয়নি। আবার ৪৪(২) ধারা করে সরকারী কর্মচারীরা যে সব বেনামী করার সুযোগ দিচ্ছে সর্ষের মধ্যে ভূত ঢুকে থাকায় সেই জমি উদ্ধার করা কল্পনা করাও ভার। ভূমি রাজস্ব মন্ত্রী তিন একর জমির খাজনা মাফ করার কথা বললেন। আমরা জানি জে এল আর ও অফিসে কারও ক্ষমতা নাই কার কার তিন একর জমি আছে তা হিসাব করে দিতে পারে। আজকে সরকারী কর্মচারী জমি কিনছে টাকা দিয়ে। আজকে জমি যখন কমে যাচ্ছে নূতন রায়ত সৃষ্টি হচ্ছে, যেসব দলিল রেজিস্ট্রি হয় সে সম্বন্ধে রেজিস্ট্রি অফিস থেকে নোটিশ যায় কিন্তু জে এল আর ও অফিসে হিসাব রাখা হয় না। আজকে আমি ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে আবেদন জানাব যে বড় বড় কথা নয়, মধ্যবিত্ত মনোভাব ভুলে গিয়ে, নূতন জায়গায় নূতন সেটলমেন্ট করে চাষীর হাতে জমি দেওয়ার জন্য নূতন সংশোধনী আইন না করা হয়, তাহলে আমি যুক্তফ্রন্টের সদস্যদের এটা মনে করিয়ে দিতে চাই যে আমরা যারা বলেছিলাম চাষীদের জমি দেব, ৪৪(২) ধারা সংশোধনী করে পর্বতের মুষিক প্রসব হবে, কোন জমি আসবে না। আজকে যে চাষী নিজ হাতে লাঙ্গল চালায় তাকে জমি দেওয়ার জন্য নূতন সেটলমেন্ট করুন। আপনি জানেন ১৯২৮ সালে সেটলমেন্ট হওয়ার পরে কোন মামলা মোকদ্দমা হয়নি কিন্তু এই সেটলমেন্টের পর লক্ষ লক্ষ মামলায় হাজার হাজার বিঘা জমি আটকে আছে, খাজনা আদায় হয়নি করাও। সেটলমেন্ট যারা করেছে, তারাই দুর্নীতিপরায়ণ উপর তলায় বসে আছে, সর্ষের মধ্যে যদি ভূত ঢুকে থাকে, তাহলে যে অবস্থা হয়, সামান্য পরিমাণও জমি চাষীর হাতে আসবে না। তবুও সামান্য অ্যামেন্ডমেন্ট সমর্থন করছি।

[2-10—2-20 p.m.]

**Shri Subodh Gopal Guchhait:** Sir, in supporting this bill and the objects and reasons for which the bill has been brought in the Assembly I beg to draw attention to some of the facts in connection with this amendment. In Section 2 of the bill it appears that under certain circumstances the State Government has got the right to review the cases above the amount of the land to be used by the mills or tea-gardens or factories etc. but I find, Sir, there is no time limit for the purpose of this revision whether once the case is reviewed, whether that particular case can be reviewed or revised again. There is no mention in this Section, Sir. That should be clear once the review is made whether it will be reopened again or not. In Section 3 of this bill there is a provision for fixation of rent under Section 42. But, Sir, I beg to mention that there may be difficulty in implementing the provisions of this Section 42 and also the allied Section 40 or 41.

Sir, you perfectly know that a few days ago there has been an amendment in the West Bengal Land Reforms Act with regard to the fixation of rent and with regard to exemption of some lands. There has been exemption for three acres and there has been provision for gradual increase of rent above three acres. But after the passing of the Land Reforms Act it appears that the provisions of that Act will be contrary to the provisions of Sections 42, 41 and 40 of the West Bengal Estates Acquisition Act. Sir, under the West Bengal Estates Acquisition Act there is provision for fixation of rent in the Estates Acquisition Act under Sections 42, 41 and 40, and there is also provision of fixation of revenue under the amended section of the West Bengal Land Reforms Act. The West Bengal Land Reforms Act applies to agricultural lands and the West Bengal Estates Acquisition Act applies to agricultural lands as also to non-agricultural lands as will be evident from the section itself—under Section 42 of the Estates Acquisition Act which is going to be amended by this Bill. There is provision in Section 42(1) with regard to agricultural land on the basis of the rate of rent paid by raiyats or other persons holding lands of similar description and with similar advantages in the vicinity. Therefore it appears that under Section 42 there is provision for fixation of rent and also with regard to agricultural lands, there is provision under the West Bengal Land Reforms Act and these two provisions of these two Acts are being found to be contradictory to each other. Therefore, either the Sections 40, 41 and 42 of the West Bengal Estates Acquisition Act should be suitably amended or deleted where necessary and if that be not done, then there will be difficulty in implementation of both these Acts with regard to the fixation of rent or revenue. Therefore, Sir, I think that Section 42 and other provisions in the West Bengal Estates Acquisition Act with regard to the fixation of rent shuold be amended or deleted, if necessary.

There is another point with regard to Section 4 of this Amendment Bill where the words "within fifteen years" will be substituted for the words 'within twelve years". It appears this provision has been made after the publication of the final record of rights. Even within twelve years it has been found that the Settlement Officers are not doing their duties properly. Some of my friends have already mentioned that there is "Sarishar Madhaya Bhoot". There is difficulty mainly with regard to the officers who are going to implement the provisions of these Acts. Therefore, only by changing the years, only by extending the date for the change of record of rights, the purpose will not be served. There must be either specific Acts or Sections or the record of rights may be changed or the benami lands detected. Sir, I would request the Hon'ble Minister in charge of this Bill to kindly consider these facts in connection with the passing of this Bill and also in connection with the implementation of the provisions of this Act.

[2-20—2-30 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দিনের পর দিন বাংলা দেশে বিধান সভায় মাননীয় হরেকৃষ্ণ বাবু যে বিলগুলি আনছেন তাতে এটাই পরিষ্কারভাবে স্বীকৃতি পাচ্ছে যে কংগ্রেস যে পথে চলেছিল সেটাই একমাত্র সমাধানের পথ, আর আর কোন পথ নাই। স্যার, আজকে এই যে বিলগুলি, দু'পাতা, তিন পাতার, বিলগুলির সংশোধনী আসছে, আপনি দেখুন এতে নূতন কোন নীতি নেই, ধরুন ১২ বছর আছে ১৫ বছর করছেন, অর্থাৎ এটার পরিবর্ধন, একটু সম্প্রসারণ মাত্র। এই জন্য হরেকৃষ্ণ বাবুকে—উনি যে প্রকৃত আদর্শ গ্রহণ করেছেন এবং প্রকৃত ব্যাধিটা ধরতে পেরেছেন, যে পথে সমাজের দুর্নীতিগুলি বন্ধ করা যায়, ফাঁকগুলি বন্ধ করা যায় সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি ধন্যবাদ দিচ্ছি। তিনি এই বিভিন্ন সংশোধনী বিধান সভায় এনে ফাঁকগুলি বন্ধ করার চেষ্টা করছেন এর জন্য আমি পরম সন্তোষ প্রকাশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সময় গতিশীল, প্রগতিশীল মানুষও সুতরাং আজকে আপনি দেখছেন যে এখানে ফাঁক নেই কিন্তু কালের বিচারে, কোর্টের বিচারে, মানুষের বিচারে, সময়ের বিচারের দাবীতে, যুগের দাবীতে যুগের ডাকে এর পরিবর্তন সম্ভবপর এবং একথা কংগ্রেস কোথায়ও বলে দেন নাই যে এইগুলির সংশোধন হবে না, সম্প্রসারণ হবে না। সে ব্যবস্থা কংগ্রেসই করে রেখে গিয়েছে এবং শুধু এই আইনগুলিতে নয়, উপাধ্যক্ষ মহাশয়, দেশের কল্যাণে, মানুষের কল্যাণে এবং প্রগতির সূচনায় সংবিধান পর্যন্ত পরিবর্তন এবং সংশোধন করা সম্ভবপর এ ব্যবস্থা কংগ্রেসই করেছে আপনি নিশ্চয়ই জানেন। তবুও দু'একটি কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের গোচরে আনতে চাই। উনি বলেছেন, এই যে ল্যান্ড ডিস্ট্রিবিউশনের মিটিং হচ্ছে এই মিটিং-এ আমাদের এম এল এ-দের থাকা দরকার। অনেকগুলিতে নোটিশ পাচ্ছি, যাচ্ছি, তাতে দেখলাম যার ৭ বিঘা জমি আছে তার অফিসারদের কল্যাণেই হোক বা দৈবাৎ হোক, ৭ বিঘা জমির মালিকের জমি ভেস্ট হয়ে গিয়েছে। সে বেচারা কোর্টে সেই ৮০ ধারায় নোটিশ ইত্যাদি দিয়ে মামলা করে দিয়েছে, ডিগ্রী পেয়ে গিয়েছে কিন্তু যখন আমরা কমিটিতে বসেছি তখনও তার রেকর্ড সংশোধন হয়নি। এই জিনিস আমি চোখে দেখেছি। সেইজন্য আপনি সুয়ো মোটো যেটা সংশোধন করতে চাচ্ছেন, আপনি প্রগতিশীল যে সংশোধন করবেন তা আমরা সমস্তই সমর্থন করি কিন্তু দেখবেন যেন কোথায়ও অন্যায় না হয় উলটো প্রয়োগ করে। আপনি দেখবেন যেখানে কোর্টের রায় পেয়েছে, ডিগ্রী পেয়েছে এবং আপনি যেখানে সন্তুষ্ট হতে পারবেন সেখানে অযথা যেন হয়রানী এবং দেরী না হয়। কারণ একবার যদি জমি বিলি করে দেওয়া যায় তাহলে যেখানে ৭ বিঘা জমি আছে সেখানেও একটা সংকট দেখা দেয় এবং অনেক ক্ষেত্রে আমরা দেখেছি যে বাড়ীর অর্ধেকটা ভেস্ট হয়ে গিয়েছে, বাড়ীর সংগে যে উঠান তার অর্ধেকটা ভেস্ট হয়ে গিয়েছে এই যে জেনুয়িন কেসগুলি সেগুলির কারেকশন হওয়া দরকার। বেশী জমি অ্যালাউ করতে বলছিনা, যেগুলি জেনুয়িন সেগুলি কারেক্ট হওয়া দরকার, ন্যায়ত তার যা প্রাপ্য সেগুলি যেন সংশোধন হয় এবং বিশেষ করে ঐ ছোট জমির মালিক যাদের উপর এই ভ্রান্তি, টু আর ইজ হিউম্যান, যে সমস্ত ভুল ভ্রান্তি এইগুলির সংশোধন যেন ত্বরায় হয়, বিপুল দেরী যেন না হয়। ১৯৬১ সালের রায় আজ পর্যন্ত, এটা ১৯৬৯, সংশোধন হয়নি। আমিও দেখলাম এটা সাংঘাতিক ব্যাপার, কান্নাকাটি করে কিছু করা যায় না কারণ সে জমি আবার বণ্টন হয়ে গিয়েছে। এর সংশোধন যেন আপনি করেন এবং আপনার ডিপার্টমেন্টকে যদি আপনি একটু বলে দেন তাহলে বোধহয় এটা সম্ভবপর হয়। বর্গাদারদের কথা সাত্তার সাহেব বলেছেন এবং আরো অনেকে বলেছেন, এটাও দেখুন। বর্গাদার বাস্তবিক যারা আছে, চাষ করছে জমিতে তাদের রেকর্ডের ব্যবস্থা করুন। এতে একদিকে যেরকম বর্গাদার উচ্ছেদের বিরুদ্ধে এটা সহায়ক হবে এবং বর্গাদারদের স্বার্থ রক্ষা করা সম্ভবপর হবে অন্যদিকে এই জমিতে বাস্তবিকই বর্গা আছে কিনা এ নিয়ে যে কলহ তা রোধ করা বোধ করি সম্ভবপর হবে। আমার আর কিছু বলার নেই, যখন পাওয়ার নিচ্ছেন তখন জেনুয়িন কেসগুলির যাতে কারেকশন হয় সেটা দেখবেন। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি এবং এইজন্য সন্তোষ প্রকাশ করছি যে তিনি সেই পথেই যাচ্ছেন যে পথে আমরা চলেছিলাম।

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আনন্দিত যে এই বিধান সভার সর্বদিক থেকে এই বিলের প্রতি সমর্থন জানান হয়েছে। তবুও আমি একটু আশ্চর্য হয়ে যাচ্ছি আমার

কিছু কিছু সহকর্মী এবং বন্ধু এই আইনের যে সীমাবদ্ধ উদ্দেশ্য তা এড়িয়ে গেছেন. আমি প্রথমে বলেছিলাম এই আইনের সামগ্রিক যে সংশোধন যে কথা আমি বারে বারে এই বিধানসভায় তুলেছি যে তার প্রয়োজন আছে এবং যে কথা বাজেট আলোচনার সময়ও আমি বলেছি। একথাও বলেছি —পারলে এটাতে করার চেষ্টা করা উচিত ছিল, কিন্তু পারি নাই। তবে আগামী নভেম্বর মাসে নিয়ে আসবো। তখন নিশ্চয়ই আশা করবো যাঁরা আজকে সামগ্রিক সংশোধনের কথা বলছেন, তাঁদের অকুণ্ঠ সমর্থন পাবো। সামগ্রিক সংশোধনের সময় পরিবার ভিত্তিতে জমির সিলিং করা হবে। খাজনার ব্যাপারে পরিবারকে যেমন ভিত্তি ধরা হয়েছে। কেউ কেউ বলেছেন বাগানবাড়ী সীমাবদ্ধ করার কথা। আমি মনে মনে ভাবছি—শুধু সীমাবদ্ধ করা নয়, পরিবার পিছু কৃষিজমি সে বাগানবাড়ী হোক বা পুকুর হোক, বা কলাগাছ হোক, আমগাছ হোক—সবই ওর মধ্যে—শিবঠাকুর, কালীঠাকুর হোক- সবই ওর মধ্যে, বাইরে কিছু থাকবে না। যাঁরা সামগ্রিক সংশোধনের কথা ভেবেছেন, তাঁরা যতটুকু ভাবছেন, তার চেয়ে আমি বেশী ভাবছি। আমি আশা করবো তখন সকলের সমর্থন পাব এবং সেদিন যেন দেবতার নামে, পুকুরের নাম করে - কোন বাধা না পাই কারো কাছ থেকে।

অনেকে অনেক বললেন কিনা তাদের চেয়ে বেশী আমাদের অফিসার কর্মচারী সম্বন্ধে আমি জানি। এটা আমার কাছে বেশী বলে লাভ কি আছে? ভাবটা যেন এই আমি কিছু বুঝি না। আমি সব চেয়ে বেশী জানি, আমি বলতে পারি—বাংলাদেশের রাজনৈতিক জীবনে আমার বেশীর ভাগ সময় গেছে, অনেকের তুলনায় বেশীই হবে আন্দামান থেকে ফিরে এসে। গত ১৫ বছর ধরে ভূমি সংস্কার আইন, জমিদারী ক্রয় আইনে কি করা হয়েছে. আমি ভুক্তভোগী. আমি জানি বৈকি। আমি তো স্বর্গে বাস করছি না! আমার এই মোহ নাই—বর্তমান ভারতবর্ষের রাজনৈতিক ও সামাজিক কাঠামো যা আছে তাই থাকুক বা শাসনযন্ত্রকে পরিবর্তন করে ফেলবো। এই উদ্ভট পাগলামি আমার নাই। সংশোধন এলেও শাসনযন্ত্র সীমাবদ্ধই থাকবে। শাসনযন্ত্রের এই অফিসার এই কর্মচারী—এদের সাহায্য নিয়ে অতীতে লক্ষ লক্ষ বিঘা জমি চুরি করা হয়েছে। আবার আজকে ঐ চোরাই জমি ধরা হচ্ছে—ঐ অফিসার ঐ কর্মচারীদের সাহায্যে। কি করে সম্ভব হলো? বাতি দিয়ে শুধু হয় না—কতকগুলি দেবতা বসিয়ে দিলেও হয় না। আসল প্রয়োজন যাদের জন্য জমি, সেই মানুষ যদি আত্মসচেতন হয়, সে যদি অধিকার প্রতিষ্ঠিত করতে পারে হয়ত কিছু কিছু বাড়াবাড়ি হতে পারে- সেই মানুষ যদি নড়ে। আমরা যখন আইন করছি, তখন এই কথা বলছি—শুধু আইন করে কিছু হবে না। আমাদের আইন আর কিছু নয় -বাংলার গ্রামাঞ্চলের কোটি কোটি মানুষ আজ নড়েছে, এই আইন দিয়ে তাদের একটা সুযোগ দিতে চাই। আমি বারে বারে বলেছি আইন দিয়ে পরিবর্তন নয়, পরিবর্তনকে আমরা বাস্তবে বজায় রাখতে চাই—এই আইনের মাধ্যমে। আইন করবো, বেনামী জমি ধরবো—তলায় খাতায় কলমে যাতে কারেক্ট হয়। ধরুন ১২ বছরকে যদি ১৫ বছর না করি তাতে হবে কি? যেটুকু প্রয়োজন, তা হবে না। সাত্তার সায়েব জানেন তার জেলায় গত ছমাসে ৪৪(২) প্রয়োগ করে কত জমি ধরা হয়েছে। হাজার হাজার বিঘা চাষী জমি বিল বলে রেকর্ড করে রাখা হয়েছে। আমি নির্দেশ দিয়েছি বিল বলে যা রেকর্ড আছে, তা ভুল রেকর্ড হয়েছে। সেটেলমেন্ট অফিসার পাঠাও দেখবে। পরিবর্তন হয়ে গেছে। বিলের জমিতে ধান হয়েছে। ৪৪(২)-এর প্রয়োজন আছে। আইন থাকলেই হবে না—মানুষের অধিকার থাকা দরকার।

[2-30—2-40 p.m.]

ভাব হলেই চলবে না। ৪৪(২) এতে উনি বললেন কিনা যে শুধু ফাইব এ করলেই ৪৪ দিয়ে করা যায় না। কিন্তু বিলটি যদি চাষের জমি হিসাবে ধরা হয় তাহলে ৪৪(২) এর দরকার আছে। এমন কি অনেক জমি শুধু ফাইব এ-তেও হয়নি। আমি বলতে পারি অন্ততঃপক্ষে ২০ হাজার একর জমি মুর্শিদাবাদ জেলায় ধরা পড়েছে এই ৪৪(২) এতে গত ৬ মাসের মধ্যে যেটা বিল বলে রেকর্ড করা হয়েছে আসল কিন্তু বিল নয়—ভবিষ্যতে আরো ধরা পড়বে সেই জন্য ৪৪(২) এর প্রয়োজন আছে। এবং এটা ঠিকই যে আমি এই আইন দিয়ে বিরাট কিছু আশা করি না আমি শুধু আশা করি যে আমার খেটে খাওয়া মানুষ তাদের যদি কিছু সুবিধা হয়

তারা সেট এর দ্বারা করবে। আমি শুধু কাগজে কলমে একটা ব্যবস্থা রাখছি যাতে তারা রেকর্ডে স্থান পায় তার বেশী কিছু নয়। এবং তা পাবে কি পাবে না সেটা আমার ব্যক্তিগত কর্মচারীদের উপর নির্ভর করছে না হাইকোর্টের উকিল ব্যারিস্টারের উপর নির্ভর করছে না, এমন কি কোর্টের রায়ের উপরও নির্ভর করছে না। আমি এই কথা পরিষ্কার বলতে চাই উনি যা বললেন কোর্টের কথা কের্টের রায়গুলি রেকর্ডেড হচ্ছে না—কিন্তু এমন সিভিল কোর্টের রায় আছে যেটা সিভিল কোর্টের রাইট নাই সেটা বিচার করবাব কোন অধিকার নাই এমন বিচারক আছেন যাদের মুরদ নাই ক্ষমতা নাই তারা তার উপর রায় দিয়ে বসে আছেন। হ্যাঁ, আমি সেখানে অর্ডার দিয়েছি যে সেই রকম ক্ষেত্রে ইগনোর করুন। কারণ জজগিরি যিনি করবেন তাঁর যদি ক্ষমতা না থাকে তবুও যদি তিনি তা করেন তাহলে ইগনোর করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এমন হয়েছে যে ক্ষমতা নাই রায় দিয়ে বসে আছে—আমি সেখানে সেটেলমেন্ট ডিপার্টমেন্টকে বলেছি যে আপনারা ইগনোর করুন তারপর দেখা যাবে তারা কোন্ কোর্টে যাবেন হাইকোর্টে যাবেন না সুপ্রীম কোর্টে যাবেন। সেই জন্য শুধু এই কথা বললেই হবে না যে কোর্টের রায় হলে আমাদের রেকর্ড সংশোধন করতে হবে কারণ সবক্ষেত্রে আমরা করবো না। বিচারক বিচারের রায় দেবার আগে যদি ভেবে না দেখেন যে তাঁর মুরদ আছে কিনা যদি তিনি তাঁর ক্ষমতার বাহিরে চলে যান যদি তিনি মনে করেন যে তিনি একটা স্রষ্টার স্থান নেবেন তাহলে তিনি ভুল করেছেন—আনফরচুনেট—কারণ কিছু কিছু বিচারক সেই স্থান নেবার চেষ্টা করছেন। অতএব বাংলাদেশের এই ৪ কোটি মানুষকে ঠিক করতে হবে যেখানে যার স্থান সেই স্থানে যাতে ঢুকিয়ে দেওয়া যায়। আমার আইনে আর কিছুই নাই শুধু কতকগুলি পথ খুলে রাখছি যে পথ দিয়ে আমার জনসাধারণ এগুতে পারেন। চা বাগানের ব্যাপার আপনারা সমর্থন করেছেন আমি খুব আনন্দিত। আমি এ ক্ষেত্রেও বলব আমার আইন কিছুই নয়—আসলে যারা করবে তারা করছে। ধরুন ২ লক্ষ চা বাগানের শ্রমিকদের অভিযান একদিকে কৃষকদের অভিযান এই যে যাঁড়াসি অভিযান আমি শুধু আইন করে সেই পথ খুলে রাখতে চাই যাতে আমাদের দেশকে যারা লুণ্ঠন করে কোটি কোটি টাকার মুনাফার পাহাড় যারা জমাচ্ছে অথচ বাংলাদেশ বিকিয়ে যাচ্ছে এটা যাতে তারা করতে না পারে। শ্রমিক তো আমার ডিপার্টমেন্ট নয় তবু আমি জানি যে ঐ শ্রমিক যদি সাহায্য না করে তাহলে আমার আইন কিছু করতে পারবে না, আমি কর্মচারীদের অর্ডার দিয়ে কিছু করাতে পারব না একথা আমি জানি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করলাম আশা করি এটা সবাই সমর্থন করবেন। তবে এটা সবাই জানেন যে শাসনযন্ত্রের যে অন্তর্নিহিত দুর্বলতা সে তো আমি দুদিনে দূর করে দিতে পারব না—বর্গাদার রেকর্ডের কথা বললেন আমি কয়েকদিন আগে কয়েকটা ফিগার এনেছিলাম তাতে গত দুবছরে কিছু বর্গাদার রেকর্ডেড হয়েছে অর্থাৎ যত লোক দরখাস্ত করেছিল প্রায় ২০ হাজারের মত তার মধ্যে প্রায় ১০ হাজারের রায় হয়ে গেছে এবং রেকর্ডেড হয়েছে। তবে ঠিক যা করা দরকার অতটা নাই। আমি চেষ্টা করবো যাতে ৪৪(২)এ এর সুযোগ ভোগ তারা করতে পারে এবং মাননীয় সদস্যরা যদি সবাই সাহায্য করেন তাহলে নিশ্চয়ই আশা করবো যে এই কাজটায় আমরা এগুতে পারব এই বলে সবাই-এর সমর্থনের জন্য আমি এটা রাখছি।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 and Preamble

The question that clauses 1, 2, 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Panchayat Bill, 1969

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to introduce the West Bengal Panchayat Bill, 1969.

(Secretary then read the Title of the Bill)

**Shri Bibhuti Bhusan Das Gupta:** Sir, I beg to move that the West Bengal Panchayat Bill, 1969, be referred to a Select Committee consisting of the following Members, namely:—

(1) Shri Benoy Krishna Chowdhury,
(2) Shri Joykesh Mukherjee,
(3) Shri Kanai Bhowmik,
(4) Shri Gangapada Kuar,
(5) Shri Sasabindu Bera,
(6) Shri Satyapada Bhattacharyya,
(7) Shri Amales Chandra Majumdar,
(8) Shri Renupada Halder,
(9) Shri Samarendra Nath Ojha,
(10) Shri Padmalakshmi Subba,
(11) Shri Balailal Das Mahapatra,
(12) Shri Md. Elias Razi,
(13) Shri Pannalal Das Gupta,
(14) Shri Mohammed Karim Baksh,
(15) Dr. Nalinaksha Sanyal,
(16) Shri Abdus Sattar,
(17) Shri A. K. M. Ishaque,
(18) Shri Prasenjit Barman, and
(19) The Minister-in-charge of the Panchayats Department

with instruction to submit their report by the day following the opening day of the next Session of the Assembly.

[2-40—2-50 p.m.]

**Shri Bibhuti Bhusan Das Gupta:**

মাননীয় সভাপাল মহাশয়, এই ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত বিলটি বহু প্রতিক্ষিত। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট শাসন কতৃত্ব গ্রহণ করে তখন পঞ্চায়েতের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে বাংলাদেশে আমি এই পঞ্চায়েত বিলের কার্যকারীতা অনুধাবন করবার চেষ্টা করি এবং এখানে একটা বিল আনবার চেষ্টা করেছিলাম। কিন্তু তখন সেটা সম্ভবপর হয়নি। এখন এই বিলটি আনতে যা একটু দেরি হল তার কারণ হচ্ছে এই বিলটি আনবার আগে বাংলাদেশের সর্বস্তরের, সমস্ত শ্রেণীর সমস্ত জায়গায় একটা অভিমত নিয়ে, সেই অভিমতের ভিত্তিতে আমরা এই বিলটি তৈরি করেছি। একটি দেশের গভর্নমেন্ট যত ভালই হোক না কেন, যত সুসংবদ্ধই হোক না কেন এবং অর্থের প্রাচুর্য যতই থাকুক না কেন সেই গভর্নমেন্টের কার্য ও ব্যবস্থাব সঙ্গে যদি দেশের জনসাধারণের সক্রিয় যোগাযোগই শুধু নয় নিজের নিজের ক্ষেত্রে যদি তারা পরিচালনায় প্রত্যক্ষ অংশভগী না হয়, দায়িত্ব ও দায়িত্ব পালনের জন্য ক্ষমতা নিয়ে যদি সচেতন হয়ে তারা উৎসাহ সহকারে এগিয়ে না আসে তাহলে তার কোন উন্নতিই—সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বাঞ্ছিত সফলতার দিকে এগিয়ে যেতে পারেনা। বর্তমানে গণতান্ত্রিক ব্যবস্থা কখন সম্পূর্ণ ভাবে উন্নতির দিকে অগ্রসর হতে পারে না যদি যাদের জন্য এবং যাদের নিয়ে গণতন্ত্র দেশে, সেই জনগণ তাদের নিজেদের ব্যবস্থা পরিচালনার কাজে প্রত্যক্ষভাবে তার অংশভাগী না হয়। এই

জন্য গণতান্ত্রিক ব্যবস্থার বিকেন্দ্রীকরণ প্রয়োজন। এই প্রয়োজন সর্বজন স্বীকৃত। এদিকে লক্ষ্য রেখে দেশের উচ্চ পর্যায় থেকে আরম্ভ করে একেবারে গ্রাম স্তর পর্যন্ত পর্যায়ক্রমে সত্যিকারের গণতান্ত্রিক কাঠামো একদিকে যেমন বিকেন্দ্রীত হয়ে বিস্তৃত ও প্রসারিত হবে সেই সঙ্গে সঙ্গে দায়িত্ব ও ক্ষমতা বিস্তৃত ও প্রসারিত হবে। জনসাধারণ আত্মশাসিত হয়ে আত্মনির্ভর হবে এবং তাদের সমবেত বুদ্ধি শক্তি, সমবেত শ্রম-শক্তি এবং সমবেত অর্থ-শক্তির দ্বারা তারা নিজেদের বাঞ্ছিত উন্নতির ব্যবস্থা করবে। এই দিকে লক্ষ্য রেখে আজ এই পশ্চিমবঙ্গ পঞ্চায়েত বিলটি পশ্চিমবঙ্গের সর্বশ্রেণীর জনসাধারণের প্রতিভূ ও প্রতিনিধিদের এই বিধানসভায় আমি উপস্থিত করছি। এই বিলে প্রত্যক্ষ নির্বাচনের দ্বারা পঞ্চায়েতের তিনটি স্তর রাখা হয়েছে। গ্রাম পর্যায়ে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পর্যায়ে অঞ্চল পঞ্চায়েত এবং জেলা পর্যায়ে জেলা পরিষদ ও পঞ্চায়েত। এর বিশদ বিবরণে আমি যাচ্ছি না। কিন্তু এই তিন পর্যায়েই যে সমস্ত প্রাপ্ত বয়স্ক নরনারী যারা বিধানসভার প্রতিনিধি নির্বাচন করেন তারা প্রত্যক্ষ ভোটে এই তিন পর্যায়ে তাদের প্রতিনিধি নির্বাচন করে পাঠাবেন এইটিই হল এই বিলের মূলগত বৈশিষ্ট্য যা ভারতবর্ষে অন্য কোন রাজ্যে যেখানে যেখানে পঞ্চায়েতী ব্যবস্থা প্রবর্তিত হয়েছে নেই। ব্লকের ক্ষেত্রে ব্লক পঞ্চায়েত বলে খানিকটা অপ্রত্যক্ষ নির্বাচনে একটি সংগঠন রাখা হয়েছে। আমাদের প্রশাসনিক ক্ষেত্রে জেলায় জেলায় ব্লকের বর্তমান অস্তিত্ব এবং ব্লকের মারফৎ কতকগুলি প্রশাসনিক কার্য ব্যবস্থা যেভাবে অবস্থিত, সেই কার্য ব্যবস্থার সমন্বয়সাধন করে অঞ্চল ও গ্রাম ক্ষেত্রে সুষ্ঠুভাবে ব্যবস্থিত করার জন্য বহু আলোচনার পরে ব্লক ক্ষেত্রে এই রকম একটি সংগঠন রাখার প্রয়োজন আছে বলে মনে হয়েছে। এই বিলের মূল কাঠামো হচ্ছে এই। অঞ্চল পর্যায়ে ও জেলার পর্যায়ে পঞ্চায়েতের বিধিসঙ্গত ট্যাক্স প্রভৃতি আদায়ের ক্ষমতা ও ব্যবস্থা রাখা হয়েছে। সমস্ত পর্যায়ের পঞ্চায়েতকেই বর্তমান সংবিধান ও পরিস্থিতির সীমার মধ্যে যতদূর সম্ভব স্বশাসিত অটোনমাস রাখার চেষ্টা করা হয়েছে। অন্যান্য যে সমস্ত ব্যবস্থা এই বিলে আছে তা এই মূল কাঠামোকে কার্যে রূপায়িত করে সক্রিয় করবার অপরিহার্য প্রয়োজনরূপে ব্যবস্থিত হয়েছে। পুনরাবৃত্তি হলেও একথা অতি সত্য যে যত ভাল গভর্নমেন্টই হোক না কেন জনসাধারণ যদি জড় ও নিষ্ক্রিয় থাকে এবং তাদের নিষ্ক্রিয়তা যদি চালু থাকে তবে তাদের অবস্থার উন্নতি হওয়া দুরূহ। এই বিলে জনসাধারণের যাতে নিজেদের ক্ষমতার প্রয়োগ প্রত্যক্ষভাবে করে নিজেদের প্রচেষ্টায় উন্নত ও সুষ্ঠু জীবন যাপনের আশা ও আকাঙ্ক্ষাকে রূপায়িত করতে পারে তার সুযোগ ও পথের দিকে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। পশ্চিম বাংলার জনমত নির্বিশেষে সকলের প্রচেষ্টার উপর এই বিলে যে ব্যবস্থা করা হয়েছে জনগণের জন্য তার সফলতাকে রূপায়িত করা নির্ভর করছে।

এই প্রসঙ্গে একটা দিকের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জনগণকে আমরা অপারক মনে করে তাদের আমরা খাইয়ে দেবো, সে রকম ভাবে যদি আমরা ব্যবস্থা পরিচালনা করতে যাই তবে আর যাই হোক সেটা গণতন্ত্র থাকে না। জনগণের শক্তির উপর সম্পূর্ণ বিশ্বাসই গণতন্ত্র সুরক্ষিত করে রাখতে পারে। জনগণকে নিজেদের ব্যবস্থা নিজেদের করবার জন্য ছেড়ে দিতে হবে। তারা যাতে আত্ম নির্ভর হয় ব্যবস্থার গতি সেইদিকে দিতে হবে। গণতন্ত্র দ্বারা জনগণকে আমরা নিশ্চয়ই একটা নিরুপায় এবং অসহায় গোষ্ঠিতে পরিণত করবোনা।

এতে যদি লোকেরা ভুল করে তো করুক। পণ্ডিত লোকেরা উপর থেকে তো এতদিন একেবারে প্রচণ্ডভাবে শাসন পরিচালনা করে এসেছে এখনও কি তারা সেই ভাবেই করে যাবেন, লোকে ভুল করবে—তাদের নানা ত্রুটি আছে এই ভেবে আমরা শঙ্কিত হয়ে তাদের জন্য যখন ব্যবস্থা করতে যাই তখন নানা বাঁধন দিয়ে তাদের সহজ চলার পথ রাখিনা। লোক যদি ভুল করেই তো করুক। তাদের কি ভুল করবার অধিকার এবং সুযোগ থাকবে না? এবং ভুল করে তা থেকে শিক্ষা নিয়ে নিজেদের কাজ নিয়ন্ত্রিত করার সুযোগ থাকবে না? জনগণের সম্বন্ধে এই বিশ্বাস এবং এই নির্ভরতা নিয়েই এই বিল করবার চেষ্টা হয়েছে।

আমি পশ্চিম বাংলার যে পঞ্চায়েতী আইন এখন চলছে এবং যা সম্পূর্ণ রূপে বাতিল করে এই বিল আনা হচ্ছে সে সম্বন্ধে বিশদভাবে কোন আলোচনা করতে চাই না। তার কার্যকারীতা পরীক্ষা হয়ে গেছে এবং দুঃখের সঙ্গেই বলতে হচ্ছে যে তা ব্যর্থ হয়েছে বলে বাংলার

জনসাধারণের দুর্বার দাবী ছিল তা পরিবর্তন করে একটা সুষ্ঠু সহজ গণতান্ত্রিক পঞ্চায়েতী ব্যবস্থা প্রবর্তন করা। এই বিলে সেই দাবীর স্বীকৃতি আছে এবং সেই সম্ভাবনাকেই রূপায়িত করার প্রচেষ্টা হয়েছে। যুক্তফ্রন্ট সরকার এই পশ্চিমবঙ্গ পঞ্চায়েতী বিল দ্বারা একটা নূতন যুগান্তকারী কিছু করার দাবী একেবারেই করে না। বর্তমানে যে পঞ্চায়েতী আইন প্রচলিত আছে তা প্রবর্তন করার সময় ১৯৫৭ ও ১৯৬৩ সালে বর্তমানে যাঁরা যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় ও বিধান সভায় সদস্যরূপে আছেন তাদের মধ্যে অনেকেই তখনকার বিরোধী সদস্যরূপে সর্বস্তরে প্রত্যক্ষ নির্বাচন দ্বারা পঞ্চায়েত প্রতিষ্ঠার দাবী খুব দৃঢ়ভাবেই করেছিলেন কিন্তু তার প্রতি কর্ণপাত করা হয় নাই—সেই আইনের কার্যকারীতা দ্বারা তাদের দাবীর সাহায্যেই বছরের পর বছর ধরে প্রমাণিত হয়ে এসেছে। সে দাবী পশ্চিম বাংলার জনগণের দাবী ছিল। আজ পরিবর্তিত অবস্থায় সেই সদস্যরাই তাদের বিস্মৃত প্রায় গণদাবীর রূপ দিতে চলেছেন এই বিলে।

যুক্তফ্রন্ট সরকার মনে করে যে যে ব্যবস্থা এই পঞ্চায়েতী বিলে আনা হয়েছে সেটা তারা কার্যকরী করে পশ্চিম বাংলার জনসমাজে রাজনৈতিক ও সামাজিক উন্নতি ও প্রগতির গোড়াপত্তন করবেন। বাংলাদেশ তার বহুবিধ দুর্গতি, অসুবিধা ও বিপর্যয় সত্ত্বেও তার সৃজনশীল ও প্রাণ শক্তির সম্পদ হারায় নাই এবং আমার একথা ঘোষণা করতে কোন বাধাই নেই যে বাংলার প্রবুদ্ধ গণশক্তি এই প্রকৃত পঞ্চায়েতী ব্যবস্থার মধ্য দিয়ে যে সুদৃঢ় গণতান্ত্রিক ভিত্তির প্রতিষ্ঠা করবে তা সমগ্র ভারতের পথিকৃত হবে। যাই হোক অধ্যক্ষ মহাশয় গভর্নমেন্ট মনে করেন যে এই গুরুত্বপূর্ণ বিলটি একটি সিলেক্ট কমিটি দ্বারা বিবেচিত হোক। সেই জন্য আমি প্রস্তাব করছি এবং যে প্রস্তাব প্রচারিত হয়েছে যে এই বিধান সভার ১৯ জন সদস্য নিয়ে যে সিলেক্ট কমিটির প্রস্তাব হয়েছে সেই কমিটির নিকট বিবেচনার জন্য এই বিল পেশ করা হোক।

[2-50—3 p.m.]

**Shri Sailendra Nath Adhikary:** On a point of information, Sir, এই যে পঞ্চায়েত বিল অর্থাৎ যেটা আমরা পেয়েছি সেটা ইংরাজীতে। এর কি বাংলা অনুবাদ দেওয়া হবে—সেটা আমি জানতে চাইছি। বিশেষতঃ গ্রামের মানুষ এবং পঞ্চায়েত বিল এটা একসঙ্গে দাঁড়ায় বাংলা। সেটার বাংলা অনুবাদ হবে কি?

**Mr. Deputy Speaker:** I have not yet received any copy of the Bengali version of the bill. As soon as it is received, it will be circulated. There are no other motions for circulation of the bill. So I call upon Dr. Nalinaksha Sanyal to speak.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকের এই খসড়া আইনটা যেটা আজকে উপস্থিত করা হয়েছে এর সম্পর্কে বিশেষ কিছু বলবার ইচ্ছা আমাদের ছিল না যেহেতু বিলটা সিলেক্ট কমিটিতে পাঠাবার ব্যবস্থা করা হয়েছে।

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার এই হাউসের ট্রাডিসন আছে যারা সিলেক্ট কমিটির মেম্বার হিসাবে থাকবেন তাঁরা বক্তৃতা দেন না। এই ট্রাডিসন বজায় রয়েছে।

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal, I think you are a member for a long time.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি নিবেদন করছি যে এটাও ট্রাডিসন আছে যিনি সিলেক্ট কমিটিতে পাঠাবেন বিলকে তিনি দীর্ঘ বক্তৃতা করবেন না। এখানে ইনি নিজে অনুগ্রহ করে তাঁর বক্তৃতা দীর্ঘভাবে পেশ করলেন। সেই নিয়ম বা সাধারণ রীতির বিরুদ্ধে আমি তাঁর পদাঙ্ক অনুসরণ করতে যাচ্ছি মাত্র।

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাউসের ট্রাডিসন বজায় রেখেছি। তার কারণ হচ্ছে

Debate on the West Bengal Zilla Parishad Bill যেটা official records of the West Bengal Legislative Assembly and Council

আছে এই ক্ষেত্রে মাননীয় শৈলবাবু তৎকালীন মন্ত্রী এই জেলা পরিষদ বিল যখন এনেছিলেন এবং সিলেক্ট কমিটিতে দেন তখন তিনি এক দীর্ঘ বক্তৃতা করেছিলেন।

**Mr. Deputy Speaker:** We should follow the tradition and, I think, it is a very healthy tradition.

**Dr. Nalinaksha Sanyal:** I would like you to go by the rules.

আমি নিবেদন করছি রুলস অব প্রসিডিওর-এর কোন আইন অনুসারে একথা বলছেন বলুন, তাহলে আমি তা মেনে নেব।

**Mr. Deputy Speaker:** This tradition has been built up for a long time. I understand that you are included in the Select Committee. You will give your valuable advice during the sittings of the Select Committee. So I think it is better as has been followed so long that the members of the Select Committee should not speak. The Hon'ble Minister has moved his motion and has stated the basic principles and this is in conformity with the statement made by Shri Saila Kumar Mukherjee while he moved such a motion. Therefore, I will request you not to insist on breaking this convention which has been built here. I think it is better that every member of your side should speak and not the members who are in the Select Committee. I would request you not to speak because you are to formulate the principles in the Select Committee and give your valuable suggestions there.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, the same applies to the Hon'ble Minister. He is also a member of the Select Committee.

**Mr. Deputy Speaker:** He has moved that the Bill be referred to a Select Committee.

**Dr. Nalinaksha Sanyal:** He has made a confusing speech. What he has said is not quite clear.

**Mr. Deputy Speaker:** He has said only about the principles and he has referred the Bill to a Select Committee of which you are an important member. I would request Dr. Sanyal and all the important members who have been selected as members of this Select Committee not to speak today and uphold the tradition that has been built up for so many years in this House. So I would request Dr. Sanyal not to speak.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এনোম্যালি যেটা ঠেকছে উনি রূপরেখা যখন থেকে দিয়েছেন তখন থেকে একাধিকবার বলেছেন এবং আজও বলেছেন স্টেটমেন্ট অফ অবজেক্টস-এ বিল-এর বডিতে যে ব্লক পঞ্চায়েতকে রিকগনাইজ করছেন না। এই জিনিসটা

We want clarification on this point

এদিকে গ্রাম পঞ্চায়েত থাকছে, অঞ্চল পঞ্চায়েত থাকছে, ব্লক পঞ্চায়েত থাকছে, জেলা পরিষদ থাকছে আবার এদিকে অবজেক্টস-এ বলছেন আমরা থ্রি টায়ার করছি। জিনিষটা কি? এই এনোম্যালিটা কি?

why it appears to be contradictory to each other.

এই জিনিষটা আমাদের একটু পরিষ্কার করে বলুন।

**Mr. Deputy Speaker:** I think some of the members are going to participate in the debate today and you kindly give me a list from the Opposition members who are ready to speak. Those who are not members of the Select Committee will have their say just now.

**Shri Phakir Chandra Roy:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা মিছিল প্রসেসন করে এসেছেন, তাঁরা উত্তর দিকের গেটে আছেন। আপনি দয়া করে কোন মন্ত্রীকে বলুন তাদের সঙ্গে গিয়ে দেখা করে তাদের কথা শুনুন।

**Mr. Deputy Speaker:** You have referred the matter and the Minister concerned will take necessary action in the matter.

I have received several names of those who want to speak on this motion. I now call upon Shri Mrigendra Bhattacharjya.

**Shri Mrigendra Bhattacharjya:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি। সমর্থন করি যেহেতু এটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে সেজন্য আরো কিছু বক্তব্য এর মধ্যে রাখা দরকার মনে করি এবং সে সম্বন্ধে দু-একটি কথা এখানে আলোচনা করছি। এই বিলটি তৈরী হয়েছে--আমাদের যে পঞ্চায়েত আইন আছে, যেটা ১৯৬৩ সালে তৈরী হয়েছিল এবং গত কয়েক বছর ধরে যে বিলের মধ্য দিয়ে বাংলা দেশের পঞ্চায়েত আইন চালু হয়েছে তার অভিজ্ঞতার ভিত্তিতে এবং যে পঞ্চায়েত আইন বর্তমানে চালু আছে তার অভিজ্ঞতার ভিতর দিয়ে আমরা দেখেছি যে সেই বিলটি যে উদ্দেশ্য নিয়ে তৈরী হয়েছিল তা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। সে বিলটি ছিল কংগ্রেসের একটা প্রচার যন্ত্র, একটা ভোট কুড়ানোর যন্ত্র হিসাবে এই পঞ্চায়েত আইনকে তারা চালু করেছেন এবং সেইভাবে চালু করা হয়েছিল। আমরা ইতিপূর্বে বার বার বলেছিলাম যে পঞ্চায়েত আইনকে সংশোধন করে সত্যিকারের দেশের সাধারণ মানুষের হাতে গ্রামের উন্নতি করার জন্য যেন আইন তৈরী করা হয়, সেইভাবে তৈরী করার জন্য আজকে জনতার সংগ্রামের মাঝখান দিয়ে যে যুক্তফ্রন্ট সরকার তৈরী হয়েছে, আজকে সেই যুক্তফ্রন্ট সরকার পঞ্চায়েতের অসুবিধার কথা বিবেচনা করে নূতনভাবে এই বিলটি আনা হয়েছে এবং যেটা তৈরী হয়েছে আশা করা যায় সেই বিলটা যদি ঠিকভাবে তৈরী হয় তাহলে গ্রামে সত্যিকারের একটা বৈপ্লবিক জিনিষ সৃষ্টি করা যেতে পারে।

[3—3-20 p.m.]

এই পঞ্চায়েত আইনে গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের কথা বলা হয়েছে কিন্তু ডেফিনিট-ভাবে বলা হয় নি যে কিভাবে তার এরিয়া ভাগ করা হবে, কতটা এলাকা, কত পপুলেসন নিয়ে সেই এলকা হবে, না কিভাবে হবে সেটা এই বিলের মধ্যে উল্লেখ নেই, সেটা থাকা উচিত। যেমন অ্যাসেমব্লীর নির্বাচন হয় পপুলেসন ভিত্তিতে তেমন গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত যা নূতন তৈরী করা হবে তার এলাকাকে যদি নির্দিষ্ট করে দেয়া হয় তাহলে ভাল হয়। তারপরে সিডিউলে কতকগুলি ক্ষমতা দেয়া হয়েছে যেগুলি পূর্ণভাবে সমর্থন করা যায় এবং এ ব্যাপারে বিস্তৃতভাবে পরে আলোচনা করে সাজেসন দেয়া যেতে পারে। আর একটা ক্ষমতা আছে চৌকিদার, দফাদার-দের নিয়োগ সম্পর্কে। এ সম্পর্কে আরো বিস্তৃতভাবে আলোচনা করা দরকার। আমরা যে গ্রাম পঞ্চায়েত সৃষ্টি করতে যাচ্ছি, তাতে চৌকিদার এবং দফাদার যারা এতদিন ছিল বা এখনও আছে সেটা পরিবর্তন করা দরকার। কারণ এদের হাতে যথেষ্ট ক্ষমতা দেয়া হচ্ছে। কাজেই এদের ব্যাপারে নূতন করে ঢেলে সাজাবার জন্য এর মধ্যে ব্যবস্থা রাখা দরকার। অবশ্য যারা এতদিন ধরে চৌকিদার, দফাদারের কাজ করছে তাদের কোন রকমে ছাঁটাই করা চলবে না, তাদের রাখতে হবে, তবে এর পর যা নিয়োগ করা হবে শিক্ষিত ছেলেরা যাতে এই সমস্ত কাজে যেতে পারে সেই রকম ব্যবস্থা এই আইনের মধ্যে রাখা দরকার। কারণ অনেকগুলি গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব এই সমস্ত চৌকিদার, দফাদারের উপর থাকবে। এখন যারা চৌকিদার, দফাদার আছে তারা অধিকাংশই লেখাপড়া জানে না এবং সেজন্য তাদের কাজ করতে অনেক অসুবিধা হয়।

আজকে আমাদের দেশে বেকারসমস্যা যেভাবে আছে তাতে বহু শিক্ষিত ছেলে পাওয়া যাবে এবং সেই হিসাবে তাদের বেতনও ধার্য করা দরকার। তবে বর্তমানে যারা চৌকিদার, দফাদার আছে তারা যতদিন কাজের উপযুক্ত থাকবে ততদিন যেন তাদের কাজ করতে দেয়া হয়। তারপরে জেলা পরিষদের হাতে যে কতকগুলি ক্ষমতা দেওয়া হয়েছে সেগুলি ন্যায়সঙ্গতভাবেই দেওয়া হয়েছে। আমরা দেখছি ছোটখাট খাল কাটা নিয়ে গন্ডগোল, রাস্তা নিয়ে গন্ডগোল, সেজন্য এই সমস্ত জায়গা বা উন্নয়নের জন্য যে সমস্ত জায়গা দরকার হবে সেগুলি যাতে সহজ সরলভাবে জেলা পরিষদ বা অঞ্চল পঞ্চায়েত গ্রহণ করতে পারে ন্যায্য কম্পেনসেসন দিয়ে সেই রকম ব্যবস্থা এই আইনের মধ্যে রাখা দরকার। এই কটি কথা বলে এই আইনকে যাতে আরো সুষ্ঠুভাবে করা যায়, একে ঢেলে সাজানো যায় সে বিষয়ে মন্ত্রিমহাশয়ের এবং সিলেক্ট কমিটির যাঁরা সদস্য থাকবেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment)

[3-20- 3-30 p.m.]

**Dr. Zainal Abedin:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় সিলেক্ট কমিটিতে পাঠিয়ে যে প্রস্তাব আমাদের কাছে এনেছেন এতে বলার একটিমাত্র কারণ যে তিনি ঢাক-ঢোল বাজিয়ে এতদিন বলছিলেন যে পঞ্চায়েত বিল আসছে তাতে ৩টা টায়ার থাকবে—এটা তিনি তাঁর স্টেটমেন্ট অফ অবজেক্টস-এ বলেছেন। কিন্তু তিনি তাঁর নিজের বক্তৃতায় বলেছেন এবং আমরা এতে দেখছি ইনডাইরেক্ট ইলেকসান-এর মাধ্যমে ব্লক পঞ্চায়েত থাকছে। সুতরাং তিনি পরিষ্কার ক্ল্যারিফিকেসন রাখবেন যে টায়ার ৩টা থাকছে, না ৪টা। দ্বিতীয় নম্বর কথা, আপনি জানেন কংগ্রেসের মহান নেতৃত্বে এই দেশের সর্বাঙ্গীন উন্নতির জন্য বিশেষ করে সহরে ও গ্রামে যে প্রকট ব্যবধান রয়েছে সেগুলি কমাবার জন্য ন্যাশনাল এক্সটেনসন সার্ভিস, কমিউনিটি ডেভলাপমেন্ট প্রোজেক্ট, এই সব পরিকল্পনা নেওয়া হয়েছে এবং তার এক্সিকিউট করার প্রথম ভার এই পঞ্চায়েতের উপর। ওর সঙ্গে গ্রামে যেগুলি উন্নয়ন পরিকল্পনা ফেল্ট নিডস সারপ্লাস ম্যান পাওয়ার নিজেদের তৈরী করার জন্য গ্রামবাসীদের মধ্যে সহযোগিতা বিশেষভাবে প্রয়োজন। আজ সরাসরি নির্বাচনের মাধ্যমে রাইট ফ্রম জেলা পরিষদ টু গ্রাম পঞ্চায়েত আসছে। এই সরাসরি নির্বাচন করতে গিয়ে শান্তিপ্রিয় গ্রামবাসীর মনে রাজনৈতিক দলাদলি এবং তার জন্য বিশেষত সেগুলি সঞ্চারিত করছেন কিনা এই জিনিসটা বিশেষভাবে চিন্তা করার সময় এসেছে। কারণ গ্রাম পঞ্চায়েত লেভেল-এ একেবারে গ্রামসভা পর্যন্ত কোন রাজনৈতিক দলের নমিনেসন দেওয়া উচিত কিনা সেটা একটা বিতর্কের বিষয়। কারণ এতে গ্রামের শান্তি নষ্ট হয় এবং যেখানে সর্বাঙ্গীন একতা নিয়ে কাজ করা প্রয়োজন, নিজেদের উন্নয়নের জন্য সরকারী উদ্যোগে গ্রামবাসীদের সকলে এক হয়ে যেখানে কাজ করার সময় সেখানে যদি আজ রাজনৈতিক দলগুলি আসর জমাবার চেষ্টা করে তাহলে তাতে গ্রামের উৎসাহ এবং শান্তির পক্ষে যেটা অপরিহার্য জিনিস সেই একতা সেটার মূলে আঘাত করছেন কিনা সেটা চিন্তা করতে বলব।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিকেন্দ্রীকরণের একটা প্রস্তাব আছে যে, এক জায়গায় ক্ষমতা সীমাবদ্ধ থাকবে না, কুক্ষিগত থাকবে না। কিন্তু আমাদের দেশে প্যারোসিয়ালিজম্ একটা অভিশাপ, আমরা দেখেছি আমাদের দেশে প্রাদেশিকতা আছে, সাম্প্রদায়িকতা আছে, প্যারোসিয়ালিজম্ আছে এবং সেকথা কেউ অস্বীকার করতে পারবেন না এবং এই ব্যাধি থেকে যুক্তফ্রন্ট সরকার যে মুক্ত সেকথাও তাঁরা দৃপ্তভাবে বলতে পারবেন না। আপনি কালকেই দেখেছেন বরাহনগরের ব্যাপার নিয়ে যুক্তফ্রন্টকে বিশেষ অধিবেশন করতে হয়েছিল। যা-হোক, এই ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে আপনি কোন সংকীর্ণতাকে প্রশয় দিচ্ছেন কিনা এবং তাতে গ্রামের উন্নতি এবং সামগ্রিকভাবে দেশের উন্নতিতে আপনি কোন বাধা সৃষ্টি করছেন কিনা এই প্রত্যক্ষ নির্বাচন করে এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে সেই দুটি জিনিস পাশাপাশি রেখে আজকে আলোচনা করবার সময় এসেছে। বিলের ২-১টি জায়গা সম্বন্ধে আমাদের কিছু বক্তব্য রয়েছে যেগুলো আমি বলব। আপনি একটা জায়গায় বলেছেন "দি স্টেট গভর্নমেন্ট মে"।

এসব নিয়ে আমরা ধারাবাহিকভাবে আলোচনা করব, কিন্তু আপনি একেবারে ব্লাংক চেক নিয়ে নিচ্ছেন অ্যাট ইওর মার্সি, অ্যাট ইওর ডিসক্রিশন। এতে আপনি কোন অঙ্ক বসাচ্ছেন না, আপনি আমাদের ব্ল্যাংক চেক সই করতে বলছেন। আপনি পপুলেশনের কোন কথা বলছেন না, গ্রামের চৌহদ্দীর কথা বলছেন না। আপনি গ্রামকে ভাগ করতেও পারেন আবার জোড়া দিতেও পারেন—একি কথা। অ্যাকচুয়ালী অঞ্চলের ব্যাপারেও সেকথা, আবার ব্লক-এর ব্যাপারেও সেকথা। তারপর আপনি বলেছেন কোন জেলা পরিষদে ১৫০-এর বেশী মেম্বার থাকবে না, আবার মিনিমাম বলছেন ৪০। সার, ২৪-পরগনা জেলা বাংলাদেশের আয়তনের দিক থেকে এক পঞ্চমাংশ এবং লোকসংখ্যার দিক থেকেও এক পঞ্চমাংশ। তাহলে সেখানে কিন্তু এই প্রোপোর্সন আসছে না। স্যার, আমাদের নির্বাচনের মূল বেসিস হচ্ছে পপুলেশন। কিন্তু উনি সেই পপুলেশন নিয়ে কোন কথা বললেন না, অর্থাৎ কোন সেকশনে এই পপুলেশন নিয়ে এই কনস্টিটিউয়েন্সী এসব কিছুই বললেন না। আপনি একটা ফাঁকা জায়গা রেখেছেন যেখানে আপনি আপনার রাজনৈতিক স্বার্থের জন্য অংক বসাতে পারবেন এবং কেটে, ভেঙ্গে টুকরা টুকরা করতে পারবেন। কাজেই আপনি এই যে ক্ষমতা চাচ্ছেন এর আমরা বিরোধিতা করছি। আপনার স্পেসিফিক্যালী বলা উচিত ছিল এত পপুলেশন সেটা হচ্ছে মূল ভিত্তি। লোকসভার নির্বাচন বলুন, আর বিধানসভার নির্বাচন বলুন সেখানে জনসংখ্যা একটা ইউনিট। কিন্তু এখানে আপনি ঠিক করে কিছু বলছেন না—সব উহ্য রাখছেন। আপনি ভেঙ্গেচুরে সব ঠিক করবেন—অর্থাৎ আপনি ব্ল্যাংক চেক নিচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় আমাদের কাছে একটা রূপরেখা পাঠিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন ২৫ হাজার নিয়ে মোটামুটি একটা অঞ্চল পঞ্চায়েত। কিন্তু সেকথা এখানে কেন বললেন না সেই রূপরেখা নিয়ে এত ঢাকঢোল পেটালেন অথচ আজকে দেখছি সেই জায়গাটা ব্ল্যাংক। সেইজন্য বলছি যে বিল এনেছেন সে সম্বন্ধে আবার চিন্তা করুন। সিলেক্ট কমিটি করেছেন বলে লজ্জার কিছু নেই, সেটা প্রত্যাহার করতে পারবেন। কিন্তু এই যে জিনিসগুলি রয়েছে, এই যে ফাঁকগুলি রয়েছে এবং এই যে গ্রামে গ্রামে দলাদলি সৃষ্টি করছেন, রাজনীতি সৃষ্টি করছেন এ সম্বন্ধে আপনি চিন্তা করুন। স্বতঃপ্রবৃত্তভাবে যেখানে কাজ করা সম্ভব অর্থাৎ ওই ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস, কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট যেখানে গ্রামবাসী স্বেচ্ছায় শ্রমদান করে, আত্মদান করে। এই সমস্ত প্রোজেক্ট রূপায়ণ করে সম্পদ সৃষ্টি করবার জন্য, তাদের কল্যাণের জন্য সেখানে আপনি কুঠারাঘাত করছেন কিনা সেটা একবার ভেবে দেখুন। স্যার, আমার বক্তব্য হচ্ছে আমি যেসমস্ত ক্ল্যারিফিকেশনগুলো চেয়েছি তিনি যেন সেগুলো দেন। জেলা পরিষদ হচ্ছে একটা এক্সিকিউটিভ বডি কাজেই এ সম্বন্ধে আপনি আলোকপাত করুন বাস্তবিক আপনি কি করতে চান এবং জিনিসটা কি রূপ নেবে সেটাও বলুন। আর একটি অনুরোধ করব, আপনি সমগ্র দেশের জন্য যে কাজ করতে চান রাজনীতির ঊর্ধ্বে উঠে বাস্তবিক কল্যাণের জন্য কংগ্রেস এতদিন ধরে যে মনোভাব নিয়ে কাজ করেছে সেইভাবে আপনি যদি চলেন তাহলে দেশবাসী আপনাকে ধন্যবাদ দেবে এবং এই বিলের যখন মূল আলোচনা হবে তখন আমরাও আপনাকে ধন্যবাদ দেব। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30—3-40 p.m.]

**Shri Sanat Kumar Raha:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়নাল আবেদীন বললেন যে, রাজনৈতিক দলাদলির আখড়া তৈরী করবেন না। আমি আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রিমহাশয় যে পঞ্চায়েত বিল এনেছেন আমি তার গুণগত এবং মৌলিক দৃষ্টিভঙ্গীর জন্য সমর্থন জানাই। আমি প্রথমেই বলি জয়নাল আবেদীন সাহেব যা বলেছেন, গত ১২ বছর ধরে দুর্নীতির বেড়াজালতো জয়নাল আবেদীনের দলের লোকরাই করেছেন, তাঁরাই অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে জেলা পঞ্চায়েতকে পর্যন্ত বি ডি ও-এর ক্রীতদাস করেছিলেন, জমিদার, জোতদার, তন্ত্র প্রতিষ্ঠা করার নামে এই পঞ্চায়েতরাজ নাম দিয়েছিলেন। এইসব হিপোক্রিসী ঢাকবার জন্যই এইসব কথা আজকে বলছেন, এই বি ডি ও-এর সঙ্গে মিলে যা করেছেন অঞ্চল প্রধানেরা এবং তাদের সঙ্গে প্রতিক্রিয়াশীল কংগ্রেসীরা সেটাই হল কংগ্রেসী বাংলাদেশের পঞ্চায়েতরাজ। তার বিরুদ্ধে যে পঞ্চায়েত বিল নিয়ে এসেছেন মাননীয় মন্ত্রিমহাশয়, সিলেক্ট কমিটিতে তার রূপরেখা কি পাবে আমি জানি না, আমি ১৯৬৩ সালে এই বিলের সিলেক্ট কমিটিতে ছিলাম, শৈলবাবু বলেছিলেন আপনারা প্রত্যক্ষ নির্বাচন নিয়ে লাফাচ্ছেন, এই প্রত্যক্ষ নির্বাচন করতে ৩৬৫ দিন ফুরিয়ে যাবে।

এটা হল বাইরেকার একটা যুক্তি। ভিতরে ছিল অপ্রত্যক্ষ ছাঁকনি করতে করতে ট্যাক্স-পেয়ারের সংগঠন ফোর্থ টায়ারে দালালী করে এসেছে জেলা পরিষদে। যে দালাল জুটেছিল অঞ্চল পরিষদে তাদের সঙ্গে জুটেছিল সরকারী কর্মচারী তাদের চরিত্রহীন করেছে কংগ্রেসীরা আঞ্চলিক পরিষদ দখল করে। এই হল চরিত্র বাংলাদেশের পঞ্চায়েত রাজের। আজকে আমি বলব কার্যত যে গাড্ডায় এনে ফেলেছেন আমাদের আজকে তিন টায়ার ভিন্ন কোন টায়ারে যাব না। কিন্তু ১৯৫৭ সালের পর ৬ বছর ধরে বি ডি ও ব্লক জন্তুটিকে সৃষ্টি করে পুষে ঘরবাড়ি তৈরী করে যন্ত্রের প্রতিষ্ঠা করে এমন অবস্থায় আজকে আমাদের এনে ফেলেছেন যাতে সেই যন্ত্রকে ভেঙ্গে তাতে খুঁজে দেলাম না যে গ্রামের প্রশাসন বা গ্রাম শাসনের জন্য ডেভেলপমেন্টের জন্য কোন না ফেলতে পারি। বি ডি ও নামক ব্লক যন্ত্রটি এমন জায়গায় এসে কাঁধে আমাদের চেপেছে এখন তার কি করে সদ্ব্যবহার করা যায়, এটাই হচ্ছে আজকে সব থেকে বেদনাদায়ক চিন্তা। আমি পঞ্চায়েত শাসনের মধ্যে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব দুটো খুব ভালনারেবল সিচুয়েশনের দিকে। এই দুটোই অত্যন্ত কুৎসিৎ জায়গা এবং সুশ্রী অঞ্চল হতে পারে এবং সেটা হচ্ছে বি ডি ও লেভেল যন্ত্র। এই দুটি জায়গার জন্যই বাংলাদেশের গ্রাম প্রশাসনিক ব্যবস্থা দুষিত হয়ে গেছল এবং সেই জায়গাকে টাইট করতে পারলে পরিবর্তন আনা যেতে পারে। আমি মনে করি গ্রামের চাষাভূষা লোক প্রত্যক্ষ ভোট দিয়ে যে অধ্যক্ষ-উপাধ্যক্ষ করে তাঁরা তত বেড়েলী নয়, যে মেম্বার পাঠায় তাদের বেড়েলী শিখায় এই অঞ্চল প্রধানেরা অপ্রত্যক্ষ ভোটে আসে বলে। যাই হোক এই অঞ্চল পরিষদ সম্বন্ধে প্রত্যক্ষ ভোটের ব্যবস্থা করেছি এবং সেই প্রত্যক্ষ ভোটে লোক জেলা পরিষদে আসবে এই যে ব্যবস্থা হয়েছে তাতে আপনি মন্ত্রিমহাশয় একটা চেক দিয়েছেন আর একটা চেক দিয়েছেন গ্রাম পরিষদে। আমাদের এই অ্যাসেম্বলী হাউসে যেমন ক্যাবিনেট ব্যবস্থা ঠিক তেমনি গ্রামেও পার্লামেন্টারী ব্যবস্থা প্রায় সুরু হয়েছে। গ্রাম পরিষদে একটি হাউস হচ্ছে গ্রাম পঞ্চায়েত, আর একটি হচ্ছে এক্সিকিউটিভ বা মন্ত্রিমণ্ডলী, তারাই গ্রাম শাসন করবে। সুনির্দিষ্ট নীতি থাকবে, যুক্তফ্রন্ট সরকারের সেই নীতি ঠিক হবে এই বিধান সভায়। দ্বিতীয় হাউস হবে জেলা পরিষদ স্তরে জেলা পঞ্চায়েত, জেলা পঞ্চায়েতের কর্ম-কর্তাকে চেক দেবে জেলা পরিষদ। ঠিক আছে কোন আপত্তি নেই। কিন্তু আমার মনে হল এই বিল সামগ্রিকভাবে দ্বিতীয়বার পড়ে, তিনটি বিলই পর পর দেখলাম, আমার অভিজ্ঞতায় মনে হচ্ছে সব থেকে কঠিন জায়গা যেটা সেটা হচ্ছে বি ডি ও লেভেল-এ সংগঠন, সেখানে আপনারা প্রত্যক্ষ নির্বাচনে ভোট নিয়ে আপনারা নেন, প্রত্যক্ষ নির্বাচনে যে আসছে তাঁকে এই বি ডি ও যন্ত্রের মধ্যে ঢুকিয়েছেন, তার মধ্যে আছে জেলা পরিষদের লোক রেসপেকটিভ এলাকার, আর আছে প্রত্যেকটি গ্রামাঞ্চল থেকে একজন করে প্রতিনিধি, তাদের আবার নির্বাচন করে পাঠাতে হবে। এইভাবে যে যন্ত্র চলবে তারা হচ্ছে বি ডি ও অফিসের এক্সিকিউটিভ গ্রাম শাসনের মেরদণ্ড। এটা যদি প্রশাসনিক দপ্তরের দ্বারা, জনমতের দ্বারা, আন্দোলনের দ্বারা ঠিক পথে আনতে না পারি তাহলে যুক্তফ্রন্ট সরকারের পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার যে প্রচেষ্টা যতই গণতান্ত্রিক ভিত্তির উপর দাঁড় করান যাক না কেন সেটা আমলাতান্ত্রিক ভিত্তির মধ্যে একটা গ্যাবাকল আছে। এটাকে যদি কন্ট্রোল না করতে পারেন তাহলে মুশকিল। তাই আমার মনে হয় এটাকে যাতে আরও সুদৃঢ় করা যায়, গ্যারান্টি দেওয়া যায়, বি ডি ও লেভেল টাকা-পয়সা--ডেভেলপমেন্টের ব্যাপারে আরও শক্ত হতে কি করে নিয়ন্ত্রণ করা যায় সেদিকটার প্রতি সিলেক্ট কমিটিতে চিন্তা করুন। মনে হচ্ছিল আমাদের এই গোটা পঞ্চায়েতরাজ থেকে এম এল এ, এম পি-দের আগে কিছু কিছু জায়গায় স্থানাদি ছিল কিন্তু এখন তার কোথাও দেখতে পাই না। অন্ততঃপক্ষে বি ডি ও লেভেলে একজন রেসপেকটিভ এম এল এ-র থাকা উচিত, তাতে ব্লক পঞ্চায়েত সংগঠনকে যদি খুব শক্ত হাতে আমরা রক্ষা করতে না পারি জনসাধারণের লক্ষ লক্ষ ভোটে যাঁরা এসেছেন তাঁদের একটা প্রতিনিধি যাঁরা ব্যাপক দৃষ্টিভঙ্গী নিয়ে থাকেন জেলা ব্যাপি, পশ্চিমবঙ্গ ব্যাপি, এম পি, এম এল এ-রা রেসপেকটিভ এলাকার, তাঁরা যদি থাকেন তাহলে আমার মনে হয় ক্ষতি হবে না। আশা করি এটা ভেবে দেখবেন। আর একটা কথা হচ্ছে এই আমাদের জেলা পরিষদের মধ্যে গ্রাম শাসনের কোন সংখ্যাতত্ত্ব নেই, আমরা সিডিউল পড়ে দেখলাম সংখ্যাতত্ত্ব সংগ্রহ করার কোন ব্যবস্থা ছিল না। এটা পঞ্চায়েত রাজের মধ্যে হওয়া উচিত। এই অ্যাসেম্বলীতে কোশ্চেন তুলে দেখেছি সংখ্যাতত্ত্ব বাংলাদেশের কমপ্রিহেনসিভ আউট লুক নিয়ে

নিতে হবে কি নিতে হবে না তার কোন মন্ত্রীও নাই এবং কোন দপ্তরও নাই, কোন সংখ্যাতত্ত্ব কোথা থেকে আসবে তার কোন ব্যবস্থাও নাই। ফাইন্যান্সের তরফ থেকে একটা সংখ্যাতত্ব করে যার নাম স্ট্যাটিসটিক্যাল ব্যুরো, এগ্রিকালচারাল থেকে একটা সংখ্যাতত্ব করান হয়, আর একটা মার্কেটিং সোসাইটি থেকে করান হয়, তিন ধরনের প্রতিষ্ঠান থেকে তিন ধরনের সংখ্যাতত্ত্ব করান হয়, তার কারোর সঙ্গে কারোর মিলে না। আমি বলছিলাম সারা বাংলাদেশের গ্রাম এলাকার জীবন জনজীবনের তাদের জীবনের সামাজিক রীতিনীতি তার থেকে আরম্ভ করে তাদের জীবনের মান থেকে বাজার দর থেকে আরম্ভ করে তাদের জাতি, বংশ, তফসিলী, ব্যাকওয়ার্ডনেস, সব থেকে একটা সংখ্যাতত্ব আনবার জন্য একটা জেলা পরিষদের সিডিউলের মধ্যে রাখুন যেটা থেকে সুরু করে সারা বাংলাদেশের গ্রামজীবনের নূতন ধরনের পরিকল্পনা রূপায়ণের জন্য আমরা কতকগুলি ভিত্তি পাই। আর একটা কথা আমি বলছি, সেটা হচ্ছে যে, যেটা আপনি বলেছেন যে, হয়ত একআধটু রদবদল হতে পারে, জেলা পরিষদের, জেলা পঞ্চায়েতে ১৩ থেকে ৩১ জন মেম্বার হবে, আমি ডিটেলস-এ এখন যাব না, জেলা পরিষদে ১২৫ জন যদি সদস্য নির্বাচিত হয় তাহলে এক্স-অফিসিও যাঁরা আছেন তাঁদের নিয়ে অনেক বেশী হয়ে যাবে। ১২৫ জন আসবে কি আসবে না এটা পরিষ্কারভাবে থাকা উচিত। আমার মনে হয় ১২৫ জনের জায়গায় যদি ১৫০ জনও হয়, সবাইকে নিয়ে জেলা পরিষদ তাতেও খুব বেশী ভুল হবে বলে আমার মনে হয় না। জেলা পঞ্চায়েতের স্ট্যান্ডিং কমিটিগুলি সম্পর্কে আমি আপনাকে বলছি যতক্ষণ পর্যন্ত প্রয়োজন হবে স্ট্যান্ডিং কমিটি করবেন এটা খুব ভাল। স্ট্যান্ডিং কমিটি তাঁরা আগে যা করতেন জেলা পরিষদের আমলে তাঁরা যা বলে দিতেন তাই হত। স্ট্যান্ডিং কমিটি যেগুলি ছিল ১৬ আনা ১ থেকে ১০০ পর্যন্ত সব জয়নাল আবেদীন সাহেবের দলের লোক, একটা স্ট্যান্ডিং কমিটিতেও আমরা ঢুকতে পারি নি, এম এল এ বলেও ও'রা আমাদের খাতির করেন নি, এই হচ্ছে ও'দের চরিত্র বর্ণনা। কাজে কাজেই রাজনৈতিক দলাদলির কথা বলছেন, রাজনৈতিক দলাদলি একচেটিয়া দল যাঁরা করেছিলেন যদিও তাঁদের হাটে হাঁড়ি ভাঙ্গছে এখন একদম ভেঙ্গে চৌচির, এখন নিজেরা চেষ্টা করছেন কি করে মান বাঁচান যায় চন্দ সাহেব সভাপতি হবেন কি হবেন না, যাই হোক তার মধ্যে আমি এখন যাচ্ছি না, আপনারা মারামারি করুন, তারপরে দল ভেঙ্গে এদিকে আসতে হবেই কিছুদিনের মধ্যেই, আর দেরি নেই। এই ব্যবস্থার মধ্যে আপনাদের আসতেই হবে, কোন গত্যন্তর নেই। একচেটিয়া কারবারী, সিন্ডিকেটপন্থী প্রতাপ-চন্দ্রের দল, অতুল্য ঘোষের দল, আপনাদের ছাড়বে না, লাথি মেরে ঝেঁটিয়ে বের করবে। জায়গা যদি দিতে হয় আমরাই দেব, আর কেউ দেবে না। যদি সত্যিকারের সমাজতন্ত্র, গণতন্ত্র, যেসব কথা আপনাদের ইন্দিরা গান্ধীর মুখ দিয়ে বলাচ্ছেন তা যদি হাতেকলমে করাতে চান তাহলে এদিকে বসতে হবে। গণতন্ত্র মুখে বললে হয় না। আপনাদের পঞ্চায়েত রাজ, কংগ্রেস রাজ ২২ বছরের শাসন, পঞ্চায়েতের ১২ বছরের শাসন, জেলা পরিষদের ৬ বছরের শাসন দেখেছি। আমি এই বিল সিলেক্ট কমিটির সামনে যা আসছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং সিলেক্ট কমিটির মাধ্যমে এমন ধাতু বেরিয়ে আসুক যে ধাতু দিয়ে প্রতিক্রিয়াশীল ঐ চক্র ধ্বংস করে নতুন বাংলার সমাজ জীবন আমরা যেন সৃষ্টি করতে পারি এবং তার পরিবেশ যেন তৈরী করতে পারি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 p.m.]

**Shri Akshay Kumar Barma:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই এই প্রস্তাবিত পঞ্চায়েত বিলটার মূলগত উদ্দেশ্যকে আমি সমর্থন করি। এই প্রস্তাবিত বিলের উদ্দেশ্যে বলা হয়েছে যে পঞ্চায়েত ব্যবস্থাকে গণতান্ত্রিক পদ্ধতিতে পুনর্গঠন করাই হচ্ছে আসল কথা। কিন্তু একটু ভাল করে লক্ষ্য করে দেখবেন যে এই গণতান্ত্রিক অবস্থা যেটা, যেটা পরিবর্তন করার জন্য বলা হয়েছে এর মধ্যে অগণতান্ত্রিক কিছু রেখে দেওয়া হয়েছে। আমি যেটা পরিষ্কারভাবে নিবেদন করতে চাই সেটা হচ্ছে এই যে অধ্যক্ষ বা প্রধান বা জেলা পরিষদের চেয়ারম্যান এদের যে ক্ষমতা দেওয়া হয়েছে এটা, উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তাতে লক্ষ্য করবেন আগে যে আইনটা ছিল তাতে ছিল অধ্যক্ষ প্রধান বা জেলা পরিষদের চেয়ারম্যান তারা যদি ইন রাইটিং যে কাজের ক্ষমতা তাদের উপর দেবেন উপাধ্যক্ষ, উপপ্রধান বা ভাইস চেয়ারম্যান, তিনি শুধু সেই কাজগুলি করবেন। আমরা বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছে যে এগুলির মধ্যে অনেক

কুফল আছে। সেটা হচ্ছে অধ্যক্ষ বা প্রধান বা চেয়ারম্যান, তার যদি এই উপাধ্যক্ষ বা ভাইস প্রেসিডেন্ট বা ভাইস চেয়ারম্যানকে কোন ক্ষমতা বা কাজের ভার দেবার ইচ্ছা না থাকে তাহলে এর ফলে আমরা নিজেদের অভিজ্ঞতায় দেখেছি বছরের পর বছর এই সব উপাধ্যক্ষ বা ভাইস প্রেসিডেন্ট বা ভাইস চেয়ারম্যান জেলা পরিষদের তাদের কোন কাজ করার ক্ষমতা থাকে না। তারা ঠুটো জগন্নাথ হয়ে থাকে। কাজেই আমি বিশেষ করে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে অনুরোধ জানাবো যে যখন গোটা পঞ্চায়েত ব্যবস্থার পুনর্গঠন করার চেষ্টা করছেন তখন আমার মনে হয় এটা উচিত হবে যে এই সমস্ত ক্ষমতা অধ্যক্ষ বা প্রধান বা জেলা পরিষদের চেয়ারম্যানদের হাতে শুধু কেন্দ্রীভূত করে রাখা উচিত নয়। এর কুফল ফলেছে এবং তা আমি নিজের ব্যক্তিগত অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি এবং আপনিও নিশ্চয়ই দেখেছেন। এই হল আমার প্রথম কথা। আমার দ্বিতীয় কথা হল এই যে দফাদার ও চৌকিদারদের সম্পর্কে বলা হয়েছে যে তাদের ক্ষমতা কি হবে, তাদের দায়িত্বের কথা বলা হয়েছে, আমাদের কোচবিহারে আমরা দেখেছি যে সেখানে চৌকিদার অ্যাক্ট বলে একটা অ্যাক্ট ছিল, অবশ্য ওয়েস্ট বেঙ্গলের সঙ্গে মার্জারের পর এই আইন সম্পর্কে নানারকম বিশৃঙ্খলা দেখা দেওয়ার পর ঠিক হল যে সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট এই দফাদার ও চৌকিদারদের নিযুক্ত করবেন এবং অঞ্চল থেকে বেতন দেওয়া হবে এবং সরকার থেকেও কিছু কন্ট্রিবিউশন দেওয়া হবে। এর ফলে চৌকিদারদের এবং দফাদারদের প্রায় সব সময় থানা থেকে ডেকে পাঠান হয় এবং যখন অঞ্চল থেকে তাদের কাজ করবার জন্য আহ্বান জানান হয় তখন তার ফলে তারা তাদের কর্তব্য ঠিক ঠিকভাবে করতে পারে না এবং হবস্‌স অফ ডাইলেমার মধ্যে পড়ে থাকে। আশা করি এর একটা প্রতিকার করবেন। আর একটা বিষয় নিবেদন করবো এবং আশা করি এই সভায় যাঁরা সদস্য আছেন তাঁরা সবাই একথা জানেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করবো যে গ্রামদেশে চৌকিদার দফাদার যারা থাকে তাদের বাস্তবিক পক্ষে কাজ করতে গেলে খুব অসুবিধার সম্মুখীন হতে হয়। বিশেষ করে তারা যে কাজ করে গ্রামে তাতে তাদের কোন অস্ত্রশস্ত্র থাকে না, শীতকালের জন্য কোন বস্ত্র দেওয়া হয় না জুতো দেওয়া হয় না, এই অবস্থার মধ্যে তাদের রেখে দেওয়া হয়েছে, তারা যেন মানুষ নয়।

তারা যেন কোন কর্মচারীই নয়—এই ধরনের একটা অবস্থার মধ্যে তাঁরা এতদিন ছিলেন এবং এখনো আছেন। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এই আইন যখন আবার নূতন করে সৃষ্টি হলো, তখন তাদের প্রতি একটু বিশেষ দৃষ্টি রাখবেন যাতে তারা মানুষের মত কাজ করতে পারে ও সরকারী কর্মচারীদের মত যাবতীয় সুখ-সুবিধা ভোগ করতে পারে। যাবতীয় সরঞ্জামাদি পায়, যাতে করে তারা শীতে গ্রীষ্মে কাজ করতে পারে। আমরা যখন মিটিং করতে গিয়েছি তারা আমাদের কাছে আবেদন জানিয়েছে বিধানসভায় গিয়ে যেন তাদের সম্বন্ধে বলি এই চৌকিদার ও দফাদাররাও যে মানুষ, তাদের প্রতি যেন মানুষের মত ব্যবহার করা হয়। তাদের প্রতি কেউ দৃষ্টি দেয় না। যাতে তারা মানুষের মর্যাদা পায়, মানুষের মত কাজ করতে পারে এদিকে যেন সরকার দৃষ্টি দেন।

আর একটা বিষয়ের প্রতি আবেদন জানাই দৃষ্টি দেবার জন্য আঞ্চলিক পরিষদ যখন উঠে গেল যখন অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী এবং আঞ্চলিক পরিষদ বা জেলা পরিষদের স্টাফ আছে, তারা মনে করছে তাদের বুঝি চাকরী গেল, তাদের বুঝি বরখাস্ত করে ফেলবে এইরকম একটা আশঙ্কার মধ্যে এতদিন তারা ছিল। অত্যন্ত ধন্যবাদের বিষয় এবং আমি সাধুবাদ দিচ্ছি যুক্তফ্রন্ট সরকারকে তাদের কথা আপনারা চিন্তা করেছেন তাদের অ্যাবজর্ব করবার জন্য ব্যবস্থা করেছেন এই আইনের মধ্যে। এজন্য আন্তরিক ধন্যবাদজ্ঞাপন করছি। আমি আশা করবো এই নূতন পঞ্চায়েত বিল ভালই হবে, খারাপ হবার কথা নয়। তবে তাঁরা ভোটের জোরে এই আইন পাস করে নিতে পারেন যদি তা খারাপও হয়। কিন্তু ভাল উদ্দেশ্য নিয়ে যখন এই আইন পাশ করবার ব্যবস্থা হচ্ছে, তখন বিরোধীপক্ষের কোন ভাল সাজেশনও আপনাদের বিবেচনা করা উচিত। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে ঐ অধ্যক্ষ, ঐ প্রধান ঐ চেয়ারম্যান ও প্রেসিডেন্টের হাতের পুতুল যেন উপাধ্যক্ষ, উপপ্রধান বা ভাইস প্রেসিডেন্ট না হন। তাহলে তাঁরা হতাশ হয়ে পড়বেন। যে উদ্দেশ্যে এই আইন করা হচ্ছে তাতে যেন এরকম কোন ফাঁক না থাকে। যার ফলে একটু চোনাতে সব দুধ নষ্ট হয়ে যাবে। এই কয়টি কথা বলে এই বিলকে আমি সমর্থন করছি এবং আশা করছি এই বিলটা ভালই হবে। ধন্যবাদ।

নিতে হবে কি নিতে হবে না তার কোন মন্ত্রীও নাই এবং কোন দপ্তরও নাই, কোন সংখ্যাতত্ত্ব কোথা থেকে আসবে তার কোন ব্যবস্থাও নাই। ফাইন্যান্সের তরফ থেকে একটা সংখ্যাতত্ব করে যার নাম স্ট্যাটিসটিক্যাল ব্যুরো, এগ্রিকালচারাল থেকে একটা সংখ্যাতত্ব করান হয়, আর একটা মার্কেটিং সোসাইটি থেকে করান হয়, তিন ধরনের প্রতিষ্ঠান থেকে তিন ধরনের সংখ্যাতত্ত্ব করান হয়, তার কারোর সঙ্গে কারোর মিলে না। আমি বলছিলাম সারা বাংলাদেশের গ্রাম এলাকার জীবন জনজীবনের তাদের জীবনের সামাজিক রীতিনীতি তার থেকে আরম্ভ করে তাদের জীবনের মান থেকে বাজার দর থেকে আরম্ভ করে তাদের জাতি, বংশ, তফসিলী, ব্যাকওয়ার্ডনেস, সব থেকে একটা সংখ্যাতত্ব আনবার জন্য একটা জেলা পরিষদের সিডিউলের মধ্যে রাখুন যেটা থেকে সুরু করে সারা বাংলাদেশের গ্রামজীবনের নূতন ধরনের পরিকল্পনা রূপায়ণের জন্য আমরা কতকগুলি ভিত্তি পাই। আর একটা কথা আমি বলছি, সেটা হচ্ছে যে, যেটা আপনি বলেছেন যে, হয়ত একআধটু রদবদল হতে পারে, জেলা পরিষদের, জেলা পঞ্চায়েতে ১৩ থেকে ৩১ জন মেম্বার হবে, আমি ডিটেলস-এ এখন যাব না, জেলা পরিষদে ১২৫ জন যদি সদস্য নির্বাচিত হয় তাহলে এক্স-অফিসিও যাঁরা আছেন তাঁদের নিয়ে অনেক বেশী হয়ে যাবে। ১২৫ জন আসবে কি আসবে না এটা পরিষ্কারভাবে থাকা উচিত। আমার মনে হয় ১২৫ জনের জায়গায় যদি ১৫০ জনও হয়, সবাইকে নিয়ে জেলা পরিষদ তাতেও খুব বেশী ভুল হবে বলে আমার মনে হয় না। জেলা পঞ্চায়েতের স্ট্যান্ডিং কমিটিগুলি সম্পর্কে আমি আপনাকে বলছি যতক্ষণ পর্যন্ত প্রয়োজন হবে স্ট্যান্ডিং কমিটি করবেন এটা খুব ভাল। স্ট্যান্ডিং কমিটি তাঁরা আগে যা করতেন জেলা পরিষদের আমলে তাঁরা যা বলে দিতেন তাই হত। স্ট্যান্ডিং কমিটি যেগুলি ছিল ১৬ আনা ১ থেকে ১০০ পর্যন্ত সব জয়নাল আবেদীন সাহেবের দলের লোক, একটা স্ট্যান্ডিং কমিটিতেও আমরা ঢুকতে পারি নি, এম এল এ বলেও ও'রা আমাদের খাতির করেন নি, এই হচ্ছে ও'দের চরিত্র বর্ণনা। কাজে কাজেই রাজনৈতিক দলাদলির কথা বলছেন, রাজনৈতিক দলাদলি একচেটিয়া দল যাঁরা করেছিলেন যদিও তাঁদের হাটে হাঁড়ি ভাঙ্গছে এখন একদম ভেঙ্গে চৌচির, এখন নিজেরা চেষ্টা করছেন কি করে মান বাঁচান যায় চন্দ সাহেব সভাপতি হবেন কি হবেন না, যাই হোক তার মধ্যে আমি এখন যাচ্ছি না, আপনারা মারামারি করুন, তারপরে দল ভেঙ্গে এদিকে আসতে হবেই কিছুদিনের মধ্যেই, আর দেরি নেই। এই ব্যবস্থার মধ্যে আপনাদের আসতেই হবে, কোন গত্যন্তর নেই। একচেটিয়া কারবারী, সিন্ডিকেটপন্থী প্রতাপ-চন্দ্রের দল, অতুল্য ঘোষের দল, আপনাদের ছাড়বে না, লাথি মেরে ঝেঁটিয়ে বের করবে। জায়গা যদি দিতে হয় আমরাই দেব, আর কেউ দেবে না। যদি সত্যিকারের সমাজতন্ত্র, গণতন্ত্র, যেসব কথা আপনাদের ইন্দিরা গান্ধীর মুখ দিয়ে বলাচ্ছেন তা যদি হাতেকলমে করাতে চান তাহলে এদিকে বসতে হবে। গণতন্ত্র মুখে বললে হয় না। আপনাদের পঞ্চায়েত রাজ, কংগ্রেস রাজ ২২ বছরের শাসন, পঞ্চায়েতের ১২ বছরের শাসন, জেলা পরিষদের ৬ বছরের শাসন দেখেছি। আমি এই বিল সিলেক্ট কমিটির সামনে যা আসছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং সিলেক্ট কমিটির মাধ্যমে এমন ধাতু বেরিয়ে আসুক যে ধাতু দিয়ে প্রতিক্রিয়াশীল ঐ চক্র ধ্বংস করে নতুন বাংলার সমাজ জীবন আমরা যেন সৃষ্টি করতে পারি এবং তার পরিবেশ যেন তৈরী করতে পারি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 p.m.]

**Shri Akshay Kumar Barma:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই এই প্রস্তাবিত পঞ্চায়েত বিলটার মূলগত উদ্দেশ্যকে আমি সমর্থন করি। এই প্রস্তাবিত বিলের উদ্দেশ্যে বলা হয়েছে যে পঞ্চায়েত ব্যবস্থাকে গণতান্ত্রিক পদ্ধতিতে পুনর্গঠন করাই হচ্ছে আসল কথা। কিন্তু একটু ভাল করে লক্ষ্য করে দেখবেন যে এই গণতান্ত্রিক অবস্থা যেটা, যেটা পরিবর্তন করার জন্য বলা হয়েছে এর মধ্যে অগণতান্ত্রিক কিছু রেখে দেওয়া হয়েছে। আমি যেটা পরিষ্কারভাবে নিবেদন করতে চাই সেটা হচ্ছে এই যে অধ্যক্ষ বা প্রধান বা জেলা পরিষদের চেয়ারম্যান এদের যে ক্ষমতা দেওয়া হয়েছে এটা, উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তাতে লক্ষ্য করবেন আগে যে আইনটা ছিল তাতে ছিল অধ্যক্ষ প্রধান বা জেলা পরিষদের চেয়ারম্যান তারা যদি ইন রাইটিং যে কাজের ক্ষমতা তাদের উপর দেবেন উপাধ্যক্ষ, উপপ্রধান বা ভাইস চেয়ারম্যান, তিনি শুধু সেই কাজগুলি করবেন। আমরা বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি যে এগুলির মধ্যে অনেক

पंचायत मिनिस्टर ने जो आचलिक परिषद और जिला परिषद को तोड़ दिया है. उसमे मैं बहुत खुश हूँ। क्योंकि उसमे बहुत नाजायज खर्च होता था। आचलिक परिषद के चेयरमेन और भाइस-चेयरमैन को जो १० रुपया फी दिन दिया जाता था. वह टाका गवर्नमेन्ट का इसमें बच जायगा। इसलिए मेरी समझ से आचलिक परिषद और जिला परिषद को तोड देना सरकार के लिए बहुत जरूरी था।

साथ ही साथ मैं पंचायत मिनिस्टर साहब से अपील करूँगा कि इस्लामपुर सबडिविजन मे जितने भी अंचल हैं. उनमे हर अंचल की इन्क्वायरी की जाय। लम्प ग्रांट का १३ सौ रुपया मिला था। लेकिन वह १३ सौ रुपया बी० डी० ओ० खा गया या पंचायत प्रधान खा गए या कौन खा गया. उसका कुछ भी पता नही चलता। उसकी इन्क्वायरी की जानी चाहिए और यह पता लगाना चाहिए कि उस रुपये को कौन खा गया?

यह कह कर पंचायत मिनिस्टर साहब के बिल का समर्थन करते हुए बैठ जाता हूँ।

**Shri Brajo Gopal Neogy:**

মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পঞ্চায়েত বিল এনেছেন আমি তাকে সমর্থন করে ২।৪টি কথা বলতে চাই। প্রথমতঃ এই বিলের যেটা প্রধান বৈশিষ্ট্য সেটা হচ্ছে প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারে ৩টি স্তরে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা পঞ্চায়েত গঠিত হতে চলেছে। সে তিনটি স্তরে পঞ্চায়েতের মূল ক্ষমতাকে সীমাবদ্ধ করা হয়েছে। এই যে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের দিক এটা বাংলাদেশ ছাড়া ভারতবর্ষের অন্য কোন রাজ্যে নেই। কংগ্রেস আমলে আমরা দেখেছি, তাঁরা বাংলাদেশে পঞ্চায়েতরাজ তৈরি করতে গিয়ে অনেক দেরি করেছেন। শুধু তাই নয়, তাঁরা তা করতে গিয়ে কায়েমী স্বার্থের হাতে ক্ষমতা রাখবার জন্য, তাঁদের দলকে বজায় রাখবার জন্য পরোক্ষ ভোটে নির্বাচিত যে পঞ্চায়েত—আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ, তার হাতেই সর্বাধিক ক্ষমতা তাঁরা রেখেছিলেন এবং এইভাবেই কংগ্রেস কর্তৃক পঞ্চায়েত আইন গৃহীত হয়েছিল। এখানে কংগ্রেস বক্তারা আজ বলছেন যে আঞ্চলিক পরিষদ তুলে দিলেও ব্লক পঞ্চায়েত কেন করা হচ্ছে, এটা কি ৩টি স্তরের বদলে সেই পুরানো ৪টি স্তরের ব্যবস্থা নয়? এখানে আমার বক্তব্য হচ্ছে যে আইনটা বা বিলটা যেন ও'রা ভালভাবে দেখেন। যে ব্লক পঞ্চায়েত হচ্ছে তার হাতে ক্ষমতা খুব সীমাবদ্ধ। আঞ্চলিক পরিষদের হাতে যে ট্যাক্স ধার্য করার ক্ষমতা ছিল, আঞ্চলিক পরিষদের অধীনে যেসমস্ত স্ট্যান্ডিং কমিটি তৈরি করার ক্ষমতা ছিল—যে স্ট্যান্ডিং কমিটির সদস্য ছিলেন কংগ্রেস আমলে পরাজিত কংগ্রেসী সদস্যরা—পঞ্চায়েত নির্বাচনে যাঁরা পরাজিত হয়েছিলেন সেরকম কংগ্রেসী পান্ডাদের এনে স্ট্যান্ডিং কমিটিতে বসানো হয়েছিল খুব গুরুত্বপূর্ণ ক্ষমতা ও দায়িত্ব দিয়ে, কিন্তু এই ব্লক পঞ্চায়েত এটা হচ্ছে কো-অর্ডেনেটিং বডি। বি ডি ও-র অধীনে যে সমস্ত কাজ হয়, যে ডেভেলপমেন্টের কাজ হয়, সে কাজ নিয়ন্ত্রণ করার জন্য, তাকে সাহায্য করার জন্য এটা হচ্ছে কো-অর্ডিনেটিং বডি। কাজেই এটাকে ৪র্থ স্তর ধরলে ভুল করা হবে। এর হাতে এমন কিছুই ক্ষমতা নেই। তবে এই ক্ষেত্রে স্যার, আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে আপনার মাধ্যমে একটি সাজেসান দিতে চাই। তিনি এই ব্লক পঞ্চায়েতে অঞ্চল পঞ্চায়েতের প্রতিনিধিদের রাখতে চাইছেন কিন্তু সেই এলাকার নির্বাচিত এম এল এ-দের বাদ দিয়েছেন। আমার প্রস্তাব হচ্ছে, নির্বাচিত এম এল এ-দের ব্লক পঞ্চায়েতে রাখা দরকার। কারণ সেই এলাকার যে উন্নয়নমূলক কাজ হবে তাতে নির্বাচিত এম এল এ-দের ভূমিকা থাকা উচিত বলে আমি মনে করি। তারপর স্যার, চৌকিদারদের সম্পর্কে কথা উঠেছে। আমরা এতদিন দাবী করেছি, জনসাধারণ বা গ্রামের মানুষরাও দাবী করেছেন যে গ্রামের যে

পুলিশ বাহিনী-চৌকিদার, তার দায়িত্ব সরকারকে পুরাপুরি নিতে হবে। আমরা যখন বিরোধী দলে ছিলাম তখন, যখন পঞ্চায়েত আইন পাশ হয় আমরা এই বিধানসভায় সেই দাবী করেছিলাম। কিন্তু আমরা দেখছি আজকে যেটা চালু আছে তাতে চৌকিদারদের অর্ধেক মাহিনা সরকারীভাবে দেওয়া হয় এবং অর্ধেক স্থানীয় জনসাধারণের ট্যাক্সের মধ্যে দিয়ে আসে। ইংরাজ আমলে আমরা যখন পরাধীন ছিলাম তখন ইউনিয়ন বোর্ডের সময় আমরা দাবী করতাম যে চৌকিদারদের দায়িত্ব সরকারকে পুরাপুরি নিতে হবে। কিন্তু আজকে আমরা এই বিলে দেখছি সেখানে চৌকিদারদের মাহিনা ও দায়িত্ব সম্পর্কে 'পুরাপুরি অথবা আংশিক' এইভাবে আছে। আমার মনে হয় এটা পুরাপুরি নেওয়ার ঝোঁক সরকারের আছে। নিশ্চয়ই সিলেক্ট কমিটিতে সে সম্পর্কে আলোচনা হবে। পুরাপুরি চৌকিদারদের দায়িত্ব সরকারকে নিতে হবে এবং নেওয়া উচিত। শুধু তাই নয়, আজকেও চৌকিদাররা সেই মান্ধাতার আমলের মত ২৫ টাকা কোন জায়গায় ৩০ টাকা মাহিনার চাকরি করেন। তাদের উপর দায়িত্ব অনেক আছে।

[4—4-10 p.m.]

কিন্তু আমার দাবী হচ্ছে সেখানে পুরো সরকারী কর্মচারী—চতুর্থ শ্রেণীর যে কর্মচারী তাদের প্রয়োজনে এই চৌকিদারদের আনা উচিত। কারণ ওরা হচ্ছে সরকারী কর্মচারী। তলাকার গ্রাম্য ব্যবস্থার মধ্যে নিম্নস্তর এবং এদের দায়িত্ব সর্বাধিক। কংগ্রেস থেকে বলতে গিয়ে বলেছেন যে পঞ্চায়েত নির্বাচনে রাজনৈতিক দলাদলি হবে। অতএব আশঙ্কা করছেন যে এই তিনটে স্তরে যদি গণভোট হয়, প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন হয় তাহলে নাকি গ্রামে দলাদলি বেড়ে যাবে। তাঁদের আমি স্মরণ করিয়ে দিই যে বাংলাদেশে প্রথম যখন পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তখন ছিল ১৯৫৯ সাল। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি হুগলী জেলায় দেখেছি যে তখন কংগ্রেসের নামে নির্বাচন করা হয়েছিল। ছাপানো পোস্টার মারা হয়েছিল যে পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস প্রার্থীকে ভোট দিন। সেদিন কি তাঁদের মনে ছিল না? রাজনৈতিক দল হিসাবে সেদিন কংগ্রেস নির্বাচনে দাঁড়িয়েছিলেন, প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। আজকে তাঁদের ভয় কেন? ভয় এইজন্য যে ১৯৫৯ সাল আর আজকে ১৯৬৯ সালে বাংলাদেশে হাওয়া পালটে গেছে। তাই তাঁরা আতঙ্কিত হয়ে পড়েছেন যে পঞ্চায়েত নির্বাচন যদি হয় প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে তাহলে কংগ্রেসের অবস্থা কাহিল হবে। তাই আমরা দেখছি মিউনিসিপ্যাল নির্বাচনে তাঁরা নিজেদের দলের নামে প্রার্থী দিতে পারেন নি। এই কৌশল তাঁরা নিয়েছেন। সম্প্রতি চুঁচুড়া মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়ে গেছে। সেখানে দেখলাম তাঁরা নিজের দলের নাম দিয়ে প্রার্থী দিলেন না। কিন্তু কংগ্রেস নির্বাচনে লড়েছিল ২৬টি আসনে, ২টি আসনে জিতেছেন চুঁচুড়া মিউনিসিপ্যালিটির নির্বাচনে। কাজেই গ্রামেও যে সেই ঘটনা ঘটবে এটা নিশ্চিত। সাধারণ নির্বাচনে এই বিধানসভার যে ছবি তাতে দেখা যাচ্ছে গ্রাম থেকে এই কংগ্রেসকে ঝেঁটিয়ে বিদেয় করে দিয়েছে জনসাধারণ এবং পঞ্চায়েত নির্বাচনেও সেই অবস্থা হবে। তাই আতঙ্কিত হয়ে বলছেন যে গ্রামে দলাদলি বেড়ে যাবে, রাজনৈতিক দল তাঁরা কি প্রার্থী দেবেন পঞ্চায়েত নির্বাচনে—এখানে আমি বলতে চাই যুক্তফ্রন্ট সরকারের সঠিক নীতি আছে যে নীতি হচ্ছে জনগণকে রাজনৈতিক চেতনা সম্পন্ন করে গ্রামের উন্নয়নমূলক কাজের দায়িত্ব নেওয়া এবং নির্বাচনের মধ্যে দিয়েই তারা সচেতন এবং সচেতনতার মধ্য দিয়ে গ্রামের মানুষ দায়িত্ব নেবেন এবং তারই ভিত্তিতে সেখানে সচেতনতার ভিত্তিতে উদ্বুদ্ধ হয়ে পঞ্চায়েত গঠিত হবে। তারই ইঙ্গিত রয়েছে এই গণভোটের মধ্য দিয়ে, পঞ্চায়েত নির্বাচনের মধ্য দিয়ে এবং সেইজন্য সেদিকটা দেখা দরকার। অন্যদিকে কেউ কেউ বলেছেন সদস্য সংখ্যার ভিত্তিতে কতখানি এলাকা নিয়ে গঠিত হবে, কোন জনসংখ্যার ভিত্তিতে গঠিত হবে তার নাকি হিসাব এই বিলের মধ্যে নেই। আমার ধারণা আমাদের যেভাবে পঞ্চায়েত আইন আছে তাতে আমার মনে হয় অ্যামেন্ডমেন্টে না থাকলেও পঞ্চায়েত রুলসে তার বিস্তৃত ব্যাখ্যা থাকবে এবং তা থেকে বুঝতে পারা যাবে যে কতখানি এলাকা নিয়ে হবে। কিভাবে হওয়া দরকার তা বলা আছে। গ্রাম ভিত্তিতে হবে মৌজা ভিত্তিতে হবে—গ্রাম আর মৌজা দেওয়া আছে। সেই মৌজার কোন মৌজা বড় হতে পারে আবার কোন মৌজা ছোট হতে পারে, সে সম্পর্কে নিশ্চয়ই সিলেক্ট কমিটিতে আলোচনা করে সঠিক ভিত্তিতে আসতে পারব। পঞ্চায়েত অ্যামেন্ডমেন্টে বিস্তৃতভাবে আইনের ব্যাখ্যা করেন নি রুলসে করেছেন এবং আশা করি রুলসে আমরা এটা জানতে পারব। সর্বশেষ কথা হচ্ছে এই, আমি যেমন বললাম ব্লক পঞ্চায়েত নির্বাচিত এম এল এ থাকা দরকার তেমনি

জেলা পরিষদের মধ্যেও থাকা দরকার সেই এলাকার নির্বাচিত এম এল এ-দের। কারণ, জেলার যে উন্নয়নমূলক কাজ, জেলার যে ডেভেলপমেন্ট সেখানে জেলা পরিষদ করবে এবং সেখানে নির্বাচিত এম এল এ-দের তার সংগে কোন যোগসূত্র থাকবে না এটা ঠিক নয়। নির্বাচিত এম এল এ-রা সেখানকার জনসাধারণ কর্তৃক প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত প্রতিনিধি। কাজেই তারা আইনের বিধান-এর মধ্যে যুক্ত থাকলে পরে কাজের সুবিধা হবে এবং সেটা থাকা উচিত। অন্যদিকে আমি বলতে চাই যে পঞ্চায়েত নির্বাচন খুব ত্বরান্বিত করা দরকার, খুব তাড়াতাড়ি নির্বাচনের ব্যবস্থা করা দরকার। যাতে এই নভেম্বর বিধানসভার অধিবেশনে এই আইনের চূড়ান্ত রূপ দিয়ে শীতকালের মধ্যেই যাতে নির্বাচন করা যেতে পারে তার ব্যবস্থা করা দরকার। আমি এই বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করবো যে আজ থেকে ১০ বছর আগে গ্রামে পঞ্চায়েত নির্বাচন হয়েছে এবং এর মাঝখানে কোন নির্বাচন হয়নি। অনেক পঞ্চায়েতের অধ্যক্ষ আছেন আসল কথা ভুলে গেছেন। কারণ তারা নিষ্ক্রিয়। কোন ক্ষমতা নেই তাদের। এই অবস্থা গ্রামে চলেছে। গ্রামে কিছু মাতব্বর আছেন, দুর্নীতি-পরায়ণ কিছু পান্ডা আছেন তারা যা কিছু করছেন। এই হচ্ছে পঞ্চায়েতী ব্যবস্থা। তাই এই পঞ্চায়েতের নির্বাচন তাড়াতাড়ি করা দরকার এবং সেই জন্য এই আইনে চূড়ান্ত রূপ দেওয়া দরকার। এটা যাতে তাড়াতাড়ি করা যায় সেদিকে পঞ্চায়েত মন্ত্রী দৃষ্টি দিন এবং সেদিকে দৃষ্টি আকর্ষণ করে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি।

**Shri Azizur Rahman:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে পঞ্চায়েত বিল এনেছেন এবং সেই বিল সিলেক্ট কমিটিতে পাঠাবার সিদ্ধান্ত হবার প্রাক্কালে যে আলোচনা হচ্ছে সেই আলোচনা অত্যন্ত সুচিন্তিত হওয়া দরকার। যেহেতু এই বিলের উপর বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষের, কোটি কোটি মানুষের সামাজিক জীবন, তাদের জাতীয় জীবন, তাদের দৈনন্দিন জীবন নির্ভর করবে। গ্রাম দেশের মানুষের অর্থনৈতিক অবস্থা, তাদের স্বাস্থ্যের কথা, তাদের শিক্ষার কথা এবং তাদের দেশের গঠনমূলক কথা, এই পঞ্চায়েতের উপর নির্ভরশীল। আমি আশা করেছিলাম যে আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রীসনৎকুমার রাহা মহাশয় এর কাছ থেকে কিছু সুচিন্তিত কথা শুনতে পাবো। কিন্তু তিনি উঠে আগড়ম-বাগড়ম গাইলেন, যেহেতু তিনি শহরে বাস করেন, গ্রাম পঞ্চায়েত-এর অবস্থা কিরকম হওয়া দরকার সে সম্বন্ধে তার স্পষ্ট ধারণা নেই বলে আগড়ম-বাগড়ম গাইলেন। তিনি একটা কথা বলেছেন প্রতিক্রিয়াশীল প্রধানরা কংগ্রেসের দালাল কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই এই প্রতিক্রিয়াশীল প্রধান, অধ্যক্ষ তাদের ঘাড়ে হাত বুলিয়ে তো তারা বৈতরণী পার হয়ে এসেছেন কাজেই সেই কথা বলা নিষ্প্রয়োজন বলে মনে করি। আমি আর একটা কথা বলতে চাই যে গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে ব্লক স্তর পর্যন্ত প্রত্যেকটি ক্ষেত্রে আজ প্রত্যক্ষ নির্বাচনের কথা শুনতে বেশ ভাল লাগে কিন্তু যে কথাটা শুনতে সুন্দর লাগে তা বাস্তব ক্ষেত্রে কতখানি কার্যকরী করা হয় সেটা ভেবে দেখতে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং তথাকথিত সিলেক্ট কমিটির মেম্বারদের সবিনয়ে অনুরোধ জানাচ্ছি। অতীত অভিজ্ঞতা থেকে দেখেছি গ্রাম পঞ্চায়েতের একটা স্তরে প্রত্যক্ষ নির্বাচন ছিল, সেই নির্বাচনকে কেন্দ্র করে গ্রামের দেশে যে ঐক্য সেটা নষ্ট হত এবং তা ফিরিয়ে আনতে বেশ খানিকটা সময় লাগতো। আজ পঞ্চায়েত মন্ত্রী মহাশয় প্রত্যেকটি স্তরে প্রত্যক্ষ নির্বাচনের কথা ভাবছেন এবং সেটা প্রবর্তন করার জন্য প্রয়াসী হয়েছেন। এই কথা বলবো যে এই প্রত্যক্ষ নির্বাচন করতে যেয়ে গ্রামে যে ঐক্য আছে সেটা যাতে নষ্ট না হয় এবং হানাহানি না হয় এবং বিভেদের সৃষ্টি না হয় সেটা চিন্তা করে দেখার দরকার আছে। এই প্রত্যক্ষ নির্বাচন করতে যেয়ে গ্রামের মানুষের উপকারের বদলে অপকার বেড়ে গেল এই রকম যেন না হয়। তাই আমি বলছি যে এই পঞ্চায়েত বিল করবার আগে এই প্রত্যক্ষ নির্বাচন আমার মতে বাংলাদেশের মানুষের অগ্রগতির পথ থেকে রুদ্ধ করবে বলে আমি মনে করি এবং এই বিষয়ে মন্ত্রিমহাশয়কে আমি চিন্তা করতে অনুরোধ করছি।

[4-10—4-20 p.m.]

একজন সদস্য বলেছেন যে ৪টা টায়ার তো নয়, ৩টা টায়ারই ঐ গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত আর জিলা পরিষদ; ব্লক পঞ্চায়েত যেটা বলা হচ্ছে সেটা কোন টায়ার নয়। একথাটা ঠিক আমি বুঝে উঠতে পারলাম না। উনি বলছেন তাদের কোন ক্ষমতা দেওয়া হবে না। সেই রকম অ্যাডভাইস

কমিটি বি, ডি, ও-কে অ্যাডভাইস করবেন। যদি তার কোন ক্ষমতাই না থাকল যদি তাকে অ্যাডভাইস করবার কোন রকম ক্ষমতা না দেওয়া হয়, তাহলে বি, ডি, ও, তার ক্ষমতা শুনতে বাধ্য হবেন কেন? আমি তো বুঝতে পারি না যে ব্লক পঞ্চায়েত করা হচ্ছে, অথচ তার ক্ষমতা থাকবে না। এ সম্বন্ধেও ভালভাবে চিন্তা করা দরকার। তিনি আবার বলেছেন যে ব্লক পঞ্চায়েতের ক্ষমতা থাকবে না, কিন্তু এম, এল, এ-দের সেখানে সভ্য হয়ে যাওয়ার সাধটা খুব বেশী। সেটাও বুঝতে পারছি না। সভ্য হয়ে যাওয়ার সেখানে আমার সাধও অনেকখানি কিন্তু আবার সেখানে কোন ক্ষমতাও থাকবে না, এই যে কথা এই যে পরস্পর বিরোধী কথা, এই বিরোধী কথা সম্পর্কে আমরা মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছ থেকে সুস্পষ্ট একটা ইঙ্গিত চাই। সুস্পষ্ট চিন্তাধারার জন্য আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আর গ্রামের অন্যান্য বা পঞ্চায়েত বিল সম্পর্কে আমার বক্তব্য অন্য কিছু নাই। আমি শুধু এটুকু বলছি যেখানে বাংলাদেশের মানুষের কথা চিন্তা করা হচ্ছে সেই সঙ্গে যেন একথা চিন্তা করা হয় যে যে কাজ করতে যাওয়া হচ্ছে তাতে বাংলাদেশের মানুষকে কোথায় ঠেলে দেওয়া হবে। বাংলা দেশের মানুষের উপকারের পরিবর্তে যেন অপকার করা না হয়। এই সমস্ত বিবেচনা করে গ্রাম বাংলাদেশের মানুষের জাতীয় জীবনে, বাংলাদেশের মানুষের সামাজিক জীবনে যাতে ঐক্য সংহতি রক্ষা থাকে সেই বিবেচনা করে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে এই বিল সম্বন্ধে বিবেচনার জন্য সবিনয়ে নিবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abinash Pramanik:**

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই যে পঞ্চায়েত বিল এসেছে এই বিলকে আমি সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। মাননীয় কংগ্রেস সদস্য একটু আগেই বলে গেলেন যে এই যে পঞ্চায়েত বিলে যে প্রত্যক্ষ নির্বাচনে যে পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা হচ্ছে এতে নাকি অগ্রগতি ব্যাহত হবে। এই পঞ্চায়েত যে বিল এ থেকে এবং এই বিলেতে যে প্রত্যক্ষ নির্বাচনের যে ব্যবস্থা হয়েছে এবং এই প্রত্যক্ষ নির্বাচনের ভিতর দিয়ে যে গণতন্ত্রের বিকাশ সাধন হতে চলেছে তাতে আমি অভিনন্দন জানাচ্ছি। কেননা এই পঞ্চায়েত সম্পর্কে কংগ্রেস যে আইন করেছে তাতে যেভাবে এই পঞ্চায়েত গঠন করার যে পদ্ধতি নিয়েছে তাতে আমরা দেখেছি যে সে পদ্ধতিতে তাদের দলীয় স্বার্থে তা এতদিন কাজ করে এসেছে। এবং এই পঞ্চায়েতের ভিতর দিয়ে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, এবং অঞ্চল পঞ্চায়েত এখানে প্রত্যক্ষ নির্বাচন ছিল না। তার ফলেতে এই গুজবেতে তাদের দলীয় লোক তার মধ্যে রাখতেন এবং নিজেদের নির্বাচনের স্বার্থে এইগুলিকে ব্যবহার করে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ভারতবর্ষে পঞ্চায়েত-রাজ প্রতিষ্ঠা হয়েছে এতে গণতন্ত্রের বিকেন্দ্রীকরণের কথা বলা হয়েছে। জনগণের হাতে ক্ষমতা দেওয়ার কথা বলা হয়েছে। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি এই পঞ্চায়েতের ভিতর দিয়ে—আমরা দেখতে পাচ্ছি যে এখানে এই পঞ্চায়েতের ভিতর দিয়ে কংগ্রেসের যে শাসন এবং তার শ্রেণীর যে শোষণ সেই শোষণ এবং শাসনকে কায়েম রাখবার জন্য এই পঞ্চায়েতকে এতদিন ব্যবহার করে এসেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা দেখেছি যে ব্রিটিশ সাম্রাজ্যবাদ এদেশে তার শোষণ এবং শাসনকে কায়েম রাখবার জন্য এদেশে যেমন একদল দালাল সৃষ্টি করেছিল সেই দালাল হচ্ছে জমিদার শ্রেণী। ঠিক তেমনি এই পঞ্চায়েত রাজের ভিতর দিয়ে এই কংগ্রেস একদল গ্রাম্য দালাল সৃষ্টি করেছিলো। সেই দালালদের হাত দিয়ে তাদের শাসন-শোষণ যাতে কায়েম থাকে, এই রকম ব্যবস্থাও আমরা দেখে এসেছি। এই পঞ্চায়েতের যে সমস্ত কাজ আমরা দেখেছি তার ভিতর দিয়ে কিভাবে রাজনীতি করা হয়েছে দলীয় স্বার্থে। গ্রাম উন্নয়নের যে কাজ, সাধারণ মানুষের সাহায্যের জন্য যে কাজ সেগুলিকে নিয়ে কিভাবে নিজেদের মধ্যে রাজনীতি করা হয়েছে, সেটাও আমরা দেখেছি। যেমন জি, আর-এর ব্যাপার নিয়ে, রাস্তাঘাটের ব্যাপার নিয়ে, টিউবওয়েল-এর ব্যাপার নিয়ে এই সমস্ত জিনিস দেখা গেছে। যারা কংগ্রেসকে সমর্থন করেছে তাদের এই সব সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে। যারা কংগ্রেসকে সমর্থন করেনি তাদের এই সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিল এসেছে যে, পঞ্চায়েত প্রত্যক্ষ নির্বাচনের ভিতর দিয়ে জনগণ তাদের নিজেদের প্রতিনিধি পাঠিয়ে এই সমস্ত পঞ্চায়েত পরিচালনা করবেন। সেদিক থেকে এই বিল অভিনন্দনযোগ্য। আমি আর একটি কথা বলতে চাই যে, অঞ্চল পরিষদ ছিল এবং জেলা পরিষদ ছিল। এই জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদ কিভাবে জনগণের উন্নয়নের কাজে ব্যাঘাত সৃষ্টি করেছে

সেগুলি আমরা দেখেছি। যখন রিলিফ বিলি হবে, জনগণকে যখন জরুরী রিলিফ দেবার দরকার হয়ে পড়ে তখন জেলা পরিষদ থেকে সেই রিলিফ পাশ হবে তবে জনগণ রিলিফ পাবে। জেলার পরে আবার ঐ অঞ্চল পরিষদের হাতে যাবে, ঐ অঞ্চল পরিষদ পাশ করবেন তবে সেখানে জি, আর, পাবেন। তার পর অঞ্চল পরিষদ থেকে অঞ্চল পঞ্চায়েত যাবে—তারপর সেই জি. আর, পাবে এবং ঐ পানীয় জলের ব্যবস্থা হবে। এইভাবে আমরা দেখেছি যে, কিভাবে তারা জনগণের উন্নয়নমূলক কাজে ব্যাঘাত সৃষ্টি করেছে। সেদিক থেকে অঞ্চল পরিষদ যে তুলে দেওয়া হচ্ছে এবং অঞ্চল পঞ্চায়েতে আমার মনে হয় যে আরো বেশী কাজের সুবিধা হবে। আরো তাড়াতাড়ি কাজ করা যাবে। সেদিক থেকে আমি এই বিলকে সমর্থন করে, অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Subodh Gopal Guchhait:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েত বিল যে উদ্দেশ্যে আনা হয়েছে সেই উদ্দেশ্যের সঙ্গে আমি সম্পূর্ণ একমত। অনেকদিন আগে থেকে আমাদের সরকার আগেকার যে পঞ্চায়েত বিল ছিল, সেটা যাতে সংশোধন হয়ে সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে একটা বিল পাশ হয় এবং তার দ্বারা নির্বাচন হয়,—সেই কথাই এই সরকার আগে থেকে ঘোষণা করেছিলেন। তার মূলে আমাদের মাননীয় বিভাগীয় মন্ত্রী প্রচুর পরিশ্রম করেন। এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর কথা হয়, তার আগেও অন্যান্য বিভিন্ন সদস্যের সঙ্গে আলোচনা করে এটা এনেছেন। তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং তাঁর মূল নীতিকে সমর্থন জানাচ্ছি। আমাদের অনেক বন্ধুরা বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন। আমি সেইগুলি আর পুনরায় উল্লেখ করতে চাই না। তবে কতকগুলি দরকারী কথা আমার মনে হয়েছে, সেগুলি আমি সংক্ষেপে বলছি। জেলা পরিষদে এম. এল. এ-দের মেম্বার রাখা হয়েছে, এটা ঠিক করা হয়েছে। জেলা পরিষদে এম, এল, এ-রা মেম্বার থাকবেন এটা ঠিক করা হয়েছে। তবে এখানে দাবী করা হয়েছে যে ব্লক পঞ্চায়েত-এ প্রত্যেক অঞ্চলের এম, এল. এ-দের মেম্বার করা হোক, এটা ঠিক দাবী করা হয়েছে এবং শুধু তাই নয়—ব্লক পঞ্চায়ত এই নয়, আমি অনুরোধ করছি যে প্রত্যেক অঞ্চল পরিষদে এবং প্রত্যেক গ্রাম পঞ্চায়েত সেখানকার স্থানীয় যে এম, এল. এ. তাদের মেম্বার রাখা হোক। সেটা ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

[4-20—4-30 p.m.]

কেন না এম, এল, এ-দের সরাসরিভাবে সরকারের সঙ্গে, সরকারী নীতির সঙ্গে যোগাযোগ থাকে। কাজে এটা করতে পারলে ভালই হয়। একেবারে অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত পর্যন্ত প্রত্যেক জায়গায় এম, এল, এ-দের প্রতিনিধি থাকা উচিত বলে আমি মনে করি এবং তার সঙ্গে আর একটা বলি, এম,এল,এ-রা বিভিন্ন প্রকারের কাজে ব্যস্ত থাকেন, বা অ্যাসেম্বলীর অধিবেশনে ব্যস্ত থাকেন বা অন্যান্য সরকারী বা বেসরকারী কাজে ব্যস্ত থাকেন—সেজন্য এখন যেমন ব্যবস্থা হয়েছে ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে এম, এল, এ-রা থাকতে পারেন বা তাঁদের প্রতিনিধিরা থাকতে পারেন, আইদার এম, এল, এ, অর হিজ নমিনি, তেমন জেলা পরিষদ, অঞ্চল পঞ্চায়েতে, আইদার এম. এল, এ, অর হিজ নমিনি এটা থাকা উচিত বলে আমি মনে করি। তার সঙ্গে আর একটা কথা বলতে চাই —আগে আমরা শুনেছিলাম যে ৩ টায়ারের এবারে ব্যবস্থা আছে আঞ্চলিক পরিষদ তুলে দিয়ে কিন্তু বিলে আমরা দেখতে পাচ্ছি যে প্রাকটিক্যালী মুখে যাই বলা হোক না কেন, ওটা ৪ টায়ার হয়েছে। ব্লক পঞ্চায়েতের ব্যবস্থা করা হয়েছে—সেখানে কমিটি রাখা হয়েছে কোরামের ব্যবস্থা করা হয়েছে, প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট রাখা হয়েছে, প্রাকটিক্যালী ৪ টায়ারের ব্যবস্থা করা হয়েছে। সেদিকে আমার অবশ্য কোন ব্যক্তিগত আপত্তি নেই, আমার আপত্তি হচ্ছে আমাদের নীতি হচ্ছে যে সবগুলি প্রত্যক্ষ ভোটের মাধ্যমে করব, পরোক্ষ ভোটের ব্যবস্থা রাখব না কিন্তু ব্লক পঞ্চায়েতের গঠনবিধির মধ্যে দেখা যাচ্ছে যারা গ্রাম পরিষদ থেকে জেলা পরিষদে নির্বাচিত হয়ে গেছেন তাঁরা সেই ব্লকের মধ্যে ব্লকের মেম্বার হবেন এই একটা ব্যবস্থা হয়েছে। আর একটা ব্যবস্থা হয়েছে অঞ্চল পঞ্চায়েতের যাঁরা মেম্বার হয়েছেন তাঁরা একজন করে প্রতিনিধি পাঠাবেন ব্লকের মধ্যে পরোক্ষ ভোটে। আমার সাজেসন হচ্ছে যাঁরা গ্রাম পরিষদ থেকে জেলা পরিষদে গেলেন সেই লোকগুলি মেম্বার হবেন কেন? সেখানে

ডাইরেক্ট ইলেকসন হোক এবং ব্লক পঞ্চায়েত সেপারেট হোক এবং তা হয়ে সেখানে সেপারেট মেম্বার থাকবে এবং সেখানে এই লোকগুলি যদি ভোট পান তাঁরা থাকবেন, আর যদি ভোট না পান অন্য লোক সেখানে যাবেন। কাজেই আমার সাজেসন হচ্ছে এখানে ডাইরেক্ট ভোটের ব্যবস্থা থাকা উচিত এবং ইনডাইরেক্ট ইলেকসনে একজন করে প্রতিনিধি এটা তুলে দেওয়া উচিত বলে আমি মনে করি। আর একটা বিষয়ে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে বিল পাশ হওয়ার পরে দেখা গেছে সেই বিলের মধ্যে ডিফেক্ট রয়ে গেলে, শুধু ডিফেক্ট নয়, তাতে গুরুতর ত্রুটি থাকার জন্য কলকাতা হাইকোর্ট কয়েকটা রুলিং দিয়ে তার কয়েকটা ধারাকে আলট্রাভায়ারস ঘোষণা করেছেন, যেমন যেখানে ট্যাক্স পায়ের কথা ছিল ৫৭ ধারা—সেটা রিপোর্টেড হয়েছে ক্যালকাটা উইকলি নোটস বা এ, আই, আর-এ রিপোর্টেড হয়েছে, সেটা আলট্রাভায়ারস ঘোষণা করা হয়েছে কনস্টিটিউসন বিরোধী বলে বলা হয়েছে। আমরা এই বিলে দেখছি সেটার দিকে বিশেষ লক্ষ্য দেওয়া হয় নি। সেইরকম ডিফেক্ট এখনও আছে বলে আমার মনে হয় এখনও যখন সময় আছে এবং সিলেক্ট কমিটির সামনে যখন এটা পুনর্বিবেচিত হবে তখন ক্যালকাটা হাইকোর্টের সেই সমস্ত রুলিং বিশেষ করে যেগুলি আলট্রাভায়ারসের ব্যাপার সেই সব ত্রুটি যাতে না থেকে যায় সেগুলি বিশেষভাবে বিবেচনা করবেন এবং গণতান্ত্রিক পদ্ধতির দিকে লক্ষ্য রেখে কাজ করা হবে এটা আমি আশা করি। কোন কোন বিরোধী সদস্য এইরকম মন্তব্য করেছেন যে প্রত্যক্ষ ভোটের কথা বলা হয়েছে কিন্তু বাস্তব অবস্থার কথা বিবেচিত হচ্ছে না—তার মানে হচ্ছে আমাদের দেশের লোক কতটা প্রত্যক্ষ ভোটের উপযুক্ত সেইসব কথা চিন্তা না করে বড় বড় কথা বলা হচ্ছে।

আমার কথা হচ্ছে এই যে বাস্তব অবস্থা তাতে অনেক সময় সব লোক সম্পূর্ণ যোগ্য হয়ে গেছে তা নয়। অনেকের এইরকম মত আছে যে মহিলাদের ভোটাধিকার দেওয়া উচিত নয়। এটা বড় কথা নয়। গণতন্ত্রের ত্রুটি থাকলে এমনি ত হয়। সুতরাং এটা ঠিক হয়েছে যে এইভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে ডাইরেক্ট ভোট করা হয়েছে। আমার সাজেসন হচ্ছে ব্লক-এ সেই ব্যবস্থা করা যাতে আইনটা সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে হয়। এইসব ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়ে এবং এই বিলটাকে সমর্থন করে আমি শেষ করছি।

**Shri Nasiruddin Khan:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজ পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলকে আমি সমর্থন করে কয়েকটা কথা হাউস-এর সামনে আপনার মাধ্যমে বলতে চাই। প্রত্যক্ষভাবে যে ভোটের কথা বলা হয়েছে সেটা অত্যন্ত শুভ। প্রতি স্তরে প্রত্যক্ষভাবে ভোট হওয়া পঞ্চায়েতের প্রয়োজন। গান্ধীজী বলেছিলেন সর্বনিম্ন মানুষের বেতনের ১০ গুণ সর্বোচ্চ চাকুরীজীবীর বেতন হওয়া দরকার এবং ভারতবর্ষে তাই হবে। এখনও ইউনিয়ন বোর্ড যা আছে তাতে সেখানে এখন চৌকীদারদের বেতন মাত্র ১০ টাকা, তাহলে সর্বোচ্চ বেতনভোগীর বেতন ১০০ টাকা হওয়া উচিত। এটা কংগ্রেসের কথা, কিন্তু তাঁরা তাকে রূপদান করতে পারেন নি। এর জন্য তাঁদের লজ্জা হওয়া উচিত। এই প্রসঙ্গে আমি বর্তমান সরকারকে অনুরোধ করছি তাদের দিকে লক্ষ্য দেওয়া দরকার। এখনও দফাদারদের বেতন মাত্র ১২½ টাকা। আগে পুলিশ গলায় দড়ি দেওয়া কেসগুলো সৎকারের ব্যবস্থা করত। কিন্তু এখন নূতন আইনে সৎকারের ব্যবস্থা না করে গলা-পচা মৃতদেহকে পাহারা দিতে হয় এবং তাদের সঙ্গে দফাদারও থাকে। তাদের একটা ডেপুটেশন এসেছিল, তাদের মন্ত্রিমহাশয় কি বলেছেন জানি না। এর জন্য ২ টাকা করে সরকার দেন এবং ২½ টাকা দেওয়া হয় দফাদারদের। কিন্তু তাও আবার ২।১ বছর পরে দেওয়া হয়। এদিকে পঞ্চায়েত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন দেখেন নিম্নস্তরের মানুষদের কিভাবে টেনে তোলা যায়। এই প্রসঙ্গে একটা কথা হচ্ছে যে ছেলে না কাঁদলে মায়েরা দুধ দেয় না। এটা একটা প্রবাদ বাক্য। কিন্তু এখন কাঁদতে হয় না, আন্দোলন করে দুধ সংগ্রহ করতে হবে। কিন্তু তাদের আন্দোলন করার সামর্থ্য নেই, কারণ তাদের শিক্ষা নেই, অ্যাসোসিয়েশন নেই। তাদের আজ পর্যন্ত কোন ব্যবস্থা হল না। আমি এজন্য পঞ্চায়েত মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এরজন্য একটা সিলেক্ট কমিটি তৈরী হল। কিন্তু সেই যথা পূর্বং তথা পরং। অর্থাৎ কংগ্রেস আমলে যা হয়েছিল এখনও তাই হচ্ছে। ফ্রন্ট ১৪ শরীকের দলের সব থেকে নেওয়া হল, কংগ্রেস থেকে ৩ জন সদস্য থাকল, কিন্তু পি, এম, এল-এর কথা

তাঁর মনে নেই। অবশ্য আন্দোলন না করলে কিছু হয় না। তাই আমি আগেই বলেছি নীচের মানুষকে টেনে আনার যে নীতি সেই নীতি সম্বন্ধে কতটুকু সজাগ আমাদের সরকার সে সম্বন্ধে সন্দেহ আছে। এখানে একজন শিক্ষিত মানুষ কেরানী পদে বহাল হলে তার ৪০ টাকার বেশী বেতন হয় না।

[4-30—4-40 p.m.]

এই সমস্ত শিক্ষিত মানুষের ৪০ টাকা বেতন সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে কিন্তু ৬ মাস অতিবাহিত হওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত তাঁদের সম্বন্ধে একটা ক্লিয়ার-কাট মন্তব্য নেই, সমস্ত কিছুই অস্পষ্ট হয়ে রয়েছে। তারপর, ৩টি স্তরে এই যে সদস্য সংখ্যা এটা একটু বুঝিয়ে দেবার জন্য আমি তাঁকে অনুরোধ জানাচ্ছি। ৩টি স্তরে একটি পঞ্চায়েতে এত সদস্য সংখ্যা রয়েছে যে তাদের একত্রিত হয়ে বসে একটা সভা সমিতি যে করবেন তার সম্ভাবনা খুবই কম। আমাদের এতবড় হাউসে অ্যাকোমোডেসন হবে কিনা ওই ৩টি স্তরের সদস্য সংখ্যার সেটা সন্দেহ। এ সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে চিন্তা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। একটি স্তরের সদস্য সংখ্যা যদি দেখেন তাহলে দেখবেন এরকম একটা হাউস-এর দরকার হবে। তারপর আমার বক্তব্য হচ্ছে প্রত্যেক মানুষের সঙ্গে যাতে যোগাযোগ হয় পঞ্চায়েতকেন্দ্রে তারজন্য ব্যবস্থা হওয়া দরকার। কাজেই তিন/সাড়ে তিন মাইলের বেশী যাতে দূরত্ব না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। কিন্তু ২৫ হাজার যদি লোকসংখ্যা থাকে এবং মধ্যস্থলে যদি পঞ্চায়েত অফিস হয় তাহলে ৬।৭ মাইলের কমে শেষ প্রান্ত হতে পারে না। এ সম্বন্ধে আমি মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে সরকারী নমিনেসনের প্রশ্ন যেটা পঞ্চায়েতে করা হচ্ছে সেটা কিন্তু কিছুতেই শুভ হবে না—এটা অসম্ভব। লিটিগেসনটা প্রচণ্ড আকারে বাড়বে, সমস্ত রাজনৈতিক দলের হস্তক্ষেপ ওখানে হবে এবং গ্রামাঞ্চলের মানুষের সুস্থ জীবন দুর্বিসহ হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Anil Kumar Mukherjee:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে হাউসে পঞ্চায়েত বিলের আলোচনায় বিরোধী দলের সদস্যরা যেসব বক্তব্য রেখেছেন তা শুনে আমার মনে হচ্ছে তাঁরা বোধ হয় গণতন্ত্র চান না অবশ্য এটা স্বাভাবিক কথা। আমরা দেখেছি অষ্টদশ শতাব্দীতে যেমন ইংলন্ডে রাজাদের পকেট ব্যুরোতে পার্লামেন্টের মেম্বারদের কেনাবেচা হোত ঠিক সেই রকম এইসব পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত এবং জেলা পরিষদের সদস্যেরা কংগ্রেস নেতাদের পকেটে পকেটে থাকত এবং তাদের সাধারণতঃ ভোটের জন্য এবং বিভিন্ন রকম কাজ করাবার জন্য ব্যবহার করতেন। আজকে সেই অবস্থা যখন সম্পূর্ণ পরিবর্তিত হতে চলেছে, আজকে যখন একটা সুস্থ গণতান্ত্রিক আবহাওয়া হতে চলেছে, সেই অবস্থার যখন আমূল সংস্কার হচ্ছে এবং প্রত্যেক মানুষকে যখন গণতান্ত্রিক অধিকার দেওয়া হচ্ছে তখন তাঁদের উষ্মা প্রকাশ করা স্বাভাবিক বলেই মনে হয়। প্রগ্রেসিভ মুসলিম লীগের সদস্য বললেন যে যুক্তফ্রন্ট সরকার নাকি নীচের মানুষকে টেনে আনবার কথা ভাবছেন না এবং তাঁরা নীচের মানুষকে টেনে আনবেন না। বোধ হয় গত কয়েক মাস ধরে এই হাউসে যেসব বিলগুলি এসেছে বা যে ধরনের আইন এই হাউসে যুক্তফ্রন্ট সরকার তৈরী করেছে, সে সম্পর্কে তাঁর বোধ হয় কোন খেয়াল নাই এবং তিনি বোধ হয় জানেন না নীচের মানুষের জন্য মেহনতি মানুষের জন্য সাধারণ মানুষের মঙ্গলের জন্য, শ্রমিকদের উন্নতির জন্য, গরীব মানুষের উপকারের জন্য, এক বিঘা থেকে ৯ বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব করে দেওয়া হয়েছে। যেখানে মালিক শ্রমিকদের ছাঁটাই করত চাকুরি থেকে সেখানে যুক্তফ্রন্ট সরকার অ্যালাউন্সের বন্দোবস্ত করেছেন এবং আরও অনেক কিছু মেহনতি মানুষের জন্য করবেন। এইরকম যেখানে প্রগতিশীল আইন কয়েক মাসের মধ্যে হল সেখানে মাননীয় সদস্য কিভাবে বললেন যে এই সরকার নীচের মানুষ গরীব মানুষের জন্য কোন উপকার করবেন না বা তাদের কথা ভাববেন না। তিনি আরও কয়েকটি কথা বললেন তাতে মনে হল তিনি বোধ হয় পঞ্চায়েত বিলটি পড়েন নি। তিনটি স্তরের কথা বলতে গিয়ে মাননীয় সদস্য বললেন যেন সব সদস্যরা একটি হাউসে বসে, গ্রাম পরিষদ, অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদের শাসন পদ্ধতি চালাবে। এটাতো ঠিক নয়। আসলে তিনটি টায়ার,

আমাদের একজন ফ্রন্টের একজন সদস্য বললেন বাস্তবিক ৪টা টায়ার, প্রত্যেকটি আলাদা আলাদাভাবে এককভাবে সেসব পরিষদের সভা বা মিটিং করবে, এই রকমই বন্দোবস্ত আছে। সুতরাং তিনটি সদস্য বিরাটাকারের পরিষদের সদস্য এই রকম হওয়ার কোন আশংকা নাই। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব তিনি যে তিনটি স্তরে আইন প্রণয়নের ব্যবস্থা করছেন স্বায়ত্ত-শাসনের ব্যাপারে, গ্রামের মানুষ গ্রামে প্রয়োজন মেটাবার জন্য, অঞ্চলের মানুষ অঞ্চলে প্রয়োজন মেটাবার জন্য এবং জেলার মানুষ জেলার প্রয়োজন মেটাবার জন্য তাদের কতকগুলি ক্ষমতা দেওয়া হবে সঙ্গে সঙ্গে কিন্তু আর একটি বিভাগ আছে, সে সম্পর্কেও তিনি যেন চিন্তা করেন। এটা হচ্ছে পুলিশ বিভাগ, গ্রামকে রক্ষা করার জন্য গ্রাম পরিষদের হাতে ক্ষমতা দেওয়া যায় কিনা, অর্থাৎ গ্রামকে স্বয়ংসম্পূর্ণ করতে অর্থনৈতিক যে ইউনিট তৈরী করবেন তা নাই। গ্রামের মানুষ আর্থিক দিকটা ভোগ করবে কিন্তু আমরা দেখছি গ্রামের একজন চৌকিদার কিম্বা দফাদার গ্রামের শান্তি রক্ষা করতে পারবে না। কাজেই গ্রামকে রক্ষা করবার জন্য গ্রামরক্ষী বাহিনী উপযুক্ত পরিবেশ এবং উপযুক্ত ট্রেনিং দিয়ে তৈরী করা যায় কিনা। পশ্চিমবঙ্গে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স রয়েছে গ্রামে আমি জানি তাদের কাছে ডিফেন্স পার্টি হিসাবে কাজ করবার জন্য পুলিশরা আবেদন করে। আমি বলছি গ্রামে যে চোর ডাকাতের আক্রমণ হয় তা থেকে গ্রামকে রক্ষা করার জন্য এই ধরনের কোন বাহিনী করা যায় কিনা যাতে করে গ্রামে যে চুরি ডাকাতি হচ্ছে ক্রিমিন্যালের সংখ্যা বাড়ছে সেগুলি বন্ধ হতে পারে। গ্রামের চুরি ডাকাতির অত্যাচার থেকে গ্রামকে রক্ষা করতে গেলে গ্রামরক্ষী বাহিনী দিয়ে গ্রামে শান্তি শৃঙ্খলা রক্ষা করা যায় কিনা এটা ভেবে দেখবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবেদন জানাচ্ছি। যখন সিলেক্ট কমিটিতে যাবে তখন এ বিষয়ে যাঁরা সদস্য থাকবেন তাঁরা নিশ্চয়ই চিন্তা করবেন। আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন যে আমাদের বক্তব্য আমরা সাজেশন হিসাবে পাঠাতে পারি। যাই হোক এই কথাগুলি বলে স্বয়ংসম্পূর্ণ এবং সুষ্ঠু ব্যবস্থা গঠন করবার জন্য যে চিন্তা মন্ত্রিমহাশয় করছেন তার জন্য অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p.m.]

**Shri Panna Lal Maji:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শ্রদ্ধেয় পঞ্চায়েত মন্ত্রী যে পঞ্চায়েত বিলটা এনেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে আমাদের এর আগেকার যে পঞ্চায়েত আইন ছিল এবং যে কংগ্রেস পার্টি পরিচালিত গভর্নমেন্ট যে পঞ্চায়েত আইন তৈরি করেছিলেন তার সঙ্গে আমাদের এই পঞ্চায়েত আইনের যে পার্থক্য সেই সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। যেটা আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা আজকে গণতন্ত্র থাকছে না, স্বেচ্ছাচারিতা এসে যাবে এই বলে যে হুংকার ছাড়ছেন সেটা সম্পর্কে যে বাজে অমূলক আশঙ্কা তাঁরা করছেন সেটাই আমি প্রথমে বলতে চাই। আগে যে পঞ্চায়েত আইন, পঞ্চায়েত রাজ ছিল, সেটা আপনি জানেন যে গ্রামসভা ছাড়া আর কোন নির্বাচন হত না, বাকি সবগুলি বাইপ্রোডাক্ট। অথচ মূল যে ভিত্তি গ্রামের মানুষের যে গ্রামসভা তার কোন ক্ষমতাই ছিল না। কাগজে কলমে শুধু পঞ্চায়েত রাজ বলে গালভরা নাম তাদের দেওয়া হয়েছিল কিন্তু তাদের কোন ক্ষমতাই ছিল না। আমরা জানি আমি গ্রামাঞ্চলের লোক গ্রামে বাস করি, এবং পঞ্চায়েতের সঙ্গেও জড়িত। যে গ্রামগুলিকে অঞ্চল পঞ্চায়েত মুষ্টিমেয় টাকা দেবে, জেলা পরিষদ, অঞ্চল পরিষদ, অঞ্চল পঞ্চায়েত থেকে ঝরে ঝরে যেটুকু টসবে গ্রামে তা আসতে আসতে কিছুই থাকে না, সব উবে যায়। সেই গ্রামই ছিল সব থেকে বঞ্চিত। গ্রামে যে সত্যিকারের পঞ্চায়েতের ভিত সেটা ছিল সব থেকে বঞ্চিত। আর উপরে যে কমিটিগুলি তারা কারোর পরোয়া করত না, এইজন্য যে সত্যিকারের কংগ্রেস পার্টি তাদের পরিচালিত রাষ্ট্র তাদের কাউকে পরোয়া করার দরকার নাই। খালি চোরাকারবারি, জোতদার, জমিদার থাকলেই হল। সেজন্য তাদের কোন ক্ষমতা ছিল না। আজকে আমাদের যে পঞ্চায়েত সত্যিকারের গণতন্ত্র যদি বলেন তা একেই বলে। যদিও আমরা জানি এই গণতান্ত্রিক ব্যবস্থাকে কার্যকরী করা এই সমাজ ব্যবস্থায় এবং রাষ্ট্র ব্যবস্থায় কতখানি সম্ভব হবে তা আমরা জানি না কিন্তু মোটামুটি ধারণাটা এর মধ্যে আছে সেটা বোঝা যায়। প্রত্যেক স্তরে যে তিনটি স্তর ঠিক করা হয়েছে, গ্রাম, অঞ্চল এবং জেলা তাতে প্রত্যক্ষ

নির্বাচন হবে। গ্রামসভায় যারা ভোটার গ্রাম পরিষদে তারা অঞ্চলের যে নির্বাচন করবেন তারাও তার ভোটার, তারাই তার কর্তা। তারই মূল মালিক এবং জেলার যে সর্বোচ্চ যে কর্তৃত্ব জেলার তারা সেই গ্রাম যারা তৈরি করছে তারা সেই জেলারও মালিক অর্থাৎ এটা সত্যি সত্যি এই ধরনের একটা ব্যবস্থার কথা ও'রা চিন্তাই করতে পারেন নি। একচেটিয়া সুবিধাবাদ, দুর্নীতিকে ঘাঁটি করতে গেলে এতখানি ক্ষমতা জনসাধারণের হাতে দেওয়া ও'দের পক্ষে কংগ্রেস পার্টি এবং গভর্নমেন্টের পক্ষে খুবই বিপদজনক ছিল। আগে নামে পঞ্চায়েত থাকলেও আসলে ও'রা নিজেদের কব্জার মধ্যে থেকে বাই-প্রোডাক্ট একটা কমিটি ছাড়া আর কিছুই করেন নি, তার পরিণতি হয়েছে গ্রামে পঞ্চায়েত বলে একটা বিভীষিকা সৃষ্টি হয়েছিল এবং গ্রামের মানুষ পঞ্চায়েতকে ঘৃণা করত এবং উপেক্ষা করত এবং তা থেকে তারা দূরে সরে থাকত এবং তারা অপছন্দ করত। এবার আশা করা যায় যে প্রত্যক্ষ নির্বাচনের দ্বারা যে পঞ্চায়েত হবে তাতে জনসাধারণের আস্থা ফিরে আসবে বলে আশা করছি। কোন কোন অঞ্চলে সাধারণ প্রতিনিধি যদি আসতে না চায়—এমন কি অঞ্চল পরিষদে পর্যন্ত কিছু কিছু গেছেন কিন্তু তাঁদের কোন কিছু করবার ছিল না জনসাধারণের প্রতিনিধিদের। সেখানে কি হত স্ট্যান্ডিং কমিটির যে জাঁতাকল সেখানে সব মেম্বার কংগ্রেস পার্টির নয় অন্যান্য মেম্বারও কিছু আছে, সেখানে গেঁড়াকল করে স্ট্যান্ডিং কমিটি করে দিত। স্ট্যান্ডিং কমিটি তারা যা করে দেবে সেটাই ফাইন্যাল, জেনারেল বডির কিছু করবার ক্ষমতা ছিল না। অতএব সে জন্য বলছি যে গণতন্ত্র ওরাই হত্যা করেছে। এখন সত্যিকারের গণতন্ত্র পঞ্চায়েত ব্যবস্থায় আনার চেষ্টা করা হচ্ছে বলে ওরা স্বেচ্ছাচারিতা হবে বলে বলছেন।

এতে যদি স্বেচ্ছাচারিতা আসে তাহলে সেই স্বেচ্ছাচারিতার দরকার আছে। আজ দেশের মানুষ বাংলা দেশের রাষ্ট্র ক্ষমতা থেকে কংগ্রেসকে হাটিয়ে দিয়ে যদি তারা স্বেচ্ছাচারিতা করে থাকে তাহলে সেই স্বেচ্ছাচারিতা দরকার ছিল এবং এই ধরনের আরো ব্যবস্থা করার দরকার আছে। তেমনি পঞ্চায়েতের মধ্যেও যদি স্বেচ্ছাচারিতা আসে তাহলে তার প্রয়োজন আছে। জনসাধারণকে ক্ষমতা দিতে গেলে, তাদেরকে কাজে লাগাতে গেলে, তাদের অধিকারকে তাদের হাতে তুলে দিতে গেলে তার প্রয়োজন আছে। এখানে প্রতিটা স্তরের যোগাযোগ থাকবে। এই প্রসঙ্গে আমি একটা বিষয়ের প্রতি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে পঞ্চায়েতের কাজ করতে গেলে আমরা দেখেছি খুব অসুবিধা হয়। কারণ সব থেকে অসুবিধা হচ্ছে অর্থনৈতিক সরবরাহের ব্যাপারটা। গ্রামে মানুষ আজ এমন অবস্থায় এসেছে, এটা যতই আমরা কল্পনা করি না কেন এই ট্যাক্স করে তাদের কাছ থেকে আর এক পয়সাও আদায় করা যাবে না কারণ তারা আজ ভেঙ্গে পড়েছে। এখনকার দিনে যদিও চালের দাম কিছু কমেছে তা সত্ত্বেও গ্রামের মানুষ আটা ছাড়া আর কিছুই খেতে পায় না, খাবার সুযোগ নেই। কারণ চালের দাম ১·৬০ বা ১·৭০ আর আটার দাম ·৮৭ পয়সা এবং তাও সকলের তা জুটছে না। এই ধরনের মানুষই গ্রামে শতকরা ৯৯ জন। কি করে তার কাছ থেকে ট্যাক্স আদায় করবেন? মুষ্টিমেয় কিছু লোক গ্রামে ধনী আছে, জোতদার শ্রেণীর লোক, তাদের কাছ থেকে যেটুকু ট্যাক্স আদায় করা যাবে তাতে করে পঞ্চায়েতের কাজ কতখানি চলবে জানি না, তবে নিশ্চয়ই সে চেষ্টা করতে হবে এবং যতটুকু সম্ভব আদায় করতে হবে, কিন্তু তাহলেও পঞ্চায়েতের উপর বোঝা চাপবে। যেমন চৌকিদারের মাইনের অর্ধেক তাকে দিতে হয়, এই ব্যবস্থা তুলে দেওয়া দরকার। আমি ঢের পঞ্চায়েতের খবর জানি যে চৌকিদাররা ৮/১০ মাস মাইনে পায় না। গভর্নমেন্টের তরফ থেকে যে অংশটা দেওয়া হয় সে টাকাও তারা মেরে দেয়। এই চৌকিদার, দফাদাররা ৩০।৩৫ টাকা মাইনে পায়, যদিও যুক্তফ্রন্টের আমলে তাদের কিছু বেড়েছে কিন্তু এই বাড়াটা অধিকাংশ চৌকিদারই তার সুখ পায় না। বাংলাদেশের এই সমস্ত অঞ্চল পঞ্চায়েতগুলির অধিকাংশ অঞ্চল পঞ্চায়েতগুলিই কংগ্রেস পার্টির দখলে এবং বহু অঞ্চল প্রধানের বিরুদ্ধে কেসও হয়েছে, সেইজন্য আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে উপাধ্যক্ষ মহাশয়, যে তাদের সরকারী মাইনে দেওয়া দরকার। কাজেই চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মত তাদের নিয়োগ করা দরকার। আর তাদের চাকরীটা পঞ্চায়েতের উপরেই ন্যস্ত থাকা দরকার। এখন হচ্ছে কি, তার কর্তা যে কে, বেশীর ভাগ সময়েই চৌকিদার ও দফাদাররা পঞ্চায়েতকে মানে না। কারণ পুলিশ নাকি তার মালিক যেহেতু গভর্নমেন্ট মাইনে দেয়। মাইনে না দিলেও

ইউনিয়ন বোর্ড যখন মাইনে দিতো তখনও ইউনিয়ন বোর্ডের আমলে পুলিশ ডাকলে আর উপায় নেই, প্রেসিডেন্টই ডাকুক আর প্রধানই ডাকুক, তাকে তল্পি তল্পা ফেলে পুলিশের কাছে যেতে হয়, তার আর কোন উপায় নেই। তারা যখন ডেকেছে ক্লোক জারী করবার জন্য তখন আর কোন কথা নয় গণতন্ত্র তনতন্ত্র সব রইলো ঝোলায় তোলা, তারা যখন ডেকেছে তাদের কাজই আগে করতে হবে, পুলিশের হুকুম আগে তামিল করতে হবে। নিশ্চয়ই পুলিশের শান্তি রক্ষার কাজে তাকে সাহায্য করতে হবে। কিন্তু সেটা পঞ্চায়েতের কাজকর্ম বজায় রেখে তাদের অনুমতি সাপেক্ষে হওয়া দরকার। এটা বর্তমানে এখন নেই। আর একটা জিনিসের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সেটা হচ্ছে যে সব মেম্বার—অতীতে আমরা দেখেছি, পঞ্চায়েতে দেখেছি, ইউনিয়ন বোর্ডে দেখেছি, এবং এম, এল, এ, দেখেছি, তার জাজ্বল্য প্রমাণ আমাদের ওখানে এক বক্তা যিনি এখানে বক্তৃতা করতে পারলেন না, গণতন্ত্রের ধ্বজাধারী, নলিনাক্ষ সান্যাল, যে একবার মেম্বার হয়ে গেলে আর উপায় নেই, সে যদি জনসাধারণের প্রতি বিশ্বাসঘাতকাও করে তাহলে তার কিছু করা যাবে না। তা এই অ্যাক্টে কথা উঠেছিল রি-কল করার ব্যাপারটা। আমি বলি আমরা যখন গ্রামের একেবারে নীচু স্তরে যাচ্ছি, সমস্ত বাংলাদেশের গ্রামাঞ্চলকে আমরা যখন এর অধীনে আনছি, গণতন্ত্রের কিছুটা রূপ যখন আমরা এ ব্যাপারে দেখাতে যাচ্ছি, করতে পারবো কিনা জানি না এই সমাজ ব্যবস্থায় তাদের কেন আমরা এই অধিকার দেবো না? এটা একটা ট্রেনিং হিসাবে দেওয়া দরকার। এটা সিলেক্ট কমিটিতে যখন যাচ্ছে তখন সেখানে তিনি যেন এটাকে অ্যাড করে নেন যে অঞ্চল পরিষদেই হোক বা জেলা পরিষদেরই হোক তাকে রি-কল করা যাবে। আর এখানে ব্লক ওয়াইজ একটা কমিটি করার কথা আছে, কমিটি একটা হওয়া দরকার বর্তমান পরিস্থিতিতে যখন ব্লক আছে, তার মধ্যে এখানে এম, এল, এ, যাঁরা আছেন তাঁদের এর মধ্যে ইনক্লুড করা দরকার বলে আমি মনে করি। এখানে বিশেষ করে যখন ডেভালপমেন্টের আলোচনা হবে তখন এম, এল, এ-দের এর মধ্যে আমি থাকা উচিত বলে মনে করি। এই বিলের মধ্য দিয়ে দেশে গণতন্ত্র বা পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হয়ে যাবে বলে আমি মনে করি না কারণ অর্থনৈতিক সমস্যা দেশের মেহনতি মানুষের ঘাড়ে যতক্ষণ যাঁতাকলের মত চেপে থাকবে ততক্ষণ পর্যন্ত কোন ব্যবস্থাই কার্যকরী হবে না। কিন্তু তাদের প্রকৃত গণতন্ত্রের আস্বাদটা এর মধ্যে পাবে বলে আমি মনে করি এবং সেইজন্য এই বিলটিকে আমি সর্বান্তঃকরণে আপনার মাধ্যমে উপাধ্যক্ষ মহাশয়, আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

**Shri Santosh Kumar Roy:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গান্ধীজী স্বপ্ন দেখেছিলেন যে স্বাধীনতার পর দেশের মানুষকে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে তাঁদের শাসনক্ষমতার অংশীদার করতো। সেই আদর্শ নিয়ে আমরা দেশে পঞ্চায়েত রাজ সৃষ্টি করেছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা ঠিক যে আমাদের পঞ্চায়েতরাজ যে আশা নিয়ে আমরা করেছিলাম, সে আশা আমাদের সফল হয়নি। আজ একজন গান্ধীবাদী নেতা পঞ্চায়েত মন্ত্রীরূপে আজ পঞ্চায়েত বিল নিয়ে এসেছেন। কিন্তু পঞ্চায়েত-রাজের ব্যবস্থায় যে কারণে আমরা ব্যর্থ হয়েছি সেই কারণের পুনরাবৃত্তি যাতে এই আইনের মধ্যে না হয় তার আশা আমরা করেছিলাম, কিন্তু তা ব্যর্থ হয়েছে। এখানে অনেক সদস্য এই বিলকে অভিনন্দিত করেছেন যে সাম্রাজ্যবাদ বিরোধী শোষণমুক্ত শাসন ব্যবস্থা এনে দিচ্ছেন আমাদের গান্ধীবাদী মন্ত্রী পঞ্চায়েত-রাজ আইনের মাধ্যমে। আমি জানি না কিভাবে সাম্রাজ্যবাদ বিরোধী শোষণমুক্ত আইন এই বিলে এসে যাচ্ছে। আমাদের কম্যুনিষ্ট বন্ধুরা পঞ্চায়েত নিয়ে অনেক আলোচনা সমালোচনা করলেন। কিন্তু তাঁরা ক্ষমতা বিকেন্দ্রীকরণের চিন্তা করতেও পারেন নি। ওঁদের দর্শনে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা চিন্তার বাইরে সুতরাং ওঁরা ঐ ব্যবস্থাকে অভিনন্দিত করবেন কিনা সেটা বড় কথা নয়, ওঁরা ছাড়া আর যাঁরা গণতন্ত্রে বিশ্বাসী জাতীয়তাবাদী দল আছে, তাঁদের কাছে আপনার মাধ্যমে নিবেদন রাখতে চাই। ডাইরেক্ট ইলেকসান ও ইনডাইরেক্ট ইলেকসান-এর মধ্যে কোনটা ভাল, আর কোনটা মন্দ সে তর্কে না গিয়েও আমি বলছি ইনডাইরেক্ট ইলেকসান করে সমস্যাকে আমরা দূর করতে পারি নি। আজকে যে কথা বলা হচ্ছে যে ডাইরেক্ট ইলেকসান হলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে,

নির্বাচন হবে। গ্রামসভায় যারা ভোটার গ্রাম পরিষদে তারা অঞ্চলের যে নির্বাচন করবেন তারাও তার ভোটার, তারাই তার কর্তা। তারই মূল মালিক এবং জেলার যে সর্বোচ্চ যে কর্তৃত্ব জেলার তারা সেই গ্রাম যারা তৈরি করছে তারা সেই জেলারও মালিক অর্থাং এটা সত্যি সত্যি এই ধরনের একটা ব্যবস্থার কথা ওঁরা চিন্তাই করতে পারেন নি। একচেটিয়া সুবিধাবাদ, দুর্নীতিকে ঘাঁটি করতে গেলে এতখানি ক্ষমতা জনসাধারণের হাতে দেওয়া ওঁদের পক্ষে কংগ্রেস পার্টি এবং গভর্নমেন্টের পক্ষে খুবই বিপদজনক ছিল। আগে নামে পঞ্চায়েত থাকলেও আসলে ওঁরা নিজেদের কব্জার মধ্যে থেকে বাই-প্রোডাক্ট একটা কমিটি ছাড়া আর কিছুই করেন নি, তার পরিণতি হয়েছে গ্রামে পঞ্চায়েত বলে একটা বিভীষিকা সৃষ্টি হয়েছিল এবং গ্রামের মানুষ পঞ্চায়েতকে ঘৃণা করত এবং উপেক্ষা করত এবং তা থেকে তারা দূরে সরে থাকত এবং তারা অপছন্দ করত। এবার আশা করা যায় যে প্রত্যক্ষ নির্বাচনের দ্বারা যে পঞ্চায়েত হবে তাতে জনসাধারণের আস্থা ফিরে আসবে বলে আশা করছি। কোন কোন অঞ্চলে সাধারণ প্রতিনিধি যদি আসতে না চায়—এমন কি অঞ্চল পরিষদে পর্যন্ত কিছু কিছু গেছেন কিন্তু তাঁদের কোন কিছু করবার ছিল না জনসাধারণের প্রতিনিধিদের। সেখানে কি হত স্ট্যান্ডিং কমিটির যে জাঁতাকল সেখানে সব মেম্বার কংগ্রেস পার্টির নয় অন্যান্য মেম্বারও কিছু আছে, সেখানে গেঁড়াকল করে স্ট্যান্ডিং কমিটি করে দিত। স্ট্যান্ডিং কমিটি তারা যা করে দেবে সেটাই ফাইন্যাল, জেনারেল বডির কিছু করবার ক্ষমতা ছিল না। অতএব সে জন্য বলছি যে গণতন্ত্র ওরাই হত্যা করেছে। এখন সত্যিকারের গণতন্ত্র পঞ্চায়েত ব্যবস্থায় আনার চেষ্টা করা হচ্ছে বলে ওরা স্বেচ্ছাচারিতা হবে বলে বলছেন।

এতে যদি স্বেচ্ছাচারিতা আসে তাহলে সেই স্বেচ্ছাচারিতার দরকার আছে। আজ দেশের মানুষ বাংলা দেশের রাষ্ট্র ক্ষমতা থেকে কংগ্রেসকে হাটিয়ে দিয়ে যদি তারা স্বেচ্ছাচারিতা করে থাকে তাহলে সেই স্বেচ্ছাচারিতা দরকার ছিল এবং এই ধরনের আরো ব্যবস্থা করার দরকার আছে। তেমনি পঞ্চায়েতের মধ্যেও যদি স্বেচ্ছাচারিতা আসে তাহলে তার প্রয়োজন আছে। জনসাধারণকে ক্ষমতা দিতে গেলে, তাদেরকে কাজে লাগাতে গেলে, তাদের অধিকারকে তাদের হাতে তুলে দিতে গেলে তার প্রয়োজন আছে। এখানে প্রতিটা স্তরের যোগাযোগ থাকবে। এই প্রসঙ্গে আমি একটা বিষয়ের প্রতি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে পঞ্চায়েতের কাজ করতে গেলে আমরা দেখেছি খুব অসুবিধা হয়। কারণ সব থেকে অসুবিধা হচ্ছে অর্থনৈতিক সরবরাহের ব্যাপারটা। গ্রামে মানুষ আজ এমন অবস্থায় এসেছে, এটা যতই আমরা কল্পনা করি না কেন এই ট্যাক্স করে তাদের কাছ থেকে আর এক পয়সাও আদায় করা যাবে না কারণ তারা আজ ভেঙ্গে পড়েছে। এখনকার দিনে যদিও চালের দাম কিছু কমেছে তা সত্ত্বেও গ্রামের মানুষ আটা ছাড়া আর কিছুই খেতে পায় না, খাবার সুযোগ নেই। কারণ চালের দাম ১·৬০ বা ১·৭০ আর আটার দাম ·৮৭ পয়সা এবং তাও সকলের তা জুটছে না। এই ধরনের মানুষই গ্রামে শতকরা ৯৯ জন। কি করে তার কাছ থেকে ট্যাক্স আদায় করবেন? মুষ্টিমেয় কিছু লোক গ্রামে ধনী আছে, জোতদার শ্রেণীর লোক, তাদের কাছ থেকে যেটুকু ট্যাক্স আদায় করা যাবে তাতে করে পঞ্চায়েতের কাজ কতখানি চলবে জানি না, তবে নিশ্চয়ই সে চেষ্টা করতে হবে এবং যতটুকু সম্ভব আদায় করতে হবে, কিন্তু তাহলেও পঞ্চায়েতের উপর বোঝা চাপবে। যেমন চৌকিদারের মাইনের অর্ধেক তাকে দিতে হয়, এই ব্যবস্থা তুলে দেওয়া দরকার। আমি ঢের পঞ্চায়েতের খবর জানি যে চৌকিদাররা ৮/১০ মাস মাইনে পায় না। গভর্নমেন্টের তরফ থেকে যে অংশটা দেওয়া হয় সে টাকাও তারা মেরে দেয়। এই চৌকিদার, দফাদাররা ৩০।৩৫ টাকা মাইনে পায়, যদিও যুক্তফ্রন্টের আমলে তাদের কিছু বেড়েছে কিন্তু এই বাড়াটা অধিকাংশ চৌকিদারই তার সুখ পায় না। বাংলাদেশের এই সমস্ত অঞ্চল পঞ্চায়েতগুলির অধিকাংশ অঞ্চল পঞ্চায়েতগুলিই কংগ্রেস পার্টির দখলে এবং বহু অঞ্চল প্রধানের বিরুদ্ধে কেসও হয়েছে, সেইজন্য আমি অনুরোধ করবো আপনার মাধ্যমে উপাধ্যক্ষ মহাশয়, যে তাদের সরকারী মাইনে দেওয়া দরকার। কাজেই চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মত তাদের নিয়োগ করা দরকার। আর তাদের চাকরীটা পঞ্চায়েতের উপরেই ন্যস্ত থাকা দরকার। এখন হচ্ছে কি, তার কর্তা যে কে, বেশীর ভাগ সময়েই চৌকিদার ও দফাদাররা পঞ্চায়েতকে মানে না। কারণ পুলিশ নাকি তার মালিক যেহেতু গভর্নমেন্ট মাইনে দেয়। মাইনে না দিলেও

আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে এই নিবেদন রাখছি যে তিনি যেন নূতন আইনে ব্লক পঞ্চায়েতের হাতে ব্লকের সমস্ত কিছু ডেভালপমেন্ট ওয়ার্ক এবং পাব্লিক ওয়েলফেয়ার ওয়ার্ক দেন এবং সেখানকার বি, ডি, ও-রা তাঁদের নির্দেশে এক্সিকিউটিভ অফিসার হিসাবে যেন সে দায়িত্ব পালন করেন। মাননীয় সভাপালমহাশয়, আজকে যে বিল এসেছে সেই বিলকে সমর্থন বা প্রত্যাখান করার উপায় নেই, কারণ এই বিল সিলেক্ট কমিটিতে যাচ্ছে। সিলেক্ট কমিটি সেই বিল যখন এখানে উপস্থিত করবেন তখন আলোচনা করে আমরা স্থির করবো যে বিলকে আমরা সমর্থন করবো না প্রত্যাখান করবো। তবে স্যার, আমি আবার আপনার মাধ্যমে মাননীয় গান্ধীবাদী মন্ত্রী বিভূতিবাবুর কাছে নিবেদন করবো—তাঁর কাছে গান্ধীবাদীদের অনেক আশা, তিনি এমনভাবে পঞ্চায়েত আইন করুন যাতে গান্ধীজী যে চিন্তা করেছিলেন এবং স্বপ্ন দেখেছিলেন তা যেন বাংলাদেশের পঞ্চায়েতের মাধ্যমে সার্থক হয়। এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may please reply.

**Shri Bibhuti Bhusan Das Gupta:**
মাননীয় সভাপালমহাশয়, এই বিলটি সিলেক্ট কমিটিতে যাচ্ছে বলে আমি আর এর যেসমস্ত পয়েন্টস এখানে উঠেছে তার বিশদ উত্তর দেবার প্রয়োজন মনে করছি না। সিলেক্ট কমিটিতে এই সমস্তগুলি রাখা হবে এবং সিলেক্ট কমিটি সে বিষয়ে ঠিক করবেন। তবে মূলগত ২/১টি বিষয় সম্বন্ধে আমি কিছু বলবার প্রয়োজন আছে বলে মনে করছি। প্রথমতঃ ২/১ জন সদস্য বললেন এলাকা সম্বন্ধে, এলাকা ঠিক করা হয়নি কেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে সাধারণতঃ এলাকার ব্যাপার ও জনসংখ্যার ব্যাপারটা রুলসে করা হয়ে থাকে। আমাদের এই যে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল-এর ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট, ১৯৫৭ করা হয়েছিল তাতে গ্রাম এবং অঞ্চলে এলাকা এবং পপুলেশনের ব্যাপারটা রুলসে রেখেছিলেন, অ্যাক্টে রাখেন নি। তার কারণ হচ্ছে সুবিধা অসুবিধা আছে সেই জন্য রুলসে রাখা হয়েছিল। সেটা রাখার জন্য কোন কোন সদস্য বললেন যে রাজনৈতিক উদ্দেশ্যে রাখা হয়েছে, সেটা করা হয়নি। আমার মনে হয় না কংগ্রেস গভর্নমেন্ট যখন এই আইনটা করেছিলেন তখন যে তাঁরা রাখেননি সেটা নিশ্চয়ই রাজনৈতিক উদ্দেশ্যে রাখেন নি। তাহলে সেটা বলতে হয় তাঁরা রাজনৈতিক উদ্দেশ্যে রেখেছিলেন। যাই হোক এলাকার ব্যাপারটা ও আরো ২/১টা বিষয়ে যা আলোচনা হয়েছে তাতে এই বিল সম্বন্ধে বিশেষ কিছু বিরোধিতার আছে বলে আমি মনে করি না। তবে একটা জিনিস শুনে আমি খুব আশ্চর্য হয়ে গেলাম, সেটা হচ্ছে এঁরা একদিকে গণতন্ত্রের নাম করছেন আর অপর দিকে এঁরা অনেকে প্রত্যক্ষ নির্বাচন চান না বা প্রত্যক্ষ নির্বাচনের সমালোচনা করছেন। আমি বুঝতে পারি না যে গণতন্ত্র যদি আমরা চাই তাহলে প্রত্যক্ষ নির্বাচন সেই গণতন্ত্রকে আরো আগে বাড়িয়ে দেয় না গণতন্ত্রকে পিছিয়ে দেয়। এই জিনিসটা যদি শুধু সমালোচনার জন্য হয় যে যেহেতু যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে পঞ্চায়েত বিল আনা হয়েছে সেইহেতু এটা সমালোচনা করতে হবে তাহলে আমার মনে হয় সেটা ঠিক সুষ্ঠু এবং সুন্দর হয় না। আর তা ছাড়া এঁরা যে গান্ধীজীর কথা তুলেছেন সে সম্পর্কে বলতে চাই যে গান্ধীজীর সম্বন্ধে আমি এই হাউসে বিশেষ কিছু বলতে চাই না, বিশেষ করে এঁদের কাছে যাঁরা গান্ধীজীর কথা তুলেছেন। কিন্তু এটা ঠিক গান্ধীজী জনসাধারণের সম্বন্ধে যে গণতান্ত্রিক অধিকার, যে গণতান্ত্রিক ব্যবস্থার কথা বলেছেন সমস্ত কংগ্রেস সেই ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত মূলগতভাবে এবং সম্পূর্ণভাবে সেই গণতান্ত্রিক ব্যবস্থার পরিপন্থী হিসাবে সমস্ত ব্যবস্থা করে গিয়েছেন। কনস্টিটিউশান থেকে আরম্ভ করে সমস্ত জিনিসটার মধ্যে তাই প্রতিফলিত হয়ে আছে।

সুতরাং আজকে গান্ধীজীর কথা ওঁদের না তোলাই ভাল এবং গণতন্ত্রের কথা না বলাই ভাল। এবার আমি চৌকিদারদের কথায় আসছি। চৌকিদারদের কথা এদিক থেকে বলেছেন, ওদিক থেকেও বলেছেন—চৌকিদারদের ব্যাপারটা একটা আশ্চর্য ব্যাপার। ১৮৭১ সাল থেকে আজ পর্যন্ত চৌকিদারদের কোন স্কেল ঠিক হল না। এটা সত্যি যে ইংরেজ গভর্নমেন্টের আমলে হয়নি, কংগ্রেস গভর্নমেন্টের আমলেও হয়নি। আমরাই একমাত্র যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে এই চৌকিদারদের ব্যাপারটার জন্য বেতন কমিশনের কাছে পাঠিয়েছি যে এদের সম্বন্ধে একটা

সুষ্ঠু এবং সুনির্দিষ্ট ব্যবস্থা হওয়া দরকার। দু-একজন বলেছেন যে চৌকিদারদের মাইনে ১২ টাকা এবং ১০ টাকা ইউনিয়ন বোর্ড দেয়। কংগ্রেস আমলে পঞ্চায়েত হবার সময় বহু জায়গায় মামলা-মোকদ্দমার জন্য অঞ্চল পঞ্চায়েত বা পঞ্চায়েত সৃষ্টি হতে পারেনি সেখানে ইউনিয়ন বোর্ডগুলি রাখা হয়েছে এবং সেইসব ইউনিয়ন বোর্ডে চৌকিদার ও দফাদারদের ১০।১২ টাকা মাইনে হয়ত আছে। পঞ্চায়েতের অধীনে যে সমস্ত চৌকিদার, দফাদার আছে তাদের বেতন ৪০।৫০ টাকা। গভর্নমেন্ট থেকে ২০।২৫ টাকা দেওয়া হয় এবং বাকি অঞ্চল পঞ্চায়েত থেকে দেবার ব্যবস্থা করা হয়। এই কথা ঠিক যে তাদের অভাব আছে। শুধু তাই নয় আমি চেষ্টা করছি যে চৌকিদারদের একটি মর্যাদাসম্পন্ন দেশের সেবক হিসাবে কি করা যায় --আর যাঁরা বলেছেন বিকেন্দ্রীকরণের নামে সংকীর্ণ প্রশ্রয় দেওয়া হচ্ছে কিনা—এইসব কথা শুনে আশ্চর্য লাগে। ও'রা বিকেন্দ্রীকরণের নামে সংকীর্ণ প্রশ্রয় খুঁজে পাচ্ছেন এবং সেদিক দিয়ে চিন্তা করতে বলছি যে এটা কোন রাজনৈতিক চেতনা সম্পন্ন ব্যক্তি বর্তমান ভারতবর্ষে বিকেন্দ্রীকরণ ব্যবস্থাকে সংকীর্ণতার মধ্যে নিয়ে আসতে পারেন এটা আমাদের কল্পনাতীত, চিতার অতীত। বর্তমানে বিকেন্দ্রীকরণ ব্যবস্থার জন্য নানা রকম গবেষণা, নানা রকম আলোচনা চলেছে সেসব খবর ও'রা রাখেননি এবং রাখবার প্রয়োজনও হয় না এবং ভারতবর্ষের শাসন-ব্যবস্থায় যে সংবিধান সেই সংবিধানে স্পষ্টতঃ বলে গেছে যে এই বিকেন্দ্রীকরণের ব্যবস্থা সমস্ত স্টেটে করা দরকার। এর পর অন্য কাজ আরম্ভ করে। তাই একটি বিষয়ে ভাল কথা মনে করিয়ে দিয়েছেন যে টায়ার সম্বন্ধে সবাই গোলমালে পড়ে গেছেন। বর্তমান স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসে টায়ার সিস্টেম সম্বন্ধে স্পষ্টভাবে বলা হয়েছে।

There cannot be any devolution and dispersal of power without a real democratic structure decentralised from the lowest to the topmost level. Care has been taken in this Bill to build up a real democratic structure from the village to the district level in three stages by direct election.

এখানে স্পষ্ট বলে দেওয়া হয়েছে। কারণ, অনেকে অভিযোগ করেছিলেন যে আপনারা বলছেন এক কথা আর করছেন আর এক কথা। আমরা বলছি থ্রি স্টেজেস বাই ডাইরেক্ট ইলেকসান এবং ডেমোক্রেটিক স্ট্রাকচার-এ করছি। ব্লকের ব্যাপারে ইন্ট্রোডিউস করবার সময় আমি বলেছি যে ব্লকের পর্যায়ে যেটা রাখা হয়েছে সেটা হচ্ছে বাংলাদেশে ব্লক পর্যায়ে একটা কো-অর্ডিনেশন বডি থাকা দরকার, সেটা অঞ্চলের মধ্যে এবং ব্লকের সমস্ত পর্যায়ে কো-অর্ডিনেট করবে এই জন্য একটা বডি থাকা দরকার।

[5-10—5-20 p.m.]

এবং সেই হিসাবে এই বডিটিকে করা হয়েছে, সেটা পঞ্চায়েতের টায়ার হিসাবে নয়। সুতরাং এটা যিনি বলেছেন তিনি ভাল করে পড়ে দেখেন নি, যদি পড়ে দেখতেন তাহলে এটা সম্বন্ধে কনফিউশন রাখতেন না। পরিষ্কার বলা হয়েছে তিনটি স্টেজ-এ বাই ডিরেক্ট ইলেকসন, এই ডেমোক্রাটিক স্ট্রাকচার করা হয়েছে। সুতরাং এ সম্বন্ধে আর অভিযোগ কিছু থাকবে না। আমি আর বিশেষ কিছু বলবার আছে বলে মনে করি না। সমস্ত জিনিস সিলেক্ট কমিটিতে আলোচনা করবো। এর মধ্যে আর একটা কথা বলতে চাই যে আমরা এই যে বিলটা করেছি তার মধ্যে আমরা প্রাণপণ চেষ্টা করেছি যে গত বিলে যে আইনগত ডিফেক্টস ছিল তা যতটুকু পরিমাণে পারা যায় সেইগুলো সংশোধন করে ডিফেক্টস না রাখার চেষ্টা করেছি। কেউ কেউ বলেছেন হাইকোর্টের কথা ট্যাক্সের ব্যাপারে, মামলার কথা, সেটা আমাদের সংবিধানের যে ২২৮ ধারা আছে তার মধ্যে যে কোন ব্যাপার আসতে পারে, সেটা এড়িয়ে কোন আইন হতে পারে বলে আমি মনে করি না এবং সেদিকে আমি সম্পূর্ণ বলতে পারছি না যে এই বিল ফুল প্রুফ এবং ২২৬ প্রুফ হয়েছে, সেটা জোর করে দাবি করতে পারি না। কেউ কেউ বলেছেন যে এর মধ্যে সরকার নমিনেশন আছে, আমি তো সমস্ত বিলের মধ্যে—যিনি বলেছেন, তিনি বিলটি না পড়েই বলেছেন, সরকারী নমিনেশনের ব্যবস্থা কোথাও নেই, একমাত্র যা আছে বিলের মধ্যে কো-অপশনের কথা আছে। কোন জায়গায় আছে কো-অপশন, জেলা পরিষদে যদি হরিজন সিডিউল কাস্ট বা সিডিউল ট্রাইবস অথবা কোন মেয়েরা যদি নির্বাচিত যে সমস্ত এম, এল, এ, বা এম, পি, সদস্যরূপে না আসেন, সেখানে সেই সিডিউল কাস্ট বা সিডিউল ট্রাইবস থেকে, জেলা

পরিষদ কো-অপ্ট করে নেবেন। সরকারী নমিনেশনের কথা কোন জায়গায় নেই। শেষ করার আগে একটা কথা বলি যে অনেকে বলেছেন বাংলা কপি কেন দেওয়া হয়নি, আমি খোঁজ নিয়ে দেখলাম, আশা করি শীঘ্রই তা আপনাদের দিতে পারবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলে আমার বক্তব্য আজকের মত শেষ করছি, আমি আশা করবো যে আমার এই যে প্রস্তাব, যে মোশন আমি করেছি সিলেক্ট কমিটিতে, সেই প্রস্তাব সকলে গ্রহণ করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bibhuti Bhusan Das Gupta that the West Bengal Panchayat Bill, 1969, be referred to a Seect Committee consisting of the following Members, namely:—

(1) Shri Benoy Krishna Chowdhury,
(2) Shri Joykesh Mukherjee,
(3) Shri Kanai Bhowmik,
(4) Shri Gangapada Kuar,
(5) Shri Sasabindu Bera,
(6) Shri Satyapada Bhattacharyya,
(7) Shri Amales Chandra Majumdar,
(8) Shri Renupada Halder,
(9) Shri Samarendra Nath Ojha,
(10) Shri Padmalakshmi Subba,
(11) Shri Balailal Das Mahapatra,
(12) Shri Md. Elias Razi,
(13) Shri Pannalal Das Gupta,
(14) Shri Mohammed Karim Baksh,
(15) Dr. Nalinaksha Sanyal,
(16) Shri Abdus Sattar,
(17) Shri A. K. M. Ishaque,
(18) Shri Prasenjit Barman, and
(19) The Minister-in-charge of the Panchayats Department.

with instruction to submit their report by the day following the opening day of the next Session of the Assembly, was then put and agreed to.

## The West Bengal Duty on Inter-State River-Valley Authority Electricity Bill, 1969

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Sir, I beg to introduce the West Bengal Duty on Inter-State River-Valley Authority Electricity Bill, 1969.

(Secretary then read the title of the Bill.)

Sir, I beg to move that the West Bengal Duty on Inter-State River-Valley Authority Electricity, Bill, 1969, be taken into consideration.

Sir, at the outset I want to make it clear that the present piece of legislation is not a measure for additional taxation. The only purpose of this legislation is to ensure prevention of possible loss of Government revenue from electricity duty. I would like to explain the reasons for which such a measure is considered necessary.

Article 288(1) of the Constitution of India prohibits imposition of a tax in respect of any water or electricity stored, generated, consumed, distributed or sold by any authority established by any existing law or any law made by Parliament for regulating or developing any inter-State river or river-valley.

In 1958 when the industrial consumption came to be dutiable under the Bengal Electricity Duty Act, a question arose whether in view of the above provision of the Constitution a consumer purchasing electricity direct from the D.V.C. and consuming that energy itself could be made to pay electricity duty. The then Law Officers of the Government expressed the opinion that the consumption of electricity by inter-State river-valley authority itself, i.e the D.V.C., was exempted but when a company obtained supply from such an authority and subsequently consumed that energy itself, such consumption would not come within exemption allowed by that article and it would be taxable.

The question that arose then related to the mechanism for collecting the tax payable. The existing provision of the Bengal Electricity Duty Act and the rules framed thereunder did not contain, it was found, any procedure for collecting the duty on energy purchased from the D.V.C. and actually used by various companies and other concerns. The then Law Officers advised that the legal difficulty might be overcome by amendment of the rules. According rule 11B was framed prescribing the necessary procedure for collection of duty from such consumers. Presidential assent was not, however, taken for the purpose.

The following consumer companies, amongst others, receiving electricity directly from the D.V.C. thus became liable to pay electricity duty:—

(i) Indian Iron and Steel Co. Ltd., Burnpur and Kulti.

(ii) Hindusthan Cable Co. Ltd.

(iii) Chittaranjan Locomotive Works.

(iv) Hindusthan Steel Company Ltd.

Except the last named one, all the other companies have been paying duty Hindusthan Steel Co. Ltd., has been refusing to pay duty on the ground that the State Government was not competent to impose any tax on the D.V.C. energy so long as such imposition is not authorised by the President in the manner laid down in Article 288(2) of the Constitution. As rule 11B was not promulgated with the Presidential assent they were not required to pay the duty according to their law officers. In support of their stand they subsequently furnished the opinion of the Solicitor-General of India which states inter alia that rule 11B(1) of the Bengal Electricity Duty Rules, 1935, is ultra vires the power of the State Government under section 11 of the Bengal Electricity Duty Act, 1935 and also ultra vires Article 288(1) of the Constitution of India.

The present Law Officers and the Advocate-General are also in agreement with the Solicitor-General. If these views are to be acted upon it will not only stand in the way of our realising duty from Messrs Hindusthan Steel Co. Ltd., but several crores of rupees will have to be refunded to those from whom duty has been realised for over ten years. Obviously, the State Government cannot accept this position. It may be mentioned incidentally that the Government of Bihar has amended their Electricity Duty Act with the assent

of the President for taxing energy supplied, distributed, sold or consumed for purposes other than generation or transmission of electricity by the D.V.C.

Accordingly I am introducing this Bill based on the legal position that tax cannot be imposed under the Bengal Electricity Duty Act, 1935, on electricity by whomsoever consumed, if the electricity is of the kind referred to in Article 288 of the Constitution.

[5-20--5-30 p.m.]

In view, however, of the requirement of Article 288(2) of the Constitution it is felt that all the regular provisions of the taxing statute will have to be re-enacted with the assent of the President. Since it is not feasible to make such provisions by way of amendment of the existing Act a new Act is proposed to be passed repeating wherever necessary the provisions of the existing Act. Accordingly, a new law is proposed to be enacted, namely, the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1969, with retrospective effect from 1st February, 1958 so as to give legal cover to what was done in the past. By virtue of the proposed legialation, except the energy consumed by the D.V.C. itslf, all other D.V.C. energy by whomsoever consumed will be subjected to the duty.

In view of the provisions of Article 288(2) of the Constitution the Bill when passed by the Legislature will be kept reserved for consideration of the President.

No additional expenditure is envisaged for giving effect to the provisions of the Bill.

Sir, with these words, I commend my motion for the acceptance of the House.

**শ্রীসরল দেবঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা বক্তব্য আছে, আমি একটু সেটা বলে নেই। অ্যাসেম্বলীর গেটের বাইরে কয়েক শত উদ্বাস্তু এসেছেন। তারা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটা স্মারকলিপি দিতে চান, তাদের অবস্থা এবং দুর্গতির কথা বলে। আমি এটা আপনার কাছে দিচ্ছি, মুখ্যমন্ত্রীর কাছে স্মারকলিপিটা দেবেন। যদি সম্ভব হয় তিনি গিয়ে দেখা করুন।

**Mr. Deputy Speaker:** You may hand it over to me.

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clause I to II, 1st Schedule, 2nd Schedule and Preamble

The question that clauses 1 to 11, 1st Schedule, 2nd Schedule and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Sir, I beg to move that the West Bengal Inter-State River Valley Authority Electricity Bill, 1969, as settled in the Assembly be passed.

**The motion was then put and agreed to.**

## The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969

Act XXV of 1969.

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** I beg leave to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill)

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969, be taken into consideration.

During the third Five-Year Plan the State Government raised about Rs. 41 crores by additional taxation. Measures of additional taxation were undertaken during 1965-66 and 1966-67. Even then the State Government had to undertake further measures of additional taxation not only to raise resources for the Five-Year Plan schemes but also to meet vastly increased commitments in the non-plan budget of the State. In this connection the State Government reviewed all the sources of State revenue. Of the sources which are within the legislative competence of the State Government, the State Government considered in July, 1967 that certain measures of taxation might be undertaken through appropriate legislation. Before the Bill could be placed before the Legislature it was adjourned sine die. In view of the unsatisfactory financial position of the State, the State Government decided to undertake certain measures of additional taxation by promulgation of an Ordinance. Accordingly the West Bengal Taxation Laws (Amendment) Ordinance, 1967 was promulgated with effect from 9th November, 1967 which was subsequently replaced by the West Bengal Taxation Laws (Amendment) Second Ordinance, 1968 and ultimately by the West Bengal Taxation Laws (Amendment) Act, 1968 (President's Act No. 6 of 1968).

The Legislature of West Bengal having had a session on the 29th November, 1967, the Ordinance referred to above was about to expire on the 9th January, 1968. In order to continue the provisions of the Ordinance, the Governor of West Bengal promulgated the West Bengal Taxation Laws (Amendment) Second Ordinance, 1968, on the 9th January, 1968, with a few minor changes.

This Second Ordinance was also due to expire on the 27th March, 1968, as the State Assembly had met on the 14th February, 1968, before it was dissolved by the Proclamation issued on the 20th February, 1968, by the President under article 356 of the Constitution of India, imposing President's Rule in West Bengal. In order, therefore, to continue the provisions of the Second Ordinance (West Bengal Ordinance No. V of 1968), the President of India enacted in exercise of the powers conferred by section 3 of the West Bengal State Legislature (Delegation of Powers) Act, 1968, the West Bengal Taxation Laws (Amendment) Act, 1968 (President's Act No. 6 of 1968), on the 26th March, 1968, replacing the West Bengal Taxation Laws (Amendment) Second Ordinance, 1968, with slight changes in the rates of electricity duty under a 3-slab structure instead of a 5-slab structure as had been introduced by the two earlier Ordinances.

According to the provision of the Constitution of India, the President's Act shall cease to have effect on the expiration of a period of one year after the proclamation issued under article 356 of the Constitution has ceased to operate i.e., from 25th February, 1969, unless the said Act is sooner repealed or re-enacted with or without modification by an Act of the State Legislature. The object of the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969, is to

re-enact the provisions of the West Bengal Taxation Laws (Amendment) Act, 1968 (President's Act No. 6 of 1968.), with certain modifications which I shall discuss later on.

The important provisions of the President's Act were as follows:

(1) the rates of entertainment tax under the Bengal Amusement Tax Act, 1922, in all the slabs excepting the lowest one were revised. The rates of betting tax and totalisator tax were also increased from fifteen per cent. to seventeen and a half per cent. Further a new tax, namely, "show tax" was proposed to be imposed on all cinematographic exhibitions to which the Bengal Amusement Tax Act, 1922, applies. This tax was proposed to be levied on the basis of the number of persons admitted to such exhibitions and is recoverable from the proprietor.

(2) the rates of duty on electrical energy consumed for lights and fans and also for domestic consumption for purposes other than lights and fans under the Bengal Electricity Duty Act, 1935, were revised. The exemption limit was raised from the then existing fifteen units (per month) to twenty-five units (per month) and the spread of the lowest taxable slab was widened in the interest of comparatively small consumers but the rate of duty was increased in the highest slab where consumption exceeded sixty units.

(3) sales to registered dealer or to an electrical undertaking of raw materials, consumable stores etc. including packing materials and containers required for manufacturing goods or raising coal and for generation and distribution of electrical energy which did not attract tax under the Bengal Finance Sales Tax Act, 1941, were made liable to sales tax at a concessional rate of two per cent. from prospective date i.e. 1st May, 1968.

[5-30—5-40 p.m.]

The rate of sales tax on special goods enumerated in Schedule II to the Bengal Finance (Sales Tax) Act, 1941, was enhanced from 10 per cent. to 12 per cent. with effect from 16th November, 1967. Also 12 new items of goods were included in the list of special goods.

In order to enable the State Government to realise sales tax from transactions effected by any trade or commerce with the motive to make profit and whether or not any profit accrues from such trade or commerce a definition of the term "business" has been inserted with retrospective effect.

Certain other changes were also made in the Bengal Finance (Sales Tax) Act, 1941 to plug the loopholes of the Act and to tone up the administrative procedure, e.g., (i) demand of security deposit from any registered dealer or any person who has applied for registration or any undertaking supplying electrical energy to the public for proper payment of tax and for proper use and safe custody of declaration forms, (ii) prescription of penalty for concealment of sales, furnishing of incorrect particulars etc. (iii) enlargement of the scope of disclosure of information furnished by a dealer under the Bengal Finance (Sales Tax) Act, 1941, the West Bengal Sales Tax Act, 1954 and the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Act, 1962.

The rates of tax under the Bengal Agricultural Income Tax Act, 1944, in the case of every individual, Hindu undivided family (other than Hindu undivided family consisting of brothers only) and in the case of every company, firm or other association of persons were enhanced;

As regards clause 2 of the Bill dealing with the amendment of the Bengal Amusements Tax Act, 1922, I would say that on and from 16th November, 1967, the rates of entertainment tax in the case of payments for admission to cinematograph exhibitions under section 3(3a) of the Bengal Amusement Tax Act, 1922, in all slabs excepting the lowest one were revised. The tax-structure prior to the 16th November, 1967, and after that date is as indicated below:—

Rates of entertainment tax in respect of cinematograph exhibitions.

| Rates prior to 16th November 1967 | | Rates enforced on and from 16th Nov. 1967 | |
|---|---|---|---|
| Where the payment excluding the tax is | Rate of tax (to be rounded off to a multiple of five paise if it is not a multiple of five paise) | Where the payment excluding the tax is | Rates of tax (to be rounded off to a multiple of five paise if it is not a multiple of five paise) |
| | Per cent. | | Per cent. |
| (i) 20 P. or more but not more than 50 P | 25 | (i) 20 P or more but not more than 50 P | 25 |
| (ii) More than 50 P but not more than Re 1·00. | 40 | (ii) More than 50 P but not more than Rs 1 20 | 50 |
| (iii) More than Re. 1 00 but not more than Rs 3 00. | 75 | (iii) More than Rs 1 20 but not more than Rs 2 25 | 75 |
| (iv) More than Rs. 3·00 .. | 100 | (iv) More than Rs 2·25 .. | 100 |

The rates of totalisator tax and betting tax in respect of races under sections 15 and 18 of the Bengal Amusements Tax Act, 1922, were enhanced from 15 per cent. to 17½ per cent. with effect from the 16th November, 1967. Also a new tax, viz., "show tax" under section 3A of the Bengal Amusements Tax Act, 1922, was imposed with effect from the 11th March, 1968 on all cinematograph exhibitions to which the Bengal Amusements Tax Act, 1922 applies on the analogy of the similar levy imposed by certain other States. This tax was levied on the basis of the number of persons admitted to such exhibitions and is recoverable from the proprietor. The rates of this new tax are as follows:—

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** ডিটেল পড়তে গেলে অনেক সময় লাগবে।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বেশ এখানে কতকগুলি ডিটেল আছে সেসব ছেড়ে গেলাম।

The object of the present Bill is to re-enact the provisions of the West Bengal Taxation Laws (Amendment) Act, 1968 (President's Act No. 6 of 1968) with modifications.

One of the modifications relates to the levy of Show Tax on cinematograph exhibitions.

Under the existing provisions of the Bengal Amusements Tax Act, 1922, Government cannot levy Show Tax at the highest rate i.e. at 1½ P. per person admitted to cinematograph exhibition in some prosperous non-municipal areas e.g. "Durgapur notified area authority" although the income of cinema proprietors in such areas is comparable to that of cinema proprietors in Calcutta or notified municipal areas where the highest rate of tax is prevailing. In order that Government can levy show tax at the highest rate mentioned above in such prosperous non-municipal areas which may fetch additional revenue, it is proposed to substitute the words "any notified municipal area" by the words "any notified area" in clause (a) of sub-section (1) of section 3A of the Bengal Amusements Tax Act so as to include the prosperous non-municipal areas along with municipal areas in any notified area for the purpose of levy of Show Tax at the highest rate.

Now coming to the clause 3 of the Bill dealing with the amendment of the Bengal Electricity Duty Act, 1935. I would like to state that prior to the 16th November, 1967 there had been 3-step duty structure in respect of consumption for lights and fans in the areas where the net charge of the licensee was less than 25 P. per unit, for example, the areas of the Calcutta Electric Supply Corporation Ltd. and a few other licensees.

The structure had been as follows:—

When monthly consumption—

| | P./unit |
|---|---|
| (i) does not exceed 15 units ... ... ... | Nil |
| (ii) is between 16 and 50 units ... ... ... | 3 |
| (iii) is above 50 units ... ... ... | 6 |

By virtue of the promulgation of the West Bengal Taxation Laws (Amendment) Ordinance 1967 the duty structure was changed from 3-step to 5-step duty structure from 16-11-67 as follows:—

When monthly consumption is—

| | P/unit |
|---|---|
| (i) within 25 units ... ... ... | Nil |
| (ii) between 26 and 60 units ... ... ... | 3 |
| (iii) between 61 and 100 units ... ... ... | 8 |
| (iv) between 101 and 200 units ... ... ... | 10 |
| (v) above 200 units ... ... ... | 12 |

Also the rate of domestic power consumption was raised from 1 P to 3 P per unit regardless of the charge of the licensee.

The new rates both in respect of lights and fans and with regard to domestic power consumption were repeated under the West Bengal Taxation Laws (Amendment) Second Ordinance, 1968.

In the meantime although there was no protest against enhancement of ty in respect of the domestic power consumption, the C.E.S.C. Ltd. mainly der whose jurisdiction the rates of duty for lights and fans in the higher bs were raised, expressed their difficulties to switch over to 5-step duty ucture with their old calculating machines. The company also stated that they were permitted to utilise their newly imported computer, they might in a position to realise duty at new rates. Since the Government were not a mood to allow the operation of the new computer the 5-step duty ucture was abandoned and again a 3-step duty structure as follows was roduced with effect from the date of promulgation of the first Ordinance , from 16-11-67.

Keeping the exemption limit at 25 units as before:—

Where monthly consumption—

| | P./unit |
|---|---|
| (i) does not exceed 25 units ... ... ... | Nil |
| (ii) is between 26 and 60 units ... ... ... | 3 |
| (iii) is above 60 units ... ... .. | 9 |

These rates are the rates now in force in the State. While going back to e three-step structure the rates of duty, as indicated above, were so fixed as ensure that the additional yield therefrom was no less than from the 5-step ucture which was originally proposed.

In the present Bill the rates introduced by the President's Act No. 6 of 68, are now sought to be ratified.

Clause 4 of the Bill deals with the amendment of the B. F. (S.T.) Act, 41. One of the main amended provisions of the President's Act was to thdraw the exemption from sales tax on sales to a registered dealer or to electrical undertaking of raw materials consumable Stores, Plant and achineries etc. including packing materials and containers thereof required r manufacturing goods, for raising Coal and for generation or distribution of ectrical energy and to levy sales tax on such sales at 2 per cent. under the ct.

I would like to state that this concessional rate of tax on raw materials etc. is decided to be levied having regard to the fact that neighbouring States of har and Orissa levy Sales tax on Plant and Machinery and raw materials. le rates of tax in those two States are as follows:—

| | |
|---|---|
| Bihar ... ... ... | 2 per cent. |
| Orissa ... ... ... | 2 per cent. to 7 per cent. |

In most other States of India, such Special concessions were not provided r in their Sales Tax Laws. For example, Sales of Plant and machinery are xed in Maharashtra at 2 per cent., in Gujrat at 3 per cent., in Andhra Pradesh 3 per cent. Sales of Plant and machinery are taxable in Assam at 7 per nt., in Orissa at 7 per cent. Thus, the impost amounted to withdrawal of special concession previously enjoyed by the industries in West Bengal and e levy only brought, West Bengal more in line with most other States in dia in this respect. Additional revenue on this account has been estimated be about Rs. 2 crores per annum.

Prior to 16-11-67, 16 items mentioned in Schedule II to the B.F. (S.T.) Act, 1941, were treated as special goods for the purpose of taxation at the higher rate of 10 per cent. That list of special goods excepting item No. 16 and the rate of tax of 10 per cent. thereon were agreed upon by all the States several years back. Since then, however, a few States like Maharashtra and Madras have raised their rate of tax on such special goods. Several States have also added new items of goods in the list of special goods. Secondly, most other States of India tax a large number of what they call semi-luxury goods at 7 per cent. or 8 per cent.

[5-40—5-50 p.m.]

In West Bengal, there is no separate classification of semi-luxury goods and all such items of goods are taxed at the general rate of 6 per cent. Thirdly, the items of goods mentioned in that list are consumed mostly by the wealthier section of the people. In the light of these facts the rate of sales tax on special goods enumerated in Schedule II to the Bengal Finance (Sales Tax) Act, 1941, was raised from 10 per cent. to 12 per cent. in this State by the said Ordinance. On this consideration, a few more items of goods which are really in the nature of luxury items consumed only by the fairly rich classes were added to this list. This enhancement was expected to yield an additional revenue of about Rs. 40 lakhs per annum.

A provision has also been made in Section 5(1)(bb) of the Bengal Finance (Sales Tax) Act, 1941, to provide that sales of packing materials to a manufacturer required by him for packing of goods manufactured by him would be taxable at the rate of 2 per cent. irrespective of the fact as to whether the manufactured goods will be sold in West Bengal (at present immune from taxation) or transferred to his branches outside West Bengal. This provision is proposed to be incorporated to do away with certain difficulties on the part of the dealers to give declaration for the purpose of claiming concession at the time of purchase of packing materials.

Section 19(3)(a)(i) of the West Bengal Sales Tax Act, 1954 and Section 20(2)(a)(i) of the West Bengal Taxes on Entry of Goods in Local Areas Act, 1962, have been sought to be amended to permit disclosure of particulars for the purpose of investigation for ascertaining whether any prosecution lies against a dealer under both the Acts. The Regional Council for sales tax for the Eastern Zone recommended disclosure of information to the Police Officers for this purpose. Hence this amendment.

Now coming to the clause 5 of the Bill dealing with Bengal Agricultural Income Tax Act, 1944, I would like to say that the Agricultural Income Tax Act was first introduced in West Bengal in 1944. The original rates of tax were amended in 1949 and since then these rates have remained unchanged except in the case of Companies and Firms; the flat rate of tax was raised from four annas in the rupee to 40 paise in the rupee in 1957.

The Companies, firms or other association of persons paying Agricultural Income Tax in West Bengal are, almost without exception, the tea gardens in North Bengal. These tea gardens earn considerable amount of profits from the internal and export market for tea. The rates of Agricultural Income Tax on Assam tea gardens vary from 45 paise in the rupee to 60 paise in the rupee. In other States of India having plantation industries like Madras and Kerala, the rates of Agricultural Income Tax are fixed on slab basis and the rates for the highest slab of income above Rs. 1 lakh vary between 62 paise in the rupee and 95 paise is the rupee. Following devaluation the Government of

India imposed additional tax burdens on the tea industry to get considerable amount of additional resources from this source. It was accordingly proposed that the West Bengal rate of Agricultural Income Tax for every company, firm or other association of persons should be raised from 40 paise to 50 paise in the rupee on the whole of their total Agricultural Income. The tea gardens paying this agricultural income tax were considered to be able to bear this extra burden.

The rates of agricultural income tax in West Bengal for individuals and Hindu Undivided Families were also rather low. The rates of income tax levied by the Government of India are much higher. In many other States agricultural income of individuals and Hindu Undivided Families is subject to higher rates of agricultural income tax including super-tax. The West Bengal rates of agricultural income tax for the higher slabs of individuals and Hindu Undivided families were therefore enhanced.

The exemption limit in regard to possession of land in addition to the income limit has been abolished to make the law more progressive with the rise in income from agriculture. The liability of agricultural income tax would be determined on the basis of income only. It is expected that these changes will fetch an additional revenue of Rs. 20 lakhs from this source. Measures of additional taxation undertaking by the ordinance were expected to yield Rs. 4.45 crores per annum as detailed below:

| | Rs. in crores |
|---|---|
| Sales Tax ... ... ... | 2.40 |
| Electricity Duty ... .. .. | 1.25 |
| Amusement Tax, Show Tax, Betting Tax | .60 |
| Bengal Agricultural Income Tax .. | .20 |
| Total . | 4.45 |

No additional expenditure is envisaged for giving effect to the provision of the amending bills.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

Sir, I would like to add a few words.

আমি তাড়াতাড়ি করে মস্তবড় একটা স্টেটমেন্ট পড়ে গেলাম। ১-৪-৬৮ তারিখে যে অর্ডিন্যান্স হয়েছিল তার আগে কি রেট ছিল আর প্রথম বা দ্বিতীয় অর্ডিন্যান্সে কি রেট দাঁড়াল আমরা এই রেট কোন বদল করি নি। সেই রেট ছিল ১,৫০০ টাকা এগ্রিকালচারাল ইনকাম তাতে কোন ট্যাক্স ছিল না, এখন এখানেও নাই। তারপরে ৫,৫০০ টাকা পর্যন্ত টাকায় ৫ নয়া পয়সা, এটা এখানেও তাই আছে। তারপরের ৫,০০০-এ ৮ নয়া পয়সা ছিল এখানেও তাই ৮ নয়া পয়সা আছে। তার পরের ৫,০০০-এ ১২ নয়া পয়সা ছিল, এখানেও সেই ১২ নয়া পয়সা। তারপরের ৫,০০০-এ ১৯ নয়া পয়সা ছিল এখানেও সেই ১৯ নয়া পয়সা আছে। তারপরের ৫,০০০ অন দি ব্যালান্স অফ দি টোটাল এগ্রিকালচারাল ইনকাম। তারপরের সবটা আর ৫,০০০ নয় এখানে ২৫ নয়া পয়সা টাকায় সেটাকে ৪০ পয়সা করা হয়েছে। ইন কেস অফ এভরি হিন্দু আনডিভাইডেড ফ্যামিলি হুইচ কনসিস্টস অফ ব্রাদার্স ওনলি। যে রেট ছিল ইফ দি শেয়ার অফ দি ব্রাদারস ইজ রুপিজ ৩,০০০ ইফ দি শেয়ার অফ দি ব্রাদারস একসিডস রুপিজ ৩,০০০ ,২ নয়া পয়সা ছিল সেই ২ নয়া পয়সায় আছে। তারপরে সেখানে ছিল যে অ্যাট দি অ্যাভারেজ রেট অ্যাপলিকেবল টু দি শেয়ার অফ সাচ ব্রাদার ইফ হি ওয়্যাব অ্যাসেসড অ্যাজ অ্যান ইনডিভিজুয়াল। এখানেও তাই

আছে। ইন দি কেস অফ এভরি কোম্পানী, ফার্ম অর আদার অ্যাসোসিয়েশন অফপার্স'ন্স সেখানে একটা কেবল বাড়ানো হয়েছে, ৪০ ছিল সেই জায়গায় ৫০ করা হয়েছে, আর ওখানে একটা বাড়ানো হয়েছে ২৫ ছিল ৩০ করা হয়েছে। আর সব ঠিক আছে।

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Deputy Speaker, Sir, I would first seek your indulgence to permit me to speak in English as I do not want to insult our esteemed Chief Minister who started this debate in English. We have every sympathy for the Finance Minister of our State who is in great trouble for meeting both ends and it was quite obvious—we know that some kind of taxation measures would soon be placed before us for consideration. In fact in his budget speech he himself had indicated the same. We have got a deficit of more than 53 crores to meet and at the time of discussing our budget we did not know how our Chief Minister who is also the Finance Minister was going to meet this big gap. Three or 4 measures were suggested and we were looking forward to the taxation measure which was stated to be last but not the least item that was necessary. We do not think that it would be wise for this House to deal with this very important matter in a piecemeal way. This present bill has got two objects—one is the object of practically validating some previous ordinances and other measures which for obvious reasons have to be now taken over by this House to give its seal of approval.

[5-50—6 p.m.]

On the fundamental principles of taxation certain measures which I, as an humble student of Economics, would like the House to examine, have failed to meet the norms or principles that public finance demands. In the first place, one must look to the yield of any taxation measure and to what extent the burden is imposed on the consumers. In these series that have been dealt with in one comprehensive West Bengal Taxation Laws (Amendment) Bill, there are various taxation measures covered. I was trying to find out what actually is the expected net result from such additional enhancements. In the sphere of taxation there is a further principle of reaching the optimum. That means that at one stage the position reached is such that any further increase in the rate may not yield more revenue. The revenue may even go down. I am afraid our Chief Minister has not been properly advised as to whether the enhancements now proposed were likely to act in that regressive way or not. I have examined the receipts under several taxations and duties and taken some relevant figures from the budget of the current year and the previous years. Certain additional taxes were imposed from November, 1967, so that we can have at least one full year of its operation before us, and we find that under the West Bengal Sales Tax there are two acts in this connection. In 1965-66 it yielded 24 crores 82 lakhs. In 1966-67 it went up to 26 crores 93 lakhs. In 1967-68 there was a marginal increase to 27 crores 57 lakhs. In 1968-69 the full impact of the increased rate was 12 per cent. on certain special classes and other additional list of luxury goods. When this was introduced the estimated budget was for 30 crores 50 lakhs and the yield in the revised estimate was 30 crores 74 lakhs and the budget this year has been placed at 31 crores 35 lakhs. You will see that under this head the increase has been more or less on the normal level as it was rising from the previous period. There is always a normal increase in the consumers' sales as population increases and there are some amount of development projects which are taken up. As a result thereof more money is pumped in and people are in a better position to buy certain things.

So in the normal course from 27.57 crores in 1967-68 the rise to 37.5 crores was not a very substantial rise. Let us take the other taxes. For example, in the Central Sales Tax, there was no increase in the rate and you find that

here also the scale remaining the same, there was steady increase over a number of years which goes to prove my contention that this little rise that you find is not as a result of additional rate of duty in the case of sales tax but otherwise. The Central Sales Tax in 1965-66 yielded 16 crores 6 lakhs, in 1966-67—16 crores 66 lakhs and in 1967-68—19 crores 98 lakhs—there was a good jump of 3 crores in that year; in 1968-69 it went up to 21 crores and in 1969-70 the budget is for 21 crores 51 lakhs. So it is only about half a crore more than the previous year, and this is normally anticipated as we have seen. In the case of Motor Spirit Sales Tax which also is not covered by this increase which has been enunciated today we find that in 1965-66 we got 4 crores 65 lakhs, in 1966-67—5 crores 23 lakhs, in 1967-68—5 crores 33 lakhs; in 1968-69 we budgetted for 6 crores but actually in the revised stage we got 5 crores 75 lakhs which also has been provided in the current year's budget. In the sphere of Entertainment Tax, although there has been some substantial increase in the rate, you notice how the increase has not been anything noticeable. In 1965-66 we got 3 crores 18 lakhs, in 1966-67—3 crores 37 lakhs which came down to 3 crores 25 lakhs in 1967-68—although from November 1967 the rate was increased—of course, that was for four months—yet the total collections came down to 3 crores 25 lakhs from the previous year's 3 crores 37 lakhs—and in the budget of 1968-69, on the basis of the whole year's intake at a higher rate, the framers of the budget estimated 3 crores 70 lakhs but actually the collections did not exceed 3 crores 49 lakhs and naturally the Finance Department this time has not been bold enough to go up to 3 crores 75 lakhs which they normally should have done. They have put the figure for the current year at 3 crores 22 lakhs only.

As regards taxes on electricity consumption, we find that in 1965-66 the figure was 7 crores 73 lakhs; 1966-67 had a little fall to 6 crores 47 lakhs, and in 1967-68 it was 6 crores 98 lakhs. In 1968-69 the revised figure was 7 crores 50 lakhs which has been more or less kept for the current year.

Regarding taxes on entry of goods, which is another of the items taken up today, the change was only marginal from 2 crores 66 lakhs in 1965-66 and in spite of the tightening up of the belt we could not get more than 2 crores 73 lakhs in 1968-69 and the budget provision this year is 2 crores 75 lakhs.

[6—6-10 p.m.]

So, just from that standard whether the tax yield has not reached a position where any further increase in the rate will act as a disincentive and there will be regression in the total revenue collections and whether the optimum has already been reached, I respectfully submit that it is time that our experts had examined this proposition. It is nearly two years that entertainment tax, sales tax and agricultural income tax enhancements have been enforced and various measures have also been taken to tighten up the collection. It is believed that in some spheres, at least, some relaxation may yield better results. I would not take the time of the House to detail the same, but I have something in view which, if necessary, we may discuss at a later stage. When these enhancements in the sales tax were proposed earlier many friends on the Government side, who were then in the Opposition, expressed doubt as I am expressing my doubts as to the efficacy of these enhancements and it was pointed out that among other things there is a danger of permanent damage to Bengal's industries and commerce as a result of handling of these tax measures in a haphazard manner. Luxury goods like motor cars which have been now taxed at 12 per cent. in our State are not so taxed in Bihar or in Orissa and there is nothing for the purchasers to run to a few hundred miles and get a car here. The additional burden of 2 per cent. on industrial raw materials has definitely acted as a disincentive to Bengal's industries We

here are anxious to promote our industrial efforts as much for the economic strength of this State as to meet the problems of unemployment and nothing should be done, in my humble opinion, which may in the slightest degree scare our industry or weaken our competitive position with others. There are definite feelings amongst the industrial sector that the additional burden of tax here is taken advantage of by others outside. You may be aware, Sir, that so far as raw material is concerned, iron and steel, of which the price is equalised all over India by certain arrangement made by the Government of India. So, if the cost of production in West Bengal on other items goes up we cannot compete with Bihar or suppliers or manufacturers of even as far as a place like Faridabad in Hariana. Therefore, the apprehension that was then actually raised has, to some extent, proved to be genuine and without meaning anything intentional or wrong because this thing has been done for more than a year, I would respectfully submit that the time has already come for examining how far these tax measures had adversely affected West Bengal's industries and thrown out our industrial enterpreneurs from many small and medium industries. Bengal had also been well known for two other types of business. One was the processing industry where partially processed industrial raw materials are supplied by small and medium industries—they have developed as ancillaries to bigger industries.

A large number of small-scale industrial workers throughout the city and suburbs of Calcutta and also in the entire range of Howrah industrial belt are engaged in making small items, such as, bolts and nuts, and winding up of armatures and such other things. They do these things not for their direct sales but for the consumption of the bigger industrial organisations which buy in bulk from these small makers who are engaged in the partial processing of raw materials for the purpose of consumption of bigger units. The result of this increased taxation has been that at every stage it is multiplying. It is not a one-point tax. This two per cent. tax on raw materials and on partial processing materials will ultimately have a sort of chain reaction and the result will be that the tax will come to six per cent, if not more. This will add to the overall cost. Some of the bigger industries have therefore, started directly to have their own ancillary manufacturing business thereby throwing out these small men. Mr. Deputy Speaker, the position of the workmen of these subsidiary industries has, therefore, become rather unhappy. Many of them are now finding that they are reduced to more paid workers and that they cannot have industries of their own. As regards the flight of industries from West Bengal, I think there might not be any specific flight of capital from this State to another but it is a fact that the competitive position of industries in West Bengal has become weak. Naturally therefore, orders go to other places. In the export field, the industries which are taking up highly competitive items of exports, for them also even a small increase of two to five per cent. prevents them from being able to capture international markets. There have been some specific cases where it is found that the Bengal industry has lost the ground because of taxation, because of higher costs specially when the labour productivity in Bengal compared to other places is poor and, therefore, costs go up. Now, coming to the electricity duty, I am happy about the exemption to small consumers given by the Hon'ble Finance Minister, keeping in view the sudden jump on the three-tier basis of duty from 3 p. per unit for 25 units and above to 9 p. per unit for 60 units and above. The 25-unit level has really not given much relief because if there is one light of 60 watt. that one lamp will consume 25 units for thirty days. And whoever has got at least one

[6-10—6-20 p.m.]

light in his bed room, one in his kitchen and one perhaps in a side room or a store room or a verandah will not have this exemption at all. The middle

class, particularly the lower middle class, does not benefit even through this lowest scale of exemption. The second slab from 26 units up to 60 units to some extent helps the lower middle class. But when you go to the scale exceeding 60 units there is a sudden jump from 3 paise to 9 paise—i.e., three times. This is really very hard and I would plead, although the Electric Supply Companies might have said that they cannot maintain with five-tier basis and they wanted to put pressure on Government to introduce 6 tiers, that there is hardly any justification for treating the consumers in such a hard manner. I would plead, if possible, to find out whether another slab could be made or the rate exceeding 60 units be fixed, let us hope at 5 paise, if not, 6 paise per unit and not 9 paise. And above 100 units you can raise up to 10 paise instead of 9 paise. The present Scheme is rather inequitous in my humble opinion.

Coming to the question of betting tax or the entertainment tax, I am afraid, the maximum has practically been reached. But I don't have any sympathy for those who go out for betting and here I do not mind the Hon'ble Finance Minister putting such a rate of taxation which will rather discourage people from going out for betting. All taxes are not necessarily for earning revenue but also for preventing people from going in for anti-social acts which include also all drinks and other intoxicating commodities.

I shall now deal with agricultural income-tax rates. I have full sympathy for the Hon'ble Finance Minister when he wants to raise money from agriculture, and he has given a scale. I do not know what is the experience of his department—whether these are yielding anything very substantial. The figures in the Budget do not clarify the same. In particular, here he has stated, as is mentioned in the schedule to section 3, in item A(1)(f), that on the next Rs. 10,000 of the total agricultural income the rate is 30 paise in the rupee. There is hardly any individual agriculturist who would be in a position to pay this type of tax, and I would like to have this compared with the parallel taxes payable by the commercial men or by the industrialists or by salaried persons whether the rates that the Finance Minister has placed before us are in conformity with similar earnings or income from other sources of other individuals.

In particular, Sir, I am afraid the total tax rate for a company which has been now placed at 50 paise in rupee i.e. 50 per cent. of the earning of companies from agriculture will be very definitely disincentive to any measure of scientific, mechanical, agricultural efforts which the country so badly needs. Mr. Deputy Speaker, Sir, our Chief Minister has referred to the tea industry. I am afraid the position of the tea industry today is most parlous and this additional tax on the tea industry which is faced with serious problems even on the point of extinction, several tea gardens are closed and at the moment workers are on strike and their demands are also rising will create a difficult situation for them. If along with the demand of the workers the Government also thinks that they can take by way of agricultural income tax 50 per cent. of the agricultural income, no tea industry can survive. I am, therefore, pleading that the Hon'ble Chief Minister may exempt this particular industry which is naturally under companies. For such industry which is bringing valuable foreign exchange and is giving relief to a large section of people, special consideration should be made or suitable modifications in the rate may be offered. I do not want to detain the House unnecessarily longer but at a time when all efforts are required to promote industry and to increase employment opportunities we should be very cautious in regard to the taxation measures. In conclusion, I would only refer to some anomalies in the matter of sales tax levy. I was recently travelling with a friend—I did not know

him earlier—one of the officers of the Fertiliser Corporation of India. He pointed out to me that for fertilisers delivered in West Bengal from Sindri factory situated in Bihar and for products of small factories situated in Bihar when sales take place in West Bengal not only they have to pay the central sales tax for inter-State movement but also the Bihar Government demands from them five to seven per cent. of their local sales rate. The Tatas had, I remember, raised this question some time ago and the case went to the Supreme Court in regard to what would be the definition of sales on which they have to pay sales tax from one State to the other. It was decreed ultimately that for a manufacturing firm or a company or industry that maintains own depots—only the sales in the State will be considered when the delivery if given from the local depots, the sale will not be considered as from the point where from the stock is obtained. Therefore, the Tatas since

[6-20—6-30 p.m.]

then started having sales depots at various places and they saved themselves from double taxation. But in the case of Fertiliser Corporation of India, they were pointing out that prices in West Bengal were very much higher than the prices in Bihar or Orissa because they have to pay 7 per cent.—2 per cent. plus 5 per cent. of sales tax. To that extent our cultivators, our poor agriculturists are burdened. In this matter, the F.C.I. have of course approached the Civil Courts for interpretation of sales. It is however, a very doubtful case since although the sales office is in Calcutta or is in West Bengal, the transaction takes place from the zonal or the district office, payments are made here against bills covered by railway receipts. The actual delivery may be by rail to rail loaded in Dhanbad or the position becomes really awkward if the delivery takes at a point where the railway wagon is loaded. Then we in Bengal suffer the burden of sales tax levied by Bihar. I would request the Hon'ble Finance Minister and the Chief Minister to examine this proposition. There are numerous such industries located in other parts of India on which we have to depend and we also have similar industries here from which others draw their supplies. These anomalies must be corrected and cumulative or additional levy of tax must be avoided as far as practicable.

In the list of schedules that has now been made, additional 12 items have been now added to the so-called special classes; but there are at least some which need examination. Take the case of iron and steel materials, furniture, electric fans, heaters, vacuum flasks, perambulators, linoleum and exhaust fans, air circulators for industrial factories and establishments. These are in most cases not luxuries as such, but necessaries for labour and a humane atmosphere that we want to create for them. If an electric heater is costing not more than Rs. 25, it will not be attracting the sales tax. Then about the iron and steel furniture, now-a-days, as you know, in large meetings these folded chairs are mostly supplied and some of these are made of ply wood sheets and some are from iron sheets. These are cheap materials but are charged sales tax at a very high rate, viz. 12 per cent. I, therefore, plead that some of these anomalies may be looked into while the Minister is seeking the consent of this House for continuing the Bills and the Ordinances that have been enacted. I thank you.

**শ্রীঅ[illegible] রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটি আমি সমর্থন করছি। আমাদের মাননীয় সদস্য সান্যাল মহাশয় বলে গেলেন যে বর্তমান বিলটি রিগ্রেসিভ, পীড়নমূলক। আমি যে জন্য তাকে একটু দেখিয়ে দিতে চাই যে, এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর ক্ষেত্রে তিনি যেটা বলে গেলেন যে এটা বাড়ান হয়েছে এবং এটা সাধারণ অর্থাৎ কমন পিপ্‌লের পক্ষে ক্ষতিকর হচ্ছে। তার এটা বোঝা উচিত—আমি যেটা ক্যালকুলেসন করে দেখেছি যে ক্যানেল অঞ্চলে

সেখানে রেগুলার ইরিগেশন ইত্যাদি আছে, সেই সমস্ত জমির মালিক, যাদের ৬০ বিঘা পর্যন্ত জমি আছে তাদের কোন ট্যাক্স পড়ছে না নতুন করে, যেটা ছিল তাই আছে। ৭০ বিঘা জমির উপর যাদের জমি আছে তাদের ৫ পয়সা, ১০ পয়সা এবং ১৫ পয়সা, এই রকমভাবে বেড়েছে কৃষির ক্ষেত্রে। কাজেই কমন ম্যান যাদের আমরা বলি তাদের বিশেষ কোন ট্যাক্স পড়ছে না। ইলেকট্রিসিটির ক্ষেত্রে উনি বলেছেন যে আগে ছিল ১৫ ইউনিট পর্যন্ত একজেমপটেড, কোন ট্যাক্স ছিল না। এবারে সেটাকে বাড়িয়ে একজেমপশন ২৫ ইউনিট করা হয়েছিল। তারপর ১৫ থেকে ৫০ পর্যন্ত যেটা ছিল সেটা হয়েছে ২৫ থেকে ৬০। ২৫ ইউনিট-এর উপর যারা ব্যবহার করে তাদের কমন ম্যান হিসাবে দেখি না। তবে তাঁর দৃষ্টিতে হয়তো তাদের কমন ম্যান হিসাবে দেখতে পারেন। কাজেই সেদিক থেকে কিছু বাড়ে নি। অ্যামিউজমেন্ট ট্যাক্স-এর ক্ষেত্রে কিছুটা বেড়েছে। ৫০ থেকে ১ টাকা পর্যন্ত যে টিকিটের হার সেখানে মাত্র ১০ ভাগ বেড়েছে। আবার ১ টাকা থেকে ২-২৫ পয়সা পর্যন্ত সেখানে বিশেষ কিছু বাড়ে নি। ২-২৫ থেকে ৩ টাকা যেটা সেন্ট পার্সেন্ট শতকরা ১০০ ভাগ বেড়েছে। এখন ২-২৫ থেকে ৩ টাকার সিনেমার টিকিট যারা কেনে তাদের শতকরা ২৫ ভাগ আরো ট্যাক্স দিতে হবে। এখন যদি উনি বলেন যে, ২-২৫ থেকে ৩ টাকার টিকিট কিনে যারা সিনেমা যায় তারা কমন ম্যান, তাহলে আমরা তার সংগে একমত নই। কাজেই ওনার দৃষ্টিভঙ্গী দিয়ে এই বিলটিকে দেখে গেছেন এবং বলেছেন রিগ্রেসিভ, পীড়নমূলক। কতকগুলি ট্যাক্স বসানো হয়েছে। এখানে শো ট্যাক্স-এর ক্ষেত্রে, অন্যান্য ট্যাক্স-এর কথা বলছি না, শো ট্যাক্স-এর ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। শো ট্যাক্স হয়েছে যারা সিনেমা হাউসের মালিক, তাদের উপর। এখন মহারাষ্ট্রে এই ধরনের ট্যাক্স বসানো হয়েছে। কিন্তু এই যে চলচ্চিত্র ইন্ডাস্ট্রি, এটা বাঁচানোর জন্য মহারাষ্ট্রে এই ট্যাক্স বসানো হয়েছিল। এখন এই ট্যাক্স-এর অংশ সেখানে মারাঠি ভাষায় যারা ফিল্ম তৈরী করে তাদের মারাঠি ভাষায় ফিল্ম ডেভেলপমেন্ট-এর জন্য এই ট্যাক্স থেকে তাদের একটা অংশ দেওয়া হয়, অপর একটা অংশ হয় সিনেমা কর্মচারীর যে সমস্ত সাইন টেকনিসিয়ান্সরা আছেন তাদের রিলিফের জন্য। কাজেই এই যে শো ট্যাক্স—এই শো ট্যাক্সটাকে আমাদের বাংলাদেশে যে চলচ্চিত্র শিল্পিরা, সাইন টেকনিসিয়ান্সরা আন্দোলন করেছেন এবং বাংলাদেশের বাংলা ছবির প্রচলন যদি চালু রাখতে হয়, সেটার যদি উন্নতি করতে হয় তাহলে শো হাউসরা মালিকের কাছ থেকে যে ট্যাক্স নেওয়া হচ্ছে সেটা চলচ্চিত্র শিল্পের উন্নয়নের জন্য ব্যবহার করা হোক এবং সেই জায়গায় কর্মচারী এবং শ্রমিক যারা আছেন তাদের কাছে রিলিফ-এর জন্য ব্যবস্থা করা হোক। আমাদের যে ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন ইত্যাদি করা হয়েছে এই টাকা থেকে অন্ততঃ বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের উন্নয়নের জন্য তাদের কিছু টাকা দেওয়া হোক। এই আবেদন আপনার কাছে করছি। এই আবেদন করে উনি যে কথাগুলি বলে গেছেন নূতন করে কতকগুলি আইটেম-এর উপর যে সেলস ট্যাক্স বসানো হয়েছে ইলেকট্রিক হিটার যেটা সাধে সেটাকে বাই-ল তৈরী করার সময় নিম্ন আয়ের লোকেরা এটা ব্যবহার করে, সেই রকমভাবে লোকেদের যাতে সেই মূল্যে যাতে হিটারের ট্যাক্স দিতে না হয়, সেটা যেন তিনি করেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-39 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীনলিনাক্ষ সান্যাল যে গঠনমূলক সমালোচনা করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তিনি একটা জিনিসের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন—সে বিষয়ে আমরা খুবই সতর্ক আছি যে আমরা এমন ভাবে যেন ট্যাক্স না বসাই কাঁচামালের উপর কি তৈরী মালের উপর যাতে অন্যান্য রাজ্যের তৈরী মালের সংগে প্রতিযোগিতায় আমরা পিছিয়ে পড়ি। এটা আমরা খুবই দেখছি, কেন না ট্যাক্স আদায় করতে গিয়ে যদি শিল্পের ক্ষতি হয়ে যায় তাহলে শুধু শিল্পের ক্ষতি হয় না, আমাদের ট্যাক্সেরও পরিমাণ কমে যাবে। কাজেই আমাদের সেটা লক্ষ্য নয়, শিল্প যাতে বাড়ে সেদিকে আমাদের লক্ষ্য আছে। আমরা এটা দেখেছি যে অন্যান্য রাজ্যে এইসব বিষয়ে ট্যাক্স দু-একটা আইটেম ছাড়া আমাদের চেয়ে কম নয়—কোন কোন আইটেমে আমাদের চেয়ে বেশী। কাজেই সেখানে কম্পিটিশনে আমাদের এত ভয় নেই বলে মনে হয়। আজকে যে শিল্পের ক্ষতি হয়েছে

সেটা শুধু ট্যাক্সের জন্য নয়, ট্যাক্স বৃদ্ধির আগে থেকেই শিল্পে রিসেসান এসেছিল, তার জন্যই শিল্প মার খেয়েছে, ট্যাক্সের জন্য নয়। আর একটা জিনিস, আমি আজকে যে ট্যাক্সের কথা বললাম তাতে দু-একটি ব্যাপারে এবং খুব ধনীরা যেসব জিনিস কেনে এমন ব্যাপারে আমরা অল্পস্বল্প বাড়িয়েছি। বৃদ্ধি যেটা হয়েছে সেটা হয়েছে সেকেন্ড অর্ডিন্যান্স যখন পাশ হয়—সেকেন্ড অর্ডিন্যান্স পাশ হয়েছিল ১৯৬৮ সালের ৯ই জানুয়ারী—তখন মাননীয় নলিনাক্ষ সান্যাল মহাশয় মন্ত্রী ছিলেন। তাঁদেরই মন্ত্রিমণ্ডলী এসে বাড়িয়ে টাড়িয়ে গেছেন, আমরা তার উপর বিশেষ কিছু বাড়াই নি, দু-একটা আইটেমে ছোটখাটো একটু বাড়িয়েছি। তারপরে বলছেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সে খুব বেশী করে ধরা হয়েছে কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টের যে কর্পোরেশন ট্যাক্স আছে হাইয়ার স্ল্যাবে, তার রেট আমাদের রেটের চেয়ে অনেক বেশী—সেটা তো চলছে। কাজেই আমরা মনে করি না যে যাদের খুব বেশী জমি আছে, সিলিং-এর কাছাকাছি জমি আছে তাদের একটু বেশী ট্যাক্স নিলে তাতে তাদের খুব ক্ষতি হবে, কেন না স্ল্যাব সিস্টেমে আমরা নিচ্ছি। চায়ের উপর আমরা কিছু ট্যাক্স বসিয়েছি—বাড়তি ট্যাক্স নিয়ে তিনি আপত্তি করেছেন—কেন্দ্রীয় গভর্নমেন্ট চায়ের উপর যে একসাইজ ট্যাক্স বসিয়েছেন তা আমাদের ট্যাক্সের চেয়ে অনেক বেশী। কাজেই চায়ের যদি কোন রকম ক্ষতি হয় তা আমাদের জন্য হবে না, হলে তা একসাইজ ট্যাক্সের জন্য হবে। সে বিষয়ে অন্ততঃ ভারক সরকার কড়া নজর রেখেছেন, কেন না এর থেকে তাদের অনেক ট্যাক্স, ফরেন একসচেঞ্জ আদায় হয়। ফার্টিলাইজার ট্যাক্স সম্বন্ধে তিনি বললেন বিহারে একবার নেয়া হয়, বাংলায় একবার নেয়া হয়। তিনি ভাল করে নজর করলে দেখবেন যে বাংলায় ফার্টিলাইজার ট্যাক্স নেই কাজেই এটা তাঁর ঠিক খবর নয়। আমার আর বিশেষ কিছু বলার নেই। আমরা ট্যাক্স বিশেষ কিছু বাড়াই নি, কেবল আইনসিদ্ধ করে নিয়েছি অর্ডিন্যান্সগুলিকে। দু-একটা জিনিস যেগুলি ধনীদের কাজে লাগে সেই রকম দু-একটা আইটেমে অল্পস্বল্প বাড়িয়েছি। এ ছাড়া আমার আর বিশেষ কিছু বলার নেই।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969, be taken into consideration was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** There are no amendments to Clauses 1, 2, 3, 4, 5, 6, 7, 8 and Preamble.

Clauses 1 to 8

The question that Clauses 1 to 8 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Deputy Speaker, Sir, at this late hour I do not wish to detain the House but only one small thing I would like to observe in this connection. The Hon'ble Finance Minister has said that certain second amendment was done in 1968 during the time when I was in the Cabinet. I plead guilty. But simultaneously we had another scheme in which an advisory committee was set up with the Finance Secretary in the Chair and some of the various interests represented who were assured by the

Finance Department that any adjustments or anything that would prove to be anomalous would be looked into. I do not know whether that system is still there and whether any consultation is welcome to this Government and they would, like to revive and at least maintain and continue this type of discussion at the expert level to find out how taxation measures are actually reacting on trade, commerce, industry or on the revenues of the Government.

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** স্যার, তিনি যা বললেন তাতে আমার কথা কাটানো হল না। ওঁর আসলে বেড়েছিল—এটা ঠিক। তারপর তিনি সেটা বিবেচনা করেছিলেন - কিন্তু তিনি থাকতে পারেন নি—থাকলে বিবেচনা করতেন। আমার আর বিশেষ কিছু বলাব নেই। তবে একটা জিনিস বলতে চাই যে সিনেমার জন্য যেটা বেড়েছে সেটা যাতে বেংগল ফিল্ম ইন্ডাস্ট্রি-তে বাড়তে পারে তারজন্য এই টাকাটা খরচ করব।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** Honourable members, before adjourning the House I have to make an announcement. The House will sit from 10-30 a.m. to 2 p.m. on Friday, the 12th September, 1969, and there will be no questions for oral answers on that day.

The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 10th September, 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 6-39 p.m. till 1 p.m. on Wednesday, the 10th September, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 10th September, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers, 2 Ministers of State and 211 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1—1-10 p.m.]

**লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীরস্থ বাঁধ**

***770.** (Admitted question No. *2093.)

**ডঃ রাধানাথ চট্টরাজঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) বীরভূম জেলার লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীর বরাবর সেচ বিভাগ হইতে একটি বাঁধ দেওয়া হইয়াছে,

(২) এই বাঁধ দেওয়ার ফলে কুয়ে নদীর দক্ষিণ তীরে অবস্থিত কানা নদী দিয়া কুয়ে নদীর জল বন্যার সময় মিলিয়া যাইতে পারিতেছে না, এবং

(৩) সে কারণে প্রতি বৎসর কুয়ে নদীর নিম্ন অংশে জলের চাপ বৃদ্ধি হইয়া গ্রাম ও মাঠের ফসল ক্ষতিগ্রস্ত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, বছরের পর বছর এই ক্ষতি দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** ৩ নম্বর প্রশ্নোত্তরে বলা হয়েছে কুয়ে নদীর নিম্ন অংশে জলের চাপ বৃদ্ধির ফলে গ্রামের মাঠের ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে, কুয়ে নদীর নিম্ন অংশ গিয়ে মুর্শিদাবাদ-এর লাংগল হাট বিলে প্রবেশ করেছে এবং প্রবেশের পরে ময়ূরাক্ষী নদীর সংগে মিশে হিজল বিলে পড়েছে। এই যে লাংগলহাট বিল অঞ্চলের জল নিকাশী পরিকল্পনা ব্যবস্থা সরকার কিছুদিন পূর্বে গ্রহণ করেছিলেন এবং সেটা খানিকটা কার্যকরী হয়েও, অবগত আছেন, অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। এই লাংগলহাট জলনিকাশী পরিকল্পনা যাতে সম্পূর্ণভাবে কার্যকরী হয়, তার জন্য সরকার কোন রকম ব্যবস্থা নেবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমার যতদূর মনে আছে এ সম্বন্ধে একটা পৃথক প্রশ্ন আমাকে ইতিপূর্বে করা হয়েছিল, আমি তার উত্তরও দিয়েছিলাম এবং যে প্রশ্ন যে বিষয়ে করা হয়েছে সে বিষয়েই উত্তর দিয়েছিলাম।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি কাঁথি বন্যা নিয়ন্ত্রন পরিকল্প কার্যকরী করতে কয় বছর সময় লাগতে পারে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** দুটি বিষয় আছে, একটি হচ্ছে রিভার রিসার্চ ইন্‌স্টিটিউট ফার্‌দার পরীক্ষা করে দেখছে, দেখে, আপনি জানেন বন্যা নিয়ন্ত্রণ সম্বন্ধে কোন পরিকল্পনা নিতে হলে টেক্‌নিকেল বোর্ডের অনুমোদন চাই। সুতরাং টেক্‌নিকেল বোর্ডের কাছে পেশ করা হলে পর

খুব বেশী দিন সময় লাগবেনা। দ্বিতীয়তঃ আর একটি বিচার্য বিষয় আছে, সেটা হচ্ছে কত টাকা খরচ হবে, কত টাকা খরচ করার ক্ষমতা আছে, কতটা অঞ্চল উপকৃত হবে, এটা হিসাব করে স্কীমটা নেওয়া হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** লাংগলহাটা বিলের যে জল নিকাশী পরিকল্পনা ছিল সেটা সম্পর্কে অনুসন্ধান করবেন কি এবং সেটা যাতে সম্পূর্ণ হয় তার ব্যবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমার যতদূর মনে পড়ে আমি ইতিমধ্যে বলেছি এটা আমরা বিবেচনা করছি।

### জলপাইগুড়ি জেলায় যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধ

***781.** (Admitted question No. *2288.)

**শ্রীজগদানন্দ রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় ফালাকাটা থানার যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধের কাজ কি শেষ হইয়াছে; এবং

(খ) না হইয়া থাকিলে ইহার কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** (ক) যোগেন্দ্রপুর বাঁধের কাজটি প্রকৃতপক্ষে সেচ ও জলপথ বিভাগের হলং ভেলাকোবা সেচ প্রকল্পের অন্তর্গত। এই শেষোক্ত প্রকল্পটি সম্পন্ন করা সময় সাপেক্ষ বলিয়া উক্ত বিভাগ কৃষি বিভাগকে যোগেন্দ্রপুর বাঁধের কাজটি করিয়া দিতে অনুরোধ করেন। কিন্তু জেলা ক্ষুদ্র সেচ সমিতি কতৃক নামঞ্জুর হওয়ার দরুন যোগেন্দ্রপুর বাঁধের কাজে কৃষি বিভাগ হাত দেয় নাই। তবে সেচ ও জলপথ বিভাগ উক্ত হলং ভেলাকোবা সেচ প্রকল্পটি শীঘ্রই চূড়ান্ত করিবার ব্যবস্থা করিতেছেন। চুয়াখোলা বাঁধের কাজ আংশিক সম্পন্ন হইয়াছে।

(খ) গত বৎসর বন্যার পরে চুয়াখোলা বাঁধের কাজে আর হাত দেওয়া হয় নাই। উহাতে যে পরিমাণ অর্থব্যয় হইবে তাহা প্রকল্পটি হইতে উৎপন্ন কৃষিজাত দ্রব্যের মূল্যের সহিত সমানুপাতিক নহে। তাছাড়া নদীর গতির পরিবর্তন হওয়ায় প্রকল্পটিকে নূতন করিয়া সাজাইতে হইবে।

### পাশপোর্ট

***784.** (Admitted question No. *2064.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পাশপোর্ট) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মোট কতজনকে পাশপোর্ট দেওয়া হইয়াছে; এবং

(খ) কোন্ কোন্ দেশে যাইবার জন্য পাশপোর্ট দেওয়া হইয়াছে?

**ডাঃ গোলাম ইয়াজদানীঃ** (ক) ১৯৬৭-৬৮ সালে ৫৯৮৫ জনকে এবং ১৯৬৮-৬৯ সালে ৭৬২৮ জনকে ভারত পাকিস্তান পাশপোর্ট দেয়া হয়েছে।

(খ) উক্ত পাশপোর্টসমূহ পাকিস্তানে যাইবার জন্য দেওয়া হইয়াছে, পাকিস্তান ভিন্ন অন্যান্য জায়গায় যাইবার জন্য পাশপোর্ট ভারত সরকার কর্তৃক দেয়া হয় এবং রাজ্য সরকারের নিকট এ সম্পর্কে কোন তথ্য নাই।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** এই যে আপনি বল্লেন ৫৯৮৫ জনকে ও ৭৬২৮ জনকে পাকিস্তানে যাইবার জন্য পাশপোর্ট দেয়া হয়েছে এটা কি ভ্রমণের উদ্দেশ্যে না আত্মীয় স্বজনকে দেখার উদ্দেশ্যে দেয়া হয়েছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** আত্মীয়স্বজনকে দেখার জন্য তাঁরা গিয়েছিলেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই যে পাশপোর্ট ব্যাপারে এর আগে রেসট্রিকসন বেশী ছিল-- ইদানীং কি সরকার বিশেষতঃ ভারত সরকারের তরফ থেকে পাশপোর্ট দেয়া শিথিল করার জন্য কি কিছু ব্যবস্থা করা হয়েছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** শিথিল করার ব্যাপার নয়, ১৯৬৫ সালে কিছুমাত্র রেসট্রিকসন হয়েছিল, তারপরে সেটা তুলে নেয়া হয়েছে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পাকিস্তান যেতে হলে কি পদ্ধতিতে পাশপোর্ট বিলি করা হয়?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সাধারণভাবে পাশপোর্ট পেতে হলে দরখাস্ত করতে হয় ৩ টাকা ফি দিয়ে ৩টে ফটো দিয়ে ফ্রি স্কুল স্ট্রীটে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বেশী সংখ্যক পাশপোর্ট কোন্ জেলা থেকে দেয়া হয়েছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** কলকাতায় বেশী।

**ডাঃনলিনাক্ষ্য সান্যালঃ** অনুগ্রহ করে মন্ত্রিমহাশয় জানাবেন কি নদীয়া বা মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত দরিদ্র সংখ্যালঘু সম্প্রদায় আছেন তারা যাতে তাদের আত্মীয়স্বজনকে দেখতে যেতে পারেন পাকিস্তানে তাদের সুবিধা করে দেয়ার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে পাশপোর্ট বিলি করবার ব্যবস্থা হতে পাবে কি?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সাধারণভাবে জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমেই দেয়া হয়।

[1-10- 1-20 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই যে পাসপোর্ট দেওয়া হয়েছে এই পাসপোর্টএর মধ্যে কত রকমের ক্যাটিগোরি ওয়াইজ পাসপোর্ট দেওয়া হয়েছে? যেমন ধরুন লংটার্ম, সর্টটার্ম আছে, আরো কিছু আছে যেমন অনেক দিন থাকতে পারবে, অল্প দিন থাকতে পারবে।

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সাধারণতঃ পাঁচ বছর এবং এক বছরের পাসপোর্ট দেওয়া হয়। সাধারণতঃ কলকাতায় এক বছরের জন্য এবং মফঃস্বলে পাঁচ বছরের জন্য দেওয়া হয়। তবে পুলিশ রিপোর্ট খারাপ থাকলে রেসট্রিকটেড পাসপোর্ট দেওয়া হয়।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকার পাকিস্থানে যাওয়ার জন্য যে পাসপোর্ট দেন তার মেয়াদ সাধারণতঃ তিন মাস দেওয়া হয়। এই মেয়াদ বাড়িয়ে তিন বছর করার কথা তাঁরা চিন্তা করছেন কিনা নইলে অনেক অসুবিধা হয়। তার সঙ্গে আর একটা প্রশ্ন করছি এই পুলিশ ভেরিফিকেশনের যে ব্যবস্থা আছে সেটা তুলে দেবার কথা তারা চিন্তা করছেন কি?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** তিন মাস দেওয়া হয় একথা ঠিক নয়। আমি আগেই বলেছি পাঁচ বছর এবং এক বছরের দেওয়া হয় তবে পুলিশ রিপোর্ট খারাপ থাকলে তাকে রেসট্রিকটেড পাসপোর্ট দেওয়া হয়। কোন কোন ক্ষেত্রে আমরা দেখেছি যে পুলিশ রিপোর্ট অন্যায়ভাবে দিয়েছে সেটা আমরা কারেক্ট করবার চেষ্টা করছি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** আমার প্রশ্নটা তা নয়। আমি জানতে চাচ্ছি এই যে পুলিশ ভেরিফিকেশনের যে ব্যবস্থা আছে সেটা তুলে দেবার কথা সরকার চিন্তা করছেন কিনা?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** পুলিশ ভেরিফিকেশন একেবারে তুলে দেওয়া যায়না তবে এই পুলিশ ভেরিফিকেশনের প্রসেসটা মডিফাই করা যেতে পারে কিনা সেটা চিন্তা করছি।

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে যারা পাসপোর্ট নিয়ে চলে যাচ্ছে তাদের মধ্যে এমন কি কোন হিসাব আছে যে কি ধরণের লোকরা যাচ্ছে যেমন ধরুন পলিটিক্যাল লিডাররা যেতে পারে যাদের অর্ধেক ফ্যামিলি হয়ত পাকিস্থানে আছে, ওদিকের কংগ্রেস লিডারদের মধ্যে অনেকে আছেন যাদের অর্ধেক ফ্যামিলি পাকিস্থানে আছে, এই রকম কোন হিসাব আছে কি?

**মিঃ স্পীকারঃ** এ কোস্চেন হবেনা।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পাসপোর্ট পেলেও তারপরে ভিসা পেতে অনেক বেগ পেতে হয়, তাই এই ভিসা সম্বন্ধে গভর্নমেন্ট লেভেলে তাদের সংগে কোন আলোচনা হয়েছে কিনা যাতে এই ভিসা সহজে পাওয়া যায়?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** না, আমাদের সংগে ওদের এই রকম কোন সম্পর্ক নেই।

**শ্রীমির আব্দুল সঈদঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, অতীতে ২০ বছরে কংগ্রেস আমলে এই পুলিশ রিপোর্ট দেবার একটা সাংঘাতিক গাফিলতি ছিল, পুলিশ রিপোর্টের নাম করে ৮/১০ মাস দরখাস্ত ঝুলিয়ে রাখা হ'ত। আমার প্রশ্ন হচ্ছে সেই কংগ্রেস আমলের প্রসেসই এখনও চলবে, না তার কোন পরিবর্তন আমাদের মন্ত্রিমহাশয় করবেন?

**মিঃ স্পীকারঃ** এ প্রশ্ন এ থেকে উঠেনা।

### মুর্শিদাবাদ জেলা হইতে ভারতীয় নাগরিকের পূর্ব পাকিস্তানে গমন

***913.** (Admitted question No. *2395.)

**শ্রীআজিজুর রহমানঃ** স্বরাষ্ট্র (ছাড়পত্র) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলা হইতে ১৯৬৭ সালের জানুয়ারি মাস হইতে এ পর্যন্ত কতজন ভারতীয় নাগরিক পূর্ব পাকিস্তানে চলিয়া গিয়াছেন?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** ১৯৬৭ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৬৯ সালের ৮ই অগাস্ট পর্যন্ত ৬০০ শত ভারতীয় নাগরিক ছাড়পত্র সহ মুর্শিদাবাদ জেলা হইতে পূর্ব পাকিস্থানে গিয়াছেন।

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে সংখ্যা দিলেন এই সমস্ত লোক কি এখান থেকে চিরদিনের মত চলে গিয়েছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** না। আমাদের এখানে যে রেকর্ড আছে তাতে আছে যে আত্মীয়স্বজনের সংগে দেখা করতে গিয়েছে। তাদের কেহই স্থায়ীভাবে বসবাস করার জন্য পূর্ব পাকিস্থানে যায়নি।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই সংখ্যার মধ্যে কতজন আবার ফিরে এসেছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** আপনি যদি নোটিশ দেন তাহলে পরে বলতে পারব, এখন বলতে পারব না।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তাঁর দপ্তরে কোন দরখাস্ত আছে কিনা যেখানে দীর্ঘদিন ভারতীয় নাগরিকত্বের জন্য দরখাস্ত করেও পূর্ব পাকিস্তানে যারা নদীয়া মুর্শিদাবাদের কোন কোন অংশ থেকে এই সময়ে অল্প সময়ের জন্য যেতে বাধ্য হয়েছিল তারা ফিরে আসার পর ভারতীয় নাগরিকত্ব পেতে অসুবিধা হয়েছে, সাম্প্রতিক গত কয়েকমাসের মধ্যে তাদের জোর করে এখান থেকে তাড়ানর জন্য আদেশ দেওয়া হয়েছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** আপনি যদি ডেফিনিট প্রশ্ন করেন তাহলে আমি খাতাপত্র দেখে বলতে পারি।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আপনি যে সংখ্যাটা বললেন ভারতীয় নাগরিকত্বের পাসপোর্ট নিয়ে সেই ভিত্তিতে আপনি বললেন কি?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সেই ভিত্তিতেই।

**শ্রীআবদুস সাত্তারঃ** তাহলে আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে পাসপোর্ট নিয়ে গেছে, তারা ফিরে এসেছে কি আসেনি সেটা বলতে পারছেন না কেন?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সেটা নোটিশ দিলে বলতে পারব, কেননা বর্ডার পোস্ট থেকে হিসাব নিয়ে এলে তবে বলতে পারা যাবে।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** সরকারের একটা বিভাগ সংখ্যালঘু সম্প্রদায়ের গ্রাম ঘুরে ঘুরে তারা বাড়ী বাড়ী খুঁজে লিস্ট করে এখন কে আছে, আগে কারা ছিল, তার মধ্যে অসংগতি আছে কিনা তাদের নানাভাবে উৎপীড়িত করছে এই খবর কি আপনার জানা আছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** এটা আমার জানা নেই।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আপনি কি জানেন বাবিমপুর থানায় দোগাছি গ্রামে হাজি হবিবুর রহমান বলে একজন অত্যন্ত বৃদ্ধ ভদ্রলোক বহুদিন আমাদের পাশের গ্রামের অধিবাসী ছিলেন, তিনি ১৯৫০ সালে গোলমালের সময় কয়েক মাসের জন্য পাকিস্তানে যেতে বাধ্য হয়েছিলেন এবং তারপর বছর খানেকের মধ্যে তিনি চলে আসেন। এতদিন সেখানে বাস করার পরও তাকে গ্রেপ্তার করে বর্ডারের বাইরে পাঠিয়ে দেওয়া হয়েছে এটা স্পেসিফিক কেস হিসাবে আমি আপনার কাছে রাখছি।

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** আপনি এটা আমাকে লিখে জানাবেন, আমি তদন্ত করে জানাব।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যালঃ** এ সম্বন্ধে আপনার দপ্তরে খবর আছে, দিল্লী পর্যন্ত আমাদের অন্যতম লোকসভার সদস্যা শ্রীমতি ইলা পাল চৌধুরী দরবার করেছিলেন, সমস্ত জায়গায় তাদের সম্বন্ধে জানান সত্ত্বেও কোন প্রতিকার হয় নি।

(নো রিপ্লাই)

**শ্রীরবীন মুখার্জীঃ** উনি যে সময়কার কথা বললেন তখন বোধ হয় ধর্মাভিরার রাজত্ব চলছিল, এক বছর আগেকার ঘটনা যেসময় উনি মন্ত্রীত্বে ছিলেন। সেই সময়কার ঘটনার জবাব কি ও'কে দিতে হবে যে সময়ে ডাঃ সান্যাল মন্ত্রী ছিলেন?

(নো রিপ্লাই)

## Recommendations of the Kalyani University Commission

***917.** (Admitted question No. *2461.) **Shri Sadhan Kumar Sen:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) what were the main recommendations of the Kalyani University Commission; and

(b) what measures have been taken to implement those recommendations of the Commission?

**Mr. Speaker:** This question, I am sorry to say, is held over as I am told that all the materials have not yet been collected.

**শ্রীসাধনকুমার সেনঃ** স্যার, এটা আবার কবে হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** নেকস্ট বুধবার।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** এর পরে যখন সেসান হবে সেই সেসানে প্রথম বুধবার হবে না কোন বুধবার হবে ব্যাপারটা বোঝা গেলনা।

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** নেকস্ট বুধবার যদি এ্যাসেমব্লী চলে তাহলে আমি সেইদিন রিপ্লাই দিতে পারি, তা না হলে পার্লামেন্টারী মিনিস্টার যে ডেট এ্যালট করে দেবেন সেইদিন আমি দেব।

### Termination of services of Shri A. R. Kahali

***922.** (Admitted question No. *2763.) **Shri Krishna Gopal Basu:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that the services of Shri A. R. Kahali, an Executive Engineer of the Agriculture-Irrigation Directorate, were terminated with effect from 16th September, 1968;

(b) if so, on what grounds;

(c) if it is a fact that the Government has decided to reinstate Shri Kahali in service with effect from the date of termination;

(d) if so, what are the financial implications of that decision; and

(e) whether the Government has obtained concurrence of the Public Service Commission to the reinstatement of Shri Kahali?

[1-20—1-30 p.m.]

**Mr. Speaker:** This question is also held over as, I understand, materials have not yet been collected.

### সেওরা অঞ্চল জলাভূমিতে চাষের ব্যবস্থা

***924.** (Admitted question No. *2807.)

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গোঘাট থানার সেওরা অঞ্চলে ৮,০০০ (আট হাজার) একর জলা ভূমিতে চাষবাস করবার কোন প্রকার ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে, উক্ত জলা ভূমিকে চাষবাসের কাজে ব্যবহার করার উপযোগী করে তোলার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** (ক) ইহা সত্য নহে, নাকুন্ডা, সেওরা ও বালী অঞ্চলের মোট নীচু জমির পরিমাণ প্রায় পাঁচ হাজার একর এবং রবি মরশুমে ঐ জমির সবটাতেই বোরো ধানের চাষ হইয়া থাকে।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** আমি জানিনা এ তথ্য তিনি কোথা থেকে পেলেন। তবে ঐ অঞ্চলে আমি দেখেছি—গতবারে বিরাট এরিয়াতে বন্যা হবার ফলে ফসল নষ্ট হয়ে গেছে। সেখানকার মানুষ দুর্ভিক্ষের সম্মুখীন। সেই কারণে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই সরকারের পক্ষ থেকে এমন কোন ব্যবস্থা করা যেতে পারে কিনা যাতে করে ঐ জলাতে রেগুলার প্রোসেসে চাষবাস করা যেতে পারে কিনা?

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আপনি যে সংখ্যাটা বললেন ভারতীয় নাগরিকত্বের পাসপোর্ট নিয়ে সেই ভিত্তিতে আপনি বললেন কি?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সেই ভিত্তিতেই।

**শ্রীআবদুস সাত্তারঃ** তাহলে আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে পাসপোর্ট নিয়ে গেছে, তারা ফিরে এসেছে কি আসেনি সেটা বলতে পারছেন না কেন?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** সেটা নোটিশ দিলে বলতে পারব, কেননা বর্ডার পোস্ট থেকে হিসাব নিয়ে এলে তবে বলতে পারা যাবে।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** সরকারের একটা বিভাগ সংখ্যালঘু সম্প্রদায়ের গ্রাম ঘুরে ঘুরে তারা বাড়ী বাড়ী খুঁজে লিস্ট করে এখন কে আছে, আগে কারা ছিল, তার মধ্যে অসংগতি আছে কিনা তাদের নানাভাবে উৎপীড়িত করছে এই খবর কি আপনার জানা আছে?

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** এটা আমার জানা নেই।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আপনি কি জানেন বসিরহাট থানায় দোগাছি গ্রামে হাজি হবিবুর রহমান বলে একজন অত্যন্ত বৃদ্ধ ভদ্রলোক বহুদিন আমাদের পাশের গ্রামের অধিবাসী ছিলেন, তিনি ১৯৫০ সালে গোলমালের সময় কয়েক মাসের জন্য পাকিস্তানে যেতে বাধ্য হয়েছিলেন এবং তারপর বছর খানেকের মধ্যে তিনি চলে আসেন। এতদিন সেখানে বাস করার পরও তাকে গ্রেপ্তার করে বর্ডারের বাইরে পাঠিয়ে দেওয়া হয়েছে এটা স্পেসিফিক কেস হিসাবে আমি আপনার কাছে রাখছি।

**ডাঃ গোলাম ইয়াজদানিঃ** আপনি এটা আমাকে লিখে জানাবেন, আমি তদন্ত করে জানাব।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যালঃ** এ সম্বন্ধে আপনার দপ্তরে খবর আছে, দিল্লী পর্যন্ত আমাদের অন্যতম লোকসভার সদস্যা শ্রীমতি ইলা পাল চৌধুরী দরবার করেছিলেন, সমস্ত জায়গায় তাদের সম্বন্ধে জানান সত্বেও কোন প্রতিকার হয় নি।

(নো রিপ্লাই)

**শ্রীরবীন মুখার্জীঃ** উনি যে সময়কার কথা বললেন তখন বোধ হয় ধর্মবীরার রাজত্ব চলছিল, এক বছর আগেকার ঘটনা যেসময় উনি মন্ত্রীত্বে ছিলেন। সেই সময়কার ঘটনার জবাব কি ও'কে দিতে হবে যে সময়ে ডাঃ সান্যাল মন্ত্রী ছিলেন?

(নো রিপ্লাই)

### Recommendations of the Kalyani University Commission

***917.** (Admitted question No. *2461.) **Shri Sadhan Kumar Sen:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) what were the main recommendations of the Kalyani University Commission; and

(b) what measures have been taken to implement those recommendations of the Commission?

**Mr. Speaker:** This question, I am sorry to say, is held over as I am told that all the materials have not yet been collected.

**শ্রীসাধনকুমার সেনঃ** স্যার, এটা আবার কবে হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** নেকস্ট বুধবার।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আমার প্রশ্ন ছিল যে, বাংলাদেশের কল্যাণী ইউনিভার্সিটি থেকে পাশ করা বি এসসি (এগ্রিকালচার) বহু ছেলে এখনও বেকার রয়েছে—ইতিপূর্বে এই রকম কোয়ালিফায়েড ছেলে পাওয়া যেত না বলে তখন যারা এক্সটেনসন অফিসার ছিলেন তাদের স্পেশাল ট্রেনিং দিয়ে নেয়া হত অর্থাৎ চুঁচুড়া এবং বর্ধমানে ট্রেনিং দেবার পর তাদের এক্সটেনসন অফিসারের পোস্ট দেয়া হত, এখন যখন বি এস-সি (এগ্রিকালচার) ছেলে বসে রয়েছে এবং আমরা যখন ঐ দিকে নজর দিয়েছি তখন আপনি অনুসন্ধান করবেন কিনা যাতে আমাদের দেশের বেকার ছেলেদের চাকরী দেয়া যায় এবং এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট করা যায়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য জিনিসটি বুঝতে পারছেন না। আমাদের আগে যারা ইনস্পেক্টর ছিলেন তাদের মধ্যে এখনও পর্যন্ত তিনজন বাকী রয়েছে। এটা প্রায় ১৯৪০ সালের কথা, অর্থাৎ ৩০ বছর আগেকার কথা। আমরা এখন যাদের নিচ্ছি তারা সকলেই বি এস সি (এগ্রিকালচার) এবং তারা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের।

**শ্রীনিভূতিভূষণ ঘোষঃ** এই এক্সটেনসন অফিসাররা কি সকলেই গেজেটেড অফিসার?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** উপস্থিত সকলেই গেজেটেড অফিসার।

### Jhalda Block I staff quarters

***929.** (Admitted question No. *2911.) **Shri Debendra Nath Mahata:** (a) Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state if it is a fact (i) that the quarters for the staff of Jhalda Block I have been completed and (ii) that the quarters are still lying vacant?

(b) If answers to (a) are in the affirmative, will the Minister be pleased to state what steps Government propose to take in the matter of filling up the quarters with staff?

**শ্রীচারুমিহির সরকারঃ** স্যার, এই কোয়েশ্চেনে সময় চাওয়া হয়েছে।

**মিঃ স্পীকারঃ** সময় চাইলেই হবে না, আমাকে সেই কথা বলতে হবে। আমি তো কিছুই জানি না।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, এই কোশ্চেনের মধ্যে আমি এমন কিছুই দেখতে পাচ্ছি না যার জন্য ডিপার্টমেন্ট তৎক্ষণাৎ জবাব দিতে পারবেন না। প্রশ্ন ছিল quarters for the staff of Jalda Block I have been completed. কিনা, এবং কমপ্লিটেড হলে সেগুলি কি খালি পড়ে রয়েছে? এই দুটি প্রশ্ন কমপক্ষে ১৫ দিন আগে আপনার দপ্তরে গেছে কিন্তু আপনি যদি কোন নির্দেশ না দেন এবং এই রকম সিম্পল কোশ্চেনের জবাব না দেন তাহলে আমাদের কি উপায় হবে এবং আমরা কোথায় গিয়ে দাঁড়াব? কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি তাঁর ডিপার্টমেন্টের কাছ থেকে কৈফিয়ৎ নিন কেন এই প্রশ্নের জবাব হল না।

**Mr. Speaker:** Will it be possible for the Hon'ble Minister to reply it today or tomorrow?

**Shri Charumihir Sarkar:** Sir, I want to answer both *929 and *934 together:—

(a) Construction of building portion has been completed. Water-supply arrangement, etc. is yet to be made.

(b) (i) Non-completion of water-supply arrangements.

(ii) After the water-supply arrangement has been made.

**Jhalda II Block office building**

***934.** (Admitted question No. *2912.) **Shri Debendra Nath Mahata: Will** the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that the Block office building of Jhalda II has been completed a few years back at Kotshila, police-station Jhalda; and

(b) if so, (i) the reasons for not shifting and (ii) when the shifting of the Block office to the newly constructed building will be completed?

**শ্রীদেবেন্দ্রনাথ মাহাতোঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই কোয়াটার কত দিন **আগে কমপ্লিট হয়েছে?**

**শ্রীচারুমিহির সরকারঃ** এটা কমপ্লিট হয়েছে ১৯৬৬ সালের সেপ্টেম্বর মাসে।

**শ্রীদেবেন্দ্রনাথ মাহাতোঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ক্যামপাসে যে হেল্থসেণ্টার ফাংসান করছে সেখানে ওয়াটার সাপ্লাই এ্যারেঞ্জমেন্ট অলরেডি আছে?

**শ্রীচারুমিহির সরকারঃ** আমার যতদূর সংবাদ তাতে ওয়াটার সাপ্লাই এ্যারেঞ্জমেন্ট সেখানে হয় নি -ওখানে টেন্ডার কল করা হয়েছিল

[1-30 1-40 p.m.]

1st call in December, 1966—No contractor turned up.

2nd call in March, 1967—Lowest rate was 21 per cent. above, hence not accepted.

3rd call in December, 1967—Lowest one was 9.9 per cent. above; hence not accepted by SE(AI) and ordered for re-tender.

4th call in April, 1968—Lowest tenderer failed to execute formal agreement; hence tender cancelled with forfeiture of earnest money.

5th call on 9th September, 1968—Lowest rate of 5 per cent. above, accepted and work started.

At present all items of work completed except construction of masonry well which requires blasting of rock and is expected to be completed within 1969.

The temporary headquarters of the Block is at present situated in Jhalda. A site at Kotshila in Mouza Mulahar has been chosen for locating the permanent headquarters of this Block.

**শ্রীদেবেন্দ্রনাথ মাহাতোঃ** ঐ একই কম্পাসের মধ্যে হেল্থ সেণ্টার এবং ব্লক অফিস আছে এবং সেখানে দুটি বিগ ওয়েলস ফর ড্রিংকিং ওয়াটার পারপাস আছে এবং সেখানে জলের কোন প্রবলেম নাই- এটা মন্ত্রিমহাশয় জানেন কি —আর একটি প্রশ্ন ঝালদা ব্লক অফিস-এর জন্য বাড়ী ভাড়া দিতে হয়—দু তিন বছর হোল ওকে সিফ্‌ট করা হচ্ছে না কেন?

**শ্রীচারুমিহির সরকারঃ** এই রকম বহু ব্লক অফিস আছে ভাড়া দিতে হচ্ছে এখানে জলের এ্যারেঞ্জমেন্ট আছে এটা আমার জানা নাই- মাননীয় সদস্য যখন জানালেন তখন এ সম্বন্ধে আমি জানবো।

**শ্রীদেবেন্দ্রনাথ মাহাতোঃ** সেখানে ব্লক অফিস সিফ্‌ট না করার দরুন—সেখান থেকে জানলা—কপাট—দরজা লোকে নিয়ে চলে যাচ্ছে এটা মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীচারুমিহির সরকারঃ** এটা হতে পারে—তবে এর জন্য—এইসব দেখার জন্য সেখানে ব্যবস্থা আছে।

**শ্রীদেবেন্দ্রনাথ মাহাতো:** স্যার, উনি যে প্রশ্নের উত্তর দিলেন সেটা এ্যাডমিটেড কোয়েশ্চেন নং ২৯১২ -কিন্তু ২৯১১ এটার তো উত্তর দিলেন না?

**শ্রীচারুমিহির সরকার:** দুটি প্রশ্ন একই নেচারের তাই দুটিই এক সংগে উত্তর দিয়েছি—প্রথমটির উত্তর আমি পাই নি—তাই হেল্ড ওভার করতে বলেছিলাম—কিন্তু প্রশ্ন দুটি একই নেচারের। এই রকম আরও ১২টি ব্লকে ব্লক অফিস তৈরী হয়ে রয়েছে—কিন্তু মাইনর ডিফেক্টের জন্য এই অফিসগুলি সেখানে সরানো সম্ভব হয় নি—সেগুলি সরানোর জন্য এর মধ্যে আমি অর্ডার দিয়েছি—অনেক জায়গায় সরানো হয়েছে এখনও অনেক জায়গায় হয় নি এই হোল পোজিসন।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### ময়ূরাক্ষী ক্যানেলের উত্তর বিভাগের ডিস্ট্রিবিউটারী নং ১৪/১/১

*958. (Admitted question No. *122.)

**শ্রীসনৎকুমার রাহা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ময়ূরাক্ষী ক্যানেলের উত্তর বিভাগের মঞ্জুরীকৃত ডিস্ট্রিবিউটারী নং ১৪/১/১-এর খনন কার্য বর্তমানে কি পর্যায়ে রহিয়াছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** ময়ূরাক্ষী ক্যানেলের উত্তর বিভাগের অন্তর্গত ১৪/১/১ নম্বরের কোন ডিস্ট্রিবিউটারী নাই। তবে ময়ূরাক্ষী হেডকোয়ার্টার্স ডিভিসনের অন্তর্গত মুর্শিদাবাদ জেলায় ১৪/১/১ নামে একটি খাল আছে। কিছুটা টার্ফিংএর কার্য বাদে এই খালটি এই বৎসর সমাপ্ত হইয়াছে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই খালটি কতটা লম্বা এবং কি পরিমাণ জমিতে এর দ্বারা উপকার পাওয়া যাবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** তা আমি বলতে পারবো না।

### Damaged irrigation channels in Kalimpong

*959. (Admitted question No. *1436.) **Shri Padmalakshmi Subba:** (a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased state if it is a fact that—

(i) the irrigation channels in Kalimpong were damaged during the October 1968 flood;

(ii) the paddy cultivation in Kalimpong will be greatly hampered this year for want of irrigation water;

(iii) that Government have normal programme to restore those irrigation channels damaged during October disaster after the Monsoon is over; and

(iv) that the Director of Agriculture was to visit Kalimpong in order to personally meet the farmers there and to sumbit a report to the Government (vide D.O. letter No. 433/Comn., dated the 6th May, 1969) and, if so, whether he has done so?

(b) If the answers to (a) are in the affirmative, will the Minister be pleased state—

(i) whether any enquiry has since been made regarding the nature of damages to the irrigation channels there and report submitted;

(ii) if not, why not; and

(iii) what action, if any, Government propose to take in this regard?

**Shri Biswanath Mukherjee:** (a)(i) Yes. Several irrigation channels and Jhoras in Kalimpong Subdivision including the three schemes of the I. & W. Department viz., (1) Garubathan (2) Pembling, Nimbong and (3) Baramangua Takling irrigation schemes, were damaged during October 1968 floods.

(ii) This year irrigation from the abovementioned three schemes will not suffer as the damages to the canals have been repaired before the irrigation season. Transplantation of paddy in other affected areas are being done mainly through rainfall at present.

(iii) The programme of work of restoration of the flood damages to the abovementioned three schemes of I. & W. Department envisaged completion of repair works before the commencement of irrigation season of 1969 and works have been completed accordingly.

(iv) Due to heavy pre-occupations the Director of Agriculture got the matter enquired into through the Joint Director of Agriculture, Jalpaiguri Range. The latter enquired into the matter and submitted a report. Director of Agriculture will visit Kalimpong at the earliest opportunity.

(b)(i) Nature of damages to the Irrigation Department schemes were enquired into and these have been repaired. As regards other schemes, including the Agriculture and C. D. Department schemes, enquiry as to the damages were made and the question of allotment of funds for their repair is under consideration of Government.

(ii) Does not arise.

(iii) Does not arise.

**Shri Padmalakshmi Subba:** Will the Hon'ble Minister be pleased to state what are the factors responsible for the Government not being in a position to restore the damaged irrigation channels before the current monsoon enabling the cultivators at Kalimpong to do paddy cultivation without depending on rain water?

**Shri Biswanath Mukherjee:** As I have already replied to your question, all the three schemes which were executed by the I. & W. Department have been repaired before this monsoon.

**Shri Padmalakshmi Subba:** Whether the Government propose to restore the indigenous irrigation channels other than those in small and minor irrigation schemes?

**Shri Biswanath Mukherjee:** Yes.

**Shri Padmalakshmi Subba:** Whether the Government propose to restore the damaged irrigation channels on test relief or giving grants to the cultivators?

**Shri Biswanath Mukherjee:** Our irrigation channels have been repaired. The other private irrigation channels may be helped by test relief works. That can be done this season immediately after the monsoon.

### মুর্শিদাবাদ জেলার কাঁচা রোড স্কীম

***960.** (Admitted question No. *2039.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, ডোমকল ও রাণীনগর ২নং আঞ্চলিক পরিষদে ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ আর্থিক বৎসরে কাঁচা রেড স্কীমে কত টাকা দেওয়া হইয়াছিল; এবং

(খ) ঐ টাকা হইতে উক্ত পরিষদগুলি কি ধরণের কার্য করিয়াছে?

[1-40—1-50 p.m.]

**শ্রীচারুমিহির সরকারঃ** (ক) আঞ্চলিক

| পরিষদ | আর্থিক বৎসর | | |
|---|---|---|---|
| | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ |
| | টাকা | টাকা | টাকা |
| জলংগী | .. | ৩,৫০০ | ... |
| ডোমকল | ... | ৩,৫০০ | ... |
| রাণীনগর ২নং | ১,০০০ | ৩,০০০ | ... |

(খ) জলংগী—কালভার্ট তৈরীর জন্য হিউম পাইপ ক্রয় করিয়াছে এবং ভাঙগা পুল মেরামত করিয়াছে।

ডোমকল—কালভার্ট নির্মাণ করিয়াছে।

রাণীনগর ২নং—কালভার্ট নির্মাণ করিয়াছে।

**শ্রীআজিজুর রহমানঃ** এই যে কাজগুলির কথা বললেন এর জন্য সরকারী যে অনুদান দেওয়া হয়েছিল সেটাতেই এই কাজের সমাধান হয়েছিল, না ওখানে স্থানীয় সাহায্য ছিল?

**শ্রীচারুমিহির সরকারঃ** এই সব কাজে সরকারী অনুদান থাকে ৮৫ ভাগ এবং স্থানীয় সাহায্য থাকে ১৫ ভাগ।

### ভারুনিয়া বাঁধের সংস্কার

***961.** (Admitted question No. *2446.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট থানার অন্তর্গত বিষ্ণুপুর এলাকায় ভারুনিয়া নামীয় বাঁধ গত বৎসরের বন্যায় প্রায় সম্পূর্ণরূপে ধ্বংস হওয়ার দরুণ ঐ অঞ্চলের কৃষিক্ষেত্রের এবং ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐ বাঁধ সংস্কার করার বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** (ক) হ্যাঁ, বাঁধভাঙ্গার ফলে বিষ্ণুপুর অঞ্চলের নীচু জমির প্রায় ৩৮৯ একর পরিমাণ জমি জলমগ্ন হইয়াছিল এবং ১০টি গৃহ ধ্বংস হয়।

(খ) বাঁধটি বে-সরকারী ব্যক্তিগত মালিকানার অধীন। ভারুনিয়া বাঁধের ভাঙ্গন টেস্ট রিলিফের মাধ্যমে মেরামত করা হইয়াছে। ঐ বাঁধের সংলগ্ন বাঁধের মেরামত কার্য প্রায় ৭০ শতাংশ হইয়াছে। কিন্তু বিষ্ণুপুর অঞ্চলে খুর্যাকরা নদীর দক্ষিণতীরে দুইটি স্থানে বাঁধ ভাঙ্গনের মেরামত কার্য তখনও হয় নাই।

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই বাঁধটি একটি বড় বন্যা হলে প্রায়ই ভেঙ্গে যায়, এই বাঁধটিকে স্থায়ী ভাবে সংস্কার করার ব্যাপারে,—যদিও এটা বেসরকারী বাঁধ তাই এটাকে সরকারী হিসাবে গ্রহণ করে নেওয়া সম্বন্ধে চিন্তা করছেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** সরকারী হিসাবে গ্রহণ করার জন্য এখন চিন্তা করিনি, তবে টেস্ট রিলিফেও ভাল ভাবে করা যায় এবং বাঁধটির ব্যাপারে টেস্ট রিলিফে এটা করা যায় কিনা ইরিগেসান ডিপার্টমেন্টের সুপারভিসানে, সেটা আমি দেখব।

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** মন্ত্রিমহাশয় বললেন ১০টি ঘরবাড়ীর ক্ষতি হয়েছে। এই সমস্ত ঘরবাড়ী যাদের ক্ষতি হয়েছে তাদের ক্ষতি পূরণ দেবার কোন ব্যবস্থা করা হয়েছিল কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সেটা কি সেচ বিভাগকে জিজ্ঞাসা করবার প্রশ্ন?

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** এই বাঁধটিতে যে জলোচ্ছ্বাস হয় এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি অনুসন্ধান করেছেন যে দ্বারকা নদীর প্রসার অত্যন্ত কমে যাওয়ায় বিষ্ণুপুর অঞ্চলে প্রতি বছরই প্রায় অল্প বৃষ্টি হলে বন্যা সৃষ্টি হয়, সেচ বিভাগ থেকে ঐ দ্বারকা নদীর জল নিকাশী ব্যবস্থা আরো সুষ্ঠু করার জন্য ইতি মধ্যে কোন তদন্ত করেছেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমাদের পশ্চিমবাংলার জল নিকাশী সমস্যা অতি ব্যাপক এবং সব জায়গা সম্বন্ধেই মোটামোটি তদন্ত করা আছে যে কেন হচ্ছে এবং কি করলে মীমাংসা হতে পারে, কিন্তু সংগতভাবে তা করা হয়নি। আপনাকে সন্তুষ্ট করার জন্য আমি হয়ত বলতে পারি যে আচ্ছা আমি দেখবো, কিন্তু আসল হচ্ছে অর্থাভাব।

## কুলটী, সালানপুর ও হীরাপুর ব্লকে জলসেচের পাম্প

***962.** (Admitted question No. *2483.)

**ডাঃ তারক নাথ চক্রবর্তী:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুলটি, সালাণপুর, ও হীরাপুর ব্লকে কতগুলি জলসেচের পাম্প আছে;

(খ) পাম্পগুলির মধ্যে কতগুলি চালু আছে; এবং

(গ) গত তিন বৎসরে কতবার পাম্পগুলি জনসাধারণকে ব্যবহার করিতে দেওয়া হইয়াছে?

**Mr. Speaker:** As regards the next question i.e. *962, it is held over as the reply is not ready.

**Dr. Nalinaksha Sanyal:** Once again I have to submit that starred question 962 is a very simple question requiring only information about the number of deep tubewells in Kulti, Salanpur and Hirapur Blocks and how many of them are in actual operation. Such questions should have been answered without any difficulty and if the Department is not co-operating with your Department then I respectfully submit that serious steps should be taken to see that Assembly privileges are not ignored.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের একটা কনফিউসন হচ্ছে, উনি বললেন টিউবওয়েল, এখানে লেখা আছে দেখুন কুলটি, সালানপুর ও হীরাপুর ব্লকে কতগুলো জলসেচের পাম্প আছে? কনফিউসন এখানেই। সুতরাং পাম্প আবার কি পাম্প, পাবলিকের ব্যবহার করার পাম্প গভর্নমেন্টের অনেক পাম্প আছে। সেগুলো গভর্নমেন্টের পাম্প, সেগুলোর সম্বন্ধে কোশ্চেন আছে, সেগুলো সম্বন্ধে প্রপার উত্তর পাবার জন্য আমি পাঠিয়েছি, আমি কালকে মাত্র পেয়েছি। সুতরাং মাননীয় সদস্য কনফিউসনে ভুগছেন।

**Mr. Speaker:** I fully appreciate the view points of both Dr. Sanyal and also of the Hon'ble Minister. Now Dr. Sanyal will well appreciate the subject matter of the question·

(ক) কুলটি, সালানপুর ও হীরাপুর ব্লকে কতগুলো জলসেচের পাম্প আছে;

(খ) পাম্পগুলির মধ্যে কতগুলো চালু আছে, এটা সব পাম্পগুলো চালিয়ে দেখতে হবে; এবং

(গ) গত তিন বছরে কতবার পাম্পগুলি জনসাধারণকে ব্যবহার করতে দেওয়া হয়েছে?

Certainly it is a matter where time is necessary.

**Shri Biswanath Mukherjee:** It is not merely a question of time. I have to decide what am I to answer here. It says how many pumps are there. There may be deep tubewell pumps, there may be shallow tubewell pumps, there may be river lift irrigation pumps, there may be private pumps, there may be pumps given by the Government to the peasants for their use. So I have to decide first as to which part of it I have to answer. The answer given by the Department did not satisfy me and I decided that this question should be held over in order to give a proper answer later on.

**Dr. Nalinaksha Sanyal:** As he has mentioned, the pumps are only of three categories. There is no question of obtaining information from private ager ... The specific question relates to .. .

**Mr. Speaker:** Dr. Sanyal, I do not want to go into any further discussion. I am satisfied that the Government is not creating any trouble in withholding the reply. If they did it certainly I am strong enough to see that such thing does not happen but it is not a case like that.

[1-50—2 p.m.]

### হাওড়া জেলায় ইরিগেশান এস ডি ও-র সংখ্যা

***963.** (Admitted question No. *2505.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বর্তমানে কয়জন ইরিগেশান এস ডি ও আছেন;

(খ) তাঁদের অফিস কোথায় কোথায়; এবং

(গ) প্রত্যেক অফিসে জীপ এবং টেলিফোন আছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) দুইজন।

(খ) সিজবেড়িয়ায় এবং আমতায়।

(গ) সিজবেড়িয়া অফিসে জীপ আছে কিন্তু আমতা অফিসে নাই। কোন অফিসেই বর্তমানে টেলিফোন নাই।

**শ্রীকালীপদ মণ্ডল:** আমতা অফিসে জীপের অভাবে ইরিগেশন এস ডি ও-র কাজকর্মের অসুবিধা হচ্ছে। তাড়াতাড়ি জিপ দেওয়ার ব্যবস্থা করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** সিজবেড়িয়াতে একটা টেলিফোন মঞ্জুর করা হয়েছে। আমতার জন্য একটা জীপ খরিদের প্রস্তাব বর্তমানে ফ্যাইন্যান্স ডিপার্টমেন্টের বিবেচনাধীন আছে।

### ক্যানিং থানার ডাবু স্লুইস গেট

***964.** (Admitted question No. *2520.)

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ক্যানিং থানার ডাবু স্লুইস গেটটি বর্তমানে অচল অবস্থায় পড়িয়া আছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে কোন তদন্ত করা হয়েছে কিনা; এবং

(গ) কবে থেকে আবার উক্ত গেটটি চালু হবে বলে আশা করা যায়?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** (ক) হ্যাঁ, তবে অপর একটি স্লুইস (সিকস ভেনটেড পাইপ স্লুইস) নির্মাণ করিয়া এলাকার জল নিকাশের ব্যবস্থা করা হয়েছে।

(খ) হ্যাঁ, এ বিষয়ে তদন্ত করা হইয়াছিল। তবে ডাবু স্লুইস অচল হইয়া যাওয়ার সঠিক কারণ সম্বন্ধে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া যায় নই।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** এই স্লুইস গেটটি তৈরী হতে কত টাকা খরচ হয়েছিল?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** ডাবু স্লুইস গেটটির কনসট্রাকসন কম্পিলিট হয়েছিল আগস্ট, ১৯৫৭। তৈরী করতে কত টাকা খরচ হয়েছিল বলতে পারব না তবে রিপেয়ার ও রিমডেলিং-এর জন্য ১৯৫৮ সালের কষ্ট এসটিমেটেড হয়েছিল ৬ লক্ষ ৩৩ হাজার ৫৭৫ টাকা।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** এই স্লুইস গেটটি হচ্ছে হাজার হাজার বিঘা ধান্য জমির জল নিকাশের একমাত্র ব্যবস্থা। এইটি খারাপ হওয়ার ফলে আমাদের ওখানে লক্ষ লক্ষ বিঘা জমির ধান নষ্ট হচ্ছে। একটু বৃষ্টি হলেই এটা হচ্ছে। সেইজন্য মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি এই স্লুইস গেটটি যেটি ৬ লক্ষ টাকা ব্যয় করেও অকেজো হল সে সম্পর্কে তদন্ত করা হচ্ছে না কেন?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** এটা ১৯৫৭-৫৮ সালের কথা। আমি রেকর্ডে দেখছি হাইয়েস্ট টেকনিক্যাল এক্সপার্ট দিয়ে তদন্ত করান হয়েছিল। এখানকার ইরিগেশনের যিনি চীফ ইঞ্জিনিয়ার তার নোটও দেখছি। শেষ পর্যন্ত কেন্দ্রীয় সংগঠনের সি এম পি সি দিয়ে তদন্ত করা হয়েছিল। অথচ তাঁদের রিপোর্টে দেখছি তারা কোন ফার্ম ডিসিসনে আসতে পারেন নি। আপনি আমার দৃষ্টি আকর্ষণ করেছেন সেজন্য ধন্যবাদ। আমি তো এটা একটা কেলেংকারী বলে মনে করছি। আমি খুব সিরিয়াসলি এটা টেক আপ করব।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** এই স্লুইস গেটটিতে যেখানে ৬টি হিউম পাইপ আছে সেখানে আরও ৫/৬টা যুক্ত করে দিয়ে হিউম পাইপ কালভার্ট ভাল ব্যবস্থা করা হবে কি জল নিকাশের?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** আপনি দৃষ্টি আকর্ষণ করেছেন বলে আমি ধন্যবাদ দিয়েছি। ১৯৫৭ সাল থেকে ১৯৬৯ সাল এই ১২ বছরে মীমাংসা হল না। হয় এইটা সম্পর্কে একটা ফার্ম ডিসিসন নেওয়া হবে নইলে বিকল্প যা বলেছেন আরও কিছু পাইপ দেওয়ার কথা সেইটা করে জল নিকাশী ব্যবস্থা করে দিতে হবে।

## Dubda Basin Drainage Project

***965.** (Admitted question No. *2526.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that some 20,000 people of Egra thana in Midnapore district have recently gone on strike demanding "Freedom from Flood";

(b) if so what steps the Government have taken so far to implement the long-shelved Dubda Basin Drainage Project; and

(c) if no start has yet been made in this regard, what stands in the way of the Government to go ahead in the matter?

**Shri Biswanath Mukherjee:** (a) Over the demand for immediate excavation of Dubda Basin Drainage Scheme, a hartal organised by the Dubda Basin Unnayan Sangstha was observed at Egra on 22nd July, 1969, and withdrawn at 15 hours on the same day.

(b) The State Government are trying to obtain from the Government of India special assistance for financing expenditure on the scheme.

(c) Shortage of funds.

**Shri Gyan Singh Sohanpal:** Will the Hon'ble Minister be pleased to state if the State Government has prepared any comprehensive scheme for this purpose? If so, what is the estimated cost of the scheme?

**Shri Biswanath Mukherjee:** It is already known to the House as well as to public that the Government prepared a scheme. It would cost one crore ninety-nine lakhs and it is also known that this was sent to the CPWC for technical approval. They have already approved it. It has been sent to the Planning Commission because there is a rule that if there is any scheme costing more than one crore then approval must be obtained from the Planning Commission. So it has been sent to the Planning Commission. Their approval is awaited. In the meantime I met the Prime Minister, the Irrigation Minister and the Minister of State for Finance and I had a discussion with them They advised me to include the scheme in our own plan and spend some money on it and they try to get help from the Central Government. But we have insisted that it is impossible for the State Government to execute big drainage or big irrigation schemes on their own. Therefore, we are insisting on them about it.

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তিনি যে স্কীম-এর কথা বললেন, এই যে দুবদা বেসিন ড্রেনেজ স্কীমটি ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট প্রথমে তৈরী করেছিলেন কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এই দুবদা বেসিন ড্রেনেজ স্কীম তৈরী করার চেষ্টা অনেক দিন ধরে হচ্ছে। ১৯৬৭ সালে আমরা সেই চেষ্টাকে প্রথম ফলবতী করি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয়, একথা জানেন কি যে, ১৯৬৯ সালেও যখন নির্বাচন হয় তখন অল্ ইন্ডিয়া রেডিও থেকে ডাঃ কে এল রাও এর নাম করে এবং কেন্দ্রীয় কংগ্রেস সরকারের নাম করে বারে বারে বলা হয় যে, ১ কোটি ৯১ লক্ষ টাকা তাঁরা মঞ্জুরী করেছেন। এটাকি সত্যি যে, ঐ টাকা তাঁরা মঞ্জুর করেছিলেন, না এটা প্লানড্ সেন্ট্রাল ব্লাফ, অল ইন্ডিয়া রেডিও দিয়েছিলেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এটা নিয়ে প্রচুর কনফিউসন খবরের কাগজে ইতিমধ্যেই সৃষ্টি করা হয়েছিল এবং আমি আপনাদের বলছি যে এখনও পর্যন্ত প্ল্যানিং কমিশন কোন অ্যাপ্রুভাল দেয়নি। টেকনিক্যাল অ্যাপ্রুভাল, সি পি ডব্লু সি কিছু দিন আগে হয়েছে। এখনও প্ল্যানিং কমিশনের অ্যাপ্রুভাল হয় নি। কি করে কেন্দ্রীয় সরকার টাকা স্যাংশন করবে। আমাদের এই সরকার আসবার পরে আমি খোঁজ নিয়েছি যে কেন্দ্রীয় সরকার এক পায়সাও দেয়নি। আমি এবারে গিয়ে খুব চেষ্টা করেছি যাতে তাঁরা এটা দেন। কিন্তু এখনও পর্যন্ত এবিষয়ে তাঁরা কোন কথা দেননি সাহায্য করবেন কি না। তবে আমি আশা করছি কিছু সাহায্য হয়ত পাওয়া যাবে। সুতরাং এ সম্পর্কে যেসব কথা খবরের কাগজে রটেছে সেগুলি সম্পূর্ণ মিথ্যা কথা। এটা যা ইলেকশনের সময় হয়েছে শুধু প্রচার করার জন্য করা হয়েছে।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এটাকি সত্য যে, এই কনফিউসন সৃষ্টির পিছনে ওখানকার পার্লামেন্ট সদস্য শ্রীসমর গুহ আছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি কাগজে দেখেছি এই সব তাঁর নামে বেরিয়েছে। তবে তিনি সংসদের লোকসভার সদস্য, আমার সংগে তাঁর কোন আলোচনা হয় নি। আমি শুধু কাগজে এইসব দেখেছি। তবে যেটা কাগজে বেরিয়েছে সেটা মিথ্যা কথা।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, রাজ্যপালের শাসনের সময় এই ধর্মবীরা এবং শ্রীসমর গুহ মিলে এই কনফিউসন প্ল্যানড করে সৃষ্টি করেছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** রাজ্যপালের শাসনের সময়, রাজ্যপাল একবার চেষ্টা করেছিলেন যাতে এই স্কীম সেন্ট্রাল গভর্নমেন্ট স্যানকসন করেন নি। তবে তাঁরা চেষ্টা করে পাঠিয়ে ছিলেন আর কিছু করেন নি। আমরা যেমন একবার পাঠিয়েছিলাম, তিনিও একবার

পাঠিয়েছিলেন। অথচ এই রকম রটে গেল যে, স্কীমটা স্যানকসন হয়ে গেছে, সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা স্যানকসন করেছেন। পরবর্তী কালে আমি খোঁজ নিয়ে জেনেছি যে, এটা সম্পূর্ণ মিথ্যা। সেন্ট্রাল গভর্নমেন্ট এক পায়সাও দেন নি বা স্যানকসন করেন নি। ১৯৬৭ সালে আমাদের সময়েও করেন নি, ১৯৬৮ সালে রাজ্যপালের সময়েও করেন নি, সমর গুহের কথাতেও করেন নি। বর্তমানে আমাদের কথাতেও এখন পর্যন্ত করেন নি। ভবিষ্যতে করবেন বলে আশা করছি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মন্ত্রিমহাশয় জানবেন কি দুবদা বেসিনের লোক, এপার ওপারের লোক কতবার বা এইভাবে ডুববে, কতবার ভাসবে? ২০ বছর কংগ্রেস সরকার [illegible] কথা [illegible] কথা রাখেন নি।

[2—2-10 p.m.]

**Mr. Speaker:** The time is up. I cannot allow you to go on beyond the time. Now Mr. Gyan Singh Sohanpal, if you have anything to ask you can do so.

**Shri Gyan Singh Sohanpal:** It appeared in a section of the Press that the Government of India has sanctioned 94 lakhs for control of flood in Midnapore District. Will the Hon'ble Minister enlighten this House on the subject?

**Shri Biswanath Mukherjee:** The Government of India has earmarked Rs. 94 lakhs for the Kaliaghai Scheme which was sanctioned by the C.P.W.C. earlier, and Rs. 20 lakhs for the Katakhali Scheme, a part of Magra Basin Scheme. They have earmarked the money. I am bound by their decision to spend the money on the schemes mentioned by them.

**Mr. Speaker:** The question hour is over. I am coming to the two short notice questions which will be answered now. Shri Amalendra Lal Roy may please read his short notice questions.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ)) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি মালদহ, মুর্শিদাবাদ ও পশ্চিম দিনাজপুর জেলার সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত নরনারীকে সরকার এ পর্যন্ত মোট কত টাকার ও অন্যান্য সাহায্য দিয়েছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** মালদহ ও মুর্শিদাবাদ জেলার সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যকল্পে এ যাবৎ নগদ ও সামগ্রীতে যে সকল সাহায্য পাঠানো হয়েছে তার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হয়েছে।

পশ্চিম দিনাজপুরে বন্যার ক্ষয়ক্ষতির বিবরণ পাওয়া যায় নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রিমহাশয় যে হিসাব দিয়েছেন সেই তালিকাটা খুব বড় কিছু নয়: অনুগ্রহ করে যদি তালিকাটা পড়ে দেন তাহলে আমাদের পক্ষে বুঝার সুবিধা হয়। এ নিয়ে আলোচনা বোধহয় কালও হয়েছে।

**মিঃ স্পীকার:** এতক্ষণ পড়লে তো সময় হবে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তালিকাটা খুব ছোট তালিকা।

**মিঃ স্পীকার:** তাহলে একটু তাড়াতাড়ি করে পড়ুন।

**শ্রীআবদুর রেজ্জাক খান:** আমি আগেই বলে রাখি যে এই সমস্ত কাজ একটা প্রসেসে চলছে, এখনও শেষ হয় নি। তিনদিন আগেকার যে রিপোর্ট তাই আমি দিচ্ছি। তারপরেও কাল, আজ জিনিসপত্র যাচ্ছে—সেই সমস্ত আমি পরে বলছি।

*Statement showing Allotments sanctioned in cash and kind to the District Magistrates of Mald and Murshidabad for Flood Relief Operations during the period from 1st August 1969 t 8th September 1969.*

| Items of Relief | Districts | |
|---|---|---|
| | Malda. | Murshidabad |
| | Rs. | Rs. |
| (1) Gratuitous Relief (in cash and for purchase of food-grains for distribution of G. R. in kind). | 13,63,300 | 13,97,500 |
| (2) House Building Grant . . .. | 11,00,000 | 3,00,000 |
| (3) House Removal Grant .. . .. | 3,00,000 | .. |
| (4) Relief Contingencies .. | 2,30,000 | 80,000 |
| (5) Agricultural Loans (including loan for House-building purposes) | 15,00,000 | 15,00,000 |
| (6) Dhuty (in pieces) .. . .. | 5,800 | 2,600 |
| (7) Saree (in pieces) . . | 5,400 | 2,100 |
| (8) Children's Garments (in pieces) .. | 2,000 | 3,100 |
| (9) Cotton Blankets (in pieces) .. | 1,300 | .. |
| (10) Milk Powder (in Lbs.) .. | 4,990 | 6,720 |
| (11) Chira (in Kgs.) . .. | 19,000 | 11,000 |
| (12) Bread (Lbs.) . . . | 2,364 | .. |
| (13) Tarpaulins . . | 1,800 | 1,200 |
| (14) Tent .. .. . .. | 8 | .. |
| (15) Hogla (in bundles) .. .. .. | 35 | .. |
| (16) Old Clothings .. .. .. .. | 37 bundles. | 104 bundles. |

In addition to funds and relief articles indicated above, funds for distribution of Fertiliser/Cattle Purchase Loans and huge quantities of cattle feed, medicines, disinfectants, etc., have already been and are being sent by other departments

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এ ছাড়া ২ হাজার ত্রিপল ২ দিনের মধ্যে পাঠানো হয়েছে। এ বাদে ক্যাটল ফডার পাঠানো হয়েছে দু'দিনে প্রায় এক ওয়াগন, প্রায় ১০০ বেল কাপড় ২।৩।৪টা ডিস্ট্রিক্ট-এ সম্প্রতি পাঠানো হয়েছে। আরও পাঠানো হচ্ছে।

**Mr. Speaker:** There is a mention case by Shri Amalendra Lal Roy regarding government help to the recent flood victims.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত নরনারীদের ত্রাণকার্যে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন টাকা সাহায্য বা অনুদান হিসাবে পাইয়াছেন কিনা;

(খ) পাইয়া থাকিলে, এ পর্যন্ত কত টাকা পাইয়াছেন; এবং

(গ) কত টাকার আশ্বাস পাইয়াছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** (ক) না; (খ) প্রশ্ন ওঠে না; (গ) কোন আশ্বাস পাওয়া যায় নাই। এই প্রসঙ্গে বলব যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি এবং ২ কোটি টাকা ওয়েজ অ্যান্ড মিনস হিসাবে স্যাংশন করতে বলেছি এবং বলেছি একটা স্টাডি টিম পাঠাতে যাতে তাঁরা ঠিক বিবেচনা করে কত টাকা দরকার তা মঞ্জুর করেন। এখনও পর্যন্ত স্টাডি টিম আসে নি। আমরা নিজেদের ক্ষমতায় কাজ করছি।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### কৃষিজমির সর্বোচ্চ সীমা

***968.** (Admitted question No. *2785.)

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জে এল আর ও এবং রেভিনিউ অফিসারগণ কৃষি জমির আইন-নির্দিষ্ট সর্বোচ্চ সীমানা নির্ণয়নের ব্যাপারে ডাঙ্গা ও সেচযোগ্য পুকুরকেও অন্তর্ভুক্ত করিতেছেন; এবং

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয়, তাহা হইলে মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি কোন প্রশাসনিক নির্দেশ বা সার্কুলার ভিত্তিতেই কি ডাঙ্গা জমি ও পুকুরকে কৃষিজমির সর্বোচ্চ সীমার অন্তর্ভুক্ত করা হইতেছে?

**ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের ২(খ) ধারানুসারে অনাবাদী অথচ কৃষিযোগ্য ডাঙ্গা জমিকে এবং কৃষির কার্যে সেচের জন্য ব্যবহৃত পুকুরকে কৃষিজমি বলিয়া গণ্য করা হয়।

### 2 B. M. C. Canal

***969.** (Admitted question No. *2964.) **Shri Phakir Chandra Roy:** (a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state if the Government is aware that (i) 2 B.M.C. (Extension of distributing 2 of the old D.C.) has been handed over to the S.D.O., Rondia, in the district of Burdwan and (ii) there have been several breaches on the newly raised embankment of the said canal and if those breaches have been repaired by the local people and if local people have provided khalasis for due protection and maintenance of the said embankment in the absence of the provision of khalasis by the D.I. Circle, Burdwan L?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state what measures have been taken for the protection, maintenance and repairing of the embankment and for paying back the money and rent by the local people?

**The Minister for Irrigation and Waterways:** (a)(i) Yes. Water course named 2B of M.C. which is ready for irrigation has been handed over to the S.D.O. Damodar Canal Subdivision No. II, Rondia for the purpose of irrigation operation only.

(ii) There occurred only two breaches in the newly constructed marginal bundhs of the said water course which were repaired departmentally by engaging Master-roll labourers. Departmental khalasis have been engaged for necessary watch and conducting irrigation operation of the said water course.

There is no information to Government about repair of any breaches being done by the local people or providing khalasis by them for due protection and maintenance of the said embankment.

(b) Does not arise.

**মালদহ জেলায় সিভিল ডিফেন্স-এ শিক্ষণপ্রাপ্তের সংখ্যা**

***970.** (Admitted question No. *2972.)

**শ্রীসামসুদ্দিন আহমেদঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে মালদহ জেলায় সিভিল ডিফেন্স-এ শিক্ষণপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** ৭৪৩ জন।

**কেতুগ্রাম থানার আনখোনা অঞ্চলে ধানে পোকা**

***971.** (Admitted question No. *3031.)

**শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার আনখোনা অঞ্চলে ধান ক্ষেতে পোকা লাগিয়া বহু ফসল নষ্ট হইয়া যাইতেছে; এবং

(খ) "ক"-এর উত্তর হ্যাঁ হইলে, উহা প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) কেতুগ্রাম থানায় ধানে পোকার আক্রমণ হয়েছিল কিন্তু ক্ষতিসাধন করার আগেই কৃষি বিভাগের তৎপরতায় সেই পোকার আক্রমণ প্রতিহত করা হয়।

(খ) এই ধানের পোকা দমন করার উদ্দেশ্যে চাষী ভাইদের ব্যবহারের জন্য কাটোয়ায় কেতুগ্রামে বি এইচ সি দশ শতাংশ ও বি এইচ সি পঞ্চাশ শতাংশ কীটনাশক ঔষধ এবং স্প্রেয়ার ও ডাস্টার প্রচুর পরিমাণে আগে থেকেই মজুত রাখা হয়েছিল এবং এখনও আছে। চাষী ভাইরা সেই সকল ঔষধ এবং যন্ত্রাদির সাহায্যে ধানের পোকা দমন করতে সক্ষম হন।

**বহরমপুর থানায় চাঁদোরের বিলের সংস্কার**

***973.** (Admitted question No. *123.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানায় চাঁদোরের বিলের সংস্কার বিষয়ে কোন তদন্ত হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ও (খ) মুর্শিদাবাদ জিলার বহরমপুর থানায় চাঁদোরের বিল সংস্কার সম্বন্ধে ১৯৫৯-৬০ সালে কয়েকটি বিকল্প প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হয়েছিল, কিন্তু শেষ পর্যন্ত সব কয়টি প্রস্তাবই পরিত্যক্ত হয় কারণ ঐ বিলে অস্বাভাবিক প্রবল বন্যার সময় ছাড়া জল নিকাশের অসুবিধার আশংকা নাই।

**নলহাটী থানায় লিফট ইরিগেশন দ্বারা জলসেচ ব্যবস্থা**

***974.** (Admitted question No. *2447.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নলহাটী থানার অন্তর্গত [illegible] অঞ্চলে মোট কি পরিমাণ জমিতে ক্যানেল নলকূপ লিফট ইরিগেশন ইত্যাদি দ্বারা জলসেচ করার ব্যবস্থা আছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** নলহাটি থানার অন্তর্গত বরলা অঞ্চলে মোট প্রায় ২,১০৯ একর জমিতে ময়ূরাক্ষী ক্যানেল ও কালিয়া নালা দ্বারা জল সেচ করার ব্যবস্থা আছে। ইহা ছাড়া ঐ অঞ্চলে ব্রাহ্মণী নদীর তীরে কৃষি দপ্তর কর্তৃক একটি নদী সেচ প্রকল্প স্থাপন করা হইয়াছে। এই প্রকল্পটির কাজ এখনও সম্পূর্ণভাবে শেষ হয় নাই—তবে ইহার দ্বারা বর্তমানে প্রায় ১০০ একর জমিতে সেচের জল দেওয়া হইতেছে। এই অঞ্চলে কোন গভীর নলকূপ খনন করা হয় নাই।

### হাওড়া জেলার জন্য ক্ষুদ্র সেচ প্রকল্প

***975.** (Admitted question No. *2761.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে হাওড়া জেলার জন্য কোনও ক্ষুদ্র সেচ প্রকল্প আছে কি; এবং

(খ) থাকিলে, ঐ প্রকল্পের জন্য কত অর্থ বরাদ্দ হইয়াছে?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমান বছরে সেচ ও জলপথ দপ্তর বা কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের অধীন হাওড়া জেলার জন্য কোন ক্ষুদ্র সেচ প্রকল্প নাই। এখানকার জলনিষ্কাশন সমস্যাই প্রধান সমস্যা। সেইজন্য বর্তমান বছরে এই জেলাতে নিম্নলিখিত তিনটি জলনিকাশী প্রকল্পের জন্য বাজেটে অর্থ বরাদ্দ আছেঃ

(১) হাসনাবাদ জলনিকাশী প্রকল্প,

(২) মেদিনীপুর মেন ক্যানেল বীচ্ নং ৭ হইতে পলিমাটি অপসারণ প্রকল্প, এবং

(৩) মেলক খাল হইতে পলিমাটি অপসারণ প্রকল্প। মুখ্যতঃ জলনিকাশী প্রকল্পগুলি এই জেলাতে কৃষিকার্যে সাহায্য করে।

(খ) (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত তিনটি জলনিকাশী প্রকল্পের জন্য এ বছরে বাজেটে মোট ২,৫০,০০০ টাকা বরাদ্দ আছে।

### বিদ্যুৎচালিত গভীর নলকূপ

***976.** (Admitted question No. *124.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পরিচালিত কত গভীর নলকূপ আছে; এবং

(খ) ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গে কোন্ জেলায় স্যালো টিউবওয়েল কত বসানো হইয়াছিল?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১,২১৫টি।

(খ) পশ্চিমবঙ্গে মোট ৬,৬০৫টি। এতৎসংক্রান্ত একটি জেলাভিত্তিক তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

**নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় পতিত ও চাষযোগ্য জমির পরিমাণ**

**1009.** (Admitted question No. 2097.)

**শ্রীজগৎপতি হাঁসদাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় ১—৭নং অঞ্চলে বন বিভাগের অধীন চাষযোগ্য পতিত জমির এবং চাষযোগ্য জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমিগুলির মধ্যে এ পর্যন্ত কত জমি কৃষকদের বিলি করা হইয়াছে; এবং

(গ) উক্ত এলাকায় বিভিন্ন স্থানের সরকারী বন হইতে গত ১৯৬৮-৬৯ সালে কত আয় হইয়াছে?

**The Minister for Forests:**

(ক) চাষযোগ্য পতিত এবং চাষযোগ্য জমি নাই। অবশ্য কিছু চাষী কিছু বনভূমি জবর দখল করিয়া চাষের জমিতে পরিণত করিয়া অনেকদিন যাবৎ চাষ করিতেছে, উহার ঠিক পরিমাণ এখনও জানা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) উক্ত এলাকায় বন বিভাগের ১৯৬৮-৬৯ সালের আয়ের পরিমাণ যথাক্রমেঃ—

| | টাকা |
|---|---|
| (১) গোপীবল্লবপুর ... .. ... | ৩৬,১৪১·১২ |
| (২) নয়াগ্রাম ... ... ... | ৪৭,৮৬৪·১০ |

**পশ্চিমবঙ্গে পুলিশের সংখ্যা**

**1010.** (Admitted question No. 2248.)

**শ্রীআজিজুর রহমানঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে পশ্চিমবঙ্গ পুলিশের সংখ্যা কত; এবং

(খ) গেজেটেড কত ও নন-গেজেটেড কত?

**The Minister for Home (Police):**

(ক) মোট ৪৩,৪৬৮।

(খ) গেজেটেড ৭৩৯ এবং নন-গেজেটেড ৪২,৭২৯।

**কাটোয়া থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ**

**1011.** (Admitted question No. 2303.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাটোয়া থানার অগ্রদ্বীপ মৌজায় জমিদারী দখল আইনানুসারে কি পরিমাণ জমি সরকারে ন্যস্ত হইয়াছিল; এবং

(খ) ঐ জমির কি পরিমাণ বিলি হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৭৫৭·৮৭ একর।

(খ) এই সকল জমি দখল লওয়া হইয়াছে কিন্তু জমিতে ফসল থাকায় উহা বিলি বন্দোবস্ত করা এখনও সম্ভব হয় নাই।

**বসিরহাট মহকুমা ম্যাজিস্ট্রেটের আদালতে বিচারাধীন মামলার সংখ্যা**

**1012.** (Admitted question No. 2588.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসিরহাট মহকুমা ম্যাজিস্ট্রেটের আদালতে ৩১শে জুলাই, ১৯৬৯, তারিখে কতগুলি মামলা বিচারাধীন ছিল; এবং

(খ) ঐ মামলাগুলির দ্রুত নিষ্পত্তি করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করার বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Judicial:**

(ক) ১৯৬৯ সালের ৩১শে জুলাই পর্যন্ত ১,৮১৫টি মামলা বিচারাধীন ছিল।

(খ) বর্তমানে ঐ আদালতে সাব-ডেপুটি ম্যাজিস্ট্রেটের একটি পদ শূন্য আছে। এর ফলে বিচারে বিলম্ব ঘটিতেছে। যাহা হউক, ঐ শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

**গোঘাট থানায় ধানভাংগা কলের সংখ্যা**

**1013.** (Admitted question No. 2810.)

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোঘাট থানা অঞ্চলে বর্তমানে কতগুলি ধানভাংগা কল আছে; এবং

(খ) ইহাদের মধ্যে লাইসেন্সপ্রাপ্ত কতগুলি এবং বিনা লাইসেন্সে চলিতেছে কতগুলি?

**The Minister for Food and Supplies:**

(ক) ও (খ) গোঘাট থানা অঞ্চলে বর্তমানে লাইসেন্সপ্রাপ্ত একটি চাল কল ও ৫৩টি ধানভাংগা কল আছে। ইহা ছাড়া একটি ধানভাংগা কলের মালিক লাইসেন্স ছাড়িয়া দিয়াছেন। বিনা লাইসেন্সে কোন কল চলিতেছে এরূপ সংবাদ সরকারের গোচরে আসে নাই।

**বীরভূম জেলার ময়ূরেশ্বর থানায় টিউবওয়েল স্থাপনের পরিকল্পনা**

**1014.** (Admitted question No. 2956.)

**শ্রীপঞ্চানন লেটঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম অনুসারে ১৯৬৯-৭০ সালে বীরভূম জেলায় কতগুলি টিউবওয়েল স্থাপন করা হইবে এবং তন্মধ্যে ময়ূরেশ্বর থানায় কতগুলি; এবং

(খ) (১) ঐ স্কীমের যে সকল টিউবওয়েল অকেজো অবস্থায় পড়িয়া আছে সেইগুলি মেরামত করিবার জন্য ১৯৬৯-৭০ সালে কোন অর্থ বরাদ্দ আছে কিনা; এবং (২) থাকিলে বীরভূম জেলার জন্য কত অর্থ বরাদ্দ আছে?

**The Minister for Health:**

(ক) বর্তমান বৎসরে গৃহীত পল্লী জলসরবরাহ কার্যসূচী অনুসারে পল্লী অঞ্চলে অবস্থিত প্রতিটি বিধানসভা এলাকায়, ঐ এলাকা হইতে নির্বাচিত বিধানসভা সদস্য কর্তৃক মনোনীত স্থানে, ২টি করিয়া নলকূপ খনন ও ২টি করিয়া অকেজো নলকূপ পুনর্খনন (নলকূপের অনুপযুক্ত অঞ্চলে ২টি করিয়া ইঁদারা খনন) করিবার জন্য ব্যবস্থা করা হইয়াছে। এই পর্যন্ত বীরভূম জেলার মাত্র ৬টি নির্বাচনী এলাকায় ১০টি নূতন নলকূপ খনন, ১০টি অকেজো নলকূপ পুনর্খনন ও ২টি ইঁদারা খননের প্রস্তাব পাওয়া গিয়াছে। ইহার মধ্যে ময়ূরেশ্বর থানায় ২টি নতুন নলকূপ স্থাপন ও ২টি অকেজো নলকূপ পুনঃস্থাপনের প্রস্তাব আছে। ইহা ছাড়াও সাবডিভিশনাল রুরাল ওয়াটার সাপ্লাই কমিটির মাধ্যমে আরম্ভ কিছু নলকূপ, ইঁদারা ইত্যাদি স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) (১) ও (২) বাজেটে পল্লী জলসরবরাহ খাতে অকেজো নলকূপ পুনর্খননের জন্য পৃথক কোন বরাদ্দ নাই। তবে ঐ খাতে বরাদ্দকৃত অর্থ নূতন নলকূপ ইত্যাদি খনন ও অকেজো নলকূপ পুনর্খননের কাজে প্রয়োজন মত ব্যয় করা হয়।

নলকূপের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ বাবদ সমগ্র পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ আছে। জেলাওয়ারী কোন পৃথক বরাদ্দ নাই।

### মেদিনীপুর জেলায় গড়বেতা রেঞ্জের বনভূমি

**1015.** (Admitted question No. 2946.)

**শ্রীসরোজ রায়ঃ** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গড়বেতা রেঞ্জের অন্তর্গত ৬০৯ জে. এল বিশিষ্ট বনকাটি মৌজায় ৪৭ নং প্লটে যে সরকারী বনভূমি আছে, সেই বনভূমি উক্ত ভূমির প্রাক্তন মালিক ব্যক্তিগতভাবে ব্যবহার করিতেছেন;

(খ) সত্য হইলে, উক্ত মালিক কাহার হুকুমে এবং কবে হইতে উক্ত ভূমি ভোগ দখল করিতেছেন; এবং

(গ) ঐ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Forests:**

(ক) ইহা সত্য নয়। উক্ত প্লটে কোন সরকারী বনভূমি নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

### হরিণঘাটার সরকারী দুগ্ধ

**1016.** (Admitted question No. 2148.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটার সরকারী দুগ্ধ ধারে দেওয়া হয় কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এইরূপ ধার দেওয়ার কারণ কি;

(গ) ৩০-৬-৬৯ তারিখ পর্যন্ত কত টাকা ধার কোন্ কোন্ ব্যক্তির নিকট পাওনা রহিয়াছে; এবং

(ঘ) এই ধার আদায়ের জন্য কি ব্যবস্থা হইতেছে?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) বর্তমানে হাসপাতাল, জেল, কলিকাতা কর্পোরেশন ও কোন কোন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানগুলিকে ধারে দুগ্ধ সরবরাহ করা হয়। ব্যক্তি বিশেষকে দুগ্ধ ধারে দেওয়ার ব্যবস্থা ১৯৬২ সালের এপ্রিল মাস হইতে বন্ধ করে দেওয়া হয়েছে।

(খ) উক্ত প্রতিষ্ঠানগুলির পক্ষে নগদ টাকায় দুগ্ধ ক্রয় করার অসুবিধা আছে। এইসব প্রতিষ্ঠান হইতে বিল মারফত দুগ্ধের মূল্য আদায়ের বিশেষ কোন অসুবিধা হয় না।

(গ) পুরাতন খাতাপত্রে যাহাদের নামে দুগ্ধের মূল্য বাকী বলিয়া পরিলক্ষিত হইতেছে তাহাদের তালিকা লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হইল। তবে এই তালিকাতে ভুল-ত্রুটি থাকিতে পারে।

(ঘ) বকেয়া টাকা আদায়ের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের নিকট তাগিদ দেওয়া হইতেছে। তাগিদ চিঠি পাইয়া কেহ কেহ উত্তর দিয়াছেন যে তাহাদের নিকট কোন পাওনা বাকী নাই। এ বিষয়ে পুনরায় পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

## মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজারের সংখ্যা

**1017.** (Admitted question No. 2241.)

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলার কোন্ হাট ও বাজার কোন্ পূর্বতন জমিদারদের অথবা তাহাদের নিযুক্ত মধ্যস্বত্বভোগীদের মালিকানা ও ব্যবস্থাপনায় আছে; এবং

(খ) ঐসকল হাট হইতে সালিয়ানা কত আদায় হয়?

**The Minister for Land and Land Revenue:**

(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এ সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট নাই।

## অগভীর নলকূপের পাম্প সেট

**1018.** (Admitted question No. 179.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (ক্ষুদ্র সেচ নলকূপ ইত্যাদি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অগভীর নলকূপের পাম্প সেটের দাম সরকার নির্দিষ্ট করিয়া দিয়াছেন কিনা; এবং

(খ) কোন্ কোন্ কোম্পানীর পাম্প সেট সরকার কর্তৃক অনুমোদিত?

**The Minister for Agriculture and Community Development (small irrigation, tanks, pumps, etc.):**

(ক) সরকারী পাম্পিং সেট বিতরণ প্রকল্পের জন্য সরকার তাহাদের অনুমোদিত প্রতিষ্ঠান-সমূহের নিম্ন অশ্বশক্তিযুক্ত পাম্প সেটের বিক্রয় মূল্য অনুমোদন করিয়া দিয়াছিলেন। অনুমোদিত পাম্প সেটগুলি অগভীর নলকূপে ব্যবহারের উপযোগী।

(খ) এই সম্পর্কে একটি বিশদ তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**The Minister for Health:**

(ক) বর্তমান বৎসরে গৃহীত পল্লী জলসরবরাহ কার্যসূচী অনুসারে পল্লী অঞ্চলে অবস্থিত প্রতিটি বিধানসভা এলাকায়, ঐ এলাকা হইতে নির্বাচিত বিধানসভা সদস্য কর্তৃক মনোনীত স্থানে, ২টি করিয়া নলকূপ খনন ও ২টি করিয়া অকেজো নলকূপ পুনর্খনন (নলকূপের অনুপযুক্ত অঞ্চলে ২টি করিয়া ইঁদারা খনন) করিবার জন্য ব্যবস্থা করা হইয়াছে। এই পর্যন্ত বীরভূম জেলার মাত্র ৬টি নির্বাচনী এলাকায় ১০টি নূতন নলকূপ খনন, ১০টি অকেজো নলকূপ পুনর্খনন ও ২টি ইঁদারা খননের প্রস্তাব পাওয়া গিয়াছে। ইহার মধ্যে ময়ূরেশ্বর থানায় ২টি নতুন নলকূপ স্থাপন ও ২টি অকেজো নলকূপ পুনঃস্থাপনের প্রস্তাব আছে। ইহা ছাড়াও সার্বডিভিশনাল রুরাল ওয়াটার সাপ্লাই কমিটির মাধ্যমে আরম্ভ কিছু নলকূপ, ইঁদারা ইত্যাদি স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) (১) ও (২) বাজেটে পল্লী জলসরবরাহ খাতে অকেজো নলকূপ পুনর্খননের জন্য পৃথক কোন বরাদ্দ নাই। তবে ঐ খাতে বরাদ্দকৃত অর্থ নূতন নলকূপ ইত্যাদি খনন ও অকেজো নলকূপ পুনর্খননের কাজে প্রয়োজন মত ব্যয় করা হয়।

নলকূপের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ বাবদ সমগ্র পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ আছে। জেলাওয়ারী কোন পৃথক বরাদ্দ নাই।

### মেদিনীপুর জেলায় গড়বেতা রেঞ্জের বনভূমি

**1015.** (Admitted question No. 2946.)

**শ্রীসরোজ রায়ঃ** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গড়বেতা রেঞ্জের অন্তর্গত ৬০৯ জে. এল বিশিষ্ট বনকাটি মৌজায় ৪৭ নং প্লটে যে সরকারী বনভূমি আছে, সেই বনভূমি উক্ত ভূমির প্রাক্তন মালিক ব্যক্তিগতভাবে ব্যবহার করিতেছেন;

(খ) সত্য হইলে, উক্ত মালিক কাহার হুকুমে এবং কবে হইতে উক্ত ভূমি ভোগ দখল করিতেছেন; এবং

(গ) ঐ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Forests:**

(ক) ইহা সত্য নয়। উক্ত প্লটে কোন সরকারী বনভূমি নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

### হরিণঘাটার সরকারী দুগ্ধ

**1016.** (Admitted question No. 2148.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটার সরকারী দুগ্ধ ধারে দেওয়া হয় কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এইরূপ ধার দেওয়ার কারণ কি;

(গ) ৩০-৬-৬৯ তারিখ পর্যন্ত কত টাকা ধার কোন্ কোন্ ব্যক্তির নিকট পাওনা রহিয়াছে; এবং

(ঘ) এই ধার আদায়ের জন্য কি ব্যবস্থা হইতেছে?

করে তদন্ত করা হচ্ছে রবীন্দ্র সরোবর নিয়ে সেটা বন্ধ করুন। কেন চুপ করে বসে রয়েছেন? যারা বাঙ্গালী জাতি এবং বাংলাদেশের মুখে কালী লেপন করেছেন সেখানে আমি দাবী করছি এই প্রহসন বন্ধ করুন, আগে দিল্লীর ঘটনার তদন্ত হোক।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার,... ... .......

(Noise and interruptions)

**Mr. Speaker:** What is your point of order?

**Dr. Nalinaksha Sanyal:** Sir, you know there are Rules of Business which this House follows and you are the custodian of that.

**Mr. Speaker:** He has mentioned something which is a matter of public importance. I have got the discretion to allow one to speak on a matter of public importance.

**Dr. Nalinaksha Sanyal:** Has he taken your permission?

**Mr. Speaker:** Yes. He is perfectly in order.

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ঘটনা সম্পর্কে আমি বলতে চাই ঐ রাজধানী শহরের বুকে ১৯৬৭ সালের ৩১শে ডিসেম্বর ১,০০০ নারীকে উলঙ্গ করে রাজপথে ঘোরানো হয়েছে এই কংগ্রেস রাজত্বে, অথচ একটা কথাও তা নিয়ে কেউ বলে নি। রবীন্দ্র সরোবর নিয়ে সারা ভারতবর্ষে মিথ্যা প্রচার করেছে, জঘন্য প্রচার করেছে এবং মনে হচ্ছে বাংলা-দেশে যেন যুব কি নারী নেই, তাদের সব উধাও করেছে। ইলা পালচৌধুরী দিল্লীতে পালিয়ে গেছেন, তিনি কোন কথা প্রমাণ করতে পারেন নি অথচ সেই ব্যাপারে তদন্ত করবার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। তাই আমি উপমুখ্যমন্ত্রীকে বলছি কেন এই বিচার বিভাগীয় তদন্ত করা হচ্ছে, কেন এত টাকা খরচ করা হচ্ছে। প্রথমে ইলা পালচৌধুরীর বিরুদ্ধে অভিযোগ আনা হোক।

**শ্রীজ্যোতি বসুঃ** স্যার, আমাকে এখনই দমদম যেতে হচ্ছে, কাজেই আমি সংক্ষেপে কিছু বলতে চাই। আমাকে বলেছেন একটা প্রহসন হচ্ছে, আমরা যে বিচার বসিয়েছি সে সম্পর্কে। রবীন্দ্র সরোবরের ঘটনা নিয়ে যে সমস্ত কুৎসা রটনা হয়েছে বা যে সমস্ত অভিযোগ ছিল সে সম্বন্ধে আমি কি করে বলব এটা প্রহসন হচ্ছে কিনা। এটা জজ সাহেব বিচার করে শেষ পর্যন্ত একটা সিদ্ধান্ত দেবেন, তবে এটা ঠিক অনেক দেরী হচ্ছে। নানারকম সাক্ষী নেওয়া হচ্ছে তবে এখনও পর্যন্ত কোন নারী নির্যাতনের সাক্ষী এসেছে কিনা আমি জানি না। শুনেছি ২।১টি ক্যামেরায় হয়েছে, তবে আমার কোন উপায় নেই, আমার হাত পা বাঁধা। আমি শুধু খোঁজ নিতে পারি যে ত্বরান্বিত করা যায় কিনা। মেয়েদের ব্যাপারে আসল যে অভিযোগ হয়েছিল সেটা হয়ে গেছে, আর কোন সাক্ষী নাই। এখন পুলিশের সাক্ষী হচ্ছে। আমার মনে হয় এটা হলেই হয়ে যাবে, এবং তাতে ভালই হবে, সমস্ত পৃথিবীর সামনে কংগ্রেস পক্ষ থেকে এবং বড়লোকের সংবাদপত্রে বাংলাদেশ সম্পর্কে যে বদনাম করেছিলেন সে সম্বন্ধে জানবার জন্য সমস্ত পৃথিবীর লোক আগ্রহী। রিপোর্ট দেবেন জজ সাহেব, কি দেবেন সেটা তাঁর হাতেই ছেড়ে দিতে হবে, কোন উপায় নাই।

[2-15—2-35 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই যে রাজধানীতে এত কান্ড হয়ে গেল, যেখানে এত বড় ঘটনা, নারী নির্যাতন চলল, তাতে আমি মাননীয় চ্যবনের পদত্যাগ দাবী করে একটা মোশান আনতে চাই।

**মিঃ স্পীকারঃ** সেই মোশান আগে দিন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** তার কারণ আমাদের রাইট আছে, আমরা বাংলাদেশ থেকে এই দাবী তুলতে চাই যে চ্যবন, আপনি পদত্যাগ করুন। (নয়েজ)......... রবীন্দ্র সরোবরের ঘটনাকে নিয়ে তাঁরা কত কি বলেছিলেন, আপনি স্যার, সমর্থন করবেন আমার এই দাবী যে স্বরাষ্ট্রমন্ত্রী সেখানকার, পদত্যাগ করুন, এই মোশান আমি আনতে চাই। (নয়েজ).........

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** এটা অযথা অন্যায় দোষারোপ করা হচ্ছে, মিথ্যা এবং অন্যায় দোষারোপ। (নয়েজ)...... কারণ কোন এএকটা জায়গায় কোন দুর্নীতিপরায়ণ কয়েকজন লোক অন্যায় আচরণ করেছে, নিশ্চয়ই কংগ্রেস সেটা সমর্থন করে না এবং করবে না। আর এটাও বেরিয়েছে যে চ্যবন সাহেবের পুলিশ নিজেরা সংঘবন্ধ হয়ে দুর্বৃত্তদের ঠেঙ্গিয়েছেন, কুমারী মেয়ে যারা বিপর্যস্ত হয়েছে তাদের উদ্ধার করেছে, এই অবস্থায় আপনি আমাদের বন্ধুদের সংযত করুন, এই হাউসে মিথ্যা অন্যায় অভিযোগ আনতে দেবেন না। (নয়েজ).........

**মিঃ স্পীকারঃ** উত্তেজিত হবেন না। (নয়েজ).........

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** উত্তেজনা সৃষ্টি.........(নয়েজ).........

**Mr. Speaker:** Please be in order.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** উত্তেজনা সৃষ্টির জন্য ওঁরা চেষ্টা করছেন। ওঁদের সংযত হতে বলুন, পুলিশ এবং ভলান্টিয়াররা সেখানে অপরাধীদের.........(নয়েজ).........

**Dr. Zainal Abedin:** Sir, I rise on a point of privilege. Why this member (Shri Saral Deb) should come here like this?

(Noise and interruptions)

(At this stage the House was adjourned for 15 minutes)

[2-35—2-45 p.m.]

**শ্রীরাম চ্যাটার্জীঃ** অধ্যক্ষ মহাশয়, এইমাত্র আমাকে নলিনাক্ষবাবু বললেন আপনি অ্যাডজোর্ন করে চলে যাওয়ার পর স্পোর্টস মিনিস্টার হিসাবে আমাকে রেফারী থাকতে হবে, এখানে তিনি লড়াই করবেন সরলবাবুর সঙ্গে। আপনি যদি পার্মিসন দেন তা হলে এই অ্যাসেম্বলী হাউসের ভেতরে লড়াই হতে পারে, আমি রেফারী থাকতে পারি।

**মিঃ স্পীকারঃ** আপনি বসুন, এটা লড়াই করবার জায়গা নয়, বাইরে গিয়ে লড়াই করতে বলবেন।

**শ্রীআবদুস সাত্তারঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আমাদের মাননীয় সভ্য ডঃ নলিনাক্ষ সান্যাল পয়েন্ট অব অর্ডারের উপর যখন একটা কথা তুলেছিলেন সেই সময় আমাদের মাননীয় সভ্য সরল দেব মহাশয় তাঁকে আক্রমণ করেছিলেন (তুমুল হট্টগোল)।

**মিঃ স্পীকারঃ** (নয়েজ) লেট হিম মেক হিজ স্টেটমেন্ট।

**শ্রীআবদুস সাত্তারঃ** আমি বলতে চাই এই হাউসে যদি মাননীয় সদস্যদের কোন নিরাপত্তা না থাকে এই হাউসের আপনি গার্ডিয়ান, আপনি দেখবেন সেফটি অব দি মেম্বার্স—মেম্বাররা যদি প্রোটেকটেড না হয় তা হলে কি করে হাউস চলতে পারে? একজন সরকারপক্ষের সদস্য তিনি যদি এইভাবে আক্রমণ করেন তা হলে কোথায় সেফটি থাকছে? আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি সরল দেব মহাশয়কে অন্ততঃপক্ষে তিনি যেন আনকন্ডিসনালি ডঃ সান্যালের কাছে ক্ষমা চান। যদি তিনি ক্ষমা না চান তা হলে আমাদের পক্ষে এই হাউসে থেকে সভার কাজে অংশগ্রহণ করা সম্ভব হবে না।

**মিঃ স্পীকারঃ** এই হাউসের একটা ডিগনিটি, ডিসেন্সী আছে। আপনারা সকলেই অনারেবল মেম্বার। আপনারা দেখেছেন সার্টেনলি আমি বলব যে যে ঘটনা ঘটেছে তা অত্যন্ত

আনফরচুনেট, দুঃখজনক। এর জন্য যিনি এইরকম ঘটনা ঘটিয়েছেন সে যেই হোন তিনি নিশ্চয়ই উত্তেজনার বশে করে ফেলেছেন। হি মাস্ট মেক অ্যামেন্ডস ফর হোয়াট হি হ্যাজ ডান। এই কথাই আমি বলতে চাই।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মিঃ স্পীকার, স্যার, এইমাত্র যে ঘটনা ঘটেছে সেই ঘটনাকে যদি তার বিকৃত রূপদান করা হয় তা হলে সেটা খুব দুঃখজনক ব্যাপার হবে বলে আমি মনে করি। আমাদের মাননীয় সদস্য শ্রীসরল দেব তিনি ডঃ সান্যালের কাছে বন্ধু হিসাবে কথা বলতে গিয়েছিলেন তখন তাঁকে জয়নাল আবেদিনের কাছে যেতে দেখা যায়, সেখানে কোন আঘাত করবার উদ্দেশ্য নিয়ে মাননীয় সদস্য যান নি। সেই কারণে যদি ওঁরা ক্ষুব্ধ হন তা হলে আমি তার জন্য দুঃখ প্রকাশ করছি। এবং আমি আবার বলছি তিনি বন্ধু হিসাবে গিয়েছিলেন, তাঁর কাউকে অবমাননা করবার কোন উদ্দেশ্য ছিল না। সেই কারণে আমি অনুরোধ করবো এই ঘটনা সম্পর্কে যে আলোচনা এখানে হয়েছে তা ইরেজ করে দেওয়া হোক মিনিটস্ থেকে।

**শ্রীসরল দেব:** স্পীকার মহাশয়, এখানে বিকৃত সংবাদ পরিবেশন করা হচ্ছে। আমি কাউকে আক্রমণ করতে যাই নি। আমি জয়নাল আবেদিনের কাছে বলতে গিয়েছিলাম যে ডাঃ সান্যালকে অনুরোধ করুন বসতে, সেই সময় পীযূষবাবু আমাকে মারতে আসেন। আমার মারবার কোন ইনটেনশন ছিল না তা সত্ত্বেও যদি ডঃ সান্যাল মনে ব্যথা পেয়ে থাকেন তা হলে আমি তার জন্য দুঃখ প্রকাশ করছি।

**মিঃ স্পীকার:** আমি হাউস অ্যাডজোর্নড করে চলে গিয়েছিলাম তারপরে আপনারা ভালবাসতে চেয়েছিলেন কি মারতে চেয়েছিলেন তা আপনারা অ্যামেন্ড করে নেবেন।

**শ্রীসরল দেব:** আমি ঘটনাটা আপনার কাছে বললাম।

**মিঃ স্পীকার:** আই থিংক ডঃ সান্যাল উইল বি ম্যাগনানিমাস এনাফ নট টু মাইন্ড ইট।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** সভাধ্যক্ষ মহাশয়, আমাদের এই হাউসের সম্মান রক্ষা করার জন্য শ্রীসরল দেব যে দুঃখ প্রকাশ করেছেন, তারপরে আর এর উপর তিক্ততা বাড়ান উচিত নয় বলে আমি মনে করি। আমাদের এখানে মাননীয় ক্রীড়ামন্ত্রিমহাশয়ের উদ্দেশ্যে আপনার কাছে এই উক্তি করছি তাঁকে এবং হাউসকে জানিয়ে দেবার জন্য যে আমাকে আঘাত করতে আসলে একা যেন আসেন না।

**Mr. Speaker:** The matter is satisfactorily closed with the co-operation of all.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মিঃ স্পীকার, স্যার, পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় এবারে যে বন্যা হয়ে গেল তাতে সরকারী এবং বিভিন্ন বেসরকারী মহল সাহায্য করবার জন্য চেষ্টা করেছেন। কিন্তু এবারে একটা বিস্ময়কর অবস্থা লক্ষ্য করছি যে রেডক্রশকে কোথাও দেখতে পাচ্ছি না। রেডক্রশ একটি সেবা প্রতিষ্ঠান, সেবা করাই তাদের কার্য, কিন্তু তাদের কোথাও দেখা যাচ্ছে না। সেইজন্য আমার মনে হয় যে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়েছে বলে তারা এই বন্যায় সাহায্য করছে না। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তাঁরা যেন এই সম্পর্কে থরোলি অনুসন্ধান করুন এবং এই সন্দেহ যদি সত্য হয় তা হলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। সেবা করাই তাদের কাজ, তা যদি তারা না করে তা হলে বাংলাদেশ থেকে তাদের চলে যেতে বলুন। কারণ যদি তারা না করে তা হলে তাদের আর এখানে থাকবার প্রয়োজন নেই।

[2-45—2-55 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা জানাতে চাই যে আমাদের এস এস পি-র সর্বভারতীয় একজন নেতা রামানন্দ তেওয়ারীকে গত কয়েকদিন আগে ১৪৪ ধারা ভঙ্গের অপরাধে অ্যারেস্ট করেন এবং যেখানে অ্যারেস্ট করেন

১৪৪ ধারা সেখানে ছিল না এবং তাঁকে হোটেল থেকে নিয়ে যাওয়া হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এই দাবী রাখব যে যুক্তফ্রন্টের যে নীতি গণতান্ত্রিক আন্দোলনে কোন রকম বাধা দেওয়া হবে না সেই নীতি যাতে প্রতিফলিত হয়, তার কারণ এটা হচ্ছে আমাদের প্রত্যেকেরই একটা বিশেষ সমস্যা, সেদিকে স্বরাষ্ট্রমন্ত্রী নিশ্চয়ই লক্ষ্য রাখবেন, এইকথা আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিল্লীর রবীন্দ্র রঙ্গশালায় যে রঙ্গ হয়ে গেছে এবং সেখানে যেভাবে নারী নিগৃহীত হয়েছে এবং ইতিপূর্বে বক্তারা বলেছেন তাতে সেখানে তার উপর চ্যবনের পদত্যাগ দাবী করা এবং একটা বিশেষ প্রস্তাব গ্রহণ করার কথা। আমি বলতে চাই এখানে রবীন্দ্র সরোবরের ব্যাপারে যেখানে শত সাক্ষী দিয়েছেন সেখানে সেই সাক্ষীর একজনও কেউ নারী নিগ্রহের কথা উল্লেখ করেন নি, অথচ এই কংগ্রেসীরা তা নিয়ে এমনভাবে হৈচৈ করেছেন যে সারা বাংলাদেশের মুখে চুনকালি মাখিয়েছেন তাঁরা। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রীর কাছে জানাতে চাই যে প্রত্যেক দিন প্রায় ৩ থেকে ৪ হাজার টাকা খরচ করে, লক্ষ লক্ষ টাকা দরিদ্র বাংলাদেশের খরচ করে এই ধরনের প্রহসন করার কোন দরকার ছিল না। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার বক্তব্য রাখতে চাই যে এই যে কমিশন হয়েছে এই কমিশন তুলে দেওয়া হোক।

**শ্রীসরল দেবঃ** মিঃ স্পীকার, স্যার, আমি গতকাল হাউসে একটা মেনসান করেছিলাম, আমার বিষয়বস্তু ছিল শশীপুরে আক্রমণের ঘটনায় মাননীয় সদস্য গোপালবাবু হাউসে জানতে চেয়েছিলেন তাতে তাঁর পার্টি আছে কিনা। আমি ইতিমধ্যে সংবাদপত্রে জানিয়েছি জেলা পার্টির কাছে বিচার চেয়েছিলাম, হরেকৃষ্ণবাবুর কাছে বিচার চেয়েছিলাম, কিন্তু দেখা গেল লোকাল সি পি এম লিডার আবদুল অদুদ থানায় এফ আই আর করেছে এবং আমাদের ছেলেদের গ্রেপ্তার করার কথা বলেছে এবং ঐ শশীপুরের জোতদাররা নিজেদের সি পি এম বলছে। তারা রাতারাতি সি পি এম হয়েছে যার ফলে পুলিশ আজ অবধি কাউকে গ্রেপ্তার করে নি। কারণ, ঐ নাম শুনে কাউকে গ্রেপ্তার করে নি। এই হচ্ছে মোটামুটি ঘটনা।

**শ্রীঅমরেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় স্পীকার মহাশয়, গত ৫ বছর ধরে রেঙ্গুণ থেকে উৎকৃষ্ট আলুর বীজ আনা বন্ধ হয়ে গেছে ফলে আলু চাষীদের বিশেষ অসুবিধা দেখা দিয়েছে বিশেষ করে হুগলী জেলায় এই রেঙ্গুণ আলুর ফলন অনেক বৃদ্ধি হয়েছে। কিন্তু গত ৫ বছর ধরে রেঙ্গুণ থেকে আলু বীজ আসে নি। আমি আশা করব এ বছর রেঙ্গুণ আলুর বীজ আনবার জন্য মাননীয় কৃষিমন্ত্রী দাবী করবেন। কারণ অক্টোবর থেকে আলু লাগান শুরু হবে। আগেকে যে আলুর বীজ চালু আছে তাতে এক বছরের বেশী ঐ বীজ রাখা যায় না এবং কোল্ড স্টোরে রাখলেও সেই বীজ নষ্ট হয়ে যায়। কিন্তু রেঙ্গুণ আলুর বীজ ৩ বছর রেখে চাষীরা চাষ করতে পারে। মাত্র ২ মাস দরকার হয় এবং ফলনও বাড়ে এবং নষ্ট হওয়ার সম্ভাবনা কম। এই বিষয়ে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কারণ সারা পশ্চিম বাংলায় আলু চাষীরা এই বিষয়ে বিপন্ন বোধ করছে। আশা করি কৃষিমন্ত্রী এই বিষয়ে নজর দেবেন।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের সামনে একটা গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আপনি জানেন আরামবাগ মহকুমায় যেখানে যেখানে ধান হয়েছে তার একটি বিস্তীর্ণ এলাকায় ধানে পোকা লেগেছে যাকে পোকা ধসা, পাতার পোকা তার ফলে এই ধান্য ফসল সমূহক্ষতির সম্ভাবনা দেখা দিয়েছে। তাই আপনার মারফত আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেন আগেকার কংগ্রেস সরকারের মত হেলিকপ্টার সহযোগে ইনসেকটিসাইড ছড়াবার ব্যবস্থা করেন।

**শ্রীবুধানচন্দ্র টুডুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার এক ভয়ানক হত্যাকাণ্ডের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

গত ৭।৯।৬৯ তারিখে কেশিয়াড়ী ৬নং অঞ্চলের হরিপুরা গ্রামের সৃষ্টিধর ঘোষ নামক এক ব্যক্তিকে খাজরার কৃষক কার্মাটির লোকেরা প্রকাশ্য দিবালোকে পাকা রাস্তার উপরে নৃশংসভাবে হত্যা করে। ইহাতে ঐ এলাকার এক ভয়াবহ সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। ঐ এলাকার লোক যাতে স্বাভাবিক জীবন যাপন করতে পারে ও শান্তিতে বসবাস করতে পারে তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মিঃ স্পীকার, স্যার, আগামী ১৩ই সেপ্টেম্বর ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী পশ্চিমবাংলা পরিদর্শনে আসছেন। সরকারী ও বেসরকারী প্রোগ্রামও তাঁর জন্য স্থির হয়েছে। বেসরকারী প্রোগ্রাম যাঁরা করেছেন, তাদের মধ্যে এক প্রচণ্ড গণ্ডগোল বেধে গিয়েছে। একদলের নেতৃত্ব করছেন প্রাদেশিক কংগ্রেস সভাপতি ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র এবং আর একদলের নেতৃত্ব করছেন বিধানসভার বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়। এই ঘটনার পরে প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন—তিনি ইতিমধ্যে শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বলেছেন আপনি পশ্চিমবাংলা পরিদর্শন করতে আসবেন না। এই অবস্থার মধ্যে আমাদের কানাঘুষার খবর এই যে দু-দলই ভলান্টিয়ার সংগ্রহ করছেন, লাঠি তলোয়ার, বোম ইত্যাদিও তাদের সঙ্গে থাকবে। এর ফলে স্বভাবতঃই আজকে একথা আমরা মনে করছি—উনি যদি পশ্চিমবাংলা পরিদর্শন করতে আসেন, তা হলে প্রধানমন্ত্রীর সিকিউরিটি সম্পর্কে আমাদের চিন্তা করা উচিত বলে মনে করি। এদিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আমি আকর্ষণ করছি—উপযুক্ত সিকিউরিটি মেজার যাতে অবলম্বন করা হয়। কারণ ঐ দু-দলের গণ্ডগোলের ফলে আমাদের প্রধানমন্ত্রী আহত হতে পারেন। তিনি যাতে অক্ষত দেহে আমাদের পশ্চিমবাংলা পরিদর্শনান্তে ফিরে যেতে পারেন তার ব্যবস্থা যেন সংশ্লিষ্ট দপ্তর করেন।

**শ্রীপান্নালাল দাসগুপ্তঃ** মাননীয় স্পীকার মহাশয়, গতকাল এখানের একজন সভ্য আমি কেন হেনা গাংগুলীর ফিউনারাল উপলক্ষে নিমতলা শ্মশানঘাটে গিয়েছিলাম এ সম্বন্ধে একটি রিফ্লেকশন করেছেন। হেনা গাংগুলীর মৃত্যু সংবাদ গোটা কলকাতার রাজনৈতিক মহলে এবং চারিদিকে নানা রকম সমস্যার সৃষ্টি করেছে। এখানে প্রশ্নটা হচ্ছে হেনা গাংগুলীর সঙ্গে সম্বন্ধ আমার বহুদিনের। ১৯৩৯ সাল থেকে তাঁকে আমি জানি। তিনি সাধারণতঃ আসাম গৌহাটির লোক। বিভিন্ন আন্দোলনের মধ্যে, ১৯৪২ সালের আন্দোলনের মধ্যেও তিনি জড়িত ছিলেন এবং এরপরেও বহুবার জেলে গেছেন। আমার সহকর্মী ছিলেন। তিনি যাবজ্জীবন কারাদণ্ড ভোগ করেন ও তারপরে আমার সঙ্গে রিলিজড হন। আমি তারপরে আর রাজনৈতিক দলে কাজ করি নি। উনি তারপরে আর সক্রিয় রাজনীতি করেন নি বলে শুনেছিলাম। তিনি কতবার কতদিন আগে আমার সঙ্গে দেখা করে এই রকম ইঙ্গিত দেন যে ভারতের যা অবস্থা, তাতে সশস্ত্র সংগ্রামের প্রয়োজন আছে। আমি তাঁকে নিষেধ করি এ পথ ঠিক পথ নয়। তবে তিনি আমার কথা [illegible] আমার মনের পার্থক্য হয়ে যায়। [illegible] দেখা সাক্ষাৎ হয়নি। [illegible] কার্যকলাপের কথা আমি কিছুই জানি না। সেদিন পুলিশের সঙ্গে তাঁর এনকাউন্টারে মারা হয়। এই রকম [illegible] আমি [illegible]। আমি কাউকে দোষ দিই না। তাঁর পুলিশের অ্যাকশনের [illegible] ভদ্রলোককে [illegible] কেন? কি তাঁর [illegible] আমি জানি নি। পিপল মেরেছে। [illegible] দাঁড়িয়ে দেখলেন? [illegible] লিভিং [illegible]?

[2-55—3-05 p.m.]

যা হোক তার মৃতদেহ কি করা হবে তখন [illegible] যদি দেখি—আমরা খোঁজ করছি—[illegible] দেবো। আর [illegible] সময় তার মৃতদেহ তাঁর নেফিউ-এর হাতে দিয়ে দেওয়া হল। যা হোক সেখানে দেখলাম বিভিন্ন লোক জড়ো হয়েছে এম এল এ এবং রাজনৈতিক লোক আছে এবং পুলিশও আছে। তারপর সেখানে মর্গ থেকে তাঁকে বের করে

দেওয়া হোল পুলিশ তাঁকে সসম্মানে স্যালিউট করলো—তারপর তাঁকে নিমতলা ঘাটে নিয়ে যাওয়া হোল। এ নিয়ে খবরের কাগজে নানা ধরনের এক্সপ্ল্যানেশন করছে যে একজন এম এল এ কি করে একজন ক্রিমিন্যালের ফিউনার্যাল-এ যান। কোন কোন রাজনৈতিক দল মন্তব্য করেছেন যে একটা ব্যানডিট-এ যোগদান করেছে। এই সমস্ত কথাগুলি ডেলিকেট দীর্ঘ আলোচনা সাপেক্ষ। আমি সংবাদপত্রে এর এক্সপ্ল্যানেসন দেবো যথা সময়ে। কিন্তু কথা হচ্ছে যে একজন এম এল এ-র হিউম্যান সেন্স থাকবে না এটা কি করে হয়। যার সংগে আমি দীর্ঘ ৩০ বছর ধরে পরিচিত যার ফ্যামিলির সংগে তাঁর বাপ, মা, ভাই, বোনদের সংগে আমার জানা—এবং তিনি আমার রাজনৈতিক সহকর্মী ছিলেন—কিন্তু যেহেতু ডাকাতির অভিযোগ করেছে তাঁর শবযাত্রায় যেতে পারবো না এটা কোন দেশে আছে? আমরা ডাকাতির অনেক গল্প শুনেছি—আমাদের গান্ধীজী নাকি অনেক বিপ্লবীকে আশ্রয় দিয়েছেন একথাও শুনেছি।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শান্তিবাবু যা বললেন, আমি কৃষিমন্ত্রীকে জানাতে চাই যে হাই ইল্ডিং ভ্যারাইটি ধানে ব্যাপকভাবে পোকা লেগেছে। সেখানে ভাইরোলজিস্ট এবং আরও এক্সপার্ট যারা আছেন তাঁরা গিয়ে সেখানে কিছু করতে পারছেন না। আমি এগ্রি-কালচারাল মিনিস্টার মহাশয়কে অনুরোধ করবো যে তিনি সরেজমিনে গিয়ে যদি এর প্রতিকারের ব্যবস্থা করেন তা হলে ভাল হয়। কারণ হাই ইল্ডিং ভ্যারাইটি যদি ডিসকারেজড হয় তা হলে আমাদের অনেক ক্ষতি হবে। তাই আমি আপনার মাধ্যমে আবার অনুরোধ করবো যে ওয়েস্ট দিনাজপুর, মালদায় তিনি প্রোগ্রাম করুন যাতে সেখানে যে ব্যাপক হাই ইল্ডিং ধানে পোকা লেগেছে তার প্রতিকার হয়।

**শ্রীঅনাদি দাসঃ** মিঃ স্পীকার স্যার, আমি যে বিষয়ে বলতে চাচ্ছি সে বিষয়ে একটু আগে মাননীয় সদস্য শ্রীপান্নালাল দাসগুপ্ত মহাশয় বলেছেন—তিনি যে বলবেন তা আমি জানতাম না। যা হোক তিনি যা বলেছেন সে সম্পর্কে আমি দুবার করে বলতে চাই না—তবে আমি এই-টুকু বলতে চাই যে আমি তার সংগে একসংগে কাজ করেছি—একসংগে জেলে থেকেছি—অনেক-দিন তার অ্যাসোসিয়েশনের সংগে আমি ছিলাম। তিনি জেল থেকে বেরুবার পরে মাঝে মাঝে কলকাতার বন্ধু-বান্ধবদের সংগে দেখা করতে আসতেন। এই কিছু কাল আগে তিনি আমাকে বুঝাবার চেষ্টা করেছিলেন যেমন করে তিনি কলকাতার বন্ধু-বান্ধবদের বলতেন যে তিনি ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের সমর্থক। কিন্তু এই গভর্নমেন্ট বার বার প্রতিক্রিয়াশীলদের দ্বারা আক্রান্ত হবে এবং হবার সাথে সাথে সেই
United Front Government requires revolutionary protection from the people.
একথা তিনি বলতেন। আমি তার সংগে একমত হতে পারি নি। যা হোক তার শবদেহ যখন খবর পেলাম যে তিনি মারা গেছেন তার আত্মীয়স্বজন তার শবদেহ চাইছে—আমি তখন জ্যোতি-বাবুকে বলেছিলাম যে ঐ মৃতদেহ দেওয়া হোক—এবং তা দেওয়া হয়েছে—অবশ্য জানি না আমার বক্তব্যে কিনা—যা হোক আমি তার শবযাত্রার সংগে গিয়েছিলাম।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী বিষয় সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমেরিকার রাষ্ট্রদূত মিঃ কিটিং বর্তমানে বোধহয় কোলকাতাতে আছেন, তিনি পশ্চিমবাংলায় এসেছেন। কাগজে দেখলাম তিনি আমাদের মন্ত্রীদের সংগেও দেখা করেছেন, এসব আমরা জেনেছি। স্যার, তিনি কিছুদিন আগে আসামে গিয়েছিলেন এবং সেখানে গিয়ে আমাদের পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে নাকি নিন্দাবাদ করেছেন। এ সম্পর্কে আসাম থেকে কমিউনিস্ট নেতা শ্রীফনি বরা আমাদের প্রধানমন্ত্রীর কাছে প্রতিবাদ জানিয়েছেন। এইসব যাঁরা ডিপ্লোমেটিক ইমিউনিটি পায় তাঁরা আমাদের দেশে এসে বিশেষ করে আমাদের পশ্চিমবাংলায় এসে আমাদের নেতাদের সংগে দেখা করছেন। আমরা হয়ত তাঁদের গ্রেপ্তার করতে পারি না কিন্তু এ সম্পর্কে মন্ত্রিসভা যেন জানিয়ে দেন ভবিষ্যতে এ ধরনের ব্যবহার করলে তাঁদের আমাদের পশ্চিমবাংলায় স্থান হবে না।

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of Education will please make a statement regarding the demonstration of the employees of the West Bengal Board of Secondary Education—notice given by Shrimati Ila Mitra on 28th August, 1969.

**Shri Satya Priya Roy:** Sir, in reply to the Calling Attention notice by the honourable member Shrimati Ila Mitra, I make the following statement:—

The employees of the Board of Secondary Education went to the Assembly House on the 28th August, 1969 to meet me. As I was away in Delhi on that day, there was no meeting of the representative of the employees with me.

No employee of the Board has been victimized for union activity since our assumption of the stewardship of Government.

Thirty nine employees of the Board were transferred to the Food Department in pursuance of an order issued in the year 1965 by the President of the Board. This order directed the employees in question to join certain posts in the Food and Supplies Department of the State Government. It contained a recital to the effect that the offer of those posts was intended to be "other provision" as contemplated in Section 46(2)(C) of the West Bengal Board of Secondary Education Act, 1963. This order was challenged in the High Court by some of the "released" employees. The verdict of the High Court was against them. An appeal was preferred against this verdict before a Division Bench of the High Court. Once again the verdict of the High Court went against the employees in question. The Division Bench held inter-alia that by providing employment for the appellants in the Food and Supplies Department of the State Government "other provision" has been made for them within the meaning of Clause (c) of Sub-Section (2) of Section 46 of the Act of 1963 and, therefore, with effect from the date of making such provision, their service under the new Board automatically stood terminated.

In view of the judgement of the Hon'ble High Court, the Government are in consultation with the Advocate-General as to how to resolve the difficulties and to regularise the status and position of all employees of the old Board, under the present Board set up according to the West Bengal Board of Secondary Education Act, 1963. Necessary steps will be taken in this connection as early as possible.

[3-05—3-15 p.m.]

**Mr. Speaker:** I have received three notices of Calling attention on the following subjects, namely:—

(1) Damage to crops due to drought in certain areas of Midnapur District —from Shri Dhananjoy Kar and Shri Jagatpati Hansda.

(2) Clash between two rival groups at Keshiary (Midnapur) from Shri Budhan Chandra Tudu.

(3) Demonstration in Darbhanga Buildings on 9th September 1969—from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice on the subject of damage to crops due to drought in certain areas of Midnapur District—from Shri Dhananjoy Kar and Shri Jagatpati Hansda.

The Minister in charge may please make a statement on the subject today if possible or give a convenient date.

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শুক্রবার দেবার চেষ্টা করা হবে তা না হলে যতদূর মনে হচ্ছে যে সোমবার পর্যন্ত হয়ত হাউস চলবে, সোমবার দিন উত্তর দেওয়া হবে।

## The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to introduce the Trade Unions (West Bengal Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill.)

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to move that the Trade Unions (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration.

স্যার, এই বিলটা উত্থাপন করতে যেয়ে আমি সংক্ষেপে দু-একটি কথা মাত্র উপস্থিত করছি। প্রথমতঃ হচ্ছে এই বিলটির উদ্দেশ্য প্রধানতঃ শ্রমিকদের ট্রেড ইউনিয়ন সেগুলিকে স্বীকৃতিদানের ব্যবস্থা করা মালিকপক্ষ দ্বারা। আমাদের দেশে যদিও ট্রেড ইউনিয়ন আন্দোলন দীর্ঘদিনের তাহলেও মালিকদের দ্বারা ইউনিয়নগুলির স্বীকৃতির কোন ব্যবস্থা নেই। বরঞ্চ মালিকপক্ষ বার বার তারা এই অধিকার হিসাবে দাবী করেন এবং যে দাবী কিছু পরিমাণে কিছু কিছু কোর্ট স্বীকার করে নিয়েছিলেন সেটা হচ্ছে এই যে ইউনিয়নের স্বীকৃতির ব্যাপারে মালিকদের অধিকার এবং সে অধিকারে হস্তক্ষেপ করা উচিত নয়। তথাকথিত এই অধিকার প্রয়োগ করতে যেয়ে মালিকপক্ষ সত্যিকারের যে সমস্ত প্রতিনিধিত্বমূলক ইউনিয়ন, সংগ্রামী সত্যিকারের ইউনিয়ন, তাদের ধ্বংস করবার জন্য বিভিন্ন জায়গায় তারা দালাল ইউনিয়ন প্রতিষ্ঠা করেন এবং তাদের খুশীমত রেকগনিসন দেন এবং এইভাবে সংগঠিত ট্রেড ইউনিয়ন আন্দোলন দমন করবার জন্য তারা চেষ্টা করেন। এই বিলে যা চেষ্টা করা হয়েছে তা হচ্ছে এই, সত্যিকারের প্রতিনিধিত্বমূলক ইউনিয়ন যাতে স্বীকৃতিলাভ করতে পারে তার চেষ্টা করা, তার ব্যবস্থা ক[illegible] এবং সে ব্যবস্থা করতে যেয়ে আমি যেটা এই আইনে আনতে চেয়েছি সেটা হচ্ছে সিক্রেট ব্যালটের মাধ্যমে এই ইউনিয়নের স্বীকৃতির প্রশ্নটা সিল করতে হবে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই, কিছু কিছু জায়গায় এখন পর্যন্ত শ্রমিক কর্মচারীদের যারা বলে গেছে আইনতঃ সংগঠন করবার কোন অধিকার নেই, যেমন স্কুল কলেজ, সলিসিটর্স ফার্মস এবং এই রকম কিছু কিছু জায়গায় যেখানে শ্রমিক আছে, কর্মচারী আছে, কিন্তু তাদের সংগঠনের অধিকার আইনতঃ নেই—আমি জানি যেহেতু এই অধিকার তাদের নেই, সেই জায়গায় বহু জায়গায় তাদের যে কর্তৃপক্ষ তারা এই সমস্ত কর্মচারীদের উপর অন্যায়ভাবে উৎপীড়ন করেন। আমি জানি এমনও অনেক জায়গা আছে যেখানে এই সমস্ত কর্মচারী তাদের যে ন্যায্য আর্নড ওয়েজ অনেক সময় তারা ৫।৬।৭।৮ মাস পর্যন্ত পান না এবং তাদের লিগ্যাল কোন প্রোটেকসান নেই, একমাত্র সিভিল সুট ছাড়া অন্য কোন রাস্তা নেই। কিন্তু সিভিল সুট অনেক সময় ব্যয় সাপেক্ষ, সেইজন্য অনেক সময় তারা যেতে পারেন না, ফলে দীর্ঘদিন ধরে তাদের এই রকম অসুবিধা ভোগ করতে হয়।

দ্বিতীয়ত তাদের সার্ভিসের কোন প্রোটেকসন নেই। আমাদের দেশে যেমন একটা আন-স্কিলড ওয়ার্কার আছে, তাদের একটা মিনিমাম প্রোটেকসন দরকার সার্ভিস কন্ডিসন হিসাবে, কিন্তু এই সমস্ত কর্মচারীদের তা নেই এবং সেদিক ধরে ধরুন ১।২।৩ বছর কাজ করার পর যদি কাউকে ছাঁটাই করে দেয়া হয় তাহলে তার জন্য তাদের কোন প্রোটেকসন নেই। সুতরাং এগুলি নজর রেখে প্রধানতঃ যাতে তারা সংগঠন করতে পারে ন্যায্য অধিকারগুলি অর্জন করবার জন্য এদিকে লক্ষ্য রেখে তাদের আমরা ট্রেড ইউনিয়ন অ্যাক্ট-এ ইন্ডাস্ট্রি এবং ওয়ার্কার হিসাবে গণ্য করবার জন্য এই প্রভিসনে প্রস্তাব করা হয়েছে! আমি এর সঙ্গে আরো দু-একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই বিল ছাপাবার সময় অসাবধানতাবশতঃ কয়েকটি কথা বাদ পড়ে গেছে। যেমন সিক্রেট ব্যালট কথাটা বাদ পড়ে গেছে এবং আরো কয়েকটি কথা বাদ পড়েছে। সেজন্য যতীন চক্রবর্তী মহাশয়ের নামে যে কয়েকটি অ্যামেন্ডমেন্ট সেগুলি আমাদেরই অ্যামেন্ডমেন্ট। তা থেকে ছাপাবার ভুলে কয়েকটি কথা বাদ পড়ে গেছে। এ ছাড়াও আমি দেখতে পাচ্ছি যুক্তফ্রন্টের অন্তর্ভুক্ত কিছু কিছু মাননীয় সদস্য তাঁরা কতকগুলি অ্যামেন্ডমেন্ট সাজেস্ট করেছেন। আমি তাঁদের বলতে চাই এই সমস্ত অ্যামেন্ডমেন্ট সব গ্রহণযোগ্য কিনা বা সবটা সঠিক বা বেঠিক কিনা এটার বিচার বিবেচনা করার আমার ফুরসত হয় নি। এবং বিশেষ করে আমরা যুক্তফ্রন্ট সরকার যেক'টি পার্টিকে নিয়ে একসঙ্গে আছি তাদের সকলকে নিয়ে একসঙ্গে চলতে চাই—এমন হতে পারে যে একটা জিনিস আমাদের কাছে খুব ভাল মনে হচ্ছে কিন্তু অন্যান্য পার্টি তাঁরা

সেটা গ্রহণ করতে পারছেন না। সেজন্য যতদূর সম্ভব আমরা সর্ববাদীসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রসর হবার চেষ্টা করি যাতে যুক্তফ্রন্টের ভেতর প্রত্যেকটি দল—যত ছোট বড় পার্টি আছে তাদের মতামত জেনে তাদের একমোডেট করতে পারি। এই যে অ্যামেন্ডমেন্টগুলি সাজেস্ট করা হয়েছে সেইগুলি আমি গুড কি ব্যাড কিছু বলছি না, তবে এটা বলতে চাই যে এই যে কনসালটেসন সেই ওয়াইড কনসালটেসনের সুযোগ আমি পাই নি। সুতরাং সেই হিসাবে আমি আবেদন করব এই সমস্ত সদস্যদের কাছে যে এই সেসনে তাঁরা যেন এই অ্যামেন্ডমেন্টগুলি প্রেস না করেন। আমি তাদের এই আশ্বাস দিতে চাই, কেন না আমরা যুক্তফ্রন্ট সরকার অন্ততঃ নিজেদের খানিকটা অভিজ্ঞতার ভিত্তিতে অগ্রসর হতে চাই। আমি এই কথা বলতে চাই না যে আমরা যেটা করছি সেটা ঠিক। অভিজ্ঞতার ভেতর দিয়ে নিশ্চয়ই কিছু ভুল ত্রুটি আমাদের ধরা পড়বে, সুতরাং পরবর্তী সেসনে বা কয়েকটা দিন বা কয়েক মাস গেলে বুঝতে পারব আমরা কতটা সঠিক করেছি বা কতটা বেঠিক করেছি। কারণ এই ধরনের আইন যতদূর আমি জানি ভারতবর্ষের অন্য কোন জায়গায় হয় নি। সর্বপ্রথম এখানে এই পদক্ষেপ নেয়া হয়েছে এবং প্রথম পদক্ষেপ নিতে গিয়ে স্বভাবতঃই কিছু ভুল ত্রুটি হওয়া স্বাভাবিক। আমি আশা করব মাননীয় সদস্যরা আমার এই আবেদন গ্রহণ করবেন এবং সেদিকে লক্ষ্য রেখে তাঁরা তাঁদের অ্যামেন্ডমেন্টগুলি যেন না প্লেস করেন এবং আমি এটাও অনুরোধ করব যে বিরোধীপক্ষের সদস্য যাঁরা আছেন ট্রেড ইউনিয়নের স্বীকৃতি হিসাবে এটা হচ্ছে। সেখানে কোন অমুক পার্টি লাভ করুক এটা তা নয়। আমরা বলেছি উইদাউট এনি প্রি-কন্ডিসন অর্থাৎ অতীতে যে সমস্ত ত্রিপাক্ষিক বৈঠক হয়েছে তাতে একটা কথা বারে বারে বলবার চেষ্টা করা হয়েছে বলতে যে কতকগুলি সর্ত মেনে নিয়ে তারপর ইউনিয়নের স্বীকৃতিদানের কথা বিবেচনা করা হবে। আমার বক্তব্য এখানে তা নয়- ইউনিয়নের স্বীকৃতিটা হচ্ছে কোন্ সংগঠন শ্রমিকরা চায় তার ভিত্তিতে। সেখানে অন্য কোন সর্তের প্রশ্ন নেই। সেইজন্য আমি বলছি বিনা সর্তে উইদাউট এনি প্রি-কন্ডিসন ইউনিয়নকে স্বীকৃতি দিতে হবে সে যার দ্বারাই পরিচালিত হোক না কেন। আই এন টি ইউ সি হতে পারে, ইউ টি ইউ সি হতে পারে, এ আই টি ইউ সি-র দ্বারাও পরিচালিত হতে পারে। যে কোন সেন্ট্রাল অর্গানাইজেসন যে যার দ্বারাই পরিচালিত হোক না কেন যে শ্রমিকরা তাদের মেজরিটি করে ভোট দেবেন, যার পক্ষে রায় দেবেন, এনজয়িং দি কনফিডেন্স অব মেজরিটি - দি ওয়ার্কার্স আমরা এই বিলে প্রোভাইড করছি, সেই ইউনিয়ন স্বীকৃতি লাভ করবে। সুতরাং এটা সকলের পক্ষে সমানভাবে প্রযোজ্য হবে এবং সেদিকে আমি আশা করব যে প্রত্যেকটি মাননীয় সদস্য এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁরা সর্ববাদীসম্মতভাবে এই বিলটি গ্রহণ করবেন এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** There is a motion for circulation by Dr. Zainal Abedin. He may move his motion and speak.

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1969.

[3-15—3-25 p.m.]

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি যে মোশানটা দিয়েছি সারকুলেশনের জন্য সেটা মুভ করছি এবং এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কতকগুলো বক্তব্য উপস্থিত করছি। মোটামুটি শ্রমিক এবং কর্মচারীদের কল্যাণের জন্যই ট্রেড ইউনিয়ন আন্দোলন এবং এই আইন। এইখানে আমরা দেখছি ট্রেড ইউনিয়ন ইন্ডাস্ট্রিস বলতে তিনি ডেফিনেশন দিয়েছেন

Industry means any business, trade, undertaking manufacture or Calling of employers.

কিন্ত এর সঙ্গে আবার একটু বাড়িয়ে দিচ্ছেন,

includes any university, college, school, and other educational institution, or institution for carrying on research work, auditor's or solicitor's firm, hospital and any other establishment.

মোটামুটি আমরা জানি ইন্ডাস্ট্রি হাউসগুলো প্রফিট মেকিংয়ের একটি জায়গা কিংবা ব্যবসাক্ষেত্র। কিন্তু স্কুল কলেজের ক্ষেত্রে যে যুক্তি দেখালেন এখানকার শ্রমিকদের কোন রাইট প্রটেক্ট থাকার

উপায় নেই একমাত্র সিভিল কোর্ট ছাড়া অন্যান্য ক্ষেত্রে, গভর্নমেন্ট এমপ্লয়ীদের ক্ষেত্রে তাদের রাইটস অ্যান্ড প্রিভিলেজেস প্রোটেকসান আছে, চ্যারিটেবল ইন্সটিটিউশন যেগুলো প্রফিট-মেকিং বডি নয় সেগুলিতে অন্য আইনের ব্যবস্থা করা দরকার। আমার মনে হয় এর দ্বারা এই চ্যারিটেবল ইন্সটিটিউশনগুলোতে রাজনীতি আমদানীর ব্যবস্থা হবে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করব সাধারণ মানুষ কি ভাবে এই সম্বন্ধে একটু আমাদের জানা দরকার। কারণ যেখানে ট্রেড ইউনিয়ন করা হয় সেখানে বাইরের লোক গিয়ে খবরদারী করে, মাতব্বরী করে, দলবাজী করে। এই আইনে দেখলাম না যে লোক্যাল ইউনিয়নের লোকেরাই থাকবে, এখানে বাইরের লোকে হস্তক্ষেপ করতে পারবে না এই ব্যবস্থা নেই। সে প্রোটেকশন দেন নি। দি উয়েরার নোজ হোয়ার দি সু পিঞ্চেস।

(শ্রীযতীন চক্রবর্তীঃ আহা।)

যতীনবাবু শুনে চমকে উঠেছেন। আজকে বাংলাদেশের আবহাওয়া কোথায় নেমেছে আপনি জানেন। সেখানে আমাদের ভয় যেগুলো প্রফিট-মেকিং ইন্সটিটিউশন নয় সেখানে যদি ওঁরা গিয়ে দলবাজী আরম্ভ করেন এবং যতীনবাবু যে রকম অত্যুৎসাহী লোক এইসব ব্যাপারে তাহলে কি হবে? বাংলাদেশে বিসার্চ হবে না, স্কুল কলেজ হবে না। ট্রেড ইউনিয়নই চলবে। মোটামুটি ভাবে ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট হবার পর একথা বিশেষ ভেবে দেখবার দরকার আছে যে, ওঁরাই ট্রেড ইউনিয়ন আন্দোলনের ক্ষতি করছেন কিনা? ওঁরা একটা হাতিয়ার সৃষ্টি করেছিলেন —ঘেরাও। সুবোধবাবু যে দাওয়াই তৈরী করেছিলেন ঘেরাও সেটা ট্রেড ইউনিয়ন আন্দোলনের ক্ষতি করছে কিনা ভেবে দেখতে হবে। মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করি সেটা বিচার করবার সময় এসেছে। কেউ যদি ঘেরাও করে কর্তৃপক্ষের কাছ থেকে দাবী আদায় করে তবে সে অন্য পথে যাবে না। ঘেরাও হিংসার পথে হলেও যাবে। এতে লোকসান কার? তারপর বাংলাদেশের আবহাওয়া নিশ্চয় জানেন ওঁরা রাজনীতি এবং সমাজজীবনে যে হিংসার প্রভাব বিস্তার করেছেন, হিংসার নীতি আমদানী করেছেন তার ফলে আজকে সমাজ জীবন বিপর্যস্ত। এর ফলে সিক্রেট ব্যালটের নামে ভোটটি কার্যতঃ প্রহসন করা হচ্ছে। কলকাতা এবং শহরতলীতে ৩০ বা ৩৫ পার্সেন্ট লোক ভোট দিতে যায়। শতকরা ৬৫ জন নিরাপত্তার জন্য ভোট দিতে যায় না। চেতনাসম্পন্ন মানুষের বাস হলেও ভয়ে ভোট দিতে যেতে পারেন না। আর ৩৫ পার্সেন্ট যারা গেল তাদের মধ্যে ওঁদের লোক অধিকাংশ যারা ডাণ্ডাবাজ। আমরা জানি না ৬৫ পার্সেন্ট লোক ভোট দিতে গেলে কি ফল হত। ওঁরা যে ডাণ্ডাবাজি এবং হিংসার রাজনীতি আমদানী করেছেন তাতে সমাজ বিধ্বস্ত হতে চলেছে। তাই সেখানে সিক্রেট ব্যালট কতটা ফলপ্রসূ হবে সেটা কি একবার ভেবে দেখেছেন?

আমার বক্তব্য সেখানে যে, সিক্রেট ব্যালটের যে দাওয়াই উনি দিয়েছেন সে পদ্ধতিটা ভাল। কিন্তু আজকে জঙ্গলের আইন বাংলাদেশে চলছে, সেই জঙ্গলের আইন অতিক্রম করে সাহস এবং সততা নিয়ে কয়জন কর্মী যেতে পারবেন। আজকে গলাবাজী করছেন, আজকে তাদেরতো কলঙ্কিত হওয়া উচিত, লজ্জিত হওয়া উচিত। গণতন্ত্রের নাম করে মানুষের ভোটের অধিকার খর্ব করছেন বোমাবাজী করে, ডাণ্ডাবাজী করে। আজকে আমি সে জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যেখানে ঐ চ্যাপ্টার ৩(বি) এবং ২৮(এইচ)-এ আপনি কতকগুলি করাপ্ট প্র্যাকটিস, ম্যালপ্র্যাকটিস, আনফেয়ার প্র্যাকটিস ইত্যাদি বলেছেন ইউনিয়ন ইলেকশনে। কিন্তু সেটা স্টেটমেন্টের মধ্যে সীমাবদ্ধ রেখেছেন। এখানে স্পেসিফিক্যালি বলার প্রয়োজন আছে যে, বোমাবাজী করতে পারবে না, ডাণ্ডাবাজী করতে পারবে না, ঘেরাও করতে পারবে না, কাউকে আটক করে রাখতে পারবে না, এগুলি আনফেয়ার প্র্যাকটিসের মধ্যে আসছে। এগুলি বলার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাংলাদেশের বিধানসভা ১লা জুলাই থেকে চলছে। এই ক্লান্ত সভায়, ক্লান্ত মরশুম সেসানের বার্ধক্য এটা। এই সময়ে এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনার জন্য এসেছে। এটাতে প্রোপার এ্যাটেনশন দেওয়া দরকার। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করবো যে,—আপনার উদ্দেশ্য আমি ধরে নিচ্ছি মহৎ, তবু এই ক্লান্ত সভায় এতবড় গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা না করে এটা আপনি সারকুলেট করুন এবং তারপরে নভেম্বর মাসে উই উইল সিট টুগেদার এগেন তখন আলোচনা করতে পারবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ থেকে নয়, ১৯৬৭ সাল থেকে এরা [illegible] জনমত, জনগণের

সেটা গ্রহণ করতে পারছেন না। সেজন্য যতদূর সম্ভব আমরা সর্ববাদীসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রসর হবার চেষ্টা করি যাতে যুক্তফ্রন্টের ভেতর প্রত্যেকটি দল—যত ছোট বড় পার্টি আছে তাদের মতামত জেনে তাদের একমোডেট করতে পারি। এই যে অ্যামেন্ডমেন্টগুলি সাজেস্ট করা হয়েছে সেইগুলি আমি গুড কি ব্যাড কিছু বলছি না, তবে এটা বলতে চাই যে এই যে কনসালটেসন সেই ওয়াইড কনসালটেসনের সুযোগ আমি পাই নি। সুতরাং সেই হিসাবে আমি আবেদন করব এই সমস্ত সদস্যদের কাছে যে এই সেসনে তাঁরা যেন এই অ্যামেন্ডমেন্টগুলি প্লেস না করেন। আমি তাদের এই আশ্বাস দিতে চাই, কেন না আমরা যুক্তফ্রন্ট সরকার অন্ততঃ নিজেদের খানিকটা অভিজ্ঞতার ভিত্তিতে অগ্রসর হতে চাই। আমি এই কথা বলতে চাই না যে আমরা যেটা করছি সেটা ঠিক। অভিজ্ঞতার ভেতর দিয়ে নিশ্চয়ই কিছু ভুল ত্রুটি আমাদের ধরা পড়বে, সুতরাং পরবর্তী সেসনে বা কয়েকটা দিন বা কয়েক মাস গেলে বুঝতে পারব আমরা কতটা সঠিক করেছি বা কতটা বেঠিক করেছি। কারণ এই ধরনের আইন যতদূর আমি জানি ভারতবর্ষের অন্য কোন জায়গায় হয় নি। সর্বপ্রথম এখানে এই পদক্ষেপ নেয়া হয়েছে এবং প্রথম পদক্ষেপ নিতে গিয়ে স্বভাবতঃই কিছু ভুল ত্রুটি হওয়া স্বাভাবিক। আমি আশা করব মাননীয় সদস্যরা আমার এই আবেদন গ্রহণ করবেন এবং সেদিকে লক্ষ্য রেখে তাঁরা তাঁদের অ্যামেন্ডমেন্টগুলি যেন না প্লেস করেন এবং আমি এটাও অনুরোধ করব যে বিরোধীপক্ষের সদস্য যাঁরা আছেন ট্রেড ইউনিয়নের স্বীকৃতি হিসাবে এটা হচ্ছে। সেখানে কোন অমুক পার্টি লাভ করুক এটা তা নয়। আমরা বলেছি উইদাউট এনি প্রি-কন্ডিসন অর্থাৎ অতীতে যে সমস্ত ত্রিপাক্ষিক বৈঠক হয়েছে তাতে একটা কথা বারে বারে বলবার চেষ্টা করা হয়েছে বলতে যে কতকগুলি সর্ত মেনে নিয়ে তারপর ইউনিয়নের স্বীকৃতিদানের কথা বিবেচনা করা হবে। আমার বক্তব্য এখানে তা নয়- ইউনিয়নের স্বীকৃতিটা হচ্ছে কোন্ সংগঠন শ্রমিকরা চায় তার ভিত্তিতে। সেখানে অন্য কোন সর্তের প্রশ্ন নেই। সেইজন্য আমি বলছি বিনা সর্তে উইদাউট এনি প্রি-কন্ডিসন ইউনিয়নকে স্বীকৃতি দিতে হবে সে যার দ্বারাই পরিচালিত হোক না কেন। আই এন টি ইউ সি হতে পারে, ইউ টি ইউ সি হতে পারে, এ আই টি ইউ সি-র দ্বারাও পরিচালিত হতে পারে। যে কোন সেণ্ট্রাল অর্গানাইজেসন যে যার দ্বারাই পরিচালিত হোক না কেন যে শ্রমিকরা তাদের মেজরিটি করে ভোট দেবেন, যার পক্ষে রায় দেবেন, এনজয়িং দি কনফিডেন্স অব মেজরিটি - দি ওয়ার্কার্স আমরা এই বিলে প্রোভাইড করছি, সেই ইউনিয়ন স্বীকৃতি লাভ করবে। সুতরাং এটা সকলের পক্ষে সমানভাবে প্রযোজ্য হবে এবং সেদিকে আমি আশা করব যে প্রত্যেকটি মাননীয় সদস্য এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁরা সর্ববাদীসম্মতভাবে এই বিলটি গ্রহণ করবেন এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** There is a motion for circulation by Dr. Zainal Abedin. He may move his motion and speak.

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1969.

[3-15—3-25 p.m.]

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি যে মোশানটা দিয়েছি সারকুলেশনের জন্য সেটা মুভ করছি এবং এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কতকগুলো বক্তব্য উপস্থিত করছি। মোটামুটি শ্রমিক এবং কর্মচারীদের কল্যাণের জন্যই ট্রেড ইউনিয়ন আন্দোলন এবং এই আইন। এইখানে আমরা দেখছি ট্রেড ইউনিয়ন ইন্ডাস্ট্রিস বলতে তিনি ডেফিনেশন দিয়েছেন

Industry means any business, trade, undertaking manufacture or Calling of employers.

কিন্ত এর সঙ্গে আবার একটু বাড়িয়ে দিচ্ছেন.

includes any university, college, school, and other educational institution, or institution for carrying on research work, auditor's or solicitor's firm, hospital and any other establishment.

মোটামুটি আমরা জানি ইন্ডাস্ট্রি হাউসগুলো প্রফিট মেকিংয়ের একটি জায়গা কিংবা ব্যবসাক্ষেত্র। কিন্তু স্কুল কলেজের ক্ষেত্রে যে যুক্তি দেখালেন এখানকার শ্রমিকদের কোন রাইট প্রটেক্ট থাকার

অভিজ্ঞতা। ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুটস অ্যাক্টে যে ইউনিয়ন আছে সেই ইউনিয়নকে প্রায় চেপে রেখে দিয়ে কোম্পানী স্পনসর্ড ইউনিয়নের ভিত্তিতে কাজ করানো হয়েছে। এতদিন যাবত লেবার কমিশনার-এর অফিসে বহু ক্ষেত্রে কাজ করে এও আমাদের অভিজ্ঞতা হয়েছে কিন্তু তথাপি আজকে পরিবর্তনের মুখে আমরা দেখতে পাচ্ছি সেই ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুটস অ্যাক্টের মধ্যে যে প্রচণ্ড অভাব ছিল, আমাদের ট্রেড ইউনিয়ন অ্যাক্টের মধ্যে যে প্রচণ্ড অভাব ছিল সেই অভাব একটুখানি পূরণ করার জন্য চেষ্টা করা হয়েছে এবং এর ফলে আমি মনে করি ও'দের বিচলিত হবার কথা নয়। ইন্টার ইউনিয়ন রাইভালরির বহু পরিমাণে নিরসন হবে বলে আমি মনে করি। একটু ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন ১৯৪৭ সাল থেকে তাঁরা আই এন টি ইউ সি কি ভাবে শ্রমিক্ শ্রেণীর উপর চাপিয়ে দিয়েছেন। বিড়লার ঘরে যার জন্ম হয়েছিল, সেই আই. এন, টি, ইউ সি প্রত্যেকটি কারখানায় এমপ্লয়ারস স্পনসর্ড ইউনিয়ন হিসাবে কাজ করছে। নাম করে বলতে পারি যে এনরোলমেন্ট , মেম্বারসিপ এসব এমপ্লয়াররাই তৈরী করে। এ নিয়ে অনেক জায়গায় ওয়ার্কার বিদ্রোহ করেছে যে সেখানে এমপ্লয়াররা জবরদস্তি করে চাঁদা আদায় করে নিয়েছে আন্ডার কমপালসান, আন্ডার থ্রেট অফ ডিসমিসাল। এই সমস্ত যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁদের অভিজ্ঞতা আছে। এটা তাঁরা করেছিলেন ভবিষ্যতের দিকে লক্ষ্য করে যাতে শ্রমিক শ্রেণীর মধ্যে বিভ্রান্তি করা যায়। কিন্তু আজ ২০ বছরের মধ্যে একটা সঙ্গত আইন—এটা কনকারেন্ট সাবজেক্ট ডিফিকাল্টি আছে—কেন্দ্রীয়ভাবে আসল না। যাতে শ্রমিক শ্রেণীর মঙ্গল সাধন করতে পারে এই রকম ভাল আইন তাঁরা করলেন না। কতকগুলি দেখেছি লেবার কনফারেন্সের মধ্যে দিয়ে আই এন টি ইউ সি একটা বিশেষ ওয়েটেজ দিয়ে না থাকলেও তাদের সেখানে রিপ্রেজেন্টেশন দেবার ব্যবস্থা করা হয়েছে। সারা ভারতবর্ষে এমন কি পশ্চিম বাংলায় আমাদের যেসমস্ত ইন্ডাস্ট্রি ওয়াইজ ইউনিয়ন আছে সেখানে টোটাল মেম্বারসিপগুলো যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন আজ প্রায় প্রত্যেকটি জায়গায় উৎখাত হওয়া সত্ত্বেও আমাদের পশ্চিম বাংলার ওয়ার্কাররা তাদের রিজেক্ট করা সত্ত্বেও পশ্চিম বাংলায় তাদের মেম্বারসিপ অনেক বেশী। সমস্ত ফলস মেম্বারসিপ। এ বিষয়ে একটা নূতন ভেরিফিকেশন দরকার। কিন্তু সে বিষয়ে আমি যেতে চাই না। নাম রয়েছে যে ওয়ার্কারের তার চাঁদা দেওয়া নেই। কেউ আপত্তি করলে মালিকদের অফিসে ভেরিফিকেশন করার জন্য গভর্নমেন্ট অফিস থেকে গেছে তখন তাকে বলা হয়েছে তুমি না বললে তোমার চাকরী যাবে। সেখানে আজ মন্ত্রিমহাশয় পরিষ্কারভাবে বলেছেন কারণ ভয় পাবার কোন কারণ নেই। ইন্ডিয়ান লেবার কনফারেন্স বা অন্যান্য কেন্দ্রীয় সংস্থাগুলোকে শ্রমিকশ্রেণীর বিরুদ্ধে ব্যবহার করার জন্য আমাদের একথা বলতে হচ্ছে যে জয়নাল আবেদীনরা ২৫ বছর ধরে কোনরকম আইন করেন নি। এমন কি বহু ক্ষেত্রে এ রকম হয়েছে যে ঘটনাচক্রে একমত হওয়া সত্ত্বেও পার্লিয়ামেন্টের মধ্যে সেই আইন কোনরূপে গ্রহণ করতে পারেনি। সুতরাং আজ তাঁদের বিচলিত হবার কোন কারণ নেই। আমরা পরিষ্কার ভাবে বলছি জনসাধারণের ভোটে তাঁরা রিজেকটেড হয়েছেন। আজকে কিছু কিছু আই এন টি ইউ সি-র মধ্যে সম্বিৎ ফিরে এসেছে এবং বিভিন্ন জায়গায় বহু গণ আন্দোলনের সঙ্গে তাঁরা চলার চেষ্টা করছেন। সুতরাং আজ যদি শ্রমিকশ্রেণীর সঙ্গে চলার চেষ্টা করেন, তাদের সংগ্রামের অংশীদার হবার চেষ্টা করেন তাহলে কোন কোন জায়গায় তাঁদের কেউ কেউ ভোটে যেতে পারেন। সিক্রেট ব্যালট-এর মাধ্যমে ভোট হবে বলে কোন কোন ইউনিয়ন-এ তাঁরাও থাকতে পারেন। সুতরাং এইটা এক্সটেনসন অফ ডেমোক্রাসি যেটা গ্যারান্টেড হচ্ছে সেই গ্যারান্টেড ডেমোক্রাসির মধ্য দিয়ে তাঁরাও সুযোগ পেতে পারেন। আমি ভেরিফিকেশনের কথা যে বললাম যদিও এটা ওর মধ্যে পরিষ্কার ভাবে আসে না তথাপি যদি এদিকে নজর না রাখা যায় তাহলে অনেক ক্ষেত্রে ইউনিয়ন সিক্রেট ব্যালট-এর মধ্য দিয়ে প্রতিনিধি নির্বাচিত করবে এবং ইউনিয়ন রেকগনাইজড হবে তাদের মধ্যে অনেক অসুবিধা সৃষ্টি হবে।

[3-35—3-45 p.m.]

সেইজন্য বর্তমানে যে সিস্টেম আছে ভেরিফিকেশনের তাতে শ্রমিকরা যাতে ঠিক ঠিকভাবে রিপ্রেজেন্টেশন পেতে পারে বিভিন্ন স্তরে সেটা এখন থেকে নজর না দিলে ইউনিয়নগুলির এই স্বীকৃতির মধ্য দিয়ে আমরা শ্রমিকদের সর্বদিক থেকে উপকার করতে পারব না। একথা আপনারা জানেন এবং আই এন টি ইউ সির পুরানো বন্ধুরা একদিন গল্প করতে করতে বলেছিলেন তাদের মাঝে মাঝে ইন্টারন্যাশনালে যাবার দরকার ডেলিগেট হিসাবে বিভিন্ন জায়গায়, অথচ ইউনিয়ন

নেই, কি করবেন—সেখান থেকে বলে দিল বাংলাদেশে ফিরে যাও, অমুক জায়গায় যাও এবং বলে দাও আমাদের কয়েকটি ইউনিয়ন রয়েছে। স্যার, কেউ পরামর্শ করল না, ব্যবহার করা হয় সরকারের একটা সংস্থাকে এবং তার মধ্য দিয়ে তারা ইন্টারন্যাশনাল ডেলিগেট হিসাবে গিয়ে ভারতবর্ষের শ্রমিকশ্রেণীর স্বার্থ বিরোধী কাজ করে আসছে। অন্ততঃ পশ্চিমবাংলার ক্ষেত্রে একটুখানি রক্ষিত হোক এটা আমরা দেখতে চাই যদিও এটা হচ্ছে সাধারণভাবে কেন্দ্রীয় সরকারের ব্যাপার এবং কেন্দ্রীয় সরকারেরই প্রধান দায় দায়িত্ব। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে এমন কোন বক্তা শ্রকিশ্রেণীর পক্ষে রিপ্রেজেন্টেশন দিয়েছে তাতে আমি মনে করি পশ্চিমবাংলার শ্রমিকের পক্ষ থেকে কথা বলার পরিপূর্ণভাবে তিনি অনুপযুক্ত। আমি অন্যান্য দেশের তুলনা করতে চাই না, আমি জানি আমাদের সীমাবদ্ধ ক্ষমতা এবং এটাও বলে রাখছি আমি সোসালিস্ট কান্ট্রির কথা তুলব না। ধনতান্ত্রিক দেশগুলিকে যে অধিকার আছে এই বিলের মধ্য দিয়ে সেটাও সম্ভব হচ্ছে না। শুধু একটা রেকগনিসন অব দি ইউনিয়নস-এর মধ্যে দিয়ে সবটা হয়ত কভার করা যাবে না, কিন্তু শ্রমমন্ত্রীকে লক্ষ্য রাখতে হবে যে ধনতান্ত্রিক দেশগুলিতে শ্রমিকরা অনেক অধিকার লাভ করেছে। আমি সমাজতান্ত্রিক দেশগুলির কথা বলছি না কারণ তারা নিজেরাই প্রোডাকসন করেন কিন্তু ধনতান্ত্রিক দেশগুলির শ্রমিকরা অনেক অধিকার ভোগ করে থাকেন, সেইসব কিছু কিছু এই আইনের মধ্যে যাতে আনা যায় সেটা উনি নিশ্চয়ই চিন্তা করবেন। আমরা এতদিন ধরে দেখেছি ট্রেড ইউনিয়ন আন্দোলন পশ্চিমবাংলায় যা হয়েছে তাতে মালিকপক্ষ যে কত আইন ভঙ্গ করেছে তার ইয়ত্তা নেই। লেবার কমিশনার অফিসে জানালে তারা যাবেন না, বছরের পর বছর মামলা করবেন, যা খুসী করবেন, বে-আইনী কাজ করবেন অথচ কিছু করা যাবে না। অন্ততঃ তিনি একটা যে পানিসমেন্ট ক্লজ এনেছেন সেজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এতদিন পর্যন্ত কোথাও তাদের জেল দেবার কথা ছিল না, এখন অন্ততঃ দেখছি যদি আনফেয়ার প্র্যাকটিস করেন তাহলে তাদের জেলে দেওয়া হবে, হাজার টাকা জরিমানা হবে। মালিকরা অন্ততঃ জানবে একটা সরকার গঠিত হয়েছে, এখানে জেলে যাবার ব্যাপারে শুধু শ্রমিকরা আছে তা নয়, যদি বে-আইনী এবং অন্যায়ভাবে বিবিধ কার্যকলাপ করে থাকেন শ্রমিকস্বার্থবিরোধী এবং আইন বিরোধী বা আনফেয়ার প্র্যাকটিস যদি করেন বা আগামী দিনে এগুলি করতে চান তাহলে তাদের জেলে যাবার সম্ভাবনা রয়েছে এটুকু আমাদের দেশের এমপ্লয়াররা অন্ততঃ স্মরণ রাখবেন এটা আমি মনে করি এবং এই ক্লজের জনাই আমি বিশেষ করে শ্রমমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি। আমি এখন আর ডিটেলস আলোচনার মধ্যে যাচ্ছি না, অন্যান্য যে সমস্ত বিষয়গুলি রয়েছে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় অনুরোধ করেছেন যেহেতু আমাদের অ্যামেন্ডমেন্টগুলি তিনি ভাল করে দেখতে পারেন নি সেজন্য আজকে যেন অ্যামেন্ডমেন্টগুলি আমরা [illegible]। আমি আশা করি আমার সঙ্গে যারা যারা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেগুলি সামনের সেসনে তিনি বিবেচনা করবেন একথাটা তারাও স্মরণ রাখবেন। এর মধ্যে অনেকগুলি টেকনিক্যাল ছিল তা নয়, এই চৌহদ্দির ভেতর সামান্য কিছু করা যেতে পারে সেজন্য কিছু অ্যামেন্ডমেন্ট আমরা দিয়েছি।

যেমন [illegible] ওয়ার্কার স্বীকৃতি পায়নি, এমন অনেকগুলি আছে যেগুলি স্বীকৃতি পায়নি। সেগুলি হয়েছে। তারপরে রাইটসের প্রশনগুলি, শ্রমিকরা অ্যাক্টে পেল কি? নিশ্চয়ই স্বীকৃতি পেয়েছে। মালিকরা কিছুদিন আগে পর্যন্ত চিৎকার করে বলত আমরা একটা ইউনিয়ন চাই তার ফলে বহু আলাপ আলোচনার সুবিধা হয়। তারপর দেখলাম আই এন টি ইউ সি-এর মালিকরা বলছেন যে এই সমস্ত আইন আনা এখন ঠিক হচ্ছে না, দিল্লী টিল্লী কি ভাবছে দেখুন। অথচ ইন্টার ইউনিয়ন রাইভালরী থেকে বাঁচবার জন্য সিক্রেট ব্যালটের মধ্যে যেতে চাইছেন। আমি বহু মালিকের কাছ থেকে শুনেছি। এমপ্লয়াররা এতদিন যাবত কাগজে স্টেটমেন্ট করছেন এইসব কথা বলছেন, এখন তাঁরা অন্য কিছু হয়ত ভাবছেন। তাঁরা [illegible] ভেবেছিলেন এখানে কংগ্রেসই রাজত্ব করবেন। কিন্তু এখন দেখছি আই এন টি ইউ সি সম্মিলিতভাবে বলতে আরম্ভ করেছেন আইন আনা ঠিক হচ্ছে না। আমি জানি না তাদের ব্যথা কোথায়? তবুও শ্রমমন্ত্রীকে বলব একটা কথা। এর মধ্যে অনেক টেকনিক্যালিটিজ রয়েছে, আরও জরুরী ব্যাপার যেমন নোটিশ বোর্ডে নোটিশ দেবার অধিকার চাঁদা কালেকশন করার অধিকার আছে। আগে চাঁদা কালেকশন করতে গিয়ে চাকরি যেত, আমাদের ইউনিয়নের বহু অভিজ্ঞতা আছে, যারা এ আই টি ইউ সি-এর অন্তর্ভুক্ত নয় কিংবা যারা কংগ্রেসী ইউনিয়নের

সংগে যুক্ত নয়, তারা চাঁদা তুলতে গিয়ে চাকুরি গেছে এইরকম বহু ঘটনা ঘটেছে, এইরকম অভিজ্ঞতা আমাদের আছে, এখন এই অধিকার এক্সটেন্ডেড হয়েছে। রেকগনাইজড ইউনিয়ন এখন চাঁদাপত্র তুলতে পারে। নোটিশ দেবারও ব্যবস্থা আছে। কিন্তু একটা জরুরী ব্যাপার ছিল সেটা হচ্ছে এর মধ্যে ঘরের ব্যাপারও আছে, ঘরেরও দরকার প্রেমিসেসের মধ্যে তা না হলে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট ডেভেলপ করা মুস্কিল হয়। কাজেই এই সমস্ত ব্যাপারে সামান্য কিছু অ্যামেন্ডমেন্ট ছিল। যাই হোক ভবিষ্যতের দিকে নজর রেখে আমি মনে করছি যে আগামী সেসনে এই সমস্ত ব্যবস্থাগুলি বিচার বিবেচনা করবেন এবং আই এন টি ইউ সি-এর বন্ধু যাঁরা আছেন তাঁদের সকলকে নিয়ে আসবেন, আমরা সকলকেই ডেমোক্রেসী এক্সটেন্ড করে দিতে চাই। শ্রমিক তার অধিকার ঠিক করবে, আমরা তো কোনদিন বোর্ড অব ডিরেকটার্স মালিকদের কে হবে হবে সে সম্বন্ধে কোন কথা বলি না, তারাই বা কেন শ্রমিকদের ইউনিয়নের প্রেসিডেন্ট কে হবে না হবে, সেক্রেটারী কে হবে না হবে, এ সম্বন্ধে বলতে আসবে? এতদিন যাবত নানা কায়দায় তারা ডিক্টেট করে এসেছে, সেটার অবসান ঘটছে বলে আমি আনন্দিত। সেজন্য অন্যান্য যে সমস্ত প্রশ্ন সম্বন্ধে অ্যামেন্ডমেন্ট আছে সামনের দিনে বিবেচিত হবে বলে আশা পাচ্ছি বলে মনে করি এবং সামগ্রিক দৃষ্টিভংগী নিয়ে শ্রমিকদের অধিকার আরও প্রসারিত হবে এই আশা ভরসা রেখে পুনরায় শ্রম মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে এই বিলের প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[3-45—3-55 p.m.]

**অরুন সেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং বিশেষ করে যে আমাদের কমরেড রবীন মুখার্জী যা বলেছেন যে আমাদের দেশে শ্রমিকেরা কারখানায় যারা সংগ্রাম করেছিলেন, যারা ঐক্যবদ্ধ হয়েছিলেন সেই অধিকাংশ শ্রমিকদের সংগঠনকে মালিকরা না মেনে বিভিন্ন জায়গায় দালাল ইউনিয়ন গঠন করে তাদের মেনে এটা চালাচ্ছিল তার সম্পর্কে আজকে যে একটা ছেদ বা একটা নূতনভাবে শ্রমিকদের ভোটের অধিকারে যে ইউনিয়নকে তারা মানবে তাদের মানাবার জন্য যে আইন এনেছেন সেই বিলকে আমি সমর্থন করছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি ২/১টা কথা বিশেষ করে কংগ্রেস তরফ থেকে যা বলেছেন যে এই ভোটে দেখা যায় যে সাধারণ ইলেকসনে ২০ পার্সেন্ট, ৫০ পার্সেন্ট ভোট হচ্ছে আর এখানে সেরকম একটা রাখা উচিত যাতে বেশী ভোট না হলে হবে না। অবশ্য সেটা সম্পর্কে কিছু বলা যেতে পারে নিশ্চয়ই কিন্তু বর্তমানে যেটা চলেছে আইন না থাকার জন্য ঐ আনন্দবাবুর ইউনিয়ন যারা ভোট হলে ২ পার্সেন্ট পান না তাদেরই বিভিন্ন মালিকরা মেনে নেন। বিড়লারা এমন একটা ইউনিয়নকে মেনেছেন যারা প্রভিডেন্ট ফান্ড-এর ইলেকসনই হোক আর ওয়ার্কস কমিটির ইলেকসনই হোক সেখানে শতকরা ৩ ভোটও পায় নি, এইসব ইউনিয়নকে মানার জন্য—না মানার জন্য কোন আইন ছিল না, এমন কি যে সব ইউনিয়ন কর্মীরা শতকরা ৮০/৯০ ভাগ ভোট পেয়েছেন তাদের তারা মানেন নি। এ সম্পর্কে এই আইন প্রণয়নের আগে একটা জায়গায় শ্রমিকদের আন্দোলনের ফলে সেখানে আমাদের নলিনাক্ষবাবুর দলের একটা ইউনিয়ন ছিল, সেই ইউনিয়নকে কোম্পানী মানতেন, সেটা পোদ্দার কোম্পানীর ইউনিয়ন কিনা পোদ্দারের একটা কারখানার ইউনিয়ন। সেখানে [illegible] শেষ পর্যন্ত মালিকরা মেনেছিল যে সেখানকার আই টি ইউ সির যে ইউনিয়ন আছে আর ঐ [illegible] আপনাদের ইউনিয়ন আছে তাদের মধ্যে ভোট হবে এবং সেখানে সকলকে ভোটের অধিকার দেওয়া হয়েছিল। কোন রকম কোয়ারসন হয় নি। সেখানকার লেবার ডিপার্টমেন্ট থেকে একজন লেবার কমিশনার তিনি প্রিসাইডিং অফিসার ছিলেন, ৮৫০ জন শ্রমিকের মধ্যে ৭৮০ জন শ্রমিক ভোট দিয়েছিলেন। যে ইউনিয়নকে এতদিন কোম্পানী মানতেন তারা পান ৩১টি ভোট পেয়েছিল এখন সেই ধরনের ব্যবস্থা চলতে দেওয়া যায় না। এই ধরনের ব্যবস্থা চলতে দেওয়া [illegible] নয় করবেন কি ঐ ইউনিয়নের [illegible] এপিয়েল করবে কারণ এটা [illegible] ইউনিয়ন এবং সেই ইউনিয়নের কথা কোম্পানী শুনে চলত। এবং তার ফলে অন্য কিছু করা যায় নি এইরকম অসুবিধা আমাদের শ্রমমন্ত্রী নিজেও অনুভব করেছেন। এইরকম কিছু কিছু রেকগনাইজড ইউনিয়ন এখনও আছে। এই কিছুদিন আগে একচেটিয়া পুঁজিপতি ইম্পিরিয়াল টোব্যাকো কোম্পানীতে এইরকম একটা দালাল ইউনিয়ন আছে যেখানে বছরের পর বছর ক্যাজুয়াল লেবার করে রাখা হত। সে সম্পর্কে এটা আন্দোলন হবার পরে এই শ্রমমন্ত্রীর কাছে

একটা ফয়সালা হয়েছিল যে শ্রমমন্ত্রী যা লিখে দেবেন সেই অনুসারে তারা চলবেন। সেখানকার সেই পুরানো ক্যাজুয়াল শ্রমিকদের খালি জায়গাতে পার্মানেন্ট করবার জন্য বিশেষ করে কন্ট্রাক্ট প্রথা বন্ধ করে তাদের পার্মানেন্ট করবার জন্য শ্রমমন্ত্রী লিখেছিলেন। সেখানে যেহেতু ঐ ধরনের একটা দালাল ইউনিয়ন আছে তার সঙ্গে এগ্রিমেন্ট লিখিয়ে নিলো যে মাত্র ৮৫ জনকে করলেই সব ঠিক হয়ে গেল আর কিছু করবার নেই। আমি জানি না আইনগত ভাবে শ্রমমন্ত্রীর এতে কিছু বলার আছে কি না। কিন্তু সেই ইউনিয়নকে মানাতে পারে বলে আর বাকী ১৫০ জন শ্রমিককে বাহিরে রাখতে পারলো। এখন ইউনিয়নকে মান্যতা দিবার সম্পর্কে আমাদের এই আইনটি যদিও আমাদের কংগ্রেসী বন্ধুদের কাছে ভীষণ নুতন এবং অদ্ভুত লাগছে আমি তাদের মনে করিয়ে দিতে চাই যে ১৯৬৭ সালে ডিসেম্বর মাসে ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন অ্যাক্ট যা ১৯২৬ সাল থেকে চলে আসছিল, তাতে যে সংশোধন যে সময় ভারতবর্ষ স্বাধীন হবার পরে প্রথম যে ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন অ্যাক্টের পরিবর্তন করা হয়েছিল তাতে রেকগনিশনের কথাটি ছিল। পরবর্তী কালে অবশ্য আপনারা সেটা কেটে বাদ দিয়েছেন। তাতে এমন ছিল না অবশ্য যতটা প্রগতিশীল ভাবে ও উন্নত ভাবে আমাদের শ্রমমন্ত্রী মহাশয় এনেছেন, সেই রকম ভাবে ছিল না। কিন্তু তাতেও যে ভাবে ছিল তাও আমাদের কংগ্রেসী বন্ধুর মালিকেরা বরদাস্ত করতে পারলেন না বলে সেটা শেষ পর্যন্ত তুলে নিতে হলো। সেটা থেকে আমি দু একটা জিনিস আপনাদের দেখাচ্ছি চ্যাপটার থ্রিতে রেকগনিশন অব ট্রেড ইউনিয়ন, ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন অ্যাক্টে অ্যামেন্ডমেন্ট হয়েছিল ২০এ ডিসেম্বর, ১৯৪৭ তাতে কি ধরনের রেকগনিশনের কথা বলা হয়েছিল একটা রেকগনিশন ছিল যে সেখানে মালিকের নিজের থেকে একটা ট্রেড ইউনিয়নকে মেনে নেবে এবং যেভাবে রেজিস্টার বলবে, দুই নং ছিল একটা লেবার কোর্ট থাকবে সেই লেবার কোর্টের কাছে রেকগনিশন অব ট্রেড ইউনিয়ন সেখানে ইউনিয়ন দাবি করতে পারবে এবং সেখানে হিয়ারিং হবে এবং তারপরে সেই ইউনিয়নের কি কি অধিকার হবে সে সম্পর্কে ছিল।

কিন্তু সেই ইউনিয়ন সম্পর্কে কোন ইউনিয়ন করবে তার কত পার্সেন্ট মেম্বার আছে ইত্যাদি সম্পর্কে লেখা থাকলেও সেটা কাগজপত্রেই ছিল এবং কাগজপত্রে লেখা থাকার ফলে আপনাদের দালাল ইউনিয়নগুলি সুবিধা পেতো। তা সত্ত্বেও দেখা গেল যে এটার দ্বারা আপনাদের কাজকর্ম চললো না যার ফলে এই ধারাগুলি বাদ দিয়ে দেওয়া হয়েছে। আপনারা জানেন যে ভেরিফিকেশনের ব্যবস্থা আছে এবং সেই ভেরিফিকেশনেও রেকগনিশনের কোন বাধ্যতামূলক কোন আইন কানুন নেই এবং সেই ভেরিফিকেশনের মালিকরা ইচ্ছামত কারচুপি করতে পারে তার জন্য ভেরিফিকেশনের দ্বারা নিশ্চয়ই সমস্ত শ্রমিকদের ভাগ্য নির্ধারণ হবে এগ্রিমেন্ট হয়ে বা সংগ্রাম হবার পরে এগ্রিমেন্ট হয়ে সেখানকার সাধারণ শ্রমিকরা রায় দিতে পারবে না যে কোন ইউনিয়নকে আমি মানি এবং কোন ইউনিয়নের সঙ্গে বসে তোমার কথা বলতে হবে এটা বলতে পারবে না। এটা আমাদের দেশেই বোধহয় অদ্ভুত গণতন্ত্রের ব্যবস্থা। আমি আগে বাজেট বক্তৃতার সময় বলেছিলাম আমাদের এক বিদেশী বন্ধু আমাকে একথা বলেছিলেন যে আমরা এখানে যেমন পার্লামেন্টের সভ্য নির্বাচন করি, প্রধানমন্ত্রী নির্বাচিত হয়, এমন কি রাষ্ট্রপতিও খানিকটা নির্বাচিত হন কিন্তু কারখানায় যে শ্রমিকরা কাজ করবে সে কারখানার মালিক সেই শ্রমিকরা কোন প্রতিনিধির সঙ্গে কথা বলতে বাধ্য থাকবে তার সম্পর্কে তারা কোন রায় দিতে পারবে না। এটা স্বভাবতঃই গণতন্ত্রের প্রহসন আজকে এই বিলে অন্ততঃপক্ষে শ্রমিকদের সে একটা অধিকার দিয়েছেন সেখানে দু' বছর—আপনাদের অত ঘাবড়াবার দরকার নেই, দু' বছর পর পর অন্য কোন ইউনিয়ন যে ইউনিয়ন দাঁড়িয়ে আবার ইচ্ছা করলে রায় দিতে পারবে। এবং আমি আপনাদের জানাচ্ছি যে এখনও শ্রমিকদের ইউনিয়ন করতে কষ্ট পেতে হয়, আপনাদের আমলেও ভীষণ কষ্ট পেতে হোত। এই ইন্ডিয়ান ট্রেড ইউনিয়ন অ্যাক্টে যেভাবে শ্রমিকদের ইউনিয়ন করা সম্পর্কে বাধা নিষেধ আছে সেই বাধা নিষেধের থেকে সুযোগ মালিকরা আপনাদের দ্বারা নিতো যার ফলে আপনারা নিশ্চয়ই জানেন এই হিন্দমোটর কারখানাতে ইউনিয়ন করবার জন্য কতবার কত শ্রমিক ছাঁটাই হয়েছে। যারা যারা দরখাস্ত করতো তারা ৭ দিনের মধ্যেই ছাঁটাই হয়ে যেতো। একবার নয়, দু'বার নয়, তিন বার নয়, দু'তিন বার ছাঁটাই হয়েছে। আপনারা জানেন ঐ ত্রিবেণীতে কেশরাম রেয়ন মিলে আমি ইউনিয়ন করতে গিয়েছি সেখানে পরপর দু'বার শ্রমিকরা যারাই দরখাস্ত করেছে তারাই ছাঁটাই হয়েছে। তাদের মধ্যে ডি, আই, আর, এও এ্যারেস্ট করা হয়েছিল। শ্রমিকরা যাতে প্রকৃত ইউনিয়ন না করতে পারে তার জন্য চেষ্টা

করেছিলেন। আজকে অবশ্য সে সুযোগ তাদের কাছে এসেছে তারা ইউনিয়ন করতে পারছে কিন্তু এমন আইন করা দরকার যে অধিকাংশ শ্রমিক যে ইউনিয়নকে মানবে সেই ইউনিয়নকে মালিকদেরও মানতে বাধ্য থাকা উচিত। আপনারা যেটা চিন্তা করেছিলেন, গত বাজেট বক্তৃতার সময়, যে অন্য ইউনিয়নগুলিকে তুলে দেওয়া হচ্ছে, আপনারা যদি এই বিলটা পড়েন তা হলে দেখতে পাবেন অন্য ইউনিয়নগুলিকে তুলে দেবার কোন কথা হয়নি, আপনারা নিশ্চয়ই সেখানে ইউনিয়ন করতে পারেন এবং যিনি শ্রমিক স্বার্থে কাজ করেন, দু'বছর পরে শ্রমিকরা যদি মনে করেন যে কোয়ারশন করে যে ইউনিয়ন আছে সে ইউনিয়নকে ভোটে হটিয়ে দিয়ে আপনাদের ইউনিয়ন করুন এবং তাকে মান্য দিতে বাধ্য করতে পারেন। আর এই বিলের সমর্থনে বলতে গিয়ে বিলের ব্যাপারে ছোটখাট কিছু দুর্বলতা এসে গিয়েছে সেটা সম্পর্কে আমরা যুক্তভাবে কতকগুলি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেগুলি যখন ক্লজগুলি উঠবে তখন আমি তা শ্রমমন্ত্রীর নজরে আনবো। যাতে টেকনিক্যাল ডিফেক্টে অসুবিধা হতে পারে সেগুলি নিশ্চয়ই আমি বলতে চাই না, সেটা পরে আলোচনা করা যেতে পারে কিন্তু কতকগুলি খুব সাধারণভাবে আমরা আনতে চেয়েছি যেগুলি আমাদের ইউনাইটেড ফ্রন্টের সকলেই, আমার ধারণা একমত হবেন। এই বিল আসা সম্পর্কে একটা ইতিহাস আছে তার সম্বন্ধে দু'একটি কথা বলে আমি এই বিলকে সমর্থন করছি। এই বিল যখন যুক্তফ্রন্ট সরকার আনবেন বলে ঠিক হয় তখন সারা ভারতবর্ষের শ্রমিক আন্দোলন আমাদের এই আইনের দিকে তাকিয়ে আছে।

[3-55—4-05 p.m.]

সারা ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের জেনারেল সেক্রেটারী কমরেড ডাঙ্গে এবং পশ্চিমবঙ্গের বি. পি. টি. ইউ. সি-র সেক্রেটারী কমরেড মনোরঞ্জন রায় দু'জনই সারা ভারত শ্রমিক আন্দোলনের পক্ষ থেকে এই বিল সম্পর্কে যে খসড়া আমাদের শ্রমমন্ত্রীর কাছে দিয়েছিলেন তারই ভিত্তিতে তার-পর আলোচনা হয়েছে এবং এই আইনকে আরো শক্তিশালী করবার জন্য আমরা সাধারণভাবে দু'-একটা সাজেশান বা সংশোধনের কথা বলেছি এবং ভারতবর্ষের বিখ্যাত শ্রমিক আন্দোলনের নেতারা পর্যন্ত আমাদের এই বিল সম্পর্কে যথেষ্ট আগ্রহী এবং তাঁরা এই সম্পর্কে অনেক আলোচনা করেছেন, একে স্বাগত জানিয়েছেন। এই বিল যাতে আরো সুষ্ঠুভাবে হয় তার জন্য ভারতীয় শ্রমিক আন্দোলনের নেতা রামমূর্তি, সতীশ লুম্বা এবং অন্যান্য কমরেডরা এই সম্পর্কে আলোচনা করে কিছু কিছু সাজেসান পাঠিয়েছেন। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যেন সেইসব জিনিসগুলি চিন্তা করে যাতে আমাদের এই আইনটা সর্বাঙ্গসুন্দর হতে পারে সেই দিক থেকে প্রচেষ্টা করেন। তার কারণ ছোটখাট গণ্ডগোলের সুযোগ মালিকশ্রেণী নেবে এবং নিয়ে আমাদের যুক্তফ্রন্ট সরকার যে অধিকার শ্রমিকদের দিতে যাচ্ছেন সিক্রেট ব্যালটের মধ্য দিয়ে তাদের প্রতিনিধি-দের নির্বাচন করে তার মারফৎ সংগ্রাম করে তাদের স্বার্থ রক্ষা করার তাতে অসুবিধা সৃষ্টি করতে পারে। এই যে অস্ত্র শ্রমিকদের হাতে দিচ্ছেন তার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিলকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের শ্রমমন্ত্রী শ্রীকৃষ্ণপদ ঘোষ মহাশয় যে বিল এখানে উপস্থাপিত করেছেন আমি সেই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বিলের মধ্য দিয়ে শ্রমিকরা যে অধিকার অর্জন করতে চলেছে এটাই একটা প্রগতির পথে পদক্ষেপ বলে আমি মনে করি। আমি মনে করি দীর্ঘ ২০ বছর যাবত দেশ স্বাধীনতা লাভ করার পরও দেশে গণতান্ত্রিক অধিকার রক্ষিত হওয়া সত্ত্বেও দেশের শ্রমিকশ্রেণী কোন ইউনিয়নের অন্তর্ভুক্ত হবে এবং সেই ইউনিয়ন মালিকের স্বীকৃতি লাভ করবে মেজরিটি সংখ্যায়, সেই অধিকার আজ পর্যন্ত ছিল না। এই প্রথম তারা সেই অধিকার পেতে চলেছে। কংগ্রেস বেঞ্চ থেকে বলেছেন যে এই ধরনের একটা অধিকার যদি দেওয়া হয় তাহলে গণতান্ত্রিক অধিকার বিপন্ন হবে, লাঠির দ্বারা ইউনিয়ন গঠিত হবে, সিক্রেট ব্যালটের নামে সেখানে একটা ব্যুরোক্রেসি প্রতিষ্ঠিত হবে। আমি এই প্রসঙ্গে এই কথা বলতে চাই যে কোন আইন বা কোন বিলের উদ্দেশ্য যদি হয় ব্যুরোক্রেসি তা হলে নিশ্চয়ই কোন প্রগতিশীল দল বা কোন ট্রেড ইউনিয়নিস্ট তাকে অভিনন্দিত করতে পারে না। কারণ, আমরা জানি ব্যুরোক্রেসি হওয়া মানে হচ্ছে কন্ট্রোল এবং সেই কন্ট্রোল মালিকের হাতে আসবে। আর তার যদি সেট আপ ডেমোক্রেসির উপর হয় তাহলে শ্রমিক শ্রেণীর হাতে সেই ক্ষমতা যাবে। কারণ, শ্রমিকরা হচ্ছে সংখ্যায় বেশী, মালিকরা

সংখ্যায় কম। সেই ক্ষেত্রে আমি মনে করি যে যেখানে সিক্রেট ব্যালটের ব্যবস্থা আছে সেখানে ব্যুরোক্রেসি হবার কোন সম্ভাবনা নেই এবং ব্যুরোক্রেসি যদি হয় তাহলে যে গণতান্ত্রিক অধিকার আছে বা শ্রমিক শ্রেণীর ব্যালটের যে অধিকার সেই অধিকার মারফত সে তার গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত করতে পারবে। অপর দিকে মালিকরা এ যাবত যে আনফেয়ার লেবার প্র্যাকটিসের মধ্য দিয়ে শ্রমিক ইউনিয়নগুলিকে নিজের হাতে কুক্ষিগত করবার চেষ্টা করত ব্ল্যাক লেজার্সদের দিয়ে আজকে সেই সম্ভাবনা থাকছে না। কেন থাকছে না, তার কারণ হচ্ছে আইনত একটা ইউনিয়ন যদি কোন শিল্পে থাকে, রেজিস্ট্রেশন লাভ করবার জন্য তার ভেরিফিকেশন হবে কি হবে না সেটা সরকারী কর্মচারীদের উপর নির্ভর করে, অনেক ক্ষেত্রে সরকারী কর্মচারীরা রায় দিতে পারেন না, হাইকোর্টে যেতে বলেন এবং ইউনিয়নের যদি ফান্ড না থাকে, ভাল আইনজ্ঞ যদি এনগেজ করতে না পারে তাহলে সেখানে তার মেজরিটি থাকা সত্ত্বেও সেই অধিকার সে প্রতিষ্ঠিত করতে পারে না।

সেখানে মালিক সেই সম্পূর্ণ সুযোগ নেয়। এই অবস্থা থেকে আজকে আমাদের যদি হাইকোর্টে না যেতে হয়, কোন আদালতে না যেতে হয়, তার ডিসাইডিং ফ্যাক্টর হচ্ছে এই সিক্রেট ব্যালট। এটা যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে আইনতঃ হয়, সুষ্ঠু উপায়ে হয়, সেটা দেখতে হবে। সেখানে ভয় আছে বলে আমি মনে করি না। এতদিন পর্যন্ত মালিকরা যে সুযোগ পেয়ে আসছিলেন—দালাল দিয়ে যে ইউনিয়ন গঠন করবার চেষ্টা করতেন, মালিকদের সে প্রচেষ্টা এর দ্বারা খর্ব হয়ে যাচ্ছে। সেখানে এর দ্বারা শ্রমিক শ্রেণী তাদের অধিকার রক্ষা করতে পারবে বলে আমি বিশ্বাস করি। অপরদিকে যা আমরা দেখতে পাই বড় করে, সেটা হচ্ছে কি? যদি এই অধিকার পাওয়া যায়, এই অধিকারটা কতদিন পর্যন্ত এই শ্রমিকশ্রেণী এনজয় করতে পারবে? সেখানে পরিষ্কার বলা হয়েছে দু' বছর। যদি কোন বিরোধী শক্তি মনে করেন এই ইউনিয়ন যে স্বীকৃতি লাভ করেছে সে মালিক ঘেঁষা কাজ করছে, আনফেয়ার লেবার প্র্যাকটিস অ্যাডপ্ট করছে বা শ্রমিক স্বার্থবিরোধী কাজ করছে, তাহলে তা কোনমতেই শ্রমিক ইউনিয়নের সমর্থন পেতে পারে না। তার পাল্টা ইউনিয়ন যা স্বীকৃতি লাভ করেছে, ভেতর থেকে যে কাজ করবার সুযোগ আছে, সেই কাজের মাধ্যমে যদি সমস্ত শ্রমিককে বোঝাতে পারে এবং শ্রমিকদের হৃদয় জয় করতে পারে ও শ্রমিকদের আস্থা অর্জন করতে পারে, তাহলে দু বছর পরে ব্যালটের মাধ্যমে আবার ক্ষমতা পেতে পারে এবং মালিকদের স্বীকৃতি লাভ করতে পারে। ভয়ের কি কারণ আছে? ট্রেড ইউনিয়ন আন্দোলন করতে গেলে এই তো হবে। কখনো কোন লেফটিস্ট আসতে পারে, কংগ্রেস আসতে পাবে, কখনো আই এন টি ইউ সি আসতে পারে, কখনো বা এ আই টি ইউ সি বা আই এন টি ইউ সি আসতে পারে বা ইউ টি ইউ সিও আসতে পারে। এতো কারো মৌরসি পাট্টার ব্যাপার নয়। যদি ডেমোক্রেসী থাকে, তাতে তো ভয়ের কোন কারণ আছে বলে আমি মনে করি না। আমরা কিছুদিন আগে দেখলাম শ্রমিকদের মঙ্গলের জন্য ডেমোক্রেটিক ওয়েতে এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি, ইউ টি ইউ সি তারা পশ্চিম বাংলায় কয়েক মাসের মধ্যে ১২ লক্ষ শ্রমিককে হরতালের মধ্যে নামিয়ে দিয়েছে। সেখানে তাদের দাবী ছিল এক শ্রমিকদের মঙ্গল চাই, ইকনমিক বেটারমেন্ট চাই, আপলিফটমেন্ট চাই। হয়েছে সেটা। এ আই টি ইউ সি, আই এন টি ইউ সি, ইউ টি ইউ সি এদের প্রতিনিধিরা দিল্লীতে গিয়েছিলেন সেখানে বসেছেন, মিটমাট হয়েছে। চা বাগিচায় যে হরতাল হয়েছে, সেখানেও ট্রেড ইউনিয়নের নেতারা বসে মিটমাট করেছে। যেখানে শ্রমিকশ্রেণীর স্বার্থে আন্দোলন করতে যায়, সেখানে তো কোন বাধা আসতে দেখি নি। শরিকে শরিকে মারামারি করছে, যুক্তফ্রন্টের শরিকদল লড়ছে, কংগ্রেসও লড়ছে। অপরদিকে এইরকম একটা সাধু প্রচেষ্টা ইউনিফায়েড মুভমেন্ট বিল্ড-এর প্রচেষ্টা, ইউনিফায়েড ট্রেড ইউনিয়ন মুভমেন্ট-এর যে প্রচেষ্টা, যেখানে অন্ধকার রয়েছে, সেখানে যদি আলো দেখবার পথ খুঁজে পাই, তা হলে সেই বিলকে কেন অভিনন্দিত করবো না। আমি মনে করি এই ইউনিফায়েড ওয়ার্কিং ক্লাস মুভমেন্ট বিল্ড করার এই বিলকে আমরা অভিনন্দন জানাবো। অপরদিকে একটা বড় প্রশ্ন আসছে এইরকম যদি একটা ট্রেড ইউনিয়ন হয়, একটা শিল্পে একটা ইউনিয়ন, এর ফলে মালিকের আনফেয়ার লেবার প্র্যাকটিসকে আমরা পরাজিত করতে পারবো। অপরদিকে শ্রমিকদের রাইটসও তারা এনজয় করতে পারবে বেটার ইকনমি করতে পারবে। সেখানে বারগেনিং-এর বড় হাতিয়ার আমরা কাজে লাগাতে পারবো। কিন্তু ডিউ টু ফ্র্যাগমেন্টেশন শ্রমিকদের দলাদলির সম্বন্ধে প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে বারগেনিং, বোনাস, প্রশ্ন হচ্ছে লিভিং ওয়েজের,

করেছিলেন। আজকে অবশ্য সে সুযোগ তাদের কাছে এসেছে তারা ইউনিয়ন করতে পারছে কিন্তু এমন আইন করা দরকার যে অধিকাংশ শ্রমিক যে ইউনিয়নকে মানবে সেই ইউনিয়নকে মালিকদেরও মানতে বাধ্য থাকা উচিত। আপনারা যেটা চিন্তা করেছিলেন, গত বাজেট বক্তৃতার সময়, যে অন্য ইউনিয়নগুলিকে তুলে দেওয়া হচ্ছে, আপনারা যদি এই বিলটা পড়েন তা হলে দেখতে পাবেন অন্য ইউনিয়নগুলিকে তুলে দেবার কোন কথা হয়নি, আপনারা নিশ্চয়ই সেখানে ইউনিয়ন করতে পারেন এবং যিনি শ্রমিক স্বার্থে কাজ করেন, দু'বছর পরে শ্রমিকরা যদি মনে করেন যে কোয়ারশন করে যে ইউনিয়ন আছে সে ইউনিয়নকে ভোটে হটিয়ে দিয়ে আপনাদের ইউনিয়ন করুন এবং তাকে মান্য দিতে বাধ্য করতে পারেন। আর এই বিলের সমর্থনে বলতে গিয়ে বিলের ব্যাপারে ছোটখাট কিছু দুর্বলতা এসে গিয়েছে সেটা সম্পর্কে আমরা যুক্তভাবে কতকগুলি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেগুলি যখন ক্লজগুলি উঠবে তখন আমি তা শ্রমমন্ত্রীর নজরে আনবো। যাতে টেকনিক্যাল ডিফেক্টে অসুবিধা হতে পারে সেগুলি নিশ্চয়ই আমি বলতে চাই না, সেটা পরে আলোচনা করা যেতে পারে কিন্তু কতকগুলি খুব সাধারণভাবে আমরা আনতে চেয়েছি যেগুলি আমাদের ইউনাইটেড ফ্রন্টের সকলেই, আমার ধারণা একমত হবেন। এই বিল আসা সম্পর্কে একটা ইতিহাস আছে তার সম্বন্ধে দু'একটি কথা বলে আমি এই বিলকে সমর্থন করছি। এই বিল যখন যুক্তফ্রন্ট সরকার আনবেন বলে ঠিক হয় তখন সারা ভারতবর্ষের শ্রমিক আন্দোলন আমাদের এই আইনের দিকে তাকিয়ে আছে।

[3-55—4-05 p.m.]

সারা ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের জেনারেল সেক্রেটারী কমরেড ডাঙ্গে এবং পশ্চিমবঙ্গের বি, পি, টি, ইউ, সি-র সেক্রেটারী কমরেড মনোরঞ্জন রায় দু'জনই সারা ভারত শ্রমিক আন্দোলনের পক্ষ থেকে এই বিল সম্পর্কে যে খসড়া আমাদের শ্রমমন্ত্রীর কাছে দিয়েছিলেন তারই ভিত্তিতে তারপর আলোচনা হয়েছে এবং এই আইনকে আরো শক্তিশালী করবার জন্য আমরা সাধারণভাবে দু'-একটা সাজেশান বা সংশোধনের কথা বলেছি এবং ভারতবর্ষের বিখ্যাত শ্রমিক আন্দোলনের নেতারা পর্যন্ত আমাদের এই বিল সম্পর্কে যথেষ্ট আগ্রহী এবং তাঁরা এই সম্পর্কে অনেক আলোচনা করেছেন, একে স্বাগত জানিয়েছেন। এই বিল যাতে আরো সুষ্ঠুভাবে হয় তার জন্য ভারতীয় শ্রমিক আন্দোলনের নেতা রামমূর্তি, সতীশ লুম্বা এবং অন্যান্য কমরেডরা এই সম্পর্কে আলোচনা করে কিছু কিছু সাজেসান পাঠিয়েছেন। আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ করব যে তিনি যেন সেইসব জিনিসগুলি চিন্তা করে যাতে আমাদের এই আইনটা সর্বাঙ্গসুন্দর হতে পারে সেই দিক থেকে প্রচেষ্টা করেন। তার কারণ ছোটখাট গণ্ডগোলের সুযোগ মালিকশ্রেণী নেবে এবং নিয়ে আমাদের যুক্তফ্রন্ট সরকার যে অধিকার শ্রমিকদের দিতে যাচ্ছেন সিক্রেট ব্যালটের মধ্য দিয়ে তাদের প্রতিনিধি-দের নির্বাচন করে তার মারফৎ সংগ্রাম করে তাদের স্বার্থ রক্ষা করার তাতে অসুবিধা সৃষ্টি করতে পারে। এই যে অস্ত্র শ্রমিকদের হাতে দিচ্ছেন তার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিলকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের শ্রমমন্ত্রী শ্রীকৃষ্ণপদ ঘোষ মহাশয় যে বিল এখানে উপস্থাপিত করেছেন আমি সেই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বিলের মধ্য দিয়ে শ্রমিকরা যে অধিকার অর্জন করতে চলেছে এটাই একটা প্রগতির পথে পদক্ষেপ বলে আমি মনে করি। আমি মনে করি দীর্ঘ ২০ বছর যাবত দেশ স্বাধীনতা লাভ করার পরও দেশে গণতান্ত্রিক অধিকার রক্ষিত হওয়া সত্ত্বেও দেশের শ্রমিকশ্রেণী কোন ইউনিয়নের অন্তর্ভুক্ত হবে এবং সেই ইউনিয়ন মালিকের স্বীকৃতি লাভ করবে মেজরিটি সংখ্যায়, সেই অধিকার আজ পর্যন্ত ছিল না। এই প্রথম তারা সেই অধিকার পেতে চলেছে। কংগ্রেস বেঞ্চ থেকে বলেছেন যে এই ধরনের একটা অধিকার যদি দেওয়া হয় তাহলে গণতান্ত্রিক অধিকার বিপন্ন হবে, লাঠির দ্বারা ইউনিয়ন গঠিত হবে, সিক্রেট ব্যালটের নামে সেখানে একটা ব্যুরোক্রেসি প্রতিষ্ঠিত হবে। আমি এই প্রসঙ্গে এই কথা বলতে চাই যে কোন আইন বা কোন বিলের উদ্দেশ্য যদি হয় ব্যুরোক্রেসি তা হলে নিশ্চয়ই কোন প্রগতিশীল দল বা কোন ট্রেড ইউনিয়নিস্ট তাকে অভিনন্দিত করতে পারে না। কারণ, আমরা জানি ব্যুরোক্রেসি হওয়া মানি হচ্ছে কন্ট্রোল এবং সেই কন্ট্রোল মালিকের হাতে আসবে। আর তার যদি সেট আপ ডেমোক্রেসির উপর হয় তাহলে শ্রমিক শ্রেণীর হাতে সেই ক্ষমতা যাবে। কারণ, শ্রমিকরা হচ্ছে সংখ্যায় বেশী, মালিকরা

উপরেই যদি আজকে ট্রেড ইউনিয়ন সংগঠনের স্বীকৃতি হয় তাহলে ভয় পাবার কিছু নেই। বেশীর ভাগ শ্রমিক যে ইউনিয়নকে স্বীকার করবেন, যে ইউনিয়ন সত্যিকারের শ্রমিকদের জন্য সংগ্রাম করবে, তাঁদের দাবিদাওয়া নিয়ে সংগ্রাম করবে এবং যে ইউনিয়ন শ্রমিকদের সঙ্গে একাত্ম হয়ে থাকবে সেই নেতৃত্বকে শ্রমিকরা আজকে তাঁদের ভোটাধিকারের মাধ্যমে গোপন ব্যালটে, নির্বাচিত করবেন। সাধারণভাবে যদি আমরা মনে করি শ্রমিকরা হামলাবাজী করবেন বা তাঁরা বাজে প্রচার করবেন তাহলে সাধারণ শ্রমিকদের প্রতি আমাদের অবিশ্বাসের কথাই এখানে ধ্বনিত হবে। সাধারণ মানুষেব প্রতি যে বিশ্বাস সে বিশ্বাস আমরা খর্ব করতে চাই না। আমরা জানি গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত কববার জন্য সাধারণ মানুষ পশ্চিম বাংলায় গত নির্বাচনে তাঁদের গণতান্ত্রিক অধিকারের মধ্যে দিয়ে গোপন ব্যালটে নতুন সরকার প্রতিষ্ঠিত করে একটা আমূল পরিবর্তন করবার সঙ্কল্প ঘোষণা করেছিলেন। সেইভাবেই আমি মনে করি শ্রমিকশ্রেণী তাঁদের সত্যিকারের গণতান্ত্রিক অধিকাবেব মধ্যে দিয়ে গোপন ব্যালট প্রথায় তাঁরা সেইভাবে তাঁদের সত্যিকারের সংগ্রামে নিজেদের ইউনিয়নকে প্রতিষ্ঠিত করবেন। সরকার তাতে স্বীকৃতি দেবেন এবং মালিকরাও স্বীকৃতি দিতে বাধ্য থাকবেন আইনের বলে। সবশেষে আমি বলি পশ্চিম বাংলায় যুক্তফ্রন্ট তথা আমাদের মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তাকে আমি স্বাগত জানাই, এইসঙ্গে আবার অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

**Shri Clifford Hicks:** Mr. Deputy Speaker, Sir, I share with the Hon'ble Minister for Labour all his concern all his anxiety all his interest to help the low income groups to whom a great deal of injustice has been done for far too many years. I share with him his zeal his enthusiasm and I support the Bill but as I have already mentioned to him I would plead with him on behalf of hospitals, universities, colleges and schools for different type of machineries to cope with the problems that arise in matters of labour disputes in regard to rights, security of services and all such other items. I think you will agree with me, Sir, no school or college or hospital is associated with trade or commerce. We generally associate it in this way and in this language. When a school is criticised or condemned, it is generally described as commercial institution. In the same way when people who are engaged in social service or in the walk of medical profession are in many ways perhaps too conscious of making money or running an institution at profit—the association with trade or commerce—these addictions these apetites are used not so much to anybody's rights but used as terms of condemnation.

[4-15—4-25 p.m.]

The very notion actually of including this with regard to trade, is, I feel, going to make us that much poorer culturally. Again, Sir, I understand that a few years ago, the High Court at Allahabad very emphatically declared that a University could not be regarded as an industry. I do not know how far I am right, but it perhaps may involve us in a great deal of arguments and counter arguments to prove that some of the items mentioned here, such as hospitals, universities, schools and colleges, are, in the strict sense of the word, industrial establishments. You will also agree with me when I say that people who are actually engaged in commercial enterprises, in the Management of Workshops, steel mills, factories and so on, enjoy a far greater freedom in arguments or in any kind of dispute with labour than people who are engaged in social institutions. The owners of a factory may close their factory consulting nobody but themselves. But the Head of a school, the Head of a hospital, the Head of a College or the Head of a University does not enjoy any such freedom. He has the students to take into account, he has the public, he has the heritage of his institution and he may have several other factors to take into account which the Management of a mill or factory—no matter how big it is—does not have to reckon with. Again, in any kind of labour dispute in a steel mill or a factory or a commercial institution you have the dispute between the Management on the one hand and the labour on the other, and what is the issue—the issue is money. When it comes to a school or a

college or a hospital the issue is not so easily defined. There may be the Head of the school, and there may be the people who are represented in what is called the labour. But is the issue to be settled only with reference to money? When a school is closed, the career of the children, their educational development, the progress of time-table of work and all these have to be taken into account. When a hospital is closed it may involve human life and complete dislocation of health services which may be very critical for some people who are in no way involved in the dispute. Again, in certain institutions labour disputes can become very greater. Can we actually afford to have any institutions which are essentially cultural in their outlook—whether they live up to the ideals or not is another matter—where you think it is right to introduce this bitterness which can arise from strikes and labour disputes? I have said again that I entirely agree with the concern, anxiety and the wish of the Hon'ble Minister for Labour to support the rights and to protect the rights and privileges of all types of workmen wherever they may be. But at the same time I would plead with the Hon'ble Minister to apply his mind to this problem and to introduce different type of machinery to settle these disputes so that institutions which are meant fundamentally for social services and whose aims and values are essentially cultural may not actually be exposed to the atmosphere which one generally associates with a factory.

Finally, in a factory a dispute can be settled on very impersonal grounds and in very impersonal ways. Schools differ in size, colleges differ in size, hospitals differ in size. Generally in these places between the Management and the people who work there, there are very personal relations. We cannot afford to have a good school or a good college or a good hospital with impersonal relations, and I fear that this type of unionism inside the institution may destroy the personal relations which very often perhaps are the very life and the very heart-beat, as it were, of the institution itself or its work, its heritage and all the influence that it has on either its pupils or, in the case of hospitals, its patients. Thank you very much.

**Shri Prem Thapa:** Mr. Deputy Speaker, Sir, I rise here to support the Trade Unions Bill introduced in this House by the Hon'ble Minister-in-charge of Labour. While supporting this Bill permit me, Sir, to touch on one of the serious incidents that occurred in one of the tea estates during the last general strike of tea garden workers in Darjeeling. It is most unfortunate that police opened fire on peaceful striking workers of Soom tea estate in Darjeeling, at midnight of 30th August 1969 thus clearly violating the policy of the United Front Government, the policy that lays stress on non-interference by policemen in peaceful democratic movement of the working classes. It is known to you, Sir, that more than three hundred tea gardens of North Bengal had gone on indefinite strike from 18th August 1969 for the redress of their long standing grievances. The strike continued to be peaceful and when efforts were being made to come to a settlement at a tri-partite conference in Siliguri, more than 100 policemen entered Soom tea estate in Darjeeling at midnight of 30th August 1969 like dacoits and attacked the peaceful striking workers mercilessly. Sir, you will simply be surprised to hear that the policemen were escorted to the tea estate by the Assistant Manager and Superintendent of Soom tea estate and by two other managers belonging to the same company. That evening at about 5 p.m. the head clerk of the garden who is a stooge of the management had used abusive and provocative words to the striking labourers which led to some skirmishes. The situation had however been brought under control by the timely intervention of the local garden leaders and everything had turned calm and quiet by 8 to 9 p.m. The local leaders had also deputed 5 or 6 volunteers to guard the house of the head clerk. But unfortunately at about 11 p.m. some plain-clothed policemen came to the house of the head clerk to enquire into that evening's incident. One of the volunteers guarding the house of the head clerk informed their local leaders

of the arrival of plain-clothed policemen and this news spread in the village in no time. Naturally the striking labourers got excited and they gathered in one place and started shouting slogans. The policemen all on a sudden came out of the tea bushes and started firing, beating and chasing the striking workers in all directions. One of the workers was hit by two bullets and he is still lying in Victoria Hospital, Darjeeling. The police fired more than 15 rounds and the labourers have collected seven empty bullets from one place of incident. The Assistant Manager of the tea garden was an ex-S.I. of Police who was O.C., Darjeeling Sadar thana for some years. The officers and constables who went to the tea estate were not in their uniforms and it is still a mystery as to who ordered them to enter the garden and under whose instructions they resorted to indiscriminate firing, beating and chasing the half-fed workers at dead of night. The police also arrested 15 innocent striking workers who were brought to Sadar thana at 5 a.m. on 31st August and were put straight into jail without even producing them before the Magistrate.

It is surprising to hear that the van carrying the arrested workers was driven by the Manager of Nagai Farm Tea Estate. Sir, the police in Darjeeling openly sided with the Management of the tea garden and played the same role as they used to play during Congress regime. May I, therefore, request the Government to make a judicial probe into this high-handed police action in Soom tea estate in Darjeeling pending which the officers involved should be immediately transferred to places other than the hills or be suspended.

Thank you.

[4-25—4-35 p.m.]

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম মন্ত্রিমহোদয় যে বিলটি আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং এই প্রসঙ্গে এইটুকু বলছি যে শ্রমিকদের আন্দোলনের ক্ষেত্রে যে গণতান্ত্রিক উপায়ে শ্রমিক সম্প্রদায়কে ঐক্যবন্ধ করার চেষ্টা হয়েছে এই বিলটির মাধ্যমে তার জন্য মন্ত্রিমহোদয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমরা শ্রমিকদের আন্দোলনের দীর্ঘদিনের ইতিহাস থেকে জানি শ্রমিকরা তাদের বহু আন্দোলনের ভিতর দিয়ে, নানা অত্যাচাবের ভিতর দিযে কিছু কিছু অধিকার আদায় করেছে। কিন্তু এই যে আজ গণতান্ত্রিক উপায়ে প্রতিটি শিল্পে তাদের সংঘবন্ধ করবার অধিকার দেওয়া হচ্ছে এটা নূতন জিনিস বলে আমি মনে করি। এটা বাংলাদেশের ইতিহাসে, শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে একটা নূতন অধ্যায় সৃষ্টি করবে। আজকে এইটুকু বলতে চাই আমরা শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত থেকে দেখেছি যখনই শ্রমিকরা দাবী-দাওয়া কবেছে মালিকরা ছাঁটাই করেছে অথবা সেখানে দালাল ইউনিয়ন সৃষ্টি করেছে। তাদের সরদারদেব মারফত শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টি করেছে এবং এইভাবে তাদেব দাবী-দাওয়াকে দাবিয়ে তাদের আন্দোলন বানচাল করবার চেষ্টা করেছে। আমবা দেখেছি যখনই শ্রমিকদের দাবী-দাওয়া নিয়ে ট্রেড ইউনিয়ন ডিসপিউট উঠেছে এবং ট্রাইব্যুনালে গিয়েছে মালিকরা দালাল ইউনিযনের মাধ্যমে শ্রমিকদের দাবী-দাওয়াকে প্রতিহত করবাব চেষ্টা কবেছে। শ্রমিকরা ঐক্যবন্ধ হতে পারলে অনায়াসে তাদের দাবী-দাওয়া আদায় কবতে পারে কয়েকদিনের ইতিহাস তা প্রমাণ করে দিয়েছে। চটকল এবং চা বাগানের শ্রমিকরা যে ঐতিহাসিক সংগ্রাম করল এবং তারা কিভাবে তাদের দাবী-দাওয়া আদায় করল তা সকলেরই জানা আছে। পৃথিবীব ইতিহাসে আমবা দেখতে পেয়েছি শ্রমিকরা যেখানে সঙ্ঘবন্ধভাবে আন্দোলন করেছে, সেখানে তাদের দাবী আদায় করতে পেরেছে। কিন্তু ভারতবর্ষে কংগ্রেস গভর্নমেন্ট মালিকদের স্বার্থ দেখেছে যেখানে শ্রমিকদের আন্দোলন হতে পারে সেখানে পালটা শ্রমিক সংস্থা দাঁড় করিয়েছে। এই দেশে ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেসের জন্মের ইতিহাস এইভাবে। যখনই শ্রমিকরা আন্দোলন করেছে ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস বাধা সৃষ্টি কবেছে। অবশ্য এখন তারা বুঝতে পেরেছে। চটকল বা চা বাগানের শ্রমিকদের আন্দোলনের ক্ষেত্রে তারা সঙ্ঘবন্ধভাবে আন্দোলন করেছে। তারা এখন বুঝতে পেরেছে ট্রেড ইউনিয়নে একত্রভাবে কাজ না করলে, এক পতাকা তলে না দাঁড়ালে উপায় নেই। আজ খুব আনন্দের কথা

মাননীয় মন্ত্রিমহাশয় গণতান্ত্রিক উপায়ে শ্রমিকরা কোন ইউনিয়ন চায় সেটা সিক্রেট ব্যালটের মারফত বুঝিয়ে দেওয়ার সুযোগ এনে দিয়েছেন। এতে ভাল হবে। মালিকদের আর বলার সুযোগ থাকবে না যে ওমুক ইউনিয়ন মানছে না বা ওমুক ইউনিয়ন এই কথা বলছে। তার দাবী মানব না। এইসব বলতে পারবে না। বিশেষতঃ কোন ইউনিয়ন ভাল কাজ করছে সেটা নির্বাচনের মাধ্যমে প্রমাণ হয়ে যাবে এবং যেখানে বিশেষত বলা হয়েছে রেকগনিজেশন দু বছরের জন্য হবে। যে ইউনিয়ন ভালভাবে কাজ করবে না তাকে শ্রমিকরা সরিয়ে দেবে। ভারতবর্ষে চারটি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠান রয়েছে। সবাই তাদের সংখ্যাগরিষ্ঠতা দাবী করতে পারে। কিন্তু কোন ইউনিয়নের জনপ্রিয়তা বেশি এবং কারা শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে পারে তা নির্বাচনের মাধ্যমে প্রমাণ হয়ে যাবে।
এবং তারা যদি ভাল করে কাজ করতে না পারে ২ বছর পরে সেটা ক্যানসেল হয়ে যাবে। কাজেই সেখানে তাদের ভয়ের কোন কারণ নেই। তারপর আর একটি কথা ডাঃ জয়নাল আবেদিন সাহেব বলেছেন এই প্রসঙ্গে বলেছেন যে, ট্রেড ইউনিয়নে যেসমস্ত সংখ্যা রয়েছে, স্কুল, কলেজ, ইউনিভার্সিটি প্রভৃতিকে এর সঙ্গে না আনার জন্য অনুরোধ করেছেন। আমি বলি এতে ভয়ের কোন কারণ নেই। তিনি যদি ইতিহাস দেখেন তাহলে দেখবেন যে, সহস্র সহস্র কর্মী যারা এই ইউনিভার্সিটিতে কাজ করছেন, স্কুল-এ কাজ করছেন, কলেজে কাজ করছেন, তাদের বেতন বাকী থাকে, তাদের দাবীদাওয়া উপেক্ষিত হয়। ট্রেড ইউনিয়ন-এর সুবিধা যদি তাদের দেওয়া হয় তাহলে এতে ভয়ের কোন কারণ নেই। আর একটা কথা নির্বাচনের পক্ষে যে আনফেয়ার প্রাকটিস আছে সেটা সম্পর্কে। এই সম্পর্কে আমাদের এখানে একটা ধারা আছে। আমি সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, নির্বাচনের ব্যাপারে যে সিক্রেট ব্যালটের কথা বলা হয়েছে সেটা খুব ভাল কথা। কিন্তু নির্বাচনটায় যাতে আনফেয়ার প্র্যাকটিস না হয়। এটা জয়নাল আবেদিন সাহেবও বলেছেন। আমি বলছি, অনেক সময় গণতান্ত্রিক নির্বাচন সেটা বানচাল হতে পারে, সেখানে আনফেয়ার প্র্যাকটিস যেন কোন রকমে না হতে পারে। যেরকম-ভাবে জেনারেল নির্বাচনে হয় সেই রকম যাতে না হতে পারে। তার জন্য কিছু কিছু ব্যবস্থা হওয়া দরকার। আর একটা কথা হচ্ছে যে, রেকগনাইজড হবার পরে রেজিস্টার্ড ইউনিয়ন বেশী থেকে যায়, তাদের সম্পর্কে কিছু কিছু কথা উঠতে পারে, অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, এই বিল পাশ করছি, এর মধ্যের ত্রুটি-বিচ্যুতি আমরা দেখবো, লক্ষ্য রাখবো এবং যাতে ভবিষ্যতে সংশোধন করতে পারি এবং যাতে ভাল করে করতে পারি, এই প্রতিশ্রুতি তিনি দিয়েছেন। এ সম্পর্কে আমার যা-কিছু বক্তব্য ছিল আমি সেটা আর আলোচনা করছি না। শুধু এইটুকু বলবো যে, এক-একটা জায়গায় ৫টা, ৬টা করে ইউনিয়ন থাকে। এই রেকগনিজিসন-এর পরে বড় যেটা সেটাতো থাকলো তাকে তিনি মালিকের সঙ্গে কথাবার্তা বলুন। কিন্তু ছোট ছোট যেগুলি রয়ে গেল, যেগুলি রেজিস্টার্ড ইউনিয়ন, তাদের যেন ক্লাস করা না হয়, ধ্বংস করার ব্যবস্থা না হয়, তারা যেন উপেক্ষিত না হয়; তারা যেন বেঁচে থাকতে পারে। তারাও যাতে তাদের দাবী-দাওয়া নিয়ে কাজ করতে পারে, সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয় লক্ষ্য রাখবেন। আর বিশেষ সময় আমি নেব না, কারণ, শিঘ্রই একটি বিল আসবে। সেজন্য সকলে ব্যস্ত হচ্ছেন। আমি এইটুকু বলে মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি, এবং ভবিষ্যতে এর মধ্যে যে কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি রয়ে গেল, এবং আমাদের বক্তব্যও রয়ে গেল সে সম্পর্কে তিনি সকলকে নিয়ে আলোচনায় বসবেন, এবং একটা সর্বাঙ্গসুন্দর বিল হবে, এবং সকলের গ্রহণযোগ্য হবে। এই কথা বলে এবং এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপতিতপাবন পাঠক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিলকে সমর্থন এবং অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এই বিল সম্পর্কে কোন রকম বিতর্ক হওয়া উচিৎ ছিল না এবং সুরুতে কংগ্রেস পক্ষ থেকে যে রকম একটা হৈচৈ করলেন এবং সম্পূর্ণ যেটা বড় গণতান্ত্রিক পদ্ধতি তার বিরুদ্ধে অগণতান্ত্রিকতার একটা বাহানা করলেন। সিক্রেট ব্যালট আপনাদের বড়ই দুঃখজনক ব্যাপার। যদি এই সিক্রেট ব্যালট এতই ভীতির কারণ হয় তাহলে তো সকল রকম নির্বাচন বাতিল করে দিতে হয়। আমরা একটু পুরানো দিনে ফিরে যেতে চাই। এক সময় ইউনিয়ন করা একটা দুঃসাধ্য ব্যাপার ছিল। মালিকরা অর্থাৎ জয়নাল আবেদিন সাহেবের মতন লোকেদের দল তাঁরা আমাদের পিটিয়ে ইউনিয়ন করা থেকে বিরত করতেন। তারপর

পরবর্তীকালে এই ইউনিয়ন করতে গিয়ে আমার বন্ধু অরুণ সেন বলেছেন এবং আমিও অসংখ্য উদাহরণ দিতে পারি যে, রেজিস্ট্রার অফ ট্রেড ইউনিয়নের অফিস থেকে তারা গোপনে নাম সংগ্রহ করতেন এবং যারা দরখাস্ত করতেন তাদের ৭ জন যারা দরখাস্তকারী তাদের চাকরী যেত।

[4-35—4-45 p.m.]

এবং তারপরে ওয়ার্কার নয় এই অজুহাতে আর রেজিষ্ট্রেসন হত না। সুতরাং এইভাবে রেজিষ্ট্রেসন পেতে কোন কোন সময় এক বছর দু বছর লেগে যেত এবং মালিকরা স্বর্গরাজ্যে বাস করবার জন্য চেষ্টা করতেন। তারপরে যখন দেখলেন যে বার বার এই রকম হওয়া সত্ত্বেও রেজিস্ট্রেসন বন্ধ হয় না তখন তারা নিজেরা ইউনিয়ন করতে আরম্ভ করলেন এবং বাংলাদেশের শ্রমিক আন্দোলনের এটা সবচেয়ে বিপদের জিনিস, প্রত্যেকটা কারখানায় সংগ্রামী ইউনিয়নের পাশে সাধারণভাবে মালিকদের একটা ইউনিয়ন থাকে এবং সেই ইউনিয়নকে তারা রেকগনিসন দেন, তার সংখ্যা ৫ হোক আর ৩৫ হোক। আপনারা সকলেই জানেন দুর্গাপুরের কথা— দুর্গাপুরে সমস্ত শ্রমিক যে ইউনিয়ন চায় দুর্গাপুর-এর কর্তৃপক্ষ তাকে স্বীকৃতি দিতে চান না, তার ফলে দুর্গাপুরে যে মর্মান্তিক ঘটনা ঘটেছিল তা কারো অজানা নয়। আমরা ঠিক সেই জিনিসটাই চাচ্ছি যে মতের হোক, যে পথের হোক, যে ইউনিয়নকে অধিক সংখ্যক শ্রমিক মানবে তাকে আমরা স্বীকৃতি দিতে চাই এটাই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। ভয়ের কোন কারণ নেই— কেউ বলছে না যে বাকী সব ইউনিয়ন উঠে যাবে। আমি জানি যে জয়নাল আবেদিন সাহেব এবং তাঁর দলবলেরা পড়েছেন এই বিলটা, তবুও বিরোধিতা করতে হবে কারণ ভাড়াটে গুন্ডারা এখন কোথায় যায় সে সম্বন্ধে তারা অত্যন্ত দুশ্চিন্তাগ্রস্ত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বাংলাদেশের বৃহত্তম যে শিল্প চটকল তাতে এখনও কোন মালিক কোন ইউনিয়নকে স্বীকার করেন না, বাংলাদেশের ইঞ্জিনীয়ারিং শিল্পে কোন কোন ইউনিয়ন স্বীকৃত বটে কিন্তু অধিকাংশ জায়গায় সেই ইউনিয়ন স্বীকৃত নয় এবং এর ফলে সবচেয়ে মারাত্মক জিনিস যেটা দেখা দিয়েছে তা হল ঐ রেকগনাইজড ইউনিয়নের নামে ছোট ইউনিয়ন পেটোয়া ইউনিয়ন তার মারফত এগ্রিমেন্ট করা হয় এবং শ্রমিক বিরোধী চুক্তি করা হয় এবং সেটা অধিক সংখ্যক শ্রমিকের ঘাড়ে চাপিয়ে দেয়া হয় এবং তাদের আইনের সীল দিয়ে দেবার চেষ্টা করা হয়। এই বিলে কিছু কিছু দোষত্রুটি আছে এবং আমরা তার কিছু সংশোধনী দেবার চেষ্টা করেছিলাম কিন্তু আমরা দেখলাম যে আরো কিছু কাজ করতে দেয়া উচিত এবং আরো আলোচনা সাপেক্ষে এ সম্বন্ধে সংশোধন হবে এটা আশা করে আমি আর একবার শ্রমমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীদিলীপকুমার মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে শ্রমিকদের দীর্ঘদিন ধরে যেভাবে মালিকরা উপেক্ষা করে আসছিলেন এই বিলে মোটামুটিভাবে তার কিছুটা অন্ততঃপক্ষে প্রতিকারের একটা আশার আলো পাওয়া যায়। আমি কিছুক্ষণ আগে শুনেছি কংগ্রেসপক্ষ থেকে জয়নাল আবেদিন মহাশয় বলেছেন যে, এই বিলটা আজকে বন্ধ রেখে জনমতের দরবারে পাঠান হোক যে এই বিলের পেছনে জনতার কোন সমর্থন আছে কিনা। আমি একথা বলতে পারি যে ওঁদের ভণ্ডামীর কোন সীমা নেই। আমি এই প্রসঙ্গে একটা উদাহরণ দিয়ে বলতে চাই যে জনমতকে ওঁরা কতখানি শ্রদ্ধা করে এসেছেন এতদিন ধরে। দুর্গাপুরের কয়েকটি ঘটনা থেকে তা পরিষ্কার হয়ে যাবে। দুর্গাপুর ইস্পাত কারখানায় মোটামুটিভাবে দুটো ইউনিয়ন—একটা আই. এন. টি. ইউ. সি কর্তৃক পরিচালিত আর একটা হিন্দুস্থান স্টীল এমপ্লয়ীজ ইউনিয়ন যেটা এ, আই টি ইউ সি কর্তৃক য়্যাফিলিয়েটেড করেছে। সেই হিন্দুস্থান স্টীল এমপ্লয়ীজ ইউনিয়ন ১৯৬২ সালে ওয়ার্কার্স কমিটির নির্বাচনে ১০টা আসনের মধ্যে ৯টা আসন-এ জয়লাভ করে এবং শতকরা ৮০/৮৫ ভাগ ভোট পেয়েছিল প্রত্যেকটা কেন্দ্রে কিন্তু দেখা গেল এর পরে সেখানে সেই জনমতকে সম্পূর্ণ উপেক্ষা করে আই এন টি ইউ সি-র ইউনিয়নকে স্বীকৃতি দেয়া হল।

তারপর যেসমস্ত ঘটনা হল তা হল এই যে দুর্গাপুরে বিভিন্ন বিভাগে ২৫ হাজার শ্রমিক কাজ করে—এর মধ্যে কোন বিভাগে ৫ হাজার, কোন বিভাগে ২ হাজার ...।

বিভাগে ২০০। এর মধ্যে শতকরা ৯৫ জন শ্রমিক হিন্দুস্থান স্টীল এমপ্লয়িজ ইউনিয়ন তাদের দাবী-দাওয়া কর্তৃপক্ষের কাছে পেশ করতে যায় কিন্তু কর্তৃপক্ষ তাদের কোন কথা শোনেন না কেন না তারা অশিক্ষিত। তারা যদি তাদের দাবী-দাওয়া পেশ করতে চান তাহলে কর্তৃপক্ষ তাদের উৎপীড়ন করবেন। সেই জন্য সেখানে ৩৫০ জন ছাঁটাই হয়েছে, সাসপেনসান সেখানে অনেক হয়েছে এবং শ্রমিকদের উপর নানা রকমভাবে পুলিশী নির্যাতন হয়েছে। ১৯৬৬ সালে রেকগনিসনের দাবীতে সেখানকার প্রায় ১০/১৫ হাজার শ্রমিক দুর্গাপুর ইস্পাত কারখানায় জেনারেল ম্যানেজারের কাছে ডেপুটেসনে গিয়েছিল। শ্রমিকদের শতকরা ৯৫ জনের সমর্থন আমরা পেয়েছি অতএব আমাদের ইউনিয়নকে রেকগনিসন দেওয়া উচিত, কিন্তু আমাদের কথা শোনা তো দূরের কথা সেখানকার জেনারেল ম্যানেজার পুলিশ ডেকে আমাদের উপর বিনা প্ররোচনায় পুলিশ লাঠি গুলি চালাল। এর ফলে আশিষ এবং জহ্বর শহীদ হল। এবার অনেক জায়গায় নির্বাচন হল। তাতে সেখানে ১০টি আসনের মধ্যে আমরা ১০টি আসনই দখল করলাম। কিন্তু সেই জনমত না মেনে কংগ্রেস সরকার আমাদের স্বীকৃতি দিতে সাহস পেলেন না, অথচ রবীন দে প্রতিনিধিত্ব করল আই এন টি ইউ সি, যারা ওয়ার্ক কমিটিতে শতকরা ১০ জন শ্রমিকদের আস্থা অর্জন করতে পারে নি। হেভি ইঞ্জিনীয়ারিং দুর্গাপুর প্রোজেক্ট-এর মতন জায়গায় ১০টি আসনের মধ্যে ১০টি আসনই আমরা পেয়েছি, কিন্তু সেই সমস্ত কারখানায় কোন জায়গায় আমরা স্বীকৃতি অর্জন করতে পারি নি। অপর দিকে আই এন টি ইউ সি স্বীকৃতি পেয়ে বসে আছে। সত্য কথা বলতে কি বাংলাদেশে যতগুলি প্রাইভেট সেকটর আছে—পাবলিক সেকটরের কথা তো অনেকেই বললেন—সেই সমস্ত জায়গায় লাল ঝান্ডা ইউনিয়ন ছাড়া আর কোন ইউনিয়ন নেই। কিন্তু এদের কোন স্বীকৃতি নেই কেন না মালিক চায় শ্রমিকরা যাতে একতাবদ্ধ না হয়ে তাদের দাবী-দাওয়া কর্তৃপক্ষের কাছে পেশ করতে পারে। এইভাবে সেই সুযোগ থেকে শ্রমিকদের বঞ্চিত করে অপর দিকে মালিকদের পদলেহনকারী যা আই এন টি ইউ সি ইউনিয়ন যাদের স্বীকৃতি দিয়ে তারা বোগাস ডিমান্ড মালিকদের কাছে পেশ করে। শ্রমিকদের সেই সব বোগাস ডিমান্ড মানতে বাধ্য করানো হয় এবং তা যদি শ্রমিকরা না মানে তাহলে কংগ্রেস সরকারের পক্ষ থেকে তাদের উপর মিলিটারি লাঠি ও গুলি চলবে, এইভাবে কংগ্রেস সরকার গত ২০ বছর ধরে রক্তগঙ্গা বইয়ে দিয়েছেন। এখন কথা হচ্ছে এই বিল যদি আসে এবং শ্রমিকরা যদি নির্বাচনের জোরে তাদের ইউনিয়নের স্বীকৃতি আদায় করতে পারেন তাহলে এতদিন ধরে যাঁরা মালিকদের পদলেহন করে এসেছেন তাঁরা কি করবেন? তাঁদের মালিকদের কাছে জবাব দিতে হবে যে তাঁরা কিভাবে তাঁদের সেবা করবেন। আমি এই কথা বলতে চাই যে আমরা মনে করি না যে মালিকদের স্বীকৃতি পেলেই শ্রমিকদের আন্দোলন জোরদার হবে, তবে প্রতিবন্ধকতা যেটা তারা সৃষ্টি করছেন সেটা এই বিল দূর করবে। গত ২০ বছর ধরে আমরা দেখছি বাংলাদেশে সমস্ত লাল ঝান্ডা ইউনিয়নের প্রতি মালিকদের যে ব্যবহার তার ফল বাংলাদেশে ভালই হয়েছে। কারণ, সমস্ত শ্রমিক কর্মচারী তারা টাটা বিড়লার বিরুদ্ধে লড়াই করেছে এবং সেই লড়াই করে তারা টাটা বিড়লার পদলেহনকারী কংগ্রেসকে ক্ষমতার আসন থেকে উৎখাত করেছে এবং বাংলাদেশের মানুষ আজকে যুক্তফ্রন্টকে জয়যুক্ত করে সমস্ত লেবার বেল্টকে কংগ্রেসকে আবর্জনার স্তূপে নিক্ষেপ করেছে। তা সত্ত্বেও তারা এমনভাবে বলেন যে এই বিলকে জনমনের কাছে পাঠানো হোক তা আমি জানি না। তবে একথা ঠিক দালালের

[4-45—4-55 p.m.]

খাতায় যখন নাম লিখিয়েছে তখন দালালী করতে হবে, ভণ্ডামী করতে হবে। আমি এটুকু বলতে পারি এই বিল ইন্ট্রোডাকসানের সংগে সংগে এটা যখন কার্যে পরিণত হবে তখন জয়নাল আবেদিনের দল দেখবেন বাংলাদেশে কংগ্রেস ইউনিয়ন বলে কোন কিছু নেই, তারা সম্পূর্ণরূপে আবর্জনার স্তূপে নিক্ষিপ্ত হয়েছে এবং বাংলাদেশের শ্রমিকরা সেই রায়ই দেবে। এই কথা বলে আমি এই বিলকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের বিধানসভার উত্তর দিকের গেটে চিড়িয়াখানার ৩৫০ জন কর্মচারী এসেছেন তাদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে। ৫ই জুন তারিখে তারা মুখ্যমন্ত্রীর কাছে তাদের দাবী-দাওয়া পেশ করেছিলেন কিন্তু সুদীর্ঘকাল

অতিবাহিত হওয়া সত্ত্বেও তারা কোন জবাব পান নি বলে আগামী ৪ঠা অক্টোবর থেকে তারা চিড়িয়াখানায় লাগাতার ধর্মঘট করবেন একথা জানাতে তারা মিছিল করে এখানে এসেছেন। তারা পশু-পক্ষীদের জল সরবরাহ করবেন, আহার্য দেবেন কিন্তু অন্য কোন কাজ করবেন না একথা তারা বিধানসভায় জানাতে এসেছেন। কাজেই আপনি মুখ্যমন্ত্রীকে বলুন এই ধর্মঘট তাদের যাতে করতে না হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন।

**Mr. Deputy Speaker:** You have drawn the attention of the House. Ministers are here and they will take necessary steps in the matter. Now I call upon Shri Aswini Roy.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, একে অনেকে বলেছেন অগ্রগতি কিন্তু আমি মনে করি এই বিলে একটা নূতন দৃষ্টিভঙ্গী রয়েছে, তবে দুঃখের বিষয় সেই নূতন দৃষ্টিভঙ্গী জয়নাল আবাদিনের দল নিতে পারছেন না বলে নানারকম প্রশ্ন তুলেছেন এই বিলের স্কুল, কলেজ, হাসপাতাল-এর যে সমস্ত কর্মচারীরা আছেন এবং ছাত্ররা রয়েছেন তাদের ট্রেড ইউনিয়ন গড়বার অধিকার দেয়া হয়েছে। এটা নূতন কিছু নয় সমস্ত সমাজতান্ত্রিক দেশে এই অধিকার আছে যে ছাত্ররা ট্রেড ইউনিয়ন গড়তে পারে। অনেক সদস্য রয়েছেন যারা ছাত্র এবং শিক্ষকদের ট্রেড ইউনিয়ন গড়বার ক্ষেত্রে সন্দেহ প্রকাশ করেন। এই সন্দেহ প্রকাশ করবার কারণ হচ্ছে তারা বর্তমান কাঠামোর ভেতরে এই জিনিস বিচার করতে চেয়েছেন। তারা যদি কংগ্রেসের সোসালিষ্ট প্যাটার্ণ ধরে নেন এবং সেই দিকে যেতে চান তাহলে আমি বলব বর্তমান প্যাটার্নে সোসালিজম আসে না, এই প্যাটার্ণ বদল করতে হবে। সেদিক থেকে যারা উৎপাদনের সঙ্গে জড়িত তাদের সকলকে অধিকার এবং মর্যাদা দেয়া উচিত যাতে তারা আলাপ-আলোচনা এবং আপোষের মধ্যে দিয়ে সমস্ত কিছু নিষ্পত্তি করতে পারে। সেদিক থেকে স্কুল, কলেজ, হাসপাতাল এবং ছাত্রদের যে ট্রেড ইউনিয়ন গড়বার অধিকার দেয়া হয়েছে সে কথাই বলা হয়েছে। আমি দুটো য়্যামেন্ডমেন্ড দিয়েছিলাম কিন্তু মন্ত্রিমহাশয় সেই য়্যামেন্ডমেন্ট সম্বন্ধে বলেছেন যে য়্যামেন্ডমেন্টগুলি পরে বিচার-বিবেচনা করে হয়ত পরবর্তীকালে তিনি য়্যামেন্ডেড বিল আনতে পারবেন—সেদিক থেকে আমি আমার সংশোধনীগুলি আর রাখছি না কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই ট্রেড ইউনিয়ন বিলে যে অধিকার দেয়া হয়েছে সেগুলি যেন অন্যান্য ক্ষেত্রেও দেয়া হয়। এখন কথা হচ্ছে সেগুলি কি? বাংলাদেশের গ্রামাঞ্চলে কতগুলি পরিকল্পনার ফলে যে সমস্ত অর্থ যেত সেগুলি কয়েকটি বিশেষ অর্থভোগী শ্রেণীরা পেয়েছে এবং স্ফীত হয়েছে। আজকে উৎপাদনের ক্ষেত্রে ব্যবস্থাপনার অনেক কিছু পরিবর্তন হয়েছে, আজকে জমিদার জোতদাররা টাকা পয়সা পেয়ে মেকানাইজড ফার্মিং-এ যাচ্ছে এবং সেখানে যারা ক্ষেত মজুর হিসাবে কাজ করে তাদের সম্পর্ক ও পরিবর্তিত হয়ে যাচ্ছে। অর্থাৎ যাকে বলে ওয়েজ ক্যাপিটাল, ওয়েজ লেবার সেটা পরিবর্তিত হয়ে যাচ্ছে। এই পরিবর্তনের সঙ্গে সঙ্গে তাদের যে দাবী-দাওয়া, তাদের যে বার্গেন করার অধিকার, তাদের এমেনিটিজ যেগুলি শ্রমিক আন্দোলনের ফলে স্বীকৃতি পেয়েছে তাদের সংগঠন করবার অধিকার যেটা এই বিলে আছে সেটাকে আরো একসটেন্ড করতে চলেছে। এবং তাছাড়া বাংলাদেশে এই যে হিমঘর তৈরী হয়েছে যার সংখ্যা হচ্ছে ৩৬টি এতে ইন্ডাষ্ট্রির মত কাজ হয়, কারখানার মত কাজ হয়, কিন্তু কোন সময় ঘণ্টা এতে নাই, ১২ ঘণ্টা পর্যন্ত কাজ করতে হয় ওভার টাইম দেবার নিয়ম নাই, বেতন মান কিছু নাই। এরা এই যে কাজ করছে এদের ব্যাপারে কি হবে? এরা কিভাবে এদের অধিকার এক্জার্ট করবে সেজন্য এদের স্বীকৃতি দিতে চাই, আন্ডার টেকিং বলতে এই সমস্ত ষ্টোরেজকেও দেওয়া উচিত আমার মনে হয়। দীর্ঘদিন ধরে দেখা গিয়েছে সরকারী কিছু কিছু ক্ষেত্রে ও খামারের মধ্যে যেমন বর্ধমানের পাশে এক্সপেরিমেন্টাল ফার্মিং আছে তাতে বহু সংখ্যক শ্রমিক কর্মচারী কাজ করছে। বেতন মান অবশ্য যাই থাকুক এদের কিন্তু ট্রেড ইউনিয়ন গড়ার অধিকার ছিল না। ১৯৬৪-৬৫ সালে আমরা চেষ্টা করেছিলাম কিন্তু ট্রেড ইউনিয়ন অধিকার দেওয়া যায় নি। কেননা এটা সরকারী সংস্থা। আমি যে সংশোধনগুলি দিয়েছিলাম তাতে এই ধরনের সুবিধাগুলি এক্সটেন্ড করার কথাই ছিল। যাই হোক সেগুলি আমার মুভ করছি না তবে একটা কথা বলছি। একজন বললেন সিক্রেট ব্যালট ইত্যাদি হলে বোমা নিয়ে যাবে। কিন্তু কেন যাবে? মানুষের অধিকারকে স্বীকৃতি দিয়ে এতদিন পর্যন্ত কোন আইন ছিল না, শ্রমিক এবং উৎপাদকদের অধিকারকে

স্বীকৃতি দেওয়া যায় নি যথাযথভাবে। সেদিক থেকে এই বিলে সে দৃষ্টিভঙ্গী নিয়েছেন। সেজন্য এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম, আমি আমার সংশোধনী আর উত্থাপন করছি না।

**শ্রীন্যাথানিয়েল মুর্মুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শ্রমমন্ত্রিমহাশয় যে বিল এনেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে কয়েকটি বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। অশ্বিনীবাবু যেকথা বলেছেন আমি তার আর পুনরাবৃত্তি করতে চাই না। গ্রামাঞ্চলে কৃষি অর্থনীতির যে বিরাট পরিবর্তন আসছে এবং সেখানে ধনবাদী ফার্মিং-এর মত কৃষি ব্যবস্থা গড়ে উঠছে কৃষি শ্রমিকদের সম্পর্কে ব্যবস্থা করার কথা ভবিষ্যতে ভাববেন। এইভাবে ট্রেড ইউনিয়ন অধিকারকে সম্প্রসারিত করার যে দাবী সেটা দীর্ঘদিনের দাবী, সেটা এতদিন উপেক্ষিত হয়ে আসছিল, আমাদের শ্রমমন্ত্রী জনতার যুক্তফ্রন্ট সরকার প্রথম এটাকে সম্প্রসারিত করতে এগিয়েছেন। কিন্তু আজকে আমি ব্যক্তিগতভাবে একটা বিষয়ে আশঙ্কা প্রকাশ করছি এতে সুফল না কুফল ডেকে আনবে আমার অন্ততঃ সেটা বোধগম্য হচ্ছে না। সেটা হচ্ছে ট্রেড ইউনিয়ন অধিকার দিতে গিয়ে তিনি স্কুল এবং কলেজ হাসপাতালগুলিকে এবং ইউনিভার্সিটিকে ইন্ডাষ্ট্রির আওতায় আনছেন। ১৯২৬ সালের ট্রেড ইউনিয়ন এ্যাক্টে ইন্ডাষ্ট্রি সম্পর্কে কোন ডেফিনিশন ছিল না। পরিষ্কার ডেফিনিশন দরকার আছে ঠিকই, মন্ত্রিমহাশয় আইনানুগ করে সকলেরই ধন্যবাদার্হ হয়েছেন, কিন্তু স্কুল কলেজ হাসপাতালকে যেভাবে আনার চেষ্টা করছেন সে সম্বন্ধে মাননীয় ক্লিফোর্ড হিক্‌স বলেছেন, ইন্ডাস্ট্রি বলতে বুঝায় যেখানে অর্থকরী, লাভজনক লেনদেনের ব্যবস্থা আছে। কিন্তু হাসপাতাল স্কুল কলেজ ইউনিভার্সিটি এসব তো কোন লাভজনক প্রতিষ্ঠান নয়, সেখানে এই ইন্ডাস্ট্রিয়েল এ্যাক্টের সুযোগ নিয়ে যদি অচলাবস্থার সৃষ্টি হয় তাহলে সেখানে কি হবে? সেটাই আমাদের আশঙ্কার বিষয়। অবশ্য তিনি খুব সতর্কতার সহিত বিল রচনা করেছেন। আইন হলেই ট্রেড ইউনিয়ন অধিকার পাবে এবং সে-গুলি যে ইন্ডাস্ট্রি হয়ে যাবে তা নয়। আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন গভর্নমেন্ট অফিসিয়েল গেজেটে নোটিফিকেশন-এর দিন থেকে। এই নোটিফিকেশন দেবার আগে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এমন কোন ব্যবস্থা তিনি করতে পারেন কিনা দেখুন যাতে স্কুল কলেজ হাসপাতালে এবং ইউনিভার্সিটির শ্রমিকদের অধিকারকে সংরক্ষণ করা যায় এবং সেখানে কোন অচলাবস্থার সৃষ্টি না হয়। আমি আশা করি ভবিষ্যতে তেমন ব্যবস্থা তিনি করবেন, এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55- 5-05 p.m.]

**শ্রীসাধন গুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ট্রেড ইউনিয়ন এ্যামেন্ডমেন্ট বিল শ্রমমন্ত্রিমহাশয় যা এনেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাই। এই বিলের যুক্তিযুক্ততা এই সম্বন্ধে বলার কোন দ্বিমত থাকতে পারে না। দীর্ঘকাল শ্রমিকদের মালিকদের কাছে যে হয়রানি হতে হয়েছে রিকগনিশন নিয়ে সেই ব্যাপারে এই বিলের একটা ব্যবস্থা হয়েছে। সামান্য ব্যবস্থা। আমরা যুক্তফ্রন্টের তরফ থেকে কখনই দাবী করি না। এই সমস্ত আইনের মারফত আমরা শ্রমিকদের হাতে স্বর্গ তুলে দিচ্ছি। সামান্য একটা ব্যবস্থা, সামান্য একটু সুবিধা তাদের আমরা করে দিচ্ছি। শ্রমিকদের যে অধিকার সেই অধিকার সম্পূর্ণভাবে আদায় করতে গেলে তাদের সংগ্রাম করে আদায় করতে হবে একথা তাঁরাও জানেন, আমরাও জানি। আমরা এবং তাঁরা একসঙ্গে কাজ করে যাচ্ছি এই ব্যাপারে এইটুকু সুবিধা তাঁদের কাছে তুলে দিচ্ছি। এই নিয়ে কংগ্রেসের তরফ থেকে নানারকম আলোচনা, নানারকম বাধা, নানারকম যুক্তি তোলা হয়েছে যে যুক্তির কোন অর্থ নেই। জয়নাল আবেদিন সাহেব অনেক আপত্তি তুলেছেন তিনি অকারণে অত্যন্ত তিক্তস্বরে অনেক কিছু সমালোচনা করেছেন। তাঁর স্বর উচ্চগ্রামে তুলে যথাসাধ্য তিক্ত করে তিনি সমালোচনা করেছেন। তাঁর কথার জবাব দেওবার আগে আমি বলতে চাই আমরা সরকারের বিরুদ্ধে অনেক তিক্তভাব সঙ্গে অনেক ক্রোধের সঙ্গে প্রতিবাদ করেছি এর পূর্বে যখন আমরা বিরোধী পক্ষে ছিলাম সেই সময় ত্রাসের সৃষ্টি হয়েছে কারণ তখন আমরা জনসাধারণের কথা বলতাম, কিন্তু এখন তাঁদের কথায় জনসাধারণের আশা আকাংখার কোন সম্পর্ক নেই। কাজেই এটা শুধু হিষ্টিরিয়া বলে জনসাধারণ ধরে নেবে। ঠিক সেই রকম হিস্টিরিয়াগ্রস্থ

হলে যেভাবে কথা বলে কংগ্রেস থেকে ঠিক সেইভাবে কথাবার্তা বলা হচ্ছে। কারণ আমরা জনসাধারণের আশা-আকাঙ্খা পরিপূর্ণ করছি প্রত্যেকটি আইনের মারফত তাতে সমালোচনা করতে গেলে হিস্টিরিয়া ছাড়া আর কোন উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে দুটি মূল কথা বলা হয়েছে। যে ট্রেড ইউনিয়ন শ্রমিকদের প্রকৃত প্রতিনিধিত্বমূলক সেই ট্রেড ইউনিয়নকে স্বীকৃতি দেওয়া হবে। মনে হতে পারে যে এটা আবার কথা কি, শ্রমিকদের প্রতিনিধি ইউনিয়ন স্বীকৃতি পাবে না, অন্য ইউনিয়ন স্বীকৃতি পাবে এ আবার হয় নাকি কিন্তু পোড়া দেশে তাও হয়। ২০ বছরে তাই হয়ে আসছে। যেহেতু একটা ইউনিয়ন কংগ্রেসের দলভুক্ত তার জন্য তাকে স্বীকৃতি দিতে হবে—দিতেই হবে, এ চিত্র আমরা দেখে আসছি। এবং সেই স্বীকৃতি দিতে গিয়ে সেই সব ইউনিয়নকে শ্রমিক কর্মচারীদের অনিচ্ছা সত্ত্বেও, প্রতিরোধ সত্ত্বেও সেই সব ইউনিয়নকে প্রতিষ্ঠা করতে গিয়ে কত অন্যায়, কত অত্যাচার, কত কদর্য পথ যে তাঁরা গ্রহণ করেছেন এর সীমা সংখ্যা নেই। ধরুন দুর্গাপুরের ব্যাপার, দুর্গাপুর ষ্টিল প্রজেক্ট, সেখানে আজো পর্যন্ত স্বীকৃত আছে কংগ্রেসের আওতায় আই এন টি ইউ সি-র একটি ইউনিয়ন। শ্রমিকরা তাকে মানেনা তবু সেই ইউনিয়নই স্বীকৃত আছে। শ্রমিকরা যে মানে না এটা আমার মনগড়া কথা নয়, ওয়ার্কার্স কমিটির নির্বাচন হয়েছে, শ্রমিকরা নির্বাচন করেছে, ১০টি আসন, ১০টি আসনেই আই এন টি ইউ সি প্রতিদ্বন্দ্বিতা করেছে, ১০টিতেই পরাজিত হয়েছে তবু সেই নাকি শ্রমিকদের প্রতিনিধি এবং তার প্রতিবাদ করতে যখন শ্রমিকরা গিয়েছিল তখন কংগ্রেসী সরকারের আমলে পুলিশ লাঠি দিয়ে আন্দুলে জব্বারের মাথা ফাটিয়ে সেই প্রতিবাদ স্তব্ধ করতে চেয়েছিল। সেই প্রতিবাদের জন্য আশীষ দাশগুপ্তের উপর গুলি চালান হয়েছিল। এই রকম কত হয়েছে বাংলাদেশে। বিহারে যখন জামসেদপুরে আই এন টি ইউ সি-র বিরুদ্ধে বিক্ষোভ হয় আপনারা জানেন যে পুলিশ গুলি চালিয়েছে, সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। এইভাবে যারা প্রতিনিধিমূলক ইউনিয়ন, যারা শ্রমিকের প্রতিনিধি, প্রকৃত প্রতিনিধি সেই ইউনিয়নের অধিকারকে নস্যাত করবার জন্য কংগ্রেসের তরফ থেকে এই চেষ্টা হয়েছে। এ ছাড়া আই এন টি ইউ সি-র প্রত্যেক জায়গায় শ্রমিকের প্রতিনিধি হিসাবে জাহির করবার জন্য তারা একটা মেকি ভেরিফিকেশনের ব্যবস্থা করতেন সে বিষয় রবীনবাবু বলে গিয়েছেন কিভাবে মালিক চাপ দিয়ে শ্রমিকদের কাছ থেকে স্বীকৃতি আদায় করতো যে এই সমস্ত ভেরিফিকেশনের সময় এদের কংগ্রেসী ইউনিয়নের মেম্বার বলে বলতে হবে। আমি নিজে একটা ঘটনা জানি একটি অফিসে, কলকাতার একটি অফিসে ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর ইউনিয়ন তৈরী হয়, সেখানকার কর্মচারীদের সমস্ত কর্মচারী সেই ইউনিয়নের মেম্বার, যুক্তফ্রন্ট সরকারকে যখন সরান হল তার কিছু আগে মালিকরা অন্য একটা ইউনিয়ন নিজেরাই গঠন করলেন নিজেদের লোক দিয়ে, তারপর যুক্তফ্রন্ট সরকার চলে যাবার পরে ১৯৬৮ সালে জানুয়ারি মাসে লেবার কমিশনারের কাছে একটি কনসিলিয়েশন হল, দুই ইউনিয়নকে পার্টি করা হল। যে ইউনিয়ন কর্মচারীদের প্রতিনিধি, কর্মচারীদের অধিকাংশের সমর্থনপুষ্ট সেই ইউনিয়নকে ডাকা সত্ত্বেও মালিক সেই ইউনিয়নের প্রতিনিধিদের ছুটি দিলেন না যেদিন কনসিলিয়েশন ছিল, তারপরে তাঁরা যেতে পারলেন না, টেলিফোন করলেন লেবার কমিশনারের দপ্তরে, লেবার কমিশনার-এর অফিসে যিনি ছিলেন কনসিলিয়েশন অফিসার তিনি জানালেন যে মালিকদের সঙ্গে এর ফয়সলা করবেন, ছুটির ব্যবস্থা করে দেবেন। কিন্ত তার পরে পরের দিন যখন টেলিফোনে জানাতে চাওয়া হল যে কি হল ছুটির ব্যবস্থা তখন লেবার কমিশনারের দপ্তর থেকে সেই অফিসার বললেন যে এখানেত ইউনিয়নের সঙ্গে সেটেলমেন্ট হয়ে গিয়েছে। এইভাবে তাঁরা ক্ষমতার অপব্যবহার করেছেন। তখন মন্ত্রী ছিলেন ডাঃ জয়নাল আবেদিন সাহেব, তখন মন্ত্রী ছিলেন ডাঃ নলিনাক্ষ সান্যাল, যাকে তাঁরা পিপিলস্ ডিমোক্র্যাটিক ফ্রন্ট বলেন সেই মন্ত্রীসভা যখন ছিল, তাঁদের এই রকম ডিমোক্র্যাসি ছিল এবং এই রকম ডিমোক্র্যাসির জন্যই আজকে তাঁরা আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছেন এবং এই ডিমোক্র্যাসি যাতে নস্যাত করা যায়, এই ডিমোক্র্যাসিকে যাতে পদাঘাত করে বিদায় করা যায় তার জন্য আমরা এই সামান্য প্রচেষ্টা করেছি

[5-05—5-15 p.m.]

যে যারা প্রতিনিধি তারা স্বীকৃতি পাবে। প্রতিনিধি কিভাবে ঠিক হবে, কংগ্রেসের মত একটা [illegible] ভেরিফিকেসান রোলের মারফত নয়, যদিও আমরা দাবি করতে পারি

আমাদের পক্ষপাতিত্ব নেই, ভেরিফিকেসান করলে আমরা ঠিকই করতে পারি কিন্তু আমাদের উপর এটার দায়িত্ব থাকা ঠিক নয়, শ্রমিকরা নিজেরাই বলে দেবে কারা প্রতিনিধি হবে এবং কিভাবে বলবে, না, সিক্রেট ব্যালটের মারফত। এখন কংগ্রেসের পক্ষ থেকে সিক্রেট ব্যালটে আপত্তি। তাঁরা কি চান জানিনা। সিক্রেট ব্যালটে তাঁদের আপত্তি কিন্তু অন্যান্য জায়গায় তারা সিক্রেট ব্যালটের মাহাত্ম্য কীর্তন করেন, কারণ আমাদের কনস্টিটিউসানে নাকি ভোটের অধিকার দেওয়া আছে, তাঁরা সিক্রেট ব্যালট দিয়েছেন, সকলে নির্ভয়ে ভোট দিতে পারে। কিন্তু এক্ষেত্রে তাদের আপত্তির কারণ কি, আপত্তির কারণ হচ্ছে সিক্রেট ব্যালট না হলে মালিক পক্ষের সহযোগিতায় তাদের ভাড়াটিয়া গুণ্ডার ভয়ে কিছু শ্রমিক হয়ত তাদের দিকে ভোট দিতে পারেন, তাতে হয়ত কোন সুবিধা হতে পারে। কিন্তু সিক্রেট ব্যালট হলে যে উপায় নেই। ডাঃ জয়নাল আবেদীন বলেছেন যে সিক্রেট ব্যালট হলে গুণ্ডার ভয়ে আমাদের ৩৫ জন আসবে ৬৫ জন আসবে না, কাজেই সিক্রেট ব্যালট হলে উল্টো ফল হবে। তাঁদের গুণ্ডাবাজীর কথায় পরে আসছি, কিন্তু একথা নিশ্চিত যে সিক্রেট ব্যালট হলে সমস্ত শ্রমিকরা ঠিকমত ভোট দেওয়ার সুযোগ পাবে এবং সেক্ষেত্রে ইউনিয়নের সঠিক প্রতিনিধি করা হবে সেই বিষয়ে কোন সন্দেহ থাকতে পারে না। কাজেই এই যে ব্যবস্থা করা হয়েছে একে আমি স্বাগত জানাচ্ছি এবং আমার মনে হয় যে যাঁরা যুক্তি সম্পূর্ণ বর্জন করেছেন তাঁরা ছাড়া সবাই স্বাগত জানাবেন। যুক্তিসংগত যে কোন পথ যাঁদের পক্ষে গ্রহণযোগ্য নয় কারণ সেটা তাঁদের পক্ষে মঙ্গলকর নয়, তাঁরা বিরোধিতা করবেন, করলে আমরা নাচার। কিন্তু আমরা চালিয়ে যাব, ইংরাজীতে একটা কথা আছে ডগস্ মে বার্ক বাট দি ক্যারাভ্যান উইল গো অন। এই হচ্ছে আমাদের রিকগনিসান সম্পর্কে বক্তব্য। এ ছাড়া আর একটা কাজ এই বিলে হয়েছে সেটা হচ্ছে কিছু কিছু প্রতিষ্ঠান যেগুলি ট্রেড ইউনিয়ান-এর আওতার ভেতর ছিল না কোর্টের কিছু ডিসিসানের জন্য সেই সব প্রতিষ্ঠানকে আনা হয়েছে, যেমন সলিসিটার্স ফার্ম, অডিটার্স ফার্ম, স্কুল, ইউনিভার্সিটি ইত্যাদি। এখন সেখানেও প্রশ্ন তুলেছেন কেন এদের আনা হয়েছে, নন-প্রফিট মেকিং একটা প্রতিষ্ঠান তাতে কেন এই ব্যবস্থা হবে। সবগুলি নন-প্রফিট মেকিং নয়, সলিসিটার্স ফার্ম নন-প্রফিট মেকিং নয়, অডিটার্স ফার্ম নন-প্রফিট মেকিং নয়, বহু স্কুল আছে খোঁজ নিয়ে দেখবেন যে প্রচুর প্রফিট তারা করছে। কিন্তু প্রশ্ন প্রফিট মেকিং বা নন-প্রফিট মেকিং নিয়ে নয়, যেখানে কেউ কোন কর্মচারী বা শ্রমিক নিয়োগ করবে তাঁর একটা কর্তব্য আছে যে সেই শ্রমিক কর্মচারী যাতে বাঁচার মত বেতন পায় এবং মানুষের উপযুক্ত সুযোগ সুবিধা যাতে পায় সেই ব্যবস্থা তিনি করবেন সেটা প্রফিট মেকিং হোক অথবা নন-প্রফিট মেকিং হোক। এই ব্যবস্থা কখনও হতে পারে না যে যাঁরা প্রফিট করছেন তাঁদের কর্মচারীরা সুযোগ সুবিধা পাবে আর যাঁরা প্রফিট করবেন না বা প্রফিট করতে চান না তাঁদের কর্মচারীদের ক্রীতদাস বৃত্তি করতে হবে এই ব্যবস্থা কখনও হতে পারে না। এখন তাই যদি হয় তাহলে প্রফিট মেকিং হোক নন-প্রফিট মেকিং হোক সব প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীদের একটা অভাব অভিযোগ থাকে, সেই অভাব অভিযোগ দূর করার জন্য তাদের সংগঠিত হতে হয় এবং সেই সংগঠনের নাম ট্রেড ইউনিয়ন এবং সেই সংগঠন যাতে তাঁরা তৈরি করতে পারেন তার ব্যবস্থা মাত্র করা হয়েছে। এতে উষ্মার কি আছে, তিক্ততার কি আছে, বিরোধিতার কি আছে, বিরোধিতার কি আছে সেটা আমি বুঝতে পারছি না। তার পরে তাঁরা আরো বলেছেন ডাঃ জয়নাল আবেদীন বলেছেন এই যে ২০ (এইচ) এতে অনেক কথা বলা হয়েছে, তাতে একথা কেন বলা হল না, শ্রমিকরা বোমাবাজি, গুণ্ডাবাজি, ডাণ্ডাবাজি করতে পারবেন না? এখন এই যে মনোভাব, এই মনোভাব কংগ্রেসীদের ভেতর থেকে বেরিয়ে আসে সমাজতান্ত্রিক সমাজের বুলির আচ্ছাদনের আড়াল থেকে। ডাঃ জয়নাল আবেদীনকে যতদূর আমি জানি—তিনি বিবেকবান কংগ্রেসীদের একজন, তিনি সমাজতন্ত্রে বিশ্বাস করেন। এমন বিশ্বাস করেন যে, তাঁর বিশ্বাস শ্রমিকরা বোমবাজি করে, ডাণ্ডাবাজি করে, গুণ্ডাবাজি করে, যাতে শ্রমিকরা তা না করতে পারে সোজাসুজি যুক্তফ্রন্ট সরকারকে তা বলে দেওয়া দরকার। এই হচ্ছে তাঁর মনোভাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই মনোভাবের পরে, তাঁদের ঝেঁটিয়ে যদি লোকে বিদেয় করে থাকে, তাতে আশ্চর্য হবার কী আছে! এই যে তাঁদের আজকে ট্রেড ইউনিয়ন বিলের প্রতি তাঁর মনোভাব, এই জন্য তাঁদের বিরোধিতা। বিলের কোন অন্যায় আছে, কোন অযৌক্তিকতা আছে তার জন্য তাঁদের বিরোধিতা নয়, তাঁদের বিরোধিতা হচ্ছে প্রতিনিধিত্বমূলক ইউনিয়ন স্বীকৃতি

পেয়ে তাঁদের এমন প্রতিষ্ঠিত সমাজতান্ত্রিক রাজ্যে মালিক শ্রেণীর অসুবিধা করবে। তাঁদের আপত্তি হচ্ছে যে মালিক গুণ্ডাবাজি করে শ্রমিক ইউনিয়ন ভাঙ্গছে, সেটা চালাতে থাকুক, কিন্তু শ্রমিকরা তার প্রতিরোধ করলে তাকে গুণ্ডাবাজি বলে শাস্তি দেওয়া হবে, এর ব্যবস্থা করা হয় নাই বলেই তাদের আপত্তি। তাতে আমরা নাচব। কাজেই আজকে এই বিলকে সমর্থন জানিয়ে ডাঃ জয়নাল আবেদীন যে প্রস্তাব এনেছেন সার্কুলেসানের জন্য তার বিরোধিতা করে আমি শেষ করছি।

এই সার্কুলেসনের ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে শ্রমিকরা কর্মচারীরা তারা, তাঁদের মনোভাগ যথেষ্ট ব্যক্ত করেছেন। আর জনসাধারণের কাছ থেকে এ সম্বন্ধে আর আমার কোন কিছু জানা নাই। সার্কুলেসন মানে হচ্ছে মালিক শ্রেণীকে কিছু দিনের জন্য অব্যাহতি দেওয়া; তা দিতে আমরা রাজি নই।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আজকের ট্রেড ইউনিয়ন অ্যামেন্ডমেন্ট বিল যেটা উত্থাপন করেছেন শ্রমমন্ত্রী মহোদয়, তাকে অভিনন্দন জানাচ্ছি। আমি আজকে দীর্ঘ ৪৩ বছর পরে ১৯২৬ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে আইন ইতিপূর্বে হয়েছিল, তার যে ত্রুটি-বিচ্যুতি আছে, শুধু একটি নয়, আরো হয়ত আছে, তার অন্ততঃ একটি বিষয়ে তিনি দৃঢ় পদক্ষেপ করেছেন, তার জন্য বিশেষতঃ আমি তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু আমি এটাও সঙ্গে সঙ্গে বলতে চাই যে এমন একটা শ্রমিক কল্যাণমূলক ব্যবস্থা যেটা সর্বস্তরের লোকদের সমান অভিনন্দন পাবার যোগ্য। আজ এই বিধানসভার মধ্যে সরকারী পর্যায়েই যাঁরা যুক্তফ্রন্ট সরকারের সহযোগী বন্ধু তাঁরাও আড়াই ঘন্টা ধরে নানাভাবে তাঁদের বক্তব্য পেশ করতে লাগলেন, তাতে আশ্চর্য হয়ে গেলাম। তাঁদের মনের মধ্যে এত বিক্ষোভ জমে আছে!

[5-15—5-25 p.m.]

এই দীর্ঘ আড়াই ঘণ্টায় আমি প্রত্যেকের বক্তব্য শুনেছি এবং আজকে আমি দেখতে পাচ্ছি যে এর সম্বন্ধে বক্তব্য বলতে উঠে বন্ধুরা তাদের প্রকৃত এই বিলের উপর কি মন্তব্য তা ভুলে গিয়ে ঐ চিরাচরিত যে বুলি কংগ্রেসের ২০ বছরের দুঃশাসন, অপশাসন প্রভৃতি চোকা-চোকা বাণী যা বলে ও'রা আত্মতৃপ্তি পান তা বলে চলে গেলেন। আসল কথা হচ্ছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটা তাত্ত্বিক দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই শ্রমিক কল্যাণের কথা—মেহনতী মানুষকে তার উপযুক্ত খাদ্য, বস্ত্র, বাসস্থান তার বাঁচবার, জীবিকার উপায়ের ব্যবস্থা করার দাবী আজ প্রথম এই বিধানসভায় এই যুক্তফ্রন্ট সরকার তুলেছেন, একথা যাঁরা দাবী করেছেন তাঁরা অতীতের ইতিহাসকে অস্বীকার করছেন। এই যে মানুষের নিম্নতম বাঁচবার দাবী তা আমাদের সংবিধানের মধ্যে কংগ্রেস সরকার সুনির্দিষ্ট করে গেছে এবং আজ যে ইউনিয়ন এবং অ্যাসোসিয়েশনের দরদে ও'রা ফেটে উঠেছেন যুক্তফ্রন্টের বন্ধু মহাশয়রা এই অ্যাসোসিনয়শন ও ইউনিয়ন গড়বার অধিকার অব্যাহত করে ফান্ডামেন্টাল রাইটস—আমাদের কনস্টিটিউসনের ১৯(১) ধারায় কংগ্রেস তা পাকাপোক্ত করে গেছে। সুতরাং একথা বলে আত্মশ্লাঘার কারণ নাই, যেন হঠাৎ আমাদের দরদী বন্ধুরা একটা নূতন পন্থা দেখিয়ে ফেললেন। বস্তুতঃ ১৯৪৭ সালে ট্রেড ইউনিয়ন অ্যাক্ট যখন সংশোধন করা হয়েছিল তার মধ্যেও রেকগনিসন অব ট্রেড ইউনিয়ন সম্পর্কে নির্দেশ ছিল এবং সেখানে যা থাকুক রেকগনিসন অব ট্রেড ইউনিয়ন অ্যাক্ট এ চ্যাপ্টার ৩এ দ্যাট অ্যাক্ট অলসো। আসল কথা হচ্ছে যে এই শ্রমিক কল্যাণের নামে একদল রাজনীতিজ্ঞ তাদের নিজেদের তত্ত্বকথা—নূতন কিছু দেশের মধ্যে প্রচার করবার সুযোগ পেতে লাগলেন। দুটি রাস্তা আমাদের সামনে আছে—একটি হচ্ছে ঐ দুর্গত মানুষের দুঃখ-কষ্ট লাঘবের জন্য তাদের উন্নতির জন্য প্রচেষ্টা করা—আর একটি হচ্ছে এই যে দরিদ্র দুঃখ-কষ্টে প্রপীড়িত মানুষ তাদের মাথায় হাত বুলিয়ে নিজেদের দলগত স্বার্থসিদ্ধি করা।

শ্রমিক কল্যাণ সম্পর্কে যেসব দৃষ্টিভঙ্গী কংগ্রেসের ছিল, শ্রমিক এবং মজদুরদের জন্য কংগ্রেসের পক্ষ থেকে যে রাস্তা নেওয়া হয়েছিল সে রাস্তা সমন্বয়ের রাস্তা। সে রাস্তা মহাত্মা গান্ধী দেশের সামনে তুলে ধরেছিলেন। অহিংসার পথে সামঞ্জস্যের মাধ্যমে শান্তিপূর্ণ উপায়ে দেশের বিপ্লব আনার যে কথা বা পথ সেই পথ কংগ্রেসেরই পথ। সেজন্য কংগ্রেস শ্রেণী

সংগ্রামের পথ এড়িয়ে গিয়ে সামঞ্জস্যের পথে শ্রম কল্যাণ আনতে চেয়েছিলেন। তাঁদের ভুল হতে পারে কিন্তু ইতিহাস আজ তার সাক্ষ্য দেবে। নানান বা ভিন্ন মতাবলম্বীর ঘাত এবং প্রতিঘাত দেবার শক্তি যখন ছিল, তখন তাদের সঙ্গে সংগ্রাম করে কংগ্রেস এবং কংগ্রেসের উদ্যোগে যেসব স্বাধীন, স্বাতন্ত্র শ্রমিক কল্যাণ প্রতিষ্ঠান গড়ে উঠেছিল তাঁরা যেভাবে তখন মেহনতী মানুষের পাশে দাঁড়িয়েছিল আজকের যুগের যাঁরা কর্মী তাঁরা তাঁদের অস্বীকার করতে পারেন কিন্তু ইতিহাস তাদের ভুলবে না। মাননীয় সভাপাল মহাশয়, শ্রমিক কল্যাণের আসল উদ্দেশ্য দুটি হতে পারে। একটি হচ্ছে, অর্থনৈতিক সংহতিকে সুদৃঢ় করার প্রচেষ্টার সঙ্গে শ্রমিককে বাঁচিয়ে রেখে অগ্রসরের পথ সুদৃঢ় করা, আর একটি হচ্ছে, অর্থনৈতিকতা ভুলে গিয়ে একমাত্র বা একটি শ্রেণীর প্রতি তাদের বড় দরদী হয়ে দাঁড়িয়ে থাকার রাস্তা। স্যার, যখন আমাদের দেশ স্বাধীন হল, স্বাধীনতার পরে যখন প্রশ্ন উঠল যে আমাদের শুধু রাষ্ট্রীয় স্বাধীনতাই শেষ কথা নয়, অর্থনৈতিক স্বাধীনতাও আমাদের কাম্য এবং সেই সংগ্রামে আমাদের এগিয়ে যেতে হবে তখন কংগ্রেসই সেই পথ দেখিয়েছিল। স্যার, আজকে যাঁরা বড় বড় বক্তৃতা করছেন তাঁদের মধ্যে অনেকেই ঐ কংগ্রেসের সন্তান না হলে কংগ্রেসের সন্তানের সন্তান। আজকে যদি তাঁদের পূর্বসূরীদের তাঁরা ভুলে যেতে চান, ভুলে যেতে পারেন, কিন্তু ইতিহাস তাঁদের ভুলবে না।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ওঁর বক্তব্যের সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই। ট্রেড ইউনিয়ন সম্পর্কে ওঁনার বলবার থাকলে বলুন, না হলে বসে পড়ুন।

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal will please try to finish as early as possible. You have supported the Bill. So I request you not to take much time.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আমি আপনার আদেশ শিরোধার্য করবো, কিন্তু আমার বিনীত নিবেদন এই যে এর আগে যে সমস্ত বক্তা বক্তৃতা করেছেন তাঁদের মধ্যে কতজন বিল সম্বন্ধে আলোচনা করেছেন সেটা একবার তাঁদের পাতা উল্টিয়ে দেখতে বলুন।

[5·25—5·35 p.m.]

এবং যেকোন আইন আলোচনার সময় এখানে কেবল একমাত্র লক্ষ্য হয় রাজনীতির দৃষ্টি থেকে কাকে কি করে সকলে মিলে সপ্তরথীর মত কংগ্রেসকে আঘাত করতে পারা যাবে তার চেষ্টা হয় তাহলে এখানে আইনসভায় আইন প্রণয়ন করা সম্ভব হবে না। আজ মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় যে আইন এনেছেন তার সম্পর্কে দফাওয়ারী যখন আলোচনা হবে ক্লজ বাই ক্লজ, তখন তাতে কিছু কিছু আমার যেসব বক্তব্য আছে তা বলবার চেষ্টা করবো এবং মোটামুটি আমি এইটা বলতে চাই যে আজকে যে বিলটা আছে তার প্রধান উদ্দেশ্য হচ্ছে রেকগনিসন অব ট্রেড ইউনিয়ন —সেই রেকগনিসন সম্পর্কে একটা সুনির্দিষ্ট নীতি এই আইনে যেটা করবার চেষ্টা করা হয়েছে তা আমি ইতিপূর্বে বলেছি যে সমর্থন করছি। কিন্তু এই সঙ্গে সঙ্গে বলব যে কিছু কিছু আরো জিনিস এই বিলের মধ্যে ঢোকান হয়েছে, নূতন কথা ঢোকান হয়েছে যেটা সম্বন্ধে ইতিপূর্বে আরো কোন কোন সদস্য সন্দেহ প্রকাশ করেছেন, যাকে বলে অত্যন্ত মৃদু হাফ হার্টেড মন্তব্য করেছিলেন আমার পূর্ববর্তী শ্রদ্ধাভাজন, বুদ্ধিমান বন্ধু সাধন গুপ্ত মহাশয় যে স্কুল, ইউনিভার্সিটি, কলেজ এবং নন-প্রফিট মেকিং সোসাল অর্গানাইজেসনস সেখানে কেন এই আইন প্রযোজ্য হবে না এই কথা কেউ কেউ উত্থাপন করেছিলেন। তার জবাব দিতে গিয়ে তিনি জানালেন সলিসিটার্স অফিস এবং অডিটার্স ফার্ম-এর কথা, যেটা ঐ একই পদবাচ্য হয়ে আছে, যেটা লাভ তারা করে—প্রফিট মেকিং স্কুল কটা আমি জানি না, কিন্তু নন-প্রফিট মেকিং স্কুল বাংলাদেশে যে শতকরা ৯০টি সে বিষয়ে কোন উত্তর নেই এবং আমাদের অন্যতম সদস্য মিঃ ভিকস্ বাসন্দন সেই নন-প্রফিট মেকিং ইনস্টিটিউসন এবং এমন কি সমাজসেবামূলক যেসব প্রতিষ্ঠান আছে সে সম্পর্কেও আমাদের বিবেচনা করতে হবে। মালিক বা যারা পরিচালকমণ্ডলী যে স্বেচ্ছাসেবী মূলক ব্যবহার করবেন তা আমি বলতে চাই না। কিন্ত ঐসব কর্মীদের সম্পর্কে অন্য উপায়ে সমানভাবে সামাজিক নিরাপত্তার ব্যবস্থা করা দরকার। এক রকম আইনে দু রকম ব্যবস্থা হতে পারে না এটা আমার বিশ্বাস এবং এ সম্বন্ধে আমি যখন সেকেন্ডারী এডুকেশন বোর্ডের

সদস্য ছিলাম, এক্জিকিউটিভ কমিটিতে তখন আমরা শিক্ষকদের নিরাপত্তার জন্য এবং বোর্ডের কর্মচারীদের সম্পর্কে বোর্ডের স্কুল কোডের মধ্যে আমরা প্রভিসন করবার চেষ্টা করেছিলাম, দুর্ভাগ্যবশতঃ সেই সেকেন্ডারী এডুকেশন বোর্ডের কোড আর পরবর্তী পর্যায়ে গ্রহণ করা হয় নি। সরকার পক্ষ থেকে তাঁরা মনে করেছেন যে সরকারই একমাত্র সমস্ত কিছু নিয়ন্ত্রণ করবেন এবং অন্যান্য যেসব বিধিগত প্রতিষ্ঠান আছে তাদের হাতে আর কোন ক্ষমতা দেবার প্রয়োজন নেই। তেমনি বিশ্ববিদ্যালয়ে যে আইন আছে তার মধ্যে বিশ্ববিদ্যালয় আইনের ভিতর আছে এবং স্ট্যাটুট ছাড়া তাদের রুলস, রেগুলেশন-এর ভিতর প্রভিসন আছে শিক্ষকদের বিশেষতঃ কর্মদের কিভাবে নিয়োগ, তাদের ছুটি এবং অন্যান্য নিরাপত্তার কিছু ব্যবস্থা রয়েছে, প্রয়োজন-বোধে তাকে আরো প্রসারিত করা যেতে পারে। এখন যেটা আসল দৃষ্টিভঙ্গী সেটা হচ্ছে এই, আমাদের এইদিকের সঙ্গে আর ওদিকের সঙ্গে দৃষ্টিভঙ্গীর যে প্রভাব সেটা আপনাদের মনে রেখে চলতে হবে, আমরা চাই শান্তির পথ, আমরা চাই উভয়পক্ষের মধ্যে সহযোগিতার পথ, মালিকদের শুভবুদ্ধি জাগিয়ে তাদের কর্তব্য বুঝিয়ে দিয়ে শ্রমিকদের সর্বতোভাবে কল্যাণের জন্য আমরা প্রস্তুত আছি এবং করতে চাই। আমি এটা জানি, আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে এই রেকগনিসনের ব্যাপার নিয়ে, অনেকে তখন জন্মান নি। ১৯২০-২১ সালে যখন আমি বার্ড কোম্পানীর ইউনিয়ন, বামার্শেল ইউনিয়ন সংগঠন করি এবং সেই সংগঠনে আমায় তারা প্রেসিডেন্ট করেছিল। আমি আউট সাইডার বলে, এমপ্লয়ী নয় বলে, ওরা রেকগনিসন দেন নি। এখন সেইসব ইউনিয়নকে তাদের শ্রমিকদের কল্যাণের জন্য, কর্মচারীদের কল্যাণের জন্য কাজে লাগানো হচ্ছে। তা ছাড়া তাদের বাইরে আর কোন স্বাধীনতা নেই। তাদের এখন নেতাদের নির্দেশে ভিয়েতনাম করতে যেতে হয়। আজকে আমাদের দৃষ্টিভঙ্গী ট্রেড ইউনিয়ন সম্পর্কে যদি সত্যকারের শ্রমিক কল্যাণের জন্য হয় তাহলে তার সীমাবদ্ধতা রাখতে হবে। তার কাজ তার আদর্শ, তার কর্ম-পদ্ধতি সম্পূর্ণভাবে শ্রমিকদের এবং যেখানে যে ট্রেড ইউনিয়ন সঙ্ঘবদ্ধ রয়েছে সেখানে শুধু শ্রমিকদের কল্যাণের জন্য তাদের নিয়োজিত থাকতে হবে। বাইরে যদি যান তাহলে দেখা যাবে কি, যে কতকগুলো মতলববাজ রাজনৈতিক নেতা, তারা নিজেরা সেই ট্রেড ইউনিয়নের পয়সায় স্ফূর্তি করছেন এবং পেট মোটা করছেন এবং সেই ট্রেড ইউনিয়নের পয়সায় তারা সারা পৃথিবী ঘুরে বেড়াচ্ছেন। আর এদিকে শ্রমিকদের কল্যাণের নাম করে পার্টিবাজী করে যাচ্ছেন। এবং তাতে যুক্তফ্রন্ট বাঁচার জন্য যুক্ত আছে, অথচ সেখানে পরস্পর খেয়োখেয়ি, লড়াই মারামারি চলছে। আমরা এই জিনিসটা ভয় করি। আমি সেইজন্য বলি যে এই যে আইন করেছেন এটাকে দোষমুক্ত করুন যাতে এর মধ্যে রাজনৈতিক প্রভাব না থাকে। আমি আবার বলছি যে মন্ত্রিমহাশয় এই আইনের মূলগত যা ব্যবস্থা করেছেন, তারজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। সার্কুলেশনে দেওয়ার কোন প্রয়োজন নেই, কারণ এই বিলটা আমরা উপস্থিত করেছি দীর্ঘদিনের শ্রমিকদের যে দাবী, ট্রেড ইউনিয়নকে রেকগনাইজ করতে হবে, সেই দাবীর স্বীকৃতি হিসাবে। সুতরাং পরিস্থিতি যখন এই তখন একে সার্কুলেশনে দেওয়ার মানে হচ্ছে শ্রমিকদের যে দাবী তাকে উপেক্ষা করা। সেইজন্য আমি সার্কুলেশনে দেওয়ার বিরুদ্ধে। একটা কথা শেষকালে ডাঃ সান্যাল মহাশয় বলেছেন বিলটাকে স্বাগত জানিয়ে যে রাস্তা দুটো। একটা হচ্ছে ওঁদের রাস্তা, শ্রেণী সমন্বয়ের রাস্তা, একটা রাস্তার কথা বলেন নি ঠিকই, কারণ বললে অসুবিধা আছে, তবে আমি স্বীকার করি যে দুটি রাস্তা, সেই রাস্তা হচ্ছে শ্রেণী সমন্বয়ের রাস্তা, সেটা গান্ধীজী প্রথমে উদ্ভাবন করেছেন, তা নয়, যেদিন থেকে ধনিক সম্প্রদায়, ক্যাপিটালিস্ট ক্লাস জন্মগ্রহণ করেছে সেদিন থেকে ফিলজফার অব ক্যাপিটালিজম, এই ক্লাস কোলাবোরেশন থিয়োরী প্রোপাগেট করেছে। এই শ্রমিক শ্রেণীর সেই ক্লাস কোলাবোরেসান থিয়োরী যেটা মালিক শ্রেণীর থিয়োরী সেটা আমাদের দেশে যে গ্রহণ করা হয় নি তার প্রমাণ খুব বেশী দূরে যাবার দরকার নেই, ছ' মাস। ধরুন যারা এই সামান্য যে দর্শন পক্ষপাতে তারা আজকে সংগ্রাম করতে আসতে বাধ্য হচ্ছে। চটকল, চা-বাগান, সুতাকল এই তো জীবনের অভিজ্ঞতা। সুতরাং এই থিয়োরী দিয়ে যদি বিচার করেন, তাহলে নিশ্চয়ই আমি বলবো যে আমার প্রতি সুবিচার করা হবে না।

[5-35—5-45 p.m.]

এই বিলের উদ্দেশ্য সম্পর্কে মাননীয় সাধন গুপ্ত মহাশয় যে কথা বলছেন যে দুটি মূল উদ্দেশ্য সেটা ঠিক। ট্রেড ইউনিয়ন অ্যাক্ট-এ কোনদিন ইন্ডাস্ট্রি কাকে বলা হবে তা ডিফাইন করা হয় নি। দ্বিতীয়তঃ, স্বীকৃতি সম্পর্কে কোনদিন আইন করা হয় নি এবং ইন্ডাস্ট্রি মানে শ্রেণী সমন্বয়ের আদর্শ নিশ্চয় থাকবে অর্থাৎ শ্রেণী থাকবে কি করে। আমাদের কথা হচ্ছে যেখানে এমপ্লয়ার এমপ্লয়ী আছে সেখানে ভিজিবল প্রফিট থাক বা ইনভিজিবল প্রফিট থাক বা কিছু না থাক যেখানে এমপ্লয়ীকে তার সার্ভিস কন্ডিসানের জন্য ফাইট করতে হয় বা অসুবিধা হচ্ছে তার সার্ভিস কন্ডিসান রেগুলেট করার প্রয়োজন সেখানে নিশ্চয় সরকারের কিছু দায়িত্ব আছে সেইজন্য রিলেসন অফ এমপ্লয়ার অ্যান্ড এমপ্লয়ী-র ভিতর দিয়ে আমরা ইন্ডাস্ট্রির ডিফাইন করতে চেষ্টা করেছি। এখন ধরুন স্কুল কলেজ বা অন্য ইনস্টিটিউসনে যেখানে মূল কথা এই নয় যে প্রফিট হয় কি হয় না। মূল কথা হচ্ছে এই আমরা ২০।২২ বছর পরে স্বাধীনতালাভের পরে এমন কি কোন গ্যারান্টি সৃষ্টি করতে পেরেছি যেখানে তার মিনিমাম সিকিউরিটি অফ লাইভলিহুড গ্যারানটিড—মিনিমাম গ্যারানটিড হয়েছে কিনা। আমি বলতে চাই যে তা হয় নি। আমি তো বলেছি ৬ মাস ৮ মাস বেতন পান নি শিক্ষক এবং তার প্রতিকারের কোন স্থান নেই। কোথায় প্রতিকার? ৮।১০ বছর পরে তিনি যদি বিতাড়িত হন তাহলে তার প্রতিকারের কোন স্থান নেই। এটা স্বাভাবিক কথা কিনা? এইটা যদি স্বাভাবিক কথা হয়, তাহলে তাকে যদি মিনিমাম গ্যারানটিড দিই তাহলে ক্ষতি কোথায়? যিনি সোস্যালি রেসপেকটেবল পজিসন হোল্ড করেন—শিক্ষক এবং প্রফেসর নিশ্চয় রেসপেকটেবল ম্যান অফ দি সোসাইটি—তাঁদের জীবনের চাকরির কোন মিনিমাম গ্যারান্টি নেই। আমি যদি সেখানে মিনিমাম গ্যারান্টি দিতে চাই তাহলে সেটা স্যোসাল জাস্টিস হবে না বোমাবাজি হবে? আমি মনে করি সেটা মিনিমাম সোস্যাল জাস্টিস হবে। এখানে মিঃ হিকস্ অ্যাডমিট করেছেন এটা ঠিক, এই রকম হয়, তিনি বলছেন, দিস থিং সুড বি ট্রিটেড বাই এ ডিফারেন্ট টাইপ অফ মেসিনারি। আমি বলছি যদি ডিফারেন্ট টাইপ অফ মেসিনারি এনডিউ হয় যদি কম্প্রিহেনসিভ লেজিসলেসান টু দি স্যাটিসফ্যাকসান অফ দোজ ক্যাটেগোরিজ অফ পিপল হয় আমি আমার পজিসন নিশ্চয় পুনর্বিবেচনা করব এবং তাঁদের আমি এই অ্যাক্ট-এর আওতায় বাদ দেওয়ার কথা ভাবতে পারবো। সার্টেনলি আই স্যাল রি-কনসিডার মাই পজিসন—কিন্তু যেহেতু বর্তমানে নেই সেইহেতু আমি চাই ইন অ্যাবসেন্স অফ দ্যাট এই মিনিমাম গ্যারান্টি সুড বি দেয়ার, এই হচ্ছে উদ্দেশ্য এর বেশি উদ্দেশ্য নয়। সেকেন্ডলি হচ্ছে, এর ভিতরে পলেটিকস্ আছে কিনা। আমি জিজ্ঞাসা করছি যাঁরা বিশেষ করে আপত্তি করেছেন এই সম্পর্কে ডাঃ জয়নাল আবেদিন প্রভৃতিকে, আজকে তো এদের ট্রেড ইউনিয়নে কোন অধিকার নেই। তারা কোন পলিটিকস্ করেন কি করেন না? নিশ্চয় পলিটিকস্ করেন। ভোট দেন আপনাকে না হয় আমাকে। তাহলে অর্গানাইজেসন থাক না থাক পলিটিকস্ করে। ভোট আমাকে না হয় আপনাকে দেন দ্যাট ইজ এ পলিটিকস্—তাই ট্রেড ইউনিয়নের জন্য পলিটিকস্ হচ্ছে না। আজকের সমাজ ব্যবস্থায় সবাই রাজনীতির দিকে ঝুঁকছে বলে তারাও রাজনীতির দিকে যাচ্ছে। রাইটফুল ক্লেমস ক্যান নট বি ডিনায়েড, এইটা হচ্ছে কথা। এখন আউট-সাইডার্স আসবে কি আসবে না—কেন্দ্রীয় সরকার তো এখনও আছে, সেটা তো বিবেকপূর্ণ সরকার বিবেকহীন সরকার নয়। এই যে একটা ইন্ডিয়ান কোম্পানিজ অ্যাক্ট, ১৯২৬, নলিনাক্ষবাবু যার সম্পর্কে ব্যাখ্যা দিলেন। ১৯২৬ থেকে আজ পর্যন্ত বহুবার এই অ্যাক্ট-টা অ্যামেন্ডেড হয়েছে পসিবলি আপটু ১৯৬৪। কিন্ত বিভিন্ন সময়ে অ্যামেন্ড হয়েছে। তারা কোন সময়ে বাইরের লোক থাকবে না এই অ্যামেন্ডমেন্ট আনেন নি। যদি তারা না এনে থাকেন আপনাদের সরকার যারা তাহলে আমাকে আনতে বলছেন কেন? তাহলে নিশ্চয়ই দেয়ার ইজ সাম মোটিভ। সেই মোটিভ কি? ক্রমশঃ অভিজ্ঞতাসম্পন্ন ট্রেড ইউনিয়নিস্ট বাইরের লোক থাকার ফলে, যাদের উপর মালিকের প্রভাব চলে না, যাদের টাকা পয়সা দিয়ে কেনা যায় না, এই সমস্ত লোক থাকার জন্য ক্রমশঃ একটা দলের অসুবিধা হচ্ছে। সুতরাং সমস্ত বাইরের লোককে বিদায় কর। কাজেই সেই পলিটিক্সটা আমরা অ্যাকসেপ্ট করতে পারছি না। সিক্সটি পার্সেন্ট সম্বন্ধে কয় ভোট? ৩৫ পার্সেন্ট এই রকম কেন হবে না? আমি বলি এই সভায় যারা উপস্থিত আছেন তারা কি বলতে পারেন কত পার্সেন্টেজে জিতেছেন? মার্জিন অফ পার্সেন্ট কত? এখানে একটা ট্রেড ইউনিয়ন

আর একটা লেজিসলেটিভ অ্যাসেম্বলীর ভোট। সুতরাং তার স্ট্যাটাসটা একটু বেশী। পার্লামেন্টের ভোটে আর একটু বেশী। এক ভোটে জিতলেও তো জিত। এক ভোটে জিতলেও ঝান্ডা উড়ান এবং ব্যান্ড বাজান আবার কোন সময়ে হাতীর পিঠেও চড়েন, এটা তো ঠিক কথা। এক ভোটে জিতলেও যদি হাতীর পিঠে চড়া যায় তাহলে শ্রমিক আন্দোলনে সিম্পল মেজরিটি হলে তার রেকগনিসন হবে না কেন? সুতরাং আমি বলছি এগুলি কোন যুক্তি নয়। এখন অন্যান্য সেকশন ধরুন, ক্রমশঃ এটাই আসছে অর্গানাইজেসন সেন্স আসছে। ধরুন গ্রামাঞ্চলে এগ্রিকালচার লেবার। আমি প্রথমেই বলেছি যে, এটা প্রথম পদক্ষেপ। এই জিনিস আইনের ভিতর দিয়ে করা যায় কিনা, রুলস ফ্রেম-এর মধ্য দিয়ে করা যায় কিনা, সেটা আমাদের চিন্তা করতে হবে। সেজন্য হয়ত প্রথম পদক্ষেপে ভুল থাকবে, ত্রুটি থাকবে এবং অনেক কিছু থাকতে পারে। পরে কিছুটা অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা খানিকটা শুধরে নেবো। সেজন্য আমি বলেছি যে, প্রথম পদক্ষেপে আপনারা এটা গ্রহণ করুন। এখানে আপনার রেকগনিসনটা বাই সিক্রে ব্যালট-এ ছাড়া আর অন্য কি মেথডে হতে পারে? এই রকম হতে পারে যে, ভেরিফিকেসন —মেম্বারশিপ ভেরিফিকেসন বা ফিজিক্যাল ভেরিফিকেসন হতে পারে। মেম্বারশিপ ভেরিফিকেসন আপনারা জানেন, বিশেষ করে যারা দীর্ঘদিন কংগ্রেস করেছেন তারা জানেন যে, সই নেওয়া যায়। হাতের টিপে হয়, পায়ের টিপেও হয় এটা তো সকলের জানা কথা। সুতরাং মেম্বারশিপ ভেরিফিকেসন মানে—ঐ যে মেম্বারশিপ ফরম আছে, তাতে পায়ের টিপেও হয়, হাতের টিপেও হয়, বুড়ো আঙ্গুলের টিপেও হতে পারে, বার রকমের থাকতে পারে। দ্যাট ইজ নো ভেরিফিকেসন ফিজিক্যাল ভেরিফিকেসন কত পারসেন্ট? ১০ পারসেন্ট। ভোটের সময় নানা রকম কায়দা আছে, এরও নানা রকম কায়দা থাকতে পারে। সুতরাং একমাত্র গ্যারান্টি যে পসিবল মেজার হুইচ ইজ মোস্ট সাকসেসফুল যেটা অ্যাবসলিউট নাম্বার বলতে পারেন না। শুধু বলতে পারেন যে, মেজরিটি ওপিনিয়ন ইন অ্যাসেম্বলী তাতে বলা যেতে পারে অ্যাসেস করা সম্ভব। সেই রকম একটা পদ্ধতি আমরা স্বীকার করে নিচ্ছি। যে পদ্ধতি আপনারাও স্বীকার করেছেন এবং পার্লামেন্টেও। সেটাই আমরা প্রয়োগ করতে যাচ্ছি শ্রমিক শ্রেণীর ক্ষেত্রে। এতে আপত্তি কোথায়? আপত্তি করা তো উচিত নয়।

[5-45—5-55 p.m.]

আমি দীর্ঘ বক্তৃতা দিতে চাই না। আমার মনে হয় যে যুক্তিগুলি উত্থাপন করা হয়েছে সেই যুক্তিগুলি সঠিক নয়। সুতরাং এই বিল গ্রহণ করা হোক এটাই হচ্ছে আমার প্রস্তাব এবং জয়নাল আবেদিন সাহেব সার্কুলেসনের যে প্রস্তাব দিয়েছেন সেই প্রস্তাবের আমি বিরোধীতা করছি। আবার অ্যামেন্ডমেন্ট যখন আলোচনা হবে তখন বলব। আমি আগেই বলে দিয়েছি যে কোন অ্যামেন্ডমেন্ট যে গ্রহণ করা যায় না তা নয় কিন্তু আমি এক্ষণে তা করতে পারছি না, করতে সময় লাগবে, আলোচনা করার প্রয়োজন আছে। আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে ১৪টা পার্টি আমরা আছি কেউ ছোট কেউ বড় নিশ্চয়ই আছে কিন্তু সকলের মিলিত বুদ্ধির ভেতর দিয়ে সকলের মিলিত সিদ্ধান্তের ভেতর দিয়ে আমরা অগ্রসর হতে চাই -ছোট বড় বিচার না করে আমরা একসঙ্গে অগ্রসর হতে চাই। কাজেই এগুলি আমি এখন কন্সিডার করতে চাচ্ছি না, আগামী দিনে নিশ্চয়ই আমি কন্সিডার করব—এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

The motion of Dr Zainal Abedin that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1969, was then put and lost.

The motion of Shri Krishnapada Ghosh that the Trade Unions (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1 and 2

**Mr. Deputy Speaker:** There are no amendments to Clauses 1 and 2.

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

**Mr. Deputy Speaker:** There are amendments to Clause 3 by Shri Arun Sen, Shri Rabin Mukherjee and Shri Patit Paban Pathak. Amendment Nos. are 1-3, 4-6, 7-9. There are amendment Nos. 86-88 in the name of Shri Aswini Roy. Amendment No. 88 is out of order.

I understand that Shri Arun Sen, Shri Rabin Mukherjee, Shri Patit Paban Pathak and Shri Aswini Roy are not moving their amendments.

**Shri Arun Sen:** We are not going to move the amendments.

আমি একটু বলতে চাই স্যার.........

**শ্রীআবদুস সাত্তার:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, উনি অ্যামেন্ডমেন্ট মুভ করবেন না, অথচ বলতে চান এটা কোন আইনে আছে?

**Mr. Deputy Speaker:** A person can speak even if there is no amendment in his name.

**শ্রীঅরুণ সেন:** স্যার, এখানে কাকে রেসপন্সিবল করা হবে মালিকদের থেকে—এ সম্পর্কে বিলে যেটা আছে সেই ধরার ব্যাপারে গন্ডগোল হতে পারে, তার কারণ সেন্ট্রাল গভর্নমেন্ট বা অন্যান্য রাজ্যের অনেক অফিস ইত্যাদি আমাদের অঞ্চলে আছে—তাদের অথোরিটি, আন্ডার কন্ট্রোল অর্থাৎ যার হাতে আলটিমেট কন্ট্রোল আছে তাকে হয়ত আমরা এখানে পেলাম না সেখানে এই অকুপায়ার কথাটা রাখতে চেয়েছিলাম। আর ওয়ার্কম্যানের ডেফিনিসনে আমরা কতকগুলি জিনিস ঢোকাতে চেয়েছিলাম...........

**Mr. Deputy Speaker:** Mr. Sen, I understand that the Hon'ble Minister has given an assurance that he will look to the amendments that you have given and later on he has also given an assurance to this House that he will bring another legislation after consulting all the constituent parties. So, I think you should not take much time of the House. I now call upon Dr. Nalinaksha Sanyal. I do not know whether he will move the amendment or not.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 3(ii)(aa)(ii), lines 4 to 7, the words beginning with "any University, College," and ending with "hospital" be omitted.

স্যার, আমি বেশী সময় নেব না। আমার ক্লজ ৩-এতে যে অ্যামেন্ডমেন্ট আছে সে সম্বন্ধে ইতিপূর্বে আলোচনা হয়ে গেছে বলে নূতন করে কিছু বলছি না। আমি শুধু বলছি "ইন্ডাস্ট্রি"-র ডেফিনিসন-এর মধ্যে যেটা অ্যান্ড ইনক্লুডস এনি ইউনিভার্সিটি, কলেজ ইত্যাদি লেখা রয়েছে তার মধ্যে থেকে -

any university, college, school and other educational institution or institutions for carrying or research work and hospital

এই কটা বাদ দেবার জন্য আমি আমার সংশোধনী প্রস্তাব উত্থাপন করছি। অডিটর্স ফার্ম, সলিসিটর্স ফার্ম রাখতে আপত্তি নেই। আমি আগেই বলেছি শিক্ষা প্রতিষ্ঠান এবং হাসপাতালে পলিটিকস করতে গিয়ে যে দুর্গতি হয়েছে তা দেশবাসী জানেন। ইউনিয়ন-এর কর্তৃপক্ষের জন্য কলকাতায় হাসপাতালে যে অব্যবস্থা চলছে তার যেন পুনরাবৃত্তি না হয় সেটা আশা করি তিনি দেখবেন। রামকৃষ্ণ মিশন একটা বড় সেবা প্রতিষ্ঠান, গোল পার্কে তার একটা বড় প্রতিষ্ঠান আছে, লাইব্রেরী আছে এবং তাঁরা সাধারণ মানুষের সেবার কাজ করেন। সেখানকার স্বামীজি একদিন আমায় বলছেন আমরা সরকারী বেসরকারী লোকের কাছ থেকে চাঁদা নিয়ে কোন রকমে এই প্রতিষ্ঠান চালাই। ২ বছর হল ফরোয়ার্ড ব্লকের কোন কোন বন্ধু সেখানে একটা ইউনিয়ন তৈরী করে ফেললেন। সেই ইউনিয়নের প্রথম দাবী হল যে সেখানে একটা লোক যাকে অনুগ্রহ করে..............।

**শ্রীবিভূতি পাহাড়ী:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, ওঁকে কোথায় কোন স্বামীজি তিনি আনন্দমার্গের কি রামকৃষ্ণ মিশনের তাঁর সঙ্গে প্রাইভেট কি গল্প কিম্বা কি মন্ত্র দিয়েছেন সেসব আমাদের জানার কথা নয়।

**Mr. Deputy Speaker:** Mr. Pahari, I think you have already made some brilliant speeches in this House and you are a well-known and good debator and Parliamentarian. I hope on these flimsy grounds you will not rise any further.

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal, I understand you have already moved your amendment and made your point clear before the members of the House. If you want to speak any further, please be brief.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আমি স্তম্ভিত হলাম দেখে যে আমাদের বাংলাদেশে এ রকম বিধান-সভার সদস্য আছেন যিনি রামকৃষ্ণ মিশনের নাম শোনে নি। তিনি রামকৃষ্ণ মিশনের সঙ্গে আনন্দমার্গের স্বপ্ন দেখছেন। এর সঙ্গে ওঁর কোন সম্পর্ক নেই। আমার বক্তব্য হচ্ছে এই বিলে সেবা প্রতিষ্ঠানগুলিও রেহাই পাচ্ছে না। কিছুদিন আগে চিত্তরঞ্জন সেবা প্রতিষ্ঠানেও এই রকমভাবে কর্মীদের ইউনিয়ন তৈরী করা হয় ও তাদের দাবী দাওয়ার ফলে সেখানকার কাজ অচল হয়ে গিয়েছিল। চিত্তরঞ্জন ক্যান্সার ইন্সটিটিউট বন্ধ হবার উপক্রম হয়েছে। সেজন্য আমরা বলতে চাই যেসব প্রতিষ্ঠানে কোন লাভের অংক নেই। মালিক বলে কিছু নেই, সেখানকার ডাক্তার, ম্যানেজার সুপারিন্টেন্ডদের এমনভাবে আক্রমণ করা হয় কর্মীদের দ্বারা, আমাদের দাবী মানতে হবে, না হলে ঘেরাও কবব এই হুমকি দিয়ে।

[5-55—6-05 p.m.]

ডাক্তারবাবু বললেন কাল থেকে আমি আসব না, নমস্কার, কাজ বন্ধ হয়ে গেল। বিশ্ববিদ্যালয়ের ভিতরেও ঠিক তাই চলেছে। কিছুদিন আগে সেখানে অধ্যাপকরা মিলে সমবেতভাবে অনুরোধ করেছেন, তাঁদের সকলকে বলেছেন এখানে আমাদের শিক্ষা চালাতে দাও, নইলে আমাদের ছুটি দাও। আমি বলছি প্রফিট মেকিং এবং নন-প্রফিট মেকিং প্রতিষ্ঠানগুলিকে আলাদা করতে হবে, সমাজসেবামূলক প্রতিষ্ঠানকে আলাদা করতে হবে এবং যেখানে লাভ-লোকসানমূলক প্রতিষ্ঠান রয়েছে সেখানে যে আইন তা সর্বত্র প্রয়োগ করা চলবে না। কাজেই বলছি ঐ ক্লজ থেকে বাদ দেয়া হোক ইউনিভার্সিটি, কলেজ ইনস্টিটিউসন ফর রিসার্চ এবং হাসপাতাল। সলিসিটরর্স ফার্ম এবং অডিটর্স ফার্ম বাদ দিয়ে রাখা হয়েছে।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** রিপ্লাই-এর দরকার নেই- আই অপোজ দি অ্যামেন্ডমেন্ট'

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 3(ii)(aa)(ii), lines 4 to 7, the words beginning with "anv University, College," and ending with "hospital" be omitted, was then put and a division taken with the following result:—

NOES

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohammed
Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Baksi, Shri Monoranjan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti

Basu Ray, Shri Sunil
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Nitai
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Gopal Krishna
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Das, Shri Anadi
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
De, Shri Panchkari
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ghosh, Shri Kamakhya Charan
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Gupta, Shri Sadhan
Gupta, Shri Sitaram
Halder, Shri Krishna Chandra
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Kuar, Shri Gangapada
Lahiri, Shri Somnath
Mahata, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Majhi, Shri Gobardhan
Malik, Shri Basudeb
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Sachindra Nath
Mazumdar, Shri Dilip Kumar
Mitra, Dr. Sunil Kumar
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kumud Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Ojha, Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Raha, Shri Sanat Kumar
Rai, Shri Aswini Kumar

Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Saroj
Roy Barman, Shri Khiti Bhusan
Rudra, Shri Samar Kumar
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Arun
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

AYES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghai Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Ekramul Haque, Dr. Md.
Fazlur Rahman, Shri S. M.
Gyan Singh Sohanpal, Shri
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Maiti, Shri Subodh Chandra
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Nandy, Shri Sachindra Mohon
Poddar, Shri Deokinandan
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 24 and the Noes 85 the motion was lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

**Mr. Deputy Speaker:** Amendments of Sarbasree Arun Sen, Rabin Mukherjee and Patit Paban Pathak are out of order.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আমি এখানে একটা কথা বলতে চাই, আমি মুভ করতে চাই না, তবে একটা জিনিসের প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। টুয়েন্টি এইট-এ রেকগনিসন অব ট্রেড ইউনিয়ন,

representative trade union for an industrial establishment or a class of industry

আছে আমি অনেক জায়গায় দেখেছি যে যদি ইন্ডাস্ট্রি খুব বড় হয় সেখানে নানা রকম ক্যাটেগরীর ওয়ার্কমেন থাকে, সেখানে তাদের ইন্টারেস্ট একরকম নাও হতে পারে সেখানে হোল ইন্ডাস্টিতে একটা ইউনিয়ন না হয়ে যদি ভিন্ন ভিন্ন ক্লাস অর ক্যাটেগরী অফ ওয়ার্কার অর এনি ক্যাটেগরী অফ ওয়ার্কমেন যেখানে আছে সেখানে কন্ট্রেরী ইন্টারেস্টের লোকেদের অর্থাৎ দু-তিন রকম স্বার্থের লোকদের রিপ্রেজেন্টেড হওয়ার দরকার হতে পারে, সেজন্যই আমি এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি, এই এ্যানোম্যালী থাকা উচিত নয় বলে মনে করি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমি বলছি একটা হচ্ছে ক্লাস অফ ইন্ডাস্ট্রি অ্যাজ এ হোল অর অফ লোকাল এরিয়া অর্থাৎ একটা ইন্ডাস্ট্রিওয়াইজ ইউনিয়ন, ইউনিটওয়াইজ ইউনিয়ন, এস্টাবলিশমেন্টওয়াইজ ইউনিয়ন, ক্যাটেগরীওয়াইজ ইউনিয়ন, থার্ড ক্যাটেগরীর ক্র্যাফ্‌ট যে ইউনিয়ন সেটাকে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট এনকারেজ করতে পারি না, এই ক্র্যাফ্‌ট ইউনিয়ন এস্টাবলিশমেন্ট ইউনিয়নের মধ্যে আসছে না। কিন্তু ইন্ডাস্ট্রিওয়াইজ ইউনিয়ন এবং ইউনিটওয়াইজ ইউনিয়ন, এ দুটি জিনিস আনছি, এই ইন্ডাস্ট্রি ইউনিয়ন আজ এ হোল অর ইন এ লোকাল এরিয়া হতে পারে।

[6-05—6-15p.m.]

**Mr. Deputy Speaker:** I understand, Dr. Sanyal wants to move his amendments to this clause. He may please move all his amendments.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 6, in proposed section 28C, in line 2, after the words "are in", the word "continuous" be inserted and for the figures "120" the figures "180" be substituted.

আমি অত্যন্ত অল্প সময় নিয়ে আপনার কাছে নিবেদন করছি যে ক্লজ ৬ এর মধ্যে ২৮ সি প্যারাতে যেখানে আছে

all workmen, who are above the age of eighteen years, and are in service for a period of 120 days in service.

এখানে ইন সার্ভিস কথাটার মাঝখানে একটা কথা দেওয়া দরকার যে কন্টিনিউয়াস। কন্টিনিউয়াস সার্ভিস না হলে তাহলে বলতে হবে যে ১২ মাসের মধ্যে যে কোন ১২০ দিন ধরা হবে কিনা। মাঝে মাঝে ব্রেক হয়ে যায়, চলে যায়, ৪ মাস যদি কেউ কাজ করে থাকে তাহলে কি তাকে আপনি এণ্টাইটেলমেন্ট দিচ্ছেন না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমার কথা শুনুন,

all workmen who are above the age of eighteen years, and are in service for a period of 120 days in a period of twelve months immediately before the date of announcement of the election.

না কন্টিনিউয়াস না। ধরুন একজন ব্রেক করল, সেখানে ডিসকোয়ালিফাই হবে।

**Mr. Deputy Speaker:** Mr. Ghosh, there are a number of amendments by Dr. Sanyal. First of all, let all the amendments be moved and then you will give your reply. Dr. Sanyal, I request you to move all the amendments at a time.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 6, in proposed section 28E(1), line 3, after the words "have the" the words "exclusive" be inserted.

I beg to move that in clause 6, in proposed section 28E(2) be omitted.

I beg to move that in clause 6, after proposed section 28H(b) the following be added:—

"(c) resort to an illegal strike, go-slow, gherao or coercion by its members or with the help of outsiders;

(d) any other practice which the State Government may prescribe."

I beg to move that in clause 6, after proposed section 28I(d), the following be added:—

"(e) to resort to such practices as withholding payment of remuneration earned, subsistence allowance, and avoidance of continuity of employment or confirmation as a permanent employee after expiry of one year of continued service."

অর একটি ছোট্ট এ্যামেন্ডমেন্ট হচ্ছে কিন্তু এটা ছোট হলেও খুব গুরুত্বপূর্ণ এবং এটা নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয় চিন্তা করে করেছিলেন, ক্লজ ২৮, প্যারা ২৮ই ৩ লাইনে আছে একটা ট্রেড ইউনিয়ান রেকগনাইজড আন্ডার দিস এ্যাক্ট যে রিপ্রেজেন্ট করবে যেটা
subject to such condition as may be prescribed, have the right to rise so and so.
এক্সক্লুসিভ রাইট যে একটা ইউনিয়ান রেকগনাইজড হল তারই তো এক্সক্লুসিভ রাইট হল, না ২০০/৫০০ নিয়ে যে কবল তার হল এবং সেই এক্সক্লুসিভ কথাটা যদি না থাকে তাহলে ঐ চান্স দেওয়া হচ্ছে। অন্য কয়েকজন মিলে একসংগে- কেননা সংবিধানে আছে
any group of men can form an association or a union
তারা দাঁড়িয়ে গেল যে "আমাদেব এটা ওটা দাবী মানতে হবে," তখন কি হবে? কাজেই আইনে যাকে বলে এক্সক্লুসিভ রাইট, তাহলে অন্য কোন রং গ্রুপ এসে কিছু করতে পারবে না। এজন্য এটা ক্ল্যারিফাই হওয়া দরকার। সেজন্য সামান্য কথা বলতে চেযেছি যে এক্সক্লুসিভ রাইট যখন আপনারা বলছেন যে একটা ইউনিযন ইন এ ফ্যাক্টরি আন্ডারটেকিং হবে তাহলে নিশ্চয়ই আপনার মনে আছে একটা ইউনিয়ানেব সংগে তারাই কম্পিটেন্ট হবে
to negotiate or to discuss with the employers.
কিন্তু যদি এক্সক্লুসিভ না দেন তাহলে অন্য মাসল্‌ম্যান দল ঢুকে পড়তে পারে। সেজন্য এক্সক্লুসিভ কথাটা যোগ করতে বলছি। ৯৪এ যেটা আছে আমার যেটা বলার কথা হচ্ছে ক্লজ ২৮ এইচ বি দেখুন, এখানে সেকসান ২৮ আই ডি দেখুন, এই দুটোর পরে আমি কিছু যোগ করতে বলেছি এইজন্য যে এই দুটো খুব গুরুত্বপূর্ণ বিষয় নতুন করে আমাদের সামনে তুলে ধরেছেন এই আইন করবার সময় সেটা হচ্ছে আনফেয়ার প্রাক্টিসের কথা এবং আনফেয়ার প্র্যাক্টিস বলতে যা সামান্য দু'একটি কথা বলা হয়েছে এছাড়াও বিশেষ গুরুত্বপূর্ণ আনফেয়ার প্র্যাক্টিস গত কয়েক মাস দেখছি যেটা মালিকপক্ষেরও আনফেয়ার প্র্যাক্টিস এবং কর্মীশ্রেণী-দেব মধ্যেও আনফেয়ার প্র্যাক্টিস। ইন্ডাস্ট্রিয়াল পিস এবং শ্রমিক কল্যাণের জন্য এই দুটো নিযন্ত্রণের কথা আমাদের মনে হয়েছে। এই দুটোকেও আনফেয়ার প্র্যাক্টিস বলে লেখা দরকার সেটা হচ্ছে কি আমি শ্রমিকদের পক্ষে বলতে চেয়েছি যেগুলি আপনারা বলেছেন তাছাড়াও
to resort to illegal strike, go-slow, gherao or coercion by its members or with the help of outsiders.
এই কথাটা অর্থাৎ ঘেরাও জিনিসটা একটা আনফেয়াব প্র্যাকটিস। এটা মাননীয় আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় পাবলিকলি বলেছেন এবং অনেক সদস্যও এ সম্বন্ধে জানেন এবং কোয়ারশন, গো স্লো, এই সব মেথড আমাদের কোন কোন শ্রমিক মণ্ডলীব মাথায় ঢুকে, তারা ন্যায্য কি ন্যায়সংগত কারণে করেন কিনা বলছিনা কিন্তু এখন আমাদের আইনে যখন কতগুলি আনফেয়ার প্র্যাকটিসের ডেফিনিশন দিচ্ছি তখন এটাও, যেটা হাইকোর্ট পর্যন্ত বলেছে যে, হ্যাঁ, এটা আইনসম্মত হয়না তাহলে আমরা কেন আমাদের আইনে সেটা সন্নিবেশিত করছিনা। এটা যেমন আবার শ্রমিকদের দিকে বলছি অন্য দিকে মালিকদের, আমার যেটা ৯৫ নম্বরে আছে সেখানে ২৮ (আই) (বি) র পরে আমি যোগ করে বলছি (ই) করে
to resort to such practices as withholding payment of due wages and allowances.

আমার রেমুনারেশন কথাটা একটু ভেগ হচ্ছে বলে আমি এটা একটু পরিবর্তন করছি কোন কোন বন্ধুর পরামর্শে পেমেন্ট অব ডিউ ওয়েজেস এ্যান্ড এ্যালাউন্সেস এটাও মালিকদেব পক্ষে আনফেয়ার প্র্যাকটিস। ইতিপূর্বে অনেক সময় আমাদেব এখানে আমরা খবর পেয়েছি বিভাগীয় মন্ত্রী এবং শ্রমমন্ত্রীও বলেছেন আর উপমুখ্যমন্ত্রী জ্যোতি বাবুও বলেছেন এমন অনেক মালিক

আছেন যাঁরা কাজ করিয়ে খাটিয়ে নিয়ে মাসের পর মাস, দুই তিন মাস তাদের মাইনে দেয়না এবং তারজন্য শ্রমিক যখন অভুক্ত অবস্থায় কষ্টে পড়ে তখন তাদের উপর নানা রকম চাপ সৃষ্টি করে কোন রকম উপায়ে তাদের স্বীকৃত করার চেষ্টা করে এটাও আমি আনফেয়ার প্র্যাকটিস বলে মনে করি এবং আরো মনে করি যে সাবসিসটেন্স এ্যালাউন্স যা আমরা আইন করলাম কয়েকদিন আগে, যদি সাবসিসটেন্স এ্যালাউন্স কেউ কোন অভিযোগের জন্য কোন কর্মচারীকে তারা সাময়িকভাবে সাসপেন্ড করে তাহলে সাসপেন্ড করা সম্বন্ধে আইন রয়েছে যে সাবসিসটেন্স দিতে হবে কিন্তু যদি সে তা না দেয় সেটাও আমি এই আইনে আনফেয়ার প্র্যাকটিস বলে বর্ণনা করতে চাই। তাছাড়া আমি অনেক জায়গায় দেখেছি যে শ্রমিকদের তাদের সিকিউরিটিটা না দেবার জন্যে মালিকরা নানারকম অপচেষ্টা করে, যেমন মনে করুন যাদের সাপ্তাহিক পেমেন্ট আছে তাদের মাঝামাঝি ব্রেক দিয়ে, এক সপ্তাহ মাঝখানে বাদ দিয়ে তার পরের সপ্তাহে এমপ্লয়মেন্ট দিলেন যাতে কন্টিনিউটি না থাকে। অনেক সময় এমন হয় যে, যে লোকটা সেই একই লোক কাজ করছে দুটো সিফটে কিন্তু দুটো নাম লিখিয়ে দিলাম যাতে সেই একটা লোকই যে কন্টিনিউ করছে সেটা যাতে সে না দাবী করতে পারে। এর অনেক সময় এক বছর কাজ হয়ে গেল সাময়িকভাবে টেম্পোরারি এ্যাপয়েন্টমেন্ট করে রেখেছে এবং টেম্পোরারিকে কখনই তাঁরা পার্মানেন্ট করার কথা চিন্তা করেন না এবং যেই এক বছরের কাছাকাছি হল অমনি সংগে সংগে ১১ মাস বা সাড়ে এগারো মাস হলেই তাদের ৭ দিনের জন্য বরখাস্ত করে দিয়ে তাকে আবার নূতন করে এ্যাপয়েন্টমেন্ট করে। এই যে সব প্র্যাকটিস কোন কোন মালিক করে থাকেন এই সব প্র্যাকটিসগুলিকেও আমি আনফেয়ার প্র্যাকটিস বলে গণ্য করবার জন্য অনুরোধ করছি এবং আমি এই যে দুটি এ্যামেন্ডমেণ্ট দিয়েছি এই দুটি এ্যামেন্ডমেন্টে আনফেয়ার প্র্যাকটিস কি কি তা আর একটু প্রসার করার জন্য আমি বলেছি শ্রমিকদের দিক থেকেও ঘেরাও করাটা আনফেয়ার প্র্যাকটিস ইল্লিগ্যাল স্ট্রাইক, নট অল স্ট্রাইক, ইল্লিগ্যাল স্ট্রাইক-এ লিপ্ত হওয়াটা আনফেয়ার প্র্যাকটিস এবং গো স্লো, স্ট্রাইক করলাম না কিন্তু ঘরে গিয়ে বসে থাকলাম কাজ করলাম না এটাও আনফেয়ার প্র্যাকটিস এবং এই ইনটিমিডেশন এ্যান্ড কোয়ারশন এটাও আনফেয়ার প্র্যাকটিস। আমার এই সব কথা ক্লজ ৬এ, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, নং এ আমার যে কয়েকটি বক্তব্য আছে আমি তা আপনার সামনে উপস্থিত করলাম।

**Mr. Deputy Speaker:** There is an amendment of Shri Jatin Chakraborty. I now request him to move his amendment.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg to move that in clause 6 -

(1) in proposed section 28B, sub-section (4), after the words "hold an election", the words "by secret ballot" be inserted;

(2) in proposed section 28E, in clause (a) of sub-section (1)—

(i) after the words "agreement with them", the words "employer or" be inserted;

(ii) in the proviso to clause (a), for the words "such general issues as may relate to that class of industry as a whole", the words "general issues for that class of industry as a whole" be substituted.

[6-15—6-25 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্লজ ৬এ আমি যে সংশোধনী প্রস্তাব করেছি সেটা খুব গুরুত্বপূর্ণ। কেননা আমাদের এই বিলের মধ্যে যদিও স্টেটমেন্ট অব অবজেক্টস এন্ড রিজিনসের মধ্যে সিক্রেট ব্যালটে কোন ইউনিয়নকে স্বীকার করে নেওয়া হবে সেটা সম্পর্কে সিদ্ধান্ত নেবে এটা আছে কিন্তু হঠাৎ খুব দুর্ভাগ্যবশতঃ আমাদের এই বডি অব দি বিলের মধ্যে বিশেষ করে এই ক্লজে লেখা হয়ে গেছে যে

**the Registrar shall arrange to hold an election in the prescribed manner.**

সেজন্য আমি প্রেসক্রাইবড ম্যানারের জায়গায় যে উদ্দেশ্যে আমরা এই বিল এনেছি এবং যেভাবে সিদ্ধান্ত করা হবে সেটাকে আমি পরিষ্কারভাবে রেখেছি হোল্ড এ্যান ইলেক্সানএর পরে বাই সক্রেট ব্যালট। দ্বিতীয়তঃ, মাননীয় উপাধ্যক্ষ, ঐ ২৮ই সেখানে এ-তে দেখবেন শুধুমাত্র এমপ্লয়ার্স এই কথাটা আছে। কিন্তু এমপ্লয়ার্স কথাটা যদি থাকে তাহলে ইনডিভিজুয়াল একজন এমপ্লয়ারকে সেটা বোঝায় না এবং অনেক কোর্টে দেখা গেছে এমপ্লয়ার্স বললে একজন ইনডিভিজুয়াল ইমপ্লয়ারকে বোঝায় না। সেজন্য একটা ছোট সংশোধন এমপ্লয়ার অর দি এমপ্লয়ারর্স এই কথাটা এখানে আমি ব্যবহার করতে চেয়েছি। আর যেটা ক্লজ ৬ সাব-সেকসান ২(এ) এটাতে আছে দেখবেন একটা প্রোভাইসো, সেই প্রোভাইসোতে আমি একটা ছোট সংশোধন এনেছি। যে ল্যাংগোয়েজ ব্যবহার করা হয়েছে তাতে এই রকম একটা ইন্টারপ্রিটেসান হয়ে যেতে পারে বলে আমাদের আশংকা হওয়াতে আমি এই সংশোধনীটা এনেছি সেটা হচ্ছে এই কোন একটা ইন্ডাষ্ট্রি ওয়াইড ইউনিয়ান যদি থাকে তাহলে সেই ইন্ডাষ্ট্রিজের জন্য সেই রিজিয়নে বা সেই লোকালিটিতে যতগুলি কারখানা আছে সেই সমস্ত কারখানার শ্রমিকদের জন্য সেই শিল্পের যেটা জেনারেল ইস্যু সেই ইস্যু নিশ্চয়ই তার তুলবার অধিকার আছে। কিন্তু কোন একটা বিশেষ কারখানায় যদি একটা ইউনিয়ান থাকে যার সদস্য সংখ্যা যথেষ্ট এবং সেটা সেখানে ইতিমধ্যে স্বীকৃতি পেয়েছে তাহলে সেখানে জেনারেল ইস্যু যদি হয়, যেমন ধরুন বোনাস, সেই বোনাসের ব্যাপারের ইস্যু ইনডাষ্ট্রি ওয়াইজ রেকগনাইজড ইউনিয়ানস বা রিজিয়ান ওয়াইজ রেকগনাইজড ইউনিয়ানস সে কেবলমাত্র কোন একটা বিশেষ কারখানায় প্ল্যান্ট ওয়াইজ যে ইউনিয়ান আছে সে রেকগনাইজড, সেই ইউনিয়ানকে বাদ দিয়ে সেখানে গিয়ে সে জেনারেল ইস্যু হলেও সেই বোনাস ইস্যু তুলতে পারবেনা, সেখানে যে রেকগনাইজড ইউনিয়ান আছে সেই প্ল্যান্টে তারই তুলবার অধিকার থাকবে। এই রকম একটা আশংকা কিছুটা যে ভাষা ব্যবহৃত হয়েছিল তার থেকে অনেকের মনে দেখা দেওয়াতে আমি এই সংশোধনীটা এনেছি, এতে বলেছি যে

general issues for that class of industry as a whole

এই কথা বলে আমি আশা করব যে মাননীয় মন্ত্রিমহাশয় আমার এই তিনটি সংশোধনী প্রস্তাব তিনি গ্রহণ করবেন।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may please reply.

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় যে তিনটি এ্যামেন্ডমেন্ট দিয়েছেন আমি সেগুলি গ্রহণ করছি। অন্য যে কয়টি ডাঃ সান্যাল যা বলেছেন আমি সেগুলি গ্রহণ করতে পারছি না। এই সম্পর্কে আমি দু'একটি কথা বলতে চাই সেটা হচ্ছে আমার মনে হয়েছে ডাঃ সান্যালের কথা শুনে যে তিনি বর্তমানে যে বিল এই বিলের যে সীমাবদ্ধ উদ্দেশ্য সেই কথাটা হয়ত ঠিকমত ধরতে পারেননি।

যেখানে ম্যালপ্র্যাকটিস ইত্যাদি বলা হয়েছে সেটা হচ্ছে অনলি ইন রিলেশন টু দি রেকগনিশন অর নন-রেকগনিশন অফ দি ইউনিয়ন সে ক্ষেত্রে মাত্র বলা হয়েছে, তার বেশী কিছু বলা হয় নাই। সুতরাং আপনি যে অ্যামেডমেন্ট দিচ্ছেন ঘেরাও বা ইললিগ্যাল স্ট্রাইক হলে রেকগনিশন কাটা যাবে এই হচ্ছে তার মানে। আমি ওটা গ্রহণ করতে রাজি নই।

সেকেন্ডলি বহু সময় আনঅ্যাভয়েডবল সারকমস্ট্যানসেস হয়, সেখানে ইউনিয়ন না চাইলেও ঘেরাও হয়ে যায়। সুতরাং ইউনিয়নের রেকগনিশন ক্যানসেল করবার জন্য মালিক কোন কোন সময় ঘেরাও প্রোভোক করে তোলে। সেখানে ইউনিয়নের প্রোটেকশান থাকবেনা। এই ম্যালপ্র্যাকটিস অফ দি এমপ্লয়ার এর নামে মালিকের হাতে একটা অস্ত্র তুলে দেওয়া আমি সঙ্গত মনে করছি না। মালিকদের বহু রকম ম্যালপ্র্যাকটিস আছে তা আমি বিলের মধ্যে এমবডিড্ করতে চাই না তাদের হিন্টেড পারপাজে।

যদি আগামী সেসনে কোন কম্প্রিহেনসিভ ইন্ডাস্ট্রিয়াল রিলেশন সম্বন্ধে বিল আনতে পারি যেমন বম্বেতে আছে, তখন ম্যালপ্র্যাকটিস এর সমস্ত কথা ডিল করা যাবে তার মধ্যে উইথ অনলি রিলেশন-এর কথা হচ্ছে রেকগনিশন অফ ইউনিয়ন এই সাবসিসটেন্স অ্যালাউন্স না

দেওয়ার জন্য পার্লিশমেন্টের যে ধারা সাবসিসটেন্স অ্যাক্ট-এর ভেতর আছে, সেটা এখানে নূতন করে আনার প্রয়োজন নাই। সেই অ্যামেন্ডমেন্ট এই বিল সংক্রান্ত ব্যাপারে রিডান্ড্যান্ট যদিও তা অপ্রাসঙ্গিক বলছি না। তবে আপনার ঐ অ্যামেন্ডমেন্ট ফর দি পারপাস অফ দি বিল—দিস ইজ রিডান্ড্যান্ট এই জন্য ওটা অপোজ করছি।

The motions of Dr. Nalinaksha Sanyal that in clause 6, in proposed section 28C, in line 2, after the words "are in" the word "continuous" be inserted and for the figures "120" the figures "180" be substituted;

The motions of Dr. Nalinaksha Sanyal that in clause 6, in proposed section 28E(1), lines 3, after the words "have the" the word "exclusive" be inserted;

The motions of Dr. Nalinaksha Sanyal that in clause 6, in proposed section 28E(2) be omitted,

The motions of Dr. Nalinaksha Sanyal that in clause 6, after proposed section 28H(b) the following be added:

"(c) resort to an illegal strike, go-slow, gherao or coercion by its members or with the help of outsiders;

(d) any other practice which the State Government may prescribe.";

The motions of Dr. Nalinaksha Sanyal that in clause 6, after proposed section 28 I(d), the following be added:

"(e) to resort to such practices as withholding payment of remuneration earned, subsistence allowance, and avoidance of continuity of employment or confirmation as a permanent employee after expiry of one year of continued service.",

were then put and lost.

The motion of Shri Jatin Chakravorty that in Clause 6—

(1) in proposed section 28B, sub-section (4), after the words "hold an election", the words "by secret ballot" be inserted;

(2) in proposed section 28E, in clause (a) of sub-section (1)—

(i) after the words "agreement with the", the words "employer or" be inserted;

(ii) in the proviso to clause (a), for the words "such general issues as may relate to that class of industry as a whole", the words "general issues for that class of industry as a whole" be substituted;

was then put and agreed to.

The question that Clause 6 as amended do stand part of the Bill was then put and agreed to.

**Clause 7**

The question that Clause 7 do stand part of the Bill was then put and agreed to.

[6-25—6-35 p.m.]

**Clause 8**

**Dr. Nalinaksha Sanyal:** Sir, I beg to move that in clause 8, in proposed section 32B(1), in line 4, after the word "section" the words and letters "28H or" be inserted.

আমি মাননীয় শ্রমমন্ত্রী মহোদয়কে দেখিয়ে বলছি, ৯৬ নম্বর সংশোধনী প্রস্তাব যেটা আমি দিয়েছি তার প্রথম অংশ মুভ করবার কোন প্রয়োজনীয়তা আর দেখছি না। পূর্বে যেটা বলেছিলাম আনফেয়ার প্র্যাকটিশ-এর পরিধি বাড়াবার ব্যাপারে, সেটা যখন গৃহীত হল না, এটা তার কনসিকোয়েনসিয়াল হিসেবে এই ক্লজ, এখন তার আর দেওয়ার প্রয়োজন নাই।
কিন্তু আমার দ্বিতীয় প্রস্তাব একটা আছে যে এই ক্লজের শেষে ক্লজ-২ যেটা আছে

The rights of a recognised trade union specified in sub-section (1) shall be without prejudice to the rights that any unrecognised trade union enjoys under the Industrial Disputes Act, 1947.

এখানে আবার সেই কনফিউসনের কথা এসে গেল। আমরা চেয়েছিলাম যে একটা ইউনিয়ন competent to negotiate and represent the labourers of a particular industry. হয়তো আইনগত কিছু একটা দুর্বলতা কিছু একটা অসুবিধা ছিল বলে এই প্রভিসন করছেন ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের মধ্যে, আনরেকগনাইজড ইউনিয়নের জন্য সেই সব সুবিধা সেখানে রাখবার ব্যবস্থা আছে। তাহলে একদিকে রেকগনাইজড ইউনিয়নকে রেকগনিসনের আইন করছেন আবার সংগে সংগে আনরেকগনাইজড ইউনিয়নের ডিসপিউট চালাবার ব্যবস্থা থেকে গেল। এই জন্য বলছিলাম এই জিনিসটা বাদ দেওয়া উচিত। যখন উদ্দেশ্য হচ্ছে শান্তি রক্ষা করার জন্য ইন্ডাষ্ট্রির মধ্যে রেকগনাইজড ইউনিয়ন-এর নেগোসিয়েট করবার যে রাস্তা সেটাকে ব্যাহত করবে ঐ আনরেকগনাইজড ইউনিয়ন আদালতে গিয়ে। তাই এই জিনিসটা বাদ দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** ট্রেড ইউনিয়ন এ্যাক্টের যে আওতা যে পরিধি তা ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টকে নাকচ করতে পারে না। ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট রেকগনাইজড ইউনিয়নকে স্বীকৃতি দিয়েছে। যদি ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট যদি সেন্ট্রালি এমেন্ডেড হয় তাহলে সারটেনলি দে উইল টেক দিস ম্যাটার ইন্টু কনসিডারেশন, আমি এখানে কিছু করতে পারি না।

The motion of Dr. Nalinaksha Sanyal that in clause 8, in proposed section 32B(1), in line 4, after the word "section" the words and letters "28H or" be inserted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

**Mr. Deputy Speaker:** There are no amendments to Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Krishnapada Ghosh:** Sir, I beg to move that the Trade Unions (West Bengal Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের থার্ড রিডিংয়ে আমি সামান্য দু-একটি কথা বলতে চাই। এই বিলে শ্রমিক শ্রেণীকে নূতন অধিকার দেওয়া হোল এবং এই বিল সারা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের শ্রমিকদের তাদের যে অধিকার সেই অধিকার অর্জন করবার প্রেরণা দেবে। আমার মনে পড়ে ঠিক এই ধরনের না হলেও রেকগনিসন ব্যাপারে শ্রমিকদের স্বার্থে শ্রী ভি, ভি, গিরি একটা বিল এনেছিলেন—কিন্তু চাপে পড়ে সেই বিল পাশ হতে পারে নি।

আজকে বাংলাদেশে এই বিল হল, এই বিলে যে রেকগনিসানের সূত্রপাত হল সেটা ভারতবর্ষের অন্যখানেও হবে। স্যার, আমি আর একটা কথা বলেই শেষ করবো, সেটা হচ্ছে, এই বিল সম্পর্কে সারা ভারতের ট্রেড ইউনিয়ান নেতারা বিশদভাবে নজর দিয়েছিলেন। আপনারা জানেন যার জন্য আমরা কয়েকজন বন্ধু মিলে যে সমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেটা

আমাদের নিজস্ব নয়, সেখানে সারা ভারতের নেতাদের সঙ্গে পরামর্শ করেই দিয়েছিলাম। এর মধ্যে বিশেষ করে কমরেড রামমূর্তি ও কমরেড সতীশ লুম্বার মত বিশিষ্ট নেতারা ছিলেন, এবং তাঁদের সঙ্গে পরামর্শ করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এটা ঠিক সময় আমাদের শ্রমমন্ত্রী বা শ্রম দপ্তর আলোচনা করতে পারেন নি। তার ফলে আমার মনে যে ভয়টা হচ্ছে সেটা হচ্ছে তার কিছু সুবিধা নিয়ে মালিকপক্ষ ষড়যন্ত্র করতে পারেন। তবে আমি মনে করি যে বিল পাশ হতে চলেছে সে বিল ভারতবর্ষে নতুন ইতিহাস সৃষ্টি করবে। এই সঙ্গে আমি স্যার, শ্রমমন্ত্রিকে আবার অনুরোধ জানাবো যে এমনভাবে রুল তৈরি করুন যাতে ইতিমধ্যে বা আগামী সেসানের আগে কোন ছিদ্র পেয়ে মালিকশ্রেণী শ্রমিকরা যে অধিকার পাচ্ছে সে অধিকার থেকে বঞ্চিত তাদের করতে না পারেন।

**শ্রী এ, কে, এম, ইশাক:** মাননীয় সভাপাল মহাশয়, এই আইনটি প্রয়োগের ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয়কে একটি সাবধান বাণী স্মরণ করিয়ে দিয়ে অতি সংক্ষেপে আমার বক্তব্য শেষ করবো। স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় ভারতবর্ষে জন্মেছেন। এই ভারতবর্ষ সনাতন ভারতবর্ষ, এখানে আগে ছাত্ররা গুরুর বাড়ীতে গিয়ে লেখাপড়া শিখত, তাদের মাহিনা দিতে হত না। এই যে গুরু শিষ্যের সম্পর্ক এটা ভারতের কৃষ্টির একটা অংগ। আজকে এই আইন করে উনি স্কুল, কলেজ, ইউনিভার্সিটিতে এই ট্রেড ইউনিয়ান অধিকার নিয়ে এসেছেন। অন্যান্য যেসব জায়গায় এনেছেন তাকে আমরা স্বাগত জানাই, কিন্তু ঐ যে স্কুল, কলেজের যেখানে শিক্ষক, অধ্যাপক, স্কুল মাস্টাররা আছেন সেখানে ট্রেড ইউনিয়ান অধিকার এনে উনি ভারতবর্ষের কৃষ্টির প্রতি অবজ্ঞা দেখিয়েছেন এবং ভারতবর্ষের কৃষ্টিকে শেষ করতে যাচ্ছেন। আমি সেই জন্য ওকে বলব যে যেখানে কোন প্রয়োজন নেই সেখানে দয়া করে এই সব হাংগামা-হুজ্জত ঢোকাবেন না। স্যার, আমরা যতদূর জানি, একটা স্কুলে ১০/১৫ জন মাষ্টার মহাশয় যাঁরা থাকেন তাঁদের তরফ থেকে কখনও এই দাবী করা হয়নি যে এখানে ট্রেড ইউনিয়ান অধিকার দাও। যদি আজকে দেওয়া হয়, অধিকার পেলে তার প্রয়োগ চাই এবং তা হলেই স্বাভাবিকভাবে হাংগামা সেখানে বাড়তে পারে। তাই আমি আশা করবো যে উনি প্রয়োগের ক্ষেত্রে এটা বিশেষভাবে চিন্তা করে দেখবেন যে স্কুল, কলেজ, ইউনিভার্সিটিতে করবেন কিনা। কারণ এটা ভারতের কৃষ্টির বিরোধী। এই বলে এবার সাবধানবাণী উচ্চারণ করে আমি শেষ করছি।

The motion of Shri Krishnapada Ghosh that the Trade Unions (West Bengal Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### The City Civil Court (Amendment) Bill, 1969

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the City Civil Court (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the City Civil Court (Amendment) Bill, 1969, be taken into consideration.

[6-35—6-45 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটি এনেছি কয়েকটি কারণে। আপনারা জানেন তিনটি জিনিসের ভিতর লক্ষ্য করে রাখা হয়েছে। একটি হচ্ছে সারা বাংলাদেশে যাতে ইউনিফরমিটি হয় তার জন্য জাষ্টিস এ্যাডমিনিষ্টার করা এটাই হচ্ছে সব চেয়ে বড় কথা। দ্বিতীয় কথা হচ্ছে যেসব ডিস্‌ক্রিমিনেসন আছে সেই ডিস্‌ক্রিমিনেসন যেন না থাকে তার জন্য এই বিলটি আনা হয়েছে। তৃতীয় কথা হচ্ছে চিপ অর্থাৎ লিটিগেন্টস যাতে কম পয়সার মধ্যে মামলার বিচার পেতে পারে—এই তিনটি কথা আপনাদের কাছে রাখছি। আপনারা জানেন আরো কয়েকটি কথা আছে এই বিলটি বুঝতে হলে আপনাদের বুঝতে হবে স্মলকজ কোর্টে যে দু হাজার টাকা করা ছিল সেটাকে বাড়িয়ে আমরা ৫ হাজার টাকা করেছি। কারণ দ্রব্যমূল্য বেড়ে

গেছে সেই জন্য দু হাজারের জায়গায় পাঁচ হাজার করেছি। আর ৫ হাজার ১০ হাজারের যে কমার্সিয়াল, নন-কমার্সিয়াল ছিল সেটাকে বাড়িয়ে সমস্ত ৫০ হাজার করেছি। এর উদ্দেশ্য হল হাই কোর্টে অনাদিকাল হতে আদিম বিভাগের অন্যায়ের অবসান অর্থাৎ ডুয়েল সিসটেম থাকার জন্য মানুষের যে অপরিসীম দুঃখ-কষ্ট হয় সেটাকে লাঘব করার জন্য এটা আমি প্রথম পদক্ষেপ হিসাবে চেষ্টা করছি এবং আমি আরো আপনাদের কাছে বলছি যে হাই কোর্টে যেসব মোকর্দমা কনজেসসন হয়ে আছে সেই কনজেসসন কমে যাবে এবং ব্যাক লগ যা আছে এই বিলটা যদি ইনট্রোডিউস করি তাহলে আমরা দেখব যে সেই ব্যাক লগ আমরা সরিয়ে নিতে পারছি। শুধু তাই নয়, একটি বিষয়ে আমাদের একটু ডিফিকালটি আছে সেটা আপনাদের বলি। সলিসিটর'স ফার্মে যেসব এমপ্লয়িজ আছে তাদের মধ্যে হয়ত কিছুকে এ্যাফেক্ট করতে পারে, কিন্তু আমি স্ট্যাটিসটিক্স নিয়ে দেখেছি বা চিন্তা করেছি যে তাদের খুব বেশী ক্ষতি হবে না এবং এমনকি হাই কোর্টের বার এ্যাসোসিয়েসনের সেক্রেটারি বলেছেন যে যদি কিছু লোকের চকুরী ছাড়িয়ে দেয় সলিসিটর'স ফার্মে তাহলে তাদের ক্লার্ক করে নেওয়া যাবে। শুধু তাই নয়, আজকে যারা ভেষ্টেড ইন্টারেষ্ট আছে বিচার নিয়ে বিরাট লড়াই করছে ইন্ডিয়ান চেম্বার অব কমার্স, বেংগল চেম্বার অব কমার্স, ভারত চেম্বার অব কমার্স এবং আরো যারা সব ভেষ্টেড ইন্টারেস্ট আছে তারা এই বিলটা যাতে না পাস হয় তার জন্য প্রাণপণ চেষ্টা করছেন। কিন্তু আমি আপনাদের কাছে বলতে চাই যে আমাদের ইউনাইটেড ফ্রন্ট-এর যা লক্ষ্য সেই লক্ষ্য স্থির রেখে এবং খুব দৃঢ়ভাবে আমি এই বিলটা পাশ করার চেষ্টা করছি। আমি জানি এই রকম যারা ভেষ্টেড ইন্টারেস্ট আছেন তারা কেবল বাধা দেবার জন্য নানা রকম কুট কৌশল করছেন এবং তাদের মধ্যে ঐ সব লোকও আছেন। কিন্তু আমরা জানি যে ইউনাইটেড ফ্রন্ট গ্রামের সমস্ত লোকের কথা চিন্তা করছেন এবং সেই সমস্ত চিন্তা করার পরে স্থির করা হয়েছে যে এই বিলটা পাস করলে আমাদের যে লক্ষ্য, উদ্দেশ্য নিশ্চয়ই সেটা সাফল্যমন্ডিত হবে। তাই আমি আপনাদের কাছে এই বিলটা এনেছি এবং বিরোধী পক্ষকে বলি যে যেভাবে বিলটা আছে তাতে তাঁদের কোন রকম অপোজ করার কোন স্কোপ হবে বলে আমি মনে করি না। আমি মনে করি এটা একটা পদক্ষেপ নিয়েছি এবং এই বিলটা এবং আর একটা বিল আসছে সেটা হচ্ছে সিটি সেসান্স কোর্ট এবং স্মলকজ কোর্ট বিল, এই তিনটি কমবাইন করে দেখলে দেখা যাবে আমরা নূতন যুগান্তকারী ব্যবস্থা করার চেষ্টা করছি। এইটাই হচ্ছে আপনাদের কাছে আমার বক্তব্য অবজেক্টস এন্ড রিজনস হিসাবে রাখছি এবং আশা করি আমার এই বিলটা আপনারা নিশ্চয়ই পাশ করে দেবেন, এটার বিরোধিতা করতে পারেন না, কারণ এটা যুগান্তকারী বিল।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় আইনমন্ত্রী মহাশয় এই যে সিটি সিভিল কোর্ট বিলটি এনেছেন সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমি বলব যে এই আইনটি একদিক দিয়ে বৈপ্লবিক আইন। কেন না, এই জুডিসিয়াল সিসটেম-এ যে ডুয়েল সিসটেম ছিল এতদিন আমার মনে হয় এটা থাকা উচিত ছিল না। কারণ, ভারতবর্ষের অন্যান্য প্রদেশ দেখলে দেখা যাবে যে এই আদিম বিভাগ অর্থাৎ অরিজিন্যাল সাইড-এ্যাপিলেন্ট সাইড অব দি হাই কোর্ট এই জিনিসটা অন্য প্রদেশের কোথাও নেই। এমনকি মাদ্রাজে মিঃ কামরাজ যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি সেখানে উঠিয়ে দিয়েছিলেন।

বম্বেতে লিমিটেড ভাবে হয়েছে, ক্যালকাটায় এই জিনিসটা করা হয়নি এবং আমাদের মন্ত্রি-মহাশয় যে উদ্দেশ্যে এটা নিয়ে এসেছেন এটা আমি মনে করি সাধু উদ্দেশ্য। আমরা খবরের কাগজে দেখেছি যে এই বিলকে কেন্দ্র করে অনেক জল ঘোলা করা হয়েছে। আইনজীবিরা দু ভাগে বিভক্ত হয়ে তারা মন্ত্রীমন্ডলীর কাছে ধরণা দিয়েছেন, ডেপুটেশানে এসেছেন। আমি মনে করি আইনজীবিদের কি হবে না হবে বলছি না তবে সাধারণ লোকের কথা চিন্তা করে লিটিগ্যান্ট পাবলিকের কথা চিন্তা করে এই জিনিস যে করা হয়েছে সেটা সাধারণ লোকের পক্ষে ভাল হবে। গ্রামের দিকে যারা জমি নিয়ে জীবিকানির্বাহ করে তারা যখন কোন মকর্দমা করে তখন তাদের এ্যাডভেলোরাম কোর্ট ফি দিতে হয় অর্থাৎ সম্পত্তির মূল্যের উপর কোর্ট ফি দিতে হয়। হয়্যার এ্যাজ কলকাতার বুকে যারা কমারশিয়্যাল কি নন-কমারশিয়্যাল বড় বড় বিজনেস ম্যাগনেট আছেন তারা যখন এই বিভাগে মকর্দমা করেন, তখন তাদের সেই কোর্ট ফি লাগে না। আমি মনে করি এই পার্থক্য রাখা ঠিক নয়। একজন গরীবকে শতকরা ১১৷৷০ টাকা হারে গ্রামের

দিকে কোর্ট ফি দিতে হয়, হয়্যার এ্যাজ এখানে লাগছে না। যখন আমরা সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র গঠন করতে চলেছি যখন আমরা এইভাবে রাষ্ট্র গঠন করতে চলেছি এবং কর্মসূচী নিয়েছি তখন আমার মনে হয় এই যে আমাদের সোশ্যালিষ্ট পলিসি হিসাবে আমাদের মন্ত্রিমহাশয় যে স্টেপস নিয়েছেন সেই জন্য তাঁকে আবার ধন্যবাদ জানাচ্ছি। আজকে কমার্শিয়্যাল এবং নন-কমার্শিয়্যাল পাঁচ হাজার টাকা দশ হাজার টাকা—আমি মনে করি সিটি সিভিল কোর্টের যারা ডিস্ট্রিক্ট জাজ যারা সেশন জাজ থেকে আসেন তারা আনলিমিটেড জুরিসডিকশন হিসাবে বিচার করতে পারেন মফস্বলে অথচ কলকাতার বুকে এসে ১০ হাজার ৫ হাজারের উপর তাদের বিচার করার ক্ষমতা নেই। আমি মনে করি এটা সম্পূর্ণ ভুল কথা তারা আনলিমিটেড পিকিউনিয়ারী জুরিসডিকশনে যে সমস্ত কেস করে এসেছে, সাব জজ হিসাবে করতে পারেন তারা, অথচ এখানে আলাদা করে রেখেছেন। আমরা হাই কোর্টে দেখতে পাই এখনও আইনজীবীদের মধ্যে দু ভাগ, এখনও স্পর্শকাতরতা সেখানে বজায় আছে। একদল এক জায়গায় বসেন এবং আর একদল আর এক জায়গায় বসেন, তাদের মধ্যে কোন মিল নেই, তাদের স্টেটাস হিসাবে পৃথক পৃথক ঘর রয়েছে, এই যে পার্থক্য এই যুগে তা থাকা উচিৎ নয় কংগ্রেসের আমলে যারা স্কুল ফাইন্যাল কোয়ালিফিকেশন নিয়ে যারা মোক্তার হয়েছিল তাঁরা বাই ষ্ট্যাচুটস বিকেম এ্যাডভোকেট্স, কিন্তু আমাদের এত বড় একটা বৈপ্লবিক জিনিস হয়ে গেল, এই ভারতবর্ষের মধ্যে কিন্তু আজকে ব্যারিষ্টার এবং এ্যাডভোকেট্সদের মধ্যে এখনও ডিফারেন্স থেকে গেল। এই জিনিসটা দুঃখের বিষয়। আজকে তাদের মধ্যে দেখা যায় এই জিনিস থাকার ফলে এই যে ডুয়েল সিসটেম বিচার বিভাগে, এই ডুয়েল সিসটেম আমার মনে হয় থাকা কখনও উচিত নয়, একটা ইউনিফর্মিটি থাকা উচিত। আমি মন্ত্রিমহাশয়কে বলবো যে ৫০ হাজার টাকা পর্যন্ত দিয়েছেন সেখানে এ্যাডভেলোরাম কোর্ট ফি বসবে, কিন্তু ৫০ হাজার টাকার ওপরে যে হাই কোর্টে কেস হচ্ছে সেখানেও এই নিয়ম করুন। যারা আসবে এই সমস্ত কেস নিয়ে তারা ধনী লোক, বড় বড় কমার্শিয়াল ফার্মস আসবে, সেখানে যাতে কোর্ট ফি বসে তার চেষ্টা করতে হবে। কারণ সেই আইন যদি না আনেন আমি মনে করি সেখানেও যে বড় বড় লক্ষপতি তাদেরকে রেহাই দেওয়া হবে। আজকে সব দিক থেকে বিচার বিবেচনা করে যাতে ইউনিফর্মিটি আসে তার চেষ্টা করতে হবে। আমরা জানি আজকে হাইকোর্টের আদিম বিভাগে যেসমস্ত মামলা আসে, শত শত মামলা বছরের পর বছর পড়ে থাকছে, সেই বিচার হচ্ছে না। আজকে জাসটিশ যদি এইভাবে ডিলেড্ হয় আমার মনে হয় তাহলে জাসটিশ ডিনায়েড হয়। আজকে মানুষ আসে বিচারের জন্য সেখানে যদি স্পিডি ডিসপোজ্যাল না হয় সেখানে মানুষ বিচার পায় না আপনি খোঁজ নিয়ে দেখুন মফঃস্বল কোর্টের চেয়ে বেশী হাই কোর্টে মোকদ্দমা জমে আছে। আরো গলদ নীহিত আছে, সেখানে বিচার হয় না। অর্থাৎ একটা কেস বছরের পর বছর থেকে যায়। আমার মনে হয় এই বিল এনে অন্ততঃপক্ষে কিছু কনজেশন অব দি কেস হাই কোর্ট থেকে কমবে কিন্তু আপনি এমন কিছু করবেন না যে সিটি সিভিল কোর্টে পাঠিয়ে দিচ্ছি কিন্তু সেখানে যদি আপনি নাম্বার অব কোর্টস না বাড়ান এবং নাম্বার অব জাসটিস না বাড়ান তাহলে আবার সেখানে কনজেশন অব দি কেসেস হয়ে যাবে।

[6-45—6-55 p.m.]

সুতরাং আজকে এখানে যে সমস্ত কেস হবে ৫০ হাজার টাকার মধ্যে সে কেস যদি আবার জমে যায় তাহলে আপনার যে উদ্দেশ্য সে উদ্দেশ্য ব্যর্থ হবে। আর একটা জিনিস অনেকে মনে করছেন বোধহয়, হাই কোর্টের আদিম বিভাগে কোর্ট ফি লাগে না, অতএব খরচা কম। সিটি সিভিল কোর্টে কোর্ট ফি দিয়ে কেস করবে, অতএব খরচা বেশি। আমার মনে হয় ওখানে যা খরচা হবে কোর্ট ফি দিয়ে কেস না দিয়ে কেস করলেও অনেক বেশি খরচা হবে। অনেক কিছু এতে আছে। আপনি একটা কথা বলেছেন, সলিসিটারস ফার্মে যে সমস্ত এমপ্লইজ আছে তাদের কথা। আমরা সেদিন খবরের কাগজে দেখলাম তাদের সংখ্যা আড়াই হাজার থেকে সাত হাজার হবে। আপনি যখন বলেছেন তাদের একটা প্রভিসন হবে ভাল কথা। তাদের কথা চিন্তা করতে হবে। তারা যদি এই যুগে আউট অফ এমপ্লয়মেন্ট হয়ে যায় সেটা দুঃখের কথা এবং তাদের কথা চিন্তা করতে হবে। আজকে লিটিগ্যান্ট পাবলিকদের জন্য বৃহত্তর স্বার্থের জন্য কিছু ক্ষয় ক্ষতি হতে পারে। সেদিকে লক্ষ্য না রেখে যেখানে বৃহত্তর স্বার্থ এবং অধিকাংশ

লোকের মঙ্গল হয় সেই দিকে লক্ষ্য রেখে এই জিনিস করা হয়েছে। তাতে এই সমস্ত গরীব লোকেরা, গরীব এমপ্লইজ যারা আছেন সলিসিটরস ফার্মে তাদের ব্যবস্থা যাতে হয় সেদিকে আপনি লক্ষ্য রাখবেন আশা করি। এই আইন একটি বৈপ্লবিক আইন এবং এই আইন ইউনিফরমিটি এনে দেবে এবং এখনও ইউনিফরমিটি আসে নি। যেদিন আপনি ওই আদিম বিভাগকে উঠিয়ে এক করে দেবেন এবং সকলের যাওয়ার ব্যবস্থা করবেন এ্যাডভোকেট এবং ব্যারিষ্টার যাঁরা আছেন তাঁরা যাতে এক ফোরাম থেকে কেস করতে পারেন তার ব্যবস্থা করে দেবেন তখনই আমার মনে হয় আপনার এই বিল আনা সম্পূর্ণ হবে। এই বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সহকারী নেতা যখন বক্তৃতা করছিলেন তখন কেউ কেউ আমার দিকে তাকিয়ে এবং আঙ্গুল দেখিয়ে হাসলেন। আমি পরিষ্কার করে বলে দিতে চাই যে, আমি এখানে ব্যারিষ্টার হিসাবে নেই। বাংলাদেশের মানুষ হিসাবে আছি। বাংলাদেশের মানুষের আশা-আকাঙ্খা পূরণের জন্য যা হবে আমি তাকে পূর্ণ সমর্থন জানাবো। এখানে এই বিধানসভার সদস্য হিসাবে বাংলাদেশের মানুষের যেসব সমস্যা সুষ্ঠুরূপে সমাধান করতে যাবেন তাকে নিশ্চয় সমর্থন জানাব ব্যারিষ্টার হই আর উকিল হই। আজকে মাননীয় সহকারী নেতা যা বললেন তা আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থার যন্ত্র হিসাবে ব্যবহৃত তিনটি—মিলিটারী, পুলিশ এবং আদালত এবং এরা হল শোষণকে কায়েম রাখার যন্ত্র। তারা এমন আইন রচনা করে যে আইন মানুষকে নিষ্পেষিত ও নির্যাতিত হয় এবং তাদের সেই শোষণকে কায়েম রাখার জন্য এই আইনের প্রয়োগের যে যন্ত্র ওই বিচারালয় রেখেছেন যেখানে বিচারপতিরা আইনের ব্যাখ্যা করে মানুষ যাতে প্রতিবাদ করতে না পারে, তাদের দাবী আদায় না করতে পারে সেই জন্য প্রয়োগ করার জন্য বিচারপতিরা যে রায় দেন তা থেকে গরীব লোকেরা বিচার পায় না অধিকাংশ বিচারালয়ে এ্যাডমিনিস্ট্রেশন অফ জাসটিস হয় না সেল অফ জাসটিস হয়। যাদের পয়সা আছে তারা সেখানে আইনজ্ঞ নিয়োগ করে একের পর এক মামলা এ্যাপিলের পর এ্যাপিল করে গরীব লোকদের হয়রান করে। গরীব লোকেরা লড়তে পারে না। সুপ্রীম কোর্টে যাওয়া দূরের কথা। আমি দেখছি সমস্ত বিচারালয়ের আইন ত্রুটিপূর্ণ, বিধি ত্রুটিপূর্ণ। বিচার যদি দিতে হয় তাহলে সেখানে আইন পরিবর্তন করতে হবে এবং এই আইনের প্রয়োগ পদ্ধতিরও পরিবর্তন করতে হবে। কারণ এই আইনে সাধারণ মানুষের কোন রকম সুরাহা নেই। সেজন্য আমাদের বিভিন্ন যে কোর্টস্ আছে, বিচারালয় আছে, সেগুলি সম্বন্ধে দৃষ্টিভঙ্গী কি হবে? না, আইনসুলভ দ্রুত নিষ্পত্তি যাতে হয় এবং যাতে একই ধরনের হয় সেই ব্যবস্থা করতে হবে। স্যার, আমরা দেখেছি যে, এখানে যে আইন রয়েছে, সেই আইনে আলিপুর কোর্টে কোর্ট ফি চালু আছে, সিটি সিভিল কোর্টে চালু আছে কিন্তু হাই কোর্টের আদিম বিভাগে এই কোর্ট ফি চালু নেই। সেখানে ১০ হাজার টাকা পর্যন্ত সিটি সিভিল কোর্টে রয়েছে, তার এক্তিয়ার ৫০ হাজার টাকা করা হচ্ছে, তাতে যারা গরীবলোক তাদের পক্ষে কিন্তু আমরা কোর্ট ফিস্ ফ্রি করে দিলাম না। আমরা যুক্তফ্রন্টের কাছ থেকে এটা আশা করি যে, গরীবলোক মামলা করতে গেলে মামলার উপরে মাসুল না চাপে, তার উপরে কোন পারমিশন দিতে না হয়। নিচের তলার মানুষ যাতে বিনা কোর্ট ফিতে মামলা করতে পারেন, সেটা আলিপুর হোক বা সিটি সিভিল কোর্টই হোক বা হাই কোর্ট হোক। উপর তলার মানুষকে সেখানে কোর্ট ফি দিতে বাধ্য করা এবং দরকার হলে রিভাইজড স্কেলেতে কোর্ট ফি করা, বর্ধিত হারেও তার ব্যবস্থা করা, সেদিক থেকে গরীব লোকের ওপর থেকে ২৫ হাজার টাকা পর্যন্ত যদি করে দিতাম এবং তার উপর যদি সমস্ত জায়গায় থ্রুআউট দি স্টেট এটা ইউনিফরমলি চালু রাখতাম তাহলে নির্যাতিত লোকের যারা পয়সার অভাবে নালিশ-মোকদ্দমা করতে পারে না তাদের আদালতের দুয়ারে যাওয়া সম্ভব হত। কিন্তু এখানে আমরা কি দেখছি? এক মদ, এক বোতল থেকে আর এক বোতলে রাখলে পরে তার গুণগত পার্থক্য কিছু বদলায় না। সেটা একই থেকে যায়। অর্থাৎ ঐ যে লোক, যে বিচারপ্রার্থী তাঁকে আমরা হাই কোর্টে না নিয়ে যদি সিটি সিভিল কোর্টে নিয়ে যাই তাহলে কিন্তু ঐ আইনটা না পাল্টিয়ে যে আইনে সে কোনরকম বিচার পাচ্ছে না, সেই আইনের ব্যাখ্যা একইভাবে হবে। সিটি সিভিল কোর্টের জাজরা যা করবেন, হাই কোর্টের

জাজরাও তাই করবেন এবং আলিপুর কোর্টের জাজরাও তাই করবেন। সেখানে তার বিচার নেই। তাকে বরঞ্চ সিটি সিভিল কোর্টে গিয়ে—যেখানে কোর্ট ফি দিতে হচ্ছিল না তাকে আরে সেটা দিতে হবে এবং ৫০ হাজার টাকার যেখানে মামলা সেখানে ৩ হাজার টাকা পর্যন্ত কোর্ট যি দিতে হবে। ৩ হাজার টাকা পর্যন্ত একপ্রস্ত কোর্ট ফি দিলেন তার পর উকীলবাবুদের খরচ দিলেন। তারপর সেখান থেকে অ্যাপীল হবে। তখন মামলার যে ৩ হাজার টাকা দিয়েছেন অনুরূপ হারে টাকা দিয়ে অ্যাপীল করতে হবে এবং অ্যাপীলে দুইবাব করে কোর্ট ফি লাগবে। তারপর পয়সার অভাবে সেখানে অধিকাংশ ক্ষেত্রেই মামলা করতে পারবে না। তারপর আবার অ্যাপীলের পর অ্যাপীল করতে হবে এবং এইভাবে হয়রানি হতে হবে। আর একদিকে আমরা দেখি যে রিভিশন যেগুলি হবে সেগুলির ক্ষেত্রে হাই কোর্টের বিচারকরা রিভিশন করলেন। সমস্ত দপ্তর এখান থেকে হাই কোর্টে চলে গেল। তারপর ৩।৪ বছর সেখানে আটকে রইল এবং পরে আবার ফিরে এল। আবার তার উপর রায় হল, আবার হাই কোর্টে রিভিশন হল এইভাবে মামলা বিলম্বিত হয়ে যাবে এবং সাথে সাথে হয়রানিও হবে। আর যে হাই কোর্ট এড়াবার জন্য ব্যবস্থা করা হচ্ছে সেই হাই কোর্টে পর্যন্ত বারে বারে যেতে হবে। এদিক থেকে আমাদের সামগ্রিক দৃষ্টিভঙ্গী কি হওয়া উচিৎ? স্যার, আমাদের সামগ্রিক দৃষ্টিভঙ্গী এই হওয়া উচিৎ যে, সমস্ত পশ্চিমবঙ্গ রাজ্যে গরীব লোকের জন্য কোর্ট ফি একটা নির্দিষ্ট জায়গা পর্যন্ত মুক্ত করে দিলাম যে, তারা বিনা কোর্ট ফিতে নালিশ করতে পারবে। ধরুন ২৫ হাজার টাকা পর্যন্ত। তারপর কোর্ট ফি আমরা ইমপোজ করে দিলাম রিভাইসড স্কেলেতে যেখানে প্রত্যেক লোকের কোর্ট ফি দিতে হবে। আজকে কি হচ্ছে? এই বিলেতে ৫০ হাজার টাকার উপরেতে, ৬০ হাজার টাকা, ১ লাখ টাকা, ২ লাখ টাকা, ১ কোটির উপর নালিশ হাই কোর্টে চলবে কোর্ট ফি না দিয়ে আর ১১ হাজার টাকার নালিশ সিটি সিভিল কোর্টে করতে গেলে তাদের সেখানে কোর্ট ফি দিতে হবে। অতএব এটা না করে যদি সমহারে অর্থাৎ একটা লেভেল পর্যন্ত কোর্ট ফি ফ্রি করে দিয়ে, তার উপরে সমস্ত জায়গায় থ্রুআউট দি স্টেট এই কোর্ট ফি ফ্রি করে দিন, রিভাইজড স্কেল করে দিন, যাতে করে বড় লোকেরা বেশী পয়সায় নালিশ করে হয়রানি না করতে পারে, আর গরীব লোকের সেখানে সুবিচারের জন্য কেঁদে কেঁদে বেড়াতে হয় না। স্যার, আর একটা ব্যাপার হচ্ছে যে, এখানে আমাদের অ্যাপীল জমা দেবার প্রশ্ন আছে। সিটি সিভিল কোর্টের অ্যাপীলটা হাই কোর্টে যাচ্ছে। স্যার, হাই কোর্টে অ্যাপীলেট সাইড অনেক রয়েছে। ৪০ হাজার, ৫০ হাজার অ্যাপীল হয়েছে। আবার ৫০ হাজার টাকার মামলা করে হলো কি? না, সেখান থেকে অ্যাপীল হয়ে আবার হাই কোর্টে আসবে। হাই কোর্টের বিচারপতিদের সংখ্যা কমান যাবে না। সিটি সিভিল কোর্টে আমাদের ক্যাপিটাল এক্সপেন্ডিচার, রেভিনিউ এক্স-পেন্ডিচার দুটোই বাড়াতে হবে এবং সেখানে লোকের ব্যবস্থা করতে হবে। কমপক্ষে লক্ষ লক্ষ, এক কোটি টাকা লাগবে, সিটি সিভিল কোর্টে এই মামলার ব্যবস্থা করার জন্য। এটাতে হাই কোর্টের রেভিনিউ ফল হয়ে যাবে, অ্যাপীলেট সাইডের লোক সেখানে রয়ে গেল। হাই কোর্টের অরিজিন্যাল সাইড কয়েকজন মামলা শোনেন ৪।৫ জন তাদের বছরে দেড় লাখ টাকা খরচ হয়। সেদিক থেকে সিটি সিভিল কোর্টে আড়াই লাখ টাকা খরচ হয়।

[6-55—7-05 p.m.]

যদি একই রকমের আমাদের প্রয়োগ পদ্ধতি হয় তাহলে পরে আমরা সিভিল কোর্টকে ডিস্ট্রিক্ট কোর্ট করি না কেন। সেখানে মুনসেফ নিয়ে আসি, সাব জজ নিয়ে আসি, তাহলে পরে আমরা আরো কম বেতনে বিচারপতি দিয়ে সেই মামলা করতে পারি। যদি আলিপুর কোর্টের সাব জজের আনলিমিটেড পাওয়ার থাকে এবং সেখানকার ডিস্ট্রিক্ট জজেরা যদি আপীল শুনতে পারেন তাহলে সেই লিমিটটা বাড়িয়ে দিই যে আলিপুর কোর্টে ডিস্ট্রিক্ট জজেরা ৫০ হাজার টাকা পর্যন্ত আপীল শুনুন এবং সেখানে সিটি সিভিল কোর্টকে ক্যালকাটার ডিস্ট্রিক্ট কোর্ট করুন, সেখানে মুনসেফ রাখুন, সাব জজ রাখুন এবং সেখান থেকে ৫০ হাজার টাকার উপর যে আপীলগুলি সেই আপীলগুলি হাই কোর্টে যাক এবং নীচেরগুলি সিটি সিভিল কোর্ট হোক। আমি কতকগুলি সাজেসন রাখছি আইনমন্ত্রির কাছে যে এইভাবে জিনিসগুলি করলে পর একই পদ্ধতিতে সব জিনিসগুলি করা যায়, কেন না সেখানে একই রকম হয়েছে। এখন হাইকোর্টের সিভিল জজরা সেখানে ৫ হাজার টাকা পর্যন্ত মামলাগুলি শুনছেন, ৫০ হাজার টাকা পর্যন্ত

করে দিলে একইভাবে হবে। আলিপুর থেকে সেখানকার ডিস্ট্রিক্ট জজ ৫০ হাজার টাকা পর্যন্ত করলাম, তার ফলে আপীল হাই কোর্টে আসবে, এইভাবে যদি জিনিসগুলি করা যায় তাতে মামলার কনজেসসন কম হবে এবং লিটিগান্টদেরও একটা চয়েস থাকবে যেখানে খুসী মামলা করবার। আমরা যে সিটি সিভিল কোর্টের আইনের কথা বলি, সেখানে বোম্বে এবং গ্রেটার বোম্বে............

**শ্রীঅমলেন্দুলাল রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, এখানে কিভাবে মিটিং হচ্ছে দেখুন প্রেসিডেন্ট ঠিক করার জন্য, ও'রা কি শুনছেন?

**Mr. Deputy Speaker:** I do not know what discussion is going on there but I would request Dr. Sanyal not to make any such discussion as it does not look well.

**শ্রীসমরকুমার রুদ্র:** গ্রেটার বোম্বে সেখানকার সিটি সিভিল কোর্ট-এ গ্রেটার বোম্বের প্রতি সেখানে হাই কোর্টের অরিজিনাল জুরিসডিকসন এক্সটেন্ড করে দেয়া হয়েছে, সিটি সিভিল কোর্টে ৫০ হাজার টাকা পর্যন্ত আছে। কিন্তু আমরা সেই সাম্রাজ্যবাদী ঐতিহ্য নিয়ে পড়ে আছি রেসট্রিকটেড স্কেলের মধ্যে অরিজিনাল সাইডকে রেখে। আমাদের এক হাই কোর্টের অরিজিনাল সাইড তুলে দেয়া উচিত যে কোন প্রয়োজন নেই, অ্যাপীলেট কোর্ট হিসাবে রইল এবং সিটি সিভিল কোর্টে থেকে তাদের ডিস্ট্রিক্ট কোর্টে নিয়ে এসে হাই কোর্টে নিয়ে আসা হল। এটা হল কি? এটা ৫০ হাজার টাকার উপর পর্যন্ত করে দিয়ে হাই কোর্টে কোর্ট ফি ফ্রি রেখে দিয়ে বড়লোকদের চাপ দিলাম না। আর মামলা দ্রুত নিষ্পত্তি করার জন্য কলকাতা হাই কোর্টে রিজিওনাল ল্যাংগয়েজ কেন ইনট্রোডিউসড হবে না, সেখানে বাংলাভাষা চালু হবে না কেন? আলিপুর কোর্টে যদি বাংলাভাষা চলে, সব জায়গায় যদি চলে বাংলাভাষা তাহলে হাই কোর্টেও বাংলাভাষা চালু করা উচিত। সেখানে বাংলাভাষা বোঝেন বিচারপতিরা, ব্যবহারজীবীরা এবং বিচার প্রার্থীরা অথচ সেখানে ইংরাজী ভাষা রেখেছেন ইনটারপ্রিটার, ট্রান্সলেটর, দলীলপত্র ট্রান্সলেসন করা ইত্যাদি করতে বহু বিলম্ব হয় এবং অযথা অর্থ ব্যয় এবং হয়রানি হয়। কাজেই সেখানে রিজিওনাল ল্যাংগয়েজ ইনট্রোডিউস করা উচিত। আর এখানে গাউন পরার একটা প্রথা আছে অনাবশ্যকভাবে, অথচ শুধু কাল কোট পরে করলে সেটা এইভাবে হতে পারে। আজকে ডিসক্রিমিনেসনের কথা বল্লেন আইনমন্ত্রিমহাশয় অ্যাডভোকেটস অ্যাক্ট অনুযায়ী কিন্তু সেই ডিসক্রিমিনেসন না রাখলেই চলে। আমি সংবাদ পেয়েছি কলকাতা হাই কোর্টের ফুল বেঞ্চ একটা সিদ্ধান্ত নিয়েছেন যে সেখানে হাই কোর্টের আদিম বিভাগ এবং আপীল বিভাগ দুই বিভাগে সমস্ত ব্যবহারজীবীরা য়্যাক্ট য়্যান্ড প্লীড দুই করতে পারবেন এবং অচিরে তাঁরা গেজেট নোটিফিকেসন করে রুলগুলি পরিবর্তন করে দিচ্ছেন। সমস্ত রকম ব্যবহারজীবী সব কোর্টে তাঁদের প্রাকটিস করার অধিকার থাকা দরকার—য়্যাক্ট য়্যান্ড প্লীড এভরিহোয়্যার। আলিপুর কোর্ট, সিটি সিভিল কোর্ট, হাই কোর্ট-এর অরিজিনাল সাইড, আপীলেট সাইড, সুপ্রীম কোর্ট সব জায়গায় উইদাউট ডিসক্রিমিনেসন মোক্তার হন, উকিল হন, য়্যাডভোকেট হন, অ্যাটর্ণী হন, ব্যারিষ্টার হন সেখানে কোন পার্থক্য থাকা উচিত নয়। সেদিক থেকে সকলকে সুযোগ দেওয়া উচিত—প্রাকটিসনারদের প্রাকটিস করার জন্য, লিটিগ্যান্টসদেরও সুযোগ দেওয়া উচিত, টু হ্যাভ দেয়ার চয়েস। অর্থাৎ সে আলিপুর কোর্টেও করতে পারে, সিটি সিভিল কোর্টেও করতে পারে, হাই কোর্টেও করতে পারে। একই রকম অবস্থায় যাতে কোন শোষণ না চলে এবং ফোর্সিবেল ফিডিং আর না হয়, কাউকে বাধ্য করা না হয় এক একটা আদালতে যেতে, বিশেষ একটা আদালতে যেতে, বিশেষ কোন রকম শ্রেণীর ব্যবহারজীবীদের কাছে গিয়ে মাথা মোড়াতে তার জন্য এই আইনকে বিশেষভাবে ঢেলে পরিবর্তন করা দরকার। এইভাবে যাতে সকলকে ক্যাশ জাসটিস দেওয়া যায় তা দেখা উচিত। এই সমস্ত বিচারালয়ে দেখেছি এখানকার যুক্তফ্রন্ট সরকার বিভিন্ন যেসমস্ত আইন পাশ করছেন তা ঐ সমস্ত আদালতে গিয়ে এক একটা ইনজাংসান জারি করে প্রশাসনিক ব্যবস্থাকে অচল করা হচ্ছে। এখানে এই আইনে আইনমন্ত্রী যেসমস্ত বিধান রেখেছেন তার অনেক বিধানই হাই কোর্টের এক্তিয়ারের মধ্যে রাখলেন কেন? এখনও ডিসক্রিমিনেটরি হাই কোর্টে হবে, কোম্পানী হাই কোর্টে হবে, ব্যাংকিং হাই কোর্টে হবে এবং

অন্যান্য অনেক জিনিস হাই কোর্টের মধ্যে রেখেছেন যার কোন দরকার নেই। এখন সিটি সিভিল কোর্টে যেখানে ১০ হাজার টাকা থেকে ৫০ হাজার টাকা করছেন তখন সেখানে অ্যাপীল শোনান ৫০ হাজার পর্যন্ত। ঐ ডিষ্ট্রিক্ট জাজ আলিপুর কোর্টে তিনিই যা ১৫ হাজার পর্যন্ত আপিল শুনবেন কেন এবং তাঁরই বা ৫০ হাজার পর্যন্ত আপীল শুনবার ক্ষমতা থাকবে না কেন? ইউনিফরমিটি ইন প্রোসিডিওর এ্যান্ড ইন লেজিসলেচার করতে গেলে সামগ্রিকভাবে সেই সমস্তগুলি দেখা দরকার। আর একটি বিষয় এই আইনের ফলে প্রায় কয়েক হাজার সলিসিটার এমপ্লয়ি বেকার হয়ে যাবেন। আমরা একটু আগেই ট্রেড ইউনিয়ন এ্যামেন্ডমেন্ট বিল পাশ করলাম এবং সেই এ্যামেন্ডিং বিলে আমরা সলিসিটার এমপ্লয়িদের ইনডাষ্ট্রির মধ্যে আনলাম, তা যদি আনি এবং তারপর যদি এই আপীলগুলোকে তুলে দিই তাহলে ইনডাষ্ট্রির মধ্যে রাখা একটা প্রহসনে পরিণত হবে।

**শ্রী এ. কে, এম, ইসাকঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার। আমি একটা কথা জানতে চাই, তিনি কি এই বিলকে স্টল করার জন্য বক্তৃতা করছেন, কেন না একই জিনিস তিনি রিপিট করছেন এবং অনেকক্ষণ ধরে একই জিনিস তিনি কনটিনিউ করছেন। অতএব আমরা কি বুঝবো যে উনি এটা স্টল করবার জন্য চেষ্টা করছেন?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** হি ইজ স্পিকিং ইন সাপোর্ট অব দি বিল।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** আমি আইনমন্ত্রীর কাছে আবেদন করছি যে কয়েক হাজার কর্মচারী যারা বেকার হয়ে যাবে তারা একটু আগে আমাদের এখানে এসেছিল।

**Shri Siddhartha Shankar Ray:** His arguments remind me of the famous lawyer who put forward arguments in favour of the respondent thinking that they were the arguments in favour of his client.

**Shri Samar Kumar Rudra:** I draw the attention of the Government to bring a comprehensive bill in future to redress all these grievances.

এই কর্মচারীরা বহুদিন পরে যেসমস্ত কাজ করে আসছেন আজকে সেই কাজ থেকে তাদের সরিয়ে দিলে অন্য বিকল্প কাজে তারা নিজেদের খাপ খাইয়ে নিতে পারবেন না। উকিলের মুহুরীরা কোর্ট ক্লার্ক হতে পারবেন, কিন্তু যারা খাতা লেখেন হিসাব করেন টাইপবাবু, ষ্টেনোগ্রাফার ইত্যাদিরা সব বেকার হয়ে যাবে। আইনমন্ত্রী, পরিষদীয় মন্ত্রী এবং শ্রমমন্ত্রী তাদের আশ্বাস দিয়েছেন এই আইনের ফলে যদি ৮ হাজার কর্মচারী বেকার হয় তাহলে তার ব্যবস্থা আইনমন্ত্রী করবেন। কারণ যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি হচ্ছে কাউকে বেকার না করা। কয়েকজনের উপকার করতে গিয়ে যদি হাজার হাজার লোকের উপর আঘাত আসে তাহলে আইনমন্ত্রী হিসাবে সেটা দেখবেন এই আশা আমরা রাখি এবং আরো সামগ্রিক বিল আনবার জন্য তাঁকে অনুরোধ করবো যাতে বিচার সুলভ ও দ্রুত হয়—একই ধরনের হয় এবং নির্যাতিত মানুষ যাতে কোর্টে কোর্টে মাথা খুঁড়ে না মরতে পারেন সেটা তিনি দেখবেন এবং যাতে বিচার কিনতে না হয় সেই দুর্গতি থেকে তাদের মুক্ত করবেন।

### Adjournment

The House was adjourned at 7-5 p.m. till 1 p.m. on Thursday, the 11th September 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 11th September, 1969, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 15 Ministers, 2 Ministers of State and 191 Members.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1-00—1-10]

### জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণ

*835. (Admitted question No. *2606.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলঢাকা প্রকল্পে পাহাড়ের গায়ে পাওয়ার হাউস বসাবার জন্য কোন্ ঠিকাদার কোম্পানীকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছিল,

(খ) উক্ত ঠিকাদারকে উক্ত কাজের জন্য মোট কত টাকা দেওয়া হইয়াছিল; এবং

(গ) উক্ত কোম্পানীর কাজ ও লেনদেন সম্পর্কে কোন অভিযোগ ছিল কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) ৯নং ব্রাবোর্ন রোড, কলিকাতা-১এ অবস্থিত মেসার্স হিন্দ কনস্ট্রাকশন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কোং লিমিটেডকে।

(খ) ৩৭ লক্ষ ৩৮ হাজার টাকা।

(গ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের দিক হইতে কোন অভিযোগ ছিল না। তবে পশ্চিমবঙ্গ বিধানমণ্ডলী কর্তৃক নিয়োজিত এস্টিমেট কমিটি তাহাদের ১৯৬৩-৬৪ সালের রিপোর্টে এবং পাবলিক অ্যাকাউন্টস কমিটি তাহাদের ১৯৬৫ সালের অডিট রিপোর্টে এ সম্পর্কে আপত্তি তুলিয়াছিলেন।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মন্ত্রিমহাশয় বলেছেন অডিট রিপোর্টে এবং এস্টিমেট কমিটিতে আপত্তি উঠেছে- কি ধরনের আপত্তি উঠেছে বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আপনাদের সকলের কাছে সেই রিপোর্ট চলে গেছে। কাজেই মাননীয় সদস্যরা তা থেকে নিশ্চয়ই দেখে নিতে পারবেন।

**শ্রীনিতাইপদ সরকারঃ** ঐ সম্পর্কে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা অর্থাৎ অভিযুক্তদের বিরুদ্ধে যে অভিযোগ রয়েছে সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** হ্যাঁ।

**শ্রীনিতাইপদ সরকারঃ** কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** একটি তদন্ত কমিটি করা হয়েছে, তাদের রিপোর্ট দাখিল করলেই দেখা যাবে।

**শ্রীনিতাইপদ সরকার:** কতদিনের মধ্যে এই তদন্ত কমিটির রিপোর্ট পাওয়া যাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ১৯৬৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে রিপোর্ট দাখিল করতে বলেছি।

**শ্রীনিতাইপদ সরকার:** ইহা কি সত্য ঐ হিন্দ কনস্ট্রাকশন সফট রকের কাজ করে হার্ড রকের দাম নিয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্য যিনি এই প্রশ্ন দিয়েছিলেন তিনি এই টেকনিক্যাল প্রশ্ন রাখেন নি। কাজেই এর উত্তর দেয়া যাবে না।

**শ্রীনিতাইপদ সরকার:** এটা কি সত্য যে একজন অভিযুক্ত অফিসার প্রমোশন পেয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মিঃ স্পীকার, যে কোশ্চেন করা হয়েছে তার সঙ্গে এর রেলেভেন্সী কোথায়? যে প্রশ্ন করেছেন তার ক্লারিফিকেসন চান।

**শ্রীঅহীন্দ্র মিশ্র:** মন্ত্রিমহাশয় বললেন একটি তদন্ত কমিটি নিযুক্ত হয়েছে আমার প্রশ্ন হচ্ছে সেই নিযুক্ত কমিটি কার নেতৃত্বে গঠিত হয়েছে।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা নেতৃত্বে গঠিত হয় না, এটা হয় সভাপতিত্বে। ঐ কমিটির সভাপতি হচ্ছেন এস. এন. ব্যানার্জী--তিনি নেতৃত্বে করতে পারেন।

### গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই পাওয়ার স্টেশন

***940.** (Admitted question No. 2607.)

**শ্রীনিতাইপদ সরকার:** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই পাওয়ার স্টেশন কোন সালে সরকার গ্রহণ করেন;

(খ) উক্ত সময়ে উক্ত কোম্পানীর উৎপাদনক্ষমতা কত মেগাওয়াট ছিল; এবং

(গ) বর্তমানে উক্ত কোম্পানীর উৎপাদনক্ষমতা কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) ১লা সেপ্টেম্বর ১৯৬১।

(খ) ২০ মেগাওয়াট।

(গ) ১৫ মেগাওয়াট।

**শ্রীনিতাইপদ সরকার:** মন্ত্রিমহাশয় বলেছেন যখন থেকে গ্রহণ করা হয়েছে তখন থেকে বর্তমানে উৎপাদন সেখানে ৫ মেগাওয়াট কমে গিয়েছে, তার কারণ কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কমেছে বলা হয়নি. ৫ মেগাওয়াট কম নেওয়া হচ্ছে কেন না আমাদের ব্যাণ্ডেল পাওয়ার স্টেশন যখন থেকে কাজ আরম্ভ করেছিল, তারপর এদের কাছ থেকে এতটা নেওয়ার কোন প্রয়োজন নাই, নিতে গেলে উৎপাদন ব্যয় অনেক বেশী, সেই কারণে এখান থেকে কম নেওয়া হচ্ছে।

### জলঢাকা বিদ্যুৎ প্রকল্প

***943.** (Admitted question No. *2752.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান** এবং **শ্রীসুরেশচন্দ্র সিংহ:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১০ই জুলাই, ১৯৬৯ হইতে জলঢাকা বিদ্যুৎ প্রকল্পটি বন্ধ থাকার দরুণ বিদ্যুৎ সরবরাহের অভাবে উত্তরবঙ্গের বহু স্থান অন্ধকার আছে;

(খ) অবগত থাকিলে, জলঢাকা বিদ্যুৎ প্রকল্পটি বন্ধ হওয়ার কারণ কি; এবং

(গ) উত্তরবঙ্গে বিদ্যুৎ সরবরাহের জন্য সরকার বর্তমানে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** হ্যাঁ, অবগত আছেন;

(খ) এই বৎসরে জুন মাসের প্রথম দিকে প্রবল বর্ষণে জলঢাকা বিদ্যুৎ কেন্দ্রে ইনটেক টানেলে জলের গতি নিয়ন্ত্রণকারী কফার ড্যামটি নিশ্চিহ্ন হইয়া যায়; আলগা বালি, কাদা, পাথর, গাছ-গাছড়া ও কাঠের কুচি ইত্যাদি আবর্জনা প্রচুর পরিমাণে ইনটেকের মধ্য দিয়া টানেলে প্রবেশ করে। প্রয়োজনীয় পরিস্কার ও মেরামত করার জন্য স্টেশনটি বন্ধ রাখিতে হয়।

(গ) অবস্থার মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গস্থ বিদ্যুৎ পর্ষদ অতিরিক্ত খরচে উত্তরবঙ্গের সমস্ত ডিজেল ইঞ্জিনগুলি চালু করিয়াছে, ডিজেল জেনারেশনের পরিমাণ বর্ধিত করার জন্য বিদ্যুৎ পর্ষদ আরও চারটি মাঝারি ধরনের ডিজেল জেনারেটিং সেট সংগ্রহ ও চালু করার ব্যবস্থা করিতেছে।

**শ্রীজনরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি শিলিগুড়ি জলপাইগুড়ি এবং অনেক জায়গায় বিদ্যুৎ সরবরাহের অভাবে বহু শিল্প এবং দোকানপাট বন্ধ হয়ে আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তা জানি, একেবারে বন্ধ হয়নি আংশিক বন্ধ রাখা হয়েছে।

**শ্রীজনরেন্দ্রনাথ রায় প্রধান:** এই এলাকার বহু অংশে শিল্পের মালিক তাদের শিল্প অন্যত্র সরিয়ে নেবার জন্য চেষ্টা করছে বিদ্যুৎ না পাওয়া যাওয়ায়, সরকার প্রতিশ্রুতি দেওয়ার পরও একই অবস্থা, ইতিমধ্যে দু মাস হয়ে গেল, যার ফলে এই এলাকায় হতাশার সৃষ্টি হয়েছে এবং এই এলাকার শিল্প এখন বন্ধ হওয়ার মুখে, এটা জানেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা আমি এখানে জানাতে পারি যে সম্প্রতি ৫ই এবং ৬ই সেপ্টেম্বর জলপাইগুড়ি এবং শিলিগুড়ির অফিসারদের নিয়ে, আমাদের সরকারী বিভিন্ন পর্যায়ের অফিসারদের নিয়ে এবং বিদ্যুৎ পর্ষদের অফিসারদের নিয়ে মিটিং করেছি, এবং আমাদের ইউ এফ-এর নেতৃবর্গও আলাদা আলাদা করে দু জায়গায়ই আমার সঙ্গে দেখা করেছে।

**শ্রীসাধন গুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন জলঢাকা প্রকল্প এইভাবে নষ্ট হয়ে যেয়ে বন্ধ হয়ে থাকায় কত কিলোওয়াট ঘাটতি পড়েছে এবং ডিজেলগুলি চালু হওয়ায় কতখানি পূরণ করা সম্ভব হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এর আগে এই হাউসে শুনেছেন মোট প্রায় ৯ মেগাওয়াট জলঢাকা উৎপাদন করে, তার মধ্যে সাড়ে ৬ মেগাওয়াট এখন আর সরবরাহ করা যাচ্ছে না, যে ডিজেল ইঞ্জিনের উল্লেখ করলেন তা দ্বারা আড়াই মেগাওয়াট সরবরাহ করতে পারছি।

**শ্রীসাধন গুপ্ত:** এই ইনটেক চ্যানেল খারাপের জন্য কফার ড্যাম মেরামতের চেষ্টা হচ্ছে বা হবে কি অদূর ভবিষ্যতে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মেরামতের কাজ প্রায় শেষও হয়ে গেছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আপনি বলেছেন যে জলঢাকা বিদ্যুৎ প্রকল্প বন্ধ হয়েছিল। তার কারণ নির্মাণ কার্যের ত্রুটির জন্য এই অবস্থা সৃষ্টি হয়েছিল, না অন্য কোন কারণের জন্য এই অবস্থা সৃষ্টি হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ থেকে এ প্রশ্ন ওঠে না।

**শ্রীনবদুর্গা মন্ডল:** এই জলঢাকা প্রকল্প আবার কবে চালু করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** অক্টোবরের প্রথম ভাগ থেকে আবার চালু করা হবে।

**শ্রীনবদুর্গা মন্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এবার চালু হলে আবার কোন দিন ঐ অবস্থায় আসতে পারে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বিশ্ব দুনিয়ায় এমন কিছু নাই যা অমর অক্ষয়—এটা তো বাস্তব জিনিস। আবার খারাপ হবে না এমন কথা বলা যায় না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এখন ডিজেল ইঞ্জিন দিয়ে যা বিদ্যুৎ হচ্ছে এটা ফর সর্ট অব দি প্রিভিয়াস প্রোডাকশন অব দি ইলেকট্রিসিটি। এখন এইভাবে কি চিন্তা করা যায় না যে আসাম থেকে খানিকটা বিদ্যুৎ নিয়ে এসে আমাদের অভাব পূরণ করার ব্যাপারে।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ইতিমধ্যেই তাদের সঙ্গে আমাদের একটা চুক্তি হয়ে গেছে, কিছু পরিমাণ তারা দেবে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** আপনি বলেছেন অতি বর্ষণের ফলে এটা বন্ধ হয়েছে। অতি বর্ষণ তো মাঝে মাঝে হবে, তাহলে এটাও কি মাঝে মাঝে বন্ধ হয়ে যাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** প্রকৃতি দেবীর সঙ্গে বোঝাপড়ার চুক্তিতে আসতে হবে, তা ছাড়া কোন উপায় নাই। কারণ প্রকৃতির খেলার উপর নির্ভর করছে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** প্রকৃতি দেবীকে কি কন্ট্রোল করা সম্ভব নয়?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সব জায়গায় পারা যাবে না। এই জায়গায় পারা যাবে কিনা তার জন্য তিনজন এক্সপার্ট রাখা হয়েছে—এই তিনজন ভারত বিখ্যাত এক্সপার্ট এবং তার ভেতর একজন বিশ্ববিখ্যাত এক্সপার্ট আছেন। তাঁরা এসে রোগী দেখে ঔষধের ব্যবস্থা করে দেখবেন যে রোগীকে ভাল করা যায় কিনা?

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় অতিরিক্ত ব্যবস্থা হিসাবে উত্তরবঙ্গে কোথাও তাপ বিদ্যুৎ প্রকল্প স্থাপন করা যায় কিনা সে বিষয়ে চিন্তা করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সম্প্রতি আমি উত্তরবঙ্গ ঘুরে এসেছি এবং এই বিষয়ে একটু গভীরভাবে ভেবে দেখতে হবে। যদিও আমি নন-টেকনিকালম্যান, তবুও আমাকে গভীরভাবে ভাবতে হচ্ছে, কারণ এ ছাড়া আর কোন পথ দেখতে পাচ্ছি না।

### ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্র

***954. (Admitted question No. *2938.)**

**শ্রীনিতাইপদ সরকারঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ব্যাণ্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রে বর্তমানে দুইটি "আশপণ্ডে" প্রচুর ছাই জমিয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত ছাই সরাইবার জন্য কোন্ কোন্ ঠিকাদার কোম্পানীকে কত টাকার কন্ট্রাক্ট দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত ছাই হইতে অন্য কোন বাই-প্রোডাক্ট তৈরি করা হয় কিনা?

[1-10—1-20 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের দুইটি অ্যাশপণ্ডের ছোটটিতে ছাই জমিয়া গিয়াছে, বড়টি চালু আছে।

(খ) মেসার্স তীরথ সিংকে ৭ লক্ষ ৪২ হাজার টাকার কন্ট্রাক্ট দেওয়া হইয়াছে।

(গ) না। এখনও পর্যন্ত আমাদের জানা নাই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ সাইটে অ্যাস ব্রিক বলে বাই-প্রোডাক্ট তৈরী করার সম্ভাবনা আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এর উত্তর আমি 'গ'-তে বলে দিয়েছি, আর নূতন কিছু বলার নেই।

**শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি যে ব্যাণ্ডেল পাওয়ার স্টেশন তার নিয়মিত উৎপাদন দিচ্ছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না, এখন দিতে পারছে না, যা টোটাল ক্যাপাসিটি তার থেকে কম দিচ্ছে।

**শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** কত কম দিচ্ছে এবং কেন দিচ্ছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটা মোটামুটি ৩৬০ মেগাওয়াট দিতে পারে কিন্তু এখন দিচ্ছে ১৮০/১৮১ মেগাওয়াট।

## STARRED QUESTIONS

**(to which oral answers were given.)**

### Inaccessible villages in Kalimpong

***977.** (Admitted question No. *2536.) **Shri Padmalakshmi Subba:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) if it is a fact that two existing roads link Siliguri and Kalimpong are very uncertain during the Monsoon and that a number of remote villages in Kalimpong have remained inaccessible so far;

(b) if so, what steps, if any, the Government proposes to take to open an alternative road;

(c) whether the Government is considering the desirability of fulfilling the demand of the backward people of the villages concerned in Kalimpong by constructing road connecting the remote villages there; and

(d) if so, when?

**Shri Subodh Banerjee:** (a) Siliguri is connected with Kalimpong by the following three routes:—

(i) Siliguri-Teesta Bazar-Lachan Road Junction-Kalimpong.

(ii) Siliguri-Damdim-Algorah-Kalimpong.

(iii) Siliguri-Ghoom Pesok-Teesta Bazar-Lachan Road Junction-Kalimpong.

Like all hill roads, these roads are subject to occasional land-slides during the monsoon resulting in dislocation of traffic like many other rural areas some of the remote villages in Kalimpong area also remain inaccessible during the monsoon.

(b) There is at present no proposal for opening up of an alternative route from Siliguri to Kalimpong.

(c) Due to paucity of funds there is little scope of any new road being taken up during the Fourth Plan in the area.

(d) Does not arise in view of (c) above.

**Shri Padmalakshi Subba:** A few years back a survey was made to construct a new road linking Kalimpong to Bagrakot via several unexplored villages beyond the railway line. What made the Department concerned to abandon the idea of constructing the road

**Shri Subodh Banerjee:** Paucity of found was the main ground.

**Shri Padmalakshmi Subba:** Whether the Government is aware of the fact that pucca road as an access is more essential in hilly region than in plain?

**Shri Subodh Banerjee:** It is a matter of opinion.

### সংবাদপত্র মালিকের কারখানা আইনের বিভিন্ন ধারা লঙ্ঘন

*987. (Admitted question No. *2635.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের নিকট এমন কোন তথ্য আছে যাহাতে দেখা যায় যে, কোন্ কোন্ সংবাদপত্রের মালিকরা (১) কারখানা আইনের স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন ধারা ভঙ্গ করে চলেছেন, (২) বেতন বোর্ডের রায় চালু করেন নি, এবং (৩) গত বছরের ধর্মঘটকালীন প্রাপ্য টাকা শ্রমিক কর্মচারীদের আজও দেন নাই; এবং

(খ) যদি সরকারের তথ্য অনুযায়ী উপরোক্ত ঘটনাগুলি সত্য হয় তাহলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি, সেই সব সংবাদপত্রগুলির নাম কি এবং ঐ সব সংবাদপত্রের শ্রমিক, কর্মচারীদের স্বার্থ রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** (ক) (১) এই বিষয়ে একটি অভিযোগ সরকারের নিকট আসিয়াছে।

(২) তিনটি সংবাদপত্র সংস্থা অসাংবাদিক কর্মচারীদের জন্য নিযুক্ত বেতন বোর্ডের সুপারিশ কার্যকরী করেন নাই বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

(৩) অসাংবাদিক কর্মীদের ধর্মঘটকালীন কোন বেতন দেওয়া হয় নাই বলিয়া সংবাদ আছে।

(খ) স্বাস্থ্য সংক্রান্ত কারখানা আইন ভঙ্গের অভিযোগ আসিয়াছে 'দি স্টেটসম্যান' পত্রিকার বিরুদ্ধে। এই ব্যাপারে সরকারের কারখানা পরিদর্শক কারখানাটি পরিদর্শন করিয়াছেন এবং সমস্যাটি সম্পর্কে স্টেটসম্যান এমপ্লয়িজ ইউনিয়নের যুগ্ম সম্পাদকের সহিত আলোচনা করিয়াছেন। সীসা ধাতুজনিত বিষক্রিয়ার সম্ভাবনা দূর করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা যায় তাহা অনুসন্ধান করা হইতেছে।

'দি স্টেটসম্যান', 'আনন্দবাজার পত্রিকা' এবং 'দি হিন্দুস্থান স্ট্যান্ডার্ড'—এই তিনটি সংস্থা অসাংবাদিক কর্মচারীদের জন্য নিযুক্ত বেতন বোর্ডের রায় চালু করেন নাই। বিরোধটি জাতীয় ট্রাইবুনালের নিকট বিচারের জন্য পাঠান হইয়াছে। ট্রাইবুনালের রোয়েদাদ এখনও পাওয়া যায় নাই।

'দি স্টেটসম্যান', 'আনন্দবাজার পত্রিকা' এবং 'দি হিন্দুস্থান স্ট্যান্ডার্ড'—এই তিনটি পত্রিকার অসাংবাদিক কর্মীগণ তাহাদের জন্য নিযুক্ত বেতন বোর্ডের রায় চালু করার দাবীতে গত ২৩-৭-৬৮ তারিখ হইতে ১৯-৯-৬৮ তারিখ পর্যন্ত যে ধর্মঘট করিয়াছিলেন তাহাতে ঐ ধর্মঘটকালীন দিনগুলির জন তাহারা কোন বেতন পান নাই। কিন্তু এই ব্যাপারে এই পত্রিকাগুলির সহিত তাহাদের কর্মীদের মীমাংসাপত্র স্বাক্ষরিত হইয়াছে। মীমাংসাপত্র অনুসারে কর্মচারীদের কিছু বেতন অগ্রিম দেওয়া হইবে। এবং উহা কর্মচারীদের ভবিষ্যতের ছুটির বেতন হইতে কাটা হইবে।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত সংবাদপত্রের নাম করলেন সেগুলি সমস্ত বাংলাদেশের প্রথম শ্রেণীর সংবাদপত্র এবং তাঁরা যে এইভাবে সাংবাদিক, অন্যান্য কর্মচারী এবং শ্রমিকদের দাবি-দাওয়া পদদলিত করছেন তার বিরুদ্ধে সক্রিয়ভাবে শ্রম দপ্তর কোন ব্যবস্থা গ্রহণ করার কথা ভাবছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আপাততঃ এই প্রশ্ন আসে না এই জন্য যে ঐ যে ওয়েজ বোর্ডের অ্যাওয়ার্ড কার্যকরী করেন নি সেই সমস্ত প্রশ্নটা বর্তমান সরকার গঠিত হবার আগে নিশ্চয়ই ন্যাশনাল ট্রাইবুনালে রেফার্ড হয়েছে এবং ন্যাশনাল ট্রাইবুনালে যখন ব্যাপারটা অন্তর্ভুক্ত আছে তখন বর্তমানে কোন ব্যবস্থা অবলম্বন করা সম্ভবপর নয়।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** দৈনিক সাংবাদিক, কর্মচারী এবং শ্রমিকদের দাবি-দাওয়া যেখানে অগ্রাহ্য করা হচ্ছে সেখানে সরকার লক্ষ লক্ষ টাকার বিজ্ঞাপন এই সমস্ত কাগজকে দিয়ে থাকেন। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় সংশ্লিষ্ট সরকারী দপ্তরকে কি অনুরোধ জানাবেন এদের দাবি দাওয়া যতক্ষণ পর্যন্ত মেনে না নিচ্ছে ততক্ষণ পর্যন্ত এই সমস্ত লক্ষ লক্ষ টাকার বিজ্ঞাপন যেন এই সমস্ত সংবাদপত্রকে না দেওয়া হয়?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এই ব্যাপারে চিন্তা করে দেখা যাবে।

## Durgapur Projects Limited

**979.** (Admitted question No. *3066.) **Shrimati Ila Mitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the Durgapur Projects Limited have been incurring losses for the last five years; and

(b) (i) if so the amount of such losses since 1964 (year-wise) and (ii) the measures taken by the Government in this regard so as to make the Projects a profiteering concern?

[1-20—1-30 p.m.]

**Shri Sushil Kumar Dhara:** (a) During the last five years the Durgapur Projects Ltd. have been incurring losses for three years and profits for two years.

(b) (i)

| Year | | | (Rs. in lakhs) Profit/loss |
|---|---|---|---|
| 1964-65 | .. | (—) | 41.72 — Loss |
| 1965-66 | .. | (+) | 5.27 — Profit |
| 1966-67 | .. | (+) | 46.72 — Profit |
| 1967-68 | .. | (—) | 257.69 — Loss |
| 1968-69 | .. | (—) | 289.00 (approx.) — Loss |

(ii) The present policy of the U.F. Government is not to make any Government Project a profiteering concern, as profiteering means to make inordinate profits. But U.F. Government certainly wants to earn some profit and for which it is striving hard.

**শ্রীবিরেশ্বর ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি গত ২ বছর যে বিপুল পরিমাণ অর্থ নষ্ট হয়েছে লসের জন্য তার জন্য যেসব অফিসার আছে তার মধ্যে কাউকে দায়িত্ব ফিক্স করবার কোন চেষ্টা হচ্ছে কিনা এবং তাঁদের এই ব্যাপারে কোন গাফিলতি বা দুর্নীতি এর সঙ্গে জড়িত আছে কিনা সেই বিষয়ে আপনি তদন্ত করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে আছে ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট মন্ত্রীসভা ছিল তখন আমিও এই বিভাগের দায়িত্বে ছিলাম, তখন সুকু সেন এনকোয়ারি কমিটি দেওয়া হয়েছিল, তাঁরা রিপোর্ট দাখিল করেছিলেন, সেই রিপোর্ট অনুসারে কাজ করা সুরু হয়ে গেছে, তাতে নিশ্চয়ই কিছু কিছু লোকের উপর দায়িত্ব তাঁরা আরোপ করেছেন।

**শ্রীবিরেশ্বর ঘোষঃ** যাঁদের উপর দায়িত্ব আরোপ করা হয়েছে তাঁদের শাস্তি দেওয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কি শাস্তি দেওয়া হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি এক্ষুনি বললাম সেটা ইমপ্লিমেন্ট করা আরম্ভ হয়েছে, তবে এক সঙ্গে সমস্ত সম্ভবপর নয়, যখন হবে নিশ্চয়ই তখন মাননীয় সদস্যরা জানতে পারবেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** ঐ দুর্গাপুরের ব্যাপারে যে ফরেন কোলাবরেশন আছে, তাদের কি কোন দায়িত্ব এই সম্পর্কে নাই? এই চালানোর ব্যাপারে আমি যতটা শুনেছি, আমি জানি না, আপনি এ বিষয়ে অবগত করাবেন, তাঁদের বিরাট দায়িত্ব ছিল, কিন্তু তাঁরা সেটা পালন করেন নাই এটা কি সত্য?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি এক্ষুনি বললাম সেটা ইমপ্লিমেন্ট করা আরম্ভ হয়েছে, তবে ছাপতে দেওয়া হয়েছে, যথা সময়ে দাখিল করলে সব কিছু তখন জানতে পারবেন--কার কতটা দায়িত্ব ছিল।

**Stock of coke at Plant site of the Durgapur Project Ltd.**

***980.** (Admitted question No. *3067.) **Shrimati Geeta Mukhopadhyaya:** Will the Minister-in-charge of the Commerce and Iudustries Deparmtent be pleased to state—

(a) if it is a fact that huge stock of coke has been accumulated at Plant site of the Durgapur Projects Ltd. for some time past; and

(b) (i) if so, what was the stock (in tonnage) of the said coke as on the 1st August, 1969 and (ii) the reasons for such accumulation?

**Shri Sushil Kumar Dhara:**

**(a)** Yes.

| **(b)** (i) Item. | Stock Position As on 1-8-69. |
|---|---|
| (i) Hard & Nut coke | 37,000 MT approx. |
| (ii) Coke breeze | 100,000 MT approx. |
| (iii) Mixed coke | 120,000 MT approx. |

(b) (ii) Coke breeze has been accumulating since the commissioning of the Plant as there is no market for it. Accumulation of mixed coke was due to low market demand although the plant had to produce more to keep the Plant running. Accumulation of coke was mainly due to recession in the coke market.

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** একথা কি সত্য দুর্গাপুর স্টীল লিমিটিড দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের কাছ থেকে তাদের কোক না নিয়ে রাউরকেল্লা প্লান্ট থেকে তাদের কোক নেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** তাঁরা কোথা থেকে নিচ্ছেন তা বলতে পারবো না। শোনা কথার উপর কিছু বলতে পারবো না, তবে তাঁরা আমাদের কাছ থেকে নিচ্ছেন না।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** একথা কি সত্য তারা যে নিচ্ছেন না, তার কারণ দুর্গাপুরের কোক নিম্নতর মানের বলে তারা অভিযোগ করছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না, এই রকম কোন অভিযোগ নাই। মূল্য বেশী বলেছেন। সম্প্রতি জয়েন্ট কোক প্রাইস কমিটি যে দাম নির্দিষ্ট করে দিয়েছেন, সেই দাম তারা দিতে চাচ্ছেন না। ৯০ টাকার স্থলে তারা ৮৫ টাকা দিতে চাচ্ছেন।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** একথা কি সত্য যে কোকের কাঁচা মাল দুর্গাপুরে যা কেনা হয়, তার গুণ নিম্নতর, ফলে কোকের বাজারে কমপিটিশন-এ দাঁড়ানো তার পক্ষে শক্ত হচ্ছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এটাও খুব টেকনিকাল প্রশ্ন। তবু আমি জানি একথার সঙ্গে মাননীয় সদস্যের প্রশ্নের ঠিক সঙ্গতি পাওয়া যাবে না।

### কানা ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের সরকারী পরিকল্পনা

***981.** (Admitted question No. *3008.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবে কি মুর্শিদাবাদ ও বীরভূম জেলার সীমান্তবর্তী সাঁইথিয়া-রামনগর রাস্তার মধ্যে অবস্থিত কানা ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের জন্য সরকার কি কোন পরিকল্পনা করিয়াছেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** মাননীয় সদস্য সম্ভবতঃ সাঁইথিয়া-কোটাসুর-রামনগর রাস্তার কানা নদীর উপর সেতু নির্মাণের উল্লেখ করেছেন। ঐ নদীর উপর একটি সেতু নির্মাণের কাজ সমাপ্তপ্রায়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহোদয় যে জবাব দিলেন আমার প্রশ্নের সঙ্গে তার কোন সম্পর্ক আমি খুঁজে পাচ্ছি না। সেইজন্য তিনি হয়ত "সম্ভবতঃ" কথাটা বলেছেন। আমি যে নদীর উপর সাঁকোর কথা বলেছি রামনগরের গায়ে, সেটাকেও কানা ময়ূরাক্ষী বলে। এটাতে সাঁকো সম্পূর্ণপ্রায় তিনি বলছেন। খবরটা কি সত্য?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** আপনি যে প্রশ্নটা করেছেন—ঐ জায়গাতে ব্রীজের কোন পরিকল্পনা নাই। যেটা আছে, সেটাই বলেছি। আপনার প্রশ্নটা ভাল করে বুঝতে পারা যায়নি। যেটা আছে, সেটা 'সম্ভবতঃ' বলা হয়েছে। সাঁইথিয়া রাস্তার উপর, সেটাও কানা নদী। সেখানে ব্রীজ হচ্ছে। ওর অ্যাডজাসেন্ট এলাকায় আপনি যেটা প্রশ্ন করেছেন তাতে কোন সেতু নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি জানতে চেয়েছি রামনগরের পাশে যে চ্যানেল আছে সেটাকেও লোক্যালি কানা ময়ূরাক্ষী বলা হয়, সেই রামনগরের গায়ে যে নদী আছে সেটার উপর সাঁকোর কথা আমি জিজ্ঞাসা করেছি।

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** আপনি যে রাস্তার কথা বলছেন সে রাস্তার উপর সেতু সমাপ্তপ্রায়।

### Installation of the Coal Washery Plant at Durgapur

***982.** (Admitted question No. *3070.) **Shrimati Geeta Mukhopadhyaya:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state

(a) the purpose of installation of the Coal Washery Plant at Durgapur under the Durgapur Projects Ltd.;

(b) whether the purpose has been achieved by installation of the plant;

(c) the expenditure incurred in the installation of the plant;

(d) what are the by-products of the plant; and

(e) how the by-products are utilised or disposed of?

[1-30—1-40 p.m.]

**Shri Sushil Kumar Dhara:** (a) Coal Washery Plant has been installed for upgrading high ash cooking coal for onward use in the Coke Ovens.

(b) Yes.

(c) Rs. 4.5 crores.

(d) Sinks.

(e) The bye-product viz., sinks are used in the Power Plant of the Durgapur Projects Ltd.

### কানা ময়ূরাক্ষী নদীর উপর সাঁকো নির্মাণ

*983. (Admitted question No. *3009.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার কান্দী-বড়ঞা-রাঙ্গাবালি গ্রাম হইয়া রাস্তার মধ্যে অবস্থিত কানা ময়ূরাক্ষী নদীর উপর কোন সাঁকো না থাকায় পথচারীদের যে অসুবিধা হইতেছে তাহা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** মাননীয় সদস্য সম্ভবতঃ বড়ঞা হইতে রাঙাবালি পর্যন্ত কাঁচা রাস্তার কানা ময়ূরাক্ষী নদীর উপর সাঁকোর উল্লেখ করিতেছেন। ঐ রাস্তা বর্তমানে জিলা পরিষদের অধীন। অর্থাভাব হেতু উক্ত রাস্তার উন্নয়ন অথবা উহার উপর সেতু নির্মাণের দায়িত্বভার গ্রহণ করা এই বিভাগের পক্ষে সম্ভবপর নয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এর উপর কোন বড় রকমের সাঁকো নয়—যদি এই নদীর উপর ছোট-খাট সাঁকো করা হয় তাহলে পথচারীরা বা স্কুলের ছেলেমেয়েরা যারা নদীর উপর দিয়ে যাতায়াত করছে তারা যাতায়াত করতে পারে—সেই নদীর উপর সেতু করার কোন পরিকল্পনা আপনাদের দপ্তরের আছে কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** মাননীয় সদস্যকে আমি আগেই বলেছি যে এই রাস্তা আমাদের নয় জেলা পরিষদের। এই জেলা পরিষদ সেতু করে নি—এই পরিস্থিতিতে কি করা যায়—তবে বিশেষ পরিস্থিতিতে মাননীয় সদস্য যদি সাজেসন দেন তাহলে বিবেচনা করে দেখা যাবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** জেলা পরিষদ তো এখন ডকে উঠেছে। তাদের ফান্ডও নাই, এখন এই রাস্তাঘাটের ব্যাপারটা আপনাদের হাতে আছে—আপনি যে প্রতিশ্রুতি দিয়েছেন সেই প্রতিশ্রুতি আপনি রক্ষা করবেন কিনা এটা জানতে চাই।

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** জেলা পরিষদ উঠে গেছে একথা ঠিক নয়। তবে দুর্নীতি দূর করার জন্য আপাতত সেখানে আডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে। আমাদের যে দায়িত্ব এবং আমাদের যে ফান্ড জেলা পরিষদের যে দায়িত্ব ও তাদের যে ফান্ড তা নির্দিষ্ট। এখন আমাদের যদি ঐ জেলা পরিষদের বা পঞ্চায়েতের রাস্তাগুলি নিতে হয় তাহলে আমাদের ফান্ডে সেগুলি কুলাবে না। তবে বিশেষ পরিস্থিতিতে যদি অনুরোধ করা হয় তাহলে বিবেচনা করে দেখা যাবে।

### পয়েন্ট অব প্রিভিলেজ

**শ্রীশামসুদ্দিন আহমেদঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ—স্যার, এই হাউসে অনেক ইমপর্টেন্ট খবর জানবার জন্য প্রশ্ন রাখা হয়—কিন্তু প্রায়ই দেখে আসছি যে আমাদের অনেক গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর পৌঁছানোর আগেই আমাদের প্রশ্ন উত্তরের পালা শেষ হয়ে যায়, তাতে অনেক প্রশ্নের উত্তর থেকে আমরা বঞ্চিত আছি—সেই প্রশ্নগুলি সম্বন্ধে আশ্বাস চাচ্ছি যে সেই হেল্ড ওভার প্রশ্নগুলির উত্তর কি করে পাবো—কারণ অনেক গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর পাচ্ছি না।

**মিঃ স্পীকারঃ** এটা যে বললেন ভাল কথা—কোন কোন প্রশ্নের উত্তর পান নি, আপনি একটু বসুন—আমি দেখেশুনে সব ঠিক করে দেবো।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table.)**

### সকল কলেজে ইউনিফর্ম পে স্কেল

**1021.** (Admitted question No. 1217.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইউনিফর্ম পে স্কেল চালু হওয়া সত্ত্বেও ইউনিভার্সিটি গ্রা কমিশনের অনুমোদিত থার্ড প্ল্যান-এর কলেজগুলি এ বেনিফিট এখনও পাচ্ছে এবং

(খ) যদি বেনিফিট এখনও না পেয়ে থাকে তবে কেন পাচ্ছে না এই বিষয়ে আপনি ি বলিবেন কি?

**The Minister for Education:**

(ক) ইউনিফর্ম পে স্কেল চালু করিয়া সরকারী নির্দেশ সম্প্রতি বাহির হইয়াছে। সরকারী আদেশের সর্তানুসারে থার্ড প্ল্যান কলেজ-এর শিক্ষকগণও নির্দিষ্ট তারিখ হইতে উল্লিখিত নিয়মানুসারে ইউনিফর্ম পে স্কেল-এর আওতায় আসিবেন।

(খ) এই প্রশ্ন উঠে না।

### সালার-কান্দী সড়ক

**1022.** (Admitted question No. 1707.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সালার-কান্দী সড়ক রাস্তাটির কাজ সম্পূর্ণ হইবে করে; এবং

(খ) এই রাস্তাটি নির্মাণের পরিকল্পনা কবে লওয়া হইয়াছিল?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) বেলা, কুয়ে এবং চুয়াতুর নদীর উপর তিনটি সেতু নির্মাণ ব্যতিরেকে রাস্তার অ কাজ ইতিমধ্যেই হইয়াছে। বেলা নদীর উপর সেতু নির্মাণের কাজে হাত দেওয়া হইয়াছে।

(খ) প্রথম পরিকল্পনাকালে।

### হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

**1023.** (Admitted question No. 1988.)

**শ্রীকালীপদ মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় কোন্ কোন্ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিচালক সি নাই;

(খ) ঐ সকল বিদ্যালয়ে পরিচালক সমিতি না থাকার কারণ কি; এবং

(গ) বর্তমানে ঐ সকল বিদ্যালয়ে পরিচালনার দায়িত্ব কাহার হাতে আছে?

**The Minister for Education:**

(ক) ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতি নাই। তাহাদের নাম নিম্নে 'গ' প্রশ্নের উত্তরে দেওয়া হইল।

(খ) সুষ্ঠু পরিচালনার অভাবে ঐ সমস্ত বিদ্যালয়ের পরিচালক সমিতি বাতিল করিয়া মধ্যশিক্ষা পর্ষদ অ্যাডমিনিস্ট্রেটর বা অ্যাড-হক কমিটি নিযুক্ত করিয়াছেন।

(গ)

| বিদ্যালয়ের নাম | পরিচালনার দায়িত্ব যাহার হাতে আছে। |
|---|---|
| ১। ঝাপড়দা ডিউক ইনস্টিটিউশন | জেলা বিদ্যালয় পরিদর্শক, হাওড়া। |
| ২। বকসারা হাই স্কুল | সহকারী বিদ্যালয় পরিদর্শক, হাওড়া। |
| ৩। দেউলপুর হাই স্কুল | জেলা বিদ্যালয় পরিদর্শক, হাওড়া। |
| ৪। শালকিয়া শ্রীসত্যনারায়ণ মাধব মিশ্র বিদ্যালয় | শ্রীসুধাকর ব্যানার্জী, অবসরপ্রাপ্ত জেলা বিদ্যালয় পরিদর্শক। |
| ৫। পীরপুর-জয়নগর উদয়চাঁদ ইনস্টিটিউশন | বি ডি ও, উলুবেড়িয়া। |
| ৬। উলুবেড়িয়া হাই স্কুল | সাব-ডেপুটি ম্যাজিস্ট্রেট, উলুবেড়িয়া। |
| ৭। পালপারা গোবিন্দ জিউ হাই স্কুল | শ্রীমোহিতকুমার সেনগুপ্ত, অবসরপ্রাপ্ত জেলা বিদ্যালয় পরিদর্শক। |
| ৮। জগাছা হাই স্কুল | অ্যাড-হক কমিটি (জেলা বিদ্যালয় পরিদর্শক, শ্রী এ কে শেঠ, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস)। |
| ৯। খালনা রাই রাধাগোবিন্দ ইনস্টিটিউশন | ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, সদর ইস্ট। |
| ১০। গড় ভবানীপুর রামপ্রসন্ন ইনস্টিটিউশন | ডিস্ট্রিক্ট অফিসার ফর ফিজিক্যাল এডুকেশন। |
| ১১। বৈনান বামনদাস হাই স্কুল | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, হাওড়া। |
| ১২। বাগনান গার্লস হাই স্কুল | অ্যাড-হক কমিটি (শ্রী পি কে ঘোষাল, ডেপুটি ইন্সপেক্টর অফ স্কুলস, সাব-ইন্সপেক্টর অফ স্কুলস)। |
| ১৩। ভাটোরা ইউনিয়ন হাই স্কুল | |
| ১৪। উলুবেড়িয়া ববীণাপাণি হাই স্কুল | অ্যাড-হক কমিটি (এস ডি ও, অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, হেডমাস্টার)। |
| ১৫। দুর্গাপুর ভদ্রেশ্বরী এল হাই স্কুল | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, হাওড়া। |
| ১৬। হাকোলা উমেশচন্দ্র হাই স্কুল | শ্রী এম কে সেন, অবসরপ্রাপ্ত জেলা বিদ্যালয় পরিদর্শক। |

| বিদ্যালয়ের নাম | পরিচালনার দায়িত্ব যাহার হাতে আছে। |
|---|---|
| ১৭। শাসাটি নাহালা অবিনাশ হাই স্কু | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, হাও |
| ১৮। বালী আনন্দনগর শিক্ষা সংঘ | শ্রীসুধাকর ব্যানার্জি, অবসরপ্রাপ্ত জে বিদ্যালয় পরিদর্শক। |
| ১৯। কল্যাণপুর হাই স্কুল | শ্রী এম কে সেনগুপ্ত, অবসরপ্রাপ্ত জে বিদ্যালয় পরিদর্শক। |
| ২০। বুড়িখালি কে এম ইনস্টিটিউশন | শ্রী এম কে সেনগুপ্ত, অবসরপ্রাপ্ত জে বিদ্যালয় পরিদর্শক। |
| ২১। শালিমার হিন্দি হাই স্কুল | ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কু সদর। |
| ২২। শশাটী নাহালা কামটালডাহা অবিনাশ হাই স্কুল | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্ট অফ স্কুলস। |
| ২৩। সালকিয়া সাবিত্রী বালিকা বিদ্যালয় | ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কু সদর ইস্ট। |
| ২৪। আনন্দনগর হাই স্কুল | শ্রীসুধাকর ব্যানার্জি, অবসরপ্রাপ্ত জে বিদ্যালয় পরিদর্শক। |
| ২৫। হাওড়া শ্রীদুর্গা বালিকা বিদ্যালয় | শ্রীসুধাকর ব্যানার্জি, অবসরপ্রাপ্ত জে বিদ্যালয় পরিদর্শক। |
| ২৬। পাঁতিহাল দামোদর হাই স্কুল | ডেপুটি ইন্সপেক্টর অফ স্কুলস, জগৎবল্ল পুর। |
| ২৭। হাওড়া মুসলিম হাই স্কুল | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস। আদালতের আদেশবলে এখনও বিদ্যাল পরিচালনার ভার গ্রহণ করিতে পা নাই। |
| ২৮। নওদা নয়নচন্দ্র বিদ্যাপীঠ | অ্যাড-হক কমিটি (বি ডি ও, শ্যামপুর, সা ইন্সপেক্টর অফ স্কুলস, শ্রী পি এন নন্দা |
| ২৯। অগ্রিতি হিন্দী বিদ্যামন্দির | অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস, হাওড় |
| ৩০। ধূলাগারি আদর্শ বিদ্যালয় | ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস |

### ক্ষিরপাই রামজীবনপুর হাইওয়ে রাস্তা

**1024.** (Admitted question No. 2150.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষীরপাই রামজীবনপুর হাইওয়ে রাস্তাটি মেরামত করার কোন ব্যবস্থা হইতেছে কি

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে ঘাটাল-পাঁশকুড়া রাস্তায় কাদামাটি ফেলা হইতেছে এবং ইহার ফলে পাশ কাটান দিতে গিয়ে বাস এবং ট্রাকগুলি কাদায় বসিয়া গিয়া দুর্ঘটনা ঘটাইতেছে; এবং

(গ) অবগত থাকিলে, এই প্রকার দুর্ঘটনা এড়াইবার জন্য কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ। শীঘ্রই কাজ আরম্ভ হইবে।

(খ) এই রাস্তায় সামান্য অংশে মাটির কাজ হওয়ার দরুন বাস-ট্রাকের পাশ কাটানোর অসুবিধা হইতে পারে।

(গ) হ্যাঁ। মাটি ফেলানোর কাজ আপাতত বন্ধ রাখা হইয়াছে।

**ডেবরা, কেশপুর এবং দাশপুর থানার প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব**

**1025.** (Admitted question No. 2233.)

**শ্রীগঙ্গাপদ কুন্ডর:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ডেবরা, কেশপুর এবং দাশপুর থানার কোন্ কোন্ মৌজায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব রাজ্যসরকারের নিকট আসিয়াছে;

(খ) এই সকল প্রস্তাবের মধে কোন্ থানায় কয়টি বিদ্যালয়কে মঞ্জুরী প্রদানের সিদ্ধান্ত করা হইয়াছে; এবং

(গ) উক্ত প্রস্তাবগুলি অনুমোদন করার বিষয়ে কি নীতি বা পদ্ধতি অনুসরণ করা হয়?

**The Minister for Education:**

(ক) মেদিনীপুর জেলা স্কুল বোর্ড এই বৎসর (১৯৬৯) জানুয়ারী মাসে ঐ জেলায় কতকগুলি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছেন। উক্ত প্রস্তাবে ডেবরা, কেশপুর ও দাশপুর থানায় যে যে প্রাথমিক বিদ্যালয় অন্তর্ভুক্ত আছে তাহাদের থানা-ওয়ারী নাম দেওয়া হইল:—

**কেশপুর থানা**

| | |
|---|---|
| ১। গোবরডাঙ্গা। | ৯। হাউর। |
| ২। গাইঘাটা। | ১০। মহিষগোড়িয়া। |
| ৩। বাসুদেবপুর। | ১১। রতনহাটি। |
| ৪। চাঁদপুর | ১২। কেশুরগোড়িয়া। |
| ৫। মজুরদিমা। | ১৩। পেবুয়া। |
| ৬। খুর্দারাধাবল্লভপুর। | ১৪। ভগবানচক তপশীল। |
| ৭। আমোনদা | ১৫। ভীমপুর। |
| ৮। এলনি জহরলাল। | ১৬। হিজল। |

১৭। তাতারপুর।

১৮। কুলবাহার।

১৯। নিম্ন আকুম্বা।

২০। ভগীরথবার।

**জেবরা থানা**

১। জগন্নাথপুর।

২। আলিসাগড়।

৩। কুচাইগোড়িয়া।

**দাশপুর থানা**

১। পাঁচগাছিয়া ২নং।

২। কুমারচক টিয়াখালি।

৩। শ্রীরামপুর পূর্ব।

৪। রাধাকৃষ্ণপুর।

৫। পুরশুড়ি।

৬। বাজুয়া।

৭। সেকেন্ডারী।

৮। পলাশপাই।

৯। ডোঙ্গাডাঙ্গা নোনা-নারায়ণচক।

(খ) পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সহিত মেদিনীপুর জেলার প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) সাধারণতঃ কোন গ্রাম বা বসতির এক মাইলের মধ্যে কোন অনুমোদিত প্রাথমিক বিদল্যালয় না থাকিলে ঐ এলাকায় প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন হইতে পারে তবে সংশ্লিষ্ট এলাকার লোকসংখ্যা বেশী হইলে অথবা কোন প্রাকৃতিক ব্যবধান (যেমন নদী, খাল, বন প্রভৃতি) থাকিলে, অথবা রেলপথ বা দ্রুতগামী যানবহুল বড় রাস্তার ব্যবধান থাকিলে এক মাইলের মধ্যে একাধিক প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হইতে পারে।

সরকারের আর্থিক বরাদ্দ অনুসারে উল্লিখিত নীতি বা পদ্ধতি অবলম্বন করিয়া কোন্ বৎসর কোন্ কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হইবে তাহা সরকার ঠিক করিয়া থাকেন।

**বীরভূম জেলায় হাসপাতালের সংখ্যা**

**1026.** (Admitted question No. 2291.)

**শ্রীবজলে আমেদঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় কোন্ কোন্ শ্রেণীর মোট কয়টি হাসপাতাল স্থাপিত হইয়াছে;

(খ) মুরারই থানার জাজিগ্রাম হাসপাতালটি কোন্ শ্রেণীতে পড়ে;

(গ) এই হাসপাতালটিতে এখন দৈনিক গড়ে কতগুলি রোগী চিকিৎসিত হয়;

(ঘ) ঐ হাসপাতালে কতগুলি সরকারী কর্মচারী আছেন; এবং

(ঙ) সরকারী পরিকল্পনায় এই হাসপাতালটির উন্নতিকল্পে কি কি ব্যবস্থা অবলম্বিত হইতেছে এবং কোন্ সময় নাগাদ এর উন্নয়ন কার্য আরম্ভ হইবে বলিয়া স্থির হইয়াছে?

**The Minister for Health:**

| (ক) হাসপাতালের শ্রেণী | | সংখ্যা |
|---|---|---|
| (১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | ... | ১৩ |
| (২) উপস্বাস্থ্যকেন্দ্র | ... | ৩৫ |
| (৩) জেলা হাসপাতাল (সদর) | ... | ১ |
| (৪) মহকুমা হাসপাতাল | ... | ১ |
| (৫) অন্যান্য সরকারী হাসপাতাল | ... | ৩ |

(খ) উপস্বাস্থ্যকেন্দ্র।

(গ) ও (ঘ) স্বাস্থ্যকেন্দ্রটিতে মাটির দেওয়াল এবং টিনের ছাদ ছিল। ঝড় এবং বৃষ্টির ফলে উহার গৃহাদি পূর্ণাঙ্গ স্বাস্থ্যকেন্দ্রের অনুপযোগী হইয়া পড়ে। সেজন্য ইহার বহির্বিভাগ ৩ জন কর্মচারী লইয়া বহু অসুবিধার মধ্যে চলিতেছে এবং দৈনিক গড়ে ২৩ জন রোগী চিকিৎসিত হইতেছে।

(ঙ) এই স্বাস্থ্যকেন্দ্রটির গৃহাদি নির্মাণের জন্য প্রয়োজনীয় এস্টিমেট প্রস্তুত করা হইয়াছে। বর্তমান বছরের মধ্যেই নির্মাণকার্য আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়।

## Suicide Cases

**1027.** (Admitted question No. 2525.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of suicide cases in West Bengal during the years 1967, 1968 and the first six months of 1969; and

(b) the causes of these suicide cases?

**The Minister for Home (Police):** (a) 1967—4,682, 1968—5,800, 1969 -2,873 (up to 30th June 1969).

(b) Suffering from prolonged incurable diseases, insanity, domestic quarrels, frustration in love affairs, failure in examination, economic distress, etc., are the general causes of such suicide.

## পথ দুর্ঘটনার সংখ্যা

**1028.** (Admitted question No. 2574.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর থেকে জুলাই মাস পর্যন্ত এ রাজ্যে মোট কতগুলি পথ দুর্ঘটনার (স্ট্রীট অ্যাক্সিডেন্ট) বিষয় সরকারের গোচরে আসিয়াছে; এবং

(খ) এই দুর্ঘটনায় কত নারী-পুরুষ জড়িত ছিল?

**The Minister for Home (Police):**

(ক) মোট ৮,৪১০টি।

(খ) নারী—৩৪৬ জন, পুরুষ—৩,৬৩৬ জন।

### Number of free primary schools in Calcutta Municipal area

**1029.** (Admitted question No. 2576.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total number of free primary schools in the Calcutta municipal area on the 15th July, 1669;

(b) the total number of such schools having their own building; and

(c) the total number of rental buildings?

**The Minister for Education:** (a) 333.

(b) 91.

(c) 131.

### সাঁইথিয়া থানার অন্তর্গত গড়গড়ে স্বাস্থ্যকেন্দ্র

**1030.** (Admitted question No. 2645.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া থানার (অমরপুর অঞ্চল) গড়গড়ে স্বাস্থ্যকেন্দ্রের বাড়ীর চাল করগেটেড শীট দিয়া তৈরী হওয়ায় গ্রীষ্মকালে সদ্য প্রসূত শিশুদের অত্যধিক উত্তাপের জন্য খাটের তলায় আশ্রয় দিতে হয়; এবং

(খ) যদি অবগত থাকেন, তাহলে এই অবস্থা দূরীকরণের জন্য সরকার কি কোন ব্যবস্থা অবলম্বন করিবার কথা চিন্তা করিতেছেন এবং করিলে তাহা কি?

**The Minister for Health:**

(ক) এই ধরনের কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকের হেল্‌থ সেন্টার

**1031.** (Admitted question No. 2805.)

**শ্রীবুধনচন্দ্র টুডুঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকের অধীনে যে তিনটি হেল্‌থ সেন্টার আছে উহাদের প্রত্যেকটিতে বেড সংখ্যা কত;

(খ) প্রত্যেক সেন্টারে কি কি চিকিৎসা বিভাগ আছে;

(গ) হেল্থ সেন্টারগুলিতে অবস্থানরত রোগীদের মাথাপিছু দৈনিক খাদ্য ও ঔষধ বাবদ কি পরিমাণ ব্যয়বরাদ্দ ধরা হইয়াছে; এবং

(ঘ) উক্ত সেন্টারগুলির রোগীদের জন্য কি কি খাদ্যদ্রব্য সরবরাহ করা হয়?

**The Minister for Health:**

(ক) কেশিয়ারী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—১০; পাথরবুড়ি উপস্বাস্থ্যকেন্দ্র—২টি পথ্যবিহীন প্রসূতি শয্যা।

খাজরাভেড়ি উপস্বাস্থ্যকেন্দ্র—২টি পথ্যবিহীন প্রসূতি শয্যা।

(খ) সাধারণ চিকিৎসা, সাধারণ শল্য চিকিৎসা, প্রসূতি চিকিৎসা এবং সংক্রামক রোগ চিকিৎসা বিভাগ।

(গ) খাদ্য—দৈনিক গড়ে মাথাপিছু ২ টাকা। সাধারণ ঔষধ—(১) অন্তর্বিভাগ—দৈনিক মাথাপিছু ২৫ পয়সা; (২) বহির্বিভাগ—দৈনিক গড়ে মাথাপিছু ১২ পয়সা।

(ঘ) ভাত, ডাল, আটার রুটি, শাকসব্জী, আলু, মাছ, দুধ, চিনি, বার্লি, চিড়া, কলা, কমলা লেবু ইত্যাদি।

### বসিরহাট মহকুমা হাসপাতাল

**1032.** (Admitted question No. 2888.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসিরহাট মহকুমা হাসপাতালে (১) কতগুলি শয্যা, (২) কতজন ডাক্তার ও নার্স আছেন;

(খ) উক্ত হাসপাতালে সন্ধ্যাকালীন বহির্বিভাগ খোলার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) উক্ত মহকুমার অধীনে কয়টি ব্লকে স্বাস্থ্যকেন্দ্র বর্তমানে চালু আছে এবং উহারা কোথায় অবস্থিত?

**The Minister for Health:**

(ক) (১) ৬৮টি। (২ ৭ জন ডাক্তার ও ২৫ জন নার্স।

(খ) নাই।

(গ) একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 1032*

### তালিকা

| Name of the Block. | Name and location of Health Centre. | No. of beds. |
|---|---|---|
| **Baduria** .. | P. H. C., Baduria (Rudrapur) .. .. | 50 |
| | S. H. C., Belgharia .. .. .. | 19 |
| | S. H. C., Jaluhati .. .. .. | .. |
| | S. H. C., Dakshin Chatra .. .. | .. |
| **Haroa-I** .. | S. H. C., Gopalpur .. .. .. | .. |
| | S. H. C., Kamargranti .. .. .. | 2 |
| | S. H. C., Haroa .. .. .. | .. |
| **Haroa-II** .. | P. H. C., Minakhan .. .. .. | 20 |
| | S. H. C., Dhuturdah .. .. .. | 10 |
| **Swarupnagar** .. | P. H. C., Sarapul .. .. .. | 10 |
| | S. H. C., Bankra .. .. .. | 10 |
| | S. H. C., Charghat .. .. .. | 2 |
| Hasnabad-I .. | P. H. C., Taki .. .. .. | 30 |
| | S. H. C., Bhowanipur .. .. .. | 10 |
| Hingalganj .. | S. H. C., Dulduli .. . .. | .. |
| Sandeshkhali-I .. | P. H. C., Sandeshkhali .. .. .. | 20 |
| Sandeshkhali-II | S. H. C., Korakati .. .. .. | 2 |
| | S. H. C., Rajbari .. .. . | .. |
| Gosaba .. | P. H. C., Chota Mollakhali . .. | 10 |
| Basirhat-I .. | P. H. C., Sibati at Sangrampur . . | 10 |
| Basirhat-II .. | P. H. C., Dhanyakuria .. .. .. | 10 |
| | S. H. C., Sikrakulingram .. . | . |
| | S. H. C., Rajendrapur .. .. .. | 2 |

### সুতাহাটা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

**1033.** (Admitted question No. 2926.)

**শ্রীহরিহর দেবঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুতাহাটা থানার অন্তর্গত কোন ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন সরকারী পরিকল্পনা আছে কি;

(খ) 'ক' এর উত্তর হ্যাঁ হইলে, ঐগুলি কোথায় এবং কতদিনে করা হইবে; এবং

(গ) ঐ থানার ২নং ব্লকে ঝাড়সুন্দরা উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**The Minister for Health:**

(ক) সুতাহাটা ১নং ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকা বিবেচনাধীন রহিয়াছে।

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি স্থাপনের জন্য আমলাট মৌজায় জমি নির্বাচিত করা হইয়া জমির দখল লইবার পরে উহার নির্মাণ কার্যের ব্যবস্থা করা হইবে।

(গ) ১৯৬৭ সালে এই স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ কার্যের প্রশাসনিক অনুমোদন দেওয়া হইয়াছি ইতিমধ্যে দ্রব্যমূল্য এবং মজুরী হার বৃদ্ধির জন্য ঐ কার্যের জন্য সংশোধিত প্রশাস অনুমোদন দিবার জন্য এস্টিমেট গ্রহণ করা হইয়াছে।

### লাভপুর থানা স্বাস্থ্যকেন্দ্র

**1034.** (Admitted question No. 2951.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লাভপুর থানা স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারের সংখ্যা কত;

(খ) ঐ কেন্দ্রে সরকারী ডাক্তারের এবং অন্যান্য স্টাফদের সকলকে হাসপাতালের ম কোয়ার্টার দেওয়া হয় কিনা;

(গ) সাঁইথিয়া থানা স্বাস্থ্যকেন্দ্রের বাউন্ডারী ওয়াল আছে কিনা; এবং

(ঘ) 'খ' ও 'গ' প্রশ্নের উত্তর না হইলে, ইহার কারণ কি?

**The Minister for Health:**

(ক) তিন।

(খ) স্বাস্থ্যকেন্দ্রে সকল কর্মচারীর বাসগৃহের ব্যবস্থা নাই।

(গ) না।

(ঘ) ১৯৫৮ সালে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সংশোধিত প্রস্তাব গ্রহণ করা হয়। ইহার প স্থাপিত লাভপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীদের গৃহাদির ব্যবস্থা রহিয়াছে। সংশো পরিকল্পনানুযায়ী নিযুক্ত অতিরিক্ত কর্মচারীদের গৃহাদি ঐস্থানে নাই।

আর্থিক অসংগতি হেতু স্বাস্থ্যকেন্দ্রে বাউন্ডারী ওয়াল করা সম্ভব হইতেছে না।

### বীরভূম জেলায় মল্লারপুর গ্রামে থানা হাসপাতাল

**1035.** (Admitted question No. 2954.)

**শ্রীপঞ্চানন লেটঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বীরভূম জে ময়ূরেশ্বর থানার অন্তর্গত মল্লারপুর গ্রামে থানা হাসপাতালটি কত বেডের এবং কখন স্থা হইবে?

**The Minister for Health:**

ময়ূরেশ্বর ১নং ব্লকে অবস্থিত মল্লারপুরে স্বাস্থ্যকেন্দ্রটি ১০ শয্যা বিশিষ্ট হইবে। আগ বৎসরের ভিতর উক্ত স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা যাইবে বলিয়া আশা করা যায়। ইহার নির্মাণকার্য চলিতেছে।

### তর্ফসিলী ও আদিবাসী সম্প্রদায় ছাত্রদের বৃত্তি

**1036.** (Admitted question No. 2993.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** তর্ফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৮ সালে তর্ফসিলী ও আদিবাসী সম্প্রদায়ের যে সমস্ত ছাত্ররা উচ্চ শিক্ষার উদ্দেশ্যে কলেজে ভর্তি হইয়াছে তাহারা আজও পর্যন্ত সিডিউলড কাস্টস অ্যান্ড ট্রাইবস স্টাইপেন্ড পায় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) এই সমস্ত ছাত্রদের শিক্ষার অগ্রগতির ব্যাপারে বর্তমানে সরকারের কি কি ব্যবস্থা আছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) অধিকাংশই ১৯৬৮-৬৯ আর্থিক বৎসরের মধ্যে পাইয়াছে। অবশিষ্টের বৃহৎ অংশ চলতি বৎসরে পাইয়াছে এবং অল্পসংখ্যক যে আবেদনপত্র এখনও বিবেচনাধীন আছে তাহাও শীঘ্রই মঞ্জুর করা হইবে বলিয়া আশা করা যায়।

(খ) ত্রুটিযুক্ত আবেদনপত্র।

(গ) ভারত সরকারের বৃত্তি পরিকল্পনা। পরিকল্পনাটি রাজ্যসরকারের মাধ্যমে রূপায়িত হয়।

### 'মানুষের জয়যাত্রা' ফিল্ম

**1037.** (Admitted question No. 3061.)

**শ্রীপঞ্চানন লেটঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'মানুষের জয়যাত্রা' ফিল্মটি পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় প্রতিটি ব্লকে দেখান হইবে কিনা; এবং

(খ) হইলে, বীরভূম জেলায় কখন দেখান হইবে?

**The Minister for Information and Public Relations:**

(ক) এইরূপ প্রচেষ্টা করা হইবে।

(খ) বীরভূম জেলায় গত জুলাই মাস হইতে ফিল্মটি নিয়মিতভাবে দেখান হইতেছে এবং এ পর্যন্ত বিভিন্ন ব্লকে ৪২টি স্থানে প্রদর্শিত হইয়াছে।

### Travelling allowances drawn by the Ministers

**1038.** (Admitted question No. 399.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the travelling allowances drawn by each of the Hon'ble Ministers and Ministers of State from February, 1969 to 30th May, 1969;

(b) telephone charges for each of the Hon'ble Ministers and Ministers of State on residential telephone facilities for the above period; and

(c) number of visits of each of the Hon'ble Minister and Ministers of State to New Delhi on official business during the said period?

**The Minister for Finance:** (a) to (c) A statement is laid on the Table.

State referred to in reply to unstarred question No. 1038

## STATEMENT

The data has been compiled on the basis of records available at the time of compilation. The figures shown in respect of T.A.D.A. are inclusive of the estimated cost of exchange voucher but exclusive of the cost of H.O.R. and use of Government vehicles where used.

| | | T.A. | Residential telephone charges. | No. of visit to New Delhi. |
|---|---|---|---|---|
| | | Rs. P. | Rs. P. | |
| 1. | Shri A. K. Mukherjee (C. M.) | 1,491·00 | 252·70 | 2 |
| 2. | Shri Jyoti Basu (Dy. C.M.) | 2,544·00 | 130·95 | 3 |
| 3. | Shri Md. A. Rasul | 120·00 | 147·00 | .. |
| 4. | Shri Abdul Razzak Khan | 526·45 | 113·30 | .. |
| 5. | Shri B. B. Dasgupta | 502·50 | 500·00 | 1 |
| 6. | Shri B. B. Mondal | 1,655·05 | 443·75 | 1 |
| 7. | Shri B. N. Mukherjee | 2,476·00 | 1,678·70 | 4 |
| 8. | Shri B. Soren | 675·00 | 425·00 | .. |
| 9. | Shri C. M. Sarkar | 1,366·00 | 166·45 | .. |
| 10. | Shri D. P. Rai | 1,815·00 | Nil | .. |
| 11. | Dr. G. Yazdani | 744·90 | 500·00 | .. |
| 12. | Shri H. K. Konar | 772·50 | Nil | .. |
| 13. | Shri J. Bhattacharyya | 1,123·00 | 132·90 | .. |
| 14. | Shri J. Chakraborty | 829·85 | 359·50 | 2 |
| 15. | Shri K. C. Haldar | 1,300 65 | 425·00 | 2 |
| 16. | Dr. K. L. Bhattacharyya | 2,924 00 | 500·00 | 2 |
| 17. | Shri K. P. Ghosh | 1,098·00 | 425·00 | 1 |
| 18. | Shri N. Bhattacharyya | 1,348·00 | 425·00 | 2 |
| 19. | Shri N. Sengupta | Nil | 85·65 | Nil |
| 20. | Shri P. C. Roy | 2,301·50 | 500·00 | 1 |
| 21. | Shrimati Renu Chakraborty | 1,608·00 | 224·60 | 1 |
| 22. | Shri S. C. Ghosh | 2,114·50 | 269·00 | 3 |
| 23. | Shri S. K. Dhara | 671·40 | 139·40 | .. |
| 24. | Shri S. Lahiri | 2,249·00 | 205·50 | 3 |
| 25. | Shri S. P. Roy | 783·00 | 209·20 (including 2 bills for July and August) | 2 |
| 26. | Shri S. Banerjee | 30·00 | Nil | .. |
| 27. | Shri S. Kumar | 2,641·50 | 183·70 | 3 |
| 28. | Shri Sudhir Das | Nil | Nil | Nil |
| 29. | Shri B. Mukutmani | 1,214·55 | 141·40 | 2 |
| 30. | Shrimati Protiva Mukherjee | 416·65 | 500·00 | .. |
| 31. | Shri R. C. Chatterjee | 741·80 | 269·20 (including rental for July and August) | .. |
| | Rs. | 38,983·50 P. | | |

**রামপুরহাট থানার খাসড়া অঞ্চলের সাজানটোলা পল্লীর অধিবাসীদের স্থানান্তরের নির্দেশ**

**1039.** (Admitted question No. 2934.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার রামপুরহাট থানার খাসড়া অঞ্চলের অঞ্চল প্রধান আদিবাসীদের সাজানটোলা নামক আদিবাসী পল্লী হইতে অন্যত্র চলিয়া যাইবার হুকুম জারি করিয়াছেন; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, সরকার এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) না, এই ধরনের কোন সংবাদ নাই।

(খ) প্রশ্ন উঠে না

**সিংটী জুনিয়ার বেসিক স্কুল**

**1040.** (Admitted question No. 2364.)

**শ্রীপান্নালাল মাঝিঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উদয়নারায়ণপুর থানায় কয়টি জুনিয়ার বেসিক স্কুল আছে;

(খ) সিংটী জুনিয়ার বেসিক স্কুল গৃহটির নির্মাণকার্য এখনও সমাপ্ত না হওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত স্কুলগৃহ নির্মাণ বাবত মোট কত টাকা মঞ্জুর ছিল এবং এ পর্যন্ত মোট কত খরচ হইয়াছে?

**The Minister for Education:**

(ক) ৮টি।

(খ) সিংটীতে মোট দুইটি জুনিয়ার বেসিক স্কুল আছে। উক্ত স্কুল দুইটির মধ্যে (১) সিংটী শিবপুর জুনিয়ার বেসিক স্কুলটির নির্মাণকার্য বহুদিন পূর্বেই সমাপ্ত হইয়াছে এবং বিদ্যালয়গৃহে যথারীতি ক্লাস চলিতেছে। অপর বিদ্যালয় (২) সিংটী দক্ষিণপাড়া জুনিয়ার বেসিক স্কুলগৃহের নির্মাণকার্য প্রায় সমাপ্ত হইয়াছে। কেবল প্লাস্টার ও দরজা-জানালার কাজ বাকি আছে। বিদ্যালয়ের পরামর্শদাতা সমিতির সম্পাদক মহাশয় ঐ কার্যের দায়িত্ব লইয়াছেন। কিন্তু ঐ কাজে তাঁহার বিশেষ আগ্রহ না থাকায় কাজ এখনও অসমাপ্ত রহিয়াছে। শীঘ্রই অসমাপ্ত কার্য সমাপ্ত হইবার আশা আছে।

(গ) সিংটী দক্ষিণপাড়া জুনিয়ার বেসিক স্কুলের গৃহ নির্মাণ, পানীয় জল সরবরাহ এবং বেড়ার জন্য মোট ১১,৪৫২ টাকা মঞ্জুর ছিল। তন্মধ্যে এ পর্যন্ত মোট ৯,৫৮৭ টাকা খরচ হইয়াছে।

### জলপাইগুড়ি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত বাসগৃহ

**1041.** (Admitted question No. 2984.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) গত ১৯৬৮ সালের অক্টোবরের বন্যায় জলপাইগুড়ি জেলায় কত বাসগৃহ নষ্ট হইয়াছিল এবং উহার মধ্যে ময়নাগুড়ি ব্লকে কত;

(খ) যতগুলি পরিবারের বাসগৃহ নষ্ট হইয়াছে তাহার মধ্যে পরিবার প্রতি কত টাকা হিসাবে কত পরিবারকে বাসগৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়া হইয়াছে এবং উহার মধ্যে ময়নাগুড়ি ব্লকে কত; এবং

(গ) যেসকল পরিবার আজও গৃহনির্মাণ সাহায্য পায় নাই তাহাদের সাহায্য দেওয়ার কি ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) সমগ্র জেলায় ৪১,৪০০টি, তন্মধ্যে ময়নাগুড়ি ব্লকে ২৫,৯০৯টি।

(খ) বাসগৃহের ক্ষতির পরিমাণ অনুযায়ী প্রতি পরিবারকে সর্বনিম্ন ৫০ টাকা হইতে সর্বোচ্চ ৩০০ টাকা পর্যন্ত গৃহনির্মাণ অনুদান দেওয়া হইয়াছে। সমগ্র জেলায় এইরূপ সাহায্যপ্রাপ্তের সংখ্যা ৩৫,৮৯৩ এবং ময়নাগুড়ি ব্লকে ১৪,৪৫০।

(গ) গৃহনির্মাণ-অনুদান এখনও দেওয়া হইতেছে।

### গোপালনগর উত্তরপাড়া পশমশিল্পী সমবায় লিঃ, মুর্শিদাবাদ

**1042.** (Admitted question No. 1944.)

**শ্রীকুবেরচাঁদ হালদারঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত গোপালনগর উত্তরপাড়া পশম শিল্পী সমবায় সমিতি লিঃ, খাদি এবং গ্রামীণ শিল্প কমিশনের নিকট সার্টিফিকেট পাইবার জন্য কোন আবেদন করিয়াছেন কি;

(খ) করিয়া থাকিলে, কি নাগাদ সার্টিফিকেট পাইবার আশা করা যায়?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) হ্যাঁ।

(খ) শিল্পের স্বার্থে পশম বয়নের জন্য ঐ এলাকায় আর কোন সার্টিফিকেট না দেওয়ার জন্য খাদি ও গ্রামীণ শিল্প কমিশন তদন্ত করিবার পর সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

### Surplus cultivable land released by Eastern Railway

**1043.** (Admitted question No. 528.) **Shri Prabir Kumar Mallick:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the total amount of surplus cultivable land so far released by the General Manager, Eastern Railway, in terms of his letter No. W.336/O Pt.II, dated 11th February, 1966, addressed to the Government;

(b) whether other Railways have similarly released surplus cultivable land;

(c) if so, the amount so released by respective Railways;

(d) whether the released cultivable land has been distributed among cultivators; and

(e) if so, the district-wise number of cultivators with whom final distribution of land has been settled?

**The Minister for Agriculture and Community Development:** (a) 3,531.40 acres.

(b) and (d)—Yes.

(c) S.E. Railway—362.32 acres.

N.F. Railway—1164.02 acres.

| | | |
|---|---|---|
| (e) | (1) Burdwan ... ... ... ... | 1772 |
| | (2) 24-Parganas (North) ... ... ... | 326 |
| | (3) Midnapore (East) .. ... ... | Nil |
| | (4) Midnapore (West) ... ... ... ... | 281 |
| | (5) Malda ... ... ... ... | 732 |
| | (6) Nadia ... .. ... ... | 408 |
| | (7) Howrah ... ... ... ... | Nil |
| | (8) Birbhum ... ... ... ... | 272 |
| | (9) Bankura ... ... ... ... | Nil |
| | (10) Hooghly ... ... ... ... | 1055 |
| | (11) 24-Parganas (South) ... ... ... | 1265 |
| | (12) Cooch Behar .. .. ... ... | 37 |
| | (13) Darjeeling ... ... ... ... | Nil |
| | (14) Jalpaiguri ... ... ... ... | 568 |
| | (15) West Dinajpur ... ... ... ... | Nil |
| | (16) Purulia ... ... .. ... | 163 |
| | (17) Murshidabad ... ... ... ... | 532 |

**সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও গোসাবা থানার সমাজবিরোধীদের দমন**

**1044.** (Admitted question 2596.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** স্বরাষ্ট্র (আরাক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাঁচ মাস সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও গোসাবা থানা এলাকাধীন কতগুলি ব্যক্তিকে সমাজ বিরোধী হিসাবে আটক করা হয়েছে;

(খ) গণ আন্দোলনের সঙ্গে যুক্ত কতগুলি মামলা জুলাই পর্যন্ত বর্তমান সরকার প্রত্যাহার করে নিয়েছেন; এবং

(গ) ঐ এলাকায় সমাজ বিরোধীদের দমনের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

**The Minister for Home (Police):**

(ক) সন্দেশখালি—১২ জন

হিঙ্গলগঞ্জ—×

গোসবা—৭ জন

(খ) একটিও না।

(গ) সমাজবিরোধীদের উপর কড়া নজর রাখার জন্য স্থানীয় পুলিশকে সজাগ করে দেওয়া হয়েছে এবং নির্দিষ্ট অভিযোগের উপর স্থানীয় থানায় মামলা রুজু করার নির্দেশ দেওয়া হয়েছে।

### বড়ঞা ও ভরতপুর থানায় প্রাইমারী বিদ্যালয়ের সংখ্যা

**1045.** (Admitted question No. 2200.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার এবং ভরতপুর থানার জজান, গুনদুরিয়া, গড্ডা, তালগ্রাম ও সালু অঞ্চলের প্রাথমিক, নিম্নবুনিয়াদী ও উচ্চ বুনিয়াদী স্কুলগুলির—

(ক) নাম কি,

(খ) ছাত্র-ছাত্রী সংখ্যা বর্তমানে কত,

(গ) শিক্ষকদের নাম ও ঠিকানা কি এবং তাহারা কতদিন হইতে প্রাথমিক শিক্ষকতা ও বর্তমান স্কুলে শিক্ষকতা করিতেছেন; এবং

(ঘ) কোন্‌টির ঘরবাড়ী কতদিন হইতে আংশিক অথবা সম্পূর্ণ বিধ্বস্ত অবস্থায় আছে এবং কেন মেরামত হয় নাই?

**The Minister for Education:**

(ক), (খ) ও (গ) ভরতপুর থানার জজান, গুনদুরিয়া, গড্ডা, তালগ্রাম ও সালু অঞ্চলের বিদ্যালয়গুলির ঈপ্সিত বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত ক্রোড়পত্রে দেওয়া হইল। বড়ঞা থানার বিদ্যালয়গুলির বিবরণ এত অল্প সময়ের মধ্যে সংগ্রহ করা সম্ভব হয় নাই।

(ঘ) বিদ্যালয়গৃহের সংস্কার বা গৃহনির্মাণের দায়িত্ব বিদ্যালয়ের স্থানীয় উদ্যোক্তাদের। তবে জেলা স্কুল বোর্ড তাঁহাদের আর্থিক বরাদ্দ অনুসারে প্রতি বৎসর কিছু সংখ্যক প্রাথমিক বিদ্যালয়কে গৃহনির্মাণ বা সংস্কারের জন্য কিছু কিছু অর্থ সাহায্য করিয়া থাকেন। সমস্ত বিদ্যালয়ের গৃহ সংস্কারের উপযোগী আর্থিক বরাদ্দ জেলা স্কুল বোর্ডের না থাকায় বোর্ডের পক্ষে সব বিদ্যালয়ের ঘর মেরামত করান সম্ভব হয় না।

## কৃষি ঋণ

**1046.** (Admitted question No. 2363.)

**শ্রীপান্নালাল মাজি:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ ও ১৯৬৯ সালে কৃষি বিভাগ হইতে কোন জেলায় কি কি বাবদ কত কর্জ দিয়াছেন; এবং

(খ) কৃষি কর্জ কোন মাসে দেবার নিয়ম?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) এই বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) বিশেষ কোন মাস ধার্য করা হয় নাই। সাধারণত এপ্রিল হইতে আগস্ট মাস পর্যন্ত খরিফ মরশুমে এবং নভেম্বর হইতে জানুয়ারী পর্যন্ত রবি মরশুমে কর্জ দেওয়া হইয়া থাকে।

### Calling attention to urgent public importance.

**Mr. Speaker:** The Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of strike in Textile Industry in West Bengal called attention by Sarbashri Amalendralal Roy, Nikhil Das, Kalipada Mondal, Arun Sen, and Jamini Bhusan Saha on 9th September, 1969.

**Shri Krishnapada Ghosh:** Sir, with reference to the Calling Attention Notice by Sarbashri Amalendralal Roy, Arun Sen, Nikhil Das and others on the subject of General Strike of 50 thousand workers of Cotton Textile Industry in West Bengal, I would like to inform the House that—

The workmen of the cotton industry represented by Cotton Textile Workers' Federation, U.T.U.C., W.B.P.N.T.U.C. and H.M.S. submitted a charter of demands comprising ten issues viz., (1) Revision of wages of such occupations who are working with additional workload, (2) Revision of wages ensuring need-based minimum wages, (3) Dearness allowance ensuring full neutralisation, etc. The workers' organisation also indicated that if there was no settlement on a reasonable basis on the issues raised the workmen of the cotton industry would resort to an indefinite strike from 1st September, 1969.

In order to resolve the dispute raised, a tripartite meeting was held on 16th August, 1969 in Labour Directorate and on 23rd August, 1969 a further tripartite meeting was convened by me, which was attended by the Bengal Millowners' Association as well as different trade union organisations. The representatives of the workers' organisations reiterated their stand that they were unable to accept the recommendation of the Cotton Textile Wage Board and demanded a need-based minimum wage for cotton textile workers. The employers' Association took a plea that in spite of their stringent financial position for the sake of reaching an understanding, they could be prepared to implement the recommendations of the 2nd Cotton Textile Wage Board.

During discussion a suggestion was made to the employers' Association to consider an interim relief pending further negotiation. The employers' Association neither agreed to pay an interim relief nor to go beyond the wage Board recommendations.

Thereafter another tripartite meeting was arranged by the Labour Directorate on 30th August, 1969 to make another effort for settlement of the dispute. But no representative from the employers' Association participated in the tripartite meeting.

The strike is continuing. Labour Department is abrest with the development. Further meeting will be called soon to resolve the issue.

**Mr. Speaker:** I have two notices of Calling Attention—(1) on the subject of hunger strike by Primary Teachers in Nadia District from Dr. Nalinaksha Sanyal and the other is about the issue of individual ration card in modified rationing areas by Shri Sudhir Chandra Bhandari. I have selected the one about the hunger strike by the Primary Teachers in Nadia District. The Hon'ble Minister will please make a statement today or give a date.

**Shri Jatin Chakravorty:** On Monday, Sir.

**Shri Satya Priya Roy:** Yes, Sir, on Monday.

[1-40—1-50 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি সর্ট নোটিশ কোশ্চেন ছিল প্রধানমন্ত্রীর পশ্চিম বাংলা সফর সম্পর্কে। আমি জানতে চেয়েছিলাম যে শ্রীমতী ইন্দিরা গান্ধী সরকারী কার্য উপলক্ষে পশ্চিমবঙ্গে আসছেন কিনা—কিন্তু এই সর্ট নোটিশ কোশ্চেনের উত্তর আজ পর্যন্ত আমি পেলাম না ধরে নিচ্ছি প্রধানমন্ত্রী ফিরে যাবার আগে পর্যন্ত এটার জবাব পাব না। কিন্তু এই প্রশ্নটি করার একটা উদ্দেশ্য ছিল। আমি আমাদের মুর্শিদাবাদ জেলার বিভিন্ন বন্যা প্লাবিত এলাকা থেকে একের পর এক চিঠি, টেলিগ্রাম পাচ্ছি। একটি টেলিগ্রামে তাঁরা দাবী করেছেন আমাদের এই সভার প্রাক্তন সদস্য শীষ মহম্মদ এবং জঙ্গীপুর মহকুমার, ওরাঙ্গাবাদ শহরের ইউনাইটেড ফ্রন্টের কনভেনার ইয়াদালি সাহেব আমার কাছে পাঠিয়েছেন—তাঁরা জানতে চেয়েছেন সরকারের কাছে যে, প্রধানমন্ত্রী বন্যাপ্লাবিত, বন্যাবিধ্বস্ত ওরাঙ্গাবাদ এবং জঙ্গীপুরে যাচ্ছেন কিনা। আমি আশা করেছিলাম খুব সঙ্গত ভাবে যে বাংলাদেশের দুটি জেলা যখন বন্যাবিধ্বস্ত হয়ে গেছে, মালদহ এবং মুর্শিদাবাদ জেলা, যখন প্রধানমন্ত্রী বাংলা দেশে আসছেন তখন প্রধানমন্ত্রী প্রথমে সেই বন্যাবিধ্বস্ত এলাকার কোন না কোন জায়গায় যাবেন এবং স্বচক্ষে দেখবেন যে সেখানকার কি অবস্থা হয়েছে। ১৯৫৬ সালে যখন বাংলাদেশে এইরকম বিধ্বংসী বন্যা হয়েছিল—মুর্শিদাবাদ জেলাতেই হয়েছিল এবং বর্তমান প্রধানমন্ত্রীর পিতা জহরলাল নেহরু তখন সেই বিধ্বস্ত কাঁদি মহকুমায় গিয়েছিলেন এবং সেখানকার অবস্থা দেখে রিলিফের ব্যবস্থা করে ছিলেন। আজকে আমরা শুনতে পাচ্ছি যে এখান থেকে ঠিকমত রিলিফ দেওয়া হচ্ছে না, ডিসক্রিমিনেশন করা হচ্ছে, বিশেষ করে বিরোধী দলের যেখানে যেখানে পকেট আছে সেখানে নাকি রিলিফ দেওয়া হচ্ছে না। এই কথা সম্পূর্ণ ভিত্তিহীন। আমার কাছে মুর্শিদাবাদ, জঙ্গীপুর মহকুমার তথ্য আছে—

**মিঃ স্পীকারঃ** মিঃ রয়, প্লিজ টেক ইওর সিট।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি আমাকে অনুমতি দিয়েছেন, আমি তাই বলছি যে এটা অত্যন্ত গুরুতর ব্যাপার। বাংলাদেশের দুটি জেলা যখন ধ্বংস হয়ে গেছে, তখন প্রধানমন্ত্রী কি এই সমস্যার মীমাংসা করতে আছেন যে, সিদ্ধার্থবাবু বড় নেতা, না প্রতাপবাবু বড় নেতা, এটা কি

ঠিক করবার জন্য বাংলাদেশে আসছেন? তাঁর কি মালদহ, মুর্শিদাবাদ জেলায় যাবার সময় হবে না? ও'রা বলছেন ডিসক্রিমিনেশন—অধ্যক্ষ মহাশয়, আপনি আমার অনুমতি দিয়েছেন তাই আমি বলছি যে, এ পর্যন্ত এক পয়সা তাঁরা ওখানে দেন নি। কালকে এখানে আমার প্রশ্নের জবাবে ত্রাণমন্ত্রী মহাশয় বলেছেন যে, এখন এক পয়সা তাঁরা দেন নি, এক পয়সা দেবার আশ্বাস দেন নি, এই হচ্ছে আমাদের প্রধানমন্ত্রী—সিদ্ধার্থবাবু বড় নেতা, না প্রতাপবাবু বড় নেতা সেটা বড় কথা হল? বাংলাদেশের লক্ষ লক্ষ বন্যাবিধ্বস্ত লোকের তাতে কি এসে গেল? ও'রা বলছেন ডিস-ক্রিমিনেশন হচ্ছে। ও'রা তাকিয়ে দেখুন ও'দের কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় প্রধানমন্ত্রীকে বলুন কেন তিনি মুর্শিদাবাদে যাচ্ছেন না।

**মিঃ স্পীকারঃ** প্লিজ টেক ইওর সিট। ইউ ক্যাননট ব্রেক দি ডেকোরাম অব দি হাউস।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে অনুমতি দিয়েছেন বলেই আমি বলছি। আমি জানতে চাই প্রধানমন্ত্রী যখন সরকারী সফরে আসছেন তখন তিনি সেখানে যাবেন কিনা এই আমাদের দাবী।

## Point of Order.

**শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। স্যার, এই হাউস বাঙলাদেশের আইন প্রণয়নের হাউস। এই হাউসের স্পীকারের মর্যাদা মানে বাংলাদেশের মর্যাদা তথা এই হাউসের মর্যাদা। যদি কোন সদস্য স্পীকারের আদেশ অমান্য করে কিছু বলতে থাকেন তাহলে আমি মনে করি হাউসকে অমর্যাদা করা হচ্ছে। কাজেই আমার অনুরোধ স্পীকার-এর কাছে যে আমি মনে করি হাউসকে অমর্যাদা করা হচ্ছে। কাজেই আমার অনুরোধ স্পীকার-এর কাছে যিনি এই চেয়ারে আছেন তিনি এই হাউসের মর্যাদা রক্ষা করবেন, সদস্যদের মর্যাদা রক্ষা করবেন। আমি তাই স্পীকার মহাশয়কে অনুরোধ করবো যে, যাঁরা এই ধরনের হাউসকে অমর্যাদা করে তাদের নিশ্চয়ই অ্যাপলজি চাইতে হবে।

**মিঃ স্পীকারঃ** আমি তো শুনলাম—এই হাউস চালাবার অনেক রকম নিয়ম আছে। মিলিটারি রুল করা যায়—হাউসের আইন আমি জানি, ডিকটেটরও আমি হতে পারি। আমি ও'কে বসবার জন্য বলেছি। উনি উত্তেজনার মাধ্যমে বলছেন। এ শুধু ও'র এলাকার নয়, অনেকেরই আছে। আমিও ও জায়গায় যখন বসেছিলাম তখন আমারও ছিল। তবে আমি ও'কে বুঝিয়ে-সুঝিয়ে আজকে আলাদা ভাল করে বোঝাব এইরকম যেন দয়া করে না করেন। সুতরাং মর্যাদা আপনাদের যাতে না যায় তার জন্য আমি আপ্রাণ চেষ্টা করবো, আমার কথা ভাববেন না।

**শ্রী মহঃ আবদুল লতিফঃ** মাননীয় স্পীকার মহাশয় আজকে স্টেটসম্যান পত্রিকায় একটা খবর বেরিয়েছে প্রথম পাতায় যে মার্কিন রাষ্ট্রদূত যিনি কলকাতায় এসেছিলেন, তিনি নাকি আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে একটা চিঠি লিখেছিলেন, সেই চিঠিতে তিনি অনুরোধ জানিয়েছেন যে তিনি যখন কলকাতার সি এম পি ও-র অফিস থেকে বেরিয়ে যাচ্ছিলেন তখন কেউ একজন তার বিরুদ্ধে শ্লোগান দিয়েছিলেন এবং তাকে পুলিশ অ্যারেস্ট করেছেন এবং সেই ধৃত ব্যক্তিকে যাতে ছেড়ে দেওয়া হয় তার জন্য তিনি অনুরোধ জানিয়েছেন ঐ চিঠিতে। এখানে দুটি প্রশ্ন খুব গুরুত্বপূর্ণ। একটা হচ্ছে এই মার্কিন রাষ্ট্রদূত - কিছুদিন আগে আমাদের হাউসে বলা হয়েছে যিনি এই যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে আসামে গিয়ে বিষোদ্গার করেছিলেন এবং বিশেষ করে যে দেশের রাষ্ট্রদূত, যে দেশ ভিয়েতনামের উপর বর্বরতা চালিয়েছেন সেই দেশের রাষ্ট্রদূতের বিরুদ্ধে যদি কলকাতায় শ্লোগান দিয়েই থাকে তাহলে যুক্তফ্রন্ট সরকারের আমলে তাকে কেমন করে ধরা হলো। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে সেই লোককে ধরা ন্যায় কি অন্যায়, সেই লোককে ছেড়ে দেওয়া হবে কি হবে না, সেই ব্যাপারে মার্কিন রাষ্ট্রদূত তার নাক গলাতে পারে কি করে এবং এটা কি আমাদের ইন্টারন্যাল অ্যাফেয়ার্সে ইন্টারফিয়ারেন্স হচ্ছে না।

**শ্রীকালিপদ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আজকের সংবাদপত্রের সংবাদে প্রকাশ কলকাতার প্রখ্যাত সিটি কলেজের অধ্যক্ষ শ্রীতারাপদ চক্রবর্তী মহাশয় পদত্যাগ করেছেন এবং পদত্যাগের কারণ স্বরূপ তিনি বলেছেন যে, বারাসতে তাঁর বাড়িতে তিনি অনুপস্থিত থাকাকালীন অবস্থায় একদল লোক গিয়ে হামলা করেছে। আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যে, কলকাতার এই প্রখ্যাত কলেজের অধ্যক্ষ কি কারণে পদত্যাগ করেছেন সেটা হাউসের কাছে পরিষ্কার করে দেবেন।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আপনার সামনে খুব দুঃখের সঙ্গে একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা আশা করেছিলাম যে, ১৯৬৯ সালের মধ্যবর্তী নির্বাচনের পর যখন আবার যুক্তফ্রন্ট সরকার গঠন করলাম তখন ভাবলাম যে, সমস্ত বিভাগে দুর্নীতি আছে সেইগুলো ধীরে ধীরে কমবে। কিন্তু একটা বিষয় যেটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে যে, ডি পি আই, ওয়েস্ট বেঙ্গল, যে অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট আছে, সেখান থেকে এই মার্চ, এপ্রিল, মে, জুন এবং জুলাই মাস পর্যন্ত সেখানে একজন ডিলিং অ্যাসিস্ট্যান্ট আছেন তার নাম রঘুবাবু এবং একজন হেড অ্যাসিসট্যান্ট আছেন তার নাম নির্মল মুখার্জী, এরা সেই কংগ্রেসী আমলের পুরানো কুখ্যাত দালালের মাধ্যমে তারা এই কমাসে বেশ কিছু কিছু লোককে এক হাজার, দেড় হাজার টাকা করে নিয়ে চাকরী দিয়েছে, ক্লার্কের চাকরী আমি নাম করে বলছি। আমি যে নির্বাচন কেন্দ্র থেকে আসছি সেই এলাকার একজন কুখ্যাত দালাল, রমনীমোহন মাইতি যার নাম সরকারী টাকা চুরীর কেস হয়েছে, সেই লোক বিভিন্ন জায়গায় ডি আই অফিস, ডি আই অফিস, দার্জিলিং, ডি আই অফিস, বাঁকুড়া, সাব-ইন্সপেক্টর্স অফিস গোপিবল্লভপুর, ডি আই অফিস, পুরুলিয়া, এইরকমভাবে বিভিন্ন জায়গায়, মেদিনীপুর ডি আই অফিস এবং কন্টাই এ আই অফিস এইসমস্ত জায়গায় এক হাজার টাকা, দেড় হাজার টাকা নিয়ে তাদের চাকরী দিয়েছে। এইসমস্ত ছেলেদের কোন ইন্টারভিউ নেওয়া হয় নি, কোন পুলিশ ভেরিফিকেশন করা হয় নি, তারা একদিনও কোনও সরকারী অফিসারের সামনে দাঁড়িয়ে কোন ইন্টারভিউ দেয় নি, বাড়িতে বসে টাকা দিয়ে চাকরি পেয়েছে। আজকে তাই স্পীকার মহাশয়, আপনার কাছে এবং মন্ত্রিমহাশয়ের কাছে আমি দুঃখের সঙ্গে জানতে চাই এই অব্যবস্থা দুর্নীতি কংগ্রেসের পুরনো দালালদের দ্বারা ব্যাভিচার কতকাল চলবে? কতকাল চলতে দেওয়া হবে? আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করতে চাই তিনি তদন্ত করুন, এই মার্চ মাসের পর থেকে যত চাকরি বি কে দত্ত—ডি ডি পি আই, ওয়েস্ট বেঙ্গল—অ্যাডমিনিস্ট্রেশন যিনি ছিলেন তাঁর আন্ডারে সেইখানে যে হেড অ্যাসিট্যান্ট নির্মল মুখার্জী কতগুলো চাকরি এইভাবে এক হাজার, দেড় হাজার টাকা নিয়ে দিয়েছেন, সেইগুলো পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করুন।

[1-50—2-00 p.m.]

## Point of Order.

**ডাঃ জয়নাল আবেদীন:** মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। উনি এক নাগাড়ে বাইরের কতকগুলো লোকের সম্বন্ধে এখানে অভিযোগ করে গেলেন যাদের এখানে নিজেদের আত্মরক্ষা করে নিজেদের বক্তব্য ডিফেন্ড করার অধিকার নেই। অতীতে কিন্তু এইটা আপনি ডিসক্যারেজ করেছেন। রেফারেন্সে উনি ডেফিনিট অ্যালিগেশন করেছেন। আদালতগুলি খোলা আছে—বোথ ক্রিমিন্যাল এবং সিভিল, হি ক্যান টেক দি হেলফ অফ ল কোর্টস। এখানে যারা ডিফেন্ড করতে পারে না, তাদের বিরূদ্ধে অভিযোগ তোলা সম্বন্ধে আপনি মন্তব্য করেছিলেন, উচিত নয় বলে। আমি আপনার কাছে রুলিং চাইছি যারা ডিফেন্ড করতে পারে না, তাদের বিরুদ্ধে এক নাগাড়ে এ রকম কেউ বলে যেতে পারেন কিনা।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মিঃ স্পীকার স্যার, উনি একটা পয়েন্ট অফ অর্ডার তুলেছেন যে বাইরে গিয়ে তাদের বিরুদ্ধে কেস করতে পারি। আমরা এই ধরনের আদালতে মামলা করার অভ্যাস ডাঃ জয়নাল আবেদীনের মত নেই। আমার কাছে চিঠিপত্র আছে, সেই চিঠিপত্র দিতে পারি।

**Mr. Speaker:** You cannot accuse everybody in this way. You have got the freedom but it cannot be exercised as a license. You should take responsibility of making that statement. If you do so you are entiled to make that statement.

**শ্রীঅরুণ সেন:** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মারফত খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে কিছুদিন যাবত আমাদের কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে যে ধরনের গম খাওয়ান হচ্ছে রেশনের সঙ্গে সে গম মানুষে খেতে পারে না। আমি কয়েক সপ্তাহ যাবত দেখছি ক্রমশ গমের কোয়ালিটি খারাপ হয়ে যাচ্ছে। এই সপ্তাহে যে গম দিয়েছে একটা দোকানে নয়, কয়েকটা দোকান ঘুরে দেখেছি—খুব পোকা ধরা গম খাওয়াচ্ছে। আমি কয়েকটা দোকান থেকে গমের স্যাম্পল নিয়ে এসেছি সেটা আপনাকে দিচ্ছি এবং আমি অনুরোধ করব আপনি খাদ্য দপ্তরের মন্ত্রীকে বলুন ভাল গম দিতে। পয়সা নিয়ে পচা গম যেন না দেন।

**মিঃ স্পীকার:** আমি বলে দেব। আপনি ওটা দিয়ে যান।

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রিলিফ মিনিস্টার এবং কমিউনিটি ডেভালপমেন্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি। সারা বীরভূম জেলায় মাঠের কাজ শেষ হয়ে গিয়েছে। ভূমিহীন কৃষি মজুরদের আশ্বিন এবং ভাদ্র মাসের শেষ দিকটায় কৃষিকাজের সুবিধা নেই। এমনকি তারা শ্রমদান করতে না পেরে অনাহারে, অর্ধাহারে দিন যাপন করছে। এই সময় বিভিন্ন অঞ্চলে গ্রুপ লোন দেওয়া হয়। কিন্তু তাগাবীর লোন বা গ্রুপ লোনের যে অ্যামাউন্টটা বীরভূম ডিস্ট্রিক্টের জন্য স্যাংসন হয়েছে সেটা অত্যন্ত অল্প। এই ক্ষেত্রে আমরা সাব-ডিভিসন্যাল ফুড জিরলিফ কমিটির পক্ষ থেকে প্রস্তাব করেছি সেখানকার এস ডি ও এবং ডি এম-এর মারফত সরকারের কাছে আবেদন জানিয়েছি আমাদের আরও ৪ লক্ষ টাকা গ্রুপ লোন পারপাসে সরকারের পক্ষ থেকে বীরভূম জেলার জন্য দেওয়া হোক। আমি কৃষিমন্ত্রী, কমিউনিটি ডেভালপমেন্ট মিনিস্টার এবং রিলিফ মিনিস্টারের কাছে আবেদন রাখছি যে, বীরভূম জেলার মজুরদের যাতে গ্রুপ লোন দেওয়া হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশের যে সমস্ত সরকারী কর্মচারীরা তারা কাজ থেকে অবসর গ্রহণ করেন, অবসর গ্রহণ করার পরে তারা পেনশান পান না এবং আমরা দেখেছি যে এই পেনশনের ব্যাপারে ১৯৬২ সালে যিনি রিটায়ার করেছেন তিনি আজ প্রায় ৬ বছর হয়ে গেছে স্বাস্থ্য বিভাগ থেকে এখনও পেনশান পান না এবং ২ বছর, ৩ বছর, ৪ বছর, ৬ বছর পরে অবশেষে মারা যান, এই রকম অবস্থা দাঁড়িয়েছে। জীবীত থাকা কালে তিনি পেনশান ভোগ করতে পারেন না। অতএব আপনার মারফতে যে সমস্ত সরকারী কর্মচারী রিটায়ার করেন তাদের পেনশনটা যাতে তারা তাড়াতাড়ি পায় তার জন্য একটা ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীনিরঞ্জনকুমার মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি যুক্তফ্রন্ট সরকারের জনপ্রিয় পি. ডবলিউ. ডি'র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই ডায়মণ্ডহারবার রোড যেটা সম্পর্কে আমি আগেও হাউসে বার বার বলেছি এবং বর্তমানে এই ডায়মণ্ডহারবার রোডের নাম দক্ষিণ ২৪-পরগনা ও বেহালাবাসীরা ঠাট্টা-বিদ্রূপ করে 'উদয়শংকর রোড' বলে অভিহিত করছেন এখানে রাস্তাঘাটের যা অবস্থা হয়েছে—কোন পথেই যানবাহন চলাচলের অবস্থা নেই। প্রায়ই এ্যাকসিডেন্ট হচ্ছে সমগ্র দক্ষিণ ২৪-পরগনার একমাত্র সড়ক সেই সড়কটির এরকম দুরবস্থা, সেখানকার মানুষ তাদের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে এই রকম অবস্থার জন্য এবং এর প্রতিকার করার জন্য অন্ততঃ কিছু সাধারণ রিপেয়ার এই বর্ষার মধ্যে যেন করা হয় তার জন্য আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহম্মদ আব্দুল লতিফ:** মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে। সেটা হচ্ছে যে, আমি প্রশ্ন দিয়েছিলাম বহুদিন আগে এবং আপনার সেক্রেটারিয়েট থেকে একটা চিঠি পেয়েছি ২৮।৭।৬৯ তারিখে। ঐ প্রশ্নটা সংশ্লিষ্ট দপ্তরে পাঠান হয়েছিল

২৮।৭।৬৯ তারিখে, আজ সেপ্টেম্বর মাসের ১১ তারিখ কিন্তু এখনও পর্যন্ত সেই প্রশ্নের জবাব কিন্তু আজও পেলাম না। প্রশ্নের জবাবটা হয়ত রাইটার্স বিল্ডিংস থেকে পাওয়া যাবে আমার ধারণা, তা সত্ত্বেও পেলাম না। দ্বিতীয় কথা হচ্ছে যে, এই সেসানে কতকগুলি প্রশ্ন করেছিলাম এবং সেই প্রশ্নগুলির উত্তর ভুল দেওয়া হয়েছে। একটা ব্যাপারে আমি লিখিতভাবে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই জুলাই মাসের আজ পর্যন্ত তাঁর কাছ থেকে বা তাঁর ডিপার্টমেন্টের কাছ থেকে যে ভুল জবাব দেওয়া হল তার সম্বন্ধে কিছু শুনলাম না। সুতরাং যদি এই রকমভাবে ভুল জবাব দেওয়া হয় বা তার জবাব না দেওয়া হয় সে সম্পর্কে আপনি যদি কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে আমাদের এই প্রশ্ন করা বৃথা হয়ে দাঁড়াচ্ছে।

**মিঃ স্পীকার:** এই রকম ডিটেলস্ এখন শোনা যাবে না। আপনি এগুলি লিখে আমাকে দিন যা করতে পারি করবো। কোনটাই বৃথা যাবে না, সব হবে। এখন বিল পাশ হবে। কাজেই এগুলি এখন হবে না।

## GOVERNMENT BILLS

[2-00—2-10 p.m.]

### The City Court (Amendment) Bill, 1969.

**শ্রীসুবোধগোপাল গুহায়েত:** মাননীয় স্পীকার মহোদয়, এটা খুব আনন্দের কথা যে এখনও পর্যন্ত কোর্ট ফি দিতে হচ্ছিল কেবল মফঃস্বলে যারা মোকর্দমা করত তাদের। এখানে অরিজিনাল সাইডে মোকদ্দমা করতে হলে লিমিটেড য়্যামাউন্ট কোর্ট ফি দিতে হত। এই ডিসক্রিপেন্সী দূর করা হচ্ছে এটা আনন্দের বিষয় এবং তার সঙ্গে জমির মূল্য যেভাবে বেড়েছে সেই হারে সিটি সিভিল কোর্টের জুরিসডিকসন বাড়িয়ে দেওয়া হচ্ছে এটা আমি সমর্থন করছি। আমি বিস্তৃতভাবে দীর্ঘ সময় কিছু বলতে চাই না তবে কয়েকটা প্রশ্ন যেটা তোলা হয়েছে সেটা হচ্ছে আমরা খবরের কাগজে দেখেছি এবং দু একজন সদস্য আলোচনার ভেতর বলেছেন যে খরচ বেড়ে যাবে লিটিগ্যান্ট পাব্লিক যদি মোকর্দমা করতে আসে তাদের কোর্ট ফি দিতে হবে। হাইকোর্টে কেস করতে হলে তাদের লিমিটেড কোর্ট ফি দিতে হত কিন্তু আমরা জানি যে যদিও হাইকোর্টে কেস করতে এলে লিমিটেড য়্যামাউন্ট কোর্ট ফি দিতে হত সাড়ে ৪৮ টাকা মাত্র কিন্তু হাইকোর্টে কেস করার জন্য অন্যান্য খরচ যেটা দিতে হত তাতে আরো বেশী খরচ পড়ে যায়। অরিজিনাল সাইডে একটা পিটিসন করতে হলে কমপক্ষে পিটিসন এবং তার আনুসঙ্গিক খরচ ১২/১৩ টাকা হয় কিন্তু অন্যান্য কোর্টে একটা দরখাস্ত করতে হলে কেবলমাত্র ১২ আনা কোর্ট ফি খরচ করলেই দরখাস্ত হয়। য়্যাপীলেট সাইডে নিয়ম আছে য়্যানেকসার যেগুলি দেয়া হয় তার জন্য একস্ট্রা কোর্ট ফি না দিলেও চলতে পারে কিন্তু অরিজিনাল সাইডে য়্যাফিডেভিটের সঙ্গে য্যানেক্সার দিতে হলে ৩ টাকা করে য়্যানেক্সারের জন্য একস্ট্রা খরচ করতে হবে। তা ছাড়া মোকর্দমা ফাইলের জন্য ক্লাইন্টকে সলিসিটর ফার্মের মারফত কাজ করতে হয় এবং তাঁরা অনেক সময় যেভাবে দাবী করেন অথবা যেখানে কষ্টিং করেন তাতে দেখা যাবে যে কোর্ট ফি-এ খরচ বাঁচল বটে কিন্তু অন্যদিক থেকে যথেষ্ট বেশী খরচ করতে হয় তা ছাড়া ল-ইয়ারদেরও কোন ক্ষতি হচ্ছে না কেন না অরিজিনাল সাইডে যাঁরা প্রাকটিস করেন তাঁদের কোন বাধা নেই সিটি সিভিল কোর্টে গিয়ে কেস করার। একটা প্রশ্ন উঠেছে যে সলিসিটর ফার্মের সঙ্গে যুক্ত যারা কর্মচারী তাদের চাকরী চলে যাবে, কয়েক হাজার লোকের খুব ক্ষতি হবে কিন্তু আজকে যাঁরা এখানে প্রাকটিস করেন তাঁরা সেখানেও প্রাকটিস করতে পারেন, সেখানে কোন বাধা নেই এবং সেই সব লোক সেখানে প্রভাইডেড হতে পারেন। কাজেই তাঁদের সরাসরি চাকরি চলে যাওয়ার কোন কারণ থাকতে পারে না। কাজেই সেই সব টাইপিষ্ট, ষ্টেনো, তাঁদের কোন অসুবিধা হবে না, বরঞ্চ এই কোর্ট ফি না দেয়ার জন্য স্টেট গভর্নমেন্টের যে ক্ষতি হত সেদিক থেকে স্টেট গভর্নমেন্টের যথেষ্ট লাভবান হবেন এবং ক্লাইন্টের দিক থেকেও কোন ক্ষতি হবে বলে আমরা মনে করি না। তবে একটা জিনিসের প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই

যে সিটি সিভিল কোর্টে ১০ হাজার টাকার জায়গায় জিনিসপত্র বা সম্পত্তির মূল্য বেড়ে গেছে বলে ৫০ হাজার টাকা করা হচ্ছে কিন্তু সিভিল কোর্ট, মুনসেফ কোর্টের জুরিসডিকসন দেড় গুণ বাড়ানো হয়েছে—এখানেও সেইভাবে বাড়ানো উচিত। যদিও একটা বিল পাশ হয়েছে তবুও আমি অনুরোধ করব টাউনের মূল্যের সঙ্গে সমতা রেখে যাতে জুরিসডিকসন বাড়ানো হয় তার ব্যবস্থা যেন করেন। সুতরাং আমি মনে করি যেসব অসুবিধার কথা বলা হয়েছে সেই সব অসুবিধা কিছুই হবে না এবং লিটিগাণ্ট পাবলিকের দিক দিয়েও কিছু ক্ষতি হবে বলে আমি মনে করি না, বরং পশ্চিমবঙ্গ সরকারের কোর্ট ফি থেকে আয় কিছু বাড়বে কিন্তু যদি একজেমপ্ট করতে চান তাহলে সব জায়গায় একজেমপ্ট করবেন। এই বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীএ, কে, এম, ইশাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে একটু মুস্কিলে পড়েছি। কারণ এখানে জনকল্যাণের দুই রকম ব্যাখ্যা হয়েছে এবং এই দুটো ব্যাখ্যাই সরকারের তরফ থেকে হয়েছে। ভক্তিবাবু একটা ব্যাখ্যা করে বলেছেন যে এটা করলে একটু জনকল্যাণের কাজ হবে এবং বাংলাদেশের মানুষকে যে সমস্ত কথা বানানে সেই সমস্তের একটু প্রতিশ্রুতি পালন করা হবে। আবার ঐ বাম কম্যুনিষ্ট পার্টির সমর রুদ্র জনকল্যাণের আর একটা ব্যাখ্যা করেছেন। তাঁর মতে এই বিলটা যদি পাশ হয়ে যায় তাহলে আর একটা পরিচয় বাংলাদেশের মানুষের উপর ইমপোজ কবা হবে। তিনি এই বলে সুরু করলেন যে আমি এই বিলকে সমর্থন করছি এবং তিনি যে সমর্থন করলেন সেই সমর্থকদের একমাত্র সমর্থন যা বাম কম্যুনিষ্ট পার্টির আইডিওলজি পাওয়া যায়। সমর্থন করতে গিয়ে যে সবরকম গালাগালি দিয়েছেন। কিন্তু আমরা এই বিলকে সমর্থন করছি। এটা একটা বৈপ্লবিক বিল কিছু নয়। তিনি যদি অরিজিনাল সাইড ভুলে দিতে চাইতেন তাহলে আমরা সেটা বলতাম কিনা সন্দেহ ছিল। কিন্তু তিনি সামান্য ব্যবধান রহিত করতে চেয়েছেন বলে তাকে ধন্যবাদ দিচ্ছি। গ্রামের গরীব মক্কেলেরা ১০০ টাকার উপর ১১/০ ফি দিয়ে মামলা করবে এবং কোলকাতায় যাদের অবস্থা স্বচ্ছল তারা বিনা পয়সায় মামলা করবে এই যে একটা অনাচার তিনি বিলোপ করতে চেয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এটা যে এতদিন করা হয়নি সেটা অবশ্য দুঃখের কথা, কিন্তু আপনারা দেখবেন যে অন্য দুটো স্টেট-এ অরিজিনাল সাইড ভুলে দেওয়া হয়েছে। ৫০ হাজার পর্যন্ত তুলে তিনি অনাচারের অনেকখানি রহিত করছেন। আর বাকী যা কেস যাবে তার সংখ্যা অনেক কম। কিন্তু এটা তুলে দিলে আমরা সমর্থনভাবে সমর্থন করতে পারতাম। তিনি যে ফর্ম-এ এনেছেন সেই ফর্ম-এ আমরা সমর্থন করছি। তিনি নিজে একজন উকিল আমার মনে তাঁর আরও কিছু করনীয় আছে এবং সেসমস্ত জিনিষ করতে পারলে মক্কেল, উকিল সকলের উপকার হবে। উকিলদের উপকার বলতে টাকা পয়সার কথা বলছি না। টাকা পয়সা ছাড়া তাঁদের আরও অনেক রকম এ্যাংজাইটি থাকে সেসব তিনি জানেন। বিচারের যেসমস্ত প্রথা আছে সেগুলোকে যদি সরল করার চেষ্টা করেন তাহলে ফল ভালই হবে। বিচার পেতে গেলে যে দেরী হয় সেটা যাতে না হয় সে ব্যবস্থা যদি করতে পারেন তাহলে তিনি সকলের কিছু কিছু উপকার করতে পারবেন এবং সেজন্য তিনি সকলের ধন্যবাদ পাবেন এবং সেসমস্ত প্রস্তাব তিনি আনবেন এই আশা রাখি। এই বিলটা যদিও সর্বাঙ্গসুন্দর না হব এর দ্বারা খানিকটা অনাচার দূর করা যাবে বলে এই বিলটা সমর্থন করছি।

[2-10—2-20 p.m.]

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আইনমন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন আমি সেই বিলকে আপনার মাধ্যমে সমর্থন করছি। এই জিনিসের দরকার অনেক আগেই ছিল কারণ ভারতবর্ষের মধ্যে কোলকাতা, মাদ্রাজ এবং বোম্বেতে এই অসঙ্গতি ইংরেজ আমল থেকেই করা হয়েছিল ইংরেজের যেটা ভেসটেড ইন্টারেস্ট সেটাকে বজায় রাখবার জন্য। আজকেও কোলকাতায় এটা যে বজায় রয়েছে সেটা খুবই দুঃখের কথা। সিটি সিভিল কোর্ট করা হয়েছিল এটা দেখাবার জন্য যে কংগ্রেস এই কায়েমী স্বার্থের উপর আঘাত হানতে চায়। কিন্তু কার্যত এই যে কাঠামো করা হয়েছে তার গায়ে আঘাত দেবার সাহস কংগ্রেসের

হয়নি। আমি যুক্তফ্রন্ট সরকারের আইনমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি কারণ সাহসের সঙ্গে তিনি যে বিল এনেছেন তাতে আমরা কায়েমী স্বার্থের উপর বাস্তবিকই যথেষ্ট শক্তিশালী আঘাত হানতে পারব। একথা ঠিক যখন আমরা কোন কায়েমী স্বার্থের উপর আঘাত দিতে চাই বা কায়েমী স্বার্থ দূর করতে চাই সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের কিছু অংশ তাতে ক্ষতিগ্রস্ত হন, তাঁরা অসুবিধার মধ্যে পড়েন। যেমন আমরা দেখছি সলিসিটরদের অফিসে যেসব কেরাণী, কর্মচারীরা রয়েছেন তাঁরা খুব কষ্টের মধ্যে পড়েছেন। কিন্তু কথা হচ্ছে সমাজে যদি একটা পরিবর্তন আনতে হয় তাহলে অসুবিধার মধ্যে পড়তেই হয়। তবে আমাদের দেখা দরকার সেই অসুবিধা আমরা কি করে কমাতে পারি। একথা ঠিক আমাদের যে পরিবর্তন নিতান্ত প্রয়োজন তাকে আমরা এড়িয়ে যেতে পারব না। আমাদের এখানে ৫০ হাজার টাকা সীমা করা হয়েছে সিটি সিভিল কোর্টে। এই সীমা করার ক্ষেত্রে আমাদের একটা উদ্দেশ্য আছে। স্যার, একদিকে আমরা দেখছি পাড়াগাঁয়ের সাধারণ মানুষের কাছ থেকে টাকা আদায় করা হচ্ছে বিচার দেবার জন্য এবং অন্যদিকে দেখছি চেম্বার অব কমার্সের সদস্য যাঁরা কোটি কোটি টাকার মালিক তাঁরা রেহাই পেয়ে যাচ্ছেন মূলতঃ কোন কিছু না দেখিয়ে, বিনা খরচায়। অর্থাৎ গভর্নমেন্টকে কোন টাকা না দিয়ে বিচার আদায় করে নিচ্ছেন চেম্বার অব কমার্সের বড় বড় পুঁজিপতি প্রতিষ্ঠানগুলো। গ্রামাঞ্চলের গরীব মানুষরা বিচারের জন্য পয়সা দিতে বাধ্য হয় সেই জিনিস আংশিকভাবে এবং অনেকখানি যে রেহাই করতে পেরেছেন তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। আজকে যে যাত্রা সুরু হোল এবং যে সাহসের সঙ্গে আমাদের আইনমন্ত্রী পদক্ষেপ করেছেন তাতে আমি আশা করি আমাদের সমাজ ব্যবস্থায় এবং বিচার ব্যবস্থায় এখনও যে সমস্ত অসঙ্গতি রয়েছে সেই অসঙ্গতি দূর করবার জন্য তিনি ঠিক এমনিভাবে দৃঢ়সংকল্প রেখে এগিয়ে যাবেন। একথা বলে এবং এই আশা রেখে আমি এই সংশোধনী বিল সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে এই বিল আনার জন্য মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এই বিল সম্পর্কে বলতে গেলে আমাদের কোলকাতা হাইকোর্টের যে ইতিহাস সেই ইতিহাসের কিছু ব্যাকগ্রাউন্ড প্রথমে বলা দরকার। আপনারা সকলেই জানেন ১৮৭৪ সালে ওয়ারেন হেস্টিংস্-এর সময়ে যখন সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠিত হয় তখন ৩ ধরনের কোর্ট ছিল। একটি ছিল কিংস্ কোর্ট, ক্রাউন কোর্ট, আর একটি ছিল কোম্পানীস্ কোর্ট এবং আর একটি ছিল নেটিভ কোর্ট। কালক্রমে দিনের পর দিন কোর্টের বিভিন্ন এ্যাক্ট তৈরী হয়। হাইকোর্ট এস্টারিসমেন্ট হওয়ায় সেই সময় সুপ্রিম কোর্টের পাওয়ার হাইকোর্টে গিয়ে বর্তায়। কিন্তু বৃটিশের সময় যে সমস্ত এ্যানোমালি ছিল, এ্যাডমিরাল্টি, ভাইস-এ্যাডমিরাল্টি ছিল সেগুলি ক্রাউন্স কোর্ট বলে পরিচিত ছিল এবং তার পাওয়ার এ্যান্ড জুরিডিকসন এ্যানোমোলাস্ পজিসনে যায়। আজকে আমাদের বিচার বিভাগের মন্ত্রী সেই পিকিউন্যারি জুরিডিকসন এবং তার যে এ্যানোমোল্স কন্ডিসন সেটাকে তুলে দিয়ে বিচার বিভাগে একটা জাস্টিস্ করতে চাচ্ছেন। তিনি কমার্শিয়াল এবং নন-কমারশিয়াল ৫ হাজার এবং ১০ হাজার টাকা থেকে ৫০ হাজার টাকা করেছেন। সিটি সিভিল কোর্টের বিচারকরা সাধারণতঃ ডিস্ট্রিক্ট কোর্ট থেকে আসেন। এবং তাঁরা প্রত্যেকেই পন্ডিত এবং অভিজ্ঞ ব্যক্তি। আমি মন্ত্রিমহাশয়ের কাছে একটা আবেদন রাখব, যেমন এইভাবে জুরিস্‌ডিক্‌শন বাড়াচ্ছেন, ঠিক তেমনি আর একটা বিষয় বিবেচনা করবেন। যেখানে ফার্স্ট শেড়ূলে দুই থেকে ৯ এবং ১১ বাদ দিচ্ছেন, সেখানে ১০-এর টি করেননি। এটা বিবেচনা করে দেখবেন। সেটা কোম্পানীর ব্যাপার, ১০ হাজার টাকা হলে কোম্পানীর ক্ষেত্রে যা আছে, সেটাকে সিটি সিভিল কোর্টের আওতায় নিয়ে যাওয়া যায় কিনা বিষয়টা বিবেচনা করে দেখবেন, কমার্শিয়াল কোম্পানি যেগুলি আছে সেগুলির কথাও চিন্তা করবেন, এবং সেই সেক্‌শনে আছে . .

**শ্রীভক্তিভূষণ মন্ডলঃ** সেটাতো সেন্ট্রাল এ্যাক্ট।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** সেটা যদি সেন্ট্রাল গভর্নমেন্টের হয়, তাহলে কেন্দ্রীয় সরকারের কাছে নিয়ে গিয়ে যাতে করে কোম্পানী এ্যাক্টের জুরিস্‌ডিক্‌সন ও সিভিল কোর্টের মধ্যে চলে যায় সেটা দেখতে বলি।

**মিঃ স্পীকারঃ** আপনি তো বিল সমর্থন করছেন, কোন এ্যামেন্ডমেন্টও আপনার নাই, কত ার বলবেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** স্যার, আমার একটু বলার আছে আরও। এই হাউসের কিছু ছু সদস্য বললেন এক বোতল থেকে আর এক বোতলে। কিন্তু এটাতো ঠিক নয়, মদটা কিন্তু তেন। আরও অনেকে বলেছেন যে ২৫ হাজার টাকা যাদের সোর্স তারা নাকি গরীব মানুষ, ৫ হাজার টাকার মালিক হয়েও কি করে যে গরীব মানুষ হয় বুঝি না, তাদের জন্য লিমিটেড ্ করতে বলেছেন। সেজন্য যেটা করছেন কমার্শিয়াল এবং নন-কমার্শিয়াল ৫০ হাজার টাকা র্যন্ত, তার জন্য আমি ধন্যবাদ দিচ্ছি। জেলা কোর্টগুলিতেও যাতে অনুরূপ জুরিসডিকসন ন তার জন্য অনুরোধ জানাচ্ছি। তিনি আগামী দিনে কোন এ্যাক্ট এ ব্যাপারে যেন আনেন। ার ডিষ্ট্রিক্ট কোর্ট এবং সিভিল কোর্ট এই দুটি সমান, ক্যালকাটা এবং মফঃস্বলের ডিষ্ট্রিক্টের ধ্যে অনেক কিছু গোলমাল আছে, আমার মনে হয় একটা ইউনিফর্ম জুরিসডিক্শন হওয়া চিত। আর সেল অব জাষ্টিস যেটা বলেছেন তা হচ্ছে না। বেকারদের সম্বন্ধে বলা হয়েছে। মিদারী যখন উচ্ছেদ করা হল তখন নায়েবদের গোমস্তা ইত্যাদিতে যেমন ব্যবস্থা করা হয়েছিল র্মনি সলিসিটারদের ফার্মে যারা আছে তাদের রাখবার জন্যও একটা বিকল্প ব্যবস্থা করবেন।

**মিঃ স্পীকারঃ** আর কত বলবেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** আমি আর একটি বিষয় বলব। কিছুদিন আগে সলিসিটার র্মের কর্মচারীরা আন্দোলন করেছিল তাদের চাকুরির নিরাপত্তার জন্য। যে সমস্ত ফার্মে দের চাকুরির নিরাপত্তা নেই তার মধ্যে অ্যান্ডারসন এবং আরও কয়েকটি ফার্ম আছে। বৃটিশ জত্বে মুষ্টিমেয় কয়েকজনের স্বার্থে এই সলিসিটার তৈরী হয়েছিল। আজকে মুষ্টিমেয়ের র্থের চেয়েও সাধারণের মঙ্গল, গরীব মানুষের মঙ্গলের জন্য ব্যবস্থা হচ্ছে। সরকারেরও জস্ব বাড়ছে, আর সাধারণ মানুষও সিভিল কোর্টে যেতে পারবে, ওরিজিন্যাল সাইডে কেস তে হত। এখন যে ব্যবস্থা হচ্ছে তাতে আর ব্যারিষ্টারদের পকেটে টাকা যাবে না। এই ল আমি বিলকে সমর্থন করছি।

-20—2-30 p.m.]

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় স্পীকার, স্যার, আমাদের সামনে যে বিল এসেছে মার মনে হয় যে এই সেসনে আমরা যতগুলি বিল নিয়ে আলোচনা করেছি তার সবগুলির ধ্য এই বিলটি সম্বন্ধে সবচেয়ে বেশি আলোচিত সমালোচনা, তর্ক এবং বিতর্কের সৃষ্টি রছে, এই কারণে একটি বিতর্কিত বিলে অংশ গ্রহণ করতে গেলে কিছু ভুল বোঝাবুঝির ভাবনা থেকে যায়। সেইজন্য স্যার, আপনার অনুমতি নিয়ে আমি ব্যক্তিগত স্তরে নেমে একটি কথা ঘন্টার আমার প্রধান বক্তব্য রাখার আগে। সেটা হচ্ছে এই যে, এই বিলে স্যার, যদি টিগেটিং পাবলিক তাদের সম্বন্ধে যদি কিছু উপকার করা যায় তাহলে নিশ্চয়ই এই বিলের রুদ্ধে কারো কিছু বলা উচিত নয় এবং এখানে অবজেক্টস অ্যান্ড রিজনসে যা রাখা হয়েছে ননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিলের সমর্থনে তিনি যে দুই তিনটি কারণ দিলেন তার মধ্যে প্রধান রণ আমার মনে হয় যে লিটিগেন্ট পাবলিককে কিছু রিলিফ দেওয়া এবং এটাই হচ্ছে বিলের ধান উদ্দেশ্য এবং এই উদ্দেশ্যের সঙ্গে দ্বিমত হবার কারো কোন কারণ থাকতে পারে না। দের আমাদের দেশের আইন পরিচালনার সঙ্গে বিন্দুমাত্র যোগাযোগ আছে তারা জানেন যে ই লিটিগেন্ট পাবলিকদের রিলিফ দেওয়ার কত আশু প্রয়োজনীয়তা রয়েছে। শুধু তাই নয়, মাদের দেশ যেহেতু আমরা বিদেশীর অধীনে ছিলাম আমাদের দেশে বহু ইন্সটিটিউটসন এবং শেষ করে জুডিসিয়াল সিস্টেম সম্পূর্ণভাবে বিদেশীর দ্বারা গঠিত হয়েছিল এবং আমাদের শে জাতীয় চরিত্র, আমাদের দেশের বৈশিষ্ট্য বা আমাদের দেশের জনসাধারণের জিনিয়াস সেই স্ত ইন্সটিটিউসনের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়নি। সুতরাং যখন আমরা বিদেশী শাসনকে ালাম তখন আমাদের মধ্যে একটা প্রবল ঝোঁক খুব স্বভাবতঃ দেখা দিয়েছে যে ঐ সমস্ত সটিটিউসনগুলি ঢেলে সাজাবার দরকার এবং অনেকগুলি ঢেলে সাজান হয়েছে, কিন্তু

জুডিসিয়াল সিস্টেমের উপর মোটামুটি বলা যায় আজ পর্যন্ত কোন হাত দেওয়া হয়নি। যেমন ঢেলে সাজানোর জন্য আমি মনে করি বিশেষ করে জুডিসিয়াল সিস্টেম, বিচার বিভাগ যেখানে সাধারণ মানুষ বিচারের আশায় যায় এই সিস্টেম এমন হওয়া দরকার যাতে করে সাধারণ মানুষ সহজে বিচার পায় তাড়াতাড়ি বিচার পায় এবং বিনা পয়সায় বিচার পায় তার ব্যবস্থা করা দরকার। কিন্তু এও সত্যি যে বর্তমান সমাজ ব্যবস্থায় তার আমূল বৈপ্লবিক পরিবর্তন করতে না পারলে ঐ ধরনের যে বিচার যেটা আমাদের কাম্য, যেটা অভিপ্রেত, সেটা দিতে পারব না। আমরা এমন এক সমাজে বাস করছি, স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় যে কারো সর্বনাশ কারো পৌষমাস। সব ঘরে মামলা ঢোকে আমাদের দেশে তার সর্বনাশ এবং সেই সর্বনাশের সুযোগ নিয়ে আমরা—তার মধ্যে আমি নিজেকেও ধরছি - কিছু করে নিই। এটা শুধু আমাদের আইন ব্যবসায়ীদের কথাই নয়, ডাক্তারদের বেলাতেও এই একই কথা খাটে। সুতরাং এমনি একটা সমাজে আমরা বাস করছি যার নৈতিক ভিত্তি এই ধরনের যে সেখানে একজনের দুঃখ দুর্দশার উপর অন্যজনের সুখসুবিধার ব্যবস্থা করা হয়েছে। আমি মনে প্রাণে বিশ্বাস করি এই যে সমাজ ব্যবস্থা, যা এই ধরনের কৃত্রিম অন্যায়, অবিচারপূর্ণ যার নৈতিক ভিত্তি, সেই সমাজ ব্যবস্থা একদিন ভেঙ্গে চুরমার হয়ে যাবে এবং নূতন সমাজ ব্যবস্থা গড়ে উঠবে এবং সেই নূতন সমাজ ব্যবস্থায় নিশ্চয়ই আমরা সেই ধরনের, আইন, সেই ধরনের বিচার বিভাগ, সেই ধরনের আদালত যা আমরা চাই সেগুলি নিশ্চয়ই পাবো। তা সে সুদূর দিনের কথা, কবে আসবে আমি জানিনা। আজকে আমাদের এখানে সংস্কারের বহু প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রিমহাশয় তিনি যে স্পিরিট, যে উদ্দেশ্য নিয়ে এই আইন করেছেন সেই স্পিরিটের সঙ্গে আমি সম্পূর্ণ একমত এবং সেই স্পিরিট যাতে করে যথাযথভাবে প্রতিফলিত হয় আমাদের সেইদিকে নজর দিতে হবে। স্যার, আমাদের কোন উকিল বা ব্যারিস্টারের তাদের সুযোগ সুবিধা হবে কি হবে না তাদের জন্য এই বিল আনা হয়নি। এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনসে তাদের কথা বলা হয়নি যদিও এই আইনসভার ফ্লোরে অনেকেই অনেক কথা বলেছেন, অনেকেই অনেক জিনিস তুলেছেন যে জিনিসগুলি আমার মনে হয় অবান্তর। এখন থেকে এক শ্রেণীর উকিলের সঙ্গে আর এক শ্রেণীর উকিলের পার্থক্য থাকা উচিত নয়, এটা সম্পূর্ণ ভেঙ্গে দেওয়া দরকার কিন্তু এটা এই বিলে আসে না। সুতরাং এইসব প্রশ্ন তুলে লাভ নেই।

(ব্লু লাইট)

স্যার, আমাকে একটু সময় দেবেন। আমি এই সেসনে বিশেষ কিছু বলিনি এবং সময় বেশী নিইনি। এই বিলে আমিই প্রথম বলছি, আমাকে একটু সময় দেবেন। স্যার, আমি এখানে যেটা নিবেদন করছি সেটা হচ্ছে এই বিলে প্রধান উদ্দেশ্য যেটা বলা হয়েছে তা হচ্ছে লিটিগ্যান্ট পাবলিককে আমরা কি বেনিফিট দিচ্ছি সেটাই হবে আমাদের একমাত্র মাপকাঠি, সেইটাই এই বিলে আমরা আলোচনা করবো এবং তারই উপর আমি আমার মতামত রাখবো। আজকে আমি একথা বলতে পারি যে এই বিল পাশ হলে আইন ব্যবসায়ী হিসাবে আমার লাভ আছে। কিন্তু আমি মনে করি আমার লাভ একটা সেকশনের উকিল বা ব্যারিস্টারের লাভ হবে কিনা সেটা দিয়ে বিচার করা উচিত নয়, লিটিগ্যান্ট পাবলিকের দিকে তাকিয়ে বিচার করতে হবে। এখানে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে, অত্যন্ত নম্রতার সঙ্গে এবং অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে এই যে আইন মাননীয় মন্ত্রিমহাশয় যে উদ্দেশ্য নিয়ে, যে গভীর সাধু উদ্দেশ্য নিয়ে প্রণয়ন করেছেন আমার অ্যাপ্রিহেনশন হচ্ছে, আমার সব চেয়ে বড় আশংকা হচ্ছে সেই সাধু উদ্দেশ্য এই বিলের দ্বারা সাধিত হবে না। স্যার, এখানে অনেক ইরেলিভেন্ট কথা উঠেছে এবং অনেক জিনিস, ভেগ নোশন, যার সম্বন্ধে সঠিক কোন ধারণা নেই, সেই সমস্ত কথা বলা হয়েছে, সেই সবের মধ্যে আমি যাচ্ছি না। এখানে দুটি ব্যাপার, এক হচ্ছে, লিটিগ্যান্ট পাবলিককে আপনারা রিলিফ দেবার কথা বলেছেন এই বিলের মধ্যে, এক হচ্ছে হাই কোর্টের অরিজিন্যাল সাইডে নাকি ভীষণ কনজেসশন এবং দীর্ঘদিন সময় লাগে মামলা নিষ্পত্তি হতে সুতরাং সিটি সিভিল কোর্টের পিকিউনিয়ারি বৃদ্ধি করলে এবং তার জুরিসডিকশন বৃদ্ধি করলে সেই কনজেসশন কমে যাবে, আর দ্বিতীয় হচ্ছে খরচ খরচার ব্যাপার ইত্যাদি। স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কাছে যদি সেই তথ্য রাখতেন যে কত কনজেসশন কতদিন ধরে কত আছে ইত্যাদি তাহলে সকল সভ্যেরা হয়ত অনেকখানি এই ব্যাপারে আলোক পেতেন এবং আমাদের আলোচনা করতে

অনেকখানি সাহায্য করতেন। কিন্তু, স্যার, আমি বলছি হাইকোর্টের অরিজিনাল সাইডের কনজেসশনের কথা সেটা অতীত দিনের কথা। তারপর অবস্থার পরিবর্তন হয়েছে, আমাদের

[2-30—2-40 p.m.]

যে বর্তমান প্রধান বিচারপতি যিনি এখন গভর্নর, মিঃ ডি. এন. সিংহ, তাঁর আমল থেকে হাইকোর্টে পেন্ডিং কেসগুলি তাড়াতাড়ি ডিসপোজ অব করবার জন্য, এর মধ্যে বহু ডেড ম্যাটার্স ছিল যেগুলি রেকর্ডে রয়ে গেছে, তার লিস্ট আছে, সেগুলি ডিসপোজ অব করবার জন্য আপনারা ব্যবস্থা গ্রহণ করেছেন এবং যার ফলে আজকে, আমি গতকাল অরিজিন্যাল সাইড এবং এ্যাপিলেট সাইডের লিস্ট নিয়ে এসেছি, তার থেকে যদি আমরা দেখি তাহলে দেখব যে আজকে ১৯৬৭-৬৮ সালের কেস পর্যন্ত অরিজিন্যাল সাইডে নেওয়া সুরু হয়েছে। সুতরাং সেখানে যে কনজেসশনের কথা বলা হয়েছে বর্তমানে সেটা সত্য নয়। তেমনি যদি পাশাপাশি সিটি সিভিল কোর্টে কনজেসশনের কথা নিই এবং সেখানে একটা মামলার আয়ু কতদিন তার যদি খোঁজ খবর নিই, আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি জানি যে সিটি সিভিল কোর্টে মামলা দায়ের করলে তার যদি রিভিসান, কমপ্লিকেসন আ্যরাইজ না করে তাহলে সেখানে ২ বছর লাগে। সুতরাং অরিজিন্যাল সাইডে একটা মামলার আয়ু ২ বছরের মধ্যে নিষ্পত্তি হয়ে যায়, আজকে সিটি সিভিল কোর্টেও তাই। সুতরাং সিটি সিভিল কোর্টে পাঠালেও আমরা কনজেসশনকে দূর করতে পারছি না। সিটি সিভিল কোর্টে যদি আমরা পাঠিয়ে দিই তাহলে তার ফলে লিটিগেটিং পাবলিকের যে সাইকোলজি সেটা হয় কি রিভিসান এবং তার সংগে অ্যাপিল এবং সেখানে আমি আপনার অনুমতি নিয়ে আমাদের কলকাতা হাইকোর্টের অ্যাপিলেট সাইডের একটা লিস্ট আমি গতকাল ১০ সেপ্টেম্বর পেয়েছি, এটা একটা জাজ সাহেবের ঘরের লিস্ট, তার থেকে আমি এখানে একটু পড়ে শোনাচ্ছি, তার থেকে কিছু আইডিয়া পাওয়া যাবে। এটা হাইকোর্টের জাস্টিস চিত্ত মুখার্জীর ঘরের লিস্ট। এর হেডিং হচ্ছে
Pending Appeals from the Original Appeals of the City Civil Court, Calcutta, in cases valued up to Rs. 5,000, second and miscellaneous Appeals, etc.
সুতরাং আমরা যদি ধরে নিই এবং এই হাউসে ধরে নেওয়া হয়েছে হাইকোর্টের মামলা ৫ হাজার টাকা পর্যন্ত সিটি সিভিল কোর্টে যায়, এর আগে হাইকোর্টে এ্যাপিল হয়ে এসেছে, এর আগে রিভিসান হয়েছে তাতে সময় লেগেছে, আমি কতকগুলি এ্যাপিল নাম্বার দিচ্ছি তা হচ্ছে এ্যাপিল নাম্বার ৩০৯ অব ১৯৬২, ৩৫৮ অব ১৯৫৮, ৭০৫ অব ১৯৬১ তাহলে আমরা কোথায় এসে দাঁড়াচ্ছি। আজ যদি আমরা হাইকোর্ট থেকে মামলা ছাড়িয়ে নিয়ে সিটি সিভিল কোর্টে নিয়ে যাই তাহলে কোর্ট প্রোসিডিওরের যে আর্টিকেল কন্সটিটিউসানে রয়েছে তাতে প্রথমে একবার হাইকোর্টে এসে হাইকোর্টের মত নিতে হবে, তার মানে হচ্ছে একটা আপিল ডিসপোজ অব হতে লেগেছে ৯।১০ বছর তারপর সেটা সিটি সিভিল কোর্টে আরো ২।৩ বছর লাগবে নিষ্পত্তি হতে। সুতরাং কনজেসশন সরাবার যে কথা বলা হচ্ছে আমার মনে হয় এতে কনজেসশন সরবে না, বরং বেড়ে যাবে। সুতরাং মূল দাবি যেখানে সেখানে একটা কেসকে একটা ভ্যালু থেকে আর একটা ভ্যালুতে পাঠালে কনজেসশন দূর হয় না, কনজেসশনের যে দোষ সেই দোষ হচ্ছে আমাদের প্রোসিডিউরাল ল'তে। সেই ল কিভাবে সংশোধন করা যায় সেদিকে চিন্তা করা দরকার বিশেষ করে আমার যেটা মনে পড়ে সেটা হচ্ছে আমাদের সিভিল প্রোসিডিওর কোড-এর সেকশন ১১৫এ রেখে দেওয়া হয়েছে যে রিভিসন্যাল প্রভিসান তার মধ্যে। অথচ কন্সটিটিউশনের আর্টিকেল ২২৭তে হাইকোর্টকে জুরিসডিকসান দেওয়া হয়েছে যত সাবর্ডিনেট কোর্ট আছে, ট্রাইবুনাল আছে তাদের উপর একটা জাজমেন্ট করতে পারবে সেটা যদি তুলে দিতে পারেন তাহলে কনজেসশন দূর হবে। টাকা পয়সার ব্যাপারে সেখানে বলা হয়েছে অরিজিন্যাল সাইডে নাকি কোর্ট ফিজ নেই, এটা আংশিক সত্য, সম্পূর্ণ সত্য নয়। ওটা যেখানে হয় সেটা হচ্ছে আপনি গ্রেডেড কোর্ট ফি এটা বলতে পারেন বা কোর্ট ফি বাই ইনস্টলমেন্ট এবং সেই কোর্ট ফি'র বদলে ওটা গ্রেডেড কোর্ট ফি এককালীন দিতে হয় না। সেই কোর্ট ফি গ্রেডেড কোর্ট ফি এককালীন দিতে হয়নি। তার ফলে সমস্ত কোর্ট ফি হতভাগা মক্কেলের উপর পড়ে না। সেটা যদি দেশের অন্য জায়গায়ও চালু করেন, তাহলে লিটিগ্যান্ট পাবলিককে কিছু বেনিফিট দেওয়া যেতে পারে। আমার হিসেবটা মন্ত্রিমহাশয় ভেরিফাই করে দেখতে পারেন। অরিজিন্যাল সাইডে বছরে

১২ লক্ষ টাকা রেভিনিউ আসে। অন্য জায়গা থেকেও তেমনি আসছে কিনা সন্দেহ আছে। এই কোর্ট ফি'র যে অ্যাডভান্টেজ অনেকে পায় না। ১৯৬১ সালে নাগপুরে একটা এয়ার অ্যাক্সিডেন্ট হয়, তাতে একজন প্যাসেঞ্জার মারা যায় এবং তার বিধবা স্ত্রী কমপেনসেসন-এর মামলা করেন।

**Mr. Speaker:** Your time is up and you should take your seat. Now, Shr Kashi Kanta Maitra.

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** আর এক মিনিট দেবেন স্যার। সুতরাং এদিক থেকে যে আশঙ্কা হচ্ছে লিটিগ্যান্ট পাবলিককে কোন বেনিফিট দেবে না। সেইজন্য আমি অনুরোধ জানাবো মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে যে এই বিলটি নিয়ে তিনি যদি একটি সিলেক্ট কমিটি করেন ও সেখানে বিশদভাবে আলোচনা করেন, তাহলে ভাল হয়। আবার বলছি মন্ত্রিমহাশয়ের সাধু উদ্দেশ্যের জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আর একটা অনুরোধ হচ্ছে এর কনকারেন্ট জুরিসডিকশন করে দিতে পারলে ভাল হয়।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিচারমন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন, আমি তাকে অভিনন্দন জানাচ্ছি এবং আজকে আমার ব্যক্তিগতভাবে খুব বেশী আনন্দ হচ্ছে এইজন্য যে আমি ১৯৬৪ সালে বিরোধী দলের সদস্য হিসাবে ঠিক এই ধরনের একটা বেসরকারী বিল এখানে উত্থাপন করেছিলাম এবং বিরোধীপক্ষের সমস্ত সদস্যরা সেদিন আমাকে সমর্থন জানিয়েছিলেন। কিন্তু লজ্জার কথা, ক্ষোভের কথা সেদিন আইনমন্ত্রী কংগ্রেসের শ্রীঈশ্বরদাস জালান, যিনি আইন বিভাগকে দীর্ঘকাল ধরে জবালিয়ে আসছিলেন, তিনি দাঁড়িয়ে লজ্জা, চোখ এবং কান ঢাকা কংগ্রেসী টুপী পরে বলে দিলেন—আই রিফিউজ টু অ্যাকসেপ্ট দিস মোশন।

আজকে আনন্দের কথা যে এইরকম একটা বিল এসেছে এবং ২০ বছর বাদে অন্ততঃ কংগ্রেসের পক্ষ থেকে শ্রী আবদুস সাত্তার, শ্রীঈশাক এবং আরও অনেকে তাকে সমর্থন করেছেন এবং স্বাগত জানিয়েছেন। আমি সত্যিই বলছি এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে হয়েছে এবং সমগ্র যুক্তফ্রন্ট সরকারকে এজন্য ধন্যবাদ। এবং আমি বলছি যে বাংলাদেশ আবার প্রমাণ করে দিল যুক্তফ্রন্ট সরকার এবং বিশেষ করে তার আইনমন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল তাঁর এই বলিষ্ঠ পদক্ষেপ দ্বারা যে কায়েমী স্বার্থের হুমকীর কাছে এ'রা মাথা নত করেন না এবং করবেন না।

এখানে কয়েকটি প্রশ্ন উঠেছে তার জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। স্যার, আমাদের দেশের সাধারণ লোকের ধারণা ও এই হাউসের কিছু কিছু মাননীয় সদস্যদেরও ধারণা এটা বোধ হয় ব্যারিস্টার উকিল, মোক্তার এটর্নী প্রভৃতি এদের ভাতের লড়াই হচ্ছে। কিন্তু আদপে তা নয়। এটা হচ্ছে ২০ বছর ধরে ইংরেজ আমাদের মনের মধ্যে, মজ্জায় মজ্জায় ঢুকিয়ে দিয়েছে যেটা, আমরা সেই ইনফিরিওরিটি কমপ্লেক্স থেকে ভুগছিলাম, তা থেকে আমরা কাটিয়ে উঠতে পারিনি, এটা সত্যি কথা যেকথা ফরওয়ার্ড ব্লক সদস্য মাননীয় মুখোপাধ্যায় বলেছেন যে এই কলকাতার অরিজিনাল সাইড আদিম বিভাগ এটা হোল প্রাক্তন সুপ্রীম কোর্ট এবং মেয়রস কোর্টের স্থলাভিষিক্ত কোর্ট। এই মেয়রস কোর্ট এবং সুপ্রীম কোর্টে একমাত্র সাহেবদের জন্য ইউরোপিয়ানদের জন্য বিচারের ব্যবস্থা ছিল এবং সেইজন্য কলকাতার আদিম বিভাগ যেটা করা হোল তার লাইন টেনে দেওয়া হলো সার্কুলার রোড, মারাঠা ডিচ এবং স্ট্রান্ড রোড এর মধ্যে যা মামলা হবে, সেই মামলা অরিজিন্যাল সাইডে বা আদিম বিভাগে করতে হবে, অ্যাটর্নী, ব্যারিস্টার দিয়ে সেই মামলা করতে হবে। কোন যুক্তি ছিল না—অর্থাৎ

[2-40—2-50 p.m.]

গড়পাড়ের যারা বাসিন্দা তাদের ঐ একই ধরনের মামলা করতে হয় তাহলে আলীপুরে কোর্টে গিয়ে মামলা করতে হবে—আর ঠিক এ পাড়ে বিদ্যাসাগর স্ট্রীটে যার বাড়ী তাকে যদি মামলা করতে হয় তাহলে হাইকোর্টে গিয়ে ঐ আদিম বিভাগে একই অ্যামাউন্টের মামলা করতে হবে বিনা কোর্ট ফি দিয়ে। এটা দীর্ঘদিন ধরে চলে আসছিল এবং এই অরিজিনাল সাইড তখন ইউরোপীয়ানরা ছিল বলে এই পদ্ধতি করা হয়েছিল। এই ডিসক্রিমিনেসন দূর করার জন্য আমরা দীর্ঘদিন ধরে লড়াই করেছি—আমি জানি ১৯৬২ সাল থেকে অনেকে যেসব পুরানো

সদস্য আছেন তাঁরাও জানেন আমি প্রত্যেকবার বহু চিৎকার করেছি এবং ঐ কংগ্রেস বেঞ্চ থেকে একটি উত্তরও কখনও পাই নি। এই ডিসক্রিমিনেসন দূর করবার চেষ্টা হয়েছে এবং এই যে আদিম বিভাগ উঠে যাচ্ছে এটা আশার কথা। লতিফ সাহেব বলছেন যে সমাজের নানা দুর্নীতির কথা, নানা অবনতির কথা এবং অভাব অভিযোগের কথা—এই যে ঘুন ধরা সমাজ যে সমাজ নিয়ে আমরা বাস করছি এটা একটা ট্রানজিসন, এর মধ্যে দিয়ে চলেছে। এই এক্সপেরিমেন্ট আমরা করে চলেছি এবং এইভাবে এগিয়ে চলব ৫ বার হোঁচট খাব, ৫ বার হুমড়ে পড়ব, আবার এগিয়ে চলব, আবার সাঁতরে ভেসে কূলে এগিয়ে চলব, জলে নেবে কেউ একেবারে সাঁতার দিতে পারে না—মাটিতে নেবে শিশু কখনও একেবারে হাঁটতে পারে না। আমরা হোঁচট খাব তাতে কোন সন্দেহ নেই কিন্তু এই যে পঙ্কিল পচা গলা জীর্ণ সমাজে বাস করি তার কি কোন সংস্কার আমরা করতে পারব না? নিশ্চয়ই সংস্কার করতে হবে। কৈ একথা তো লতিফ সাহেব বললেন না—বা মাননীয় সদস্য যে একজন বিরোধীতা করলেন তিনি তো একথা বললেন না যে অরিজিনাল সাইড ইনইকুইটাস, এই পদ্ধতি ভেঙ্গে দিতে হবে, একে ভেঙ্গে চুরমার করে দিতে হবে। আজকে এটা ভাতের লড়াই নয়। একজন মাননীয় সদস্য বিরোধি দলের নেতা শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় যিনি এখন এখানে নাই, এবং মাননীয় বিজয় ব্যানার্জী, স্পীকার মহাশয়, আপনি আইনজীবী ছিলেন—আপনি জানেন যে আমাদের এই জাতীয় মর্যাদা প্রতি পদক্ষেপে গত ২০ বছর কিভাবে পদদলিত হয়েছে এই অরিজিনাল সাইডে। আমি জানি এখানে এমন একজন সদস্য আছেন আমার বন্ধু শ্রীসমর রুদ্র একজন বিশিষ্ট এটর্নী, তিনি বুকে হাত দিয়ে বলুন কোন এটর্নী যিনি বিদ্যায়, জ্ঞানে, গরিমায় যতই বড় হন না কেন, হাইকোর্টে একজন ঠাকুরদাদার বয়সী এটর্নী নাতির বয়সী ব্যারিস্টারকে বলবেন রায়সাহেব, ঘোষসাহেব—আর সেই লোকটা যিনি আর এক ঘরে একজন এডভোকেট, উকিল, ভাত খায়, চচ্চরি খায়, চিংড়ী মাছের ঝোল খায় তার বেলায় গিয়ে বলবেন মিলনবাবু, অহি শঙ্করবাবু—অমুক বাবু—তিনি বাবু হয়ে গেলেন। এস, আর, দাস, চীফ জাস্টিস তাঁকে বলা হয় দাসসাহেব—কোনকালে তিনি সাহেব হলেন। অশোক সেন, সেনসাহেব, আর এখানে বিজন মুখার্জী পাতঞ্জরী শাস্ত্রী তিনি হলেন বাবু, ফণিবাবু—ফণি চক্রবর্তীর মত এত বড় চীফ জাস্টিস আমি দেখিনি, তিনি হলেন বাবু—এই ডিসক্রিমিনেসন ভাঙ্গতে হবে, ক্লাস ইন্টারেষ্টের বিরুদ্ধে দাঁড়িয়ে দেখিয়ে দিতে হবে যে আমরা ডি ক্লাস। এই একটা ঘটনা এসেছে ভক্তি মণ্ডল মহাশয় তিনি আমাদের কাছে প্রস্তাব রেখেছেন যে সমাজতন্ত্রে আমাদের দেখিয়ে দিতে হবে যে এই অনাচার আমরা সহ্য করব না। বহু আগে পার্লামেন্টে ১৯৪৮ সালে রিমুভাল অব রেসিয়াল ডিসক্রিমিনেশন বিল পাশ হয়েছে, ক্রিমিনাল ল অ্যামেন্ডেড হয়েছে এবং ইউরোপীয়ান, আমেরিকানদের ট্রায়ালের ক্ষেত্রে এই ডিসক্রিমিনেসন দূর হয়ে গেছে কিন্তু

Civil Side was not touched, not that it was absolutely ignored, but because they felt that it was exclusively a State subject—it was for the State Legislature to frame suitable legislation in regard to Civil Matters.

সেটা আজকে এতদিন বাদে ভক্তিবাবু এনেছেন এবং এখানে আজকে আমি বলছি যে এই জিনিস দূর করা দরকার এই সুযোগ এসেছে এবং এই যে হাইকোর্টে এত ব্যারিস্টার, অ্যাডভোকেট—আমি বলছি শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় এখানে যে মর্যাদা পান এই হাউসে আবদুস সাত্তার, মাননীয় সদস্য জয়নাল আবেদিন আমি দাঁড়িয়ে বলতে পারি যে সিদ্ধার্থবাবু বলে কি তাঁরা কোনদিন সম্বোধন করেন? তাঁরা বলেন রায়সাহেব। হাইকোর্টে যান বিজয়দা, আমি আপনাকে বলছি হাইকোর্টে ১॥ থেকে ২টোয় যান কিছু মনে করবেন না, দরোয়ান গলা ধাক্কা দিয়ে বের করে দেবে। এই স্বাধীন দেশে এমন একজন নাই যিনি দাঁড়িয়ে বলতে পারেন যে আমরা এর বিরুদ্ধে তীব্র ভাষায় ধিক্কার জানাচ্ছি। হিন্দু ল মুসলিম ল পড়বার জন্য বিলাতে ব্যারিস্টারী পড়তে যেতে হবে? আমি বুঝি টেকনলজিক্যাল এক্সপার্ট হবার জন্য রাশিয়ায় যান, জাপান যান আমেরিকা যান জার্মানী যান, ইংলণ্ড যান, চেকোস্লোভাকিয়ায় যান পূর্ব ইউরোপীয় দেশে যান কিন্তু হিন্দু ল, মুসলিম ল পড়বার জন্য ভারতবর্ষের কন্সটিটিউসন পড়বার জন্য বিলাতে যেতে হবে? ম্যাট্রিক পাশ করে ব্যারিস্টার হয়ে আসবেন, আর এখানে ল গ্র্যাজুয়েট, এম, এ, ট্রিপল এম, এ, তিন চারটি বিষয়ে পাশ করে ল-এ ফার্স্ট ক্লাস এল, এল, এম হয়েও এখানে তাদের কোন মর্যাদা নাই? এই যে স্ল্যাভিস মেন্টালিটি

Sense of prostration before Western culture, before Western imperialists

এর বিরুদ্ধে আঘাত হানবার জন্য একটা অস্ত্র আমাদের হাতে তুলে দিয়েছেন যুক্তফ্রন্ট সরকারের

মাধ্যমে এর জন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি এবং এই কথা বলছি যে এর আগে স্যার, সিভিল কোর্টে আপনি জানেন যে ৫ হাজার টাকা জুরিসডিকসন ছিল মফঃস্বল কোর্টের আপীল হাইকোর্টে আসত ৫ হাজার টাকার উপর হলে সেটা বাড়িয়ে ১০ হাজার টাকা হয়, তারপর ১৫ হাজার টাকা হল—তাহলে স্যার, অন্য আইনজীবীরা বলতে পারতেন যে ১৫ হাজার টাকা জুরিসডিকসন বেড়ে গেল, হাইকোর্টের কাজ বেড়ে গেল, মফঃস্বল কোর্টের কাজ কমে গেল আমাদের ভাত চলে গেল। গেল ভাত আপনাদের এবং আমাদের তাতে কিছু আসে যায় না। কিন্তু ১৫ হাজার টাকা জুরিসডিকসন বেড়ে যাওয়াতে তাকে আর হাইকোর্টে আসতে হচ্ছে না, এটা লিটিগ্যান্ট পাবলিকের সুবিধা হয়ে গেল। আপনি দেখবেন আমি ভবিষ্যদ্বাণী করছি ৬ মাস যেতে দিন, ভারত চেম্বার অব কমার্স-এর এই ধরনের সাহেবদের যে কলকারখানা তারা এর বিরুদ্ধাচারণ করছে কিন্তু তার পাশে অন্য যারা আছে তারা সাধুবাদ জানাবে যুক্তফ্রন্ট সরকারকে এই আইন করবার জন্য। পরিশেষে মাননীয় সদস্য শ্রীসমর রুদ্র যেকথা বলেছিলেন তার একটা জবাব দিয়ে আমি বসে পড়ছি। তিনি বলেছেন এটর্নী ফার্মের বহু চাকুরিয়া তাদের চাকরী যাবে—চাকরী যাবে না, আমি অন্ততঃ বলছি সমরবাবুকে তিনি অনুসন্ধান করে দেখবেন যে ওরডিগনাম কোং সাহেবদের কোং
90 per cent. of the litigation fees and profits are reaped up by them.
২ কোটি টাকা নেট লাভ। ভেঙ্গে দিন ঐ ওরডিগনাম কোং-কে, এই ২ কোটি টাকা থেকে অন্ততঃ ১ কোটি টাকা নিয়ে যদি আসতে পারেন তাহলে তার দ্বারা অনেক অভাব পূরণ করা যাবে। আপনাদের যে সমস্ত এটর্নী তার সব সিটি সিভিল কোর্টে গিয়ে আইনজীবীর ভূমিকা নিন, আপনাদের ভবিষ্যৎ উজ্জ্বল হয়ে যাবে, আপনারা দেশকে সার্ভিস দিতে পারবেন, লিটিগ্যান্ট পাবলিককেও সুবিধা দিতে পারবেন এবং আজকে যারা আপনাদের ফার্মে চাকরীজীবী আছেন তাদের ভয়ের কোন কারণ নেই—আমি তাদের ভবিষ্যদ্বাণী করে দিতে পারি যে তাদের সামনে উজ্জ্বল ভবিষ্যৎ। সুতরাং আমি আবার বলছি যে সমস্ত বন্ধুদের আশঙ্কা বা ভয় রয়েছে তাদের ভয়ের কোন কারণ নেই। আজকে আমরা অন্ততঃ এই যে সাহেবীপনার বিরুদ্ধে লড়াই করতে পারছি সেইটিই আমাদের আনন্দ এবং ভক্তি মণ্ডল মহাশয়কে আমি অনুরোধ জানাব এখানেই এই জিনিসের শেষ না করে এর পর ধাক্কা দিন ঐ যে হাইকোর্টের ব্যারিস্টার এবং এডভোকেটদের যে বসবার ঘর আলাদা সেটা ভেঙ্গে দিন। রাম চ্যাটার্জী মহাশয় সুইমিং ক্লাবে কিছু আদিবাসীদের জলে নামিয়ে সাঁতার কাটিয়েছেন কিন্তু সেই সুইমিং ক্লাবের মত বহু ডেঁটো এই ক্যালকাটা হাইকোর্টে রয়েছে—সেখানে সেই আইনজীবীরা ডিক্রিমিনেটেড হচ্ছে। রামবাবু সুইমিং ক্লাবে যেমন একটা পদক্ষেপ নিয়েছেন ভবিষ্যতে এর পর ঐ দুটি ঘরকে এক করে দিয়ে সমস্ত ব্যবহারজীবী উকিল, ব্যারিস্টার, এডভোকেট, মোক্তার, সবাইকে এক করে দিয়ে ওয়ান ক্লাশ ল-ইয়ার করে দিন, তাতে লিটিগ্যান্টরা অল্প খরচে অল্প পয়সায় সত্যি সত্যি দ্রুত বিচার পেতে পারেন এবং আপনাকে ধন্যবাদ জানাচ্ছি কৃতজ্ঞতা জানাচ্ছি আমাকে সময় দেবার জন্য এবং আবার যুক্তফ্রন্ট সরকারকে এবং বিশেষ করে ভক্তিবাবুকে তাঁর এই দৃঢ়তাপূর্ণ, বৈশিষ্ট্য-পূর্ণ এবং গুরুত্বপূর্ণ পদক্ষেপের জন্য আমি আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-00 p.m.]

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটিকে আমি নিঃস্বার্থভাবে সমর্থন জানাচ্ছি। কিন্তু প্রশ্ন হচ্ছে আইনজীবীদের বক্তব্য শুনতে শুনতে মাথা গুলিয়ে যাচ্ছে যে এই বিলটা এ্যাডভোকেট বা ব্যারিস্টারদের ঝগড়া মেটাবার জন্য আনা হচ্ছে? কিছু কিছু সলিসিটর বন্ধু বললেন লিটিগ্যান্টদের অসুবিধা হয়। এখন যারা মামলা করেন যেটা কোর্ট ফি হিসাবে দেন সেটা সলিসিটরদের পকেটেই যায়, অথচ টাকা তো মক্কেলের খরচ হচ্ছে। এখন কোন দিক থেকে সুবিধা হবে জানি না। কালকে আর এক বন্ধু বললেন বিনা পয়সায় মামলা হলে অনেক সুবিধা হয়। আমি তো ছেলেবেলা থেকে শুনে আসছি ২৪ পরগনার লোক বাজার থেকে ফেরার সময় পকেটে কিছু পয়সা থাকলেই মামলা সুরু করে দেন। আবার বিনা পয়সায় মামলা হলে মামলা হয়ত বেড়ে যাবে। এখন এই মামলার মধ্য দিয়ে বিপ্লব আসবে কিনা আমি জানি

না, আর যুক্তফ্রন্টের এই সব নেতার বক্তৃতা শুনে মনে হচ্ছে সব মামলার মধ্যে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আমার এই সবে খুব বেশী একটা বিশ্বাস নেই। মাঠে ময়দানের লোক ঐ ব্যারিস্টারী ও এ্যাডভোকেট গিরি করে খাচ্ছে। আবার এ্যাডভোকেট ঐ বাবু হচ্ছে সাহেব হয়ে যাবে প্রশ্নটা এই সম্পর্কে নয়, প্রশ্নটা হচ্ছে আসলে মূলগত ও নীতিগত প্রশ্ন যে বাংলাদেশের মধ্যে নাগরিকদের দুটি ভাগে ভাগ করা হয়। কলকাতায় যারা থাকেন তারা একটু বিশেষ সুবিধা পান, আর বাহিরে যারা থাকেন তারা তার থেকে বঞ্চিত হচ্ছেন এটা দূর করা দরকার। উকিল, ব্যারিস্টার, এ্যাডভোকেট, সলিসিটর যে কত পয়সা লুটছেন এতো আমরা জানি। দুর্ভাগ্যবশতঃ কোর্টে যেতে গেলে ওদের হাতে আমাদের সকলকে হয়রানি হতে হয় এবং দুর্ভাগ্যের সঙ্গে এও বলতে হচ্ছে যে, পার্টির যারা ব্যারিস্টার, এ্যাডভোকেট কিম্বা সলিসিটর আছেন তাদের হাতে একটু বেশী হয়রানি হতে হয়। অজানা লোক হলে তবু দর কষাকষি করা যায়, আর জানা-শোনা লোক হলে তাও করা যায় না। তারা হয়ত ৫০০ টাকা নিয়ে বললেন কম করে নিলাম, চিনি কিনা, সে প্রশ্নে আমি এখন আর যেতে চাই না। এ্যাডভোকেটকে সাহেব বলা হোক তাতে যদি খুশী হতেন তাহলে তাদের লিখে দেওয়া হত যে এ্যাডভোকেটকে বাবু বলা চলবে না, সাহেব বলুন সেটা আমার লক্ষ্য নয়, আমার যেটা লক্ষ্য হচ্ছে এবং যে কারণে এই বিলটাকে সমর্থন জানাচ্ছি সেটা হচ্ছে এই তারতম্য তুলে দিয়ে সকলকে সমান পর্যায়ে আনা, সেটাকে আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু সঙ্গে সঙ্গে আর একটি প্রশ্ন হচ্ছে যুক্তফ্রন্ট সরকার তারা যখন এই বিলটার পরিবর্তন আনতে যাচ্ছেন তখন সঙ্গে সঙ্গে নিশ্চয়ই এই কথা চিন্তা করেছেন যেটা আইনমন্ত্রী বলেছেন যে আজকে যারা সলিসিটর ফার্মে চাকুরী করছেন সৌভাগ্য কি দুর্ভাগ্য জানেন না, সেই কর্মচারীদের ইউনিয়নের সঙ্গে আমি সংশ্লিষ্ট আছি এবং আমি তার সভাপতিও বটে, সেখানে ৮ হাজার লোক ক্ষতিগ্রস্ত হতে পারেন। আইনমন্ত্রী অবশ্য বলছেন কেন ক্ষতিগ্রস্ত হবেন, এ্যাডভোকেট হয়ে যাবেন তারা—কাজ দেবেন এ্যাডভোকেটের। কিন্তু ইতিমধ্যেই হামলা সুরু হয়ে গেছে। সলিসিটররা আইনমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন, দরবার করেছিলেন, বোঝাবার চেষ্টা করেছিলেন এই বিলটাকে বন্ধ রাখার, কিন্তু যখন পারলেন না তখন তারা আক্রমণ সুরু করেছেন কর্মচারীদের উপর। মামলা এখনও রয়েছে কোর্টে, তা সত্ত্বেও তারা বলতে সুরু করেছেন এইবারে কোম্পানী তুলে দিলাম। এতে ছাঁটাই হয়ে যাবে এবং প্রতি বছর যে বোনাস দেন, সারা বছর ধরে রোজগার করেছেন এইবারে বোনাস দেবার পালা, কিন্তু এই বিলের সুযোগ নিয়ে তারা গত কয়েকদিন ধরে ডালহাউসি স্কোয়ার এলাকায় বলতে সুরু করেছেন এইবারে বোনাস দিতে পারব না। দোকান বন্ধ করছি, আবার বোনাস কি? এখন এমনিভাবে কর্মচারীদের উপর আক্রমণ আসছে। আইনমন্ত্রী বলছেন ওদের কথা বিবেচনা করতে হবে, কাউকে কাউকে লাইসেন্স দিতে হবে সিটি সিভিল কোর্টে যেতে পারেন কিনা বা অন্য কোন কর্মসংস্থানের ব্যবস্থা করা যায় কিনা তা দেখতে হবে। কংগ্রেস আমলে দেখেছি যে আইন কানুনের বা ব্যবস্থার পরিবর্তনের সঙ্গে তারা কোনদিন মানুষগুলির কথা চিন্তা করেন নি। একটা আইন করে দিলেন উল্টে, ব্যবস্থা দিলেন উল্টে, আর মানুষগুলির কি অবস্থা হবে সে কথা চিন্তা করলেন না, অথচ দুটো কথা বলতে গেলে বলতেন যে দেশের উন্নতির জন্য কিছু লোককে ত্যাগ স্বীকার করতে হবে। আর আমরা দেখতাম কি, একটি ব্যবস্থার পরিবর্তনের সঙ্গে সঙ্গে বড় বড় অফিসারের পোস্ট সৃষ্টি হয়ে গেল, এমন কি দু একটি মন্ত্রীও বাড়ল, তাদের উন্নতি হল, কিন্তু সাধারণ খেটে খাওয়া মানুষ তাদের পথ কণ্টকিত হত, যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই সেই নীতি গ্রহণ করবেন না। এখন এই যে ৮ হাজার কর্মরত লোক ওখানে আছেন, তাদের বিভিন্ন যোগ্যতা, বিভিন্ন বয়স, তাদের শিক্ষার মান ভিন্ন ভিন্ন, এদের কেমন ভাবে কাজে লাগান যায় সেই পরিকল্পনা যেন এই বিল প্রয়োগ করবার আগে থাকতে তৈরী হয়। বিল পাশ করে দিলাম, শুভেচ্ছা জানালাম যে আপনাদের কথা ভাবব, এইখানেই যেন সীমাবদ্ধ না থাকে এবং এইখানেই যেন যুক্তফ্রন্ট সরকার পার্থক্য দেখিয়ে দিতে পারেন যে কংগ্রেসের সঙ্গে পার্থক্য এইখানে যে আইন মানুষের জন্য, মানুষ আইনের জন্য নয়। এখন এই ব্যবস্থায় আমি বিশ্বাস করি যে আইনমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছেন—আইনমন্ত্রী হয়ত পরে বলবেন যে আমি তো বাসনা প্রকাশ করেছিলাম ইচ্ছা প্রকাশ করেছিলাম যাতে কারো চাকুরী না যায়, কিন্তু এই দপ্তর তো আমার নয় এই কথা তখন বললে চলবে না। সমস্ত দপ্তরের সঙ্গে পরামর্শ করে কোথাও যদি কোন কর্মচারী অতিরিক্ত হন তাদের কেমন ভাবে কাজে লাগান যায় সেকথা চিন্তা করতে হবে। কারণ, দু এক জনের প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে ৮ হাজার লোক এবং এই কথা জেনে রাখুন এই সলিসিটররা

প্রতিশোধমূলক ব্যবস্থা নেবার জন্য প্রস্তুত হয়ে আছেন। তারা বোনাস বন্ধ করে দিচ্ছেন, ছাঁটাই করবার জন্য প্রস্তুত হচ্ছেন, সলিসিটর কর্মচারীরা তার জন্য সংগঠিত হচ্ছেন তারা প্রতিবাদ করবেন, আন্দোলন করবেন। আমাদের শ্রমমন্ত্রী বলেছেন যে আমরা আপনাদের পাশে থাকবো। কিন্তু সেটা যেন শুধু নিছক কথার মাধ্যম না হয়, শ্লোগানের মাধ্যম না হয়, এটা যেন কার্যে রূপায়িত হতে পারে এবং এই প্রশ্নটাই যেন সর্বাগ্রে বিবেচিত হতে পারে। আমি মাননীয় আইনমন্ত্রীর কাছে বার বার আবেদন জানাব যে তিনি যেন এই কথা ভুলে না যান, শুধু মুখে কথা উল্লেখ করে আমাদের বক্তব্য শেষ করলাম এইখানেই যেন এর নিষ্পত্তি না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি প্রশ্ন আছে সে প্রশ্ন হচ্ছে এই যে আইনটা প্রয়োগের ক্ষেত্রে ধাপে ধাপে যেন এমনভাবে প্রয়োগ করা হয় যাতে এই ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে আমাদের যে সমস্যা দেখা দিতে পারে সেই সমস্যা যেন সীমিত থাকে। একসঙ্গে যদি সমস্ত আইনটাকে প্রয়োগ করবার চেষ্টা হয় তাহলে একটা সাংঘাতিক অবস্থার সৃষ্টি হবে। আমি মাননীয় আইমিন্ত্রীর সঙ্গে ব্যক্তিগতভাবে আলোচনা করেছি, তিনি বলেছেন তাঁর ইচ্ছা এটাকে ধাপে ধাপে এমন পর্যায়ে নিয়ে যাওয়া যাতে একেবারে উলোট-পালট না হয়, যার ফলে এমন সমস্যা না হয় যাতে সমস্যা সমাধানের পথ তাঁরা খুঁজে পাবেন না, সেদিকে তাঁরা যেন বিশেষ দৃষ্টি রাখেন এবং আমি এই অনুরোধ করবো যে এই নিয়ে অনেক জল ঘোলা হয়েছে, উত্তাপ অনেক সৃষ্টি হয়েছে ব্যারিস্টার, এ্যাডভোকেট ও সলিসিটারদের মধ্যে। আমি আশঙ্কা প্রকাশ করছি যে হাইকোর্টের মধ্যে তাদের যেন হাতাহাতি না হয়, তারা সেটা যেন না করেন, সেটা থেকে তারা যেন বিরত থাকেন এবং এই যে আইনটা তৈরী হচ্ছে যেটা তারা বিরোধিতা করছেন ঐ সলিসিটর, ব্যারিস্টাররা, তাদের কাছে আবেদন করবো তারা যেন সুষ্ঠুভাবে প্রয়োগের জন্য চেষ্টা করেন এবং সহযোগিতা করেন যুক্তফ্রন্ট সরকারকে যাতে এটা সুষ্ঠুভাবে প্রয়োগের মাধ্যমে ঐ সংশ্লিষ্ট কর্মচারীদের সমস্যার সমাধান আমরা করতে পারি। ব্যারিস্টার, এ্যাডভোকেটদের কাছে আমি আপনার মাধ্যমে এই আবেদন রাখতে চাচ্ছি যে, অতিরিক্ত কর্মচারী যাদের দরকার হবে তারা যেন তাদের নিয়োগ করেন। এই বলে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসৈয়দ আবুল মনছুর হাবিবুল্লাহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। প্রথম কথা যে আজকে যে পরিস্থিতি দেখা গেল, গতকালও যে পরিস্থিতি দেখা গেছে তাতে অবিলম্বে আবার একটা পরিস্থিতির উদ্ভব হচ্ছে। আমরা এই হাউস থেকে অ্যাডভোকেট আইনের ৩৪(২) ধারা উঠিয়ে দেবার জন্য আবেদন করতে পারি। অ্যাডভোকেট আইনের ৩৪(২) ধারায় এই কথা বলা হয়েছে যে ক্যালকাটা হাইকোর্টের অরিজিন্যাল সাইড উইদাউট
prejudice to the provisions contained in sub-section (1). High Courts of Calcutta and Bombay may make rules providing for qualifications to proper persons to be Attorneys etc., and that should be deemed to be the functions, powers and duties of the Attorneys etc.
এই বিধান বলে আপনাদের হাইকোর্টের অরিজিন্যাল সাইড এখন পর্যন্ত টিঁকে আছে। এটা আমাদের আইনজীবীদের মধ্যে অশোক সেনের রক্ষা কবচ নামে প্রখ্যাত আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যদি এখানে পার্লামেন্টের মন্ত্রী যিনি আছেন এবং সব পার্টি যদি এগ্রি করে অন্ততঃ পক্ষে এই সেশনের মধ্যে নন-অফিয়াল ডেতে ইউনানিমাস রিজলিউসন পাশ করতে পারি যে এই ৩৪(২) ধারার এই রিজলিউশনটা আমরা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে জানাতে পারি। এবং আমরা অবশ্যই মনে করি এর পক্ষে আমরা বলবো। কোম্পানী অ্যাক্টের কথা মাননীয় সদস্য একটু আগে যা বলে গিয়েছেন, কোম্পানীজ অ্যাক্টেও এই রকম একটা ধারা রয়েছে যাতে আমাদের এক্তিয়ার দেওয়া আছে যে আমরা অনুমোদন করে পাঠাতে পারি, ভারত গভর্নমেন্ট সেটা মেনে নেবেন এবং সেই অনুমোদন আমরা করতে পারি এই হাউস থেকে এবং আমার মনে হয় আজকে যা ওপিনিয়ন তাতে আমরা ইউনানিমাসলি এই প্রস্তাব পাশ করতে পারবো। কিন্তু তবু আজকে যে পদক্ষেপ হয়েছে তাকে যেমন সকলে সমর্থন করছি, সেই সমর্থন করতে উঠে একটা কথা আমার আজকে মনে পড়ছে সেটা হচ্ছে বাংলাদেশের জনসাধারণের দিকে তাকিয়ে এই বিল আজকে আনা সম্ভব হচ্ছে। আমরা গত কয়েক সপ্তাহের মধ্যে যে অবস্থা দেখেছি এবং গতকাল আমাকে আইনমন্ত্রী নিজে বলেছিলেন সামান্য কথার মধ্যে যে ভাই আজকে

এই অবস্থা হয়েছে, যে চাপ আমাদের উপর সৃষ্টি হয়েছে সেই চাপকে আমরা হটিয়ে দিতে পেরেছি এবং আমার কথা হচ্ছে মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় সেদিন যা বলেছিলেন, আমাদের অ্যাডভোকেটদের প্রতিনিধিদের কাছে তিনি বলেছিলেন গণতন্ত্র আপনাদের দিকে, কাজেই ভয় আপনাদের করার কিছু নেই, এটাই আসল কথা। বাংলাদেশের যারা আজকে উপরতলার মানুষ যে ভেস্টেড ইন্টারেস্ট কলকাতা শহরে আছে তারা যদি জানতো তাদের চাপ সৃষ্টি করতে পারলে, এই হাউসের উপর দিয়ে ঐ ঈশ্বরদাস জালান মহাশয় যা করে গিয়েছিলেন তা করে রাখা সম্ভব হবে, তাহলে তারা এই চেষ্টা করতো, কিন্তু আজকে তারা জানতো, যারা এখানে উপস্থিত আছেন তারা তাদের সমর্থন করতে পারে না, সেই জন্য তারা আজকে পরাজিত হয়েছেন। একটি কথা এর সঙ্গে বলতে চাই যে এখানে অনেকগুলি কথা বলা হয়েছে, আমি সব চেয়ে আশ্চর্য হয়েছিলাম, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন হঠাৎ দেখলাম কলকাতার সলিসিটার্সরা তাদের এমপ্লয়িদের দুঃখে কাঁদতে আরম্ভ করলো, সমস্ত এমপ্লয়াররা যারা পূজার সময় পূজা বোনাস দিতে চান না, ইতি পূর্বে বাগাড়িয়া কোম্পানীতে হরতাল হয়েছিল, ঘেরাও হয়েছিল, একাধিক ধর্মঘট এই সলিসিটার্স ফার্মে হয়েছে কিন্তু হঠাৎ দেখা গেল এই সলিসিটার্সরা তারা হলেন শ্রমিক দরদী এবং আমরা দেখতে পেলাম মার্কসবাদের নাম করে পর্যন্ত বলা হয়েছে যে যেহেতু বিরাট বিপ্লব এই আইনের দ্বারা সম্ভব নয়, সেই হেতু নাকি এইসব করা ঠিক নয়, এই পদক্ষেপগুলো এখন নেওয়ার নাকি কোন প্রয়োজন নেই এবং বিরোধীতা করা হলো মার্কসবাদের নামে, শ্রমিক শ্রেণীর নামে। মজার কথা এই যে সত্যকার যদি এই কথা তারা মনে করে থাকেন যে আইনের রদবদল করে মার্কসবাদকে সুন্তুষ্ট করা যায় তাহলে আমি মনে করি তাদের মার্কসবাদ আকাশ কুশুমের মধ্যে বাস করছে। কারণ নিশ্চয়ই যতক্ষণ পর্যন্ত পৃথিবীতে রিয়াল প্রপার্টি আছে, যতক্ষণ পর্যন্ত শ্রেণী সঙ্ঘর্ষ আছে, যতক্ষণ পর্যন্ত শ্রেণী স্বার্থ বর্তমান রয়েছে ততক্ষণ পযন্ত আইনের বাধ্যবাধকতা আছে, ভক্তিভূষণ মণ্ডল অরিজিন্যাল সাইড তুলে দিলেই যে সমস্ত জনসাধারণের স্বার্থ পূর্ণ হবে এইকথা ভুল, যতই আপনি চেষ্টা করুন না কেন, যত ভাল বিচারকই যান না কেন, যতক্ষণ পর্যন্ত শ্রেণীস্বার্থ থাকবে, যতক্ষণ পর্যন্ত ভেস্টেড ইন্টারেস্ট থাকবে, তাকে আপনি আইন আদালতের মারফত পরাজিত করতে পারবেন না, এটাই হচ্ছে বাস্তব অবস্থা, সুতরাং বড় বড় কথা বলে লাভ নেই। আমাদের কাছে পরিষ্কার কথা হচ্ছে এই যে কি করলে সাধারণ মানুষের মকরদমা করতে সুবিধা হবে, আমরা হাইকোর্টে প্রতিনিয়ত দেখতে পাচ্ছি যে একটা শ্রমিককে যদি অ্যাপেলেট সাইডের ২২৬-এর ম্যান্ডেমাস-এর বিচারে হাজির হতে হয় তাহলে দুটাকার ওকালতনামা দিয়ে হাজির হতে হয়। কিন্তু সেইটায়

[3-00—3-10 p.m.]

হাজির হতে গেলে অরিজিন্যাল সাইডে ওকালতনামাতেই সাড়ে চার টাকা লাগবে। এই হচ্ছে ব্যবস্থা। একটা সাক্ষী যদি সাত দিন চলে এক অরিজিন্যাল সাইডে সাত বারে অন্তত বারশো টাকা লাগবে। এই হচ্ছে অরিজিন্যাল সাইডে অবস্থা। আজকে সেই ব্যবস্থা তুলে দেওয়ার দিকে আমরা পদক্ষেপ করেছি। সত্যি এটা একটা সম্পূর্ণ সুষ্ঠু ব্যবস্থা নয়। এটা সত্য সম্পূর্ণ অরিজিন্যাল সাইড আজকে তুলে দেওয়া হচ্ছে না। কিন্তু তার দিকে পদক্ষেপ করছি। এই হচ্ছে বাস্তব অবস্থা। কিছু বন্ধু-এর সঙ্গে কোর্ট ফি-এর প্রশ্নটা জড়াবার চেষ্টা করেছেন। কোর্ট ফি তুলে দিলে নাকি মামলায় অনেক চাপ পড়ে যাবে। আমাদের সমর রুদ্র মশাই এইসব বলছেলেন। কিন্তু আমরা জানি কোর্ট ফি-র মামলা, সমর রুদ্র মশাইরা, অ্যার্টণী-ব্যারিস্টাররা কোর্ট ফি-র মামলা জানেন না। আমরা অ্যাডভোকেটরা কোর্ট ফি দিয়ে মামলা করে দিই। আলিপুর কোর্টে করছি, হাওড়া কোর্টে করছি, সিটি সিভিল কোর্টে করছি। কাজেই আমরা কোর্ট ফি-র মামলা ভাল জানি এবং কোর্ট ফি কি করে কম করতে হবে সেটা অ্যাডভোকেটরা জানে এবং সাধারণ মানুষ সেটা আমাদের কাছে দাবী করে এবং আমরা জানি কি করলে কোর্ট ফি বাদ দিয়ে মামলা করা যায়। এটা জনসাধারণ আমাদের কাছে দাবী করে। এমন কি ব্যারিস্টারদের আমরা দেখেছি, কোল কোম্পানী, বি. আই. কোম্পানী ওরা যখন কলকাতায় আসে, ব্যারিস্টার বাবু যাদের অ্যার্টণী মারফত কাজ করা অভ্যাস তাঁরা যখন অরিজিন্যাল সাইডে প্লেন্ট ড্রাফট করেন তখন তাঁরা জানেন কোর্ট ফি-র প্রশ্নটা সমাধানের জন্য বর্ধমানের ডিস্ট্রিক্ট কোর্টের যে উকিল আছে তাঁর কাছে যেতে হবে। কারণ কোর্ট ফি-র ব্যাপারে কোর্ট ফি তুলে দেওয়ার বুদ্ধিটা তিনি জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা

কিভাবে আলিপুর কোর্টে, সিটি সিভিল কোর্টে বা যত ডিস্ট্রিক্ট কোর্ট আছে তাতে শতকরা ৯০ ভাগ মামলা পরিচালনার ব্যবস্থা করেছি যার দ্বারা আমরা সাধারণ গরীবদের লাঘব দিতে পারি। অনেকে বলেছেন শ্রমিক শ্রেণীকে ড্যামেজ সুট করতে গেলে অনেক লেগে যাবে। আমরা জানি কোর্ট ফি আইনে আছে এমন যা আমরা প্রতিনিয়ত সিটি সিভিল কোর্টে করছি, ডিক্লেরেটরি সুট করছি, আমরা অর্ডার রুল দিয়েছি অনুমতি নিচ্ছি যে ভবিষ্যতে টাকার ক্লেমটা আমরা যখন পাব, আমরা যখন চাকরি ফিরে পাব, টাকার ক্লেমটা ফিরে পেলে আমরা পৃথকভাবে মামলা করব, আমরা কোর্ট ফি দিয়ে দেব। কিন্তু তাছাড়াও একথা সত্য যে কোর্ট ফি ব্যবস্থার একটা আমূল পরিবর্তন দরকার আছে গরীব মানুষের সুবিধার জন্য। অনেকগুলি অন্যায় আছে আমরা জানি। আমরা জানি কলকাতা হাইকোর্টে সবচেয়ে বেশি কোর্ট ফি আমাদের দিতে হচ্ছে। হাজার হাজার টাকা কোর্ট ফি দিতে হচ্ছে। ল্যান্ড অ্যাকুজেশনের মামলায় দিতে হচ্ছে। এটা অত্যন্ত অন্যায়। গরীব মানুষের জমি গভর্নমেন্ট নিয়ে নিচ্ছেন। সে অ্যাপীল করতে যাচ্ছে যখন তখন তাকে হাজার হাজার টাকা কোর্ট ফি দিতে হবে—এটা অত্যন্ত অন্যায় ব্যবস্থা, এর পরিবর্তন দরকার। এটা মোল্লা কমিশনের সামনে রাখা হয়েছে। ভারত গভর্নমেন্ট তাতে রাজী হন নি। একটা বিধবা মুসলমান স্ত্রীলোক যখন তার ডাওয়ার ক্লেম করতে যাবে তাকে কোর্ট ফি দিতে হবে। এটা অত্যন্ত অন্যায় ব্যবস্থা, এটা তুলে দেওয়া উচিত। কারণ একে সে বিধবা এমনিতেই বিপদগ্রস্থা তার উপর কোর্ট ফি দিতে হবে। এই সম্বন্ধে আলোচনা হওয়ার দরকার আছে। কিন্তু ওটা পৃথক ব্যাপার এবং এই ব্যাপারে একটা সুষ্ঠু ব্যবস্থা আনা যেতে পারে। এমন ব্যবস্থা করা যেতে পারে যে উপর দিকে কোর্ট ফি রেখে বা বাড়িয়ে নীচুর দিকে কিছু কিছু জায়গায় যেখানে কম কোর্ট ফি আছে সেখানে কিছু কিছু বাড়িয়ে সরকারের কোর্ট ফি-র যে আয় তাকে লাঘব না করে, তাকে কম না করে একটা সুষ্ঠু ব্যবস্থা করা যেতে পারে। এই বিষয়ে বিশেষ করে মাননীয় আইনমন্ত্রীকে বিশেষ করে তিনি যখন জনসাধারণমুখী আইন ব্যবস্থাকে নিয়ে যেতে চাইছেন তিনি চেষ্টা করবেন এই আশা করে এই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি।

**ডাঃ জয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনজনিত ব্যাপারে সাধারণতঃ আমার কিছু না বলারই কথা। মাননীয় ভক্তিবাবু যে বিল এনেছেন তাকে সমর্থন করছি এবং এর সঙ্গে ভক্তিবাবুর মত মানুষকে সমর্থন করছি। তিনি দৃঢ়তার সঙ্গে, সর্তকতার সঙ্গে এবং সাহসের সঙ্গে সব বাধা বিপত্তি অতিক্রম করে এটা এখানে উত্থাপন করতে পেরেছেন এবং আমরা দেখেছি এই বিল উত্থাপন করতে যেয়ে তিনি যুক্তফ্রন্টের কিয়ৎদলের ভক্তি হারিয়ে ফেলেছেন। এটা আমাদের ধারনা। তবু আমরা এই বিলকে সমর্থন জানাতে চাই এই কারণে যে প্রগতিশীল এবং সাধারণ মানুষের কল্যাণের জন্য যে বিল আসবে তাকে আমরা সমর্থন করব। ভক্তিবাবুকে বলি, আপনি আপনার দলের কয়েকজনের ভক্তি হারাবেন বলে যেন অধৈর্য্য হবেন না কিংবা ভীত হবেন না। বাংলাদেশের সাধারণ মানুষ আছে এবং আমাদের খোলা বক্তব্য যে আমরা যে কোন প্রগতি-শীল আইনকে সমর্থন করব।

মাননীয় ভক্তিবাবু মন্ত্রীত্ব গ্রহণ করার পরে বলেছিলেন যে, জুডিসিয়ারি এবং এক্সিকিউটিভ, যেটা কংগ্রেসের নীতি, এটা নূতন কিছু নয়। তিনি সেটাকে বাস্তবে রূপায়িত করতে চান প্রতি জেলায় এবং তার জন্য তিনি বলেছিলেন যে অর্থের অভাব আছে। এতো আইনের ত্রুটি-বিচ্যুতির বিতর্কের মধ্যে না গিয়ে একথা বলতে পারি যে, আজকে কলকাতার মানুষকে এবং হাইকোর্টের অরিজিন্যাল সাইডের যে জুরিসডিকশান আছে সেখানে একটা বিশেষ সুবিধা দিয়েছেন। সেই সম্পর্কে আমি ওয়াকিবহাল ছিলাম না আইনজ্ঞ নই বলে। আজকে দেখছি সর্ব বিষয়ে এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট কি অরিজিন্যাল সাইডে কোর্ট ফি এদের যেন সর্বক্ষেত্রে রেহাই দেবার মনোভাব গড়ে উঠেছে। মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র বলেছেন যে, সাহেব বলা হয় ইত্যাদি। আজকে ইতিহাসকে স্বীকার করবেন কি না? ইতিহাসের যে প্রভাব—তার কিছু সুফল থাকে আর কিছু কুফল থাকে। আমাদের ইচ্ছা না হলেও সেই লজ্জাকর জিনিস সেটায় গোটা জাতিকে সেই বিদেশী প্রভাব, ইতিহাসের প্রভাব এবং ইতিহাসের যে ফল সেটা ভোগ করতে হয়। তাই আমাদের আজকে সাধারণ কতকগুলি আপত্তিকর কথা যা পরিভাষায় বলা হয়েছে, সেগুলি সাহেবদের কাছ থেকে ধার করা অথচ আমরা চালু করছি। কিন্ত তার প্রভাবকে আমরা অস্বীকার করতে পারছি না। আজকে যাতে আমরা তার প্রভাব থেকে মুক্ত হতে পারি এবং সচেতন হতে পারি তার জন্য চেষ্টা হওয়া বাঞ্ছনীয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাশীকান্ত-

বাবু বলেছেন যে, সিদ্ধার্থবাবুকে আমরা সাহেব বলি। আমি অত্যন্ত গর্বের সঙ্গে এই কথা ঘোষণা করছি যে, সিদ্ধার্থবাবু এই বিধানসভায় কালকে অত্যন্ত দৃপ্ত ভাষায় ঘোষণা করেছেন যে, তিনি এখানে এসেছেন বাংলাদেশের মানুষ হিসাবে, ব্যারিস্টার হিসাবে নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে আনন্দিত হবেন যে, আমাদের নেতার সঙ্গে আমাদের যে সম্পর্ক তাতে সাহেব বলার প্রয়োজন হয় না। অগ্রজের সঙ্গে অনুজের যে সম্পর্ক সেই সম্পর্ক আমাদের মধ্যে বিদ্যমান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা নিশ্চয়ই জানেন যে, এই জুডিসিয়ারি এবং একজিকিউটিভকে সেপারেশান করতে গেলে যে অর্থের অভাব আজকে যাদের কোর্ট ফি দিয়ে মামলা করতে হয় না। অরিজিন্যাল সাইডে আমার তো মনে হয় এবং আমি এই প্রস্তাব তার কাছে রাখছি যে, সব জায়গাতে এই কোর্ট ফি চাপান এবং যে উদ্বৃত্ত আয় হবে সেটা দিয়ে আপনার যে অভাব রয়েছে সেটা পূরণ করতে পারবেন। আপনার কাছে আর একটি নিবেদন রাখছি যে, বাংলাদেশে ঋণ সালিশী বোর্ডের প্রবর্তন করেছিলেন তদানীন্তন মুখ্যমন্ত্রী এ. কে. ফজলুল হক, তাঁর মাধ্যমে এটা অত্যন্ত সহজ হয়েছিল। আজকে আপনারা জনতার সরকার বলে দাবী করেন, জনদরদী বলে দাবী করেন। আজকে এই রকম কোন ব্যবস্থা করতে পারেন কি না? যেখানে সাধারণ মানুষ—উকিল এবং মোক্তারের নানা রকম শ্রেণী আছে, সেটা আমার জানা নেই। যাই হোক, এদের বাদ দিয়ে নিজেরা সরাসরি নিয়ে ঋণ সালিশী বোর্ডের যে ডেট সেটেলমেন্ট বোর্ড ছিল সেই রকম রিলিফ কোন কিছু দিতে পারেন কি না? এই জন্য আপনাকে চিন্তা করতে অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বক্তব্য যে, বিশেষ সুবিধাভোগী শ্রেণী আছে এদের উপর জনসাধারণের সার্বজনীন যে চাপ, যে কর বা যে কোর্ট ফি—এই ব্যবস্থা সকলের উপর সার্বজনীন করা উচিত এবং গ্রামের দুর্বল অর্থাৎ উইকার সেকশান দি সোসাইটি ইন রুরাল এরিয়া যেটা আছে তারা যেন সহজে মামলার নিষ্পত্তি পায়, মামলা করার সুযোগ পায় ইন দি প্যাটার্ন অব ঋণ সালিশী বোর্ড। আজকে বাংলা দেশে সেই ব্যবস্থা চালু করার সম্ভাবনা আছে কি না, সে সম্বন্ধে বিশেষ ভাবে চিন্তা করা হোক। এর জন্য বাংলাদেশের মানুষ মাননীয় আইন মন্ত্রীকে সাধুবাদ দেবে এবং আরো বলি যে, আপনি আর যে সমস্ত আইন করতে চেয়েছেন যে, কলকাতায় সম্পত্তির সীমা, আয়ের সীমা—এগুলি সম্পর্কে আপনি দুর্বল হবেন না। আপনার উপর থেকে আপনার প্রভাবশালী দলের ভক্তি চলে যাবে বলে আপনি যেন পিছিয়ে আসবেন না। আমরা রয়েছি, বাংলার সাধারণ মানুষ আপনার সঙ্গে রয়েছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 p.m.]

**শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ** শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটি বিষয়ে জবাব দেব। মহম্মদ লতিফ সাহেব যা বললেন সেটা সম্বন্ধে প্রথমে জবাব দেওয়া দরকার বলে আমি মনে করি এবং সমর রুদ্র মহাশয় যা বলেছেন সেগুলি সম্বন্ধে বলব—তারপর বাকীগুলি সাম আপ করে আপনাদের কাছে বলব। আমি জানি না তিনি কোথায় ফিগার পেয়েছেন। কনজেসসন সম্বন্ধে উনি সিলেক্ট কমিটির কথা বলেছেন, কনকারেন্ট জুরিসডিকসনের কথা বলেছেন কিন্তু কেস সম্বন্ধে যা বলেছেন সে সম্বন্ধে উনি কোথায় ফিগার পেয়েছেন তা আমি ঠিক জানি না তবে আমি সরকারীভাবে যে ফিগার এনেছি সেটা আপনাদের কাছে পরিবেশন করা খুব প্রয়োজন বলে মনে করি। ১৯৩৬ সাল হতে অরিজিন্যাল সাইডের মোকর্দমা এখনও পেন্ডিং আছে হাইকোর্টে তা জেনে রাখুন এবং ১৯৩৬ সাল হতে আরম্ভ করে আজ পর্যন্ত ১৬ হাজার মামলা সেখানে এখনও পেন্ডিং আছে। কাজেই আমার মনে হয় তিনি ঠিক ফিগারটা দেখাতে পারেন নি, ওটা ভুল করেছেন। আর সিটি সিভিল কোর্ট ১৯৫৭ সালে কার্যকরী হয়েছে, যদিও বিলটা ১৯৫৩ সালে এসেছে—সেখানে ৪০ হাজার মোকর্দমা আজ পর্যন্ত ডিসপোজড অফ হয়েছে এবং অ্যাভারেজ লাইফ অব দি কেস যদি জানতে চান তাহলে সিটি সিভিল কোর্টের হচ্ছে ৭৩·৩ ডেজ, হোয়ার অ্যাজ হাইকোর্টে গড়ে প্রায় ৪ বছর। এই ফ্যাক্টটা উনি যে কোন সময় আমার কাছে এসে দেখে যেতে পারেন বা হাউসের যাঁরা আছেন তাঁরা দেখে যেতে পারেন। কাজেই আমি আপনাদের কাছে বলছি যে এই জিনিসটা চিন্তা করার কথা। আর অ্যাপীলেট সাইডে ৪৩ হাজার সাম অড্স মোকর্দমা আছে। আমার নিজের মনে হয় যে কিছু ব্যাকলগ মোকর্দমা আছে কিন্তু এই বিল পাশ হয়ে যাওয়ার পর এবার আর অরিজিন্যাল সাইডে ৫০ হাজারের নীচে যে

স্যুট কমার্শিয়াল অর নন-কমার্শিয়াল সেগুলি সিটি সিভিল কোর্টে যাবে। কাজেই হাইকোর্টে ১০ হতে ১২ জন জজ যাঁরা অরিজিন্যাল সাইডের বেঞ্চে বসেন তাঁদের আর এতগুলি বসার দরকার হবে না, হয়ত ৪ জন কিম্বা ৫ জন সেখানে বসবেন—তাহলে অন্ততঃ ৭ জন জজ পাব যাঁরা ব্যাকলগগুলিকে ক্লিয়ার করতে পারবেন। আর একটা কথা আছে সেসান কোর্টের যে বিলটা আমি এর পরে নিয়ে আসব—সেসান কোর্টের কতকগুলি ধারার মোকর্দমা হাইকোর্টে হত, সেটা আমরা সিটি সিভিল কোর্টে নিয়ে যাচ্ছি। কাজেই সেখানে হাইকোর্টের সেই জজেরা ঐ প্রায় ৬২ হাজার ব্যাকলগগুলিকে খুব তাড়াতাড়ি ডিসপোজ অফ করার চেষ্টা করবেন। কাজেই আমি মনে কর এই কনজেসসন, ডিলে, এগুলি আমরা নিশ্চয়ই তাড়াতাড়ি ডিসপোজ অফ করতে পারব একথা আমি জানিয়ে রাখছি।

আমি কনকারেন্ট সম্বন্ধে এটুকুন বলতে চাই যে অনেকে নানা রকম ভাবে চেষ্টা করেছেন বাধা দেবার। আমি কোন শ্রেণীর কথা বলছি না। কিন্তু চেষ্টা করে কোন ফল হয়নি। তাঁরা শেষ কথা বললেন কনকারেন্ট করে ছিল কথাটা শুনতে ভাল নয়। কিন্তু যাঁরা অ্যাডভোকেট তাঁরা জানেন কনকারেন্ট মানে বার বার খরচ হবে। বেশীর ভাগ কেসে দেখেছি প্লেনটিফ বা বড় বড় কেসে, বড় বড় লোক তারা কোন দিনই সিটি সিভিল কোর্ট-এ ফাইল করবে না, গরীব মানুষকে হয়রানি করবে হাইকোর্টে। অরিজিন্যাল সাইড-এ মামলা করে গরীব মানুষ যখন সেখানে যাবে অ্যাপিয়ার হতে তখন বলা হবে আমি এখানে করব না ওখানে করব। কাজেই ইন্টারিম হিয়ারিং হতে অনেক টাকা যাবে। মাদ্রাজ, বম্বে ইত্যাদি কোন জায়গায় কোথাও কনকারেন্ট নেই। কনকারেন্ট হলে আরও কঠিন অবস্থা হবে। যেমন আমাদের ক্যাবিনেট কনকারেন্ট সম্বন্ধে বিচার বিবেচনা করে বলে কনকারেন্ট হতে পারে না। কাজেই কনকারেন্ট-এর কোশ্চেন একেবারে হতে পারে না। কনকারেন্ট-এর সিলেক্ট কমিটি সম্বন্ধে যেকথা বলেছেন এবিষয়ে আমি তাঁর সঙ্গে একমত হতে পারছি না। আবার কেউ কেউ এখানে অতি বিপ্লব দেখাবার চেষ্টা করেছেন কিন্তু আমি তাঁর বিপ্লবে খুব বেশী কনভিন্স হতে পারিনি। সমর রুদ্র মহাশয় খুব বিপ্লবী বক্তৃতা দিয়েছেন। তিনি বড় বিপ্লবী, না অন্য কেউ সেকথা বলতে চাই না। সীমায়িত ক্ষমতার মধ্যে পার্লিয়ামেন্টারি ডেমোক্রেসি-এর মধ্যে আমরা যতটা পারি ততটা করব। তারপর আমরা লোকের কাছে বলতে পারব এর দ্বারা সব করা যাবে না। আমাদের বিপ্লবের দিকে যেতে হবে। কিন্তু আমাদের হাতে যেটুকুন ক্ষমতা আছে সেই ক্ষমতার কাজ না করে যদি লোকের কাছে বলতে চাই আরও বিপ্লবের কথা তাহলে জানি সেটাকে আলট্রা লেফটিজম্ বলে যেটা রি-অ্যাকসনারির চেয়ে আরও শত্রু। তারপর কেউ কেউ বলেছেন ২৫ হাজার টাকা পর্যন্ত কোর্ট ফি মকুব করে দেওয়া উচিৎ। আমরা এক টাকা পর্যন্ত কোর্ট ফি মকুব করতে রাজী নই। ২ হাজার টাকা পর্যন্ত কোর্ট ফি মকুব করি তাহলে টাটা বিড়লা যদি ২ হাজার টাকা পর্যন্ত মামলা করে তাহলে আমরা কি সেই কোর্ট ফি মকুব করে দেব।এটা হরেকৃষ্ণবাবুর সিলিং-এর ব্যাপার নয় যে ৯ বিঘা পর্যন্ত খাজনা মকুব। ২ হাজার টাকা পর্যন্ত মামলা একজনের কোটি কোটি টাকা আছে সেও করতে পারে। কাজেই ২ হাজার টাকা পর্যন্ত এক্সজামসন হতে পারে না exemption under certain conditions and circumstances এটা একটা প্রসেস হতে পারে। আর একটা হচ্ছে আমাদের যে লিগাল এইড সোসাইটি আছে সেই লিগ্যাল এইড সোসাইটি-কে আরও স্ট্রেংদিন করতে হবে। এই স্ট্রেংদেন করার জন্য এর পর আমাদের লিগ্যাল এ্যাড সোসাইটি যারা গরীব মানুষ তাদের টাকা দেবে। আর যারা পপার তাদের বিষয়ে অমাদের চিন্তা করা দরকার। সেইজন্য লিগ্যাল এইড সোসাইটির রিপোর্ট-এর

[3-20—3-45 p.m.]

দরকার কিংবা এইভাবে আমাদের এটা রাখতে হবে। এটা পরে যখন আনব তখন নিশ্চয়ই বলব। আমি আপনাদের কাছে একটা কথা বলছি,মনে করুন ২ হাজার টাকার যে মোকদ্দমা তার কোর্ট ফি ছেড়ে দিচ্ছি। এখানে আমরা কি করতে পারি? আমরা একটা ক্লজ দিয়ে দেব এই যে ইনকাম এটা যখন সার্টিফাই করবে তখন আমরা ২ হাজার টাকা একজেমসন দিয়ে দেব। কিন্তু যার কোটি কোটি টাকা আছে তাকে ২ হাজার টাকার স্যুটে কোর্ট ফি ছেড়ে দেব কেন? কাজেই সেই জিনিস যখন আনব তখন বিচার বিবেচনা করেই আনব। তারপর এই যে বলা

হয়েছে ২৫ হাজার টাকা স্যুটের কোর্ট ফি মকুব করা হোক তাতে আমি মনে করি তাঁদের এই কথার কোন অর্থ হয়না। ডিস্ট্রিক্ট কোর্টের কথা কেউ কেউ বলেছেন। আপনাদের কাছে আমি আগেই বলেছি আমি ১৫ হাজার করেছি কিন্তু আই অ্যাম নট স্যাটিসফাইড উইথ দ্যাট। আমি এই জুরিডিকসন বাড়িয়ে দেব যাতে ডিস্ট্রিক্ট কোর্টের আপিলের ক্ষমতা আরও বেশী হয়। একথা আমি আপনাদের কাছে আগেই বলেছি কাজেই সেসব কথা আর রিপিট করতে চাই না। আমি আমার বক্তব্যের মধ্যে সমস্ত বিল সম্বন্ধে যা কিছু বলা দরকার ছিল তা বলেছি। কোম্পানীজ অ্যাক্ট, অ্যাডমিরাল্টি অ্যাক্ট এগুলো সেন্ট্রাল অ্যাক্ট কাজেই এই বিলের মধ্যে আমি সেগুলি আনতে পারিনা। তবে গোবিন্দমেননের সঙ্গে আমার কথা হয়েছে এবং তিনি এমন কথাও আমাকে বলেছেন আপনি যদি অরিজিন্যাল সাইড অ্যাবলিস করেন এবং তাতে যদি আমার কনসেন্টের দরকার হয় তাহলে আমি আপনাকে ব্ল্যাংক চেক দিয়ে দিচ্ছি যে আমি আপনাকে সাহায্য করব। তিনি কংগ্রেসের মিনিস্টার হয়েও আমাকে একথা বলেছেন। আমি সেসব কথা আপনাদের কাছে উধৃত না করে পারলাম না। আর একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে সলিসিটর্স ফার্মের যারা এমপ্লয়ী তাদের প্রতি সলিসিটররা যে দুর্ব্যবহার করবে সেটা চিন্তা করা দরকার। আমি সেটা চিন্তা করেছি। কিন্তু এ'রা যখন ৩ মাস আগে আমার কাছে আসেন তখন আমি তাঁদের পরিষ্কারভাবে বলেছিলাম আমি আপনাদের সব কথা শুনতে রাজী আছি কিন্তু আপনারা যে ফিগার বলছেন, কখনও ৬ হাজার, কখনও ৭ হাজার এবং কখনও ৮ হাজার আমি এই ফিগার ঠিক মনে করি না, কাজেই ফার্মে কতজন লোক রয়েছে সেটা ভেরিফাই করে আমাকে দিয়ে যান। ২ মাস পার হয়ে গেল তা সত্বেও তাঁরা আজ পর্যন্ত সেই ফিগার আমাকে দেন নি। কাজেই কেউ একটা ফিক্টিসাস্ ফিগার বলবেন এবং সেটাকে আমি মেনে নেব তা হতে পারে না। আমি তাঁদের বলেছিলাম কতগুলো বড় বড় ফার্ম রয়েছে যেখানে কতগুলো লোক রয়েছে এবং ৬।৭ জন লোক রয়েছে এমন ফার্মও রয়েছে এবং সেখানে যে ৬।৭ জন অ্যাটর্নি রয়েছেন তাঁদের প্রাক্টিসের সুযোগ দিয়েছি কাজেই আন-এমপ্লয়েড থাকবে না। তারপর, বোনাস দেবে না এরই মধ্যে সলিসিটররা একথা বলতে আরম্ভ করেছেন। আমি পরিস্কারভাবে একথা বলতে চাই যুক্তফ্রন্ট সরকার কারুর গা-জোরি সহ্য করবে না। বোনাস হয় গতবার যে কাজ করেছে তার উপর। কাজেই এই বছর বোনাস না দেবার কোন রেজনেবেল গ্রাউন্ড বা বেসিস আছে কি? আমি হাউসে দাঁড়িয়ে একথা আপনাদের কাছে বলছি বোনাস আন্দোলনের সময় আমাদের যুক্তফ্রন্ট সরকার তাঁদের দিকে থাকবেন এবং যাঁরা বোনস দেবেন না তাঁদের বিরুদ্ধে নিশ্চয়ই লড়বেন। তবে আমি একথা বলছি যে এটা আমাদের সম্পূর্ণ বিল নয়, এটা অনেকভাবে আমাকে চেষ্টা করে, অনেকটা কেটে এই বিলটা করতে হয়েছে। কিন্তু আমাদের আল্টিমেট অবজেক্ট হচ্ছে যেখানে ডিস্ক্রিমিনেশন এত দিন ধরে চলে আসছে সেখানে একটা ইউনিফর্মিটি আনা, এটা সারা বাংলাদেশেই করা প্রয়োজন, এবং সাধারণ মানুষেরা যাতে কম খরচে কম পয়সায় বিচার পান সেই সমস্ত ব্যবস্থা করতে হবে। এটা কোন পূর্ণাঙ্গ ব্যবস্থা নয়, আমরা ধাপে ধাপে সে ব্যবস্থা করব, একথা বলে আমি যাঁরা সমর্থন করেছেন তাঁদের সমর্থন নিয়ে এবং যাঁরা সমর্থন করতে পারেন নি তাঁদের অপোজ করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bhakti Bhusan Mandal that the City Civil Court (Amendment) Bill, 1969 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 6 and the Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5, 6 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the City Civil Court (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 15 minutes)

(After adjournment)

[3-45—3-55 p.m.]

**The City Sessions Court (Amendment) Bill, 1969.**

**Shri Bhakti Bhusan Mandal:** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the City Sessions Court (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the City Sessions Court (Amendment) Bill, 1969, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর পূর্বে সিটি সিভিল কোর্ট এ্যামেন্ডমেন্ট বিলের সময় কেন হাই কোর্টের ক্রিমিন্যাল বেঞ্চের কেসগুলি সিটি সিভিল কোর্টে নিয়ে যাচ্ছি তা আমি আগেই বলেছি। তবে আমার মোটামুটি বক্তব্য হচ্ছে কয়েকটি ধারা এখন হাই কোর্টে অরিজিন্যাল সাইডে বিচার হয় যেমন ৩০২, ৩০৩, ৩৯৬, ৪৮৮, ৪৭৭এ ইন্ডিয়ান পেনাল কোড, এই সমস্ত ধারাগুলি সাধারণতঃ যেমন মফস্বল ও কলকাতার আলিপুরে সাধারণভাবে বিচার এটা হচ্ছে। এটা সাধারণভাবে বিচারের জন্য হাই কোর্টের জুরিসডিকসানকে সিটি সিভিল কোর্টে নিয়ে যাচ্ছি। এর কারণ এই, এই সিটি সিভিল কোর্টে যারা বিচারক আছেন তারা ডিষ্ট্রিক্ট জাজ হিসাবে কাজ করে এসেছেন এবং এদের আরো এক্সপিরিয়েন্স আছে এবং তারা ক্যাডার পোস্টে আছেন। যদি ৩০২ ধারার মোকদ্দমা ডিষ্ট্রিক্ট কোর্টে বিচার করতে পারেন তাহলে কলকাতায় এলে ৩০২ ধারার মামলা তারা কেন বিচার করতে পারবেন না এটা আমি বুঝতে পারি না। তার কারণ হচ্ছে এই ৩০২ বা ৩৯৬ যেগুলি ক্যাপিটাল পানিসমেন্টে আছে সেগুলি ডিষ্ট্রিক্ট জাজ বা এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট জজ বিচার করেন ৪৭৭এ এবং আরো যেসব দেখছি সেগুলি সেখানে আমরা দেখেছি যে এ্যাসিসট্যান্ট সেসন জাজ যিনি তিনি বিচার করেন। কাজেই কলকাতার ব্যাপারে এই ঘটনা ঘটল কেন? সিটি সিভিল কোর্টের সময় বৃটিশ আমল থেকে এই সব জিনিস চলে এসেছে, কংগ্রেস আমলে তারা একটা হাফ হার্টেড এ্যামেন্ডমেন্ট করেছিলেন, তখনও তাদের কথা ছিল হাই কোর্টে অরিজিন্যাল সাইডে ক্রিমিন্যালের বিচার হবে। এক একটি ক্রিমিন্যাল কেস হাই কোর্টে বিচার হলে কি খরচই না হয় সেটা আপনি নিশ্চই জানেন। সেই জন্য এই লিটিগেন্টস পাবলিকদের সুবিধা দেবার জন্য এবং এই বৈষম্য দূর করবার জন্য এই বিল আমি এনেছি এবং সেই সংগে বলছি এবং হাই কোর্টে যিনি জজ ক্রিমিন্যাল সাইডে বসেন তাকে আর বসতে হবে না। হাই কোর্টে যে ব্যাক লগ আছে, যে এরিয়ার আছে, হাই কোর্টের বিজনেসে যে কনজেসসন আছে সেটা রিমুভ হয়ে যাবে এই কথা বলে আমি এই বিলটি হাউসে কনসিডারেসানের জন্য রাখছি। আশা করি কেউ এর বিরোধিতা করবেন না।

**Mr. Deputy Speaker:** There are no motions for circulation of the Bill. I now call upon Shri Abdus Sattar to speak.

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও এই বিলটা সিটি সিভিল কোর্টের মত বৈপ্লবিক না হলেও এই বিল আনার একটা গুরুত্ব আছে। এবং মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রিমহাশয় যেকথা বলেছেন সেটা সম্পূর্ণ সত্য যে আজকে সেসন জাজ কিম্বা এ্যাডিশনাল সেসন জাজ, যারা বিচার করে ফাঁসি দিতে পারেন তারা এই সিটি সেসন কোর্টে আসবার পরে সেই ৩০২ ধারার মামলায় ডিসকোয়ালিফায়েড হয়ে যাচ্ছেন বিচার করার ব্যাপারে এটা একটা অসামঞ্জস্য ব্যাপার ছিল কলকাতায়। সুতরাং এই সিটি সেসন কোর্টে যারা সেসন জাজ তারা মেম্বারস্ অব দি হাইয়ার জুডিসিয়াল সার্ভিস এ্যান্ড জাজ এবং সেসন জাজ হিসাবে তারা ৩০২ সেকশনের কেস, ৩০৩, ৩৯৬, ৩০৭, এই সব বড় বড় ধারা ইন্ডিয়ান পেনাল কোডের বিচার করতে পারেন তখন তাদের সিটি সেসন কোর্টের জাজ হলে সেই বিচারের ক্ষমতা তাদের না দেবার কারণ নেই। এটা এখন হাই কোর্টে বিচার হচ্ছে। এবং আর একটা জিনিস মাননীয়

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় বলেছিলেন যে বিচার বিভাগে একটা ইনফরমিটি থাকা দরকার। আজকে মফঃস্বলে জ্বরির বিচার উঠে গিয়েছে হোয়ার এ্যাজ আজকে হাইকোর্টে এখনও জ্বরির বিচার চলছে। এই সম্বন্ধে তিনি কি বলতে চাচ্ছেন? এই যে জ্বরির বিচার যা এখানে হচ্ছে অথচ মফঃস্বলে উঠে গিয়েছে আমার মনে হয় এখানেও একটা ইনফরমিটি থাকা উচিত এবং আনা উচিত। জ্বরি ভাল ছিল কি মন্দ ছিল সে প্রশ্ন নয় কিন্তু আজকে মফঃস্বলে জ্বরি উঠিয়ে দেবার কারণ ছিল যে গ্রামে লোক যারা বিচার করতে আসতো তারা আইনের কমপ্লেকসিটি বুঝতোনা বলে উঠিয়ে দেওয়া হল হোয়ার এ্যাজ কলকাতার বুকে সেটা উঠিয়ে দেওয়া হয়নি। আমি আপনাকে সাজেস্ট করবো এই সেসন বিচার যা এখন হাইকোর্টে হচ্ছে তা জ্বরির দ্বারা হচ্ছে সেটা উঠিয়ে দেওয়া উচিত। আর একটা জিনিস যেটা আপনি বলেছেন এই বিল আনার কারণ হিসাবে যে

This will relieve congestion of cases in the High Court and the Judges of the High Court shall have more time to devote in disposal of other cases.

এখানে সিটি সেসন কোর্টে জাজেস তারা যে সমস্ত বিচারগুলি বর্তমান আইন অনুসারে করেন সেগুলি আন সিডিউল্ড কেসেস, আর সিডিউল্ড কেসেস এর ক্ষেত্রে এই আইনে আপনি অমিট করে দিলেন যেগুলি সেসন জাজেস করতো। এখন এই আনসিডিউল্ড কেসেসে যে সমস্ত বিচার করেন তার ফলে কতটা কনজেসশন বর্তমান আছে যা আপনি এই সমস্ত কেসগুলি হাইকোর্ট থেকে সিটি সেসন কোর্টে নিয়ে যাবেন তার ফলে নাম্বার অব কেসেস ইন দি সিটি সেসনস্ কোর্টএ যে হবে তখন বর্তমান যে জাজেস্রা রেখেছেন তাদের পক্ষে সেগুলি বিচার করা, মানে তাড়াতাড়ি বিচার করা, স্পিডিলি ডিসপোজ অফ করা সম্ভব হবে কি হবেনা সেটা আপনাকে লক্ষ্য করতে হবে। এখানে আপনি আপনার মূল কারণ বলেছেন যে কনজেসশন অব কেসেস, এবং আপনি বলেছেন যে এরা বড় বড় কেস বিচার করে আসার পর এখানে বিচার না করতে পারার কোন কারণ নেই। এই বক্তব্য এখানে আপনি রেখেছেন কিন্তু আপনার স্টেটমেন্টস্ অব অবজেক্টস্ এ্যান্ড রিজিন্স্এ বলা আছে রিলিভ কনজেসশন অব কেসেস্, এখন এই কনজেসশন অব কেসেস্ এক জায়গা থেকে যদি আর এক জায়গায় নেওয়া হয় তাহলে আমার মনে হয় যারা লিটিগ্যান্ট পাবলিক তারা ভুগবে। তবুও আপনি যে পদক্ষেপ নিয়েছেন, সত্যিকারের মফঃস্বল থেকে এসেছেন এবং আপনি নিজেও একজন মফঃস্বলের আইনজীবী, আপনি এখানে যে সাহসের পরিচয় দিয়েছেন তা অতীতে আর কেউ দেয়নি যাঁরা কলকাতার বুকে আছেন। যদিও অনেকে অনেক রকম ঠাট্ঠা করেন যে মফঃস্বলের উকিল আপনি যে সমস্ত অবিচার ছিল বিচারের মধ্যে তার উপর কুঠারাঘাত করতে চলেছেন তারজন্য আমি আর একবার আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এবং আমার মনে হয় আপনি যে বিচার বিভাগের পৃথকীকরণের কথা বলেছেন, সেপারেশন অব জুডিসিয়ারি, তাতে আমরা দেখছি খবরের কাগজে যে অনেক রকম বাধা বিপত্তি আপনার সামনে আসছে বিভিন্ন দল থেকে, আজকে এই সেপারেশন অব জুডিসিয়ারি যদি না করা হয় তাহলে সমস্ত যাহা সিভিল অফিসার তাদের হাতে বিচারের ভার থাকলে আমার মনে হয় উপর থেকে চাপ দেবার একটা হাতিয়ার হিসাবে ব্যবহার করা যেতে পারে কিন্তু সেপারেশন অব জুডিসিয়ারি হলে সে চাপ দিতে পারবেনা। কিন্তু আপনারাই ৩২ দফা কর্মসূচী গ্রহণ করেছিলেন জুডিসিয়াল সেপারেসানের এবং সেই কর্মসূচীকে রূপ দেওয়ার জন্য কয়েকটি জেলাতে এটা আপনারা করেছেন এবং ভবিষ্যতে এটা আপনারা করবেন সেই প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু দুখের সংগে আমি এই কথা বলছি যে আপনাদের যুক্ত ফ্রন্টের যারা বড় শরিক তাঁদের নেতা প্রমোদ বাবু যেসমস্ত উক্তি করেছিলেন তাতে আমাদের ভয় হয়েছিল যে এটা বোধ হয় আর হবে না। কিন্তু আপনারা যে প্রতিশ্রুতি ৩২ দফা কর্মসূচীর মাধ্যমে দিয়েছিলেন জুডিসিয়াল সেপারেসানের এবং আপনি যেভাবে প্রতিশ্রুতি এই হাউসের সামনে রেখেছেন তাতে আমরা আশা করব এটা যাতে ধাপে ধাপে কার্যকরী হয় তার ব্যবস্থা আপনি করবেন। আমার মনে হয় সে সৎসাহস আপনার আছে এবং সেই সৎসাহসের জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আপনি মফঃস্বল থেকে এসে যেসমস্ত ইলস্ এই বিচারের মধ্যে আছে সেটা আপনি ধরেছেন এবং ধরার জন্য আপনি বদ্ধপরিকর। আমরা জানি আপনার উপর প্রেসার পড়েছে এবং আরো প্রেসার আসছে। এই প্রেসারের সম্মুখীন হয়ে আপনি এগিয়ে চলেছেন এবং যে মনোভাব নিয়ে আপনি এগিয়ে

চলেছেন আমি আশা করব সেই মনোভাব নিয়ে আপনি এগিয়ে যাবেন এবং আপনার এই বিলের পিছনে আমরা বিরোধী দল হিসাবে আপনাকে সর্বতোভাবে সমর্থন করব এবং করছি, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-55—4-05 p.m.]

**শ্রীসুবোধ গোপাল গুছাইত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে সেটা হচ্ছে হাইকোর্টে কেসের যথেষ্ট কনজেস্‌সান হয়েছে, সিটি সেসান্স কোর্টে কিছু কেস এলে সেই কনজেস্‌সান কিছু কমবে এই উদ্দেশ্যে এই বিল এসেছে। এই সম্পর্কে আমাদের কংগ্রেস পক্ষের বক্তারা বললেন যে সেখানে কনজেস্‌সান কমলেও এখানে কনজেস্‌সান বাড়বে। কিন্তু অভিজ্ঞতায় দেখা যায় হাইকোর্টে এক একটা কেস এর আগের বিলের আলোচনায় দেখেছি যে ১৯৩৬ সাল থেকে আরম্ভ করে ৩৩ বছর পড়ে আছে। মফঃস্বলে কোন কোন জায়গায় কনজেস্‌সান আছে একথা ঠিক কিন্তু এই ধরণের কনজেস্‌সান নেই, ২/৪/৫/৬ বছরের কনজেস্‌সান নেই। সুতরাং সেই রকম ভয় করবার কারণ আছে বলে আমি মনে করি না। হাইকোর্টে যত কেস পড়ে আছে, ৪০ হাজার কেস পড়ে আছে, অন্যান্য কোর্টে তত কনজেস্‌সান নেই। আমাদের মন্ত্রিমহাশয় নিশ্চয়ই যখন সেই বিষয়ে লক্ষ্য রাখছেন তখন এখানে যাতে কনজেস্‌সান না হয় সেই বিষয়ে লক্ষ্য রাখবেন। হাইকোর্টে বছরের পর বছর শুধু সিভিল কেস নয়, ক্রিমিন্যাল কেস পর্যন্ত বহু বছর পড়ে থাকে, এখানে নিশ্চয়ই তার চেয়ে দ্রুত নিষ্পত্তি হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এটাকে কার্যকরী করতে হলে সেপারেসান অব জুডিসিয়ারির যে পরিকল্পনা পশ্চিমবংগ সরকারের রয়েছে সেটাকে নিশ্চয়ই ২/১টা জেলায় ইতিমধ্যে চালু করা হয়েছে, আমি আশা করব আমাদের সরকার অন্যান্য জেলায় দ্রুত সেটাকে চালু করবার চেষ্টা করবেন এবং সেটা না করলে যে উদ্দেশ্যে এটা আনা হয়েছে সেই উদ্দেশ্য সফল হবে না। যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তাতে যথেষ্ট সাহস দেখিয়েছেন আমাদের সরকার এবং আমাদের বিভাগীয় মন্ত্রিমহোদয়কে তারজন্য ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় সহকারী অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে দু'একটা কথা আমি বলব, প্রথম হচ্ছে জুরি ট্রায়াল সম্বন্ধে বলেছেন। আমি মনে করি জুরি ট্রায়াল থাকা উচিত নয়, তবে ইনএ্যাভার্টেন্টলি এটা আমি ঠিক লক্ষ্য করিনি, সেজন্য বোধ হয় হয়নি, পরের বারে আমি চেষ্টা করব যাতে জুরি ট্রায়াল না থাকে। আর স্পিডি ট্রায়ালের ব্যাপারটা আমি এইজন্য বলছি যে হাইকোর্টে একটা ক্রিমিন্যাল মামলার নিষ্পত্তি হতে এক মাস লাগে, আমরা জানি সেসান্স কোর্টে সেই মোকদ্দমা চার দিন থেকে পাঁচ দিনের মধ্যে আমরা শেষ করে ফেলি।

কাজেই আমার মনে হয় এক মাসের ফি আর চার দিনের ফি এক রকম নয়। আমি মনে করি এর দ্বারা সাধারণ মানুষ বেনিফিটেড হবে।

আর সেপারেশনের কথা বলেছি। আগামী ২২শে সেপ্টেম্বর তারিখে কোচবিহারে সেপারেশন হবে। মুর্শিদাবাদেও ২২ তারিখে সেপারেশন হবার কথা ছিল। কিন্তু আনফরচুনেটলি ফ্লাড হবার জন্য সেখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আমাদের বলেছেন আর কয়েক দিন পরে করবার জন্য। পশ্চিম দিনাজপুর ও অন্যান্য জায়গায় সেকেন্ড স্টেজ, থার্ড স্টেজে আছে। কারণ অনেক জায়গায় এখনো প্রয়োজনীয় বাড়ীঘর তৈরী করতে হচ্ছে। আমাদের যুক্ত ফ্রন্টের যে নীতি, তা থেকে আমরা সরে যাচ্ছি না। আমরা মুখে যেটা বলি, সেটা আমরা কাজেও করবার চেষ্টা করি। এ ব্যাপারে আমাকে দলমত নির্বিশেষে ইউনাইটেড ফ্রন্টের যে ডিসিশন সেটা আমরা সকলে মিলে নেই। এ ব্যাপারে আমার একার কোন বাহাদুরী নাই। যুক্তফ্রন্ট যে সিদ্ধান্ত করেন, কেবিনেট সেটা গ্রহণ করেন। কাজেই কেবিনেটের যে বক্তব্য সেটাই আমি এখানে বলছি, আমার নিজের কোন বক্তব্য নয়। এই বলেই আমি বিলটীকে কনসিডার করতে বলছি।

The motion of Shri Bhakti Bhusan Mandal that the City Sessions Court (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4, 5, 6, 7, 8 and Preamble

The question that clauses 1, 2, 3, 4, 5, 6, 7, 8 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the City Sessions Court (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Presidency Small Clause Courts (West Bengal Amendment) Bill, 1969.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration.

এই বিলটায় বিশেষ কিছু নাই। দু হাজার টাকা যেখানে জুরিডিকশন ছিল স্মল কজ কোর্টে সেটাকে বাড়িয়ে ৫ হাজার টাকা করা হচ্ছে। কারণ এখন জিনিষ পত্রের দাম বাড়বার জন্য এবং প্রাইস ইনডেক্সও বেড়েছে, সেই হিসেবে এর পিকিউনিয়ারি জুরিসডিকসনটা একটু বাড়িয়ে দিচ্ছি।

**শ্রীআবদুস সাত্তার:** আপনি (ই)তে কি করেছেন, সেটা একটু বুঝিয়ে দেন, তাহলে আর বলার কিছু থাকবে না।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ওখানে প্রসিডিওরটা অন্য রকম আছে। তাই করেসপন্ডিং চেঞ্জেজ করবার জন্য এই রকম করা হচ্ছে।

[4-05—4-15 p.m.]

The motion of Shri Bhakti Bhusan Mandal that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 7 and Preamble

The question that clauses 1 to 7 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## WITHDRAWAL OF BILL

### The Durgapur (Development and Control of Building Operations) (Amendment) Bill, 1969

**Shri Somnath Lahiri:** Sir, I do not want to proceed with the Bill and beg leave of the House to withdraw the Durgapur (Development and Control of Building Operations) (Amendment) Bill, 1969.

The Bill was then, by leave of the House, withdrawn.

### The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to introduce the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill).

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969, be taken into consideration.

এই বিলের উদ্দেশ্য খুব অল্প। আগে যে বিলটা ছিল সেই বিলটাতে কাজ করতে গিয়ে তার মধ্যে কতকগুলি ফাঁক ধরা পড়েছে। এই ফাঁক হল প্রথমত তার ৪ নম্বর ধারায় কোন ব্যক্তি বিশেষের সম্পত্তি অধিকার করবার যে ব্যবস্থা ছিল তাতে কিন্তু সেই যার জমি বা সম্পত্তি দখল করা হবে তার অবজেকশান ইত্যাদি ফাইল করার যেসমস্ত প্রভিসান থাকা উচিত সেই সমস্ত প্রভিসান ছিল না। সেইজন্য সেই আইনের ফাঁক দূর করবার জন্য এর একটা প্রধান উদ্দেশ্য ছিল। আর একটা হচ্ছে, সেকশান ৪(সি)-তে আমরা দেখছি
Act provides for allotment or reservation of private properties for specified public purposes.
কিন্তু তার জন্য কোন টাইম লিমিট দেওয়া হয় নি অথবা তাকে কম্পালসারিলি অ্যাকোয়ার করতেই হবে এরকম কোন প্রভিসান ছিল না। বিলের এই ফাঁকটা দূর করাও এই অ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য। এই হচ্ছে সংক্ষেপে বিলের মর্মকথা,, এটা আলোচনা করার বিশেষ কিছু নেই, আমি আশা করি এটা গৃহীত হবে।

The motion of Shri Somnath Lahiri that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 and Preamble

The question that clauses 1, 2, 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Somnath Lahiri:** I beg to move that the Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### The Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969.

**Shri Jyoti Basu:** I beg to introduce the Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969.

(Secretary read the title of the Bill)

**Shri Jyoti Basu:** I beg to move that the Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969, be taken into consideration.

এই দুটি আইন—ক্যালকাটা পুলি অ্যাক্ট, সুবারবন পুলিশ অ্যাক্টকে কতকগুলি জায়গায় বদলাবার জন্য এই বিল আনতে হয়েছে। কারণ যদিও ইতিমধ্যেই রাষ্ট্রপতির শাসনের সময় এই ধারাগুলি লিপিবন্ধ করা হয়েছিল এই আইনে, কিন্তু যখন রিভোকেসান অব প্রোক্লেমেসান হয়ে গেল—রাষ্ট্রপতির শাসন আর থাকলো না, তখন সংবিধানের ৩৫৭।২ ধারার নিয়ম অনুযায়ী আবার এখানে আমাদের বিধানসভায় এই বিলের ধারাগুলিকে অনুমোদিত করতে হবে এবং সেই জন্যই এই বিল এখানে আনতে হয়েছে। এই বিলের সহজ কথা হচ্ছে যে, আগে এই দুটি আইন ক্যালকাটা পুলিশ অ্যাক্ট, সুবারবন পুলিশ অ্যাক্ট-এ পুলিশ কমিশনার এবং ডেপুটি পুলিশ কমিশনারকে নিয়োগ করার অধিকার ছিল। তারপরে ক্রমশঃ এটা দেখা গিয়েছিল যে অফিসার আরো বাড়াতে হবে এবং তাদের আরো ক্ষমতা দিতে হবে। কারণ, নানারকম কাজ বেড়েছে, কাজের পরিধি বেড়েছে, দায়িত্ব বেড়েছে এবং সেই হিসাবে পরবর্তীকালে এরকম নতুন কয়েকজন অফিসার নিয়োগের ক্ষমতা এই বিলের মধ্যে নেওয়া হয়। এই হচ্ছে প্রথম নম্বর কথা। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে যে, পুলিশ কমিশনারের হোটেল বা এরকম প্লেসেস অব পাবলিক এন্টারটেনমেন্টের লাইসেন্স দেবার ব্যাপারে বা না দেবার ব্যাপারে যে অধিকার সেখানে কতকগুলি মামলায় দেখা গিয়েছিল যে, অসুবিধা ঘটছে। কারণ কখন লাইসেন্স পুলিশ কমিশনার না দিতে পারেন, অনুমোদন না করতে পারেন কোন দরখাস্ত পেলে সেগুলো আরো পরিষ্কার করে বলা হয়েছে পরবর্তী কালে। এবং সেগুলি এর মধ্যে ঐ রাজ্যপালের শাসনের সময় লিপিবন্ধ করা হয়েছিল ঐ প্রেসিডেন্টস অ্যাক্টে, এই দুটি আইনকে পরিবর্তন খানিকটা করে। কাজেই এই দুটি উদ্দেশ্য নিয়ে এই বিল আজকে এখানে আনা হয়েছে এবং আনতে গিয়ে শুধু ছোট একটি জিনিস তখন সেটা ঢোকান হয়নি ভুলক্রমে, সেটা ঢোকান হয়েছে। পরবর্তীকালে যে অ্যাসিসট্যান্ট কমিশনারস এটা ঢোকান হয়নি তখন, এখন অ্যাডিসনাল ডেপুটি কমিশনার ঢোকান হয়েছে, জয়েন্ট কমিশনার ঢোকান হয়েছে, এখন সেটা এর মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে। ঐ হোটেল তাদের অনুমতি দেওয়া না দেওয়ার যে ধারা আছে সেখানে দু-একটি জিনিস ঢোকান হয়েছে এবং সেটা হচ্ছে যিনি অ্যাপ্লিক্যান্ট, যিনি দরখাস্তকারী তাদের সব কিরকম চরিত্র ইত্যাদি থেকে আরম্ভ করে অনেক কিছু তদন্ত করতে হবে এবং সেগুলি দেখে পুলিশ কমিশনার যদি বলেন অনুমতি নাও পেতে পারেন। অনুমতির মধ্যে একটা ছিল না সেটা হচ্ছে অ্যান্টিসিডেন্টস অব দি অ্যাপ্লিক্যান্ট, এই অ্যান্টিসিডেন্টস ছিল না, অর্থাৎ সে চোর ডাকাত যাই হোক সমাজবিরোধী সেই কারণে অনুমতি তাকে রিফিউজ করা যেত না, সে যদি ঐ হোটেল চালাবার অনুমতি চাইত। এখন সেটা সেই জন্য পরবর্তীকালে ২-১টি এইরকম মামলায় অসুবিধা হওয়াতে এটা এখানে ঢুকিয়ে দেওয়া হয়েছে। এই হচ্ছে মোটামুটি এই বিলের বিষয়বস্তু। পুরানো যে ধারাগুলি—আমি ইতিমধ্যে আবার বলছি লিপিবন্ধের ক্ষমতা আছে আমাদের, কিন্তু সংবিধানের ৩৫৭(২) ধারা অনুযায়ী আবার এখানে আনতে হবে এবং সেই হিসাবে আপনাদের কাছে অনুমোদনের জন্য এনেছি এই খসড়া আইনের মাধ্যমে।

[4-15—4-25 p.m.]

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় বলেছেন যে, এটা প্রেসিডেন্টস রুল প্রিভেলেন্টে ছিল তখন এনেছেন এবং রি এনঅ্যাক্ট করা দরকার সেই জন্য তিনি এনেছেন। কিন্তু স্টেটমেন্ট অব অবজেকট্স অ্যান্ড রিজনস-এ একটা জিনিস দেখা যাচ্ছে যে যখন যুক্তফ্রন্ট সরকার আসেন তখন তাঁরা জনগণের নামে অনেক কিছু আমাদের বলেছেন যে, পুলিশ দূরে থাকবে জনগণের কাছ থেকে, কোন কাজে দরকার নেই। প্রথমে বিধানসভার আশেপাশে পুলিশ দেখিনি পার্টির লোক দেখেছিলাম, কিন্তু আজকে দেখতে পাচ্ছি যে, এই অ্যাসেম্বলী হাউসের ভিতরে এবং বাহিরে যাবার সঙ্গে সঙ্গে চারিদিকে পুলিশের ছাউনি, যেটা কংগ্রেস আমলে ছিল না এবং এই ছাউনিটা তাঁরা যখন বিরোধী পক্ষে ছিলেন তখন বার বার কন্ডেম করেছিলেন এবং স্টেটমেন্ট অব অবজেকট্স অ্যান্ড রিজনস একটা জিনিস পাওয়া যাবে

আমরা আশা করেছিলাম যে তাঁরা পুলিশ খাতে ব্যয় কমাবেন এবং পুলিশের যে বড় বড় পোস্ট, সেই পোস্টগুলি তাঁরা আস্তে আস্তে উঠিয়ে দিয়ে কি করে কম খরচে এই পুলিশ বিভাগ রাখা যায় তার চেষ্টা করবেন। হতে পারে, এই গভর্নর শাসন আমলে এই পোস্টগুলি হয়েছিল, কিন্তু পরিবর্তনের যে প্রতিশ্রুতি আপনারা দিয়েছিলেন সেই অনুসারে এইসব পোস্টের কিছু কিছু পোস্টে একটি ধারা যোগ করে এ্যাডিসনাল পোস্ট করছেন
Appointment of Additional, Joint, Additional Deputy and Assistant Commissioner of Police.
এই পোস্টগুলি সৃষ্টি করছেন কেন, তার কারণস্বরূপ আপনি দিয়েছেন—এই যে আপনার স্বীকারোক্তি সেই জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাই। এই অ্যাডিসনাল পোস্ট সৃষ্টি করে আমাদের অবজেকট্‌স দিয়েছেন রাইজ ইন ভিহাইকুলার ট্র্যাফিক, আপনাদের ইউ এফ এর আমলে ক্রাইম যে বেড়েছে, ফ্রিকোয়েন্ট ডিস্টারবেনসেস বেড়েছে সেটা আপনি আপনার স্টেটমেন্ট অব অবজেকট্‌স অ্যান্ড রিজনসে রেখেছেন,
increase in crime, frequent disturbances and augmentation of Police Force etc. put a heavy strain on the Commissioner of Police.
এখন ফ্রিকোয়েন্ট ডিস্টারবেনসেস এটা আপনারই স্বীকারোক্তি। তাহলে আপনি স্বীকার করছেন যে আপনার আসার পর থেকে অর্থাৎ ১৯৬৭ সালের পর থেকে এই ফ্রিকোয়েন্ট ডিস্টারবেনসেস কলকাতাতে হচ্ছে এবং ইনক্রিজ ইন ক্রাইমও হচ্ছে—এটা আপনি অবজেকট্‌সের মধ্যে দিয়েছেন। সেইজন্য এই অ্যাডিসনাল পোস্টের দরকার হচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে আমি বলব যে, এই পুলিশের ব্যাপারে আপনি যখন বিরোধীদলের নেতা ছিলেন তখন আপনি এটাকে ভিহিমেন্টলি কন্ডেম করেছিলেন যে, পুলিশের খাতে এত ব্যয় কেন হচ্ছে। অথচ আপনি এখন বলছেন যে একজন পুলিশ কমিশনারকে দিয়ে হবে না, তাই আরো কয়েকটা বড় বড় পোস্ট ক্রিয়েট করতে চাচ্ছেন। আমরা দেখেছি গুপ্ত কমিশনের রিপোর্টে বড় বড় অফিসারদের বিরুদ্ধে অভিযোগ এসেছে—সেই রিপোর্ট আপনার কাছেও এসেছে। আজকে আমরা এখান থেকে বের হবার পর দেখছি পুলিশের ছাউনী পড়েছে, আগে নাকি ১৪৪ ধারা ছিল, এখন নেই—আমাব মনে হয় ১৪৪ ধারা জারী করা থাকলে এত পুলিশ থাকার কি দরকার ছিল? আগে আপনি বলেছিলেন পুলিশ থাকবে না, কিন্তু আজকে পুলিশের চারিদিকে এত ছাউনী কেন? আমি শুনতে পাচ্ছি আপনার বাড়ির ২০০ গজ দূরে নাকি পুলিশের ছাউনী ফেলা রয়েছে। আপনি যে পুলিশের সম্বন্ধে বরাবর কংগ্রেসের মন্ত্রীদের বিরুদ্ধে চার্জ সেই চার্জে এখন আপনি নিজেই অভিযুক্ত হচ্ছেন, সেই জিনিস এখন কেন থাকবে। আজকে পুলিশের খাতে আমরা দেখলাম কংগ্রেস আমলে যা ছিল তার থেকে আপনার আমলে অনেক গুণ বেড়ে যাচ্ছে। গভর্নরের আমলে যদি হয়ে থাকে সেই গভর্নর তো ডিসক্রেডিটেড গভর্নর আপনাদের মতে—সেই গভর্নরকে কেন ফলো করবেন? রি-অ্যাক্ট করার সময় বাদ দিতে পারতেন, ইউ ক্যান মডিফাই, ইউ ক্যান অ্যাড সামথিং, ইউ ক্যান ওমিট সামথিং। আপনি এই ধারাটাকে অর্থাৎ সেকসন ৩ ফর সেকসন ৫ অব দি Calcutta Police Act, the following section shall be substituted, namely etc., etc. যেটা বলেছেন সেটা বাদ দিতে পারতেন। আজকে কি, না ক্রাইম বেড়ে গেছে, ডিস্টারবেনসেস বেড়ে গেছে, সেই হিসাবে পুলিশ অফিসারের দরকার। এই যে আপনার স্বীকারোক্তি সেইজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। তবুও এই ক্রাইমকে কমানোর চেষ্টা করুন, পুলিশ অফিসার যা আছে তাই যথেষ্ট। শুধু পুলিশ অফিসার দিয়ে হবে না। আমি মনে করি এই যে অ্যাপয়েন্টমেন্টের কথা বলেছেন এডিসনাল পুলিশ অফিসারদের সম্বন্ধে আমি আশা করবো এই ধারাটাকে বাদ দেবেন এবং ক্রাইম বাড়ার কথা যেটা বলেছেন সেটা কমাবার চেষ্টা করবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুবোধগোপাল গুছায়েত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটা সাপোর্ট না করার কোন কারণ নেই, এর প্রায় অধিকাংশই প্রেসিডেন্টস অ্যাক্ট হিসাবে আগে হয়ে গিয়েছিল—সেটাকে রি-এ্যানঅ্যাক্ট করা হচ্ছে মাত্র। এতে বিশেষ কিছু নূতন বিষয় নেই যে আপত্তি করার থাকতে পারে। সুতরাং আমি এটাকে সমর্থন করছি। কেবলমাত্র একটি বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, একটা প্রভিসন রাখা হয়েছে যে কেউ যদি এন্টারটেনমেন্ট হাউসের জন্য

বা পাবলিক রিসর্টের জন্য দরখাস্ত করে কমিশনারের কাছে তাহলে কমিশনার সেটা বিচার করে হয় সেটাকে অ্যালাউ করতে পারেন, না হয় সেটাকে রিজেক্‌ট করে দিতে পারেন। এই অ্যামেন্ডিং বিলে সেকশন ১০এ সাব সেকশন ২-তে আছে অ্যাপীলের একটা ব্যবস্থা।

Any person aggrieved by an order refusing to grant a license under the proviso to sub-section (1) may, within, 30 days, appeal to the State Government.

এখন স্টেট গভর্নমেন্ট এটা অর্ডিনারী পাবলিকের মধ্যে, আইনের স্টেট গভর্নমেন্টের ব্যাখ্যা যাই হোক না কেন, আসলে স্টেট গভর্নমেন্ট বলতে কোন অফিসারকে কাকে বুঝায় এটা একটু পরিষ্কার করে দিলে কাজের পক্ষে সুবিধা হয় বলে আমি মনে করি। যারা অ্যাপীল করবে, অ্যাপীল টু দি স্টেট গভর্নমেন্ট এটা একটা ভেগ টার্ম। সুতরাং স্টেট গভর্নমেন্ট বলতে কাকে বুঝায়? আর একটা কথা হচ্ছে যে, অ্যাপীল করবে উইদিন ৩০ ডেস ফ্রম ডেট অব সাচ অর্ডার এই যা বলা হয়েছে এটা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে এই পর্যন্ত যা হয়েছে কংগ্রেসের ২২ বছরের রাজত্বে ঐ লালফিতার সৃষ্টি হয়েছে শাসনযন্ত্রের মধ্যে তাতে এই যে একটা প্রভিসন এই প্রভিসনের মধ্যে আছে যে, অ্যাপীল করতে হবে ৩০ দিনের মধ্যে। সুতরাং পার্টিকে একটা চান্স দেয়া হচ্ছে কিন্তু আমরা দেখেছি বহু জায়গায় পার্টি অ্যাপীল করবার জায়গা পায় না—এই কারণে অর্ডার যখন দেয়া হয় সেই অর্ডার কবে দেয়া হল সে সম্বন্ধে সে কিছুই জানতে পারে না। অর্থাৎ তিরিশ দিন যেখানে স্পেসিফিক বলে দেওয়া হয়েছে সেখানে অর্ডারটা কিভাবে কমিউনি-কেট করা হবে, কিভাবে জানতে পারবে, অথবা তাকে সার্টিফায়েড কপি দেওয়া হবে কিনা অথবা কবে দেওয়া হবে এটা স্পেসিফিক্যালি বলে দেওয়া না হলে যিনি অ্যাপীল করবেন তিনি বঞ্চিত হতে পারেন। বিশেষ করে আর যখন সেকেন্ড অ্যাপীলের কোন প্রভিসন নেই। কিভাবে করা যেতে পারে সেটা স্বরাষ্ট্রমন্ত্রী বিবেচনা করবেন আশা করি।

আর কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য অনেক কথাই বলেছেন। হয়ত বুদ্ধি আমার কম হতে পারে সেইজন্য তিনি যা বলতে চাইলেন তা বুঝতে পারলাম না। তবে আমরা দেখেছি আমাদের সরকারের নীতি হচ্ছে পুলিশকে জনসাধারণের উপর শাসন করবার জন্য, অত্যাচার করবার জন্য, স্বাভাবিক কোন আন্দোলন দমন করবার জন্য নিয়োগ করা হবে না। পুলিশকে জনসাধারণের অঙ্গ হিসাবে ব্যবহার করা হবে। আমি তাঁকে একথা স্মরণ করিয়ে দিয়ে বলতে চাই, তাঁরা পুলিশী রাজত্ব সৃষ্টি করেছিলেন, ১৯৬৭ সালে যুক্তফ্রন্টকে বাতিল করে দিয়ে পুলিশী রাজত্ব সৃষ্টি করেছিলেন এবং সেদিন যুক্তফ্রন্টের নেতৃবৃন্দকে পিটিয়ে অজ্ঞান করেছিলেন, কলেজে পুলিশ ঢুকিয়ে ছাত্রদের, অধ্যাপকদের পিটিয়েছিলেন। পুলিশকে কি সেদিন জনকল্যাণের উদ্দেশ্যে নিয়োজিত করা হয়েছিল। এত কথা বললেন কেন বুঝে উঠতে পারলাম না। এই বিলটি সম্পূর্ণ সমর্থনযোগ্য এবং সমর্থন করছি এবং সাব-সেকসান (২) সম্বন্ধে যা বললাম সেটা স্বরাষ্ট্র-মন্ত্রীকে বিবেচনার জন্য অনুরোধ জানাচ্ছি।

[4-25—4-35 p.m.]

**শ্রী এ কে এম ইশাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অভিজ্ঞ উকিল হিসাবে আপনার জানা আছে ডায়িং ডিক্লারেশন অর্থাৎ মরবার আগে মানুষ যে বিবৃতি দেয় সে ডায়িং ডিক্লারেশনের একটা মূল্য আদালত বা মানুষ দেয়। দেয় এইজন্য যে, মরবার আগে মানুষ স্বভাবতই একটা সত্যি কথা বলে। মরবার আগে কেউ আর মিথ্যা কথা বলে নূতন আর একটা পাপ করতে চায় না। তাই আজ জ্যোতিবাবুর মুখ থেকে ওইরকম একটা স্বীকারোক্তি শুনে আমার মনে হচ্ছিল তাহলে কি ওঁদেরও মরবার সময় হয়ে এসেছে? এটা কি ডায়িং ডিক্লারেশন? আজকে স্বীকার করলেন জ্যোতিবাবু নিজেই যে ক্রাইম বাড়ছে, অনাচার বাড়ছে। আমরা এই স্বীকারোক্তি পেয়েও খানিকটা আশান্বিত হয়েছি যে, ওঁদের মুখ দিয়েও কথাগুলো তাহলে বেরতে শুরু করেছে। ওঁদের যে শাস্ত্র সে শাস্ত্রে লেখা আছে, স্টেট উইদার্স এ্যাওয়ে, কিন্তু ওই শাস্ত্র অনুযায়ী যে কটা রাষ্ট্র পৃথিবীতে হয়েছে সর্বত্র দেখা গিয়েছে

State never withers away; it rather consolidates its position day after dav.

পুলিশের সংখ্যা ওইসব রাষ্ট্রে কোন জায়গায় কমেনি। বরং পুলিশের সংখ্যা যখন এই ধরনের বুর্জোয়া ডেমোক্রেসী ছিল এই সংখ্যা থেকে কমিউনিস্ট স্টেট হওয়ার পরে পুলিশের সংখ্যা অনেক

বেড়ে গেল। সুতরাং আজকে ও'দের বেশি পুলিশের দরকার হবে আমরা জানি। যতদিন পর্যন্ত ও'রা বিরুদ্ধ পক্ষে থাকবেন ততদিন বলবেন। কেন পুলিশ খাতে এত বেশি ব্যয় করছ, পুলিশ খাতে বেশি ব্যয় কর না। কারণ ও'দের এই ধর্মশাস্ত্রে লেখা আছে, স্টেট উইদার্স এ্যাওয়ে পুলিশের কোন দরকার নেই। কিন্তু যে মুহূর্তে ও'রা ক্ষমতায় আসবেন ও'দের ওই ক্ষমতাকে অব্যাহত রাখবার জন্যে তখন আর দুটো পুলিশে চলবে না, দুটোর জায়গায় ২০টা পুলিশ লাগবে এবং আজকে যে ও'রা নূতন করে ক্ষমতার শক্তি নিচ্ছেন একমাত্র উদ্দেশ্য ওই—ওই সিস্টেমটাকে অব্যাহত রাখবার জন্যে আরও পুলিশ লাগবে। কিন্তু আমার ভয় সেখানে নয়। আমার ভয় এই সুযোগ নিয়ে ও'রা পেনিট্রেশন ঘটাবেন। কাকে ও'রা কমিশনার করবেন, সেটা ও'দের ঠিক করা আছে। যে নিয়ম চালু আছে যার দ্বারা এদেশে চাকুরী পাওয়া যায় সে নিয়মের প্রতি সম্পূর্ণ বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো হবে। যারা ও'দের দলীয় লোক ও'দের প্রতি যাদের সমর্থন আছে সেই সমস্ত লোকের নাম লিস্ট করা আছে। তারা যথারীতি অ্যাপয়েন্টমেন্ট পাবে। তার জন্য ইন্টারভিউও হয়ত দরকার হবে না বা যদিও ইন্টারভিউ করেন সেটা সম্পূর্ণ ফর্মাল হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় ডেপুটি চীফ মিনিস্টারকে অনুরোধ করব দয়া করে যেন এই পেনিট্রেশন উনি না ঘটান। ইতিমধ্যেই তো সর্বনাশের অনেকটা করেছেন। পুলিশের যে দায়িত্ব ছিল সে দায়িত্ব পালন করতে দেন নি এবং অত্যন্ত দুঃখের কথা এই পুলিশকে যদি যুক্তফ্রন্টের স্বার্থেও ব্যবহার করা হত, তাহলেও বুঝতাম যে একটি সরকারের স্বার্থে ব্যবহার করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ডেপুটি চীফ মিনিস্টার মহাশয়কে অনুরোধ করবো, দয়া করে যেন এই পেনিট্রেশান উনি না ঘটান। ইতিমধ্যেই সর্বনাশ অনেকটাই করেছেন। পুলিশের যে দায়িত্ব ছিল, সেই দায়িত্ব তাদের পালন করতে দেন নি এবং অত্যন্ত দুঃখের কথা—যদি এই পুলিশকে যুক্তফ্রন্টের স্বার্থে ব্যবহার করা হত, তাহলেও নয় বুঝতাম যে, এটাকে সরকারের স্বার্থে ব্যবহার করা হয়েছে। কিন্তু তাও নয়, একটা বিশিষ্ট দলের স্বার্থে এই পুলিশকে ব্যবহার করা হয়েছে। এ থেকে লজ্জাজনক কথা আর কি হতে পারে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আরো দেখলাম অত্যন্ত বেদনার সঙ্গে, যে পুলিশের কাজ হচ্ছে, অরাজকতা বন্ধ করা। সেই পুলিশের সহায়তা এদের এই অরাজকতা তারা সৃষ্টি করে চলেছে এবং এদের এই অরাজকতার বলি হচ্ছে বাংলাদেশের সমস্ত মানুষ, মায় যুক্তফ্রন্ট সরকারের অন্যান্য শরিক দল। তাই আজকে আমি সি পি আই (এম)-এর কথা উল্লেখ করতে যাচ্ছি না, ফরওয়ার্ড ব্লক-এর কথা উল্লেখ করতে যাচ্ছি না এবং যুক্তফ্রন্টের অন্যান্য ছোট ছোট শরিক দলের কথাও উল্লেখ করতে যাচ্ছি না। এই সমস্যাটাকে বাংলাদেশের সমস্যা বলে ধরে নিচ্ছি এবং বাংলাদেশের মানুষ ওদের হাতে নির্যাতিত হচ্ছেন, নিপীড়িত হচ্ছেন, একথা আপনার মাধ্যমে এই পবিত্র হাউসকে জানাচ্ছি এবং আপনাকে অনুরোধ করছি যাতে বাংলাদেশের মানুষের এই উৎপীড়ন বন্ধ হয়। সেজন্য যা করণীয় এই সভা তাই করুন। একটা পার্টির এই হঠকারিতা, নির্যাতন যেমন করে হোক বন্ধ করবার দাবী বাংলাদেশের সমস্ত মানুষ করুন। এই ধ্বনি আজ বাংলাদেশে উঠেছে, সেই ধ্বনির কথা হাউসে আপনার মাধ্যমে রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বক্তৃতা দেবার খুব বেশী কিছু নেই। কারণ, কংগ্রেস পক্ষ থেকে বাজেটে যা বলেছেন—ওরা হয়ত বাজেট বক্তৃতা দিতে হবে মনে করেছেন। কারণ অনেকদিন আগে বক্তৃতা হয়ে গেছে, কাজেই আর একবার সেই একই কথা বক্তৃতার মধ্যে বললেন। তবে শুধু বলতে চাই যে, খসড়া আইন যখন বিতরণ করা হয় তখন অন্ততঃ ভিতরে সব না পড়লেও ঐ স্টেটমেন্ট অব অবজেকট্স অ্যান্ড রিজনসটা পড়া ভাল, সেটাও না পড়ে, না বুঝেই বক্তৃতা দিয়ে দিলেন, খুব আনন্দ হল। যেখানে লেখা আছে যে, ইনক্রিজ ইন ক্রাইম এটাই তো আপনারা স্বীকার করে নিলেন যে, ইনক্রিজিং অব ক্রাইম হয়েছে। কিন্তু তার আগেকার কতকগুলি ইংরাজী কথা আছে সেটা দেখলে এটা বলতে পারতেন না। ইন দি কোর্স অব লং ইয়ার্স এই কথাগুলি লেখা আছে। কাজেই এইসব অবান্তর কথার কি জবাব দেব। তবে এটা ঠিক যে, পুলিশ কমাতে পারলে ইত্যাদি অনেক কথা বলেছেন এবং বলছেন আপনারা কেন এইসব নূতন নূতন অফিসার তৈরী করেছেন। এসব কিছুই তৈরী করিনি। এ সবই আছে এবং উত্তরাধিকার সূত্রে আমরা পেয়েছি। সরকারী যন্ত্রটাও পেয়েছি, পুলিশ পেয়েছি, অফিসার

পেয়েছি, পুলিশ কমিশনার পেয়েছি, অ্যাসিস্ট্যান্ট পুলিশ কমিশনার, জয়েন্ট পুলিশ কমিশনার সব কিছু পেয়েছি। আমি বলছি যে, সেই বাজেট আলোচনার সময়ে যা হয়েছে তার অবতারণা করা হল কংগ্রেস পক্ষ থেকে। আমাদের ইচ্ছা আছে একটা পুলিশ কমিশন বসিয়ে কতটা কি করা দরকার, এই সমস্ত বিষয়ের উপরে আরো অন্যান্য টার্ম অব রেফারেন্স থাকবে। তারপর এর বিচার করতে পারবো, সিদ্ধান্তে আসতে পারবো। কাজেই ঐসব অবান্তর কথা এই বিলের মধ্যে এনে কোন লাভ নেই। তবে এইটুকু আমি বলতে চাই যে, এর একটিও আমরা এসে করিনি। নূতন পোস্ট তৈরী করিনি। এই সবই আমরা পেয়েছি উত্তরাধিকার সূত্রে ঐ কংগ্রেস পক্ষ থেকে। তাদের প্রিয় যিনি এখানকার রাজ্যপাল ছিলেন, সেই সময়ে এবং তার আগে এবং পরে এইসব ঘটনা এখানে ঘটেছে এবং সেই হিসাবে এর পুনর্বিন্যাস যেটুকু যা হয়েছে, আমরা তাই নিয়ে এখন চলেছি। ৬ মাস হয়েছে। আমাদের এখন অনেক সময় আছে। কাজেই আমরা কি করি না করি পরবর্তীকালে তার বিচার হবে। মানুষ তার সিদ্ধান্ত করবে। তবে আমি একথা বলবো যে, এই যে দেশে বেশী পুলিশ দরকার হচ্ছে ইত্যাদি এই যে সমাজবিরোধী হাজার হাজার তৈরী হচ্ছে, দুর্ভাগ্য আমাদের তার জন্য সম্পূর্ণভাবে ঐ কংগ্রেস দল দায়ী। যারা সরকার চালিয়েছেন ২০ বছর ধরে। আর কে দায়ী হবে। কারা কোটি কোটি বেকার সৃষ্টি করেছে ভারতবর্ষে? এই কংগ্রেস দলই করেছে। এই কংগ্রেস পার্টি করেছে। কংগ্রেস সরকার করেছে চারিদিকে, সমস্ত জায়গায়। শুধু বাংলাদেশেই নয়, সমস্ত ভারতবর্ষব্যাপী। যা কিছু হয়েছে—অন্যায়, অবিচার মানুষের প্রতি এবং যে কারণে এই সমস্ত বেকারী সৃষ্টি হয়েছে, যে কারণে সমাজবিরোধী তৈরী হয়েছে, এই সমস্তর জন্য দায়ী ঐ বিশেষ করে একটি দল—কংগ্রেস দল এবং সেই কারণে বোধ করি বক্তৃতা এখানে দিচ্ছেন। কিন্তু ওদিকে ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে আজ চোখের সামনে ঐ কংগ্রেস দল, যা হতে বাধ্য। সেজন্য আমি শুধু একথা বলি যে, আর যখন ওদের কোন বক্তব্য নেই। বিলটা কেন এনেছি, তার কারণ যখন ওরা জানে না, ইংরাজী অর্থও বোঝেন নি, কাজেই আমার আর কিছু বলার নেই। আমি অনুমোদনের জন্য এটা রাখছি।

[4-35—4-45 p.m.]

The motion of Shri Jyoti Basu that the Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969, be taken into consideration, was then put and a division taken with the following results:

AYES—89

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksi, Shri Monoranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhattacharya, Shri Jyotibhusan
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan

Bouri, Shri Tinkari
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shrimati Nirupama
Das, Shri Debendra Nath
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
De, Shri Panchkari
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Gurung, Shri Nandalall
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hicks, Shri Clifford
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu.
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Subal Chandra
Mazumdar, Shri Dilip Kumar
Misra, Shri Ahindra
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Amritendu
Mukherjee Shri Anil Kumar
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Pahari, Shri Bibhuti
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Purkait, Shri Prabodh
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Phakir Chandra

Roy Pradhan, Shri Amarendra Nath
Sahadat Hossain, Shri S.
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

NOES—29

Abdus Sattar, Shri
Abedin, Dr Zainal
Abul Barkat Atawal Ghani
Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Bhagat, Shri Budhu
Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Harun UR Rashid, Shri
Ishaque, Shri A.K.M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath
Maiti, Shri Subodh Chandra
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri
Thakur, Shri Nityananda
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 89 and the Noes 29, the motion was carried.

Clauses 1 to 12 and Preamble

The question that clauses 1 to 12 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu:** Sir, I beg to move that the Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদীন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে আমাদের তরফ থেকে এর আগে ২ জন বক্তব্য রেখেছেন। এই বিলের আলোচনায় অপ্রাসঙ্গিকভাবে মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় কতগুলি মন্তব্য করেছেন আমি শুধু তার বিরুদ্ধে কিছু প্রতিবাদ করছি তিনি বলেছেন এই বিল ওঁদের নয়, গভর্নমেন্ট যেটা করেছিলেন সেটারে শুধু ফর্মাল স্বীকৃতি দিচ্ছেন আইনের মাধ্যমে। কিন্তু তিনি এই জবাব দিলেন না যে প্রশ্ন স্পেসিফিক ভাবে রাখা হয়েছিল যে তাঁদের এটা গ্রহণ না করার বাধা কোথায় ছিল। আর যদি এর কোন যৌক্তিকতা না থাকে তাহলে তিনি এটা প্রত্যাখান করতে পারেন। তাঁরা অনেক জিনিষ ছেড়ে দিয়েছেন মডিফাই করেছেন। অতএব এখানে তা করতে বাঁধা কোথায় ছিল? তিনি বললেন উত্তরাধিকার সূত্রে এসমস্ত জিনিষ পেয়েছেন। কিন্তু তিনি একথা স্বীকার করলেন না যে ২০০ বছর পরাধীন ভারতকে স্বাধীন করে তাকে বিরাট অগ্রগতির দিকে নিয়ে যাওয়া সম্ভব হয়েছে একমাত্র কংগ্রেসের মাধ্যমে। তিনি প্রায় হাউসে থাকেন না। এখানে আইন শৃঙ্খলা কে লঙ্ঘন করে তা আপনি জানেন। আপনি বলেছেন এখন আর ট্রাম, বাস পুড়ছেনা। খাদ্য আন্দোলনের নাম করে নুরুল ইসলাম, আনন্দ হাতীকে এখন আর প্রাণ দিতে হচ্ছে না। চিরদিন আপনারা লোককে ক্ষেপিয়ে এসেছেন। অসন্তোষের মধ্যে আপনাদের জন্ম, সেই অসন্তোষ আপনারাইতো স্থায়ি করবেন এবং তারই পুঞ্জীভূত ফল বাংলাদেশ আর কতদিন ভুগবে জানিনা। আমাদের বক্তব্য হচ্ছে যে বাংলাদেশে আইন শৃঙ্খলা দিন দিন কোথায় চলে যাচ্ছে তা সকলেই জানেন ওটা সি, পি আই এরও বক্তব্য সি, পি, (এম) বরাহনগরে যে জিনিষ করেছে তা সি, পি, আই বেশ ভালই জানেন। সুতরাং আপনারা সকলেই দেখেছেন যে সি, পি, (এম) কিরকম দলবদ্ধ ভাবে পুলিশকে নিজেদের কাজে লাগাচ্ছেন। আজ সেজন্য স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করব যে আইন শৃঙ্খলা যে অবনতির দিকে যাচ্ছে সেগুলিকে পুনরায় উদ্ধার করুন। আজ ক্যালকাটা এবং সুবারবন পুলিশ এ্যাসোসিয়েশন যে স্বীকৃতি ফিরে তাঁদের মন্ত্রীত্ব বহাল রাখছেন সেটা আমি জানি। কিন্তু আজ সাধারণ মানুষের নিরাপত্তা এবং সাধারণ ভাবে দেশের রুল অব লকে তিনি রেস্টোর করবেন এই আশা নিয়ে আমি শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**Mr. Deputy Speaker:** I want to draw the attention of the honourable members to rule 93. The scope of discussion in the Third Reading of a Bill is very limited. It should be confined to submission of arguments either in support of the Bill or for the rejection of the Bill. In making his speech a member shall not refer to matters of a general character. In the Third Reading the scope of discussion is very, very limited. So, I will request the honourable members to speak on the Bill as has been settled in the Assembly.

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যে রুলের কথা বল্লেন আমি তার মধ্যেই কনফাইন্ড থাকব। স্বরাষ্ট্রমন্ত্রী যে সমস্ত পয়েন্ট তুলেছেন তার উত্তর দেয়া প্রয়োজন। তিনি এই বিলের কানেকসনে ঐ সব কথা বলেছেন, তাই উত্তর দিচ্ছি। তিনি বলেছেন আমরা ইংরাজী জানি না। সেজন্য ঠিকভাবে জিনিসটি বুঝি নি। তিনি ইংলন্ডে লেখাপড়া শিখেছেন, কাজেই ইংরাজীর সংগে তাঁর যোগাযোগ স্বাভাবিক। যাই হোক আমি গোটা সেন্টেন্সটা বলছি।

Normal growth of population, influx of displaced persons, rise in vehicular traffic, increase in crime, frequent disturbances and augmentation of police force, etc., put a heavy strain on the Commissioner of Police.

এই একটা কারণ তিনি বলেছেন। তিনি প্রত্যেকটি কমা, কমা, করে বলে গেছেন। সুতরাং আমিও সেইভাবে বল্লাম। অবজেকট্স অ্যান্ড রিজিনসের বেলায় পারষ্কার বলেছেন ফ্রিকোয়েন্ট ডিসটারব্যানসেস। তাহলে ইউ এ্যাডমিট দ্যাট ফ্রিকোয়েন্ট ডিসটারব্যান্স হচ্ছে। তিনি একটি কথা বলেছনে যে কংগ্রেস সমাজ বিরোধীদের সৃষ্টি করেছে। আমি তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি কংগ্রেস আমলে এবং আপনাদের আমলে সমাজবিরোধী কারা? এটা আমার কথা নয় আপনাদেরই শরিক দল স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ

এনেছেন যারা সমাজবিরোধী তাদের সংগে পুলিশ সহযোগিতা করে, যে লোক মানুষের জীবন হানি করছে তার বিচার হচ্ছে না। আজকে এমন অবস্থা দেখছি যে মানুষ হত্যা করবার পর তাকে এ্যারেস্ট করা হয় না। আজকে ডাইং ডিক্লেরেসনের কি কোন মূল্য থাকবে না? ক্রিমিন্যাল প্রসিডিওর কোড অনুসারে দেখা যায় যদি ডাইং ডিক্লারেসন করে তাহলে তাকে এ্যারেষ্ট করতে হবে এটা আইনের বিধান রয়েছে। আমি জানি না সেই বিধান কোথায় উঠে গেল? আজকে সমাজবিরোধীরা গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় ছড়িয়ে পড়েছে, পরের জমি কেড়ে নিয়েছে, আগুন লাগাচ্ছে। আজকে আপনাদের শরিক দলকে জিজ্ঞাসা করুন ফরোয়ার্ড ব্লকের মেম্বারদের জিজ্ঞাসা করুন কারা সমাজবিরোধী? আজকে গোটা বাংলাদেশের গ্রামে গ্রামে সমাজবিরোধীদের উস্কানী দিয়ে আপনারা ছেয়ে ফেলেছেন। আজকে বড় বড় কথা বলছেন কিন্তু কেন তাদের এ্যারেষ্ট করছেন না? জ্যোতি বাবুর দলের লোক যখন কোন ক্রাইম করছে যে ক্রাইমে মানুষের ফাঁসি হতে পারে, দশ বছর বা যাবত জীবন জেল হতে পারে সেখানে আপনি আপনার দলের লোক বলে তাকে চাপা দিয়ে এ্যারেষ্ট করছেন না। আজকে অপনি পুলিশকে এইভাবে নির্দেশ দিয়েছেন যে আপনার দলের লোক হলে মানুষ মার্ডার করবার পর ও সে এ্যারেষ্ট হবে না। এর চেয়ে প্রহসনের কথা আর কি হতে পারে? সমাজবিরোধী কার্যকলাপ আর কি হতে পারে? যারা নিজেরা সমাজবিরোধী কাজ করছেন, অন্যায় করছেন, সমাজের অবিচার করছেন তারা কোন মুখে কংগ্রেসকে সমাজ-বিরোধী বলছেন? এই বিলে যে সমস্ত পোস্টের কথা বলেছেন আপনি ইচ্ছা করলে সেই সমস্ত পোস্ট তুলে দিতে পারতেন, ইউ হ্যাব গট দি রাইট টু মডিফাই ইট কিন্তু আপনি মডিফাই করেননি, করছেননা। আপনি যা বললেন সে সব কথা এই বিলের মধ্যে বলার কোন স্কোপ নাই। এই কথা বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

**শ্রী এ কে এম ইশাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে সব প্রশ্ন রেখেছিলাম সেসব প্রশ্নের জবাব পাইনি। পাল্টা অভিযোগ তিনি করলেন যে কংগ্রেস নাকি গত ২০ বছরের মধ্যে অনেক সমাজ বিরোধীদের জন্ম দিয়েছে। যদি ২০ বছরে সমাজ বিরোধীদের জন্ম হয়ে থাকে তাহলে এটা দুঃখজনক ঘটনা। তবে দেখতে হবে কংগ্রেসী আমলে সমাজ বিরোধীরা অর্গেনাইজ্ড ওয়েতে বিচারালয়ে ঢুকে গণ্ডোগোল করেছে কিনা। আমি আপনার কাছে আলিপুরের একটা ঘটনা রাখব। ৮ম এবং ৯ম অতিরিক্ত দায়রা আদলতের ঘটনার কথা আমি আপনার সামনে তুলব। সেখানে তিন জনের বিচার চলছিল এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট জাজ্ কোর্টে, তার মধ্যে একজনের ট্রেন্সপোর্টেশন লাইফ হল আর একটি লোকের বোধ হয় আরও কিছুদিন জেল টেল হল। যেদিন মোকদ্দমার রায় দেন সেদিন কোর্টে আড়াইশো লোকের মত জনতা কোর্টে ঢুকল, যত সময় বাড়তে লাগল সে জনসংখ্যা আরও বেড়ে যেতে লাগল। জজ সাহেব ভীত হলেন, তিনি যে রায় লিখে আনলেন সে রায় তিনি পড়তে পারবেন কিনা। বেলা ৪ টার সময় রায় বেরুল। ইতিমধ্যে পুলিশকে আসতে হল, ডেকে আনতে হল। যে মুহূর্ত্তে দেখা গেল ৩ জন আসামীদের মধ্যে কিছু কিছু লোকের যাবজ্জীবন কারাদণ্ডএর নির্দেশ দিলেন, সেখানে, জজ-সাহেবের মুণ্ডু চাই, যুক্ত ফ্রন্টের টাকা নিয়ে যুক্ত ফ্রন্টের বিরুদ্ধে রায় দেওয়া চলবেনা, বেইমানী করা চলবেনা এই স্লোগান দেওয়া হল। যেদিন আমরা এই ঘটনা দেখলাম তার পরের দিন নব ব্যারাকপুরে বিশিষ্ট রাজনৈতিক দলের প্ররোচনায়....... ...

**শ্রীপতিত পাবন পাঠকঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি একটা কথা বলতে চাই। উনি কতগুলি সম্পূর্ণ মিথ্যা কথা এখানে বলে গেলেন, যদি উনার সৎসাহস থাকে তাহলে সেটা বাইরে গিয়ে প্রেসরিপোর্টারের কাছে বলুন, এসেম্বলীর প্রটেক্শন নিয়ে যা তা এখানে বলে যাবেন এটা ঠিক নয় আর আমরা সেটা কি করে সহ্য করি? আমি তাই বলি, যদি সৎসাহস থাকে তাহলে বাইরে গিয়ে রিপোর্টারের কাছে বলুন তারপরে এখানে এসে বলবেন, আমি স্যার, এইভাবে মিথ্যা কথা বলে বক্তৃতা দিতে পারেন কিনা সে বিষয়ে আপনার কাছে রুলিং চাই।

**Mr. Deputy Speaker:** Mr. Ishaque, I will request you to look to rule 93 according to which the scope of discussion in the Third Reading is limited and I have already brought it to the notice of the honourable members. So I request you once again not to bring in such facts which have no direct bearing on the present Bill. You can speak only on the principles of the Bill,

**on the legislation itself, but you cannot discuss anything which has absolutely no bearing on the present Bill. No discussion to the details of the Bill, it must be of a general character. As regards the point raised by Shri Patit Paban Pathak, I also bring to his notice that what Shri Ishaque has stated, for that he takes the full responsibility on his shoulder.**

[4-55—5-06 p.m.]

Mr. Ishaque, you are taking a serious responsibility on your shoulder because you are referring to procedure of court where a District Judge or a Subordinate Judge is involved. You are referring to the proceedings of a court or an incident that took place inside the court room where the District Judge or the Subordinate Judge himself was present and he had enough authority under the law to take action against those persons. Now, actually I do not know what did take place but I think we should not indulge in the matter in such a fashion in this House taking the liberty of a member, in view of the limitations imposed by rule 93 of Rules of Procedure of this House.

**Shri A.K.M. Ishaque:** Mr. Deputy Speaker, Sir, we read rules subject to the convention that we have already adopted in the House. Immediately before me you allowed the Deputy Leader of the House to refer to that incident. The convention of the House is that when we raise a question that is answered by the Ministers. Our charges are that our points were not answered. On the contrary, he raised another point that for the last 20 years the Congress created antisocial elements. Therefore, we have been trying to meet that charge.

যে কথাটা আমি বলছিলাম অত্যন্ত দুঃখের কথা এবং একটা অত্যন্ত দুঃখজনক ঘটনার পর একটা বিশিষ্ট রাজনৈতিক দলের বামপন্থী কম্যুনিষ্ট পার্টির সভারা নব-ব্যারাকপুরে হরতালের ডাক দিলেন এবং হরতালের দিন এই কথা বলা হল আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন যে সেই জাজ সাহেবকে পুলিশ দিয়ে বাড়ীতে পৌঁছে দিতে হয়েছে এবং এই খবর বাংলাদেশের প্রত্যেকটি খবরের কাগজে বেরিয়েছে.................

**Mr. Deputy Speaker:** Mr. Ishaque, please take your seat. I have already given my finding. Please refer to rule 93 in this connection. If you have a substantive motion before the House I have nothing to say; certainly you are allowed to discuss. But when there is no substantive motion in the Third Reading rule 93 does not permit you to go beyond the scope of the debate which is very limited and so I would request you to take your seat or you confine your observations to the Bill as permitted under rule 93 of the rules of procedure.

**শ্রীএ, কে, এম, ইশাকঃ** আমি আর ওঘটনার কথা বলছিনা, আমার বলবার খালি উদ্দেশ্য ছিল এই যে কংগ্রেস তার ২০ বছরের আমলে কোন দিন এই ধরনের এ্যান্টি সোসিয়ালিজমকে পেট্রনাইজ করেনি, তবুও যদি হয়ে থাকে তা দুর্ভাগ্যের কথা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন যে আমাদের এই ডেপুটি চিফ মিনিস্টার মহাশয় এখানে ঘোষণা করেছেন যে উনি এক হাজার কেস তুলে নেবার আদেশ দিয়েছেন এবং ১০ হাজার ক্রিমিন্যাল ছাড়া পেয়ে গিয়েছে। এই ধরণের আমরা এ্যান্টি সোসিয়ালিজমকে পেট্রোনাইজ করবার কোন সুযোগ দিইনি গত ২০ বছর ধরে এটাই ছিল আমার বলবার উদ্দেশ্য। আর ঐ থার্ড রিডিংএ যে কথা বলবার জন্য উঠেছি, একটি মাত্র অনুরোধ করে যাবো এটাকে যেন পার্টির সংগঠনের কাজে না লাগান হয়। এই এ্যাপয়েন্টমেন্টের সুযোগ নিয়ে যেন পার্টির কতকগুলি লোককে কমিশনার, এ্যাসিস্টেন্ট কমিশনার করা না হয়। এই অনুরোধ রেখে এবং এই বিলকে সম্পূর্ণ পার্টির কাজে লাগান হবে এই আশাংকা প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** ডেপুটি স্পীকার মহাশয়, আমার বিশেষ কোন বক্তব্য নেই। তবে আমি ও'দের ঐ একটা ইংরাজী স্মরণ করিয়ে দিয়েছিলাম বলে ও'রা চটে গেছেন। তা ঐটারই মানে হয় যে বহু বছর ধরে এইগুলি সব জমা হচ্ছে, আমি আবার বলছি ও'রা বাংলা যদি ঠিক করে নেন তাহলে বুঝে যাবেন এটার কি মানে হয়। কাজেই ওটা এই ৬ মাসের ঘটনা এখানে লেখা হয়নি এইটাই খালি বলতে চাচ্ছিলাম। ওটা বাচ্চা ছেলেদের পড়াবার ব্যাপার আর কিছু না। কিন্তু এখানে শ্রীইশাক যা বললেন কি ঘটনা আলীপুরে হয়েছে বুঝলাম না কিন্তু উনি যা বললেন তাতে উনি প্রমাণ করলেন বোধকরি যে হ্যাঁ, আরো পুলিশ আপনাব দরকার। কারণ উনি বললেন যে কোন্ জজকে নাকি পুলিশ দিয়ে সাহায্য করতে হয়েছে তাহলে এর বিরোধীতা কি করছেন কিছুইত বুঝলামনা। কাজেই কোন ঘটনা নিয়ে বললেন জানিনা তবে যা বললেন তার থেকে আমি বুঝলাম যে তাহলে এই রকম বিল দরকার। কাজেই এর বেশী আমি আর কিছু বলতে চাইনা, আর ও'দের সিরিয়াস কোন সংশোধনী বা প্রস্তাব কিছু নেই কাজেই আমি আশা করি এই বিলটা গ্রহণ করা হবে।

The motion of Shri Jyoti Basu that the Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed was then put and a division taken with the following results:—

AYES

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Baksi, Shri Monoranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhattacharya, Shri Jyotibhusan
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkari
Chatterjee, Shrimati Nirupama
Chaudhuri, Shri Ashoke
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Sudhir Chandra
De, Shri Panchkari
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Golam Yazdani, Dr.

Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Gupta, Shri Sadhan
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Laha, Shri Mihir Kumar
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Subal Chandra
Mazumdar, Shri Dilip Kumar
Mazumdar, Shri Ahindra
Mitra, Dr. Sunil Kumar
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mukhopadhyaya, Shrimati Geeta
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Pahari, Shri Bibhuti
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Purkait, Shri Prabodh
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Phakir Chandra
Roy Chowdhury, Shri Biswabrata
Roy Pradhan, Shri Amarendra Nath
Sahadat Hossain, Shri S.
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Sasthidas
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand

NOES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abdul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Bhagat, Shri Budhu
Ekramul Haque, Dr. Md.
Fazlur Rahman, Shri S. M.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A.K.M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath
Mahato, Shri Ram Krishna
Maiti, Shri Subodh Chandra
Md. Sohorab, Shri
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Naskar, Shri Narayan
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Birendra Nath
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri
Soren, Shri Lakshan
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 94 and the Noes 28, the motion was carried.

**Mr. Deputy Speaker:** The House stands adjourned till 10-30 a.m. on Friday, the 12th September, 1969. There will be no questions to-morrow.

**Adjournment**

The House was accordingly adjourned at 5-06 p.m. till 10-30 a.m. on Friday, the 12th September, 1969 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 12th September, 1969, at 1 p.m.

**Present**

Mr. Deputy Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 20 Ministers, 2 Ministers of State and 193 Members.

## UNSTARRED QUESTIONS

**(to which answers were laid on the table)**

**মুর্শিদাবাদ জেলায় অগভীর নলকূপ সেচ পরিকল্পনা**

**1047.** (Admitted question No. 1056.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অগভীর নলকূপ সেচ পরিকল্পনা অনুযায়ী কিস্তিবন্দী সূত্রে মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে মোট কতটি নলকূপ জুন ১৯৬৯ পর্যন্ত বসানো হইয়াছে;

(খ) (১) এই নলকূপগুলি কোন্ কোন্ কোম্পানী হইতে লওয়া হইয়াছে, এবং

(২) কোন সর্ত আরোপ করা হইয়াছিল কিনা, এবং হইলে সর্তগুলি কি কি; এবং

(গ) ঐ পাম্পগুলি চাষীদের কোথা হইতে সংগ্রহ করিতে হয়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) উক্ত পরিকল্পনা অনুযায়ী মুর্শিদাবাদ জেলায় ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত ৬৭৯টি অগভীর নলকূপ বসানো হইয়াছে। ব্লক ভিত্তিক একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) (১) পাম্প ব্যতীত নলকূপের অন্যান্য জিনিষ কৃষকগণ পছন্দমত যে কোন লোহার দোকান হইতে ক্রয় করিতে পারেন। সরকার অনুমোদিত যে যে কোম্পানী হইতে পাম্প ক্রয় করিতে হয় তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(২) সরবরাহকারী প্রতিটি কোম্পানী হইতে প্রতিটি পাম্প-এর মূল্যের শতকরা ৫ ভাগ সিকিউরিটি হিসাবে এক বৎসরের জন্য জমা রাখা হয়। সরবরাহকারী প্রতিষ্ঠানগুলি পাম্প সম্পর্কে এক বৎসরের গ্যারান্টী দেন।

(গ) জেলা কৃষি আধিকারিকের অফিস হইতে চাষীদের পাম্পগুলি সংগ্রহ করিতে হয়। তৎপূর্বে সরবরাহকারী কোম্পানীগুলিকে চাষীদের সম্মুখে পাম্পগুলি চালাইয়া দেখাইয়া দিতে হয়।

**দাসপুর থানার জলনিকাশ সম্পর্কে বন্যা তদন্ত কমিটির সুপারিশ**

**1048.** (Admitted question No. 2051.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানার জলনিকাশ করে ফসল রক্ষা করার জন্য যে যে প্ল্যান "দি ওয়েস্ট বেঙ্গল ফ্লাড এনকোয়ারী কমিটি ১৯৫৯" দিয়াছেন সেইমত কোন্ কোন্ প্ল্যান কার্যকরী করা হইয়াছে;

(খ) যেগুলি কার্যকরী হয় নাই সেগুলি কার্যকরী না করার কারণ কি; এবং

(গ) কতদিনে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক), (খ) ও (গ) দি ওয়েস্ট বেঙ্গল ফ্লাড এনকোয়ারী কমিটি, ১৯৫৯, দাসপুর থানায় নিম্নলিখিত কাজগুলি করার জন্য সুপারিশ করিয়াছিলেন।

(১) চেতুয়া ঘের বাঁধের আভ্যন্তরীণ চ্যানেলগুলির সংস্কার এবং মহেশঘাটায় স্লুইস সম্বন্ধে অনুসন্ধান করার কার্য।

(২) চেতুয়া ঘের বাঁধের মধ্যে কলমাজোড় খালের সংস্কার এবং মহেশঘাটা স্লুইসের পুনর্বিন্যাস প্রকল্প।

(৩) চন্দ্রেশ্বর খালের সংস্কার। প্রথম প্রকল্পটি কার্যকরী করা হইয়াছে। শেষোক্ত প্রকল্প দুইটি পরীক্ষা নিরীক্ষার পর সংশোধন করা হইতেছে। প্রকল্প দুইটি চূড়ান্তভাবে প্রস্তুত হইলে পর উহা কার্যকরী করার বিষয় বিবেচনা করা হইবে। উহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে বর্তমানে তাহা বলা সম্ভব নয়।

**মেদিনীপুর জেলায় নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় বাঁধ নির্মাণ**

**1049.** (Admitted question No. 2094.)

**শ্রীজগৎপতি হাঁসদা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম থানায় ও গোপীবল্লভপুর থানার ১—৭ অঞ্চল পর্যন্ত এলাকায় কোন্ কোন্ স্থানে কয়টি বাঁধ হইয়াছে, এবং

(খ) উক্ত এলাকায় সীতানালা (নয়াগ্রাম থানা) "মরলী থানা" (নয়াগ্রাম) ও গোপীবল্লভপুর থানায় উল্লিখিত অঞ্চলের "সীতানালা" বাঁধ করার জন্য সরকার কোন দরখাস্ত পাইয়াছেন কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) নয়াগ্রাম থানার রঙ্গিয়াম বাঁধ প্রকল্পে একটি বাঁধ নির্মিত হইয়াছে। গোপীবল্লভপুর থানায় সেচ বিভাগের কোন বাঁধ নির্মিত হয় নাই। তবে আলুই ধবমপুর মৌজায় জমিদারী বাঁধ আছে, তাহা এখন সেচ বিভাগের রক্ষণাবেক্ষণে আসিয়াছে।

(খ) কোন দরখাস্ত পাওয়া যায় নাই। তবে নয়াগ্রাম থানায় মুরলী থানা সেচ প্রকল্প এবং গোপীবল্লভপুর থানায় সীতাখাল সেচ প্রকল্প প্রস্তুত করার প্রস্তাব আছে।

**লেডী ব্র্যাবোর্ন কলেজ**

**1050.** (Admitted question No. 2113.)

**শ্রীহারুন-উর-রসিদ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার লেডী ব্র্যাবোর্ন কলেজের ছাত্রী সংখ্যা কত;

(খ) উক্ত কলেজে মুসলিম ছাত্রীর সংখ্যা কত;

(গ) কলেজ হোস্টেলে মুসলিম ছাত্রী কতজন; এবং

(ঘ) পরিচালক সমিতিতে মুসলিম সদস্য আছে কি?

**The Minister for Education:**

(ক) ৮৮১ জন।

(খ) ৬৯ জন।

(গ) ১ জন।

(ঘ) ১ জন।

## বিভিন্ন রাজনৈতিক দল কর্তৃক বেনামী জমি দখল

**1051.** (Admitted question No. 2196.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বিভিন্ন রাজনৈতিক দল যে সমস্ত বেনামী জমি দখল করিতেছেন তাহা তাঁহারা নিজেদের ইচ্ছানুযায়ী স্বনামী, বেনামী ও খাস জমিতে লোক বসাইতেছেন;

(খ) সত্য হইলে, সরকার এ সম্বন্ধে কি কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(গ)) গ্রহণ করিলে তাহা কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) কোন কোন স্থলে রাজনৈতিক দলের সহায়তায় ভূমিহীন কৃষকেরা বেনামী জমি দখল করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। বেনামী জমি দখল করিলে স্বনামী জমি কিংবা খাস জমিতে লোক বসাইবার প্রশ্ন উঠে না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

## বীরভূম জেলায় ময়ূরাক্ষী ক্যানেল দ্বারা সেচের জল সরবরাহ

**1052.** (Admitted question No. 2313.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী ক্যানেল ব্যবস্থায় সমগ্র বীরভূম জেলায় কত একর জমিতে বর্তমানে জলসেচ হইতেছে; এবং

(খ) ময়ূরাক্ষী ক্যানেল পরিকল্পনার শাখা নালীগুলি (ক্যানেলস) স্থানে স্থানে বর্ধিত (লেংগদেন) করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) গত ১৯৬৮ সালে সমগ্র বীরভূম জেলায় ময়ূরাক্ষী ক্যানেল দ্বারা প্রায় ৩,৬৫,৪৩৯ একর জমিতে সেচের জল সরবরাহ করা হইয়াছে।

(খ) নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাইবার জন্য ময়ূরাক্ষী সেচ এলাকাভুক্ত অঞ্চলসমূহে (কম্যান্ড এরিয়া) বর্তমান (এক্জিসটিং) ক্যানেলগুলির পরিবর্ধন ও নতুন নতুন মাইনর ক্যানেল খনন করিবার অনেকগুলি প্রস্তাব আছে।

**রামপুরহাট ও নলহাটী থানায় বন্যা দূরীকরণের জন্য সরকারী ব্যবস্থা**

**1053.** (Admitted question No. 2317.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট ও নলহাটী থানার অন্তর্গত কেলেঘাই (কালিয়ামালা) নদী ও খালসা বিলের অতিরিক্ত বন্যার জল ঐ অঞ্চলের কৃষিক্ষেত্রের যে ব্যাপক ক্ষতি আজ দীর্ঘদিন হইতে হইয়া আসিতেছে সে ক্ষতি দূরীকরণের জন্য সরকার কি কোন নির্দিষ্ট সেচ পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) কোন নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে তাহার জন্য অর্থ বরাদ্দ কত; এবং

(গ) পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক), (খ) ও (গ) রামপুরহাট ও নলহাটী থানায় কেলেঘাই নামে কোন নদী নাই, তবে নলহাটী থানায় কতকগুলি মৌজায় সেচ ব্যবস্থার জন্য কালিয়ানালা নামে একটি সেচ ক্যানেল আছে। এই সেচ ক্যানেল দ্বারা বন্যার ক্ষতি হওয়ার কোন প্রশ্ন উঠে না। এই এলাকায় কোন নূতন সেচ প্রকল্প গ্রহণ করার প্রস্তাব বর্তমানে নাই। সুতরাং সেচ প্রকল্পের জন্য অর্থ বরাদ্দের বা কাজ আরম্ভ করার প্রশ্ন উঠে না।

রামপুরহাট থানার বালসা, মধুপুর, মোতেন ও পূর্ব গোপালপুর মৌজার নীচু জমিতে বন্যার সমস্যা ব্রাহ্মণী ও দ্বারকা নদীর বন্যা সমস্যার সহিত জড়িত। ইহা খুবই জটিল এবং এখনও কোন প্রকল্প প্রস্তুত করা হয় নাই। কিন্তু এই সমস্যা সরকারের নজরে থাকিবে এবং তদন্ত ও বিবেচনা করিয়া দেখা হইবে।

**গোপীবল্লভপুর থানায় সুবর্ণরেখা নদীর বন্যা নিরোধক বাঁধ**

**1054.** (Admitted question No. 2564.)

**শ্রীধনঞ্জয় কর:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় সুবর্ণরেখা নদীর বন্যা নিরোধের জন্য যে বাঁধ রহিয়াছে, বন্যার স্রোতে পাড় ভাঙিগয়া আসার ফলে, ধর্মপুর সিজুয়ার মধ্যের বাঁধ ভাঙিগয়া যাওয়ার সম্ভাবনা দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ, সুবর্ণরেখা নদীর ডান পাড়ের বাঁধ বন্যার জলের স্রোতে কতকটা ভাঙিগয়া আসিতেছে। তবে বর্তমান বর্ষার মধ্যে সমূহ বিপদের আশংকা কম।

(খ) বাঁধের ভাঙ্গন রোধ করিবার জন্য প্রয়োজনীয় সংরক্ষণমূলক কার্য বর্তমান বর্ষার পর গ্রহণ করার বিষয় বিবেচনা করা হইতেছে।

**সুন্দরবন এলাকায় জলনিকাশের জন্য স্লুইস গেট**

**1055.** (Admitted question No. 2886.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় জলনিকাশের জন্য কতগুলি স্লুইস গেট আছে;

(খ) উহাদের মধ্যে কতগুলি অকেজো; এবং

(গ) ঐ গেটগুলির দৈনন্দিন রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাহাদের উপর?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) সুন্দরবন এলাকায় বর্তমানে ২১৮টি পাকা স্লুইস (ম্যাসনরি স্লুইস), ১১৭টি হিউম পাইপ স্লুইস এবং ৬০০টি কাঠের বক্স স্লুইস আছে।

(খ) পাকা স্লুইস এবং হিউম পাইপ স্লুইসগুলি চালু অবস্থায় আছে। কিন্তু কাঠের বক্স স্লুইসগুলি যাহা বহু বৎসর পূর্বে স্থাপন করা হইয়াছিল, সব সময় ঠিকমত কাজ করে না। জলনিকাশের জন্য স্লুইসগুলি প্রয়োজন অনুসারে মেরামত করা হয়।

(গ) পাকা স্লুইস ও হিউম পাইপ স্লুইসগুলি সেচবিভাগের কর্মচারীরা পরিচালনা করেন এবং কাঠের বক্স স্লুইসগুলি স্থানীয় জনসাধারণ কর্তৃক পরিচালিত হয়।

**বোলপুরে নূতন মহকুমা সংস্থাপনের পরিকল্পনা**

**1056.** (Admitted question No. 2966.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় বোলপুরে একটি নূতন মহাকুমা সংস্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনাটি কতদিনে কার্যকরী হইবে?

**The Minister for Home (General Administration):**

(ক) না, বর্তমানে এরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

**জলপাইগুড়ি জেলায় টেস্ট রিলিফের কাজ**

**1057.** (Admitted question No. 2982.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় টেস্ট রিলিফ কাজে ১৯৬৮-৬৯ সালে মোট কত টাকা খরচ হইয়াছে;

(খ) উহার মধ্যে ময়নাগুড়ি ও মাদারিহাট ব্লক দুইটির প্রত্যেকটিতে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(গ) (১) বর্তমান বৎসরে ১৯৬৯-৭০ সালে ঐ দুই ব্লকে টেস্ট রিলিফ কাজ চলিতেছে কিনা; এবং (২) চলিতে থাকিলে, কত টাকা উক্ত কাজের জন্য মঞ্জুর করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) ১২,৮৫,৯৩০ টাকা।

(খ) ময়নাগুড়ি ব্লক—২,০৮,৩১৯ টাকা। মাদারিহাট ব্লকে কোন টেস্ট রিলিফ হয় নাই।

(গ) (১) ও (২) বর্তমান বৎসরে ময়নাগুড়ি ব্লকে টেস্ট রিলিফের কাজ হইতেছে এবং ঐ বাবত ৪৪,৫৬৯ টাকা এবং ১৫৬ কুইন্টাল গম মঞ্জুর করা হইয়াছে। মাদারিহাট ব্লকে কোন টেস্ট রিলিফের কাজ হয় নাই।

**আসানসোল মহকুমায় পঞ্চায়েত আইনের বিধিবিধান প্রয়োগ করিবার সরকারী পরিকল্পনা**

**1058.** (Admitted question No. 3000.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় পঞ্চায়েত আইনের বিধিবিধান প্রয়োগ করিবার জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন; এবং

(খ) কতদিনের মধ্যে উক্ত বিধিবিধান আসানসোল মহকুমায় চালু করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Panchayats:**

(ক) ও (খ) বিধানসভার চলতি অধিবেশনেই বর্তমানে প্রচলিত পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইন ১৯৬৩ এবং পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৫৭-এর স্থলে একটি নূতন বিল আনয়ন করা হইতেছে। উক্ত বিলটি আইনে পরিণত হইবার পর এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

**আসানসোল এল, এম, হাসপাতালের মর্গ**

**1059.** (Admitted question No. 3001.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল এল, এম, হাসপাতালটিতে 'মর্গ আছে। তাহা জনবহুল অঞ্চলে অবস্থিত হওয়ায় স্থানীয় জনসাধারণ ও বিশেষত রোগীদের খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) আসানসোলে অবস্থিত এল, এম, হাসপাতাল সংলগ্ন মর্গটিকে বর্তমান আর্থিক বৎসরে শীততাপনিয়ন্ত্রিত করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**আরংগাবাদ ও দয়ারামপুরে ভাংগন**

**1060.** (Admitted question No. 3025.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদে আরংগাবাদ ও দয়ারামপুরের ভাঙ্গনে দুঃস্থ পরিবারবর্গকে কি কি রিলিফ দেওয়া হইয়াছে;

(খ) মোট কত পরিবার খয়রাতি সাহায্য পাইতেছে এবং কত পরিবার গৃহ নির্মাণের জন্য অর্থ সাহায্য ও ঋণ প্রার্থনা করিয়াছে; এবং

(গ) গৃহ নির্মাণের জন্য কিরূপ সাহায্য দেওয়া হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) নিম্নলিখিত দ্রব্যাদি রিলিফরূপে বিতরণ করা হইয়াছে—

(১) গম—৮,৬৫৪ কিলোগ্রাম।

(২) ত্রিপল—১৪১ খানা।

(৩) ধুতি—৬০ খানা।

(৪) শাড়ী—৬০ খানা।

(৫) প্যান্ট—৬০ খানা।

(৬) সার্ট—২৫ খানা।

(৭) ফ্রক—২৫ খানা।

(খ) ৪৩৩টি পরিবার খয়রাতি সাহায্য পাইতেছে।

গৃহ নির্মাণের জন্য ৪২টি পরিবার অর্থ সাহায্য এবং ৬টি পরিবাব ঋণের জন্য আবেদন করিয়াছে।

(গ) এখনও পর্যন্ত কোন সাহায্য দেওয়া হয় নাই। তবে আবেদনপত্রগুলি বিবেচনাধীন আছে।

**Travelling allowances paid to the officials of Durgapur Projects Ltd.**

**1061.** (Admitted question No. 3065.) **Shrimati ILA MITRA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the total amount paid as travelling allowances to each of the following:—

(1) Shri A. B. Banerjee, Manager of the Power Plant of Durgapur Projects Ltd., for the period from 13th July 1968 to 2nd January 1969;

(2) Shri B. C. Basu Roy Chowdhury, Manager of the Coke Oven Plant of the Durgapur Projects Ltd., for the period from 8th August 1968 to 28th February 1969; and

(3) Shri B. B. Dutta, Controller of Finance of the Durgapur Projects Ltd., for the period from 4th July 1968 to 8th February 1969?

**The Minister for Commerce and Industries:** (1) Rs. 2,024.21.

(2) Rs. 3,045.93.

(3) Rs. 2,721.84.

**Damaged equipments of the Coke Oven Plant**

**1062.** (Admitted question No. 3068.) **Shrimati GEETA MUKHOPADHYAYA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether Government have any list of damaged equipments in different branches of the Coke Oven Plant under the Durgapur Projects Ltd.; and

(b) if so—

(i) the lists of equipments having been damaged in the years 1966, 1967 and 1968,

(ii) the list of damaged equipments rendered irrepairable before the expiration of their normal life,

(iii) the list of damaged equipments that have subsequently been re paired, and

(iv) the loss sustained on this account?

**The Minister for Commerce and Industries:** (a) The Government have no such list of damaged equipments. The Durgapur Projects Ltd. keep the lists of damaged equipments.

(b) (i) As per Statement "A" attached.

(ii) Nil

(iii) As per Statement "B" attached.

| | | | | |
|---|---|---|---|---|
| (iv) 1966 | ... | ... | ... | Rs. 40,000 |
| 1967 | ... | ... | ... | Nil |
| 1968 | ... | ... | ... | Rs. 84,700 |

Statement referred to in reply to clause b(i) of unstarred question No. 1062

STATEMENT "A"

1966

(1) The Washer No. I in Benzol Plant.

(2) Bearing of the Gear box motor driven exhauster No. II and Steam driven exhauster No. III.

(3) Insulation failure of 6 kv. motor of Hammer Mill.

1967

The Rotary Air Compressors (2 Nos.)

1968

(1) Quenching tower (expansion section).

(2) Insulation failure of exhauster motor (6 kv.).

(3) Insulation failure of 6 kv. Pump motor.

(4) Insulation failure of 6 kv. Hammer mill motor and bursting of rotor bars.

Statement referred to in reply to clause b(iii) of unstarred question No. 1062

STATEMENT "B"

1966

(1) Bearing of both the gear boxes were rectified.

(2) Rectification of the insulation failure of 6 kv. Hammer mill motor.

1967

Nil.

1968

(1) The quenching Tower.

(2) Insulation failure of exhauster motor (6 kv.).

(3) Insulation failure of 6 kv. Pump motor.

(4) Insulation failure of 6 kv. Hammer mill motor and bursting of rotor bars.

**বালসুখদাস রিফ্রাক্টরি**

**1063.** (Admitted question No. 3088.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সালানপুর থানা (জিলা বর্ধমান) ভুক্ত বালসুখদাস রিফ্রাক্টরিতে লক-আউট চলিতেছে;

(খ) অবগত থাকিলে, ইহা কতদিন ধরিয়া চলিতেছে; এবং ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা কত;

(গ) উক্ত লক-আউটের কারণ কি; এবং

(ঘ) সরকার উহার মীমাংসার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Labour:**

(ক) ও (খ) গত ৪ঠা আগস্ট ১৯৬৯ হইতে কারখানাটি বন্ধ আছে--কর্তৃপক্ষের মতে ইহা স্থায়িভাবে বন্ধ করা হইয়াছে—শ্রমিকের সংখ্যা ৫০০।

(গ) কর্তৃপক্ষের মতে শ্রমিকদের মন্থরগতি কৌশল এবং নাশকতামূলক কার্যকলাপই ইহার জন্য দায়ী।

**শ্রমিকদের মতে ইহার কারণ তাহাদের গত ২২এ মে ১৯৬৯ তারিখে পেশ করা দাবী সনদ।**

(ঘ) বিরোধ মীমাংসার জন্য আসানসোল লেবার অফিসার কয়েকবার যুক্ত বৈঠকের বন্দোবস্ত করেন, কিন্তু মালিকপক্ষ কোন বৈঠকেই যোগদান করেন নাই। গত ২৬এ আগস্ট ১৯৬৯ তারিখে অতিরিক্ত শ্রম মহাধ্যক্ষ কর্তৃক অনুষ্ঠিত একটি বৈঠকে কর্তৃপক্ষ এবং কর্মিসংঘের প্রতিনিধিবৃন্দ যোগদান করেন এবং কর্তৃপক্ষের প্রতিনিধিরা ঘোষণা করেন যে, কারখানাটি স্থায়িভাবে বন্ধ করা হইয়াছে এবং তাহা পুনরায় খোলা সম্ভবপর নহে।

**স্পনসর্ড ডে স্টুডেন্টস হোম**

**1064.** (Admitted question No. 1927.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় যে পাঁচটি সরকার কর্তৃক স্পনসর্ড ডে স্টুডেন্টস হোম চলিতেছে তাহার কোনটির জন্য বছরে কি কি বাবতে কত পৌনঃপুনিক খরচ হয়; এবং

(খ) এই হোমগুলির উদ্দেশ্য কি?

**The Minister for Education:**

(ক) বর্তমানে কলিকাতায় চারটি গভর্নমেন্ট স্পনসর্ড ডে স্টুডেন্টস হোম আছে। প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) উক্ত ডে স্টুডেন্টস হোমগুলির উদ্দেশ্য প্রত্যেকটিতে এক হাজার পর্যন্ত গরীব (আন্ডার গ্র্যাজুয়েট) ছাত্রছাত্রীর আহারাদি ও পড়াশুনার সুযোগ দেওয়া।

**ঝাড়গ্রাম মহকুমায় সরকারী খাস জমির বণ্টন**

**1065.** (Admitted question No. 1360.)

**শ্রীজয়রাম সরেনঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় কোন্ কোন্ জে এল আর ও-র অধীনে কত জমি সরকারী খাসে আসিয়াছে;

(খ) ঐ খাস জমির মধ্যে কত জমি এ পর্যন্ত ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হইয়াছে; এবং

(গ) সরকারী কত পরিমাণ খাস জমির বিরুদ্ধে কোর্টের ইনজাংশন জারী হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক), (খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### খাদি শিল্পের উন্নতির জন্য সরকারী অনুদান

**1066.** (Admitted question No. 2351.)

**শ্রীকালীপদ মণ্ডল:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাদি শিল্পের উন্নতির জন্য সরকার কোন অনুদান দিয়া থাকেন কিনা;

(খ) দিয়া থাকিলে গত তিন বৎসরের কোন্ বৎসর কত টাকা অনুদান দিয়াছেন;

(গ) কোন্ কোন্ প্রতিষ্ঠান এই অনুদান পাইয়া থাকে; এবং

(ঘ) এই সকল প্রতিষ্ঠানের বর্তমান কর্মকর্তা কাহারা?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) হ্যাঁ, দিয়া থাকেন।

(খ) খাদি শিল্পের উন্নয়ন খাতে পর্ষদ রাজ্যসরকারের নিকট হইতে বিগত তিন বৎসর নিম্নলিখিত অনুদান পাইয়াছেঃ—

| | | |
|---|---|---|
| ১৯৬৬-৬৭ | ... ... ... ... | ১,৫০,০০০ টাকা |
| ১৯৬৭-৬৮ | ... ... ... ... | ১,৫০,০০০ টাকা |
| ১৯৬৮-৬৯ | ... ... ... ... | ১,৫০,০০০ টাকা |

ইহা ছাড়াও রাজ্যসরকার প্রতি বৎসর গান্ধী জয়ন্তী ও দুর্গাপূজা উপলক্ষে সিল্ক খাদির খুচরা বিক্রয়ের উপর শতকরা ১০ টাকা হারে বিশেষ রিবেটের জন্য পর্ষদকে অর্থ মঞ্জুর করিয়া থাকেন। এই অর্থ খাদি কমিশনের নিকট হইতে সার্টিফিকেটপ্রাপ্ত পশ্চিমবঙ্গের খাদি সংস্থাসমূহের মাধ্যমে খুচরা ক্রেতাগণকে রিবেট হিসাবে দেওয়া হয়। গত তিন বৎসর উক্ত খাতে নিম্নলিখিত পরিমাণ অর্থ পাওয়া গিয়াছেঃ—

| | | |
|---|---|---|
| ১৯৬৬-৬৭ | ... ... ... ... | ১,০০,০০০ টাকা |
| ১৯৬৭-৬৮ | ... ... ... ... | ২,৭১,৫০০ টাকা |
| ১৯৬৮-৬৯ | ... .. ... ... | ৩,০০,০০০ টাকা |

ইহা ছাড়াও রাজ্যসরকার পর্ষদকে গত বৎসর গান্ধী জয়ন্তী ও দুর্গাপূজা উপলক্ষে সুতী খাদির খুচরা বিক্রয়ের উপর বিশেষ রিবেট দেওয়ার জন্য ১,০০,০০০ টাকা দিয়াছেন।

(গ) ও (ঘ) লাইব্রেরী টেবিলে রক্ষিত তফসিলে বর্ণিত।

[10-30—10-40 a.m.]

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যেভাবে প্রাওরিটি দেওয়া হয়েছে অ্যাকর্ডিং টু রুলস হ্যাফ অ্যান আওয়ার ডিসকাশন,সেটা আপনার ডিসক্রিশন আছে চেঞ্জ করবার, অর্ডার পেপারে যেভাবে দেওয়া হয়েছে সেটা। এখানে জাতীর জনক মহাত্মা গান্ধী সম্পর্কে যে প্রস্তাব আছে আপনার কাছে নিবেদন করব সেই প্রস্তাব সবচেয়ে আগে গ্রহণ করা হক।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্যার, আমি এটা সমর্থন করছি।

**Mr. Deputy Speaker:** With the sense of the House, I think, the honourable members will agree to the proposal that the resolution or the motion should be taken up first of all. I have taken the sense of the House and I request the mover to move his motion.

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। সংবিধানে সদস্যের যোগ্যতা এবং অযোগ্যতা সম্পর্কে যে বিধি আছে সেই সম্পর্কে আমি একটা বিষয় এখানে উত্থাপন করতে চাইছি। সংবিধানে ১৯০(৪) উপধারায় বলা হয়েছে,

"If for a period of sixty days a member of a House of the Legislature of a State is without permission of the House absent from all meetings thereof, the House may declare his seat vacant:

Provided that in computing the said period of sixty days no account shall be taken of any period during which the House is prorogued or is adjourned for more than four consecutive days."

আমাদের এই হাউস ৭৪ দিন ধরে চলছে। তার মধ্যে এক দফায় ১০ দিন এ্যাডজোরন্ড ছিল। তার মানে দাঁড়াচ্ছে ৬৪ দিন ধরে হাউস চলছে এবং এই পিরিয়ডের মধ্যে এই হাউসের সদস্য শ্রীপ্রফুল্লচন্দ্র সেন উপস্থিত হন নি হাউসে। কাজেই প্রশ্ন উঠেছে সংবিধানের নিয়ম অনুযায়ী প্রফুল্লচন্দ্র সেন হাউসে অনুপস্থিত থাকায় সদস্য হিসাবে গণ্য হতে পারেন কিনা।

**Mr. Deputy Speaker:** So far as I remember, the honourable member, Shri Sen, was present on some days in this House. He might not have participated in the debates but twice he was present. I have seen him personally. He has cast his vote also. You might consult the official records also and it was desirable that before this question of privilege was raised by you, you ought to have looked into the records of our Assembly. He was certainly present on two occasions so far as I have collected information from office records. So, there is no point in the motion raised by you, and the point raised is not a point of order.

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি জানি না কবে তিনি উপস্থিত ছিলেন। প্রথম দিন তিনি হয়তো উপস্থিত ছিলেন আমরা দেখেছি।

**Mr. Deputy Speaker:** Mr. Roy, please take your seat. I have personally seen him to be present in this House. I know that you know the rules. According to the rules you should give a notice for raising your point. Unless there is a notice your privilege motion cannot be allowed. The question or a motion of privilege should be raised after giving due notice. What is your point of privilege

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্যার, আমি পয়েন্ট অব অর্ডার তুলেছি—আমি কনষ্টিটিউশান অর রুলস-এর বাইরে যাই নি। আমি পয়েন্ট অব প্রিভিলেজ তুলছি না।

**Mr. Deputy Speaker:** If you are to raise a point of order, you should know, the rules provide that you must raise that point with regard to the proceedings of this House. This is not a matter regarding the proceedings of this House. So it is a matter of privilege. It is a matter whether one particular member has the privilege to be present or that he is suffering from disqualification as mentioned in Art. 190(4) of the Constitution. If you want to raise a point of order that should relate to the proceedings of the House or to the enforcement or interpretation of the rules. It is a matter not arising out of the proceedings of this House. So the point raised is not a point of order. At any rate, what is your point of privilege?

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, পয়েন্ট অব অর্ডারে প্রসিডিংসের সংগে জড়িত আরও অনেক কিছু তোলা যায় আপনার অনুমতি নিয়ে। এনি কোয়েশ্চেন মাইট বি রেইজড উইথ দি পারমিশন অফ দি স্পীকার। আমি আপনার মনুমতি নিয়ে এটা তুলেছি।

**Mr. Deputy Speaker:** You should not discuss the matter any further after what I have said. My ruling is that the point raised is not a point of order and also there is no point or question of privilege in it.

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, আমরা যারা বিধান সভার সদস্য বিভিন্ন সময়ে বিভিন্ন দিনে আমাদের বক্তব্য এখানে রাখি। কিন্তু তার অনুলিপি আমরা চার পাঁচ মাস আগে পাই না। অথচ পার্লামেন্টে একটা ঐতিহ্য সৃষ্টি হয়েছে—সেখানে যে দিন বক্তৃতা রাখা হয় তার পর দিন তার অনুলিপি দেওয়া হয়ে থাকে। আমাদের এখানের অসুবিধার কথা আমি জানি যে আমাদের এখানে বাংলা সর্টহ্যান্ড ইংরাজীর মত অতখানি ডেভেলপ হয় নি এবং তাদের কাজের চাপ অত্যন্ত। আপনি যদি সামনের সেসনে এটা সম্বন্ধে বিবেচনা করেন তাহলে ভাল হয়। কারণ আমাদের অনেক অসুবিধা হয় আমরা যেসমস্ত ইমপর্টেন্ট বক্তব্য এখানে রাখি তা সংবাদপত্রে বেরোয় না। তাই যদি আমাদের বক্তব্যের অনুলিপি দু-এক দিনের মধ্যে পাই তাই অন্য জায়গায় বা আমাদের নির্বাচনী কেন্দ্রতে সেটা প্রচার করতে পারি। লোক-সভায় এবং রাজ্যসভায় যেভাবে তার পরের দিনই ঐ অনুলিপি পায় সেইখানে এই রকম আমাদের এখানে যাতে আমাদের বক্তব্যের অনুলিপি তিন দিন পরে পেতে পারি তার ব্যবস্থা আগামী সেসন থেকে করবেন এই আশা করি। কারণ এখন তো বিধান পরিষদ লোপ পেয়েছে—অতএব সেখানে যে সর্টহ্যান্ড রাইটার বা স্টাফ ছিল তারা এখন এখানে কাজ করতে পারেন এবং তাহলে সেগুলি আমার মনে হয় এক দিনের জায়গায় তিন দিনের মধ্যে আমরা আমাদের যে বক্তব্য তার অনুলিপি পেতে পারবো। এর যাতে ব্যবস্থা হয় আপনি আপনার স্টাফ দিয়ে যাতে সামনের সেসন থেকে আমরা যে বক্তব্য রাখি তিন দিনের মধ্যে তা যাতে পাই তার ব্যবস্থা করবেন।

**Mr. Deputy Speaker:** Regarding the copies of the speeches that you want to be supplied much earlier, I understand, the system that is prevailing in this House is that the honourable members are getting them after one month, two months or even later than that. In this matter, so far as I understand, the explanation as offered is that the staff and particularly the Bengali Reporters are overworked. However, I will look into the matter and see whether I can expedite it. I will look into it and see if the office can supply the copies of the speeches to you earlier.

[10-40—10-50 a.m.]

**Shri Sadhan Gupta:** Sir, in this connection may I make a short submission? You have stated that the staff is overworked. I understand that in Parliament the system is that each stenographer takes notes for five minutes, then withdraws and types out his note; another stenographer replaces him and in this way there is a cycle—each working for five minutes and typing out his portion. That is why it becomes possible in Parliament to get the transcript of the speeches the very next day. I wonder whether some such system could be introduced here and the finance for such a system could be found.

**Mr. Deputy Speaker:** Mr. Gupta, there was dearth of Bengali Reporters so long but I understand that as the Council has now been abolished, the services of the staff, who were engaged in the Council, would be available for work in this House. So I think the work would be expedited and from the next session we shall see that the matter improves. I will personally look into the matter.

## Calling attention to matters of urgent public importance

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge of Agriculture and Community Development Department will please make a statement on the subject of damage of crops due to drought in certain areas in Midnapore District, called attention by Shri Dhananjoy Kar and Shri Jagatpati Hansda on the 10th September, 1969.

**Dr. Kanailal Bhattacharya:** Sir, in reply to the calling attention notice given by Sarbashri Dhananjoy Kar and Jagatpati Hansda, honourable members of this House, I beg to make the following statement.

It is not a fact that large areas of Nayagram, Sankrail and Gopiballavpur Police Stations in Jhargram Subdivision of Midnapore District could not be brought under cultivation due to drought this year. It may be mentioned that 50 per cent. of the cultivable lands in these police-stations are usually brought under broadcast Aman paddy which is sown in the early part of the season. As favourable weather conditions prevailed earlier in the season, sowing was done in time in these areas. The other 50 per cent. of the lands are usually brought under transplanted Aman paddy. In the latter areas transplantation of Aman paddy was no doubt delayed due to inadequate rain in the beginning but the latest reports from the district indicate that with improved monsoon between 35 to 40 per cent. of these lands have already been put under transplanted Aman paddy. In other words, out of the total broadcast transplanted paddy lands in the above three police-stations 85 to 90 per cent. of the Aman lands have been covered by paddy this year. The condition of the drought-affected paddy lands has since improved due to showers received recently. The remaining 10 to 15 per cent. of the areas which unfortunately could not be put under paddy crop this season due to vagaries of weather are proposed to be covered by substitute crops like Kalai and pulses which are generally sown in such areas when monsoon fails. The District Extension Staff are in close touch with the cultivators so as to help them bring these areas under substitute crops in time.

**Mr. Deputy Speaker:** I have received one Calling Attention notice on the subject of fall in price of raw jute from Shri Mollah Humayun Kabir. The Hon'ble Minister may make a statement today, if possible or give a date.

**Dr. Kanailal Bhattacharya:** On Monday.

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister for Parliamentary Affairs will move his resolution now.

## GOVERNMENT RESOLUTION

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরকার পক্ষ থেকে এই প্রস্তাব উপস্থিত করছি এবং আশা করছি যে এই সম্পর্কে কোন বিতর্ক না হয়ে এই প্রস্তাব সর্ব-সম্মতিক্রমে গৃহীত হবে।

"পশ্চিমবঙ্গ বিধানসভা মহাত্মা গান্ধী জন্মশতবার্ষিকী উপলক্ষে ভারতের জাতীয় জীবনে তাঁর অসামান্য অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছে। এই সভা মনে করে যে সাম্রাজ্যবাদী শাসনের বিরুদ্ধে ভারতবাসীর বিক্ষোভকে গণ-আন্দোলনের পথে পরিচালিত করা সম্পর্কে তাঁর অসামান্য ভূমিকা, সাম্প্রদায়িক প্রতিক্রিয়াবিরোধী সংগ্রামে তাঁর জীবনাহুতি, তাঁর সহজ সরল অনাড়ম্বর জীবন পদ্ধতি, তাঁর উদার মানবিকতাবোধ এবং অভয় ও সাহসিকতার বাণী নৈতিকতার ভিত্তিতে সমাজ পুনর্গঠনে তাঁর আজীবন প্রচেষ্টা সমগ্র বিশ্বের সকল মানুষকে চিরদিন অনুপ্রাণিত করবে।"

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা আন্তরিকভাবে এই প্রস্তাব সমর্থন করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** অধ্যক্ষ মহোদয়, আমরা গভীর শ্রদ্ধা এবং কৃতজ্ঞতার সহিত এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি।

(The Resolution was then put and unanimously agreed to.)

**Mr. Deputy Speaker:** Md. Abdul Latif will now mention his point or points arising out of the answer given on 9th July, 1969 to Starred Question No. 28 (admitted question No. 297) regarding construction of a mill on the Saraswati River bed at Sankrail.

### Half-an-hour Discussion

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রুল ৫৮এ আমি যে নোটিস দিয়েছিলাম এবং যেটা আজকে আলোচনার জন্য এই হাউসে এসেছে সেটার ব্যাপার হচ্ছে এই যে, আমি এর আগে একটা প্রশ্ন দিয়েছিলাম যে আমাদের ইতিহাসখ্যাত সরস্বতী নদী—সেই নদী যেখানে গঙ্গার সঙ্গে মিশেছে হাওড়ার সাঁকরাইলে সেখানে সেই নদীর বেডের উপর এনক্রোচমেন্ট করে গোয়েঙ্কারা তাদের ন্যাশন্যাল জুট মিলের দু নম্বর কনস্ট্রাকশন করেছে। এই ব্যাপারে আমি একটা প্রশ্ন দিয়েছিলাম এবং এই প্রশ্নটা গত ৯ই জুলাই আমাদের যে লিস্ট অব কোশ্চেনস থাকে তাতে এসেছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেদিন সেই প্রশ্নটা আসতে পারে নি, রিচ করে নি এবং আমি তারপর দেখলাম মন্ত্রী মহাশয় যা উত্তর দিলেন, তাতে তিনি স্বীকার করলেন যে হ্যাঁ, এই রকম ধরনের এনক্রোচমেন্ট হয়েছে। কিন্তু সেই উত্তর থেকে আরো ফারদার যে সমস্ত সাপ্লিমেন্টারী করা দরকার ছিল সেসমস্ত সেদিন আমরা করতে পারি নি। এটা গুরুত্বপূর্ণ ব্যাপার এই জন্য যে এই যে সরস্বতী নদী—স্যার, আপনি জানেন এই নদী হুগলী জেলার ত্রিবেণীর কাছ থেকে গঙ্গা নদী থেকে উত্থিত হয়ে বহু এলাকার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে এবং শেষ কালে গিয়ে ঐ সাঁকরাইলে গঙ্গার সঙ্গে মিশেছে। এক কালে এই নদী ইতিহাসখ্যাত এই দিক থেকে যে আমরা শুনি ওখানে নাকি একদিন সপ্তডিঙ্গা চলত এবং ব্যবসা বাণিজ্য ও সেচের জন্য এই নদীর জল ব্যবহৃত হত।

[10-50—11 a.m.]

আজ স্যার, আমার নিজের এলাকায় বহু জমি পতিত হয়ে পড়ে রয়েছে। উর্বর জমি, যে জমিতে সোনার ফসল ফলানো যায়, কিন্তু সেখানে জলসেচের কোন ব্যবস্থা নেই। বিশেষ করে সরস্বতী নদীর যা অবস্থা এক এক জায়গায় মজে যাবার উপক্রম হয়েছে। কোথাও সঙ্কীর্ণ এবং সেখানে ১২ মাস আগে যেখানে জল থাকতো আজকে সেখানে জল নেই এবং এর জন্য সেখানে হাজার হাজার লোক কষ্ট পাচ্ছে, বিশেষ করে চাষীরা গ্রীষ্মকালে কি প্রচণ্ডভাবে নিদারুণ চেষ্টা করে জল পাবার জন্য, সেটা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। সেটা ভাষায় প্রকাশ করা যায় না। সুতরাং স্বভাবতঃই শুধু আমার এলাকায় নয় অন্যান্য এলাকাতে এই সরস্বতী নদীর আমূল সংস্কার করা একান্ত প্রয়োজন। অর্থাৎ কিনা ঐ ত্রিবেণী থেকে গঙ্গা থেকে উঠে আবার গঙ্গায় সাঁকরাইলে গিয়ে মিশেছিল তাতে করে ১২ মাস ঐ নদীতে জল থাকতো সেচের জন্য, সেই জন্য শুধু আমার এলাকায় হাজার হাজার মানুষ নয়, এই নিয়ে বহুদিন থেকে বহু আন্দোলন হয়েছে অন্যান্য এলাকাতেও। বিশেষ করে মনে পড়ে ১৯৪৬ সাল। তখন আমাদের দেশে ব্রিটিশ রাজত্ব চলছে, সেই সময় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় একবার ঐ এলাকাতে গিয়েছিলেন, সেখানে তিনি ঐ সরস্বতী নদীকে দেখিয়ে বক্তৃতা প্রসঙ্গে বলেছিলেন যে কয়েক লাক্ষ টাকা হলেই আমি ঐ সরস্বতী নদীকে সংস্কার করে দিতে পারি। এই ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের দেশে আছে বলেই এই কাজ হচ্ছে না এবং সেদিনই তিনি আশ্বাস দিয়েছিলেন যে দেশ ক্ষমতায় আসলে, কংগ্রেস এই নদীকে সংস্কার করে দেবে। কিন্তু ১৯৪৬ সালের পরও ২০ বছর কংগ্রেস একটানা রাজত্ব করে গেলেন, কিন্তু ঐ সরস্বতী নদীর কিছুই করা হয় নি। সেখানে চাষীরা যে অবস্থাতে ছিল সেই অবস্থাতেই পড়ে রয়েছে, তাদের আগে যে অভিযোগ ছিল এখনও তাই আছে। শুধু

সেচের জলের ব্যাপারই নয়, আরও একটা দিক আছে। আমাদের হুগলী জেলার এবং হাওড়া জেলার—বিশেষ করে হুগলী জেলার দক্ষিণাংশে জল নিষ্কাশনের ব্যবস্থা নেই বলে এখানে প্রায়ই প্লাবন দেখা দেয়। কিছুদিন আগেও আমতা এবং আমার এলাকায় কিছু অংশ প্লাবিত হয়ে গেছে। এর প্রধান কারণ হচ্ছে এই সমস্ত নদীগুলির সংস্কার করা হচ্ছে না। এবং এদিক থেকে শুধু সরস্বতী নদীর কথাই নয় আমাদের হুগলী জেলায় যে নদীগুলি রয়েছে—নদনদী যেকোন দেশেরই একটা বিরাট সম্পদ বলে ধরা হয় তেমনি আমাদের মন্দ কপাল যে এই সমস্ত নদীগুলি সংস্কারের অভাবে আজকে অমঙ্গলের উৎস এবং আমাদের দুর্ভাগ্যের উৎস হয়ে দাঁড়িয়েছে। সেখানে সামান্যই বৃষ্টি হলে প্লাবন দেখা দেয়। সুতরাং জলসেচ এবং জল নিষ্কাশন এই দুই-এর জন্য সরস্বতী নদীর আমূল সংস্কার করা প্রয়োজন। শুধু এখানে ওখানে একটু চওড়া করে দিলাম তা নয়, একেবারে ঐ গঙ্গা থেকে গঙ্গা পর্যন্ত বইয়ে দেওয়া যা একদিন ছিল, সেই রকম আজকে করা দরকার। সেই কাজের জন্য যখন সেই এলাকার জনসাধারণ তাদের দাবিদাওয়া সরকারের কাছে পেঁাছে দিচ্ছে বারবার করে তখন আমরা দেখছি ঐ একচেটিয়া পুঁজিপতি গোয়েঙ্কা—তারা তাদের মিল তৈরী করেছে রিভার বেড়ে, যেখানে গঙ্গার সঙ্গে মিশেছে। অর্থাৎ অবস্থা কি এসে দাঁড়াচ্ছে, এই যে হাজার হাজার লক্ষ মানুষ যে সংস্কার করার দাবি তুলেছে—এই ভাবে যদি মিল তৈরী করতে থাকে ওরা তাহলে ঐ মুখটি বন্ধ হয়ে যাবে এবং সরস্বতী নদীর সংস্কার করা আর কোনদিন সম্ভবপর হবে না। আমার কোশ্চেনের জবাবে তাঁরা বলেছেন যে এটা আনঅথরাইজড কনস্ট্রাকশন হয়েছে, কারও কাছ থেকে অনুমতি না নিয়ে এটা করা হয়েছে এবং এর দ্বারা ঐ গোয়েঙ্কারা যে রিভার বেডটা বন্ধ করে দেবার উপক্রম করেছেন সেখানে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছে এই আনঅথরাইজড কনস্ট্রাকশান-কে ভেঙ্গে দেবার জন্য সেটা পরিষ্কারভাবে বলা দরকার। সেই জন্য আমি এই নোটিশ দিয়ে ছিলাম যাতে করে আজকের দিনে এই ব্যাপারে সরকারের যে স্ট্যান্ড সেটা পরিষ্কার করে জানতে পারি এবং সেই সঙ্গে জনসাধারণের যে দাবি রয়েছে সেই ব্যাপারে কি করছেন এবং তার প্রাথমিক পদক্ষেপ হিসাবে এই রিভার বেডগুলিকে যে এনক্রোচ করা হয়েছে—গোয়েঙ্কা যেভাবে এনক্রোচ করেছে সেই এনক্রোচমেন্ট বন্ধ করে যেখানে এনক্রোচ হয়েছে এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা জানবার জন্য আমি এই নোটিস দিয়েছি এবং এই আলোচনা করেছি। আমি আশা করি ওখানকার সংশ্লিষ্ট সদস্য যাঁরা রয়েছেন তাঁরা নিশ্চয়ই এই ব্যাপারে তাঁদের বক্তব্য রাখবেন।

সরকার তাঁদের সুস্পষ্ট স্ট্যান্ড ঘোষণা করুন। বিশেষ করে গোয়েঙ্কা যে আনঅথরাইজড কনস্ট্রাকশন করেছে সেটা ভাঙ্গবার বা সরাবার ব্যাপারে সরকার কি ব্যবস্থা নিচ্ছেন, সেটা পরিষ্কার এখানে রাখুন।

**Mr. Deputy Speaker:** Now, the Hon'ble Minister may please reply, shortly.

**Dr. Nalinaksha Sanyal:** I want to say something.

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal, you please look to rule 58, sub-rule 5 of our Rules of Procedure which says that after the member makes a short statement raising his point, the Minister concerned shall reply shortly. The Hon'ble Minister will now give his reply and after that if you require any further clarification then you will be permitted to ask a question for elucidating any matter of fact.

**Dr. Nalinaksha Sanyal:** Thank you.

উনি সব আজে বাজে বলেছেন।

**Shri Mohamed Abdul Latif:** On a point of privilege.

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। সদস্য ডঃ সান্যাল এখনই বললেন আমি যে বক্তব্য রাখলুম তা নাকি আজে বাজে। স্যার, আমি বলেছি সেখানে চর হয়েছে এবং আরও যেসব কথা বললাম তার মধ্যে উনি কোথায় পেলেন যে আজে বাজে কথা?

**Mr. Deputy Speaker:** I have heard your point. Now, Hon'ble Minister will please make a short statement.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খুব উচিত কথাই বলেছেন এবং উচিত প্রশ্নই তুলেছিলেন এবং আজকের এই আলোচনা তিনি খুব উচিতভাবেই করেছেন। বাস্তবিক সরস্বতী নদী খুব ছোট হয়ে গিয়েছে এবং মজে গিয়েছে। ডাঃ সান্যাল জানেন এবং প্রায়ই বলেন তাঁর সেখানকার নদীগুলির কথা। এখন গভর্নমেন্টের সাধ্যের মধ্যে হয়ত এখনও কুলোয় নি এই নদীগুলির উদ্ধার করার। কিন্তু গভর্নমেন্টের দৃষ্টি এবং জনসাধারণের দৃষ্টি সেদিকে তো থাকা দরকার যাতে কোন না কোন সময়ে এই নদীগুলি পরপর উদ্ধারের জন্য চেষ্টা করা হবে। যদি তা না করা হয় তাহলে নদীগুলির কোন ভবিষ্যৎ নেই। এখানে জলসেচের কোন ভবিষ্যৎ নেই, জল নিকাশের কোন ভবিষ্যৎ নেই। কথাটা ঠিক যে ন্যাশন্যাল জুট মিল গোয়েঙ্কা কোম্পানীর। তারা এই নদীতে একটা পাঁচিল তুলেছে। সাঁকরাইল অঞ্চলের প্রধান, গ্রামের নাম বাণীপুর, তিনি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ১১।৬ তারিখে তার করেন এবং সেই টেলিগ্রামের কপি আমাদের ডিপার্টমেন্টের একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে পাঠান হয় এবং তিনি তার উপর একটা রিপোর্ট দেন এবং আমার সঙ্গে পরামর্শ করেন। আমি সঙ্গে সঙ্গে তাঁকে বলি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে যোগাযোগ করে যদি সম্পূর্ণ না হয়ে থাকে বন্ধ করার ব্যবস্থা করতে এবং যদি হয়ে থাকে তো ভেঙ্গে ফেলে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে বলি। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে আমি টেলিফোনে কথা বলি এবং বলি যে, এ হতে পারে না। পয়সা আছে বলে তারা নদীর উপরে একটা বিরাট দেওয়াল তুলে ফেলবে, তা হতে পারে না। কারণ নদী সেখানে খুব ছোট হয়ে গিয়েছে। বর্ষার সময় জল দু কুল ছাপিয়ে উঠে এবং দু কুলে উপচে পড়ে। ম্যাজিস্ট্রেট এস, এল, আর, ও-কে বলে দিয়েছেন। দুর্ভাগ্যক্রমে এস, এল, আর, ও-এর

[11—11-10 a.m.]

রিপোর্ট থেকে দেখা যায় যে, ন্যাশান্যাল জুট মিল-এর নামে জমিটা রেকর্ড হয়ে আছে এবং একজন ট্রেসপাসার হিসাবে তার কতকটা অংশ মাণিক দাস বলে এক ব্যক্তির নামে জমিটা রেকর্ড হয়ে আছে। তারা মাপ-জোক করে দেখে বললেন যে, সামান্য কয়েক হাত হয়ত এগিয়ে আসতে পারে। তাও হয়ত এটা ভাল করে মাপ-জোক করলে দাঁড়াবে না। অতএব এই মামলা করা যাবে না। তখন আমি খুব বিচলিত হই। কারণ আমি দেখেছি যে, বহু জায়গায় আমাদের দেশের এই নদীগুলির উপর এনক্রোচ করে তারপর রেকর্ড করে নেওয়া হয়েছে। ব্যাপকভাবে দেখা গেছে যে, নদী এবং জলধারা লোকে এনক্রোচ করছে। আমি আজকে আপনার মাধ্যমে আমাদের সমগ্র আইন সভার সামনে এই সমস্যা আনতে চাই। এই সমস্যা এত গুরুতর হয়েছে যে, এর যদি কোন প্রতিকার করা না যায় তাহলে আগামী ৫।৭ বছর পরে জলের যে ধারা, ওয়াটার কোর্সেস সেগুলি কনস্ট্রাকটেড হতে হতে, সঙ্কুচিত হতে হতে এমন অবস্থায় এসে পেঁছিবে যে, এর পরে আর কিছু করা যাব না। সরস্বতী নদীর ক্ষেত্রেও তাই হয়েছে। নদীর বেডটা রেকর্ড হয়ে গেছে ন্যাশান্যাল জুট মিল-এর নামে, রেকর্ড হয়েছে ট্রেসপাসার্স মাণিক দাসের নামে। অতএব তাদের সেখানে পরামর্শ দিলেন গভর্নমেন্ট প্লীডার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-কে যে কোন অ্যাকসন নেওয়া যাবে না। কিন্তু আমি তাতে নিরস্ত হইনি। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-কে বললাম যে, আমার ধারনা, আমি যতটুকু খবর সংগ্রহ করতে পেরেছি নদীর ফোর-সোর এখানে এই কনস্ট্রাকশনের ফলে জল বাধা পেয়ে অপর পারে চাষের জমির ফসল নষ্ট করবে এবং ওখানকার রাস্তাঘাট নষ্ট করবে তাতে কোন সন্দেহ নেই। সুতরাং কোন আইনে কিভাবে অ্যাকসন নেওয়া যায় আপনি সেটা দেখুন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সমস্ত পরামর্শ করে তাঁর ফাইল পাঠিয়ে দেন। আমি লিগ্যাল রিমেমব্রান্সার-এর পরামর্শের জন্য পাঠাই। তিনি আমাকে পরামর্শ দেন যে, এই ওয়ালটা এমব্যাঙ্কমেন্ট। সুতরাং এমব্যাঙ্কমেন্ট আইন অনুসারে আপনার পারমিশন না নিয়ে হয়েছে। কাজেই এটা আনঅথরাইজড কনস্ট্রাকশন হয়েছে। অতএব অ্যাকসন নেওয়া যায়। হাওএভার, আমি সেটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে পাঠাই এবং পরবর্তীকালে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর সঙ্গে যোগাযোগ করে জানতে পেরেছি যে তারা ফৌজদারী দন্ডবিধি আইনে অ্যাকসন নেবেন। বোধ হয় কালকের মধ্যেই অ্যাকসন নেবেন। তার ফলে কি হবে জানি না। আইনের ব্যাপার, আবার তার বিরুদ্ধে অ্যাপিল হবে, ইনজাংশন হবে, কি বৃত্তান্ত হবে কিছু জানি না। তবে আমরা গভর্নমেন্টের তরফ থেকে চেষ্টা করছি। ছাড়িনি যাতে এই কনস্ট্রাকশন ভেঙ্গে দেওয়া যায়। কারণ, ঐ কনস্ট্রাকশন যদি ওখানে দাঁড়িয়ে থাকে তাহলে নদী

সঙ্কুচিত হবে এবং ভবিষ্যতে নদী উদ্ধার করার দিক থেকে দারুন অসুবিধা হবে এবং এক্ষুনি অপর পারের ফসল নষ্ট হবে, রাস্তাঘাট ভেঙ্গে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। সেজন্য আমি ব্যবস্থা অবলম্বন করার চেষ্টা করছি।

**শ্রীনিতাই ভাণ্ডারী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার পূর্বাংশে এই সরস্বতী নদীর উপর নির্ভর করছে তার সেচ এবং জলনিকাশী ব্যবস্থা এবং এই নদী মজে যাওয়ার ফলে হাওড়া জেলার একটা বিস্তীর্ণ অঞ্চল নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। অতি বর্ষণের সময় প্লাবিত হচ্ছে—এই সমস্যা আমাদের ভীষণভাবে রয়ে গেছে এবং এই সংকট এবং সমস্যা দিনের পর দিন বেড়েই চলেছে, কারণ যেভাবে নদী এনক্রোচড হচ্ছে তাতে নদী আরো মজে যাচ্ছে যার ফলে এই সমস্যা দিনের পর দিন বেড়েই চলেছে। সেজন্য আমি আশা করব যে সেচ বিভাগ যে ব্যবস্থা গ্রহণ করছেন—যে এনক্রোচমেন্ট হয়েছে তাকে অপসারণ করার জন্য, যাতে সেই সমস্ত এনক্রোচমেন্ট দূর করা যায় এবং সেগুলি দূর করে যাতে সেই নদীকে আবার সম্পূর্ণ সংস্কার করা যায় সে সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সেচমন্ত্রীকে অনুরোধ করছি এবং আমি আশা করব এ সম্পর্কে তিনি যথাযথ ব্যবস্থা নেবেন এবং কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন—যারা এই নদীকে মজিয়ে দেবার জন্য অপচেষ্টা করছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু আবদুল লতিফ সাহেব যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছেন তার উপর আমার যথেষ্ট সহানুভূতি রয়েছে। আমি ইতিপূর্বে বারংবার আমাদের সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি যে বাংলাদেশের বহু জায়গায় শুকনো হাজামজা নদীর মুখে এবং নদীর অববাহিকার মধ্যে সাধারণভাবে আমাদের ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের লোকজন জমি বন্দোবস্ত প্রাইভেট লোককে দিয়ে এমন অবস্থা করে তুলেছে যে সেই সব জায়গায় নদীর যদি উন্নতি করতে হয় তাহলে সেগুলির জন্য ক্ষতিপূরণ দিতে সরকারের বহু টাকা লাগবে। আমাদের জলঙ্গী নদীতেও এই জিনিস বারবার দেখেছি এবং সরস্বতীর মুখে যেটা হয়েছে সেটাকে আইনসঙ্গতভাবে অপসারণ করবার জন্য এবং সে বিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ সম্পর্কে বলতে গিয়ে গত ২০ বছরের কংগ্রেসী দুঃশাসন, ঐ ধনী মিল-মালিক গোয়েঙ্কা প্রভৃতি বলে যে বাতাস গরম করার চেষ্টা হচ্ছে আমি সেজন্য বলছিলাম যে এগুলি আজেবাজে কথা। আসল যে সমস্যা সেই সমস্যা সম্পর্কে আমার কোন মতভেদ নেই, বরং আমার সহানুভূতি আছে। আমি এই নোটিশ পাবার পর অবস্থাটা কি সেই খবর নিলাম এবং দেখলাম যে এই গোয়েঙ্কা আমাদের বাংলাদেশের সুপ্রসিদ্ধ গোয়েঙ্কা ফ্যামিলীর গোয়েঙ্কা নয়। কাজেই লোকের মনে যে ধারণা হয়েছে যে এই গোয়েঙ্কা ফ্যামিলি অন্যায় করছেন, এটা ভুল। আমি আরো খবর পেলাম যে দুবার সম্প্রতি সরকারের নির্দেশে কিনা জানি না বা অঞ্চল প্রধানদের নির্দেশে কিনা জানি না, এ সম্বন্ধে তদন্ত হয়ে গেছে এবং ঐ মিলের পক্ষ থেকে জেলা ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য সরকারী কর্মচারী, এমন কি ইরিগেশন ডিপার্টমেন্টের যাঁরা গিয়েছিলেন তাঁদের কাছে তাঁদের সত্বের ডকুমেন্ট দেখিয়েছেন। অর্ডার নং ৪২৩৪এল।আর ই এফ, ডেটেড ৫ই এপ্রিল ১৯৬২—এই জমি ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট বন্দোবস্ত দিয়েছেন। এই যদি অবস্থা

[11-10—11-20 a.m.]

হয় তাহলে তাদের অপসারণ করতে হলে, আইনগত যা আছে সে ব্যবস্থা করা উচিত। অর্থাৎ অ্যাকুইজিশন প্রসেস করুন তাহলে কোন আপত্তি হবে না। কিন্তু এইভাবে হাউসে একটা প্রশ্ন তুলে এখানে যে পাটশিল্প চলছে তার উপর অযথা জনসাধারণের বিরুদ্ধে মত তৈরী করা অন্যায়। আমাদের বাংলাদেশের পাটশিল্প একটা সম্পদ। এই পাটশিল্পকে যদি বিপর্যস্ত করার চেষ্টা করা হয় তাহলে বাংলাদেশের অর্থনীতির একটা প্রতিক্রিয়া হবে। সেজন্য আমি বলব আসল প্রশ্ন সম্বন্ধে আলোচনা করুন এবং সেই কারণেই আমি বলেছি অন্যান্য আজে-বাজে কথা বলার দরকার নেই। যদি প্রয়োজন মনে করেন সরস্বতীর মুখে জলপ্রবাহের বাধা সৃষ্টি হচ্ছে তাহলে তারজন্য সাধারণ যে নীতি আছে নোটিশ দিয়ে মন্ত্রিমহাশয় ল্যান্ড রিকুইজিশন প্রসেস-এর জন্য ব্যবস্থা করতে পারেন। সেজন্য আমি রুল অব ল মেনে চলার জন্য আবেদন করছি এবং জঙ্গলের আইনের দ্বারা কোন কার্যপদ্ধতি যাতে না হয় সেটা দেখা

দরকার। সরস্বতী ছাড়া হুগলী, ২৪-পরগনা, নদীয়া ইত্যাদি প্রত্যেক জেলায় এই সমস্যা রয়েছে। মন্ত্রিমহাশয় যদি এ সম্বন্ধে অনুসন্ধান করার ব্যাপক ব্যবস্থা করেন তাহলে আমরা তার সঙ্গে সহযোগিতা করতে রাজী আছি। আমি মন্ত্রিমহাশয়কে একটা প্রশ্ন করছিলাম শিয়ালমারা নদীতে জলপ্রবাহ করে জলঙ্গী নদীকে বহন্ত করার ব্যবস্থা করতে। কিন্তু তিনি তাঁর উত্তরে বলেছিলেন সেটা সম্ভব হচ্ছে না। পদ্মা নদীতে জল শুকিয়ে যাওয়ায়, এখন দেখা যাচ্ছে শিয়ালমারা নদীর ভেতরেই লোকে চাষ করছে। এখানে একটা আইন আছে বর্তমানে যতগুলি ফ্লোইং রিভার আছে সেই ফ্লোইং রিভার-এর মাঝখানে কেউ নিজের সম্পত্তি বলে কোন জমি দখল করতে পারবে না—যেমন রাস্তার আইন আছে। কিন্তু সব জায়গায় দেখছি রাস্তার ধারের জমি গ্রামের লোকেরা নিয়ে নিচ্ছে বলে পরে রাস্তা মেরামত করার জন্য মাটি পাওয়া যায় না। সেজন্য আমি বলছি নদীকে রক্ষা করার জন্য যে আইনগত ব্যবস্থা আছে সেটা যেন প্রয়োগ করা হয়। আমি তাঁকে বলছি শুধু সরস্বতী কেন বাংলাদেশে অন্য সমস্ত নদী সম্বন্ধে অনুসন্ধান করে সেসব নদীকে সংস্কার করার জন্য কিভাবে কাজ করতে হবে তার ব্যবস্থা করুন এবং এর জন্য যে ব্যবস্থা করবেন তার সঙ্গে আমরা সহযোগিতা করব।

**Mr. Deputy Speaker:** Honourable members may please look to rule 58(5) which states, "Any member who has previously intimated to the Speaker may be permitted to ask a question for the purpose of further elucidating any matter of fact". Speeaches are being made but there is no scope of any speech here. A question can be put or asked only for elucidating any matter of fact.

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** স্যার, আমার ঐ এলাকায় বাড়ী বলে সেখানকার নদী সম্বন্ধে আমার একটু বাস্তব অভিজ্ঞতা আছে। সুতরাং আমাকে কিছু বলতে দিন।

**Mr. Deputy Speaker:** There is no scope of any speech here as per rule of procedure. Only a specific question for further elucidating any matter of fact can be raised before this House with the previous permission of the Speaker. I think, the Hon'ble Minister during his reply has made the position entirely clear. The time is already over and no discussion would be allowed. I pass on to the next item.

(Several Members rose to speak)

**Mr. Deputy Speaker:** Under the Rules of Procedure only 30 minutes' time shall be allotted for raising discussion on a matter arising out of answers to a question, and it is just over. I cannot allow any other members to speak on this. I pass on to the next item of business, namely, the Hon'ble Minister-in-charge of Fisheries is now called upon to move his resolution.

## GOVERNMENT RESOLUTION

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে যে মাছের সংকট দেখা দিয়েছে এটা কেবল আজকে নূতন হিসাবে দেখা দিয়েছে তা নয়, এই সংকট পশ্চিম বাংলায় বিশেষ করে তখন থেকে দেখা দিয়েছে যখন পাকিস্তান থেকে মাছ আনা বন্ধ হয়েছে সেই ১৯৬৫ সাল থেকে সেটা আপনারা সকলেই জানেন। যাতে বাংলাদেশের এই মাছের সংকট কিছু সমাধান করা যায় সেজন্য আমি ভারত সরকারকে বিভিন্ন সময়ে মৎস্য বিভাগের তরফ থেকে যে চিঠি দিয়েছি তা আপনাদের জানাতে চাই। প্রথমে আমি ২রা মে তারিখে জগজীবন রাম যিনি ভারত সরকারের মৎস্য বিভাগের দায়িত্বে রয়েছেন তাঁকে চিঠি দিই। তারপর ১১ই আগস্ট তারিখে পুনরায় চিঠি দিই এবং ১২ই আগস্ট তারিখে স্বরাষ্ট্র দপ্তরের সেক্রেটারীকে চিঠি দিই। জগজীবন রাম ২৭এ আগস্ট জানিয়েছেন মাছের ব্যাপারে পশ্চিম বাংলায় যে সংকট দেখা দিয়েছে তার যাতে সমাধান করা যায় সেজন্য পাকিস্তানকে চিঠি লিখতে তিনি রাজী। আমরা চেয়েছিলাম ১৫ হাজার মেট্রিক টন মাছ যাতে বছরে আসতে পারে এবং যার মূল্য ৩ কোটি টাকা। তিনি ৫০ লক্ষ টাকার মাছ আমদানী করবার চেষ্টা করবেন একথা তাঁর চিঠিতে জানিয়েছেন।

পুনরায় আমি ফরেন ট্রেডের মিনিস্টার ভারত সরকারের যিনি রয়েছেন তাঁকে ২৮এ জুলাই তারিখে চিঠি লিখে জানাই যাতে তাড়াতাড়ি পাকিস্তান থেকে মাছ আসতে পারে। ২১এ আগস্ট তিনি উত্তর দিয়েছেন যে এই বিষয়ে কেন্দ্রীয় সরকার বিশেষ করে চেষ্টা করবেন যাতে পাকিস্তান থেকে মাছ এনে পশ্চিম বাংলার সঙ্কট কমাতে পারে। পুনরায় আমি ৫ই সেপ্টেম্বর তারিখে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে এ সম্পর্কে যে চিঠি দিয়েছি তার উত্তর এখনও পর্যন্ত আমি পাই নি। আজকে বিধানসভা থেকে একটা প্রস্তাব ভারত সরকারের কাছে পাঠাতে চাই যে পশ্চিম বাংলায় এই যে মাছের সঙ্কট দেখা দিয়েছে এই সঙ্কটের সমাধানের জন্য তারা যেন খুব তাড়াতাড়ি বন্দোবস্ত করেন। এবং সেদিক থেকে আজকে এই বিধানসভায় যে প্রস্তাব আপনাদের কাছে উপস্থিত করছি, তাতে আমি আশা করি সর্বসম্মতিক্রমে আপনারা এই প্রস্তাব গ্রহণ করবেন। এখন আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে আপনাদের কাছে সেই প্রস্তাব রাখছি।

[11-20—11-30 a.m.]

Sir, I beg to move that—

Whereas the sharp rise in the prices of fish throughout West Bengal and specially in the Calcutta markets since the month of June this year is a matter of deep concern;

Whereas the abnormal rise in the price has led to great distress among the vast majority of the people of the State who have been deprived of this important source of animal protein in their daily diet;

Whereas on the basis of the present population and minimum nutritional need, West Bengal requires annually about 5.10 lakhs metric tonnes of fish while Greater Calcutta Area requires .81 lakh metric tonnes against which the present production of the State is only 2.6 lakh metric tonnes and supply to Calcutta constitutes only about 44 per cent. of its requirement; and

Whereas to ease the situation and help meet the huge gap between demand and supply, this House considers it essential to import at least 15,000 metric tonnes of fish from Pakistan per year as was done in 1963 and to continue such imports till the fishery resources within the State are adequately developed to meet the ever-increasing demand for fish;

Now, therefore, in the context of the prevailing actute scarcity this House is of considered opinion that import of at least 15,000 metric tonnes of fish from Pakistan for the present is the only solution to the problem facing the State and therefore strongly urges upon the Government of India to take up with the Government of Pakistan the question of revival of fish trade between the two countries which, it is felt, will be of benefit to both the countries.

**Mr. Deputy Speaker:** There is an amendment to the resolution by Dr. Nalinaksha Sanyal. I give him permission to move the amendment.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** আমি এমন বেশি কিছু বলতে চাচ্ছি না। আজ যে প্রস্তাব মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন, সে বিষয়ে অর্থাৎ বাংলাদেশে বিশেষ করে কলকাতার মাছের চাহিদা বাড়ানর জন্য কিছু কিছু কাজ করা দরকার, একথা যখন বাজেট বক্তৃতা করেছিলাম তখন ভালভাবে নিবেদন করেছিলাম। তাই বেশী সময় এই প্রস্তাবের উপর নেব না। আমি এই প্রস্তাবের পরিপূরক হিসাবে সংশোধনী প্রস্তাব দিতে চাইছি এইজন্য যে ইতিপূর্বে পাকিস্তান থেকে মাছ আনার কথা উঠেছিল আমি আলোচনার সময় কিছুটা খবর রেখেছিলাম, দেখা গেল কেন্দ্রীয় সরকার-এর অন্য একটি বিভাগ ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে একথা বলা

হল—ফরেন এক্সচেঞ্জ-এর চাহিদার ফলে একতরফা যদি একটা জিনিস আমরা কেবল ইম্পোর্টই করি অন্য জিনিস সেখানে বিক্রী না করি তাহলে পাকিস্তান সরকারকে চাপ তো দেওয়া যাবেই না, অযথা আমাদের বৈদেশিক মুদ্রার ক্ষয় হবে, তার কোন পরিপূরণ হবে না। এই হিসাবে

I beg to move that at the end of the resolution add the following words:—

"and with a view to balance the drain on India's foreign exchange as a result of fish imports East Pakistan may be asked to obtain their supply of coal from India, as was the practice previously."

আমার অন্য কোন উদ্দেশ্য নাই, আর এ সম্পর্কে অন্যান্য যে বক্তব্য রয়েছে অন্যান্য বন্ধুরা বলবেন। অবশ্য একথা বোধ হয় সত্য নয় যে কেবলমাত্র ইম্পোর্টই একমাত্র উপায় বা ওনলি মেথড, একথাটা অবশ্য শেষ প্যারাগ্রাফে বলা আছে এটা সম্পর্কে আমাদের সন্দেহ আছে। এ ছাড়া দুটি বড় উপায় ছিল ডীপ সী-ফিশিং করবার জন্য সম্প্রতি চেষ্টা করছি, আর দ্বিতীয় কথা হচ্ছে আশেপাশে আমাদের নিজেদের প্রচুর জলাভূমি আছে, বিশেষতঃ কলকাতার মাছের একটা উৎস্য হচ্ছে সুন্দরবনের কাছাকাছি যে সমস্ত জায়গার উপর সমুদ্রের জোয়ারের সঙ্গে জল আসে এবং নেমে যায় যার জন্য ভেড়ি তৈরী হয়, সেই ভেড়ি পুনরুদ্ধার না করলে পর বাংলাদেশের অন্য জায়গার কথা ছেড়ে দিলেও কলকাতার চাহিদা মেটান কষ্টকর, ভেড়িগুলি এখান থেকে ১৫ থেকে ২০ শতাংশ মাছ কলিকাতায় আসত। দুর্ভাগ্যক্রমে বর্তমান সরকারের নীতির ফলে ভেড়ি ধ্বংস হয়ে গেল, এবং ভেড়ি ধ্বংস হওয়ার ফলে বস্তুতঃ লুট হওয়ার ফলে বর্তমানে এমন একটা সঙ্কটময় অবস্থা করে ফেলেছেন। বাংলাদেশের যেসব এলাকা কলিকাতার আশেপাশে আছে যেখানে জল ভরে রাখলে মাছ উৎপাদনের ব্যবস্থা করা হতে পারে সেগুলি বেশিরভাগই সুন্দরবনের উপকণ্ঠে, সেগুলি এখন মাছ সরবরাহ করতে পারছে না। সেই জন্য ওনলি মেথড হিসাবে পাকিস্তান থেকে আনার কথা আমি বলব না, তবে বর্তমানে আশু প্রতিকারের জন্য তার প্রয়োজনীয়তা আছে। সেইজন্য তাঁর প্রস্তাবের বিরোধিতা আমি করছি না, তবে এই প্রস্তাবের পরিপূরক হিসাবে আমি বলছি যে এখানে বলা হোক যে আমাদের কাছ থেকে কিছু কয়লা পাকিস্তান নিক এটা গভর্নমেন্ট অব ইন্ডিয়াব কাছে বলা উচিত। আরও বিবেচনা করতে বলা উচিত যে যত সত্বর হয় ডিপ সী-ফিসিং-এর ব্যবস্থা, আর ভেড়িকে বাঁচিয়ে রাখুন এই দুটো রাস্তা যেন মন্ত্রিমহাশয় গ্রহণ করেন।

**Mr. Deputy Speaker:** I would request honourable members that they may not insist on speaking on this particular motion because there are two other non-official motions today. I have received a slip containing the names of Shri Ishaque, Shri Sailen Adhikary and Shri Bibhuti Pahari intending to take part in the discussion. I would request them not insist on speaking on this particular motion.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** আমি স্যার, আপনার কথা মেনে নিলাম।

**Mr. Deputy Speaker:** I expect similar attitude from Shri Ishaque also.

**Shri A. K. M. Ishaque:** Exactly, Sir, I will not speak.

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্যার, আমরা সমস্ত সময় আপনার আদেশ মেনে নিই, ঐ বিরোধী পক্ষই স্যার, যত গোলমাল করে।

**(গোলমাল)**

**ডঃ জয়নাল আবেদিনঃ** আমি বলতে চাই যে, পরিষদীয় মন্ত্রী যে চক্রান্ত করেছিলেন আপনার দৃঢ়তার জন্য তিনি ব্যর্থ হলেন এতে আমরা খুশী হয়েছি।

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধী পক্ষের সদস্য মাননীয় নলীনাক্ষ সান্যাল মহাশয় কয়েকটি কথা তুলেছেন। আমি এখানে আজকে তার বেশী উত্তর দিতে চাই না। তিনি ডিপ সি-ফিসিং-এর কথা বলেছেন। তার উত্তর আমি বাজেট বক্তৃতায় দিয়েছি এবং এখানে বিধানসভায় প্রশ্নোত্তরেও জবাব দিয়েছি। তবে যেহেতু এখানে কথাটা উঠেছে সেই জন্য আমি দু-একটা কথা বলতে চাচ্ছি। আগামী জানুয়ারী ফেব্রুয়ারী মাসে ডিপ সি-ফিসিং-এর জন্য ট্রলারের দাবী আমরা গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল-এর তরফ থেকে করেছি এবং এই হাউসে সেটা জানিয়ে দিয়েছিলাম এবং গত ১৮ই এপ্রিল তারিখে মাননীয় জগজীবন রামকে আমি চিঠি দিয়েছিলাম এবং পুনরায় ২৭এ জুন তারিখে তাঁকে জানিয়েছি এবং তিনি যখন কলকাতায় এসেছিলেন তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং ১২ই জুলাই পার্লামেন্টে প্রশ্নোত্তরের সময় কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রীয় মন্ত্রী সিন্ধে বলেছিলেন যে হ্যাঁ ফেব্রুয়ারী মাসে পশ্চিমবঙ্গকে ট্রলার দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। তিনি আরো বলেছেন ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে আমরা যে ২২ বিঘা জমিতে ফিসারি করতে চেয়েছি সেগুলি তারা করে দেবেন বলে জানিয়েছেন। সুতরাং ফিসারি যাতে সুন্দরবন এলাকায় হয় যেকথা তিনি বলেছেন আমরা সে বিষয়ে অবহিত আছি। পশ্চিমবঙ্গের টাকায় এবং কেন্দ্রীয় সরকারের টাকায় কাজ আমরা সুরু করে দিয়েছি। বকখালি, মহারাজগঞ্জ, আদমপুর, জোনপুর ও দীঘাতে নূতন ফিসারি তৈরী করা সুরু হয়েছে এবং ডিপ সি-ফিসিং-এর ব্যবস্থাও হচ্ছে এবং শীঘ্রই যাতে ডিপ সি-ফিসিং-এর হারবার তৈরী হয় তারও ব্যবস্থা হচ্ছে। পাকিস্তান থেকে মাছ আনা সম্বন্ধে তিনি যে সংশোধনী দিয়েছেন সে সম্পর্কে আমি দু-একটি বলতে চাই এবং তাঁর যে সংশোধনী প্রস্তাব সেটা আমি গ্রহণ করতে অপারগ। তার কারণ, শ্রীজগজীবন রাম ২৭এ আগস্ট তারিখে তিনি আমার চিঠির উত্তরে যা জানিয়েছেন তাতে তিনি বলেছেন পাকিস্তান থেকে ৫০ লক্ষ টাকার মাছ আনবার জন্য তিনি পাকিস্তানের সঙ্গে নেগোসিয়েশন করছেন এবং তিনি কখনও একথা বলেন নি যে ফরেন এক্সচেঞ্জ মানির কোন অসুবিধা হবে না সে কথা তিনি লেখেন নি। আমাদের এই সব খুঁচিয়ে এই সব প্রশ্ন তোলা উচিত হবে না বলে মনে করি। যদি কেন্দ্রীয় গভর্নমেন্ট মনে করেন যে এই রকম প্রশ্ন আসতে পারে, পাকিস্তান গভর্নমেন্ট যদি তোলেন তারপরে তখনি কেন্দ্রীয় গভর্নমেন্টকে সে বিষয়ে ডিল করতে দেওয়া উচিত এবং তখন যদি কেন্দ্রীয় গভর্নমেন্ট আমাদের কাছে কিছু লেখেন তখন দেখা যাবে। সেই জন্য এখন এই ধরনের প্রস্তাব এনে, ঐ সংশোধনী প্রস্তাব এনে জিনিসটা আর একটি কনডিশনের মধ্যে নিয়ে গেলে মূল জিনিসটাই বানচাল হয়ে যেতে পারে। সেইজন্য আমি অনুরোধ করবো শ্রীনলিনাক্ষ সান্যাল মহাশয়কে যে তিনি তাঁর প্রস্তাব প্রত্যাহার করে নেবেন, আশা করি আমার অনুরোধ তিনি রাখবেন।

[11-30—11-40 a.m.]

The motion of Dr. Nalinaksha Sanyal that at the end of the resolution add the following words:—

"And with a view to balance the drain on India's foreign exchange as a result of fish imports East Pakistan may be asked to obtain their supply of coal from India, as was the practice previously.",

was then put and a division taken with the following result:—

NOES—95.

Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abdul Razzaque Khan, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan

Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharjya, Shri Mrigendra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chakraburtty, Dr. Taraknath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Choudhury, Shri Soroshi
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Paresh
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Balailal
De, Shri Panchkari
Deb, Shri Saral
Dhara, Shri Sushil Kumar
Dingal, Dr. Gobardhan
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Kamakhya Charan
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha Neogi, Shri Anil Dhar
Gupta, Shri Sadhan
Gurung, Shri Nandlall
Halder, Shri Krishna Chandra
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath

Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Kuar, Shri Gangapada
Laha, Shri Mihir Kumar
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amales Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal, Shri Rabindra Nath
Misra, Shri Ahindra
Mitra, Shrimati Ila
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Mukhopadhyaya, Shrimati Geeta
Neogy, Shri Brajo Gopal
Padmalakshmi Subba, Shri
Pahari, Shri Bibhuti
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Radhika Ranjan
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Haradhan
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy, Barman, Shri Khiti Bhusan
Roy Pradhan, Shri Amarendra Nath
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Brajendra Nath
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Sasthidas
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Joyram
Soren, Shri Suchand
Thapa, Shri Prem

AYES—27.

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Azizur Rahaman, Shri
Barma, Shri Akshay Kumar
Barman, Shri Syama Prasad
Bhagat, Shri Budhu
Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Maiti, Shrimati Abha
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santi Mohun
Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Soren, Shri Lakshan
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni

The Ayes being 27 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Provash Chandra Roy that—

Whereas the sharp rise in the prices of fish throughout West Bengal and specially in the Calcutta markets since the month of June this year is a matter of deep concern;

Whereas the abnormal rise in the price has led to great distress among the vast majority of the people of the State who have been deprived of this important source of animal protein in their daily diet;

Whereas on the basis of the present population and minimum nutritional need, West Bengal requires annually about 5.10 lakh metric tonnes of fish while Greater Calcutta Area requires about .81 lakh metric tonnes against which the present production of the State is only 2.6 lakh metric tonnes and supply to Calcutta constitutes only about 44 per cent. of its requirement; and

Whereas to ease the situation and help meet the huge gap between demand and supply, this House considers it essential to import at least 15,000 metric tonnes of fish from Pakistan per year as was done in 1963 and to continue such imports till the fishery resources within the State are adequately developed to meet the ever-increasing demand for fish;

Now, therefore, in the context of the prevailing acute scarcity this House is of considered opinion that import of at least 15,000 metric tonnes of fish from Pakistan for the present is the only solution to the problem facing the State and therefore strongly urges the Government of India to take up with the Government of Pakistan the question of revival of fish trade between the two countries which, it is felt, will be of benefit to both the countries,

was then put and agreed to.

**Mr. Deputy Speaker:** Hon'ble Food Minister will please make a statement.

**শ্রীপ্রভাসচন্দ্র রায়: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, যেহেতু এখন বিধানসভা চলছে সেহেতু চিনি** সম্পর্কে কিছু দরের অদল বদল হওয়ায় সে সম্পর্কে বিধানসভায় একটা বিবৃতি রাখার যে প্রথা আছে সেজন্য আমি এই সম্পর্কে একটা বিবৃতি দিচ্ছি।

Hon'ble Deputy Speaker, I am glad to inform the House that due to slight reduction in the ex-factory price of levy sugar produced in the factories situated in West U. P. from where allotment of levy sugar has been made to Calcutta area, it has been possible to reduce the retail selling price for levy sugar in respect of the standard variety from the existing rate of Rs. 1.73 to Rs. 1.70 per Kg. This revised retail selling price will be effective during the week commencing on 15th September, 1969 in the Greater Calcutta Rationing areas. The ration shop owners will, however, charge the existing price of Rs. 1.73 per Kg. in respect of the old stocks which are expected to be exhausted in the beginning of the next week.

## Point of Privilege

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ আমি খানিকক্ষণ আগে যে প্রশ্ন এখানে উত্থাপন করেছিলাম যে প্রফুল্লচন্দ্র সেন মহাশয় ডিসকোয়ালিফিকেশন অ্যাজ এ মেম্বার অফ দিস হাউস আমি আপনাকে অনুরোধ করব যে এই হাউসে আপনি অ্যাটেন্ডেন্স রেজিস্টার আনুন, আপনি ভেরিফাই করে দেখুন, দেখবেন আমি যা বলেছি তা অক্ষরে অক্ষরে সত্য, ৬০ দিন তিনি বিধানসভায় কোন মিটিংএ উপস্থিত হননি এবং তাঁর সিট আমরা এখানে ভ্যাকান্ট বলে ডিক্লেয়ার করতে পারি।

**Mr. Deputy Speaker:** Mr. Roy, a very serious and important point has been raised by you under article 190. I will look into the matter and also examine the attendance register and consult the other papers of this House and later on, I will give my decision on this point. Before looking into all the relevant papers, particularly the attendance register, no opinion can be expressed on such a vital matter. I will look into the matter to find out whether the member is suffering from disqualification under art. 190(4) and later on my ruling will be pronounced by me.

## Motion under Rule 185

**শ্রীনির্মাণ সান্যাল:** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আপনার অনুমতি নিয়ে আমি আমার এই মোশন মুভ করছি—

This Assembly requests the Government of West Bengal to move the Central Government in order to continue the drilling of oil-fields in prospective areas of West Bengal, viz., Bodra, Canning, Baraset, Bolepur, etc., to find out oil-fields, which will create great employment, potentiality as also enrich the State exchequer

এই মোশন মুভ করতে গিয়ে আমি আপনার সামনে কতকগুলি বক্তব্য রাখছি এই সভার সভ্যদের জ্ঞাতার্থে। বাংলাদেশ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের যে অবজ্ঞার নীতি এবং বঞ্চনার নীতি সেই নীতি এই বিশেষ ব্যাপার উপলক্ষ্যে, এই অয়েল ড্রিলিং-এর ব্যাপারে, কিভাবে কার্যকরী হচ্ছে এবং এর পিছনে কি ধরনের চক্রান্তমূলক কাজ চলেছে সেটা আপনার সামনে রাখবার চেষ্টা করছি। আমরা সবাই জানি ১৯৫৬ সালে গভর্নমেন্ট অব ইন্ডিয়া কতকগুলি বৈদেশিক বিশেষজ্ঞদের এখানে নিয়ে আসেন এবং সেই বৈদেশিক বিশেষজ্ঞদের মধ্যে সোভিয়েত রাশিয়া থেকে মিঃ এন এইচ কালিনিন, এ আই তাগিয়েভ, মিঃ এন পি টেকনোজেভ ইত্যাদি ছিলেন এবং তাঁরা একটা রিপোর্ট দেন, সেই রিপোর্টে তাঁরা বলেন যে গ্যানজেটিক ভ্যালি হচ্ছে ভারতবর্ষের মধ্যে সব থেকে অয়েল এনরিচড এরিয়া এবং তাঁরা ওয়েস্ট বেঙ্গল ইত্যাদি অঞ্চলে অয়েল ড্রিলিং-এর কথা বলেন। তারপর ১৯৫৬ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে আমরা দেখলাম ভারতবর্ষের অন্যান্য স্থানে ড্রিলিং-এর কাজ চলতে থাকল কিন্তু বাংলাদেশ সম্পর্কে কোন সিদ্ধান্ত নেওয়া হল না। যদিও ঐ রিপোর্টে বলা হয়েছিল যে বাংলাদেশ হচ্ছে সব থেকে বেশী সম্ভাবনাময় এলাকা তবুও বাংলাদেশে সেই ড্রিলিং-এর কাজ করা হল না অথচ ভারতবর্ষের অন্যান্য অঞ্চলে ড্রিলিং-এর কাজ সুরু করা হল।

[11-40—11-50 p.m.]

১৫ই মার্চ ১৯৬৫ তারিখে ও এন জি সি অর্থাৎ অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশনের একটা সভা হয় ৫৮তম সভা এবং তারপরে ৩০শে এপ্রিল ১৯৬৫ তারিখে তাদের ৫৯তম সভা হয়। সেই ৫৯তম সভায় সিদ্ধান্ত হয় বাংলাদেশে ড্রিলিং-এর কাজ শুরু করতে হবে এবং বাংলাদেশে সবচেয়ে সম্ভবনাপূর্ণ এলাকা হচ্ছে বোদরা, ক্যানিং ইত্যাদি এবং তারপর সেখানে তাঁরা ড্রিলিং-এর কাজ সুরু করেন। ঐ সভার প্রসিডিংস ঘাঁটলে দেখা যাবে সেখানে ডাঃ টি এন ওয়াদিয়া যিনি ভারতের একজন সর্বশ্রেষ্ঠ বৈজ্ঞানিক ও বিশেষজ্ঞ এবং এই সম্পর্কে যাঁর যথেষ্ট অভিজ্ঞতা হয়েছে তিনি বলেছেন—

Further seismic work might not lead to much useful information and would certainly delay the exploration of an area believed on geological consideration to have prospects. Other members agreed but Mr. Negi favoured postponment of decision till next season of seismic work.

কমিশনের অন্যতম আর একজন সভ্য মিঃ কোহলি বলেন বাংলাদেশে ড্রিলিং-এর কাজ সুরু করা উচিত। অন্ততঃপক্ষে ৫টি জায়গায় কূপ খনন করে বাংলাদেশের পোটেনসিয়ালিটি সম্বন্ধে স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া উচিত। কেননা তাঁর মতে একটা জায়গায় তেল আছে কি নেই সে সম্বন্ধে সঠিক সিদ্ধান্তে উপনীত হতে হলে সিসমিক সার্ভের উপর নির্ভর না করে এক্সপ্লোরেটরী ড্রিলিং করা উচিত এবং অন্ততঃপক্ষে ৫টি ড্রিলিং করে তবেই একটি সিদ্ধান্তে আসা যায় যে কোন অঞ্চলে পোটেনসিয়ালিটি আছে কি নেই। সেই অনুযায়ী সেই মিটিংএ এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়

That a well will be drilled in Bodra in West Bengal during the current year.
এবং আরো বলা হয়

That more wells up to a maximum of 5 wells might have to be drilled in this area to come to concrete decision.

এবং তারপরে ১৯৬৫ সালে আমরা দেখলাম যে মেটিরিয়ালস অ্যান্ড ইকুইপমেন্টস ইত্যাদি আসতে আরম্ভ হলো; তারপরে ১৫ই আগস্ট ১৯৬৬ সালে মহা ধুমধামের সাথে বোদরাতে ড্রিলিং-এর কাজ সুরু করা হলো। তারপর থেকে বোদরায় ড্রিলিং-এর কাজ চলেছে এবং অনেক

আশার খবর আমরা শুনেছি। হঠাৎ ১৯৬৯ সালে আমরা জানতে পারলাম সেই ড্রিলিং বন্ধ হয়ে গেছে। কেন না সেই ড্রিলিং করতে গিয়ে সেখানে নাকি ড্রিলিং-এর পাইপ এক জায়গায় আটকে যায়। সেখানে ৫ হাজার মিটার ড্রিলিং-এর কাজ করবার কথা ছিল—যা না করলে কোন সঠিক সিদ্ধান্তে পৌছান যায় না। কিন্তু সেখানে ৪,১৯৮ মিটার পর্যন্ত পৌছে ড্রিলিং পাইপ স্টাক আপ হয়ে গিয়ে আটকে গেল। তারপর সেটা টেনে তুলবার চেষ্টা করা হলো। কিছুটা পাইপ উঠলো, ৩,৬০০ মিটার পর্যন্ত পাইপ উঠবার পর আবার আটকে গেল। তা আর নাকি তোলা সম্ভব হলো না এবং সেখানেই ঐ ড্রিলিং-এর কাজ অ্যাবান্ডন করা হলো। বোদরাতে এই ড্রিলিং-এর কাজ চলাকালে আমরা খবরের কাগজে অনেক কিছু সংবাদ বেরোতে দেখেছি। সেখানে প্রচুর পরিমাণে জ্বালানী গ্যাস পাওয়া গেছে শুনেছি। সেই জ্বালানী গ্যাসের এত প্রেসার যে পৃথিবীর অন্য কোন অঞ্চলে এত হাই প্রেসারে গ্যাস পাওয়া গেছে কিনা সন্দেহ। যেখানে এইরকম হাই প্রেসারে জ্বালানী গ্যাস পাওয়া গেছে, যেখানে তেল পাবার সম্ভাবনা প্রচুর বলে তৈল বিশেষজ্ঞরা মত প্রকাশ করেছেন। তাছাড়া সেখানে এই ড্রিলিং করতে করতে যত নীচে নামা গেছে, ততই সেখানে হাই ক্যাটাগরীর হাইড্রো-কার্বন পাওয়া গেছে। এই হাইড্রো-কার্বন-এর উপস্থিতি তেলের উপস্থিতির দৃঢ় ইঙ্গিত দেয়। তাছাড়া ফ্লুরেসেন্ট স্যান্ডও সেখানে পাওয়া গেছে। এই ফ্লুরেসেন্ট স্যান্ড হচ্ছে আর একটা সিওর ইন্ডিকেশন যে সেখানে তেল আছে। কাজেই যেখানে ফ্লুরেসেন্ট স্যান্ড পাওয়া গেছে, যেখানে হাইয়ার ক্যাটাগরির হাইড্রো-কার্বন পাওয়া গেছে এবং প্রচুর পরিমাণে হাই প্রেসার জ্বালানী গ্যাস পাওয়া গেছে সেখানে তেলের সম্ভাবনা আছে এটা অনস্বীকার্যভাবে ধরে নেওয়া যেতে পারে। এইরকম অবস্থা থাকা সত্ত্বেও যখন সেখানে পাম্প আটকে গেল এবং সেখানে কাজ বন্ধ হয়ে গেল তখন আমরা খবর পেলাম যে এখনকার মত বাংলাদেশে ড্রিলিংয়ের কাজই বন্ধ করে দেওয়া হবে—ভবিষ্যতে আবার কবে হবে তা জানি না—আমরা খবর পেয়েছি যে ড্রিলিং মেসিন তুলে নিয়ে বাংলাদেশ থেকে অন্যত্র স্থানান্তরিত করবার চেষ্টা চলছে। শুধু তাই নয়, যে সমস্ত কর্মচারী সেখানে কাজ করতো তাদের বদলি করবার চেষ্টা চলছে। ঘটনা যেভাবে ঘটছে তাতে আশঙ্কা করবার কারণ রয়েছে যে বাংলাদেশ থেকে ড্রিলিংয়ের কাজ চিরতরে বন্ধ করবার চেষ্টা চলছে। এই যে অপচেষ্টা চলছে এবং তা কেন চলছে তা যদি পর্যালোচনা করেন তাহলে দেখবেন যে ১৯৬৭ সালে বাংলাদেশে যখন যুক্তফ্রন্ট মন্ত্রী-সভা প্রথম এলো মজার ব্যাপার হচ্ছে এই যে ঠিক তখনই পাইপ আটকে গেল তাকে স্টাক-অফ করা হোল। এর ভিতর যোগাযোগ আছে কিনা জানি না কিন্তু যতদিন বাংলাদেশে কংগ্রেস গভর্নমেন্ট ছিল ততদিন পর্যন্ত বোরিং চলতে থাকলো আর যেই মাত্র যুক্তফ্রন্ট সরকার এলো অমনি পাইপ আটকে গেল তা তোলা আর সম্ভব হোল না। ১৯৬৭ সালের নবেম্বর-এর পর যুক্তফ্রন্ট মন্ত্রী-সভা খারিজ হয়ে গেল তখন কথার সুর আবার অন্য রকম হতে লাগলো যে অন্য জায়গায় বোরিং সুরু করতে হবে অন্য রকম প্রিপারেসন সুরু হয়ে গেল—অয়েল নং থ্রি, অয়েল নং ফোর সেই সমস্ত জায়গায় বোরিং করবার নির্দেশ দেওয়া হয়ে গেল- বি ক্যাটাগরীতে চিহ্নিত করে অবিলম্বে সেখানে বোরিংয়ের কাজ করবার নির্দেশ এসে গেল। অয়েল নং ৩, অয়েল নং ৪ যেটা “বি ক্যাটাগরিতে” পড়ে তার কাছে সোনারপুরে প্রায় ১০ লক্ষ টাকা খরচ করে জমি নেওয়া হোল—জমি নেওয়ার পর প্রচুর অর্থব্যয়ে সেখানে ওয়ার্কার্স সেড তৈরী করা হোল এবং তার পর ১৯৬৯ সালে যেই আবার যুক্তফ্রন্ট গভর্নমেন্ট এলো অমনি সুর পালটে গেল, বলা হোল যে আর বোরিং করা হবে না—কারণ তেল পাবার সেখানে কোন সম্ভাবনা নেই। একসাথে ফ্লোরেসেন্ট স্যান্ড এবং হাইড্রো-কারবন যেখানে পাওয়া গেছে, যা অন্য জায়গায় পাওয়া যায় নি, সেখানেও তারা বলে বসলো যে তেল পাবার সম্ভাবনা নেই, বোরিংয়ের কাজ বন্ধ করা হোক। বাংলাদেশে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর তারা এই যে ধুয়ো তুলেছে তার পিছনে এই উদ্দেশ্য রয়েছে যে বাংলাদেশে যাতে এই ধরনের পোটেনসিয়াল ইন্ডাস্ট্রি গড়ে উঠতে যাতে না পারে সেই ধরনের ব্যবস্থা করা। যে ধরনের পোটেনসিয়ালিটি বাংলাদেশে আছে বলে বিশেষজ্ঞরা অভিমত দিয়েছেন, সেই পোটেনসিয়ালিটি থাকা সত্ত্বেও যেভাবে এখানে কাজ বন্ধ করে দেওয়া হোল তার পিছনে নিশ্চয় কু-উদ্দেশ্য আছে। ৬ই জুন ১৯৬৯ সালে চীফ সোভিয়েট অ্যাডভাইসার এই কথা বলেছেন ওয়েস্ট বেঙ্গল

is one of the most prospective exploratory Land in India. Work should not be stopped in West Bengal.

যেখানে তাঁরা সাজেসন দিলেন ইমিডিয়েটলি কাজ সুরু করা হোক—বোরিং বন্ধ করে দেওয়া হোল সেখানে—এতে কি উদ্দেশ্য নেই বলতে চান? ডঃ ত্রিগুণা সেন যখন এখানে এসেছিলেন তখন আমরা তাঁর কাছে এই বক্তব্য রাখি, তিনি বলেছিলেন বাংলাদেশে বোরিংয়ের কাজ বরাবরের জন্য বন্ধ করা হচ্ছে না—এখানে আরও সার্ভে করতে হবে, সফিসটিকেটেড মেসিন বসাতে হবে, সিসমিক সার্ভে করতে হবে তার পর নিশ্চিত হয়ে বোরিংয়ের কাজ সুরু করা হবে। অনিশ্চিত এক্সপ্লরেটরী বোরিংয়ের জন্য যে টাকা দরকার সেই টাকা খরচ করবার মত সংস্থান কেন্দ্রীয় সরকারের নেই। যেহেতু টাকার অভাব রয়েছে সেহেতু এক্সপ্লরেটরী বোরিং করে তেল পাওয়া যাবে কি যাবে না সেটা দেখা এখন আর সম্ভব হচ্ছে না। যদি সত্যিই এক্সপ্লরেটরি বোরিংয়ের জন্য খরচ করবার মত টাকার অভাব হয়ে থাকে তাহলে আলাদা কথা। কিন্তু সঠিক সিদ্ধান্তে উপনীত হবার আগেই চালু কাজ যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে আমরা কি ভাববো—এছাড়া দেশের অন্যান্য জায়গায় যখন সেই কাজ চলছে তখন শুধু বাংলাদেশে তা কেন চলছে না। টাকার অভাব কি শুধু বাংলাদেশের বেলায়?

[11-50—12 noon]

আজ শুধু মাত্র বাংলাদেশের বেলায় এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ বন্ধ করা হচ্ছে। মাদ্রাজের করাইকলে ১২টি কূপ খনন করা হয়েছে, ১২টাই ড্রাই হয়েছে, সেখানে তেলের সন্ধান পাওয়া যায়নি, তা সত্ত্বেও সেখানে আরো কূপ খননের কাজ চলছে। জম্মু এবং কাশ্মীরে সিসমিক সার্ভে বাংলাদেশে যেমন হয়েছে তাই হয়েছে, তার থেকে নতুন কিছু হয়নি, তবুও সেখানে এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ সুরু হয়েছে এবং সেখানে সে কাজ সমানে চলছে। আসামের বাগমারাতে সিসমিক সার্ভে ছাড়াই এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ চলছে এবং বাংলাদেশের বিভিন্ন কর্মচারীদের সেখানে পাঠাবার চেষ্টা চলছে। জয়সানমীরে এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ চলছে। তা ছাড়াও এমন আরও নতুন জায়গা নেওয়া হয়েছে, যে জায়গায় আজও সিসমিক সার্ভে পর্যন্ত হয়নি—সেটা হল আগরতলা ত্রিপুরাতে। ডঃ ত্রিগুণা সেন ত্রিপুরা থেকে পার্লামেন্টের সদস্য হয়েছেন সুতরাং তাঁর নিজের কেন্দ্রে এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ করবেন, সরকারের কোটি কোটি টাকা সেখানে খরচ করবেন তাতে আমাদের বলবার কিছু নেই, কিন্তু বাঙলাদেশে কেন এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ বন্ধ করা হবে এ প্রশ্ন নিশ্চয়ই থাকছে। ভারতবর্ষের অন্য সমস্ত জায়গায় যখন এক্সপ্লরেটরী বোরিং-এর কাজ চলেছে তখন বাংলাদেশে কেন কাজ বন্ধ করা হবে সে প্রশ্ন আমরা কেন্দ্রের কাছে রাখতে চাই। আমাদের প্রশ্ন, অর্থের অসঙ্গতি যদি থেকেই থাকে তাহলে সেটা কি শুধু বাংলাদেশের বেলায়, ভারতবর্ষের অন্য অঞ্চলের বেলায় কি এক্সপ্লরেটরী বোরিং-এর জন্য অর্থের অসঙ্গতি হয় না? তাছাড়া যেখানে অভিজ্ঞতাসম্পন্ন বিজ্ঞানীরা একথা বলছেন যে শুধু মাত্র সিসমিক সার্ভের দ্বারা কোন সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভবপর নয়, এক্সপ্লরেটরী বোরিং করাই হচ্ছে একমাত্র সঠিক পথ, সে পথে কোথাও তেল আছে কিনা সে সম্পর্কে সঠিক সিদ্ধান্তে আসা যেতে পারে, মাটির নীচে কি আছে না আছে উপর থেকে সিসমিক সার্ভে করে একটা হয়ত ইঙ্গিত পাওয়া যায় কিন্তু সঠিক সিদ্ধান্তে আসা যায় না, কাজেই সঠিক সিদ্ধান্তে আসতে গেলে বোরিং করতেই হবে, ড্রিলিং করতেই হবে, তাছাড়া দ্বিতীয় কোন পথ নেই। এই যখন অভিজ্ঞ বিশেষজ্ঞদের অভিমত তখন সেই বিশেষজ্ঞদের অভিমত থাকা সত্ত্বেও বোরিং কাজ কেন বন্ধ করা হচ্ছে তা আমরা বুঝতে পারছি না। যেখানে ভারতবর্ষের অন্যান্য জায়গায় বোরিং চলছে; যে জায়গায় সিসমিক সার্ভে পর্যন্ত হয়নি যে ত্রিপুরার আগরতলার কথা আগে বললাম সেখানে পর্যন্ত বোরিং হবে অথচ বাংলাদেশে যেখানে সিসমিক সার্ভে হয়েছে এবং তার ভিত্তিতেই বোদরাতে কূপ খননের নির্দেশ দেওয়া হয়েছে, একটিমাত্র কূপ নয়, আরো কূপ খননের নির্দেশ যেখানে দেওয়া হয়েছে সিসমিক সার্ভে হবার পরে, সেখানে কেন বোরিং বন্ধ হবে তা বুঝতে পারছি না। কাজেই সমস্ত জিনিসটাকে একটা চক্রান্ত বা ষড়যন্ত্রের মত মনে হচ্ছে। বাংলাদেশে যেখানে তেল পাবার নিশ্চিত সম্ভাবনা আছে এবং সে সম্পর্কে বিশেষজ্ঞরা অনেকেই মত দিয়েছেন, সেই সমস্ত সম্ভাবনাকে একেবারে নস্যাত বা উড়িয়ে দিয়ে বাংলাদেশে ড্রিলিং-এর কাজ বন্ধ করার পেছনে কি আছে সেটা আমাদের নিশ্চয়ই ভাবতে হবে। আমাদের এখানে হলদিয়াতে আমরা রিফাইনারি করছি। ভারতবর্ষের বাইরে থেকে তেল আমদানী করে সেই রিফাইনারীতে আমরা তেল পরিশোধনের

ব্যবস্থা করছি। বাংলাদেশের বোদরা, ক্যানিং-এর বিভিন্ন অঞ্চলে যদি তেল আমরা পাই তাহলে এই হলদিয়া রিফাইনারি এবং বাংলাদেশের এই সমস্ত তৈল কূপ এই দুয়ে মিলে বাংলাদেশে একটা বিরাট শিল্প সম্ভাবনার সৃষ্টি হতে পারে। একটা বিরাট পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স গড়ে উঠতে পারে সেখানে বাংলাদেশের হাজার হাজার, লক্ষ লক্ষ যুবক চাকরি পেতে পারে এবং এর ভেতর দিয়ে বাংলাদেশ সমৃদ্ধ হতে পারে। কাজেই এত বড় একটা সম্ভাবনাকে চিরতরে নস্যাৎ বা উড়িয়ে দেবার যে ষড়যন্ত্র চলেছে তার প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আর এই হাউসের মাধ্যমে পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকারের কাছে আবেদন রাখছি যে তাঁরা একথা অবিলম্বে কেন্দ্রীয় সরকারের গোচরে নিয়ে এসে তাঁদের উপর চাপ সৃষ্টি করে এবং প্রয়োজন হলে আন্দোলন করে এই বোরিং-এর কাজ আবার নতুন করে যাতে সুরু করা যায় তার ব্যবস্থা করুন।

**শ্রীজয়কেশ মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মোশন মণি সান্যাল মহাশয় আমাদের সামনে এনেছেন এবং ভারত সরকারের কাছে যেটা পেশ করতে চান সেটা অত্যন্ত মূল্যবান। আমরা জানি আমাদের দেশকে আজও পেট্রোল অন্যান্য তৈল জাতীয় জিনিসের জন্য বিদেশের উপর নির্ভর করতে হয় সম্পূর্ণভাবে এবং বিদেশী কোম্পানীগুলি মূলতঃ আমাদের দেশে এই কারবার চালাচ্ছেন। তার সঙ্গে হচ্ছে এই যে তারা যখন তখন যেভাবে ইচ্ছা আমাদের দেশকে লুঠ করবার ব্যবস্থা করছেন এবং যেকোন ব্যবস্থাই তাদের ইচ্ছামত আমাদের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। এই কথা সকলেরই মনে আছে যে কিছুদিন আগে যখন সোভিয়েত থেকে আমাদের দেশে তেল দেবার ব্যবস্থা করা হয়েছিল এবং তারা রাজী হয়েছিলেন, কিন্তু এখানকার অয়েল রিফাইনাররা তখন সেগুলি রিফাইন করতে রাজী হয়নি। এখন এই অবস্থায় যদি পরনির্ভরশীল থাকতে হয় তাহলে দেশকে গড়ে তোলার জন্য যতই বড় বড় কথা বল। হোক স্বয়ংভর বা আত্ম-নির্ভর ইত্যাদি কথা, আসলে সেগুলি শুধু ফাঁক থেকে যাবে। যেখানে সম্ভাবনা আছে সেখানে সেই প্রচেষ্টা আমাদের করা দরকার। অন্যান্য জায়গার যে সম্ভাবনা আছে, বাংলাদেশে তার চেয়ে অনেক বেশী সম্ভাবনা আছে, অথচ আমরা দেখতে পাচ্ছি যেখানে সম্ভাবনা বেশী আছে, সেখানে উপেক্ষা করা হচ্ছে এবং যেখানে সম্ভাবনা কম, স্বয়ংসম্পূর্ণতা কম সেখানে প্রচেষ্টা সব চেয়ে বেশী চালানো হচ্ছে। এটা আমি শুধু বাংলাদেশ বলে বলছি না, এতে করে আজকে সারা ভারতবর্ষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং যে মোশান এই সভায় আনা হয়েছে সেই মোশানকে আমি প্রথমে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আমি দাবী জানাচ্ছি ভারত গভর্নমেন্টের কাছে অবিলম্বে যেমস্ত কাজ বন্ধ করে দেওয়া হচ্ছে সেগুলির উপর জোর দেওয়া হোক এবং এগুলি চালু করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসাধন গুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়,আমি মণি সান্যাল মহাশয়ের এই মোশানকে সমর্থন জানাচ্ছি. তিনি যেসমস্ত ঘটনা এখানে উপস্থিত করলেন তার থেকে স্পষ্টই প্রমাণিত হচ্ছে যে এই যে বাংলাদেশে ড্রিলিং বন্ধ করে দেওয়া হয়েছে এটা একটা চক্রান্ত বা ষড়যন্ত্র ছাড়া আর কিছু নয়। ১৯৬৭ সালে স্টাক আপ হল এবং ১৯৬৮ সালে বোধ হয় পি ডি এফ-এর আমলে বা ধরমবীর যখন রাজত্ব করেছিলেন সে সময় হঠাৎ খবর পেলাম যে বিরাট তেলের সম্ভাবনা অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কোম্পানীর অফিসাররা বললেন বিরাট তেলের সম্ভাবনা দেখা দিয়েছে এবং বেশ ফলাও করে সেই খবর বেরল। ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার পুনঃপ্রতিষ্ঠিত হবার পর সে সম্ভাবনা আর রইল না। শুনলাম যে কি কারণে নাকি কিছু ডিজেল ঢালা হয়েছিল, সেটা বেরিয়েছিল, তার জন্য এই খবর বেরিয়েছিল। এই রকম যদি অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কোম্পানীর কর্মচারী হয় যে ঢালা তেল বেরিয়েছে সেটা নিয়ে এত বড় খবর রটেছে—এই কথা কি আমরা বিশ্বাস করবো? এই রকম যদি অফিসার হয় তাহলে সেই অফিসার দিয়ে ড্রিলিং কি করে চলবে? শুধু বাংলাদেশে কেন, কোথাও কি করে চলে এটা আমি বুঝতে পারছি না। কাজেই এই ওজর নিশ্চয়ই আমাদের ভোলানোর ওজর। কারণ, আমরা এ বিষয়ে এক্সপার্ট নই, কাজেই আমাদের যদি কিছু বলে ভোলানো যায়—এই আইডিয়া থেকে হয়ত এই ওজর দেওয়া হয়েছে। তারপরে আর এও কি সম্ভব, লক্ষ লক্ষ টাকা খরচ করে ওরা দালান তুলেছেন, ঘর বাড়ী তুলেছেন, স্টাফ কোয়ার্টার করেছেন, অথচ সে সময় কিছুমাত্র ইনডিকেসন পান নি যে এখানে একটা অয়েল ফিল্ড গড়ে উঠতে পারে এরকম কোন সম্ভাবনা

নেই? কাজেই এটা যে একটা চক্রান্ত বা ষড়যন্ত্র একথা নিশ্চিত। এই প্রসঙ্গে আরো একটি কথা বলা হয় যে আমরা তো বন্ধ করে দিচ্ছি না, আমরা নূতন সব যন্ত্র আনব, সফিস্টিকেটেড ইন্সট্রুমেন্ট, আধুনিক যন্ত্র তাই দিয়ে আমরা পরীক্ষা করে বুঝব যে তেল পাওয়া যাবে কিনা। কারণ, আমাদের এত টাকা নেই যে অনুসন্ধান করে দেখব।

[12—12-10 p.m.]

এই যে টাকা নেই এই যুক্তির ব্যাপারে আমাদের মাননীয় মণি সান্যাল মহাশয় তথ্য উপস্থিত করেছেন। কোথাও কোন ইন্ডিকেশন পাওয়া যাচ্ছে না, কোন চিহ্ন পাওয়া যাচ্ছে না। কিন্তু ১২টা কূপ খনন করা হয়েছে অন্যান্য জায়গায়, যেখানে বাংলাদেশের চেয়ে অনেক কম সম্ভাবনা থাকা সত্ত্বেও সেই সব জায়গায় সফিসটিকেটেড ইন্সট্রুমেন্ট দিয়ে কূপ খনন করা হয়েছে, ত্রিপুরায় খনন করা হয়েছে, তাও টাকা নেই। অথচ এখানে এক্সপার্টরা তাঁরা এক বাক্যে বলছেন যে বিরাট তেলের সম্ভাবনা রয়েছে। কলকাতা শহর নাকি তেলের উপর ভাসছে, তা সত্ত্বেও তারা খনন কার্য বন্ধ করে দিচ্ছেন কি ভাবে? ঠিক হয়েছিল যে পাঁচটি কূপ খনন করা হবে এবং সকলেই জানেন, আমরা যারা এই বিষয়ে কিছুই জানি না, আমরাও জানি যে তেল পাওয়ার সম্ভাবনা থাকলে অন্ততঃপক্ষে পাঁচটি কূপ খনন করতে হয়। সেখানে পাঁচটি কূপ খনন করার কোন প্রশ্ন ওঠে না, একটা মাত্র কূপ খনন করা হয়েছে যেটা থেকে গ্যাস, হাইড্রোকার্বন, ফ্লুরোসেন্ট স্যান্ড বেরোচ্ছিল, সেখানে পাঁচ হাজার মিটার খনন করার কথা কিন্তু সেখানে চার হাজার ২০০ মিটার খনন করার পর স্টাক আপ হয়ে গেল। সেই বিষয়ে আগেও বলা হয়েছে, যদি একটা স্টাক আপ হয়ে গেল তাহলে অন্য আর একটা খনন করতে দোষ কি, পাঁচ হাজার মিটার খনন করতে কি দোষ ছিল। সফিসটিকেটেড ইনস্ট্রুমেন্টের কথা বলা হয়েছে, এমন কোন সফিসটিকেটেড ইনস্ট্রুমেন্ট বেরিয়েছে বলে শুনিনি যেটা মাটিতে ছোঁয়ালেই অমনি চিৎকার করে উঠবে যে হাজার হাজার গ্যালন তেল আছে। যে ইনস্ট্রুমেন্টের কথাই বলুন সেখানে সম্ভাবনার কথা বলবে। সেখানে এইরকম যাচাই করতে হবে। আজকে আমরা যে ইনস্ট্রুমেন্ট দিয়ে পরীক্ষা করছি, এর পরে হয়তো আরও সফিস্টিকেটেড ইনস্ট্রুমেন্ট বেরিয়েছে, সেটা আনালাম তারপর হয়তো আরও সফিস্টিকেটেড ইনস্ট্রুমেন্ট বেরিয়েছে, এইগুলো সব দিয়ে পরীক্ষা করে তবে ড্রিল করবো এই সমস্ত ছেঁদো যুক্তি কখনও গ্রহণ করতে পারা যায় না। আমাদের যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করবো যে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর প্রচণ্ড চাপ সৃষ্টি করুন এইভাবে যে ড্রিল বন্ধ করে দিয়েছে, এটা বাংলাদেশের বিরুদ্ধে একটা চক্রান্ত। যদি ধরেই নিই যে এরা ড্রিলিং আরও সফিস্টিকেটেড মেশিন দিয়ে আরম্ভ করবেন চার মাস পর তাহলে তবে ওদের এত কর্মচারীকে এখান থেকে জম্মু কাশ্মীরে ট্রান্সফার করছেন কেন, সফেসটিকেটেড ইন্সট্রুমেন্ট আনতে হবে চার মাস পরে, চার মাস পরে আবার ড্রিলিং শুরু হবে তখন আবার এদের ফিরিয়ে আনতে হবে, এদের টি এ আছে, ডি এ আছে, অথচ এদের টাকা নেই বলছেন, কাজেই কেন এই ভাবে এদের ট্রান্সফার করা হচ্ছে। কাজেই যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে স্পষ্ট যাতে বুঝিয়ে দেওয়া হয় যে এইরকম ব্যাপারে আমরা ঘোরতর আপত্তি জানাই এবং এইভাবে বাংলাদেশের ভবিষ্যৎ, সেই বাংলাদেশের সম্ভাবনা নিয়ে খেলা করা চলবে না। এই কথা যাতে যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়ে দেন, সেটা আমাদের করতে হবে। কারণ বাংলাদেশে যে তেলের সম্ভাবনা রয়েছে, সেই তেল যদি আমরা বার করতে পারি, আমরা আজকে বিদেশী তেলের কোম্পানীর শোষণ থেকে তাদের যে চক্রান্ত আমাদের বিরুদ্ধে চলছে তার থেকে অনেকাংশে মুক্ত হতে পারি। কাজেই কেন আমরা বাংলাদেশের সম্ভাবনাকে সম্পূর্ণভাবে পরীক্ষা করে দেখবো না, যেখান থেকে তেল পাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে, সেখান থেকে আমরা কেন তেল পাবার চেষ্টা করবো না। কাজেই এটা শুধু বাংলাদেশের কথা নয় এটা সমস্ত ভারতবর্ষের স্বার্থ জড়িত। এই স্বার্থ যাতে কিছু চক্রান্তকারীর হাত থেকে মুক্ত হতে পারে সেই চেষ্টা আমাদের করতে হবে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য মণি সান্যাল যে প্রস্তাব এনেছেন এটা বাংলাদেশের অর্থনৈতিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। পেট্রোলিয়াম যে কোন দেশের একটা শ্রেষ্ঠ অর্থনৈতিক সম্পদ একথা আমরা জানি এবং পৃথিবীর বিভিন্ন দেশের কথা পর্যালোচনা করলে জানা যায় যে যে দেশে সোনার খনি আছে এবং যে দেশের

পেট্রোলিয়াম খনি আছে—এই দুটি দেশের ইকনমিক পোটেনসিয়ালিটির মধ্যে খুব বেশি একটা তফাত নেই। বাংলাদেশের নিম্ন বঙ্গে যেদিন তৈল অনুসন্ধানের কথা ঘোষণা করা হয়েছিল সেটা ছিল আমাদের কাছে অত্যন্ত আনন্দের দিন এবং তারপর থেকে সেখানে যাতে অয়েল ড্রিলিং করা যায় তার জন্য ব্যবস্থা করা হচ্ছিল এবং আমরা তাতে আনন্দিত হয়েছিলাম তেল পাওয়ার সম্ভাবনায়। কিন্তু অতীব দুঃখের বিষয় কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার অয়েল ড্রিলিং প্রসেস বন্ধ করে দিয়েছেন এবং এই অজুহাত দেখান হচ্ছে এখানে তেল পাওয়ার সম্ভাবনা একেবারে নেই। এটা একেবারে ঠিক নয়। এটা একটু বুঝিয়ে দিতে চাই। কারণ অরিজিন অফ পেট্রোলিয়াম-এর কথা কেমিস্ট্রিতে যখন পড়ি তখন দেখেছি পৃথিবীর যে সমস্ত জায়গা বেশ কিছুদিন সমুদ্রের তলায় ছিল এবং প্রাকৃতিক দুর্ঘটনা যথা ভূমিকম্প ইত্যাদিতে সমুদ্রের তলদেশ থেকে উপরে উঠেছে সেই সমস্ত দেশে তেলের সম্ভাবনা থাকে। কারণ পেট্রোলিয়ামের কেমিক্যাল অ্যানালিসিসে দেখা যায় তার মধ্যে যে সমস্ত জিনিস থেকে পেট্রোলিয়াম হয় সামুদ্রিক জীবের মধ্যে সেই সমস্ত প্রোডাকটিভ এলিমেন্ট থাকে এবং এই থেকে সায়েন্টিস্টরা একটা কনক্লুসনে এসেছেন যে সমুদ্রের তলায় একবার ছিল এবং যেখানে লক্ষ লক্ষ সামুদ্রিক প্রাণী একত্রে সমাবেশ হয়েছিল এবং তাদের দেহ জমায়েত হয়েছিল এবং প্রাকৃতিক কারণে ডিকম্পোজড হয়ে পেট্রোলিয়াম হয়েছিল এবং সেই জায়গায় ভূমিকম্প এবং অন্যান্য প্রাকৃতিক কারণে সমুদ্র থেকে উপরে উঠেছে সেই সমস্ত জায়গায় ড্রিলিং করে পেট্রোলিয়াম পাওয়া গিয়েছে। একথা সর্বজন-বিদিত। আমরা জানি, বাংলাদেশে ভূগোল পড়লে জানা যায় এই নিম্ন বঙ্গ কিছুদিন আগে পর্যন্ত কয়েক লক্ষ বছর আগে পর্যন্ত সমুদ্রের তলায় ছিল এবং গঙ্গার পলি বাহিত হয়ে এটা একটা পললাল ভূমিতে পরিণত হয়েছে। অরিজিন অফ পেট্রোলিয়াম থিওরি একথা আমাদের বিশ্বাস করতে হবে বাংলাদেশের এই নিম্নভূমি দীর্ঘদিন সমুদ্রের তলায় ছিল এবং গঙ্গার বাহিত পলি দ্বারা সমুদ্রের উপরে উঠেছে। তাই সেখানে তেল পাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার যে এটা বন্ধ করে দিয়েছেন, এটা আমার মনে হয় এটা তাদের একটা চক্রান্ত। এটা সহ্য করা উচিত নয়। আমি আবার অনুরোধ করব আবার ড্রিলিংয়ের ব্যবস্থা করা হোক। পাঁচ হাজর মিটার-এর পর যদি তেল পাওয়ার সম্ভাবনা থাকে তো সেখানে চার হাজার মিটার করে কেন বন্ধ করে দিয়েছেন আমি বুঝে উঠতে পারছি না। অবশ্য এটা হতে পারে যে বোদরায়, ক্যানিং-এ বন্ধ করে দিলেও দক্ষিণে পাওয়ার সম্ভাবনা যে আছে সেটা উড়িয়ে দিচ্ছেন না। আমি দেখেছি হাওড়া জেলায় জুন মাসে ও. এন. জি. সি. অর্থাৎ অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশনের কর্মীরা বিভিন্ন যন্ত্রপাতি এবং মাটির নীচে ডিনামাইট দিয়ে সেখানে নানা পরীক্ষা নিরিক্ষা করছেন ওখানে তেল পাওয়ার সম্ভাবনা আছে কিনা। যাই হোক একদিকে বোদরা, ক্যানিং অঞ্চলে অয়েল ড্রিলিং এনডেভার একেবারে বন্ধ করে না দিয়ে পুনর্খননের ব্যবস্থা করা হোক এবং বাংলাদেশের অন্যান্য যে সমস্ত জায়গায় তেল পাওয়ার বিন্দুমাত্র সম্ভাবনা রয়েছে সায়েন্টিফিক প্রসিডিওর অ্যাডপ্ট করে তা পাবার চেষ্টা করা হোক—এইটা আবেদন জানাব। বাংলাদেশে তেল পাওয়ার ফলে এই দেশে ইকনমিক আপলিফমেন্টের অর্থাৎ অর্থনৈতিক উন্নতি সাধিত হবে এই আশা করে কেন্দ্রীয় সরকারের কাছে পুনরায় আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-10—12-20 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীমণি সান্যাল মহাশয় যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাব সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে দু'চারটি কথা বলতে চাই। বোদরা তৈল খনির সন্ধানে যে সমস্ত কাজ আরম্ভ হয়েছিল, হবার আগে আমার মনে হয়, এই কেন্দ্রীয় সরকারের তরফ থেকে বিভিন্ন বিশেষজ্ঞরা ফলাও করে বলেছিলেন যে, এই সাউদার্ন বেঙ্গলের এলাকায় যা তেল আছে সেটা নাকি অন্যান্য অনেক দেশের তুলনায় অনেক বেশী। তারা বলেছিলেন উইথ অথরিটি অথচ তারপর পরীক্ষা সুরু হল, টাকা খরচ হল, নানাভাবে তার ঢক্কানিনাদ হল। তারপর হঠাৎ দেখা গেল যে, "না মশায়, এখানে আর তেল পাওয়া যাবে না"। এটা কি রকম কথা? এটা কি পাগলের কথা? আমরা কি ভাববো যে, কেন্দ্রীয় সরকারে কতকগুলি পাগল বসে আছে? নিশ্চয়ই তা ভাববো না। তাহলে এর পিছনে নিশ্চয়ই কোন উদ্দেশ্য আছে। সেই উদ্দেশ্যটা কি? অবশ্য সেই উদ্দেশ্যটা কি সেটা বোঝা খুব অসম্ভব

হয়ে দাঁড়াচ্ছে না। কেন দাঁড়াচ্ছে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েক বছর আগে, আমি যে জেলা থেকে এসেছি, সেই মুর্শিদাবাদ জেলায় ডোমকল থানার আমিনাবাদে এইরকম ধরনের একটা এক্সপেরিমেন্ট হয়েছে। তদানিন্তন কেন্দ্রীয় সরকার আমিনাবাদে এই এক্সপেরিমেন্টের জন্য স্ট্যানভ্যাক কোম্পানী তখন এই আইন হয়নি, যেটা বর্তমানে চালিত হচ্ছে। এই আমেরিকান কোম্পানী এই স্ট্যানভ্যাককে তার ভার দিলেন। অথচ আমরা শুনেছি যে রাশিয়ান একটা এক্সপ্যার্ট দল তারা এটা আন্ডারটেক করতে চেয়েছিলো। কিন্তু কি কারণে জানিনা, তদানিন্তন কেন্দ্রীয় সরকারের ঝোঁক হল আমেরিকান সেই স্ট্যানভ্যাক কোম্পানীকে এই এক্সপ্লোরেশনের ভার দিলো। তারাও সেখানে খুব ঢক্কানিনাদ করলো। লক্ষ লক্ষ টাকা খরচ হল। সেখানে ড্রিলিং বসালেন, কুয়ো খনন করা হল, তার কিছুদিন পরে বলা হল যে, এখানে তেল পাওয়া যাবে কিন্তু অত্যন্ত বেশী দাম হয়ে যাবে। কাজেই জিনিসগুলি দাঁড়াচ্ছে কোথায়? জিনিসগুলি দাঁড়াচ্ছে যে, বাংলাদেশের কোথায় কোথায় তেল আছে তার মোটামুটি একটা এক্সপ্লোরেশন হয়ে যাবে। হবার পরে একটা যুক্তি খাড়া হয়ে যাবে যে, হয় টাকা খরচ বেশী হবে, দাম বেশী পড়বে অথবা এটা আর পারসু করার উপযুক্ত নয়। এই জিনিসটা আমাদের ভাল করে চিন্তা করতে হবে। তার কারণ, বর্তমান যুগ যখন সুরু হয়েছে, বিংশ শতাব্দীর যুগ তখন থেকে অয়েল ইম্পিরিয়ালিজমের যুগ সুরু হয়েছে। অয়েল ইম্পিরিয়ালিজম আজ ডলার ইম্পিরিয়ালিজমে টার্ন করছে। সেই অয়েল ইম্পিরিয়ালিজম-এর কাছে তারা আত্মসমর্পণ করেছেন কিনা? আমি ষড়যন্ত্রের কথা বলিনা। আমি বলি ইন্ডিয়া গভর্নমেন্ট, যার দূত হয়ে ইন্দিরা গান্ধী আসবেন এবং কালকে ময়দানের মিটিং-এ বড় বড় কথা বলবেন, তাদের কাছে যুক্তফ্রন্ট সরকারের বলা দরকার যে, এই অয়েল ইম্পিরিয়ালিজম-এর সঙ্গে আপনি কি কোন আঁতাত করেছেন? না হলে বাংলাদেশের এইরকম সম্ভাবনাকে উড়িয়ে দিচ্ছেন কেন? সেজন্য আমি আপনার মাধ্যমে শুধু এই কথাই বলবো যে, বাংলাদেশের যেখানে যেখানে অয়েল এক্সপ্লোরেশনের সুযোগ যে সমস্ত জায়গায় আছে এবং ঐ মুর্শিদাবাদের আমিনাবাদে কেন হল না তার জন্য একটা অনুসন্ধান কমিটি করা উচিত এবং আমাদের সন্দেহ যে, এটা কোন পলিটিক্যাল রিজন-এ হয়নি। সেজন্য সেটা আপনার সামনে রেখে মণিবাবুর এই যুক্তিসঙ্গত এবং সুসংহত প্রস্তাবকে সমর্থন করে, যুক্তফ্রন্টের আমাদের সংগ্রামী মন্ত্রী শ্রীধাড়া মহাশয়কে আবেদন জানিয়ে বলবো, আপনি আর একটু জোরের সঙ্গে ঐ কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন।

**শ্রীমণি সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ও এন জি সি রিপোর্টার বলে একটা পত্রিকা আছে যেটা অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশনের অফিসিয়াল অরগ্যান সেই পত্রিকা থেকে কিছু অংশ উদ্ধৃত করে জানাতে চাই এই হাউসে..............

**Mr. Deputy Speaker:** Mr. Sanyal, I think the Hon'ble Minister will say something.

**শ্রীবিভূতি পাহাড়ী:** ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্য শ্রীঅমল রায় আজকে আপনার সামনে একটা জরুরী বিষয় উত্থাপন করেছিলেন যে মাননীয় সদস্য শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ৬০ দিনের বেশী এখানে অনুপস্থিত ছিলেন এবং সেই কারণে বিধিসঙ্গত যে ধারাগুলি আছে সেই অনুযায়ী তাঁর সদস্যপদ বাতিল হওয়া উচিত। আপনি তখন বলেছিলেন যে আপনি এই জিনিসটা দেখবেন এবং আপনি খাতাপত্র দেখবেন কিন্তু আমি জানতে পারলাম এই সংবাদটা তাঁর বন্ধুরা তাঁকে এখান থেকে দিয়েছেন এবং তিনি তাড়াহুড়া করে ছুটে এসে সহি করে এখানে এসে হাজির হয়েছেন একেবারে শেষ বেলায়। তিনি ভীত হয়েই এসেছেন এবং তাঁর ভীত হওয়ার কারণও আছে আমি বুঝি কিন্তু যখন আপনি বলেছেন যে আপনি দেখবেন এবং তদন্ত করবেন তখন তাঁকে এখানে বসার সুযোগ দেওয়া ঠিক কিনা এবং সহি করতে দেওয়া ঠিক কিনা আপনি একটু বিচার করে দেখুন।

**Mr. Deputy Speaker:** Mr. Pahari, the member is present today. He has just arrived. When that point was raised by Shri Amalendra Lal Roy under art. 190, sub-clause 4, I reserved my ruling observing that I would look into all the relevant papers to find out whether the member is suffering from any

disqualification. This will be looked into. He is now present and he has every right as a member of this House to be present as his seat has not been declared vacant under that article. As a member he has every right to come here and sign the attendance register. After his presence and when he is attending the House at present you ought to have wait and you ought not to have mention this matter because I have already expressed my opinion on this particular matter. He is present and he has every right to be present and to sign the attendance register.

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীমণি সান্যাল যে প্রশ্নের অবতারণা করেছেন সেই প্রশ্নটা খুবই গুরুত্বপূর্ণ সে বিষয়ে কোন সন্দেহ নেই। বাংলাদেশের সম্পদ, শিল্প, সম্ভাবনা এবং বেকারত্ব দূর করার জন্য যে বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়গুলি মাননীয় শ্রীসান্যাল, শ্রীঅধিকারী, শ্রীদাসঘোষ এবং অন্যান্যরা তুলেছেন আমি মনে করি সেগুলি খুবই সঙ্গত, কিন্তু আমি জানি না কোন চক্রান্ত আছে কিনা তবে চক্র থাকলেও থাকতে পারে। চক্র এবং চক্রান্তের মধ্যে কিছু পার্থক্য আছে। আমরা অনেক চক্রে অনেক সময় ঘুরপাক খাই কিন্তু সেটা চক্রান্ত নাও হতে পারে। এটা ঠিক যে ১৯৬৬ সালে ৫ হাজার মিটার গভীর পর্যন্ত গিয়ে এই তেলের সন্ধান করা হবে এই লক্ষ্য নিয়ে সেদিন কেন্দ্রীয় সরকার বোদরাতে ড্রিলিং সুরু করেছিলেন কিন্তু ১৯৬৭ সালের ২০শে ফেব্রুয়ারী তাঁরা ৩,২০০ মিটার পর্যন্ত গিয়েছিলেন, গিয়ে আটকে গেলেন। আবার তারা চেষ্টা করলেন ১৯৬৭ সালে—৩,৮২০ মিটার পর্যন্ত গেলেন। দুঃখের কথা তারপরে অত্যন্ত মন্থর গতি হল এবং ১৯৬৯ সালে গিয়ে দেখা যাচ্ছে ৪,১৯৭ মিটার পর্যন্ত গিয়ে সেটা স্টাক আপ করেছে বলে ঘোষণা করে বন্ধ করে দিয়েছেন। প্রথম থেকেই অর্থাৎ যেদিন আমরা মন্ত্রীত্বে এলাম প্রায় তারপর থেকে এ নিয়ে এর পেছনে লেগে আছি—ফিঙ্গে পাখীর মত যদি বলেন তাহলে খুব খারাপ কথা হবে না, প্রায় ঐ রকমই লেগে আছি এর পেছনে এবং এই বিধানসভা কক্ষে বহুবার এই বিষয় নিয়ে প্রশ্নোত্তরে এবং অন্যান্যভাবে আলোচনা হয়েছে।

[12-20—12-30 p.m.]

জরুরী বিষয় হিসাবে কয়েকবার এর আলোচনা হয়ে গেছে। কিন্তু আমরা অনেক দূর এগিয়েছি। আমার মনে হয় এ নিয়ে কয়েকবার কেন্দ্রীয় সরকারের কাছে টেলেক্স পাঠিয়েছি, চিঠি পাঠিয়েছি, টেলিফোনেও কথা বলেছি। শুধু তাই নয় কেন্দ্রীয় মন্ত্রীসভার কাছে গিয়ে ধর্না দিয়েছি। তাছাড়া কেন্দ্রের এই বিভাগের যিনি মন্ত্রী তিনি পশ্চিম বাংলার অধিবাসী ডঃ ত্রিগুণা সেন—তিনি কোলকাতায় এ নিয়ে দু' বার বসেছেন। দু বারই আমরা কথা বলেছি এবং একবার ১২-৭-৬৯ তারিখে মুখ্যমন্ত্রীর ঘরে উপ-মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীরা সকলে মিলে তাঁর সংগে বসে সম্মেলন করেছি। এই সময় তাঁদের অফিসাররাও ছিলেন। তাঁরা ডাটা ইত্যাদি সব বলতেন যার ভাষা সব বোঝা যায় না। এই যে ও এন জি সি-র কথা বললেন সেসব আমরা সব সময় বুঝতে পারি না, কারণ সেসব টেকনিক্যাল ব্যাপার। সাধন গুপ্ত মহাশয় সফিসটিকেটেড মেশিনের কথা উল্লেখ করেছেন। সেসব আমরা শুনেছি এবং ও'রাই একথা বার বার বলেছেন। একটা কথা বলতে চাই যে

The Central Minister for Petroleum and Chemicals informed the State Government in April, 1969 that in Bodra well the drilling work had not been completed and the horizon of interest was being tested for possible hydro-carbon potential and also for geo-physical evidence. The contention of the Union Minister was that it would not be worth-while to drill another well in the neighbourhood of Bodra well.

আমরাও তাঁদের কথাবার্তার মধ্যে দেখেছি যে তাঁরা একেবারে এটাকে অ্যাবানডন করেননি। এ পর্যন্ত তাঁরা একবারও বলছেন না যে পশ্চিম বাংলায় কোথাও হবে না। বজবজ, ২৪ পরগণার উভয় দিকে কোথাও হবার সম্ভাবনা আছে একথা তাঁরা মনে করেন। এই অবস্থার মধ্যে খুব সঙ্গত কারণে শৈলেন অধিকারী মহাশয় বলেছেন অয়েল ইম্পিরিয়ালিজম। রাজনীতি,

অর্থনীতির মধ্যে ইম্পিরিয়ালিজম-এর কথা শুনেছি, কিন্তু তেলের ক্ষেত্রে ইম্পিরিয়ালিজম আছে একথা শুনিনি। তবে এটা ঠিক যে সর্বপ্রদানেষু তৈল মর্দন হলে কিছু কাজ হয়। তেল পশ্চিম বাংলায় আছে। কোলকাতা তেলের উপর ভাসছে এর চেয়ে বড় আনন্দের আর কি আছে। আমি এটা পারসু করে যাচ্ছি। আজ প্রধানমন্ত্রী এখানে আসছেন এবং যদি কোন সুযোগ পাওয়া যায় একটু কথা বলবার তাঁকে এটা বলবার চেষ্টা করব। এইটুকু বলতে পারি যে তাঁকে যদি এ নিয়ে তৈল দিলে সুবিধে হয় তাহলে তা দিতে রাজী আছি। সাধন গুপ্ত মহাশয় বলেছেন কিছুটা লুব্রিকেটিং অয়েল ঢেলেছিলেন বলে যে রিপোর্ট বেরিয়েছে তাতে বলব যে আমরা যদি কিছু তৈল দিলে হয় তাহলে আমরা সেটা চেষ্টা করব।

**শ্রীমণি সান্যালঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি ও এন জি সি-র রিপোর্ট থেকে কিছু তথ্য এখানে রাখছি। ২০শে মে তারিখে দেরাদুনে ও এন জি সি-র ম্যানেজার্স কনফারেন্স হয়, সেই ম্যানেজার্স কনফারেন্স ইনওগুরেট করেন ডঃ ত্রিগুণা সেন।

addressing the General Managers, Project Managers and Heads of Directorate of the Commission at their biennial conference at Dehradun on 20th May. Dr. Sen বললেন by the end of 1973-74 the demand for crude oil would be nearly 28 million tonnes, but indigeneous production was expected to be only 10 million tonnes. This meant that India would have to import 18 million tons costing over one hundred crores in foreign exchange.

শ্রীশৈলেন অধিকারী মহাশয় তৈল-ইম্পিরিয়ালিজমের কথা বলে বলেছেন যে ভারতবর্ষকে হয়ত বিদেশ থেকে তেল আমদানী করতে বাধ্য করা হবে। ডঃ সেনের কথা অনুযায়ী বছরে ১০০ কোটি টাকার মত তেল আমাদের আমদানী করতে হবে আমাদের চাহিদা পূরণ করবার জন্য। কাজেই বিদেশী যে সমস্ত তেল কোম্পানী আছে তারা নিশ্চয়ই চাইবেন না যে ভারতবর্ষ তেলে স্বয়ংসম্পূর্ণ হোক। স্ট্যান ভ্যাক, ক্যালটেক্স, কেউ চাইবে না যে ভারতবর্ষ তেলে স্বয়ংসম্পূর্ণ হোক। কাজেই ষড়যন্ত্র যে হবে এটা স্বাভাবিক কথা। শৈলেনবাবু সংগতভাবেই বলেছেন যে এর পেছনে তেল-সাম্রাজ্যবাদীদের হাত আছে কিনা সেটা ভেবে দেখা উচিত। এখানে তেল দেয়াদেয়ির কোন ব্যাপার নয়, আমাদের দেশে যে তেলের সম্ভাবনা রয়েছে সেটাকে কতখানি পর্যন্ত কাজে লাগাতে পারবো এবং তার মধ্য দিয়ে বাংলাদেশ এবং ভারতবর্ষ সমৃদ্ধশালী হবে কিনা সেটাই চিন্তা করতে হবে। হলদিয়াতে আমরা তেলের রিফাইনারী করছি, বিদেশ থেকে এই যে ১০০ কোটি টাকার তেল আসবে তার মধ্য থেকে হলদিয়ার রিফাইনারীতেও তেল আসবে, কিন্তু কলকাতা, ২৪ পরগণা, বজবজের দক্ষিণ অঞ্চল এবং চৈতন্যপুর প্রভৃতি স্থানে যে তেলের সম্ভাবনা রয়েছে সেখানে যদি তেল-কূপ খনন করে সেখান থেকে তেল নিষ্কাশন করতে পারি তাহলে আমাদের হলদিয়াতে যে তেল শোধনাগার রয়েছে সেখানে এই তেল পরিশোধিত হবে এবং বিদেশ থেকে তেল এনে পরিশোধন করবার প্রয়োজন হবে না। কাজেই এই জিনিস আমাদের ভাবা দরকার। এটা শুধু তেল পরিশোধন করার ব্যাপারও নয়, আরো বহু জিনিস এর সাথে জড়িত রয়েছে। একটা বিরাট সম্ভাবনা রয়েছে তেলের ব্যাপারে—পেট্রোলিয়ামের সংগে বহু রকমের ইম্পরট্যান্ট বাই-প্রোডাক্ট রয়েছে এবং নানারকম শিল্প গড়ে ওঠার সম্ভাবনা রয়েছে। এখানে পেট্রোল হতে পারে, ইথার হতে পারে, গ্যাসোলীন হতে পারে, কেরসিন হতে পারে, জ্বালানী তেল হতে পারে, পরিষ্কারক পদার্থ হতে পারে, জীবাণুনাশক পদার্থ হতে পারে, ঔষধ তৈরীর বিভিন্ন রাসায়নিক উপাদান হতে পারে, ক্রিম, সাম্পু, লিপস্টিক, ন্যাপথা, সিনথেটিক ফাইবার পর্যন্ত তৈরী হতে পারে। কাজেই একটা বিরাট সম্ভাবনা এর পেছনে রয়েছে। সমস্ত বাংলাদেশ এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল বিরাট সমৃদ্ধিশালী শিল্প-অঞ্চলে পরিণত হতে পারে যদি তার থেকে আমরা তেল নিষ্কাশন করতে পারি। ডঃ সেন বলেছেন

India could go in for intensive production. He noted that an eminent American Geologist spoke of this basin which is a part of Ganges valley Oil and Gas basin and it had been compaired to the rich oil basin of Lybia.

বাংলাদেশকে লিবিয়ার সংগে তুলনা করা হয়েছে। লিবিয়া যেমন বিরাট সম্ভাবনাপূর্ণ তৈল-এলাকা ঠিক সেই রকম বাংলাদেশও এক বিরাট সম্ভাবনাপূর্ণ তৈল এলাকা। একে ওয়েস্ট এশিয়ার সংগে তুলনা করা হয়েছে, একে আমেরিকান সার্ভে অব পোস্ট বেসিনের সংগে তুলনা করা হয়েছে এবং তিনি বলেছেন

He would like the basin to be explored undaunted by initial setbacks.

এই যে স্টাক অফ হয়ে গেল এবং এই ইনিসিয়াল সেট ব্যাক হওয়া সত্ত্বেও আন্ডন্টেডভাবে আমাদের ড্রিলিং করতে হবে। কিন্তু একথা বলা সত্ত্বেও এই কাজ বন্ধ হয়ে গেছে সে জিনিস আমরা দেখতে পাচ্ছি। মন্ত্রিমহাশয় বলেছেন যে একথা তাঁরা কখনও নাকি বলেন নি যে একেবারে চিরকালের জন্য কাজ বন্ধ করে দিচ্ছি। এটা তাঁরা কখনও বলবেন না, কারণ এটা চক্রান্তের একটা অংগ। আমরা করব না একথা বললে তার অনেক রকম রিপারকাসন হতে পারে। কাজেই বলছেন আমরা ভবিষ্যতে করব, অনুসন্ধান করছি ইত্যাদি। কিন্তু অন্যান্য অঞ্চলে নূতন মেসিন এনে অনুসন্ধান করার প্রয়োজন ত হচ্ছে না। অন্যান্য অঞ্চলে সিসমিক জরীপের দ্বারাই সব ঠিক হচ্ছে। মাদ্রাজে ১২টি কূপ খনন করা হয়েছে কিন্তু ১২টিই শূন্য এবং তা সত্ত্বেও সেখানে অব্যাহত গতিতে বোরিং চলছে। তারপর জয়সাল-মিলে ৪টি কূপ খনন করা হয়েছে, চারটিই ড্রাই বেরিয়েছে অথচ সেখানেও অব্যাহত গতিতে বোরিং-এর কাজ চলছে। বাংলাদেশের সব থেকে সম্ভাবনাপূর্ণ এলাকা এবং সেখানে যে একটিমাত্র বোরিং করা হল সেটিও সম্পূর্ণ হল না। পাঁচ হাজার মিটার পর্যন্ত খনন করার কথা কিন্তু ৩,৬৮০ মিটার পর্যন্ত প্রোডাকসন সার্ভে করা হয়েছে, তার বেশী করা হয় নি। এবং সব থেকে সম্ভাবনাপূর্ণ যে এলাকা ৪ হাজার থেকে ৫ হাজার মিটার - যা খনন না করলে কিছুই বলা সম্ভব নয় তা খনন করা হল না। একথা বিশেষজ্ঞরাই বলেন যে ৪ হাজার থেকে ৫ হাজার মিটারই সব থেকে সম্ভাবনাপূর্ণ এলাকা। সেটা এখানে খনন এবং প্রডাকশন সার্ভে করা হল না। অথচ বলা হচ্ছে ড্রিলিং বন্ধ করে দাও। চিরতরে বন্ধ করে দেওয়া হচ্ছে একথা বলা হচ্ছে না ঠিকই। কিন্তু কাজে আমরা কি দেখছি। কাজে দেখছি সমস্ত রিগগুলো খোলা হচ্ছে এবং খুলে নিয়ে সেগুলো ট্রান্সফার করে নিয়ে যাওয়া হচ্ছে ত্রিপুরায়। এটা হল কেন্দ্রীয় সরকারের মাননীয় তৈলমন্ত্রীর নির্বাচনী এলাকা। বাংলাদেশ থেকে মেশিন খুলে নিয়ে সেখানে সমস্ত মেশিনগুলি ট্রান্সফার করা হচ্ছে, বাংলাদেশের কর্মচারীদের অন্যান্য প্রদেশে পাঠান হচ্ছে। কাজেই এই অবস্থায় কি করে ভরসা করব যে তাঁরা আবার কূপ খননের ব্যবস্থা করবেন, নূতন করে ড্রিলিং হবে। সুতরাং এই জিনিস বিচার করে দেখে আমি আপনার মাধ্যমে যুক্তফ্রন্ট সরকারের কাছে এ কথাই বলতে চাই যে কেন্দ্রীয় সরকারের উপর যদি প্রচণ্ড চাপ সৃষ্টি না করা যায় তাহলে ড্রিলিং এখানে হবে না, কাজেই সেই চাপ আমাদের সৃষ্টি করতেই হবে।

[12-30—12-40 p.m.]

The motion of Shri Mani Sanyal that this Assembly requests the Government of West Bengal to move the Central Government in order to continue the drilling of oil-fields in prospective areas of West Bengal, viz., Bodra, Canning, Baraset, Bolepur, etc., etc., to find out oil-fields which will create great employment potentiality as also enrich the State Exchequer, was then put and ageed to.

### Discussion on Matter under Rule 194

**Mr. Deputy Speaker:** Dr. Taraknath Chakraburtty may please make a short statement on the point sought to be raised by him.

**ডাঃ তারকনাথ চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৭ই জুন কুলটি থানার অন্তর্গত সাঁকতোড়িয়া গ্রামে এক ফাটল দেখা যায়, আসানসোল এলাকায় এই ফাটল কি ভয়াবহ অবস্থা যাঁরা জানেন, তাঁরাই বোঝেন। কিছুদিন আগে এই ফাটল দেখা দিয়েছিল কেন্দুয়া বাজারে, তারপরে তিন ফুট সমানে নেমে যায়। কিন্তু এমনই আইনের ব্যাপার যে তিন ফুট নেমে গেলেও

ঘরবাড়ী ভেঙ্গে গেলেও কারও কাছ থেকে কোন সাহায্য পায় না, পরিত্যক্ত খনি মালিককে বলা যায় না যে ক্ষতিপূরণ দাও, এই অবস্থাই ঘটেছে সাঁকতোড়িয়া গ্রামে। কিছুদিন এইরূপ ঘটেছিল বরাচকে এবং সেক্ষেত্রেও সরকার অসহায়তা প্রকাশ করেছেন যে আমাদের কোন আইন নাই। তারা এইভাবে কাজ করে চলেছে অথচ তাদের জোর জবরদস্তি করতে পাচ্ছি না যে কোন সাহায্য দাও, কেন না কোন আইন নাই। এই খনি এলাকা বেঙ্গল কোল কোম্পানী ১৯১৯ সালে পরিত্যক্ত করে সেই খনির পিলারগুলি ভাঙ্গাতে আরম্ভ করে ডিউ টু এজ, এইরকম অবস্থা হয়েছে যে সেখানে বাস করা যায় না। মানুষকে যে সেখান থেকে সরিয়া নেওয়া যাবে তার উপায় নাই। সেজন্য কিছু টেন্ট করে রাখা হয়েছে। মাননীয় মন্ত্রী সুশীল ধাড়া মহাশয়কে কিছুদিন আগে আমি সেখানে নিয়ে গেছলাম এবং দেখালাম কিভাবে সেখানে মানুষ জবর ইত্যাদি অসুখে বাস করে, সব সময় অসুখ লেগেই আছে, সরকার থেকে কোন সাহায্য যায় না, একমাত্র জি আর ছাড়া। তাও আবার কয়েক মাস হল বন্ধ হয়ে গেছে। এই আসানসোল এলাকায় নূতন সমস্যা এটা নয়, বছর বছর দেখা যাবে যে সমস্ত খনি আছে সেগুলিতে ধ্বস নেমে আসছে। মাননীয় সুশীল ধাড়ার সামনে কনফারেন্সে আমি বলেছিলাম যে ধ্বস নামা বন্ধ করুন, সেটা বন্ধ করতে হলে মাটির তলায় যে জল আছে সেটা তুলে নিতে হবে, কিন্তু সমস্যা হচ্ছে যেমনি জল তুলে নেওয়া হল বালি সেখানে দেবার আগেই ধ্বস নেমে যায়, সেজন্যই সেই সভায় বলেছিলাম যে যে সমস্ত এফেকটেড এলাকা, সেখানে যেন এক তলার বেশী বাড়ী করতে না দেওয়া হয়, এবং তাদের প্রত্যেককে পাঁচ কাঠা করে জমি দেওয়া হয় এবং মিনিমাম সরকার থেকে দু হাজার করে টাকা দেওয়া হয়। সরকারের যদি টাকার অভাব থাকে, সে সম্বন্ধে আমি বলি যে আসানসোল অঞ্চলে মাসিক ৩০।৩২ লক্ষ টন কয়লা ওঠে, সেখানে শতকরা ২৫ নয়া পয়সা করে যদি ডেভেলপমেন্ট ট্যাক্স বসান হয় তাহলে মাসে আমরা ৮ লক্ষ টাকা পেতে পারি, সেই টাকা দিয়ে এদের পুনর্বাসন, রাস্তা এবং আরও অনেক কিছু কাজ করা যায়। কাজেই আমি বিশেষ ভাবে অনুরোধ করতে চাই যে অবিলম্বে তাদের যেন জি আর ক্যাশ এবং গম দেওয়ার জন্য ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেন।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাকতোড়িয়া গ্রামে ধ্বস নামা সম্পর্কে মাননীয় সদস্য ডাঃ তারকনাথ চক্রবর্তীর আলোচনা উত্থাপনের নোটিশ সম্পর্কে আমি উল্লেখ করতে চাই যে গত ১১-৬-৬৯ সন্ধ্যায় কুলটি থানার অন্তর্গত সাকতোড়িয়া গ্রামে ধ্বস নামায় ৩০টি পরিবারের ৩৪টি বাড়ী ক্ষতিগ্রস্ত হইয়াছে। কেন্দ্রীয় সরকারের খনি দপ্তরের অনুসন্ধান ও জরিপ সংক্রান্ত রিপোর্ট হইতে জানা যায় যে ৫০ বছরের পরিত্যক্ত খনিতে ভূগর্ভস্থ পিলার ভাঙ্গিয়া যাওয়ার ফলে সাকতোড়িয়া গ্রামের মাটিতে ফাটল দেখা দিতে পারে বলিয়া অনুমান করা হইয়াছিল। এই ধ্বস নামার ফলে স্থানীয় পাকা বাড়ী ও মাটির বাড়ীগুলিতে ফাটল দেখা দিয়েছে। কিন্তু ইহার ফলে কোন পাকা বাড়ী বা মাটির বাড়ী ভাঙ্গিয়া পড়ে নাই। ডিরেক্টর জেনারেল অব মাইন সেফটি-এর অভিমতে যদিও কোন বড় ধরনের ধ্বস নামিবার সম্ভাবনা নাই কিন্তু ফাটল আরো বিস্তার লাভ করিবার সম্ভাবনা আছে। স্থানীয় কর্তৃপক্ষ খনির মালিকদের সহায়তায় ক্ষতিগ্রস্ত পরিবারদিগকে সাময়িকভাবে নিরাপদ স্থানে ও তাঁবুতে আশ্রয় দিবার ব্যবস্থা করিয়াছেন। স্থানীয় নেতৃবৃন্দের মতে কয়লা খনি অঞ্চলের অধিবাসীরা সাধারণতঃ নিজেদের বাসস্থান পরিত্যাগ করিয়া অন্যত্র যাইতে রাজী হয় না। সুতরাং তাহাদের মতে বৃহৎ আকারে স্থান পরিত্যাগ করিবার কোন সম্ভাবনা নাই। ভূমি স্থিতি ও বাড়ী ঘর দুয়ার মেরামত না হওয়া পর্যন্ত গ্রামবাসীদের সাময়িক আশ্রয়ের প্রধান সমস্যা সমাধান করা হইয়াছে প্রয়োজনীয় স্থানে খয়রাতি সাহায্য যেটা জি আর বলে দিবার ব্যবস্থা করা হইয়াছে। ক্ষতিগ্রস্ত গরীব কৃষক পরিবারদিগকে গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর করিবার প্রশ্নটিও সরকারের সংশ্লিষ্ট বিভাগের বিবেচনাধীন আছে।

**শ্রীহারাধন রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার আগে ডাঃ তারকনাথ চক্রবর্তী মহাশয় সাকতোড়িয়ার ব্যাপারে যে ঘটনা রেখেছেন সে সম্পর্কে আমি দু চারটে ঘটনার কথা বলতে চাই। সমগ্র আসানসোল মহকুমা হচ্ছে খনি অধ্যুষিত এলাকা এবং এটা সাকতোড়িয়ার বিশেষ ব্যাপার নয়। ঐ এলাকায় যে সমস্ত খনি এলাকা রয়েছে সমগ্র আসানসোল এবং দুর্গাপুরের পার পর্যন্ত—সাকতোড়িয়ার ব্যাপারটা শুধু এখানে উঠেছে। আমরা জানি এই

জমি ধ্বংসের ফলে আরো বহু গ্রাম রয়েছে যেখানে সরকারের তরফ থেকে নোটিশ জারি করা হয়েছে, গোহাটি গ্রামেও ঠিক একই অবস্থা হয়েছে এবং আলুটিয়া গ্রামেও সেখানে নোটিশ হয়েছে এবং কোলাগ্রাম অণ্ডাল থানায় সেখানেও নোটিশ হয়েছে এবং আরো বিভিন্ন গ্রামে নোটিশ হয়েছে। গত বছর ১৯৬৭ সালে জেমেরি এলাকায় অক্টোবর মাসের মাঝামাঝি প্রায় ৫০০ বিঘার বেশী জমির ধান তৈরী হয়েছিল। সেই জমি ধ্বসে যাবার ফলে এক জলাশয়ের মত অবস্থায় পরিণত হয়েছিল এবং এ সম্বন্ধে আমাদের প্রাদেশিক সরকারের এমন কোন আইন নেই যাতে মালিকদের বাধ্য-বাধকতা করতে পারেন। আমরা জানি বিভিন্ন জায়গায় কোলিয়ারিতে যে সমস্ত ড্রিলিং হয় সেখানে নিয়ম হচ্ছে স্যান্ড প্যাকিং করা। আমরা বিভিন্ন জায়গায় দেখেছি তা কোথাও হচ্ছে না। স্যান্ড প্যাকিং-এর নামে মালিকেরাই কন্ট্রাক্ট নেয়, তারাই সেখান থেকে কয়লা তোলে এবং স্যান্ড প্যাকিং-এর নামে লক্ষ লক্ষ টাকা মুনাফা লাভ করে। এইরকম আসানসোল মহকুমায় বহু ঘটনা হয়েছে। এ সম্বন্ধে আমি এ্যাসেম্বলীতে বলেছিলাম যে সমস্ত খনি এলাকার ব্যাপারে বিশেষ করে ধ্বসের ব্যাপারে একটা পূর্ণ অনুসন্ধান হওয়া উচিত। কেন না আমরা জানি কেন্দ্রীয় সরকারের সেখানে দপ্তর রয়েছে, মাইন সেফটি ডিপার্টমেন্ট রয়েছে, সেখান চীফ মাইনিং ইন্সপেক্টর রয়েছে এবং সাধারণতঃ নিয়ম হচ্ছে ঘনবসতি এলাকায় সেখানে মালিকেরা কয়লা কাটতে পারেন না। যে সমস্ত জমি জায়গা রয়েছে সেখানে পূর্বে অনুমতি না নিয়ে বন্দোবস্ত না নিয়ে মালিকেরা সেখানে কি করে কয়লা কাটতে পারে এবং এই ঘটনাগুলি হচ্ছে অদ্ভুত ব্যাপার যে যাদের জমি তারা জানল না যে সেখানে কয়লা কাটা হচ্ছে। তাদের সাথে কোন বন্দোবস্ত করলেন না, গ্রামের নীচে যেখানে কয়লা কাটা হচ্ছে সেখানে গ্রামবাসীকে জানান হল না যে গ্রামের নীচে কয়লা কাটা হচ্ছে যখন গ্রাম ধ্বসে গেল, জমি ধ্বসে গেল তখন আমাদের প্রাদেশিক সরকারের জিম্মাদারী আসে জন-পদকে রক্ষা করবার জন্য গ্রামবাসীদের রক্ষা করবার জন্য। তখন আমাদের সরকারকে নোটিশ জারী করতে হয় যে আপনারা গ্রাম ছেড়ে চলে যান, নিজের ইচ্ছায় যদি বসবাস করতে চান, সম্পত্তি হানি বা জীবন হানির জন্য সরকার দায়ী হবেন না।

[12-40—12-50 p.m.]

আমার সেখানে পরিষ্কার বক্তব্য যে এই কাজকে বন্ধ করবার জন্য প্রাদেশিক সরকারকে খুব গভীর ভাবে চিন্তা করে দেখতে হবে এ সম্পর্কে কোন আইন করা যায় কিনা এবং কেন্দ্রীয় সরকারকেও সেটা ভেবে দেখতে হবে। স্যার, এখন ঘটনাটা হচ্ছে এই যে যারা খনির মালিক তারা মাটির তলা থেকে কয়লা কেটে ওপরে তোলার ফলে গ্রামের জমি ধ্বসে যাচ্ছে কিন্তু তাদের কোন খেসারত দিতে হচ্ছে না, তাদের পুনর্বাসন বা জীবিকার কোন ব্যবস্থা করতে হচ্ছে না শুধু মাত্র প্রাদেশিক সরকার সেই গ্রামবাসীদের নোটিশ দিয়ে গ্রামছাড়া করেন বা উৎখাত করেন, এ জিনিস কিছুতেই চলতে পারে না, এই দৃষ্টিভঙ্গী কেন্দ্রীয় সরকারেরও গ্রহণ করা উচিত। এখন এমন অনেক কোলিয়ারী আছে যেখানে অতীতে কয়লা কাটা হয়েছে এরকম কোলিয়ারী—বর্তমানে নন্দলাল জালান কোম্পানী রতিবাড়ী কয়লাখনির মালিক বা টার্নার মরিসন ত্রিপুর এলাকার সেখানে বহু গ্রাম রয়েছে যেখানে গ্রামবাসীদের দিনরাত সব সময় ভূমিকম্পে যেমন হয় তেমনি অবস্থায় কাটাতে হয়—এইভাবে কেঁপে উঠার জন্য বাড়ীগুলিতে ক্র্যাক হচ্ছে বা ফাটল হচ্ছে কিন্তু এর বিচার কোথাও নেই। গত ২০ বছর ধরে কংগ্রেসী আমলে গ্রামবাসীরা বার বার দরখাস্ত করেছেন, কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন, গণ ডেপুটেসনে গেছেন কিন্তু এ সম্পর্কে কোন সুরাহা হয়নি। আজ তাই আমি যুক্তফ্রন্ট সরকারকে এই কথা বলতে চাই যে এটা শুধু সাকতোড়িয়া গ্রামের ব্যাপার নয়, সমগ্র খনি এলাকার জনপথকে কিভাবে বাঁচিয়ে তাদের স্বার্থকে সুরক্ষিত করা যায় সেটা দেখতে হবে। তারা যাতে আবার উদ্বাস্তু হয়ে ভিখারীতে পরিণত না হয় সেইজন্য সেই জনপথকে রক্ষা করবার জন্য এবং তাদের ফসলের জমিকে রক্ষা করবার জন্য ব্যবস্থা অবলম্বন করা দরকার। তাছাড়া যে সমস্ত গ্রামের জমি ধ্বসে গিয়েছে সেই সমস্ত গ্রামের মানুষদের পুনর্বাসন ও বাসস্থানের বিকল্প ব্যবস্থা বা তাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা কিভাবে করা যায় সেটা প্রাদেশিক সরকারকে ভেবে দেখে সেই দাবীকে কেন্দ্রীয় সরকারের কাছে জোরালোভাবে তুলতে হবে। সঙ্গে সঙ্গে সেই সমস্ত খনির মালিকরা তাদের খেসারত দিতে এবং বিকল্প ব্যবস্থা করতে যাতে বাধ্য হয় সেটাও দেখতে হবে। এই প্রসঙ্গে স্যার, আমি আর একটা কথা বলতে চাই কয়লা তোলার ফলে ঐ সমস্ত এলাকা এমন হয়ে যাচ্ছে যে ওখানে যে সমস্ত কুয়ো

বা পুকুর আছে মাটির নীচে ফাঁপা হয়ে যাবার ফলে সেই সমস্ত কুয়োতে জল না থাকার ফলে গ্রামবাসীদের বহু জায়গায় গ্রাম ছেড়ে চলে যেতে হচ্ছে। স্যার, আমি রাণীগঞ্জ থানার অন্তর্গত নিমচা এলাকায় বে-আইনীভাবে কয়লা কাটার ফলে সেখানে ভূ-নিম্নে যে আগুন জ্বলছে সে সম্পর্কে বলতে চাই। স্যার, সেই আগুন এখনও পর্যন্ত সামলানো যায় নি। এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ উদাসীন হওয়ার ফলে বহু লোককে সেখান থেকে উঠে যেতে হচ্ছে কিন্তু তাদের পুনর্বাসন বা জীবিকার কোন ব্যবস্থা করা হয়নি। তাছাড়া সেখানে যে দুটো রেলওয়ে মেন লাইন আছে আসানসোল থেকে হাওড়া পর্যন্ত সেই লাইন পর্যন্ত বিপন্ন হয়েছে। যে কেউ গিয়ে দেখতে পাবেন সেই রেল লাইনের ৪০।৫০ গজ দূরে মাটির নীচে থেকে আগুন জ্বলে উঠছে এবং সমগ্র এলাকাটা ধূমায়িত অবস্থায় রয়েছে। এই সমস্ত জিনিসের আশু প্রতিকার করার প্রয়োজন আছে। আমি নিজে বিভিন্ন কোলিয়ারীতে ঘুরে ঘুরে দেখেছি, বহু জায়গায় কাজ হচ্ছে কিন্তু তা সত্ত্বেও আমি সেখানকার ম্যানেজারদের জিজ্ঞাসা করেছি যে কি মশাই, আপনারা এই কাজ করছেন অথচ স্যান্ড টৌকিং করছেন না কেন। তারা বললেন মাইন্স ডিপার্টমেন্টের অধিকার আছে কোথাও করেন কোথাও আমাদের তারা পারমিসন দেন। আমরা বিনা পারমিসনেও সেখানে করতে পারি। এটা শুধু সাকতোড়িয়ার কথা নয়, সমগ্র কোলিয়ারী বেল্টেরই এই অবস্থা। এই জিনিসটা যদি আজকে প্রাদেশিক সরকার গভীরভাবে চিন্তা না করেন তাহলে ফল খারাপ হবে। তাছাড়া স্যার, পূর্ববঙ্গের যে সমস্ত লক্ষ লক্ষ এসেছেন সেই সমস্ত উদ্বাস্তুদের সমস্যার সমাধান আমরা করতে পারি নি। সমগ্র আসানসোল এলাকার মানুষ যারা আজ বিপন্ন হতে বসেছেন তাদের জন্য যদি আজকে এই অবস্থার অবসান না করা যায় তাহলে তাদের দুরবস্থার মুখোমুখি হবার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে দাঁড়াতে হবে। ডাঃ তারক চক্রবর্তী যেকথা বলেছেন আমরা জানি যে কয়লার মালিকরা তারা জনসাধারণ যারা ক্রেতা তাদের কাছ থেকে নানারকমভাবে সেস আদায় করে। সেই টাকাটা কিন্তু সাধারণ মানুষের কল্যাণের জন্য লাগানো হয় না। সেই টাকাতে তাদের স্বাস্থ্যের জন্য, তাদের স্কুল, রাস্তাঘাট ও পানীয় জলের জন্য খরচ করা দরকার কিন্তু এ সম্বন্ধে কোন ব্যবস্থা হয় নি। এগুলির দিকে প্রাদেশিক সরকারকে নজর দিতে হবে। কয়লাখনির মালিকদের কাছ থেকে প্রতি টনে একটা সেস বা লেভি আদায় করা উচিত। যে সমস্ত এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং যেখানকার মানুষ বিপন্ন হয়েছে তাদের বাঁচানোর ব্যবস্থা করা উচিত। তার সাথে সাথে অন্যান্য এলাকায় যাতে তারা বেআইনীভাবে কয়লা উত্তোলন করতে না পারে এবং কেন্দ্রীয় সরকারের সাথে ষড়যন্ত্র করে যেভাবে তারা গ্রামকে গ্রাম বিপন্ন করছে সেটা বন্ধ করার জন্য আমাদের প্রাদেশিক সরকারের আশু ব্যবস্থা অবলম্বন করা উচিত সেই বক্তব্যই আমি এখানে আপনার মাধ্যমে রাখছি।

## Non-official Resolutions

**Mr Deputy Speaker:** Shrimati Ila Mitra may please move her resolution.

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব মুভ করবার আগে আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা বিষয়ে বলবার আগে আমি বলতে চাই শিক্ষা মন্ত্রিমহাশয়ের উপস্থিতি সম্পর্কে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই তিনি যদি এখানে উপস্থিত হন তাহলে আমার বক্তব্য বলার পক্ষে সুবিধা হবে।

**Mr. Deputy Speaker:** Yes, the matter concerns the Education Department, so I am looking into the matter, and the Hon'ble Minister is being informed.

**শ্রীমতী ইলা মিত্র:** আমার প্রস্তাব হচ্ছে—"এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে পশ্চিমবঙ্গের যেসকল গ্রামে এখনও একটিও প্রাথমিক বিদ্যালয় নাই অবিলম্বে সেই সকল গ্রামে অন্ততঃ এক শ্রেণীবিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হোক।" মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কোন ঐতিহাসিক প্রস্তাব উত্থাপন করতে উঠিনি কিংবা এই প্রস্তাব উত্থাপন করবার সময়

কোন রকম গর্ব বা কৃতিত্বের অনুভূতি আমার আসছে না, বরং ২২ বছর স্বাধীনতা লাভের পর এই প্রস্তাব আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে উত্থাপন করতে হচ্ছে বলে অপরিসীম লজ্জায় আমার মাথা নত হয়ে আসছে। বিগত বাজেট অধিবেশনের সময় শিক্ষা খাতে আমি ইললিটারেসি এক্সপ্লোসানের কথা বলেছিলাম। আমাদের সংবিধান নির্দেশ দিয়েছিলেন যে ১৯৬০ সালের মধ্যে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, বাধ্যতামূলক এবং সার্বজনীন করতে হবে। ২২ বছরের মধ্যে আমরা তা করে উঠতে পারিনি, এর চেয়ে লজ্জার বিষয় বোধ হয় আর কিছু নেই। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সর্বত্র অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু আছে একথা বিধানসভায় মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় বলেছেন ৯ই জুলাই মাননীয় সদস্য শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ের একটা প্রশ্নের উত্তরে। সেই প্রশ্নের উত্তরে তিনি আরো বলেছেন যদি অর্থের সংস্থান করতে পারা যায় তাহলে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে প্রাথমিক শিক্ষাকে সর্বত্র পশ্চিম বাংলায় অবৈতনিক করা যেতে পারবে, কিন্তু বাধ্যতামূলক করা যাবে কিনা সে সম্পর্কে কোন নিশ্চয়তা দিতে পারা যায় না। কিন্তু কোন ক্ষেত্রে প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করার কোন ঘোষণা নাই। ১৯৬৬ সাল থেকে প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের কাজ একেবারে বন্ধ হয়ে আছে। মাননীয় সদস্য শ্রীভবানী মুখোপাধ্যায়ের ১লা আগস্টের একটা প্রশ্নের উত্তরে এই বিধানসভায় মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় বলেছেন যে ১৯৬৭ সালে কোন প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়নি, বর্তমানে ১৯৬৮ সালের প্রস্তাব বিবেচনাধীন আছে। মাননীয় সদস্য শ্রীহাজারিলাল মন্ডলের একটা প্রশ্নের উত্তরে গত ২২শে আগস্ট শিক্ষা মন্ত্রিমহাশয় জানিয়েছেন ১৯৭০ সালে কোন জেলায় গ্রামাঞ্চলের জন্য কোন প্রাথমিক বিদ্যালয়কে মঞ্জুরী দেবার কোন কোটা গ্রহণ করা হয়নি। এ বছরে আমরা ঢাক ঢোল পিটিয়ে গান্ধী শতবর্ষ পালন করছি। এবং রুশ বিপ্লবের নেতা মহান লেনিনের জন্ম শতবর্ষ আমরা পালন করছি। গান্ধীজী তাঁর সারা জীবনের সাধনা দিয়ে ভারতবর্ষের গ্রামাঞ্চলে শিক্ষার প্রদীপ জ্বালাতে চেয়েছিলেন, আর আজ পশ্চিমবঙ্গের বিধানসভায় দাঁড়িয়ে ব্যর্থতার স্টক-টেকিং করতে গিয়ে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় আমাদের কাছে উপস্থিত করেছেন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের ব্যবস্থা ১৯৬৭ সালে হয়নি, ১৯৬৮ সালে হয়নি, ১৯৬৯ সালের অর্ধেকের বেশী চলে গেল অথচ কোন ইতিবাচক ঘোষণা করা যাচ্ছে না।

[12-50—1 p.m.]

কংগ্রেসী মন্ত্রীরা বরাবরই শিক্ষার দায়িত্ব এড়িয়ে গিয়েছেন। তাঁরা শিক্ষার বনিয়াদ গড়তে চাননি, তাই বরাবরই প্রাথমিক শিক্ষা অবহেলিত হয়েছে। খের-কমিটির সুপারিশের সঙ্গে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর মত অন্য আর কেউ বোধহয় অত বেশী পরিচিত নন। এই খের-কমিটির সুপারিশের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ সুপারিশ হচ্ছে রাজ্য বাজেটের শতকরা ২০ ভাগ এবং কেন্দ্রীয় বাজেটের শতকরা ১০ ভাগ শিক্ষা খাতে ব্যয় করতে হবে। আর শিক্ষা খাতের ব্যয়ের শতকরা ৬০ ভাগ প্রাথমিক শিক্ষার জন্য ব্যয় করতে হবে। এইজন্য আমরা লড়ছি। যুক্তফ্রন্ট সরকারের শিক্ষা নীতির ঘোষণায় বলা হয়েছে ১৯৭০ সালের পয়লা জানুয়ারী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করা হবে। এবং প্রাথমিক শিক্ষার ব্যাপকতম ভিত্তি স্থাপন করা হবে। আমাদের শিক্ষামন্ত্রী বলেছেন যে প্রাথমিক বিদ্যালয়ে যাবার জন্য কোন বিদ্যার্থীকে এক মাইলের বেশী হাঁটতে হবে না।

ভারত সরকারের যে শিক্ষা কমিশন সেটা কোঠারী কমিশন নামে খ্যাত, সেই কোঠারী কমিশন সুপারিশ করেছেন জনবসতি পাঁচ শো হলে অথবা দূরত্ব এক মাইলের মধ্যে হলে প্রাথমিক বিদ্যালয় সেখানে স্থাপন করতে হবে। সরকারের শিক্ষানীতি ঘোষিত হয়েছে জুলাই মাসে। কিন্তু আজ পর্যন্ত বিধানসভার আলোচনায় তার কোন প্রতিফলন দেখা যাচ্ছে না। এখনো শিক্ষাদপ্তর প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বাড়াবার কোন সিদ্ধান্ত নিতে পারছেন না। আজকে বিধানসভায় সর্বসম্মতিক্রমে ঘোষণা করতে হবে প্রাথমিক শিক্ষাবিস্তারে পশ্চিম বাংলার এই লজ্জাজনক পরিস্থিতির অবসান আমরা চাই।

কুড়ি বছর ধরে কেন্দ্রীয় কংগ্রেস সরকার, রাজ্যে রাজ্যে কংগ্রেস সরকার, জেলা বোর্ডে, জেলা পরিষদে কংগ্রেসের কর্তৃত্ব, অধিকাংশ পৌরভবন কংগ্রেসের কর্তৃত্বে থাকা সত্ত্বেও পশ্চিম বাংলায় ৬ থেকে ১০ বৎসর বয়ঃসীমার বালক-বালিকাদের মধ্যে নিরক্ষরতার সংখ্যা ক্রমবর্ধমান থেকেছে।

যেখানে বৃটিশ ভারতবর্ষের পশ্চিম বাংলায় শিক্ষা বিস্তারের হার ভারতবর্ষের গড় হার থেকে বেশী ছিল, সেখানে আজ তা কমে গিয়েছে। একমাত্র জম্মু, কাশ্মীর ও ত্রিপুরা ছাড়া পশ্চিম বাংলার মত শিক্ষাক্ষেত্রে এমন অব্যবস্থা আর কোন রাজ্যে হয় নাই। আমাদের শিক্ষামন্ত্রী জেলা স্কুল বোর্ডগুলি ভেঙ্গে দিয়েছেন বটে, কিন্তু জেলা স্কুল বোর্ডে কংগ্রেসী কর্তাদের যে স্বার্থ, তাদের যে নীতি, সেই নীতি ও স্বার্থ যদি তিনি না ভেঙ্গে দিতে পারেন, তাহলে সেটা যুক্তফ্রন্ট সরকারের ব্যর্থতার পরিচয় হয়ে থাকবে। এই পশ্চিম বাংলায়, আপনি জানেন, এক-তৃতীয়াংশের বেশী গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। সরকারী পরিসংখ্যান মতে পশ্চিম বাংলায় বাস করে এমন গ্রামের সংখ্যা ৩৮,৫২৩; পশ্চিম বাংলায় পৌরসভার সংখ্যা মাত্র ৮৯ এবং পশ্চিম বাংলার জনসংখ্যার শতকরা ২৫ ভাগ সহরে থাকেন। সরকারী হিসেব মত পশ্চিম বাংলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৫,৭৮৩। এই প্রাথমিক বিদ্যালয়ের শতকরা ২৫ ভাগ আবার সহরাঞ্চলে অবস্থিত। এইভাবে হিসাবের মাধ্যমে এই সিদ্ধান্তে উপনীত হতে পারা যায় যে পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৭ হাজারের মত, কিন্তু এমন অনেক গ্রাম আছে, যেখানে একাধিক প্রাথমিক বিদ্যালয় আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে ১৯৬৪ সালের ২৩শে সেপ্টেম্বর তারিখে মাননীয় সদস্য অধ্যাপক নির্মাল্য বাগচীর একটা প্রশ্নের জবাবে তদানীন্তন শিক্ষামন্ত্রী শ্রীরবীন্দ্রলাল সিংহ মহাশয় বিধান পরিষদের সভায় জানান পশ্চিম বাংলার ১৪,৫২৬টি গ্রামে আদৌ কোন প্রাথমিক বিদ্যালয় নাই। ১৯৬৫ সালে দ্বিতীয় সর্বভারতীয় শিক্ষা সার্ভে থেকে জানা যায় পশ্চিম বাংলায় প্রাথমিক বিদ্যালয় আছে এমন জনপদের সংখ্যা ২৬,৯৭১। অর্থাৎ ও'রা একটা কথা বলেছেন যে পশ্চিম বাংলার প্রায় সাড়ে বারো হাজার গ্রামে একটিও প্রাথমিক বিদ্যালয় নাই। এই সার্ভেতে বলা আছে যে এক মাইলের মধ্যে প্রাথমিক বিদ্যালয় নাই এইরকম জনপদ ২,৭৬৪টি। সম্প্রতি বিধানসভায় আমার একটি প্রশ্নের উত্তরে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়ও এই কথা বলেছিলেন। তাই আমি আপনার মাধ্যমে এই সভার সমস্ত সদস্যদের সেকেন্ড অল ইন্ডিয়া এডুকেসন সার্ভের ১৮০ পাতায় ৯নং টেবিল দেখবার জন্য অনুরোধ করি। এই নিদারুণ পরিস্থিতি কল্পনাও করা যায় না। কিউবার কথা এবং মুক্তিযুদ্ধে উদ্বেল দক্ষিণ ভিয়েতনামের দিকে দেখুন—তারা এক হাতে মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছে আর এক হাতে নিরক্ষরতার অভিশাপ দূর করার চেষ্টা করছে। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী সাধারণতন্ত্র ঘোষিত হোল—সংবিধানের দ্বারা রাষ্ট্র পরিচালনার মধ্যে তার কি ভূমিকা আছে জানি না তবে এখনও আমরা সেই ইংরাজের রচিত ১৯৩০ সালের রুর‍্যাল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট দ্বারা চালিত হচ্ছি যা ১৯৪০ সালে বিধিবদ্ধ করা হয়েছিল। সেই আইনে বলা হয়েছিল যেখানে জনবসতি ২,০০০ সেই এলাকায় একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় বিশ্ব যুদ্ধের আগে বিশ্বব্যাপী মন্দার বাজারে বৃটিশ শাসক আমাদের দেশে যে আইন রচনা করেছিল আজও সেই আইন কেন মেনে চলতে হবে। গঙ্গা দিয়ে অনেক জল বয়ে গেছে—আজ সংবিধানে সার্বজনীন বাধ্যতামূলক শিক্ষার কথা স্বীকৃত হয়েছে। সাম্রাজ্যবাদ বৃটিশ বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা বিস্তারের জন্য ১৯৩০ সালের আইনে লিপিবদ্ধ করেনি। আজ সমস্ত পালটে গেছে—আজকে সেই নিয়ম আঁকড়ে ধরলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় প্রজাতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে। আজকে গ্রাম থেকে গ্রামান্তরে এই যে ক্রমবর্ধমান নিরক্ষরতার কথা ভাবতে হবে। আজকে শ্রমিক নিরক্ষর, কৃষক নিরক্ষর সমাজতন্ত্রের বুনিয়াদ রচনায় তারা একেবারে অক্ষম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধান প্রণেতারা যখন সংবিধানের এই ধারা সন্নিবেশিত করেছিলেন শিক্ষাকে সার্বজনীন করেছিলেন তারা নিশ্চয় গণতান্ত্রিক সমাজবাদকে প্রতিফলিত করবার জন্যই করেছিলেন। তাই আমি বলতে চাই বর্তমান সামাজিক কাঠামোয় প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করতে পারবো কিনা জানি না কারণ বাধ্যতামূলক করতে হলে যে সমস্ত নিয়ম দরকার বর্তমান সামাজিক প্রেক্ষাপটে এখনও বিদ্যালয়ে ছেলেমেয়েদের পাঠানো গ্রাম বাংলার একটা বিলাসিতার সামগ্রী। এই অবস্থার পরিবর্তন না হলে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা যাবে না। অনেক জায়গায় এমন পরিস্থিতি হয়ে দাঁড়িয়েছে যে বিদ্যালয় না থাকার জন্য অনেক ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

গ্রামাঞ্চলে অবৈতনিক শিক্ষার প্রচলন ইংরাজরাই করে গিয়েছিলেন। আমরা যদি তাকে সার্বজনীন এবং সহজলভ্য করতে না পারলাম তবে স্বাধীনতা, প্রজাতন্ত্র সমস্তই দেশের অধিকাংশ মানুষের কাছে কেবলমাত্র স্তোকবাক্য হয়ে থাকবে। মাননীয় সভাপাল মহাশয়, সংবিধানের প্রতি আনুগত্য ঘোষণা করেই আমরা সবাই মনোয়নপত্র দাখিল করেছিলাম, সেই সংবিধানের ঘোষণাকে কার্যকরী করার জন্য আমি এই প্রস্তাব রাখছিঃ

"এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, পশ্চিম বাংলার যে সকল গ্রামে এখনও একটিও প্রাথমিক বিদ্যালয় নাই, অবিলম্বে সেই সকল গ্রামে অন্ততঃ একশ্রেণীবিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হউক"।

[1—1-10 p.m.]

**Mr. Deputy Speaker:** There are amendments to this motion by Shri Panchkari De, Shri Amalendra Lal Roy Prodhan, Shri Anil Kumar Mukherjee and Shri Amiya Bhusan Bandopadhayaya. I now call upon Shri Panchkari De to move his motion.

**শ্রীপাঁচকড়ি দেঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার এ্যামেন্ডমেন্টটি মুভ করছি, আমার এ্যামেন্ডমেন্টটি হচ্ছেঃ

মূল প্রস্তাবের ২য় লাইনে "অবিলম্বে" শব্দটির পরিবর্তে "আগামী ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে" শব্দগুলি প্রতিস্থাপিত করা হউক।

মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাবটি মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র আজকে এনেছেন এই প্রস্তাবটির মধ্যে যে দাবিটি আছে আমি মনে করি এটা অত্যন্ত ন্যূনতম দাবি, এটা এমন কিছু বড় কথা নয়। যে কাজ বহুদিন আগেই শুরু হওয়া উচিত ছিল এবং যার কিছু সমাধানও হওয়া উচিত ছিল। অত্যন্ত দুঃখ ও লজ্জার বিষয় আজকে আমাদের এখানে দাঁড়িয়ে সে কথার পুনরাবৃত্তি করতে হচ্ছে। তিনি তাঁর বক্তৃতার ভেতরে পরিসংখ্যান দিয়ে সমস্ত কথাই বিশদভাবে বলেছেন, আমি আর সে কথা বলতে চাই না। তিনি যে প্রস্তাবটি রেখেছেন সে প্রস্তাবটি যে জরুরী সে বিষয়ে কোন সন্দেহ নেই; তবুও সেই জরুরি প্রস্তাবের উপরেও আমি কেন সংশোধন আনছি এ প্রশ্ন নিশ্চয়ই আসবে। যে প্রস্তাব এসেছে, সেটা যে ভাষার মারফৎ এসেছে সেই ভাষার ভেতরে যদি সামান্য ফাঁক থাকে তাহলে হয়ত প্রস্তাবটা পাশ হয়ে যাবে কিন্তু তারপরে আইনটা অকেজো থেকে যাবে, অচল থেকে যাবে। ভাষার এদিক ওদিকের জন্য আইনটার অপব্যাখ্যাও হতে পারে। কাজেই যে প্রস্তাব রচনা করা হয়েছে তার জন্য খুব সতর্কতা এবং সাবধানতা দরকার। আমরা জানি অতীতে এ রকম অনেক প্রস্তাব আমাদের দেশে হয়ে গিয়েছে কিন্তু সেই প্রস্তাবের ভেতরে সামান্য ২।১টি কথার জন্যই সেটা কার্যকরী হয়নি। কাজেই আমাকে সংশোধনী আনতে হয়েছে। যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের ভেতরে একটি কথাকে অবলম্বন করেই আমি সংশোধনী এনেছি, সেটা হচ্ছে "অবিলম্বে" কথাটি। প্রস্তাবটিতে আছেঃ "এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, পশ্চিম বাংলার যে সকল গ্রামে এখনও একটিও প্রাথমিক বিদ্যালয় নাই, অবিলম্বে সেই সকল গ্রামে অন্ততঃ একশ্রেণীবিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হউক"। এখন এই অবিলম্বে কথাটির উপরে আমি বিস্তৃতিমূলক কয়েকটি কথা যোগ করতে চাই। কেন না এই "অবিলম্বে" কথাটি আমরা দেখেছি অর্থহীন। সরকারী বিভাগের কাছে অবিলম্বে বলতে ১।২।৪।১০ বছর হতে পারে। সুতরাং "অবিলম্বে" কথাটিকে ভালোভাবে বেঁধে দেওয়ার দরকার আছে। সেইজন্য তার বিস্তৃতিমূলক একটি সংশোধনী এনেছি। ঐ স্থানে আমি দিতে চাই "আগামী ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে"। "এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, পশ্চিম বাংলার যে সকল গ্রামে এখনও একটিও প্রাথমিক বিদ্যালয় নাই, আগামী ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে সেই সকল গ্রামে অন্ততঃ একশ্রেণী বিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হউক"।

সরকারী বিভাগের কাজ আমরা জানি, কত শিথিল, কত গয়ংগচ্ছভাবে চলে। কাজেই যে অসংখ্য গ্রামের কথা উনি বললেন যেখানে বিদ্যালয় নাই সেখানে বিদ্যালয় হতে কত বছর কেটে যাবে কে জানে। সেইজন্য এই সময়সীমা আমরা বেঁধে দিতে চাই।

সময়সীমা না থাকলে তাগিদও থাকবে না। আমরা জানি অনেক সময় এইরকম একটা তাগিদের অভাবে কাজ পড়ে থাকে। আমরা যে আজ বিদ্যালয়ের অভাব অনুভব করছি তাগিদ না থাকলে সেই অভাব আরো বেশ কয়েক বছর ধরে থেকে যাবে। সুতরাং এই প্রস্তাবের উদ্দেশ্য এখনই ১৯৭০ সালের ১লা জানুয়ারী থেকে যাতে এই কাজ সুরু হয়ে যায় প্রত্যেক গ্রামে বিশেষ করে যে সমস্ত গ্রামে আজও কোন বিদ্যালয় নেই। বিদ্যালয় নেই অথচ আমরা গণতান্ত্রিক রাষ্ট্র চালাচ্ছি কিন্তু শিক্ষা ছাড়া এই গণতন্ত্র যে অচল এই কথা আমরা সকলে বুঝছি এবং প্রাথমিক শিক্ষা ছাড়া মানুষের নাগরিক অধিকার থাকে না এই কথা সাধারণ মানুষও আজ বুঝেছে। তাই যে সমস্ত গ্রামে শিক্ষালয় নেই সে বিষয়ে আমরা আর উপেক্ষা করতে পারি না, সুতরাং এই অবিলম্বের জায়গায় এই কয়টি কথা সংশোধনী এনে আমি এই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন করছি।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয়া সদস্যা অধ্যাপিকা শ্রীমতী ইলা মিত্র আজকে যে মূল প্রস্তাব এনেছেন তার উপর মাননীয় অমর রায় প্রধান মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। আজকে অত্যন্ত দুঃখের বিষয় যে বাংলাদেশ একদিন কি প্রাথমিক শিক্ষায়, কি মাধ্যমিক শিক্ষায়, কি উচ্চতর শিক্ষায় ভারতবর্ষের মধ্যে শীর্ষ স্থান অধিকার করেছিল এবং আধুনিক শিক্ষা যে বাংলাদেশ থেকে প্রথম ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে ছড়িয়ে পড়েছিল, কিন্তু আজকে দুঃখ এবং বেদনার বিষয় যে সেই বাংলাদেশের বিধানসভায় এক প্রস্তাব আনতে হয়েছে যে বাংলার প্রতিটি গ্রামে অন্ততঃ একশ্রেণীবিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত করা হোক। আপনি স্যার, কিছুদিন আগে হয়ত লক্ষ্য করে থাকবেন যে বাংলাদেশের একটি প্রথম শ্রেণীর দৈনিক কাগজে বেরিয়েছে যে সাক্ষরিক মানের দিক থেকে বিচার করলে পশ্চিম বাংলার স্থান ভারতবর্ষের মধ্যে নবম এবং বৃটিশ ভারতের অন্তর্গত প্রদেশগুলির মধ্যে বাংলার স্থান ছিল সর্বোচ্চ। যাই হোক ত্রিবাঙ্কুর রাজ্য বৃটিশ ভারতের বাহিরে ছিল এবং তারা বৃটিশ ভারতের কাছে সাহায্য চেয়েছে এবং কিছুদিন আগে পর্যন্ত আমরা জানতাম যে শিক্ষার দিক থেকে বাংলাদেশ ভারতবর্ষের মধ্যে চতুর্থ বা পঞ্চম স্থান অধিকার করেছে। কিন্তু আজকে আমরা পড়ে বিস্মিত হচ্ছি যে বাংলাদেশ সাক্ষরিকতার মানের দিক থেকে নবম স্থানে গিয়ে দাঁড়িয়েছে। সুতরাং স্বাধীনতার ২২ বছর পরে এই কথা জলের মত পরিষ্কার হয়ে যাচ্ছে যে বাংলাদেশের শিক্ষার মান অবনতির দিকে যাচ্ছে এবং তার উন্নতির কোন লক্ষণ দেখা যাচ্ছে না। সুতরাং আজকে যদি অন্ততঃ বাংলাদেশে আক্ষরিক জ্ঞান শিক্ষার মানের দিক থেকে বৃদ্ধি করতে হয় তাহলে দেশে প্রাইমারী এডুকেসন বা প্রাথমিক বিদ্যার উন্নতি করতে হবে এবং প্রাথমিক শিক্ষা ব্যবস্থার মধ্যে যেয়ে তার যথেষ্ট উন্নতি বিধান করতে হবে এই সম্পর্কে কোন সন্দেহ নেই এবং আজকে এই যে প্রস্তাব বাংলাদেশের প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হোক, যে সমস্ত গ্রামে বিদ্যালয় নেই অবিলম্বে ১৯৭০ সালের ১লা জানুয়ারীর মধ্যে সেই সমস্ত গ্রামে অন্ততঃ পক্ষে এক শ্রেণী-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত করা হোক। এর জন্য সরকারের কাছে যে আবেদন জানানো হয়েছে সেটা অত্যন্ত যুগোপযোগী এবং গুরুত্বপূর্ণ এবং আমি আশা করবো বিশেষ করে জনদরদী যুক্তফ্রন্ট সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই প্রস্তাবের রূপদান করার জন্য যথাযথ চেষ্টা করবেন। প্রাথমিক বিদ্যালয়ের কথা বলতে গেলে স্যার, একটি কথা মনে পড়ছে—আমরা কি তাহলে বলব কংগ্রেস আমলে দেশে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়নি বা তাঁরা কোন চেষ্টা করেন নি? নিশ্চয়ই আমরা স্বীকার করবো যে তাঁরা অনেক প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত করেছেন এবং অনেককে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরূপে প্রতিষ্ঠিত করেছেন। কিন্তু খুব দুঃখের বিষয় সেই প্রাথমিক বিদ্যালয়গুলিকে তাঁদের এক একটি রাজনীতির আড্ডখানা বা আখড়ায় পরিণত করার চেষ্টা করেছেন, যার ফলে বাংলাদেশে শিক্ষার উন্নতি হয়নি।

[1-10—1-20 p.m.]

আপনারা জানেন কিছুদিন আগে পর্যন্ত মাইনিং স্কুলে যাদের শিক্ষকরূপে নিয়োগ করা হয়েছিল কিভাবে তাদের অনিচ্ছাসত্ত্বেও কংগ্রেসের সেবকের কাজে লাগানো হয়েছিল, সেই ইতিহাস সকলের জানা আছে এবং এও জানেন হাওড়া জেলায় যেখানে কংগ্রেস হেরে ভূত হয়ে গেছে সেখানে কি নির্লজ্জভাবে ২৬৫ জনকে প্রাথমিক শিক্ষক হিসাবে মনোনয়ন দেওয়া হয়েছিল। কিন্তু আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী তাদের এক ভাবে ঠিকমত নির্বাচিত করে তাদের বাদ দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। প্রত্যেক দেশে একটা নিয়ম আছে যাকে বলা হয় থ্রি আরস অর্থাৎ রিডিং, রাইটিং অ্যান্ড রিথমেটিক—অন্ততঃ প্রত্যেকটি লোককে পড়বার মত, লেখবার মত এবং প্রাথমিক জ্ঞানের জন্য যোগ, বিয়োগ, গুণ, ভাগ যাতে শিখতে পারে তার ব্যবস্থা করার নিয়ম আছে। আমার মনে হয় আজকে গ্রামে গ্রামে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করলেই দেশের শিক্ষার মান উন্নত হবে না। দেশে যে হাজার হাজার নিরক্ষর জনসাধারণ রয়েছেন তাদেরও শিক্ষিত করে গড়ে তুলতে হবে। এইজন্য শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে অন্ততঃ প্রতি জনে না হোক, কয়েকটি গ্রাম মিলেও যাতে একটি করে অ্যাডাল্ট এডুকেশন সেন্টার গড়ে তোলা যায় তার জন্য যথাযথ ব্যবস্থা করুন এবং জেলায় জেলায় যে ডিস্ট্রিক্ট সোস্যাল এডুকেশনের অফিসার রয়েছে এবং তারাই সাধারণতঃ দেশের বিভিন্ন স্থানে এই অ্যাডাল্ট এডুকেশনের প্রসার করে বেড়ান এবং তার জন্য যেন উৎসাহ দেওয়া হয় এবং উপযুক্ত পরিমাণে তাদের যেন অর্থ সাহায্য করা হয় যার ফলে জেলার বিভিন্ন জায়গায়, প্রতিটি গ্রামে যাতে নিরক্ষর ব্যক্তিদের সাক্ষর জ্ঞানসম্পন্ন করা যায়, অন্ততঃ খবরের কাগজ পড়ার মত শিক্ষা যাতে তাদের দেওয়া হয়, এই ব্যবস্থা যদি তিনি করেন তাহলে বাংলাদেশের জনসাধারণের কাছে নিশ্চয়ই কৃতজ্ঞতাভাজন হবেন। এটুকু অনুরোধ জানাই যে প্রতিটি গ্রামে অন্ততঃ প্রথম শ্রেণী বা দ্বিতীয় শ্রেণী বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় ১৯৭০ সালের ১লা জানুয়ারীর মধ্যে প্রতিষ্ঠিত হোক এবং অন্ততঃ দুটি গ্রামকে নিয়ে একটা করে অ্যাডাল্ট এডুকেশন সেন্টার গড়ে তোলা হোক, এই আবেদন জানাই এবং অমরেন্দ্রবাবুর এই প্রস্তাবের সমস্ত সংশোধনীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন, তার সঙ্গে আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি সেটা হলো যে জরুরী এবং গুরুত্ব উপলব্ধি করে এবং এই অবস্থা আজকে শিক্ষা ক্ষেত্রে—প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে হয়েছে তার জন্য আমি অবিলম্বে ১৯৭০ সালের ১লা জানুয়ারী যাতে এই প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বাংলাদেশের সর্বত্র চালু হয় সেই প্রস্তাব নিয়ে এসেছি। আমরা দেখেছি এবং বিভিন্ন সদস্যরাও বলেছেন যে ভারতবর্ষ আজ ২২ বছর স্বাধীন হয়েছে—সংবিধানে লেখা ছিল ১০ বছরের মধ্যে তাদের শিক্ষা দেয়ার কথা, বড় বড় কথা এইসব তো আমরা বহুদিন ধরে শুনে এসেছি কিন্তু বাস্তবে রূপ নেয় নি। আমরা সংবিধানের যখন শপথ নিয়েছি তখন আমাদের এই কাজ করা অন্ততঃ পশ্চিমবঙ্গে যুক্তফ্রন্ট সরকার এই বিষয়ে নিশ্চয়ই সচেষ্ট হবেন, কারণ আমরা জানি যে কোন স্বাধীন দেশ যেখানে তুরস্ক তার নব্য তুরস্ক করবার মুস্তাফা কামাল আতাতুকের প্রথম কর্তব্য সেদিন হয়েছিল—কথিত ছিল তিনি হাতে চক এবং পিঠে ব্ল্যাক বোর্ড নিয়ে গ্রাম থেকে গ্রামান্তরে নিরক্ষরতা দূর করার জন্য ঘুরেছিলেন। যে কোন দেশকে যখন গড়তে হয় তখন নিরক্ষরতা এবং অজ্ঞানতা থেকে যদি সেই দেশকে দূর করা না যায় সেই দেশের কি কৃষি ব্যবস্থা, কি শিল্প ব্যবস্থা কোন ব্যবস্থাই চলতে পারে না। আজকে গ্রাম বাংলার দিকে তাকালে দেখা যায় কয়েক হাজার গ্রাম এখনও প্রাথমিক শিক্ষার আওতা থেকে বহির্ভূত রয়েছে যদিও মফঃস্বল শহর এবং মিউনিসিপ্যাল এলাকাগুলিকে বাদ দিলেও আমরা দেখতে পাচ্ছি গ্রাম বাংলার জনসাধারণ যাদের অর্থনৈতিক দুর্গতি চরমে উঠেছে, যারা সরকারী সাহায্য থেকে বঞ্চিত আজ সেই গ্রামবাংলার চাষীদের ছেলেদের যদি শিক্ষিত না করি—আমরা কৃষির কথা না বলে যদি তাদের বৈজ্ঞানিক প্রথায় চাষ করতে বলি তাহলে তারা বুঝবে না। সুতরাং আজকে কৃষির উন্নতির জন্য তথা দেশের সামগ্রিক উন্নতির জন্য সেইসব গ্রামে যেসব গ্রামে এখনও পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় হয়নি সেই সমস্ত জায়গায় প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা উচিত। হয়ত এক্ষেত্রে একটা প্রশ্ন উঠবে সেটা অর্থনৈতিক সমস্যার কথা। আমরা জানি এ প্রশ্ন উঠবে বর্তমান আর্থিক

সমস্যায় কিভাবে এখনো যেসব গ্রামে স্কুল নেই সেইখানে এতগুলি স্কুল একসঙ্গে খুলবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই চার ক্লাস পর্যন্ত না খুলে সেইসব গ্রামে প্রথম শ্রেণী খুলে সেই অনুপাতে শিক্ষক রেখে আমরা কম খরচের মাধ্যমে স্কুল খুলতে পারি। তাছাড়া কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবী রাখতে হবে। এবং সেখানে সকলে গিয়ে দাবী জানাতে হবে অর্থের জন্য যাতে ১৯৭০ সালের ১লা জানুয়ারীর মধ্যে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করতে পারি তার জন্য। সেজন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে হবে। তাছাড়া শিক্ষামন্ত্রী অন্যভাবে যেভাবে টাকা আদায়ের বন্দোবস্ত করছেন তিনি আজকে প্রাথমিক শিক্ষার উপর সেইরকম গুরুত্ব আরোপ করে তিনি একটা পথ খুঁজে বের করবেন আশা করি। যেসব সম্পন্ন ব্যক্তি আছেন, যেমন কলকাতায় বড় বড় বাড়ী আছে যাদের তাদের কাছ থেকে কর আদায় করে, শিক্ষাকর আদায় করে একাজে ব্যয় করা যেতে পারে। কারণ এটা মানুষের বাঁচার জন্য দরকার। যেমন মানুষকে বাঁচার জন্য দৈনন্দিন অন্ন যোগাড় করতে হয়, সেইরকম মানুষকে বাঁচতে হলে প্রাথমিক শিক্ষা প্রয়োজন। প্রতিটি মানুষ আজ সেই অধিকার নিয়ে জন্মেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি গত ২২ বছর ধরে শিক্ষা নিয়ে রাজনীতি করা হয়েছে। আজকে যুক্তফ্রন্ট শাসন ক্ষমতায় প্রতিষ্ঠিত হওয়ার পর শিক্ষা নিয়ে যেন রাজনীতি না করা হয়। আজ যে সমস্ত অ্যাডভাইসারী বোর্ড হচ্ছে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব সেইখানে যাতে রাজনীতি না হয়। সেইখানে যাতে সুষ্ঠু শিক্ষাব্যবস্থা গড়ে উঠতে পারে এবং প্রকৃত শিক্ষার মান রাজনৈতিক পরিবেশ থেকে মুক্ত হয়ে আজকে গ্রামে গ্রামে গড়ে উঠতে পারে তার দিকে দৃষ্টি রাখবেন এই আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবে আমার পূর্ববর্তী মাননীয় কয়েকজন সদস্য যে সংশোধনী এনেছেন সেই সংশোধনীকে সমর্থন করছি। সংশোধনীটি হচ্ছে "অবিলম্বে" শব্দটির পরিবর্তে "আগামী ১লা জানুয়ারী হইতে" শব্দগুলি হইবে। এই সংশোধনী উত্থাপন করতে গিয়ে দু-একটা কথা আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং যুক্তফ্রন্ট গভর্নমেন্টের সামনে আমি রাখতে চাই। যদি যুক্তফ্রন্টের জীবন-দর্শন বলে কিছু থাকে আমি যা কিছু বুঝেছি তা হচ্ছে এই নীচের দিকে তাকিয়ে সর্বকিছু করা। ২০।২২ বছর ধরে উপরের দিকে তাকিয়ে বহু অর্থ, বহু চিন্তা, বহু কমিটি, কমিশন হয়েছে। আজকে যুক্তফ্রন্টে বিভিন্ন মতাদর্শের ব্যক্তি রয়েছেন তাঁদের মধ্যে একটি যোগসূত্র রয়েছে এবং একটি জীবন-দর্শনে মিল রয়েছে সেটা হচ্ছে নীচের দিকে তাকিয়ে সর্বকিছু করতে হবে। আজকে গ্রামে গ্রামে খাদ্য পুরোপুরি পেঁছে দিতে পারব না, এমন সব কিছু পেঁছে দিতে পারব না যাতে জীবনের সর্বকিছু উপভোগ করতে পারে। কিন্তু শুধু এইটুকু মাত্র অ, আ, ক, খ যদি আজকে শেখাতে পারি তাহলে আজকে যে একটা বিভিন্ন পরিবেশ আছে যার জন্য মানুষ লজ্জা পায় সেটা পাবে না। এই নূতন পরিবেশের প্রাথমিক ভিত্তি সেখানে গ্রথিত হবে। তাই যে সংশোধনী প্রস্তাব এখানে পেশ করা হয়েছে সেটা সমর্থন করছি। যদিও আমাদের স্মরণে আছে যে যুক্তফ্রন্ট সরকারকে আর্থিক সংকটের মধ্য দিয়ে চলতে হবে।

[1-20—1-30 p.m.]

এবং সেই প্রচণ্ড আর্থিক সংকটের সময় যে ধরনের উদার সহযোগিতা কেন্দ্রীয় সরকারের তরফ থেকে দরকার ছিল সেই সহযোতার এখন পর্যন্ত পদধ্বনি কিছু শোনা যাচ্ছে না। কাজেই ঠিক এই রকম পরিবেশের মধ্যে যা কিছু আমরা করবার চেষ্টা করি না কেন তার জন্য যথেষ্ট পরিমাণ প্রচেষ্টা আমাদের করতে হবে। কঠিন হলেও সেই কাজে হাত দেবার সামর্থ্য, সাহস, উদ্দীপনা এবং আত্মপ্রত্যয় যুক্তফ্রন্ট সরকারের যদি না থাকে তাহলে আর কোন গভর্নমেন্টের থাকতে পারে? কাজেই এই কঠিন অবস্থার মধ্যে, এই দুরূহ দুর্লঙ্ঘ অবস্থার মধ্যে আমাদের কদম কদম এগিয়ে যেতে হবে। তার জন্য আমরা এই প্রস্তাব করেছি যে, অন্ততঃ আর কিছু না হোক একশ্রেণীবিশিষ্ট একটি করে বিদ্যালয় ১২-১৪ হাজার গ্রামে হোক। যথেষ্ট কষ্ট হবে যথেষ্ট কঠিন হবে এর রিসোর্সেস সংগ্রহ করা এবং এটা একটা আপ হিল টাস্ক হবে আমি জানি কিন্ত সরকার ভাবুন কিভাবে এই রিসোর্সেস সংগ্রহ করতে হবে। যে উপর তলার

মানুষের উপর এতদিন ধরে অযাচিত করুণা ঢেলে দেওয়া হয়েছে, সেই উপর তলার মানুষের কাছ থেকে কিছু আনতে ক্ষতি নেই। তবু কিছু নীচের তলার মানুষের কাছে পেঁছাক। যাদের জন্য রবীন্দ্রনাথ একদিন বলেছিলেন যে, ওরা সভ্যতার পিলসুজ, ওদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে। কিন্তু ওরা আলো পায় না। সেই আলোটুকু পেঁছে দেওয়ার চেষ্টা হোক। এই আবেদন, এই সংশোধনী প্রস্তাব উত্থাপন করতে গিয়ে করছি। কিন্তু শুধু স্কুল করলে হবে না, তার সঙ্গে সঙ্গে সেই স্কুলগুলি পরিচালনার জন্য জেলায় কর্তৃপক্ষস্থানীয় বোর্ড থাকবে। শিক্ষামন্ত্রী এবং গভর্নমেন্ট খুব ধীরে সুস্থে ভাবুন। যথেষ্ট পঙ্কিলতা, যথেষ্ট সংকীর্ণতা এই রাজনীতির আবর্তে পড়ে বাংলাদেশের জেলায় জেলায় শিক্ষা জ্ঞানের দারুণ মালিন্য দেখা দিয়েছে এবং জাতির জীবনে কলঙ্ক লেপিত হয়েছে। আজকে সেই সেই ইতিহাসের পুনরাবৃত্তি যেন না হয়। আজ যখন মানুষ স্থানীয় কর্তৃপক্ষের দিকে তাকিয়ে বলতে পারে যে, এই উদার সংকীর্ণতা নয়, এ ন্যায় বিচার, শুধুমাত্র দলীয় স্বার্থ দেখে না। এই রকম অবস্থা সৃষ্টি করবার দরকার। এই আবেদন করে খুব নূতন কথা বলবার দরকার নেই। এই হাউসের সামনে আপনার মাধ্যমে মাননীয় শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী এবং গভর্নমেন্টের কাছে আমার এই আকুল আবেদন যে, এই প্রস্তাবকে কার্যকরী করুন। এমন উদার মন নিয়ে কার্যকরী করুন যাতে বাংলাদেশের নূতন পরিবেশ সৃষ্টি হতে পারে। এই আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধিকারঞ্জন প্রামাণিকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা শ্রীইলা মিত্র যে প্রস্তাব এনেছেন, এই প্রস্তাব সুষ্ঠু, সে সম্পর্কে কোন সন্দেহ নেই। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি দু-চারটি কথা আপনার মাধ্যমে বলতে চাই এই হাউসের সামনে। পৃথিবীতে যত সম্পদ আছে, সবচেয়ে বড় মূল্যবান সম্পদ হচ্ছে এই মানুষ। এই মানুষ পৃথিবীতে যত কিছু শিল্প, সাহিত্য দর্শন, বিজ্ঞান যতো রসে ভরা এই পৃথিবীতে সবই মানুষ সৃষ্টি করেছে। এই মানুষকে মানুষ করে গড়ার জন্য যত রকম শিক্ষা আছে তার প্রথম হচ্ছে এই প্রাথমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষা এই প্রাথমিক বিদ্যালয়গুলিতে হয়ে থাকে। ২০।২২ বছর কংগ্রেসী শাসনে আমরা দেখেছি যে, ছোট ছোট ছেলেমেয়ে যারা গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়ার জন্য সেখানে সব কংগ্রেসী কু-শাসনের ফলে, আমরা দেখেছি যে মাষ্টারমশাই নিয়োগ করা হোত, তাদের নিয়োগ করার সময়ে বলা হোত পড়াতে হবে না, শুধু কংগ্রেসী প্রচার কর, তোমার চাকরী হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের চেহারা দেখলে, ছাত্রদের অবস্থা দেখলে তাদের পঠন-পাঠন দেখলে বোধ করি আপনিও সহ্য করতে পারবেন না। মনে হবে এইসব আইকম্যানদের যারা শিশু হত্যা করছে, বাংলাদেশের মনীষীকে যারা হত্যা করতে চেয়েছিল, প্রতিভাকে যারা স্তব্ধ করতে চেয়েছিল এইসব আইকম্যানদের যেভাবে বিচার হয়েছিল, এদের ভবিষ্যতে গণআদালতে সেই রকমভাবে বিচার হওয়া দরকার। কিভাবে বাংলাদেশের প্রতিভাকে নষ্ট করা হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে। এরা বুঝেছিলেন যে, যত রকম শিক্ষা প্রতিষ্ঠান আছে, প্রাথমিক, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং বিশ্ববিদ্যালয় সবচেয়ে শয়তানী, সবচেয়ে জঘন্য কারবার চালানো যেতে পারে এই প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে।

মাধ্যমিক বিদ্যালয়ে, কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে যারা বয়স্ক ছেলেমেয়ে বা যেখানে পঠন-পাঠন নিজেদের বুঝে নেয়ার বিদ্যাবুদ্ধি আছে সেখানে অন্য কথা, কিন্তু প্রাথমিক বিদ্যালয়গুলিতে তারা লেখাপড়া বাদ দিয়ে সমস্ত দলীয় স্বার্থে রাজনীতি দিয়ে সেগুলিকে নষ্ট করে দিয়েছেন। গ্রামাঞ্চলে ছাত্রছাত্রীদের যারা গার্জেন তাদের পেটের জন্য, জীবিকার জন্য, জীবন ধারণের জন্য সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত মাঠে-ঘাটে, বনে-বাদাড়ে, কলে-কারখানায় কাজ করতে হয়, নিজেদের ছোট ছোট ছেলেমেয়েদের লেখাপড়া সম্বন্ধে বা স্কুলে কি হচ্ছে সে সম্বন্ধে খোঁজ খবর নেবার অবকাশ নেই, সময় নেই বা সামর্থ্য নেই। এই অবস্থায় কংগ্রেসীরা বুঝে নিয়েছিলেন যে একটা জাতের যদি সর্বনাশ করতে হয়, একটা জাতকে যদি রসাতলে দিতে হয় তাহলে প্রাথমিক বিদ্যালয়গুলির ভেতর রাজনীতি ঢোকাতে হবে এবং এমনিভবেই তারা এইসব

প্রাথমিক বিদ্যালয়গুলি চালিয়েছিলেন। আমরা যারা গ্রাম থেকে এসেছি আমরা জানি যে গ্রামের প্রাথমিক বিদ্যালয়গুলির দিকে তাকালে চোখ থেকে জল আসে। কি নির্মম অবস্থা সেখানে—পড়াশুনার কোন বালাই নেই, চালে খড় নেই, বোধহয় জোতদারদের গোয়ালঘরগুলিও পাঠশালা থেকে ভাল। সেখানে মাস্টার মশাইরা পড়ান না—১২টা।১টার সময় পান মুখে দিয়ে আসেন, তারপরে স্কুলের টেবিলে পা তুলে দিয়ে ঘুমোন, ছোট ছোট ছেলেরা সেখানে খেলা করে। তারপর তিনি ঘুম থেকে উঠে বললেন যাও। ছোট ছোট ছেলেপিলেদের ছুটি হলেই মজা। এইভাবে ২০।২২ বছর ধরে কংগ্রেসী কুশাসনে প্রাথমিক বিদ্যালয়গুলিকে চালানো হয়েছে। তাই আমি বলছি যে প্রস্তাব শ্রীমতী ইলা মিত্র এনেছেন সেটা সাধু প্রস্তাব সন্দেহ নেই কিন্তু এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলির যতদিন না উন্নতিসাধন হচ্ছে ততদিন পর্যন্ত কিছুই হবে না। আমি বলব এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলির সংস্কার সর্বাগ্রে প্রয়োজন। সেখানে পঠন-পাঠন হয় কিনা সেটা সম্বন্ধে খোঁজ নেয়া দরকার। যুক্তফ্রন্ট সরকার জনদরদী সরকার এবং আমাদের শিক্ষামন্ত্রী দীর্ঘকাল শিক্ষা জগতের সঙ্গে পরিচিত—আমি তাঁর কাছে অনুরোধ করব যে প্রাথমিক বিদ্যালয়গুলি যেগুলি বাংলাদেশে ছড়িয়ে রয়েছে সেখানে আদৌ পঠন-পাঠন হয় কিনা সে সম্বন্ধে খোঁজ নিন। এইসব বিদ্যালয়গুলি মানুষ গড়ার কারখানা। সুতরাং সেই কারখানার যারা কারীগর তারা উপযুক্ত কারীগর কিনা সেটা আগে দেখতে হবে। তা না করে যদি ছোট ছোট শিশুদের মনে এবং পেটের ভেতর জুজুর ভয়, বিদ্যালয়ের ভয় ঢুকিয়ে দেয়া যায় তাহলে তাদের ভবিষ্যৎ অন্ধকার। ঐ পাঠশালা থেকে তাদের মনে ভয় ঢুকিয়ে দিয়েছে বড় বড় কংগ্রেসীরা যারা কিছুই লেখাপড়া জানেন না। আমি বলতে পারি সন্দেশখালির বহু জায়গা আছে যেখানে ঐ মণ্ডল কংগ্রেসের কর্মকর্তারা, তারা শুধু নিজেরাই চাকরী করেন না, তাদের বৌকেও চাকরী দিয়েছেন এবং প্রক্সীতে চাকুরী চলছে—ক্লাস ফাইভ, সিক্সের ছেলেরা প্রক্সী দিচ্ছে। আমি জানি দীনবন্ধু দাস, হংসধ্বজ ধাড়া তারা কিভাবে চাকরীতে লোকজন ঢুকিয়েছেন। আপনি জানেন স্যার, ৩।৪ বছর আগে কাগজে বেরিয়েছিল মেদিনীপুরে একটা কারখানা আছে যেখানে নকল সার্টিফিকেট, জাল সার্টিফিকেট হয়। দীনবন্ধু দাসকে একবার পুলিশে ধরেছিল—তার মাধ্যমে নকল সার্টিফিকেট নিয়ে কিছু মাস্টার মশাই কংগ্রেসের ঘুষ দিয়ে ঢুকেছিলেন। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে আমাদের অন্ন, বস্ত্র, জীবনের সমস্ত কিছু কেড়ে নিয়েছে কংগ্রেসীরা এবং বাংলাদেশের প্রতিভা, মনীষা এবং বাংলাদেশের ভবিষ্যতকে স্তব্ধ করার জন্য এই যে চক্রান্ত চালিয়েছিল কংগ্রেসীরা তার যদি যথাবিহিত ব্যবস্থা করতে হয় তাহলে সমুচিত শিক্ষা দিতে হবে এবং সেই শিক্ষা দেবে বাংলাদেশের যারা ভবিষ্যত তারা। যারা ছেলেদের জীবন নষ্ট করে দিয়েছেন, তাদের লেখাপড়া করতে দেয় নি সেইসব কংগ্রেসী দুশমনদের শিক্ষা তারা দেবে। তাই উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই যে এই প্রস্তাব আমি সমর্থন করছি কিন্ত যে প্রাথমিক বিদ্যালয়গুলি আছে সেগুলির আমূল সংস্কারের একান্ত প্রয়োজন---আমি শিক্ষামন্ত্রীকে এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে যে সৎ উদ্দেশ্য নিয়ে আমরা এবং পার্টি বা ভেদাভেদ নীতিকে বর্জন করে যদি শিক্ষা ব্যবস্থা পরিচালিত করি তাহলে মনে হয় আমরা সুষ্ঠুভাবে শিক্ষা বিষয়ে আলোচনা করার সুযোগ পাই। কিন্তু যদি নানা রকম বিভ্রান্তিকর আলোচনা হয় তাহলে সেই বিভ্রান্তিকর আলোচনার ভেতরে বিশেষভাবে যাঁরা বোঝাতে চান তাঁরা একটু বিভ্রান্ত হন। যাহোক, প্রাথমিক শিক্ষার ব্যাপারে কংগ্রেসী আমলে যে কিছু হয় নি সেটা আমি স্বীকার করি না। আমি একথা বলতে চাই যে, দেশ বিভাগের পর প্রাথমিক বিদ্যালয়ের যে সংখ্যা ছিল, শিক্ষায় যে পার্সেন্টেজ ছিল, সেই পার্সেন্টেজ অনুযায়ী এবং যে পরিমাণ প্রাথমিক বিদ্যালয় ছিল সেটা কি তাই আছে, না এগিয়েছে? সুতরাং যদি বলা হয় কংগ্রেস আমলে কিছু হয় নি তাহলে আমাদের প্রাথমিক শিক্ষার যে পার্সেন্টেজ সেটা বৃদ্ধি পেল কি করে? অবৈতনিক শিক্ষার প্রচলন গ্রামদেশে যা হয়েছে সেটা কংগ্রেস আমলেই হয়েছে। তবে এখানে আমার কথা হচ্ছে যে প্রাথমিক শিক্ষা যা কিছু আছে সেটাতে কংগ্রেস

কেবলমাত্র রাজনীতি করেছে তা ঠিক নয়। কারণ শিক্ষার যতগুলি বোর্ড ইত্যাদি ব্যাপারে যে বিধিবদ্ধ নিয়মকানুন আছে তা তার ভেতর দিয়ে পরিচালিত হচ্ছে। যাহোক, কংগ্রেস আমলে কোন কিছু হয় নি কেবল দলবাজী করা হয়েছে। এগুলির বিরোধিতা করে শ্রীমতী ইলা মিত্রের প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজ মাননীয়া ইলা মিত্র যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং যে সংশোধনী ১৯৭০ সালের জানুয়ারী থেকে করার জন্য দেওয়া হয়েছে সেটাকে পূর্ণ সমর্থন করতে গিয়ে আমি এই প্রস্তাব সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। আজ এটা পরিষ্কার যে সরকারের সংখ্যায় বলছে প্রায় ১২ হাজারের বেশী গ্রামে এই পশ্চিমবাংলায় কোন প্রাথমিক বিদ্যালয় নেই। কিন্তু এই সংখ্যাতত্ত্ব সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে। আমাদের নির্বাচন কেন্দ্র সম্পর্কে কোন প্রশ্ন করলে সরকারের তরফ থেকে যে উত্তরগুলি দেওয়া হয় তাতে দেখা যায় তাঁরা বলেছেন সমস্ত গ্রামে স্কুল আছে, কিন্তু যে গ্রামগুলিতে করা হয় নি সে গ্রাম-গুলির উল্লেখ থাকে না। এ থেকেই বোঝা যায় সরকারী হিসাব ঠিক নয়। আমার ধারণা ১২ হাজারের অনেক বেশী গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। কংগ্রেস থেকে বলা হল যে কংগ্রেস আমলে অনেক প্রাথমিক বিদ্যালয় হয়েছে, কিন্তু প্রাথমিক শিক্ষার প্রতি তাঁদের কি মনোভাব সেটা তাঁদের উপস্থিতি দেখেই বুঝতে পারবেন। এতবড় একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব আজ এখানে আলোচিত হচ্ছে সেই প্রস্তাবে অংশ গ্রহণ কিম্বা এখানে উপস্থিত হবার দরকার তাঁদের নেই—তাঁদের দমদমে হাজির হতে যাওয়াটাই সবচেয়ে বড়।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেদিক থেকে কয়েকটি কথা আপনার সামনে তুলে ধরছি এবং তাতেই আপনি জিনিসটা বুঝবেন। কয়েক বছর আগে মেদিনীপুর জেলায় কংগ্রেসী স্কুল বোর্ডের নেতারা সেখানে শত শত প্রাথমিক স্কুলকে খারিজ করবার চেষ্টা করেছিলেন কিন্তু জনসাধারণের আন্দোলনের ফলে সেগুলি তারা পুনরায় চালু রাখতে বাধ্য হলেন। কিছু কিছু জায়গায় কংগ্রেসীরা স্কুল করেছে এটা ঠিক কিন্তু এটা করেছে প্রয়োজনের দিক থেকে নয়, নিরক্ষরতা দূরীকরণ করবেন সেদিক থেকে নয়, তাদের নির্বাচনে কারা খাটবে, কোন্ গ্রাম তাদের বেশী ভোট দেবে সেই দিকে তাকিয়ে করছেন। আমি এর আগে এখানে প্রমাণ করেছিলাম ১৯৬১ সাল থেকে, ১৯৬২ সালে থেকে এবং ১৯৬৩ সাল থেকে বহু স্কুল গ্রামের গরীব লোকেরা তৈরী করেছে এবং সেগুলি চালিয়ে যাচ্ছে শিক্ষিত ছেলেরা। আশ্চর্যের বিষয় সেই স্কুলগুলি মঞ্জুরী পায় নি আজ পর্যন্ত। তারা শুধু রাজনৈতিক স্কুল তৈরী করেছেন। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে কারা স্কুল স্থাপনের ব্যাপারে মতামত প্রকাশ করেন সেকথা শিক্ষা-মন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। কাদের মতামত প্রথমে নেওয়া হয়? এখন জেলা স্কুল বোর্ডের পরিবর্তে ডি আই সাহেবের হাতে দেওয়া হয়েছে এবং এস আই-দের মতামত নেওয়া হয়। কিন্তু যারা জনসাধারণের প্রতিনিধি তাদের সংগে আলোচনা করবার কোন সুযোগ থাকে না। স্কুল করার ব্যাপারে কোন্ স্কুলকে মঞ্জুরী দেওয়া হবে কোথায় স্কুলের প্রয়োজন আছে সে সম্বন্ধে জনসাধারণের প্রতিনিধি হিসাবে যারা নির্বাচিত হয়েছেন তাদের মতামত আজ পর্যন্ত নেওয়া হচ্ছে না। ইন্সপেকটর বা ডি আই এই সমস্ত ব্যাপারে প্রত্যেক স্কুলের উপর খবরদারী করেন। আমি শিক্ষামন্ত্রীকে বলছি তাঁর বিভাগে এবং রাইটার্স বিল্ডিংস থেকে সুরু করে নিম্নতম এস আই অফিস পর্যন্ত কিভাবে দুর্নীতি চলছে চাকরী দেবার ব্যাপারে। ট্রান্সফারের ব্যাপারে কিভাবে দুর্নীতি চলছে তার একটা চিঠি আপনাদের সামনে তুলে ধরতে চাই। এই চিঠি আমি কিভাবে পেয়েছি সেটা বড় প্রশ্ন নয়। চিঠি লেখা হয়েছে মেদিনীপুর ডি আই অফিস থেকে ২৮-৬-৬৯ তারিখে। এখানে কয়েকটি কথা আছে, তারপর লেখা রয়েছে ডি আই সাহেব বলেছেন তাড়াতাড়ি হাতে করে আনতে ট্রান্সফারের অর্ডার নতবা ২।৩ মাস লেগে যাবে। কাজেই যদি মাণিকবাবু তাড়াতাড়ি ট্রান্সফার করতে চান তাহলে কিছু টাকা খরচ করতে হবে। স্যার, আজও কি আমাদের সেই বিশ বছরের কংগ্রেসী বিভীষিকা, অনাচার, অত্যাচার সহ্য করতে

হবে। তারপর লেখা হয়েছে যদি ২০০ টাকা খরচ হয় তাহলে প্রত্যেককে ১০০ টাকা করে দিতে হবে। শুক্রবার ৪-৭-৬৯ তারিখে আমাদের অফিসের লোক রাইটার্স বিল্ডিং-এ যাবে এবং ডি আই সাহেব বলেছেন তাঁকে টাকা দিলে সমস্ত কমপ্লিট করে আনবে। আপনি মাণিকবাবুকে বলবেন দুই তারিখে বেতন পেলে ১০০ টাকা ট্রান্সফারের জন্য রাখতে। আমি বৃহস্পতিবার ৩।৭ তারিখে অফিস করে যাব এবং ঐদিন টাকা নিয়ে আবার ফিরে আসব। কাজেই মাণিকবাবু সমস্ত দিন যেন থাকেন। ১০০ টাকা খরচ করলে ২০০ টাকা খরচ করলে সুদে আসলে উঠে যাবে, এখানে এলে একমাসের মধ্যে তুলে নেব।

**Mr. Deputy Speaker:** Who has written that and who is Manik Babu?

**শ্রীবিভূতি পাহাড়ী:** একজন ডি আই অফিসের কর্মচারী আর একজন এস আই অফিসের কর্মচারীর কাছে লিখেছে ট্রান্সফারের ব্যাপারে টাকা চেয়ে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি কথাটা এখনও শেষ করি নি, তবুও আপনি একথা বললেন। যাই হোক আমি একটা কথা বলতে চাই, ডি আই সাহেবের নাম এখানে ব্যবহার করা হয়েছে, আমি জানি না, তিনি এর মধ্যে আছেন কিনা। কিন্তু একথা ঠিক একজন কর্মচারী যখন আর একজন কর্মচারীকে লেখে তার তদন্ত করা দরকার। আমরা জানি যে ভেড়া লড়ে খোঁটার জোরে, তার জোর কোথায় আছে, রাইটার্স বিল্ডিংস-এ, গতকাল এই সভার নাম ধাম দিয়ে রাইটার্স বিল্ডিংস-এর কতকগুলি কর্মচারী সম্বন্ধে বলেছিলাম যে টাকা নিয়ে তারা চাকুরি দেন আজও। আমি মনে করি এর প্রতিটি কথা সত্য। ডি আই অফিস থেকে লেখা হয়েছে টু শ্রীহরিপদ দাস, পিয়ন, এস আই এস অফিস, নর্থ সার্কেল, কাঁথি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আর একটি কথা বলি। আমি জানি আর্থিক অসুবিধার কথা উঠতে পারে, আরও অনেক অসুবিধার কথা উঠতে পারে তবুও নিবেদন করি গান্ধী শতবার্ষিকী বৎসরে নিরক্ষরতা দূরীকরণের জন্য গ্রামবাসীদের অন্ধকারে আলো দেওয়ার দিকে নজর দেবেন। শিক্ষামন্ত্রী মহাশয় চেষ্টা করবেন প্রাথমিক বিদ্যালয় করতে এবং সেদিকে নজর দেওয়ার সময় আর একটি দিকে দৃষ্টি দেওয়ার জন্য বলি, যারা আজকে সমাজে সব থেকে পিছিয়ে পড়া মানুষ, গান্ধীজী যাদের সব থেকে ভালবাসতেন, সেই হরিজন সম্প্রদায়, সংখ্যালঘু সম্প্রদায়, তাদের এলাকায় যাতে স্কুল কলেজ আরও তাড়াতাড়ি হয় সেদিকে দৃষ্টি দেবেন। একথা বলে শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Satya Priya Roy:** I would request the speaker to submit the letter to me through the Deputy Speaker.

**Mr. Deputy Speaker:** You are making a serious allegation against a Government employee. I will request you to hand over the letter to me as I may hand it over to the Education Department for taking necessary steps in the matter.

**Shri Satya Priya Roy:** I may assure you that I will take necessary steps in the matter and I request the speaker to hand over the letter to you to be conveyed to me.

[1-40—1-50 p.m.]

**Shri A. H. Besterwitch:** Mr. Deputy Speaker, Sir, in supporting the resolution by honourable member, Shrimati Ila Mitra, I have to make a few observations regarding education. It has been said that primary education will be free to the children of West Bengal. Well, it is a national slogan all over the country. But what do we see? We see darkness in West Bengal. I know in certain places schools were built 4/5 years ago through the initiative of the

villagers but even now the schools have not been recognised. Even in the tea gardens we find that the tea garden Managers built schools with proper arrangement of teachers so that children of the gardens can go to schools but the same have not yet been recognised. What is the reason? I think what my friend just said is true and it struck me very seriously. If it is a fact that such bribery is going on in the Education Department then serious action should be taken against the officials concerned without any further delay. Sir, I know many schools were built 4/5 years ago with 40/50 or 80 students and 2/3 teachers but the same have not been recognised. But we find that suddenly a school is opened and gets recognition immediately. This I have seen in my area too, and what the honourable member said before me strikes me very seriously that without bribe no school can be recognised. This means that free primary education to the children of the soil is nothing but a farce. If it is to be implemented it should be implemented immediately, as has been suggested in the amendments, with effect from 1st January, 1970, and this will give some sort of encouragement to the people for educational development. We in the tea industry are fighting hard with the management to construct schools. We see that even if there is a school, the school is not recognised. It is a very disheartening affairs in the Education Department. I request the Hon'ble Minister to take action immediately and see that all the schools which have got buildings, which have got masters, which have got students, are recognised, immediately. I know a Sub-Inspector of a school. He lives very close to my office. But uptil now I have not seen his face although I am one of the representatives of the school. He never consults me in any way. I often go to him. The Hon'ble Minister will be surprised to hear that in the Nepani bustee—we call it Kalapani bustee—some people took initiative to construct a school building, students were there and I told the Inspector to go and visit it but he never visited the area. There is another area in the Hallang river side. The villagers have constructed a school, there are so many students, there are the teachers. I told the Sub-Inspector to visit the school and see what could be done there but he had never gone there. If that be the case, I am certain there is something at the back of all these things in the matter of giving recognition of the schools. I am leaving the affairs during the Congress regime. I know the history of the Congress and what they have done and what they have not. I should say that is why Mr. Sen does not come in the Assembly because he has to answer a lot of questions in this House. I request the Hon'ble Minister to take immediate action in this matter and I think that in regard to primary education he should take the initiative and see that it is implemented. Thank you, Sir.

**শ্রীসরল দেবঃ** মাননীয় ডেপ্যুটি স্পীকার মহাশয়, আপনার মারফত আমি শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এখানে এনেছেন সেই প্রস্তাবের সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। আমরা জানি যে কংগ্রেস সরকার আমাদের সামনে প্রতিশ্রুতি দিয়েছিলেন ১৪ বছর বয়স্ক বালক-বালিকাদের অবৈতনিক শিক্ষা দেবে, তা তারা করতে পারে নি। আমাদের যুক্তফ্রন্ট সরকার এবং আমাদের শিক্ষামন্ত্রী তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে বাংলাদেশের সমস্ত আন-স্কুল প্রত্যেকটি ভিলেজে বিদ্যালয় স্থাপন করবেন। আমরা জানি কংগ্রেস আমলে দেখেছি বাগদা, বনগাঁ, সন্তোষপুর ইত্যাদি জায়গায় অনুন্নত সম্প্রদায়ের লোক যেখানে বাস করে তারা ১০।১২ বছর ধরে স্কুল চালাচ্ছে, আজ পর্যন্ত তারা রেকগনিসন পায় নি। ফকিরবাগান, পুঁটিয়া মনিগ্রাম, বারাসাতের আমডাঙ্গা ইত্যাদি এলাকার দরিদ্র গ্রামবাসী ৫।৬ বছর ধরে বিদ্যালয় স্থাপন করেও আজ পর্যন্ত সেই বিদ্যালয়ের মঞ্জুরী লাভ করে নি, যেহেতু তারা কংগ্রেসীদের ভোট দেয় নি, সেইজন্য তাদের মঞ্জুরী দেওয়া হয় নি। এই রকম ধরনের ব্যাপার যেন যুক্তফ্রন্ট সরকারের আমলে না হয়। যুক্তফ্রন্ট সরকার বলেছেন যে প্রত্যেকটি আন-স্কুল ভিলেজে তারা অগ্রাধিকার দেবেন। টি. এড অ্যান্ড এ্যাডভাইস ডি আই যা করবেন তাই আমরা মেনে নেব, এই করতে গিয়ে আমলাতান্ত্রিক ভূত এখন চেপে বসে আছে। সেই জন্য আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন

জানাচ্ছি যে সর্বদলীয় কমিটি করে সারা পশ্চিমবঙ্গে এখন পর্যন্ত যেখানে প্রাথমিক বিদ্যালয় হয় নি সেই গ্রামগুলিতে যেন প্রাথমিক স্কুল স্থাপিত হয়, তার জন্য আবেদন জানিয়ে আমি আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রিমহশয়কে আপনার মারফত অনুরোধ করব যে সেখানে যেন প্রত্যেকটি গ্রামে স্কুলের ব্যবস্থা করেন।

[1-50—2 p.m.]

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি মাননীয়া সদস্যা শ্রীযুক্তা ইলা মিত্রকে অভিনন্দন জানাচ্ছি যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে। তিনি প্রাথমিক শিক্ষার প্রয়োজনীয়তা আরো কি কি ভাবে আমরা সকলে অনুভব করতে পারি সেদিকে লক্ষ্য রেখে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন শিক্ষা সম্পর্কে শিক্ষামন্ত্রী হিসাবেই নয়; শিক্ষক হিসাবে সারা জীবন অনুভব করেছি যে শিক্ষা যে জাতীয় দাবী এবং শিক্ষা প্রয়োজন যে প্রতিটি মানুষের এই চেতনা কিম্বা আমাদের সকলের স্তরে আমাদের আজ এসে পেঁছায় নি। শিক্ষামন্ত্রী হিসাবেই শুধু নয়, শিক্ষক সমিতির সভাপতি হিসাবেও দেখেছি যে, শিক্ষা সম্পর্কে আলোচনা, আগ্রহ দেখাবার লোকের এখনও যথেষ্ট অভাব আছে। কাজেই সেদিক থেকে তিনি যে প্রস্তাব এনেছেন সেজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। একথা পরিষ্কার বলতে চাই, শিক্ষা ছাড়া কখনও কোন জাতি তার কোন সমস্যা কখনও সমাধান করতে পারবে না। দুঃখের কথা যে আমাদের অনেকের মধ্যে এখনও এর চেতনা আসে নি, আমরা এখনও শুনতে পাই বলে যে শিক্ষা প্রত্যক্ষভাবে উৎপাদন-মূলক নয়। এবং শিক্ষা সমস্যার চেয়ে তীব্রতর অনেক সমস্যা আমাদের দেশে আছে। যেমন খাদ্য সমস্যা আছে, বস্ত্র সমস্যা আছে অন্যান্য সেচ, বিদ্যুৎ সমস্যা আছে। কাজেই শিক্ষা সমস্যা এখনও অপেক্ষা করতে পারে। এই সমস্ত আশু প্রয়োজনীয় সমস্যাগুলি সমাধান করার প্রয়োজনীয়তা অনেক বেশী গভীর। কিন্তু মানুষের ইতিহাস দেখিয়েছে যে, শিক্ষা ছাড়া এই সমস্যার সমাধান কোন কালে কোন দেশ করতে পারে নি। আমি এমনকি ভারতবর্ষের প্রধান-মন্ত্রীর সঙ্গে এ বিষয়ে আলোচনা করেছিলাম এবং তাঁকে আমি বলেছিলাম যে, ৬ থেকে ১৪ বছর পর্যন্ত শিক্ষাকে আবশ্যিক ও সার্বজনীন করার জন্য যে নির্দেশক নীতি আছে সংবিধানে তাকে অবিলম্বে চালু করার প্রয়োজনীয়তা আছে, সেদিনও কিন্তু তাঁর মুখে শুনেছিলাম। তিনি বলেছেন যে, আমাদের খাদ্য সমস্যা এবং প্রতিরক্ষা সমস্যা এত তীব্র যে শিক্ষাকে আমরা এত জোরের সঙ্গে গ্রহণ করতে পারছি না। সেকথা কিন্তু আমাদের সাধারণ মানুষের মনের মধ্যে লুকিয়ে আছে। যে দেশ দীর্ঘ ২০০ বছর ধরে শিক্ষার আলোক থেকে বঞ্চিত হয়ে আছে, যে দেশ কখনও শিক্ষার ঐন্দ্রজালিক স্পর্শ পায় নি, সে দেশ শিক্ষার যে কি উপযোগিতা তা মনে প্রাণে অনুভব করতে পেরেছে একথা শিক্ষক আন্দোলনে যুক্ত থেকে আমি বিশ্বাস এখনও করি নি। কাজেই সেদিক থেকে সদস্যা যে প্রস্তাব এখানে এনেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। প্রস্তাবের মধ্যে যে সংশোধনী আছে তা অবিলম্বে ১লা জানুয়ারী ১৯৭০ থেকে অবিলম্বে হোক। এবং অবিলম্বে শব্দের অর্থ নেই, এ আমি বিশ্বাস করি অবিলম্বে বললেও নির্দিষ্ট সময় সীমা বাঁধা থাকলে যে তার অর্থ নেই সেটা তো কনস্টিটিউসনের ডাইরেকটিভ প্রিন্সিপল থেকেই বোঝা যায়। যেখানে কথা ছিল ৬ থেকে ১৪ বছরের সমস্ত বালক বালিকার শিক্ষাকে আবশ্যিক সার্বজনীন এবং অবৈতনিক করা হবে, সংবিধান চালু হবার ১০ বছরের মধ্যে, তা সেটা আজকে ১০ বছরের পর আরো ১০ বছর চলে গেছে কিন্ত এখন পর্যন্ত সেই যে নির্দেশক নীতি কার্যকরী করা হয় নি। কাজেই অবিলম্বে শব্দের পরিবর্তে যে সংশোধনী এসেছে তাকেও আমি অভিনন্দন জানাই। কারণ, আমাদের লক্ষ্যটা অত্যন্ত সুস্পষ্ট করে খুব দৃঢ়পদে বলিষ্ঠ নীতি নিয়ে অগ্রসর হতে না পারলে আমরা শিক্ষার জগতে অগ্রসর হতে পারবো না। এই প্রস্তাবের মধ্যে গ্রামের কথা আছে। কিন্ত শহরের অবস্থা, বাংলায় সামগ্রিকভাবে প্রাথমিক শিক্ষার যে অবস্থা সেটা সম্পূর্ণভাবে আমার মনে হয় সদস্যাদের বিবেচনা করে দেখা উচিত। গ্রামের প্রাথমিক শিক্ষা যে শুধু অবহেলিত হয়েছে তা নয়, সবচেয়ে দুঃখের কথা যে পশ্চিমবাংলায় তার চেয়েও বেশী অবহেলিত হয়েছে এই শহরের শিক্ষা ব্যবস্থা। কারণ, যদিও অন্যান্য রাজ্যে প্রাথমিক শিক্ষা অবৈতনিক করা হয়েছে শহরাঞ্চলে কিন্ত এই পশ্চিমবঙ্গ একমাত্র হতভাগ্য রাজ্য, সেখানে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করার কোন প্রচেষ্টা এই দীর্ঘ

২০।২১ বছর কালে কংগ্রেসের রাজত্বে করা হয় নি। কলকাতা শহরের বুকে আমরা দেখতে পাচ্ছি যে যেখানে ৬ থেকে ১১ বছরের ছেলেমেয়ের সংখ্যা হচ্ছে ৩ লক্ষ সেখানে অবৈতনিক শিক্ষার সুযোগ পাচ্ছে মাত্র ৭০ হাজার ছেলেমেয়ে। প্রায় এক চতুর্থাংশ ছেলেমেয়ে অবৈতনিক শিক্ষার সুযোগ পাচ্ছে না কলকাতার মত মহানগরীতে যাকে আমরা প্রাসাদনগরী বলে থাকি, সেখানে অজ্ঞানতার অন্ধকার কত গভীর তা এই পরিসংখ্যান থেকে বোঝা যাবে। শুধু তাই নয়, শহরাঞ্চলগুলির মধ্যে আমরা দেখতে পাচ্ছি ৮৭টি কিংবা তার চেয়ে দু-একটা বেশী হবে মিউনিসিপ্যালিটি আছে পশ্চিমবঙ্গে এবং তার মধ্যে মাত্র ১৪টি মিউনিসিপ্যালিটি স্বীকার করে নিয়েছিল যে ১৯৬৩ সালে শহরাঞ্চলে অবৈতনিক শিক্ষা ব্যবস্থা তাঁরা গ্রহণ করে নেবেন এবং তাকে তাঁরা চালু করবেন। বাকি শহরাঞ্চলের মিউনিসিপ্যালিটিগুলি এর দায়িত্ব পর্যন্ত স্বীকার করেন নি। আর যে ১৪টি মিউনিসিপ্যালিটি স্বীকার করেছিল তাদের মধ্যে আমি দেখতে পাচ্ছি আমার এই ৪।৫ মাসের মন্ত্রীত্বকালে ৪।৫টি মিউনিসিপ্যালিটি এসে বলেছে যে আমরা যেটুকু দায়িত্ব নিয়েছিলাম সেই দায়িত্ব গ্রহণ করতে পারব না। তারা তাদের প্রাথমিক বিদ্যালয়গুলিকে তুলে দিতে বাধ্য হবে। কাজেই শুধু গ্রামাঞ্চলের প্রতি যে দৃষ্টি গ্রহণ করা হয়েছে সেদিক থেকে আমি নিবেদন করব যে আপনাদের এইকথা মনে রাখতে হবে যে পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা হচ্ছে সবচেয়ে বেশী অবহেলিত এবং শুধু গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করলে চলবে না, শহরাঞ্চলে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে হবে। এক শ্রেণী-বিশিষ্ট বিদ্যালয়ের কথা বলেছেন। আমি বুঝতে পারি যেখানে মানুষ পুরো খেতে পায় না সেখানে সে যে মুষ্টি ভিক্ষা পায় তাতেই সে খুসী হয়। দুর্ভিক্ষের দিনে বাড়ীতে বাড়ীতে দেখেছি একটু ফ্যান দাও, মানুষ এই প্রার্থনা করেছে যারা খেতে পায় না। এই প্রস্তাবের মধ্যে আমি কিন্তু সেই রকম ডিফিটিজম দেখতে পাচ্ছি। এক শ্রেণী-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় কখনও স্থায়ী এবং কার্যকরী অক্ষরজ্ঞান কোন মানুষকে দিতে পারে না। স্থায়ী এবং কার্যকরী অক্ষরজ্ঞান দিতে হলে ঐ ৪।৫ শ্রেণী প্রাথমিক বিদ্যালয়ে হয় না। আজকে সমস্ত প্রগতিশীল দেশ সম্পূর্ণ মাধ্যমিক শিক্ষাকে অবৈতনিক, সার্বজনীন করবার পথে অগ্রসর হয়েছে। ইংলন্ডের অবস্থা হচ্ছে সবচেয়ে বেশী খারাপ, তাহলেও ১৫ বছর বয়স পর্যন্ত সেখানে শিক্ষাকে সার্বজনীন, আবশ্যিক এবং অবৈতনিক করেছে। ফ্রান্স, জার্মানী, সমস্ত ইউরোপীয়ান কান্ট্রিগুলি সেখানে ১৬ বছর পর্যন্ত শিক্ষাকে আবশ্যিক, অবৈতনিক এবং সার্বজনীন করেছে এবং আমেরিকা যদিও পুঁজিবাদী দেশ তাহলেও তারা জেনেছে তার পুঁজিবাদকে রক্ষা করতে হলে শিক্ষা বিশেষ দরকার, সেজন্য সেখানে আবশ্যিক, অবৈতনিক এবং সার্বজনীন শিক্ষা রয়েছে ১৭ থেকে ১৮ বছর পর্যন্ত। অর্থাৎ সামগ্রিকভাবে সমস্ত মাধ্যমিক শিক্ষা স্তরটাকে আজকে আবশ্যিক শিক্ষার স্তরে নিয়ে আসার প্রয়োজনীয়তা প্রগতিশীল দেশ অনুভব করেছে। সেদিক থেকে এক শ্রেণী-বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের যে দাবী আছে যেখানে তার চেয়ে বেশী পাওয়া যাচ্ছে না সেখানে নিশ্চয়ই এই দাবিকে অভিনন্দন জানাতে হবে, কিন্তু এক শ্রেণীর প্রাথমিক বিদ্যালয়গুলি কখনও স্থায়ী কার্যকরী অক্ষরজ্ঞান কোন মানুষকে কোনদিন দিতে পারবে না। এখানে অবশ্য প্রথমে বলে নিচ্ছি যে বাংলাদেশে এই ২০।২২ বছরে শিক্ষার বিরাট অবনতি ঘটেছে। কংগ্রেস করে নি, তবে বাংলাদেশ একেবারে চুপ করে দাঁড়িয়েছিল এটা কখনও হতে পারে না, নিশ্চয়ই সময়ের সঙ্গে সঙ্গে কংগ্রেসকে চলতে হয়েছে, সেই হিসাবে শিক্ষার কিছুটা সম্প্রসারণ তাদের করতে হয়েছে একথা স্বীকার করতে হবে। কিন্তু সেই সম্প্রসারণের যে মাত্রা সেটাকে আমাদের প্রয়োজনের তাগিদের সঙ্গে তুলনা করলে দেখি শিক্ষার যতটুকু প্রয়োজন ছিল ততটা সম্প্রসারণ কংগ্রেস করে নি। সেজন্য শিক্ষক সমাজ চিরকাল কংগ্রেসের নিন্দা করেছে। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে আমরা ১৯৬৬ সালে সিদ্ধান্ত নিয়েছিলাম যে কংগ্রেস শিক্ষা বিরোধী নীতি অনুসরণ করে চলেছে সেজন্য তাদের ক্ষমতার গদিতে বসে থাকবার অধিকার নেই। আমরা নিখিল বঙ্গ শিক্ষক সমাজের পক্ষ থেকে আহ্বান জানিয়েছিলাম যে কংগ্রেসকে গদি থেকে সরিয়ে যুক্তফ্রন্ট সরকারকে গদিতে প্রতিষ্ঠিত করতে হবে।

[2—2-07 p.m.]

তার কারণ হচ্ছে প্রয়োজনের তুলনায় শিক্ষার যে প্রসার হওয়া উচিত তা করবার চেষ্টা তাঁরা কখনো করেন নাই। এই প্রসঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা সামান্য তথ্য গত ১৯৬০-৬১ সালে যে সেন্সাস হয়ে গেছে, সেই সেন্সাস থেকে একটা পরিসংখ্যান এখানে আপনার সামনে তুলে ধরতে চাই। পশ্চিমবাংলার অর্থনৈতিক চিত্র এত শোচনীয় যে গত আদমসুমারী থেকে জানা যায়, সেখানে সাক্ষরতার বৃদ্ধি সবচেয়ে কম। উড়িষ্যা একটা অনগ্রসর রাজ্য বলে আমরা জানতাম, সেখানে শতকরা সাত ভাগ সাক্ষরতা বৃদ্ধি পেয়েছে। আর পশ্চিমবাংলায় সেই ১০ বছর সাক্ষরতা বৃদ্ধি পেয়েছে মাত্র শতকরা পাঁচ ভাগ। সেদিক থেকে এই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাচ্ছি। শুধু বিভূতিবাবু একটা চিঠি পড়েছেন। বাস্তবিক দুর্নীতি আমাদের সমাজদেহের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়েছে গত ২০।২২ বছরে কংগ্রেস শাসনে। এই দুর্নীতির মধ্যেই ঐসব প্রাথমিক বিদ্যালয়গুলির জন্ম হয়েছে। দুর্নীতির আবহাওয়ার মধ্যে আমলারা কাজ করেছেন। তাদের মেরুমজ্জায় দুর্নীতি জড়িয়ে গেছে। আমি শিক্ষামন্ত্রী হিসেবে বিশ্বাস করি তার প্রমাণ করতে না পারলেও সম্ভাব্য সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করা সম্ভবপর হতে পারে. বিভূতিবাবু পত্রখানা যেন উপাধ্যক্ষ মহাশয়ের কাছে দিয়ে দেন। সেই পত্র পেলে এর যথোপযুক্ত তদন্ত করা হবে।

গত ১৯৩০ সালের শিক্ষা আইন ১৯৬৯ সাল পর্যন্ত চলছিল। সেটা সম্পূর্ণ বাতিল করে দিয়ে নূতন ধারায় শিক্ষা ব্যবস্থা চালু করার জন্য যুক্তফ্রন্ট সরকার অগ্রসর হচ্ছেন। নূতন ধারার পরিষ্কার প্রতিফলন প্রাথমিক শিক্ষা আইনের মধ্যে অচিরে দেখা যাবে, যার খসড়া ইতিমধ্যে তৈরী হয়ে গিয়েছে এবং সেটা কেবিনেটে দেওয়া হয়েছে। সেটা একটা গুরুত্বপূর্ণ আইন বলে কেবিনেট কমিটি তাকে পুঙ্খানুপুঙ্খরূপে নিজেদের মধ্যে আলোচনা করে হাউসের সামনে তুলবার সিদ্ধান্ত করেছেন। সেই আইনে এটা পরিষ্কার হয়ে উঠবে জনসাধারণের সহযোগিতায় সর্বত্র যাতে প্রাথমিক শিক্ষা বিস্তৃত হয়ে পড়তে পারে। আগামী ১৯৭২ সালের মধ্যে ক্লাস ফাইভ পর্যন্ত আবশ্যিক এবং সার্বজনীন করতে পারি, সেইপথে যাতে অগ্রসর হতে পারি, নূতন আইনের মধ্যে তার প্রতিফলন আপনারা দেখতে পারবেন। এই বছর বলতে পারি ছ' হাজারের মত গ্রামে সাধারণভাবে দেখেছি এক মাইলের মধ্যে কোন স্কুল নাই। এ বছরের বাজেটেও তার জন্য কোন ব্যবস্থা করা সম্ভব হয় নাই। ইচ্ছা ছিল তিন বছর করে নিয়ে প্রথমে পনেরো শো, তারপরে দু-হাজার, তারপরে বাকী স্কুলগুলো গ্রামে স্থাপন করে এই যে দুর্নাম বাংলাদেশের এতগুলি গ্রামে স্কুল নাই তা দূর করা যাবে বলে বিশ্বাস করি। এদিক থেকে এই প্রস্তাবও তার সংশোধনী প্রস্তাবের মাধ্যমে যে মনোভাব প্রকাশিত হয়েছে, তাকে সম্পূর্ণভাবে শিক্ষামন্ত্রী হিসেবে আমি সমর্থন জানাই। এই কথা কয়টি বলে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হয়তো কিছুই বলতাম না। অত্যন্ত আনন্দের কথা যে প্রস্তাব ও সংশোধনী এখানে উপস্থিত হয়েছে প্রাথমিক বিদ্যালয় গ্রামাঞ্চলে স্থাপন করবার জন্য সেই সম্পর্কে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর সমর্থন জানিয়েছেন, সেটা গ্রহণ করেছেন। কাজেই কিছুই বলবার দরকার ছিল না; তবুও আমি দুটো দিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আমি একজন সরকার পক্ষের লোক; আমাদের টাকাকড়ির অবস্থা, আর্থিক অবস্থা সম্বন্ধে আমি অত্যন্ত সচেতন আছি। ৩৫ কোটি টাকা বাজেটে ঘাটতি রেখে কংগ্রেস সরকারের পতন ঘটেছে। সেই ঘাটতি দিয়েই আমাদের চালাতে হচ্ছে। গত শিক্ষা খাতের আলোচনায় আমি বিস্তৃতভাবে এ সম্পর্কে বলেছিলাম। সেই কারণে আমি অন্ততঃ এক শ্রেণী-বিশিষ্ট বিদ্যালয় দিয়ে আরম্ভের কথা বলেছিলাম। তারপরে টাকা সংগ্রহ করে আর এক শ্রেণী, এর পরে আর এক শ্রেণী—এইভাবে ধাপে ধাপে অগ্রসর হবার কথাই আমি প্রস্তাবে বোঝাতে চেয়েছিলাম। এটা

বুঝি যে এক শ্রেণী দিয়ে শিক্ষা হয় না। যেখানে লক্ষ লক্ষ মানুষ নিরক্ষর, সেখানে প্রথমে এক শ্রেণী দিয়েই আরম্ভ করছি না কেন, আমাদের যেখানে টাকার ঘাটতি রয়েছে—এটাই আমি বলতে চেয়েছিলাম।

আর একটা কথা বলেছি—১৯৬৪ সালে শিক্ষামন্ত্রীরূপে রবীন্দ্রলাল সিংহ মহাশয় আমাদের সামনে তাঁর ফিগার উপস্থিত করেন যে ১৪,৫২৬টি গ্রামে কোন প্রাথমিক স্কুল নাই এবং তিনি যেকথা শেষ পর্যন্ত অত্যন্ত স্পষ্ট করে বলেন—অনেক জেরাটেরা ইত্যাদি করবার পরে। তারপরে আমরা সত্য ফিগার জানতে পারি। এই সভাতেও বলা হয়েছে যদি যুক্তফ্রন্ট সরকার প্রাথমিক শিক্ষা বিস্তারের চেষ্টা করেও না করতে পারেন, তাহলে আর কে করতে পারবে? তাই সেইদিকে লক্ষ্য রেখে এতগুলি গ্রামে স্কুলের ব্যবস্থা করবেন। আগেই বলেছি নিরক্ষর কৃষক, শ্রমিক আর যাই হোক না কেন দেশের সমৃদ্ধির প্রতীক নয় এবং তারা সমাজতন্ত্রের বনিয়াদ রচনায় কোন সহায়তা করতে পারবেন না। কাজেই তাদের নিয়েই সমাজ ব্যবস্থা পালটাতে হবে, আমাদের সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে হবে। সেদিকে দৃষ্টি রেখে গ্রামের কৃষক যাতে শিক্ষিত হয় তার ব্যবস্থা করতে হবে। আমাদের শিক্ষামন্ত্রী প্রশ্নের উত্তরে বলেছেন যে ১৯৭২ সালের মধ্যে সমস্ত গ্রামে যাতে স্কুল হয় সেদিকে সরকার অবহিত আছেন। কাজেই আর কিছু বলার দরকার আছে বলে মনে করি না আমাদের শিক্ষামন্ত্রী যা বলেছেন। এখানে এই প্রস্তাবের উপর যে সংশোধনী প্রস্তাব এসেছে যে আগামী ১৯৭০ সালের জানুয়ারীর মধ্যে আমি তা গ্রহণ করছি। এবং সর্বসম্মতিক্রমে এই যে প্রস্তাব পাশ হোল তাকে আমরা কার্যকরী করতে পারবো এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** Now, I put to vote the amendment of Shri Panchkari De and the resolution of Shrimati Ila Mitra.

The motion of Shri Panchkari De that

মূল প্রস্তাবের দ্বিতীয় লাইনে "অবিলম্বে" শব্দটির পরিবর্তে "আগামী ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে" শব্দগুলি প্রতিস্থাপিত করা হউক

was then put and agreed to.

The motion of Shrimati Ila Mitra, as amended, namely,

এই বিধানসভা প্রস্তাব করিতেছে যে, পশ্চিম বাংলার যে সকল গ্রামে এখনও একটিও প্রাথমিক বিদ্যালয় নাই, আগামী ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে সেই সকল গ্রামে অন্ততঃ এক শ্রেণী-বিশিষ্ট অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হউক

was then put and ageed to.

### Adjournment

The House was then adjourned at 2-07 p.m. till 1 p.m. on Monday, the 15th September, 1969.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 15th September 1969, at 1 p.m.

### Present

Mr. Dy. Speaker (Shri Apurba lal Majumdar in the Chair, 14 Ministers, 1 Minister of State and 194 Members.

### HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1—1-10 pm]

### Daily Income from State Buses on certain routes

***321.** (Admitted question No.*286.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৮ সালে এবং ১৯৬৯ সালের প্রথম চার মাস নিম্নলিখিত রুটের প্রতিটি সরকারী বাসের দৈনিক গড় আয় কত হইয়াছিল—

কলিকাতা-শিলিগুড়ি, কলিকাতা-বালুরঘাট, কলিকাতা-রায়গঞ্জ, কলিকাতা-দীঘা ও দুর্গাপুর-বহরমপুর?

**শ্রীমহঃ আবদুল্লা রসুলঃ** একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যদি অনুগ্রহ করে স্টেটমেন্টটি পড়ে দেন তাহলে ভালো হয়।

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** আমি পড়ে দিচ্ছি। বিবরণীটি হল এইঃ—

| | | ১৯৬৮ সালে প্রতি বাসের দৈনিক গড় আয় | ১৯৬৯ সালের প্রতি চার মাসে প্রতি বাসের দৈনিক গড় আয় |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| কলিকাতা—শিলিগুড়ি | | | |
| (ক) দিবা সার্ভিস | ... | ৫৪৫ | ৬০২ |
| (খ) রাত্রিকালীন সার্ভিস | ... | ৮৪০ | ৮০৫ |
| কলিকাতা বালুরঘাট | ... | ৫৮৮ | ৬৫৪ |
| কলিকাতা রায়গঞ্জ | ... | ৬০৩ | হিসাব দেওয়া গেল না। কেন না ঐ সময় সার্ভিসটি শিলিগুড়ি পর্যন্ত চলে। |
| কলিকাতা—দীঘা | ... | ৩৪৫ | ৩৬০ |
| দুর্গাপুর—বহরমপুর | ... | ৩৭৮ | ৪৬০ |

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সমস্ত রুটে বাস চালিয়ে সরকারের লাভ হচ্ছে কিনা?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সাধারণতঃ দূর পথের বাসগুলিতে কিছু লাভ থাকে, অল্প দূর হলে তাতে বরং লোকসান হয়, বিশেষ করে কোলকাতায় যেমন হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের এই মন্তব্য অনুসারে তাহলে কি আরো যাতে দূরপাল্লার বাস চলতে পারে, বিশেষ করে উত্তরবাংলার সঙ্গে দুর্গাপুরের যোগযোগ যথাসত্বর যাতে করা যায় সে রকম ব্যবস্থা মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে নেবেন কি?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** আমরা ইচ্ছা করলেই সব নিতে পারি না। কারণ এগুলি এস টি-এ-কে করতে হবে। তাহলেও আমরা কিছু কিছু বাড়াবার চেষ্টা করছি। তবে একসঙ্গে সমস্ত জায়গায় বাড়াবার মত অবস্থা আমাদের নয়, কারণ তারজন্য যে পরিমাণ বাসের দরকার সে পরিমাণ বাস আমাদের নেই। তবে এটা বলতে পারি, এসম্পর্কে যখন সংস্থান বাড়বে তখন চেষ্টা করবো যাতে আরো অনেক জায়গা নেওয়া যায়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** উত্তর বাংলার সঙ্গে মধ্য বাংলার এবং পশ্চিমবাংলার অন্যান্য জায়গার যোগাযোগ এই এস টি এ-র মাধ্যমেই আপাততঃ হচ্ছে। দুর্গাপুর এলাকার জনসাধারণের সঙ্গে উত্তর বাংলার জনসাধারণের যোগাযোগ এবং উত্তর বাংলার জনসাধারণের সঙ্গে দুর্গাপুর এলাকার জনসাধারণের যোগাযোগ যেভাবে হচ্ছে সেটা হচ্ছে, দুর্গাপুরের বাস বহরমপুর পর্যন্ত আসে। আর প্রাইভেট ট্রান্সপোর্ট যা আছে মুর্শিদাবাদ জেলার ফরাক্কা টু বহরমপুর তাতে অনেক রকম ভেজাল সহ্য করে তাদের দুর্গাপুরে আসতে হয়। আমি বিশেষ করে যে রুটের কথা জানতে চাইছি সেটা হচ্ছে, আপাততঃ দুর্গাপুর থেকে উত্তরবাংলার দিকে কোন একটা রুট খোলার বন্দোবস্ত মাননীয় মন্ত্রিমহাশয় করতে পারেন কি?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** এখন সেই রকম ব্যবস্থা কিছু নেই এবং রুটগুলি সাধারণতঃ জেলার মধ্যে, রিজনের মধ্যে হলে আর টি এ ঘোষণা করেন এবং বিভিন্ন জেলার মধ্যে বা বিভিন্ন রাজ্যের মধ্যে হলে এস টি এ ঘোষণা করেন এবং সেই ঘোষণা অনুসারে দরখাস্ত করতে হয়। যেমন এখানে কয়েকটি ঘোষণা করা হয়েছে, দরখাস্ত কিছু করা হয়েছে। সেগুলি হলে তখন করা যেতে পারে, আর যদি বেশী বাসের সংস্থান হয় তখন নিজেরা চেষ্টা করে দেখতে পারি এস টি এ আর টি এ-কে বলে যে এই রকমভাবে রুটের ব্যবস্থা করা যায় কিনা, সেটা এখন করা যাচ্ছে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এইটা একটা ইন্টার ডিস্ট্রিক্ট রুট হবে এবং অনেকগুলি জেলার মধ্য দিয়ে যাবে যেমন বহরমপুর ভায়া দুর্গাপুর ফ্রম নর্থ বেঙ্গল—শিলিগুড়ি থেকে বলুন প্রথমতঃ—এটা করবার কথা চিন্তা করছেন কি?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** এস টি এ সে রুটটা এখন ঘোষণা করেন নি। যে সাতটি রুটের কথা ঘোষণা করেছেন তার মধ্যে আমরা যেগুলি নিতে পারি তার জন্য দরখাস্ত করেছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কলকাতা দীঘা রুটে দৈনিক গড়ে ৩২৫ টাকা থেকে ৩৬০ টাকা আয়ের কথা বলেছেন এবং এই রুটের বাসে আমরা অনেক সময় দেখেছি যে বহু সিট খালি থাকে এবং এই দীঘা বাসটি ভায়া খড়াপুর হয়ে যায়, কিন্তু খড়াপুর স্টেশনের পাশ দিয়ে যায় না। এটা যদি খড়াপুর স্টেশন দিয়ে যেত তাহলে খড়াপুর থেকে দীঘা পর্যন্ত খালি থাকত না এবং খড়াপুর থেকে কলকাতা পর্যন্ত কখনও খালি থাকত না। মাননীয় মন্ত্রি-মহাশয় কি এটা বিবেচনা করবেন যাতে এই বাসটি কলকাতা দীঘা ভায়া খড়াপুর স্টেশন হয়ে যায়?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** রুট যখন খোলা হয়েছিল তখন যেভাবে ব্যবস্থা ছিল সেই অনুসারে এখন বাসটিকে চালানো হচ্ছে। খালি কিছু থাকে, তবে খুব বেশি নয়। হয়ত খড়্গপুর স্টেশন হয়ে গেলে আরো কিছু লোক যেতে পারত এবং খালিটাও পূরণ করতে পারতাম। কিন্তু সেটা যেভাবে এস টি এ সিদ্ধান্ত করেছিলেন সেই অনুসারে চলছে বলে এখন আমরা এটাকে খড়্গপুর স্টেশন পর্যন্ত পাঠাতে পারি না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** এই বিষয়ে কোন বিবেচনা করবেন কি?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সেটা দেখা যেতে পারে।

**শ্রীবলাইলাল দাশ মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এস টি এ দীঘা থেকে কলকাতা পর্যন্ত একটা রুট মঞ্জুর করেছিলেন সি টি এস-কে—এখন পর্যন্ত সে গাড়ীটা ছেড়ে দেওয়া হচ্ছে না বা সেটা চালাতে দেওয়া হচ্ছে না, এটা কি জানেন?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** দ্যাট ডাজ নট অ্যারাইজ। দি কোশ্চেন ইজ—৪ মাসে নিম্নলিখিত রুটে প্রতিটি বাসের দৈনিক গড় আয় কত ছিল—এখন কাকে বাস দেওয়া হয়েছে না হয়েছে—দ্যাট ইওর সাপলিমেন্টারী ইজ ফার ফ্রম দিস কোশ্চেন।

### Preservation of wild animals

***329.** (Admitted question No.*1461.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারের কাছে ঐরূপ কোন তথ্য আছে কি এবং থাকিলে বনবিভাগের মন্ত্রিমহাশয় বলিবেন কি যে—

(ক) পশ্চিম বাংলায় কোন্ কোন্ বন্যজন্তু দ্রুত লয় পাইতেছে;

(খ) ঘটনা সত্য হইলে, ঐরূপ অবক্ষয়ের কারণ কি; এবং

(গ) অবক্ষয়ের হাত হইতে তাহাদের সংরক্ষণের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

**শ্রীভবতোষ সোরেনঃ** (ক) পশ্চিম বাংলায় সাধারণভাবে সকল প্রকার বন্য জন্তুই কমিয়া গিয়াছে। দ্রুত লয় পাওয়া জন্তুর মধ্যে উল্লেখযোগ্য নাম হলো—বড় সিংগা, ভারতীয় বাইসন, থার, পর্বতের ঘোরাল, বন্য মহিষ, ক্লাউডেড লিওপার্ড, কালো প্যানথার, ক্যাট্ বিয়ার, চিতা বাঘ এবং ব্যাঘ্র।

(খ) (১) গত বিশ্ব যুদ্ধের সময় এই প্রদেশে এবং পার্শ্ববর্তী প্রদেশে প্রচুর সৈন্য আসে এবং অবস্থানকালে তাঁরা অসংখ্য বন্য জন্তু হত্যা করেন। এর পরে স্বাধীনতাকালের প্রথমভাগে আইন ও শৃঙ্খলার অসুষ্ঠু পরিচালনার ফলে এই দেশের নাগরিকদের হাতে প্রাণীর সংখ্যা হ্রাস পায়;

(২) বনাঞ্চলে বিস্তৃতির অভাবে আবাসস্থলের সংকোচন;

(৩) পতিত জমির উদ্ধার এবং বনের সীমানা পর্যন্ত ভূষির বিস্তার। এতে বন্য প্রাণী প্রলুব্ধতার বশে বনের সীমানা অতিক্রম করে এবং সংরক্ষণ আইনের আওতার বাহিরে চলে যায়;

(৪) বনাঞ্চলের ভিতর সাধারণের ব্যবহার্য রাস্তা নির্মাণ দ্বারা তাদের জীবনের বিঘ্ন সৃষ্টি;

(৫) শহরবাসী এবং চা বাগানের শ্রমিকদের বেআইনী শিকার; এবং

(৬) উপজাতি বাৎসরিক শিকার।

(গ) (১) যাহাতে প্রাণীর সংখ্যা বিপদজনক অবস্থার উর্দ্ধে উঠতে পারে সেহেতু ১৯৫৮ সাল হইতে সরকারী রিজার্ভ এবং সংরক্ষিত বনে ব্যাঘ্র, ভাল্লুক ও বন্য শূকর ছাড়া সকল প্রকার শিকার নিষিদ্ধ করা হইয়াছে;

(২) বিভিন্ন স্থানে অভয়ারণ্য স্থাপন করা হইয়াছে;

(৩) স্কুলের ছাত্র ছাত্রীদের রচনা প্রতিযোগিতা, অভয়ারণ্যে ভ্রমনের ব্যবস্থা ইত্যাদির দ্বারা পশু সংরক্ষণে বিশ্বাসী ও অনুরাগী করার ব্যবস্থা করা হয়; এবং

(৪) কলিকাতা মহানগরীর ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলের বাসিন্দাদের সহজে বন্য প্রাণী দেখার সুবিধার্থে কলিকাতার অল্পদূরে ডিয়ার পার্ক স্থাপন করা হইয়াছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** উনি অবক্ষয়ের কারণগুলো বলেছেন তার মধ্যে বললেন শিকার করে এইগুলো মেরে ফেলা হয়েছে কিন্তু আবর বলছেন যে স্কুলের ছাত্র ছাত্রীদের রচনা প্রতিযোগিতার মধ্যে দিয়ে—সুতরাং এই অবক্ষয়ে সঙ্গে এই রচনা প্রতিযোগীতার কি সম্বন্ধ সেটা জানাবেন কি?

**শ্রীভবতোষ সোরেনঃ** বন্য প্রাণী প্রীতি সম্পর্কে যাতে ছাত্র-ছাত্রীদের মধ্যে একটা মনোভাব গড়ে ওঠে সেই জন্য এই ব্যবস্থা করা হয়েছে। যে ভাবে প্রত্যেক বছর আমাদের বন্য প্রাণী সপ্তাহ উদযাপন করা হয়, ঠিক সেই ভাবে।

## Rate of bus fare

***532.** (Admitted question No. *287.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী ও বেসরকারী বাসে নিম্নলিখিত জেলাগুলিতে মাইল প্রতি বা কিলোমিটার প্রতি বাস ভাড়া কত ধার্য আছেঃ মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান এবং বীরভূম; এবং

(খ) কলিকাতা ছাড়া আর সকল জেলায় দূরত্ব অনুযায়ী একই রেটে ভাড়া ধার্য আছে কি?

[1-10—1-20pm]

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** (ক) মুর্শিদাবাদ জেলায়—পাকা রাস্তায় মাইল প্রতি ৫ পঃ। কাঁচা রাস্তায় মাইল প্রতি ৬ পঃ।

নদিয়া জেলায়—মাইল প্রতি গড়ে ৫ পয়সা।

বর্ধমান জেলায়—প্রথম ২ কিঃ মিঃ পর্যন্ত ১৫ পয়সা। পরবর্তী ৩ কিঃ মিঃ বা তদুর্ধে কিঃ মিঃ প্রতি প্রায় ২ পয়সা।

বীরভূম জেলায়—পাকা রাস্তায় মাইল প্রতি ৫ পয়সা। কাঁচা রাস্তায় মাইল প্রতি ৬ পয়সা।

উত্তর বঙ্গে রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের দুই প্রকার এক্সপ্রেস সার্ভিস মুর্শিদাবাদ ও নদিয়া জেলার উপর দিয়া চালু আছেঃ—

(১) রাত্রীকালীন বাসে কিঃ মিঃ প্রতি ভাড়া প্রথম শ্রেণীতে ৭·৫০ পয়সা; দ্বিতীয় শ্রেণীতে ৫·৫০ পয়সা।

(২) দিবসে চালু বাসে শ্রেণীবিন্যাস নাই। ভাড়া প্রতি কিঃ মিঃ ৪·৫০ পয়সা।

(খ) না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ**—মাননীয় মন্ত্রিমহাশয় বিভিন্ন জেলায় যে ভাড়ার কথা উল্লেখ করেছেন তাতে দেখা যাচ্ছে যে বিভিন্ন জেলার ভাড়ার মধ্যে বেসরকারী এবং সরকারী উভয় ক্ষেত্রেই একটা পার্থক্য আছে, একই হারে ভাড়া বিভিন্ন জেলায় সরকারী এবং বেসরকারী ক্ষেত্রে রুটে করা কি কোন অসুবিধা আছে, যার জন্য এই রকম পার্থক্য বজায় আছে?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** আর টি এ রিজিয়ন অনুসারে করে থাকে, আর টি এ-র উপর এই ভাড়া নির্ধারণের ভার দেওয়া হয়েছে, বিভিন্ন জেলায় বা বিভিন্ন রিজিয়নে যে সব আর টি এ-আছে তার সেই অনুসারে সিদ্ধান্ত করেন, কাজেই এখন আইন অনুসারে সমস্তগুলো এক রকম করার অসুবিধা আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এখানে দেখছি আর টি এ বিভিন্ন জায়গায় যে রেট করেছেন, সেই রেটের মধ্যে পার্থক্য আছে সুতরাং জনসাধারণ মনেকরেন এই পার্থক্যের কোন যৌক্তিকতা নেই। সরকারের তরফ থেকে কি কোন সিদ্ধান্ত নিয়ে আর টি এ-কে যথাযথ নির্দেশ দেবার ব্যবস্থা করবেন?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** আর টি এ-কে নির্দেশ আমি দিতে পারি না। মাননীয় সদস্য মহাশয় নিশ্চয় মনে রেখেছেন একটু আগেই আমি বলেছি মটর ভিকেল্স অ্যাক্ট এবং রুলস অনুসারে এটা আছে। মন্ত্রী এটা করতে পারেন না। তাছাড়া অবস্থার তারতম্য বিভিন্ন জেলায় বিভিন্ন রিজিয়নে থাকার কারণেও ভাড়ার মধ্যে একটু তফাত হয়। তা সত্ত্বেও হয়ত কোন কোন বিষয়ে একই ধরণ করা সম্ভব হতে পারে। যেমন ধরুন বর্ধমানে প্রথম স্তরের ভাড়া আছে ১৫ পয়সা। অন্যান্য জায়গায় মাইল প্রতি বা কিলোমিটার প্রতি একটা হিসাব আছে। সেক্ষেত্রে কিছু তফাৎ না করলে চলবে। কিন্তু এখনও ওই যা নিয়ম আছে সেইজন্য বিভিন্ন জেলায় আর টি এ নিজের নিজের বিবেচনামত কাজ করে এই ব্যবস্থা করেছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** একটু তদন্ত করে দেখা হবে কি এই রকমভাবে ভাড়া বৃদ্ধির যৌক্তিকতা আছে কিনা?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** এই নিয়ে বিক্ষোভ খুব একটা বলে মনে হয় না। তবে যদি প্রয়োজন হয় তদন্ত করব।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ভিন্ন রাস্তায় ভিন্ন ভিন্ন ট্রাফিক ডেনসিটি অনুযায়ী রাস্তার কনডিসান ভালমন্দ অনুযায়ী বৈজ্ঞানিক হিসাবে এক রকম ভাড়া করা সম্ভব নয়?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** তিনি হয়ত বলতে পারেন। সেজন্য আমি দায়ী নয়। যেটা আছে সেটা থাকছে। যদি সে রকম বিক্ষোভ হয় সেটা বিবেচনা করা যেতে পারে। যদি প্রয়োজন হয় আইন পরিবর্তন হতে পারে। যদি বৈজ্ঞানিক না হয় পরিবর্তন করা যেতে পারে। এখনও সে প্রশ্ন আসে নি।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সরকারী পর্যায়ে স্টেট ট্রান্সপোর্ট অথরিটির পক্ষ থেকে যে উর্ধতন সীমা নির্ধারণ করা আছে তার মধ্যে অর্থাৎ উইদিন দ্যাট লিমিট যা করার স্টেট ট্রান্সপোর্ট অথরিটি থেকে আর টি এ-কে অধিকার দেওয়া হয়েছে। প্রত্যেক জায়গায় লোক্যাল কনডিশান অনুযায়ী দেখে তারা কোন জায়গায় কত হবে স্থির করবে—এটা ঠিক কিনা?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সেগুলো তাদের উপর ভার আছে। প্রত্যেক জায়গায় এক রকম নেই। উত্তরবঙ্গ প্রথম স্তরে ২৫ পয়সা আছে। যেটা চার আনা ছিল ১৯৪৫ সালে আরম্ভ হওয়ার সময় এখনও সেটা চলছে এবং সেখানে কোন বিক্ষোভ তা নিয়ে হয় নি। কাজেই তারতম্য

তো রয়েছে। দুর্গাপুরের সঙ্গে কলকাতার, কলকাতার সঙ্গে দুর্গাপুরের, দুর্গাপুরের সঙ্গে উত্তরবঙ্গের। এগুলো রয়েছে। কোন অসুবিধা হয় নি। যদি অসুবিধা হয় নিশ্চয় সে বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মন্ত্রিমহাশয় বললেন যে উত্তরবঙ্গে প্রথম স্তরে ২৫ পয়সা ভাড়া, আর মুর্শিদাবাদ, বর্ধমান, বীরভূম-এর যে তথ্য উনি দিয়েছেন ওখানে দেখা যাচ্ছে ১৫ পয়সার মধ্যে রয়েছে। তাহলে এই যে তারতম্য রয়েছে ১০ পয়সার এটা উত্তরবঙ্গের ক্ষেত্রে কমিয়ে দেওয়া যায় কিনা?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** প্রথম স্তরে ২৫ পয়সা আছে। কিন্তু তারপরের স্টেজগুলির ভাড়ার হার তারা একটা হিসাবমত করেছেন। সেটা সব জায়গায় একই রকম অর্থাৎ ২৫ পয়সাই থাকবে তা ঠিক নয়। এটা প্রথম স্তরেই আছে।

**শ্রীবিজয় সিংহ নাহারঃ** মাননীয় মন্ত্রী বললেন মুর্শিদাবাদ এবং বিভিন্ন জেলায় পাকা রাস্তায় ৫ পয়সা প্রতি মাইলে এবং কাঁচা রাস্তায় ৬ পয়সা প্রতি মাইলে। এটা কি যাত্রীরা বেশি ঝাঁকুনি খাবে বলে এক পয়সা বেশি করে দেওয়া হয়েছে?

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** যাত্রীদের দুর্ভাগ্য যে কাঁচা রাস্তা দিয়ে তাঁদের যেতে হয়। তবে দিতে হবে বেশি এইজন্য যে কাঁচা রাস্তায় বাস চললে ডেপ্রিসিয়েশান খরচ বেশি হয়। সেইজন্য এটা করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই প্রশ্ন প্রশ্নটা থেকে দূরে যেতে হবে তবু মন্ত্রিমহাশয় যদি দয়া করে উত্তর দেন ভাল হয়। কলকাতা এবং ২৪-পরগনায় মাইল প্রতি কত ভাড়া আছে।

**শ্রীমুহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সেটা এই প্রশ্নের মধ্যে নেই। এখনই দিতে পারব না। নোটিশ দিলে পারব।

### Acquisition of khas and Benami lands

*533. (Admitted question No. *500.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস, ১৯৬৯ হইতে অদ্যাবধি খাস জমি দখল ও বেনামী জমি দখল বিষয়ে কতগুলি ক্ষেত্রে পুলিশ পাঠাতে হয়েছে; এবং

(খ) উক্ত বিষয়ে কতগুলি ক্ষেত্রে গ্রেপ্তার করতে হয়েছে,

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) ১১০টি ক্ষেত্রে।

(খ) ৩২টি ক্ষেত্রে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, খাসজমি বা বে-নামী জমি দখল অর্থাৎ খাস জমি কতটা আর বে-নামী জমি কতটা, এগুলি কি আলাদা করে ধরা হয়েছে?

**শ্রীজ্যোতি বসুঃ** না, আলাদা করে কোন হিসাব নেই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যাঁদের গ্রেপ্তার করা হয়েছে তাদের কি কারণে গ্রেপ্তার করা হয়েছে, জমি দখল বে-আইনী বলে হয়েছে না জোতদারের অংশ বলে হয়েছে?

**শ্রীজ্যোতি বসুঃ** সে সমস্ত হিসাব আমার কাছে এখন নেই। তবে মারপিটের অভিযোগ আছে এবং অন্যান্য নানা রকম অভিযোগে গ্রেপ্তার হয়েছে এবং এটা আমি দেখেছি যে, ১২৭টি মামলার মধ্যে ১৭০ জনের বিষয়ে এখনও তদন্ত চলছে। আর চার্জসীট দেওয়া হয়েছে ১১০ জনের বিরুদ্ধে, ৪টি মামলায়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই মামলাগুলিতে কোননরহত্যা করার জন্য বা মার্ডার কেস এই রকম আছে কি?

**শ্রীজ্যোতি বসুঃ** এখানে সমস্ত হিসাব নেই। কাজেই সেটা বলতে পারবো না।

**শ্রীসরল দেবঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে যারা গ্রেপ্তার হয়েছে তাদের মধ্যে ভূমিহীন দরিদ্র নিষ্পেষিত কৃষকদল বেশী না জোতদার বেশী?

**শ্রীজ্যোতি বসুঃ** এখানে রিপোর্টে যা দেখছি বেশীরভাগ হচ্ছে কৃষক যারা গ্রেপ্তার হয়েছে আর কম অন্য।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, জুলাই মাসে মধুসূদনপুরে যে পুলিশ পাঠান হয়েছিল জমি দখলের ব্যাপারে নিয়ে সেটা জোতদারের স্বার্থে না ভূমিহীন কৃষকদের স্বার্থে?

**শ্রীজ্যোতি বসুঃ** সেটা যদি এক একটা করে বলতে হয় তাহলে আমার কাছে সেই রকম কোন হিসাব নেই। মধুসূদনপুরের মত অনেক হয়েছে। কাজেই কোনটা কি নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় ১১০টি ক্ষেত্রে পুলিশ পাঠান হয়েছে—আমার প্রশ্ন হচ্ছে যে, পুলিশ কি নিজেই ইনিসিয়েটিভ নিয়ে গিয়েছিল না তাকে কল করা হয়েছিল কোন পক্ষ থেকে?

**শ্রীজ্যোতি বসুঃ** নোটিশ দিলে বলতে পারি। ঐ রকম ব্রেক-আপ নেই।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, সরকার পক্ষ থেকে পুলিশকে এবং থানায় বিশেষ কোন নির্দেশ দেওয়া আছে কি না? যে, সংঘর্ষ হয়ে খুন-খারাপি না হওয়া পর্যন্ত জমিজমা নিয়ে, যারা পরের জমি জবরদস্তি করে সেখানে থানায় জানালে তারা কোন স্টেপ নেবেনা। এই রকম কোন নির্দেশ দেওয়া আছে কি না?

**শ্রীজ্যোতি বসুঃ** এই রকম কোন নির্দেশ দেওয়া নেই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় একথা বলবেন কি যে, খাস জমি দখল করতে গিয়ে কত জন গ্রেপ্তার হয়েছে?

**শ্রীজ্যোতি বসুঃ** দুটোই এক সঙ্গে আছে।

**শ্রী এ কে এম ঈশাকঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি এ কথা জানাবেন যে, এই জমির দখল বা বে-দখল নিয়ে হাঙ্গামা হয়েছে এবং সেই ব্যাপারে হাইকোর্ট থেকে পুলিশের উপর নির্দেশ দিয়ে ঐ সমস্ত হাঙ্গামা বন্ধ করবার জন্য যে হুকুম নামা দেওয়া হয়েছে সেই হুকুমনামাগুলিকে কার্যকরী করার জন্য কোন ক্ষেত্রে পুলিশকে পাঠান হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসুঃ** এই প্রশ্নের থেকে এটা আসে না। এট আলাদা করে দিলে উত্তর দিতে পারতাম।

**Cases of crimes**

***535.** (Admitted question No. *863.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত ৩ বৎসরের প্রত্যেক বৎসরে চুরি, ডাকাতি, খুন ইত্যাদি অপরাধ অনুষ্ঠানের ঘটনার সংখ্যা কত; এবং

(খ) এই অপরাধ অনুষ্ঠানের সংখ্যা হ্রাস করার জন্য সরকার কোন নূতন পন্থার বিষয় চিন্তা করিতেছেন কি এবং করিলে তাহা কি?

**শ্রীজ্যোতি বসু:**

| (ক) | চুরি | ডাকাতি | খুন |
|---|---|---|---|
| ১৯৬৬ | ২৫,৩০৭ | ৬৫১ | ৪৯০ |
| ১৯৬৭ | ৩৩,১১০ | ৮৩০ | ৬৪১ |
| ১৯৬৮ | ৩০,৭৯৯ | ৮৫৪ | ৬৩১ |

(খ) উপদ্রুত এলাকার পুলিশ প্রহরা, দুষ্কৃতকারী ও সমাজ বিরোধী অধ্যুষিত অঞ্চলে অতর্কিত পুলিশী হানা, পরিচিত অপরাধীদের গতিবিধির উপর সতর্ক নজর রাখা এবং দুর্ধর্ষ অপরাধীদের বিরুদ্ধে নিবারক নিরোধ আইন প্রয়োগ প্রভৃতি ব্যবস্থা সরকার ইতিমধ্যেই গ্রহণ করিয়াছেন। ইহা ছাড়া নতুন আর কিছু করার কথা সরকার বিবেচনা করিতেছেন না।

**শ্রীসুরেশচন্দ্র সিনহা:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে চুরি ডাকাতি খুনের সংখ্যা দিনের পর দিন প্রতি বছর বেড়ে যাচ্ছে এগুলি কি বর্ডার এলাকায় বেশী হচ্ছে, না মাঝখানের এলাকায় বেশী হচ্ছে?

**শ্রীজ্যোতি বসু:** আমার কাছে হিসাবটা ঠিক ঐভাবে নেই, জেলার এবং জেলাগতভাবে ঠিক কোন জেলায় কোথায় হচ্ছে সেই হিসাবও আমার কাছে নেই। নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** আপনি যেসব ব্যবস্থা অবলম্বনের কথা বললেন, সেইসব ব্যবস্থা অবলম্বন করার পরে চুরি, ডাকাতি রাহাজানি কমেছে না বেড়েছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** বৎসর শেষ না হলে তো আমি এটা বলতে পারব না তুলনামূলকভাবে।

**Divisional Commissioners**

***536.** (Admitted question No. *1154.)

**শ্রীআবদুল হাসান:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতজন বিভাগীয় কমিশনার আছেন;

(খ) এই বিভাগীয় কমিশনারদের কাজ কি;

(গ) রাজ্যসরকারের তহবিল থেকে কমিশনারদের জন্য মাসিক ব্যয়ের পরিমাণ কত; এবং

(ঘ) এই সমস্ত বিভাগীয় কমিশনারদের উচ্চপদগুলি তুলে দেওয়ার কোন সরকারী প্রস্তাব আছে কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) তিনজন।

(খ) বিভাগীয় কমিশনারদের কাজ মোটামুটি দুই প্রকার, যথাঃ--

(১) সংবিধিবদ্ধ কাজ স্ট্যাটুটরী ফাংশান বিভিন্ন আইনের অধীনে আপীলের শুনানী ইহার অন্তর্ভুক্ত।

(২) সরকারী নির্দেশ দ্বারা প্রদত্ত বিভিন্ন প্রকার প্রশাসনিক কাজ, যথা, জেলা ও মহকুমা অফিসগুলি পরিদর্শন, মিউনিসিপ্যালিটি ও জেলা পরিষদগুলি পরিদর্শন, জেলা-শাসকগণকে পরামর্শদান, ইত্যাদি।

(গ) কমিশনারদের বেতন বাবত ৮,২৫০ টাকা এবং বাড়িভাড়া ভাতা বাবত টাঃ ৭৭·৫০ পয়সা, মোট টাঃ ৮,৩২৭·৫০ পয়সা মাসিক ব্যয় হয়।

(ঘ) এইরূপ কোন প্রস্তাব এখনও নাই।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** আপনি বললেন যে ৭৭·৫০ পয়সা বাড়ীভাড়া বাবত খরচ। এটা তিনজন কমিশনারের মাসিক ভাড়া কিভাবে সম্ভব মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** এই সমস্ত হিসাব আলাদা করে আমার কাছে নেই।

**শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ** মন্ত্রিমহাশয় যে ৮ হাজার টাকা বললেন--ওটা কি সমস্ত কমিশনারদের মাসে খরচ, না এক একজন কমিশনারের?

**শ্রীজ্যোতি বসুঃ** বললাম তো সবগুলি নিয়ে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** কমিশনারদের যে কাজ দুইভাগে ভাগ করা হয়েছে আমাদের প্রশাসনের যা বর্তমান অবস্থা তাতে তাঁরা মিউনিসিপ্যালিটির প্রশাসন ব্যবস্থা দেখেন এবং আপীল শোনেন এবং কমিশনারদের এস্টাবলিসমেন্ট পরিচালনার জন্য বহু টাকা খরচ হয়--সরকারের কাছে এমন কোন স্মারকলিপি কি এসেছে যে এইসব পদগুলি তুলে দিয়ে সরকারী অর্থের সংকোচন করা উচিত?

**শ্রীজ্যোতি বসুঃ** স্মারকলিপি এসেছে কিনা আমার স্মরণ নেই, তবে অনেকে আমাকে এ সম্পর্কে বলেছেন--তার মধ্যে এখানকার সদস্য আছেন, অন্যরাও আছেন--আমি বলেছি এখনও আমরা এগুলি বিবেচনা করে দেখি নি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই সমস্ত কমিশনাররা সরকারী বাড়ীতে থাকেন, না ভাড়া বাড়ীতে থাকেন?

**শ্রীজ্যোতি বসুঃ** এখন আমি তা বলতে পারব না।

**শ্রীসরল দেবঃ** আমাদের যখন মন্ত্রীরা বেতন কম নিচ্ছেন তখন আমাদের বেতনভুক উচ্চ পদস্থ কর্মচারীরা--যখন আমাদের রাজকোষে অর্থ নেই তখন এই বাজহাতী পোষার কি প্রয়োজন আছে--সেই হিসাবে এদের বেতন কমাবার কথা চিন্তা করছেন কি?

**মিঃ ডেপুটি স্পীকারঃ** দ্যাট কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** কমিশনার অফিসে রেভিনিউ ম্যাটার্স এবং লোকাল সেলফ গভর্নমেন্ট ম্যাটার্স-এ ক্ষমতাগুলি কমে যাওয়ার ফলে এই তিনটি কমিশনারের অফিস শুধুমাত্র পোস্ট অফিসের মত কাজ করে—চিঠি এলে চিঠি বিলি করে দেয়। এই অবস্থায় কমিশনারের অফিস থেকে কাজকর্মের ব্যাপারে দেরী হয় এবং এই দেরীর জন্য জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়। এইসব কথা চিন্তা করে এই অফিসগুলি তুলে দেওয়ার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীজ্যোতি বসু:** আমি বলেছি এখন এটা আমাদের চিন্তার মধ্যে নেই।

[1-30—1-40]

## Cases of political murder

***540.** Admitted question No. *1385.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সাল থেকে ১৯৬৬ সাল পর্যন্ত কতগুলি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত মার্ডার হইয়াছিল এবং কতগুলি ক্ষেত্রে তদন্ত হইয়াছিল ও কতগুলি ক্ষেত্রে তদন্ত অনুসারে ক্রিমিন্যাল কেস রুজু করা হইয়াছিল; এবং

(খ) ঐ সময়ে কতগুলি ক্ষেত্রে রাজনৈতিক স্বার্থে মারপিট, লুঠ ও আগুন ধরানর সংবাদ পুলিশ রেকর্ড করিয়াছিল?

**শ্রীজ্যোতি বসু:** (ক) উক্ত সময়ে রাজনৈতিক কারণে কোন হত্যাকান্ড হয়েছে বলে সরকারের কাছে কোন হিসাব নেই।

(খ) মোট ৮৩টি ঘটনা লিপিবদ্ধ করা হয়, কিন্তু এই ঘটনাগুলি রাজনৈতিক ঘটনার সাথে সম্পর্কিত বলে সঠিক কিছু জানা নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আপনি কি জানাবেন যে যেখানে এই রকম ধরনের খুন বা নরহত্যা হচ্ছে—সেসব পলিটিক্যাল হোক বা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হোক, সেখানে পুলিশের কাছে হত্যার পর যদি সে ডাইং ডিক্লারেসন করেন তাহলে পুলিশের উপর এমন কোন নির্দেশ কি আছে যে ডাইং ডিক্ল্যারেসন যদি কারুর নাম না করে থাকে তাহলে পুলিশ কোন অ্যাকশন নেবে না বা কাউকে অ্যারেস্ট করে না?

**শ্রীজ্যোতি বসু:** এ রকম কোন নির্দেশ নেই।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** ১৯৬৪ সাল থেকে ১৯৬৬ সালের মধ্যে কোন বিচার করা হয় নি তাহলে এই বিচার করতে আর কতদিন লাগবে?

**শ্রীজ্যোতি বসু:** প্রশ্ন ছিল রাজনৈতিক হত্যার কথা। কিন্তু রেকর্ড-এ দেখছি সেটা নির্ণয় করা কঠিন। কারণ সেইভাবে জিনিসগুলি লিপিবদ্ধ করা হয় নি। সেজন্য বলছি যে সেখানে ৮৩টা মামলার ক্ষেত্রে একটি রিপোর্ট-এ বলা হয়েছে এগুলি হতে পারে রাজনৈতিক কারণে। কিন্তু সেগুলি বিশ্লেষণ করে আমাদের পক্ষে এখন সিদ্ধান্তে আসা কঠিন রাজনৈতিক কারণে, কি ট্রেড ইউনিয়ন কারণে, কি গণতান্ত্রিক আন্দোলনে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমার আগের প্রশ্নটা প্রসঙ্গত না হলেও ধন্যবাদ দেওয়াতে স্বরাষ্ট্র-মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি—যেটা কংগ্রেস আমলে পাশ কাটিয়ে যাওয়া হোত। তিনি বললেন ডাইং ডিক্ল্যারেসন-এর জবানবন্দীতে হত্যাকারীর নাম না বললে কাউকে অ্যারেস্ট করা হবে না এই রকম

**কোন** নির্দেশ পুলিশকে দেওয়া হয় নি। আমি জিজ্ঞাসা করছি কিছুদিন আগে বরাহনগরে **একটা** ঘটনায় ডাইং ডিক্ল্যারেসন-এ কয়েকজনের নাম থাকা সত্বেও পুলিশ একথা বলছে না যে যেহেতু দোষী সাব্যস্ত হয় নি সেজন্য প্রমাণ করা যাচ্ছে না। আপনি যখন ঘোষণা করলেন যে এ রকম নির্দেশ দেওয়া হয় নি তা সত্বেও যদি এ রকম হয় তাহলে পুলিশকে পুল আপ করার জন্য আপনি কি কোন নির্দেশ দেবেন?

**শ্রীজ্যোতি বসুঃ** এই রকম প্রশ্ন আলাদা করলে তার জবাব দেব।

**শ্রীমোল্ল হুমায়ুন কবীরঃ** এক শ্রেণীর রাজনৈতিক দল কতকগুলি গুণ্ডা নিয়ে আসছে জন-সাধারণের উপর মারধোর করার জন্য তাদের উপর পুলিশ কি কোন অ্যাকশন নেবে, না নেবে না?

**শ্রীজ্যোতি বসুঃ** এ প্রশ্ন ওঠে না।

### Bus service in Jhargram police-station

***544.** (Admitted question No. *1533.)

**শ্রীধনঞ্জয় করঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার লোধাশুলি মহাপাল রাস্তায় লোধাশুলি হইতে যে বাস সার্ভিস চালু আছে ঐ সার্ভিস সারা বৎসর চলাচল করে কিনা; এবং

(খ) না করিলে, তার কারণ কি?

**শ্রীমহঃ আবদুল্লাহ রসুলঃ** (ক) না।

(খ) রাস্তার অবস্থা খারাপ বলিয়া।

**শ্রীধনঞ্জয় করঃ** ঐ লাইনে কতগুলি বাস চলাচল করে?

**শ্রীমহঃ আবদুল্লাহ রসুলঃ** ঝাড়গ্রাম আর রগড়া এই রাস্তাটা দৈর্ঘ্যে ১০ মাইল। দুটো বাস রুট সেখানে চলে। একটা হল ঝাড়গ্রাম-রগড়া, তাতে একটা বাস স্থায়ী পারমিট-এর উপর চলে এবং এটা ১১।১২।৪৮ তারিখ থেকে চলছে। আর একটা টেম্পোরারী আছে ২৭।৫।৬৯ তারিখ থেকে। খড়্গপুর-মহাপালে একটা বাস চলে টেম্পোরারী পারমিট-এ। জেলা পরিষদ সেখানে একটাকে বিশেষভাবে গুরুত্ব দিয়ে দেখেছিল যাতে রাস্তা মেরামত হয়। এই রাস্তা যাতে তাড়াতাড়ি মেরামত হয় সেজন্য চেষ্টা করা হচ্ছে।

### Income and Expenditure of Calcutta State Transport Corporation

***546.** (Admitted question No. *1791.) **Shri ABDUS SATTAR:** Will the Minister-in- charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the total income earned by the Calcutta State Transport Corporation in 1967, 1968 and during the period from January to June, 1969; and

(b) the total expenditure incurred in 1967, 1968 and during the period from January to June, 1969?

**Shri Abdus Sattar:** Will the Hon'ble Minister be pleased to state the reasons for this huge loss?

**Shri Md. Abdullah Rasul:** The reasons are varied. First of all, the preponderance of old buses many of which are 13 to 17 years' old which are susceptible to more frequent breakdown and requiring more frequent repairs; revision of Pay scales with effect from 1-4-62; general rise in the prices of spares, tyres, etc.; progressive increase of duty and taxes including road taxes and sales tax; sanction of progressive increase of dearness allowance; granting of contributory provident funds contributions at higher rate; payment of bonus with retrospective effect; shrinkage of serviceable vehicles; break-up of the additional liability imposed upon the Corporation since 1962-63, etc.

**শ্রীমহঃ আবদুল্লাহ রসুলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি টোটাল ইনকাম আর্নড বাই দি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ইন ১৯৬৭, ১৯৬৮ অ্যান্ড ডিউরিং দি পিরিয়ড ফ্রম জানুয়ারী টু জুন, ১৯৬৯ আমি দিচ্ছি। প্রথম হল ৫ কোটি ৯৭ লক্ষ ৬৮ হাজার ১ ৮, পরে হচ্ছে ৬ কোটি ৭ লক্ষ ৭৪ হাজার ৪৪৬, ১৯৬৮-৬৯ সালে এটা কিন্তু প্রভিসনাল ফিগার ৫ কোটি ৭৯ লক্ষ ৪৬ হাজার ৬৫৩, ১৯৬৯-৭০ জুলাই পর্যন্ত ১ কোটি ৭৪ লক্ষ ৯২ হাজার ৭৬০, (বি) টোটাল এক্সপেনডিচার ইন ১৯৬৭, ১৯৬৮ অ্যান্ড ডিউরিং দি পিরিয়ড ফ্রম জানুয়ারী টু জুন ১৯৬৯। ১৯৬৬-৬৭ সালে হচ্ছে ওয়ার্কিং এক্সপেন্সেস ৬ কোটি ২৩ লক্ষ ৫৯ হাজার ৮৬৪, ডেপ্রিসিয়েসন ৬৭ লক্ষ ৭৫ হাজার ২২৪, ইন্টারেস্ট ৫৩ লক্ষ ২৬ হাজার ৩২৭, টোটাল একসপেন্ডিচার ৭ কোটি ৪৪ লক্ষ ৬১ হাজার ৪১৫। ১৯৬৭-৬৮ সালে ৬ কোটি ৯৫ লক্ষ ৯৪ হাজার ৭৭৫ ওয়ার্কিং একসপেন্সেস, ডেপ্রিসিয়েসন ৬৫ লক্ষ ৮৩ হাজার ৬৮১, ইন্টারেস্ট ৫৮ লক্ষ ৩৫ হাজার ৭৮৯, টোটাল ১৯৬৭-৬৮ সালে ৮ কোটি ২০ লক্ষ ১৪ হাজার ২৪৬, ১৯৬৮-৬৯ সালে প্রভিসনাল টোটাল ৮ কোটি ৫৪ লক্ষ ৭১ হাজার ৫২৯, ১৯৬৯-৭০ সালে আপ টু জুলাই টোটাল হচ্ছে ২ কোটি ২৮ লক্ষ ৫৯ হাজার ৮৬১।

**Shri Abdus Sattar:** Will the Hon'ble Minister be pleased to state whether the Government has taken any steps to check the recurring less?

**Mr. Deputy Speaker:** That question does not arise: I think the question has been sufficiently answered. I take up next question.

[1-40—1-50pm]

### Casualty of police personnel

***548.** (Admitted question No. *1920.)

**শ্রীআজিজুর রহমানঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে ৩০এ জুন পর্যন্ত বিভিন্ন কারণে কতজন পুলিশ কর্তব্যরত অবস্থায় নিহত হইয়াছেন এবং তার জেলাওয়ারী সংখ্যা কত?

**শ্রীজ্যোতি বসুঃ** কেবলমাত্র মুর্শিদাবাদ জেলায় একজন নিহত হয়েছেন।

**শ্রীআজিজুর রহমানঃ** যে নিহত হয়েছে সে কি পদস্থ পুলিশ কর্মচারী না কি কনস্টেবল শ্রেণীর কর্মচারী?

**শ্রীজ্যোতি বসুঃ** কনস্টেবল দীননাথ বৈরাগী নাম।

**শ্রীআজিজুর রহমানঃ** এই রকম নিহত হওয়ার কারণ কি?

**শ্রীজ্যোতি বসুঃ** একজন তাকে খুন করেছে, তার বিরুদ্ধে মামলা হচ্ছে।

**শ্রীআজিজুর রহমানঃ** খুন করেছে কিসের জন্য?

**শ্রীজ্যোতি বসুঃ** যিনি খুন করেছেন, তিনি বলবেন।

**Bus routes in Murshidabad**

***549.** (Admitted question No. *288.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কয়টি রুটে সরকারী অথবা বেসরকারী বাস চলাচল করে;

(খ) কোন্ রুটের দৈর্ঘ্য কত;

(গ) ঐ রুটগুলির মধ্যে কয়টি আন্তঃ জেলা রুটে; এবং

(ঘ) ঐ জেলায় ঐ রুটগুলি ছাড়া আর কয়টি রুট প্রস্তাবিত ও ঘোষিত হইয়াছে?

**শ্রীমহঃ আবদুল্লাহ রসুলঃ** (ক) মুর্শিদাবাদ জেলায় মোট ৭০টি রুটে বাস চলাচল করে; তন্মধ্যে একটি রুটে সরকারী বাস (দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ড) এবং বাকি ৬৯টি রুটে বেসরকারী বাস চলাচল করে।

(খ) রুটের দৈর্ঘ্য সম্বলিত তালিকা লাইব্রেরী টেবিলে পৃথকভাবে পেশ করা হইয়াছে।

(গ) ঐ রুটগুলির মধ্যে নয়টি আন্তঃ জেলা রুট, তালিকায় ইহাদিগকে তারকা চিহ্নিত করিয়া দেখান হইয়াছে।

(ঘ) এই জেলায় ঐ রুটগুলি ছাড়া আরও তিনটি রুট খোলার প্রস্তাব বিবেচিত এবং ঘোষিত হইয়াছে। এই রুটগুলির নাম নীচে দেওয়া হইল।

(১) জিয়াগঞ্জ-মোল্লাডাংগা মাঠ।

(২) কান্ডি-ফরাক্কা ভায়া সানকো মাঠ।

(৩) লালবাগ-সাগরপাড়া।

**Recruitment of constables**

***550.** (Admitted question No. *502.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস ১৯৬৯ হইতে অদ্যাবধি কত কনস্টেবল রিক্রুট করা হইয়াছে; এবং

(খ) নবনিযুক্ত কনস্টেবলদের কতজনের বাস স্থায়ীভাবে পশ্চিম বাংলায়?

**শ্রীসনৎকুমার রাহাঃ** কনস্টেবল রিক্রুট করার সময় সরকারের কাছ থেকে এই রকম কোন নির্দেশ থাকে যে পশ্চিম বাংলায় যারা স্থায়ী বাসিন্দা তারা ছাড়া রিক্রুটেড হবে না?

**শ্রীজ্যোতি বসুঃ** এই রকম কোন নির্দেশ এখন নাই, এবং এই ব্যাপারে একটা নিয়ম কানুন বোধহয় আছে, সেটা বলতে পারি, একটা কমিটি আছে এই রিক্রুটের ব্যাপারে, সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ করেন, আর যারা স্থায়ী বাসিন্দা এখানকার নয় যাদের সম্বন্ধে জিজ্ঞাসা করছেন, অনেক সময় এই রকম হয় যাদের আত্মীয় স্বজন এখানে কাজ করছে তারা রিটায়ার করার সময়, যদিও এটা নিয়মের মধ্যে নাই কিন্তু এটা একটা অলিখিত ব্যবস্থা যে তাদের আত্মীয় স্বজন ছেলেপুলেদের চাকুরি দেওয়া হয়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** বাংলাদেশের যুবকরা রিক্রুটেড হতে গিয়ে তাদের তদ্বিরের ফলে রিক্রুটেড হতে পারে না এই রকম অভিযোগ কি সরকারের কাছে আছে? বড় বড় অফিসাররা পর্যন্ত এই চেইনে আছে, যার ফলে বাংলাদেশের যুবকরা এলবোড আউট হয়ে যাচ্ছে, রিক্রুট হতে পারছে না, এটা কি ঠিক?

**শ্রীজ্যোতি বসুঃ** হচ্ছে না তা নয়, এই সংখ্যা দেখে আপনারা বুঝবেন যে হচ্ছে, বাঙ্গালীরা বেশী হচ্ছে অন্যদের চেয়ে। কিন্তু ওরকম অভিযোগ কিছু কিছু আমার কাছে এসেছে যে রিক্রুটমেন্টের ব্যাপারে অনেক গলদ আছে এবং অনেকে অভিযোগ করেছেন যে এতে টাকা পয়সারও লেনদেন হয়, কিন্তু এগুলি সাধারণ অভিযোগ এবং এখন নির্দিষ্টভাবে কেউ করেন নি। সাধারণ ছাড়া এগুলি আমার মনে হয় একটু তলিয়ে দেখার প্রয়োজন আছে এবং প্রয়োজন হলে রিক্রুটমেন্ট যেভাবে হয় সেটারও পরিবর্তন করার প্রয়োজন আছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** সংখ্যালঘু বোর্ড বা মাইনরিটি বোর্ড যে বাংলাদেশে আছে তারা কি এই অভিযোগ সরকারের কাছে করেছেন যে চিরকাল ধরে পুলিশ রিক্রুটমেন্টের মধ্যে আন্ডার লাইন পলিসি চলে যে মুসলিম বা অন্যান্য কমুনিটি বাদ দিয়ে রিক্রুট করা?

**শ্রীজ্যোতি বসুঃ** অন্যান্য কমুনিটি আমি জানি না, তবে মুসলিমরা সাধারণতঃ বাদ পড়ে এটা অঙ্কের হিসাব। সেইজন্য আইনতঃ করার কিছু সম্ভাবনা নেই এবং সংবিধানগতভাবে কিছু করার নেই। সেইজন্য আমি নির্দেশ দিয়েছি যে এইটাও একটু দেখা দরকার।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** আপনি ৬৬০ বা ৪৫০ বললেন এই যে কনস্টেবল বা অন্য কোন চাকুরি এতে বাঙ্গালীর ছেলেরা আরো বেশী করে যাতে সুযোগ পান সে বিষয়ে আপনি কি বিবেচনা করবেন?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি জবাব দিয়েছি যে কিভাবে যারা এখানকার স্থায়ী বাসিন্দা না তারা কিভাবে চাকুরি পেয়েছে বিহার বা ইউ পি বা অন্যান্য জায়গার লোক—এখন মাননীয় সদস্য যদি এটা আমাকে বলেন যে এটা একেবারে বন্ধ করে দিতে হবে তাহলে আমি তার জবাব এখানে দিতে পারব না যে হ্যাঁ আমরা এখনই বন্ধ করে দিচ্ছি। তবে সাধারণভাবে আমি বলতে পারি যেমন সর্বক্ষেত্রে বাংলাদেশে বাঙ্গালীরাই বেশী চাকুরি পাবে এটা তো যে কোন প্রদেশের লোক সেই প্রদেশে বেশী চাকুরি পাবে এটার আর কি অসুবিধা আছে।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** যেসব ছেলেরা হোম গার্ড ট্রেনিং নিয়ে বা এন ভি এফ ফোর্সের মধ্যে ট্রেনিংপ্রাপ্ত হয় তাদের অগ্রাধিকার দেবার কোন নীতি আছে কি পুলিশ কনস্টেবল রিক্রুটমেন্টের সময়?

**শ্রীজ্যোতি বসুঃ** না, এন ভি এফ যারা ট্রেন্ড তাদের অগ্রাধিকার দেবার কথা আছে, তা কতদূর পালিত হচ্ছে আমি আজকে বলতে পারব না। নোটিশ দিলে বলতে পারি। আর হোম গার্ড সম্বন্ধে আমি নোটসের মধ্যে কিছু দেখছি না।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** আমি মাননীয় উপমুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি উনি যে বিশদভাবে ব্যাখ্যার করলেন রিক্রুটমেন্টের সম্বন্ধে সরকারের নীতি—সংখ্যালঘুদের প্রশ্ন উঠেছে ঠিকই, এই সম্বন্ধে আমি তাঁকে বিচার করতে বলছি যে পুলিশ কনস্টেবুলারি ফোর্সের মধ্যে আদিবাসী, সাঁওতাল এবং দার্জিলিং জেলার আদিবাসী সাঁওতাল এবং দার্জিলিং জেলার আদিবাসী গোর্খা অন্ততঃ পুলিশ সার্ভিসে রিক্রুটমেন্ট করার ব্যাপারে সরকারের একটা নির্দেশ থাকা দরকার যাতে এই অঞ্চলে সানস অব দি সয়েল তাদের জন্য বিশেষ স্থান থাকা দরকার, সেটা কি তিনি বিবেচনা করে দেখবেন?

**শ্রীজ্যোতি বসুঃ** দার্জিলিং জেলার ক্ষেত্রে বিশেষ কোন অসুবিধা নেই কারণ তারাও রিক্রুটেড হন। অন্য যেটা বলা হয়েছে, সংখ্যা নির্দিষ্ট করতে উনি বলেছেন কিনা আমি বুঝতে পারলাম না। তবে সাধারণভাবে আমি ওঁর সঙ্গে একমত যে এগুলি আমাদের দেখা দরকার।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তিনি বলেছেন যে পুলিশ ভেরিফিকেসন পর্যন্ত হয়ে গিয়েছে, তাহলে আপাততঃ এই পুলিশ রিক্রুটমেন্ট কি বন্ধ আছে?

**শ্রীজ্যোতি বসুঃ** আপাততঃ বন্ধ আছে।

**শ্রীবিমলকান্তি বসুঃ** এই প্রশ্ন প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয় জানাতে পারেন কি এই কনস্টেবল রিক্রুটমেন্টের ক্ষেত্রে তাদের রিকুইজিট যোগ্যতা হিসাবে তাদের এ্যাকাডেমিক এবং ফিজিক্যাল রিকয়ারমেন্টস তার মিনিমাম রিকয়ারমেন্টস কত?

**শ্রীজ্যোতি বসুঃ** এটা থেকে এই প্রশ্ন এ্যারাইজ করে না, যদি নোটিশ দেন তাহলে আমি বলতে পারি। আমি যতদূর দেখেছি তার একটা ফিরিস্তি আছে যে কত লম্বা হওয়া দরকার, বুক কতটা চওড়া হওয়া দরকার। তবে এর মধ্যে তারতম্য আছে, বাঙ্গালীদের এক রকম, নেপালীদের বেলায় আর এক রকম, এই রকমভাবে একটু তারতম্য করা হয়েছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই কনস্টেবল রিক্রুটমেন্টের ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে সাধারণতঃ সানস অব দি সয়েল হয়। এর মধ্যে কনস্টেবল রিক্রুটমেন্টের ব্যাপারে তাদের পলিটিক্যাল অ্যান্টিসিডেন্স সম্বন্ধে ওঁরা খোঁজ করে প্রায় সকলেই বাদ দিয়ে দিতো, তা এখন পুলিশ রিক্রুটমেন্টের ব্যাপারে সেই ধারাটি কি এই সরকার বাদ দিয়ে দিয়েছেন? অর্থাৎ সেই পলিটিক্যাল অ্যান্টিসিডেন্স থিয়োরিটা কি এখন নাকচ করে দেওয়া হয়েছে?

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় সদস্যরা জানেন আমাদের যুক্তফ্রন্ট সরকারের নীতি হিসাবে আমরা এই পলিটিক্যাল অ্যান্টিসিডেন্স যেটা চাওয়া হতো এবং বিচার করা হোত সেটা বন্ধ করে দিয়েছি, এখন আর ওটা নেই।

### Issue of bus route permits

***556.** (Admitted question No. *1405.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের মন্ত্রিমহাশয় জানাইবেন কি, ১৯৬৭ সালের জানুয়ারী-ফেব্রুয়ারী মাসে কংগ্রেস সরকার কর্তৃক বাসের পারমিট বণ্টন সম্পর্কে প্রথম যুক্তফ্রন্ট সরকারের নির্দেশে শ্রী আর গুপ্ত যে তদন্ত করিয়াছিলেন সেই তদন্ত রিপোর্টের ভিত্তিতে ভবিষ্যতে বাসরুটের পারমিট বণ্টনে যাহাতে কোনরূপ দুর্নীতি না হইতে পারে তজ্জন্য রাজ্য ও জেলাস্তরে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

[1-50—2-00pm]

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** ১৯৬৭ সালের জানুয়ারী/ফেব্রুয়ারী মাসে প্রচলিত আইন এবং নীতি অনুসারে পারমিট বণ্টন না করিয়া এবং আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের কর্তৃত্ব উপেক্ষা করিয়া, প্রশাসনিক কর্তৃপক্ষ ভারতরক্ষা আইনে প্রদত্ত ক্ষমতাবলে অস্থায়ীভাবে বাস চালাইবার জন্য সরাসরি অনুমতি দানের ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন। শ্রীআর গুপ্তের রিপোর্টে উক্ত কার্যকলাপের সমালোচনা করা হইয়াছে।

প্রচলিত বিধি অনুযায়ী পারমিট বণ্টন করা হইলে দুর্নীতির সুযোগ এবং সম্ভাবনা থাকে না। সেই কারণে কোন বিশেষ ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে বলিয়া সরকার মনে করেন না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, শ্রীআর, গুপ্ত যে তদন্ত করেছিলেন বাসের পারমিট দেওয়া সম্পর্কে কংগ্রেস সরকারের আমলে সেই তদন্তের রিপোর্টের মধ্যে কোন কোন সরকারী কর্মচারীদের নাম উল্লেখ করা হয়েছিল সেটা দয়া করে তিনি জানাবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** এই রিপোর্টে যা বলা হয়েছে তার বাইরে আর কিছু বলতে পারবো না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেই সময় ট্রান্সপোর্ট কমিশনার ছিলেন এস্ এন ভট্টাচার্য এবং তার সম্বন্ধে এই রিপোর্টে বিরূপ মন্তব্য করা হয়েছিল?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** হতে পারে, তবে এই নিয়ে কেস করতে আমাদের ল' অফিসার নিষেধ করেন সেইজন্য কোন কেস বা ঐ ধরনের আর কিছু করা যায়নি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** একথা কি সত্য যে শ্রীএস এন ভট্টাচার্য এই রিপোর্ট বের হওয়ার পর তিনি পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হয়েছেন?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সে খবর আমি বলতে পারি না।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, জেলান্তরে এই দুর্নীতি সম্পর্কে যা পাওয়া গিয়েছে তাতে নদীয়া জেলায় ১৯৬৮ সালে রাষ্ট্রপতির শাসনের সময় খেলার স্টেডিয়াম করার নাম করে ৭।৮ হাজার টাকা করে নিয়ে এক একটা বাস পারমিট দেওয়া হয়েছিল, সেই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের জানা আছে কি? যদি জানা না থাকে তাহলে এই সম্বন্ধে অনুসন্ধান করে ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** নোটিশ দিলে এই সম্বন্ধে কি করা যাবে বলতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি যেটা জানতে চেয়েছিলাম, আমি সুস্পষ্ট জানতে চাই এই এস এন ভট্টাচার্যের বিরুদ্ধে সুস্পষ্ট এবং নির্দিষ্ট অভিযোগ করা হয়েছিল আর, গুপ্ত তদন্ত কমিটির রিপোর্ট এবং তারপরে এর আগের সরকারের আমলে তাকে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান করা হয়, এটা কি ঠিক?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সেটা তো হয়েছে সেটা মাননীয় সদস্য জানেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এটা কে করেছিলেন, কার নির্দেশে এই রকম করা হয়েছিল?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** এটা যুক্তফ্রন্ট সরকার আসার আগে ঘটেছিল।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি কি জানেন এটা কে নির্দেশ দিয়েছিল? এস এন ভট্টাচার্য এতবড় দুর্নীতি করার পরও তাঁকে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হতে কে নির্দেশ দিয়েছিলেন?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** সেটা নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এটা কি ধর্মবীর নির্দেশ দিয়েছিলেন?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** এটা নোটিশ দিলে জানাতে পারি, তার পূর্বে জানাতে পারব না।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### আন্তঃজেলা বাস রুট

***984.** (Admitted question No. *1295.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের আন্তঃজেলা বাস রুটের কোনও তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে, ১৯৬৯ সালের এ পর্যন্ত নূতন রুট মঞ্জুরী ও কার্যকরীর পূর্ণ বিবরণ জানাবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে আন্তঃজেলা বাসরুটের সংখ্যা ১৯১; ঐ রুটগুলিতে প্রতিদিন গড়ে ৯০৪টি বাস চলে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আন্তঃজেলা বাসরুট কি ভিত্তিতে মঞ্জুর করা হয়, এটা কি জনসাধারণের চাহিদার ভিত্তিতে, না, স্টেট ট্রান্সপোর্ট অথরিটি নিজের খেয়াল মত এটা করে দেন?

**শ্রীমহম্মদ আবদুল্লাহ রসুলঃ** স্টেট ট্রান্সপোর্ট অথরিটি যে ধরনের দাবি দাওয়া আসে, চাহিদা আসে, সেগুলি বিবেচনা করে তাঁরা যেগুলি দেওয়া উচিত বলে মনে করেন সেগুলি ঘোষণা করে থাকেন।

### পল্লী অঞ্চলে ছোট ছোট শিল্পী/কারিগরদের জন্য সরকারী ঋণ ও অনুদান

***985.** (Admitted question No. *1412.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পল্লী অঞ্চলের ছোট ছোট শিল্পী কারীগরদের জন্য সরকার কোন ঋণ বা অনুদান পুঁজি হিসাবে দিবার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ সম্প্রদায়কে উক্ত ঋণ ও অনুদান দেওয়া হইবে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** (ক) পল্লী অঞ্চলের শিল্পী/কারিগরদের পুঁজি হিসাবে বঙ্গীয় শিল্প ঋণ আইনে ঋণ দিবার ব্যবস্থা আছে। অনুদান দিবার কোন পরিকল্পনা এই বিভাগের নাই।

(খ) যে কোন সম্প্রদায়ের লোক উক্ত ঋণ পাইতে পারেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্পীদের অনুদান দেবার দায়িত্ব কোন বিভাগের, কিলিমের?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** আমার বিভাগ সম্পর্কে আমি বলতে পারি যে ঐ আইনের মাধ্যমে অনুদান দেবার কোন ব্যবস্থা নাই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই শিল্পীদের যে লোন দেন তার সর্ত কি, অ্যামাউন্টের উর্ধ্বতম পরিমাণ কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** সাধারণতঃ বি, ডি, ও মারফত ৪ শো টাকা পর্যন্ত লোন দেওয়া হয়, ডি আই ও মারফত ২ হাজার টাকা, ডি এম ১০ হাজার টাকা পর্যন্ত লোন দেন এবং ডাইরেক্টর মারফত ১৫ হাজার টাকা পর্যন্ত লোন দেওয়া হয় এবং সরকার ১ লক্ষ টাকা পর্যন্ত লোন দিতে পারেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** কোন সর্তে লোন বিলি হয়?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** সাধারণতঃ ২ হাজার টাকা পর্যন্ত ব্যক্তিগত জামিনে লোন দেওয়া হয় এবং তারপর ৫ হাজার টাকা পর্যন্ত ব্যক্তিগত জামিন প্লাস অতিরিক্ত আর একজনের জামিনে লোন দেওয়া হয় এবং তারপর সম্পত্তি বন্ধক রেখে লোন দেওয়ার ব্যবস্থা আছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** বি ডি ও মারফত যে ৪ শো টাকা করে লোন দেওয়ার ব্যবস্থা আছে সেটা কি যে কোন শিল্পী সে বিড়ি থেকে আরম্ভ করে অন্যান্য বাঁশ, বেত, ইত্যাদি যারা ছোট ছোট শিল্প করে তারা পেতে পারে এবং তারজন্য যথেষ্ট টাকা বরাদ্দ আছে কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এবারকার বাজেটে যেটা আছে সেটা হচ্ছে ২৪ লক্ষ ৭০ হাজার টাকা, তার মধ্যে ৯ লক্ষ ৯০ হাজার টাকা ইতিমধ্যে বিভিন্ন জেলাতে আমরা পাঠিয়ে দিয়েছি। বি ডি ও যাকে উপযুক্ত মনে করেন এইরকম কারিগরকে লোন দিতে পারেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** অমুককে লোন না দিয়ে এই শিল্পকে আগে প্রায়োরিটি দাও এইরকম কি কোন সার্কুলার আছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** সেটা সাধারণতঃ আমরা বি ডি ও'র উপর ছেড়ে দিয়েছি।

**রাজ্যপাল মহোদয়ের বেতন ও ভাতা**

*986. (Admitted question No. *1564.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পশ্চিমবঙ্গে দুজন মাননীয় রাজ্যপাল মহোদয়কে বেতন দিতে হইতেছে; এবং

(খ) সত্য হইলে, এই বেতন ও ভাতাদির সমুদয় অর্থ রাজ্যসরকারকে বহন করিতে হয় কিনা?

[12-00—2-10 pm.]

**শ্রীজ্যোতি বসুঃ** (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না। এটা হচ্ছে বর্তমান অবস্থা—এটা ঠিক। কিন্তু যতদিন উনি পদত্যাগ করেন না, ততদিন উনি অর্ধেক বেতন পেতেন—ঐ রাজ্যপাল। এখন যিনি আছেন তিনি ঐ রাজ্যপালের বেতন পান।

**Mr. Deputy Speaker:** The question hour is over.

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পয়েন্ট অফ প্রিভিলেজ। একটি প্রিভিলেজের কোশ্চেন স্যার। এই রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কনডাক্ট অফ বিজনেসের ২০ পৃষ্ঠায় ৩৯ ধারায় যেটা আছে, আপনি দয়া করে সেটা একটু দেখুন

Not more than three questions distinguished by asterisks by the same member shall be placed on the list of questions for oral answer

কিন্তু আজকের দিনে আপনি যদি দেখেন আমরা সদস্য আমাদের বহু কোশ্চেন এক মাস দেড় মাস হয়ে গেছে সেগুলো দিয়েছি, আজও তার উত্তর আসেনি। অথচ এই নিয়ম থাকা সত্ত্বেও এক একজন সদস্যের ৩টার কেন ৪।৫টি কোশ্চেনের ওর‍্যাল আনসার দেওয়া হচ্ছে বা আসছে। কোন সদস্যের ৩টির বেশী কোশ্চেনের উত্তর কি করে দেওয়া হলো, আর অন্যান্য সদস্যদের এক মাস দেড় মাস হয়ে যাচ্ছে, তাদের প্রশ্নের উত্তর দেওয়া হচ্ছে না এর কারণটি দয়া করে জানাবেন?

**Mr. Deputy Speaker:** Mr. Pahari, you know that it is not applicable in the case of held over questions. All the questions of Shri Amalendra Lal Roy and others—more than three questions —came for oral answer because all these were held over questions. These were due previously. Because of some uncertain or unavoidable reasons these questions had to be held over. So these are all held over questions.

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্যার, রুলস অফ বিজিনেস-এ হেল্ড ওভার কোশ্চেনস তিনটির বেশী হবে এ রকম কোন প্রভিসন অর স্কোপ আছে কি?

**Mr. Deputy Speaker:** There is no specific rule regarding the held over questions. It depends on the discretion of the Chair.

**দক্ষিণ লবণ হ্রদ এলাকায় সরকারের মৎস্য চাষের জমি**

***1013.** (Short Notice.) (Admitted question No. *3040.)

**শ্রীগোপাল বসুঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দক্ষিণ লবণ হ্রদ এলাকায় মৎস্য চাষের জন্য রাজ্যসরকার কর্তৃক অ্যাকুইজিশন-এর জন্য নির্দিষ্ট "নোটিফায়েড" জমির কিছু অংশ মেসার্স পারফেক্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (প্রাঃ) লিমিটেড কোম্পানীকে ছেড়ে দেওয়া হয়েছে;

(খ) সত্য হইলে, কি পরিমাণ জমি, কার নির্দেশে এবং কখন ঐ কোম্পানীকে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত হয়;

(গ) কি কি কারণে, কি কি সর্তে ঐ জমি ছেড়ে দেওয়া হয়;

(ঘ) যে কারণ দেখিয়ে ও যে সর্তে ঐ কোম্পানীকে উক্ত জমি দেওয়া হয় পরবর্তীকালে সেই উদ্দেশ্যে ও সর্তে ঐ জমি ব্যবহৃত হয়েছে বা হচ্ছে কিনা;

(ঙ) যদি ঐ সর্ত লঙ্ঘিত হয়ে থাকে তবে ঐ জমি ফেরৎ নেবার বিষয় সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(চ) উক্ত মেসার্স পারফেক্ট কেমিক্যাল কোম্পানী তাদের হিসাবপত্র রেজিস্ট্রার অব কোম্পানীজ-এর নিকট নিয়মিত দাখিল করেন কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ১৯৬৮ সালের জানুয়ারী মাসে মৎস্য বিভাগের তৎকালীন মন্ত্রী শ্রীহরেন্দ্রনাথ মজুমদার মহাশয়ের নির্দেশ অনুযায়ী ঐ কোম্পানীকে ২৪ পরগনা জেলার চকপাড়িয়া ও পরাগাছা মৌজার ১০২-১৫ একর জমি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত হয়।

(গ) কোম্পানীর প্রতিনিধির আবেদন পত্রে প্রার্থিত জমির ব্যবহার সম্পর্কে কয়েকটি সর্ত পালনের প্রতিশ্রুতি ছিল, যথা (১) পোলট্রি ও ডেয়ারী স্থাপন (২) বেসিক কেমিক্যালস-এর জন্য কারখানা স্থাপন এবং (৩) বসতবাড়ি নির্মাণের জন্য জমির উন্নয়ন।

ঐসব সর্তগুলির ভিত্তিতে এবং দেশজ কাঁচা মালের উপর সম্পূর্ণভাবে নির্ভর করে বৈদেশিক সাহায্যে এই রাজ্যে দুর্লভ বেসিক কেমিক্যালস ইন্ডাস্ট্রি স্থাপনের কাজে ঐ জমি ব্যবহার করা হবে, কোম্পানীর নিকট থেকে এরূপ সুস্পষ্ট আশ্বাস পাওয়ায় রাজ্যের বৃহত্তর স্বার্থের কথা বিবেচনা করে স্টেট ফিসারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ-এর প্রকল্প অনুযায়ী ঐ এলাকায় যে জলাধার নির্মাণের কথা ছিল তার জমির প্রয়োজন সংকুচিত করে ঐ পরিমাণ জমি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত হয়। তাছাড়া সংশ্লিষ্ট জমির একাংশ পথিপার্শ্বস্থ গৃহ নির্মাণের জন্য ব্যবহৃত জমির (হোমস্টেড প্লটস) সংলগ্ন হওয়ায় ঐ পরিমাণ জমি "নোটিফিকেশনের" আওতা থেকে বাদ দেওয়া হয়।

(ঘ) না। অনুসন্ধান করে জানা গেছে যে ঐ জমির বেশীর ভাগ (১৭০ বিঘা) উক্ত কোম্পানীর প্রতিনিধি এ জি ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়িজ কো-অপারেটিভ অ্যান্ড হাউসিং সোসাইটি এবং আয়কর গৃহনির্মাণ সমবায় সমিতিকে দীর্ঘমেয়াদী ইজারা বন্দোবস্ত দিয়েছেন। অবশিষ্ট জমিতে কারখানা স্থাপনের কোন ব্যবস্থা হয়নি।

(ঙ) এ ব্যাপারে আইন উপদেষ্টার অভিমত গ্রহণ করা হয়েছে। আইনগত কি কি ব্যবস্থা অবলম্বন করা যায় তাহা সরকারের বিবেচনাধীন।

(চ) না। তদন্ত করে জানা গেল যে ঐ কোম্পানী ৩১-১২-৬৫ তারিখ পর্যন্ত ব্যালান্সসীট ও ৩০-৬-৬৬ তারিখ পর্যন্ত বার্ষিক হিসাবপত্র (অ্যানুয়াল রিটার্ন) রেজিষ্ট্রার অব কোম্পানীজ-এর নিজট দাখিল করেছে। কিন্তু তারপর থেকে আজ পর্যন্ত কোনো ব্যালান্কসীট বা বার্ষিক হিসাবপত্র দাখিল করেনি।

**শ্রীগোপাল বসু:** এই যে মেসার্স পারফেক্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রি কোম্পানীটি তার ডিরেক্টর কে তার নাম কি ঠিকানা কি এবং ঐ কোম্পানীর ঠিকানা কি সেটা বলতে পারেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এই কোম্পানীটির দমদমে একটা ঠিকানা পাওয়া যায়, বর্তমানে অনুসন্ধান করে দেখা গেছে যে ঐ কোম্পানীটির যে ঠিকানা দেওয়া হয়েছিল সেখানে সেই কোম্পানী নাই। সেখানে সেই পারফেক্ট কোম্পানীর নাম করে ১৭০ বিঘা জমি ছেড়ে দেওয়া হয়েছিল—সেটা ঐ পারফেক্ট কোম্পানী কাজে লাগায় নি—সেটা প্লট বাই প্লট বিক্রি করা হচ্ছে। সেই কোম্পানীর অনুসন্ধান করে হদিস পাওয়া যায় নি।

**শ্রীগোপাল বসু:** সেই কোম্পানীর যে ডিরেক্টর সেই ডিরেক্টর কে কে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** সেই যে বোর্ড অব ডিরেক্টর তার মধ্যে ছিলেন শচীন রায়, সি এম ধর ইত্যাদি। ঐ পি ডি এফ সরকারের মন্ত্রী শ্রীহরেন মজুমদারের কাছে তারা আবেদন করেছিলেন।

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন দমদমের এই যে পারফেক্ট কেমিক্যাল কোম্পানী এই কোম্পানীটি নাই—কিন্তু আমি যতদূর জানি আমি ওখান থেকে এসেছি, আমি জানি সেখানে সেই কোম্পানী বহাল তবিয়তে আছে—আপনি কোথা থেকে অনুসন্ধান করেছেন সেটা জানতে চাচ্ছি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এই যে কোম্পানী তার দু তিনটি ঠিকানা দেওয়া হয়েছিল—সেই ঠিকানার কোন জায়গায় ঐ কোম্পানীর অফিসের খোঁজ পাওয়া যায় নি, এবং গভর্নমেন্টের কাছে ১৯৬৬ সালের পর থেকে কোন রিটার্ন দাখিল করে নি।

**Mr. Deputys Speaker:** Mr. Sen Gupta, you have said that the Company is, in existence. Then, you please supply the details and the Honble Minister will enquire into the matter.

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** সেইটাই আমি বলে দিচ্ছি যে এই কোম্পানী আছে এবং দীর্ঘদিন ধরে আছে এবং এই কোম্পানীতে বাংলাদেশের যত কুখ্যাত গুন্ডা বিশেষ করে বিরোধীপক্ষের লোক তারা সেখানে সেলটার নেয়। বর্তমানে এখনও সেখানে সেই কোম্পানী আছে—বিশেষ করে অনুসন্ধান করে দেখবেন সে ব্যাপারে আমি সব রকম সাহায্য করবো।

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** মাননীয় সদস্যকে আমি এজন্য ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীগোপাল বসু:** এই জমি দেবার অর্ডার কবে হয়েছিল ঐ কোম্পানীকে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এই জমি দেবার অর্ডার হয়েছিল ২৭-১-৬৮ তারিখে।

**শ্রীগোপাল বসু:** পি ডি এফ সরকার ফল করার কতদিন আগে এই অর্ডার দেওয়া হয়?

[2-10—2-20pm ]

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** প্রায় ২৫ দিন আগে।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে জমিগুলি তছনছ করা হয়েছে এখন যাতে সেগুলি তছনছ করতে না পারে তার জন্য ইনজাংশন ইত্যাদি দেবার বন্দোবস্তের কথা সরকার বিবেচনা করছেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** আমরা এ বিষয়ে আমাদের এডভোকেট জেনারেল এবং 'ল' ডিপার্টমেন্টের সংগে পরামর্শ করেছি, সেটা এখন সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বোর্ড অব ডিরেক্টর্স'রা যে জমিগুলি বিক্রী করেছেন তাঁরা তা কত দামে বিক্রী করেছেন এবং জমিগুলি উদ্ধারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** জমিগুলি প্রথমে তাঁরা ৫ হাজার, ৬ হাজার টাকা কাঠায় বিক্রী করেছেন প্লট বাই প্লট করে। আর তাঁরা গভর্নমেন্টের কাছে কি ভাবে নিয়েছেন সেটা আপনাদের আগেই বলেছি। এগুলি উদ্ধারের জন্য 'ল' ডিপার্টমেন্টের ফাইনাল মতামত এখনও পর্যন্ত পাওয়া যায়নি যে কি ভাবে উদ্ধার করা যেতে পারে।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এর সঙ্গে শ্রীহরেন মজুমদার মহাশয়ের কি করে যোগাযোগ হল?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** সেটা আমি জানি না, কাজেই বলতে পারি না।

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এবং তরুণবাবুর কাছ থেকে যা খবর পাওয়া গেল তাতে সেখানে যে শুধু গুণ্ডাবাজীর ব্যাপার নয় ভেতরে আরো খারাপ ব্যাপার আছে তা জানা গেল। আমার জিজ্ঞাসা, শুধু সেই জমিগুলিকে যে বার করতে হবে তাই নয়, ভেতরে আরো কি ষড়যন্ত্র আছে তা জানার জন্য এই পারফেক্ট কেমিক্যাল সম্পর্কে গভর্নমেন্টের পক্ষ থেকে কোন এনকোয়ারির ব্যবস্থা করা হবে কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** এটা বিবেচনা করে দেখবো।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই পারফেক্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ-এর পেছনে কংগ্রেস নেতা শ্রীঅতুল্য ঘোষ আছেন একথা মাননীয় মন্ত্রিমহাশয় লুকোচ্ছেন কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** আপনাদের আমি এইটুকু বলতে পারি যে যাঁরা এ বিষয় নিয়ে সেই সময় সরকারের দপ্তরে আসা যাওয়া করেছিলেন তাঁদের মধ্যে বেহালার শ্রীশচীন রায় রয়েছেন এবং মিঃ ধর রয়েছেন। এঁরা কংগ্রেস এবং শ্রীঅতুল্য ঘোষের সঙ্গে জড়িত এইটুকু শুনেছি। তবে মিঃ ধরের নামটা আমার কাছে শ্রীসি এন ধর বলেই আছে, পুরো নামটা নেই, পরে দিতে পারি। আর আমি আগেই যাঁর নাম বললাম বেহালার শ্রীশচীন রায় এঁরা আবার বলি কংগ্রেসের লোক, এঁরা পারফেক্ট কেমিক্যালের পক্ষ থেকে চেষ্টা করেছিলেন এই বিষয়ে এই জমি পাবার জন্য।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে শচীন রায় মহাশয় কংগ্রেসের লোক, মিঃ সি ধরও কংগ্রেসের লোক, উনি এ সম্বন্ধে সঠিক জানেন কিনা এবং কোন প্রমাণ দিতে পারবেন কিনা তা না হলে এখানে যে মিথ্যা উক্তি করেছেন তার জন্য দুঃখ প্রকাশ করবেন কিনা আমি জানতে চাই।

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মিঃ সি ধর কংগ্রেসের সঙ্গে জড়িত ছিল এ কথা বোধ হয় বিজয়বাবু জানেন এবং বেহালার শচীন রায়ও যে কংগ্রেসের লোক এটাও তিনি জানেন। এ বিষয়ে পরে আপনাদের জানানো হবে।

**শ্রীবিজয় সিং নাহার:** আপনার যদি সাহস থাকে তাহলে এই ব্যাপারে এনকোয়ারি কমিশন বসান, আর তা না হলে মিথ্যার জন্য আপনাকে ক্ষমা চাইতে হবে।

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** প্রমাণ পরে দেব।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মন্ত্রিমহাশয় মিথ্যা কথা বলেছেন কিনা সেটা জানবার জন্য এটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দিন, আমরা চ্যালেঞ্জের জন্য প্রস্তুত আছি।

(গোলমাল)

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মেসার্স পারফেক্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজের অফিসগুলি অনেক জায়গায় ছড়িয়ে আছে, কোনটা পাচ্ছে, কোনটা পাচ্ছে না। আমার কাছে খবর আছে, এদের অফিসের খবর মন্ত্রিমহাশয় পান নি, কিন্তু এদের কোনটা চোরাই মাল পাচারের ঘর এগুলি নলিনাক্ষবাবু এবং হরেন মজুমদার এদের রান্নাঘর খুঁজলে পাওয়া যাবে। মন্ত্রিমহাশয় এটা খোঁজ করে দেখবেন কি?

**মিঃ ডেপুটি স্পীকার:** কোশ্চেন ডিসঅ্যালাউড।

(গোলমাল)

**Shri Nalinaksha Sanyal:** Sir, are you going to allow such personal reflection of this kind? It is an absolute lie and unabated lie. He must apologise and withdraw. you cannot allow reflections to be made on members like this. I know nothing of the Perfect Chemical Industries, I know nobody in this organisation.

**Mr. Deputy Speaker:** That's all right, Dr. Sanyal, I have disallowed the question.

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে বিষয়টি উঠেছে সেটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। তার কারণ, ও'রা যাই বলুন বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার কন্সটিটিউন্সিতে সেই কারখানাটি আছে, আমি জানি এবং বিজয় সিং নাহার মহাশয় যতই আস্ফালন করুন আমি হোল ক্যাবিনেটের কাছে বলছি যে খুব গুরুত্ব দিয়ে এর অনুসন্ধান করা উচিত এবং আমি খুব দায়িত্ব নিয়ে বলছি দীর্ঘ কয়েক বছর ধরে বাংলাদেশে কুখ্যাত যারা গুন্ডা ইনু মিত্র থেকে আরম্ভ করে তারা ওখানে সেলটার নিত। আমি আরো দায়িত্ব নিয়ে বলছি ডঃ ধর বলে একজন কেমিস্ট ওখানে আছেন। সেই কোম্পানীর মালিক আইনতঃ হওয়া উচিত একজন গুজরাটী ভদ্রলোকের এবং তার সঙ্গে তাদের বিরোধ আছে এবং সেই বিরোধকে কেন্দ্র করে কিছু গুন্ডা নিয়ে, অ্যান্টি সোসাল এলিমেন্টস নিয়ে সেই কারখানা চালায় মিঃ ধর এবং এটা সরকারের তরফ থেকে অনুসন্ধান করা উচিত। কারণ, সেখানে যে ধরনের জিনিসপত্র তৈরী হয়, সেখানে এক্সপ্লোসিভ জিনিস পায় পারমিটে এবং তা অন্যভাবে ব্যবহার করা হচ্ছিল অনেকদিন ধরে এবং আমি সন্দেহ করি যে এখন করা হয়। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী মহাশয় আছেন আমি খুব গুরুত্ব নিয়ে তাঁদের কাছে বলছি যে সমস্ত জিনিসটা তদন্ত করে দেখা উচিত সরকারের তরফ থেকে এবং এটা করলে পরে ঐখানে যারা কংগ্রেসী আছেন তারা ইন্দিরা বিরোধী কি পক্ষে, সেটা ভাল করে জানা যাবে।

[2-20—2-30pm ]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** উনি যেটা গুরুত্বপূর্ণ বিষয় বললেন, আমি আহ্বান করছি যে কথাগুলি মাননীয় সদস্য বললেন, আপনারা সম্পূর্ণ তদন্ত করুন, একটা বিচার বিভাগীয় তদন্ত করুন এবং ডিপার্টমেন্টাল তদন্ত তো করবেনই। কারণ আমরা জানতে চাই যে বাংলাদেশের রাজনীতি যে রকম বিষময় হয়ে উঠেছে, চারিদিকে যে গুন্ডামি হচ্ছে, গুন্ডা আমাদেরও আছে, আপনাদেরও আছে, আমরা চাই এটা নিরসন হক, নিশ্চয়ই এটা আমরা চাই।

**Mr. Deputy Speaker:** Both Shri Sen Gupta and Shri Ray have raised a point as to whether or not an enquiry will be made into the matter. The Hon'ble Minister may please give a reply.

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** যে প্রস্তাব বিভিন্ন সদস্য দিয়েছেন, এই বিষয়ে আমি নিজে মনে করি যে তদন্ত হওয়া উচিত। এবং তদন্ত করার উদ্দেশ্য নিয়ে আমি প্রথমে এ্যাডভোকেট জেনারেলের কাছে এই সমস্ত ফাইলটা পাঠিয়েছি, এল আর-এর সমস্ত মতামত নিচ্ছি। সুতরাং আপনাদের কাছে বলছি যে এই বিষয়ে তদন্ত করার জন্য আমরা তাদের সংগে আলোচনা করেছি এবং সেইজন্য বলছি যে এই বিষয়ে তদন্ত হবে এবং আমরা খুব গুরুত্ব দিয়ে এটা তদন্ত করতে চাই যাতে রিয়েল কালপ্রিট কে সেটা বেরিয়ে পড়ে।

**শ্রীগোপাল বসুঃ** পারেফেক্ট কেমিক্যাল কোম্পানীর ডিরেক্টরদের উনি বলেছেন যে তারা কংগ্রেসের লোক, আমার জিজ্ঞাস্য হচ্ছে যে যাদের কংগ্রেসী লোক বলে মনে করছেন তারা সিন্ডিকেটপন্থী না ইন্দিরাপন্থী?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** এই বিষয়ে আমার কোন জানার দরকার নেই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার।

**Mr. Deputy Speaker:** Mr. Sarkar, please let me finish the questions first, as placed on the list of questions for answer.

### প্রধানমন্ত্রীর পশ্চিমবঙ্গ সফর

*1014. (Short Notice) (Admitted question No. *3117)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী কি সরকারী কার্যোপলক্ষ্যে প্রস্তাবিত পশ্চিমবঙ্গ সফরে আসিতেছেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তিনি সরকারী ও বেসরকারী উভয় প্রকার কাজের জন্য আসিয়াছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয়া প্রধানমন্ত্রীর সরকারী কার্যসূচীই বা কে নির্ধারণ করেছিলেন এবং বেসরকারী কার্যসূচী কে নির্ধারণ করেছিলেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সরকারেরটা আমরা করেছি এবং বেসরকারীটা কংগ্রেস করেছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সরকারী কি কি কাজ তিনি এখানে করে গেলেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** সরকারী কাজ প্রধানতঃ আমার সংগে এবং উপমুখ্যমন্ত্রীর সংগে আর্থিক বিষয়ে আলোচনা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** প্রধানমন্ত্রী বন্যা বিধ্বস্ত এলাকায় সফর করার জন্য কোন প্রস্তাব রাজ্য সরকারের কাছে রেখেছিলেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার কাছে কোন প্রস্তাব রাখেন নি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই সরকারী এবং বেসরকারী আগমনের জন্য আমাদের কাছে খবর আছে যে চার পাঁচ লক্ষ টাকা খরচ হয়েছে বিভিন্ন ধরনের পুলিশ মোতায়েনের জন্য, এ সম্বন্ধে অতীতেও বিধান সভায় অনেক প্রশ্ন উঠেছিল যে প্রধান মন্ত্রীর এই সমস্ত বেসরকারী প্রোগ্রাম-এ পশ্চিম বংগ সরকারের এত টাকা খরচ করবার কি এত প্রয়োজন হলো?

**Mr. Deputy Speaker:** That question does not arise. It is the duty of the State Government to make Security arrangements.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** বেসরকারী কর্মসূচীর জন্য তিনি এখানে এসেছিলেন মুখ্যমন্ত্রী একথা বলছিলেন। আমার জিজ্ঞাস্য প্রধানমন্ত্রী কি রাজ্য সরকারের সংগে বা মুখ্যমন্ত্রীর সংগে পরামর্শক্রমে এখানে এসেছিলেন? না প্রাধানতঃ ওই বেসরকারী কর্মসূচী তাঁর যেটা ছিল সেই কর্মসূচী পালনের জন্য তিনি এখানে এসেছিলেন এবং সেই কর্মসূচী কে স্থির করেছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমি জবাব দিয়েছি সরকারী এবং বেসরকারী উভয় কাজেই এসেছিলেন। বেসরকারী কর্মসূচী কংগ্রেস থেকে করা হয়েছে তাও বলেছি, সরকারেরটা আমরা করেছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কংগ্রেসের তো অনেকগুলো দল। কংগ্রেসের কোন দল--ইন্দিরাপন্থী না সিনডিকেটপন্থী—অতুল্যবাবু না প্রতাপবাবু না সিদ্ধার্থবাবু—ওগুলো কে ঠিক করেছিল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** কোন পন্থী বলতে পারব না। অভ্যর্থনা সমিতির সভাপতি যিনি শ্রীসিদ্ধার্থ শংকর রায় তিনি করেছিলেন।

**শ্রীনিখিল দাস:** ইন্দিরাজী যে বাংলাদেশে এলেন, আপনারা তাঁকে আমন্ত্রণ করে এনেছেন, না তিনি আসার আগে আপনাদের জানিয়ে এসেছেন কি যে আমি আসছি সরকারী কাজে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমরা আমন্ত্রণ করিনি। তিনি জানিয়েছিলেন, আমি যাচ্ছি তোমাদের প্রোগ্রাম কর।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন কিছুটা সরকারী কাজে, বেশি বেসরকারী কাজে প্রধানমন্ত্রী এখানে এসেছিলেন। (বিরোধী পক্ষ হইতে—তা বলেন নি।) আচ্ছা 'বেশিটা' বাদ দিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি এই সরকারী এবং বেসরকারী কাজের জন্য প্রধানমন্ত্রীর পশ্চিমবাংলা সরকারের কত অর্থ খরচ হল?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** নোটিশ দিলে বলতে পারব। এখন বলতে পারব না।

**শ্রীসনতকুমার রাহা:** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন ইন্দিরাজী যখন এলেন সরকারীভাবে আর্থিক প্রসংগ আলোচনা করতে তখন বাংলাদেশের মালদহ, মুর্শিদাবাদ-এর বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগের ব্যাপার এবং পদ্মা এবং গংগার ভাংগনের খবর তাঁর কাছে পৌছে দেওয়া হয়েছে কিনা এবং সেই সম্পর্কে ঔরংগাবাদকে বাঁধবার কোন প্রস্তাব, সেটার কোন রকম ব্যবস্থা করা হবে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** বাঁধার কাজ রাজ্য সরকারের। এই জন্য টাকার দরকার। তারজন্য আমরা টাকা চেয়েছি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** প্রধানমন্ত্রী যা বোঝা গেল একমাত্র সরকারী কাজ যেটুকু করেছেন এখানে এসে সেটা হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রীর সংগে খানিকটা আলোচনা। এছাড়া আর কোন সরকারী কাজ তিনি করেন নি। আমার জিজ্ঞাস্য এই অবস্থায় বেসরকারী-ভাবে নিজের দলের প্রচারের জন্য তিনি এখানে এসেছিলেন। কাজেই আমাদের রাজ্যপাল তাঁকে বিমানঘাঁটিতে অভ্যর্থনা করতে গেলেন কেন? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে রাজভবন তাঁদের প্রচারের একটা আঙ্গিনা হয়ে দাঁড়াল কেন? সেখানে সমস্ত মিটিং কংগ্রেস দলের কেন হল? এটা সমস্ত বেসরকারী কর্মসূচী তাঁর। তাহলে সিদ্ধার্থবাবুর বাড়ীতে তাঁকে তোলা হল না কেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ভারতের প্রধানমন্ত্রী আমাদের রাজ্যে এলে রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীর তাঁকে অভ্যর্থনা করার একটা রীতি আছে। এটা সভ্য সমাজের রীতি। তিনি এলে তিনি রাজভবনে থাকবেন—এটাও রীতি। তিনি যেখানে থাকবেন সেখানে তিনি যদি কারো সংগে দেখা করতে চান সেটার ব্যবস্থা হতে পারে। সেটা কোন বেআইনী নয়, অশোভন নয়, অনুচিতও নয়।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** প্রধানমন্ত্রী তাঁর রাজনৈতিক দলের সভা রাজভবনে করতে পারেন কিনা এবং সেই সুবিধা ও সুযোগ সকলেরই পাওনা কিনা? সকলকেই কি সেই সুযোগ দেওয়া হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তাঁর রাজনৈতিক দলের সভা তিনি কংগ্রেসভবনে করেছেন, রাজভবনে করেন নি। তিনি কিছু শিল্পপতিদের সঙ্গে কথা বলেছেন রাজভবনে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ** মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয় কি জানাবেন যে, পশ্চিমবাংলায় সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী যখন সফর করেন, পশ্চিমবাংলার বন্যাপীড়িত অঞ্চলের দুর্গত মানুষদের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোন সাহায্য কিম্বা কোন অনুদান দেবেন বলে তিনি কোন প্রতিশ্রুতি দিয়েছিন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** হ্যাঁ। ১ কোটি টাকা মঞ্জুর করেছেন। আমরা ২ কোটি টাকা চেয়েছি, পরে দেবেন বলেছেন।

### Who's Who Committee

[2-30—2-40 p.m.]

*1015. (Short Notice) (Admitted question No. *3118.)

**Shri Mohammed Abdul Latif:** Will the Minister in charge of the Education Department be pleased to state—

(a) who are the present Chairman and members of the "Who is Who" Committee entrusted with compilation of biographical history between 1905-1947;

(b) the number of employees at present working for the said Committee and

(c) the sum of money sanctioned for the said Committee since its inception?

**Shri Satya Priya Roy:** (a) A statement (No. I) is laid on the table.

Statement referred to in reply to clause (a) of starred question No. *1015

**Statement No. I**

List of members of the Who's Who Committee set up for completion of Who's Who of persons who took part in the struggle for India's freedom in Bengal relating to the period from 1905 to 1947.

| | | | |
|---|---|---|---|
| 1. | Dr. Pratap Chandra Guha Roy | .. | Chairman and Convenor |
| 2. | Shri Arun Chandra Guha | .. | Member |
| 3. | Shri Bhupendra Kumar Dutta | .. | " |
| 4. | Shri Nalini Kishore Guha | .. | " |
| 5. | Shri Ashutosh Kahili | .. | " |
| 6. | Shri Kali Charan Ghosh | .. | " |
| 7. | Shri Monoranjan Gupta | .. | " |
| 8. | Shri Atulya Ghosh | .. | " |
| 9. | Dr. Nripendra Nath Basu | .. | " |
| 10. | Shri Bhupati Majumdar | .. | " |
| 11. | Shri Kalipada Bagchi | .. | " |
| 12. | Prof. Nirmal Kumar Basu | .. | " |
| 13. | Shri Ratanmoni Chatterjee | .. | " |
| 14. | Shri Satish Chandra Samanta | .. | " |
| 15. | Shri Hemanta Kumar Basu | .. | " |
| 16. | Shri Satya Ranjan Bakshi | .. | " |
| 17. | Research Scholar and Complier | .. | Member-Secretary |

(b) Another statement (No. II) is also laid on the table.

Statement referred to in reply to clause (b) of starred question No. *1015

**Statement II**

List of employees at present working for the Who's who Committee set up for the Compilation of Who's who of persons who took part in the struggle for Indias freedom in Bengal relating to the period from 1905 to 1947.

1. One Research Scholar and Complier and Secretary.
2. One Stenographer.
3. One Lower Division Assistant-cum-typist.
4. One Clerk-cum-typist.
5. Two Field-Workers.
6. Two Peons.

(c) Rs. 1,84,916.00.

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে,, এই যে হ্ুজ হ্ু কমিটি, তার কি উদ্দেশ্য ছিল এবং কি তৈরী করার ব্যবস্থা হয়েছে আজ পর্যন্ত?

- **শ্রীসত্যপ্রিয় রায়:** হ্ুজ হ্ু কমিটি দুটো ছিল। একটা ছিল

The first Committee was asked to deal with informations for the period from 1905 to 1947 and the second Committee, generally called "The Historians Committee" was asked to deal with the period from 1880 to 1904.

সাধারণতঃ ১৯০৫ থেকে ১৯৪৭ পর্যন্ত যে কমিটি তারা এই সময়কার স্বাধীনতা সংগ্রামীদের ইতিহাস সংগ্রহ করার কাজ ছিল। সেদিকে কাজ বেশী দূর অগ্রসর হয়নি।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নটা হচ্ছে, যে উদ্দেশ্য নিয়ে এই কমিটি গঠিত হয়েছিল বা তাদের দৃষ্টিভঙ্গী যা ছিল সেটা কংগ্রেস যুগেব। বর্তমান যুক্ত-ফ্রন্ট সরকার হবার পরে সেই দৃষ্টিভংগীর কোন পরিবর্তন হবে কিনা এই বিষয়ে সরকার কোন চিন্তা করছেন কি না।

**শ্রীসত্যপ্রিয় রায়:** দৃষ্টিভংগীর চেয়েও সরকারের কাছে সবচেয়ে অসুবিধাজনক মনেহয়েছে, তাতে মনে হচ্ছে যে এই কাজে ১ লক্ষ ৮৪ হাজার টাকা খরচ হওয়া সত্ত্বেও কংগ্রেস-এর দৃষ্টিভংগী নিয়েও সেই কাজ সম্পূর্ণ করা এই কমিটির পক্ষে সম্ভবপর হবে বলে সরকার মনে করছেন না। সরকার আগামী ডিসেম্বর পর্যন্ত এই হ্ুজ হ্ু কমিটির কাজ করবার শেষ সিমানা নির্দ্দেশ করে দিয়েছেন। এবং যার মধ্যে অন্ততঃ কংগ্রেসের দৃষ্টিভঙ্গী নিয়েও তখন স্বাধীনতা সংগ্রামী যারা, নানা রকম ভাবে আত্মত্যাগ করেছেন তাদের ইতিহাসও যদি তারা সংগ্রহ করে তাহলেও সরকার থেকে তাতে আপত্তিজনক বলে মনে করবে না।

**মিঃ ডেপুটি স্পীকার:** কোয়েশ্চেনস আর ওভার।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার। আমি গভর্ণরের বন্যা তহবিল সম্পর্কে একটা প্রশ্ন তুলেছিলাম এবং সেই প্রশ্নটি অনুমোদিত হয়েছিল। তার নম্বর হচ্ছে ১৫৫৬। এবং এই প্রশ্নটি একদিন এই হাউসে উপস্থিত হয়েছিল। কিন্তু সেদিন কোন জবাব পাওয়া যায়নি। প্রশ্নটি হেল্ড ওভার হয়। এবং আমার এখানে প্রশ্ন হচ্ছে যে, উত্তরবংগে বন্যা ত্রাণ তহবিলে বহু অর্থ আদায় করা হয়েছিল এবং সেই অর্থ তদানীন্তন রাজ্যপাল কংগ্রেসের অতুল্য ঘোষ, রেণুকা রায়, এবং প্রফুল্ল সেন, এদের মাধ্যমে বিলি করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে যে, রাজ্যপাল এই ধরনেব কোন তহবিল সৃষ্টি করতে পারেন কিনা এবং সরকার সেই তহবিলের আওতায় থাকবে কিনা, এবং যদি সরকারের আওতায় থাকে তাহলে তার হিসাব সরকার দিতে বাধ্য থাকবে কি না? তারা জবাব দিয়েছেন যে, সরকার এই সমস্ত হিসাব এবং জবাব দিতে বাধ্য না। এই আমার প্রশ্ন হচ্ছে যে, কেন এর জবাব পাবোনা? কেন এর হিসাব পাবোনা? যেহেতু রাজ্যপাল আমাদের সরকারের বেতনভুক কর্মচারী এবং তার যে কোন তহবিল হোক না কেন সেই তহবিল সরকারের আওতায় আসা উচিত। এবং সেই সম্পর্কে হিসাব এবং যাবতীয় প্রশ্নের জবাব আমরা চাই।

**Mr. Deputy Speaker:** Mr. Sarkar, the matter was looked into and it is found that the opinion had already been sought for. The money was handed over to the Governor. The public money provided by the Legislature or money showing within the consolidated fund is the fund of public money. Presumably, contributions were sent by persons, in response to the Governor's personal appeal made for flood relief. Such a fund is not a fund of the Government of the State. So the Legislature or the State Government has got no responsibility in the matter and it has no ministerial responsibility to give answer to such matters.

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### বনভূমি সংরক্ষণ ও উন্নয়ন

***987.** (Admitted question No. *1895.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বনভূমি সংরক্ষণ ও বনসম্পদ উন্নয়নের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) কোন্ কোন্ জিলায় কয়টি নূতন বনাঞ্চল গত বিশ বৎসরে সরকারী প্রচেষ্টায় তৈয়ারী হইয়াছে?

**বন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) এই বিষয়ে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল:

| (ক) জেলা | | নূতন বনাঞ্চল (মৌজা হিসাবে) |
|---|---|---|
| বাঁকুড়া | ... | ৯ |
| বীরভূম | ... | ৩৪ |
| বর্ধমান | ... | ১১ |
| হুগলী | ... | ৮ |
| মেদিনীপুর | ... | ১১৭ |
| নদীয়া | ... | ৩০ |
| মুর্শিদাবাদ | ... | ১২ |
| মালদা | ... | ২২ |
| পশ্চিম দিনাজপুর | ... | ৩৪ |

উপরোক্ত বনাঞ্চলগুলির মোট আয়তন ৯৬৪২ হেক্টার।

### গঙ্গায় ষ্টীমার ফেরী সার্ভিস

***988.** (Admitted question No. *2071.)

**শ্রীপ্রলয় তালুকদার:** পরিবহণ (স্বরাষ্ট্র) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গঙ্গার দুই তীরে হাওড়া ও কলকাতার মধ্যে যোগাযোগের জন্য এবং হাজার হাজার যাত্রী সাধারণের যাতায়াতের সাহায্যের জন্য গঙ্গায় ষ্টীমার ফেরী সার্ভিস চালু করার কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) শিবপুরের রামকৃষ্ণপুর ও কলকাতার চাঁদপাল ঘাটের মধ্যে যে ফেরী সার্ভিসটি চালু আছে তাও পোর্ট কমিশনার বন্ধ করে দিচ্ছেন এই সম্বন্ধে সরকার অবগত আছেন কিনা; এবং

(গ) যদি অবগত থাকেন তো এই ফেরী সার্ভিসটি চালু রাখার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) আছে।

**(খ)** না।

**(গ)** প্রশ্ন ওঠে না।

**ট্রাম ও বাস উভয় যানবাহন চলাচলের রাস্তায় বাসের সংখ্যা হ্রাস**

***989.** (Admitted question No. *2101.)

**শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, যেখানে ট্রাম ও বাসের দুই রুট আছে সেখানে বাসের সংখ্যা কমাইয়া দিয়া ট্রামের সংখ্যা বাড়ান হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

**(খ)** প্রশ্ন উঠে না।

**আসানসোল ক্রীড়া পরিষদ কর্তৃক চ্যারিটি শো-এর টাকার হিসাব**

***990.** (Admitted question No. *2255.)

**শ্রীবামাপদ মুখার্জীঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল ক্রীড়া পরিষদ-এর কর্মকর্তাগণ গভর্নরের শাসনের আমলে জলপাইগুড়ি বন্যার্তদের জন্য চ্যারিটি শো-র টাকার আজ পর্যন্ত কোন হিসাব দেন নাই; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন কিনা?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) আসানসোল ক্রীড়া পরিষদ কর্তৃক গভর্নরের শাসনের আমলে জলপাইগুড়ির বন্যার্তদের জন্য যে চ্যারিটী শোর ব্যবস্থা হইয়াছিল উহার উদ্যোক্তারা টিকিট বিক্রয়ের হিসাব দাখিল করিয়াছিল। গভর্নরের ফান্ডে টাকা ১৩২১·২৫ পঃ (এক হাজার তিন শত একুশ টাকা পঁচিশ পয়সা) দেওয়া হইয়াছে। টিকিট বিক্রয়ের হিসাব নিরীক্ষাধীন আছে।

**(খ)** এ প্রশ্ন উঠে না।

**Disturbances at Jagaddal**

***991.** (Admitted question No. *2280.) **Shri AZIZUR RAHMAN:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the circumstances that led to the outbreak of disturbances at Jagaddal in 24-Parganas on July 18, 1969;

(b) how many persons were injured;

(c) the extent of damage done to public or private properties; and

(d) what steps the Government have taken or propose to take to prevent frequent outbursts of disturbances of this nature?

**The Minister for Home (Police):** (a) In the early morning of 18.7.69 a cow is reported to have been slaughtered at Rostam Ghumti under Jagaddal P.S. and its meat carried to a nearby shed for sale which caused much agitation among the local Hindus.

(b) 11 persons.

(c) 13 shops of Pan Bidi, Stationery, etc. were either damaged or looted.

(d) Strong precautionary measures in the shape of pickets and patrols were taken to prevent recurrence of incidents of this nature.

**কলিকাতা ট্রামওয়েজ কোম্পানী**

***993.** (Admitted question No. *2407.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালে কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীর পরিচালনাভার পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করিবার পর হইতে এ পর্যন্ত মোট আর্থিক ক্ষতির পরিমাণ কত;

(খ) দৈনিক গড়পড়তা ক্ষতির পরিমাণ কত; এবং

(গ) ঐ ক্ষতি এড়াইবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ২-৭-৬৭ হইতে ৩১-৭-৬৯ পর্যন্ত মোট ঘাটতির পরিমাণ ২০৫·৫২ লক্ষ টাকা।

(খ) ২৭,৬৬০ টাকা।

(গ) কোম্পানীর আমলে ট্রামগাড়ী, লাইন, তার ইত্যাদি বহু দিন ধরিয়া মেরামত করা হয় নাই। এইজন্য ট্রামগাড়ীর সংখ্যা কমিয়া গিয়াছে। ইহাই ঘাটতির প্রধান কারণ। সরকার গাড়ীর সংখ্যা তথা আয় বাড়াইবার জন্য একটি পাঁচ বৎসরের প্রোগ্রাম গ্রহণ করিয়াছেন। বর্তমান ট্রাফিক অনুযায়ী গাড়ী বণ্টন, কন্ডাকটার ও ড্রাইভারদের কার্যের সময়সূচীর পরিবর্তন, বিভিন্ন স্টোর্স ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার আমন্ত্রণ ব্যবস্থাও গ্রহণ করিতেছেন।

**Unlicensed private taxis**

***995.** (Admitted question No. *2493.) **Shri RAMKRISHNA SAROGI:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if the Government have any information to the effect that a large number of unlicensed private taxis ply in Calcutta; and

(b) if so, what action, if any, the Government proposes to take in the matter?

**The Minister for Home (Transport):** (a) Anonymous complaints were received from time to time.

(b) Anonymous information received is followed up by police and the R.T.A. Recently a raid was conducted by the R.T.A., Calcutta with the help of M.V. Inspectors and 4 such cases were detected. Proceedings were drawn up against the registered owners of the vehicles in such cases under section 33 of the M.V. Act, 1939.

**২৪-পরগণা জেলার বারুইপুর থানায় ডাকাতির সংখ্যা**

***998.** (Admitted question No. *2603.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের বর্তমান সময় পর্যন্ত ২৪-পরগণার বারুইপুর থানায় মোট কয়টি ডাকাতির ঘটনার বিষয় সরকার অবগত আছেন; এবং

(খ) ঐসব ঘটনার মোট কত লোক (১) মারা গিয়াছেন এবং (২) জখম হইয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) তিনটি।

(খ) (১) ২ জন, (২) ১৬ জন।

### ব্যারাকপুর-বারাসত রুটে চলাচলকারী বাসের সংখ্যা

***999.** (Admitted question No. *2632.)

**শ্রীসরল দেবঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ব্যারাকপুর-বারাসত রুটে বর্তমানে কতগুলি বাস চালু আছে; এবং

(খ) ঐ রুটে বাসের সংখ্যা বৃদ্ধি করার কথা কি সরকার বিবেচনা করছেন?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) এগার খানি বাস চালু আছে।

(খ) হ্যাঁ; কলিকাতার আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ ঐ রুটে ৫ খানি অতিরিক্ত বাসের জন্য পারমিট বণ্টন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। কিন্তু মহামান্য আদালতের আদেশ অনুযায়ী উক্ত সিদ্ধান্ত কার্যকরী করা স্থগিত রাখিতে হইয়াছে।

### বিধান সভা কক্ষে পুলিশী হামলা

***1000.** (Admitted question No. *2753.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান ও শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৩১এ জুলাই, ১৯৬৯, পশ্চিমবঙ্গ বিধানসভায় পুলিশী হামলার দরুন এ পর্যন্ত কতজন পুলিশ কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) উক্ত ঘটনার সহিত জড়িত সন্দেহে এ পর্যন্ত কতজন (১) কনেস্টবল, (২) এস আই, (৩) এ এস আই, ও (৪) গেজেটেড পর্যায়ের পুলিশ কর্মচারীকে বরখাস্ত বা সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) মোট ১৫ জনের বিরুদ্ধে।

(খ)

| | জন |
|---|---|
| (১) কনস্টেবল | ১০ |
| হেড কনস্টেবল | ২ |
| (২) এস্ আই | ... |
| (৩) এ এস্ আই | ১ |
| (৪) গেজেটেড পর্যায়ের পুলিশ কর্মচারী | ২ |

এ'দের প্রত্যেককেই বরখাস্ত করা হইয়াছে।

### স্পোর্টস কাউন্সিল

***1001.** (Admitted question No. *2822.)

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার স্পোর্টস কাউন্সিল-এ কতজন সদস্য আছেন;

(খ) এই সদস্য-সংখ্যা বৃদ্ধি করার কথা নূতনভাবে ভাবছেন কিনা; এবং

(গ) যদি সদস্য-সংখ্যা বৃদ্ধি করেন তবে কতজন?

**শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) বর্তমানে পশ্চিম বাংলার ক্রীড়া পরিষদে ৪৫ জন সদস্য আছেন।

(খ) প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

(গ) এখন পর্যন্ত স্থির করা হয় নাই।

**কেন্দ্রীয় বা অন্য রাজ্যসরকারে প্রেরিত আই এ এস ও এই পি এস অফিসার**

***1002.** (Admitted question No. *3014.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত দুই বৎসরে পশ্চিমবঙ্গ সরকারের অধীন হইতে কোন্ কোন্ আই এ এস ও আই পি এস অফিসারকে কেন্দ্রীয় সরকার বা অন্য কোন রাজ্যসরকারের অধীনে কাজ করিবার জন্য পাঠান হইয়াছে বা কেন্দ্রীয় সরকার কর্তৃক ডাকিয়া লইয়া যাওয়া হইয়াছে?

**স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** গত দুই বৎসরে পশ্চিমবঙ্গের আই এ এস এবং আই পি এস কেডার হইতে ১১ জন আই এ এস এবং ২৪ জন আই পি এস অফিসারকে কেন্দ্রীয় সরকারের চাহিদা অনুযায়ী কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে এবং সংস্থায় নিয়োগের জন্য প্রেরণ করা হইয়াছে। অফিসারদের নামের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

অন্য কোন রাজ্য সরকারের অধীনে কাহাকেও পাঠান হয় নাই।

**হাড়োয়া থানার কুলটী অঞ্চলে হাঙ্গামা**

***1003.** (Admitted question No. *3073.)

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকারঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) (১) গত ৪ঠা আগস্ট, ১৯৬৯, তারিখে হাড়োয়া থানার কুলটী অঞ্চলের হাঙ্গামার ব্যাপারে উক্ত থানায় কোন এত্তেলা দেওয়া হইয়াছিল কিনা এবং (২) হইয়া থাকিলে কয়টি এত্তেলা এবং কোন্ কোন্ সময়ে দেওয়া হয়;

(খ) (১) উক্ত হাঙ্গামায় বন্দুক ব্যবহৃত হইয়াছিল কিনা এবং (২) হইয়া থাকিলে, কয়টি বন্দুক ব্যবহৃত হইয়াছিল এবং বন্দুক ব্যবহারকারীদের উক্ত বন্দুকের কোন লাইসেন্স ছিল কিনা;

(গ) (১) উক্ত হাঙ্গামায় কতজন আহত এবং (২) আহতদের মধ্যে কতজনকে হাসপাতালে পাঠান হইয়াছিল; এবং

(ঘ) উক্ত হাঙ্গামার ধৃত ও অভিযুক্ত ব্যক্তিরা কি কোন রাজনৈতিক দলের কর্মী?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) (১) হ্যাঁ,

(২) ২টি, প্রথমটি বেলা ৩-৪৫ মিঃ এবং অপরটি বেলা ৫টা নাগাদ;

(খ) (১) হ্যাঁ,

(২) ৪টি, এর মধ্যে তিনটি বন্দুকের কোন লাইসেন্স ছিল না;

(গ) (১) এবং (২) ১৪ জন;

(ঘ) হ্যাঁ।

**আসানসোল ওয়াগন ভাঙ্গার ঘটনা**

***1004.** (Admitted question No. *2256.)

**শ্রীরামাপদ মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোলে গত ছয় মাসে কতগুলি ওয়াগন ভাঙ্গার কেস হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে আসানসোলে কত ওয়াগনভঙ্গকারীদের গ্রেপ্তার করা হইয়াছে?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৬টি;

(খ) ১৫ জনকে।

**কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীর লাভ বা ক্ষতির হিসাব**

***1005.** (Admitted question No. *2378.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতার ট্রাম কোং জাতীয়করণের পর হইতে এ পর্যন্ত মোট কত টাকা লাভ বা ক্ষতি হইয়াছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়:** ২০-৭-৬৭ হইতে ৩১-৭-৬৯ পর্যন্ত মোট ঘাটতির পরিমাণ ২০৫·৫২ লক্ষ টাকা।

**Sale of goods smuggled from China**

***1006.** (Admitted question No. *2500.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware that goods such as fountain pens, transistor radios and wrist watches, etc., smuggled from China are being freely sold in Calcutta market; and

(b) if so, what steps the Government have taken so far or propose to take to stop the sale of such goods in West Bengal?

**The Minister for Home (Police):** (a) Government have no such information;

(b) Does not arise.

**বরানগর ও কাঁকুড়গাছিতে ওয়াগন ভাঙ্গার ঘোষণা সম্পর্কে গ্রেপ্তার**

***1007.** (Admitted question No. *2528.)

**শ্রীনিতাইপদ সরকার:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরের মধ্যে বরানগর ও কাঁকুড়গাছি ওয়াগন ভাঙ্গার যে যে ঘটনা ঘটে সে সম্পর্কে আজ পর্যন্ত কতজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছেন; এবং

(খ) উক্ত ওয়াগন ভাঙ্গা মামলায় রেল পুলিশের বিরুদ্ধে কোন অভিযোগ আছে কিনা এবং থাকিলে এ বিষয়ে কাউকে গ্রেপ্তার করা হইয়াছে কিনা?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) ১৯৬৬ হইতে ১৯৬৮ এই তিন বছরে মোট ৬৬ জনকে।

(খ) উক্ত ওয়াগন ভাঙ্গা মামলায় রেল পুলিশের বিরুদ্ধে কোন অভিযোগ ছিল না। সুতরাং এ বিষয়ে কোন পুলিশকে গ্রেপ্তারের প্রশ্ন উঠে না।

### Cases of bomb explosion in Calcutta

***1009.** (Admitted question No. *2743.) **Shri RAM KRISHNA SARAOGI:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many cases of bomb explosions have been recorded in different thanas in Calcutta between 25th February, 1969 and 31st July, 1969; and

(b) under which thana maximum explosions have taken place?

**The Minister for Home (Police):** (a) 171 cases.

(b) Beliaghata P.S.

### ভাগীরথী নদীতে ফেরী ষ্টীমার চালু করার পরিকল্পনা

***1010.** (Admitted question No. *2880.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি কলিকাতা হইতে ডায়মণ্ডহারবার পর্যন্ত যাতায়াতের জন্য ভাগীরথী নদীতে ফেরী ষ্টীমার চালু করার কি কোনও পরিকল্পনা সরকারের আছে?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** না।

### পাটকাঠি শিল্প স্থাপনের পরিকল্পনা

***1011.** (Admitted question No. *2388.)

**শ্রীআজিজুর রহমানঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পাটকাঠি (জুট স্টিক) দ্বারা কোনও শিল্প গড়ে তোলার সরকারের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহা কি এবং কোথায় কোথায় করা হবে?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ** (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

### Arrest of Anti-social elements

***1012.** (Admitted question No. *2732.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of anti-social elements apprehended by the present Government during the last five months; and

(b) how many of them are blackmarketeers, profiteers and hoarders?

**The Minister for Home (Police):** (a) 66,478.

(b) Blackmarketeers—3569, Profiteers—350, Hoarders—314.

## UNSTARRED QUESTIONS

### (to which written Answers were laid on the table)

### জমিদারদের ক্ষতিপূরণ দান

**1067.** (Admitted question No. 342.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাক্তন জমিদারগণ যাঁহাদের নেট আয় ২০,০০০ টাকা এবং তদূর্ধ্ব ছিল তাঁহাদের কয়জনকে তাঁহাদের প্রাপ্য ক্ষতিপূরণের শতকরা পঁচাত্তর ভাগ অথবা তদূর্ধ্ব টাকা দেওয়া হইয়াছে; এবং

(খ) জেলাওয়ারী তাঁহাদের (১) নাম, (২) প্রাপ্য মোট ক্ষতিপূরণ, (৩) নেট আয় এবং (৪) ক্ষতিপূরণ কত দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) প্রাক্তন জমিদারগণ যাহাদের নেট আয় বাৎসরিক কুড়ি হাজার বা তদূর্ধ্বে ছিল তাঁহাদের মধ্যে একমাত্র মহিষাদলের শ্রীদেবপ্রসাদ গর্গ ও তাঁহার চার অংশীদার তাঁহাদের প্রাপ্য ক্ষতিপূরণের শতকরা ৭৫ ভাগের ঊর্ধ্বে ক্ষতিপূরণ পাইয়াছেন। প্রথমতঃ শ্রীদেবপ্রসাদ গর্গ এবং তাঁহাদের অংশীদারগণকে পৃথক পৃথক স্বত্বের অধিকারী বলিয়া মনে করা হয়, এবং সেই মর্মে তাঁহাদিগকে পৃথকভাবে অন্তর্বর্তী ক্ষতিপূরণ দেওয়া হয়। পরে ১৯৬৭ সালে তদানীন্তন অ্যাডভোকেট জেনারেল অভিমত দেন যে শ্রীদেবপ্রসাদ গর্গ এবং তাঁহাদের অংশীদারগণকে একটি অবিভক্ত মধ্যস্বত্বের অধিকারী বলিয়া গণ্য করা উচিত। এই মর্মে তাঁহাদের মোট প্রাপ্য ক্ষতিপূরণ ৬,৯৮,৭৬৮ টাকা। কিন্তু ইতিপূর্বেই পৃথক পৃথকভাবে তাঁহাদিগকে মোট ৬,৪৬,৩৬৪ টাকা দেওয়া হইয়াছে।

### কান্দী ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেট

**1068.** (Admitted question No 488.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কান্দী ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেটটি সরকারে দখল না লওয়ার কারণ কি, এবং

(খ) এ এস্টেটটির আয়-ব্যয়ের হিসাব সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) জমিদারী গ্রহণ আইন অনুসারে কেবলমাত্র দাতব্যের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ট্রাস্ট এস্টেট তাহার সকল খাস জমি রাখিতে পারে। কাজেই কান্দী ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেটটির সরকারী দখলে লওয়ার প্রশ্ন আসে না।

(খ) সরকার যতদূর জানেন এস্টেটের আয় বার্ষিক ২,২৩০ টাকা। সম্পূর্ণ আয়-ব্যয়ের হিসাব সম্বন্ধে সরকার অবহিত নহেন।

### বাস্তুজমির খাজনা মাপ

**1069.** (Admitted question No. 1728.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাস্তুজমির খাজনা মাপের দরুন যে-সকল জমির খাজনা আদায় বন্ধ করা হইয়াছে সে সকল জমির পরিমাণ কত এবং তাহার রাজস্বের পরিমাণ কত টাকা ছিল?

**The Minister for Land and Land Revenue:**

জমির পরিমাণ এ পর্যন্ত ৫২,৪৭৮ একর এবং রাজস্বের পরিমাণ ৪,৪৫,৯৪৫ টাকা।

**ভূমি সংস্কার আইনবলে বিক্রীত জমি ফেরত পাওয়া উপজাতি সম্প্রদায় পরিবারের সংখ্যা**

**1070.** (Admitted question No. 1871.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৫ সালের ভূমিসংস্কার আইনের বলে গত পাঁচ বছরের উপজাতি সম্প্রদায়ের কত পরিবার তাহাদের বিক্রীত জমি ফেরত পাইয়াছেন,

(খ) কোন্ জেলায় এইরূপ পরিবারের সংখ্যা কত, এবং

(গ) ফেরত পাওয়া জমির পরিমাণ কত ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) মোট ১৬৩টি পরিবার।

(খ) ও (গ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clauses (kha) and (ga) of unstarred question No. 1070

বিবরণী

| জেলার নাম | জমি ফিরত পাওয়া পরিবারের সংখ্যা | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| হাওড়া | .. | .. |
| পুরুলিয়া | .. | .৯ |
| মুর্শিদাবাদ | ১৭ | ১২.৮৭ |
| দার্জিলিং | .. | .. |
| পশ্চিম দিনাজপুর | ১ | ৫.৪১ |
| বীরভূম | ১ | ১.৭৭ |
| বাঁকুড়া | .. | .. |
| বর্ধমান | ১ | ৭.৯৯ |
| হুগলী | ১ | ১.০৬ |
| ২৪-পরগণা | ১১৪ | ৫৭ ১৩ |
| জলপাইগুড়ি | .. | .. |
| নদীয়া | ১৮ | ২৩.২৬ |
| মেদিনীপুর | ৬ | ৩ ৭৮ |
| কুচবিহার | .. | |
| মালদহ | ৪ | ৫·০৬ |
| | ১৬৩ | ১০৫·৩২ |

### হাওড়া জেলায় বেনামী জমি উদ্ধার

**1071.** (Admitted question No. 2010.)

**শ্রীকালীপদ মন্ডল:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় এ যাবৎ মোট কত বিঘা বেনামী জমি উদ্ধার করা হইয়াছে; এবং

(খ) ঐ জেলায় কত জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করা হইয়াছে; এবং

(গ) ঐ ভূমিহীন কৃষকদের মধ্যে শতকরা কতজন তফসীল সম্প্রদায়ভুক্ত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৪,৭৪৫ বিঘা।

(খ) বেনামী জমি ও সরকারে ন্যস্ত জমি সমেত প্রায় ১,১০৪ বিঘা জমি বিলি করা হইয়াছে।

(গ) শতকরা ১০ জন।

### দাশপুর থানার কিশোরপুরে ত্রাণ কার্য

**1072.** (Admitted question No. 2050.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** ত্রাণ এবং সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাশপুর থানার কিশোরপুরে কংসাবতী নদীতে বর্তমান বছরে বাঁধ ভেঙে যাওয়ায় বন্যাপ্লাবিত এলাকার অধিবাসীদের কার্যে কতগুলি (১) সরকারী এবং (২) বে-সরকারী নৌকা নিয়োগ করা হইয়াছিল;

(খ) বেসরকারী নৌকাগুলির মালিকদের নাম কি এবং দৈনিক কত টাকা ভাড়া দেওয়া হইয়াছে, কতজনের নৌকা ভাড়া এখনও দেওয়া হয় নাই এবং কেন দেওয়া হয় নাই;

(গ) বন্যার্তদের কত "ছই" দেওয়া হয় এবং উক্ত প্রতিটি "ছই"-এর দাম কত দেওয়া হইয়াছে; এবং

(ঘ) কতগুলি "তিরপল" কতজনকে দেওয়া হয় এবং বন্যার পর কতগুলি "তিরপল" সরকার ফেরৎ পাইয়াছেন?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) কোন সরকারী নিয়োগ করা হয় নাই, মোট ৭টি বেসরকারী নৌকা নিয়োগ করা হইয়াছিল। ৪ঠা আগস্ট ১৯৬৯ থেকে ৩১এ আগস্ট ১৯৬৯ পর্যন্ত নৌকাগুলি নিযুক্ত ছিল, তবে সব নৌকাগুলি এই সময়ের সব দিনের জন্য নিযুক্ত ছিল না।

(খ) মালিকদের নাম নিম্নরূপঃ—

(১) শ্রীঅনিল শাসমল।

(২) শ্রীনারায়ণ জানা।

(৩) শ্রীনন্দদুলাল পাথর।

(৪) শ্রীবিজয় পাত্র।

(৫) শ্রীতিনকড়ি খাঁড়া।

(৬) শ্রীরাম জানা।

দৈনিক ভাড়ার হার নিম্নরূপ ছিলঃ—

(১) ও (২) নং ১৫ টাকা, (৩) ও (৪) নং ২০ টাকা ও (৫) ও (৬) নং ৩৭ টাকা। সব মালিকের ভাড়া দেওয়া হইয়াছে।

(গ) ৩,৬৪১টি "ছই", প্রতিটি "ছই"-এর দাম ৪ টাকা হইতে ৬ টাকা পর্যন্ত ছিল।

(ঘ) ২৪৫টি "তিরপল", ২৪৫টি পরিবারের প্রায় ১,৫০০ জনকে দেওয়া হইয়াছে। ২০টি তিরপল ফেরৎ পাওয়া গিয়াছে।

**রামপুরহাট ও নলহাটী থানায় গভীর ও অগভীর নলকূপের সংখ্যা**

**1073.** (Admitted question No. 2316.)

**শ্রীমৃত্যুঞ্জয় মন্ডলঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ও নলহাটী থানায় সেচবিহীন এলাকায় এযাবৎ কয়টি গভীর ও অগভীর নলকূপ বসানো হইয়াছে;

(খ) এতদ্দ্বারা কত একর জমিতে সেচ কার্য চলিতেছে; এবং

(গ) আগামী বৎসরে সেচবিহীন এলাকাগুলিতে সেচের সুচারু ব্যবস্থা করিবার জন্য আর কতগুলি গভীর ও অগভীর নলকূপের ব্যবস্থা করিতে সরকার মনস্থ করিয়াছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) রামপুরহাট ও নলহাটী থানায় কোনও গভীর নলকূপ বসানো হয় নাই। রামপুরহাট থানায় ৭টি ও নলহাটী থানায় ১৯টি অগভীর নলকূপ বসানো হইয়াছে।

(খ) গভীর নলকূপ সম্বন্ধে এ প্রশ্ন উঠে না।

রামপুরহাট থানায় অগভীর নলকূপ দ্বারা ৭০ একর ও নলহাটী থানায় অগভীর নলকূপ দ্বারা ১১৫ একর জমিতে সেচকার্য চলিতেছে।

(গ) গভীর নলকূপ সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়। আগামী বৎসর রামপুরহাট থানায় অগভীর নলকূপ বসাইবার পরিকল্পনা চালু থাকিবে।

**অর্থ দপ্তরের গেজেটেড অফিসার**

**1074.** (Admitted question No. 2320.)

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অর্থ দপ্তরে একনাগাড়ে দীর্ঘ ৮/১০ বছরের অধিককাল বহু আই এ এস ও ডবু বি সি এস অফিসার কাজ করিয়া যাইতেছেন;

(খ) যদি সত্য হয়, ঐ অফিসারদের নাম ও পদ কি, এবং

(গ) এতদিন ঐ বিভাগে উক্ত অফিসারদের রাখার কারণ কি?

**The Minister for Finance:**

(ক) ও (খ) হ্যাঁ। ২ জন ৮ বৎসরের অধিককাল অর্থ দপ্তরে রহিয়াছেন। যথা—

১। শ্রী জে. এল. কুন্ডু. আই. এ. এস—

(ক) জয়েন্ট সেক্রেটারী ১৯-৬-৬১ হইতে ২৬-৪-৬২।

(খ) অ্যাডিসনাল সেক্রেটারী, ২৭-৪-৬২ হইতে ৪-১-৬৬ পর্যন্ত।

(গ) ফাইন্যান্সিয়াল কমিশনার এবং সেক্রেটারী ৫-১-৬৬ হইতে এ পর্যন্ত।

২। শ্রী এন কে পাল, আই, এ, এস—

(ক) ডেপুটি সেক্রেটারী ২-৫-৫৫ হইতে ১৩-৬-৬৪ পর্যন্ত।

(খ) জয়েন্ট সেক্রেটারী ১৪-৬-৬৪ হইতে এ পর্যন্ত।

(গ) জনস্বার্থেই উক্ত অফিসারদিগকে এই বিভাগে নিযুক্ত রাখা হইয়াছে।

**২৪-পরগনা জেলার বিভিন্ন মহকুমায় ত্রাণ কার্য**

**1075.** (Admitted question No. 2491.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** ত্রাণ এবং সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বিভিন্ন মহকুমায় যুক্তফ্রন্ট সরকার গঠিত হইবার পর হইতে ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত পরীক্ষামূলক ত্রাণ-কার্য হিসাবে কত টাকা ব্যয় হয়েছে;

(খ) উক্ত জেলার বিভিন্ন মহকুমায় জি আর বাবদ কত টাকা উক্ত সময়ে খরচ হয়েছে; এবং

(গ) উক্ত জেলার বিভিন্ন ব্লকে কতগুলি টি আর স্কীমের কাজ উক্ত সময়ে শেষ হয়েছে এবং কতগুলি অসমাপ্ত আছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) টেস্ট রিলিফ বাবদ ব্যয়—

নগদে ৯,০৯,৫৮৯ টাকা।

খাদ্যশস্যে ৪১৯ মেট্রিক টন ২ কুইন্ট্যাল ৮ কেজি (মূল্য ৪,২০,০০০ টাকা)।

(খ) জি আর বাবত ব্যয় নগদে ৫২,৩৫৪·৩৭ টাকা। খাদ্যশস্যে ২৪৮ মেট্রিক টন ৫ কুইঃ ৭২ কেজি, (মূল্য ২৪৮,০০০ টাকা)।

(গ) ১২৯টি স্কীমের কাজ হইয়াছে। ১১৫টি স্কীমের কাজ অসমাপ্ত রহিয়াছে।

**মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদন**

1076. (Admitted question No. 2548.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার নিম্নলিখিত প্রাথমিক বিদ্যালয়গুলি অনুমোদন করা হইয়াছে কি না—

(১) খিদিরপুর বালুরমাঠ প্রাথমিক স্কুল, হরিহরপাড়া অঞ্চল;

(২) বৈরগাছি প্রাথমিক স্কুল, হরিদাস মাটি অঞ্চল;

(৩) বদরপুর প্রাথমিক স্কুল, মনীন্দ্রনগর;

(৪) মনীন্দ্রনগর কলোনি প্রাথমিক স্কুল, মনীন্দ্রনগর;

(৫) বানজেঠিয়া প্রাথমিক স্কুল, মনীন্দ্রনগর;

(৬) বহরমপুর শহরের নতুনপাড়া প্রাথমিক স্কুল (বহরমপুর থানা),

(৭) বহরমপুর শহরের গোড়াবাজার প্রাথমিক স্কুল (বহরমপুর থানা); এবং

(৮) চৌয়াপুর প্রাথমিক স্কুল (বহরমপুর থানা)?

**The Minister for Education:**

(১) এই বিদ্যালয় অনুমোদিত নয়।

(২) বৈরগাছিতে একটি অনুমোদিত জি এস এফ পি স্কুল আছে। বৈরগাছি ২নং নামে অপর একটি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব জেলা স্কুল বোর্ড হইতে পাওয়া গিয়াছে। বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন আছে।

(৩) এই বিদ্যালয় অনুমোদিত নয়।

(৪) মনীন্দ্রনগর কলোনিতে তিনটি অনুমোদিত বিদ্যালয় আছে—২টি জি এস এফ পি স্কুল এবং একটি মনীন্দ্রনগর উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় আছে।

(৫) বিদ্যালয়টি অনুমোদিত নয়। (বনজেঠিয়াতে একটি জি এস এফ পি স্কুল বোর্ডের অধীন অনুমোদিত আছে)।

(৬) এই বিদ্যালয় অনুমোদিত।

(৭) এই বিদ্যালয় অনুমোদিত।

(৮) এই বিদ্যালয় অনুমোদিত নয়।

### জলপাইগুড়ি জেলায় হাটবাজারের সংখ্যা

**1077.** (Admitted question No. 2595.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় হাটবাজারের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে আজও কতটি হাটবাজার বেসরকারী মালিকানাধীন আছে;

(গ) এই সমস্ত হাটবাজারগুলি সরকারী পরিচালনাধীনে আনার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) জমিদারী গ্রহণ আইন কার্যকরী হওয়ার পর কতগুলি বেসরকারী পরিচালনাধীন হাটবাজার সরকারী পরিচালনাধীনে গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৩০।

(খ) ৮৩টি।

(গ) বর্তমানে এ সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা নই। তবে এ প্রশ্ন বিবেচনা করা হইবে।

(ঘ) ৯টি।

### উদয়নারায়ণপুর থানায় সিনেমা হাউস স্থাপনের আবেদন

**1078.** (Admitted question No. 2739.)

**শ্রীপান্নালাল মাঝিঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় উদয়নারায়ণপুর থানায় "সিনেমা হাউস" স্থাপন করিবার জন্য কতজন আবেদন করিয়াছেন; এবং

(খ) আবেদনকারিগণের মধ্যে কাহার আবেদন কতদিনের?

**The Minister for Home (Political):**

(ক) এগারো জন।

(খ) আবেদনকারীর নাম ও আবেদনের তারিখ—

শ্রীঅলকানন্দ গঙ্গোপাধ্যায়—১৭-২-৬৪

শ্রীঅনাথনাথ চট্টোপাধ্যায়—১৯-১-৬৫

শ্রীমতী মোসাম্মত ও আমেনী খাতুন বিবি—৬-৩-৬৫

শ্রীকরুণাময় শাসমল—১৩-৮-৬৫

শ্রীচন্দ্রশেখর হাজরা ৩০-৮-৬৫

শ্রীনিমাই মণ্ডল—২৯-৪-৬৬

শ্রী এ কে সামন্ত ও অন্য দুইজন—৬-৬-৬৬

শ্রীমহাদেবচন্দ্র চাঁই—২-১১-৬৮

শ্রীধর্মদাস আশ ও শ্রীজগদীশ লাল খান্না—১৯-১২-৬৮

শ্রীনিতাইচরণ পাল—২-১১-৬৮

শ্রীবিজয়কৃষ্ণ ঢোল ওরফে ঘোষ—৪-১-৬৯

**গোঘাট থানা এলাকায় ডাকাতির সংখ্যা**

**1079.** (Admitted question No. 2808.)

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত গোঘাট থানায়—

(১) কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে;

(২) কতগুলি ডাকাতকে পুলিশ গ্রেপ্তার করেছে;

(৩) ধৃত ব্যক্তিদের মধ্যে কতগুলির বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে, এবং

(৪) কতগুলি ক্ষেত্রে আসামী পলাতক আছে?

**The Minister for Home (Police):**

(১) ১৯৬৭—১২টি, ১৯৬৮—৬টি ও ১৯৬৯—৮টি (জুলাই মাস পর্যন্ত)।

(২) ১৯৬৭—৭৩ জন, ১৯৬৮—৮৩ জন ও ১৯৬৯—৩২ জন (জুলাই মাস পর্যন্ত)।

(৩) ১৯৬৭—২৪ জনের বিরুদ্ধে ১৯৬৮—২৯ জনের বিরুদ্ধে এবং ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত ঘটনাগুলি তদন্তাধীনে আছে।

(৪) কোন ক্ষেত্রেই আসামী পলাতক নাই।

**জমির রেকর্ড পরিবর্তন**

**1080.** (Admitted question No. 2826.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে সরকারী খাস জমির বা সরকারে ন্যস্ত বা ন্যস্ত হইবার যোগ্য জমির কত পরিমাণ রেকর্ড পরিবর্তনী/রেকর্ড সংশোধনী মামলার জন্য রেকর্ড পরিবর্তন করিতে হইয়াছে অথবা মামলার অধীন আছে; এবং

(খ) গত তিন বৎসরের কোন্ বৎসর এইরূপ পরিবর্তন/রেকর্ড সংশোধনী মামলার সংখ্যা কিরূপ ছিল?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) প্রশ্নটি পরিষ্কার নহে। সুতরাং তাহার উত্তর দেওয়া সম্ভব নয়।

**হুগলী জেলার খানাকুল থানায় মুণ্ডেশ্বরী নদীতে স্লুইস গেট**

**1081.** (Admitted question No. 2828.)

**শ্রীপান্নালাল মাঝিঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার খানাকুল থানায় বালিপুর মুণ্ডেশ্বরী নদীর উপর বিল বিঘা নামক জায়গায় স্লুইস গেট নির্মাণের জন্য সম্প্রতি সরকারের নিকট কোন প্রস্তাব আসিয়াছে কিনা; এবং

(খ) আসিয়া থাকিলে উক্ত গেট নির্মাণের বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) বর্ষার পর অনুসন্ধান কার্যাদি করা হইবে তাহার পর ইহা স্থিরীকৃত হইবে যে পরিকল্পনাটি গ্রহণযোগ্য কিনা।

**Surplus hands in Government services**

**1082.** (Admitted question No. 2843.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) how many surplus hands there are in Government employment in different districts of West Bengal; and

(b) what step, if any, Government proposed to take to absorb these surplus hands?

**The Minister for Finance:** (a) On the basis of the figures available up to 30th August 1969, the number of surplus hands in differcent districts is as follows:

| Districts. | Non-Technical employees. | Techni-cal employees. | Total. |
|---|---|---|---|
| Calcutta .. | 135 | 15 | 150 |
| Bankura .. | 9 | . | 9 |
| Darjeeling .. | 17 | 2 | 19 |
| 24-Parganas .. | 5 | 10 | 15 |
| Howrah .. | 3 | | |
| Hooghly . | 12 | 361 | 376 |
| Midnapore . | | | |
| Malda .. | . | 8 | 8 |
| Jalpaiguri .. | . | 228 | 228 |
| | 181 | 624 | 805 |

(b) Government have accepted the principle that there should be no retrenchment of surplus Government servants due to non-avallability of vacancies in any establishments so long as vacancies suitable to their qualifications and comparable to post held by them are available in the same or other establishments under Government. Instructions have already been issued to absorb surplus clerical and non-clerical superior staff and also clas IV staff against available vacancies.

**রামপুরহাট কলেজ পরিচালনা সমিতি**

**1083.** (Admitted question No. 2875.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট (বীরভূম) কলেজের পরিচালনা সমিতি পুনর্গঠন করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, সদস্যদের নাম ও পরিচয়?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) সদস্যদের নাম ও পরিচয় সম্বলিত সরকারী আদেশনামায় [নং ৮৬৩-ইডিএন্(সিএস), ২৮-৫-৬৯] নকল জ্ঞাতার্থে পেশ করা হইল।

### মেদিনীপুর জেলায় বার্ধক্যভাতা প্রাপ্ত লোকের সংখ্যা

**1084.** (Admitted question No. 2929.)

**শ্রীহরহরি দেব:** ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ১৯৬৯ সালের মার্চ পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে কতজন বার্ধক্য-ভাতা পাইয়াছেন; এবং

(খ) কোন্ কোন্ ব্লক হইতে কতজনের আবেদন সরকারের নিকট আসিয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) ও (খ) এতৎসম্পর্কিত একটি বিবরণী দেওয়া হইল।

*Statement referred to in reply to unstarred question No. 1084.*

**Statement**

| Name of the Block | No. of persons received old age pension up to 31-3-69 | No. of petitions received up to 31-3-69. |
|---|---|---|
| Contai—I | 84 | 99 |
| Contai—II | 19 | 26 |
| Contai—III | 6 | 6 |
| Ramnagar—I | Nil | 4 |
| Ramnagar—II | 5 | 50 |
| Egra—I | 60 | 102 |
| Egra—II | 52 | 81 |
| Potashpur | 17 | 27 |
| Bhagwanpur—I | 25 | 97 |
| Bhagwanpur—II | Nil | 23 |
| Khejuri | 2 | 2 |
| Tamluk—I | 45 | 61 |
| Tlamuk—II | 1 | 1 |
| Panskura—I | 30 | 30 |
| Panskura—II | 55 | 55 |
| Moyna | 48 | 48 |
| Mahisadal—I | 1 | 1 |
| Mahisadal—II | 26 | 26 |

| Name of the Block. | No. of persons received old age pension up to 31-3-69. | No. of petitions received up to 31-3-69. |
|---|---|---|
| Sutahata—I .. .. .. | 6 | 6 |
| Sutahata—II .. .. .. | 3 | 3 |
| Nandigram—I .. .. .. | 62 | 62 |
| Jhargram .. .. .. | 11 | 71 |
| Sankrail .. .. .. | 6 | 35 |
| Jamboni .. .. .. | Nil | 163 |
| Gopiballavpur—II .. .. | 2 | 17 |
| Daspur—II .. .. .. | 1 | 3 |
| Pingla .. .. .. | 1 | 80 |
| Danton—I .. .. .. | 3 | 10 |
| Danton—II .. .. .. | 28 | 35 |
| Mohanpur .. .. .. | 49 | 55 |
| Sabong .. .. .. | 26 | 49 |
| Narayangarh .. .. . | 13 | 23 |
| Kharagpur—I .. .. . | Nil | 72 |
| Kharagpur—II .. .. . | Nil | 58 |
| Garbeta—I .. .. .. | 19 | 19 |
| Midnapore .. .. .. | 3 | 9 |
| Midnapore and other municipal areas which are not covered by the Anchalik Parisad. | 53 | 60 |

**Motor Launch Service between Shibpur and Chandpal Ghat**

**1085.** (Admitted question No. 2970.) **Shri NIRMAL KUMAR MUKHERJEE:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that there was a proposal for running a steamer or motor launch service between Shibpur and Chandpal Ghat|Takta Ghat; and

(b) if so, what action has so far been taken by the State Government to run this service?

**The Minister for Irrigation and Waterways:** (a) No.

(b) Does not arise.

**বাহাদুরপুর-মারুট রাস্তায় ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের ব্যয়**

**1086.** (Admitted question No. 3011.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার অন্তর্গত বাহাদুরপুর-মারুট রাস্তার মধ্যে অবস্থিত ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর ও খরচ হইয়াছে?

**The Minister for State for Public Works (Roads):**

মাননীয় সদস্য সম্ভবতঃ গ্রামশালিখা-মর্জালিসপুর রাস্তার ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের উল্লেখ করছেন; এখনও ঐ সেতু বাবত কোন টাকা মঞ্জুর হয় নাই। সুতরাং খরচের প্রশ্ন উঠে না।

**জলপাইগুড়ি জেলায় প্রাইমারী ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র**

**1087.** (Admitted question No. 3037.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় মোট কয়টি প্রাইমারী ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে,

(খ) যে সব ব্লকে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই তাহার সংখ্যা কত; এবং

(গ) এই সব ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কি?

**The Minister for Health:**

(ক) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ৮টি, উপ-স্বাস্থ্যকেন্দ্র ২৪টি।

(খ) দুইটি।

(গ) হ্যাঁ।

**দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের অফিসারদের জন্য সরকারী গাড়ী**

**1088.** (Admitted question No. 3069.)

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডে নিযুক্ত অফিসারদের ব্যক্তিগত ব্যবহারের জন্য সরকারী গাড়ী বরাদ্দ আছে;

(খ) সত্য হইলে, উক্ত অফিসারদের সংখ্যা কত; এবং

(গ) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে অগাস্ট মাস পর্যন্ত প্রতি অফিসারের সরকারী গাড়ীর জ্বালানি, মেরামত ও ড্রাইভারের ওভারটাইম বাবদ পৃথক খরচের পরিমাণ কত?

**The Minister for Commerce and Industries:**

(ক) দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডে নিযুক্ত কোন কোন অফিসারদের ব্যক্তিগত ব্যবহারের জন্য কোম্পানীর গাড়ী দেওয়া হয়।

(খ) চারজন।

(গ)

| | অফিসারের নাম | | জ্বালানী বাবদ খরচ | মেরামত বাবদ খরচ | ড্রাইভারের ওভারটাইম বাবদ খরচ |
|---|---|---|---|---|---|
| | | | টাকা | টাকা | টাকা |
| (১) | শ্রীএস. পি. পাল, ম্যানেজিং ডাইরেক্টর | .. | ১,৭৭৪ | .. | ১,৭০৯ |
| (২) | শ্রীএন. সি. গাঙ্গুলী, ওয়ার্কস ইঞ্জিনীয়ার | .. | ২,৭৯২ | ১,০৬১ | ১,৬০৩ |
| (৩) | শ্রীটি. এন. মিত্র, ডেপুটি চীফ ইঞ্জিনীয়ার | .. | ৩,১৮৫ | ৯৯৪ | ৬০৪ |
| (৪) | শ্রীএন. সেন, সেক্রেটারী .. | .. | ৩,৬৯১ | ৭০৩ | ১,১২৯ |
| | মোট | .. | ১১,৪৪২ | ২,৭৫৮ | ৫,০৪৫ |

**মেডিক্যাল কলেজে ছাত্রছাত্রী ভর্তির ব্যবস্থা**

**1089.** (Admitted question No. 3081.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন মেডিক্যাল কলেজে প্রতি বৎসর গড়ে কতজন ছাত্রছাত্রীর ডাক্তারী পড়ানোর ব্যবস্থা আছে;

(খ) কোন্ কলেজে কত আসন সংখ্যা;

(গ) কাহাদের দ্বারা নির্বাচকমন্ডলী গঠিত হয়; এবং

(ঘ) কিসের ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি করা হয়?

**The Minister for Health:**

(ক) ৭৫৫ জন।

| (খ) কলেজের নাম | | মোট আসন সংখ্যা |
|---|---|---|
| (১) মেডিক্যাল কলেজ, কলিকাতা | ... | ১৩৫ |
| (২) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলিকাতা | ... | ১৩৫ |
| (৩) আর, জি, কর, মেডিক্যাল কলেজ, কলিকাতা | . | ১৩৫ |
| (৪) ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ, কলিকাতা | . | ২০০ |
| (৫) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, বাঁকুড়া | | ৫০ |
| (৬) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজ | ... | ৫০ |
| (৭) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রি-মেডিক্যাল কলেজ (এই বৎসর হইতে প্রবর্তিত হইয়াছে) | ... | ৫০ |
| | | মোট—৭৫৫ |

(গ) প্রথমোক্ত (উপরে) পাঁচটি সরকারী মেডিক্যাল কলেজে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করেন সেন্ট্রাল সিলেকশান বোর্ড। এই বোর্ডে আছেন পাঁচটি কলেজের প্রিন্সিপালগণ এবং শিক্ষাবিভাগের একজন প্রতিনিধি।

উত্তরবঙ্গ ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল ও প্রি-মেডিক্যাল কলেজ দুইটিতে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করেন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত সিলেকসান কমিটি। এই সিলেকশান কমিটি দুইটির প্রত্যেকটিতে স্বাস্থ্য অধিকারের একজন করিয়া প্রতিনিধি থাকেন।

(ঘ) বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের কোয়ালিফায়িং পরীক্ষায় প্রাপ্ত নম্বরের দ্বারা স্থিরীকৃত মেধার ভিত্তিতে।

**জামুরিয়া-আসানসোল রুটে বাস ধর্মঘট**

**1090.** (Admitted question No. 3089)

**শ্রীসুনীল বসু রায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ২৩-৮-৬৯ তারিখে বর্ধমান জিলার জামুরিয়া আসানসোল রুটে বাস ধর্মঘট হইয়াছিল;

(খ) অবগত থাকিলে, উহার কারণ কি; এবং

(গ) উক্ত ধর্মঘট এখনও চলিতেছে কিনা?

**The Minister for Home (Transport):**

(ক) হ্যাঁ। উহা কিন্তু প্রকৃতপক্ষে বাস ধর্মঘট নয়। ঐ তারিখে ঐ রুটে বাস চলাচল সাময়িকভাবে বন্ধ ছিল মাত্র।

(খ) ছাত্রদের দ্বারা একটি বাস কন্ডাক্টর নিগৃহীত হইলে ড্রাইভার এবং কন্ডাক্টরগণ ঐ দিন সকাল হইতে দুপুর পর্যন্ত বাস বন্ধ রাখে।

(গ) না। স্থানীয় নেতৃবর্গের এবং বাস এ্যাসোসিয়েসনের সম্পাদকের হস্তক্ষেপের ফলে ব্যাপারটি আপোষে মিটমাট হয় এবং ঐদিন বিকালেই বাস চালু হয়।

### আবগারী দোকান

**1091. (Admitted question No. 3092.)**

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আবগারী বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সরকারী হিসাব অনুযায়ী পশ্চিম বাংলায় মোট কতগুলি গাঁজা, আফিম, মদ ইত্যাদির দোকান আছে; এবং

(খ) এই সব আবগারী দোকানগুলিকে কিভাবে লাইসেন্স দেওয়ার ব্যবস্থা আছে?

**The Minister for Excise:**

| | | |
|---|---|---|
| (ক) দেশীমদ | ... | ৭৪৮ |
| বিলাতী মদ | ... | ৫০১ |
| গাঁজা | ... | ৬৪৮ |
| সিদ্ধি | ... | ৩৫২ |
| আফিম | ... | × |
| | মোট | ২,২৪৯ |

(খ) "বিলাতী মদ", দেশী মদ, গাঁজা ও সিদ্ধির দোকানগুলির লাইসেন্স সাধারণতঃ ১লা এপ্রিল হইতে পরের বৎসর ৩১এ মার্চ পর্যন্ত বা ঐ বৎসরের যে কোন সময়ের জন্য মঞ্জুর করা হয়।

কোন লাইসেন্স বাতিল করা না হইলে বা কোন দোকানদারকে পুনরায় লাইসেন্স মঞ্জুর করা হইবে না এরূপ স্থির করা না হইলে বৎসরান্তে লাইসেন্সটি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিকেই পুনরায় মঞ্জুর করা হয়, অন্যথায় দোকানটির জন্য আবেদনপত্র চাওয়া হয় ও আবেদনকারীদের সহিত সাক্ষাৎকারের পর যে ব্যক্তিকে সর্বাপেক্ষা উপযুক্ত মনে করা হয় তাহাকে লাইসেন্স মঞ্জুর করা হয়। রাজ্যসরকারের অনুমতিক্রমে কোন নূতন দোকান খোলা হইলে তাহার লাইসেন্সও উক্ত ব্যবস্থায় মঞ্জুর করা হয়।

মেদিনীপুর জেলার অধিকাংশ "পচুই" দোকান এবং উত্তরবঙ্গের "পচুই" দোকান ছাড়া এবং কলিকাতার সমস্ত ও ২৪-পরগণা জেলার শিল্প প্রধান অঞ্চলের "তাড়ি" দোকানগুলির লাইসেন্সও পূর্বোক্ত ব্যবস্থায় মঞ্জুর করা হয়।

অন্যান্য "পচুই" ও তাড়ি দোকানগুলির লাইসেন্স প্রকাশ্যে নীলামে মঞ্জুর করা হয় অর্থাৎ যে ব্যক্তি সর্বোচ্চ মাসিক খাজনা দিতে চান তাহাকে দেওয়া হয়।

বর্তমানে "আফিম" বিক্রয়ের জন্য কোন লাইসেন্স নাই। নিকটবর্তী কোন আবগারী দোকানদারকে "আফিম" বিক্রয়ের অনুমতিপত্র দেওয়া হয়।

পূর্বোক্ত লাইসেন্স বা অনুমতিপত্র কলিকাতায় "অন্তঃশুল্ক সমাহর্তা" এবং অন্যত্র "জিলা সমাহর্তা" বা অতিরিক্ত জিলাশাসক মঞ্জুর করিয়া থাকেন।

**জিয়াগঞ্জ মার্কেটিং সোসাইটি**

**1092.** (Admitted question No. 3027.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জিয়াগঞ্জ মার্কেটিং সোসাইটির সদস্য সংখ্যা কত এবং তাঁহাদের নাম কি;

(খ) (১) এই সমিতি গত তিন বৎসরে কত টাকার ব্যবসা করিয়াছে;

(২) উক্ত বৎসরে উহার লাভ ও ক্ষতির পরিমাণ কি;

(গ) পাটের ব্যবসা করার জন্য উক্ত সমিতিকে সরকার কোন সাহায্য করিয়াছেন কিনা; এবং

(ঘ) করিয়া থাকিলে, কি পরিমাণ পাটের ব্যবসা এই সমিতি গত তিন বছরে করিয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) মোট সদস্য সংখ্যা ১৫৪। তাঁহাদের নামের একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) (১)

১৯৬৫-৬৬ . টাকা ৪০,৮৮১·৮০
১৯৬৬-৬৭ . টাকা ১৬,১৯৫·৫৩
১৯৬৭-৬৮ টাকা ১,৭৪,৭৭৬·০০

(২)

১৯৬৫-৬৬ ... ক্ষতি টাকা ৩,৪৬১·৩২
১৯৬৬-৬৭ . ক্ষতি টাকা ৩,৭৫২·৮০
১৯৬৭-৬৮ ... ক্ষতি টাকা ১,৫৯২·৮৭

(গ) বিশেষ করিয়া এই উদ্দেশ্যে উক্ত সমিতিকে এ পর্যন্ত কোন সরকারী আর্থিক সাহায্য দেওয়া হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

**মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব বাড়ী**

**1093.** (Admitted question No. 2547.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার গ্রাম এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে কোন্ কোন্ বিদ্যালয়ের নিজস্ব গৃহ নাই;

(খ) উক্ত স্কুলের জন্য গৃহ নির্মাণের জন্য কোন অর্থ সাহায্য করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) রাধারঘাট মাঝেরপাড়া বিদ্যালয়টির গৃহ নির্মাণের জন্য কোন টাকা মঞ্জুর করা হইয়াছে কিনা, এবং হইলে কত?

**The Minister for Education:**

(ক) এইরকম বিদ্যালয়ের সংখ্যা ১১৪। তাহাদের তালিকা লাইব্রেরি টেবিলে রক্ষিত হইল।

(খ) সাধারণতঃ প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণের দায়িত্ব বিদ্যালয়ের স্থানীয় উদ্যোক্তাদের। তবে জেলা স্কুল বোর্ডের আর্থিক বরাদ্দ অনুযায়ী জেলা স্কুল বোর্ড বিদ্যালয় গৃহ নির্মাণ বা সংস্কারের জন্য প্রতি বৎসর কিছুসংখ্যক প্রাথমিক বিদ্যালয়কে অর্থ সাহায্য করিয়া থাকেন।

(গ) রাধারঘাট মাঝেরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণের জন্য মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড ২,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন।

**বহরমপুর ব্লকে সরকারের খাসে ন্যস্ত জমির পরিমাণ**

**1094.** (Admitted question No. 2622.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন **কি**—

(ক) বহরমপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কত বিঘা জমি সরকারের খাসে ন্যস্ত ও দখলে আছে এবং কত জমি বিলি করা হইয়াছে;

(খ) এই ব্লকে কোন খাস জমির বিরুদ্ধে মামলা আছে কিনা, থাকিলে উক্ত জমির পরিমাণ কত; এবং

(গ) উক্ত খাস জমির মধ্যে সেচ বিভাগ, ভূমিরাজস্ব বিভাগ, সড়ক বিভাগ এবং পূর্ত বিভাগের হাতে কত জমি আছে যা চাষযোগ্য ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ। মামলায় আবদ্ধ মোট জমির পরিমাণ ১৫৪·৩৪ একর।

(গ) সেচ বিভাগ—১·০০ একর, ভূমিরাজস্ব বিভাগ—১,২২০ ৮৬ একর, সড়ক বিভাগ—১৮·০০ একর ও পূর্ত বিভাগ—৬৪ ০০ একর।

**শালবনী থানায় কংসাবতী প্রকল্প হইতে সেচের জল সরবরাহ**

**1095.** (Admitted question No. 2699.)

**শ্রীঅমূল্যরতন মাহাতো ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনী থানায় বর্তমানে কোন্ কোন্ মৌজায় কংসাবতী প্রকল্প হইতে সেচের জন্য জল দেওয়া সম্ভব হইতেছে;

(খ) উক্ত প্রকল্পের জল পাইতে পারে উক্ত থানায় এইরূপ মৌজাই বা আর কতগুলি বাকী আছে;

(গ) ঐ সকল মৌজায় জল না দিতে পারার কারণ কি ?

(ঘ) ৩৩নং ব্রাঞ্চ ক্যানাল যাহা মেদিনীপুর কোতোয়ালির বিভিন্ন অঞ্চল দিয়া আসিতেছে, তাহাতে জল ছাড়া হইয়াছে কিনা; এবং

(ঙ) জল ছাড়া না হইলে উহার কারণ কি; কবে নাগাদ জল ছাড়া হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ২৮২টি মৌজায়। তাহাদের নাম লাইব্রেরী টেবিলে রক্ষিত তালিকায় দেওয়া হইল।

(খ) অদূর ভবিষ্যতে আরও ৪৮টি মৌজা জল পাইবে।

(গ) জল দেওয়ার জন্য ক্যানালগুলির খনন কার্য এখনও শেষ হয় নাই।

(ঘ) না।

(ঙ) ঐ ক্যানালের খনন কার্য চলিতেছে। আশা করা যায় ১৯৭০ সালের খরিফের সময় জল ছাড়া যাইবে।

**হিংগলগঞ্জ-দুলদুলি-হেমনগর রাস্তা**

**1096.** (Admitted question No. 1816.)

**শ্রীহাজারীলাল মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হিংগলগঞ্জ-দুলদুলি-হেমনগর রোডের ০ মাইল থেকে ৪র্থ মাইল ও ১৩শ মাইল থেকে ১৭শ মাইল পর্যন্ত জায়গায় এখনও পি ডবলিউ ডি (রোডস্)-এর অধিকারে যায় নাই; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাদ এই জায়গায় পি ডবলিউ ডি (রোডস্)-এর কাছে ট্রান্সফার করা হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) কেবলমাত্র ১৪শ মাইল হইতে ১৭শ মাইল পর্যন্ত এলাকায় ভূমি দখল হয় নাই।

(খ) ভূমি দখল সম্পর্কিত প্রস্তাব এখন বিবেচনাধীন আছে; প্রস্তাব গ্রহণের উপর ট্রান্সফার-এর তারিখ নির্ভর করিতেছে।

**মালিনগর ও সন্দেশখালি রাস্তায় নদীর জেটি মেরামত**

**1097.** (Admitted question No. 2141.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালিনগর সন্দেশখালি পাকা রাস্তার মধ্যে কালিনগর ন্যাজাট জেটিঘাট, নেত্যবেড়ে পুল ও নেত্যবেড়ে সন্দেশখালি নদীর জেটি তিনটি মেরামত করিবার কোন ব্যবস্থা হইতেছে কিনা; এবং

(খ) ঐ কাজ কবে থেকে আরম্ভ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) বর্ষার পরে।

**ঘাটাল-চন্দ্রকোণা রোডে শীলাবতী নদীর উপর সেতু**

**1098.** (Admitted question No. 2151.)

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল-চন্দ্রকোণা রোডের বাঁকাতে শীলাবতী নদীর উপর সেতু নির্মাণের কাজ কোন বৎসর সুরু হয়;

(খ) (১) কি কারণে সেতু নির্মাণের কাজ সুরু করিয়া স্থগিত রাখা হইয়াছে এবং (২ এ পর্যন্ত সেতু নির্মাণ বাবদ কত টাকা খরচ করা হইয়াছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, এ স্থানের বর্তমান পুলটি অত্যন্ত বিপজ্জনক অবস্থায় আছে; এবং

(ঘ) অবগত থাকিলে, কতদিনে নূতন সেতু নির্মাণের কাজ সুরু হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ১৯৬৫ সালে।

(খ) (১) অর্থাভাবের জন্য।

(২) ২,১২,৭৩৯ টাকা।

(গ) এই পুলটির অবস্থা ভাল নয়। তবে নূতন পুল নির্মাণ না হওয়া পর্যন্ত, এই পুরাতন পুল দ্বারা সংযোগ রক্ষা করা ছাড়া অন্য কোন উপায় নাই।

(ঘ) যথেষ্ট অর্থ সংকুলান হইলে সেতু নির্মাণের কাজ সুরু হইবে।

**জলপাইগুড়ি জেলার দলমোড় ফরেস্ট এলাকাভুক্ত জমি**

**1099.** (Admitted question No. 2195.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জলপাইগুড়ি জেলার দলমোড় ফরেস্ট এলাকাভুক্ত জমি বাহিরের কিছু লোক জবর দখল করিয়া বসিয়া আছে; এবং

(খ) অবগত থাকিলে, ফরেস্টের এই জমি জবর দখলকারীদের হাত হইতে মুক্ত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ।

(খ) এইরূপ সিদ্ধান্ত করা হইয়াছে যে, যে সকল পুরাতন দখলকারী বনবিভাগের হাতে হস্তান্তরের পূর্ব হইতে ঐ জমিতে চাষবাস করিতেছেন তাঁহাদিগকে উচ্ছেদ করা হইবে না। নূতন দখলকারীদের মধ্যে যাহারা প্রকৃত ভূমিহীন চাষী তাহাদিগের জন্য কমবেশী একশত একর জমি ছাড়িয়া দিয়া বাকী জমি জবর দখল মুক্ত করিয়া বনবিভাগের পুনরায়ত্বে আনা হইবে। এই সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ ব্যবস্থা করা হইতেছে।

**Cases pending before Appeal Committee of the Board of Secondary Education**

**1100.** (Admitted question No. 2339.) **Shri SAROJ ROY:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) (i) the number of cases waiting for final disposal before the Appeal Committee of the Board of Secondary Education for each year since 1964, (ii) the reasons of delay if there be any in final disposal of such cases and (iii) if the affected teachers are entitled to any subsistence allowance during the period between the issue of dismissal order by the Managing Committee of the concerned institution and the final disposal of the case by the Appeal Committee; and

(b) if the answer to (a)(iii) be in affirmative, will the Minister be pleased to state if the Government has issued any order in that respect?

**The Minister for Education:** (a) (i)

| | | |
|---|---|---|
| 1964 | .. | Nil |
| 1965 | .. | Nil |
| 1966 | .. | Nil |
| 1967 | .. | 70 |
| 1968 | .. | 92 |
| 1969 | .. | 60 |

(up to June)

(ii) The number of appeal cases are now abnormally high and it is increasing enormously every year. Steps are taken to place the cases before the Appeal Committee as expeditiously as possible. Sometimes delay occures when either the applicants or the schools seek protection in Courts of law and in such situations cases before the Board's Appeal Committee remain postponed till they are finally disposed of by the Court.

(iii) No.

(b) Does not arise.

### Direction of High Court regarding Cases of Appeal of Teachers

**1101.** (Admitted question No. 2340) **Shri SAROJ ROY:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Hon'ble High Court has directed the Board of Secondary Education or for that matter the Appeal Committee thereof to re-hear any appeal cases of teachers since 1967?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the total number of such cases;

(ii) the date or dates of such order of respective cases;

(iii) the date or dates of the re-hearing of the respective cases by the Appeal Committee;

(iv) the date or dates of final disposal of such cases by the said Committee; and

(v) in case of delay, the reason thereof?

**The Minister for Education:** (a) Yes.

(b) (i) Three cases as stated below:

(1) Shri Kashi Nath Das against the authorities of Ondal High School, Burdwan.

(2) Shrimati Monorama Basu Majumder against the authorities of Tollygunge Ananda Ashram Balika Vidyapith, Tollygunge, Calcutta.

(3) Shrimati Leena Nandy against the authorities of Narikeldanga Girls' High School, Calcutta.

(ii) Shri Kashi Nath Das—17th January, 1968. Shrimati Monorama Basu Majumder—3rd June, 1968. Shrimati Leena Nandy—5th August, 1968.

(iii) Shri Kashi Nath Das—17th April, 1968. Shrimati Monorama Basu Majumder—2nd August, 1968. Shrimati Leena Nandy—The case was called for hearing on 22nd July, 1969, but it had to be postponed as the Ad hoc Committee moved the Hon'ble High Court for stay order on the same day.

(iv) As in (iii).

(v) There was no delay in fixing the date of the further hearing of the cases.

### বীরভূম জেলায় মাড়গ্রাম হইতে দেবগ্রাম পর্যন্ত রাস্তা

**1102.** (Admitted question No. 2450.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট ও নলহাটি থানার যোগাযোগ রক্ষাকারী সাইলমাঁর রোড, যেটি মাড়গ্রাম হইতে দেবগ্রাম পর্যন্ত বিস্তৃত, রাস্তাটি বীরভূম জেলা পরিষদের নিকট হইতে সরকার নিজের তত্ত্বাবধানে আনার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, (১) রাস্তাটির মোট দৈর্ঘ্য কত মাইল; এবং (২) উক্ত রাস্তাটির সংস্কারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) আপাততঃ না।

(খ) প্রশ্ন ওঠে না।

### ঘাটতির ভিত্তিতে অনুদান না পাওয়া বিদ্যালয়ের সংখ্যা

**1103.** (Admitted question No. 2540.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম বাংলায় ঘাটতির ভিত্তিতে অনুদান পায় না এমন নূতন আপ্-গ্রেডেড বিদ্যালয়ের সংখ্যা কত, এবং এদের ঘাটতির ভিত্তিতে অনুদান দিতে সরকারের কত খরচ পড়বে সে হিসাব আছে কিনা?

**The Minister for Education:**

পশ্চিম বাংলায় ঘাটতির ভিত্তিতে অনুদান পায় না এইরূপ নূতন আপ-গ্রেডেড বিদ্যালয়ের (উচ্চ বিদ্যালয়) সংখ্যা ১,৩০০। এদের পুরা ঘাটতির ভিত্তিতে অনুদান দিতে প্রথম বৎসরে প্রায় ২,৭০,০০,০০০ টাকা লাগিবে।

### খড়গ্রাম হাসপাতাল-কান্দী রাস্তা

**1104.** (Admitted question No. 2552.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি কান্দী মহকুমার খড়গ্রাম হাসপাতাল হইতে কান্দী পর্যন্ত রাস্তাটি (রামপুরহাট-কান্দী রোড) পাকা করার বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister of State for Public Works (Roads):**

রাস্তাটি চতুর্থ পরিকল্পনার অন্তর্ভুক্ত না হওয়া পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নয়।

### হাওড়া জেলার উলুবেড়িয়া-পানপুর রাস্তার জমি

**1105.** (Admitted question No. 2556.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হাওড়া জেলার উলুবেড়িয়া-পানপুর রোডের জন্য—

(১) কত জমি একোয়ার করিতে হইয়াছে; এবং

(২) উক্ত রাস্তা নির্মাণের জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister of State for Public Works (Roads):**

(১) ১০৫·২৯৫ একর।

(২) গত জুলাই মাস পর্যন্ত ১৫,৩৪,৫২০ টাকা।

**বাগনান-শ্যামপুর রাস্তায় মেদিনীপুর ক্যানেল ব্রীজ**

**1106.** (Admitted question No. 2653.)

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বাগনান-শ্যামপুর রাস্তার উপর মেদিনীপুর ক্যানেল ব্রীজটি প্রস্তুত করিতে মোট কত টাকা খরচ হয়েছে; এবং

(খ) এই ব্রীজটি সম্পূর্ণ না হওয়ার কারণ কি?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ১৯৬৯ সালের জুলাই মাস পর্যন্ত খরচ হয়েছে ২,৪৬,১৭২ টাকা।

(খ) খুব সামান্য কাজই বাকী আছে। ঠিকাদারের আকস্মিক মৃত্যুর জন্য বাকী কাজ শেষ হয় নি। তবে তার জন্য কোন অসুবিধা হচ্ছে না, কারণ গত দু-বৎসর ধরে এই সেতুর উপর দিয়া সব রকম যানবাহন চলাচল করছে।

**দক্ষিণ ডিহা-কলাবন্নি রাস্তা**

**1107.** (Admitted question No. 2664.)

**শ্রীবুধনচন্দ্র টুডু:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কেশিয়াড়ী থানার দক্ষিণ ডিহা হইতে কলাবন্নি পর্যন্ত রাস্তা তৈরীর জন্য স্কীম লওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) কত টাকার স্কীম তৈয়ারী করা হইয়াছে, এবং (২) কবে নাগাদ উক্ত রাস্তার কাজ সম্পূর্ণ হইবে বলিয়া স্থির হইয়াছে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**বহরমপুর-কুশবেড়িয়া ঘাট রাস্তা**

**1108.** (Admitted question No. 2709.)

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ডোমকল থানার অন্তর্গত ভাতশালা হইতে যে আট মাইল রাস্তার বহরমপুর হইতে কুশাবাড়ীয়া ঘাট পর্যন্ত বাসরুট চালু আছে তাহা পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**প্রাথমিক শিক্ষাস্তরে আদিবাসী ছাত্রছাত্রীদের সরকারী সাহায্য দিবার ব্যবস্থা**

**1109.** (Admitted question No. 2801.)

**শ্রীবুধনচন্দ্র টুডু:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষাস্তরে আদিবাসী (উপজাতি) ছাত্রছাত্রীদের কি কোন সরকারী সাহায্য দেওয়া হয়;

(খ) "ক"-এর উত্তর হ্যাঁ হইলে, ঐ স্তরে ছাত্রছাত্রীদের কি কি সাহায্য দেওয়া হয়; এবং

(গ) ঐ সাহায্যের পরিমাণ কত?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) (১) বিশেষ বৃত্তি (ছাত্র-বেতন প্রদানের জন্য), এবং

(২) পুস্তক গ্রান্ট (পাঠ্য পুস্তক ক্রয়ের জন্য)।

(গ) (১) বিশেষ বৃত্তি মাসিক ২ টাকা হইতে ৩ টাকা হারে, এবং

(২) পুস্তক ক্রয়ের জন্য বাৎসরিক এককালীন ১ টাকা হইতে ১৫ টাকা পর্যন্ত ছাত্র-প্রতি দেওয়া হয়।

গত বৎসর (১৯৬৮-৬৯) উপরোক্ত দুই খাতে যথাক্রমে ৩,০০০ টাকা ও ৫,০০০ টাকা ব্যয় করা হইয়াছিল।

**কালিনগর সার্কেলে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা**

**1110.** (Admitted question No. 2885.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসিরহাট মহকুমায় কালিনগর সার্কেলের অধীনে ১৯৬৯-৭০ সালে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ হইলে, কয়টি বিদ্যালয় এবং কোথায় স্থাপিত হইবে; এবং

(গ) কোন্ সময় হইতে ঐসকল বিদ্যালয় অনুমোদিত করা হইবে?

**The Minister for Education:**

(ক) ও (খ) ২৪-পরগনা জেলা স্কুল বোর্ড ১৯৬৮ সালের অক্টোবর মাসে ঐ জেলায় কতকগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছেন। সন্দেশখালি (কালীনগর) সার্কেলের নিম্নলিখিত ৯টি বিদ্যালয়ের নাম উক্ত প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে:—

(১) পশ্চিম নিত্যবেরিয়া প্রাথমিক বিদ্যালয়।
(২) ১নং দ্বারীর জঙ্গল আদিবাসী জানকী সুন্দরী প্রাথমিক বিদ্যালয়।
(৩) রাধানগর মাঝেরপাড়া প্রাথমিক বিদ্যালয়।
(৪) নলকোয়া নিত্যানন্দ প্রাথমিক বিদ্যালয়।
(৫) পূর্বমিতলিয়া আদিবাসী প্রাথমিক বিদ্যালয়।
(৬) হাটগাছা লাভ-হাট প্রাথমিক বিদ্যালয়।
(৭) তুষখালি দক্ষিণপাড়া প্রাথমিক বিদ্যালয়।
(৮) চুরচুরা পশ্চিম ভুলাপাড়া প্রাথমিক বিদ্যালয়।
(৯) দাউদপুর সেন্ট্রাল রিফিউজী প্রাথমিক বিদ্যালয়।

(গ) ১-১-৭০ হইতে ২৪-পরগনা জেলার প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

### Co-education in the B. T. College, Purulia

**1111.** (Admitted question No. 2916.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that co-education in the B. T. College, Purulia, has been introduced from this year; and

(b) if so, (i) the number of students, male and female, admitted so far and (ii) the number of students, male and female, admitted from the district of Purulia?

**The Minister for Education:** (a) Yes, it is a fact that co-education in the B. T. College, Purulia, has been introduced from the current session 1969-70.

| | | | | |
|---|---|---|---|---|
| (b) (i) Male | .. | .. | .. | 135 |
| Female | .. | .. | .. | 65 |
| | | | .. | 200 |
| (ii) Male and Female | .. | .. | . | 134 |

### জঙ্গীপুর ও কান্দী মহকুমায় গভীর নলকূপ খনন

**1112.** (Admitted question No. 1935.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমা ও কান্দী মহকুমাকে গভীর নলকূপ খননের আওতা হইতে বাদ দিবার কারণ কি?

**The Minister for Agriculture and Community Development:**

মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর ও কান্দী মহকুমাদ্বয়কে গভীর নলকূপ খননের আওতা হইতে বাদ দেওয়া হয় নাই। উক্ত দুই মহকুমায় গভীর নলকূপ খননের নিমিত্ত ৪৩টি স্থান নির্বাচন করা হইয়াছিল। কিন্তু ১-৪-৬৭ তারিখ হইতে গভীর নলকূপ সংস্থাপনের কার্য স্থগিত থাকার দরুন এ পর্যন্ত কোন নলকূপ ঐ দুই মহকুমায় বসানো যায় নাই। তবে এক্সপ্লোরেটরি টিউবওয়েল অরগানাইজেশন একটি পরীক্ষামূলক নলকূপ জঙ্গীপুর মহকুমায় সংস্থাপিত করিয়াছেন।

### Lift Irrigation Station at Althapratappur, Bankura

**1113.** (Admitted question No. 2373.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether there is a lift Irrigation station at Althapratappur within Anchal Narrah, police-station and district Bankura;

(b) if so, (i) when the construction of the said lift Irrigation scheme was started, (ii) has the construction of the said irrigation scheme been completed, (iii) if the reply to (ii) be in negative, then when the scheme is expected to be completed; and

(c) the area of land proposed to be covered by the said scheme for irrigation during Kharif and Rabi cultivations?

**The Minister for Irrigation and Waterways:** (a) Yes.

(b)(i) 17th September, 1964 (date of installation of pumpsets).

(ii) No.

(iii) Detailed estimate is being prepared. After sanction of the estimated cost the work of completion of the scheme will be taken up.

(c) When the scheme is completed in all respects it will be able to cover 500 acres of land in Khariff season and less than that in Rabi season.

### প্রাথমিক বিদ্যালয়ের স্বীকৃতিদান

**1114.** (Admitted question No. 2437.)

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডলঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) আগামী ১৯৭০-৭১ সালে সমগ্র পশ্চিমবাংলায় মোট কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে নূতনভাবে স্বীকৃতি দেওয়া হইবে;

(খ) এই স্বীকৃতিদান কি জেলা ভিত্তিক হইবে অথবা শিক্ষায় উন্নত-অনুন্নত অঞ্চল বিবেচনায় হইবে; এবং

(গ) আগামী বৎসর হইতে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার কোন নির্দিষ্ট পরিকল্পনা কি সরকার গ্রহণ করিতেছেন?

**The Minister for Education:**

(ক) ইহা চূড়ান্তভাবে স্থির হয় নাই। বিষয়টি বিবেচনাধীন আছে।

(খ) প্রাথমিক বিদ্যালয়ে স্বীকৃতিদান সাধারণত বিদ্যালয়ের প্রয়োজনীয়তা ও সরকারের আর্থিক বরাদ্দ অনুসারে হইয়া থাকে। কোন গ্রামের এক মাইলের মধ্যে প্রাথমিক বিদ্যালয় না থাকিলে ঐ স্থানে বিদ্যালয় অনুমোদনের বিষয় অগ্রে বিবেচনা করা হয়। ইহাতে অনুন্নত অঞ্চলের বিষয়ও বিবেচিত হয়।

(গ) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সর্বত্র প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ও অবৈতনিক করা হইয়াছে। শহরাঞ্চলেও কতগুলি মিউনিসিপ্যালিটিতে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে। চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে শহরাঞ্চলেও সর্বত্র অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের চেষ্টা করা হইবে। এতদুদ্দেশ্যে একটি নূতন আইন প্রণয়ন করার বিষয়ে বিবেচনা করা হইতেছে।

### Optimum number of students in Secondary Schools

**1115.** (Admitted question No. 2577.) **Sm. ILA MITRA:**..Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that decision has been taken to the effect that optimum number of students in a section in Secondary Schools will be 65; and

(b) if so, on what basis and when such decision has been taken?

**The Minister for Education:** (a) No.

(b) Does not arise.

### মারজোলা কাঁদরের উপর মাইনর ইরিগেশন স্কীম

**1116.** (Admitted question No. 2646.)

**ডাঃ রাধানাথ চট্টরাজঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া থানার অন্তর্গত অমরপুর অঞ্চলের গোপালপুরের নিকট মারজোলা কাঁদরের উপর যে মাইনর ইরিগেশন স্কীমটি সরকার গ্রহণ করিয়াছেন তাহার কাজ শেষ হইয়াছে কিনা; এবং

(খ) উক্ত পরিকল্পনায় সরকার এ যাবৎ কত টাকা খরচ করিয়াছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া থানার অন্তর্গত "গোপালপুর ক্ষুদ্র সেচ পরিকল্পনাটির" কাজ সম্পূর্ণ হইয়াছে।

(খ) উক্ত ক্ষুদ্র সেচ পরিকল্পনাটি সম্পূর্ণ করিতে সরকারের মোট ৭২,০২২ টাকা ব্যয় হইয়াছে।

**জলপাইগুড়ি জেলায় তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের শিক্ষার অগ্রগতির জন্য অর্থ সাহায্য**

**1117.** (Admitted question No. 2751.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জলপাইগুড়ি জেলায় তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের প্রাথমিক শিক্ষাস্তরে শিক্ষার অগ্রগতির জন্য ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে কি কি বাবত কত টাকা সাহায্য দেওয়া হইয়াছিল?

**The Minister for Education:**

| ১৯৬৭-৬৮ | অর্থ সাহায্যের পরিমাণ | |
|---|---|---|
| | তফসিলী | আদিবাসী |
| | টাকা | টাকা |
| বিশেষ বৃত্তি (বেতন প্রদানের জন্য) | ৫০০ | ২৪০ |
| পাঠ্যপুস্তক গ্র্যান্ট | ৮৩৯ | ১৭০ |
| ১৯৬৮-৬৯ | | |
| বিশেষ বৃত্তি (বেতন প্রদানের জন্য) | ৫০০ | ২৪০ |
| পাঠ্যপুস্তক গ্র্যান্ট | ৮৩০ | ১৭০ |

**ক্যানিং লঞ্চঘাট, ক্যানিং রেলস্টেশন রাস্তা**

**1118.** (Admitted question No .2759.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যানিং লঞ্চঘাট (বর্তমানে যেখানে লঞ্চ ধরা হয়) থেকে ক্যানিং রেলস্টেশন পর্যন্ত রাস্তার বর্তমান অবস্থা কেমন;

(খ) উক্ত ঘাট থেকে রেলস্টেশন পর্যন্ত দূরত্ব কত; এবং

(গ) ঐ রাস্তাটা পাকা করার কোন প্রস্তাব আছে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) স্টেশন থেকে লঞ্চঘাটে দুটি রাস্তা আছে—একটি বাঁধের উপর দিয়ে এবং বাজারের মধ্য দিয়ে, অপরটি বাঁধের নীচ দিয়ে। উভয় রাস্তার অবস্থাই খারাপ।

(খ) বাঁধের উপর দিয়ে ৬ ফার্লং এবং নীচ দিয়ে ৭ ফার্লং।

(গ) দুটির কোনটিই পাকা করার প্রস্তাব নাই।

**Labourers employed in Rango Government Medicinal and Ipecac Plantation**

**1119.** (Admitted question No. 3057.) **Shri PADMALAKSHMI SUBBA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that about 200 labourers have been employed to work on temporary basis at Rango Government Medicinal and Ipecac Plantation;

(b) if so, the reason therefor;

(c) whether Government will consider the desirability of absorbing them permanently; and

(d) if not, why not?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) These labourers are employed on a temporary bosis for seasonal work of limited durations.

(c) The question of absorbing them on a permanent basis will be considered when there will be sufficient work for them throughout the year.

(d) Does not arise.

**সরকারী চাকুরীতে প্রবেশের বয়ঃসীমা বর্ধিত করার প্রস্তাব**

**1120.** (Admitted question No. 3060.)

**শ্রীপঞ্চানন লেটঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে এই রাজ্যে সরকারী চাকুরীতে প্রবেশের সর্বোচ্চ বয়ঃসীমা বর্ধিত করিবার কোন পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, তাহা কত বৎসর?

**The Minister for Finance:**

(ক) বর্তমানে এরূপ প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

**জলপাইগুড়ি জেলার গ্রামাঞ্চলে রাস্তা পাকা করার পরিকল্পনা**

**1121.** (Admitted question No. 3039.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায়, বর্তমান আর্থিক বৎসরে, গ্রামাঞ্চলে কোন্ কোন্ রাস্তা পাকা করার পরিকল্পনা আছে; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, সেইসব রাস্তার কাজ কতদিনে আরম্ভ করা হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ও (খ) বর্তমান আর্থিক বৎসরে কোন নূতন রাস্তা পাকা করিবার পরিকল্পনা নাই। তবে যেসব রাস্তায় কাজ চলিতেছে তাহার বিবরণ বাজেট বইতে দেওয়া হইয়াছে।

**তহশীলদার নিয়োগে এগ্রিমেন্ট বাতিল করার ব্যবস্থা**

**1122.** (Admitted question No. 54.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তহশীলদার নিয়োগ করার জন্য তহশীলদারকে যে এগ্রিমেন্ট সহি করিতে হয় সেই ব্যবস্থা বাতিল করিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(খ) এগ্রিমেন্ট বাতিল করার জন্য সরকার এ পর্যন্ত তাহাদের কাছ হইতে কোনরূপ আবেদন-পত্র পাইয়াছেন কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) না।

(খ) হ্যাঁ।

### পি ডি এফ, পি ডি এফ-কংগ্রেস কোয়ালিশন ও রাষ্ট্রপতি শাসনকালে গুলি, লাঠি ও টিয়ারগ্যাস চার্জের ঘটনা

**1123.** (Admitted question No. 238.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় (১) "পি ডি এফ এবং (২) পি ডি এফ-কংগ্রেস কোয়ালিশান সরকারের" আমলে এবং (৩) "রাষ্ট্রপতির শাসনকালে" কয়বার গুলি, লাঠি ও টিয়ারগ্যাস চার্জ করা হইয়াছিল;

(খ) ইহাতে কয়জন হত এবং আহত হইয়াছিলেন, এবং

(গ) রাজনৈতিক কারণে উক্ত কোন্ সরকারের আমলে কয়জন জেলে গিয়াছিলেন?

**The Minister for Home (Police):**

(ক) (খ) ও (গ) সম্পর্কে একটি বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (ka), (kha) and (ga) of unstarred question No. 1123.

**বিবরণী**

| শাসনকাল | (ক) | | | (খ) | | (গ) |
|---|---|---|---|---|---|---|
| | গুলি চালনা | লাঠি চালনা | টিয়াব-গ্যাস | নিহত | আহত | বাজনৈতিক কাবণে জেলে যাওযাব সংখ্যা। |
| পি. ডি. এফ .. . | ৫৪ | ৮৫ | ১০৩ | ৮ | ১৫১ | ১৫৭ |
| পি. ডি. এফ.-কংগ্রেস কোয়ালিশান .. | ১৫ | ১৭ | ১১ | ৩ | ৩৫ | ৬২ |
| রাষ্ট্রপতিব শাসনকাল . .. | ৮৫ | ১৬ | ৩১ | ২৩ | ৯৮ | ৬৮ |

### Claim of Trade Union Rights by the West Bengal Police Association

**1124.** (Admitted question No. 570.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal Police Association has claimed Trade Union rights including right to strike; and

(b) if so, what action, if any, has been taken in this regard?

**The Minister for Home (Police):** (a) A deputation from the West Bengal Police Association submitted a memorandum containing inter alia, a demand that Trade Union rights should be given to them and some rights said to be enjoyed by the U. K. Police were mentioned. It was not specifically stated whether the right to strike was claimed.

(b) The members of the deputation were requested to explain clearly the nature of the rights they claimed and the rights enjoyed by the U. K. Police and to submit relevant documents in this connection. No clarification has yet been received from them.

### উন্নয়ন সংস্থার মাধ্যমে নলকূপ খনন

**1125.** (Admitted question No. 697.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) গত ১৯৬৮ সন পর্যন্ত উন্নয়ন সংস্থার মাধ্যমে পশ্চিমবাংলার বিভিন্ন পল্লী গ্রামে মোট কয়টি পানীয় জলের নলকূপ খনন করা হইয়াছিল;

(খ) উপরি-উক্ত নলকূপগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু অবস্থায় আছে; এবং

(গ) অচল টিউবওয়েলগুলি সচল অবস্থায় রাখার জন্য সরকার হইতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকে?

**The Minister for Health:**

(ক) ও (খ) পশ্চিমবঙ্গের সমস্ত জেলা সম্বন্ধে কমিউনিটি ডেভালাপমেন্ট প্রোগ্রাম লোকাল ডেভালাপমেন্ট ওয়ার্কস পরিকল্পনার অধীন নলকূপগুলির বিস্তৃত বিবরণ এখনও পর্যন্ত সংগ্রহ করিতে পারা যায় নাই। তবে এ পর্যন্ত যে কয়টি জেলার জল উৎসের হিসাব পাওয়া গিয়ছে তাহা এতদ্‌সংলগ্ন বিবরণীতে দেওয়া হইল।

(গ) নলকূপের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং ডিরেক্টরেটের অধীনে প্রতি থানায় ১ জন মেকানিক, ১ জন এ্যাসিস্ট্যান্ট ফিটার ও ২ জন হেল্পার বিশিষ্ট ১টি করিয়া নলকূপ মেরামতকারী সংস্থা (রিপেয়ারিং স্কোয়াড) আছে। কুচবিহার ও পশ্চিম দিনাজপুর জেলার থানাগুলিতে ঐরূপ এক একটি মেরামতকারী সংস্থায় ১ জন মেকানিক ও ১ জন হেল্পার আছেন।

তাহা ছাড়া স্বাস্থ্য বিভাগের বাৎসরিক পল্লীজলসরবরাহ পরিকল্পনার মাধ্যমে আর্থিক বরাদ্দ সাপেক্ষ এবং প্রতি ৪০০ জনে ১টি জল উৎস স্থাপন ও প্রতি গ্রামে অন্তত ১টি জল উৎস স্থাপন করার নীতি অনুযায়ী অকেজো নলকূপগুলি যথাসম্ভব পুনঃস্থাপনের ব্যবস্থা করা হয়।

## Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 1125

Statement showing Nos. of tubewells (Running and Derelict) provided up to 31st December 1968 under Community Development Programme and Local Development Works Programme

| | Name of district. | Tubewells under Community Development Programme. | | Tubewells under Local Development Works. | |
|---|---|---|---|---|---|
| | | Running. | Derelict. | Running. | Derelict. |
| 1. | 24-Parganas .. | 1,073 Nos. | 88 Nos. | 5,400 Nos. (including derelict). | |
| 2. | Nadia .. .. | 511 Nos. | 67 Nos. | No report since received from D. M. concerned. | |
| 3. | Howrah .. .. | 92 Nos. | 26 Nos. | 363 Nos. | 369 Nos. |
| 4. | Hooghly .. .. | 942 Nos. | 232 Nos. | 5018 Nos. | 1786 Nos. |
| 5. | Burdwan .. .. | 676 Nos. | 270 Nos. | 1694 Nos. | 799 Nos. |
| 6. | Birbhum .. .. | No work executed. | | No report has since been received from D. M. | |
| 7. | Midnapur . .. | 520 Nos (including derelict). | | No report has since been received from D. M. | |
| 8. | Bankura . .. | 50 Nos. | 36 Nos. | No report has since been received. | |
| 9. | Purulia . . | Nil | Nil | Nil | Nil |
| 10. | Jalpaiguri .. .. | Nil | Nil | Nil | Nil |
| 11. | Cooch Behar . | Nil | Nil | 481 Nos. | 133 Nos. |
| 12. | Murshidabad .. | No report since been received. | | 1,872 Nos. (including derelict). | |
| 13. | Malda .. .. | Do. | Do. | 137 Nos. (including derelict). | |
| 14. | West Dinajpur .. | Do. | Do. | 164 Nos. (including derelict). | |
| 15. | Darjeeling .. .. | Nil | Nil | Nil | Nil |

### ঝাড়গ্রাম মহকুমায় লোধাশুলী-রগড়া রাস্তা

**1126.** (Admitted question No. 1159.)

**শ্রীধনঞ্জয় কর:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার লোধাশুলী হইতে মহাশাল হইয়া রগড়া পর্যন্ত যে রাস্তাটি নির্মাণের প্রস্তাব ইতিপূর্বে গৃহীত হইয়াছিল, তাহা বর্তমানে কি অবস্থায় রহিয়াছে; এবং

(খ) কত দিনের মধ্যে তাহার নির্মাণকার্য আরম্ভ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ও (খ) গত ৩১-১০-৬৭ তারিখে যে কয়েকটি রাস্তা গ্রহণের প্রস্তাব আলোচিত হয়েছিল সম্ভবতঃ সেই পরিপ্রেক্ষিতে লোধাশুলী-রগড়া রাস্তা গ্রহণের কথা মাননীয় সদস্য উল্লেখ করছেন।

ঐ সময় যে অর্থবরাদ্দ আশা করা গিয়েছিল তা থেকে বর্তমান অর্থ-বরাদ্দের পরিমাণ অনেক কম। সুতরাং চতুর্থ পরিকল্পনার সমগ্র প্রস্তাবগুলি নতুন করে বিবেচনা করা হচ্ছে।

**পশ্চিম দিনাজপুর জেলায় প্রাইমারী ও বুনিয়াদী বেসিক স্কুলের থানা ভিত্তিক সংখ্যা**

**1127.** (Admitted question No. 1213.)

**শ্রীষতীন্দ্রমোহন রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

**(ক)** পশ্চিম দিনাজপুর জেলায় বর্তমানে প্রাইমারী ও বুনিয়াদী বেসিক স্কুলের থানা ভিত্তিক সংখ্যা কি;

**(খ)** ঐ জেলায় এ বৎসর কতগুলি নূতন প্রাইমারী স্কুল অনুমোদন করা হইবে বলিয়া আশা করা যায়;

**(গ)** পশ্চিম দিনাজপুর জেলায় নূতন শিক্ষক নিযুক্ত করার জন্য যে দরখাস্ত আহ্বান করা হইয়াছে ঐ দরখাস্তের ভিত্তিতে সার্কেলওয়ারী কতজন নূতন শিক্ষক নিযুক্ত করা হইবে;

**(ঘ)** ঐ জেলায় নূতন শিক্ষক নিযুক্ত করিবার জন্য কোন কমিটি গঠন করা হইয়াছে কিনা; এবং

**(ঙ)** গঠিত হইয়া থাকিলে, কমিটির সভ্যদের নাম ও পরিচয়?

**The Minister for Education:**

**(ক)**

| থানার নাম | প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা | নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা | মোট |
|---|---|---|---|
| ১। বালুরঘাট | ১২৯ | ১৪ | ১৪৩ |
| ২। হিলি | ৩৭ | ৪ | ৪১ |
| ৩। কুমারগঞ্জ | ৮৪ | ৮ | ৯২ |
| ৪। গঙ্গারামপুর | ৯৫ | ১১ | ১০৬ |
| ৫। তপন | ১১০ | ৯ | ১১৯ |
| ৬। বংশীহারী | ৮৭ | ৮ | ৯৫ |
| ৭। কুশমণ্ডী | ৮৮ | ৫ | ৯৩ |
| ৮। হেমতাবাদ | ৪২ | ৮ | ৫০ |
| ৯। কালিয়াগঞ্জ | ৭৫ | ৩০ | ১০৪ |
| ১০। ইটাহার | ১০২ | ১৪ | ১১৬ |
| ১১। রায়গঞ্জ | ১৬০ | ১৫ | ১৭৫ |
| ১২। করণদীঘি | ৮০ | ৩ | ৮৩ |
| ১৩। ইসলামপুর | ৭০ | ৯ | ৭৯ |
| ১৪। চোপড়া | ৭৯ | ২ | ৮১ |
| ১৫। গোয়ালপোখর | ৬৭ | ২ | ৬৯ |
| ১৬। চাকুলিয়াহাট | ৫৬ | ৩ | ৫৯ |
| সর্বমোট | ১৩৬০ | ১৪৫ | ১৫০৫ |

(খ) এই জেলায় এই বৎসর ৯৪টি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর জন্য জেলা শিক্ষা পর্ষৎ হইতে প্রস্তাব আসিয়াছে। মঞ্জুরীর প্রশ্ন বর্তমানে বিবেচনাধীন আছে।

(গ) নূতন শিক্ষক নিয়োগ সংখ্যা অনধিক ১৩৫ হইতে পারে। সার্কেলওয়ারী ঐ সংখ্যা নিম্নরূপ হইতে পারেঃ—

| | | |
|---|---|---|
| ১। | বালুরঘাট | ... ১০ |
| ২। | কুমারগঞ্জ | ... ১০ |
| ৩। | গংগারামপুর | ... ১৩ |
| ৪। | তপন | ... ৫ |
| ৫। | কুশমন্ডী | ... ৬ |
| ৬। | বংশীহারী | .. ১২ |
| ৭। | কালিয়াগঞ্জ ১ নং | ... ৬ |
| ৮। | কালিয়াগঞ্জ ২ নং | ... ১৩ |
| ৯। | ইটাহার | ... ৭ |
| ১০। | রায়গঞ্জ | .. ৯ |
| ১১। | করণদীঘি | ... ৯ |
| ১২। | গোয়ালপোখর | ... ৮ |
| ১৩। | ইসলামপুর | .. ১৯ |
| ১৪। | চোপরা | ... ৮ |
| | | ১৩৫ |

(ঘ) প্রাথমিক শিক্ষা আইনের বিধান অনুসারে জেলা বিদ্যালয় পরিদর্শক মহাশয় ট্রেনিং-প্রাপ্ত শিক্ষকদের যোগ্যতাভিত্তিক তালিকা (প্যানেল) প্রস্তুত করিতেছেন। তিনি প্রয়োজনমত পরামর্শদাতা কমিটির (এ্যাডভাইসরী কমিটি) পরামর্শ গ্রহণ করিতে পারেন।

(ঙ) এই প্রশ্ন উঠে না।

**বে-আইনী চোলাই মদ এবং অন্যান্য চোরাই জিনিষ ধরার ব্যবস্থা**

**1128.** (Admitted question No. 1229.)

**শ্রীসাধনকুমার চক্রবর্তীঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৬, ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালের মার্চ মাসগুলিতে বে-আইনী চোলাই মদ এবং স্মাগল্ড গুডস ধরবার জন্য—

(ক) কতবার অভিযান করা হয়েছিল;

(খ) কতজনকে গ্রেপ্তার করা হয়েছিল, তন্মধ্যে কতজন পুরুষ ও কতজন মহিলা ছিলেন: এবং

(গ) কি পরিমাণ জিনিস ধরা পড়েছিল?

**The Minister for Excise:**

(ক) বর্তমানে এই তথ্য আবগারী বিভাগে নেই। ঐ তথ্য সংগ্রহের জন্য জিলা অফিসগুলিতে টেলিগ্রাম পাঠান হয়েছে।

(খ) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত করা হ'ল।

কতজন পুরুষ ও কতজন মহিলা—এই বিষয়ক তথ্য বর্তমানে আবগারী বিভাগে নেই। এজন্য জিলা অফিসগুলিতে টেলিগ্রাম পাঠান হয়েছে।

(গ) এই তথ্যও বর্তমানে আবগারী বিভাগে নেই। ঐ তথ্য সংগ্রহের জন্য জিলা অফিস-গুলিতে টেলিগ্রাম পাঠান হয়েছে।

**Statement** referred to in reply to clause (kha) of unstarred question No. 1128

**Total** number of persons involved in Illicit Distillation and other cases during the month of March for the years 1966, 1967, 1968 and 1969

| Years | Illicit Distillation Cases | Others |
|---|---|---|
| 1966 | 1,769 | 3,507 |
| 1967 | 1,959 | 3,417 |
| 1968 | 2,268 | 4,212 |
| 1969 | 2,229 | 3,661 |

**সুন্দরবন অরণ্যের সহিত ভ্রমণকারীদের সংযোগ রক্ষার জন্য সরকারী পরিকল্পনা**

**1129.** (Admitted question No. 1382.)

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকার:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন অরণ্যের সহিত ভ্রমণকারীদের সংযোগ রক্ষার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা, এবং

(খ) করিয়া থাকিলে, পরিকল্পনাগুলি কি কি এবং জনসাধারণের যাহাতে সুন্দরবন সম্পর্কে আকর্ষণ আসে সে বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Home (Tourism):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ**

১১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৬।) **শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন **শিল্প** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন **কি**—

(ক) "দি জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ" কবে রেজিস্ট্রিকৃত হইয়াছিল;

(খ) এই সোসাইটির সদস্য বা অংশীদারদের এবং বর্তমান ম্যানেজিং কমিটির সদস্যদের নাম ও ঠিকানা; এবং

(গ) উহাদের মধ্যে কতজন তাঁতী বা শ্রমিক এবং কতজন অন্যান্য ক্যাটাগরিভুক্ত? (লাইব্রেরী টেবিলে স্থাপিতব্য।)

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) "জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ কো-অপারেটিভ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি **লিঃ**" ১৯৬১ সালের নভেম্বর মাসে রেজিস্ট্রিকৃত হইয়াছিল।

(খ) ও (গ) তথ্য সংগ্রহ করা হইতেছে এবং উহা সংগৃহীত হইলে লাইব্রেরী টেবিলে স্থাপন **করা** হইবে।

**Enquiry into the utilisation of funds by the Principal, Barasat Government College**

**1131.** (Admitted question No. 1462.) **Shri ARUN SEN: Will t**l Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government contemplates to hold an enquiry into certa charges of misappropriation of public funds committed by the prese Principal of Barasat Government College; and

(b) if so, when the enquiry is going to be started and what steps ha been taken against him pending enquiry?

**The Minister for Education:** (a) Complaints about certain financial an administrative misdeeds were made against the present Principal of the Baras Government College. These complaints are being examined by the Educatio Department.

(b) The question does not arise at the present moment.

**সরকারী ও বে-সরকারী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকদের বয়ঃসীমা**

**1132.** (Admitted question No. 1679.)

**শ্রীপ্রলয় তালুকদারঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কত বৎসর পর্যন্ত (১) সরকারী, (২) স্পনসর্ড (৩) বিশ্ববিদ্যালয়ের প্রত্য নিয়ন্ত্রাধীন, এবং (৪) বে-সরকারী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকরা কলেজ অধ্যাপন কাজ করতে পারেন সে সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের অথবা সরকারের কোন নির্দে আছে কিনা; এবং

(খ) যদি কোন নিয়মাবলী থাকে তাহলে সকল কলেজে তা পালিত হচ্ছে কিনা?

**The Minister for Education:**

(ক) অবসর গ্রহণের বয়ঃসীমা সম্পর্কে বিধিবদ্ধ নিয়মাবলী আছে।

(খ) সাধারণভাবে ঐ নিয়মাবলী কোনও ক্ষেত্রে লঙ্ঘন করা হয় নাই। বিশেষ অবস্থায় দু একটি ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

**কোচবিহার জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যজীবীদের সাহায্য**

**1133.** (Admitted question No. 1714.)

**শ্রীবিমলকান্তি বসুঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বছর কোচবিহার জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত কতজন মৎস্যজীবীকে সাহায্য দেও হইয়াছে;

(খ) কি নীতির ভিত্তিতে এই সাহায্য বন্টন করা হইয়াছে;

(গ) সদর মহকুমার লংকাবর এলাকার মৎস্যজীবীরা কোন সাহায্য পাইয়াছেন কিনা এব পাইয়া থাকিলে তাঁহাদের সংখ্যা কত; এবং

(ঘ) কোচবিহার মিউনিসিপ্যাল এলাকায় বসবাসকারী কেহ এরূপ সাহায্য পাইয়াছে কিন এবং পাইয়া থাকিলে তাঁহাদের নাম ও ঠিকানা কি?

**The Minister for Fisheries:**

(ক) কোচবিহার জেলায় গত বছর বন্যা-ক্ষতিগ্রস্ত ৯৫০ জন মৎস্যজীবীকে সাহায্য দেওয়া হইয়াছে।

(খ) মৎস্য বিভাগের স্থানীয় অফিসারগণ অনুসন্ধান করিয়া বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যজীবীগণকে গৃহনির্মাণ ও জালের সুতা কেনার জন্য অনুদান ও নৌকা কেনা ও তৈরী এবং পুস্করিণী সংস্কারের জন্য ঋণ মঞ্জুর করিয়াছেন।

(গ) এবং (ঘ) তথ্য সংগ্রহ করা হইতেছে। যথাশীঘ্র সম্ভব তাহা উপস্থাপিত করা হইবে।

**দরিদ্র মৎস্যজীবীদের ঋণদান**

**1134.** (Admitted question No. 1746.)

**শ্রীকুবেরচাঁদ হালদারঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালে দরিদ্র মৎস্যজীবীগণকে কত টাকা ঋণ দেওয়া হইয়াছিল;

(খ) উক্ত ঋণের কত পরিমাণ টাকা আদায় হইয়াছে; এবং

(গ) যে টাকা আদায় হয় নি উক্ত ঋণের টাকা দরিদ্র মৎস্যজীবীগণের অবস্থা বিবেচনা করিয়া সরকার মকুব করিবার কথা বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Fisheries:**

(ক) ১৯৬৭-৬৮ আর্থিক বৎসরে দরিদ্র মৎস্যজীবীগণকে মোট ৭,৯৯,৭৭৫ টাকা ঋণ দেওয়া হইয়াছিল।

(খ) এই বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে।

(গ) প্রকৃত দুস্থ মৎস্যজীবীগণের নিকট হইতে অনাদায়ী ঋণের টাকা আদায়ের জন্য বর্তমানে সার্টিফিকেট কেস না করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

**জেলে মানসিক ব্যাধিগ্রস্ত ব্যক্তি**

**1135.** (Admitted question No. 1881.)

**শ্রীজয়কেশ মুখার্জিঃ** স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এখন পশ্চিমবঙ্গের কোন্ জেলে কতজন মানসিক ব্যাধিগ্রস্ত বা পাগল আছে।

(খ) এইসব রোগীদের চিকিৎসার জন্য কি কি ব্যবস্থা আছে; এবং

(গ) এইসব ব্যক্তিদের জন্য দৈনিক মাথা প্রতি কত টাকা ব্যয় হয়?

**The Minister for Home (Jails):**

(ক) বিভিন্ন জেলের মানসিক ব্যাধিগ্রস্ত বা পাগলের সংখ্যার একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) বিভিন্ন জেলে নিযুক্ত ডাক্তারেরা এবং মানসিক রোগ বিশেষজ্ঞরা পাগলদের পরীক্ষা, নিরীক্ষা ও চিকিৎসার ব্যবস্থা করিয়া থাকেন। ইহা ছাড়া মানসিক রোগ বিশেষজ্ঞরা বিভিন্ন কারা পরিদর্শন করিয়া চিকিৎসার বিষয়ে পরামর্শ দান করেন। বিশেষ শিক্ষাপ্রাপ্ত নার্সরা ইহাদের পরিচর্যা করেন। জেল হাসপাতাল হইতে প্রয়োজনীয় ঔষধপত্রের ব্যবস্থা করা হয় এবং প্রয়োজনবোধে ইহাদের বাহিরের সরকারী হাসপাতালে প্রেরণ করা হয়।

(গ) ২ টাকা ৪৫ পয়সা।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 113

No. of lunatics confined in Jails on 20th August 1969

| | C.L. | N.C.L. |
|---|---|---|
| Presidency Jail .. .. .. | 12 | 240 |
| Dum Dum Central Jail .. .. | 41 | 456 |
| Berhampore Central Jail .. .. | 4 | 12 |
| Midnapore Central Jail .. .. | 1 | 20 |
| Krishnagar Jail .. .. .. | — | 12 |
| Jalpaiguri Jail .. .. .. | — | 3 |
| Suri Jail .. .. .. .. | — | 5 |
| Darjeeling Jail .. .. .. | — | 9 |
| Purulia Jail .. .. .. | — | — |
| Burdwan Jail .. .. .. | — | 3 |
| Hooghly Jail .. .. .. | — | 3 |
| Asansol Special Jail .. .. .. | — | 2 |
| Lalgola Special Jail .. .. .. | — | 112 |
| Barrackpore Sub-Jail .. .. .. | — | 2 |
| Raiganj Sub-Jail .. .. .. | — | 1 |
| Contai Sub-Jail .. .. .. | — | 1 |
| Tamluk Sub-Jail .. .. .. | — | 2 |
| Balurghat Sub-Jail .. .. .. | — | 4 |
| Alipurduar Sub-Jail .. .. .. | — | 1 |
| Bishnupur Sub-Jail .. .. .. | — | 2 |
| Bankura Sub-Jail .. .. .. | — | 8 |
| Ranaghat Sub-Jail .. .. .. | — | 1 |

**হাজী মহম্মদ মহসীন ফান্ড**

**113৬.** (Admitted question No. 2165.)

**শ্রীসামসুদ্দিন আহমেদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাজী মহম্মদ মহসীন ফান্ডের বর্তমান অবস্থা কি;

(খ) উক্ত ফান্ড হইতে মেধাবী ছাত্র-ছাত্রীদের বর্তমানে বৃত্তি দেওয়া হয় কি; এবং

(গ) যদি "খ" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে উহা কি কি বিষয় বিবেচনা করিয়া দেওয়া হয়?

**The Minister for Education:**

(ক) ভারত সরকার, রিজার্ভ ব্যাঙ্ক ও পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টায় বর্তমানে হাজী মহম্মদ মহসীন এনডাওমেন্ট ফান্ড চালু করা সম্ভব হইয়াছে।

(খ) উক্ত ফান্ড হইতে দরিদ্র ও মেধাবী মুসলীম ছাত্র-ছাত্রীদের বৃত্তি দিবার ব্যবস্থা আছে।

(গ) উক্ত ফান্ড হইতে বৃত্তি দিবার নিমিত্ত নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হয়ঃ—

(১) যেসকল দরিদ্র ছাত্র বিদ্যাশিক্ষার খরচ বহন করিতে অক্ষম, কেবলমাত্র তাহারাই বৃত্তি পাইবার যোগ্য;

(২) অর্থাভাববশতঃ আবেদনকারী ছাত্রদিগের মধ্যে তাহাদের মেধা বিবেচনা করিয়া বৃত্তি দেওয়ার ব্যবস্থা করা হয়;

(৩) যে সকল ছাত্র সরকারী বা অন্য কোন স্কলারশিপ পাইবে তাহারা এই বৃত্তি পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবে না। উপরি উক্ত নিয়ম শিয়া সম্প্রদায়ভুক্ত ছাত্র বা হুগলী জেলার আদি বসিন্দা ছাত্রদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। ঐ সকল ছাত্র মহসীন এনডাওমেন্ট স্কলারশিপের জন্য প্রদত্ত বৃত্তি ব্যতীত সরকারী বা অন্য প্রকার স্কলারশিপ বা বৃত্তি অনূর্ধ্ব ১০ টাকা গ্রহণ করিতে পারিবে।

### মেদিনীপুর জেলার মোহনপুর হেল্থ সেণ্টার

**1177.** (Admitted question No. 2174.)

**শ্রীদেবেন্দ্রনাথ দাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মোহনপুর থানায় সরকার হইতে কোন ফ্রি মেডিক্যাল হেল্প দেওয়ার ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) ঐ অঞ্চলে কোন প্রাইমারী বা সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার খোলার কোন আশু প্রস্তাব সরকারের আছে কিনা?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ, একটি মোবাইল মেডিক্যাল ইউনিট মোহনপুর থানা এলাকায় কাজ করিতেছে।

(খ) মোহনপুর ব্লকের অন্তর্গত বাগদায় একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং সৌতিয়ায় একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

### কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প

**1134.** (Admitted question No. 2221.)

**শ্রীগঙ্গাপদ কুঙর:** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি পশ্চিমবঙ্গে কি কি কুটীরশিল্প ও ক্ষুদ্রায়তন শিল্প চালু আছে;

(খ) উক্ত শিল্পসমূহে নিযুক্ত কর্মী সংখ্যা কত সে সম্পর্কে কোন সরকারী পরিসংখ্যান আছে কিনা;

(গ) মেদিনীপুর জেলার কেশপুর ও দাসপুর থানায় কি কি কুটীরশিল্প চালু আছে এবং উহাদের প্রত্যেকটিতে কর্মরত শিল্পীর সংখ্যা কত; এবং

(ঘ) দাসপুর ও কেশপুর থানা এলাকায় কুটীর শিল্পের উন্নয়ন ও প্রসারের জন্য কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) পশ্চিমবঙ্গে নিম্নলিখিত কুটীর শিল্প ও ক্ষুদ্রায়তন শিল্প আছে—

(১) হস্তচালিত তাঁতশিল্প; (২) বিদ্যুৎচালিত তাঁতশিল্প; (৩) রেশম ও রেশম বয়ন শিল্প; (৪) গালা শিল্প; (৫) হস্ত ও কারু শিল্প যথা—মাদুর শিল্প, হস্তিদন্ত শিল্প, কাংস্য শিল্প, সৌখীন চর্মশিল্প, হর্ন শিল্প, শোলা শিল্প, মৃৎশিল্প, কাষ্ঠখোদাই শিল্প ইত্যাদি; (৬) বিভিন্ন ক্ষুদ্রায়তন ইঞ্জিনীয়ারিং শিল্প; (৭) লাক্ষা-শিল্প এবং (৮) খাদী ও গ্রামীণ শিল্প ইত্যাদি।

(খ), (গ) এবং (ঘ) এতৎসম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। তথ্যাদি সংগ্রহ হইলে উত্তর দেওয়া হইবে।

**বহরমপুরে ফিস সীড ফার্ম**

**1179.** (Admitted question No. 2240.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** গত ১৮ই জুলাই ১৯৬৯ তারিখে প্রদত্ত অতারকিত ১৬১নং (অনুমোদিত প্রশ্ন নং ৬১৯) প্রশ্নোত্তর অনুসরণে মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনাকালে বহরমপুর ফিস সীড ফার্মে কি বাবদে টাকা খরচ ও কত টাকা আদায় হইয়াছিল; এবং

(খ) তৃতীয় পরিকল্পনাকালে ঋণদান প্রকল্প অনুযায়ী মুর্শিদাবাদ জেলার কোন স্থানের কাহার পুকুরের জন্য কত টাকা ঋণ দেওয়া হইয়াছিল?

**The Minister for Fisheries:**

(ক) তৃতীয় পরিকল্পনাকালে ঐ ফিস সীড ফার্মের জন্য মোট খরচের পরিমাণ ২,৫৫,৪৯৭·২৮ পয়সা। ঐ সময়ে মাছ, চারাপোনা, ডিমপোনা ইত্যাদি বিক্রয় করিয়া ১৭,৪৭৮·৪৪ পয়সা পাওয়া গিয়াছে।

নিম্নলিখিত খাতে খরচ হইয়াছে—

(১) পুষ্করিণী খনন ও অন্যান্য কনস্ট্রাকসন-এর কাজ, নৌকা, জাল, পাম্প, ল্যাবরেটরির যন্ত্রপাতি ইত্যাদি ক্রয়ের জন্য এককালীন (নন্-রেকারিং) খরচ ১,৮৭,৯৭৫·৭৯ পয়সা।

(২) মাছ চাষ, ডিমপোনা উৎপাদনের খরচ, স্টাফ খরচ ইত্যাদি বাবদ ৬৭,৫২১·৪৯ পয়সা। এতদসম্পর্কিত বিশদ তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ।

প্রয়োজনীয় তথ্য প্রেরণ করিবার জন্য স্থানীয় অফিসারকে নির্দেশ দেওয়া হইয়াছে।

**মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প প্রতিষ্ঠানের পরিচালকবর্গের নাম ও ঠিকানা**

**1180.** (Admitted question No. 2243.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** গত ৯ই জুলাই ১৯৬৯ তারিখে প্রদত্ত ৫০নং (অনুমোদিত প্রশ্ন ২০৬) প্রশ্নোত্তর অনুসরণে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত সংস্থাগুলির পরিচালকবর্গের নাম ও ঠিকানা কি—

(১) জনমঙ্গল শিল্পাশ্রম, জিয়াগঞ্জ,

(২) ঝিকড়া গ্রামীণ সর্বোদয় সংঘ, নসীপুর,

(৩) নেতাজী আশ্রম চরকা সংঘ,
গাংগীন; এবং

(৪) বারীকল্যাণ সংঘ জিতপুর;

(খ) এই সংস্থাগুলিকে অনুদান ও ঋণ হিসাবে যে অর্থ দেওয়া হইয়াছে তাহা কি কাজে ব্যয় হইয়াছে এবং উহার ফলাফল কি; এবং

(গ) বর্তমানে সংস্থাগুলি কি প্রকার কাজে লিপ্ত আছে?

**The Minister for Cottage and Small Scale Industries:**

ক, খ, ও গ বিবরনাদি সংগৃহীত হইতেছে।

**Vacancies in the posts of Arabic and Persian teachers in certain colleges**

**1141.** (Admitted question No. 2335.) **Shri S. SAHADAT HOSSAIN:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state why the posts of Arabic and Persian Lecturers have been lying vacant in Lady Brabourne College, Hooghly Mohsin College and Krishnagore College?

**The Minister for Education:** At Lady Brabourne College there is no vacancy in the post of Lecturer in Arabic and Persian. Only a post of Assistant Professor in Arabic and Persian was kept vacant at that college in view of inadequate number of students in the subjects at the college.

As there is no student in Persian and Arabic at the Hooghly Mohsin College, one post of Lecturer in Persian and one post of Lecturer in Arabic have been kept vacant at that college. These posts will be filled up as soon as the students in these subjects are admitted in the college.

There is no vacancy in the post of Lecturer in Arabic or Persian at the Krishnagore College.

**উচ্চতর মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে টিফিন ব্যবস্থা**

**1142.** (Admitted question No. 2379.)

**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের উচ্চতর মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে মধ্যাহ্ন আহার্যের কোন পরিকল্পনা আছে কি?

**The Minister for Education:**

না; বর্তমানে নাই।

**মুর্শিদাবাদ জেলায় নূতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন**

**1143.** (Admitted question No. 2463.)

**শ্রীমহঃ সোহরাব:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৮-৬৯ সালে কতগুলি নূতন উচ্চ মাধ্যমিক স্কুল অনুমোদন লাভ করিয়াছে;

(খ) ঐ সমস্ত অনুমোদিত স্কুলগুলির মধ্যে কোন্ কোন্ স্কুল সরকারী অনুদান লাভ করিয়াছে; এবং

(গ) উপরিউক্ত স্কুলগুলির যেগুলিকে অনুদান দেওয়া হয় নাই, অনুদান না দেওয়ার কারণ কি?

**The Minister for Education:**

(ক) ১৯৬৮-৬৯ এ মুর্শিদাবাদ জেলায় ৮টি জুনিয়ার হাই স্কুল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়-রূপে মঞ্জুরী দেওয়ার জন্য মধ্য শিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে।

(খ) কোন্ বিদ্যালয়গুলি অনুমোদন লাভ করিয়াছে তাহা এখনও মধ্য শিক্ষা পর্ষদের নিকট হইতে জানা যায় নাই। অনুমোদন লাভ করিলে ঐ সমস্ত বিদ্যালয়ের শিক্ষকগণ মহার্ঘ্য ভাতা পাইবেন।

(গ) প্রশ্ন উঠে না।

**মেদিনীপুর জেলায় কুষ্ঠ ইউনিট**

**1144.** (Admitted question No. 2464.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কুষ্ঠ রোগীদের জন্য মোট কয়টি কুষ্ঠ ইউনিট আছে;

(খ) ঐ ইউনিটগুলির জি ডি এ প্রভৃতি সাধারণ কর্মচারীদের কোন বিশেষ ভাতা দেওয়া হয় কিনা; এবং

(গ) হইলে, কাহাকে কত?

**The Minister for Health:**

(ক) ১২টি; তন্মধ্যে ১০টি সরকারী ও দুইটি বেসরকারী।

(খ) সরকারী ইউনিটগুলির কর্মচারীদের কোন বিশেষ ভাতা দেওয়া হয় না। বেসরকারী ইউনিটগুলির কর্মচারীদের কোন বিশেষ ভাতা দেওয়া হয় কিনা তাহা সরকারের জানা নাই।

(গ) প্রশ্ন উঠে না।

**মেদিনীপুর জেলার এগরা থানার পিরিজ খাবাড় গ্রামে নলকূপ**

**1145.** (Admitted question No. 2467.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার ২নং বালিঘাই ব্লকের পিরিজ খাবাড় গ্রামে কোন সরকারী নলকূপ আছে কি; এবং

(খ) ঐ মৌজায় যদি কোন নলকূপ না থাকে তাহা হইলে তাহা কত বৎসর যাবত নাই?

**The Minister for Health:**

(ক) ও (খ) ঐ গ্রামে যে একটিমাত্র নলকূপ আছে সেটি ১৯৬৩ সাল হইতে অকেজো হইয়া রহিয়াছে।

**Reoprt about fraudulent practice by consumers of gas**

**1146.** (Admitted question No. 2480.) **Shri BIMAL KANTI DAS:** (a) With reference to the remarks made in paragraph (b) of the Memorandum on subsidiary points presented to the Fifth Finance Commission, Part II, in connection with the Oriental Gas Company's Undertaking appearing on page 94 of the said Memorandum, will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state whether any enquiry has since been made?

(b) If so, what is the result of the enquiry?

**The Minister for Commerce and Industries:** (a) No enquiry has been made by any Enquiry Committee.

(b) Does not arise.

### রাণীনগরে হেলথ সেন্টার স্থাপন

**1147.** (Admitted question No. 2531.)

**শ্রীআজিজুর রহমান:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় রাণীনগর থানা স্বাস্থ্যকেন্দ্র স্থাপনকল্পে জনসাধারণের নিকট হইতে প্রাপ্ত নগদ কত টাকা সরকারী তহবিলে জমা আছে ও কত পরিমাণ জমি জনসাধারণ সরকারকে দিয়েছেন?

**The Minister for Health:**

থানা এলাকা হিসাবে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয় না; ডেভেলপমেন্ট ব্লক হিসাবে স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়। রাণীনগর ১নং এবং ২নং ব্লকে কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কোন নগদ টাকা সরকারের নিকট জমা দেওয়া হয় নাই।

রাণীনগর ২নং ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ৫ ৭২ একর জমি সরকারকে দান করা হইয়াছে।

### ব্রিক ও টাইল বোর্ডের অধীনে টালি ও ইটের ভাটা

**1148.** (Admitted question No. 2509.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্রিক অ্যান্ড টাইল বোর্ড এই সংস্থার অধীনে কোন্ কোন্ জায়গায় কয়টি টালির কারখানা কত ব্যয়ে স্থাপিত হইয়াছে এবং তার মধ্যে বর্তমানে কয়টি চালু আছে;

(খ) কি উদ্দেশ্যে এই সব টালি ও ইটের ভাটা এই ধরনের বোর্ডের কর্তৃত্বাধীনে চালু হয়েছিল;

(গ) ইহা কি সত্য, এই ব্রিক অ্যান্ড টাইল বোর্ডের কোন পদস্থ অফিসারকে উন্নত ধরনের ইট তৈরীর জন্য সরকারী ব্যয়ে ইউরোপে পাঠান হয়েছিল; এবং

(ঘ) সত্য হইলে, উক্ত অফিসারের ইউরোপে অভিজ্ঞতার ভিত্তিতে বর্তমানে কোথায় এবং কি কি প্রকারের উন্নত ধরনের ইট ও টালি নির্মিত হইতেছে?

**The Minister for Development and Planning:**

(ক) ইট ও টালি পর্ষদের অধীনে কোনও টালির কারখানা স্থাপন করা হয় নাই।

(খ) ন্যায্য মূল্যে উন্নত ধরনের ইট বিক্রয় করিবার জন্য এবং ব্যক্তিগত মালিকানাধীন ইটের ভাটা কর্তৃক চাষের জমি নষ্ট করা রোধ করার জন্য ইট ও টালি পর্যদ ইট প্রস্তুত আরম্ভ করে।

(গ) পলতায় ইট কারখানা প্রতিষ্ঠায় সরবরাহকারী চেকোশ্লোভাক ফার্মের পরামর্শ অনুযায়ী একজন অফিসারকে প্রকল্পটি কতকগুলি খুঁটিনাটি বিষয় সম্পূর্ণ করিবার জন্য চেকোশ্লোভাকিয়ায় পাঠানো হইয়াছিল।

(ঘ) চেকোশ্লোভাকিয়া হইতে ফিরিয়া আসিয়া উক্ত অফিসার পলতা ইট কারখানার নির্মাণকার্যে সংশ্লিষ্ট ছিলেন। ঐ কারখানাটি ১৯৬৬ সাল হইতে চালু হইয়াছে। পশ্চিমবঙ্গের অন্য কোথাও এরূপ কারখানা হয় নাই।

## Psychological clinic in Jails

**1149** (Admitted question No. 2571.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ জেলে সাইকোলজিকাল ক্লিনিক আছে; এবং

(খ) ঐ ক্লিনিকগুলিতে গত তিন বৎসরের কোন্ বৎসর কতজন কয়েদীর চিকিৎসা করা হইয়াছে?

**The Minister for Home (Jails):**

(ক) কেবলমাত্র আলিপুর কেন্দ্রীয় কারাগারে বন্দীদের জন্য একটি রিসেপশন সেন্টার (সাইকোলজিক্যাল ক্লিনিক) আছে।

(খ) এই ক্লিনিকে বন্দীদের পরীক্ষা করা ছাড়া চিকিৎসার কোন ব্যবস্থা নাই।

## জলপাইগুড়ি জেলায় গভীর নলকূপের সংখ্যা

**1150.** (Admitted question No. 2590.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় কোন্ থানায় কয়টি গভীর নলকূপ বসান হইয়াছে এবং কতটি বর্তমানে চালু আছে;

(খ) এই নলকূপগুলি দ্বারা কত একর জমিতে সেচ হচ্ছে, এবং

(গ) ১৯৬৯-৭০ সালে এই জেলায় উক্ত নলকূপ আর কোথায় কোথায় বসাবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) মোট ৩৩টি বসান হইয়াছে।

থানার নাম ও নলকূপের সংখ্যা

জলপাইগুড়ি—২০টি।

রাইগঞ্জ—২টি।

ময়নাগুড়ি—৬টি।

ফলাকাটা—১টি।

ধূপগুড়ি—৩টি।

আলিপুরদুয়ার—১টি।

মোট—৩৩টি।

উপরোক্ত ৩৩টি নলকূপের মধ্যে ২৭টি চালু আছে।

(খ) ১৯৬৮-৬৯ সালে মোট ৬৪২ একর (নীট) জমিতে সেচের জল সরবরাহ করিয়াছে।

(গ) এইরূপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

## বহরমপুর ব্লকে শিল্পী ঋণ খাতে টাকা বরাদ্দের পরিমাণ

**1151.** (Admitted question No. 2625.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ব্লকের শিল্পী ঋণ খাতে গত ৩ বছরে বিভিন্ন সালে কত টাকা বরাদ্দ হয় এবং কত টাকা ব্যয়িত হয়, এবং

(খ) কত জন উক্ত সাল-ওয়ারি এই ঋণ পাইয়াছেন?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) ও (খ) তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। সংগৃহীত হওয়ামাত্রই পেশ করা হইবে।

## বহরমপুর ব্লকে সরকার অনুমোদিত পাঠাগার

**1152.** (Admitted question No. 2628.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বহরমপুর ব্লকের অধীন কয়টি পাঠাগার সরকার কর্তৃক অনুমোদিত এবং কোন্ কোন্ পাঠাগারে ১৯৬৮-৬৯ সালে কত টাকা অনুদান দেওয়া হয়; এবং

(খ) উক্ত পাঠাগারগুলির নাম ও ঠিকানা?

**The Minister for Education (Social Education):**

(ক) ও (খ) বহরমপুর ব্লকের অধীন ৬টি পাঠাগার সরকার কর্তৃক অনুমোদিত। এই পাঠাগারগুলিকে ১৯৬৮-৬৯ সালে মোট ৪,৮৫৫.৫৮ টাকা অনুদান দেওয়া হয়। এদের নাম এবং ঠিকানা "সংযুক্তি ক" কে দেওয়া হলো।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 1152

"সংযুক্তি 'ক'"

| Serial No. | Name and address of the Library. | Category of the Library | Grant sanctioned during 1968-69 |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | | Rs. |
| 1. | Madhupore Mandakini Pathagar, H. O. | Rural Library. | 3,855·48 |
| 2. | Satui Byomkesh Smriti Pathagar P. O. Satui | Aided Public Library. | [illegible] |
| 3. | Manindranagar Juba Sangha Pathagar, P. O. Kashimbazar Raj. | Do. | 200·00 |
| 4. | Hindusthan Seva Samity, P. O. Khagra | Do. | 200·00 |
| 5. | Collectorate Club Library, P. O. Berhampore | Do. | 200·00 |
| 6. | Deshbandhu Pathagar, Saidabad, P. O. Khagra | Do. | 200·00 |
| | | Total | 4,855·58 |

**বহরমপুর ব্লকে বয়স্ক শিক্ষা কেন্দ্র**

**1153.** (Admitted question No. 2629.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ব্লকের অধীনে এবং বহরমপুর শহরে কতগুলি এবং কোথায় কোথায় বয়স্ক শিক্ষা কেন্দ্র আছে; এবং

(খ) প্রতিটি শিক্ষা কেন্দ্রের জন্য সরকার গত ১৯৬৮-৬৯ সালে কত টাকা ব্যয় করেন?

**The Minister for Education (Social Education):**

(ক) প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের (স্টেজ ওয়ান অ্যান্ড স্টেজ টু) উন্নয়ন ব্লকের প্রত্যেকটিতে পুরুষদের জন্য ৭টি এবং মহিলাদের জন্য ৫টি করে বয়স্ক শিক্ষা (সমাজ শিক্ষা) কেন্দ্র মঞ্জুর করা আছে। উল্লিখিত ব্লকটি দ্বিতীয় পর্যায়ের (স্টেজ টু)। এই সমাজ শিক্ষা কেন্দ্রগুলি সমষ্টি (কম্যুনিটি ডেভেলপমেন্ট) উন্নয়ন বিভাগের পরিচালনাধীন। সুতরাং কেন্দ্রগুলির নাম এবং ঠিকানা সম্বন্ধে এই বিভাগের কিছু জানা নাই। বহরমপুর শহরে এই বিভাগের পরিচালনাধীন মোট ৯টি বয়স্ক শিক্ষা কেন্দ্র আছে। এদের নাম ও ঠিকানা সহ অনুদানের পরিমাণ "সংযুক্তি ক"-তে দেওয়া হলো।

(খ) দ্বিতীয় পর্যায়ের বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলিকে এককালীন কোন মঞ্জুরী দেওয়া হয় না। এই পর্যায়ে প্রতিটি কেন্দ্রকে ২৪০ টাকা হিসাবে পাঁচ বছরে ১,২০০ টাকা পরিচালন ব্যয় মঞ্জুর করা হয়।

বহরমপুর শহরের অন্তর্গত বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলির জন্য ১৯৬৮-৬৯ সালে মোট ৩,০২৭·৫৭ টাকা ব্যয় হয়েছিলো। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ "সংযুক্তি ক"-তেই পাওয়া যাবে।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 1153

**সংযুক্তি "ক"**

| Serial No. | Name of the Adult Education Centres. | Grant sanctioned during 1968-69. |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | | Rs. |
| 1. | Kalitala Diar complete Centre for men, P. O. Kalitala Diar. .. | 570·08 |
| 2. | Paschimgamini Literacy Centre for Men, P. O. Balarampore Colony .. | 240·00 |
| 3. | Bhakuri Literacy Centre for Men, P. O. Chaltia .. .. | 239·45 |
| 4. | Gorabazar Complete Centre for Women, P. O. Berhampore .. | 598·16 |
| 5. | Saidabad Complete Centre for Women, P. O. Khagra .. .. | 600·00 |
| 6. | Railharghat Complete Centre for Women, Ranirbagan, P. O. Berhampore | 599·96 |
| 7. | Chaighari Paschimpara Night School .. .. .. | 60·00 |
| 8. | Jiban Nagar Night School .. .. .. .. | 60·00 |
| 9. | Ghasipur Night School .. .. .. .. .. | 60·00 |
| | Total .. | 3,027·57 |

**1154.** (Admitted question No. 2644.)

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি নিম্ন বুনিয়াদী শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় আছে;

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে কতজন শিক্ষক ও কতজন শিক্ষিকা গত তিন বৎসরের [illegible]ন্ বৎসর শিক্ষণ পাইয়াছেন; এবং

(গ) উহাদের মধ্যে বহিরাগত (শিক্ষকগণ) কত জন?

**The Minister for Education:**

(ক) পাঁচটি।

(খ) এবং (গ)

| | শিক্ষক শিক্ষার্থী | | বহিরাগত শিক্ষক-শিক্ষার্থী | |
|---|---|---|---|---|
| | শিক্ষক | শিক্ষিকা | শিক্ষক | শিক্ষিকা |
| ১৯৬৬ | ২৩৫ | ২৪ | ০ | ০ |
| ১৯৬৭ | ১৭২ | ৩৪ | ০ | ৯ |
| ১৯৬৮ | ১৬৬ | ৩৯ | ০ | ৬ |

### Enquiry into the death of Janab Chowdhury Md. Afaque

**1155.** (Admitted question No. 2666.) **Shri CHOWDHURY ABDUL KARIM:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the case of suspected murder in 1968 of Janab Chowdhury Md. Afaque, M.L.A., Islampur, is still under investigation;

(b) if so, how many persons have been arrested so far; and

(c) what action has been taken by the Government to expedite the matter?

**The Minister for Home (Police):** (a) No charge-sheet has been submitted.

(b) One person was arrested.

(c) Does not arise.

### Upgradation of teachers and specialists of non-teaching Hospitals

**1156.** (Admitted question No. 2685.) **Dr. A. M. O. GHANI:** Will the Minister in-charge of the Health Department be pleased to state—

(a) how many teachers and specialists of the non-teaching hospitals, have been recommended for upgradation by the Academic Review Committee appointed according to the Government notification No. Estt.|5412|6T-15|66, dated 8th September 1967; and

(b) how many of such recommended persons have been upgraded till now?

**The Minister for Health:** (a) two hundred and one.

(b) Twenty.

## B. T. Colleges

**1157.** (Admitted question No. 2703.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total number of B. T. Colleges in West Bengal;

(b) the number of such colleges in Midnapur district;

(c) if there is any proposal to increase the number of colleges in each district;

(d) if it is a fact that the Kharagpur College authorities have approached the Government for permission to open B. T. section in their college; and

(e) if so, what action has so far been taken by the Government in this regard?

**The Minister for Education:** (a) thirty-five.

(b) Six.

(c) No.

(d) Yes.

(e) As arrangements have been made with the Calcutta University for private B. T. course the proposal for opening B. T. section has not been accepted.

## Women's College

**1158.** (Admitted question No. 2704.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total number of women's colleges in West Bengal at present;

(b) how many of them are in Midnapore district;

(c) if there is any proposal to establish new colleges in each district; and

(d) if so, what action has so far been taken by the Government in this regard?

**The Minister for Education:** (a) The total number of women's colleges in West Bengal at present is 38.

(b) There is only one college for women in the Midnapore district, viz., Raja Narendralal Khan Women's College (Sponsored), Midnapore.

(c) None for the present on the part of Government. There are however one or two proposals from certain areas.

(d) Each case has been or will be examined on its merits and in the context of Government's limited fund resources comparative priority or needs of the areas concerned.

## Tenements under Low and Middle Income Group Housing Schemes

**1159.** (Admitted question No. 2723.) **Shri ASWINI ROY:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) how many types of tenements have been built up to July, 1969, under the Low and Middle Income Group Housing Schemes;

(b) what is the measurement of each type of tenement including the rent fixed for it; and

(c) whether the ownership will after a specified period accrue to hirer (tenant) and details of such transfer or ownership?

**The Minister for Housing:** (a) Nine types for rental purpose.

(b) The particulars are furnished in the statement given below.

(c) No.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 1159

### Statement

| Serial No. | Types of flats | Floor space provided (in sft.) | Average monthly rent fixed (Rs.) | Remarks. |
|---|---|---|---|---|
| 1. | Special 3 roomed flat .. | 1,012 | Between 285 and 325 | |
| 2. | Medium 3-roomed flat .. | 918 | 230 | |
| 3. | Ordinary 3 roomed flat .. | 768 | Between 200 and 240 | |
| 4. | Big 2-roomed flat .. .. | 678 | 165 | |
| 5. | Standard 2-roomed flat .. | 556 | Between 87 and 150 | As the land cost and the cost of constructions vary from place to place and from time to time, completion costs on the basis of which rents are fixed also vary. Besides, the rates of interest payable on the Central/L. I. C. loan with which the flats are built vary from year to year. This is the reason for variation of rent in different Estates. |
| 6. | Ordinary 2-roomed flat .. | 463 | Between 85 and 121 | |
| 7. | Regular 2-roomed flat (improved). | 407 | 104 | |
| 8. | Regular 2-roomed flat (modified) | 376 | Between 65 and 100 | |
| 9. | Small 2-roomed flat (improved) | 298 | Between 45·50 and 57·50. | |

**৪৩নং ন্যাশনাল হাইওয়ের রঘুনাথগঞ্জ-ফরাক্কা অংশ**

**1160.** (Admitted question No. 2749.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৪৩নং ন্যাশনাল হাইওয়ের রঘুনাথগঞ্জ-ফরাক্কা অংশটির স্থায়ী পথরেখা নির্ধারণে ও তদনুযায়ী পথ নির্মাণে কিরূপ ব্যবস্থাদি গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) ফরাক্কা ফিডার ক্যানেল এবং বি এ কে লুপ রেলপথের গতিপথের সহিত সামঞ্জস্য রাখিয়া যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে কি?

**The Minister for State for Public Works (Roads):**

(ক) ৩৪নং ন্যাশনাল হাইওয়ের রঘুনাথগঞ্জ-ফরাক্কা অংশটির স্থায়ী পথরেখার জন্য প্রয়োজনীয় জরীপ ও নক্সাদি ইতিমধ্যেই প্রস্তুত করা হইয়াছে। যথাসময়ে ভারত সরকারের অনুমোদন পাওয়া গেলে আগামী ডিসেম্বর মাসে নির্মাণকার্য সুরু হইবে।

(খ) হ্যাঁ।

**জলপাইগুড়ি জেলায় অভাবী ও মেধাবী ছাত্রছাত্রীদের সরকারী সাহায্য**

**1161.** (Admitted question No. 2750.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে জলপাইগুড়ি জেলায় মোট কতজন অভাবী ও মেধাবী ছাত্র-ছাত্রীকে সরকার কত টাকা সাহায্য করিয়াছিলেন?

**The Minister for Education:**

| আর্থিক বৎসর | বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রী সংখ্যা | মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|
| | | টাকা |
| ১৯৬৬-৬৭ | ১০৪ | ৩১,৩৩০·০০ |
| ১৯৬৭-৬৮ | ১৫০ | ৩১,৪০০·০০ |
| ১৯৬৮-৬৯ | ১২২ | ৩১,০৮০·০০ |

এ ছাড়া প্রতি বৎসর মাসিক এক টাকা থেকে পনের টাকা হিসাবে—

(১) কিছু সংখ্যক মুসলমান ছাত্র-ছাত্রীকে মোট ৩,৫২০ টাকা দেওয়া হয়েছে।

(২) তপশীল শ্রেণীভুক্ত ছাত্র-ছাত্রীকে মোট ২,৪৮০ টাকা দেওয়া হয়েছে।

(৩) শিক্ষায় অনগ্রসর অন্যান্য শ্রেণীভুক্ত ছাত্র-ছাত্রীকে মোট ৬,৭৪০ টাকা দেওয়া হয়েছে।

**কারমাইকেল ও বেকার ছাত্রাবাস**

**1162.** (Admitted question No. 2769.)

**শ্রীগোলাম মহিউদ্দিনঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে "বেকার" ছাত্রাবাসে ভর্তির জন্য পৃথক পৃথকভাবে কত ছাত্রের আবেদনপত্র আসিয়াছিল;

(খ) যে-সমস্ত ছাত্রের আবেদনপত্র আসিয়াছিল তাহাদের সবাইকে উক্ত আবাস গৃহস্বয়ে সংস্থান দেওয়া গিয়াছিল কি; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর "না" হয় তাহা হইলে যাহাতে সকল ছাত্র থাকিবার সংস্থান পায় সেজন্য কোন নূতন ছাত্রাবাস সংস্থাপন করিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি?

**The Minister for Education:**

| | | |
|---|---|---|
| (ক) ১৯৬৭-৬৮ | ... | ২৫০ জন |
| ১৯৬৮-৬৯ | ... | ২৭৫ জন |
| ১৯৬৯-৭০ | ... | ৩০০ জন |

(খ) না। প্রতি বৎসর ১৭৮ জন ছাত্রের আবাসের ব্যবস্থা করা হইয়াছিল।

(গ) বর্তমানে কোনও নূতন ছাত্রাবাস সংস্থাপনের পরিকল্পনা নাই।

### গান্ধী মেমোরিয়াল হাসপাতাল, কল্যাণী

**1163.** (Admitted question No. 2778.)

**শ্রীনিতাই পদ সরকার:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার কল্যাণীতে অবস্থিত গান্ধী মেমোরিয়াল হাসপাতাল রোগী ভর্তির নিয়ম কি;

(খ) ওখানে কতজন ডাক্তার বর্তমানে নিযুক্ত আছেন;

(গ) উক্ত হাসপাতালে বর্তমানে কতজন রোগী চিকিৎসাধীন আছেন; এবং

(ঘ) গত এক বৎসরে গড়ে প্রতি মাসে কতজন রোগী ওখানে ভর্তি হইবার সুযোগ পাইয়াছেন?

**The Minister for Health:**

(ক) সাধারণতঃ বহির্বিভাগ হইতে রোগী ভর্তি করা হয়। অন্য হাসপাতাল হইতে প্রেরিত রোগীও ভর্তি করা হইয়া থাকে।

(খ) নয়জন।

(গ) অন্তর্বিভাগে ২৬ জন।

(ঘ) তেত্রিশজন।

### বরাকর প্রাইমারী হেলথ সেন্টার অ্যাডভাইসরি বোর্ড

**1164.** (Admitted question No. 2781.)

**শ্রীরামাপদ মুখার্জী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটি থানার অন্তর্গত বরাকর প্রাইমারী হেলথ সেন্টারের অ্যাডভাইসরি বোর্ড-এর শেষ নির্বাচন কবে হইয়াছে;

(খ) উক্ত বোর্ড-এর পুনর্নির্বাচন কবে হইবে; এবং

(গ) উক্ত হেলথ সেন্টারের ডাক্তার ও নার্সের সংখ্যা বাড়ানোর বিষয় সরকার বর্তমানে কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) এই স্বাস্থ্য কেন্দ্রের উপদেষ্টা কমিটি ১৯৬৬ সালের নভেম্বর মাসে গঠিত হইয়াছে।

(খ) আগামী নভেম্বর মাসে এই কমিটির পুনর্গঠনের সম্ভাবনা আছে।

(গ) বর্তমানে এই স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তার এবং একজন নার্সের পদ শূন্য আছে। এই দুইটি পদ পূরণ করিবার ব্যবস্থা করা হইতেছে।

**বরাকর শ্রী মাড়োয়ারী বিদ্যালয়ের বাণিজ্য বিভাগ**

**1165.** (Admitted question No. 2783.)

**শ্রীবামাপদ মুখার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার কুলটি থানার অন্তর্গত বরাকরের শ্রী মাড়োয়ারী বিদ্যালয়ের বাণিজ্য বিভাগ খুলিবার বিষয়ে শিক্ষা বিভাগ হইতে সম্প্রতি তদন্ত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে ঐ বিদ্যালয়ে বাণিজ্য বিভাগ খুলিবার অনুমোদন দেওয়া হইয়াছে কি না?

**The Minister for Education:**

(ক) তদন্ত হইয়াছে।

(খ) না।

**পল্লীভারতী উচ্চ বুনিয়াদী বিদ্যালয়, দীঘা**

**1166.** (Admitted question No. 2798.)

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত দীঘা থানার এলাকাধীন পল্লী ভারতী উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের জন্য সরকার এ পর্যন্ত কি কি বাবদ কত টাকা দিয়াছেন;

(খ) উক্ত বিদ্যালয়ের কর্তৃপক্ষের বিরুদ্ধে সরকার সম্প্রতি কোন অভিযোগ পাইয়াছেন কি না; এবং

(গ) যদি অভিযোগ পাইয়া থাকেন সেই সম্পর্কে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Education:**

| | | |
|---|---|---|
| (ক) (১) স্কুল গৃহ নির্মাণ বাবদ | ... | ২৫,১০০ টাকা |
| (২) শিক্ষক আবাস নির্মাণ বাবদ | ... | ৬,৪৯০ টাকা |
| (৩) সাজসরঞ্জাম বাবদ | ... | ৫,০০০ টাকা |
| (৪) শিক্ষকগণের বেতন, ভাতা, স্কুল কন্টিনজেন্সি ইত্যাদি বাবদ অনুদান | ... | ১,০৯,০৯৩ টাকা |
| (৫) ছাত্রী বেতন বাবদ অনুদান | ... | ৫,৪৪৫·২৫ টাকা |

(খ) হ্যাঁ।

(গ) জেলা পরিদর্শকের নিকট হইতে অভিযোগ পাইয়া শিক্ষা অধিকারের ট্র্যাভেলিং অডিটরকে উক্ত বিদ্যালয়ের স্থাপনবিধি হিসাব পরীক্ষা করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছিল। তিনি হিসাব পরীক্ষান্তে যে রিপোর্ট দাখিল করেন তাহাতে ছাত্র বেতন আদায়, স্কুল কন্টিনজেন্সি বাবদ বিভিন্ন দফায় খরচ, শিল্প কাজ বাবদ খরচ প্রভৃতি বিষয়ে কিছু কিছু গলতি দেখা যায়। ইহার পর জেলা পরিদর্শকের সুপারিশক্রমে কেবলমাত্র শিক্ষকগণের বেতন ও ভাতা জেলা পরিদর্শক মারফত দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। কন্টিনজেন্সি, শিল্প কাজ প্রভৃতির জন্য অনুদান এবং অন্যান্য বিষয়ে জেলা পরিদর্শকের মতামত ও সুপারিশ চাওয়া হইয়াছে। এই সুপারিশ পাওয়ার পর বিদ্যালয়টি সম্বন্ধে আর কি ব্যবস্থা লওয়া যায় তাহা বিবেচনা করিয়া দেখা হইবে।

**গোঘাট থানায় হেলথ সেন্টার ও সাবসিডিয়ারি হেলথ সেন্টার**

**1167.** (Admitted question No. 2809.)

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** স্বাথ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোঘাট থানা অঞ্চলে বর্তমানে কতগুলি—

(১) হেলথ সেন্টার, এবং

(২) সাবসিডিয়ারী হেলথ সেন্টার চালু আছে; এবং

(খ) গোঘাট থানায় ঐ সমস্ত হেলথ সেন্টারে ও সাবসিডিয়ারী হেলথ সেন্টারে পৃথক পৃথক ভাবে কতগুলি করিয়া বেড আছে ও কতজন করিয়া ডাক্তার ও নার্স নিযুক্ত আছেন?

**The Minister for Health:**

(ক) (১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ১টি আছে; এবং

(২) কোন উপ-স্বাস্থ্যকেন্দ্র নাই।

(খ) গোঘাট ব্লকের কামারপুকুর প্রাথমিক স্বসথ্যকেন্দ্রে ১০টি শয্যা আছে এবং বর্তমানে একজন ডাক্তার ও ৫ জন নার্স আছেন।

**বর্ধমান জেলা হাসপাতাল**

**1168.** (Admitted question No. 2816.)

**শ্রীদেবব্রত দত্ত:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলা হাসপাতালে (বিজয়চাঁদ হাসপাতাল) বর্তমানে মোট (১) শয্যা সংখ্যা এবং (২) ডাক্তারের সংখ্যা কত;

(খ) ইহা কি সত্য যে অনেক সময় নির্দিষ্ট সংখ্যক শয্যা অপেক্ষা অধিক সংখ্যক রোগী ভর্তি করা হয়, এবং

(গ) সত্য হইলে, উক্ত হাসপাতালে শয্যা সংখ্যা ও ডাক্তারের সংখ্যা বাড়ানোর জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) (১) শয্যা সংখ্যা—৫৫০।

(২) ডাক্তারের সংখ্যা—৩৮।

(খ) হ্যাঁ।

(গ) অতিরিক্ত ১৬৫টি শয্যা চালু করিবার জন্য প্রয়োজনীয় গৃহ নির্মাণ মঞ্জুর করা হইয়াছে।

ডাক্তারের অতিরিক্ত ৫টি পদ সৃষ্টির বিষয় বিবেচনা করা হইতেছে।

**বাঁকুড়া জেলার বিদ্যালয় পরিচালক সমিতি বাতিল**

**1169.** (Admitted question No. 2823.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় এ পর্যন্ত কতগুলি উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতি বাতিল করিয়া এড্ হক কমিটি বা অ্যাডমিনিস্ট্রেটার নিযুক্ত করা হইয়াছে;

(খ) ওন্দা থানায় ঐরূপ বিদ্যালয়ের সংখ্যা কত; এবং

(গ) ঐ থানায় কোন বিদ্যালয়ে এড্ হক কমিটি নিযুক্ত করার আবেদন আছে কি?

**The Minister for Education:**

(ক) মোট ৮।

(খ) একটিও নহে।

(গ) এইরূপ কোন আবেদন জানা নাই।

**হেল্থ অ্যাসিস্টেন্ট পদে নিয়োগকরণ**

**1170.** (Admitted question No. 2850.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের এপ্রিল মাস পর্যন্ত ট্রেনিংপ্রাপ্ত কতজন হেল্থ অ্যাসিস্টেন্ট পদের জন্য দরখাস্ত করিয়াছিলেন;

(খ) উক্ত প্রার্থীদের মধ্যে কতজন ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত চাকুরী পাইয়াছেন; এবং

(গ) ন্যাশনাল ম্যালেরিয়া ইরাডিকেশান প্রোগ্রাম ইউনিটের স্কুল ফাইন্যাল পাশ করা এমন কয়জন ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত হেল্থ অ্যাসিস্টেন্ট পোস্টে চাকুরীর জন্য দরখাস্ত করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) কেহই না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বারো জন।

**কলিকাতা, হাওড়া ও বিভিন্ন পৌর অঞ্চলগুলির প্রাথমিক বিদ্যালয়গুলিতে বৈষম্য দূরীকরণ**

**1171.** (Admitted question No. 2864.)

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা, হাওড়া ও বিভিন্ন পৌর অঞ্চলগুলির প্রাথমিক বিদ্যালয়গুলিকে এক স্তরে আনার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে তাহা কি এবং কখন হইতে এই ব্যবস্থা বলবৎ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) এতদুদ্দেশ্যে একটি সামগ্রিক প্রাথমিক শিক্ষা বিলে রচিত হইতেছে। চতুর্থ পঞ্চ-বার্ষিকী পরিকল্পনাকালের মধ্যেই উহা বলবৎ হইবে বলিয়া আশা করা যায়।

**কলিকাতায় বিদ্যালয়গুলিতে ছাত্রীদের বেতন মকুবের পরিকল্পনা**

**1172.** (Admitted question No. 2866.)

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় বিদ্যালয়গুলিতে ছাত্রীদের অষ্টম মান পর্যন্ত ছাত্র-বেতন আদায় মকুব করার পরিকল্পনা আছে কি; এবং

(খ) যদি (ক)-এর উত্তর "হ্যাঁ" হয়, তাহা হইলে কখন হইতে ইহা কার্যকরী করা হইতেছে?

**The Minister for Education:**

(ক) না। তবে সারা পশ্চিম বাংলায় অষ্টম শ্রেণী পর্যন্ত সমস্ত ছাত্র-ছাত্রীদের বেতন মকুবের কথা সরকার বিবেচনা করিয়া দেখিবেন।

(খ) কোন প্রশ্ন উঠে না।

**সরকার পরিচালিত বিদ্যালয়ে প্রাথমিক বিভাগের ছাত্র-ছাত্রীদের বেতন মকুবের প্রস্তাব**

**1173.** (Admitted question No. 2869.)

**ডাঃ তারকনাথ চক্রবর্তী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত বিদ্যালয়সমূহে প্রাথমিক বিভাগের ছাত্র ছাত্রীদের বেতন আদায় মকুব করার কোন সরকারী প্রস্তাব আছে কিনা; এবং

(খ) থাকিলে কখন হইতে ইহা কার্যকরী করা হইবে?

**The Minister for Education:**

(ক) বর্তমানে নাই, তবে এই পৌর অঞ্চলে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হইলে এই বিষয়ে বিবেচনা করা হইবে।

(খ) এ প্রশ্ন উঠে না।

**আসানসোল মহকুমার বারাবণী ও সালানপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র**

**1174.** (Admitted question No. 2874.)

**শ্রীসুনীল বসুরায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বারাবণী ও সালানপুর ব্লকে কোনও স্বাস্থ্যকেন্দ্র আছে কিনা; এবং

(খ) স্বাস্থ্যকেন্দ্র না থাকলে, উপরি-উক্ত ব্লক দুইটিতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) না।

(খ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপযুক্ত জমি সংগ্রহের ব্যবস্থা করা হইতেছে।

**রামপুরহাট মহকুমা হাসপাতাল**

**1175.** (Admitted question No. 2876.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট মহকুমা হাসপাতালে কোন হৃদরোগ বিশেষজ্ঞ আছেন কি না;

(খ) ঐ হাসপাতাল ডোমিসিলিয়ারি সার্ভিস ইউনিট কার্যের জন্য কোন জিপ গাড়ী নির্দিষ্ট করা আছে কিনা;

(গ) থাকিলে, এ বিভাগের কার্যে উক্ত গাড়ী ব্যবহৃত হয় কিনা, তাহার দেখার জন্য কি কি ব্যবস্থা আছে;

(ঘ) উক্ত বিভাগে মোট কতজন ও কি কি কর্মচারী আছে; এবং

(ঙ) উক্ত বিভাগের জন্য নিয়মিতভাবে এক্সরে ফিল্ম সরবরাহ করা হয় কিনা?

**The Minister for Health:**

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ; চেস্ট ক্লিনিক-এর ভারপ্রাপ্ত ডাক্তার এবং মহকুমা হাসপাতালের ভারপ্রাপ্ত ডাক্তার গাড়ীর ব্যবহার দেখাশুনা করেন।

(ঘ) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঙ) এক্সরে ফিল্মের ঘাটতির জন্য নিয়মিতভাবে ঐ বিভাগে এক্সরে ফিল্ম সরবরাহ করা সম্ভব হচ্ছে না।

Statement referred to in reply to clause (gha) of unstarred question No. 1175

List of personnel attached to Chest Clinic-cum-Domiciliary Unit, Rampurhat Subdivisional Hospital

| | | |
|---|---|---|
| 1. | Medical Officer | 1 |
| 2. | Tuberculosis Home Visitors | 2 |
| 3. | Laboratory Asstt. | 1 |
| 4. | Clerk | 1 |
| 5. | Driver | 1 |
| 6. | Sweeper | 1 |
| 7. | G.D.A. | 1 |
| | Total | 8 |

**ঝাড়গ্রাম মহকুমায় শালদা ব্লকে স্বাস্থ্যকেন্দ্র**

**1176.** Admitted question No. 2895.)

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়, ডাঃ এ এম ও গণি এবং শ্রীজয়রাম সরেনঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় শালদা ব্লকে ২৫টি বেড সমন্বিত একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার জন্য কোন পরিকল্পনা আছে কি; এবং

**(খ) থাকলে, কখন তা বাস্তবে রূপায়িত হবে?**

**The Minister for Health:**

(ক) শীলদা বিনপুর ২নং ব্লকে অবস্থিত। ঐ স্থানে দুইটি পথ্যবিহীন প্রসূতি শয্যাবিশিষ্ট একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদির নির্মাণকার্য বর্তমান বৎসরের মধ্যে আরম্ভ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

## Appointment of Primary School Teachers

**1177.** (Admitted question No. 2899.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether Government have recently issued any order to all the District School Boards in West Bengal to recruit primary school teachers only from those have passed the School Final Examination as well as the Basic Training Final Examination; and

(b) if so, whether the Scheduled Castes and Scheduled Tribes candidates, who have not passed the School Final Examination but have the Basic Training Certificate are eligible for being primary school teachers?

**The Minister for Education:** (a) According to the rules laid down in Government notification No. 196-Edn(P), dated 28th April, 1969, the minimum qualification for appointment as a teacher in a Primary School shall be the following:

(i) Head Teacher—School Final pass and training with five year's continuous service as a school teacher.

(ii) The question of appointment of Scheduled Castes non-Matric candidates who are already trained is under consideration of Government.

(b) Scheduled Tribe candidates who have passed annual examination of class VIII with or without training certificate may be appointed as Assistant Teachers for teaching children through tribal languages, subject to certain conditions as laid down in the rules referred to in (a) above.

## অন্ধ বালক ও বালিকাদের জন্য প্রাথমিক বিদ্যালয়

**1178.** (Admitted question No. 2905.)

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অন্ধ বালক ও বালিকাদের লেখাপড়ার জন্য জেলাভিত্তিক একটি করিয়া প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার সিদ্ধান্ত সরকার করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কতদিনের মধ্যে এই পরিকল্পনা কার্যকরী করা হইবে?

**The Minister for Education:**

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

**অন্ধ গ্র্যাজুয়েটদের শিক্ষকরূপে নিয়োগের ব্যবস্থা**

**1179.** (Admitted question No. 2906.)

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ গত ২৪এ জুলাই ১৯৬৭ সালে প্রস্তাব গ্রহণ রেছেন যে, অনুমোদিত মাধ্যমি বিদ্যালয়সমূহে কোন অন্ধ গ্র্যাজুয়েটকে শিক্ষকরূপে গ্রহণ করা হইবে না;

(খ) সত্য হইলে, এরূপ প্রস্তাব গ্রহণের কারণ কি; এবং

(গ) অন্ধ গ্র্যাজুয়েটগণ যাহাতে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার সুযোগ পান সে বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) মধ্যশিক্ষা পর্ষদ এইরূপ প্রস্তাবের কোন কারণ দেখান নাই।

(গ) অন্ধ গ্র্যাজুয়েটগণকে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসাবে নিয়োগ করা যায় কি না এ বিষয়ে বিবেচনা করা হইবে।

**Morgue of the Purulia Sadar Hospital**

**1180.** (Admitted question No. 2913. **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that the "Morgue" of Purulia Sadar Hospital is situated by the side of the T.B. Clinic which causes inconvenience to the people and the staff of different offices of the said locality; and

(b) if so, what step the Government is going to take or propose to take in this regard?

**The Minister for Health:** (a) Yes.

(b) A proposal for air-conditioning the morgue attached to the Purulia Sadar Hospital is under consideration of Government.

**Non-availability of Medicines, etc., in the Sadar Hospital, Purulia**

**1181.** (Admitted question No. 2917.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that the patients of the Sadar Hospital, Purulia, are not supplied with medicines and X-Ray films;

(b) if so, the reasons thereof; and

(c) what action the Government has taken or propose to take in this regard?

**The Minister for Health:** (a) Government have no such information.

(b) and (c) Do not arise.

**বীরভূম জেলার সিউড়ী অঞ্চলের বাস সার্ভিস**

**1182.** (Admitted question No. 2933.)

**ডাঃ রাধানাথ চট্টোরাজ:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার সদর শহর সিউড়ী হইতে বাস ছাড়িবার কোন নির্দিষ্ট স্থান না থাকায় শহরের মধ্যস্থলে রাস্তা অবরোধ করিয়া বাসগুলি দাঁড়াইয়া থাকে; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে এই অবস্থা দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিবার কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Home (Transport):**

(ক) সিউড়ী হইতে বাস ছাড়িবার কোন নির্দিষ্ট স্থান না থাকায় জেলা শাসকের দপ্তর প্রাঙ্গণে এবং বাস মালিকদের বিভিন্ন গ্যারেজে বাসগুলি দাঁড়াইয়া থাকে।

(খ) বীরভূম জেলাশাসক ও পশ্চিমবঙ্গের সমস্ত জেলা শাসকদের নিকট হইতে সরকারী বাস স্ট্যান্ড নির্মাণ করিবার জন্য বিস্তারিত তথ্য সংগ্রহ করা হইতেছে।

**কালিয়াচক থানায় ৩৪নং জাতীয় সড়কের ১৬ মাইল হইতে জরলাহী রাস্তার কাজ**

**1183.** (Admitted question No. 2973.)

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার কালিয়াচক থানায় ৩৪নং জাতীয় সড়কের ১৬ মাইল হইতে জরলাহী রাস্তাটির কাজ বর্তমানে বন্ধ আছে;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) উক্ত রাস্তাটির কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ, সাময়িকভাবে।

(খ) সাম্প্রতিক অতিবৃষ্টি ও বন্যা।

(গ) ১৯৭০ সালের মার্চ মাস নাগাদ।

**কালিয়াচক-গোপালগঞ্জ রাস্তায় পাগলা নদীর উপর সেতু নির্মাণ**

**1184.** (Admitted question No. 2974.)

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলার অন্তর্গত কালিয়াচক থানায়, কালিয়াচক-গোপালগঞ্জ রাস্তাটির মাঝে পাগলা নদীর উপর সেতুটি কত দিনের মধ্যে নির্মিত হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

এই সেতুটি নির্মাণের কোন পরিকল্পনা আপাতত: নাই।

### জলপাইগুড়ি জেলায় জি, আর বণ্টন

**1185.** (Admitted question No. 2983.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** ত্রাণ এবং সমাজ উন্নয়ন (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় গত মার্চ হইতে আজ পর্যন্ত কি পরিমাণ জি, আর সাহায্য (নগদ ও খাদ্যশস্য) পাঠান হইয়াছে;

(খ) উক্ত জি, আর বণ্টনের ব্যাপারে কোন সরকারী সার্কুলার পাঠান হইয়াছে কি; এবং

(গ) পাঠান হইয়া থাকিলে, উহার একটি কপি পেশ করিবেন কি?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) নগদে—টাঃ ১৭,৫৭,০০০; খাদ্যশস্যে—৬০ মেট্রিক টন।

(খ) ও (গ) উক্ত জি, আর বণ্টনের ব্যাপারে জলপাইগুড়ি জেলা শাসকের নিকট কোন বিশেষ সার্কুলার পাঠান হয় নাই। তবে সাধারণভাবে প্রয়োজনমত বিভিন্ন সময়ে জি, আর বণ্টনের ব্যাপারে সংশ্লিষ্ট জেলাশাসকদিগের নিকট বিভিন্ন সার্কুলার পাঠান হইয়া থাকে। কোন বিশেষ সার্কুলারের উটল্লেখ না থাকায়, কোনও সার্কুলারের কপি দেওয়া সম্ভব হইল না।

### আসানসোল মহকুমায় সংগৃহীত লেভির ধান-চাল

**1186.** (Admitted question No. 2999.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আসানসোল মহকুমায় (১) ১৯৬৭ সালে যে লেভি ধান-চাল সংগৃহীত হইয়াছিল তাহা অংশতঃ এখনও সরকারে জমা হয় নাই, (২) এই ঘটনার সহিত সালানপুর থানাভুক্ত এথোড়া গ্রামের একটি সমবায় সমিতি জড়িত আছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

### মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্কুলে অতিরিক্ত শিক্ষকের পদ

**1187.** (Admitted question No. 3007.)

**শ্রী[illegible]ল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়েকটি অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুর করাইবার জন্য মুর্শিদাবাদ জেলার (১) যাজন কেনারাম, (২) আন্দি, (৩) আন্দুলিয়া এস, এস, এবং (৪) বারোয়ান হাই স্কুলগুলির নিকট হইতে সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে ঐ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education:**

(ক) প্রত্যেকটি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়কে অতিরিক্ত শিক্ষকের পদ মঞ্জুরের জন্য জেলা শিক্ষা পরিদর্শকের মাধ্যমে শিক্ষাধিকর্তার নিকট আবেদন করিতে হয়। (১) যাজন কোনারাম, (২) আন্দি, (৩) আন্দুলিয়া এস, এস এবং (৪) বারোয়ান বিদ্যালয়গুলি অতিরিক্ত পদ মঞ্জুরীর জন্য যথানিয়মে আবেদন করিয়াছে এবং আবেদন পত্রগুলি সরকারী দফতরে পাওয়া গিয়াছে।

(খ) (১) যাজন কেনারাম, (২) আন্দি এবং (৩) আন্দুলিয়া এস এস বিদ্যালয়গুলির আবেদন পরীক্ষা করা হইতেছে এবং সক্রিয় সরকারী বিবেচনাধীন রহিয়াছে। (৪) বারোয়ান হাই স্কুলের আবেদন যথাযোগ্য বিবেচনার পর উক্ত স্কুলের জন্য ৪-৭-৬৯ তারিখের এক আদেশনামায় ৬টি অতিরিক্ত পদ মঞ্জুর করা হয়।

**বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ ভবন**

**1188.** (Admitted question No. 3021.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ ভবনের বিদ্যালয়ের জন্য ও ছাত্রদের বাসের জন্য স্বয়ংসম্পূর্ণ ঘর আছে কিনা?

**The Minister for Education (Social Education):**

বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ ভবনে যে দালান ঘর আছে, তাহার একটি প্রশস্ত কক্ষ ছাত্রদের আবাস কক্ষ হিসাবে নির্ধারিত আছে। এই আবাস কক্ষের কিয়দংশ আবার দিবাভাগে শ্রেণী কক্ষ হিসাবে ব্যবহার করা হয়।

এই আবাস কক্ষ ব্যতীত আরও চারিটি কক্ষ আছে। এই কক্ষ চারিটি বিদ্যালয়ের শ্রেণী কক্ষ হিসাবে ব্যবহৃত হয়।

**মুর্শিদাবাদ জেলায় হস্তচালিত তাঁত শিল্পের জন্য আঞ্চলিক দপ্তর**

**1189.** (Admitted question No. 3023.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হস্তচালিত তাঁত শিল্পের উন্নতির জন্য মুর্শিদাবাদ জেলায় কোন আঞ্চলিক দপ্তর আছে কিনা; এবং

(খ) থাকিলে (১) কোথায় ও (২) কতজন কর্মী এই দপ্তর নিযুক্ত আছেন? এবং

(গ) এই জেলায় সরকার অদ্যাবধি কত টাকা এই শিল্পের উন্নতিকল্পে ব্যয় করিয়াছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) এবং (খ) হস্তচালিত তাঁত শিল্পের উন্নতির জন্য মুর্শিদাবাদ জেলায় কোন আঞ্চলিক দপ্তর নাই। তবে ঐ জেলার তাঁত শিল্পের উন্নয়ন প্রকল্পগুলির তত্ত্বাবধানের জন্য নদীয়া জেলায় নবদ্বীপে একটি আঞ্চলিক দপ্তর আছে। ঐ দপ্তরের ভারপ্রাপ্ত হস্তচালিত তাঁত উন্নয়ন আধিকারিক সমগ্র মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার সদর মহকুমার তাঁত শিল্পের উন্নয়ন প্রকল্প গুলি দেখাশুনা করেন। হস্তচালিত তাঁত আধিকারিক সহ মোট ২৮ জন কর্মীর সংস্থান এই দপ্তরে আছে।

(গ) জেলাভিত্তিক সরকারী ব্যয়ের হিসাব রাখা হয় না। এখন হইতে ঐরূপ হিসাব রাখার ব্যবস্থা করা হইতেছে। সেই অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে এবং উহা পরে লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইবে।

**মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনে ক্ষয়-ক্ষতির পরিমাণ**

**1190.** (Admitted question No. 3026.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গঙ্গার ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার আরঙ্গাবাদ, নিমতিতা ও দয়ারামপুরে কতগুলি ঘর ধ্বংস হইয়াছে, তাহার মধ্যে পাকাবাড়ী কয়টি এবং মোট ক্ষতির পরিমাণ কত;

(খ) কোন শস্যহানি হইয়াছে কিনা, হইলে তাহার পরিমাণ ও আনুমানিক মূল্য কত;

(গ) কত চাষযোগ্য জমি গঙ্গাগর্ভে নিমজ্জিত হইয়াছে;

(ঘ) কোন প্রাণহানি হইয়াছে কিনা; এবং

(ঙ) কোন গবাদিপশুর জীবনহানি হইয়াছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ৫৫০টি ঘর ধ্বংস হইয়াছে, তাহার মধ্যে ২৩টি পাকাবাড়ী। ক্ষয়-ক্ষতির পরিমাণ ৩,৩৯,২০০ টাকার মত।

(খ) ১০১ একরের মত জমির শস্যহানি হইয়াছে। আনুমানিক মূল্য ২৫,০০০ টাকার মত।

(গ) ১৫০ একরের মত।

(ঘ) না।

(ঙ) না।

**জলপাইগুড়ি জেলা বিদ্যালয় পর্ষদ-এর বদলে উপদেষ্টা সমিতি**

**1191.** (Admitted question No. 3093.)

**শ্রীযজ্ঞেশ্বর রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, জলপাইগুড়ি জেলা বিদ্যালয় পর্ষদ বাতিল করার পর জেলা বিদ্যালয় পরিদর্শককে সাহায্য করার জন্য একটি উপদেষ্টা পর্ষদ গঠন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কাহারা উক্ত উপদেষ্টা পর্ষদ-এর সদস্য হইয়াছে?

**The Minister for Education:**

(ক) ও (খ) না; তবে একটি উপদেষ্টা সমিতি গঠন করা হইয়াছে। এই উপদেষ্টা সমিতি নিম্নলিখিত সদস্য লইয়া গঠিতঃ—

(১) শ্রী এ, বারি, ডবলিউ. বি. সি, এস, (ডেপুটি কমিশনার, জলপাইগুড়ি কর্তৃক মনোনীত)।

(২) শ্রীপঞ্চানন নাগ, সম্পাদক, নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি, জলপাইগুড়ি শাখা।

(৩) শ্রীসুহৃদ সেন, সম্পাদক, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি, জলপাইগুড়ি।

(৪) শ্রী আর, কে, বাগচী, অধ্যক্ষ, আনন্দচন্দ্র কলেজ, জলপাইগুড়ি।

(৫) শ্রীমতী এন, রায়, জেলা স্কুল পরিদর্শিকা, জলপাইগুড়ি।

(৬) শ্রী এস, কে, ভট্টাচার্য, জেলা স্কুল পরিদর্শক, জলপাইগুড়ি।

### Requisition of Transports for Cordoning

**1192.** (Admitted question No. 3054.) **Shri ASWINI ROY:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that transports (Lorries, tempos and cars) were requisitioned for exercising control and check over the cordoning system in the district of Burdwan; and

(b) if so, the number of each type of transport and the amount incurred in each month as hire charges till August, 1969?

**The Minister for Home (Police):**

(a) Jeeps and lorries only were requisitioned.

(b) Fifteen jeeps and three lorries were hired in Burdwan district from November, 1968 to July, 1969 incurring an amount of Rs. 27,000 each month as hire charges. Two jeeps were released in August, 1969, retaining 13 jeeps and 3 lorries and incurring an amount of Rs. 24,300 as hire charges for August, 1969.

### Untrained Teachers in Secondary Schools

**1193.** (Admitted question No. 3056.) **Sm. ILA MITRA:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the approximate total number of untrained teachers in Secondary Schools at present;

(b) how many new teachers are on the average appointed each year in such schools;

(c) how many teachers of the Secondary Schools in West Bengal will be benefitted annually at the introduction of sandwitch B.T. Course; and

(d) what is the total number of seats in all the B.T. Colleges in West Bengal?

**The Minister for Education:** (a) 41,674.

(b) 3,460.

(c) 100 in 1969-70, but it will be expanded from 1970-71 to cover a much larger number of teachers.

(d) 5,205.

### মল্লারপুর-হাজিপুর রাস্তা

**1194.** (Admitted question No. 3063.)

**শ্রীপঞ্চানন লেট:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় মৌড়েশ্বর থানার অন্তর্গত মল্লারপুর হইতে হাজিপুর (ভায়া কামরা-ঘাট) রাস্তাটি পাকা করণের জন্য গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি গ্রহণ করা হইয়া থাকে তাহলে কবে নাগাদ উক্ত রাস্তাটির পাকা করণের কাজ আরম্ভ হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত করা হয় নি।

(খ) প্রশ্ন উঠে না।

**মশার উপদ্রব**

**1195.** (Admitted question No. 3078.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিমবঙ্গের সর্বত্র বিশেষ করে কলকাতা ও তৎসন্নিহিত সহরতলীতে মশার উপদ্রব বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন বা করার কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ

(খ) কলিকাতা ও সংসন্নিহিত শহরতলী অঞ্চলের পাবলিক হেলথ কার্যক্রমের একটি অঙ্গ মশক নিবারণ এবং উক্ত কার্যের দায়িত্ব কলিকাতা পৌরসভা এবং পৌরপ্রতিষ্ঠানগুলির উপর ন্যস্ত আছে। কলিকাতা পৌরসভা ও অন্যান্য পৌরপ্রতিষ্ঠানগুলির স্ব স্ব এলাকায় তাঁহাদের সীমিত অর্থ সামর্থানুযায়ী নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন—

(১) প্রতি মাসে ঘোলা নর্দমা পরিষ্কার করা;

(২) ঘোলা নর্দমার ধারগুলি কাটিয়া দেওয়া;

(৩) প্রতি সপ্তাহে একবার করিয়া মশা জন্মাইবার জায়গাগুলিতে লার্ভাসাইডাল তৈল প্রয়োগ করা; এবং

(৪) ঘোলা নর্দমা সংস্কার করা, ডোবা পুষ্করিণী প্রভৃতি আগাছামুক্ত রাখা যাহাতে মশা মারিবার তৈল কার্যকরী হয় এবং জল জমিবার নীচু জায়গাগুলিকে সম্ভব হইলে ভরাট করিয়া দেওয়া। এই উপদ্রব সম্পূর্ণভাবে দূরীকরণের প্রধান পথ উপযুক্ত জল নিকাশের (ড্রেনেজ) এবং অনাময় (সেউরেজ) ব্যবস্থা। এই ব্যবস্থা সময় সাপেক্ষ এবং ব্যয় বহুল। আশা করা যাইতে পারে যে ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেসন বৃহত্তর কলিকাতা এলাকার জন্য যে পয়ঃপ্রণালী ও অনাময় প্রকল্প তৈয়ারী করিয়াছেন, তাহা কার্যকরী হইলে মশকের উপদ্রব দূরীভূত হইবে।

**গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষকদের হাজিরা**

**1196.** (Admitted question No. 3080.)

**গণেশচন্দ্র মণ্ডল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গ্রামাঞ্চলে বহু প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকমহাশয়বা যথাসময়ে ও অনেক দিন ক্লাস না করিয়া হাজিরা খাতা সহি করিয়া থাকেন;

(খ) সত্য হইলে, শিক্ষকরা যাহাতে ঠিক মত ক্লাস করেন তাহা পর্যবেক্ষণ করিবার জন্য সরকার কি কোন নূতন পন্থা চিন্তা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) সরকারের নিকট এইরূপ কোন তথ্য নাই। তবে কখনও কোন শিক্ষক বিশেষের বিরুদ্ধে ইরূপ অভিযোগ আসিলে জেলা স্কুল বোর্ড বা সরকার সে বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা বলম্বন করেন।

(খ) সরকার বিদ্যালয়ের কল্যাণের জন্য অভিভাবক ও জনসাধারণের প্রতিনিধি লইয়া দ্যালয় কল্যাণ সমিতি গঠনের কথা বিবেচনা করিতেছেন।

**২৪-পরগনা জেলায় ঐতিহাসিক স্মৃতিবিজড়িত স্থাপত্যশিল্প**

**1197.** (Admitted question No. 3083.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার ঐতিহাসিক স্মৃতিবিজড়িত ও স্থাপত্যশিল্পসমূহের কোন প্রামাণ্য-তালিকা প্রণয়ন করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, এই ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(গ) আজ পর্যন্ত ঐসকল ঐতিহাসিক স্থান বা স্থাপত্যের কোন তালিকা সরকারের আছে কি?

**The Minister for Public Works:**

(ক) হ্যাঁ; পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলা সম্বন্ধেই এইরূপ পরিকল্পনা আছে।

(খ) এই তালিকা প্রস্তুতের কাজ চলিতেছে, এবং ইহা সম্পূর্ণ হইতে সময় লাগিবে।

(গ) নাই। তবে তালিকা প্রণয়নের জন্য তথ্যাদি সংগৃহীত হইতেছে।

**সাব-ইন্সপেক্টর অব স্কুল**

**1198.** (Admitted question No. 3091.)

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলায় স্কুল বোর্ডের সহিত সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টর অব স্কুলগণকে (এস, আই,) সাধারণতঃ কয় বৎসর অন্তর অন্যত্র বদলী করা হয়; এবং

(খ) মুর্শিদাবাদ জেলার কোন্ সার্কেলের কোন্ সাব-ইন্সপেক্টর একই সার্কেলে কতদিন যাবত আছেন?

**The Minister for Education:**

(ক) জেলার স্কুল বোর্ডের সহিত সংশ্লিষ্ট সাব-ইন্সপেক্টরের কোন পদ নাই। সাব-ইন্সপেক্টরদের প্রতি চার বৎসর পর বদলী করিবার নীতি সরকার চালু করিতে যাইতেছেন।

(খ) মুর্শিদাবাদ জেলায় নয়টি সাব-ইন্সপেক্টর অব স্কুলের পদ আছে এবং তাহাতে কে কতদিন আছেন তাহা নিম্নে দেওয়া হইলঃ—

| | সার্কেলের নাম | সাব-ইন্সপেক্টর অব স্কুলের নাম | কতদিন যাবত আছেন |
|---|---|---|---|
| (১) | নওদা | শ্রীমতী আশালতা সরকার | প্রায় ৪ বৎসর |
| (২) | জলঙ্গী | শ্রীঅর্দ্ধেন্দু নাথ লাহিড়ী | প্রায় ৪ বৎসর |
| (৩) | বড়ঞা | শ্রীশিশির কুমার রায় | প্রায় ৪ বৎসর |
| (৪) | ভরতপুর | শ্রীহরবশ বাহাদুর থাপা | প্রায় ৭ মাস |
| (৫) | রঘুনাথগঞ্জ | শ্রীহৃষিকেশ ঘোষ | প্রায় ৪ বৎসর |
| (৬) | সাগরদীঘি | শ্রীদলুপদ দাস | প্রায় ৪ বৎসর |
| (৭) | খড়গ্রাম | শ্রীপূর্ণেন্দু ভূষণ মণ্ডল | প্রায় ৩ মাস |
| (৮) | রাণীনগর | শ্রীমনোরঞ্জন বিশ্বাস | প্রায় ৭ মাস |
| (৯) | নবগ্রাম | শ্রীঅরবিন্দ কুমার সান্যাল | প্রায় ১২ বৎসর |

**ইসলামপুর মহকুমা হইতে গরু-মহিষ চুরির ঘটনা**

**1199.** (Admitted question No. 3101.)

**শ্রীমহম্মদ সালিমুদ্দিনঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে ইসলামপুর মহকুমা থেকে পাকিস্তানীরা কত গরু, মহিষ চুরি করে নিয়ে গিয়েছে;

(খ) গরু, মহিষ চুরি বন্ধের ব্যাপারে পাকিস্তান সরকারের সহিত ব্যবস্থা অবলম্বনের জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে কোন অনুরোধ করেছেন কিনা; এবং

(গ) এই ধরনের হামলা বন্ধের জন্য রাজ্যসরকার কি ব্যবস্থা করেছেন বা করার বিষয় চিন্তা করেছেন?

**The Minister for Home (Political):**

(ক) রাজ্যসরকার এ পর্যন্ত যেসব রিপোর্ট পেয়েছেন তাতে দেখা যায় যে পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমার সীমান্ত অঞ্চল থেকে পাকিস্তানীরা ১-১-৬৮ হইতে ৩১-৭-৬৯ তারিখ পর্যন্ত ৫৪৮টি গোরু-মহিষ চুরি করে নিয়ে গিয়েছে।

(খ) ও (গ) জেলা ও রাজ্যসরকার স্তরে এসব ঘটনা বন্ধের জন্য পূর্ব পাকিস্তান কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়ে থাকে এবং কেন্দ্রীয় সরকারকেও এ ব্যাপারে সর্বদা অবহিত রাখা হয়। ইহা ছাড়া সীমান্তরক্ষী বাহিনী ও পশ্চিমবঙ্গ পুলিশ সীমান্তে এ জাতীয় দুষ্কার্য নিবারণের জন্য সর্বপ্রকার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করে থাকে। কিন্তু স্বাভাবিক বাধাহীন সুদীর্ঘ এ সীমারেখার সর্বত্র প্রহরার ব্যবস্থা করা অসম্ভব বলে এসব অপরাধমূলক ক্রিয়াকলাপ একেবারে বন্ধ করা সম্ভব নয়।

**মুর্শিদাবাদ জেলায় অগভীর নলকূপের পাম্পসেট বিক্রয়ের অনুমোদিত এজেন্সী**

**1200.** (Admitted question No. 2611.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় সেচের জন্য অগভীর ন্যকূপের পাম্পসেট বিক্রয় করিবার জন্য কোন কোন এজেন্সী (ব্যবসায়ী) সরকার কর্তৃক অনুমোদিত?

**The Minister for Agriculture and Community Development:**

কোন বিশেষ জেলার জন্য কোন বিশেষ অনুমোদিত এজেন্ট নাই। সমগ্র রাজ্যের জন্য সরকার অনুমোদিত, প্রতিষ্ঠানগুলির একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**বহরমপুর ব্লকে গভীর ও অগভীর সেচ নলকূপ**

**1201.** (Admitted question No. 2647.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুর ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কয়টি গভীর সেচ নলকূপ ও কয়টি অগভীর সেচ নলকূপ আছে?

**The Minister for Agriculture and Community Development:**

মোট ২৬টি গভীর নলকূপ এবং ৩৭৬টি অগভীর নলকূপ আছে। উপরি-উক্ত নলকূপ-গুলির মৌজা ভিত্তিক তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Pay scale, etc., of the Librarians and Peons under the Rural Libraries**

**1202.** (Admitted question No. 2724.) **Shri ASWINI ROY:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the scales of pay, if any, of the Librarians and Peons working under the Rural Libraries (Anchalik);

(b) whether their service conditions are governed by the rules similar with those of State Government employees; and

(c) whether their cases have been referred to the Pay Commission appointed by the State Government?

**The Minister for Education:** (a) There are fixed pay-scales for the staff of the Rural Libraries (Gramin Granthagar) and for that of the Area Libraries (Anchalik Granthagar).

A detailed statement is laid on the Library table.

(b) Pending finalisation of the Service Rules for the staff of the sponsored libraries which is under consideration of the Government, the provisions of the West Bengal Service Rules, Part I, are being followed as far as practicable, specially in case of leave of the members of the staff.

(c) Yes.

**Progress in Tourism in West Bengal**

**1203.** (Admitted question No. 2845.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state the progress in Tourism in West Bengal including the number of Tourists served and amounts earned thereby during 1968-69?

**The Minister for Home (Tourism):** A statement is laid on the library table.

**আসানসোল মহকুমায় বাস রুটের সংখ্যা**

**1204.** (Admitted question No. 2998.)

**শ্রীসুনীল বসু রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় বর্তমানে মোট কটি বাস রুট আছে, উহাদের নাম কি কি এবং প্রতি রুটে গড়ে ক'টি করিয়া বাস চলে;

(খ) রাষ্ট্রীয় পরিবহণের বাস কোন্ কোন্ রুটে চলে এবং প্রতি রুটে গড়ে কয়টি করিয়া বাস চলে; এবং

(গ) আসানসোল মহকুমার পরিবহণ ব্যবস্থার উন্নয়নের জন্য সরকারের কোনও স্কীম আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**The Minister for Home (Transport):**

(ক), (খ) ও (গ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত তালিকায় দ্রষ্টব্য।

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of hunger strike by the primary teachers of Nadia District School Board called attention by Dr. Nalinaksha Sanyal on the 11th September, 1969.

**Shri Satyapriya Roy:** Sir, in reply to the Calling Attention notice by the honourable member Dr. Nalinaksha Sanyal I beg to give the following statement—

Payment of salaries to the primary school teachers under the District School Board, Nadia was duly made up to July 1969, while salaries for August 1969 were also duly made to a number of teachers. But payment could not at that time be made to the remaining teachers for paucity of funds with the District School Board, Nadia arising out of non-receipt of additional allotment from the Education Directorate. The West Bengal Appropriation Act, 1969 was recently published in the Gazette and thereafter further allotment of funds has been made to the District School Board, Nadia. It is understood that payment of salaries to the remaining teachers for the month of August 1969 has since been made. The hunger strike that was going to be launched by the teachers on 10th September 1969 was called off later on the same day. As regards the secondary schools, allotment for payment of Government dearness allowances to the staff of secondary schools for the period up to August 1969 has already been released to all the District Inspectors of Schools and the District Inspectresses of schools. They have taken steps for releasing of Government dearness allowance in favour of the staff of non-Government secondary schools. The second interim grant for 1969-70 to all the aided secondary schools is being released. It is expected that the work of releasing this interim grant may be completed by the end of this month.

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** স্যার একটা জিনিস উনি পরিষ্কারভাবে বলেছেন যে পসিটি অফ ফান্ডের জন্য টাকা সময়মত পাঠানো হয় নি। আমি তাঁকে বলতে চাচ্ছি যে এই জিনিসটা কি প্রথম হল, না এর আগেও হয়েছে? তা যদি না হয়ে থাকে তাহলে আগামী পূজার সময় সেপ্টেম্বর মাসের মাইনে দেবার সময় যাতে এটা আর না রিপিট হয় তারজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এ সম্পর্কে আমি বলতে চাই এটা এবারই প্রথম হয় নি, কংগ্রেস গত ২০ বছর এই ক্রনিক লিগ্যাসী রেখে গিয়েছে এবং সেই অবস্থা আমাদের বহন করতে হচ্ছে। যে লিগ্যাসী আমরা বহন করে চলেছি তার থেকে ভবিষ্যতে যাতে আমরা মুক্ত হতে পারি তার জন্য নিশ্চয়ই চেষ্টা করব। কিন্তু সান্যাল মহাশয় এটা জানেন যে গত ২০ বছর ধরে শিক্ষকদের বেতন থেকে তাঁদের বঞ্চিত করে রাখা হয়েছে এবং সেই দায়িত্ব এখন যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে।

[2-40—2-50 p.m.]

**Mr. Deputy Speaker:** The Minister-in-charge of Agriculture and Community Development will please make a statement on the subject of fall in price of raw jute, called attention by Shri Mollah Humayun Kabir, on the 12th September 1969.

**Dr. Kanailal Bhattacharya:** Mr. Deputy Speaker Sir, in reply to the Calling Attention Notice given by the Hon'ble member Shri Mollah Humayun Kabir I beg to state the following:—

Government is aware that of late there has been some fall in the price of jute. The prospect of the jute crop this year was good and it was anticipated that its price might tend to go below economic level. It was, therefore, decided that price support would be given to jute this year.

Government of India were accordingly moved with the request that the minimum Calcutta price of jute might be fixed at Rs. 50 per maund. Government of India agreed that the price support would be given but they were unable to agree to our proposal of the minimum price of Rs. 50 per maund and fixed the minimum Calcutta price at Rs. 40 per maund.

In pursuance of the above decision arrangement has been made for purchase of jute by the State Trading Corporation and the Co-operative Marketing Societies. The State Trading Corporation have decided to set up their own organisation for purchase of jute in 60 different markets. Most of their agents have already been appointed and the others will be appointed soon.

It has further been decided that the Co-operative Marketing Societies will operate in 50 centres and they have accordingly finalised their arrangements. The Co-operative which would be entrusted with the purchase of jute have been selected and arrangement has also been made for providing them with necessary finance for this purpose. The money would be advanced to the Co-operatives by the State Government who would obtain the necessary loan from the State Trading Corporation.

The minimum prices for different varieties of jute in Calcutta and their derivative prices in the districts have by now been fixed. The policy of Government giving price support for jute has already been given due publicity through local officers, distribution of leaflets and over the Radio. Steps have been taken to give publicity to the derivative prices fixed for the districts. Similar steps are being taken wih regard to the minimum Calcutta prices which have just been received.

From reports so far it appears that the prices of jute prevailing in the districts as well as in Calcutta are still above the minimum prices fixed. In the North Bengal Markets the prices are above the derivative prices by Rs. 14 to Rs. 29 per quintal. In South Bengal the current prices is above the derivative price by about Rs. 15 to Rs. 20 per quintal according to varieties. In Calcutta the current price of Assam Bottom Variety is Rs. 117.89 per quintal which is higher by Rs. 10 than the minimum support price fixed for the basic variety at Calcutta.

**Mr. Deputy Speaker:** I have received five notices of Calling Attention on the following subjects, viz.—

(1) Widespread damage to crops due to drought and flood in some areas of Purbasthali and Katwa police-stations—from Mollah Humayun Kabir.

(2) Appointment of Vice-Chancellor in the University of Burdwan—from Shri Phakir Chandra Roy.

(3) Delay in payment of Dearness allowance to the teachers, office staff and domestic servants of all schools, West Bengal—from Shri Cliflord Hicks.

(4) Strike in Dr. R. Ahmed Dental College and Hospital—from Shri Clifford Hicks; and

(5) Strike in Dr. R. Ahmed Dental College and Hospital—from Dr. Lokes Ghosh.

I have selected one on the subject of strike in Dr. R. Ahmed Dental College and Hospital, notice given by Shri Cliffod Hicks and Dr. Lokes Ghosh. The Minister-in-charge may make a statement today, if possible, or to fix a date.

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শেষ রজনী এবং দেখছি এখানে মিনিস্টারও নেই তবে এইটুকু আপনাকে বলতে পারি এই প্রশ্নটা নিয়ে আমাদের মন্ত্রিসভায় আগামী বৈঠকে আলোচনা হবে, প্রশ্ন তৈরী হয়েছে।

## Mention Cases

**Shri A. H. Besterwitch:** Mr. Deputy Speaker, Sir, the Labour Minister not here but the other Ministers are here. I may inform them that a strik is going on in Terai, in one garden, for the last one and half months. But up t now there is no indication on the part of the management to come to an decision so that the strike may be called off. labours are absolutely gettin wild. The manager is the Director himself. He is staying at Darjeeling an is not taking any interest whether the strike is called off or not. I may sa if there is no settlement by the 20th of this month, I am certain I will have t go on hunger strike any day after the 20th of this month. Last year when went on hunger strike, the Deputy Labour Commissioner and the I.T.P.A.—al of them requested me and told me that they will settle the matter, but th matter has not yet been settled. So I request the Government to see that th strike is immediately called off, otherwise I will be compelled to go on hunge strike.

**Mr. Deputy Speaker:** You are requested to meet the Labour Ministe to-morrow.

**শ্রীসৈয়দ আবদুল মনসুর হবিবুল্লাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৃহস্পতিবার এই বিধান-সভায় সিটি সিভিল কোর্ট বিলের উপর যে আলোচনা হয়েছে সে সম্বন্ধে দুটি সংবাদপত্রে যেভাবে সংবাদ বেরিয়েছে তাতে আমার নাম জড়িত রয়েছে এবং তার জন্য আমি প্রতিবাদ করছি। আমি অ্যাসেম্বলীর দপ্তর থেকে ট্রান্সক্রিপট পাবার জন্য চেষ্টা করেছিলাম কিন্তু পাই নি। যুগান্তরে বলা হয়েছে শ্রীসমর রুদ্র যিনি আমাদের মেম্বার তাঁকে ভর্ৎসনা করে আমি নাকি কিছু কথা বলেছি। আমি সেরকম কোন কথা বলেছি বলে স্মরণ হচ্ছে না এবং সেইরকম কোন কথা বলেছি বলে মনেও করি না। ট্রান্সক্রিপসন পেলে জিনিসটা পরিষ্কার হয়ে যেত। অন্যান্য কাগজে অবশ্য সেই রকম কথা প্রকাশ পায় নি। শ্রীসমর রুদ্র বিল সমর্থন করেছিলেন এবং তিনি বলেছিলেন সমগ্র অরিজিন্যাল সাইডকে তুলে দেয়া উচিত এইরকম আমার স্মরণ রয়েছে।

**শ্রীশশবিন্দু বেরাঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ প্রসংগ এখানে উত্থাপন করতে চাই। গোলপার্কে অবস্থিত রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার-এর আদর্শ, লক্ষ্য ও প্রতিশ্রুতি থেকে বিচ্যুত হয়ে সেটি আজ মহারাজদের খামখেয়ালীর জায়গায় পরিণত হয়েছে। ইনস্টিটিউট সরকারের কাছে প্রতিশ্রুত যে সর্বসাধারণকে বিনা পয়সায় বই পড়তে দেয়া হবে কিন্তু সেই প্রতিশ্রুতি ভঙ্গ করে লাইব্রেরীর ফি আদায় করা হচ্ছে। কালচারাল হেরিটেজ অব ইন্ডিয়া এর প্রকাশনের জন্য সরকারের কাছ থেকে দেড় লক্ষ টাকা নেওয়ার সময় ইনস্টিটিউট প্রতিশ্রুতি দিয়েছে যে, এর দাম যথাসম্ভব কম করা হবে। কার্যক্ষেত্রে কিন্তু স্ট্যান্ডার্ড লিটারেচার কোম্পানীকে সোল সেলিং এজেন্ট নিয়োগ করা হয়েছে এবং এদের ৪০ পার্সেন্ট কমিশন দেয়া হচ্ছে। এবং বইগুলির যথেষ্ট মূল্য বৃদ্ধি করা হয়েছে। ইনস্টিটিউটের ইন্টার-ন্যাশনাল গেস্ট হাউসের রেসিডেন্ট স্কলার এবং ভিজিটিং প্রফেসারদের মডারেট চার্জে থাকবার ব্যবস্থা করার কথা। কিন্তু কার্যত গেস্ট হাউসের চার্জ অস্বাভাবিকভাবে বাড়িয়ে দেয়া হয়েছে। ফলে ইন্টারন্যাশনাল স্কলার্স রেসিডেন্টস আজ বৃহৎ ধনী ব্যবসায়ী গোষ্ঠী এবং বৃহৎ কর্ম-চারীদের আবাসস্থল হয়ে দাঁড়িয়েছে। আশ্চর্যের বিষয় এই গেস্ট হাউসের আয় পৃথকভাবে রাখা হচ্ছে, ইনস্টিটিউটের সাধারণ হিসাবের মধ্যে এই আয় দেখানো হচ্ছে না। নিয়ম ভঙ্গ করে আজ ইনস্টিটিউটের ঘর বাইরের লোককে ফ্ল্যাট হিসাবে ভাড়া দেয়া হচ্ছে। এর আর্থিক ও পরিচালনা সংক্রান্ত দায়িত্ব সরকারের। সেই ডে হোম মহারাজদের খামখেয়াল চরিতার্থ করবার ক্ষেত্রে পরিণত। তাঁদের খেয়ালখুসীমত এখানে কর্মচারী নিয়োগ হচ্ছে এবং এই কর্মচারীদের খেয়ালখুসীমত অন্য কাজে লাগানো হচ্ছে। ডে হোমের সুষ্ঠু পরিচালনা হচ্ছে না, ক্যান্টিনের খাবার খারাপ হচ্ছে, রিডিং রুমে পড়বার মত উপযুক্ত বই থাকছে না।

আমি স্যার, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে বলছি, বিশেষ করে এটা জাতীয় আদর্শকে রক্ষা করার জন্য একটা প্রতিষ্ঠান, কাজেই এটা বিশেষ করে জানা দরকার। এইরকম বহু কাজই সেখানে চলছে। টাকা-কড়ি নিয়ে তছনছ হচ্ছে, বিশেষ করে কর্মচারীদের ইউনিয়নের সেক্রেটারীকে আজ পাঁচ মাস ধরে সাসপেন্ড করে রেখে দিয়েছে, কেন না যে ইউনিয়ন সেখানে আছে তার কাজ তিনি করে থাকেন এবং সেজন্য তার বিরুদ্ধে কতকগুলি কাল্পনিক অভিযোগ করে তাঁকে সাসপেন্ড করে রেখে দিয়েছে, আমি কর্মচারীদের নিয়োগ-বদলী খামখেয়ালীভাবে করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং ইনস্টিটিউটের ব্যাপারে ইমিডিয়েটলি হাই পাওয়ার কমিশন বসানোর জন্য সরকারের নিকট অনুরোধ করছি। যতদিন না হয় অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করে ইনস্টিটিউটের ব্যাপার চালানর ব্যবস্থা হোক।

**Mr. Deputy Speaker:** You have pointed out the matter. Please do not go into details.

[2-50—3 p m.]

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেই আমাদের এই অধিবেশন শেষ হয়ে যাচ্ছে, এই সময় বাংলাদেশের ৫০ হাজার কাপড়ের কলের এবং সুতাকলের বিভিন্ন শ্রমিক ধর্মঘট করে রয়েছে তাদের বিভিন্ন দাবী দাওয়ার ভিত্তিতে। এই দাবী দাওয়ার মধ্যে আছে তাদের বেতন ও মাগ্গী ভাতা বৃদ্ধির দাবী, তাছাড়া এই শিল্প যে বাংলাদেশে কি শোচনীয় অবস্থার মধ্য দিয়ে চলেছে সেটা সরকার নিশ্চয়ই অনুভব করেন। এই অবস্থায়, মাননীয় উপ-মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন, তাঁর কাছে আমি বিশেষ অনুরোধ জানাব—এখন পর্যন্ত যে মিলগুলি চালু আছে তার শুধু সমস্যা নিয়ে নয়, যে মিলগুলি প্রায় বন্ধ হয়ে আছে সেগুলির সমস্যা আছে, যেগুলি বন্ধ হয়ে আছে, সেগুলি নিয়েও সমস্যা আছে। এই বন্ধ মিলগুলি সম্পর্কে এখনও পর্যন্ত যুক্তফ্রন্ট সরকার কোন ব্যবস্থা নেন নি, এমন কি সেই সমস্ত মিলের শ্রমিকদের ডেকে নিয়ে কি হবে না হবে তার আলোচনা কিছু হয় নি। একটা ত্রিপার্টাইট কনফারেন্সের কথা আছে কিন্তু আমার কথা হচ্ছে এদের সামগ্রিক সমস্যা নিয়ে যেন সমাধান করার ব্যবস্থা হয়। বিশেষ করে যে কারখানাগুলি বন্ধ আছে এবং যেগুলি চালু আছে সেগুলির সমস্যা নিয়ে মাথা ঘামাবার দরকার আছে। এটা মনে রাখা দরকার যে, মহারাষ্ট্র চালু করেছে, ইউ পি-ও চালু করেছে তাদের বন্ধ কারখানা। এটা মনে রাখা দরকার এবং বার বার অনুরোধ করব আপনারা এখনও পর্যন্ত সেরকম কোন মিটিং বা কনফারেন্স ডেকে বন্ধ কারখানা চালু করার ব্যবস্থা করেন নি, সে যাতে করা হয় তার যেন ব্যবস্থা করা হয়, বিশেষ করে আমি কাপড়ের কলগুলি সম্বন্ধে অনুরোধ জানাব। আমাদের অধিবেশন শেষ হতে যাচ্ছে, এই সময় যেন উপ-মুখ্যমন্ত্রী নিজ দায়িত্ব নিয়ে এবং মুখ্যমন্ত্রী নিজ দায়িত্ব নিয়ে সামগ্রিক সমস্যার যাতে সমাধান হয় তার জন্য চেষ্টা করেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী ব্যাপারে এবং গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মারফত এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চেষ্টা করছি। আশা করি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এবং সরকার এর গুরুত্ব দিবেন। কারণ এ বিষয়ের সঙ্গে লক্ষ লক্ষ লোকের স্বার্থ জড়িত আছে। সেটা হচ্ছে এই গত তিন মাস ধরে সাউথ ইস্টার্ন রেলওয়ের থার্ডলাইন ওয়ার্কারদের বে-আইনীভাবে ছাঁটাই করে রেখে দেওয়া হয়েছে হাইকোর্টের নির্দেশ অমান্য করে। আমাদের উপ-মুখ্যমন্ত্রিমহাশয় অনেকবার চেষ্টা করেছেন আমাদের অ্যাডভোকেট জেনারেলের থ্রু দিয়ে, আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নি। তিনি গড়িমসী করে কোনরকম যাতে সমস্যার সমাধান না হয় তার জন্য চেষ্টা করছেন। আমি স্যার, বলতে বাধ্য হচ্ছি যে মানুষের একটা সহ্যের সীমা আছে, সাধারণ খেটে খাওয়া মানুষ যদি তারা ৩ মাসের মাইনে না পায়, বেতন না পায় তাহলে তাদের কি অবস্থা হয়, আশা করি আমাদের যুক্তফ্রন্ট সরকার সেটা অনুভূতির সঙ্গে বিবেচনা করবেন। সেই জন্য আমরা বলতে চাই যে যদি আমরা দেখি ১৮ই তারিখের মধ্যে এর একটা ফয়সালা না হয় তাহলে শ্রমিকরা সিদ্ধান্ত নিয়েছে যে তারা রেল লাইনের উপর বসে অনশন, অবস্থান ধর্মঘট করবে যার ফলে সাউথ ইস্টার্ন রেলওয়ের সমস্ত ট্রেন চলাচল বিঘ্নিত হবে এবং লক্ষ লক্ষ মানুষের অসুবিধা হবে। আমি জানি যে আমাদের মাননীয় উপ-মুখ্যমন্ত্রী কয়েকবার

এই ব্যাপারে চেষ্টা করেছেন। আমি তাঁকে আবার অনুরোধ করবো কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এটা যদি একটা ফয়সালা না হয় তাহলে ১৮ই তারিখ থেকে পাঁশকুড়া থেকে আরম্ভ করে সাঁতরাগাছি পর্যন্ত শ্রমিকরা অনশন, অবস্থান ধর্মঘট করতে বাধ্য হবে। সেই জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করবো যে তিনি যেন এই ব্যাপারে একটা বিশেষ মিমাংসার জন্য চেষ্টা করেন।

**শ্রীকালীপদ মন্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেক দেরি হলেও বাংলাদেশের মাধ্যমিক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা তাদের বহু প্রতিক্ষিত ডি এ পাঁচ মাসের এক সঙ্গে পেতে চলেছে, কিন্তু আমি দেখছি আমাদের হাওড়া জেলার শিক্ষকরা এবং অশিক্ষক কর্মচারীরা তারা তাদের ডি এ ঠিক সময় মত পাবে কিনা এটা অনিশ্চয়তার মধ্যে এসে পৌছে গেছে। কারণ, হাওড়া জেলায় শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের সংখ্যা ৫৭০০ এবং এর জন্য প্রয়োজন হচ্ছে ১৭ লক্ষ টাকা। কিন্তু এই জেলার জন্য ১৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। বাকি দুই লক্ষ টাকা কবে পাওয়া যাবে তার কোন নিশ্চয়তা নেই। এই টাকা যদি না পাওয়া যায় তাহলে অনেক শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা তারা তাদের ডি এ-র টাকা পাবে না। সেই জন্য মাননীয় শিক্ষা মন্ত্রীকে আমি অনুরোধ করবো যে এই দুই লক্ষ টাকা যেন হাওড়া জেলায় অবিলম্বে দেওয়ার ব্যবস্থা করেন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এ্যাসেমব্লী শেষ হয়ে যাচ্ছে সেই জন্য আমি আপনার মাধ্যমে এখানে কয়েকটি বিষয়ে উল্লেখ করতে চাই। আজকে সেপ্টেম্বরের ১৫ তারিখ হয়ে গেল, এখন পর্যন্ত বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন কো-এডুকেসনের পারমিসন আমাদের ওখানে দেওয়া হল না। গার্লস স্টুডেন্টসরা তাদের মাইনে দিতে পারছে না। বার বার তাগাদা দেওয়া সত্ত্বেও কো-এডুকেসনের পারমিসন এসে পৌঁছাল না। যতে তাড়াতাড়ি এই পারমিসনটা এসে পৌছায় তার জন্য বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। কারণ এতে ছাত্রীদের ভীষণভাবে অসুবিধা হচ্ছে। আমার দ্বিতীয় নম্বর হচ্ছে স্যার, বছর প্রায় শেষ হতে চলল, আমাদের এখান থেকে বাজেটও পাশ হয়ে গেছে, কিন্তু ফিসারম্যানরা কোন লোন পাচ্ছে না। এই লোন যাতে তাড়াতাড়ি পেতে পারে তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন তার তাড়াতাড়ি ব্যবস্থা করেন। তারপর আমার তৃতীয় নম্বর হচ্ছে স্যার, ঘাটাল, পাঁশকুড়া, মেদিনীপুরে কিছুদিন হল বাস চলাচল বন্ধ হয়ে আছে। তারা বলেছে ২৯ তারিখ থেকে স্থায়ীভাবে স্ট্রাইক ঘোষণা করবেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে যদি বাস ধর্মঘট হয় তাহলে পাবলিকের অত্যন্ত অসুবিধা হবে এবং স্ট্রাইক যাতে না হয় সে জন্য যেন মাননীয় মন্ত্রিমহাশয় ব্যবস্থা অবলম্বন করেন।

**Mr. Dejputy Speaker:** Mr. Bhattacharjya, you can mention only one incident, not two or three, otherwise there will be no end.

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য:** স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, যদি স্টাইক হয় তাহলে জনসাধারণের অত্যন্ত অসুবিধা হবে।

[3—3-10 p.m.]

আর একটি কথা, স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়কে বলছি যে বাংলা দেশে বহু চৌকিদার আছে যারা খুব সামান্য বেতন পায় এবং সে বেতনও তারা দীর্ঘদিন ধরে পাচ্ছে না। সেটা যাতে তাড়াতাড়ি পায় তার ব্যবস্থা যেন করা হয়। আর আমার শেষ কথা হচ্ছে আজকে যে সমস্ত ফুড এ্যান্ড রিলিফ কমিটি গঠিত হয়েছে সেই সব অঞ্চলে ক্লার্করা কোনরকম সহযোগিতা করছে না। এই সব ক্লার্করা যাতে ফুড অ্যান্ড রিলিফ কমিটির সঙ্গে কাজ করে তার জন্য তাড়াতাড়ি মন্ত্রিসভা থেকে নির্দেশ দেওয়া দরকার।

**শ্রীসরল দেবঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যেহেতু লেবার মিনিস্টার নেই। সুতাকলের শ্রমিকরা ১লা তারিখ থেকে সেখানকার মালিকদের অনমনীয় মনোভাবের জন্য......

**শ্রীযতীন চক্রবর্তীঃ** কাল ত্রিদলীয় সম্মেলন শ্রমমন্ত্রিমহাশয় ডেকেছেন। সেখানে জ্যোতি বসু থাকবেন, কানাই বাবু থাকবেন, আমি থকবো এবং রবীন বাবুও থাকবেন।

**শ্রীসরল দেবঃ** আমার দ্বিতীয় কথা হচ্ছে যুক্তফ্রন্ট সরকার গঠন করবার ক্ষেত্রে মাধ্যমিক শিক্ষকদের অবদান অনস্বীকার্য। দীর্ঘকাল তাঁরা ডি এ পাচ্ছেন না। এখন পর্যন্ত ৫ মাস অতিক্রান্ত হয়ে গেল তাঁরা ডি এ পাচ্ছেন না। তাঁরা যাতে ডি এ যথযথ সময়ে পান তার জন্য মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় যেন ব্যবস্থা করেন এবং এর প্রতি আপনার মারফত শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টিআকর্ষণ করতে চাই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুতর বিষয়ের প্রতি সরকারের দৃষ্টিআকর্ষণ করতে চাই। সেটা হল, যদিও আমাদের কৃষি মন্ত্রি-মহাশয় একটু আগে একটা বিবৃতি রেখেছেন কিন্তু তা সত্ত্বেও আমি শনিবার ও রবিবার নদীয়া জেলার রাণাঘাটে এবং বিভিন্ন এলাকায় ঘুরেছি এবং ঐসব এলাকায় পাটচাষীদের মধ্যে হতাশার ভাব দেখতে পেয়েছি। পাটের দাম দিনের পর দিন নেমে যাচ্ছে এই ক্ষেত্রে সরকার পক্ষ থেকে রাষ্ট্রীয় বানিজ্য অথবা কো-অপারেটিভ গঠন করে অবিলম্বে পাট কিনবার ব্যবস্থা করা উচিত যাতে পাটের দামের ব্যাপারে কৃষকরা মার না খায়। এই ব্যবস্থা করতে হবে কারণ পূজার আগে আরো দাম নেমে যাবে।

আর একটা বিষয়ের প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের রাণাঘাটে মডার্ণ ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ বলে একটা কো-অপারেটিভ হয়েছিল। সেই কো-অপারেটিভ পাওয়ারলুমে সরকারের কাছ থেকে প্রায় এক দেড় লক্ষ টাকা নিয়েছে এবং তা মেরে দেওয়ার ব্যবস্থা করছে। সেই ব্যক্তি, তার নাম বোধহয় প্রভুরঞ্জন রায়, তিনি আবার বিধানচন্দ্রের মায়ের নামে অঘোরকামিনী বলে আর একটি কো-অপারেটিভ করে আরো লাখ টাকা মারবার তাল করছেন। এই রকম অবৈধ ব্যক্তিকে যাতে আর টাকা না দেওয়া হয়, এ সম্বন্ধে একটা এ্যাপলিকেশনও করেছি, এই পাওয়ারলুম যেন স্যাংশন না করা হয় সেই দাবী করছি।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডলঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়ে অবশ্য কয়েকজন সদস্য বলেছেন যে শিক্ষকরা তাঁদের ডি এ পাচ্ছেন না, আমি সেই কথা বলে আর সময় নষ্ট করতে চাই না। আমি বলতে চাই যে সব এ্যাংলো ইন্ডিয়ান স্কুল আছে তারা এই ৬/৭ মাস কোন ডি এ পায়নি।

সাধারণ যে মাধ্যমিক স্কুল আছে তাদের ৫ মাসের বাকি। কৃষ্ণনগরে, স্যার, আপনি জানেন কালকে আনন্দ বাজার পত্রিকায় প্রকাশিত হয়েছে, সেখানে প্রাথমিক শিক্ষকরা তাঁদের মাইনের জন্য অনশন ধর্মঘট সুরু করেছেন। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী তথা পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টিআকর্ষণ করছি যাতে পূজার আগে শিক্ষকদের এই ভাতা এবং মাইনে দিয়ে দেওয়া হয় তার জন্য তাঁরা যেন ব্যবস্থা করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদীনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন হয়ত হাওড়ায় উলুবেড়িয়া কলেজে ছাত্র পরিষদের নেতৃত্বে ছাত্ররা তাদের টিউসান ফিজ কমাবার জন্য এবং আদার দাবি-দাওয়ার জন্য দীর্ঘদিন অনশন ধর্মঘট করছে। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই

বষয়ে হস্তক্ষেপ করে একটা মীমাংসার ব্যবস্থা করেন। আমার আর একটি কথা হচ্ছে এই যে াামি আপনার মাধ্যমে পুলিশের নিষ্ক্রিয়তা সম্বন্ধে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। াাপনি জানেন ১৩ তারিখে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সাগর সমান জনতার সামনে কি বিরাট বিপুল মিটিং ইন্দিরা গান্ধী করেছেন। মিটিং শেষে আমাদের ছেলেরা কংগ্রেস ফ্ল্যাগ নিয়ে যখন প্রসেসান রে যাচ্ছে তখন তাদের উপর একদল দুর্বৃত্ত হামলা করে সেই ফ্ল্যাগ ভেঙ্গে-ছিঁড়ে দিয়ে তছনছ রেছে। পুলিশ নিষ্ক্রিয়, এ পর্যন্ত কোন ব্যবস্থা করে নি। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর ৃষ্টি আকর্ষণ করছি যে রাজনীতিতে এইভাবে হিংসাত্মক ঘটনা যাতে না ঘটে তার জন্য তিনি ান সময়োচিত হস্তক্ষেপ করে এগুলি বন্ধ করার চেষ্টা করেন। একটা টেলিগ্রাম আছে, আমি ার এটা মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর হাতে দেব।

**শ্রীশান্তিমোহন রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয় ই সভার সামনে উপস্থাপিত করব। আপনি জানেন যে আরামবাগ মহকুমার পুড়শুড়া থানা ায় ১ লক্ষ অধিবাসী অধ্যুষিত থানা, সেই থানায় আজ পর্যন্ত কোন সাব-রেজিস্ট্রি অফিস নাই। না অধিবাসীদের ১৩ মাইল থেকে সুরু করে ২২-২৩ মাইল পথ অতিক্রম করে আরামবাগ সাব- জিস্ট্রি অফিসে রেজিস্ট্রি করতে যেতে হয়, যার ফলে তাদের অযথা হয়রানি ভোগ করতে হয়। ারা স্থানীয়ভাবে বিচার বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন পাঠিয়েছে এবং সংশ্লিষ্ট জেলা র্তৃপক্ষ-সেই আবেদন যথাযথভাবে সুপারিশ করে পাঠিয়েছেন। আমি আপনার মাধ্যমে এই ষয়ে মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার কাছে বিশেষ- বে নিবেদন করছি আমরা এই সভায় যে মেনসানগুলি করি সেই মেনসানগুলি সম্পর্কে সরকার ন যথাযথ ব্যবস্থা যতদূর সম্ভব নেন, এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার ব্য শেষ করছি।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা দুঃখজনক নার প্রতি সমগ্র হাউসের এবং বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা াসমাজতন্ত্রী দলের সাধারণ সম্পাদক শ্রীসুনীল দাসকে কেন্দ্র করে ঘটেছে। রবীন্দ্র সরোবরে এনকোয়ারী কমিশান বসে সেই কমিশানে ফ্যাক্ট ফাইন্ডিং কমিটির পক্ষ থেকে তিনি যখন মলা সংক্রান্ত বিষয়ে কাজকর্ম করে ফিরছিলেন তখন কয়েকজন ব্যক্তির দ্বারা তিনি এবং তাঁর ঙ্গপাঙ্গরা লাঞ্ছিত হন। আমি শুধু এইটুকু বলতে চাই যে, সুনীল দাস বাংলাদেশের লোকের ছে বিশেষ পরিচিত এবং সুনীল দাস এই হাউসে সভ্য ছিলেন ১৯৫৭ সাল থেকে ১৯৬১ সাল র্যন্ত। তাঁর দেশের স্বাধীনতা আন্দোলনে আত্মদান অনস্বীকার্য। তাঁর বড় ভাই অনিল দাস শের স্বাধীনতা সংগ্রামে শহীদ হয়েছেন, তাঁর ফাঁসি হয়েছে। তাঁর ছোট ভাইকে দেশের স্বাধীনতা ান্দোলনের সঙ্গে যুক্ত থাকায় পুলিশ পিটিয়ে হত্যা করেছে। তাঁর ছোট ভগিনী লতিকা সেন ৯৪৮ সালে কংগ্রেসী আমলে প্রথম মহিলা যিনি পুলিশের গুলিতে প্রাণ দিয়েছিলেন কলকাতার বাজার অঞ্চলে। এই সুনীল দাস যাঁরা ফ্যামিলি বাংলাদেশে মার্টিয়ার ফ্যামিলি বলে পরিচিত নি যখন রবীন্দ্র সরোবর কমিশান থেকে সাক্ষ্য প্রমাণের পর ফিরে আসছিলেন তখন তাঁকে ধু লাঞ্ছনা করা হয় নি, ধস্তাধস্তি করে তাঁর উপর আঘাত হানা হয় এবং তাঁর কাপড়-চোপড়, মা, ছিঁড়ে দেওয়া হয়। এর চেয়ে কদর্য নোংরা জিনিস আর কিছু হতে পারে না। আমি

-10—3-20 p.m.]

ারের সঙ্গে বলে যাব গণতন্ত্রের ভবিষ্যত নির্ভর করে এই জিনিসের উপর—আমাদের বিরোধী- র সঙ্গে মতপার্থক্য থাকলেও তাঁদের স্বাধীন মত ঘোষণা করবার অধিকার আছে। তার জন্যই ষণা করা হয়েছে—আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ দেই, কিছুদিন আগে তিনি সিদ্ধান্ত নিয়েছেন ীন্দ্র সরোবর এনকোয়ারী কমিশানে যাঁরা সাক্ষ্য দিতে আসবেন বা কৌশুলী হিসেবে যাঁরা সবেন তাঁদের নিরাপত্তা বা প্রোটেকশান-এর ব্যবথা করবেন। তার জন্য যুক্তফ্রন্ট সরকারের াষ্ট্র মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের ভাবমূর্তি যা আছে, যেটা ইমপেয়ার্ড া যাবে, ড্যামেজড হয়ে যাবে যদি রাজনৈতিক নেতারা বিরোধীপক্ষের হোক বা যে কোন পক্ষের

হোক, ঐভাবে লাঞ্ছিত ও অপমানিত হন। এটা কেউ বরদাস্ত করতে পারে না বা করাও উচিত নয়। এদিকে যুক্তফ্রন্ট সরকারের নেতাদের—বিশেষ করে স্বরাষ্ট্র দপ্তরের বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। তাই স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করবো পার্বলিকলি এইসব জিনিস ডিস-অ্যাপ্রুভ করবার জন্য। বিশেষ করে সেই জন্যই আমি এটা মেনশান করছি যাতে সরকার থেকে এই জিনিস পাবলিকলি ডিস-অ্যাপ্রুভ করা হয়। হাইকোর্টের আইনজীবীরা রবীন্দ্র সরোবর এনকোয়ারী কমিশনের সভাপতি জাস্টিস ঘোষকে বলেছেন ল'ইয়ারদের কেউ এনগেজ করতে পারছেন না, তাঁরা যেতে ভয় পাচ্ছেন। এই ধরনের অপমান, লাঞ্ছনা ভোগ করতে কেউ রাজি নয়। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, গুরুতর অভিযোগ আসছে পাবলিকের পক্ষ থেকে। কাজেই যুক্তফ্রন্ট সরকার সম্পর্কে পাবলিকের ধারনা অম্লান রাখবার জন্য সরকারের এটা প্রকাশ্য বলা উচিত—

**শ্রীসামসুদ্দীন আমেদঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন মালদহ জেলার উপর দিয়ে এই যে বন্যার ধ্বংসলীলা চলে গেল, তার ধ্বংসাবশেষ এখানে আছে। অর্থাৎ মাটির দেওয়াল ইত্যাদি এবং পানীয় জলের নলকূপ এগুলো সমস্ত বিনষ্ট হয়ে গেছে। আমরা এ ব্যাপারে বার বার আবেদন জানিয়েছি, মুখ্যমন্ত্রী ও রিলিফ্ মিনিস্টারের সংগে সাক্ষাৎ করেছি। তারা আশ্বাস দিয়েছেন সমস্ত ব্যবস্থাদি করবেন। কিন্তু মালদহ থেকে খবর পাচ্ছি যে, মানকচক ও কালিয়াচক এলাকার মানুষ যে দুরবস্থার মধ্যে আছে, সেই দুর্দশা দূর করবার জন্য যে প্রয়োজনীয় সাহায্য পৌঁছানোর কথা, যেভাবে সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করার কথা, তার কোন ব্যবস্থা হচ্ছে না, প্রয়োজনের তুলনায় অতি সামান্যই জিনিষপত্র সেখানে যাচ্ছে, তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আকুল আবেদন জানাচ্ছি এই যে দুর্দশাগ্রস্ত মালদহের মানুষ জলাভাবে কষ্ট পাচ্ছে, আশ্রয়স্থলের অভাবে উন্মুক্ত আকাশের নীচে বাস করছে অন্নের জন্য লাইন দিচ্ছে, তাদের বাঁচাবার জন্য অন্ততঃ তাদের সামান্য যে সুযোগ সুবিধা নিজেদের হাতে করে নেওয়ার সময় পর্যন্ত তাদের সুষ্ঠুভাবে খাদ্য, জল ও আবাসের দ্রুত ব্যবস্থা কববার জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে অকুণ্ঠ আবেদন জানাচ্ছি। এই সঙ্গে আমি এই কথা বলতে চাচ্ছি যে বিদ্যালয়গুলি বন্যার কবলে পতিত হয়েছে, সেই গৃহগুলি ধ্বংসপ্রাপ্ত হয়েছে। ফলে বিদ্যালয় পরিচালনা একটা বিরাট সমস্যা হয়ে দাড়িয়েছে। বন্যায় কবলিত ছাত্ররা তাদের পুঁথিপত্র বই ইত্যাদি সব হারিয়েছে। তাদের বেতন দেবার ক্ষমতা নাই। যার ফলে বেসরকারী স্কুলগুলি যা আছে, সেখানকার শিক্ষকদের বেশীরভাগ নির্ভর করছেন ছাত্রদের কাছ থেকে মাইনে আদায়ের উপর। অথচ ছাত্ররা মাইনে দিতে অক্ষম। ফলে শিক্ষকরা আরো বিপদগ্রস্ত হয়ে পড়েন। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

সর্বোপরি এ বিষয়ে আবার আকুল আবেদন জানাচ্ছি, যে পরিমাণ ক্ষতিগ্রস্ত কালিয়াচক ও মাণিকচক এলাকার মানুষ তা উপলব্ধি করাবার জন্য আমরা বার বার চেষ্টা করেছি, বিভিন্ন জায়গায় গিয়েছি। আমাদের ধারণা হয়েছে এখন পর্যন্ত ঠিকভাবে তাদের অবস্থার গুরুত্বটা কর্তৃপক্ষ মহল বুঝে উঠতে পারেন নাই। তা যদি পারতেন, তাহলে সময়মত প্রয়োজনীয় জিনিসপত্র সেখানে পৌঁছাত। তাই আবার আবেদন জানাচ্ছি, বন্যাক্লিষ্ট দুর্গত পীড়িত মানুষ যাতে ঠিকভাবে খাদ্য, পানীয় জল, আবাসস্থল পায়, তার আবেদন আপনার মাধ্যমে জানাচ্ছি।

**শ্রীহারুনাল রসিদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার মানিকচকে যে মাদ্রাসা আছে সেই মাদ্রাসায় ১৯৬৭-৬৮ ফাইন্যানসিয়াল ইয়ার থেকে আজ পর্যন্ত তারা ডেফিসিট গ্রান্ট পাচ্ছে না—তাদের গ্রান্ট বাকী পড়ে গেছে যার ফলে সেখানকার শিক্ষকরা গত ১১ মাস ধরে বেতন পাচ্ছে না। শিক্ষকরা সকলে মাদ্রাসা বন্ধ করে দিয়ে কলকাতায় এসেছে এবং তারা স্কুল কর্তৃপক্ষকে নোটিশ দিয়েছে যে যদি তাদের বেতন পরিশোধ করে না দেওয়া হয় তাহলে তারা শীঘ্র ধর্মঘট আরম্ভ করবে। তাই আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে যতশীঘ্র পারেন তাদের ঐ ডেফিসিট গ্রান্ট দিয়ে দেবার ব্যবস্থা করুন—কারণ ডেফিসীট গ্রান্টের টাকা যদি না দেওয়া হয় তাহলে সেখানকার ছেলেমেয়েদের লেখাপড়ার অসুবিধা হবে। তাদের ১১ মাসের বেতন পড়ে আছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীমন্ডলীর বিশেষভাবে পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই মন্ত্রীমন্ডলী যেভাবে দেশপ্রেমিকগণের স্মৃতি রক্ষার কার্যে গভীর আগ্রহের সহিত অগ্রসর হচ্ছেন তার জন্য আমি তাঁদের সর্বাগ্রে ধন্যবাদ জানিয়ে স্বাধীনতা সংগ্রামের দুর্ধর্ষ যোদ্ধা এবং মেদিনীপুরের মুকুটহীন রাজা দেশপ্রাণ বীরেন্দ্রনাথের স্মৃতি রক্ষা সম্পর্কে আমি এখানে উল্লেখ করতে চাই। দেশের স্বাধীনতা সংগ্রামের জন্য তাঁর যে বিরাট অবদান সে কথা উল্লেখ করার প্রয়োজন নাই, তা সকলেই জানেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এঁর স্মৃতি রক্ষার জন্য আজ পর্যন্তও কোন উপযুক্ত ব্যবস্থা হয় নি। অথচ এঁর বলিষ্ঠ নেতৃত্বে মেদিনীপুরের লক্ষ লক্ষ মানুষ দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে স্বাধীনতা সংগ্রামে কিভাবে অংশ গ্রহণ করে গৌরবময় ইতিহাস সৃষ্টি করেছিলেন, আজ তা স্বর্ণাক্ষরে চিরউজ্জ্বল হয়ে রয়েছে এবং তা সকলেরই জানা আছে। আমি একথাও উল্লেখ করতে চাই যে তিনি শুধু একজন দেশপ্রেমিক ছিলেন না, তিনি একজন অতি দৃঢ়সংকল্পের মানুষ ছিলেন। তাঁর সংস্পর্শে যাঁরা এসেছেন তাঁরা একথা জানেন। এমনকি তিনি মৃত্যুর পূর্বে যে উইল লিখে গিয়েছিলেন সেই উইল থেকে দুই একটি লাইন পড়লে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এ সম্পর্কে ভাল করে জানতে পারবেন। তিনি তাঁর উইলে লিখেছেন—"জীবিতাবস্থায় আমি যে শির কখনও কাহারও নিকট অবনত করি নাই, মৃত্যুর পরে যেন আমার সেই শির অবনমিত করা না হয়, আমাকে যেন ঊর্দ্ধ শিরে দাহ করা হয়।" মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন তাঁকে তাঁর মৃত্যুর পর কেওড়াতলা শ্মশানঘাটে দাঁড় করানো অবস্থায় দাহ করা হয়েছিল। এইরূপ একজন বলিষ্ঠ উন্নত শির নেতার স্মৃতি রক্ষার জন্য যদি আমরা কিছু করতাম, তাহলে আমাদের ভবিষ্যত বংশধরদের আমরা অনুপ্রাণিত করতে পারতাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, না, সরকার পক্ষ থেকে না, বেসরকারীভাবে—অবশ্য বেসরকারীভাবে কিছু কিছু প্রচেষ্টা হয়েছে ঠিকই—কিন্তু উপযুক্তভাবে কোন কিছু ব্যবস্থা এখনও হয় নি। আপনি জানেন স্যার, বীরেন্দ্রনাথ অসহযোগ আন্দোলনে যোগ দিয়ে তাঁর বহু আয়ের ব্যারিষ্টারি ব্যবসায় ত্যাগ করেছিলেন এবং তার জন্য তাঁকে অত্যন্ত অর্থাভাবে পড়তে হয়েছিল, শেষে কাঁথিতে অবস্থিত তাঁর দ্বিতল বিরাট বাড়ীটি মাত্র ৩ হাজার টাকায় কাঁথির এক ধনী জমিদারের কাছে বন্ধক দিয়েছিলেন। মৃত্যুর পরে সেই ৩ হাজার টাকায় বন্ধক দেওয়া বাড়ীখানি মুক্ত করা হয় নি, সেই বাড়ীখানি উক্ত জমিদার মাত্র ৩ হাজার টাকায় কিনে নিয়ে তাকে তাঁর বাসভবনে পরিণত করেছেন। কিন্তু কাঁথির লক্ষ লক্ষ মানুষ চেয়েছিল যে সেই বাড়ীখানি যাতে বীরেন্দ স্মৃতি ভবনে পরিণত হয়, কেন না সেটা স্বাধীনতা সংগ্রামের অন্যতম প্রাণকেন্দ্র, বহু ঐতিহাসিক ঘটনার জন্য এই বাড়ীখানি বিখ্যাত এবং এটি স্বাধীনতা সংগ্রামীদের পীঠস্থানে পরিণত হউক এই আকাংখা ছিল কাঁথির জনগণের। আজ পর্যন্ত সেই বাড়ীখানি যা জমিদারের বাস ভবনে পরিণত হয়েছে তা উদ্ধারের কোন ব্যবস্থা করা হয় নি। তাই আমি মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বাড়ীখানি সরকার অবিলম্বে সরকার নিজ দখলে নিয়ে সেটাকে বীরেন্দ্র স্মৃতি ভবনে পরিণত করেন, এটা আমার মন্ত্রী মন্ডলীর কাছে বিনীত অনুরোধ। তা ছাড়া চন্ডীভিটেতে যেখানে তিনি জন্মগ্রহণ করেছিলেন যেখানে একটি ত্রিতল প্রাসাদ অবহেলিত অবস্থায় পড়ে রয়েছে, সেই বাড়ীখানি সরকার নিয়ে সেখানে কোন বিদ্যালয় অথবা কোন স্বাস্থ্য কেন্দ্র কিংবা কোন লাইব্রেরী স্থাপন করে, এখানেও স্মৃতি রক্ষার একটা ব্যবস্থা করতে পারেন এবং এইভাবে একটা উপযুক্ত ব্যবস্থা হতে পারে। তা ছাড়া আর একটি কথা বলবো এ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহোদয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। উপাধ্যক্ষ মহাশয়, আপনি সম্ভবত জানেন স্যার, কাঁথিতে যে বীরেন্দ্র স্মৃতি সৌধ জনসাধারণের অর্থে গঠন করা হয়েছে সেই স্মৃতি সৌধের সহিত সংশিলষ্ট কোন কোন ব্যক্তি সেটাকে সিনেমা হাউসে পরিণত করবার জন্য বহুদিন থেকে চেষ্টা করে আসছিলেন এবং শুধু তাই নয়, প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায় যখন জীবিত ছিলেন তাঁর হস্তক্ষেপের ফলে সেটা যাতে সিনেমা হাউসে পরিণত না হয় তিনি তা বন্ধ করে দিয়েছিলেন। আবার শুনছি নাকি নূতনভাবে চক্রান্ত চলছে এবং আমি শুনেছি মেদিনীপুরের ডি, এম-এর কাছে স্মৃতি সৌধে সিনেমা করার যে দরখাস্ত করা হয়েছিল ডি, এম, সেটা রিজেক্ট করেছেন বটে কিন্তু বর্ধমানের কমিশনার ইতিমধ্যে নাকি শুনছি বীরেন্দ্র স্মৃতি সৌধকে সিনেমা হাউসে পরিণত করবার জন্য লাইসেন্স

দিয়েছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে. আমি কাঁথির লক্ষ লক্ষ মানুষের কথা আজ এখানে বলছি, কাঁথিতে এই বীরেন্দ্র স্মৃতি সৌধকে যদি সিনেমা হাউসে পরিণত করা হয় তাহলে কাঁথির মানুষ তা কিছুতেই বরদাস্ত করবে না। তাই আমি বিশেষভাবে আবেদন জানাচ্ছি স্বরাষ্ট্র মন্ত্রীর. কাছে তিনি যেন বর্ধমানের কমিশনার সিনেমা হাউসের লাইসেন্সের যে অনুমতি দিয়েছেন তা তিনি বাতিল করে দেবেন এবং কাঁথির মানুষের প্রতি দেশপ্রাণের পবিত্র স্মৃতির প্রতি মর্যাদা দেবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

**শ্রীলক্ষ্মীচরণ সেনঃ** মাননীয় সভাপাল মহাশয়, এইমাত্র এ্যানিমাল হাসবেনডারী এবং সেন্ট্রাল ডেয়ারীর সহস্রাধিক শ্রমিক কর্মচারী এসেছেন তাঁদের বিভিন্ন দাবীদাওয়া নিয়ে। আমি আপনার মাধ্যমে এ বিষয়ে মন্ত্রীমন্ডলির দৃষ্টি আকর্ষণ করে তাদের কাছে গিয়ে মন্ত্রিমহাশয়দের কিছু বলবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীঅজিত কুমার বিশ্বাসঃ** মাননীয় সভাপাল মহাশয়, শিক্ষা বিভাগের দুর্নীতি সম্পর্কে আমি এখানে একটি মেনসান করতে চাই। স্যার, আমরা সকলেই জানি যে এই বিভাগে দুর্নীতি আছে এবং সেই দুর্নীতি দমন কববার জন্য যুক্তফ্রন্ট একজন শক্ত লোককে শিক্ষামন্ত্রীর দায়িত্ব অর্পণ করেছেন। গোঘাট কেন্দ্রের এস আই কংগ্রেস, পি ডি এফ এবং ধর্মবীরের অমলে পাঁচশো টাকা করে ঘুষ নিয়ে এক একজনকে শিক্ষকেব চাকরি দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। এরকম প্রার্থী হবেন ৫০ জন। সেই লোকটির বিপক্ষে ওখানকার স্থানীয় পত্রিকা অভ্যুত্থান ১১ দফা অভিযোগ আনয়ন করেছেন। সেই অভিযোগপত্র আমি মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট কিছুদিন আগে পেশ করেছি। কিন্তু আজ পর্যন্ত ঐ ভদ্রলোক সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাই স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি এইদিকে আকৃষ্ট করছি যে এস আই গোঘাট প্রানবল্লভ সাহা তাকে অবিলম্বে ওখান থেকে সরিয়ে দেওয়া হোক, সাসপেন্ড করা হোক। তার বিরুদ্ধে যে ১১ দফা অভিযোগ অভ্যুত্থান পত্রিকায় প্রকাশিত হয়েছে তা আমরা প্রমান করে তার শাস্তি বিধানের ব্যবস্থা করবো।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমি হাউসে আসবার পরে আমাদের মাননীয় সদস্য শ্রীসমর রুদ্র মহাশয় একটি বিষয়ের প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করায় আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের নগর দেওয়ানী আদালত সংশোধনী বিলের যে আলোচনা হয়েছিল সেখানে আমি অংশ গ্রহণ করেছিলাম। একটি কাগজের রিপোর্টে লেখা হয়েছে সে সময় আমি নাকি শ্রীরুদ্রকে বলেছিলাম যে আপনি এটর্নির কাজ ছেড়ে দিয়ে আইন ব্যবসা করুন। স্যার, আপনি নিজেও জানেন যে সে বক্তৃতা আমি কখনও করিনি। কারণ আমি জানি এটর্নিরাও এডভোকেট এবং শ্রীরুদ্র একজন আইনজীবী, সুতরাং এ প্রশ্ন ওঠে না, এটা কাগজের ভুল। তাঁরা হয়ত এটর্নি এডভোকেটের ডিসটিংসান বুঝতে পারেননি বলেই এরকম রিপোর্ট করেছেন। এব্যাপারে অবশ্য কাগজের ডিসক্রেডিটিং কিছু নেই এবং শ্রীরুদ্রকে আমি বলছি এতে যেন তিনি কিছু মনে না করেন। তিনি একজন আমাদের বিশিষ্ট সদস্য এবং আইনজীবী, সিটি সিভিল কোর্ট বিলে হয়ত আমাদের বিভিন্ন মতামত থাকতে পারে, তাহলেও তিনি একজন আইনজীবী কাজেই তাঁর নতুন করে আইন ব্যবসায় যাবার প্রশ্ন ওঠে না এবং সেকথা আমি বলিনি।

**Shri Samar Kumar Rudra:** Sir, I like to speak ........

**Mr. Deputy Speaker:** I think, Mr. Rudra, you need not speak anything more because Mr. Habibullah and Mr. Maitra have ratified and clarified your position.

**শ্রীসমর কুমার রুদ্রঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটি বিষয়ে আমার পারসোন্যাল এক্সপ্লানেসন দেওয়া দরকার। সভায় একটা ধারণা হয়েছিল যে সেদিন সিটি সিভিল কোর্ট সংশোধনী বিল বোধ হয় আমি সমর্থন করিনি, তা নয়, সে বিলটাকে আগেই সমর্থন করেছি এখনও করছি এবং সে বিলটা উন্নততর করার জন্য কতকগুলি প্রশ্ন ছিল. সে প্রশ্নগুলি সম্বন্ধে আমি মাননীয় আইন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং বলেছিলাম যে ভবেষ্যতে একটি সামগ্রীক বিল নিয়ে এসে আরো যেগুলি হওয়া দরকার সেগুলির বিধান রাখবেন। আনন্দের বিষয় দেখছি যে আজ কোর্ট ফিজ বিল রয়েছে—কত টাকা ধার্য কর হবে—সে বিলকে আমি স্বাগত জানাচ্ছি এবং স্পষ্টভাষায় বলছি যে সিটি সিভিল কোর্ট বিলটাকে আমি সমর্থন করি।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি গুরুতর বিষয় সম্পর্কে আমাদের মন্ত্রিমণ্ডলী তথা হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে আমেরিকার মিঃ কিটিং যখন কলকাতায় এসেছিলেন সেব্যাপার নিয়ে কিছুদিন আগে কমরেড লতিফ তখন বিধানসভায় কথা তুলেছিলেন যে একটি ছেলেকে মার্কিন বিরোধী স্লোগান দেওয়ার জন্য তাকে গ্রেপ্তার করা হয়েছিল যার সম্পর্কে নাকি কাগজে দেখা গেছে কিটিং সাহেব স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে একটি চিঠি লেখেন তাকে ছেড়ে দেবার জন্য। এখানে কথা উঠেছিল সেই ছেলেটি আমেরিকান সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে শুধু শেলোগান দিয়েছিল, কোনরকম তাকে মারে নি বা কিছু করেনি। আমি পরে জানতে পেরেছিলাম যে সেই ছেলেটিকে পুলিশ কোর্টে উপস্থিত করেছে, অর্থাৎ মামলা করেছে, ও তার জরিমানা হয়েছে। আমি এই সম্পর্কে কিছু বুঝতে পারছি না বিশেষ করে আমাদের যে রাজনৈতিক আন্দোলন করবার অধিকার আছে এবং যুক্তফ্রন্ট যে অধিকার সাধারণ মানুষকে দিয়েছেন সে কোন রকম ভায়লেন্স করেনি, মাত্র একটি ছেলে স্লোগান দিয়েছে, কিন্তু কি করে, কোন পুলিশ অফিসার তার নামে কেস করতে পারল, কি করে তাকে কোর্টে হাজির করল, কেন বা তার জরিমানা হল এই সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রী তদন্ত করবেন এবং সেই পুলিশ অফিসার আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতি খারাপ করেছে, অন্যায় করেছে সে সম্পর্কে তিনি ব্যবস্থা অবলম্বন করবেন।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। আপনি জানেন বিগত জুলাই মাসে পশ্চিমদিনাজপুরের কানকিতে যে বিরাট সংঘর্ষ হয়ে গেল যার ফলে ওখানকার উদ্বাস্তু ও সংখ্যালঘু সম্প্রদায়ের ১০৭টি পরিবারের ঘরবাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছিল। অনেক লোক ওখানে মারা গেছে। কিন্তু ওখানে যেভাবে ত্রাণের ব্যবস্থা চলেছে, যেভাবে রিলিফ দেওয়া হচ্ছে—এটা অত্যন্ত দুঃখের কথা যে তাদের ত্রাণের ব্যবস্থা কোনরকম সর্বাত্মক না দিয়ে নর্মাল জি আর যেভাবে দেওয়া হয় মাথা পিছু ২/১ কে জি সেই ভাবে দেওয়া হচ্ছে। আমি ওখানে সেদিন গিয়ে দেখতে পেলাম যে যাদের ঘর বাড়ী পুড়ে গেছে তাদের রিলিফ, লোন ঠিকমত দেওয়া হচ্ছে না। তারপর কিছুদিন আগে বন্যা হয়ে গেছে। তাদের ঘরবাড়ী ভেঙে গেছে। সেই ঘরবাড়ীর জন্য কোন টাকা দেওয়া হচ্ছে না। ওখানে যে দাঙ্গা হয়ে গেছে এবং যারা দাঙ্গার জন্য জড়িত হয়ে গেছে তাদের সম্পর্কে ওয়ারেন্ট আছে এই রকম বহু লোককে ধরা হয়নি। আমি বুঝতে পারছি না স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশকে নির্দেশ দিয়েছেন কিনা যে কোন রাজনৈতিক কারণে ধরা হয়নি কিনা—এই রকম নির্দেশ দিয়েছেন কিনা। তাদের অবিলম্বে ধরা হোক সে সম্পর্কে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-30—3-40 p.m.]

**শ্রীমহম্মদ এ কে এম ইসাকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার মাছের বাজারে একটি বড় অংশ এবং তরিতরকারির বাজারের আমদানির একটা বড় অংশ আমাদের থানা থেকে আসে। আমার ঐ এলাকায় দুটি মাত্র রাস্তা আছে। ৯১ নম্বর বাস আর ৯৭ নম্বর বাস চলে। ৯৭ নম্বর বাসটি রাস্তার দুর্গতির জন্য আজ প্রায় ১½ মাস বন্ধ আছে এবং ৯১ নম্বর

বাসটি আজ প্রায় ১৫ দিনের মত বন্ধ হয়ে আছে। কংগ্রেস থানা এলাকা নয়, আপনাদের যুক্তফ্রন্টের লোক এসে বলে গেছে বলে বলছি যে যেমন করেই হোক অন্ততঃ যাতে বাসটি চালানো যায় তার ব্যবস্থা করুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই বাস আজ চালানো সম্ভবপর হয়নি, রাস্তার অবস্থা এত জঘন্য হয়ে গেছে, আজ আমাদের বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাচ্ছে, আমরা বাড়ী যেতে চাই, আমার এলাকায় নিয়ারেস্ট পয়েন্টে যেতে কলকাতা থেকে ১৬ মাইল। আমি অনুরোধ করছি যে কাজ গুলো করা দরকার এবং সামান্য কিছু রিপেয়ার ওয়ার্ক করে দিলে হয়তো মানুষগুলো কলকাতায় যাতায়াত করতে পারতো এবং মাছ তরিতরকারী প্রভৃতি সরবারহ করা সম্ভব হতো।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই বিশেষ করে কৃষি মন্ত্রীর। আপনি জানেন যে দীর্ঘ ২০ বছর ধরে কংগ্রেসী শাসনের ফলে সাধারন কৃষকরা অত্যন্ত দুর্গতির মধ্যে পড়েছে। বিশেষ করে পর পর বন্যা এবং অনাবৃষ্টি জনিত খরার ফলে হয় ফসল শুকিয়ে গেছে নয়তো জলে নষ্ট হয়ে গেছে, এই অবস্থায় আজ দাঁড়িয়েছে। যুক্তফ্রন্ট সরকার যে ঋণ দেবার ব্যবস্থা করেছেন, তাতে যাদের ঋণ আছে তারা পরিশোধ না করলে আর ঋণ পাবে না, ফলে গ্রামের দিকে ঋণ বণ্টন-এর কাজ ব্যাহত হচ্ছে, যে টাকা গভর্নমেন্টের ট্রেজারী থেকে যাচ্ছে, সেখানে ডিসবার্সিং অথরিটি সেই টাকা বিলি করতে পারছে না। তার কারণ আগেকার যাদের ঋণ নেওয়া আছে, যারা ঋণ পরিশোধ করতে পারেনি, তাদের ঋণ দেওয়া হচ্ছে না। আমি অনুরোধ করবো এই যে গরীব চাষী যারা আগেকার ঋণ পরিশোধ করতে পারেনি দুর্যোগ বশতঃ তাদের যেন ঋণ দেওয়া হয়। এবং এই সম্পর্কে যারা আগে ঋণ নেয়নি বা ঋণ পরিশোধ করে দিয়েছে তারাও ঋণ নিতে পারছে না তার কারণ ঋণ নিতে গেলে এ আর ও-র সার্টিফিকেট লাগে, এই এ আর ও তারা বহু দূরে দূরে থাকে, তাদের দু-তিনটি ব্লকে কেস করতে হয়, তার ফলে এ আর ও-র সার্টিফিকেট না পাওয়ার ফলে তারাও ঋণ পাচ্ছে না। সেই জন্য আমি অনুরোধ করছি এই সার্টিফিকেট যাতে ব্লকের কোন একজন অফিসার দিতে পারে তার ব্যবস্থা করুন। কারণ ভাগচাষীরা ঋণ পাচ্ছে না, তার জন্য গভর্নমেন্টের টাকা বিলি করা যাচ্ছে না, এদিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকষর্ণ করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Clifford Hicks:** Mr. Deputy Speaker, Sir, I simply want to make a statement regarding the non-payment of dearness allowance to teachers in all the Secondary Schools, the members of the office staff as well as the domestic servants. This non-payment in the schools under the Board of Secondary Education has covered a period of, I think, five months and it is leading to a great deal of unnecessary discontent in the Anglo-Indian Schools. The period of non-payment extends to something like 8 months. What we are disappointed with is that this has been allowed to drift and it is our sincere hope that while orders have been passed, the Minister and the departmental officers will see to it that the orders are carried out as quickly as possible, because, you know the interval of time between paper order and the actual payment of this money to the teachers, the office staff and the domestic servants, may be considerable and particularly at this time, with the puja season colse at hand, I understand fully the Government is very concerned with minorities, but in this case I am pleading with a little concern for the feelings of the majority community at a time when the festival is so important and when it is very important to pay this money a little bit in advance of the puja festival.

Thank you.

**Shri Padmalakshmi Subba:** Mr. Deputy Speaker, Sir, I have just received a telegram from the Government Medicinal Plantation at Rango. The telegram reads: "Whole plantation observed token strike on 13th. Situation fast deteriorating. Hungerstrike continues fifth day. Immediate settlement sought." It has been sent by a worker at Rango. In this connection I would like to recall that quite a number of days back I had mentioned in this House about the proposed hungerstrike and even then the hungerstrike occurred in the Government Medicinal Plantation which was very unfortunate. So I would like to draw the attention of the Minister-in-charge, Commerce and Industries Department, to use his good office to put an end to this hungerstrike. Thank you.

**শ্রীফকিরচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বর্ধমান বিশ্ববিদ্যালয় যে অবস্থায় পড়েছে, সেই অবস্থা আপনার মাধ্যমে হাউসের সামনে আনতে চাই। ১লা সেপ্টেম্বর থেকে আজ পর্যন্ত বর্ধমান বিশ্ববিদ্যালয়ে কোন উপাচার্য নেই। এর আগে ৫ মাস অস্থায়ী-ভাবে ডাঃ পি এল ভাদুড়ী সেখানে উপাচার্য হয়েছিলেন। কিন্তু সেই সময় ছুটি নিয়েছিলেন তৎকালীন ভাইস চ্যান্সেলার, ডঃ ডি এন সেন, এই ছুটিটা হচ্ছে প্রিপ্যারাটরী টু রিটায়ারমেন্ট। ঠিক ৩১শে শেষ হবে, ৩০ তারিখে তিনি জয়েন করলেন এবং জয়েন করে ৩১শে আগস্ট আবার চলে গেলেন। তার পর থেকে সেখানে আর ভাইস চ্যান্সেলার নেই। এডুকেশন সেক্রেটারী তিনি রেজিস্ট্রারকে টেলিগ্রাম করেছিলেন যে, আস্ক ডাঃ ভাদুড়ী টু কনটিনিউ, তিনি রেজিস্ট্রারকে কনটিনিউ করবার জন্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আইনে এই রকম কোন ব্যবস্থা নেই। দ্বিতীয় কথা হচ্ছে, প্রি-ইউনিভারসিটি, অর্থাৎ বর্ধমান ইউনিভার্সিটির সিনেট যেটার নাম তাকে প্রি-ইউনিভার্সিটি বলে। মিটিং ডাকার অধিকারী একমাত্র ভাইস-চ্যান্সেলার। আগামী ১৯ তারিখে উপাচার্য ঠিক করবার জন্য একটা সভা ডেকেছেন রেজিষ্টার যেটা সম্পূর্ণভাবে বর্ধমান ইউনিভার্সিটির আইনের যে বিধান আছে তার বহির্ভূত। এই অবস্থাতে একটা ইউনিভার্সিটির যদি ভাইস-চ্যান্সেলার না থাকে তাতে যে কেয়স-এর সৃষ্টি হয় সেই কেয়স যাতে তাড়াতাড়ি যায় সেজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যখন একটু আগে হাউসের মধ্যে আসছি তখন দেখি হাউসের বিভিন্ন গেটে শ্রীরামপুর বঙ্গলক্ষ্মী কটন মিলের কয়েক শত কর্মী তারা গেট আটকে রেখেছেন। সেই সময়ে দেখি আমাদের ক্রীড়া মন্ত্রীকেও তারা ভীষণ-ভাবে ঘিরে ধরেছে। তাদের দাবী, তারা কোন মন্ত্রীকে, কোন সদস্যকে বেরোতে দেবে না। কারণ, তারা কয়েকদিন এবং কয়েকবার এখানে এসেছেন। আমাদের মন্ত্রীসভায় তাদের দাবী-দাওয়া সম্পর্কে জানাতে, কারণ তাদের সেই দাবী-দাওয়া যাতে পূরণ করা যায়। আমরা জানি মিল লক আউট করে দিয়েছে। তাদের দাবী সম্পর্কে মন্ত্রীসভা কি সিদ্ধান্ত নিয়েছেন সে সম্পর্কে তারা তাদের বক্তব্য জানতে চান। সেজন্য আমি মনে করি যে, তাদের প্রতিনিধি দল ডেকে তাদের বক্তব্য শুনে, আমাদের যদি কিছু করণীয় থাকে সে বিষয়ে মন্ত্রীমন্ডলীর সদস্যরা তাদের কিছু আশ্বাস দেন। এই অপ্রীতিকর ঘটনা যেন না ঘটে।

[3-40—3-50 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তো বিধানসভার শেষ দিন। তাই আমি একটা প্রশ্ন আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখতে চাচ্ছি। আমি দেখছি যে গত একমাস ধরে গড়পড়তা অন্ততঃ ১০টা অভিযোগ আমার কাছে আসছে হয় টেলিগ্রাম করে, না হয় ট্রাঙ্ক কল করে, না হয় চিঠি লিখে গুন্ডামী, অগ্নিসংযোগ এমন কি হত্যার। তাঁরা বলছেন এইসব ঘটনা যে ঘটবে তা তাঁরা আগে থেকে জানতে পেরে পুলিশকে খবর দেন কিন্তু পুলিশ নিষ্ক্রিয় হয়ে থাকেন। তাঁরা কোন কোন রাজনৈতিক দলের বিরুদ্ধে অভিযোগ করেছেন—আমি আজকে শেষ দিনে অভিযোগ পাল্টা অভিযোগের ভেতর যাচ্ছি না। আমি শুধু এটুকু জানতে চাচ্ছি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তিনি ব্যস্ত থাকেন, কোলকাতায় মাঝে মাঝে থাকেন না, অন্য কাজে ব্যস্ত থাকেন—তিনি একটা কি স্পেশাল অফিসার নিযুক্ত করতে পারেন যে এই অভিযোগগুলি

আসলে আমরা সেই স্পেশাল অফিসারকে জানিয়ে দেব যে এই হচ্ছে। কারণ হাউস থাকছে না, চিঠি লিখে ও উত্তর পাওয়া যায় না। আমি বিরোধীদলের নেতা হিসাবে আপনার মাধ্যমে জানতে চাচ্ছি মন্ত্রীসভার কাছ থেকে যে আমাদের কর্তব্য কি—এই যে অভিযোগগুলি আসে এগুলি কার কাছে বলব এবং সেই জিনিসটাকে বলার পর কতক্ষনের ভেতর আমরা খবর পাব কোন কাজ হয়েছে কিনা হয়েছে। আমি যে অভিযোগ করছি তা সত্য কিনা তার কোন খবর পাওয়া যায় না। রাত দুপুরে বাংলাদেশের ১৫টা জেলা থেকে টেলিগ্রাম করে বা চিঠি লিখে যে অভিযোগ আসে সেগুলি কাকে জানাব? এমন কাতর আবেদন যে তাঁরা জানাচ্ছেন যে কালকে আমাকে মেরে ফেলবে, পরশু আমার বাড়ী লুঠ হবে এগুলি সত্যি না মিথ্যা সেটা কার কাছে জানবো? কাজেই এই ব্যাপারে যদি স্বরাষ্ট্রমন্ত্রী আমাদের জানান তাহলে সকলেই উপকৃত হবেন খালি আমার দলই নয়, সব দলই উপকৃত হবেন। বাংলাদেশের চতুর্দিকে যে অরাজকতা হচ্ছে সেই বিষয়ে তৎক্ষণাৎ যাতে সেই স্পেশাল অফিসারেব নজরে আনতে পারি এবং তারপর জানতে পারি যে কি অবস্থা হবে এটা যদি করতে পারেন তাহলে খুবই ভাল হয়। কাজেই আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব আমরা যারা বিধানসভার সদস্য আছি আমরা যাতে ঠিকমত বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে পারি সেই ব্যবস্থা তিনি করে দিন—এই গেল একটা কথা। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের কাছে অনেক অভিযোগ আসছে যেটা মিঃ হিক্সও বলেছেন যে শিক্ষকরা ডি, এ পাচ্ছেন না। আজকে শিক্ষামন্ত্রী একটা কি বলে চলে গেলেন বুঝতে পারলাম না, বল্লেন কংগ্রেস আমলে এই রকম হত। তাহলে উনি কি বলতে চাচ্ছেন যে কংগ্রেসের আমলে হত বলে ওঁরাও তাই করবেন? তাই যদি করতে চান করুন, আমরা বুঝবো যে শিক্ষকদের টাকা দেবেন না। আমি জানতে চাই তিনি গেলেন কোথায়? এখনই বোধহয় হাউসের রিসেস হবে, রিসেসের পরে যাতে শিক্ষামন্ত্রী এখানে এসে প্রতিশ্রুতি দিয়ে যান যে পূজার আগে তাঁরা পাবেন।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** ডেপুটি চিফ মিনিস্টার তো আপনাকে বল্লেন যে ইট হ্যাজ বিন রিলিজড বাই দি ফাইনান্স ডিপার্টমেন্ট। শিক্ষামন্ত্রীকে এখন পাবেন না, হি উড নট কাম।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** ঠিক আছে আমরা জানলাম যে মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় বল্লেন যে শিক্ষামন্ত্রী কিছুতেই আসবেন না, শিক্ষকরা এটা জেনে রাখুন।

**Statement regarding policy for drawal of rations in the modified rationing areas.**

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ২৪-পরগণা জেলা রিলিফ কমিটি, হাওড়া জেলা রিলিফ কমিটি এবং আরো কয়েকটি জেলার রিলিফ কমিটির তরফ থেকে আমার কাছে এই প্রস্তাব এসেছে যে মডিফায়েড এবং ফ্রিঞ্জ রেশন এলাকাভুক্ত যারা 'ক' শ্রেণীভুক্ত রয়েছেন অর্থাৎ গরীব মানুষ তাঁদের বর্তমানে যে রেশন নিতে অসুবিধা হচ্ছে ফ্যামিলি কার্ড থাকার জন্য তাঁরা প্রত্যেকে দাবী করে আমার কাছে বহু দাবীপত্র পাঠিয়েছেন। সুতরাং তার প্রতিকারের জন্য কি করা উচিত সে সম্বন্ধে আমি একটা স্টেটমেন্ট করতে যাচ্ছি।

Hon'ble Deputy Speaker, Government are aware that people of small means such as landless and other daily workers face genuine difficulties in finding the necessary money for drawal of weekly rations in one instalment for the entire

family. In areas under statutory rationing, there is no such difficulty as individual ration cards have been already introduced. In areas under fringe and modified rationing, however, supplies are still being made from ration shops on the basis of family ration cards. In order to provide some relief to the poorer section of 'A' category card holders, instructions have already been issued for allowing facilities for biweekly drawal of rations from M.R. shops to those card holders. Even this facility of biweekly drawal does not fully solve the difficulties of poorer sections of 'A' category card holders. Government, therefore, intend to make arrangements as early as possible for allowing such 'A' category card holders of small means, as may so desire, to convert their family identity cards into individual cards both under modified rationing and under fringe rationing areas. Such conversion will be on the basis of individual applcations from the heads of families concerned. This facility will not be available, of course, to the relatively well-to-do sections of 'A' category card holders, such as, traders, doctors, lawyers, etc. who may have been included in 'A' category, having no or little agricultural lands.

Submissions and screening of applications, printing of forms, writing out individual ration cards, etc. will take some time. It is, therefore, intended to start issue of individual cards under modified and fringe ration areas under 'A' category from the beginning of 1970.

**Mr. Deputy Speaker:** Now, the Hon'ble Minister may please introduce the West Bengal Court-Fees Bill, 1969.

## GOVERNMENT BILL

### The West Bengal Court-Fees Bill, 1969

At this stage the Minister-in-charge of Judicial Department, Shri Bhakti Bhusan Mandal rose to introduce the West Bengal Court-Fees Bill, 1969)

### Point of Order

**Shri Siddhartha Shankar Roy:** I rise on a point of order, Sir. I have got an objection to the introduction of the Bill.

**Shri Jatin Chakravorty:** Until and unless the Minister introduces the Bill, can he raise a point of order?

**Shri Siddhartha Shankar Roy:** If the Parliamentary Affairs Minister kindly takes his seat he will see that I am raising a very relevant point of order. I am objecting to the moving of the Bill in view of rule 75 which says that "Provided further that no such motion shall be made until after copies of the Bill have been made available for the use of members and that any member may object to any such motion being made unless copies of the Bill have been so made available for five days before the day on whch the motion is made, and such objection shall prevail, unless the Speaker allows the motion to be made." The first part of the proviso states that five clear days have to be given to us. Now, it is stated in the order paper that the copies of the Bill were circulated on the 12th September. Today is the 15th September. We have not bene given five days time as a result of which we are placed in this extremely difficult position in view also of rule 80 which says that if we have to propose any amendment, the notice of amendment must be given two days before the day on which the Bill is to be considered. Now, two days before the day

[3-50—4 p.m.]

on which the bill is to be considered we could not give any amendment. We got the printed matter only today. Supposing, we proceed on the basis of the cyclostyled thing which we got on the 12th, two days before, yesterday was a Sunday and so we could not give any amendment on a Sunday, if we have given amendment to day, it would have beeen defective and as a result of which we did not give any amendment. Mr. Deputy Speaker, Sir, I do not want to inconvenience Government in any way. The Government may, if it is so advised, bring in this Bill by way of an ordinance. We are not concerned with that—it is the Government's discretion. But in so far as the present Bill is concerned there are so many mistakes, legal mistakes and mistakes in language. For example, if you take clause 5 of the Bill you will find, "In case of any difference arises between the officer ....". I am only showing one or two mistakes to show the absurdity even in the language of the Bill. "In case of any difference arises between the officer"—that is a mistake on the face of it. Then, Sir, there is a schedule which does not take into account many matters which are filed in the Original Side. May I ask the Hon'ble Judicial Minister what is the admiralty jurisdiction of the Original Side? These are matters which have not been dealt with.

**Shri Bhakti Bhusan Mandal:** We shall answer this in proper time.

**Shri Siddhartha Shankar Ray:** Then in Company matters only application under sections 391, 493 or ........

**Shri Jatiin Chakravorty:** Sir, he has raised a point of order. But this is not a point of order.

**Shri Siddhartha Shankar Ray:** I am showing this to show the absurdity of the whole thing. We have not got the time to go through the Bill, yesterday being a Sunday, and on a cursory reading of the Bill given here—we have received the Bill today ..........

**Mr. Deputy Speaker:** Are you opposing introduction of the Bill or after it has been introduced you want to oppose its consideration? I think it should be introduced first of all and then you can raise a point of order regarding consideration of the Bill.

**Shri Siddhartha Shankar Ray:** I am trying to help the Government. If the Bill is introduced and then not considered they may not be able to pass the ordinance. If the Bill is already the property of the House they may not be able to pass any ordinance. I, therefore, say that they should not introduce it. I am making a request to Government not to introduce the Bill. I stand on technicalities, I also stand on common sense—I know Mr. Chakravorty will now get upon his leg and abuse us, we do not mind that. I also would request the Parliamentary Affairs Minister to show some common courtesy. The Bill containing 50 clauses cannot be considered like this and, therefore, I am saying whether Mr. Chakravorty wants my help or not. I think he takes the advise of the Deputy Chief Minister and he will know that he will be in difficulty if the Bill is introduced.

**Mr. Deputy Speaker:** In that case a motion can be moved for withdrawing the entire Bill. With the permission or sense of the House it can be withdrawn at any moment.

**Shri Siddhartha Shankar Ray:** But we have not got the time.

**Mr. Deputy Speaker:** If I find there are irregularities and if your point of order is really justified then I think it should not be pressed by the Government.

**Shri Siddhartha Shankar Ray:** What I am trying to say is that if the Government does not at all introduce the Bill then the powers of the Government to introduce an ordinance will remain unfettered. That is also what I am saying. Otherwise, if the Bill is merely introduced and thereafter not taken into consideration the Government may face legal difficulties later on. Sir, I am trying to help the Government, not to hinder it any way.

**Shri Jatin Chakravorty:** Sir, we do not require his help. His point of order is under rule 75. Sir, he has already admitted that the Speaker has the authority and jurisdiction to allow any motion to be made even if the copies of the Bill have not been made available five days before. With regard to the objection and contention of the Leader of the Opposition that the Bill was not made available to them five days before, Sir, on Friday, the cyclostyled copies were circulated, i.e., on the non-official day. It was a cyclostyled copy. Leader of the Opposition might have been absent, some of them might have been absent in connection with Prime Minister's maidan meeting. But so far as we are concerned, we circulated it on Friday, the 12th September, on the non-official day. I hurriedly asked the Judicial Department to send cyclostyled copies of the Bill after consulting the Deputy Chief Whip and also Mr. Ishaque. These two here are the simple symbols of the exuberant role of the Congress Party. They were present on that day. Sir, we are going to have the House prorouged. The House has been expended today only because of this Bill. I consulted with them. They agreed that it is a very simple matter, it is a simple Bill. They gave us assurance that within 15 minutes the Bill will be passed. Now the Leader of the Opposition comes with some sort of arguments. Sir, Congress promised and assurances are never implemented but are always violated. They always give assurances but they do not stick to their decision. But in consultation with Mr. Abedin and Mr. Ishaque I asked the Judicial Minister to take cyclostyled copies for circulation. This has been done. Now the Leader of the Opposition is raising technical objections. This is in violation of the assurances given by them.

**শ্রীজ্যোতি বসু:** আমি খালি একটা কথা বলছি, সাধারণভাবে সিদ্ধার্থবাবু যা বলেছেন এটা ঠিকই, তাড়াহুড়া করে যা নিয়ম আছে, বিল এভাবে আনা উচিত নয়। কিন্তু এই রকম তো অনেক ক্ষেত্রে হয়েছে। ইতিপূর্বে আলোচনা করে কম সময় নিয়ে বিল এসেছে, আলোচনা না করেও এসেছে স্পীকারের অনুমতি নিয়ে। কিন্তু এই বিল সম্পর্কে যতীনবাবুর কাছে যা শুনেছি ওঁদের সঙ্গে আলোচনা হয়েছিল, ওঁরা মত দিয়েছিলেন। আমি এর আগেই বলেছিলাম সোমবার হাউসে কিসের জন্য রেখেছেন, উনি বললেন- ওঁদের সঙ্গে কথা হয়েছে, এই বিলে রাজী আছেন, হয়তো না বুঝে বলে থাকতে পারেন, কারণ হ্যামলেট ছিলেন না, আজকে হ্যামলেট এসে গিয়েছেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** অাই অ্যাম গ্ল্যাড ফর দি কমপ্লিমেন্টস।

**শ্রীজ্যোতি বসু:** কিন্তু একটা কথা বলেছেন উনি টেকনিক্যাল পয়েন্ট, সেটা ঠিক নয় অর্থাৎ আমাদের রুলস অফ দি প্রসিডিওর ৭২(২)-তে এটা লেখা আছে

whenever an ordinance, which embodies wholy or partly or with modification the provisions of a Bill pending before the House is promulgated a statement explaining the circumstances which had necessitated immediate legislation by ordinance shall be laid on the Table at the commencement of the session following the promulgation of the ordinance.

[4—4-10 p.m.]

সেজন্য ঐ অসুবিধা নেই অর্থাৎ জুডিসিয়াল মিনিস্টার যদি এটা এখানে ইন্ট্রোডিউস করেন ওঁর বক্তব্যটা আমাদের শোনা ভাল কারণ, এখানে অনেকে অনেক কথা বলেছেন। শ্রীসিদ্ধার্থ রায়ের যদি কিছু বক্তব্য থাকে এই ব্যাপারে তাহলে তিনি বলতে পারেন, পয়েন্ট অব অর্ডার তুলে তিনি দু-একটা কথা বলেছেন, আরো যদি কিছু থাকে তাহলে তিনি বলতে পারেন এবং সাত্য যদি কোন পয়েন্ট থাকে—একটা এ্যাডমিরালটি পয়েন্ট তিনি তুলেছেন। তিনি আমাকে বলেছিলেন রেজিস্ট্রার অব ক্যালকাটা হাইকোর্টের সঙ্গে আলোচনা করে আরো এটাকে ভাল করে করা যায় যদি এর ভেতর গলদ থাকে। আমরা তো এখানে জুডিসিয়াল মিনিস্টারের কথা শুনতে পারি এবং একটু আলোচনা হয়ে—বেশী আলোচনার দরকার নেই, যদি কতকগুলি ডিফেক্টস পয়েন্টেড আউট হয়, আর যদি না হয় তা আমি জানি না, জুডিসিয়াল মিনিস্টার টু স্যাটিসফাই এভরিবডি, যদি তিনি পারেন তাহলে উই ক্যান প্রোসিড উইথ ইট। যদি তিনি না পারেন, তারও মনে যদি কোন খটকা থাকে তাহলে আমরা এখানে বন্ধ করে দিতে পারি ইন্ট্রোডিউস হবার পর, একটু আলোচনা হলে বন্ধ করে দিতে পারি। আমরা পরে গলদগুলি ঠিক করে, যদি গলদ কিছু থাকে পরে আমরা অর্ডিন্যান্স বা কিছু করতে পারি। কিন্তু আমরা একটা জিনিস বলছি সিটি সিভিল কোর্ট হয়ে যাবার পর এটা প্রায় অনিবার্য হয়ে পড়েছে। এটার প্রয়োজন আছে এবং সেজন্য আমাদের একটু তাড়াহুড়া আছে। যদি সেটা আপত্তি না থাকে তাহলে আমরা পরে অর্ডিন্যান্স করতে পারি যদি প্রয়োজন হয়। আজকে করে দিতে পারলে ভাল হোত। তবে অপোজিসানের কথা নিশ্চয়ই আমাদের শুনতে হবে। আমরা স্টীম রোলার করতে পারি না যদিও ওঁনারা নববর্জন করলেন। যদি আর্গুমেন্ট থাকে তাহলে আমরা শুনতে পারি। আমার মনে হয় প্রথম স্টেজটা বাধা দেওয়া উচিত নয়, লেট ইট বি

introduced, even considered, let a discussion take place a little bit.

তারপর আমরা একটা সিদ্ধান্তে পৌঁছতে পারব।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ইউ মাস্ট অ্যালাউ মি টু এক্সপ্লেন মাই পজিসন। স্যার, মাননীয় পরিষদীয় মন্ত্রী একাধিকবার আমার নাম নিয়েছেন। আমি আপনাকে পরিষ্কার বলতে চাই পরিষদীয় মন্ত্রী একটু অস্থির হয়ে গেছেন, কারণ তিনি কাকে কোন কথা কখন বলছেন তা তাঁর স্মরণ নেই। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দাবি করেছিলাম যে ১২ তারিখের পর আপনি হাউস চালাবেন না, দাবি দিন হলে গেল, অন্য আমরাও ব্যস্ত থাকব। এতগুলি মেজর লেজিসলেসান হয়ে গেল তার জন্য তিনি বিজনেস এ্যাডভাইসারি কমিটির মিটিং ডাকার কোন প্রয়োজন মনে করলেন না। পরিষদীয় মন্ত্রীর স্বেচ্ছাচারিতা কোথায় গিয়ে পৌঁছেছে আপনি আন্দাজ করতে পারেন। আমরা ইন ফ্যাক্ট তাঁর কাছে দাবি করেছিলাম যে ১২ তারিখের পর আপনি হাউস চালাবেন না, তিনি আমাদের বলেছিলেন ১২ তারিখে নন-অফিসিয়াল বিজনেস আছে অধিকাংশ এবং তার যদি স্পীল ওভার বিজনেস কিছু থাকে তাহলে তা ১৫ তারিখে হবে। রেগুলার বিজনেস কিছু হবে না, ইন ফ্যাক্ট কোর্ট ফি বিল তো আসতেই পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমি ডাক্তার মানুষ এই আইনের কচকচি এতবড় জিনিস আমি কিছুই তখন জানতে পারি নি। তিনি ফি বিলের কথা উল্লেখ পর্যন্ত করেন নি। আমি মনে করি চিকিৎসক হিসাবে পরিষদীয় মন্ত্রীর চিকিৎসার সুপারিশ করা উচিত তাঁর ভীমরতির জন্য। তিনি যা বলেছেন সেকথা সত্য নয়। তিনি এই বিলের বিষয় আমাকে গোচরীভূত করেন নি এবং আমি জানিও না।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি যেকথা আগে বলেছিলাম—অন্য কারণ থাকে, অর্ডিন্যান্স করব কি করব না সেটা আমরা ঠিক করব। মিঃ ইসাক এখানে এসেছেন, জয়নাল আবেদিন সাহেব এখানে আছেন সেদিন সার্কুলার পড়ার পর, উনি ডাক্তার কি মোক্তার তা আমার জানার দরকার নেই, আমি তাঁর সঙ্গে কথা বলেছিলাম ডেপুটি চীফ হুইফ হিসাবে, হুইপ এখানে ছিলেন না, ইফ হি ইজ

so flippant in the discharge of his duties, as Deputy Chief Whip in future, I am not going to rely on any of his assurances. He must not be so childish, petulant and flippant in his attitude.

আমার সঙ্গে তাঁর কথা হয়েছে আমি শুক্রবার হাউস বন্ধ করার ফেভারে ছিলাম, আমি শুধুমাত্র তাঁদের সঙ্গে কথা বলার পর জুডিসিয়াল মিনিস্টারকে বলেছিলাম। এখন যদি ছেলেমানুষী করা হয়, এটুকুও অন্ততঃ আমি তাঁদের কাছে আশা করি না। দি হাউস

is going to be prorogued today. As a gentleman, you must keep your promise. Our point has never been challenged and Mr. Abedin gave a solemn assurance that they would not have any objection to the passing of this Bill. Every point has been considered and it is absolutely untrue to say that they did not give me any assurance.

**Mr. Deputy Speaker:** A point of order has been raised by Shri Siddhartha Shankar Ray and I want to hear him.

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই আইনটা যা আছে আমার মনে হয় আজকে বাংলা দেশের লোক বুঝতে পারবে যে যারা প্রগতিশীল সাজতে যায় তারা শেষ পর্যন্ত যে প্রগতিশীল হতে পারে না আজকে এই যে বাধা দিচ্ছেন তাতেই বোঝা যায়।

**Shri Siddhartha Shankar Ray:** You are an accused in a criminal case.

**Mr. Deputy Speaker:** Today is the last day of the session and we want to finish as much of our work as possible.

**Shri Siddhartha Shankar Ray:** Are you (pointing to Shri Bhakti Bhusan Mandal) or are you not an accused in a criminal case?

**Shri Bhakti Bhusan Mandal:** You are more than that ........

**Shri Siddhartha Shankar Ray:** Point of order ........

এর উপর বলতে গিয়ে এইভাবে কথা বলাটা অত্যন্ত অন্যায়।

**Mr. Deputy Speaker:** Yes, what is your point of order? I shall give my ruling later on.

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আমার কথা হচ্ছে যে এই ব্যাপারে এখন পর্যন্ত পয়েন্ট অব অর্ডার উঠবার কোন সময় হয়নি, কারণ যতক্ষণ পর্যন্ত এই বিলটা ইনট্রোডিউজ না করছি ততক্ষণ পর্যন্ত পয়েন্ট অব অর্ডার আসতে পারে না। আমাদের রুল ৭৫ অনুসারে হাউসে এই বিল নাই কাজেই এই পয়েন্ট অব অর্ডার তুলবার এখনও সময় হয়নি। দিস ইজ মাই অ্যান্সার অন দ্যাট পয়েন্ট।

**শ্রীমহম্মদ এ কে এম ইশাক:** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, এর সঙ্গে আমার নাম জড়িত বলে আমার কিছু বক্তব্য এখানে রাখতে চাই। গত ১২ তারিখে মাননীয় পরিষদীয় মন্ত্রী আমার সঙ্গে এই ব্যাপারে আলোচনা করেছিলেন। তখন আমাদের ডেপুটি চিফ হুইপ ছিলেন না, তিনি তাঁর স্বভাবসিদ্ধ উপায়ে আমাকে বলেছিলেন যে সোমবারে একটা ছোট বিল আছে, আপনাদেরই কোর্ট ফির ব্যাপার। তাছাড়া এই বিলটা সার্কুলেটেড হয়নি এই বিলটা ৫ মিনিটেই হয়ে যাবে কারণ যে এ্যামেন্ডমেন্টগুলি হল এটা তারই নেসেসারি করোলারি হিসাবে এসেছে এবং এই কথা আমাকে বলেছিলেন যে ৫ মিনিটেই এটা হয়ে যাবে। আমি তখন তাঁকে বলেছিলাম যে এটা যখন কোর্টফি-র ম্যাটার এবং যখন ঐ এ্যামেন্ডমেন্টগুলির নেসেসারি করোলারি হিসাবে এসেছে এবং যখন বলছেন যে ৫ মিনিটেই শেষ হয়ে যাবে তখন আমাদের আপত্তি নেই। তখন জানতাম না যে এই রকম একটা কমপ্রিহেনসিভ বিল নিয়ে আসা হচ্ছে। যেটাতে আমাদের খুব বেশী রকম পড়াশুনা করতে হবে এবং আমাদের বক্তব্য রাখতে হবে। উনি যেটা করেছেন সেটাকে সোজা ভাষায় বলা যায় উনি ধাপ্পা দিয়েছেন।

[4-10—4-20 p.m.]

**Shri Jatin Chakraborty:** It is a damn lie.

আর কোন দিন

Deputy Chief Whip will not be taken into confidence.

### Ruling

**Mr. Deputy Speaker:** A point of order has been raised by the Leader c the Opposition, Shri Siddhartha Shankar Ray and he has cited Rules. Rule 7 says—When a Bill is introduced, or on some subsequent occasion, the membe in charge may make one of the following motions in regard to his Bil namely:—

that the Bill be taken into consideration and so on. After the Bill ha been introduced, the point of order can be raised according to Rule 75. S this is not the proper time to raise that particular point of order. At any rate the point that he has already submitted is that there are some anomalies i the Bill and it has not been circulated five days earlier as is enjoyed by the rule. Of course, I have the discretionary power but I am not giving an ruling on the particular point. There are some points that have been raise by Mr. Ray. The Bill ought to be introduced first. Thereafter I will give my ruling on the point. The Hon'ble Minister in charge of the Judicial Depart ment may please introduce the Bill.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the West Bengal Fees Bill, 1969.

(Secretary then read the title of the Bill.)

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister in charge of the Bill may now move for consideration of the Bill.

### Point of order

**Shri Siddhartha Shankar Ray:** Now it is for me to raise the point of order. It cannot be moved.

**Mr. Deputy Speaker:** After introducing the Bill the Minister in charge of the Bill will move some motion with regard to the consideration. Rule says—

When a Bill is introduced, or on some subsequent occasion, the member in charge may make one of the following motions in regard to his Bill, namely:—

that it be taken into consideration. There is a proviso. It provided further that no such motion shall be made until after copies of the Bill have been made available for the use of members and that any member may object to any such motion made unless copies of the Bill have been so made available for five days before the day on which the motion is made.

**Shri Siddhartha Shankar Ray:** I can raise a point of order at this stage.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, before that I can submit to you that you have also a discretionary power in the matter. Sir, you have here the power of discretion. The rule says—unless the Speaker allows the motion to be made. So, for that purpose I may submit something and I may give reasoning for that purpose. So I request you, Sir, to give me an opportunity to submit that, so that I may give reasoning for getting your permission in allowing the motion to be made.

**Mr. Deputy Speaker:** But unless I take point, the question of permission does not arise. You have asked for my permission to move for consideration of the Bill. At that stage he has also raised a point of order that no such permission could be given. So let me hear him and then I will give my ruling. Yes, Mr. Ray.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Deputy Speaker, Sir, I object to this motion because of rule 75. I certainly admit—in fact, I had admitted on two occassions—that you have to bear. ....... ... ........ ...

**Shri Jatin Chakraborty:** On a point of order, Sir. Shri Ray has raised a point of order before you have allowed the Minister to move his motion for consideration. What is his point of order?

(Noise and interruptions)

**Shri Abdus Sattar:** On a point of order, Sir . .. . .

(Noise)

**Mr. Deputy Speaker:** Mr. Chakraborty has raised a point of clarification...

**Shri Jatin Chakraborty:** Hon'ble Mr. Siddhartha Shankar Ray has raised a point of order in relation to your allowing the motion to be moved by the Judicial Minister. Sir, if you have already given permission to the Judicial Minister to move motion, he must make his submission first and then only Mr. Ray can raise the point of order. The Judicial Minister has not yet moved his motion.

**Mr. Deputy Speaker:** No, so far as rule 75 is concerned, it says, as soon as the Bill is introduced and the Minister wants to go to the next stage, that is, he is going to move the motion for consideration of the Bill, the point of order can be raised.

**Shri Jatin Chakraborty:** Sir, you have allowed the Judicial Minister to introduce the Bill and you have also allowed him to move the motion for consideration of the Bill.

**Mr. Deputy Speaker:** No, I have not allowed him to move for consideration.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Deputy Speaker, Sir, the matter is of very great importance because of this. Sir, if you kindly look at clause 50, the Court Fees Act, 1870, in so far as it applies to the State of West Bengal, is being totally repealed. This is not merely passing a legislation to implement the other Bill which was passed the other day. In this Schedule the entire rates have been changed, the old rates are all being changed. We have to carefully consider as to what extent the changes have been made. And certain new things have been introduced. Sir, if you look at Schedule II, these matters... ... .

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, what is his point of order?

**Mr. Deputy Speaker:** He is raising his point of order and in making it clear he is just citing one or two examples.

**Shri Bhakti Bhusan Mandal:** No, Sir, he will only say whether the consideration is permissible or not. It is not that he will go through the entire Bill.

**Mr. Deputy Speaker:** His main point, as far as I have understood him, is that he has not got notice of the Bill in proper time. He says that it is entirely a new Bill, the entire rates have been changed, it is a big Bill consisting of a number of pages, all rates have been changed in Schedule II at clause 50,

and on such an important Bill, within a short span of two or three days they could not apply their mind and so justice cannot be done to it. To that point he was driving as far as I have understood him.

[4-20—4-30 p.m.]

**শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা কোশ্চেন অব প্রিভিলেজ আছে আজকে বেলা একটা থেকে হাউস আরম্ভ হয়েছে, এখন চারটার বেশী বেজে গেছে, এখনো রিসেস হলো না। তার উপর এই ধরনের আইনের জটিল তর্ক উঠেছে এবং আপনাকেও চিন্তা করে সেই সম্পর্কে রুলিং দিতে হচ্ছে। তাই আমি প্রস্তাব করছি আপনি রিসেস দিন এখন এবং সে সময় আপনার ঘরে গিয়ে সরকার পক্ষের চীফ হুইপ ও লিডার অব দি অপজিসন-এর সঙ্গে আলোচনা করে একটা সর্বসম্মত সিদ্ধান্তে আসুন তাহলে আর অত চিন্তা ভাবনা করে আপনাকে রুলিং দিতে হবে না।

**Mr. Deputy Speaker:** A very interesting point has been raised. The House will also be interested in it and let me dispose of the point of order. Let us see what will be the ruling. I think within five or ten minutes it will be over.

**Shri Sidhartha Shankar Ray:** One of the provisions of the Bill—please look at p. 3049—states if I am to present a petition or an application to a municipal commissioner or to a member of the Zilla Parishad relating to conservancy service, etc. I shall have to pay 15 paise. This will have a great impact on the people of Bengal.

মিউনিসিপ্যাল কমিশনারকে একটা চিঠি দিতে হলে যে আমাদের রাস্তা খারাপ হয়েছে ড্রেন খারাপ হয়েছে অমনি ১৫ নয়া পয়সা দিয়ে দরখাস্ত করতে হবে? এগুলি আগে থেকে থাকলে এগুলি তুলে দিতে হবে। একটা মিউনিসিপ্যাল কমিশনারকে কিংবা একটা জেলা পরিষদের মেম্বারকে দরখাস্ত করতে হলে যে অমুক ড্রেন বা রাস্তা খারাপ হয়েছে অমনি ১৫ নয়া পয়সা কোর্ট ফি দিতে হবে একটা চিঠি লেখার জন্য এ জিনিসটি কি হচ্ছে। এতে আমার আরও অনেক এ্যামেন্ডমেন্ট দেবার আছে। এগুলি দেখে প্রত্যেকটিতে কাস্টমস এক্সাইজ, ম্যাজিস্ট্রেট এক্সাইজ ডিপার্টমেন্ট অন্যায় কাজ কিছু করলে তাকে চিঠি লিখতে গেলে

**Mr. Deputy Speaker:** You are mentioning para 3?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আপনি দেখুন ইউ প্লিজ লুক অ্যাট পেজ ৩০৪৯- থার্ড আইটেম দেখুন ওখানে আছে কাস্টমস এক্সাইজ, ম্যাজিস্ট্রেট, এক্সাইজ ডিপার্টমেন্ট কিছু অন্যায় করলে সেখানে চিঠি লিখতে গেলে ১৫ নয়া পয়সা দিতে হবে। এটা আগে থেকে থাকলে এগুলি ডিফেকসনারী-ইংরাজ আমলে হয়েছিল।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** পঞ্চায়েত বিল যেটা আসছে সেটা পাশ হলে এগুলি উঠে যাচ্ছে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** সেটা তো আমরা জানি না যে কি আসছে না আসছে। কিন্তু এটা হতে পারে না। আমি মাননীয় পরিষদীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি ভেবে কাইন্ডলি যে তিনি বুঝেছেন যে এটা অন্যায়—তিনি বুঝতে পারছেন যে অন্যায় হচ্ছে যে একটা চিঠি লিখতে ১৫ নয়া পয়সা দিতে হবে। আমি এতে এ্যামেন্ডমেন্ট দিতে চাই—কিন্তু এ্যামেন্ডমেন্ট দেবার সময় নাই। তাহলে আমরা ডিসকাস করবো কি করে। টু ডেজ বিফোর দি বিল ইজ মুভড মত্র টু ডেজ এক্সপায়ার করেছে—১২ তারিখে দেওয়া হয়েছে ধরে নিচ্ছি তাহলে মাত্র সার্কুলেট হবার পর টু ডেজ এক্সপায়ার করেছে তার মধ্যে সানডে রয়েছে। তাহলে আমরা অ্যামেন্ডমেন্ট

দেবো কি করে? বাংলা দেশের সমস্ত জেলাতে এটা এমপ্যাক্ট হবে। আজকে রেশন অফিসারকে চিঠি দিতে গেলে ১৫ নয়া পয়সা কোর্ট ফি দিতে হবে। আমি জানি আপনি আইনজ্ঞ—আপনি বুঝতে পারছেন যে এই অ্যাক্টটা কি রকম হচ্ছে—এই অ্যাক্টটা পাশ হলে কিরকম হবে। আজকে সিটি সিভিল কোর্টের জুরিসডিকসন ডিক্লেয়ার হয়েছে। এখন আর ৫০ হাজার টাকার নীচেব মামলা হাইকোর্টে আসবে না। হাইকোর্টে মামলা ৫০ হাজার টাকার বেশী হবে—সিটি সিভিল কোর্টের কোর্ট ফি অ্যাক্ট অলরেডি ১৮৯০ তা হয়েছে—হাইকোর্টের কোর্ট ফিজ অর্ডিন্যান্সে করুন—আপনি হাইকোর্টের অরিজিন্যাল সাইডের রেজিস্ট্রারকে ডাকুন, তাঁকে জিজ্ঞাসাবাদ করুন তার পর ঠিক করুন।

আমি কতকগুলি কথা বলতে চাই। এডমিরলটি জুরিসডিকসানের কি হবে? হাইকোর্টে একটা এডমিরালটি জুরিসডিকসান আছে, সিলভার ওর নিয়ে আসতে হয়। মাননীয় বিচার-মন্ত্রিমহাশয় জানেন কিনা জানি না সিলভার ওর বা রুপোর একটা ওর আছে বাংগাল ভাষায় সেটাকে বলা হয় নৌকা চালাবার বৈঠা, সেটাকে নিয়ে আসতে হয়। সেই সিলভার ওর আনলে হাইকোর্টে এডমিরালটি জুরিসডিকসান হয়। এডমিরালটি জুরিসডিকসানে পিটিসান করে করতে হয়। সেই এডমিরালটি জুরিসডিকসানে লক্ষ লক্ষ বা কোটি কোটি টাকার ব্যাপার হয়, জাহাজ পর্যন্ত আটক করে. তার কোর্ট ফিজ কি লাগবে না? এতে তো ডিসক্রিমিনেসান হবে। তারপরে কোম্পানীস অ্যাক্ট। একবার খুলে দেখুন কোন্ কোন্ সেকসানে আপনি ৫০ টাকা করেছেন। ৩ হাজার ৫৩ পাতায় এ্যাপলিকেসানস অন দি ৩৯১, ৪৩৯, ৫২২। আমি মাননীয় বিচারমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, ৩৯১, ৪৩৯, ৫২২টা কি বলুন, বলতে পারবেন না। এইজন্য পারবেন না—আমি ওঁকে দোষ দিচ্ছি না, আমিও হয়ত পারবো না, কারণ কোম্পানীস এ্যাক্টে প্রায় ৬৫০টি সেকসান। আমিও ওঁকে অপমান করবার জন্য এইসব কথা বলছি না, আমি বাংলাদেশের মানুষের পক্ষ থেকে যে সব প্রশ্ন উঠবে সেই কথাগুলি বলছি। আর এর মধ্যে সবচেয়ে ইমপর্টেন্ট জিনিস হচ্ছে ৩৯৭। স্যার, এ বিশ্বাস আমার আছে যে যতীনবাবু আপনাকে না বলে দিলেও আপনি ঠিকই বিচার করবেন। এই সেকসান ৩৯৭ সম্পর্কে আপনি জানেন যে মাইনরিটি সেয়ারহোল্ডারর্সদের দরখাস্ত কোম্পানী আইনের অপ্রেসানস অব দি মাইনরিটি যেটা তার জন্য ৩৯৭-এ দরখাস্ত হয়। সেই দরখাস্তগুলি সুটের মত ট্রয়েড হয়। ৬/৮ মাস ধরে সে মামলা চলে, আমাদের কিছু রোজগার হয়। তার বেলা ১০ টাকা কিন্তু যেগুলি সামান্য ৩৯১-এর পিটিসান তার বেলা ৫০ টাকা, এটা তো ডিসক্রিমিনেসান হয়ে যাবে। তারপরে সেকসান ২৩৭। যেটা নিয়ে এনকোয়ারী হচ্ছে ঐ বিড়লা কোম্পানীতে ও অন্য কোম্পানীতে, সেখানে মামলা অনেক দিন চলে, সেটা ১০ টাকা আর অন্য গুলো হচ্ছে ৫০ টাকা।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমার কথা হচ্ছে, ধরুন যদি আপনি যে ভাবে বলছেন তাতে বিচারমন্ত্রী রাজী হন—আর যদি অর্ডিনন্স করা হয়, আমরা যেটা আপনার কাছে জানতে চাইছি সেটা হচ্ছে যে তাহলে এখন আপনার এই বিল ইনট্রোডিউস করলে যেমন আছে তার উপরে আপনাদের এ্যামেন্ডমেন্ট বা বক্তব্য রাখতে পারেন এবং সেই ভাবে সংশোধিত হতে পারে কিন্তু যদি অর্ডিন্নন্স করা হয় তাহলে তো এ্যাস ইট ইজ যা আছে সেটাই তো অর্ডিনান্স হয়ে যাবে, তখন কার সংগে পরামর্শ করা হবে?

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** আমার মনে হয় যতীনবাবু জ্যোতিবাবুর বক্তৃতা শোনেনি। জ্যোতিবাবু রুল ৭০টা দেখিয়ে যেটা বললেন সেটা ঠিকই বলেছেন, সেটা হচ্ছে, হাউসে আনলেও অর্ডিনান্স করার পাওয়ারটা যায়না।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমার বক্তব্য হচ্ছে, এখন যে সমস্ত কথা বলছেন, এই বিলটা হাউসে এলে আলোচনার সময় ত্রুটি বিচ্যুতি যেগুলি আপনি দেখাচ্ছেন সেগুলি দেখে আমরা গ্রহণ করে এটা সংশোধিত করতে পারতাম। অর্ডিনান্স করতে আইনগত বাধা আমাদের নেই সেটা আমি জানি। কিন্তু অর্ডিনান্স করবার সময় এই বিলটাই তো এ্যাজ ইট ইজ অর্ডিনান্স হিসাবে চলে যাবে, আপনাদের যে বক্তব্যগুলি সেগুলি আমরা জানবো কি করে?

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** আমার কথা হল অর্ডিনান্স ড্রাফট করার সময় রেজিস্ট্রার, অরিজিন্যাল সাইড ও আমাকে ডাকুন। আপনারা যতই আমাকে গালাগালি দেন, আমি তো ব্যারিস্টারী করি। আমরা আপনাদের এ বিষয়ে সাহায্য করে দেখিয়ে দেব যে কি কি করতে হবে। আমি সিটি সিভিল কোর্টের জুরিসডিকসান বন্ধ করতে চাচ্ছি না, আমি সেদিনই বলেছি যে আমি সম্পূর্ণ সমর্থন করছি। কিন্তু বাংলাদেশের মানুষকে একটা মিউনিসিপ্যাল কমিশনারের কাছে চিঠি দিতে গেলে তার কাছে ১৫ পয়সা নিতে হবে বা জেলাপরিষদে চিঠি দিতে গেলে ১৫ পয়সা নিতে হবে এরকম অসম্ভব সমস্ত ব্যাপার রয়েছে। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করতে চাই যে, ধরুন একটা রাস্তা খারাপ হয়ে গিয়েছে, জেলাপরিষদের সভ্যকে চিঠি দিতে গেলে যে ১৫ পয়সা দিতে হবে সেটা কি কেউ দেবেন? এরকম সমস্ত ব্যাপার ছাড়াও আরো অনেক ব্যাপার আছে। তাই স্যার, আমার অনুরোধ কনসিডারেসান মুভ করতে দেবেন না, ওঁরা অর্ডিনান্স করতে চাইছেন অর্ডিনান্স করুন।

[4-30—4-45 p.m.]

**Mr. Deputy Speaker:** Mr. Roy, I have heard with rapt attention the points you have raised. Really there are some important points that have been raised by you, and the Minister-in-charge of the Parliamentary Affairs also is considering those points and I unerstand the Minister-in-charge of the Bill is also considering those points. As for myself as I have already said there are some important points raised by you. So I adjourn the House for 15 minutes and thereafter I shall give my ruling.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, the entire rates have been changed.

**Mr. Deputy Speaker:** I shall look into it. I now adjourn the House for 15 minutes and thereafter I shall give my rulling.

(At this stage the House was adjourned for 15 minutes)

(After adjournment)

[4-45—4-55 p.m.]

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেকথা আমি বলছিলাম যে খালি একটি বিষয়ে বলতে চাই যে কিছু কিছু এ্যামেন্ডমেন্ট আনতে চাই যেমন মেনটিনেন্স সুট, বা রঙফুল ডিসমিসাল, তার জন্য ড্যামেজেস সুট এই রকম কিছু কিছু গরীবরা যেগুলি মামলা করবে তাতে যাতে করে কোর্ট ফি নীতি না থাকে এই রকম কিছু কিছু অ্যামেন্ডমেন্ট আনতে চাই, তার জন্য আমাদের সময় চাই। তাই আমি অনুরোধ করছি ইনট্রোডাকসান যেন না হয়।

**Shri Sasabindu Bera:** On a point of order, Sir. I understand the Bill has been introduced. The rule 73(2) says: if such a motion be carried, the Secretary shall read the title the Bill and the Bill shall thereupon be deemed to be introduced in the Assembly. I understand, Sir, since the title of the Bill has been read out by the Secretary, the Bill is introduced and what the business is after that? The only business before the House is, that is under rule 75 which says: when a Bill is introduced, or on some subsequent occasion, the member-in-charge may make one of the following motions in regard to his Bill, namely, etc. etc. So the Bill is introduced and since the title of the Bill has been read out by the Secretary the only business of the House immediately after that is that one of the four motions may be made by the mover of it. Therefore, at this stage there must be scope for the mover of the Bill to bring in one of the four motions. So at this stage the Minister-in-charge has got to make motions. So at this the Minister-in-charge has got to make either of these four motions. If you read the proviso, you will see that it says: Provided that no such motion shall be made until after copies of the Bill have been made available for the use of the members, etc, etc. It is for the Minister to take into

consideration whether the Bill has been circulated. There is, however, scope for the member because the proviso of rule 75 says that any member may object to any such motion being made unless copies of the Bill have been so made available for five days before the day on which the motion is made, and such objection shall prevail, unless the Speaker allows the motion to be made. Here the copies of the bill have been made available. So there is nothing to make objection.

**শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য লীডার অব দি অপোজিসন বললেন যে কিছু ভুলভ্রান্তি আছে সেগুলি ঠিক হওয়া উচিত। যদি তা থাকে নিশ্চয়ই তা হওয়া উচিত, আমিও তা মনে করি। প্রথমতঃ ৩।৪টি পয়েন্ট বলব, আপনি একটু বিবেচনা করবেন। প্রথম পয়েন্ট হচ্ছে পার্লামেন্টারী মিনিস্টারের সঙ্গে যদি একবার কথা ঠিক হয় যে এই বিলটা অমুক দিন নিয়ে আসা হবে, আমরা আপত্তি করব না—কারণ তার আগে ওঁরা বলেছেন যে এটা যুগান্তকারী বিল আনা হচ্ছে এবং বলেছিলেন কেন এটা আপনি করলেন না যেখানে হাইকোর্টে ৫০ হাজার টাকার কেস থাকলে সেই কেসের কোর্ট ফি কেন করলেন না? কাজেই তাদের একটা কনস্ট্রাকটিভ নোটিশ সেদিন দেয়া হয়েছিল এবং আমার স্টেটমেন্টে তাতে পরিষ্কারভাবে বলেছি যে আমি সেই বিল আনছি। কাজেই এই জিনিসটা আপনাকে কনসিডার করতে হবে। কনস্ট্রাকটিভ নোটিশ অলরেডি তারা পেয়েছেন যে হাইকোর্টে ৫০ হাজারের উপর যখন মামলা করতে যাবে বিনা এড্ ভোলোরাম কোর্ট ফিতে আমি করতে দেব না। যখন আমরা সিটি সিভিল কোর্ট বিল সম্বন্ধে মুভ করেছি তখন সেই কথা বলেছি। শুধু তাই নয় তাদের কথা অনুযায়ী আমি ১২ই তারিখে সাইক্লোস্টাইল করে তাদের ইচ্ছামত প্রত্যেককে দিয়ে দিয়েছি। কাজেই ১২ই তারিখ থেকে আজ ১৫ই তারিখ এই কদিন হল সার্কুলেট করা হয়েছে। আপনাকে এই জিনিসটা কনসিডার করতে হবে। শুধু তাই নয়, আজকে যারা গরীব মানুষ তারা সিটি সিভিল কোর্টে যাবে, সেখানে গিয়ে কোর্ট ফি দিয়ে মামলা করবে, আর ৫০ হাজার টাকার উপরে লক্ষ লক্ষ টাকার মামলা যারা করবে তারা এই ফাঁকে গরু, ভেড়া, সব পার করে নেবে। এটা যদি অ্যালাউ করতে চান করবেন। আর একটা ম্পেসিফিক পয়েন্ট যে যুক্তফ্রন্ট গভর্নমেন্টের দৃষ্টিভঙ্গীটা আপনাকে বিবেচনা করতে হবে। গরীব মানুষ যারা ৫০ হাজার টাকার নীচে মামলা করছিল তাদের কাল থেকে কোর্ট ফি দিতে হবে। আজকে এটা বন্ধ করে দেয়া মানে আর একটা সেসানে নিয়ে যাওয়া কিম্বা যদি অর্ডিনান্স করি তাহলে বলবেন আমাদের সুযোগ দেওয়া হল না। কাজেই এই পয়েন্টটা আপনাকে কনসিডার করতে হবে। শুধু তাই নয়, আমি মনে করি যে যারা কথা দিল এবং ইউনানিমাসলি ঠিক করা হয়েছিল যে আজকে এই বিলটা আলোচনা হবে। সেই কথা যদি ভঙ্গ করেন তাহলে এই বিষয়ে আপনাকে সারকমস্ট্যান্সেস অনুযায়ী বিচার করতে হবে এবং ফলস রিপ্রেজেনটেসন করে যদি আজকে এটা বন্ধ করার চেষ্টা হয় তাহলে আপনাকে কিছু জাজমেন্ট দিতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে যে সিদ্ধার্থবাবু বললেন আমরা নাকি খুব একটা রেট্রোগ্রেড বিল আনছি। আমি মনে করি তিনি এই সব আইন পড়েন নি, কোর্ট ফিজ অ্যাক্টে পরিষ্কার করে বলছে, কারণ আপনি দেখুন কোর্ট ফিজ অ্যাক্ট যেটা প্রবর্তনা ছিল আমি যে চেঞ্জটা করতে চাচ্ছি যে চেঞ্জটা পার্টিকুলারলি ইন দিস আইটেম উইথ রেসপেক্ট টু হাইকোর্ট—কারণ এই কথা হয় নি যে আমি সমস্ত পার্সেন্টগুলি চেঞ্জ করছি—কোর্ট ফিজ অ্যাক্টের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি কোর্ট ফিজ অ্যাক্ট ১৮৭০ সিডিউল টুতে অ্যাপ্লীকেসন অর পিটিসন যেটা সিলিং আছে সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেখানে পরিষ্কারভাবে ১৫ পয়সা বলা আছে। আগে ২ আনা ছিল, এখন সেটা ডেসিম্যাল রাউন্ড করার জন্য ওটা ১৫ পয়সা হয়েছে। কাজেই তিনি যে বললেন গেলেন ইউনাইটেড ফ্রন্টের

[4-55—5-05 p.m.]

আমলে এটা হয়ে গেল লজ্জায় মরে যাচ্ছি, আমি তো বুঝতে পারলাম না কোনটার জন্য লজ্জা হচ্ছে তাঁদের না তাঁদের রিপেনটেন্স হচ্ছে এই জন্য যে তাদের ২০ বছরের আমলে একথাটা মনে পড়ে নি বলে। এ জিনিসটাও আপনাকে বিবেচনা করতে হবে। আর একটা কথা আপনার কাছে বলছি। বিরোধীদলের নেতা হিসাবে দরদ দেখিয়ে বলছেন, অনেক লোক বাদ পড়ে যাবে। আমি জানি নূতন যখন আইন করা হয়, তখন কিছু কিছু বাদ হতে পারে, এটা আমি অস্বীকার

করছি না। কিন্তু দেড়মাস দুমাস পরে আমরা সেই বাদগুলো আনতে পারবো এবং সেগুলো পূরণ করবার জন্য বিল আকারে বা অ্যামেন্ডমেন্ট আকারে আনতে পারব। কিন্তু এই দেড় দুমাসের মধ্যে ৫০ হাজারের বেশিওয়ালা লোক যারা তারা ফাঁকি দিয়ে মামলা করে চলে যাবে এবং কোর্ট ফি দেবে না। উনি আজকে দবদ দেখিয়ে একটা অন্যায় জিনিস করতে চাইছেন, এটাও আপনাকে বিবেচনা করতে হবে। কিন্তু মূল কথাটা হচ্ছে, এই যে বিল এটা সত্যি ঠিক আছে। এখানে প্রশ্ন উঠেছে ফাইভ ডেস নোটিশ দেবার কথা। কিন্তু এখানে ব্রিচ অফ ট্রাস্ট, ব্রিচ অফ কনট্রাক্ট হয়েছে কিনা—সেটা আপনাকে সারকমস্ট্যানসেস অনুসারে দেখতে হবে। আর যদি একবার ডেপুটী লীডার অফ দি অপোজিশন এবং ডেপুটী হুইপ স্বীকার করেন তাহলে আপনাকে এটা কনসিডার করে দেখতে হবে, এটা তাঁরা অ্যাডমিট করে নিচ্ছেন। কাজেই একবার অ্যাডমিট করলে তাঁরা আর রেইস করতে পারেন কিনা? সেইজন্য আপনাকে যে ক্ষমতা দিয়েছে সেইটায় এই জন্য বলেছে, এই রকম স্পেশ্যাল সারকমস্ট্যানসেস অ্যারাইস করলে আপনার ডিসক্রিসন ইউস করবেন। এই স্পেশ্যাল সারকমস্ট্যানসেসে আপনার ডিসক্রিসন ইউসড হবে। সেইজন্য আমাদের রুলস অ্যান্ড অর্ডার করা হয়েছিল, সেই রুলস অ্যান্ড অর্ডারে আপনাকে এই ক্ষমতা দেওয়া হয়েছে। এই যে তাঁরা একটা ব্রিচ অফ ট্রাস্ট করছেন এটা আপনাকে বিচার করতে হবে। এটা আপনাকে ঠিক করতে হবে, কারা সত্যি কথা বলছে। এইটা স্যারকমস্ট্যানসেস অনুযায়ী আপনাকে বিচার করতে হবে। ও‘দের সঙ্গে এত কথা না হলে আমরা হাউস বন্ধ করে দিতাম কিনা শুক্রবারেই। আর একটা কথা ওনারা বলেছেন যে এত বড় বিল আসবে, আমাদের জানান নি। আমি আপনার কাছে পরিষ্কারভাবে বলছি এটা কোন বিল আসে নি। মাত্র কয়েকটি জায়গায় হাইকোর্ট কথাটা ইনক্লুড করে দিয়েছে এবং হুবহু কোর্ট ফি অ্যাক্ট যেটি আছে সেটি আছে। কাজেই বিলটা বড় নয়। ৫০ হাজার টাকার বেশি লোকেরা হাইকোর্টে অরিজিনাল সাইডে ফাঁকি দিয়ে যাতে যেতে না পারে তিন চার জায়গায় হাইকোর্ট কথা ইনক্লুড করা হয়েছে। কাজেই বিলটার কলেবরটা যদিও বিরাট দেখতে পাওয়া যাচ্ছে, আসলে মাত্র তিন চার জায়গায় অ্যামেন্ড করা হয়েছে। আমার মনে হয় যাঁরা প্রগতিশীল নিজেদের বলছেন বা আগের দিনে আমাদের বলছিলেন এটার কি করলেন, কোর্ট ফি করলেন না আমাকে তাঁরা রেবিয়ে যাবেন এটা মনে করি না। আমি আশা করি বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা একদিনের নোটিশ পান নি বলে এই বিলটাকে বিরোধ করার চেষ্টা করবেন না। আমি আপনার মাধ্যমে তাঁদের অনুরোধ জানাচ্ছি এই যে প্রগতিশীল বিল এটাকে তাঁরা অ্যাকসেপ্ট করে নিন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয় [illegible] অব অর্ডার। মাননীয় মন্ত্রি-মহাশয় [illegible] ঠিক নয়। আমার [illegible] লোক, [illegible] না। তবে [illegible] মাননীয় [illegible] কথা বলেছেন যে [illegible] সাথে কথা হয়েছিল [illegible] বলে [illegible] কথাটা [illegible]। [illegible] আমি বুঝি না কি করে এই ব্রীচ অফ ট্রাস্টের প্রশ্ন উঠতে পারে। তবে উনি যদি [illegible] অফ ট্রাস্টের জন্য [illegible] আলাদা কথা।

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, বিলটা ছোট এবং এর মধ্যে কনটেন্টস ও খুবই ছোট। ওটা হল কংগ্রেসের মতো দেখতে [illegible] কিছুই নেই।

## Ruling

**Mr. Deputy Speaker:** I have heard with rapt attention the point of order that has been raised by the Leader of the Opposition, Shri Siddhartha Shankar Ray, and the observation made by him to some extent in detail pointing out the Schedule and some clauses. I have also heard Shri Jatin Chakraborty,

the Hon'ble Minister of Parliamentary Affairs, Shri Jyoti Basu, Hon'ble Minister-in-charge of Home Department and also the Hon'ble Law Minister, Shri Bhakti Bhusan Mandal, who have given a reply. I find from the Bill, as has been circulated, that it is not an amending Bill but a completely new Bill in a new form. The West Bengal Court-Fees Bill, 1969, is not an amending Bill but a new Bill that has been placed before the House. I am aware that the House has given this chair the power to waive the period of notice under second proviso of Rule 75 where it says—unless the Speaker allows the motion to be made. Five days' notice has not been given. The chair has been given the power to waive the period of time. You know there is Rule 80 where it has been mentioned that at least two days' time of notice of the amendment to clause or schedule of the Bill has to be given before the day on which the Bill is to be considered but the honourable members have received only two days' notice of the Bill. The thing is that they had no time to give notice of any amendment. Even in this case the chair has the power to waive and so the chair has the power, first of all, to waive the period of notice of five days, and then the chair has again the power to waive two days' notice that ought to have been given in the case of giving notice of an amendment. I find the cyclostyled copies of this particular Bill were circulated on the 12th September last. Many of the memebers, including the Leaders of the Opposition and other members, have stated that on the non-official day many members were not present and actually they did not receive any cyclostyled copy of the Bill that was circulated on the 12th September last. The Bill had actually been circulated on the 12th September as it has been printed in the Bill itself. The Leader of the Opposition and some members have stated that it has been received by them only to-day and it has not been possible for them to go through it for the purpose of doing justice to the Bill. To-day some amendments from the Government side have been given and those in the name of Shri Jatin Chakraborty. That goes to show that even the Government is eager to re-think about some of the provisions, however, minor they might be. The matter dealt with in the Bill is full of details. The Bill is a lengthy one though it has been stated that it is a small Bill. You know with respect to the High Court matter three Bills have already been passed and regarding this Bill, as has been submitted by the Hon'ble Minister, Shri Mandal, only some minor change is sought to be made in relation to High Court matters, but the Leader of the Opposition thinks otherwise about it. There are some provisions which require to be deleted and when an application or petition is to be filed before a Zilla Parishad, a change is sought to be made and that is from 12 paise to 15 paise.

[5-05—5-15 p.m.]

The Opposition members say that they want to give notice of amendment that the above provision should be entirely deleted and that no money, —be it 12 paise or 15 paise—or nothing should be charged when one files an application to a member of the Zilla Parishads. They contend that the provision is outdated and in the interest of the poorer people that should be deleted. It has also been submitted by the Opposition that they could not find time to give notice of amendments to those provisions which, according to them, are oppressive, and so this Bill should not be gone into, no matter whether there has been made any change in it or not, and that moreover it runs into thirty-five pages. It is true also, as has been submitted by the Hon'ble Minister-in-charge of the Bill, that the purpose of the Bill is only limited and that certain minor changes relating to the High Court have been made but at the same time certain rates in round figures have been enhanced. So the Opposition say that when it comes in a new form, they should be given

can improve upon it. Therefore, first of all, as regards the question of five days' clear notice, it may be a small Bill but a new Bill and not an amending Bill. It is a new Bill which in its entirety has been placed before the House. So I am afraid that if I waive the period of five days' notice, justice would not be done to this Bill and, as far as I have understood from the speeches from both sides, it has a great impact upon the people. So I do not think that the House will be able to do justice to this Bill in so short a time at our disposal. Moreover, I understand that today is the last day of the present session. Members are not in a mood in so short a time to go through the Bill throughly and do justice to it and naturally the House cannot do justice to it. Now, if I waive the period of five days' notice, then the question of waiving of two days' notice for amendments comes and in that case it is not possible for the Opposition members to table any amendment. Accordingly I hold that the Government will do well to bring the legislation in a better form in the next session. At the same time I may tell the Hon'ble Minister-in-charge of the Bill that it is a very important piece of legislation and until and unless the Court Fees Act is amended, he would have some difficulty. So I request him to bring a new Bill as early as possible. If the session is in November, he can do so and see that it can be enacted in a new and better form and it should be brought forth immediately to give effect to the legislations which have passed two or three days back. I also request him on behalf of this House that looking to the interests of the poorer people and to give force to the three legislations already passed he can bring another piece of legislation in a better form and accordingly I request the Hon'ble Minister to think in that light and to bring a new legislation as early as possible. That is my considered opinion on the point of order that has been raised.

**Shri Kashi Kanta Maitra:** Mr. Deputy Speaker, Sir, you have given an important and salutary ruling on a very important question. I am only with humility and great respect beseeching your kind attention to this question. Does it follows from the decision which has just now fallen from you that it takes away the power of the State Government to take recourse to its power under ordinance-making rules? Because, for the simple reason, Sir, it is one thing to say that having regard to the clear provisions of rule 75 of the Rules of Procedure and Conduct of Business the Hon'ble Minister-in-charge of the Department, having been confronted with the objections raised from the Opposition that the Bill cannot be introduced for the technical reason that it was not made available to them before five days, could not be permitted to introduce the Bill and insist on a discussion on this important Bill. But since it also fell from you that it is advisable on the part of the State Government to bring forward a detailed Bill having regard to all aspects of the matter and interests sought to be affected by the intending Bill, it would be open to the State Government to devise ways and means to bring in a new Bill. Now, in view of these observations, does it follow that the State Government cannot take recourse to its power of making an Ordinance, or, the State Government has to wait till another session is convened?

**Shri Jatin Chakraborty:** Sir, as a matter of fact, the Bill was introduced— you gave permission to the Hon'ble Judicial Minister to introduce the Bill. It was introduced. Now, in view of the ruling given by you he can easily seek leave of the House to withdraw the Bill. After that, I think, the Ordinance can be easily framed by the Government.

**Mr. Deputy Speaker:** I think there is no bar in promulgating an Ordinance. I would request the Hon'ble Minister to seek leave of the House to withdraw the Bill.

## Withdrawal of the West Bengal Court Fees Bill, 1969

**Shri Bhakti Bhusan Mandal:** Mr. Deputy Speaker, Sir, the honourable members have already made their submissions. Under the circumstances, I want to withdraw the Bill. But I will have to promulgate an Ordinance. That will not be beneficial to the friends in the Opposition.

I beg leave of the House to withdraw the Bill.

The Bill was then by leave of the House withdrawn.

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্যার, হাউস শেষ হবার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে অ্যাসেম্বলীর সমস্ত দরজাগুলো প্রসেশন আসায় বন্ধ হয়ে গেছে অতএব আমাদের বেরিয়ে যাবার কোন উপায় নেই।

**Shri Jatin Chakraborty:** It is not a fact.

**Mr. Deputy Speaker:** Honourable members, before the present session comes to an end I would like to make an announcement regarding questions. Starred questions, replies to which have been received in this Secretariat and have not been delivered in the House would be treated as unstarred questions and their answers will be circulated to the members.

Honourable members, today is the last day of this session. On behalf of the Speaker and myself I would convey my heartist thanks for your kind co-operation in the matter of transaction of the business of the House.

**Mr. Deputy Speaker:** I am also thankful to the honourable members of both sides of the House that in a calm and cool atmosphere we have discussed a Bill and with the able co-operation of the members have been able to maintain the dignity and decorum of the House.

I have it from the Governor that the Governor has, in exercise of the power conferred by Article 174(2)(a) of the Constitution, been pleased to prorogue the Assembly at the conclusion of today's sitting.

The House stands prorogued accordingly.

### Prorogation

The House was accordingly prorogued at 5-15 p.m.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

## Vol. 49—No. 3—Forty ninth Session (July-September), 1969

(The 12th, 13th, 14th, 21st, 22nd; 26th, 27th, 28th August, 8th, 9th, 10th, 11th, 12th, and 15th September, 1969)

[(Q.) Stands for question]


**Abdul Latif, Shri Mohamed**

Care School Meal Scheme (Q.): p. 404.
The City Court Amendment Bill, 1969: pp. 859-862.
Cold storages in West Bengal (Q.): p. 52.
Half-an-hour discussion regarding construction of a mill on the Saraswati riverbed at Sankrail: pp 901-905.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969. pp 195-201.
Vehicles donated by UNICEF to West Bengal (Q.): p. 246.
Wakf Board (Q.): pp. 336-337.
Who's Who Committee (Q.): pp. 401, 969.

**Abdul Quiyom Molla, Shri**

পোষ্টাফিস খোলার প্রশ্ন (প্রঃ) পৃঃ ১৪।

**Abdur Rezzaque Khan, Shri**

Statement on Calling Attention Notice regarding flood in the district of Murshidabad: pp. 512-513.

**Abdus Sattar, Shri**

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969: pp. 452-453
The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 519-520.
The Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969: pp. 877-878, 884-885.
The City Civil Court (Amendment) Bill, 1969: pp. 819-821.
The City Sessions Court (Amendment) Bill, 1969: pp. 872-874.
Income and expenditure of Calcutta State Transport Corporation (Q.): p. 955.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969: pp. 179-180.
Loans disbursed by the West Bengal Financial Corporation (Q.): p. 277.
Mention case: pp. 516-517.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 81-85.
The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969: pp. 698-699.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 619-621, 635.

**Abdus Sayeed, Shri Mir**
Mention case: pp. 423-424.

**Abedin, Dr. Zainal**
Adjournment Motion regarding inadequacy of flood relief measures in Maldah district: pp. 689-691.
The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969: pp. 454-455.
The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 528-529.
The Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969: p. 884.
The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 442-443.
The City Court Amendment Bill, 1969: pp. 868-869.
The Hooghly River Bridge Bill, 1969: p. 322.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969: pp. 185-187.
Mention case: pp. 421, 595, 780, 1047.
Point of Order: p. 1059.
Point of Privilege: p. 589.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 783-785.
Travelling allowances drawn by the Ministers (Q.): p. 845.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 96-98.
The West Bengal states Acquisition (Amendment) Bill, 1969: p. 703.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 711-712.
The West Bengal Payment of Subsistance Allowance Bill, 1969: p. 306.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 628-631.
The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969: pp. 297-298.

**Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri**
Adjournment Motion regarding inadequate flood relief measures in Maldah district: pp. 689-691.

**Abul Hassan, Shri**
Divisional Commissioners (Q.): p. 952.
The West Bengal Payment of Subsistence Allowance, Bill, 1969: p. 310.

**Abul Mansur Habibullah, Shri Syed**
The City Court Amendment Bill, 1969: pp. 866-868.
Mention case: p. 1044.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: pp. 601-602.
কেতুগ্রাম থানার আনখোনা অঞ্চলে ধানে পোকা' (প্রঃ) পৃঃ ৭৬৮।

**Adhicary, Shri Sailendra Nath**
Cases of political murder (Q.): p. 954.
Discussion on motion under rule 185: pp. 921-922.
Mention case: pp. 691, 777-778.
এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জঃ (প্রঃ) পৃঃ ৬৮৪।
বনভূমি সংরক্ষণ ও উন্নয়নঃ (প্রঃ) পৃঃ ৯৭২।

**Adjournment Motion(s)**
— regarding inadequacy of flood relief measures in Maldah district: pp. 689-691.
— regarding inadequate flood relief measures in Maldah district: pp. 689-691.

**Ahammad Aktabuddin, Shri**

জমি বিক্রয়ে মুসলমানদের নাগরিকত্বের সার্টিফিকেট দাখিলঃ (প্রঃ) পৃঃ ৫৮২।
বে-সরকারী স্কুলের শিক্ষকগণের ডি এ দেওয়ার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৪০৩।
মাদ্রাসার মঞ্জুরীঃ (প্রঃ) পৃঃ ২৭১-২৭২।

**Azizur Rahman**

Casualty of police personnel (Q.): p. 956.
Disturbances at Jagatddal (Q.): p. 973.
Office buildings for Community Development Blocks (Q.): pp. 457-458.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 105-106.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 719-720.
উচ্চতর মাধ্যমিক ও মাধ্যমিক টিফিন ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ১০১৫।
ওয়াকফ্ সম্পত্তিঃ (প্রঃ) পৃঃ ৫৮৫।
কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীর লাভ বা ক্ষতির হিসাবঃ (প্রঃ) পৃঃ ৯৭৭।
কয়েদীদের মজুরী বাবত ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ৫০২।
গো-প্রজনন কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৭।
গ্রামসেবকদের কাজের জন্য দেওয়া সরকারী মালপত্র রাখার সুষ্ঠু ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫৯।
চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলায় রাস্তা ও ব্রীজ নির্মাণের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৫০৪।
ডোমকল থানায় কুশাবাড়িয়া ও জুড়ানপুর মৌজায় উদ্ধারকৃত বেনামী জমিঃ (প্রঃ) পৃঃ ৪১৭।
নৈশ বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৩৬৫-৩৬৬।
পশ্চিমবঙ্গে চালকলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫০২।
পশ্চিমবঙ্গে পুলিসের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৭৭০।
পশ্চিমবঙ্গে সুতাকলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৪১৩।
পাটকাঠি শিল্প স্থাপনের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৯৭৮.
বহরমপুর রবীন্দ্রভবনঃ (প্রঃ) পৃঃ ৩৬২।
বহরমপুর সেন্ট্রাল জেলঃ (প্রঃ) পৃঃ ৫০২।
মন্ত্রীদের ভ্রমণের ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ৩৫৫।
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগঃ (প্রঃ) পৃঃ ২৫৮।
মুর্শিদাবাদ জেলা হইতে ভারতীয় নাগরিকের পূর্বপাকিস্তানে গমনঃ (প্রঃ) পৃঃ ৪৬৫, ৭৫২-৭৫৩।
মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরির সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৭০।
মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে টিফিন ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ২৪২-২৪৩।
মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরির সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৭০।
মুর্শিদাবাদ জেলায় আত্মহত্যার সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৭৩।
মুর্শিদাবাদ জেলায় আদায়যোগ্য কৃষি আয়করঃ (প্রঃ) পৃঃ ৫০২-৫০৩।
মুর্শিদাবাদ জেলায় ক্রেতা সমবায় সমিতি ও মার্কেটিং সোসাইটির সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৯৯।
মুর্শিদাবাদ জেলায় ফিশারমেন কো-অপারেটিভ-এর সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৬৯।
মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে কৃষি ফার্মঃ (প্রঃ) পৃঃ ৫৭৩।
মুর্শিদাবাদ জেলায় ত্রাণখাতে ও টেস্ট রিলিফের ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ১৭।
মুর্শিদাবাদ জেলায় দেবোত্তর সম্পত্তির অধীনস্থ কৃষি জমিঃ (প্রঃ) পৃঃ ৪৫৮-৪৫৯।
মুর্শিদাবাদ জেলায় প্রাইমারি শিক্ষকগণের নিকট হইতে আদায়ীকৃত শিক্ষা সেস্ঃ (প্রঃ) পৃঃ ২৬১।
মুর্শিদাবাদ জেলায় প্রাইমারি স্কুলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৪৫।
মুর্শিদাবাদ জেলায় ফেরিঘাটঃ (প্রঃ) পৃঃ ৫৮।
মৃত্যুদণ্ডাজ্ঞা প্রাপ্ত বন্দীর ফাঁসিঃ (প্রঃ) পৃঃ ৪১১।

**Azizur Rahaman** (contd)—

রাজনীতিক নির্যাতিত কর্মীদের পুত্রকন্যার শিক্ষার জন্য ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ৫৬৯।

রাণীনগর, ডোমকুল ও জলঙ্গী ব্লকে রিলিফ ও খয়রাতী সাহায্য বাবত ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ৯।

রাণীনগর হেল্থ্ সেন্টার স্থাপনঃ (প্রঃ) পৃঃ ১০১৭।

**Baksi, Shri Monoranjan**

মধ্যশিক্ষাধিকারীদের ক্ষতিপূরণের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ২৬৫।

**Bandopadhayaya, Shri Amiya Bhusan**

Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 934-935.

The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969 (Q.): pp. 188-190.

**Banerjee, Shri Subodh**

গভীর নলকূপগুলি বৈদ্যুতীকরণের প্রকল্পঃ (প্রঃ) পৃঃ ১২৭।

তল্লা ব্রীজ, মেদিনীপুরঃ (প্রঃ) পৃঃ ১৩৭।

**Barma, Shri Akshay Kumar**

The West Bengal Panchayat Bill, 1969: pp. 714-715.

**Barman, Shri Prasenjit**

Appointment of primary school teachers (Q.): p. 1031.

Committee for the Welfare of Scheduled Castes and Tribes (Q.): pp. 239-240.

**Basu, Shri Abinash**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 90-91.

**Basu, Shri Bimal Kanti**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 525-526.

Oriental Gas Company (Q.): p. 505.

কোচবিহার জেলায় উদ্বাস্তু কলোনিগুলির স্বীকৃতিঃ (প্রঃ) পৃঃ ২৫১।

কোচবিহার জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যজীবীদের সাহায্যঃ (প্রঃ) পৃঃ ১০১০।

কোচবিহার স্টেট লাইব্রেরির সহিত কোচবিহার ডিস্টিক্ট লাইব্রেরির একত্রীকরণঃ (প্রঃ) পৃঃ ৩৬৪-৩৬৫।

ডিস্ট্রিক্ট ও স্পনসর্ড লাইব্রেরিঃ (প্রঃ) পৃঃ ৩৬০।

পাকিস্তানে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকঃ (প্রঃ) পৃঃ ২৭৫।

বেনামী জমিঃ (প্রঃ) পৃঃ ৪৭৩।

মৎস্যজীবীদের সাহায্যঃ (প্রঃ) পৃঃ ৪০০।

**Basu, Shri Gopal**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: p. 528.

Capitation fee of the I.M.P.s (Q.): p. 658.

The Hooghly River Bridge Bill, 1969: pp. 321-322.

দক্ষিণ লবণ হ্রদ এলাকায় সরকারের মৎস্য চাষের জমিঃ (প্রঃ) পৃঃ ৯৬৩।

**Basu, Shri Jyoti**

The Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) Bill, 1969: pp. 876-877,, 880-881, 883, 887.

Point of Order: p. 1058.

**Basu, Shri Krishnagopal**

The City Court Amendment Bill, 1969: pp. 864-866.

**Basu, Shri Krishna Gopal**
Mention case: pp. 425, 775.
Termination of services of Shri A. R. Kahali (Q.): p. 754.
অর্থ দপ্তরের গেজেটেড অফিসার (প্রঃ)ঃ পৃঃ ৬১।
জলঢাকা বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৬১।

**Basu Ray, Shri Sunil**
Extension of statutory rationing to Rupnarayanpur and Sen-Raleigh Housing Project area (Q.): p. 559.
আসানসোল এল এম হাসপাতালের মর্গ (প্রঃ)ঃ পৃঃ ৮৯৬।
আসানসোল মহকুমার বারাবনী ও সালানপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ১০২৯।
আসানসোল মহকুমায় পঞ্চায়েত আইনের বিধিবিধান প্রয়োগ করিবার সরকারী পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ৮৯৬।
আসানসোল মহকুমায় বাস রুটের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১০৪১।
আসানসোল মহকুমায় সংগৃহীত লেভির ধান-চাল (প্রঃ)ঃ পৃঃ ১০৩৪।
আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি (প্রঃ)ঃ পৃঃ ৬৪১-৪২।
জামুরিয়া-আসানসোল রুটে বাস ধর্মঘট (প্রঃ)ঃ পৃঃ ৯৯০।
জামুরিয়া বে-আইনী মদের চোরা চালান (প্রঃ)ঃ পৃঃ ৪৭৩।
বালসুখদাস রিফ্রাক্টরি (প্রঃ)ঃ পৃঃ ৮৯৯।
রাণীগঞ্জ কোলফিল্ড কোলিয়ারি সেন্ট্রাল কো-অপারেটিভ স্টোর্স লিঃ (প্রঃ)ঃ পৃঃ ৬৫৫-৫৬।

**Bazle Ahmed, Shri**
কলিকাতা শহরে বাস চালাইবার অনুমতিপত্রে (প্রঃ)ঃ পৃঃ ২১৪।
গ্রামাঞ্চলে থানাগুলির শ্রেণীবিভাগ (প্রঃ)ঃ পৃঃ ৫৬৩।
বীরভূম জেলায় হাসপাতালের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৮৩৯-৪০।

**Bera, Shri Sasabindu**
Mention case: p. 1044.
Point of Order: p. 1065.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 98-100.

**Besterwitch, Shri A. H.**
Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 938-939.
Mention case: pp. 420, 1044.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp. 306-307.

**Bhadra, Dr. Niranjan**
Mention case: p. 595.
কৃষিজমির সর্বোচ্চ সীমা (প্রঃ)ঃ পৃঃ ৭৬৭।
কোটালদিঘী পুষ্করিণীর মালিকানা স্বত্ব (প্রঃ)ঃ পৃঃ ৬৭৭-৭৮।
বাঁকুড়া জেলায় স্পনসর্ড ও রুরাল লাইব্রেরীর সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৬৭।

**Bhandari, Shri Nitai**
হাওড়া জেলায় অগভীর নলকূপ (প্রঃ)ঃ পৃঃ ২৭৫-৭৬।
প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৪০০-৪০১।
হাওড়া জেলায় উলুবেড়িয়া-পানপুর রাস্তার জমি (প্রঃ)ঃ পৃঃ ৯১৭।

**Bhattacharjya, Shri Mrigendra**
Mention case: pp. 424-425, 1046.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 710-711.

**Bhattacharjya, Shri Mrigendra**

ক্ষীরপাই রামজীবনপুর হাইওয়ে (প্রঃ)ঃ পৃঃ ৮৩৭-৩৮।
ঘাটাল-চন্দ্রকোনা রোডে শীলাবতী নদীর উপর সেতু (প্রঃ)ঃ পৃঃ ৯৯৪।
দাসপুর থানায় জলনিকাশ সম্পর্কে বন্যা তদন্ত কমিটির সুপারিশ (প্রঃ)ঃ পৃঃ ৮৯২।
নন্দনপুর অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য টাকা এবং জমি দান (প্রঃ)ঃ পৃঃ ৩৭০-৭১।
বন্যায় কংসাবতী নদীর কিশোরপুরে বিধ্বস্ত গ্রাম ও গৃহের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৬৪৪।
বিনপুর ১নং ব্লকে সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ৬৭২।
সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি (প্রঃ)ঃ পৃঃ ৫৬৩।
হরিণঘাটা সরকারী দুগ্ধ (প্রঃ)ঃ পৃঃ ৭৭২।

**Bhattacharya, Shri Jyoti Bhusan**

The Indian Red Cross Soceity (Bengal Branch) (Amendment) Bill, 1969 pp. 173, 174-175, 180-182.

**Bhattacharya, Dr. Kanailal**

Statement regarding damage of crops due to drought in certain areas i Midnapore district: p. 903.
Statement regarding fall in price of raw jute: pp. 1042-1043.

**Bhattacharya, Shri Nani**

Statement regarding non-supply of food to T.B. patients in Dig sanatorium: pp. 592-594.

**Bhattacharyya, Shri Satyapada**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: p. 521.
Mention case: p. 424.
The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969: pp. 700-70
অকৃষি জমিকে কৃষি জমিতে রূপান্তর করণ (প্রঃ)ঃ পৃঃ ৩৯০।
উন্নয়ন সংস্থার মাধ্যমে নলকূপ খননঃ পৃঃ ১০০৫।
উচ্চ শিক্ষার জন্য পশুপালন বিভাগের কর্মীদের বিদেশ যাত্রা (প্রঃ)ঃ পৃঃ ৩৬৪।
উপ-প্রাথমিক হাসপাতালে নার্সের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২৭৩।
এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসারগণের আন্দোলন (প্রঃ)ঃ পৃঃ ২৮১।
এগ্রিকালচার এক্সটেনসন অফিসারপদে নিয়োগের যোগ্যতা (প্রঃ)ঃ পৃঃ ৪৯৪।
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফৎ ট্রেনিংপ্রাপ্ত হেল্‌থ অ্যাসিস্টেন্ট পদে নিয়োগ (প্রঃ পৃঃ ৫৮৩।
কান্দী মহকুমার ফরিদপুর মৌজায় আখেরী দিঘি (প্রঃ)ঃ পৃঃ ৬৬৬।
কলিকাতায় পশুপালন বিভাগে নূতন পদ সৃষ্টি (প্রঃ)ঃ পৃঃ ৩৫৭-৫৮।
কৃষ্টি বীজ খামার (প্রঃ)ঃ পৃঃ ২৬২।
জুনিয়র এবং সাবডিভিসনাল ল্যান্ড রেভেনিউ অফিসার পদের যোগ্যতা (প্রঃ)ঃ পৃঃ ৫৬
তপসিলী ও উপজাতি কল্যাণ দপ্তর হইতে প্রোথিত পানীয় জলের নলকূপ (প্রঃ পৃঃ ২২৬।
নার্সদিগের বদলির সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২৭২-৭৩।
বাবলা গাছের চাষ (প্রঃ)ঃ পৃঃ ৫০।
ভিজিলেন্স কমিশনের কেস নং এ এইচ ডি এস ২/৬৬ (প্রঃ)ঃ পৃঃ ৫৬৮।
মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্ক (প্রঃ)ঃ পৃঃ ৪৮৭-৮৮।
মুর্শিদাবাদ জেলার শালিন্দা ও কান্দরা মৌজায় খাস কৃষিজমির পরিমাণ (প্রঃ পৃঃ ৪৯৫।
মুর্শিদাবাদ জেলার কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি (প্রঃ)ঃ পৃঃ ৬৫৮-৫৯।
মুর্শিদাবাদ জেলায় রায়েত কেস নিষ্পত্তির সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৪৯৫-৯৬।
হেল্‌থ অ্যাসিস্টেন্ট পদে নিয়োগকরণ (প্রঃ)ঃ পৃঃ ১০২৮।

**Bhowmik, Shri Kanai**

অনন্তপুর বাণীনিকেতন গার্লস জুনিয়র হাইস্কুল (প্রঃ)ঃ পৃঃ ৪৮৬।
এনফোরসমেন্ট বিভাগে কেস দায়েরের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২৬৩-৬৪।
পশ্চিমবঙ্গে সরকারী ও স্পনসর্ড কলেজের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৩৮৬-৮৭।
ময়না-পিংলা রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ৪৮৫।
মেদিনীপুর জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (প্রঃ)ঃ পৃঃ ৩৭৮-৭৯।
মেদিনীপুর জেলায় সরকারী খাস জমির বণ্টন (প্রঃ)ঃ পৃঃ ৭৭৪।

**Bill(s)**

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) 1969: pp. 452-456.
The Bengal Municipal (Second Amendment) --, 1969: pp. 517-538.
The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Lan Control (Amendment) —, 1969: p. 876.
The Calcutta Police and the Calcutta Suburban Police (Amendment) - 1969: pp. 876-889.
The Calcutta Thika Tenancy (Amendment) --, 1969: pp. 426-428.
The Calcutta Thika Tenancy (Second Amendment) —, 1969: pp. 428-45
The City Civil Court (Amendment) —, 1969: pp. 818-824.
The City Court Amendment —, 1969: pp. 856-871.
The City Sessions Court (Amendment) —, 1969: pp. 872-875.
The Hooghly River Bridge —, 1969: pp. 320-334.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) —, 196 p. 171.
The Presidency Small Cause Court (West Bengal Amendment) —, 196 p. 875.
The Trade Unions (West Bengal Amendment) —, 1969: pp. 782-818.
The West Bengal Appropriation (No. 2) —, 1969: p. 81.
The West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 196 63) —, 1969: p. 123.
The West Bengal Court-fees —, 1969: p. 1056.
The West Bengal Duty on Inter-State River Valley Authority Electricit —, 1969: pp. 730-732.
The West Bengal Estates, Acquisition (Amendment) —, 1969: pp. 696 705.
The West Bengal Land Reforms (Second Amendment) —, 1969 pp. 616-636.
The West Bengal Panchayat —, 1969: pp. 706-730.
The West Bengal Payment of Subsistence Allowance —, 1969 pp. 303-320.
The West Bengal Premises Tenancy (Amendment) —, 1969: pp. 598-606.
The West Bengal Premises Tenancy (Second Amendment) —, 1969 pp. 606-616.
The West Bengal Salaries and Allowances (Amendment) —, 1969 pp. 296-302.
The West Bengal Taxation Laws (Amendment) —, 1969: pp. 733-740.

**Biswas, Shri Ajit Kumar**

Deep tubewells in Arambagh subdivision (Q.): p. 405.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969 pp. 190-191.
Mention case: pp. 693, 777, 779, 1051.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 790-792.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: pp. 604-605
গোঘাট থানা এলাকায় ডাকাতির সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৯৮৫।
গোঘাট থানায় ধানভাঙ্গা কলের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৭৭১।

**Biswas, Shri Ajit Kumar**

গোঘাট থানায় ফুড এন্ড রিলিফ কমিটির সদস্য গ্রহণ (প্রঃ)ঃ পৃঃ ৫৫৮।
গোঘাট থানায় হেল্‌থ সেন্টার ও সাবসিডিয়ারি সেন্টার (প্রঃ)ঃ পৃঃ ১০২৭।
সেওরা অঞ্চল জলাভূমিতে চাষের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৭৫৪-৫৫।

**Baral, Shri Monoranjan**

The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969: pp. 183-185.
কলেজ অফ লেদার টেকনোলজি, ট্যাংরা (প্রঃ)ঃ পৃঃ ৬৬২-৬৩।
ইনস্টিটিউশন ফর দি ট্রেনিং অফ মিউজিক টিচার্স (প্রঃ)ঃ পৃঃ ৪৮০-৮১।

**Business Advisory Committee**

Report of the—: p. 122.

**Calling Attention(s)**

—regarding damage of crops due to drought in certain areas in Midnapore district: p. 903.
—regarding the demonstration of the employees of the West Bengal Board of Secondary Education: p. 781.
—regarding the explosion of time bombs in the two cinema houses in Calcutta: pp. 285-286.
—regarding fall in price of raw jute: p. 1042.
—regarding Flood in the district of Murshidabad: pp. 511-514.
—regarding general strike of fifty thousand workers of Cotton Textile Industry in West Bengal: pp. 851-852.
—regarding grievances of college and university teachers: p. 73.
—regarding hunger-strike by the primary teachers, Nadia District School Board: p. 1042.
—regarding the murder of Ram Milan Kahar, an employee of Haripur Colliery, in the district of Burdwan: p. 285.
—regarding non-availability of rice in Bankura: p. 23.
—regarding non-payment of salaries to the teachers of Bhagabanpur High School, Midnapore: pp. 418-419.
—regarding non-supply of food to T.B. patients in Digri sanatorium: p. 592.
—regarding the proposed strike in Tea Gardens: pp. 286-287.
—regarding strike in Dr. R. Ahmed Dental College and Hospital: p. 1043.

**Chakravorty, Shri Debnarayan**

ইটাচুনা গার্লস স্কুল বাড়ি তৈয়ারির জন্য সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১৬৬।

**Chakraborty, Shri Sadhan Kumar**

বে-আইনী চোলাই মদ এবং অন্যান্য চোরাই জিনিস ধরার ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১০০৮।

**Chakraburty, Shri Tarak Nath**

কুলটী, সালানপুর ও হীরাপুর ব্লকে জলসেচের পাম্প (প্রঃ)ঃ পৃঃ ৭৬২।
সাঁকতোড়িয়া গ্রামে ধ্বসে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি (প্রঃ)ঃ পৃঃ ৬৪০।
সালানপুর থানায় সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৫৭৫।
সরকার পরিচালিত বিদ্যালয়ে প্রাথমিক বিভাগের ছাত্রছাত্রীদের বেতন মকুবের প্রস্তাব (প্রঃ)ঃ পৃঃ ১০২৯।
Discussion on matter under rule 194: pp. 925-926.

**Chakraborty, Shri Jatin**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: p. 532.

## INDEX


**Chakraborty, Shri Jatin**

The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 19 pp. 191-192.
Laying of corrigendum to the list of Directors of Nadia District Cent Co-operative Bank Ltd.: p. 295.
Point of Order: pp. 1058, 59.
Statement made by—regarding strike in Dr. R. Ahmed Dental Coll and Hospital: p. 1043.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 814-815
The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 19 pp. 296-297, 299-302.

**Chakravorty, Shri Nares Chandra**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: p. 520.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: p. 604.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 19 pp. 613-614.

**Chatterjee, Shrimati Nirupama**

বাগনান-শ্যামপুর রাস্তায় মেদিনীপুর ক্যানেল ব্রীজ (প্রঃ): পৃঃ ৯৯৮।

**Chattoraj, Dr. Radhanath**

দাঁড়কা স্বাস্থ্যকেন্দ্র, বীরভূম (প্রঃ): পৃঃ ২৪৫-৪৬।
বীরভূম জেলা সদর হাসপাতাল (প্রঃ): পৃঃ ৬৫৫।
বীরভূম জেলার সিউড়ী অঞ্চলের বাস সার্ভিস (প্রঃ): পৃঃ ১০৩৩।
বোলপুরে নূতন মহকুমা স্থাপনের পরিকল্পনা (প্রঃ): পৃঃ ৮৯৫।
ময়ূরাক্ষী ক্যানাল এলাকায় ফিল্ড চ্যানেল (প্রঃ): পৃঃ ৪৩।
মারজোলা কাঁদরের উপর মাইনর ইরিগেশন স্কীম (প্রঃ): পৃঃ ১০০১।
রামপুরহাট থানার খাসড়া অঞ্চলের সাজানটোলা পল্লীর অধিবাসীদের স্থানান্তরের নি (প্রঃ): পৃঃ ৮৪৭।
লাভপুর পনুটিয়া রাস্তা (প্রঃ): পৃঃ ২১।
লাভপুর থানা স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ): পৃঃ ৮৪৪।
লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীরস্থ বাঁধ (প্রঃ): পৃঃ ৫১, ৭৪৯-
সাঁইথিয়া থানার অন্তর্গত গড়গড়ে স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ): পৃঃ ৮৪১।

**Choudhury, Shri Soroshi**

চন্দ্রকোণা থানার ক্ষীরপাই পৌরসভার স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ): পৃঃ ৬৪৭।
চন্দ্রকোণা থানায় ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা (প্রঃ): পৃঃ ৫০০-৫০১।
চন্দ্রকোণা থানায় টিউবওয়েল (প্রঃ): পৃঃ ২১৮।
রেঙ্গুনে আলুর বীজ সরবরাহ (প্রঃ): পৃঃ ৫৮২।

**Chowdhury, Abdul Karim, Shri**

Enquiry into the death of Janal Chowdhury Md. Araque (Q.): p. 102

**Das, Shri Anadi**

Mention case: pp. 425, 780.
The West Bengal Payment of Subsistence Allowance, Bill, 1969: p. 31
ব্যাঁটরা থানায় কবরখানার কাছে ড্রেনের জল নিকাশের ব্যবস্থা (প্রঃ): পৃঃ ৪০৬।
হাওড়া জেলার শলপ স্টেশন হইতে একসরা স্টেশন পর্যন্ত রাস্তা (প্রঃ): পৃঃ ৪৯৫।
হাওড়া জেলার ডোমজুর ব্লকে অঞ্চল পরিষদ (প্রঃ): পৃঃ ৬৫।
হাওড়া জেলায় বেনামী জমি (প্রঃ): পৃঃ ৬৬৬।
হাওড়া জেলার বস্তিতে প্রাথমিক বিদ্যালয় সংস্থাপনের পরিকল্পনা (প্রঃ): পৃঃ ৩৬৭

**Das, Shri Banamali**
Mention case: p. 514
ঠিবা উপ-স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ২৫২।

**Das, Shri Bimal Kanti**
Defaulters in making payment to Oriental Gas Company (Q.): p. 587.
Officer for Co-ordination with the Peace Corps volunteers (Q.): p. 415.
Report about fraudulent practice by consumers of gas (Q.): p. 1016.
Rural electrification (Q.): p. 566.

**Das, Shri Deben**
শিক্ষায়তনের পরিচালকমণ্ডলীতে সরকারী মনোনয়ন (প্রঃ)ঃ পৃঃ ২৫৩-৫৪।

**Das, Shri Debendra Nath**
Appointment of teachers by the Midnapore District School Board (Q.): p. 257.
এগরা দাঁতন রাস্তা, মেদিনীপুর (প্রঃ)ঃ পৃঃ ১৫৩।
মেদিনীপুর জেলার দাঁতন ও মোহনপুর থানার জলসেচ ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৫৬।
মেদিনীপুর জেলার মোহনপুর হেল্থ সেন্টার (প্রঃ)ঃ পৃঃ ১০১৩।
শোল পাত্রা-সোনাকানিয়া রাস্তা, মেদিনীপুর (প্রঃ)ঃ পৃঃ ১৩৮, ৫৪৩।

**Das, Shri Nikhil**
The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 435-437, 451.
Copyists-Typists (Q.): p. 359.
Deputation of Typists and Copyists (Q.): pp. 345-346.
Service conditions for Estate Clerks under the Official Receiver, Calcutta High Court (Q.): p. 146.
The West Bengal Payment of Subsistence Allowance, Bill, 1969: p. 311.

**Das, Shri Paresh**
কাঁথি-নরঘাট রাস্তার উপর ব্রীজ (প্রঃ)ঃ পৃঃ ১৫২।
মেদিনীপুর জেলার খেজুরী থানায় নলকূপের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৩৮৪-৮৫।

**Das Ghose, Shri Biswanath**
Ad hoc sanction for non-teaching staff (Q.): p. 581.
Discussion on motion under rule 185: pp. 920-921.
Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 932-933.
Preservation of wild animals (Q.): p. 947.
ইক্ষু উৎপাদন (প্রঃ)ঃ পৃঃ ৫৮।
উলুবেড়িয়া শহরে খালের ধারে বসবাসকারী ব্যক্তিদের উপর উচ্ছেদের নোটিস (প্রঃ)ঃ পৃঃ ৫৯।
কলিকাতা ট্রামওয়েজ কোম্পানী (প্রঃ)ঃ পৃঃ ৯৭৪।
কলিকাতার বিভিন্ন বাজারে দৈনিক মৎস্য সরবরাহের পরিমাণ (প্রঃ)ঃ পৃঃ ৩৯৫-৯৬।
হাওড়া জেলা পরিষদ (প্রঃ)ঃ পৃঃ ১৪২।
হাওড়া জেলা প্রাথমিক স্কুল বোর্ড কর্তৃক শিক্ষক নিয়োগের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৩৯৬।

**Das Gupta, Shri Bibhuti Bhusan**
The West Bengal Panchayat Bill, 1969: pp. 706-708, 728-730.

**Dasgupta, Shri Panna Lal**
Mention case: pp. 779-780.
এ ই ও কর্মচারীদের কার্যাবলী (প্রঃ)ঃ পৃঃ ৫৮০।

**Das Mahapatra, Shri Balai Lal**

The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: p. 445.
Mention case: p. 1050.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 795-796.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 612-613.
কুষ্ঠরোগীদের চিকিৎসার ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ২৪৭-৪৮।
পল্লীভারতী উচ্চ বুনিয়াদী বিদ্যালয়, দীঘা (প্রঃ)ঃ পৃঃ ১০২৬।
লোনা জলে দীঘার সমুদ্রোপকূলবর্তী অঞ্চলের ক্ষয়ক্ষতি (প্রঃ)ঃ পৃঃ ৩৬০।

**Datta, Shri Debabrata**

অ্যাপ্লায়েড নিউট্রিশন প্রকল্প (প্রঃ)ঃ পৃঃ ৪৬৮-৬৯।
বর্ধমান জেলা হাসপাতাল (প্রঃ)ঃ পৃঃ ১০২৭।
বর্ধমান জেলার অঞ্চল পঞ্চায়েত (প্রঃ)ঃ পৃঃ ১৫৩।
বর্ধমান জেলার কৃষি কর্মের আয়-ব্যয় (প্রঃ)ঃ পৃঃ ৬৫৯।
বর্ধমান জেলার গ্রামে বিদ্যুৎ সরবরাহ (প্রঃ)ঃ পৃঃ ১৩৭, ৫৪১।
বর্ধমান জেলায় প্যাকেজ প্রোগ্রামঃ পৃঃ ৪১৩-১৪।
রেশন কার্ড শ্রেণী বিভাগীকরণের নীতি (প্রঃ)ঃ পৃঃ ৪০৯-১০।
শহরে ও গ্রামে রেশনে চিনি বণ্টন ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১৫৪।

**De, Shri Panchkari**

Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 931-932.

**Deb, Shri Harahari**

গ্রামাঞ্চলে রেশন কার্ড বিলি করার ভিত্তি (প্রঃ)ঃ পৃঃ ৬৮৩।
মেদিনীপুর জেলায় বার্ধক্যভাতাপ্রাপ্ত লোকের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৯৮৭।
সুতাহাটা থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ৮৪৩-৪৪।
হলদিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ২৪০।
হলদিয়াতে পলিটেকনিক ও উচ্চ বিদ্যালয় খোলার প্রস্তাব (প্রঃ)ঃ পৃঃ ২৩৬।

**Deb, Shri Saral**

Alleged corruption amongst Tashildars of Taraberia and Chandigar Anchals in the district of 24-Parganas (Q.): p. 566.
Construction of Health Centre in Kurula village, 24-Parganas (Q.): p. 272.
Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 939-940.
Health Centre at Beraberia (Q.): p. 369.
Mention case: pp. 423, 693, 778, 1047.
Nilganj-Kakinar Road, 24-Parganas (Q.): p. 125.
গৃহ নির্মাণ ঋণ (প্রঃ)ঃ পৃঃ ২৫৮।
গ্রুপ লোন মকুবের প্রস্তাবঃ (প্রঃ) পৃঃ ৪৬১-৪৬৩।
চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বনগাঁ থানায় পাকা রাস্তার পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৫০০।
চলতি বৎসরে পাকা রাস্তার পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৪৯৫।
২৪-পরগণা জেলার আমডাঙ্গা থানার অন্তর্গত বেড়াবেড়ি অঞ্চলে উপ-স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৩৭৬।
২৪-পরগণা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের প্রস্তাবঃ (প্রঃ) পৃঃ ৬৪৫।
পশ্চিমবঙ্গে মদ্যপান নিষিদ্ধকরণঃ (প্রঃ) পৃঃ ৪৭৫।
বারাসত ও আমডাঙ্গা ব্লকে নলকূপ সংস্কারের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৮১-৩৮২।
বারাসাত শহরে বিনা লাইসেন্সে মদ বিক্রয়ঃ (প্রঃ) পৃঃ ৬১।

**Deb, Shri Saral**

ব্যারাকপুর-বারাসত রুটে চলাচলকারি বাসের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৯৭৫।
মধ্যমগ্রাম স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ২৪৭।
মধ্যমগ্রাম ষ্টেশন হইতে বিধানপল্লী পর্যন্ত পাকা রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৩৮৪।
সরকারী ফ্ল্যাটঃ (প্রঃ) পৃঃ ২৬০-২৬১।

**Demand(s) for Grant(s)**

21—Administration of Justice: pp. 32, 36.
50—Civil works: pp. 31, 35.
37—Community Development Projects, National Extension Service and Local Development Works and 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works: pp. 33, 37.
37—Education: pp. 30, 33, 34, 37.
78-A—Expenditure connected with the National Emergency: pp. 33, 37.
25—General Administration: pp. 30, 32, 34, 36.
28—Jails: pp. 30, 34.
46—Labour and Employment: pp. 30, 34.
38—Medical: pp. 30, 33, 34, 37.
57—Miscellaneous—Contributions: pp. 31, 35.
47—Miscellaneous Departments—Excluding Fire Services nad Welfare of Scheduled Tribes etc.: pp. 31, 35.
26—Miscellaneous Departments—Fire Services: pp. 32, 36.
57—Miscellaneous—Expenditure on Displaced Persons: pp. 31, 33, 36, 37.
18—Parliament and State Legislatures: pp. 32, 36.
65—Pensions and Other Retirement Benefits: pp. 33, 37.
30—Ports and Pilotage: p. 30.
14—Stamps: pp. 32, 36.
36—Stationery and Printing: pp. 31, 35.
55—Superannuation Allowances and Pensions: pp. 31, 35.

**Deputy Speaker, Mr.**

Observation by—on the Calcutta Police and the Calcutta Suburbon Police (Amendment) Bill, 1969: pp. 885-886.
Point of Privilege: p. 915.
Ruling given by—: pp. 1061, 1067-1069.

**Dhara, Shri Sushil Kumar.**

Discussion on Motion under rule 185: pp. 923-924.
Disanssion on Motion under rule 194: p. 926.
Laying of Annual Accounts of the West Bengal State Electricity Board for the year 1967-68: p. 295.
Laying of Statements of Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimates) of the West Bengal State Electricity Board for the year 1969-70: p. 295.

**Dingal, Dr. Goburdhan.**

জমির সিলিংঃ (প্রঃ) পৃঃ ৬৮২-৬৮৩।
Discussion on Motion under rule 185: pp. 915-925.
Discussion on Motion under rule 194: pp. 925-928.

**Division(s).**

pp. 119-122, 203-209, 300-302, 529-532, 809-811, 912-915.

# INDEX


**Duley, Shri Krishna Prasad**

জমির রেকর্ড পরিবর্তনঃ (প্রঃ) পৃঃ ৯৮৫।
নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দিবার প্রস্তাবঃ (প্রঃ) পৃঃ ৬৮০।
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষাগত যাগ্যতাঃ (প্রঃ) পৃঃ ৬৭৯।

**Ekramul Haque, Dr. Md.**

বহরমপুর-কুশবেড়িয়া ঘাট রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৯৯৮।
বহরমপুর শহরে টি বি ক্লিনিকঃ (প্রঃ) পৃঃ ৬৪৯-৬৫০।
মুর্শিদাবাদ জেলার ডোমকলের এ জি হসপিটালঃ (প্রঃ) পৃঃ ৫৭৪।
মুর্শিদাবাদ জেলার বালিরঘাটে ফ্লোটিং ব্রিজঃ (প্রঃ) পৃঃ ৬৭৫-৬৭৬।
মুর্শিদাবাদ সিল্ক অ্যাসোসিয়েশনঃ (প্রঃ) পৃঃ ৪১২।

**Fazal Hakue, Dr. Md.**

কোচবিহার জেলায় বুনিয়াদী বিদ্যালয়ের সহিত তৎসংলগ্ন উচ্চ বিদ্যালয়ের সংযুক্তিকরণ (প্রঃ) পৃঃ ২৩৭।

**Ganguli, Shri Ajit Kumar**

ঠাকুরনগর বালিকা বিদ্যালয় সংলগ্ন চাষযোগ্য জমির পরিমাণঃ (প্রঃ) পৃঃ ১৬৭।

**Ghosh, Shri Bibhuti Bhusan**

Mention case: p. ?

**Ghosh, Shri Bireswar**

After-care Society for the Leprosy patients: p. 574.
Bankura Sammilani Medical College Hospital: (Q.): p. 574.
The City Court Amendment Bill, 1969: pp. 857-858.
Electric Supply Company Owned or Controlled by Ellias Co.: p. 15
Expenditure on T.R. work in Bankura district: (Q.) p. 670.
Gouripur Leprosy Hospital: (Q.) p. 247.
Leprosy Clinics in Bankura district: (Q.) p. 259.
Lift Irrigation Station at Althapratappur, Bankura: (Q.) p. 1000.
Supply of electricity in Bankura district: (Q.) p. 135.
Vacancies in the posts of nurses in Gauripur Leprosy Hospital, Bankura (Q.) p. 256.
Vacancies in the teaching staff in Bankura Sammilani Medical College (Q.) p. 577.
T. R. work in the P.W.D. Land in Bankura district: (Q.) p. 639.

**Ghosh, Shri Krishnapada**

Statement on Calling Attention Notice regarding General Strike of fift thousand workers of Cotton Textile Industry in West Bengal pp. 851-852.
Statement on Calling Attention Notice regarding the proposed Stike ir Tea Gardens: pp. 286-287.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 782-783 805-807, 812, 815-816, 817.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp. 303 313-314, 318-319, 320.

**Gofurur Rahaman, Shri**

পুরাতন মালদহ পৌর এলাকায় পানীয় জল সরবরাহের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫০৫।
মালদহ জেলার মৌলপুর মৌজায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৫০৫।

**Gofurur Rahaman, Shri**

মালদহ জেলায় নবাবগঞ্জে বৈদ্যুতীকরণের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৬৭৬-৬৭৭।
মালিন্তর বাঁধ কাটার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫৭।
মালিন্তর বাঁধ সম্বন্ধে কমিটিঃ (প্রঃ) পৃঃ ২৭৪-২৭৫।

**Galam, Mahiuddin, Shri**

আসানসোল, দুর্গাপুর, বরাকর ও কুলটির রেশনিং ব্যবস্থাঃ (প্রঃ) পঃ ৬৫০-৬৫১।
কারমাইকেল ও বেকার ছাত্রাবাসঃ (প্রঃ) পৃঃ ১০২৪।
২৮৫০ নং রেশন দোকান, কলিকাতাঃ (প্রঃ) পৃঃ ৬৫১।
শিলিগুড়িতে পূর্ণ রেশনিং ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৬৫১।

**Government Resolution.**

pp. 908-912.

**Guchhait, Shri Subodh Gopal**

The Bengal Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969: pp. 453-454.
The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 523-524.
The Calcutta Police and the Calcutta Suburbon Police (Amendment) Bill, 1969: pp. 878-879.
The City Court Amendment Bill, 1969: pp. 856-857.
The City Sessions Court (Amendment) Bill, 1969: p. 874.
Mention Case: pp. 516, 597.
The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1969: p. 702.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 721-722.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp.308-309.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 624-626.

**Guha Neogi, Shri Anil Dhar**

চিড়িয়াখানায় ছাত্রছাত্রীদের জন্য প্রবেশমূল্যঃ (প্রঃ) পৃঃ ৪১০।
জলপাইগুড়ি জেলার দলমোড় ফরেস্ট এলাকাভুক্ত জমিঃ (প্রঃ) পৃঃ ৯৯৫।
ধূপগুড়ি থানার খাস জমির পরিমাণঃ (প্রঃ) পৃঃ ৫৭৮।
বিভিন্ন রাজনৈতিক দল কর্তৃক বেনামী জমি দখলঃ (প্রঃ) পৃঃ ৮৯৩।

**Gupta, Shri Sadhan**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 524-525.
Discussion on Motion under rule 185: pp. 919-920.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 800-803.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp. 304-306.

**Gyan Singh Sohanpal, Shri.**

Arrest of Anti-social elements: (Q.) p. 978.
B. T. Colleges: (Q.) p. 1022.
Dubda Basin Drainage Project: (Q.) pp. 763-766.
Labour Welfare Centres: (Q.) p. 418.
Sale of goods smuggled from China: (Q.) p. 977.
Supply of Cast iron Sleepers to the Railways: (Q.) p. 560.
Women's Colleges: (Q.) p. 1022.

**Haldar, Shri Kuber Chand**

গোপালনগর-উত্তরপাড়া পশমশিল্পী সমবায় লিঃ, মুর্শিদাবাদঃ (প্রঃ) পৃঃ ৮৪৮।
দরিদ্র মৎস্যজীবিদের ঋণদানঃ (প্রঃ) পৃঃ ১০১০।
বালিয়াঘাট-জঙ্গীপুর রোড স্টেশন রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৪০৪-৪০৫।
বিদ্যালয় স্থাপনঃ (প্রঃ) পৃঃ ৪৯৩-৪৯৪।
মির্জাপুর হইতে স্টেট হাইওয়ে পর্যন্ত রাস্তার সংস্কার সাধনঃ (প্রঃ) পৃঃ ৪০২।

**Half-an-hour Discussion**

Regarding construction of a mill on the Saraswati River bed at Sankrail: pp. 904-908.

**Hansda, Shri Jagatpati**

Lodhas in Jhargram subdivision: (Q.) pp. 406-407.
ঝাড়গ্রাম মহকুমার জুনিয়র হাইস্কুলঃ (প্রঃ) পৃঃ ৬৬১-৬৬২।
ঝাড়গ্রাম মহকুমায় পুলিশ অফিসার ও কনস্টেবলদের থাকিবার সরকারী বাসাঃ (প্রঃ) পৃঃ ৩৭৪।
নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় পতিত ও চাষযোগ্য জমির পরিমাণঃ (প্রঃ) পৃঃ ৭৭০।
মেদিনীপুর জেলায় নয়াগ্রামে ও গোপীবল্লভপুর এলাকায় প্রাথমিক চিকিৎসাকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৪০৭।
মেদিনীপুর জেলায় নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় বাঁধ নির্মাণঃ (প্রঃ) পৃঃ ৮৯২।

**Harunur Rashid, Shri**

Mention Case: p. 1049.
উত্তর ২৪-পরগণায় বিভিন্ন হাসপাতালে ঔষধ সরবরাহঃ (প্রঃ) পৃঃ ২৭৭-২৭৮।
কলিকাতার শাখাওয়াত মেমোরিয়াল উচ্চবালিকা বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৩৬৭-৩৬৮।
লেডী ব্রাবোর্ন কলেজঃ (প্রঃ) পৃঃ ৮৯২।
হাজী মোহম্মদ মহসীনের ওয়াকফ্‌কৃত সম্পত্তিঃ (প্রঃ) পৃঃ ৪১৬।

**Hazra, Shri Monoranjan**

শ্রীমতী রাধারাণী ঘোষের মৃত্যু সম্পর্কে অভিযোগঃ (প্রঃ) পৃঃ ১৪৭।

**Hicks, Shri Clifford**

Mention case: p. 1053.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 793-794.

**Ishaque, Shri A. K. M.**

The Bengal Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1969: p. 452.
The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 521-523, 532, 537.
The Calcutta Police and the Calcutta Suburbon Police (Amendment) Bill, 1969: pp. 879-880, 885, 886.
The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 437-438.
The City Court Amendment Bill, 1969: p. 857.
Mention Case: pp. 597, 1051.
Point of Order: p. 1060.
Realisation of rent for Rental Housing flats: (Q.) p. 582.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: p. 818.

**Ishaque, Shri A. K. M.**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 111-113.
The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969: p. 298.

**Kar, Shri Dhananjoy**

ঝাড়গ্রাম মহকুমায় লোধাশুলী রগড়া রাস্তাঃ (প্রঃ) পৃঃ ১০০৬।
ঝাড়গ্রাম মহকুমায় যাঁকরাইল থানার বিভিন্ন মৌজায় বালিচাপা পড়া জমিঃ (প্রঃ) পৃঃ ২৭৯।
দুধকুন্ডি ক্যাম্পে সরকারী সাহায্যঃ (প্রঃ) পৃঃ ৭১।
প্রাথমিক বিদ্যালয়ে ট্রেনিংপ্রাপ্ত নহেন এইরূপ শিক্ষকের নিয়োগঃ (প্রঃ) পৃঃ ৪৮৯-৪৯০।
মেদিনীপুর জেলায় জলসেচ ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৯।
মেদিনীপুর জেলায় পাকা রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৬৪৩-৬৪৪।
মেদিনীপুর জেলায় হাতিগোড়িয়া ভামাল রাস্তাঃ (প্রঃ) পৃঃ ২১।

**Khan, Shri Nashiruddin**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: p. 109.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 722-723.
গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৪০৮-৪০৯।
জবর দখল উদ্বাস্তু কলোনীঃ (প্রঃ) পৃঃ ২৭৮।
ত্রিমোহণী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিঃ (প্রঃ) পৃঃ ১৬, ৩৪৫।
নওদা ও বেলডাঙ্গা থানায় প্রাইমারী স্কুলের সংখ্যাঃ(প্রঃ) পৃঃ ৬৬৭।
নওদা থানায় গভীর নলকূপঃ (প্রঃ) পৃঃ ৫৫।
মুর্শিদাবাদ জেলার নওদা থানায় নূতন রোগের প্রাদুর্ভাবঃ (প্রঃ) পৃঃ ৪০৮।

**Khan, Shri Sukhendu**

বাসুদেবপুর প্রাথমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৬৪৭।
সোনামুখি মিউনিসিপ্যাল কর্মচারী হরিজনদের জন্য বাসগৃহ নির্মানঃ (প্রঃ) পৃঃ ২৩৬-৩৭।
সোনামুখি মিউনিসিপ্যালিটির জন্য সরকার কর্তৃক গ্র্যান্টের পরিমাণঃ (প্রঃ) পৃঃ ৪৯২-৪৯৩।

**Konar, Shri Harekrishna**

The Calcutta Thika Tenancy (Amendment) Bill, 1969: pp. 426-427.
The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 428-434, 446-449, 450-452.
Statement made by—regarding the explosion of time bombs in the two Cinema Houses in Calcutta, attention called by Shri Kalipada Mandal: pp. 285-286.
Statement made by—regarding the murder of Ram Milan Kahar, an employee of Haripur Colliery, in the district of Burdwan, attention called by Shri Tarun Kanti Sengupta, Shri Haradhan Ray and Shri Sunil Basu Roy: p. 285.
The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1969: pp. 696-698, 703-705.
The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1969: pp. 616-618, 631-635, 636.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: pp. 598-599, 605.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 606-611, 614, 615.

**Kuar, Shri Gangapada**

Arrear claims of Scheduled Castes and Scheduled Tribes students (Q.): p. 267.
Distribution of Gratuitous Relief in Daspore Block I (Q.): pp. 686-687.
Distribution of gratuitous relief in Keshpur Block (Q.): pp. 687-688.
Expenditure on Scheduled Castes and Tribes students in Murshidabad (Q.): pp. 224-225.

**Kalimuddin Shams, Shri**

The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 443-444.
Mention case: p. 421.
Police officers (Q.): p. 390.

**Kar, Shri Dhananjoy**

Bus service in Jhargram police-station (Q.): p. 955.
এগ্রিকালচারাল ইন্সপেক্টরস: (প্রঃ) পৃঃ ৭৫৫-৭৫৬।
গোপীবল্লভপুর থানায় সুবর্নরেখা নদীর বন্যা নিরোধক বাঁধ: (প্রঃ) পৃঃ ৮৯৪।
গোয়াবাড়িয়ায় উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনা: (প্রঃ) পৃঃ ৬৮০।
ঝাড়গ্রাম মহকুমা বোনদশ কো-অপারেটিভ সোসাইটি: (প্রঃ) পৃঃ ১৯।
ঝাড়গ্রাম মহকুমায় দাবী করা জমিগুলি চাষীদের দিবার ব্যবস্থা: (প্রঃ) পৃঃ ৪০৫।

**Kuar, Shri Gangapada**

Flood-affected people of Keshpur Block and Daspur Block I (Q.): p. 6.
Floods in Midnapore district (Q.): p. 361.
Government loan to flood-affected people of Keshpur Block and Daspur Block I (Q.): p. 8.
Houses damaged by floods in Daspur Block I of Midnapore district (Q.). p. 62.
Midnapore-Keshpur-Narajole Road (Q.): p. 544.
Scholarships for Scheduled Castes and Tribes students (Q.): pp. 410-411.
Suicide case (Q.): p. 840.
উচ্চমাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থা: (প্রঃ) পৃঃ ২৬০।
কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প: (প্রঃ) পৃঃ ?।
কেশপুর থানায় সরকারে ন্যস্ত জমি: (প্রঃ) পৃঃ ৫৭।
চাকুরীতে তফসিলী ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা: (প্রঃ) পৃঃ ১৬০।
ডেবরা, কেশপুর এবং দাশপুর থানার প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব: (প্রঃ) পৃঃ ৮৩৮-৮৩৯।
বিদ্যালয়ে খেলার মাঠ নির্মানের জন্য সরকারী অনুদান: (প্রঃ) পৃঃ ২৫৭।
মেদিনীপুর জেলা হইতে প্রকাশিত সাপ্তাহিক পত্রিকায় সরকারী বিজ্ঞাপন: (প্রঃ) পৃঃ ১৬০।
মেদিনীপুর জেলার ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ক্ষেত্র ও নিদর্শনসমূহের প্রামান্য তথ্য:(প্রঃ) পৃঃ ১৪০।
মেদিনীপুর জেলার কেশপুর ও দাশপুর ১নং ব্লকে টিউবওয়েলের সংখ্যা: (প্রঃ) পৃঃ ৩৭৫-৩৭৬।
মেদিনীপুর জেলার দাসপুর ব্লকে ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত গৃহের সংখ্যা: (প্রঃ) পৃঃ ৪৪।
মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা: (প্রঃ) পৃঃ ৬৬৭-৬৬৯।
মেদিনীপুর জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণ: (প্রঃ) পৃঃ ১৬।
মেদিনীপুর জেলার কেশপুর থানায় এগ্রিকালচারাল ফার্ম: (প্রঃ) পৃঃ ৫৭১।
মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণ: (প্রঃ) পৃঃ ৩৪৬-৩৪৭।
যক্ষ্মা হাসপাতাল: (প্রঃ) পৃঃ ২৪৯।
লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেসিন: (প্রঃ) পৃঃ ১৫৫।

**Kuiry, Shri Daman Chandra**

পুরুলিয়া জেলার জুনিয়ার হাই স্কুলের শিক্ষকগনের বেতনঃ (প্রঃ) পৃঃ ২২৭।
পুরুলিয়া জেলায় একই ব্যক্তিকে একাধিক এজেন্সী প্রদানঃ (প্রঃ) পৃঃ ১৩৭।
পুরুলিয়া জেলায় ধান্য সংগ্রহকারী এজেন্টদের বিরুদ্ধে অভিযোগঃ (প্রঃ) পৃঃ ১৫২।

**Kumar, Shri Sudhin**

Statement on Calling Attention Notice regarding non-availability of rice in Bankura: pp. 23-24.

**Laha, Shri Mihir Kumar**

Hippies (Q.): p. 2.

**Lahiri, Shri Somnath**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 517-518, 532-536, 538.
The Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control (Amendment) Bill, 1969: p. 876.
The Hooghly River Bridge Bill, 1969: pp. 320-321, 327-328, 329, 331, 332-334.
Laying of Regulations made under Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Act, 1965: p. 295.

**Laying of**

Annual Accounts of the West Bengal State Electricity Board for the year 1967-68: p. 295.
Corrigendum to the list of Directors of Nadia District Central Co-operative Bank Ltd.: p. 295.
Regulations made under Calcutta Metropolitan Planning Area (Use and Development of Land) Control Act, 1965: p. 295.
Statements of Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimates) of the West Bengal State Electricity Board for the year 1969-70: p. 295.

**Let, Shri Panchanan**

বীরভূম জেলার ময়ুরেশ্বর থানায় টিউবওয়েল স্থাপনের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৭৭১।
বীরভূম জেলায় মল্লারপুর গ্রামে থানা হাসপাতালঃ (প্রঃ) পৃঃ ৮৪৪।
মল্লারপুর মৌজায় সরকারী খাসপুকুরে মৎস্যচাষঃ(প্রঃ) পৃঃ ৬৮৩।
মল্লারপুর হাজিপুর রাস্তাঃ (প্রঃ) পৃঃ ১০৩৭।
"মানুষের জয়যাত্রা" কিল্পঃ (প্রঃ) পৃঃ ৮৪৫।
সরকারী চাকুরিতে প্রবেশের বয়ঃসীমা করার প্রস্তাবঃ (প্রঃ) পৃঃ ১০০৩।

**Mahata, Shri Amulya Ratan**

প্রাথমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ২৫৩।
মেদিনীপুর জেলায় দফাদার ও চৌকিদারদিগের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৭৪।
মেদিনীপুর জেলায় নিম্নবুনিয়াদী শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের সংখ্যাঃ (প্রঃ) পৃ ১০২১।
মেদিনীপুর জেলায় সরকারী চকুরীরত ডাক্তারের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৭৭।
রামগড় সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৬৪৯।
রামগড় হায়ার সেকেন্ডারী স্কুলঃ (প্রঃ) পৃঃ ২৪০।
শালবনী থানায় কংসাবতী প্রকল্প হইতে সেচের জল সরবরাহঃ (প্রঃ) পৃঃ ৯৯৩।
স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ২২৯-২৩৩।

**Mahata, Shri Debendra Nath**

Co-education in the B.T. College, Purulia (Q.): p. 1000.
Drought in Purulia district (Q.): p. 360.

**Mahata, Shri Debendra Nath**

Jhalda II Block Office building (Q.): pp. 757-758.
Jhalda Block I staff quarters (Q.): p. 756.
Labourers in the district of Purulia (Q.): p. 583.
"Morgue" of the Purulia Sadar Hospital (Q.): p. 1032.
Non-availability of medicines, etc., in the Sadar Hospital, Purulia (Q.): p. 1032.

**Mahato, Shri Girish**

লাইসেন্সপ্রাপ্ত হাসকিং মেসিনঃ (প্রঃ) পৃঃ ৪৯৬।

**Maiti, Shrimati Abha**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 113-116.

**Maitra, Shri Kashi Kanta**

Advisory Committees for Primary Schools (Q.): pp. 385-386.
Centre-State relation (Q.): p. 352.
The City Court Amendment Bill, 1969: pp. 862-864.
Claim of trade union rights by the West Bengal Police Association (Q.): p. 1004.
Mention case: pp. 1048, 1051.
Point of Order: p. 1069.
Road and Building Research Institute (Q.): p. 129.
Separation of the Judiciary from the Executive (Q.): p. 501.
ব্রিক ও টাইল বোর্ডের অধীনে টালি ও ইটের ভাটাঃ (প্রঃ) পৃঃ ১০১৭।
স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের গুদামে অব্যবহৃত যন্ত্রপাতিঃ (প্রঃ) পৃঃ ৩৮৫।

**Maji, Shri Panna Lal**

Mention case: pp. 516, 691-92, 1053.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 110-11.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 724-26.
আমতা ব্লকে এম আর-এর গম বীজ হিসাবে সরবরাহঃ (প্রঃ) পৃঃ ৪৬৪-৪৬৫।
উদয়নারায়ণপুর থানায় সিনেমা হাউস স্থাপনের আবেদনঃ (প্রঃ) পৃঃ ৯৮৪।
কৃষি ঋণঃ (প্রঃ) পৃঃ ৮৫১।
নিম্ন দামোদর নদের সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৪০।
সিংটী জুনিয়র বেসিক স্কুলঃ (প্রঃ) পৃঃ ৮৪৭।
হুগলী জেলার খানাকুল থানায় মুণ্ডেশ্বরী নদীতে স্লুইস গেটঃ (প্রঃ) পৃঃ ৯৮৫।

**Maji, Shri Budheswar**

পুরুলিয়া জেলার অধিবাসীদের কল্যাণের জন্য পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৪৮০।

**Maji, Shri Gobordhan**

পুরুলিয়া জেলার বলরামপুর সিন্দরী রাস্তার সংস্কারঃ (প্রঃ) পৃঃ ১৩৬, ৫৪০।

**Majumdar, Shri Amalesh Chandra**

Mention case: p. 778.
The Trade Union (West Bengal Amendment) Bill, 1969: pp. 792-93.
কলিকাতায় বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের বেতন মকুবের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ১০২৯।
কলিকাতা, হাওড়া ও বিভিন্ন পৌর অঞ্চলগুলির প্রাথমিক বিদ্যালয়গুলিতে বৈষম্য দূরীকরণঃ (প্রঃ) পৃঃ ১০২৮।

**Makshed Ali, Shri M.**

Mention case: p. 517.

**Mallik, Shri Prabir Kumar**

Surplus cultivable land released by Eastern Railway (Q.): pp. 848-49.

**Mandal, Shri Bhakti Bhusan**

The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill 1969: pp. 452, 454-56.
The City Civil Court (Amendment) Bill, 1969: pp. 818-19.
The City Court Amendment Bill, 1969: pp. 869-71, 874,75.
The City Sessions Court (Amendment) Bill, 1969: pp. 872, 874.
Personal explanation: pp. 419-20.
Point of order: pp. 1061, 1066.
The Presidency Small Cause Court (West Bengal Amendment) Bill, 1969: p. 875.

**Mandai, Shri Hazari Lal**

Hardship of the honey collectors and wood cutters in Sunderban (Q.): p. 162.
Misappropriation of Fund of Pattikhanpur Anchal Panchayat (Q.): p. 274.
Shifting of B.D.O. Office, Hingalganj (Q.): p. 218.
Subsidiary Health Centre at Jogeshganj Anchal, 24-Parganas (Q.): p. 411.
নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনঃ (প্রঃ) পৃঃ ২৭৬।
হিংগলগঞ্জ-দুলদুলি-হেমনগর রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৯৯৪।

**Mandal, Shri Kalipada**

Mention case: pp. 422, 515, 594-95, 1046.
Psychological Clinic in Jails (Q.): p. 1018.
উলুবেড়িয়া থানায় বেনামী জমি উদ্ধারঃ (প্রঃ) পৃঃ ৪৭৩।
উলুবেড়িয়া ২নং ব্লকের চক্‌কাশী ১নং উদ্বাস্তু কলোনীর বিদ্যালয় গৃহঃ (প্রঃ) পৃঃ ৬৫
উলুবেড়িয়া ২নং ব্লকের বিদ্যুৎপ্রার্থী গ্রামের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৭৯।
উলুবেড়িয়া মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তা নির্মাণের কার্যসূচী (প্র) পৃঃ ১৫৯।
উলুবেড়িয়া সদর হাসপাতালে দুর্নীতির অভিযোগঃ (প্রঃ) পৃঃ ২৭২।
খাদি শিল্পের উন্নতির জন্য সরকারী অনুদানঃ (প্রঃ) পৃঃ ৯০০।
ক্যান্সার রোগীর পরিসংখ্যানঃ (প্রঃ) পৃঃ ২৫৯।
গা-ধান ও পার-ধানঃ (প্রঃ) পৃঃ ৪৯।
চককাশী কলোনীগুলিতে নলকূপের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৮১।
ট্রামঃ (প্রঃ) ,পৃঃ ৬৪৭-৬৪৮।
টি বি রোগমুক্ত ব্যক্তিদের পরিচর্যা ও পুনর্বাসনঃ (প্রঃ) পৃঃ ২৫৫।
নির্বীজকরণঃ (প্রঃ) পৃঃ ২৪৬।
৬নং ন্যাশনাল হাইওয়ে জমিঃ (প্রঃ) পৃঃ ৬৭০।
পথ দুর্ঘটনাব সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৮৪০-৮৪১।
পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৪১৬-৪১৭।
পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণঃ (প্রঃ) পৃঃ ৪০৬।
পশ্চিমবঙ্গে জন্ম ও মৃত্যুর হারঃ (প্রঃ) পৃঃ ২১৩।
পশ্চিমবঙ্গে টি বি রোগের চিকিৎসার জন্য শয্যার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৮৬।
পশ্চিমবঙ্গে শিল্পে স্থানীয় লোকেদের অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫৪৪।
পশ্চিমবঙ্গে স্পনসর্ড লাইব্রেরীর সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২৬২-২৬৩।
পাটের মূল্যঃ (প্রঃ) পৃঃ ১৭।
পাশপোর্টঃ (প্রঃ) পৃঃ ৪৫৯. ৭৫০-৭৫২।

**Mondal, Shri Kalipada**

ফিল্ম অ্যাডভাইসরি বোর্ডঃ (প্রঃ) পৃঃ ৬৪৫।
বনভূমিঃ (প্রঃ) পৃঃ ৬৭২।
বলরামপোতা সরকারী কলোনীতে পানীয় জলের অবস্থাঃ (প্রঃ) পৃঃ ২৮০।
বি টি কলেজঃ (প্রঃ) পৃঃ ২৮১-২৮৩।
ভাগীরথী নদীতে ফেরী ষ্টীমার চালু করার পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৯৭৮।
মৎস্যবিভাগের জন্য উপদেষ্টা পরিষদঃ (প্রঃ) পৃঃ ৪৯৮-৪৯৯।
মৃৎশিল্পীদের আর্থিক সাহায্যঃ (প্রঃ) পৃঃ ১৫৮।
রবীন্দ্র রচনাবলীঃ (প্রঃ) পৃঃ ৪০৩।
রাণাঘাট, কালনা ইত্যাদি মহকুমা হাসপাতালগুলির নির্মাণকার্যঃ (প্রঃ) পৃঃ ৪০৮।
শিল্পে কাজের ক্ষতিঃ (প্রঃ) পৃঃ ৫৬০।
সাঁকরাইল ও উলুবেড়িয়া ২নং ব্লকএলাকায় গঙ্গা নদীতে ভাঙ্গনঃ (প্রঃ) পৃঃ ১৬০।
সিজবেড়িয়া আবাদী খাল সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৫০।
সুতাকল শ্রমিকের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫১৮।
হাওড়াজেলার ফ্রিজরেশন এলাকাঃ (প্রঃ) পৃঃ ৬৮০-৬৮১।
হাওড়া জেলার জন্য ক্ষুদ্র সেচ প্রকল্পঃ (প্রঃ) পৃঃ ৭৬৯।
হাওড়া জেলায় ইরিগেশান এস ডি ও-র সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৭৬২।
হাওড়া জেলায় গো-প্রজনন কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৬৪।
হাওড়া জেলায় পাকা রাস্তাঃ (প্রঃ) পৃঃ ১৩৪।
হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৮৩৫-৮৩৭।
হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২১২।
হাওড়া জেলায় সরকার কর্তৃক ফৌজদারী মামলা প্রত্যাহারঃ (প্রঃ) পৃঃ ৪১৪।
হাওড়া ব্রীজ ট্যাক্সঃ (প্রঃ) পৃঃ ৫৫৬।
হাসপাতালের শয্যা সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৪৯৭।

**Mondal, Shri Mrityunjoy**

তফসিলী ও আদিবাসী সম্প্রদায় ছাত্রদের বৃত্তিঃ (প্রঃ) পৃঃ ৮৪৫।
নগড়া মোড় হইতে ভদ্রপুর পর্যন্ত ফিডার রোডের সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৫৪৫।
নলহাটি থানায় বেনামী জমি উদ্ধারঃ (প্রঃ) পৃঃ ৪৭০।
নলহাটী থানায় লিফট ইরিগেশন দ্বারা জলসেচ ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৭৬৮।
নলহাটী থানায় স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ২৫২।
প্রাথমিক বিদ্যালয়ের স্বীকৃতিদানঃ (প্রঃ) পৃঃ ১০০১।
বীরভূম জেলার কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্পঃ (প্রঃ) পৃঃ ১৬২।
বীরভূম জেলায় ময়ূরাক্ষী ক্যানেল দ্বারা সেচের জল সরবরাহঃ (প্রঃ) পৃঃ ৮৯৩।
বীরভূম জেলায় মাড়গ্রাম হইতে দেবগ্রাম পর্যন্ত রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৯৯৬।
ভারুনিয়া বাঁধের সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৭৬০-৭৬১।
রামপুরহাট থানায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৬৯।
রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত রেশম ব্যবসায়ীঃ (প্রঃ) পৃঃ ৪৯৯।
রামপুরহাট থানায় হাঁসন এলাকায় ক্ষতিগ্রস্ত গৃহঃ (প্রঃ) পৃঃ ৬৪৬।
রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত সিমেন্ট ব্যবসায়ীঃ (প্রঃ) পৃঃ ১৫৬।
রামপুরহাট জনিগ্রাম রাস্তা বীরভূমঃ (প্রঃ) পৃঃ ১৪১।
রামপুরহাট ও নলহাটী থানায় গভীর ও অগভীর নলকূপের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৯৮২।
রামপুরহাট ও নলহাটী থানায় বন্যা দূরীকরণের জন্য সরকারী ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৮৯৪।
রামপুরহাট ব্লক (২) অফিসঃ (প্রঃ) পৃঃ ৪১৪।
রামপুরহাট মহকুমায় হাস্কিং মেসিনঃ (প্রঃ) পৃঃ ৪১৪।
লোহাপুর স্টেশন হইতে পাঁচগ্রাম পর্যন্ত রাস্তাটির সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৫০৪।

**Mandal, Shri Subal Chandra**

কল্যাণী ইন্ডাস্ট্রিয়াল এরিয়াঃ (প্রঃ) পৃঃ ২৬৩।
নদীয়া জেলার প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী মঞ্জুরীঃ (প্রঃ) পৃঃ ১৬৬।
হুগলী নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীঃ (প্রঃ) পৃঃ ২১৪-২১৫।

**Maulick, Shri Kumarish Chandra**

Mention case: p. 423.
শরপুর-রামপুরহাট রাস্তায় দ্বারকা নদীর উপর জয়পুরে ও বিষ্ণুপুরে সেতু নির্মাণঃ (প্রঃ) পৃঃ ৩৯২।

**Mazumdar, Shri Dilip Kumar**

The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 797-98.

**Md. Sohorub, Shri**

Grants-in-aid to Junior High School (Q.): p. 213.
মুর্শিদাবাদ জেলায় নূতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদনঃ (প্রঃ) পৃঃ ১০১৫।

**Mention Case(s)**

pp. 420-426, 514-517, 691-695, 774-780, 1044.

**Misra, Shri Ahindra**

Mention Case: p. 598.

**Mitra, Sm. Ila**

Allegations of examination scandal, etc., in the Board of Secondary Education: pp. 233-235.
Corresponding rank in the teaching line to Sub-Inspector of Schools: (Q.) p. 276.
Durgapur Projects Limited: (Q.) pp. 831-832.
Financial position of the West Bengal Board of Secondary Education: (Q.) p. 391.
Mention case: p. 514.
Optimum number of students in Secondary Schools (Q.): p. 1001.
Discussion on Non-official Resolution regarding Primary Education in rural areas in West Bengal: pp. 928-931, 942-943.
Travelling allowances paid to the officials of Durgapur Projects Ltd.: (Q.) p. 897.
Untrained teachers in Secondary Schools: (Q.) p. 1037.
কোন্নগর রাজেন্দ্র স্মৃতি বিদ্যালয় স্পেশাল অডিটঃ (প্রঃ) পৃঃ ৮৪৩।
গঙ্গারামপুর এলাকায় মেসার্স গণেশ টকি শোর মালিককে লাইসেন্স প্রদানঃ (প্রঃ) পৃঃ ৬৪১।
ঘাটতির ভিত্তিতে অনুদান না পাওয়া বিদ্যালয়ের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৯৯৭।
পশ্চিম বাংলার বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে ছাত্র-ছাত্রীদের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৪।
মধ্যশিক্ষা পর্ষতের প্রকাশিত সংস্কৃত পুস্তক বাঁধাইবার খরচঃ (প্রঃ) পৃঃ ২৬৫-৬৬।
মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ পরিচালন ব্যবস্থায় অশিক্ষক কর্মচারী প্রতিনিধিঃ (প্রঃ) পৃঃ ৩৮০-৮১।

**Mohammad Ali, Shri**

Numbers of Magistrates in Criminal Courts in Malda district: (Q.) pp. 335-336.
মালদহ জেলায় টি আর এবং জি আর বাবদ খরচঃ (প্রঃ) পৃঃ ৩৫৯।
মালদহ জেলায় প্রাথমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৫৬৪।
মালদহ শহরে বাস্তহারা কলোনীর উদ্বাস্তদের বাস্তজমি দানঃ (প্রঃ) পৃঃ ৬৭৫।

**Mahammad Idris Ali, Shri**

পূর্ব পাকিস্তানে পাশ করা ডাক্তারদের পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃতিদানঃ (প্রঃ পৃঃ ৬৭৭।

**Mahammad Salimuddin, Shri**

The West Bengal Panchayat Bill, 1969: pp. 716-717.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969 pp. 627-628.
ইসলামপুর মহকুমা হইতে গরু-মহিষ চুরির ঘটনাঃ (প্রঃ) পৃঃ ১০৪০।

**Mohammed Amin, Shri**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 85-87.

**Mondal, Shri Amarendra**

ট্রাম ও বাস উভয় যানবাহন চলাচলের রাস্তায় বাসের সংখ্যা হ্রাসঃ (প্রঃ) পৃঃ ৯৭৩।

**Mondal, Shri Ganesh Chandra**

ইছামতী নদীর ভাঙ্গন রোধ করিবার জন্য পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ২১৫।
কালিনগর-বসিরহাট বাসরুটের কাঠের পুলগুলি পাকা করার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৪৮০।
কালিনগর সার্কেলে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৯৯৯।
ক্যানিং লঞ্চঘাট, ক্যানিং রেলস্টেশন রাস্তাঃ (প্রঃ) পৃঃ ১০০২।
গ্রামাঞ্চলে টি বি হাসপাতাল খোলার পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৬৫৬।
গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষকদের হাজিরাঃ (প্রঃ) পৃঃ ১০৩৮।
গোসাবা থানা এলাকার খোয়া-ঢালা রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৫৫৮।
গোসাবা ব্লক উন্নয়ন অফিসঃ (প্রঃ) পৃঃ ৬৮১-৮২।
গোসাবা ভূমি সংস্কার মণ্ডলের অধীন কয়েকটি মৌজার অনাদায়ী খাজনাঃ (প্রঃ) পৃঃ ৪৪।
গোসাবা ও সন্দেশখালি ২নং ব্লকে উন্নয়ন আধিকারিকঃ (প্রঃ) পৃঃ ২১৮।
তফসিলী জাতি ও তফসিলী উপজাতির বিদ্যার্থীদের জন্য হোস্টেলঃ (প্রঃ) পৃঃ ৫০৮-৫০৯।
২৪-পরগনা জেলায় বাতিল আঞ্চলিক পরিষদের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৬১।
২৪-পরগনা জেলার বিভিন্ন মহকুমায় ত্রাণ কার্যঃ (প্রঃ) পৃঃ ৯৮৩।
২৪-পরগনা জেলায় ঐতিহাসিক স্মৃতিবিজড়িত স্থাপত্যশিল্পঃ (প্রঃ) পৃঃ ১০৩৯।
পাঠানখালি হাইস্কুল ও শম্ভুনগর হাইস্কুলঃ (প্রঃ) পৃঃ ২৫৪-৫৫।
বসিরহাট মহকুমা ম্যাজিস্ট্রেটের আদালতে বিচারাধীন মামলার সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৭৭১।
বসিরহাট মহকুমা হাসপাতালঃ (প্রঃ) পৃঃ ৮৪২-৪৩।
মশার উপদ্রবঃ (প্রঃ) পৃঃ ১০৩৮।
মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটিঃ (প্রঃ) পৃঃ ২৭০-৭১।
মালিনগর ও সন্দেশখালি রাস্তায় নদীর জেটি মেরামতঃ (প্রঃ) পৃঃ ৯৯৪।
মেডিকেল কলেজে ছাত্রছাত্রী ভর্তির ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৯৯০।
সন্দেশখালি-ভাঙ্গনখালি রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৪৯১।
সন্দেশখালি ভূমি সংস্কার মণ্ডল অধীন বিভিন্ন মৌজায় খাস জমিঃ (প্রঃ) পৃঃ ৫৮৬।
সন্দেশখালি ভূমি সংস্কার মণ্ডলের অধীনে খেয়াঘাটের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৮৭।
সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও গোসাবা থানার সমাজবিরোধীদের দমনঃ (প্রঃ) পৃঃ ৮৪৯-৫০।
সিনেমার অশ্লীল প্রাচীরপত্রঃ (প্রঃ) পৃঃ ২৯৬।
সুন্দরবন এলাকা হইতে আদায়ীকৃত রাজস্বঃ (প্রঃ) পৃঃ ৪৯৭-৯৮।
সুন্দরবন এলাকায় জলনিকাশের জন্য স্লুইশ গেটঃ (প্রঃ) পৃঃ ৮৯৪।
সুন্দরবন এলাকায় পশুচিকিৎসা কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ১৪।

**Mondal, Shri Kumud Ranjan**

Mention Case: p. 1047.
কলিকাতার হাসপাতালগুলিতে মৎস্যের প্রয়োজনঃ (প্রঃ) পৃঃ ২৭৩-৭৪:

**Mondal, Shri Kumud Ranjan**

জেলা ফিসারী করার সরকারী পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৫৭৬।
২৪-পরগণা জেলার বারুইপুর থানায় ডাকাতির সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৯৭৪।
পশ্চিমবঙ্গে বেকার ইঞ্জিনীয়ার গ্র্যাজুয়েটের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৮২-৮৩।
পশ্চিমবঙ্গে লুনাটিক এসাইলামের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫০৭।
পাটের উৎপাদনঃ (প্রঃ) পৃঃ ৪৭২।
মহাকরণে শীতাতপ নিয়ন্ত্রিত ঘরঃ (প্রঃ) পৃঃ ১৩১।
যক্ষ্মা হাসপাতালঃ (প্রঃ) পৃঃ ২৬০।
বারাইপুর থানায় হাসপাতালের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২৪৯।
বারুইপুর ব্লকে টিউবওয়েলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৭৭।
হোমিওপ্যাথিক হাসপাতালঃ (প্রঃ) পৃঃ ২৫৭।

**Mandal, Shri Sasanka Sekhar**

Distribution of Government acquired lands in Majhkhanda mauza: (Q.) p. 125.
উপযুক্ত স্ট্যাম্প না দিয়া দলিল রেজেস্ট্রিকরনঃ (প্রঃ) পৃঃ ৩৯২।
দ্বারকা নদীর বন্যা প্রতিরোধকারী বাঁধের সংস্কারঃ (প্রঃ) পৃঃ ১৫।
দ্বারকা নদীর বন্যা প্রতিরোধকারী বাঁধের সংস্কারঃ (প্রঃ) পৃঃ ৩৪৪।
প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের অনুদানঃ (প্রঃ) পৃঃ ৩৪৮-৫০।
ব্লক অফিস ও বি ডি ও-র কোয়ার্টার, নলহাটিঃ (প্রঃ) পৃঃ ৪১২-১৩।
বীরভূম জেলার রামপুরহাট জেলের সম্প্রসারণ ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৭২।
বীরভূম জেলার রামপুরহাটে দমকলের শাখা স্থাপনের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৫০৪।
বীরভূম জেলার রামপুরহাট থানার অধীন ১নং এবং ২নং উন্নয়ন ব্লকে কৃষিঋণ বিলিঃ (প্রঃ) পৃঃ ৩৬১।
বীরভূম জেলায় রামপুরহাট ১নং ব্লকে অগ্নিকাণ্ডজনিত ক্ষয়ক্ষতিঃ (প্রঃ) পৃঃ ৬৪১।
রামপুরহাট কলেজ পরিচালনা সমিতিঃ (প্রঃ) পৃঃ ৯৮৬।
রামপুর মহকুমা হাসপাতালঃ (প্রঃ) পৃঃ ১০৩০।
রামপুরহাট মহকুমায় মার্কেটিং সোসাইটিঃ (প্রঃ) পৃঃ ৫৬৪।
রামপুরহাট থানায় ১নং ও ২নং উন্নয়ন ব্লকে বলদ ক্রয় ঋণ বণ্টনঃ (প্রঃ) পৃঃ ৯৭৫।
রামপুরহাট থানায় ঝড়ে ক্ষতিগ্রস্তদের অনুদানঃ (প্রঃ) পৃঃ ৩৫৪।
রামপুরহাট মহকুমায় আংশিক রেশন ডিলারের বরখাস্তের ঘটনাঃ (প্রঃ) পৃঃ ৪০৯।
শুঁড়ি চুয়া বিমান বন্দরের জমিঃ (প্রঃ) পৃঃ ৪৭২।

**Mookherjee, Shri Bama Pada**

আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিঃ (প্রঃ) পৃঃ ৪১২।
আসানসোল ওয়াগন ভাঙ্গার ঘটনাঃ (প্রঃ) পৃঃ ৯৭৭।
আসানসোল ক্রীড়া পরিষদ কর্তৃক চ্যারিটি শো-এর টাকার হিসাবঃ (প্রঃ) পৃঃ ৯৭৩।
আসানসোল খনি অঞ্চলে সরকারের অনাদায়ী রয়্যালটিঃ (প্রঃ) পৃঃ ১৪১।
আসানসোল ফৌজদারী ও সিভিল আদালতে বিচারাধীন মামলাঃ (প্রঃ) পৃঃ ৩৪৭-৪৮।
আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটিঃ (প্রঃ) পৃঃ ৩৫০-৫১।
আসানসোল হোলসেল কনজিউমার্স কো অপারেটিভ সোসাইটির অডিট রিপোর্টঃ (প্রঃ) পৃঃ ৩৫২।
খনি অঞ্চলে ধ্বস প্রতিরোধঃ (প্রঃ) পৃঃ ৫৩৯।
ডিসেরগড় ঘাটে দামোদর নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ৫৫৫।
বরাকর নদী এবং দামোদর নদী ঘাট হইতে বালি তোলার জন্য লাইসেন্সঃ (প্রঃ) পৃঃ ৫৪৬।
বরাকর প্রাইমারী হেলথ সেন্টার অ্যাডভাইসারী বোর্ডঃ (প্রঃ) পৃঃ ১০২৫।
বরাকর শ্রী মাড়োয়ারী বিদ্যালয়ের বাণিজ্য বিভাগঃ (প্রঃ) পৃঃ ১০২৬।
হীরাপুর নির্বাচনক্ষেত্রে কূপ খননঃ (প্রঃ) পৃঃ ২৩৮-৩৯।

**Mukherjee, Shri Amritendu**

বগুলা শ্রীকৃষ্ণ কলেজ প্রাঙ্গণে টেস্ট রিলিফ খাতে পুকুর খননের স্কীমঃ (প্রঃ) পৃঃ ৩৫৬-৫৭।

**Mukherjee, Shri Anil Kumar**

Cases of Crimes: (Q.) p. 952.
The City Court Amendment Bill, 1969: pp. 858-859.
Discussion on non-official Resolution regarding Primary Education in rural areas in West Bengal: pp. 933-934.
Mention case: pp. 426, 598, 694, 778.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 123-124.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: p. 311-312.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 626-627.
আবগারী দোকানঃ (প্রঃ) পৃঃ ৯৯১।
কলিকাতায় পলিক্লিনিকের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৫৩-৫৪।
বাঁকুড়া জেলায় বিদ্যালয় পরিচালক সমিতি বাতিলঃ (প্রঃ) পৃঃ ১০২৮।
সকল কলেজে ইউনিফর্ম পে স্কেলঃ (প্রঃ) পৃঃ ৮৩৫।
স্পোর্টস কাউন্সিলঃ (প্রঃ) পৃঃ ৯৭৫।

**Mukherjee, Shri Animesh**

Jaldhaka Hydro-Electric Project: (Q.) p. 548.

**Mukherjee, Shri Bhabani**

চন্দননগর কলেজের জনৈক অধ্যাপকঃ (প্রঃ) পৃঃ ২২৭।
দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবঙ্গে গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্তঃ (প্রঃ) পৃঃ ২৬৬-৬৭।
Half-an-Discussion regarding construction of a mill on the Saraswati River bed at Sankrail: pp. 906-907.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969: pp. 201-202.

**Mukherjee, Shri Jaykesh**

Discussion on Motion under rule 185: p. 919.
জেলে মানসিক ব্যাধিগ্রস্ত ব্যক্তিঃ (প্রঃ) পৃঃ ১০১১।
বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলির খাজনা মকুবের সিদ্ধান্তঃ (প্রঃ) পৃঃ ৬৬৩।

**Mukherjee, Shri Niranjan**

পিয়ালীতে অবস্থিত সেচ বিভাগের পতিত জমিঃ (প্রঃ) পৃঃ ৫৫।

**Mukherjee, Shri Nirmal Kumar**

Motor Launch Service between Shibpur and Chandpal Ghat: (Q.) p. 988.

**Mukherjee, Shri Rabin**

The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 785-788.

**Mukhopadhyay, Shri Ajoy Kumar**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 81, 117-119.
The West Bengal Appropriation (Excess Expenditure, 1961-62 and 1962-63) Bill, 1969: pp. 123-124.
The West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Bill, 1969: pp. 730-732.

**Mukhopadhyay, Shri Ajoy Kumar**

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969: pp. 733-740, 745-747.

**Mukhapadhaya, Sm. Geeta**

Damaged equipments of the Coke Oven Plant (Q.): p. 897.
Installation of the Coal Washery Plant at Durgapur: (Q.) pp. 833-834.
Mention Case: p. 514.
Stock of Coke at Plant Site of the Durgapur Project Ltd.: (Q.) pp. 832-833.
ঝাড়গ্রাম মহকুমায় শীলদা ব্লকে স্বাস্থ্যকেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ১০৩০।
দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের অফিসারদের জন্য সরকারী গাড়ীঃ (প্রঃ) পৃঃ ৯৮৯।
দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের কোকঃ (প্রঃ) পৃঃ ৫৫৯।

**Murmu, Shri Nathaniel**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 536-537.
Mention Case: p. 420.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: p. 800.
Tribal Language Commission: (Q.) pp. 243-244.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969· pp. 102-103.

**Murmu, Shri Nimai Chand**

T. R. Scheme in Malda: (Q.) p. 388.
উত্তরবঙ্গে সরকার পরিচালিত কৃষি খামারঃ (প্রঃ) পৃঃ ২৬৪-৬৫।
পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৪৭৮-৭৯।
পশ্চিমবঙ্গে সরকারী ফরেস্টের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৯৬৫।
মালদহ জেলার আদিবাসী ও তফসিলী জাতির বিদ্যার্থীদের প্রদত্ত শিক্ষানুদানঃ (প্রঃ) পঃ ৪৮৪।
মালদহ জেলায় টেস্ট রিলিফ স্কীমঃ (প্রঃ) পৃঃ ৪১৭-১৮।
মালদহ জেলায় ধানের বীজ সরবরাহঃ (প্রঃ) পৃঃ ২৩।
মালদহ জেলায় নলকূপ ও রিংওয়েল-এর সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৪৮৪-৮৫।
মালদা জেলায় প্রাইমারী জুনিয়ার হাই, হাই ও হায়ার সেকেন্ডারী স্কুলঃ (প্রঃ) পৃঃ ৩৭৭-৭৮।
মালদহ জেলায় ফেরীঘাটের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২৬৪।

**Nahar, Shri Bijoy Singh**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 87-90.

**Naskar, Shri Narayan**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 100-102.
ক্যানিং থানার ডাবু স্লুইস গেটঃ (প্রঃ) পৃঃ ৭৬২-৬৩।
বিদ্যাধরী নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত অঞ্চলের খাজনা মকুবঃ (প্রঃ) পৃঃ ৪৭১-৭২।

**Neogy, Shri Brajo Gopal**

The West Bengal Panchayat Bill, 1969: pp. 717-719.

**Non-official Resolution**

Regarding Primary Education in rural areas in West Bengal: pp. 928-943.

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad**

Allegation of examination scandal etc. in the Board of Secondary Education: (Q.) pp. 233-235.

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad**

The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 441-442.
Oil exploration programme at Bodra: (Q.) p. 143.
Upgradation of teachers and specialists of non-teaching hospitals: (Q.) p. 1021.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp. 312-313.

**Obituary References**

pp. 637-638.

**Padmalakshmi Subba, Shri**

The Bengal Municipal (Second Amendment) Bill, 1969: pp. 527-528.
Carrying contract for P.W.D. materials at Kalimpong (Q.): p. 130.
Damaged irrigation channels in Kalimpong: (Q.) pp. 758-759.
Higher Secondary Schools with Agriculture Stream: (Q.) p. 252.
House building loan to the flood-affected people of Kalimpong: (Q.) p. 69.
Inaccessible villages in Kalimpong (Q.): pp. 829-830.
Labourers employed in Rango Government Medicinal and Ipecac plantation: (Q.) p. 1002.
Lockout of Upper Fagu and Sanbvong Tea Gardens (Q.): pp. 383-384.
Mention Case: p. 1053.

**Pahari, Shri Bibhuti**

Discussion on non-official Resolution regarding Primary Education in rural areas in West Bengal: pp. 937-938.
Judge Court in Contai: (Q.) p. 1.
Point of Privilege: p. 962.
এগরা থানার ১নং ব্লক অফিসে চুরিঃ (প্রঃ) পৃঃ ১৬১।
এগরা ব্লকের সরকারী জীপঃ (প্রঃ) পঃ ৪৭০-৭১।
কালীনগরে রসুলপুর নদীর উপর ব্রীজঃ (প্রঃ) পৃঃ ১৩০।
তাজপুর জুনিয়ার বেসিক স্কুলঃ (প্রঃ) পৃঃ ২২।
পটাশপুর থানার জনসাধারণের দেওয়ানী মামলা কাঁথি মুন্সেফ আদালতে করিবার ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৯৩।
প্রাইমারী ও জুনিয়ার হাই স্কুলের জন্য সরকার প্রকাশিত বইঃ (প্রঃ) পঃ ৬০।
প্রাইমারী স্কুলের শিক্ষকদের মাসিক বেতন ও ভাতাঃ (প্রঃ) পৃঃ ২১৭-১৮।
ফ্রেজারগঞ্জে টুরিস্টদের আকর্ষণের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৭৭।
বিদ্যাসাগর বি, টি, ট্রেনিং কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগঃ (প্রঃ) পৃঃ ২৪৫।
মেদিনীপুর জেলার এগরা থানার পিরিজ খাবাড় গ্রামে নলকূপঃ (প্রঃ) পৃঃ ১০১৬।
মেদিনীপুর জেলার এগরা থানায় সংস্কৃত টোলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৯৩-৯৫।
মেদিনীপুর জেলার কাঁথি এস ডি ও অফিসে বিভিন্ন স্তরের সরকারী কর্মচারীর সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৩৬৮।
মেদিনীপুর জেলায় কুষ্ঠ ইউনিটঃ (প্রঃ) পৃঃ ১০১৬।
মেদিনীপুর জেলায় বাসরুটের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৫৬৫।
মেদিনীপুর জেলার শ্যামপুর গ্রামে হেলথ সেন্টারঃ (প্রঃ) পৃঃ ২৭১।
সরকারী পোলট্রি ফার্মঃ (প্রঃ) পৃঃ ৪।
সিনেমায় বাংলা ছবিঃ (প্রঃ) পৃঃ ৩৫৬।
হলদিয়া নদীর উপর ব্রীজঃ (প্রঃ) পৃঃ ১৫০।

**Pakray, Shri Gobardhan**

ভেটেরিনারী ফিল্ড অ্যাসিস্ট্যান্টঃ (প্রঃ) পৃঃ ৩৫৫।
প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রঃ (প্রঃ) পৃঃ ৩৬১-৬২।
সদরঘাটে দামোদর নদের উপর সেতু নির্মাণ প্রকল্পঃ (প্রঃ) পৃঃ ৫৫৭।

**Panda, Shri Bhupal Chandra**

The West Bengal Estate Acquisition (Amendment) Bill, 1969: pp. 699-700.
বয়স্কশিক্ষা পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ২২৮, ৩৩৯-৪৩।
মেচেদা রেল স্টেশন হইতে হলদিয়া পর্যন্ত রাস্তার অবস্থাঃ (প্রঃ) পৃঃ ২২।
শপস্ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট পরিদর্শকের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৫৭-৫৮।

**Pathak, Shri Patitpaban**

The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 796-797.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: pp. 309-310.

**Personal explanation**

pp. 419-420.

**Poddar, Shri Deokinandan**

The Calcutta Thika Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 440-41.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: pp. 602-603.

**Point of Order**

pp. 853-56.

**Point of Privilege**

pp. 589, 915.

**Pramanik, Shri Abinash**

The West Bengal Panchayat Bill, 1969: pp. 720-21.

**Pramanik, Shri Radhika Ranjan**

Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 935-36.

**Purkait, Shri Probodh**

Mention case: p. 517.
অন্ধ গ্র্যাজুয়েটদের শিক্ষকরূপে নিয়োগের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ১০৩২।
অন্ধ বালক ও বালিকাদের জন্য প্রাথমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ১০৩১।

**Question(s)**

Academic qualification for nomination of the Governing Bodies of Colleges: p. 20.
Acquisition of khas and benami lands: p. 950.
Ad hoc sanction for non-teaching staff: p. 581.
Advisory Committees for primary schools: pp. 385-86.
Advisory Committee for superseded schools, 24-Parganas: p. 497.
After-Care Society for the Loprosy patients: p. 574.
Agricultural Credits Corporation: p. 650.
Allegation of examination scandal, etc. in the Board of Secondary Education: pp. 233-35.
Alleged corruption amongst Tashildars of Taraberia and Chandigar Anchals in the district of 24-Parganas: p. 566.

**Question(s)**

Amount realised by way of certificate proceedings for non-implementation of tribal awards and agreements: p. 547.
Appointment of primary school teachers: p. 1031.
Appointment of school mothers: p. 368.
Appointment of teachers by the Midnapore District School Board: p. 257.
Arabic teaching staff in colleges: p. 500.
Arrear claims of Scheduled Castes and Scheduled Tribes students: p. 267.
Arrest of anti-social elements: p. 978.
2 B.M.C. canal: p. 767.
B.T. College: p. 1022.
Bankura Sammilani Medical College Hospital: p. 574.
Bus routes in Murshidabad: p. 957.
Bus service in Jhargram police-station: p. 955.
Capitation fee of the I.M.P.s: p. 658.
CARE School Meal Scheme: p. 404.
Carrying contract for P.W.D. materials at Kalimpong: p. 130.
Cases of bomb explosion in Calcutta: p. 978.
Cases of crimes: p. 952.
Cases of political murder: p. 954.
Casualty of police personnel: p. 956.
Centre-State relation: p. 352.
Charges against the societies by the Power-loom Enquiry Commission, 1967: pp. 338-39.
Claim of Trade Union rights by the West Bengal Police Association: p. 1004.
Co-education in the B.T. College, Purulia: p. 1000.
Cold storages in West Bengal: p. 52.
Committee on Plan Resources: p. 365.
Committee for the Wellfare of Scheduled Castes and Tribes: pp. 239-40.
Construction of bridge over the Damodar river at Sadar Ghat: p. 674.
Construction of Health Centre in Kusulia village, 24-Parganas: p. 272.
Construction of Polytechnic Institute Building at Kurseong: p. 21.
Copyists-typists: p. 359.
Corresponding rank in teaching line to Sub-Inspector of Schools: p. 276
Daily income from State buses on certain routes: p. 945.
Damaged equipments of the Coke Oven Plant: pp. 897-98.
Damaged Houses in Keshpur Block of Midnapore district: p. 216.
Damaged irrigation channels in Kalimpong: pp. 758-59.
Defaulters in making payment to Oriental Gas Company: p. 587.
Deep tube-wells in Arambagh subdivision: p. 405.
Deputation of Typists and Copyists: pp. 345-46.
Direction of High Court regarding cases of appeal of teachers: p. 996.
Distribution of Government acquired lands in Majhkhanda mauza: p. 125
Distribution of gratuitous relief in Daspore Block I: pp. 686-87.
Distribution of gratuitous relief in Keshpur Block: pp. 687-88
Disturbances at Jagaddal: p. 973.
Divisional Commissioners: p. 952.
Documentary Films: p. 156.
Drought in Purulia district: p. 360
Dubda Basin Drainage Project: pp. 763-66.
Durgapur Fertiliser Factory: p. 19
Durgapur Projects Limited: pp. 831-32.
Electric Supply Company owned or controlled by Ellias Co.: p. 151.
Enquiry into the death of Janal Chowdhury Md. Araque: p. 1021.
Enquiry into the utilisation of funds by the Principal, Barasat Government College: p. 1010.

**Question(s)**


Expenditure on Scheduled Castes and Tribes students in Murshidabad: pp. 224-25.
Expenditure on T.R. work in Bankura district: p. 670.
Extension of statutory rationing to Rupnarayanpur and Sen-Raleigh Housing Project area: p. 559.
Financial help to the Tribal students of Murshidabad district: p. 223.
Financial position of the West Bengal Board of Secondary Education: p. 391.
Flood-affected people of Keshpur Block and Daspur Block-I: p. 6.
Floods in Midnapore district: p. 361.
Ford Foundation Aid: p. 369.
Galsi River Research Station in Burdwan district: p. 38.
Gherao of S.D. of Alipurduar at Farakka: p. 565.
Gouripur Leprosy Hospital: p. 247.
Government loan to flood-affected people of Keshpur Block and Daspur Block-I: p. 8.
Grants-in-aid to Junior High School: p. 213.
Hardship of the honey-collectors and wood-cutters in Sundarban: p. 162.
Health Centre at Beraberia: p. 369.
Higher Secondary Schools with Agriculture Streams : p. 252.
Hippies: p. 2.
House building loan to the flood-affected people of Kalimpong: p. 69.
House building loans to Low Income Group: p. 575.
Houses damaged by floods in Daspur Block-I of Midnapore district: p. 62.
Inaccessible villages in Kalimpong : pp. 829-30.
Income and expenditure of Calcutta State Transport Corporation: p. 955.
Installation of the coal washery plant at Durgapur: pp. 833-34.
Introduction of one direct line of administration of agriculture: p. 474.
Issue of bus route permits : p.
Jaldhaka Hydro-Electric Project: p. 548.
Jhalda II Block office building: pp. 757-58.
Jhalda Block I staff quarters: p. 756.
Judge Court in Contai: p. 1.
Labour Welfare Centres: p. 418.
Labourers in the district of Purulia: p. 583.
Labourers employed in Rango Government Medicinal and Ipecac Plantation: p. 1002.
Leprosy Clinics in Bankura district: p. 259.
Lift Irrigation Station at Althapratappur, Bankura: p. 1000.
Loans disbursed by the West Bengal Financial Corporation: p. 277.
Lock-out of Upper Fagu and Sambyoug Tea Gardens: pp. 383-384.
Lodhas in Jhargram subdivision: pp. 406-407.
Loss of production during the strike period: p. 219.
Loss in production in mills and factories: p. 554.
Midnapore-Keshpur-Narajole Road: p. 544.
Misappropriation of fund of Patikhanpur Anchal Panchayat: p. 274.
"Margue" of the Purulia Sadar Hospital: p. 1032.
Motor Launch service between Shibpur and Chandpal Ghat: p. 988.
Nilganj-Kakinara Road, 24-Parganas : p. 125.
Non-availability of medicines, etc., in the Sadar Hospital, Purulia: p. 1032.
Number of free primary schools in Calcutta Municipal area: p. 841.
Numbers of Magistrates in Criminal Courts in Malda district: pp. 335-336.
Office buildings for Community Development Blocks: pp. 457-458.
Officer for Co-ordination with the Peace Corps Volunteers: p. 415.
Oil exploration programme at Bodra: p. 143.
Optimum number of students in secondary schools: p. 1001.
Oriental Gas Company: pp. 133, 505.

**Question(s)**

Pay scale, etc., of the Librarians and peons under the Rural Libraries: p. 1041.
Number of teachers under District School Boards: p. 63.
Point of privilege: p. 962.
Police officers: p. 390.
Preservation of wild animals: p. 947.
Primary schools in Tribal villages in Midnapore: p. 486.
Progress of Housing Scheme: p. 654.
Progress in Tourism in West Bengal: p. 1041.
Psychological clinic in jails: p. 1018.
Purchase of shares of Industrial and Commercial Companies by the Government: pp. 685-686.
Rate of bus fare: p. 948.
Rates of rent for houses under L.I.G. Housing Scheme: p. 570.
Realisation of rent for Rental Housing flats: p. 582.
Recommendations of the Kalyani University Commission: pp. 470, 753-754.
Recruitment of constables: p. 957.
Requisition of transports for cordoning: p. 1037.
Report about fraudulent practice by consumers of gas: p. 1016.
Representation for reorganisation of agricultural set-up: p. 475.
Road and Building Research Institute: p. 129.
Rupnarayan Distillery: p. 573.
Rural electrification: p. 566.
Sale of goods smuggled from China: p.
Scholarships for Scheduled Castes and Tribes students: pp. 410-411.
Separation of the Judiciary from the Executive: p. 501.
Service conditions, etc., of the employees of the Oriental Gas Co.: p. 150.
Service conditions for Estate Clerks under the Official Receiver, Calcutta High Court: p. 146.
Shifting of B.D.O. Office, Hingalganj: p. 218.
Stock of coke at plant site of the Durgapur Project Ltd.: pp. 832-833.
Subsidiary Health Centre at Jogeshganj Anchal, 24-Parganas: p. 411.
Suicide case: p. 840.
Supply of cast iron sleepers to the Railways: p. 560.
Supply of electricity in Bankura district: p. 135.
Surplus cultivable land released by Eastern Railway: pp. 848-849.
Surplus hands in Government services: p. 986.
T.R. Scheme in Malda: p. 388.
T.R. work in the P.W.D. land in Bankura district: pp. 639-640.
Tenements under Low and Middle Income Group Housing Schemes: p. 1023.
Termination of services of Shri A. R. Kahali: p. 754.
Travelling allowances drawn by the Minister: pp. 845-846.
Travelling allowances paid to the officials of Durgapur Projects Ltd.: p. 897.
Tribal Language Commission: pp. 243-244.
Unemployment figure: p. 546.
Unlicensed private taxis: p. 974.
Untrained teachers in secondary schools: p. 1037.
Upgradation of teachers and specialists of non-teaching hospitals: p. 1021.
Urban Community Development Scheme: p. 389.
Vacancies in the posts of Arabic and Persian teachers in certain colleges: p. 1015.
Vacancies in the posts of nurses in Gouripur Leprosy Hospital, Bankura: p. 256.

**Question(s)**

Vacancies in the teaching staff in Bankura Sammilani Medical College: p. 577.
Vehicles donated by UNICEF to West Bengal: p. 246.
Wakf Board: pp. 336-337.
Who's Who Committee: pp. 401, 969.
Women's College: p. 1022.
Working of Employees State Insurance Scheme: p. 561.
অকৃষি জমিকে কৃষি জমিতে রূপান্তরকরণঃ পৃঃ ৩৯০।
অজয়, দামোদর ও বরাকর নদের বালি বিক্রয় সম্পর্কে সরকারী নীতিঃ পঃ ২৬৮-৬৯।
অর্থ দপ্তরের গেজেটেড অফিসারঃ পৃঃ ৯৮২।
অধ্যক্ষ ও অধ্যাপকদের কলেজে অধ্যাপনার কাজে বয়ঃসীমাঃ পৃঃ ২২৯।
অধিকবার আমন ধান চাষের প্রকল্পঃ পৃঃ ৪৭৪।
অনন্তপুর বাণীনিকেতন গার্লস জুনিয়ার হাইস্কুলঃ পৃঃ ৪৮৬।
অন্ধ গ্র্যাজুয়েটদের শিক্ষকরূপে নিয়োগের ব্যবস্থাঃ পৃঃ ১০৩২।
অন্ধ বালক ও বালিকাদের জন্য প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ১০৩১।
অরাংগাবাত ও ধুলিয়ানে বিড়ি কারখানাঃ পৃঃ ৬৬।
অ্যাপ্লায়েড নিউট্রিকান প্রকল্পঃ পৃঃ ৪৬৮-৬৯।
আদিবাসীদের জন্য প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ৪০৪।
আন্তঃজেলা বাসরুটের সংখ্যাঃ পৃঃ ৯৬১।
আবগারী দোকানঃ পৃঃ ৯৯১।
আমতা ব্লকে এম আর-এর গম বীজ হিসাবে সরবরাহঃ পৃঃ ৪৬৪-৬৫।
আরংগাবাদ ও দয়ারামপুরে ভাঙ্গনঃ পৃঃ ৮৯৬-৯৭।
আরামবাগ ও হাবড়া থানায় নূতন তৈরী রাস্তার সংখ্যাঃ পৃঃ ২১২।
আসানসোল ইলেট্রিক সাপ্লাই কোম্পানীঃ পৃঃ ৪১২।
আসানসোল এল এম হাসপাতালের মাঠঃ পৃঃ ৮৯৬।
আসানসোল ওয়াগন ভাঙ্গার ঘটনাঃ পৃঃ ৯৭৭।
আসানসোল ক্রীড়া পরিষদ কর্তৃক চ্যারিটি শো-এর টাকার হিসাবঃ পৃঃ ৯৭৩।
আসানসোল খনি অঞ্চলে সরকারের অনাদায়ী রয়ালটিঃ পৃঃ ১৪১।
আসানসোল, দুর্গাপুর, বরাকর ও কুলটির রেশনিং ব্যবস্থাঃ পৃঃ ৬৫০-৫১।
আসানসোল মহকুমার বারাবনী ও সালানপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ১০২৯।
আসানসোল মহকুমার বিভিন্ন ব্লকে তফসিলভুক্ত জাতি ও উপজাতির বাস্তুভিটা বিক্রয় ও বন্ধকঃ পৃঃ ৩৮০।
আসানসোল মহকুমায় পঞ্চায়েত আইনের বিধিবিধান প্রয়োগ করিবার সরকারী পরিকল্পনাঃ পৃঃ ৮৯৬।
আসানসোল মহকুমায় বাসরুটের সংখ্যাঃ পৃঃ ১০৪১।
আসানসোল মহকুমায় মাধ্যমিক স্কুলে ম্যানেজিং কমিটিঃ পৃঃ ৪৮১-৮২।
আসানসোল ফৌজদারী ও সিভিল আদালতে বিচারাধীন মামলাঃ পৃঃ ৩৪৭-৪৮।
আসানসোল মহকুমায় সংগৃহীত লেভির ধান-চালঃ পৃঃ ১০৩৪।
আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটিঃ পঃ ৩৫০-৫১, ৬৪১-৪২।
আসানসোল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির অডিট রিপোর্টঃ পৃঃ ৩৫২।
ইক্ষু উৎপাদনঃ পৃঃ ৫৮।
ইছামতী নদীর ভাঙ্গন রোধ করিবার জন্য পরিকল্পনাঃ পৃঃ ২১৫।
ইটাচুনা গার্লস স্কুলবাড়ি তৈয়ারীর জন্য সরকারী সাহায্যঃ পৃঃ ১৬৬।
ইনস্টিটিউশন ফর দি ট্রেনিং অফ মিউজিক টীচার্সঃ পৃঃ ৪৮০-৮১।
ইসলামপুর মহকুমা হইতে গরুমহিষ চুরির ঘটনাঃ পৃঃ ১০৪০।
উচ্চ মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগারিক নিয়োগের ব্যবস্থাঃ পৃঃ ১৬০।

**Question(s)**

উচ্চ শিক্ষার জন্য পশুপালন বিভাগের কর্মীদের বিদেশ যাত্রাঃ পৃঃ ৩৬৪।
উচ্চতর মাধ্যমিক ও মাধ্যমিক টিফিন ব্যবস্থাঃ পৃঃ ১০১৫।
উত্তর ২৪-পরগনার বিভিন্ন হাসপাতালে ঔষধ সরবরাহঃ পৃঃ ২৭৭-৭৮।
উত্তরবঙ্গে সরকার পরিচালিত কৃষি খামারঃ পৃঃ ২৬৪-৬৫।
উদয়নারায়ণপুর থানায় সিনেমা হাউস স্থাপনের আবেদনঃ পৃঃ ৯৮৪।
উদ্বাস্তু পরিবারদের কৃষিঋণঃ পৃঃ ৬০।
উন্নয়ন সংস্থার মাধ্যমে নলকূপ খননঃ পৃঃ ১০০৫।
উপঢৌকী কমপ্লিট বেসিক বিদ্যালয়ঃ পৃঃ ১৬৭।
উপ-প্রাথমিক হাসপাতালে নার্সের সংখ্যাঃ পৃঃ ২৭৩।
উপযুক্ত স্ট্যাম্প না দিয়া দলিল রেজেস্ট্রিকরণঃ পৃঃ ৩৯২।
উলুবেড়িয়া থানায় বেনামী জমি উদ্ধারঃ পৃঃ ৪৭৩।
উলুবেড়িয়া ২নং ব্লকের চককোশী ১নং উদ্বাস্তু কলোনীর বিদ্যালয় গৃহঃ পৃঃ ৬৫।
উলুবেড়িয়া ২নং ব্লকের বিদ্যুৎপ্রার্থী গ্রামের সংখ্যাঃ পৃঃ ৫৭৯।
উলুবেড়িয়া মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তা নির্মাণের কার্যসূচীঃ পৃঃ ১৫৯।
উলুবেড়িয়া শহরে খালের ধারে বসবাসকারী ব্যক্তিদের উপর উচ্ছেদের নোটিসঃ পৃঃ ৫৯।
উলুবেড়িয়া সদর হাসপাতালে দুর্নীতির অভিযোগঃ পৃঃ ২৭২।
এ ই ও কর্মচারীদের কার্যাবলীঃ পৃঃ ৫৮০।
এই রাজ্যের ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে রেলওয়ে পর্ষদের কাজের অর্ডারঃ পৃঃ ৩৯৬-৯৭।
এক্সটেনসন অফিসারঃ পৃঃ ৫৬৯।
এগরা থানার ১নং ব্লক অফিসে চুরিঃ পৃঃ ১৬১।
এগরা-দাঁতন রাস্তা, মেদিনীপুরঃ পৃঃ ১৫৩।
এগরা ব্লকের সরকারী জীপঃ পৃঃ ৪৭০-৭১।
এগ্রিকালচার এক্সটেনসন অফিসারগণের আন্দোলনঃ পৃঃ ২৮১।
এগ্রিকালচার এক্সটেনসন অফিসারপদে নিয়োগের যোগ্যতাঃ পৃঃ ৪৯৪।
এগ্রিকালচারাল ইন্সপেক্টরসঃ পৃঃ ৭৫৫-৫৬।
এনফোরসমেন্ট বিভাগে কেস দায়েরের সংখ্যাঃ পৃঃ ২৬৩-৬৪।
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জঃ পৃঃ ৬৮৪।
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ সাঁওতাল প্রার্থীর নাম তালিকাভুক্তঃ পৃঃ ৫৮৩।
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফৎ ট্রেনিংপ্রাপ্ত হেল্থ অ্যাসিস্টেন্ট পদে নিয়োগঃ পৃঃ ৫৮৩।
ওয়াকফ্ সম্পত্তিঃ পৃঃ ৫৮৫।
কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় স্মৃতিরক্ষাঃ পৃঃ ১২৮।
কল্যাণী ইন্ডাস্ট্রিয়াল এরিয়াঃ পৃঃ ২৬৩।
কল্যাণী কৃষি কলেজের ছাত্রসংখ্যাঃ পৃঃ ৬৫৯।
কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীঃ পৃঃ ৯৭৪।
কলিকাতা ট্রামওয়েজ কোম্পানীর লাভ বা ক্ষতির হিসাবঃ পৃঃ ৯৭৭।
কলিকাতা, হাওড়া ও বিভিন্ন পৌর অঞ্চলগুলির প্রাথমিক বিদ্যালয়গুলিতে বৈষম্য দূরীকরণঃ পৃঃ ১০২৮।
কলিকাতা শহরে বাস চালাইবার অনুমতিপত্রঃ পৃঃ ২১৪।
কলিকাতার বিভিন্ন বাজারে দৈনিক মৎস্য সরবরাহের পরিমাণঃ পৃঃ ৩৯৫-৯৬।
কলিকাতার শাখাওয়াত মেমোরিয়াল উচ্চ বালিকা বিদ্যালয়ঃ পৃঃ ৩৬৭-৬৮।
কলিকাতাস্থ সেচ ও জলপথ দপ্তরের দখলীভুক্ত জমির লীজঃ পৃঃ ৪৯।
কলিকাতায় পলিক্লিনিকের সংখ্যাঃ পৃঃ ৩৫৩-৫৪।
কলিকাতায় পশুপালন বিভাগে নূতন পদ সৃষ্টিঃ পৃঃ ৩৫৭-৫৮।
কলিকাতায় বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীদের বেতন মকুবের পরিকল্পনাঃ পৃঃ ১০২৯।
কলিকাতার হাসপাতালগুলিতে মৎস্যের প্রয়োজনঃ পৃঃ ২৭৩-৭৪।
কলিকাতায় শিল্প সংস্থাপনের লাইসেন্সঃ পৃঃ ১৮।

**Question(s)**

কলেজ অফ লেদার টেকনোলজি, ট্যাংরাঃ পৃঃ ৬৬২-৬৩।
কয়েদীদের মজুরী বাবত ব্যয়ঃ পৃঃ ৫০২।
কাটোয়া থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণঃ পৃঃ ৭৭০।
কানা ময়ূরাক্ষী নদীর উপর সাঁকো নির্মাণঃ পৃঃ ৮৩৪।
কানা ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের সরকারী পরিকল্পনাঃ পৃঃ ৮৩৩।
কান্দী থানায় বাস্তু জমির খাজনা মাপঃ পৃঃ ৩৮৩।
কান্দী ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেটঃ পৃঃ ৯৭৯।
কান্দী মহকুমার ফরিদপুর মৌজায় আখেরী দিঘীঃ পৃঃ ৬৬৬।
কান্দী মহকুমায় অগভীর নলকূপঃ পৃঃ ২৬২।
কারখানায় বেআইনী লক-আউটঃ পৃঃ ৫৫০।
কারমাইকেল ও বেকার ছাত্রাবাসঃ পৃঃ ১০২৪।
কালিনগর-বসিরহাট বাস-রুটের কাঠের পুলগুলি পাকা করার ব্যবস্থাঃ পৃঃ ৪৮৭।
কালিনগর সার্কেলে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৯৯৯।
কালিয়াচক-গোপালগঞ্জ রাস্তায় পাগলা নদীর উপর সেতু নির্মাণঃ পৃঃ ১০৩৩।
কালিয়াচক থানায় ৩৪নং জাতীয় সড়কের ১৬ মাইল হইতে জরলাহী রাস্তার কাজঃ পৃঃ ১০৩৩।
কালীনগরে রসুলপুর নদীর উপর ব্রীজঃ পৃঃ ১৩০।
কাংস্য শিল্পীদের রাং ও তামা সরবরাহঃ পৃঃ ৪০১-৪০২।
কাঁকপুল হইতে রাজবেড়িয়া পর্যন্ত পাকা রাস্তাঃ পৃঃ ৪৯২।
কাঁথি-নরঘাট রাস্তার উপর ব্রীজঃ পৃঃ ১৫২।
ক্যান্সার রোগীর পরিসংখ্যানঃ পৃঃ ২৫৯।
ক্যানিং থানার ডাবু স্লুইস গেটঃ পৃঃ ৭৬২-৬৩।
ক্যানিং লঞ্চঘাট, ক্যানিং রেলস্টেশন রাস্তাঃ পৃঃ ১০০২।
কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পঃ পৃঃ ১০১৩।
কুলটি, সালানপুর ও হীরাপুর ব্লকে জলসেচের পাম্পঃ পৃঃ ৭৬২।
কুষ্ঠরোগীদের চিকিৎসার ব্যবস্থাঃ পৃঃ ২৪৭-৪৮।
কৃত্রিম উপায়ে ফল পাকানঃ পৃঃ ৩৮৯।
কৃষকদের সাহায্যের জন্য কৃষিঋণঃ পৃঃ ১৩।
কৃষি-উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির পরিকল্পনাঃ পৃঃ ৬৫৪।
কৃষিঋণঃ পৃঃ ১২, ৩৪৩-৪৪, ৮৫১।
কৃষিজমির সর্বোচ্চ সীমাঃ পৃঃ ৭৬৭।
কৃষি বিজ্ঞানের সম্প্রসারণের জন্য সরকারী ব্যবস্থাঃ পৃঃ ৫৮০।
কৃষি বীজ খামারঃ পৃঃ ২৬২।
কেতুগ্রাম থানার আনখোনা অঞ্চলে ধানে পোকাঃ পৃঃ ৭৬৮।
কেন্দ্রীয় বা অন্য রাজ্য সরকারে প্রেরিত আই এ এস এবং আই পি এস অফিসারঃ পৃঃ ৯৭৬।
কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের স্থানান্তরিতকরণঃ পৃঃ ৩৫২-৫৩।
কেশপুর থানায় সরকারে ন্যস্ত জমিঃ পৃঃ ৫৭।
কেশিয়াড়ি-কুলবনি রাস্তাঃ পৃঃ ৪৮৭।
কেশিয়ারী রিভার পাম্প স্কীমে অতিরিক্ত পাইপের জন্য আবেদনপত্রঃ পৃঃ ২১৫।
কোচবিহার জেলায় উদ্বাস্তু কলোনীগুলির স্বীকৃতিঃ পৃঃ ২৫১।
কোচবিহার জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যজীবিদের সাহায্যঃ পৃঃ ১০১০।
কোচবিহার জেলায় বুনিয়াদী বিদ্যালয়ের সহিত তৎসংলগ্ন উচ্চ বিদ্যালয়ের সংযুক্তিকরণঃ পৃঃ ২৩৭।
কোচবিহার স্টেট লাইব্রেরীর সহিত কোচবিহার ডিস্ট্রিক্ট লাইব্রেরীর একত্রীকরণঃ পৃঃ ৩৬৪-৬৫।
কোটালদীঘি পুষ্করিণীর মালিকানা স্বত্বঃ পৃঃ ৬৭৭-৭৮।

**Question(s)**

কোন্নগর রাজেন্দ্র স্মৃতি বিদ্যালয় স্পেশাল অডিটঃ পৃঃ ৬৪৩।
শেরপুর-রামপুরহাট রাস্তায় দ্বারকা নদীর উপর জয়পুর ও বিষ্ণুপুরে সেতু নির্মাণঃ পৃঃ ৩৯২।
ক্ষিরপাই-রামজীবনপুর হাইওয়ে রাস্তাঃ পৃঃ ৮৩৭-৩৮।
খনি অঞ্চলে ধ্বস প্রতিরোধঃ পৃঃ ৫৩৯।
খড়্গপুর মিউনিসিপ্যালিটির নির্বাচনঃ পৃঃ ৩৭২।
খড়গ্রাম হাসপাতাল-কান্দী রাস্তাঃ পৃঃ ৯৯৭।
খাগড়াঘাট রেল স্টেশনের বৈদ্যুতিকরণঃ পৃঃ ৫৭৮।
খাদি শিল্পের উন্নতির জন্য সরকারী অনুদানঃ পৃঃ ৯০০।
খুন, আত্মহত্যা, ডাকাতি ইত্যাদির সংখ্যাঃ পৃঃ ৩৮৭।
খেলাধূলার জন্য বহরমপুর মহাকালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়কে জমি দিবার প্রস্তাবঃ পৃঃ ৩৭১।
গঙ্গারামপুর এলাকায় মেসার্স গণেশ টকি শোর মালিককে সিনেমার লাইসেন্স প্রদানঃ পৃঃ ৬৪১।
গঙ্গায় স্টীমার ফেরী সার্ভিসঃ পৃঃ ৯৭২।
গভীর নলকূপগুলি বৈদ্যুতিকরণের প্রকল্পঃ পৃঃ ১২৭।
গড়বেতা থানায় সরকারী জুট ফার্মঃ পৃঃ ৬৮২।
গড়বেতা হাসপাতালঃ পৃঃ ২৪৪-৪৫।
গড়বেতার সরকারী কোল্ড স্টোরেজঃ পৃঃ ৪৭৩-৭৪।
গান্ধী মেমোরিয়াল হাসপাতাল, কল্যাণীঃ পৃঃ ১০২৫।
গ্রাম পর্যায়ে তথ্য ও জনসংযোগ ব্যবস্থাঃ পৃঃ ৫০০-৫০৬।
গ্রামসেবক ও গ্রামসেবিকাদের ভূমি সংস্কারের কাজে নিয়োগঃ পৃঃ ৬৫৩।
গ্রামসেবক ও গ্রামসেবিকার সংখ্যাঃ পৃঃ ৬৭৯।
গ্রামসেবকদের কাজের জন্য দেওয়া সরকারী মালপত্র রাখার সুষ্ঠু ব্যবস্থাঃ পৃঃ ৫৯।
গ্রামাঞ্চলে টি বি হাসপাতাল খোলার পরিকল্পনাঃ পৃঃ ৬৫৬।
গ্রামাঞ্চলে থানাগুলি শ্রেণীবিভাগঃ পৃঃ ৫৬৩।
গ্রামাঞ্চলে রেশন কার্ড বিলি করার ভিত্তিঃ পৃঃ ৬৮৩।
গ্রামাঞ্চলের প্রাথমিক শিক্ষকদের হাজিরাঃ পৃঃ ১০৩৮।
গ্রামে বিদ্যুৎ সরবরাদের ব্যবস্থাঃ পৃঃ ৪০৮-৪০৯।
গ্রুপ লোন মকুবের প্রস্তাবঃ পৃঃ ৪৬১-৬৩।
গৃহনির্মাণ ঋণঃ পৃঃ ২৫৮।
গো-ঋণ ও সার-ঋণঃ পৃঃ ৪৯।
গোঘাট থানা এলাকায় ডাকাতির সংখ্যাঃ পৃঃ ৯৮৫।
গোঘাট থানায় ধানভাঙ্গা কলের সংখ্যাঃ পৃঃ ৭৭১।
গোঘাট থানায় ফুড এন্ড রিলিফ কমিটির সদস্য গ্রহণঃ পৃঃ ৫৫৮।
গোঘাট থানায় হেল্‌থ সেন্টার ও সাবসিডিয়ারী সেন্টারঃ পৃঃ ১০২৭।
গোপালনগর উত্তরপাড়া পশমশিল্পী সমবায় লিঃ, মুর্শিদাবাদঃ পৃঃ ৮৪৮।
গোপীবল্লভপুর থানায় সুবর্ণরেখা নদীর বন্যা নিরোধক বাঁধঃ পৃঃ ৮৯৪।
গো-প্রজনন কেন্দ্রঃ পৃঃ ৭।
গোসাবা থানা এলাকার খোয়া-ঢালা রাস্তাঃ পৃঃ ৫৫৮।
গোসাবা ব্লক উন্নয়ন অফিসঃ পৃঃ ৬৮১-৮২।
গোসাবা ভূমি সংস্কার মন্ডলের অধীন কয়েকটি মৌজার অনাদায়ী খাজনাঃ পৃঃ ৪৪।
গোসাবা ও সন্দেশখালি ২নং ব্লকে উন্নয়ন আধিকারিকঃ পৃঃ ২১৮।
গোয়াবাড়িয়ায় উদ্বাস্তু পুনর্বাসন পরিকল্পনাঃ পৃঃ ৬৮০।
গৌরীপুর ইলেকট্রিক সাপ্লাই পাওয়ার স্টেশনঃ পৃঃ ৮২৬।
ঘাটতির ভিত্তিতে অনুদান না পাওয়া বিদ্যালয়ের সংখ্যাঃ পৃঃ ৯৯৭।
ঘাটাল চন্দ্রকোনা রোড শীলাবতী নদীর উপর সেতুঃ পৃঃ ৯৯৪।

**Question(s)**

ঘোষ কমিশনের ব্যয়ঃ পৃঃ ৩৮১।
চককালী কলোনীগুলিতে নলকূপের সংখ্যাঃ পৃঃ ৫৮১।
চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় বনগাঁ থানায় পাকা রাস্তার পরিকল্পনাঃ পৃঃ ৫০০।
চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলায় রাস্তা ও ব্রীজ নির্মাণের পরিকল্পনাঃ পৃঃ ৫০৪।
চন্দননগর কলেজের জনৈক অধ্যাপকঃ পৃঃ ২২০।
চন্দ্রকোণা থানার ক্ষীরপাই পৌরসভার স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৬৪৭।
চন্দ্রকোণা থানায় টিউবওয়েলঃ পৃঃ ২১৮।
চন্দ্রকোণা থানায় ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যাঃ পৃঃ ৫০০-৫০১।
চব্বিশপরগনা জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের প্রস্তাবঃ পৃঃ ৬৪৫।
চলচ্চিত্র উন্নয়ন বোর্ডঃ পৃঃ ১৫২।
চলতি বৎসরে পাকা রাস্তার পরিকল্পনাঃ পৃঃ ৪৯৫।
চাকুরীতে তফসিলী ও আদিবাসীদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থাঃ পৃঃ ১৬০।
চারা পোনা মাছের ডিম ব্যবসায়ীদের ঋণ দেওয়ায় ব্যবস্থাঃ পৃঃ ৫৮৬।
চিকিৎসা ক্ষেত্রে লাইসেন্সিয়েট ও কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করার প্রস্তাবঃ পৃঃ ৩৭২-৭৩।
চিনি কলঃ পৃঃ ৫৫২।
চিড়িয়াখানায় ছাত্রছাত্রীদের জন্য প্রবেশমূল্যঃ পৃঃ ৪১০।
ছোটশিল্পী ও কারীগরদের জন্য সরকারী ঋণঃ পৃঃ ৯৬১।
জঙ্গীপুর ও কান্দী মহকুমায় গভীর নলকূপ খননঃ পৃঃ ১০০০।
জনসাধারণের আবেদন-নিবেদন নিষ্পত্তির জন্য সরকারী ব্যবস্থাঃ পৃঃ ৩৯৬।
জবরদখল উদ্বাস্তু কলোনীঃ পৃঃ ২৭৮।
জমি বিক্রয়ে মুসলমানদের নাগরিকত্বের সার্টিফিকেট দাখিলঃ পৃঃ ৫৮২।
জমিদারদের ক্ষতিপূরণ দানঃ পৃঃ ৯৭৮।
জমির রেকর্ড পরিবর্তনঃ পৃঃ ৯৮৫।
জমির সিলিংঃ পৃঃ ৬৮২।
জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণঃ পৃঃ ৫৫০।
জলঢাকা বিদ্যুৎ প্রকল্পঃ পৃঃ ৮২৬-২৮।
জলঢাকা বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র হইতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাঃ পৃঃ ৬১।
জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণঃ পৃঃ ৮২৫-২৬।
জলপাইগুড়ি জেলা বিদ্যায় পর্ষদ-এর বদলে উপদেষ্টা সমিতিঃ পৃঃ ১০৩৬।
জলপাইগুড়ি জেলার গ্রামাঞ্চলে রাস্তা পাকা করার পরিকল্পনাঃ পৃঃ ১০০৩।
জলপাইগুলি জেলার দলমোড় ফরেস্ট এলাকাভুক্ত জমিঃ পৃঃ ৯৯৫।
জলপাইগুড়ি জেলার যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধঃ পৃঃ ৭৫০।
জলপাইগুডি জেলায় অভাবী মেধাবী ছাত্রাছাত্রীদের সরকারী সাহায্যঃ পৃঃ ১০২৪।
জলপাইগুডি জেলায় গভীর নলকূপের সংখ্যাঃ পৃঃ ১০১৮।
জলপাইগুড়ি জেলায় গ্রাম্য জল সরবরাহ স্কীমে নলকূপের সংখ্যাঃ পৃঃ ৫০৬-৫০৭।
জলপাইগুডি জেলায় জি আর বন্টনঃ পৃঃ ১০৩৪।
জলপাইগুড়ি জেলায় টেস্ট রিলিফের কাজঃ পৃঃ ৮৯৫।
জলপাইগুড়ি জেলায় তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের শিক্ষার অগ্রগতির জন্য অর্থ সাহায্যঃ পৃঃ
জলপাইগুড়ি জেলায় প্রাইমারী ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৯৮৯।
জলপাইগুড়ি জেলায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাবঃ পৃঃ ৬৪৮।
জলপাইগুড়ি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত বাসগৃহঃ পৃঃ ৮৪৮।
জলপাইগুড়ি জেলায় হাটবাজারের সংখ্যাঃ পৃঃ ৯৮৪।
জাতীয় ভলন্টিয়ার বাহিনীঃ পৃঃ ৩৯৯।
জামুরিয়া আসানসোল রুটে বাস ধর্মঘটঃ পৃঃ ৯৯০।

**Question(s)**

জামুরিয়ার বেআইনী মদের চোরা চালানঃ পৃঃ ৪৭৩।
জিয়াগঞ্জ মার্কেটিং সোসাইটিঃ পৃঃ ৯৯২।
দি জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ ঃ পৃঃ ১০০৯।
জেল কোডের সংস্কার সম্বন্ধে সরকারী সিদ্ধান্তঃ পৃঃ ৩৮৬।
জেলা প্রচার দপ্তরের কাজঃ পৃঃ ২৮০।
জেলে মানসিক ব্যাধিগ্রস্ত ব্যক্তিঃ পৃঃ ১০১১।
জুনিয়ার এবং সার্বডিভিশনাল ল্যান্ড রেভিনিউ অফিসার পদের যোগ্যতাঃ পৃঃ ৫৬৭।
জেলা ফিসারী করার সরকারী পরিকল্পনাঃ পৃঃ ৫৭৬।
জেলা ও আঞ্চলিক পরিষদের অফিস বাড়িঃ পৃঃ ৫০৭-৫০৮।
জেলাস্তরে খাদ্য ও ত্রাণ কমিটিঃ পৃঃ ১১।
ঝাড়গ্রাম মহকুমা ঋণদান কো-অপারেটিভ সোসাইটিঃ পৃঃ ১৯।
ঝাড়গ্রাম মহকুমার জুনিয়র হাইস্কুলঃ পৃঃ ৬৬১-৬২।
ঝাড়গ্রাম মহকুমায় দাবী করা জমিগুলি চাষীদের দিবার ব্যবস্থাঃ পৃঃ ৪০৫।
ঝাড়গ্রাম মহকুমায় পুলিশ অফিসার ও কনস্টেবলদের থাকিবার সরকারী বাসাঃ পৃঃ ৩৭৪।
ঝাড়গ্রাম মহকুমায় লোধাশুলী রগড়া রাস্তাঃ পৃঃ ১০০৬।
ঝাড়গ্রাম মহকুমায় শীলদা ব্লকে স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ১০৩০।
ঝাড়গ্রাম মহকুমার সরকারী খাস জমির বণ্টনঃ পৃঃ ৮৯৯-৯০০।
ঝাড়গ্রাম মহকুমায় সাঁকরাইল থানার বিভিন্ন মৌজায় বালিচাপা পড়া জমিঃ পৃঃ ২৭৯।
ট্রামঃ পৃঃ ৬৪৭-৪৮।
ট্রাম ও বাস উভয় যানবাহন চলাচলের রাস্তায় বাসের সংখ্যা হ্রাসঃ পৃঃ ৯৭৩।
টি বি রোগমুক্ত ব্যক্তিদের পরিচর্যা ও পুনর্বাসনঃ পৃঃ ২৫৫।
ঠাকুরনগর বালিকা বিদ্যালয় সংলগ্ন চাষযোগ্য জমির পরিমাণঃ পৃঃ ১৬৭।
ঠিকা উপ-স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ২৫২।
ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অব স্কুলঃ পৃঃ ২৫৫।
ডিস্ট্রিক্ট ও স্পনসর্ড লাইব্রেরীঃ পৃঃ ৩৬০।
ডিসেরগড় ঘাটে দামোদর নদীর উপর সেতু নির্মাণের পরিকল্পনাঃ পৃঃ ৫৫৫।
ডুমনীদহ বিলঃ পৃঃ ৫৯।
ডেবরা, কেশপুর এবং দাসপুর থানার প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাবঃ পৃঃ ৮৩৮-৩৯।
ডেবরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৩৭৩।
ডোমকল থানায় কুশাবাড়িয়া ও জুড়ানপুর মৌজায় উদ্ধারকৃত বেনামী জমিঃ পৃঃ ৪১৭।
ডোমকল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জমিঃ পৃঃ ৬৭৮।
ঢাকেশ্বরী সুতাকলঃ পৃঃ ৫৬১।
তফসিলী ও আদিবাসী সম্প্রদায় ছাত্রছাত্রীদের বৃত্তিঃ পৃঃ ৮৪৫।
তফসিলী ও উপজাতি কল্যাণ দপ্তর হইতে প্রোথিত পানীয় জলের নলকূপঃ পৃঃ ২২৬।
তপসিলীজাতি ও তপসিলী উপজাতির বিদ্যার্থীদের জন্য হোস্টেলঃ পৃঃ ৫০৮-৫০৯।
তমলা ব্রিজ, মেদিনীপুরঃ পৃঃ ১৩৭।
তহশীলদার নিয়োগ এগ্রিমেন্ট বাতিল করার ব্যবস্থাঃ পৃঃ ১০০৩।
তাজপুর জুনিয়ার বেসিক স্কুলঃ পৃঃ ২২।
ত্রিমোহনী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিঃ পৃঃ ১৬।
ত্রিমোহিনী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিঃ পৃঃ ৩৪৫।
দক্ষিণ ডিহা-কলাধাম্ন রাস্তাঃ পৃঃ ৯৯৮।
দক্ষিণ লবণ হ্রদ এলাকায় সরকারের মৎস্য চাষের জমিঃ পৃঃ ৯৬৩।
দরিদ্র মৎস্যজীবিদের ঋণ দানঃ পৃঃ ১০১০।
দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় চা বাগানের জমিঃ পৃঃ ৬৮৯।
দার্জিলিং-এ পর্যটকদের জন্য আবাসের ব্যবস্থাঃ পৃঃ ৩৯৯।

**Question(s)**


দাসপুর থানার কিশোরপুরে ত্রাণ কার্য: পৃঃ ৯৮১।
দাসপুর থানার জলনিকাশ সম্পর্কে বন্যা তদন্ত কমিটির সুপারিশ: পৃঃ ৮৯২।
দাঁড়কা স্বাস্থ্যকেন্দ্র, বীরভূম: পৃঃ ২৪৫-৪৬।
দ্বারকা নদীর বন্যা প্রতিরোধকারী বাঁধের সংস্কার: পৃঃ ১৫, ৩৪৪।
দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনায় পশ্চিমবঙ্গে গভীর নলকূপ স্থাপনের সিদ্ধান্ত: পৃঃ ২৬৬-৬৭।
দৃষ্টিহীনদের স্কুলের সরকারী সাহায্য: পৃঃ ২১৬।
দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের অফিসারদের জন্য সরকারী গাড়ী: পৃঃ ৯৮৯।
দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডের কোক: পৃঃ ৫৫৯।
দুর্গাপুর বেনাচিতি বাজারে ভাড়াটিয়া উচ্ছেদ: পৃঃ ৪৬৪।
দুধকুণ্ডি ক্যাম্পে সরকারী সাহায্য: পৃঃ ৭১।
ধানের উৎপাদন ও গড় উৎপাদন মূল্য নির্ধারণের উপায়: পৃঃ ৪৮৮-৮৯।
ধূপগুড়ি থানার খাস জমির পরিমাণ: পৃঃ ৫৭৮।
নওদা থানায় গভীর নলকূপ: পৃঃ ৫৫।
নওদা ও বেলডাঙ্গা থানায় প্রাইমারী স্কুলের সংখ্যা: পৃঃ ৬৬৭।
নদীয়া জেলার ট্যাংরা খাল সংস্কার: পৃঃ ৫০।
নদীয়া জেলার প্রাথমিক বিদ্যালয়ের জন্য সরকারী মঞ্জুরী: পৃঃ ১৬৬।
নদীয়া জেলায় প্রাইমারী ও সাবসিডিয়ারী হেল্থ সেন্টারের সংখ্যা: পৃঃ ৬৫৫।
নদীয়া জেলায় লিফট ইরিগেশন স্কীম: পৃঃ ৩৮৮।
নদীয়া জেলার গো-মড়ক: পৃঃ ৯।
নদীয়া জেলার রাণাঘাট-আড়ংঘাটা ও বিষ্ণুপুরে অহিমখালি রাস্তায় নির্মাণকার্য: পৃঃ ২০।
নন্দনপুর অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্রের জন্য টাকা এবং জমি দান: পৃঃ ৩৭০-৭১।
নলহাটি থানায় বেনামী জমি উদ্ধার: পৃঃ ৪৭০।
নলহাটি থানায় লিফট ইরিগেশন দ্বারা জলসেচ ব্যবস্থা: পৃঃ ৭৬৮।
নলহাটি থানায় স্বাস্থ্যকেন্দ্র: পৃঃ ২৫২।
নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় পতিত ও চাষযোগ্য জমির পরিমাণ: পৃঃ ৭৭০।
"নাটক"-এর উপর প্রমোদকর: পৃঃ ৩৬৬।
নাম খারিজ করিবার কাজ: পৃঃ ৪৬০-৬১।
নার্সদিগের বদলির সংখ্যা: পৃঃ ২৭২-৭৩।
৬নং ন্যাশনাল হাইওয়ে জমি: পৃঃ ৬৭০।
৩৪নং ন্যাশনাল হাইওয়ের ওভারব্রীজ নির্মাণের প্রকল্প: পৃঃ ১৬৭।
৩৪নং ন্যাশনাল হাইওয়ে রঘুনাথগঞ্জ ফারাক্কা অংশ: পৃঃ ১০২৪।
নিউজপ্রিন্ট কাগজ: পৃঃ ৫৪৩।
নিখিলবঙ্গ শিক্ষক সমিতি পরিচালিত বি টি কলেজ: পৃঃ ২৪১।
নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার: পৃঃ ৬৫।
নিবর্তনমূলক আটক আইনে ধৃত সমাজবিরোধী ব্যক্তি: পৃঃ ৬৭।
নির্বীজকরণ: পৃঃ ২৪৬।
নিম্ন দামোদর নদের সংস্কার: পৃঃ ৪০।
নিম্নতম মজুরী দিবার বিধি পালন না করার অভিযোগ: পৃঃ ৬৪।
নিরক্ষর বয়স্ক লোকদের শিক্ষার ব্যবস্থা: পৃঃ ৩৬২-৬৩।
নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দিবার প্রস্তাব: পৃঃ ৬৮০।
নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন: পৃঃ ২৭৬।
নৈশ বিদ্যালয়: পৃঃ ৩৬৫-৬৬।
পটাশপুর থানার জনসাধারণের দেওয়ানী মামলা কাঁথি মুন্সেফ আদালতে করিবার ব্যবস্থা: পৃঃ ৩৯৩।
পথ দুর্ঘটনার সংখ্যা: পৃঃ ৮৪০-৪১।
২৪-পরগনা জেলা স্কুল বোর্ডে তহবিল তছরূপের অভিযোগ: পৃঃ ২২৮-২৯।

**Question(s)**

২৪-পরগনা জেলার আমডাঙ্গা থানার অন্তর্গত বেড়াবেড়ি অঞ্চলে উপস্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৩৭৬।
২৪-পরগনা জেলার বারুইপুর থানায় ডাকাতির সংখ্যাঃ পৃঃ ৯৭৪।
২৪-পরগনা জেলার বিভিন্ন মহকুমায় ত্রাণ কার্যঃ পৃঃ ৯৮৩।
২৪-পরগনা জেলায় ঐতিহাসিক স্মৃতিবিজড়িত স্থাপত্যশিল্পঃ পৃঃ ১০৩৯।
২৪-পরগনা জেলায় বাতিল আঞ্চলিক পরিষদের সংখ্যাঃ পৃঃ ৫৬১।
পল্লী অঞ্চলে পানীয় জল সরবরাহের পরিকল্পনাঃ পৃঃ ৪১৬-১৭।
পল্লী জল সরবরাহ পরিকল্পনাঃ পৃঃ ৬৫২।
পল্লীভারতী উচ্চ বুনিয়াদী বিদ্যালয়, দীঘাঃ পৃঃ ১০২৬।
পশ্চিম দিনাজপুর জেলার বাস্তুভিটা বণ্টন ব্যবস্থাঃ পৃঃ ৬৬।
পশ্চিম দিনাজপুর জেলায় জমি বণ্টনঃ পৃঃ ২৬৭-৬৮।
পশ্চিম দিনাজপুর জেলায় জুনিয়ার হাই স্কুলঃ পৃঃ ৪৮২-৮৩।
পশ্চিম দিনাজপুর জেলায় প্রাইমারী ও বুনিয়াদী বেসিক স্কুলের থানা ভিত্তিক সংখ্যাঃ পৃঃ ১০০৭।
পশ্চিম দিনাজপুর জেলায় রিলিফ ও টেস্ট রিলিফের জন্য মোট ব্যয়ঃ ৬৮৮।
পশ্চিম দিনাজপুর জেলায় সি পি ও গ্রুপ লোন বিতরণঃ পৃঃ ৬৫৯-৬০।
পশ্চিমবঙ্গে ঔষধ তৈয়ারীর কারখানাঃ পৃঃ ২৭১।
পশ্চিমবঙ্গে সরকারী ও স্পনসর্ড কলেজের সংখ্যাঃ পৃঃ ৩৮৬-৮৭।
পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টিপাতের পরিমাণঃ পৃঃ ৪০৬।
পশ্চিমবঙ্গে চাল কলের সংখ্যাঃ পৃঃ ৫০২।
পশ্চিমবঙ্গে জন্ম ও মৃত্যুর হারঃ পৃঃ ২১৩।
পশ্চিমবঙ্গে টি বি রোগের চিকিৎসার জন্য শয্যার ব্যবস্থাঃ পৃঃ ৩৮৬।
পশ্চিমবঙ্গে তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ কেন্দ্রঃ পৃঃ ৪৭৮-৭৯।
পশ্চিমবঙ্গে তৈলবীজ উৎপাদন ও আমদানীর পরিমাণঃ পৃঃ ৫৭৩।
পশ্চিমবঙ্গে পুলিশের সংখ্যাঃ পৃঃ ৭৭০।
পশ্চিমবঙ্গে বাংলা ফিল্ম তৈরীর তথ্যঃ পৃঃ ১৬২।
পশ্চিমবঙ্গে বিভিন্ন উন্নয়ন অফিসে অকেজো কৃষি যন্ত্রপাতিঃ পৃঃ ২১৩-১৪।
পশ্চিমবঙ্গে বেকার ইঞ্জিনীয়ার গ্রাজুয়েটের সংখ্যাঃ পৃঃ ৩৮২-৮৩।
পশ্চিমবঙ্গে মদ্যপান নিষিদ্ধকরণঃ পৃঃ ৪৭৫।
পশ্চিমবঙ্গে মূক ও বধির শিক্ষা প্রতিষ্ঠানঃ পৃঃ ৫৮৭।
পশ্চিমবঙ্গে লুনাটিক এসাইলামের সংখ্যাঃ পৃঃ ৫০৭।
পশ্চিমবঙ্গে শিল্পে স্থানীয় লোকদের অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থাঃ পৃঃ ৫৪৪।
পশ্চিমবঙ্গে সওকলের সংখ্যাঃ পৃঃ ৪১৩।
পশ্চিমবঙ্গে স্পনসর্ড লাইব্রেরীর সংখ্যাঃ পৃঃ ২৬২-৬৩।
পশ্চিমবঙ্গে সরকারী ফরেস্টের সংখ্যাঃ পৃঃ ১৬৫।
পশ্চিমবঙ্গে সরিষা আমদানীকারকের সংখ্যাঃ পৃঃ ২১১।
পশ্চিমবঙ্গে হাউসিং এস্টেটঃ পৃঃ ৫৭২।
পশ্চিম বাংলার বিভিন্ন জেলার গ্রামাঞ্চলে ছাত্র-ছাত্রীদের সংখ্যাঃ পৃঃ ৬৪।
পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্টঃ পৃঃ ৮।
পাকিস্তানে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকঃ পৃঃ ২৭৫।
পাট কাঠি শিল্প স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৯৭৮।
পাট চাষঃ পৃঃ ৬৭১।
পাটগুদামে আগুন লাগার ঘটনাঃ পৃঃ ৪৭৬-৭৭।
পাটের উৎপাদনঃ পৃঃ ৪৭২।
পাটের মূল্যঃ পৃঃ ১৭।
পাঠাসখালি হাইস্কুল ও শম্ভুনগর হাইস্কুলঃ পৃঃ ২৫৪-৫৫।
পাশপোর্টঃ পৃঃ ৪৫৯, ৭৫০-৫২।

**Question(s)**


প্রধানমন্ত্রীর পশ্চিমবঙ্গ সফরঃ পৃঃ ৯৬৭।
প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রঃ পৃঃ ৩৬১-৬২।
প্রাইমারী ও জুনিয়ার হাইস্কুলের জন্য সরকার প্রকাশিত বইঃ পৃঃ ৬০।
প্রাইমারী ও সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার শয্যাঃ পৃঃ ৫৬৫।
প্রাইমারী স্কুলের শিক্ষকদের মাসিক বেতন ও ভাতাঃ পৃঃ ২১৭-১৮।
প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের অনুদানঃ পৃঃ ৩৪৮-৫০।
প্রাক্তন রাজ্যপাল শ্রীধর্মবীরের প্রান্তিক ছুটির বেতন ও ভাতাঃ পৃঃ ৩৫৪।
প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ২৫৩।
প্রাথমিক বিদ্যালয়ে ট্রেনিংপ্রাপ্ত নহেন এইরূপ শিক্ষকের নিয়োগঃ পৃঃ ৪৮৯-৯০।
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতাঃ পৃঃ ৬৭১।
প্রাথমিক বিদ্যালয়ের স্বীকৃতিদানঃ পৃঃ ১০০১।
প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণের সুযোগসুবিধাঃ পৃঃ ৬৭২-৭৩।
প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যবস্থাঃ পৃঃ ৪০০-৪০১।
প্রাথমিক শিক্ষাস্তরে আদিবাসী ছাত্রছাত্রীদের সরকারী সাহায্য দিবার ব্যবস্থাঃ পৃঃ ৯৯৯।
প্রাথমিক স্কুলগুলিতে কন্টিজেন্সী ফান্ডঃ পৃঃ ৫৮১।
পি ডি এফ. পি ডি এফ-কংগ্রেস কোয়ালিশন ও রাষ্ট্রপতি শাসনকালে গুলি, লাঠি ও টিয়ার গ্যাস চার্জের ঘটনাঃ পৃঃ ১০০৪।
পিয়ালীতে অবস্থিত সেচ বিভাগের পতিত জমিঃ পৃঃ ৫৫।
পুরাতন মালদহ পৌর এলাকায় পানীয় জল সরবরাহের ব্যবস্থাঃ পৃঃ ৫০৫।
পুরুলিয়া জেলার আদিবাসীদের কল্যাণের জন্য পরিকল্পনাঃ পৃঃ ৪৮০।
পুরুলিয়া জেলার জুনিয়ার হাইস্কুলের শিক্ষকগণের বেতনঃ পৃঃ ২২৭।
পুরুলিয়া জেলার বলরামপুর সিন্দরী রাস্তার সংস্কারঃ পৃঃ ১৩৬।
পুরুলিয়া জেলার বলরামপুর সিন্দরী রাস্তার সংস্কারঃ পৃঃ ৫৪০।
পুরুলিয়া জেলার কিছু ব্যক্তিকে একাধিক এজেন্সী প্রদানঃ পৃঃ ১৩৭।
পুরুলিয়া জেলায় ধান্য সংগ্রহকারী এজেন্টদের বিরুদ্ধে অভিযোগঃ পৃঃ ১৫২।
পাণ্ডুড়িচুয়া বিমান বন্দরের জমিঃ পৃঃ ৪৭২।
পূর্তবিভাগ কর্তৃক অনুমোদিত ও রেজিস্ট্রী তালিকাভুক্ত কন্ট্রাক্টরঃ পৃঃ ১৫৫।
পূর্ব পাকিস্তানে পাশ করা ডাক্তারদের পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্বীকৃতি দানঃ পৃঃ ৬৭৭।
পূর্ববঙ্গাগত শিক্ষকদের চাকুরিকাল গণনাঃ পৃঃ ২৫১।
পোলট্রী গ্রোয়ার্স সপঃ পৃঃ ১৪।
ফিল্ম অ্যাডভাইসরি বোর্ডঃ পৃঃ ৬৪৫।
ফ্রেজারগঞ্জে টুরিস্টদের আকর্ষণের ব্যবস্থাঃ পৃঃ ৩৭৭।
বক্তারনগর ও কাঁকুড়গাছিতে ওয়াগন ভাংগার ঘোষণা সম্পর্কে গ্রেপ্তারঃ পৃঃ ৯৭৭।
বগুলা শ্রীকৃষ্ণ কলেজ প্রাঙ্গণে টেস্ট রিলিফ খাতে পুকুর খননের স্কীমঃ পৃঃ ৩৫৬-৫৭।
বর্ধমান জেলা কৃষি ফার্মের আয়-ব্যয়ঃ পৃঃ ৬৫৯।
বর্ধমান জেলা হাসপাতালঃ পৃঃ ১০২৭।
বর্ধমান জেলার অঞ্চল পঞ্চায়েতঃ পৃঃ ১৫৩।
বর্ধমান জেলার গ্রামে বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ ১৩৭।
বর্ধমান জেলার গ্রামে বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ ৫৪১।
বর্ধমান জেলায় উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে উর্দু শিক্ষার ব্যবস্থাঃ পৃঃ ৩৮০।
বর্ধমান জেলায় কামারপাড়ায় স্বাস্থ্যকেন্দ্রর চিকিৎসালয় ও আবাসগৃহগুলির অবস্থাঃ পৃঃ ২৭৮-৭৯।
বর্ধমান জেলায় ডি ভি সি-র পি বি সি শাখা ক্যানেলের ভাঙনঃ পৃঃ ৪১।
বর্ধমান জেলায় প্যাকেজ প্রোগ্রামঃ পৃঃ ৪১৩-১৪।
বনভূমিঃ পৃঃ ৬৭২।

**Question(s)**


বনভূমি সংরক্ষণ ও উন্নয়নঃ পৃঃ ৯৭২।
বন্যায় কংসাবতী নদীর কিশোরপুরে বিধ্বস্ত গ্রাম ও গৃহের সংখ্যাঃ পৃঃ ৬৪৪।
বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলি খাজনা মকুবের সিদ্ধান্তঃ পৃঃ ৬৬৩।
বরাকর নদী এবং দামোদর নদীঘাট হইতে বালি তোলার জন্য লাইসেন্সঃ পৃঃ ৫৪৬।
বরাকর প্রাইমারী হেল্থ সেন্টার অ্যাডভাইসারী বোর্ডঃ পৃঃ ১০২৫।
বরাকর শ্রীমাড়োয়ারী বিদ্যালয়ের বাণিজ্য বিভাগঃ পৃঃ ১০২৬।
বলরামপোতা সরকারী কলোনীতে পানীয় জলের অবস্থাঃ পৃঃ ২৮০।
বসিরহাট মহকুমা ম্যাজিস্ট্রেটের আদালতে বিচারাধীন মামলার সংখ্যাঃ পৃঃ ৭৭১।
বসিরহাট মহকুমা হাসপাতালঃ পৃঃ ৮৪২-৪৩।
বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোংঃ পৃঃ ১২৬।
বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় গেজেটেড অফিসারদের কোয়ার্টার হইতে অনাদায়ীকৃত বাড়িভাড়াঃ পৃঃ ১৫৭।
বহরমপুর-কুশবেড়িয়া ঘাট রাস্তাঃ পৃঃ ৯৯৮।
বহরমপুর টেক্সটাইল কলেজঃ পৃঃ ২৫৩।
বহরমপুর টুরিস্ট লজঃ পৃঃ ৩৯১।
বহরমপুর থানার গোয়ালজান উদ্বাস্তু কলোনীর উন্নয়ন পরিকল্পনাঃ পৃঃ ৭১।
বহরমপুর থানায় চাঁদোরের বিলের সংস্কারঃ পৃঃ ৭৬৮।
বহরমপুর থানায় মাঝেরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের জন্য গৃহ নির্মাণঃ পৃঃ ৩৮১।
বহরমপুর নির্বাচন কেন্দ্রে টিউবওয়েল ও কূপ স্থাপনের প্রস্তাবঃ পৃঃ ৫০৬।
বহরমপুর ফিস সীড ফার্মঃ পৃঃ ১০১৪।
বহরমপুর ব্লকে অনুমোদিত বিদ্যালয়ের সংখ্যাঃ পৃঃ ৬৪৮-৪৯।
বহরমপুর ব্লকে গভীর ও অগভীর সেচ নলকূপঃ পৃঃ ১০৪০।
বহরমপুর ব্লকে চালু ও অকেজো নলকূপের সংখ্যাঃ পৃঃ ৫০৮।
বহরমপুর ব্লকে বয়স্ক শিক্ষা কেন্দ্রঃ পৃঃ ১০২০।
বহরমপুর ব্লকে বাস্তুজমিতে খাজনা মাপের আবেদনঃ পৃঃ ৫৮৫।
বহরমপুর ব্লকে বাস্তজমির জন্য গরীব কৃষকদের আবেদনের সংখ্যাঃ পৃঃ ৫৬৬।
বহরমপুর ব্লকে ব্যয়িত টেস্ট রিলিফের পরিমাণঃ পৃঃ ৫৭২।
বহরমপুর ব্লকে শিল্পীঋণ খাতে টাকা বরাদ্দের পরিমাণঃ পৃঃ ১০১৯।
বহরমপুর ব্লকে সরকার অনুমোদিত পাঠাগারঃ পৃঃ ১০১৯।
বহরমপুর ব্লকে সরকারের খাস ন্যস্ত জমির পরিমাণঃ পৃঃ ৯৯৩।
বহরমপুর মহকুমায় অনুমোদনের নিমিত্ত বিবেচনাধীন প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ৩৩৭।
বহরমপুর মণীন্দ্রকালী উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ খোলার প্রস্তাবঃ পৃঃ ৩৭১।
বহরমপুর রবীন্দ্র ভবনঃ পৃঃ ৩৬২।
বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ ভবনঃ পৃঃ ১০৩৫।
বহরমপুর শহরে খোসবাজার ওয়ার্ডে মদের দোকানঃ পৃঃ ৬৪২-৪৩।
বহরমপুর শহরে টি বি ক্লিনিকঃ পৃঃ ৬৪৯-৫০।
বহরমপুর সদর হাসপাতালঃ পৃঃ ৩৯৭-৯৮।
বহরমপুর সদর হাসপাতালে কুষ্ঠ ক্লিনিকঃ পৃঃ ৩৯৩।
বহরমপুর সেন্ট্রাল জেলঃ পৃঃ ৫০২।
বড়এত্তা ও ভরতপুর থানায় প্রাইমারী বিদ্যালয়ের সংখ্যাঃ পৃঃ ৮৫০।
বয়স্ক শিক্ষা পরিকল্পনাঃ পৃঃ ২১৮, ৩৩৯-৪৩।
ব্লক অফিস ও বি ডি ও-র কোয়ার্টার, নলহাটিঃ পৃঃ ৪১২-১৩।
বাগনান-শ্যামপুর রাস্তায় মেদিনীপুর ক্যানেল ব্রীজঃ পৃঃ ৯৯৮।
বার্ধক্য ভাতা ও কল্যাণ ভবনে প্রতিপালনের জন্য আবেদনপত্রঃ পৃঃ ৪০১।
বানজেটিয়াস্থিত আই টি আই-এর পরিচালনা কমিটিঃ পৃঃ ৫০৭।

**Question(s)**


বাবলা গাছের চাষঃ পৃঃ ৫০।
বারাসত শহরে বিনা লাইসেন্সে মদ বিক্রয়ঃ পৃঃ ৬১।
বারুইপুর থানায় হাসপাতালের সংখ্যাঃ পৃঃ ২৪৯।
বারাসত ও আমডাঙ্গা ব্লকে নলকূপ সংস্কারের ব্যবস্থাঃ পৃঃ ৩৮১-৮২।
বারুইপুর ব্লকে টিউবওয়েলের সংখ্যাঃ পৃঃ ৫৭৭।
বালমুঘদাস রিফ্রাক্টরীঃ পৃঃ ৮৯৯।
বালিয়াঘাটা-জঙ্গীপুর রোড স্টেশন রাস্তাঃ পৃঃ ৪০৪-৪০৫।
বাসুদেবপুর প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ৬৪৭।
বাস্তুজমি ও তাহার খাজনা ও রাজস্ব পরিমাণঃ পৃঃ ৯৭৯।
বাহাদুরপুর-মারুট রাস্তায় ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের ব্যয়ঃ পৃঃ ৯৮৮।
ব্যান্ডেল তাপ-বিদ্যুৎ কেন্দ্রঃ পৃঃ ৮২৮-২৯।
বাঁকুড়া জেলায় বিদ্যালয় পরিচালক সমিতি বাতিলঃ পৃঃ ১০২৮।
বাঁকুড়া জেলায় স্পনসর্ড ও রুরাল লাইব্রেরীর সংখ্যাঃ পৃঃ ৬৭।
ব্যাটরা থানায় কববখানার কাছে ড্রেনের জল নিকাশের ব্যবস্থাঃ পৃঃ ৪০৬।
ব্যারাকপুর-বারাসত রুটে চলাচলকারী বাসের সংখ্যাঃ পৃঃ ৯৭৫।
বি টি কলেজঃ পৃঃ ২৮১-৮৩।
বিদ্যুৎচালিত গভীর নলকূপঃ পৃঃ ৭৬৯।
বিদ্যাধরী নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত অঞ্চলের খাজনা মকুবঃ পৃঃ ৪৭১-৭২।
বিদ্যালয় স্থাপনঃ পৃঃ ৪৯৩-৯৪।
বিদ্যালয়ে খেলার মাঠ নির্মাণের জন্য সরকারী অনুদানঃ পৃঃ ২৫৭।
বিদ্যাসাগর বি টি ট্রেণিং কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগঃ পৃঃ ২৭৫।
বিধানসভা কক্ষে পুলিশী হামলাঃ পৃঃ ৯৭৫।
বিনপুর ১নং ব্লক সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রঃ পৃঃ ৬৭২।
বিভিন্ন রাজনৈতিক দল কর্তৃক বেনামী জমি দখলঃ পৃঃ ৮৯৩।
বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহিত রাজ্য সরকারের সম্পর্কঃ পৃঃ ৫০০।
বিষ্ণুপুর বিলে মৎস্য-চাষে সরকারী ব্যয়ঃ পৃঃ ১৫৭।
ব্রিক ও টাইল বোর্ডের অধীনে টালি ও ইঁটের ভাটাঃ পৃঃ ১০১৭।
বীরভূম জেলা সদর হাসপাতালঃ পৃঃ ৬৫৫।
বীরভূম জেলার কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্পঃ পৃঃ ১৬২।
বীরভূম জেলার ময়ূরেশ্বর থানায় টিউবওয়েল স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৭৭১।
বীরভূম জেলার রামপুরহাট জেলের সম্প্রসারণ ব্যবস্থাঃ পৃঃ ৭২।
বীরভূম জেলার রামপুরহাট থানার অধীন ১নং এবং ২নং উন্নয়ন ব্লকে কৃষিঋণ বিলিঃ পৃঃ ৩৬১।
বীরভূম জেলার রামপুরহাটে দমকলের শাখা স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ
বীরভূম জেলার সিউরী অঞ্চলের বাস সার্ভিসঃ পৃঃ ১০৩৩।
বীরভূম জেলায় মল্লারপুর গ্রামে থানা হাসপাতালঃ পৃঃ ৮৪৪।
বীরভূম জেলায় ময়ূরাক্ষী ক্যানেল দ্বারা সেচের জল সরবরাহঃ পৃঃ ৮৯৩।
বীরভূম জেলায় মাড়গ্রাম হইতে দেবগ্রাম পর্যন্ত রাস্তাঃ পৃঃ ৯৯৬।
বীরভূম জেলায় রামপুরহাট ১নং ব্লকে অগ্নিকাণ্ডজনিত ক্ষয়ক্ষতিঃ পৃঃ ৬৪১।
বীরভূম জেলায় হাসপাতালের সংখ্যাঃ পৃঃ ৮৩৯-৪০।
বেআইনী চোলাই মদ এবং অন্যান্য চোরাই জিনিষ ধরার ব্যবস্থাঃ পৃঃ ১০০৮।
বেসরকারী স্কুলের শিক্ষকগণের ডি এ দেওয়ার ব্যবস্থাঃ পৃঃ ৪০৩।
বেনামী জমিঃ পৃঃ ৪৭৩।
বেলপাহাড়ী-বাঁশপাহাড়ী, বীনপুর-লছিমপুর, সিজুয়াঘাট-রামগড় এবং রামগড়-লালগড় রাস্তাগুলির সংস্কারের ব্যবস্থাঃ পৃঃ ৩৯৩।

**Question(s)**


বোলপুরে নূতন মহকুমা সংস্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৮৯৫।
ভাগীরথী নদীতে ফেরী ষ্টীমার চালু করার পরিকল্পনাঃ পৃঃ ৯৭৮।
ভারতীয় ইউনিয়ন হইতে পশ্চিমবঙ্গ রাজ্য পৃথকীকরণঃ পৃঃ ৩৯৭।
ভারুনিয়া বাঁধের সংস্কারঃ পৃঃ ৭৬০-৬১।
ভিজিলেন্স কমিশনের কেস নং এ এইচ ডি এস ২/৬৬ঃ পৃঃ ৫৬৮।
ভূমি সংস্কার আইনবলে বিক্রীত জমি ফেরত পাওয়া পজাতি সম্প্রদায় পরিবারের সংখ্যাঃ পৃঃ ৯৮০।
ভেটেরিনারী ফিল্ড এ্যাসিস্ট্যান্টঃ পৃঃ ৩৫৫।
মধ্যমগ্রাম স্বাস্থ্য কেন্দ্রঃ পৃঃ ২৪৭।
মধ্যমগ্রাম ষ্টেশন হইতে বিধানপল্লী পর্যন্ত পাকা রাস্তাঃ পৃঃ ৩৮৪।
মধ্যস্বত্ত্বাধিকারীদের ক্ষতিপূরণের ব্যবস্থাঃ পৃঃ ২৪৫।
মধ্যশিক্ষা পর্ষতের প্রকাশিত সংস্কৃত পুস্তক বাঁধাইবার খরচঃ পৃঃ ২৬৫-৬৬।
মন্ত্রীদের ভ্রমণের ব্যয়ঃ পৃঃ ৩৫৫।
মল্লারপুর মৌজায় সরকারী খাসপুকুরে মৎস্য চাষঃ পৃঃ ৬৮৩।
মল্লারপুর-হাজিমপুর রাস্তাঃ পৃঃ ১০৩৭।
মশার উপদ্রবঃ পৃঃ ১০৩৮।
মহাকরণে শীততাপ নিয়ন্ত্রিত ঘরঃ পৃঃ ১৩১।
ময়না-পিংলা রাস্তাঃ পৃঃ ৪৮৫।
ময়ূরাক্ষী ক্যানাল এলাকায় ফিল্ড চ্যানেলঃ পৃঃ ৪৩।
ময়ূরাক্ষী ক্যানেলের উত্তর বিভাগের ডিষ্ট্রিবিউটারী নং ১৪/১/১ঃ পৃঃ ৭৫৮।
ময়ূরাক্ষী সেচ প্রকল্পঃ পৃঃ ৪২।
মৎস্যজীবীদের সাহায্যঃ পৃঃ ৪০০।
মৎস্যবিভাগের জন্য উপদেষ্টা পরিষদঃ পৃঃ ৪৯৮-৯৯।
সাকসুবী ফার্মারের শেয়ারঃ পৃঃ ৩৬৮-৬৯।
মাদ্রাসা প্রতিষ্ঠানগুলিতে অর্থসাহায্যঃ পৃঃ ২৫৯।
মাদ্রাসা বোর্ডঃ পৃঃ ৪৯৮।
মাদ্রাসার মঞ্জুরীঃ পৃঃ ২৭১-৭২।
মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ পরিচালন ব্যবস্থায় অশিক্ষক কর্মচারী প্রতিনিধিঃ পৃঃ ৩৮০-৮১।
মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটিঃ পৃঃ ২৭০-৭১।
"মানুষের জয়যাত্রা" ফিল্মঃ পৃঃ ৮৪৫।
মারজোলা কাঁদরের উপর মাইনর ইরিগেশন স্কীমঃ পৃঃ ১০০১।
মালদা জেলায় প্রাইমারী জুনিয়ার হাই, হাই ও হায়ার সেকেন্ডারী স্কুলঃ পৃঃ ৩৭৭-৭৮।
মালদহ জেলার আদিবাসী ও তফসিলী জাতির বিদ্যার্থীদের প্রদত্ত শিক্ষানুদানঃ পৃঃ ৪৮৪।
মালদহ জেলায় গভীর নলকূপঃ পৃঃ ৫৬।
মালদহ জেলায় টেষ্ট রিলিফ স্কীমঃ পৃঃ ৪১৭-১৮।
মালদহ জেলার মৌলপুর মৌজায় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রঃ পৃঃ ৫০৫।
মালদহ জেলায় টি আর এবং জি আর বাবদ খরচঃ পৃঃ ৩৫৯।
মালদহ জেলায় নবাবগঞ্জে বৈদ্যুতীকরণের ব্যবস্থাঃ পৃঃ ৮৭৬।
মালদহ জেলায় প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ৫৬৪।
মালদহ জেলায় ফেরীঘাটের সংখ্যাঃ পৃঃ ২৬৪।
মালদহ জেলায় ধানের বীজ সরবরাহঃ পৃঃ ২৩।
মালদহ জেলায় নলকূপ ও রিংওয়েল-এর সংখ্যাঃ পৃঃ ৪৮৪-৮৫।
মালদহ জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যাঃ পৃঃ ৩৭৪-৭৫।
মালদহ শহরে বাস্তুহারা কলোনীর উদ্বাস্তুদের বাস্তুজমি দানঃ পৃঃ ৬৭৫।

**Question(s)**

মাদ্রাসা শিক্ষার জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থাঃ পৃঃ ৫৭৬।
মালদহ জেলায় প্রাথমিক এবং সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ২৫৬।
মালদহ জেলায় সিভিল ডিফেন্স-এ শিক্ষণপ্রাপ্তের সংখ্যাঃ পৃঃ ৭৬৮।
মালিওর বাঁধ কাটার ব্যবস্থাঃ পৃঃ ৫৭।
মালিওর বাঁধ সম্বন্ধে কমিটিঃ পৃঃ ২৭৪-৭৫।
মালিনগর ও সন্দেশখালি রাস্তায় নদীর জেটি মেরামতঃ পৃঃ ১১৪।
মির্জাপুর হইতে ষ্টেট হাইওয়ে পর্যন্ত রাস্তার সংস্কারসাধনঃ পৃঃ ৪০২।
মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজিঃ পৃঃ ৬৭৩।
মুর্শিদাবাদ জিলায় সমবায় সমিতির যৌথ খামারের জন্য জমিঃ পৃঃ ৩৮৪।
মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাঙ্কঃ পৃঃ ৪৮৭-৮৮।
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগঃ পৃঃ ২৫৮।
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের অফিসবাড়ীঃ পৃঃ ৬৬৭।
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের জন্য বাড়িঃ পৃঃ ৬০।
মুর্শিদাবাদ জেলা হইতে ভারতীয় নাগরিকের পূর্ব-পাকিস্তানে গমনঃ পৃঃ ৪৬৫।
মুর্শিদাবাদ জেলা হইতে ভারতীয় নাগরিকের পূর্ব-পাকিস্তানে গমনঃ পৃঃ ৭৫২-৫৩।
মুর্শিদাবাদ জেলার অগভীর নলকূপের পাম্পসেট বিক্রয়ের অনুমোদিত এজেন্সীঃ পৃঃ ১০৪০।
মুর্শিদাবাদ জেলার কয়েকটি রাস্তার নির্মাণকার্যঃ পৃঃ ৫৫৭।
মুর্শিদাবাদ জেলার কাঁচা রোড স্কীমঃ পৃঃ ৭৫৯-৬০।
মুর্শিদাবাদ জেলার কালিন্দা ও কান্দরা মৌজায় খাস কৃষিজমির পরিমাণঃ পৃঃ ৮১৫।
মুর্শিদাবাদ জেলার কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটিঃ পৃঃ ৬৫৮-৫৯।
মুর্শিদাবাদ জেলার ডোমকলের এ জি হসপিটালঃ পৃঃ ১৭৪।
মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে টিফিন ব্যবস্থাঃ পৃঃ ২৪২-৪৩।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার খাস ও ন্যস্ত জমির বিলিকরণঃ পৃঃ ৫৮৪।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা ও ভরতপুর থানায় নলকূপের সংখ্যাঃ পৃঃ ৪৯৯।
মুর্শিদাবাদ জেলার বালিরঘাট-ফ্লোটিং ব্রিজঃ পৃঃ ৬৭৫-৭৬।
মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্কুলে অতিরিক্ত শিক্ষকের পদঃ পৃঃ ১০৩৪।
মুর্শিদাবাদ জেলার ময়ূরাক্ষী সেচপ্রকল্প হইতে খাল খননঃ পৃঃ ৬৮।
মুর্শিদাবাদ জেলায় অগভীর নলকূপ সেচ পরিকল্পনাঃ পৃঃ ৮৯১।
মুর্শিদাবাদ জেলায় আত্মহত্যার সংখ্যাঃ পৃঃ ৩৭৩।
মুর্শিদাবাদ জেলায় আদায়যোগ্য কৃষি আয়করঃ পৃঃ ৫০২-৫০৩।
মুর্শিদাবাদ জেলায় অনুমোদিত লাইব্রেরীর সংখ্যাঃ পৃঃ ৬৭০।
মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু কলোনীর উন্নয়ন পরিকল্পনাঃ পৃঃ ৭০।
মুর্শিদাবাদ জেলায় ক্রেতা সমবায় সমিতি ও মার্কেটিং সোসাইটির সংখ্যাঃ পৃঃ ৩৯৯।
মুর্শিদাবাদ জেলায় খাদ্যশস্য ধরিবার জন্য বি এন ভি এফ এবং পুলিশঃ পৃঃ ৫৫৯।
মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনে ক্ষয়ক্ষতির পরিমাণঃ পৃঃ ১০৩৫।
মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ব্লকে কৃষি ফার্মঃ পৃঃ ৫৭৩।
মুর্শিদাবাদ জেলায় ৩৪নং জাতীয় সড়ক ও সুতী ২নং লিংক রোডঃ পৃঃ ৩৯২।
মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিসে আমীনের সংখ্যাঃ পৃঃ ৯১৫।
মুর্শিদাবাদ জেলায় ত্রাণখাতে ও টেষ্ট রিলিফের ব্যয়ঃ পৃঃ ১৭।
মুর্শিদাবাদ জেলায় দেবোত্তর সম্পত্তির অধীনস্থ কৃষি জমিঃ পৃঃ ৪৫৮-৫৯।
মুর্শিদাবাদ জেলায় নূতন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদনঃ পৃঃ ১০১৫।
মুর্শিদাবাদ জেলায় নূতন ও পুরাতন রাস্তাঃ পৃঃ ২৭০।
মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তাঃ পৃঃ ৬৬৩-৬৫।

**Question(s)**—contd.


মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী শিক্ষকগণের নিকট হইতে অনাদায়ীকৃত শিক্ষা সেস্ঃ পৃঃ ২৬১।
মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী স্কুলের সংখ্যাঃ পৃঃ ৬৪৫।
মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদনঃ পৃঃ ৯৮৩।
মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব বাড়ীঃ পৃঃ ৯৯২।
মুর্শিদাবাদ জেলায় ফিসারমেন কো-অপারেটিভের সংখ্যাঃ পৃঃ ৩৬৯।
মুর্শিদাবাদ জেলায় ফেরীঘাটঃ পৃঃ ৫৮।
মুর্শিদাবাদ জেলায় বহরমপুর ও হরিহরপাড়া থানার মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়ঃ পৃঃ ১৫৭।
মুর্শিদাবাদ জেলায় বাগড়ী অঞ্চলে পাটশাক খাইয়া লোকের মৃত্যুঃ পৃঃ ২৭৯-৮০।
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প প্রতিষ্ঠানের পরিচালকবর্গের নাম ও ঠিকানাঃ পৃঃ ১০১৪।
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ধরনের লিকুইডেশনে যাওয়া সমবায় সমিতিঃ পৃঃ ৩৮৮-৮৯।
মুর্শিদাবাদ জেলায় ভাগীরথীর ভাঙনঃ পৃঃ ৫৮।
মুর্শিদাবাদ জেলায় যানবাহনের ব্যবস্থাঃ পৃঃ ৬৭৬।
মুর্শিদাবাদ জেলায় রাজনৈতিক কর্মীদের ভাতাঃ পৃঃ ৬৫৮।
মুর্শিদাবাদ জেলায় রায়েত কেস নিষ্পত্তির সংখ্যাঃ পৃঃ ৪৯৫-৯৬।
মুর্শিদাবাদ জেলায় রিভার পাম্পের সংখ্যাঃ পৃঃ ২৬৯-৭০।
মুর্শিদাবাদ জেলায় সরকার অনুমোদিত ট্রেড ইউনিয়নের সংখ্যাঃ পৃঃ ৫৮৬।
মুর্শিদাবাদ জেলায় সমশেরগঞ্জ ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৩৭৬।
মুর্শিদাবাদ সিল্ক অ্যাসোসিয়েশনঃ পৃঃ ৪১২।
মুর্শিদাবাদ জেলায় হস্তচালিত তাঁত শিল্পের জন্য আঞ্চলিক দপ্তরঃ পৃঃ ১০৩৫।
মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজারের সংখ্যাঃ পৃঃ ৭৭৩।
মৃত্যুদণ্ডাজ্ঞাপ্রাপ্ত বন্দীর ফাঁসিঃ পৃঃ ৪১১।
মৎশিল্পীদের আর্থিক সাহায্যঃ পৃঃ ১৫৮।
মেডিকেল কলেজে ছাত্রছাত্রী ভর্তির ব্যবস্থাঃ পৃঃ ৯৯০।
মেদিনীপুর জেলা পরিষদের অধীনে অকেজো নলকূপগুলি মেরামতের ব্যবস্থাঃ পৃঃ ৫৬৯।
মেদিনীপুর জেলার আদিবাসী উপজাতির জন্য ক্লাব, লাইব্রেরী ইত্যাদিঃ পৃঃ ৪১৬।
মেদিনীপুর জেলার এগরা থানার পিরিজখাবার গ্রামে নলকূপঃ পৃঃ ১০১৬।
মেদিনীপুর জেলার ঐতিহাসিক পুরাকীর্তিকেন্দ্র ও নিদর্শনসমূহের প্রামাণ্য তথ্যঃ পৃঃ ১৪০।
মেদিনীপুর জেলার কাঁথি এস ডি ও অফিসে বিভিন্ন স্তরের সরকারী কর্মচারীর সংখ্যাঃ পৃঃ ৩৬৮।
মেদিনীপুর জেলার কেশপুর ও দাশপুর ১নং ব্লকে টিউবওয়েলের সংখ্যাঃ পৃঃ ৩৭৫-৭৬।
মেদিনীপুর জেলার কেশিয়াড়ী নগেন্দ্র-সাঁকরাইল কো-অপারেটিভ রাইস মিল সোসাইটিঃ পৃঃ ৩৯১।
মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকে বাঁধ খননঃ পৃঃ ৫৭৫।
মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকের অধীনে পাকা রাস্তাঃ পৃঃ ৪০২।
মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লকের হেলথ সেন্টারঃ পৃঃ ৮৪১-৪২।
মেদিনীপুর জেলার খেজুরী থানার নলকূপের সংখ্যাঃ পৃঃ ১৮৪-৮৫।
মেদিনীপুর জেলার গড়বেতায় হাসপাতালে বিদ্যুতালোকিত করার ব্যবস্থাঃ পৃঃ ৪৭৯।
মেদিনীপুর জেলার দাঁতনপুরে লোধা উপজাতির কল্যাণের জন্য ব্যয়ঃ পৃঃ ৪১১।
মেদিনীপুর জেলার দাসপুর ব্লকে ঘূর্ণিবাত্যায় ক্ষতিগ্রস্ত গৃহের সংখ্যাঃ পৃঃ ৪১১।
মেদিনীপুর জেলার দাঁতন ও মোহনপুর থানার জলসেচ ব্যবস্থাঃ পৃঃ ৫৬।

Question(s)—contd.

মুর্শিদাবাদ জেলার নওদা থানায় নূতন রোগের প্রাদুর্ভাবঃ পৃঃ ৪০৮।
মেদিনীপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যাঃ পৃঃ ৬৬৭-৬৯।
মেদিনীপুর জেলার বীণপুর থানায় জুনিয়র হাইস্কুল ও উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যাঃ পৃঃ ২৬৯।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার চাষীদের ঋণ দেওয়ার পরিমাণঃ পৃঃ ৫৮৮।
মেদিনীপুর জেলার মোহনপুর হেল্থ সেন্টারঃ পৃঃ ১০১৩।
মেদিনীপুর জেলার শ্যামপুর গ্রামে হেল্থ সেন্টারঃ পৃঃ ২৭১।
মেদিনীপুর জেলায় এগরা থানায় সংস্কৃত টোলের সংখ্যাঃ পৃঃ ৩৯৩-৯৫।
মেদিনীপুর জেলায় কুষ্ঠ ইউনিটঃ পৃঃ ১০১৬।
মেদিনীপুর জেলায় কেশপুর থানায় এগ্রিকালচারাল ফার্মঃ পৃঃ ৫৭১।
মেদিনীপুর জেলায় দফাদার ও চৌকিদারদিগের সংখ্যা পৃঃ ৫৭৪।
মেদিনীপুর জেলায় নয়াগ্রাম ও গোপীবল্লভপুর থানায় বাঁধ নির্মাণঃ পৃঃ ৮৯২।
মেদিনীপুর জেলায় নয়াগ্রামে ও গোপীবল্লভপুর এলাকায় প্রাথমিক চিকিৎসাকেন্দ্রঃ পৃঃ ৪০৭।
মেদিনীপুর জেলায় নিম্নবুনিয়াদী শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের সংখ্যাঃ পৃঃ ১০২১।
মেদিনীপুর জেলায় পাকা রাস্তাঃ পৃঃ ৬৪৩-৪৪।
মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণঃ পৃঃ ৩৪৬-৪৭।
মেদিনীপুর জেলায় বার্ধক্যভাতা প্রাপ্ত লোকের সংখ্যাঃ পৃঃ ৯৮৭।
মেদিনীপুর জেলায় বাসরুটের সংখ্যাঃ পৃঃ ৫৬৫।
মেদিনীপুর জেলায় ভোকেশনাল ট্রেনিং সেন্টারঃ পৃঃ ৫৭১।
মেদিনীপুর জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ঃ পৃঃ ৩৭৮-৭৯।
মেদিনীপুর জেলায় সরকারী চাকুরীরত ডাক্তারের সংখ্যাঃ পৃঃ ৫৭৭।
মেচেদা রেল স্টেশন হইতে হলদিয়া পর্যন্ত রাস্তার অবস্থাঃ পৃঃ ২২।
মেদিনীপুর জেলা হইতে প্রকাশিত সাপ্তাহিক পত্রিকায় সরকারী বিজ্ঞাপনঃ পৃঃ ১৬০।
মেদিনীপুর জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলভবনগুলির পুনর্নির্মাণঃ পৃঃ ১৬।
মেদিনীপুর জেলায় গড়বেতা রেঞ্জের বনভূমিঃ পৃঃ ৭৭২।
মেদিনীপুর জেলায় জলসেচ ব্যবস্থাঃ পৃঃ ৩৯।
মেদিনীপুর জেলায় সরকারী খাস জমির বণ্টনঃ পৃঃ ৭৭৪।
মেদিনীপুর জেলায় হাতিগোড়িয়া-ভামাল রাস্তাঃ পৃঃ ২১।
যক্ষ্মা হাসপাতালঃ পৃঃ ২৪৯, ২৬০।
রবীন্দ্র রচনাবলীঃ পৃঃ ৪০৩।
রাজনৈতিক নির্যাতিত কর্মীদের পুত্রকন্যার শিক্ষার জন্য ব্যয়ঃ পৃঃ ৫৬৯।
রাজ্যপাল মহোদয়ের বেতন ও ভাতাঃ পৃঃ ৯৬২।
রানাঘাট, কালনা ইত্যাদি মহকুমা হাসপাতালগুলির নির্মাণকার্যঃ পৃঃ ৪০৮।
রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে খনিমালিকদের নিকট রাজ্যসরকারের পাওনাঃ পৃঃ ৬৮৫।
রাণীগঞ্জ কোলফিল্ড কোলিয়ারী সেন্ট্রাল কো-অপারেটিভ স্টোর্স লিঃঃ পৃঃ ৬৫৫-৫৬।
রাণীনগরে হেলথ সেন্টার স্থাপনঃ পৃঃ ১০১৭।
রামগড় সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৬৪৯।
রামগড় হায়ার সেকেন্ডারী স্কুলঃ পৃঃ ২৪০।
রামপুর কলেজ পরিচালনা সমিতিঃ পৃঃ ৯৮৬।
রামপুরহাট ও নলহাটী থানায় গভীর ও অগভীর নলকূপের সংখ্যাঃ পৃঃ ১৮২।
রামপুরহাট ও নলহাটী থানায় বন্যা দূরীকরণের জন্য সরকারী ব্যবস্থাঃ পৃঃ ৮৯৪।
রামপুরহাট থানার খাসড়া অঞ্চলের সাজানটোলা পল্লীর অধিবাসীদের স্থানান্তরের নির্দেশঃ পৃঃ ৮৪৭।
রামপুরহাট থানার হাঁসন এলাকায় ক্ষতিগ্রস্ত গৃহঃ পৃঃ ৬৪৬।
রামপুরহাট থানায় ১নং ও ২নং উন্নয়ন ব্লকে বলদক্রয় ঋণ বণ্টনঃ পৃঃ ৪৭৫।

**Question(s)**—contd.


রামপুরহাট থানায় ঝড়ে ক্ষতিগ্রস্তদের অনুদানঃ পৃঃ ৩৫৪।
রামপুরহাট থানায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাঃ পৃঃ ৩৬৯।
রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত রেশম ব্যবসায়ীঃ পৃঃ ৪৯৯।
রামপুরহাট থানায় লাইসেন্সপ্রাপ্ত সিমেন্ট ব্যবসায়ীঃ পৃঃ ১৫৬।
রামপুরহাট-দুনিগ্রাম রাস্তা, বীরভূমঃ পৃঃ ১৪১।
রামপুরহাট ফৌজদারী আদালতে বিচারাধীন মামলাঃ পৃঃ ৩৫১।
রামপুরহাট ব্লক(২) অফিসঃ পৃঃ ৪১৪।
রামপুরহাট মহকুমা হাসপাতালঃ পৃঃ ১০৩০।
রামপুরহাট মহকুমায় আংশিক রেশন ডিলারেব বরখাস্তের ঘটনাঃ পৃঃ ৩০৯।
রামপুরহাট মহকুমায় মার্কেটিং সোসাইটিঃ পৃঃ ৫৬৪।
রামপুরহাট মহকুমায় হাস্কিং মেসিনঃ পৃঃ ৪১৪।
রায়গঞ্জ শহরে কুলাকি নদীর ব্রীজঃ পৃঃ ৪০২-৪০৩।
রায়গঞ্জ সিনিয়র পলিটেকনিক স্কুলঃ পৃঃ ২৩৫-৩৬।
রেঙ্গুনে আলুর বীজ সরবরাহঃ পৃঃ ৫৮২।
রেশনকার্ড শ্রেণীবিভাগীকরণের নীতিঃ পৃঃ ৪০৯-১০।
২৮৫০নং রেশন দোকান, কলিকাতাঃ পৃঃ ৬৫১।
নগড়া মোড় হইতে ভদ্রপুর পর্যন্ত ফিডার রোডেব সংস্কারঃ পৃঃ ৫৪৫।
লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেশিনঃ পৃঃ ১৫৫।
লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মেশিনঃ পৃঃ ৪৯৬।
রানীনগর, ডোমকল ও জলঙ্গী ব্লকে রিলিফ ও খয়রাতী সাহায্য বাবত ব্যয়ঃ পৃঃ ৯।
লাভপুর-গনুটিয়া রাস্তাঃ পৃঃ ২১।
লাভপুর থানা স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৮৪৪।
লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদী পূর্বতীরস্থ বাঁধঃ পৃঃ ৫১।
লাভপুর থানার লাঘাটা হইতে কুয়ে নদীর পূর্বতীরস্থ বাঁধঃ পৃঃ ৭৪৯-৫০।
লোনা জলে দীঘাব সমুদ্রোপকূলবর্তী অঞ্চলেব ক্ষয়ক্ষতিঃ পৃঃ ৩৬০।
লোহাপুর স্টেশন হইতে পাঁচগ্রাম পর্যন্ত রাস্তাটির সংস্কারঃ পৃঃ ৫০৪।
লেডী ব্যাবোর্ন কলেজঃ পৃঃ ৮৯২-৯৩।
শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্ট পরিদর্শকের সংখ্যাঃ পৃঃ ৬৫৭-৫৮।
শহরে ও গ্রামে রেশনে চিনি বণ্টন ব্যবস্থাঃ পৃঃ ১৫৪।
শালবনী থানায় কংসাবতী প্রকল্প হইতে সেচের জল সরবরাহঃ পৃঃ ১৯৩।
শিক্ষায়তনের পরিচালকমণ্ডলীতে সরকারী মনোনয়নঃ পৃঃ ২৫৩-৫৪।
শিল্পে কাজের ক্ষতিঃ পৃঃ ৫৬০।
শিলিগুড়িতে পূর্ণ রেশনিং-এর ব্যবস্থাঃ পৃঃ ৬৫১।
শ্রীমতী সন্ধ্যারাণী ঘোষের মৃত্যু সম্পর্কে অভিযোগঃ পৃঃ ১৪৭।
শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তা, মেদিনীপুরঃ পৃঃ ১০৮।
শোল পাট্টা-সোনাকানিয়া রাস্তা, মেদিনীপুরঃ পৃঃ ৫৪৩।
স্টেট ইলেকট্রিসিটি বোর্ডঃ পৃঃ ১৪৫।
স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের গুদামে অব্যবহৃত যন্ত্রপাতিঃ পৃঃ ৩৮৫।
সকল কলেজে ইউনিফর্ম পে স্কেলঃ পৃঃ ৮৩৫।
সদরঘাটে দামোদর নদের উপর সেতু নির্মাণ প্রকল্পঃ পৃঃ ৫৫৭।
সন্দেশখালি-ভাঙ্গনখালি রাস্তাঃ পৃঃ ৪৯১।
সন্দেশখালি ভূমি সংস্কার মণ্ডলের অধীনে খেয়াঘাটের সংখ্যাঃ পৃঃ ৩৮৭।
সন্দেশখালি ভূমি-সংস্কার মণ্ডল অধীন বিভিন্ন মৌজায় খাস জমিঃ পৃঃ ৫৮৬।
সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও গোসাবা থানার সমাজবিরোধীদের দমনঃ পৃঃ ৮৪৯-৫০।
সরকার পরিচালিত বিদ্যালয়ে প্রাথমিক বিভাগের ছাত্র-ছাত্রীদের বেতন মকুবের প্রস্তাবঃ পৃঃ ১০২৯।

**Question(s)**—contd.


সরকার কর্তৃক আনন্দমার্গ সম্পর্কে অনুসন্ধান কার্যঃ পৃঃ ৩৮২।
সরকার প্রকাশিত পাঠ্যপুস্তকের জন্য মোট ব্যয়ঃ পৃঃ ২১৭।
সরকারী ও বেসরকারী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকদের বয়ঃসীমাঃ পৃঃ ১০১০।
সরকারী কর্মচারীদের বর্ধিত হারে রেশনঃ পৃঃ ৫৫৫।
সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতিঃ পৃঃ ৫৬৩।
সরকারী কর্মচারীদের রাজনৈতিক দলের সদস্য হবার অধিকারঃ পৃঃ ১০।
সরকারী গুদামের সংখ্যাঃ পৃঃ ২১১-১২।
সরকারী চাকুরীতে আবেদনপ্রার্থী সংখ্যাঃ পৃঃ ৬৭।
সরকারী চাকুরীতে প্রবেশের বয়ঃসীমা বর্ধিত করার প্রস্তাবঃ পৃঃ ১০০৩।
সরকারী পোলট্রি ফার্মঃ পৃঃ ৪।
সরকারী ফ্ল্যাটঃ পঃ ২৬০-৬১।
সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনার জন্য কমিটি গঠনঃ পৃঃ ৩৭২।
সরকারের পাট ক্রয়ের সিদ্ধান্তঃ পৃঃ ৪৭৫-৭৬।
সংবাদপত্র মালিকের কারখানা আইনের বিভিন্ন ধারা লঙ্ঘনঃ পৃঃ ৮৩০-৩১।
সাব-ইন্সপেক্টর অব স্কুলঃ পৃঃ ১০৩৯।
সামগ্রিক উন্নয়নের জন্য জেলাভিত্তিক উন্নয়ন কমিটিঃ পৃঃ ৩৭৩।
সাময়িক চিকিৎসাকেন্দ্রঃ পৃঃ ৬৭৮।
সালার-কাগ্রাম-শিমুলিয়া সড়কঃ পৃঃ ৩৯৯।
সালার কান্দী সড়কঃ পৃঃ ৮৩৫।
সালানপুর থানায় সাব-ইন্সপেক্টর ও কনস্টেবলের সংখ্যাঃ পৃঃ ৫৭৫।
সালার রেল স্টেশন হইতে কাগ্রাম-সিমুলিয়া রাস্তাঃ পৃঃ ৩৯৩।
স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ২২৯-৩৩।
সাঁইথিয়া থানার অন্তর্গত গড়গড়ে স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ৮৪১।
সাঁকরাইল ও উলুবেড়িয়া ২নং ব্লক এলাকায় গঙ্গা নদীতে ভাঙ্গনঃ পৃঃ ১৬০।
সাঁকতোড়িয়া গ্রামে ধ্বসে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীঃ পৃঃ ৬৪০।
সুন্দরবন এলাকায় পশুচিকিৎসা কেন্দ্রঃ পৃঃ ১৪।
সুতাকল শ্রমিকের সংখ্যাঃ পৃঃ ৫৭৮।
স্কুল বোর্ডঃ পৃঃ ৬৫০।
সেওরা অঞ্চল জলাভূমিতে চাষের ব্যবস্থাঃ পৃঃ ৭৫৪-৫৫।
সিজবেড়িয়া আবাদী খাল সংস্কারঃ পৃঃ ৫০।
সিনেমায় অশ্লীল প্রাচীর পত্রঃ পৃঃ ২৭৬।
সিনেমায় বাংলা ছবিঃ পৃঃ ৩৫৬।
সিংটী জুনিয়র বেসিক স্কুলঃ পৃঃ ৮৪৭।
সীড ফার্মঃ পৃঃ ৪৬৫-৬৮।
সুন্দরবন অরণ্যের সহিত ভ্রমণকারীদের সংযোগ রক্ষার জন্য সরকারী পরিকল্পনাঃ পৃঃ ১০০৯।
সুন্দরবন এলাকা হইতে আদায়ীকৃত রাজস্বঃ পৃঃ ৪৯৭-৯৮।
সুতাহাটা থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৮৪৩-৪৪।
সুন্দরবন এলাকায় জলনিকাশের জন্য স্লুইশ গেটঃ পৃঃ ৮৯৪-৯৫।
সোনামুখি মিউনিসিপ্যাল কর্মচারী হরিজনদের জন্য বাসগৃহ নির্মাণঃ পৃঃ ২৩৬-৩৯।
সোনামুখী মিউনিসিপ্যালিটির জন্য সরকার কর্তৃক গ্রান্টের পরিমাণঃ পৃঃ ৪৯২-৯৩।
সেবাইতগণকে অ্যানুয়িটি দেওয়ার পরিমাণঃ পৃঃ ৬৮৯।
স্পনসর্ড ডে স্টুডেন্টস হোমঃ পৃঃ ৮৯৯।
স্পোর্টস কাউন্সিলঃ পৃঃ ৯৭৫।
হরিণঘাটায় সরকারী দুগ্ধঃ পৃঃ ৭৭২।
হলদিয়া এলাকায় স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ২৪০।

**Question(s)**—contd.

হলদি্য়া নদীর উপর ব্রীজঃ পৃঃ ১৫০।
হলদিয়াতে পলিটেকনিক ও উচ্চ বিদ্যালয় খোলার প্রস্তাবঃ পৃঃ ২৩৬।
হাওড়া জেলা পরিষদঃ পৃঃ ১৪২।
হাওড়া জেলা প্রাথমিক স্কুল বোর্ড কর্তৃক শিক্ষক নিয়োগের সংখ্যাঃ পৃঃ ৩৯৬।
হাওড়া জেলার কালপ স্টেশন হইতে একসরা স্টেশন পর্যন্ত রাস্তাঃ পৃঃ ৪৯৫।
হাওড়া জেলার ডোমজুর ব্লকে অঞ্চল পরিষদঃ পৃঃ ৬৫।
হাওড়া জেলার ফ্রিঞ্জ রেশন এলাকাঃ পৃঃ ৬৮০-৮১।
হাওড়া জেলায় অগভীর নলকূপঃ পঃ ২৭৫-৭৬।
হাওড়া জেলায় ইরিগেশন এস ডি ও-র সংখ্যাঃ পৃঃ ৭৬২।
হাওড়া জেলায় উলুবেড়িয়া-পানপুর রাস্তার জমিঃ পৃঃ ৯৯৭।
হাওড়া জেলার গো প্রজনন কেন্দ্রঃ পৃঃ ৬৪।
হাওড়া জেলার জন্য ক্ষুদ্র সেচ প্রকল্পঃ পৃঃ ৭৬৯।
হাওড়া জেলায় পাকা রাস্তাঃ পৃঃ ১৩৪।
হাওড়া জেলায় বস্তিতে প্রাথমিক বিদ্যালয় সংস্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ৩৬৭।
হাওড়া জেলায় বেনামী জমিঃ পৃঃ ৬৬৬।
হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ঃ পৃঃ ৮৩৫-৩৭।
হাওড়া জেলায় মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যাঃ পৃঃ ২১২।
হাওড়া জেলায় সরকার কর্তৃক ফৌজদারী মামলা প্রত্যাহারঃ পঃ ৪৯৪।
হাওড়া থানা এলাকায় অকৃষি সমবায় সমিতির সংখ্যাঃ পৃঃ ২১৫-১৬।
হাওড়া ব্রীজ ট্যাক্সঃ পৃঃ ৫৫৬।
হাজী মহম্মদ মহসীন ফান্ডঃ পৃঃ ১০১২।
হাজী মোহম্মদ মহসীনের ওয়াকফ্‌কৃত সম্পত্তিঃ পৃঃ ৪১৬।
হাবড়া উদ্বাস্তু কলোনীতে নলকূপের সংখ্যাঃ পৃঃ ৭০।
হাবড়া থানায় জবরদখল কলোনীঃ পৃঃ ২৭৭।
হাবড়া থানায় সরকারী কলোনীঃ পৃঃ ৫০৮।
হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে দৈনিক খাদ্য সরবরাহের পরিমাণঃ পৃঃ ৩৯৮।
হাসপাতালের শয্যা সংখ্যাঃ পঃ ৪৯৭।
হাড়োয়া থানার কুলটী অঞ্চলে হাঙ্গামাঃ পঃ ৯৭৬।
হিমঘরে কর্মরত কর্মচারীদের বেতন ও ছুটির ব্যবস্থাঃ পৃঃ ৫৫৭।
হিঙ্গলগঞ্জ-জলজলি-হেমনগর রাস্তাঃ পৃঃ ৯৯৪।
হীরপুর নির্বাচনক্ষেত্রে কূপ খননঃ পৃঃ ২৩৮-৩৯।
হুগলী জেলার খানাকুল থানায় মুণ্ডেশ্বরী নদীতে স্লুইস গেটঃ পৃঃ ৯৮৫।
হুগলী নদীর ভাঙনে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীঃ পৃঃ ২১৪-১৫।
হেল্থ অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগকরণঃ পৃঃ ১০২৮।
হোমিওপ্যাথিক হাসপাতালঃ পৃঃ ২৫৭।

**Raha, Shri Sanat Kumar**

Acquisition of khas and benami lands (Q.): p. 950.
Agricultural Credits Corporation (Q.): p. 650.
Committee on Plan Resources (Q.): p. 365.
Ford Foundation Aid (Q.): p. 369.
Introduction of one direct line of administration of agriculture (Q.): p. 474.
Mention case: pp. 425, 693.
Progress of Housing Scheme (Q.): p. 654.
Progress in Tourism in West Bengal (Q.): p. 1041.
Recruitment of constables (Q.): p. 957.
Representation for reorganisation of agricultural set-up (Q.): p. 475.
Rupnarayan Distillery (Q.): p. 573.

**Raha, Shri Sanat Kumar**—contd.

Surplus hands in Government services (Q.): p. 986.
Urban Community Development Scheme (Q.): p. 389.
Unemployment figure (Q.): p. 546.
The West Bengal Panchayat Bill, 1969: pp. 712-714.
Working of Employees' State Insurance Scheme (Q.): p. 561.
অগভীর নলকূপের পাম্প সেটঃ (প্রঃ) পৃঃ ৭৭৩।
অরাংগাবাদ ও ধূলিয়ানে বিড়ি কারখানাঃ (প্রঃ) পৃঃ ৬৬।
আদিবাসীদের জন্য প্রাথমিক বিদ্যালয়ঃ (প্রঃ) পৃঃ ৪০৪।
অরংগাবাদ ও দয়ারামপুরে ভাঙ্গনঃ (প্রঃ) পৃঃ ৮৯৬।
আরামবাগ ও রাবড়া থানায় নূতন তৈরী রাস্তার সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২১২।
উম্বাস্তু পরিবারদের কৃষিঋণঃ (প্রঃ) পৃঃ ৬০।
এক্সটেনসন অফিসারঃ (প্রঃ) পৃঃ ৫৬৯।
কল্যাণী কৃষি কলেজের ছাত্রসংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৫৯।
কলিকাতায় শিল্প সংস্থাপনের লাইসেন্সঃ (প্রঃ) পৃঃ ১৮।
কাংস্য শিল্পীদের রাং ও তামা সরবরাহঃ (প্রঃ) পৃঃ ৪০১-৪০২।
কান্দী থানায় বাস্তু জমির খাজনা মাপঃ (প্রঃ) পৃঃ ৩৮৩।
কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের স্থানান্তরিতকরণঃ (প্রঃ) পৃঃ ৩৫২-৫৩।
কৃষি উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির পরিকল্পনাঃ (প্রঃ) পৃ ৬৫৪।
কৃত্রিম উপায়ে ফল পাকানঃ (প্রঃ) পৃঃ ৩৮৯।
কৃষি ঋণঃ (প্রঃ) পৃঃ ১২, ৩৪৩-৪৪।
কৃষি বিজ্ঞানের সম্প্রসারণের জন্য সরকারী ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫৮০।
খড়্গপুর মিউনিসিপ্যালিটীর নির্বাচনঃ (প্রঃ) পৃঃ ৩৭২।
খড়গ্রাম হাসপাতাল-কান্দী রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৯৯৭।
খাগড়াঘাট রেল স্টেশনের বৈদ্যুতিকরণঃ (প্রঃ) পৃঃ ৫৭৮।
খেলাধূলার জন্য বহরমপুরে মহাকালী বালিকা মাধ্যমিক বিদ্যালয়কে জমি দিবার প্রস্তাব (প্রঃ)ঃ পৃঃ ৩৭১।
গ্রাম পর্যায়ে তথ্য ও জনসংযোগ ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৫০৫-৫০৬।
গ্রামসেবক ও গ্রামসেবিকাদের ভূমি সংস্কারের কাজে নিয়োগঃ (প্রঃ) পৃঃ ৬৫৩।
গ্রামসেবক ও গ্রামসেবিকাদের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ৬৭৯।
ঘোষ কমিশনের জন্য ব্যয়ঃ (প্রঃ) পৃঃ ৩৮১।
চিকিৎসা ক্ষেত্রে লাইসেন্সিয়েট ও কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করার প্রস্তাব (প্রঃ) পৃঃ ৩৭২-৭৩।
চিনি কলঃ (প্রঃ) পৃঃ ৫৫২।
ছোট শিল্পী ও কারিগরদের জন্য সরকারী ঋণঃ (প্রঃ) পৃঃ ৯৬১।
জাতীয় ভলান্টিয়ার বাহিনীঃ (প্রঃ) পৃঃ ৩৯৯।
জিয়াগঞ্জ মার্কেটিং সোসাইটিঃ (প্রঃ) পৃঃ ৯৯২।
জেল কোডের সংস্কার সম্বন্ধে সরকারী সিদ্ধান্তঃ (প্রঃ) পৃঃ ৩৮৬।
জেলা ও আঞ্চলিক পরিষদের অফিস বাড়ী (প্রঃ) পৃঃ ৫০৭-৫০৮।
জেলা প্রচার দপ্তরের কাজ (প্রঃ) পৃঃ ২৮০।
ডুমনীদহ বিল (প্রঃ) পৃঃ ৫৯।
ডোমকল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জমি (প্রঃ)ঃ পৃঃ ৬৭৮।
তহশীলদার নিয়োগ এগ্রিমেন্ট বাতিল করার ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১০০৩।
ধানের উৎপাদন ও গড় উৎপাদন মূল্য নির্ধারণের উপায় (প্রঃ)ঃ পৃঃ ৪৮৮-৮৯।
'নাটক'-এর উপর প্রমোদকর (প্রঃ)ঃ পৃঃ ৩৬৬।
নাম খারিজ করিবার কাজ (প্রঃ)ঃ পৃঃ ৪৬০-৬১।
নিউজপ্রিন্ট কাগজ (প্রঃ)ঃ পৃঃ ৫৪৩।
নিবর্তনমূলক আটক আইনে ধৃত সমাজবিরোধী ব্যক্তি (প্রঃ)ঃ পৃঃ ৬৭।

**Raha, Shri Sanat Kumar**—contd.
নিম্নতম মজুরি দিবার বিধি পালন না করার অভিযোগ (প্রঃ): পৃঃ ৬৪।
পশ্চিমবঙ্গে ঔষধ তৈয়ারির কারখানা (প্রঃ): পৃঃ ২৭১।
পশ্চিমবঙ্গে তৈলবীজ উৎপাদন ও আমদানীর পরিমাণ (প্রঃ): পৃঃ ৫৭৩।
পশ্চিমবঙ্গে সরিষা আমদানীকারকের সংখ্যা (প্রঃ): পৃঃ ২১১।
পাট চাষ (প্রঃ): পৃঃ ৬৭১।
পূর্তবিভাগ কর্তৃক অনুমোদিত ও রেজেস্ট্রি তালিকাভুক্ত কন্ট্রাক্টর (প্রঃ): পৃঃ ১৫৪।
বহরমপুর ইলেট্রিক সাপ্লাই কোং (প্রঃ): পৃঃ ১২৬।
বহরমপুর ক্যান্টনমেন্ট এলাকায় গেজেটেড অফিসারদের কোয়ার্টার হইতে আদায়ীকৃত বাড়িভাড়া (প্রঃ): পৃঃ ১৫৭।
বহরমপুর টেক্সটাইল কলেজ (প্রঃ): পৃঃ ২৫৩।
বহরমপুর ট্যুরিস্ট লজ (প্রঃ): পৃঃ ৩৯১।
বহরমপুর থানায় গোয়ালাজান উদ্বাস্তু কলোনীতে উন্নয়ন পরিকল্পনা (প্রঃ): পৃঃ ২৭১।
বহরমপুর থানায় চাঁদোরের বিলের সংস্কার (প্রঃ): পৃঃ ৭৬৮।
বহরমপুর থানায় মাঝেরপাড়ায় প্রাথমিক বিদ্যালয়ের জন্য গৃহ নির্মাণ (প্রঃ): পৃঃ ৩৮১।
বহরমপুর নির্বাচন কেন্দ্রে টিউবওয়েল ও কূপ স্থাপনের প্রস্তাব (প্রঃ): পৃঃ ৫০৬।
বহরমপুর ব্লকে অনুমোদিত বিদ্যালয়ের সংখ্যা (প্রঃ): পৃঃ ৬৪৮-৪৯।
বহরমপুর ব্লকে গভীর ও অগভীর সেচ নলকূপ (প্রঃ): পৃঃ ১০৪০।
বহরমপুর ব্লকে চালু ও অকেজো নলকূপের সংখ্যা (প্রঃ): পৃঃ ৫০৮।
বহরমপুর ব্লকে বয়স্ক শিক্ষা কেন্দ্র (প্রঃ): পৃঃ ১০২০।
বহরমপুর ব্লকে বাস্তুজমির জন্য গরিব কৃষকদের আবেদনের সংখ্যা (প্রঃ): পৃঃ ৫৬৬।
বহরমপুর ব্লকে ব্যয়িত টেস্ট রিলিফের পরিমাণ (প্রঃ): পৃঃ ৫৭২।
বহরমপুর ব্লকে শিল্পী ঋণ খাতে টাকা বরাদ্দের পরিমাণ (প্রঃ): পৃঃ ১০১৯।
বহরমপুর ব্লকে সরকার অনুমোদিত পাঠাগার (প্রঃ): পৃঃ ১০১৯।
বহরমপুর ব্লকে সরকারের খাস ন্যস্ত জমির পরিমাণ (প্রঃ): পৃঃ ৯৯৩।
বহরমপুর ব্লকে বাস্তুজমির খাজনা মাপের আবেদন (প্রঃ): পৃঃ ৫৮৫।
বহরমপুর মহকুমায় অনুমোদনের নিমিত্ত বিবেচনাধীন প্রাথমিক বিদ্যালয় (প্রঃ): পৃঃ ৩৭৭।
বহরমপুর মহাকালী উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ খোলার প্রস্তাব (প্রঃ): পৃঃ ৩৭১।
বহরমপুর রাষ্ট্রীয় কল্যাণ ভবন (প্রঃ): পৃঃ ১০৩৫।
বহরমপুর শহরে গোরাবাজার ওয়ার্ডে মদের দোকান (প্রঃ): পৃঃ ৬৪২-৪৩।
বার্ধক্যভাতা ও কল্যাণ ভবনে প্রতিপালনের জন্য আবেদনপত্র (প্রঃ): পৃঃ ৪০১।
বানজেটিয়াস্থিত আই টি আইএর পরিচালনা কমিটি (প্রঃ): পৃঃ ৫০৭।
বাস্তুজমি ও তাহার খাজনা ও রাজস্বের পরিমাণ (প্রঃ): পৃঃ ৯৭৯।
বিদ্যুৎচালিত গভীর নলকূপ (প্রঃ): পৃঃ ৭৬৯।
বিষ্ণুপুর বিলে মৎস্য-চাষে সরকারী ব্যয় (প্রঃ): পৃঃ ১৫৭।
ভূমি সংস্কার আইনবলে বিক্রীত জমি ফেরত-পাওয়া উপজাতি সম্প্রদায় পরিবারের সংখ্যা (প্রঃ): পৃঃ ৯৮০।
ময়ূরাক্ষী ক্যানেলের উত্তর বিভাগের ডিস্ট্রিবিউটারী নং ১৪।১।১ (প্রঃ): পৃঃ ৭৫৮।
মুর্শিদাবাদ ইন্সটিটিউট অফ টেকনোলজি (প্রঃ): পৃঃ ৬৭৩।
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের জন্য বাড়ি (প্রঃ): পৃঃ ৬০।
মুর্শিদাবাদ জেলার অগভীর নলকূপের পাম্পসেট বিক্রয়ের অনুমোদিত এজেন্সি (প্রঃ): পৃঃ ১০৪০।
মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু কলোনির উন্নয়ন পরিকল্পনা (প্রঃ): পৃঃ ৭০।
মুর্শিদাবাদ জেলায় ৩৪নং জাতীয় সড়ক ও সুতী ২নং লিংক রোড (প্রঃ): পৃঃ ৩৯২।
মুর্শিদাবাদ জেলায় খাদ্যশস্য ধরিবার জন্য এন, ভি, এফ এবং পুলিস (প্রঃ): পৃঃ ৫৫৯।
মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গনে ক্ষয়ক্ষতির পরিমাণ (প্রঃ): পৃঃ ১০৩৫।

**Raha, Shri Sanat Kumar**—contd.

মুর্শিদাবাদ জেলায় নূতন ও পুরাতন রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ২৭০।
মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ৬৬৩-৬৫।
মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদন (প্রঃ)ঃ পৃঃ ৯৮০।
মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব বাড়ী (প্রঃ)ঃ পৃঃ ৯৯২।
মুর্শিদাবাদ জেলার বাগড়ী অঞ্চলে পাটশাক খাইয়া লোকের মৃত্যু (প্রঃ)ঃ পৃঃ ২৭৯-৮০।
মুর্শিদাবাদ জেলায় বহরমপুর ও হরিহরপাড়া থানায় মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয় (প্রঃ)ঃ পৃঃ ১৫৭।
মুর্শিদাবাদ জেলায় ভাগীরথীর ভাঙ্গন (প্রঃ)ঃ পৃঃ ৫৮।
মুর্শিদাবাদ জেলায় যানবাহনের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৬৭৬।
মুর্শিদাবাদ জেলায় রাজনীতিক কর্মীদের ভাতা (প্রঃ)ঃ পৃঃ ৬৫৮।
মুর্শিদাবাদ জেলায় রিভার পাম্পের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২৬৯-৭০।
মুর্শিদাবাদ জেলায় সমবায় সমিতির যৌথ খামারের জন্য জমি (প্রঃ)ঃ পৃঃ ৩৮৪।
মুর্শিদাবাদ জেলায় সরকার অনুমোদিত ট্রেড ইউনিয়নের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৫৮৬।
মুর্শিদাবাদ জেলায় হস্তচালিত তাঁত শিল্পের জন্য আঞ্চলিক দপ্তর (প্রঃ)ঃ পৃঃ ১০৩৫।
সরকার কর্তৃক আনন্দমার্গ সম্পর্কে অনুসন্ধান কার্য (প্রঃ)ঃ পৃঃ ৩৮২।
সরকার প্রকাশিত পাঠ্যপুস্তকের জন্য মোট ব্যয় (প্রঃ)ঃ পৃঃ ২১৭।
সরকারী কর্মচারীদের বর্ধিত হারে রেশন (প্রঃ)ঃ পৃঃ ৫৫৫।
সরকারী গুদামের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২১১-১২।
সরকারী চাকুরীতে আবেদনপ্রার্থীর সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৬৭।
সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনার জন্য কমিটি গঠন (প্রঃ)ঃ পৃঃ ৩৭২।
সামগ্রিক উন্নয়নের জন্য জেলাভিত্তিক উন্নয়ন কমিটি (প্রঃ)ঃ পৃঃ ৩৭৩।
সালার-কাগ্রাম-শিমুলিয়া সড়ক (প্রঃ)ঃ পৃঃ ৩৯৯।
সালার-কান্দী সড়ক (প্রঃ)ঃ পৃঃ ৮৩৫।
সালার রেল স্টেশন হইতে কাগ্রাম-শিমুলিয়া রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ৩৯৩।

**Ray, Shri Birendra Narayan**

Mention case: Pp. 514-515, 777.
The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1969: p. 299.
খুন, আত্মহত্যা, ডাকাতি ইত্যাদির সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৩৮৭।
জমিদারদের ক্ষতিপূরণ দান (প্রঃ)ঃ পৃঃ ৯৭৮।
পাটগুদামে আগুন লাগার ঘটনা (প্রঃ)ঃ পৃঃ ৪৭৬-৭৭।
পি ডি এফ, পি ডি এফ-কংগ্রেস কোয়ালিশন ও রাষ্ট্রপতি শাসনকালে গুলি, লাঠি ও টিয়ারগ্যাস চার্জের ঘটনা (প্রঃ)ঃ পৃঃ ১০০৪।
সাব-ইন্সপেক্টর অব স্কুল (প্রঃ)ঃ পৃঃ ১০৩৯।

**Ray, Shri Jajneswar**

জলপাইগুড়ি জেলায় অভাবী মেধাবী ছাত্রছাত্রীদের সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১০২৪।
জলপাইগুড়ি জেলায় গভীর নলকূপের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১০১৮।
জলপাইগুড়ি জেলার গ্রামাঞ্চলে রাস্তা পাকা করার পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ১০০৩।
জলপাইগুড়ি জেলায় গ্রাম্য জল সরবরাহ স্কীমে নলকূপের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৫০৬-৫০৭।
জলপাইগুড়ি জেলায় জি আর বণ্টন (প্রঃ)ঃ পৃঃ ১০৩৪।
জলপাইগুড়ি জেলায় স্টেট্ রিলিফের কাজ (প্রঃ)ঃ পৃঃ ৮৯৫।
জলপাইগুড়ি জেলার তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের শিক্ষার অগ্রগতির জন্য অর্থ সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১০০২।
জলপাইগুড়ি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত বাসগৃহ (প্রঃ)ঃ পৃঃ ৮৪৮।
জলপাইগুড়ি জেলা বিদ্যালয় পর্ষদের বদলে উপদেষ্টা সমিতি (প্রঃ)ঃ পৃঃ ১০৩৬।

**Roy, Shri Jajneswar**—concld.

জলপাইগুড়ি জেলায় হাটবাজারের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৯৮৪।
জলপাইগুড়ি জেলায় প্রাইমারী ও সার্বসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ৯৮৯।
জলপাইগুড়ি জেলায় প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব (প্রঃ)ঃ পৃঃ ৬৪৮।
প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিগণের সুযোগসুবিধা (প্রঃ)ঃ পৃঃ ৬৭২-৭৩।

**Ray, Shri Manash**

রায়গঞ্জ শহরে কুলিক নদীর ব্রীজ (প্রঃ)ঃ পৃঃ ৪০২-৪০৩।
রায়গঞ্জ সিনিয়র পলিটেকনিক স্কুল (প্রঃ)ঃ পৃঃ ২০৫-০৬।

**Ray, Shri Siddhartha Sankar**

The City Civil Court (Amendment) Bill, 1969: p. 821.
Mention case: p. 1054.
Point of Order: pp. 1056, 1067.

**Report(s)**

—of the Business Advisory Committee: p. 122.

**Roy, Shri Amalendra Lal**

Bus routes in Murshidabad (Q.): p. 957.
Charges against the societies by the Powerloom Enquiry Commission, 1967 (Q.): pp. 338-39.
Daily income from State buses on certain routes (Q.): p. 945.
Financial help to the Tribal students of Murshidabad district (Q.): p. 223.
The Indian Red Cross Society (Bengal Branch) (Amendment) Bill, 1969: pp. 173, 175-79, 182-83.
Issue of Bus Route Permits (Q.): p. 959.
Mention case: pp. 774-75, 1044.
Point of Privilege: p. 915.
Rate of bus fare (Q.): p. 948.
এই রাজ্যের ক্ষুদ্রায়তন শিল্পগুলিকে রেলওয়ে পর্ষদের কাজের অর্ডার (প্রঃ)ঃ পৃঃ ৩৯৬-৯৭।
কলিকাতাস্থ সেচ ও জলপথ দপ্তরের দখলীভুক্ত জমির লীজ (প্রঃ)ঃ পৃঃ ৪৯।
কানা ময়ুরাক্ষী নদীর উপর সাঁকো নির্মাণ (প্রঃ)ঃ পৃঃ ৮৩৪।
কানা ময়ুরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের সরকারী পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ৮৩৩।
কান্দী ও পাইকপাড়া রাজ স্কুল এন্ডাউড এস্টেট (প্রঃ)ঃ পৃঃ ৯৭৯।
কান্দী মহকুমায় অগভীর নলকূপ (প্রঃ)ঃ পৃঃ ২৬২।
কারখানায় বেআইনী লকআউট (প্রঃ)ঃ পৃঃ ৫৫০।
কেন্দ্রীয় বা অন্য রাজ্যসরকার প্রেরিত আই এ এস ও এ পি এস অফিসার (প্রঃ)ঃ পৃঃ ৯৭৬।
জনসাধারণের আবেদননিবেদন নিষ্পত্তির জন্য সরকারী ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৩৯৬।
দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় চা-বাগানের জমি (প্রঃ)ঃ পৃঃ ৬৮৯।
দার্জিলিং-এ পর্যটকদের জন্য আবাসের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৩৯৯।
দি জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ (প্রঃ)ঃ পৃঃ ১০০৯।
দৃষ্টিহীনদের স্কুলের সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ২১৬।
নিরক্ষর বয়স্ক লোকেদের শিক্ষা ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৩৬২-৬৩।
৩৪নং ন্যাশনাল হাইওয়ের ওভারব্রীজ নির্মাণের প্রকল্প (প্রঃ)ঃ পৃঃ ১৬৭।
৪৩নং ন্যাশনাল হাইওয়ের রঘুনাথগঞ্জ ফারাক্কা অংশ (প্রঃ)ঃ পৃঃ ১০২৪।

**Roy, Shri Amalendra Lal**—concld.

পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের রিপোর্ট (প্রঃ): পৃঃ ৮।
প্রধানমন্ত্রীর পশ্চিমবঙ্গ সফর (প্রঃ): পৃঃ ৯৬৭।
প্রাক্তন রাজ্যপাল শ্রী ধর্মবীরের প্রান্তিক ছুটির বেতন ও ভাতা (প্রঃ): পৃঃ ৩৫৪।
প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ্ সেন্টার শয্যা (প্রঃ): পৃঃ ৫৬৫।
প্রাথমিক স্কুলগুলিতে কন্টিনজেন্সী ফান্ড (প্রঃ): পৃঃ ৫৮১।
বহরমপুর ফিশ সীড ফার্ম (প্রঃ): পৃঃ ১০১৪।
বহরমপুর সদর হাসপাতাল (প্রঃ): পৃঃ ৩৯৭-৯৮।
বহরমপুর সদর হাসপাতালে কুষ্ঠ ক্লিনিক (প্রঃ): পৃঃ ৩৯৭।
বড়ঞা ও ভরতপুর থানায় প্রাইমারী বিদ্যালয়ের সংখ্যা (প্রঃ): পৃঃ ৮৫০।
বাহাদুরপুর-মারুট রাস্তায় ময়ূরাক্ষী নদীর উপর সেতু নির্মাণের ব্যয় (প্রঃ): পৃঃ ৯৮৮।
বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহিত রাজ্যসরকারের সম্পর্ক (প্রঃ): পৃঃ ৫০০।
ভারতীয় ইউনিয়ন হইতে পশ্চিমবঙ্গ রাজ্যে পৃথকীকরণ (প্রঃ): পৃঃ ৩৯৭।
ময়ূরাক্ষী সেচ প্রকল্প (প্রঃ): পৃঃ ৪২।
মুর্শিদাবাদ জেলার ময়ূরাক্ষী সেচ প্রকল্প হইতে খাল খনন (প্রঃ): পৃঃ ৬৮।
মুর্শিদাবাদ জেলায় অগভীর নলকূপ সেচ পরিকল্পনা (প্রঃ): পৃঃ ৮৯১।
মুর্শিদাবাদ জেলার কয়েকটি রাস্তার নির্মাণকার্য (প্রঃ): পৃঃ ৫৫৭।
মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিসে আমীনের সংখ্যা (প্রঃ): পৃঃ ৪১৫।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার খাস ও ন্যস্ত জমির বিলিকরণ (প্রঃ): পৃঃ ৫৮৪।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা থানার চাষীদের ঋণ দেওয়ার পরিমাণ (প্রঃ): পৃঃ ৫৮৮।
মুর্শিদাবাদ জেলার বড়ঞা ও ভরতপুর থানায় নলকূপের সংখ্যা (প্রঃ): পৃঃ ৪৯৯।
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প প্রতিষ্ঠানের পরিচালকবর্গের নাম ও ঠিকানা (প্রঃ): পৃঃ ১০১৪।
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন ধরনের লিকুইডেশনে যাওয়া সমবায় সমিতি (প্রঃ): পৃঃ ৩৮৮-৮৯।
মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্কুলে অতিরিক্ত শিক্ষকের পদ (প্রঃ): পৃঃ ১০৩৪।
মুর্শিদাবাদ জেলার সমশেরগঞ্জ ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ): পৃঃ ৩৭৬।
মুর্শিদাবাদ জেলা স্কুলবোর্ডের অফিসবাড়ী (প্রঃ): পৃঃ ৬৬৭।
মুর্শিদাবাদ জেলায় হাট ও বাজারের সংখ্যা (প্রঃ): পৃঃ ৭৭৩।
জঙ্গীপুর ও কান্দী মহকুমায় গভীর নলকূপ খনন (প্রঃ): পৃঃ ১০০০।
সরকারী কর্মচারীদের রাজনৈতিক দলের সদস্য হবার অধিকার (প্রঃ): পৃঃ ১০।
স্পনসর্ড ডে স্টুডেন্টস হোম (প্রঃ): পৃঃ ৮৯৯।
সংবাদপত্র মালিকদের কারখানা আইনের বিভিন্ন ধারা লঙ্ঘন (প্রঃ): পৃঃ ৮৩০-৩১।
সীড ফার্ম (প্রঃ): পৃঃ ৪৬৫-৬৮।
হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে দৈনিক খাদ্য সরবরাহের পরিমাণ (প্রঃ): পৃঃ ৩৯৮।

**Roy, Shri Aswini Kumar**

Construction of bridge over the Damodar river at Sadar Ghat (Q.): p. 674.
Documentary Films (Q.): p. 156.
House-building loans to Low Income Group (Q.): p. 575.
Mention case: p. 595.
Number of free primary schools in Calcutta Municipal area (Q.): p. 841.
Pay-scale, etc. of the Librarians and Peons under the Rural Libraries (Q.): p. 1041.
Rates of rent for houses under Low Income Group Housing Scheme (Q.): p. 570.
Requisition of transport for cordoning (Q.): p. 1037.

**Roy, Shri Aswini**

Tenements under Low and Middle Income Group Housing Schemes (Q.): p. 1023.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: p. 799-800.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 94-96.
The West Bengal Premises Tenancy (Second Amendment) Bill, 1969: pp. 621-22.
The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1969: pp. 744-45.
অধিকবার আমন ধান চাষের প্রকল্প (প্রঃ)ঃ পৃঃ ৪৭৪।
আন্তঃজেলা বাসরুটের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৯৬১।
কাটোয়া থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ (প্রঃ)ঃ পৃঃ ৭৭০।
চলচ্চিত্র উন্নয়ন বোর্ড (প্রঃ)ঃ পৃঃ ১৫২।
জেলান্তরে খাদ্য ও ত্রাণ কমিটি (প্রঃ)ঃ পৃঃ ১১।
দুর্গাপুরে বেনাচিতি বাজারে ভাড়াটিয়া উচ্ছেদ (প্রঃ)ঃ পৃঃ ৪৬৪।
নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার (প্রঃ)ঃ পৃঃ ৬৫।
ঢাকেশ্বরী সুতাকল (প্রঃ)ঃ পৃঃ ৫৬১।
পশ্চিমবঙ্গে ফিল্ম তৈরীর তথ্য (প্রঃ)ঃ পৃঃ ১৬২।
বর্ধমান জেলার কামরপাড়ায় স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসালয় ও আবাসগৃহগুলির অবস্থা (প্রঃ)ঃ পৃঃ ২৭৮-৭৯।
বর্ধমান জেলার ডি ভি সি-র পি বি সি শাখা ক্যানেলের ভাঙ্গন (প্রঃ)ঃ পৃঃ ৪১।
সরকারের পাটক্রয়ের সিদ্ধান্ত (প্রঃ)ঃ পৃঃ ৪৭৫-৭৬।
স্কুলবোর্ড (প্রঃ)ঃ পৃঃ ৬৫০।
হিমঘরে কর্মরত কর্মচারীদের বেতন ও ছুটির ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৫৫৭।

**Ray, Shri Haradhan**

Discussion on matter under rule 194: pp. 926-28.
আসানসোল মহকুমার বিভিন্ন ব্লকে তফসিলভুক্ত জাতি ও উপজাতির বাস্তুভিটা বিক্রয় ও বন্ধক (প্রঃ)ঃ পৃঃ ৩৮০।
আসানসোল মহকুমায় মাধ্যমিক স্কুলে ম্যানেজিং কমিটি (প্রঃ)ঃ পৃঃ ৪৮১-৮২।
বর্ধমান জেলায় উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে উর্দু শিক্ষার ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৩৮০।
রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে খনি মালিকদের নিকট রাজ্যসরকারের পাওনা (প্রঃ)ঃ পৃঃ ৬৮৫।

**Roy, Shri Jagananda**

Gherao of S.D. of Alipurduar at Farakka (Q.): p. 565.
জলপাইগুড়ি জেলার যোগেন্দ্রপুর ও চুয়াখোলা বাঁধ (প্রঃ)ঃ পৃঃ ৭৫০।

**Roy, Shri Jatindra Mohan**

পশ্চিম দিনাজপুর জেলার বাস্তুভিটা বণ্টন ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৬৬।
পশ্চিম দিনাজপুর জেলায় জমি বণ্টন (প্রঃ)ঃ পৃঃ ২৬৭-৬৮।
পশ্চিম দিনাজপুর জেলায় জুনিয়ার হাইস্কুলঃ পৃঃ ৪৮২-৮৩।
পশ্চিম দিনাজপুর জেলায় প্রাইমারী ও বুনিয়াদী বেসিক স্কুলের থানাভিত্তিক সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১০০৭।
পশ্চিম দিনাজপুর জেলায় রিলিফ ও টেস্ট রিলিফের জন্য মোট ব্যয় (প্রঃ)ঃ পৃঃ ৬৮৮।
পশ্চিম দিনাজপুর জেলায় সি পি ও গ্রুপ লোন বিতরণ (প্রঃ)ঃ পৃঃ ৬৫৯-৬০।
পশ্চিমবঙ্গে মূক ও বধির শিক্ষা প্রতিষ্ঠান (প্রঃ)ঃ পৃঃ ৫৮৭।

**Roy, Shri Phakir Chandra**

R.B.M.C. (Q.): p. 767.

Galsi River Research Station in Burdwan district (Q.): p. 58.

**Saraogi, Shri Ramkrishna**

Unlicensed private taxis (Q.): p. 974.
The West Bengal Appropriation (No. 2) Bill, 1969: pp. 103-104.
The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1969: pp. 599-601.
The West Bengal Premises Tenancy (Second Amenndment) Bill, 1969: p. 614.

**Saren, Shri Jayram**

ঝাড়গ্রাম মহকুমায় সরকারী খাস জমির বন্টনঃ (প্রঃ) পৃঃ ৮৯৯-৯০০।
বেলপাহাড়ী-বাঁশপাহাড়ী, বীনপুর-লছিপুর, সিজুয়াঘাট-রামগড় এবং রামগড়-লালগড় রাস্তাগুলির সংস্কারের ব্যবস্থাঃ (প্রঃ) পৃঃ ৩৯৩।
মেদিনীপুর জেলার বীনপুর থানায় জুনিয়র হাইস্কুল ও উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যাঃ (প্রঃ) পৃঃ ২৬৯।

**Sarkar, Shri Brajendra Nath**

সুন্দরবন অরণ্যের সহিত ভ্রমণকারীদের সংযোগ রক্ষার জন্য সরকারী পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ১০০৯।
হাড়োয়া থানার কুলটী অঞ্চলে হাঙ্গামাঃ (প্রঃ) পৃঃ ৯৭৬।

**Sarkar, Shri Nitaipada**

Mention case: p. 1047.
কৃষকদের সাহায্যের জন্য কৃষিঋণ (প্রঃ)ঃ পৃঃ ১৩।
গান্ধী মেমোরিয়াল হাসপাতাল; কল্যাণী (প্রঃ)ঃ পৃঃ ১০২৫।
গৌরীপুরে ইলেকট্রিক সাপ্লাই পাওয়ার স্টেশন (প্রঃ)ঃ পৃঃ ৮১৬।
জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণ (প্রঃ) পৃঃ ৫৫০।
জলঢাকা প্রকল্পের পাওয়ার হাউস নির্মাণ (প্রঃ) পৃঃ ৮২৫।
নদিয়া জেলায় গো-মড়ক (প্রঃ)ঃ পৃঃ ৯।
নদিয়া জেলার ট্যাংরা খাল সংস্কার (প্রঃ)ঃ পৃঃ ৫০।
নদিয়া জেলায় প্রাইমারী ও সাবসিডিয়ারী হেল্থ সেন্টারের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৬৫৫।
নদিয়া জেলায় রাণাঘাট-আড়ংঘাটা ও বিষ্ণুপুর-আহযসালি রাস্তায় নির্মাণকার্য (প্রঃ)ঃ পৃঃ ২০।
নদিয়া জেলায় লিফট ইরিগেশন স্কীম (প্রঃ)ঃ পৃঃ ৩৮৮।
নিখিলবঙ্গ শিক্ষক সমিতি পরিচালিত বি টি কলেজ (প্রঃ)ঃ পৃঃ ২৪১।
২৪-পরগনা জেলা স্কুল বোর্ডে তহবিল তছরুপের অভিযোগ (প্রঃ)ঃ পৃঃ ২২৮-২৮।
পশ্চিমবঙ্গে হাউসিং এস্টেট্ (প্রঃ)ঃ পৃঃ ৫৭২।
বরানগর ও কাঁকুড়গাছিতে ওয়াগন ভাঙ্গার ঘোষণা সম্পর্কে গ্রেপ্তার (প্রঃ)ঃ পৃঃ ৯৭৭।
ব্যান্ডেল তাপ-বিদ্যুৎ কেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ৮২৮-২৯।
রাজ্যপাল মহোদয়ের বেতন ও ভাতা (প্রঃ)ঃ পৃঃ ৯৬২।
সাকসুবী ফার্মারের শেয়ার (প্রঃ)ঃ পৃঃ ৩৬৮-৬৯।
স্টেট ইলেকট্রিসিটি বোর্ড (প্রঃ)ঃ পৃঃ ১৪৫।

**Sen, Shri Arun**

Enquiry into the utilisation of funds by the Principal, Barasat Government College (Q.): p. 1010.
Mention case: p. 780.
Purchase of shares of Industrial and Commercial Companies by the Government (Q.): pp. 685-86.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 788-90, 808, 817-18.
The West Bengal Payment of Subsistence Allowance Bill, 1969: p. 308,

**ı, Shri Sadhan Kumar**

Recommendations of the Kalyani University Commission (Q.): p. 470, 753-54.
কাঁকপুল হইতে রাজবেড়িয়া পর্যন্ত পাকা রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ৪৯২।
ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অব স্কুলস (প্রঃ)ঃ পৃঃ ২৫৫।
হাবড়া উদ্বাস্তু কলোনীতে নলকূপের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৭০।
হাওড়া থানা এলাকায় অকৃষি সমবায় সমিতির সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ২১৫-১৬।
হাবড়া থানায় জবরদখল কলোনী (প্রঃ)ঃ পৃঃ ২৭৭।
হাবড়া থানায় সরকারী কলোনী (প্রঃ)ঃ পৃঃ ৫০৮।

**ımsuddin Ahmed, Shri**

Discussion on non-official resolution regarding primary education in rural areas in West Bengal: pp. 936-37.
Mention case: pp. 692-93, 1049.
কালিয়াচক-গোপালগঞ্জ রাস্তায় পাগলা নদীর উপর সেতু নির্মাণ (প্রঃ)ঃ পৃঃ ১০৩৩।
কালিয়াচক থানায় ৩৪নং জাতীয় সড়কের ১৬ মাইল হইতে জবলাহী রাস্তার কাজ (প্রঃ)ঃ পৃঃ ১০৩৩।
মাদ্রাসা প্রতিষ্ঠানগুলিতে অর্থ সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ২৫৯।
মাদ্রাসা বোর্ড (প্রঃ)ঃ পৃঃ ৪৯৮।
মাদ্রাসা শিক্ষার জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ৫৭৬।
মালদহ জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ২৫৬।
মালদহ জেলায় সিভিল ডিফেন্স-এ শিক্ষণপ্রাপ্তদের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৫৬৮।
মালদহ জেলার গভীর নলকূপ (প্রঃ)ঃ পৃঃ ৫৬।
মালদহ জেলায় প্রাথমিক ও সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ৩৭৪-৭৫।
হাজী মহম্মদ মহসীন ফান্ড (প্রঃ)ঃ পৃঃ ১০১২।

**ha, Shri Suresh Chandra**

Mention case: p. 1051.
জল ঢাকা বিদ্যুৎ প্রকল্প (প্রঃ)ঃ পৃঃ ৮২৬-৮২৮।
পশ্চিমবঙ্গে বিভিন্ন উন্নয়ন অফিসে অকেজো কৃষি যন্ত্রপাতি (প্রঃ)ঃ পৃঃ ২১৩-১৪।

**ːaker, Mr.**

Ruling by—of on adjournment motion: p. 691.

**'at Ali Khan, Shri**

Mention case: p. 596.

**lukdar, Shri Pralay**

অধ্যক্ষ ও অধ্যাপকদের কলেজে অধ্যাপনার কাজে বয়ঃসীমা (প্রঃ)ঃ পৃঃ ২২৯।
কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় স্মৃতিরক্ষা (প্রঃ)ঃ পৃঃ ১২৮।
গঙ্গায় স্টীমার ফেরি সার্ভিস (প্রঃ)ঃ পৃঃ ৯৭২।
সরকারী ও বে-সরকারী কলেজের অধ্যক্ষ ও অধ্যাপকদের বয়ঃসীমা (প্রঃ)ঃ পৃঃ ১০১০।

**apa, Shri Prem**

Construction of Polytechnic Institute building at Kurseong (Q.): p. 21.
The Trade Unions (West Bengal Amendment) Bill, 1969: pp. 794-95.

**du, Shri Budhan Chandra**

Mention case: pp. 778-89.
এমপ্লয়মেন্ট একসচেঞ্জ-এ সাঁওতাল প্রার্থীর নাম তালিকাভুক্ত (প্রঃ)ঃ পৃঃ ৫৮৩।
কেশিয়ারী-কুলতলি রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ৪৮৭।

**Tudu, Shri Budhan Chandra**

কেশিয়ারী রিভার পাম্প স্কীমে অতিরিক্ত পাইপের জন্য আবেদনপত্র (প্রঃ): পৃঃ ২১৫।
চারাপোনা মাছের ডিম ব্যবসায়ীদের ঋণ দেওয়ার ব্যবস্থা (প্রঃ): পৃঃ ৫৮৬।
দক্ষিণ ডিহা-কলাধন্নি রাস্তাঃ (প্রঃ) পৃঃ ৯৯৮।
পল্লী জল সরবরাহ পরিকল্পনা (প্রঃ): পৃঃ ৬৫২।
প্রাথমিক শিক্ষাস্তরে আদিবাসী ছাত্রছাত্রীদের সরকারী সাহায্য দিবার ব্যবস্থা (প্রঃ): পৃঃ ৯৯৯।
মেদিনীপুর জেলার আদিবাসী উপজাতির জন্য ক্লাব, লাইব্রেরি ইত্যাদি (প্রঃ): পৃঃ ৪১৬।
মেদিনীপুর জেলার কেশিয়ারী-নয়াগ্রাম-সাঁকরাইল কো-অপারেটিভ রাইস মিল সোসাইটি (প্রঃ): পৃঃ ৪৯২।
মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকের অধীনে পাকা রাস্তা (প্রঃ): পৃঃ ৪০২।
মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকে কুয়া খনন (প্রঃ): পৃঃ ৫৭৫।
মেদিনীপুর জেলার কেশিয়ারী ব্লকের হেল্থ সেন্টার (প্রঃ): পৃঃ ৮৪১-৪২।
মেদিনীপুর জেলার দহরপুর লোধা উপজাতির কল্যাণের জন্য বাস (প্রঃ): পৃঃ ৪৯১।
মেদিনীপুর জেলায় ভোকেশনাল ট্রেনিং সেন্টার (প্রঃ): পৃঃ ৫৭১।
মেদিনীপুর জেলা-পরিষদের অধীনে অকেজো নলকূপগুলি মেরামতের ব্যবস্থা (প্রঃ): পৃঃ ৫৬৯।
সাময়িক চিকিৎসাকেন্দ্র (প্রঃ): পৃঃ ৬৭৮।

**Withdrawal of Bill(s)**

The Durgapur (Development and Control of Building Operations) (Amendment) Bill, 1969: p. 676.
The West Bengal Court Fees Bill, 1969: p. 1070.

WBGP-74/5-68A-700